বহুমাত্রিক জীবন অভিজ্ঞতা সম্পন্ন শ্যামল গঙ্গোপাধ্যায়ের সাহিত্যে রয়েছে অফুরান বৈচিত্র্য ও অনিশ্চয়তার সাতকাহন। সাহিত্যের বিভিন্ন প্রসঙ্গে তাঁর আলাপচারীতা থেকে জানা যায় তিনি কখন-ই বিশেষ তত্ত্ব বা মতবাদের প্রেক্ষিত থেকে তাঁর সাহিত্য সৃজন করেননি। তবে সমালোচকেরা বিভিন্ন তত্ত্ব বা মতবাদের সাযুজ্য অনুসন্ধানের চেষ্টা করেছে। রাজনৈতিক দৃষ্টিতে তিনি দক্ষিণ বা বাম কোন রীতির সমর্থক নয়, তেমনি তাঁর সাহিত্যে বিশেষ নারীবাদী তত্ত্বের কচকচি নেই। লাভ, লাভ অ্যান্ড লাভ--- এটাই ছিল তাঁর সাহিত্য সৃষ্টির মূল অনুপ্রেরণা। জীবনকে মানুষকে ভালোবাসার সর্বব্যাপ্তি থেকে শ্যামল গঙ্গোপাধ্যায় তাঁর সাহিত্য রচনা করেছেন, সৃষ্টি করেছেন অবিস্মরণীয় সব চরিত্র। বিশেষ উদ্দেশ্য প্রণোদিত ভাবে নারীবাদের বা তত্ত্বের চর্চা না করলেও তাঁর সাহিত্যে লিঙ্গ ভিত্তিক পুরুষতান্ত্রিক সমাজে পুরুষ প্রভুর চোখে বা ইগোতে নারীর অবস্থান কোথায় তার রেখাচিত্র খুব স্পষ্টভাবে সময়ের কাছে, সহৃদয় পাঠকের কাছে প্রতিভাত হয়। লিঙ্গ বৈষম্যে নারী-জীবনের লাঞ্ছিত, অবহেলিত, অবদমিত, শোষিত, উপেক্ষিত, নির্যাতিতা রূপটি শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পে ফুটে ওঠে। নারী-পুরুষকে আলাদা করে তিনি কখন-ই বিভাগ করেননি। সব মিলিয়ে তাঁর কাছে একটি জীবন বলে মনে হয়েছে। সর্বপরিস্থিতিতে-ই তিনি জীবনকে ভালোবাসার কথা বলেছেন। নারী-জীবনের প্রতি এই রকম নেতিবাচক দৃষ্টিভঙ্গি তিনি কখন-ই সমর্থন করেননি। বরং পরম মমতায় তিনি নারী জীবনের মর্মব্যথাকে, মর্মকথাকে তাঁর সাহিত্যে শিল্পরূপ দিয়েছেন। তাই শ্যামল গঙ্গোপাধ্যায়ের আখ্যান সূত্রে গ্রথিত নারীজীবনের অন্দরমহলের বারোমাস্যা আমার আলোচ্য প্রবন্ধের মূল বিষয়।

লিঙ্গ বৈষম্যের শিকার হয়ে নারীরা পুরুষতান্ত্রিক সমাজে পুরুষ প্রভুদের কাছে খেলায় পরিণত হয়। নারী তাদের কাছে ইচ্ছে-অনিচ্ছের ভার বহনকারী এক সত্তা। পুরুষের সর্বপ্রকার প্রয়োজন মেটাতে তারা কাছে এসেছে, আবার প্রয়োজন ফুরিয়ে গেলে অবজ্ঞা করে দূরে সরিয়ে দিয়েছে। এই রকম নারীদের উপর বিভিন্ন শোষণ, বৈষম্য, অত্যাচারের বিরূদ্ধে নারীর দৃপ্ত কণ্ঠস্বর ধবনিত হয়েছে। নারীর স্বাধীকার, সাম্য ও শোষণ মুক্তির ভিতের উপর দাঁড়িয়ে আছে নারীবাদের মূলকথা। নারীর জীবনের জটিল সমস্যা ও বহুমাত্রিক সংকটের রূপ চিত্রিত হয়েছে শ্যামল গঙ্গোপাধ্যায়ের সাহিত্যে।

।। ৩।।

'একজন সুদখোর বেকারের কাহিনী' গল্পটি শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পসমগ্র-৩ এর অন্তর্ভুক্ত। প্রথমে গল্পটি ছাপা হয় 'নবকল্লোল'-এ। গল্পটিতে এক ভয়ংকর নারকীয় দৃশ্যের অবতারণা করা হয়েছে। নারীমেধ যজ্ঞের এক আয়োজন। ক্ষমতাশালী পুরুষ প্রভুদের কাছে নারীজীবন কত তুচ্ছ তার-ই এক জীবন্ত চিত্র আলোচ্য গল্পে উঠে এসেছে। খাদ্য, বস্ত্র, বাসস্থানের মত মৌলিক চাহিদার কাছে পরাস্ত হয়ে অল্প বয়সী মেয়েরা, যুবতীরা, নারীরা নিজেদের যৌবন এমনকি জীবনকে সপে দেয় নরখাদকের যৌন পিপাসার কাছে। সামন্ত প্রভুদের বিকৃত যৌন ক্ষুধার আগুনে পুড়ে মরে অনেক নারী, মেয়ে। সময়ের কাছে, সমাজের কাছে নারীত্বের এক নিদারুণ সংকট। গল্পে মন্টুর ভাবনা আর দর্শনে বেরিয়ে আসে পুরুষ প্রভুদের হিংস্রতা আর যৌন লালসার আখ্যান। মন্টু চাকরির প্রাচুর্য্যের মধ্যে চাকরি ছেড়ে দেওয়া এক বেকার। নারী জীবনের বহুবিধ জীবন সংকট সে খুব কাছ থেকে দেখেছে। মন্টু চাকরি করেছে বিলাসপুর-ছিন্দোরার রোডের গায়ে জঙ্গলে এক কাগজ কলে। সেখানে মানুষের খুবই জীর্ণ দশা। কোন এক হিম শীতের বিকেলে জঙ্গলের মধ্যে কাগজের দলের সামনের মাঠে ফ্লাডলাইট জ্বলে উঠল। উৎসব একটাই— ডিভিশনের কমিশনার আসবেন তিনি আসবেন সদলবলে। তাই তার জন্য চলছে বিশেষ আয়োজন। জঙ্গল থেকে আনা ময়ূরের দাবনা আগুনে ঝলসানো হচ্ছে সঙ্গে আছে হাঁস, সজারু, মজায়, খরগোশ প্রভৃতির মাংস। এই কুসুম শীতে শরীর গরম করার জন্য মুন্সীজী ব্যবস্থা করেছেন্দ্রদ্রত্র আরন্দ্রদ্রদ্বত্রদ্র। প্রথমে কমিশনার গ্লাসের দিকে হাত বাড়ায়, তারপর অনেকগুলো গ্লাসের টক্করে 'চিয়ারস' রব উঠে জঙ্গলে হারিয়ে গেল। এই এলাহি পানভোজনে জল, বোতল, প্লেট, গ্লাস খাবার পরিবেশন করছিল কাগজ কলের ২০ জন কর্মী। তাদের চোখে-মুখে ছিল চাপা রাগের

ইঙ্গিত। তার কারণ এদের-ই বাবা, মা, ভাই,বোন, আত্মীয়, স্বজনদের ৮ ঘন্টার জায়গায় ১২ ঘন্টা খাটিয়ে Over Time এর পয়সা দেয় না আবার মজুরি থেকেও দালালি মারে। কিছুক্ষণ পরে মুন্সির কথা মত শূন্য জিপে ভর্তি করে নিয়ে আসে ছোট শাড়ি পরা১৪-১৫ টি মেয়েকে। তারা হয়তো এমন পানভোজনের লোভ সামলাতে পারেনি। কেননা সারা জীবন-ই তারা দারিদ্র্যকে হজম করে এসেছে। তাই মদ-মাংসের লোভে বা বিনিময়ে তাদের নিজেদের শরীরের স্বাদ দেওয়াতে তাদের বোধহয় খুব একটা আপত্তি নেই। কেননা,—

> 'যে ঘরের সামনেই জিপ দাঁড়ায়— সেখান থেকেই বাঁশের
> আগড় খুলে কয়েক-জন করে অল্পবয়সী মেয়ে প্রায়
> লাফিয়ে জিপে উঠতে চায়। ওরা বাছতে দেওয়ার সময়
> দিতেও চায় না।'[১]

ফলে লোভনীয় খাবারের ঋণ শোধ করতে বা সাহেবদের বা পুরুষ প্রভুদের মর্জি পোষাতে বাধ্য হয় সেইসব মেয়েরা। গল্পে তার প্রমাণ মেলে— 'কমিশনার সাহেব খাবার টেবিল থেকে ছুটে এসে একটি মেয়েকে বাঁহাতে হ্যাঁচকা টানে তুলে দাঁড় করিয়ে দিল। কমিশনার সাহেব তাকে টানতে টানতে ঘরের ভেতর চলে গেল।' তারপর অন্য অন্য সাহেবরা এক একটি কড়ির পুতুলকে টেনে নিয়ে যে যার ঘরে নিয়ে যায়। কমিশনারদের নারী শরীর ভোগ সাঙ্গ হলে তাদের হুইসেলে মোসাহেবী গোষ্ঠীর খেলা শুরু হয়। এক একটা নারীদেহকে পাওয়ার নেশায় ৫-৬ জন যৌন খাদকের অলিখিত লড়াই, টানাটানি আর হুঙ্কার। ঠিক তখনি পৃথিবীর শেষ রাত শুরু হয়ে গেল। টানাটানি, দখল। ছিঁড়ে ফেলা। দখলের পর জবর দখল। তারপর যা হয় তাই হল,—

> 'এগারোটি কড়ির পুতুল ডেড রক্তে মাখামাখি। ওদের
> বাকি ছ জন অজ্ঞান।'[২]

শেষ রাতে যারা লাশ হয়ে অজানা খাদে চলে গেল, তাদের বাড়ির কর্তাকে ডেকে কমিশনার নির্দেশে একটু বেশি অঙ্কের টাকা ধরিয়ে দেয় মুন্সিজী। বাড়ির লোকেরা চুপচাপ টাকাবুঝে নিল। কোন বাড়িতে কেউ কাঁদল না, কোন অভিযোগ, রাগ, ক্ষোভ নেই। আসলে অভাব, দারিদ্র্য, টাকা, সময়-সমাজ-সংকটের পঙ্কিল আবর্তে আর সাহেবদের বিলাসী ফূর্তির খিদে মেটাতে বা যৌন উত্তেজনা মেটাতে হজম হয়ে গেল কতগুলো তরতাজা নারীদেহ। এই অসহায় নারী আর নারীদেহ ও এই পুরুষ প্রভুদের জঘন্য সময়, সমাজ আর মানসিকতার কাছে আর কতদিন ডড়ন্ত্র খদ্রত্ম ঠন্দ্রন্দ্র হয়ে থাকবে?

'অন্নপূর্ণা' গল্পটি শ্যামল গঙ্গোপাধ্যায়ের 'গল্প সংগ্রহ-১' এর অন্তর্গত। গল্পে নারীত্বের পণ্যায়নের চিত্র পাওয়া যায় প্রমীলার মধ্য দিয়ে। হাজরার সংসারে ছেলে-মেয়ে এবং স্বামীর জন্য দুটি অন্নের যোগাড়ে যেন স্বয়ং অন্নপূর্ণা হয়ে যায়। তবে গল্পকার অনেকটা Paradox হিসেবে এই অন্নপূর্ণা নামটিকে গ্রহণ করেছেন। যেখানে সময়ের চাহিদা ও পরিস্থিতির প্রয়োজন এবং আয়োজন অন্নপূর্ণার কাছ থেকে যেমন কেড়ে নেয় দৈবী সত্তাকে তেমনি প্রমীলার কাছ থেকেও কেড়ে নেয় তার নারীত্ব আর সতীত্বকে। তবে প্রমীলার স্বামী চেষ্টা করেছে কঠিন পরিশ্রম করে সংসারের চাহিদা মেটাতে। দুটি ভাতের নেশা, দুটি ভাতের আশা ভীষণভাবে কাবু করে দেয় হাজরাকে। তার স্ত্রী প্রমীলার কাছে গিয়ে তার ঘাড় আর গলা দিয়ে ভাতের গন্ধ পায় হাজরা। স্বামী-সন্তানদের জন্য প্রমীলা বিসর্জন দেয় সতীত্বের প্রচলিত ধারণাকে। দুটো খাবারের জন্য স্বামীর কাছেও বলতে দ্বিধা বোধ করে না— 'আমাকে হাটবারে ঘর ভাড়া করে রেখে আসবে বল'। এবং আরো বলে— তুমিই তো বলেছিলে, ব্যপারীরা সেদিন জোর পয়সা খরচ করে। একটাই তো রাতমোটে। পরদিন ভোর ভোর ফিরে আসব'। তখন স্বামী হওয়া সত্ত্বেও কাপুরুয়ের মত, নির্লজ্জের মত জানায়— 'কোন মুখে ফিরবি?' স্বামীর প্রশে খুব গর্বের সঙ্গে প্রমীলা বলতে বাধ্য হয়,—

> 'খুব পারব। তোমরা দুটো পেট ভরে খাবে। ছেলে মেয়ে
> দুটোও আশ মিটিয়ে যা ইচ্ছে খাবে—'[৩]

তাই স্থির হয় প্রমীলা যাবে হিগগাড়ির বাজারে। রাতের বেলা ব্যাপারীদের কাছে দেহের মজুরি খেটে পয়সা এনে উপুসী স্বামী সন্তানদের খাওয়াবে সে। অভাব-দুঃখ-দারিদ্র-সমাজ-স্বামী সর্বোপরি সময়ের কাছে প্রমীলার এই চিত্র নারীত্বের এক নিদারুণ সংকটের কাল। সময়ের কাছে নারীদেহের পণ্যায়নের কাল। দেহলোভী মৌমাছিরা মধুর লোভে সস্তায় পেতে যাচ্ছে নারীদেহের মৌ-চাক। সুস্থ সভ্যতার ইতিহাসে সময়ের কাছে নারীত্বের এক এক দুর্বিষহ সংকট।

'ভিক্টোরিয়ার হিরো' গল্পে কৃষ্ণের মাতুল আয়ান ঘোষ খালি গা রীতিমতো সুপুরুষ-গোয়ালাদের আটোসাটো ধুতি-বাহুতে সোনার তাগা— গিরিশ গাঙ্গুলি সমসাময়িক বাস্তবতা এড়িয়ে সিচুয়েশন বুঝে পালায় অবলীলায় মানানসই পদাবলী যেমন গাইতে পারে, তেমনই অবলীলায় গায়ের জোরে পুরুষতান্ত্রিক আধিপত্য খাটাতে পারে তার স্ত্রীর উপর। ছেলে ছেলে করে রীতিমতো সন্তান উৎপাদনের যন্ত্রে বা মেশিনে পরিণত করেছে তার স্ত্রীকে। এই নিয়ে পরপর সাতটি মেয়ে হল। পরে অবশ্য আরেকবার চেষ্টা করে জোড়া মহিষ মানত দিয়ে ছেলের বাবা হয়েছে সুপুরুষ গিরিশচন্দ্র গাঙ্গুলী।

নামকরণের সাদৃশ্য হেতু ভিক্টোরিয়াও জীবনে রাজ করবে এই ধারণা ছিল গিরিশের। কিন্তু সে ইচ্ছে ব্যর্থ, বিয়ের পরেই মুখরা অপবাদ দিয়ে শ্বশুরবাড়ি ভিক্টোরিয়াকে পত্রপাঠ বিদায় দেয়। শ্বশুরবাড়ির কাছে নারীত্বের এই জ্বালা, নিদারুণ অসহায় হাহাকার, নারী জীবনের অস্তিত্বের সংকট বাংলা সাহিত্যে যদিও নতুন নয়, তথাপিও শ্যামল গঙ্গোপাধ্যায় সেই নারীত্বের সংকটকেই যেন পরম মমতায়, দরদ ভরা মন নিয়ে তাঁর সাহিত্যে চিত্রিত করেছেন।

'তুষার হরিণী' গল্পটি ১৯৫৮ সালে সাপ্তাহিক সাহিত্য পত্রে প্রকাশিত হয়। পরে শ্যামল গঙ্গোপাধ্যায়ের শ্রেষ্ঠ সংকলনে স্থান পায়। গল্পে মধ্যবিত্ত প্রেম পরিণামের সংকট দেখা যায় শংকর-দেবীকা ও সুরমাকে কেন্দ্র করে। পাশাপাশি সমসাময়িক পরিস্থিতির চাপে নারী জীবনের স্রোতের শ্যাওলার মত ভেসে চলার আখ্যান স্থান পেয়েছে। দ্বিধা-দ্বন্দ্ব-সংশয়ে ভেসে চলা-ই যেন নারী জীবনের নিয়তি। গল্পের কথক শংকর আর দেবীকার প্রেম এখন শুধুমাত্র অতীত ইতিহাস। কারখানার চাকরি ছাড়ার পর পড়াশুনো সূত্রে পরিচয় সুরমার সঙ্গে। ঠোঁটের উপর ঘাম মুখে-নাকে গড়াচ্ছে— এরকম সুরমাকে দেখেছিল শংকর। সুরমাকে অবশ্য কাছের থেকে দেখলে খুব কাছের মনে হয় শংকরের। সংকোচের পর্দা তুলে সুরমা শংকরকে জানায়— 'আমাকে বিয়ে করতে পারবে?' উত্তরে শংকর জানায়, চাকরি নেই। তবে এখানেই থেমে থাকে না চাকরিহীন শংকর। সুরমার হাত টেনে নেয়, আঙুল দিয়ে চেরা সিঁথিতে দাগ দেয়, কানের নরম লতি ধরে টানে, পিঠ, ব্লাউজ, সরু কোমর, প্রায় শরীরের সব অঙ্গ-প্রত্যঙ্গগুলিকে স খুঁটিয়ে খুঁটিয়ে দেখে। এবং পরে সুরমাকে চুমু খাবার ইচ্ছে প্রকাশ করে। বাবার জমানো টাকা নেই তাই এমন সুরমাদের বিয়ে হচ্ছে না। এই সুরমাদের কাউকে ভালোবাসতেও ভয় করে। কারণ তার সব ফাঁকিবাজ বলে মনে হয়। আসলে সামাজিক-রাষ্ট্রিক-অর্থনৈতিক পরিস্থিতির চাকায় পিষ্ঠ হয়ে বা অভাবের ভরাডুবিতে ডুবতে ডুবতে এইসব সুরমাদের ইন্দ্রিয়, অনুভূতি, উপলব্ধি একেবারে ভোঁতা হয়ে যায়। তার প্রমাণ মেলে সুরমার সুস্পষ্ট উক্তিতে—

> 'আপনারা কখন কি করেন, তার কি কিছু ঠিক আছে।
> সুখ-টুখ বুঝি না।'[৪]

এভাবে দারিদ্র্যের সুযোগে নিয়ে, অসহায়ত্বের সুযোগ নারী জীবনকে ভোগ করবে কিন্তু বিয়ে করবে না— পুরুষতান্ত্রিক সমাজের বর্বর এই দৃষ্টিভঙ্গিকে শ্যামল গঙ্গোপাধ্যায় তুলে ধরেছেন পাঠকদের সামনে। এই রকম জটিল জীবন সমস্যার বারোমাস্যা শুনিয়েছেন তাঁর সাহিত্যের মধ্যে।

তথ্যসূত্র :

১. গঙ্গোপাধ্যায় শ্যামল, ‘গল্পসমগ্র-৩’, দে’জ পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ জানুয়ারি ১৯৯৫, পৃ-২৩২
২. তদেব পৃ-২৩৬
৩. গঙ্গোপাধ্যায় শ্যামল, ‘গল্পসমগ্র-১’ তিনসঙ্গী প্রকাশন, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ ১৯৮০, পৃ-১৮৯
৪. গঙ্গোপাধ্যায় শ্যামল, ‘গল্পসমগ্র-৪’ দে’জ পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ এপ্রিল ১৯৯৫, পৃ-২৫৯

নারীবাদী চিন্তার ভাবধারা ও বাংলায় নারীবাদ প্রসঙ্গে সংক্ষিপ্ত বিষয় বিশ্লেষণ

Paulami Sen (SACT, Dept. of Bengali, Gobardanga Hindu College)

সারসংক্ষেপ :
জন্মমাত্রই নারীপুরুষ উভয়ই শৃঙ্খলিত থাকে পরিবার সমাজ রাষ্ট্রের ধর্মের নানা বিধিনিষেধে কিন্তু নারী অধিকাংশ ক্ষেত্রে নিপীড়ন ও শোষণের শিকার হয় তার লিঙ্গগত পরিচয়ের কারণে এই প্রেক্ষাপটেই নারীবাদী তত্ত্বের জন্ম। নারীবাদ বিংশশতাব্দীতে উদ্ভূত একটি দর্শন যা নারীর,পুরুষের সমান অধিকার তথা নারী তার নিজস্ব পরিচিতি নিয়ে বেঁচে থাকতে পারবে সেকথা বলে।

মূলশব্দ : মার্কসীয়নারীবাদ, সমাজতান্ত্রিক, বৈপ্লবিক, উদারনৈতিক

নারীর সমতা সকলের প্রগতি' এটি শুধু স্লোগান মাত্র নয় নারীর প্রতি সবরকম বৈষম্য ও অন্যায়অবিচারের অবসান ঘটিয়ে একটি সুখীসমৃদ্ধ ও গণতান্ত্রিক বিশ্ব গড়ার কাজে পুরুষের সমান অবদান রাখার প্রত্যয় নিয়ে নারীর এগিয়ে চলা আরো বেগবান হোক। জন্মথেকেই একটি ছেলেকে বোঝানো হয় সে পুরুষ তাকে সাহসী ও কর্তৃত্বের অধিকারী হতে হবে,আর মেয়েকে বলা হয় সে যেন বিনম্র ঘরকেন্দ্রিক,অনুগত হয় আর এই লিঙ্গগত বৈষম্যের কারনে নারী নিপীড়ন ও শোষণের শিকার হয়। নারীবাদের লক্ষ্য হলো এমন একটি সমাজদর্শন যা সমাজকে পুরুষতান্ত্রিক কাঠামো থেকে মুক্ত করে সমতা ও স্বতন্ত্রের ভিত্তিতে নারীর ব্যক্তিগত পারিবারিক সামাজিক অর্থনৈতিক রাজনৈতিক অবস্থান তৈরীর মধ্য দিয়ে একটি নতুন সমাজ তৈরি করে নারীর মুক্তি ঘটাতে চায় অর্থাৎ পুরুষতান্ত্রিকসমাজে যত ধরনের লিঙ্গভিত্তিক বৈষম্য রয়েছে তার বিরুদ্ধে আন্দোলনই নারীবাদ।

নারীবাদ আন্দোলন মূলত উনবিংশশতাব্দীর শেষার্ধ থেকে বিংশশতাব্দীর শুরুতে ইউরোপ ও আমেরিকাকে ঘিরে শুরু হয়েছে। নারীর একসময় পড়ালেখার, ভোটদেবার অধিকার ছিল না,সময়ের সাথে নারী নিজের অধিকার সম্পর্কে সচেতন হয়েছে। নারীবাদ আন্দোলনে চারটি তরঙ্গ রয়েছে—

নারীবাদের প্রথমতরঙ্গে নারীবাদীদের আন্দোলন দুইরকম ছিল, শ্বেতাঙ্গনারীরা লড়াই করেছিলেন শ্বেতাঙ্গপুরুষের সমান ভোটদেওয়ার অধিকার পাবার লক্ষ্যে এবং

কৃষ্ণাঙ্গনারীদের লড়াই ছিল বর্ণবৈষম্য ও জাতিগতবৈষম্যের বিরুদ্ধে। এইসময়েই সীমিতআকারে নারীদের ভোটাধিকারের সুযোগ অর্জিত হতে থাকে।ব্রিটেনের পাশে ছোট্ট দ্বীপরাজ্যে ১৮৮১ সালে যে নারীরা সম্পত্তির অধিকারী তাদের ভোটাধিকার প্রদান করে, ১৮৯৩ সালে নিউজিল্যান্ডে ও ১৯০২ সালে অস্ট্রেলিয়া কমনওয়েলথএ নারীরা নির্বাচনে প্রার্থী ও ভোটাধিকার অর্জন করে পৃথিবীর প্রথম দেশ হিসেবে। এরপর ফিনল্যান্ডে ১৯০৭ সালে, ১৯১৩ সালে নরওয়েতে ১৯১৮ সালে ব্রিটেন ১৯২০ সালে আমেরিকার নারীরা ভোটের অধিকার অর্জন করে। এই নারীবাদী আন্দোলনের প্রথম তরঙ্গে সুসান ব্রাউনমিলার, এলিজাবেথ ক্যাডিস্ট্যান্টন, লোক্রেসিয়া মট প্রমুখের এই আন্দোলনে মুখ্য ভূমিকা রয়েছে।

নারীবাদের দ্বিতীয় তরঙ্গ (১৯৬০-১৯৯০) এপর্যায়ে আন্দোলনের মূলদাবি নারীর বেতন ক্ষমতা, যৌনতার অধিকার, প্রজননঅধিকার, বৈবাহিক ধর্ষণের বিরুদ্ধে কথা বলা। ফ্রান্সে বিবাহিত নারীদের ১৯৬৫ সাল পর্যন্ত স্বামীর অনুমতি নিয়ে কাজে যোগ দিতে হত। স্ত্রীর ওপর স্বামীর যৌনঅধিকার, নারী পুরুষের সম্পত্তি এই সংস্কৃতি থেকে মুক্ত হওয়াই নারীবাদী দ্বিতীয়ধারার মূললক্ষ্য। ১৯৪৯ সালে অস্তিত্ববাদী দার্শনিক সিমন দা বোভ্যেয়ার তাঁর 'দ্বিতীয়লিঙ্গ' বইতে বলেছেন 'কেউ নারী হয়ে জন্মায় না নারী হয়ে ওঠে' সিমনের এই নারীর অস্তিত্বকে আবিষ্কার করার পথ নারীবাদকে বিশ্বের কাছে স্পষ্ট করে তোলার দিক নির্দেশনা দেয়। প্রথম বিশ্বযুদ্ধও দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পুরুষরা যুদ্ধে নিহত হলে অর্থনৈতিক-সামাজিক ক্ষেত্রে নারীরা অংশগ্রহণ করলেও একইকাজে নারীর পারিশ্রমিক পুরুষের চেয়ে কম ছিল। নারীবাদের প্রথম ঢেউয়ের পর শ্বেতাঙ্গ নারীপুরুষের বৈষম্য কমলেও শ্বেতাঙ্গ নারী ও কৃষ্ণাঙ্গ নারীদের বিভেদ ছিল গায়ের রঙের বৈষম্যের কারণে, ফলে তারা অনেক সুবিধায় বঞ্চিত ছিলেন অর্থাৎ পুরুষতন্ত্রের মানসিকতা থেকে মুক্ত হয়ে সকল বৈষম্যের বিরুদ্ধে ক্রিয়াশীল হওয়াটাই নারীবাদের দ্বিতীয় ঢেউয়ের বৈশিষ্ট্য।

১৯৯০ দশকের মাঝামাঝি থেকে নারীবাদের তৃতীয় তরঙ্গের মূল বক্তব্য নারীকে নতুন আঙ্গিকে দেখা, নারীর ভিন্নতাকে মেনে নেওয়া। একেক সমাজ ও জাতির নারীরা এক এক ভাবে পারিবারিক ও সামাজিক কাঠামোয় পুরুষতান্ত্রিকতা দ্বারা আবদ্ধ, নারীর প্রতি বৈষম্যমূলক সমাজে প্রচলিত মূল্যবোধ ও নীতিগুলোকে পরিবর্তনের মাধ্যমে অর্থাৎ নারীমুক্তির এককেন্দ্রিক ধারণা থেকে বিকেন্দ্রীকরণের দিকে জাতি ধর্ম-বর্ণ নির্বিশেষে নারীকে নতুনরূপে দেখা শুরু হয় এসময়।

জেনিফার বুমগার্ডনার মনেকরেন ২০০৮ সালে নারীবাদের চতুর্থ তরঙ্গের শুরু, এই পর্যায়ে 'মি টু' আন্দোলন অর্থাৎ অনলাইনে অপমান, অন্যায় অবিচারের বিরুদ্ধে নারীকে নিজের কথা নিজেকে প্রতিবাদের সুরে বলতে আহ্বান জানানো হয়।

নারীবাদী চিন্তার ভাববৈচিত্র্য :

নারীবাদের তিনটি তরঙ্গের সময়ে গড়ে উঠেছিল বিভিন্ন ধারা, তাহল—

উদারনৈতিক নারীবাদ :

উদার নারীবাদ সমাজ বিধানগুলোর মধ্যে নারীর অধস্তনতার শেকড়কে খুঁজে দেখে যা নারীর প্রতিষ্ঠাকে বাধা দেয়, এই প্রথাগুলো সংশোধনের মাধ্যমে সমাজে নারীর অধিকারকে প্রতিষ্ঠাকরাই উদার নারীবাদের লক্ষ্য। এই নারীবাদের বৌদ্ধিক অনুপ্রেরণা গড়ে উঠেছিল টমাস হবস জন লক, জেরেমি বেন্থাম, জেমস মিলের উদারনীতিবাদী তত্ত্বের ভিত্তিতে। অষ্টাদশ শতাব্দীর নারীবাদী মেরিউল স্টোনক্রাফট বলেন নারীর ভোটাধিকার অর্জিত না হলে গণতন্ত্র কখনো সার্থক গণতন্ত্র হয়ে উঠতে পারেনা। জন স্টুয়ার্ট মিল বলেন নারী ও পুরুষের প্রকৃত বৈশিষ্ট্য তখনই বোঝা যাবে যখন তাদের দুজনকে স্বাধীনভাবে বেড়ে উঠতে দেওয়া হবে। উনবিংশ শতকের এলিজাবেথ কেডিস্ট্যান্টন নিউইয়র্কে আমেরিকার প্রথম নারী অধিকার বিষয়ক সম্মেলনে, নারীর ভোটাধিকার, মাতৃত্বের অধিকার, বিবাহ বিচ্ছেদ আইন, জন্মনিয়ন্ত্রণ, সম্পদ আয়ের মত বহুসমস্যা দূরকরার জন্য কাজ করেছেন। বিংশশতকের দ্বিতীয়ার্ধের র্যা ডক্লিফ রিচার্ডস,সুসান মোলারের দাবি ছিল নারীর জন্য শিক্ষা কল্যাণকর ব্যবস্থা, নিরাপদ গর্ভপাতের ব্যবস্থা, অর্থনৈতিক সম্পদের সুষম বন্টন, মানবাধিকার শ্রমআইন প্রভৃতি। এমনকি ভারতবর্ষে ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা রাজারামমোহন রায় (১৮১৫-১৮১৯সালে) সতীদাহপ্রথা রদ করে নারীর প্রতি চরম নিষ্ঠুরতা নিষিদ্ধ করেন ও পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮৫৬ সালে ভারতবর্ষে হিন্দু বিধবাবিবাহ আইন প্রবর্তন, বাল্যবিবাহ ও বহুবিবাহ রোধকরার জন্য সামাজিক আন্দোলন গড়ে তোলেন যা নারীরমুক্তির উদ্দেশ্যে পরিচালিত ছিল।

মার্কসীয় নারীবাদ :

যা পুঁজিবাদ এবং ব্যক্তিমালিকানার ব্যবস্থায় নারী কিভাবে নির্যাতিত হয় তার তদন্ত ব্যাখ্যা করার চেষ্টা করে। কালমার্কসও তার সহযোগী ফ্রেডরিক এঙ্গেলসের মতে পুঁজিবাদীব্যবস্থার বিলুপ্তি হলে সমাজে শ্রেণীবৈষম্যের পাশাপাশি লিঙ্গবৈষম্যও মুছে যাবে। এঙ্গেলস সামাজিক বিবর্তনের তিনটিস্তর নির্দেশ করেছেন— আদিমতা, বর্বরতা, সভ্যতা। আদিমানব জীবনে বিবাহ, ব্যক্তিগত সম্পত্তির ধারণা ছিল না, বংশধারা গড়ে উঠতো মায়ের পরিচয়ে। বর্বরতার পর্যায়ে গৃহকর্ম সম্পাদন, শিশুর রক্ষণাবেক্ষণের জন্য নারীরস্থান

নির্ধারিত হয়, পরে ব্যক্তিগত সম্পত্তির উত্তরাধিকার সন্তানকে হস্তান্তর করার জন্যই নারী হয়ে ওঠে সন্তান উৎপাদনের যন্ত্র এবং গৃহমুখী। পুঁজিবাদীব্যবস্থায় শ্রমশক্তির অভাবে নারী কম পারিশ্রমিকের বিনিময়ে রিজার্ভ আর্মির কাজ করে, তাই পুঁজিবাদী ব্যবস্থার অবসানে নারীরমুক্তি সম্ভব বলে মার্কবাদী তাত্ত্বিকেরা মনে করেন।

সমাজতান্ত্রিক নারীবাদ :

এই নারীবাদীরা তাদের চিন্তাধারার মৌলিক সূত্রগুলি গ্রহণ করেছেন মার্কসবাদ থেকে। তাঁরা বলেন ঘরের মধ্যে ও বাইরে নারীদের অধীনে রাখা আধিপত্যবাদী পুঁজিবাদের বৈশিষ্ট্য, যা নারীকে সবসময় অবদমিত করে রাখে। সমাজতান্ত্রিক তাত্ত্বিক জিলা আইজেন স্টাইনের মতে নারী শোষণের কেন্দ্রীয় উপাদান দুটি-পুরুষের আধিপত্য ও পুঁজিবাদী ব্যবস্থায়। সমাজতান্ত্রিক নারীবাদীরা উৎপাদন, প্রজনন, সামাজিকী করণ, যৌনতার ক্ষেত্রে নারীর উপর পুরুষের আধিপত্যের অবসানের লড়াইকে সামাজিক ন্যায়বিচারের চাবিকাঠি হিসেবে দেখেন।

বৈপ্লবিকনারীবাদ :

উদারনৈতিক নারীবাদ, মার্কসীয় নারীবাদ, সমাজতান্ত্রিক নারীবাদের বিরুদ্ধ প্রতিক্রিয়া হিসেবে বৈপ্লবিক নারীবাদের উদ্ভব ঘটেছিল ১৯৭০ এর দশকে। এদের বিশ্বাস সামাজিক শ্রেণী বিভাজন দুটি— উৎপাদন সম্পর্কের ভিত্তিতে অর্থনৈতিক শ্রেণী বিভাগ ও প্রজনন সম্পর্কের ভিত্তিতে লিঙ্গগত শ্রেণীবিভাগ। নারীবাদীতাত্ত্বিক সুসান ব্রাউনমিলারের মতে পুরুষ নারীকে ধর্ষণ করতে সক্ষম বলেই নারী পুরুষের বশীভূত। এই নারীবাদীদের একাংশ বিপরীত লিঙ্গের মধ্যে যৌন সম্পর্ক স্থাপনের পরিবর্তে সমকামিতাকে সমর্থন করেছেন, অসমকাম হচ্ছে পুরুষকর্তৃক মেয়েদের উপর চাপিয়ে দেওয়া এক বাধ্যতামূলক যৌনতা অন্যদিকে সমকামী মেয়েদের অসুস্থ বলে প্রচার পিতৃতন্ত্রের এক কৌশল বলে তাঁরা মনে করেন।

সাংস্কৃতিক নারীবাদ :

সমাজে প্রচলিত নারীর দুর্বল হীনমন্য প্রতিমূর্তির বদলে তাঁরা দেখাতে চান নারী হৃদয়ের সেবাব্রতি কিন্তু শক্তিতে গভীর, নারীর ঋতুমতী হওয়া, গর্ভধারণ করা, জন্মদান করা, শিশুকে মাতৃদুগ্ধ দেওয়ার মাধ্যমে নারীর ভিতরে নিহিত সাংস্কৃতিক গুণাবলী প্রকাশ পায়। পৃথিবীর বিভিন্ন প্রান্তের নারীদের এক হয়ে নিজেদের একটি স্বতন্ত্র নারী সংস্কৃতি গড়ে তোলার দিকে তারা জোর দিয়েছেন— এক্ষেত্রে তারা নারী সমকামিতাকে একটি

নারীত্বেরচর্চা হিসেবে দেখেন যা নারীকেন্দ্রিক সংস্কৃতির পরিচয় বহন করে। এই নারীবাদ নারীর মায়া মমতাকে দূর্বল না ভেবে তাদের স্বতন্ত্র অস্তিত্বের প্রতিষ্ঠা করতে চায়।

পরিবেশ নারীবাদ :

প্রকৃতির উপর মানুষের যে নিপীড়ন তারসঙ্গে নারীর উপর পুরুষতন্ত্রের আধিপত্য ও নিপীড়নের যে সাযুজ্য তা পরিবেশ নারীবাদের ভিত্তি। তাই নারী প্রকৃতিকে রক্ষা করতে পারবে বলে এই নারীবাদীরা মনে করেন। পরিবেশ প্রকৃতি ও নারী একইভাবে পুরুষতন্ত্রের শোষণের শিকার, নারীকে প্রকৃতির কাছাকাছি মনে হয় কারণ নারীকে হাজার বছর ধরে পুরুষের মতকে মেনে সহযোগীর মত চলতে হয়েছে। মারিয়ামিজ ও বন্দনাশিবা তাঁদের গ্রন্থে দেখিয়েছেন কিভাবে সারা পৃথিবীতেই পরিবেশরক্ষা আন্দোলনে বিভিন্ন দেশের নারীরা এগিয়ে গেছে (দক্ষিণ-পশ্চিম জার্মানিতে কৃষক রমণীরা পরমাণু বিরোধী আন্দোলনে, ভারতে নর্মদাবাঁচাও আন্দোলনে মেধা পাটকর)। যন্ত্রসভ্যতা প্রবর্তনের ফলে সম্পদ আহরণ করতে প্রকৃতির বৈচিত্র্য ধ্বংস হতে শুরু করে, এসময় সর্বোচ্চ সম্পদ তৈরির মুনাফালোভী পুঁজিবাদের জন্ম হয় যা পুরুষতন্ত্রেরই নামান্তর যার প্রভাবে মানুষ পরিবেশ ও প্রকৃতি থেকে আলাদা হয়ে গেছে। শিবাবন্দনা মনে করেন নারী প্রকৃতিতে সবার অধিকারকে বিবেচনা করে তাই সে যখন কিছু উৎপাদন করে তখন সে প্রকৃতিকে দখল করেনা আর পুরুষবাদী পূজিতন্ত্রতার আধিপত্য মূলক মানসিকতার কারণে প্রকৃতি-নারী দুইয়ের থেকে বিচ্ছিন্ন।

বাংলায় নারীবাদ প্রসঙ্গ :

নারীবাদের সূচনা সাহিত্যের গর্ভে। সাহিত্যের মধ্যেই থাকে সমাজের ছবি, বর্তমান সমাজ পুরুষতান্ত্রিক তাই যে গল্পটা পুরুষতন্ত্র নারীদের বিশ্বাস করতে বাধ্য করে, পুরুষেরা নারীদের উপর আধিপত্য করবে ও নারীর মন হবে পুরুষের অনুগামী, পরে দ্বিতীয় ঢেউয়ের সময় নারীবাদী সাহিত্য সমালোচনা নারীমুক্তির লক্ষ্যে পুরুষতন্ত্র বিলোপের মাধ্যমে রাজনৈতিক অধিকারের পাশাপাশি সমাজে প্রচলিত নারীত্বের সীমাবদ্ধ ধারণাকে পাল্টাতে চায়।

প্রাচীনযুগের বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদ ও পরবর্তী সময়ে শ্রীকৃষ্ণ কীর্তণে নারীকে পসরা নিয়ে হাটেবাজারে বসতে ও নৌকা চালাতে দেখা গেলেও পণ্য বিক্রির সঙ্গে অর্থনৈতিক স্বাধীনতা তাদের ছিল না অর্থাৎ পুরুষ সমাজ নিয়ন্ত্রিত ক্রীড়ানক ছিল তারা। চর্যাপদে নারীরপেশা হিসেবে ডোম আর গণিকার উল্লেখছিল, তারা

নিম্নবর্ণভুক্ত বলে সহজলভ্য অথচ অস্পৃশ্য তার জন্যই তাদের অবস্থান হতো নগরীর বাইরে। আবার শ্রীকৃষ্ণকীর্তনে দেখাযায় কৃষ্ণ অবতার ধরিত্রী রক্ষার্থে পৃথিবীতে গোষ্ঠকূলে বেড়ে ওঠার অবসরে ১৬ শত গোপিনীসহ রাধিকার সঙ্গে সংসর্গ করেন, রাধিকা বিবাহিত তার স্বামী আইহন নপুংসক অথচ অক্ষমপুরুষটি স্ত্রীর প্রতি নজরদারি রাখতে বৃদ্ধা বড়াইকে দূতি নিয়োগ করেন। এখানে পুরুষের প্রভুত্ব, বহুগামীতা, নারীকে উত্তক্তকরণ, জোরপূর্বক বলাৎকার সব অপরাধই আছে। রাধা ছিল কৃষ্ণের কাছে জাতীয় দায়িত্ব পালনের ফাঁকে সাময়িক অবকাশ যাপন খেলাশেষে কৃষ্ণ মথুরায় ফিরে গেছে, পূর্বসূরী রাধিকার মতোই নারী আজও হৃদয়বৃত্তিকে প্রাধান্য দিয়ে জীবনযাপন করছে।

মধ্যযুগের মঙ্গলকাব্যধারার মনসামঙ্গলে ব্যবসায়ী চাঁদসওদাগর পৃথিবীর মানুষ হলেও যেহেতু পুরুষ তাই নারীদেবী মনসার বশ্যতাস্বীকার করতে রাজি হন না, এজন্য তার ছয় ছেলে মনসার অভিশাপে সাপের কামড়ে প্রাণ হারায়, ক্ষতি মেনে নিয়েও অটল থাকেন চাঁদ। চাঁদ সওদাগরের স্ত্রী সনকা শুরু থেকে শেষ পর্যন্ত দেবী মনসার পূজা দেন কেবল পুত্র-স্বামীর কল্যাণার্থে। মনসা আংশিক সন্তুষ্ট হয়ে সনকার পুনরায় পুত্রলাভের বর দিলেও পুত্র লক্ষিন্দর বিবাহ রাত্রিতেই মৃত্যুবরণ করলে স্ত্রীবেহুলা যমরাজের কাছে স্বামীর জীবন ফিরে পেতে রওনা হন স্বর্গে। দেবতাদের আসর আরেক পুরুষোচিত সমাজ, দেবতার যৌন আবেদন মেটাতে বেহুলা নৃত্যগীতে মুগ্ধকরে তাদের, কিন্তু মনসাতো পুরুষ নন আর নিচুবর্ণের হওয়ায় তার চ্যালেঞ্জ ছিল চাঁদ সওদাগররের হাত থেকে পূজা পাওয়া, অনিচ্ছা সত্ত্বেও মুখ ফিরিয়ে চাঁদের হাতে ফুল আদায় করে মনসা মধ্যযুগের দেবতা অধিষ্ঠিত সাহিত্য পরিমণ্ডলের সক্রিয় নারীবাদী প্রশাসক রূপে আবির্ভূত হন।

এছাড়া রোমান্টিক প্রণয় উপাখ্যান ময়মনসিংহগীতিকায় মহুয়া পিতৃআজ্ঞা মেনে জীবন দিয়ে দেয়, মহুয়া বলে "নাহি আমার মাতা পিতা গর্ভসুদর ভাই" নারীর জীবনের আবহমানকালের উম্মুল অবস্থানটি তুলে ধরে কারণ পিতা-মাতা ভাই নারীজীবনের আংশিক পরিচয় মাত্র, বিবাহ পরবর্তী জীবনও তাই, আমৃত্যু তার পরিচয় ভাসমান যাযাবরের মতো বিভিন্ন নামের আশ্রয়ে ঘুরপাক খায়।

এরপর উনবিংশ শতাব্দীতে পাশ্চাত্যের রীতিনীতিকে প্রাচ্যের ভাবধারাতে পরিবর্তন করে আধুনিক বাংলাসাহিত্যের সৃষ্টি করেন বহুবাঙ্গালী বরেণ্য পণ্ডিত তাদের মধ্যে পণ্ডিত রাজা রামমোহনরায় এতদিন ধরে যে পুরুষতান্ত্রিক সমাজ নারীর জীবনের আয়ুষ্কাল বেধে দিয়েছিল, তিনি প্রত্যক্ষ উদ্যোগে ব্রিটিশ প্রশাসনের সহায়তায় সতীদাহ প্রথা নিষিদ্ধ করেন (১৮২৯ সালে) অন্যদিকে কুলিন ব্রাহ্মণের মৃত্যুতে শতাধিক স্ত্রী বিধবা হয়ে পড়াতে সমাজে অনাচার অপঘাত, আত্মহত্যার মতো ঘটনা বেড়ে যায়।

এরপর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তার নিজের বাল্য শিক্ষককে অশীতিপর বৃদ্ধ অবস্থায় ব্রাহ্মণের শিশুকন্যার দায়ভার মুক্ত করতে দেখে ক্রোধান্বিত হয়ে বিধবাবিবাহ প্রথা চালু (১৮৫৬) করেন। এই দুই ব্যাক্তি ধর্ম, সমাজ, রাষ্ট্রের বিরুদ্ধে দাড়িয়ে যুক্তিতর্ক করে গ্রন্থপ্রকাশ করেন, রামমোহন দুইখন্ডে রচনা করেন "প্রবর্তক নিবর্তকের সম্বাদ" (১৮১৮) ও বিদ্যাসাগর "বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বি বিষয় প্রস্তাব" (১৮৫৫)। বিদ্যাসাগরের স্মরণযোগ্য আক্ষেপ উক্তি "তোমরা মনেকর পতি বিয়োগ হইলেই স্ত্রীজাতির শরীর পাষানময় হইয়া যায় দুঃখ আর দুঃখ বলিয়া বোধ হয় না যন্ত্রণা আর যন্ত্রণা বলিয়া বোধ হয় না", যে দেশের পুরুষজাতির মধ্যে দয়া নেই ভালোমন্দের বিবেচনা বোধ নেই লৌকিক ধর্মকে রক্ষা করাই প্রধান ধর্ম মনে করে সে দেশে যেন হতভাগা অবলা জাতি জন্মগ্রহণ না করে।

এরপর বাংলাসাহিত্যে মহাকাব্যের ধারায় আধুনিকতার ধারা সূচিত হয় মাইকেল মধুসূদন দত্তের হাতে, তাঁর "মেঘনাদবধকাব্যে"র প্রমিলা বলে— "দানব নন্দিনী আমি রক্ষকুল বধূ/রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী/আমি কি ডরাই সখি, ভিখারি রাঘবে?"এর থেকে বোঝা যায় উপমহাদেশে নারী প্রশাসকরা উপর নির্ভরশীল ছিল। তবে মাইকেলের "বীরাঙ্গনাকাব্য"টি ব্যতিক্রম, এই ১১ টি পত্রকাব্যে পৌরাণিক নারীচরিত্রদের উপজীব্য করে নারীর আবেগের প্রতিফলন ঘটিয়েছেন কবি, তারা কেউ রাধার মতো নিষিদ্ধ প্রেমের আকাঙ্খায় উন্মাদ প্রায়, কেউ প্রিয় সংঘ লাভের কাতরতায় আকুল, কেউ আবার দুর্বল ভীরু স্বামীকে তীব্র ভৎসনায় ক্ষুব্ধ আত্মবোধে জাগ্রত সচেতন নারী, পুরুষের বিরুদ্ধে ব্যক্তিগত অবস্থানে দাঁড়িয়ে প্রতিবাদ মুখর হয়ে উঠেছে।

এরপর বাংলা কথাসাহিত্যের তিন দিকপাল বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের নারী বিষয়ক ভাবনাও প্রথানুগত্যের বাইরে যায়নি। নারীর অস্তিত্ব ও নারীর অধিকার সম্পর্কে বাংলায় বঙ্কিম তাঁর রচনায় রক্ষণশীলতার প্রচার করেছেন। "কৃষ্ণকান্তের উইল" উপন্যাসে রোহিনী নিজের জীবনের অভাববোধ সম্পর্কে সচেতন, পুরুষতান্ত্রিক সমাজ যেভাবে বঞ্চিত করেছে সেই প্রবঞ্চনা থেকে অন্য পুরুষের কাছে যেতে দ্বিধা করেনি সে। রোহিনী গোবিন্দলালের বড় ভাই হরলালের জন্য উইল চুরি করেছিল সুস্থ স্বাভাবিক জীবনের আশায় বিবাহের প্রলোভনে নিঃস্ব বিধবা হয়েও সে অর্থের বড় ধরণের প্রস্তাব ফিরিয়ে দেয়। ঘটনা প্রবাহে গোবিন্দলালের প্রেমে পড়ে রোহিণী তাঁর রক্ষিতা বাইজী হয়ে একসময় আত্মহত্যার চেষ্টা করে ও শেষে বাড়িঘর, পরিবার, সমাজ ছেড়ে বহু দূরে ঘৃণিত একত্র জীবন যাপন করেছে, এমনকি গোবিন্দলাল স্ত্রী ভ্রমরের সঙ্গেও প্রতারণা করে তাকে পরিত্যাগ করেছে ও পরে ঘৃণা

ভরে তাকে হত্যা করেছে। সবশেষে ধর্মের পথে পা বাড়িয়েছে অর্থাৎ পুরুষতান্ত্রিক সমাজে পুরুষ তার সুযোগের যতটুকু সদ্ব্যবহার করতে পারে গোবিন্দলাল তা করে দেখিয়েছে। ভ্রমর চরিত্রটি সমাজ, ধর্ম, পরিবারের আরোপিত মূল্যবোধে বেড়ে ওঠা ৯৯% এর প্রতিনিধি, যে শেষপর্যন্ত প্রতারক, খুনি, লম্পট স্বামীর পদতলে মাথা রেখে শান্তিতে মৃত্যুলাভ করেছে। কিন্তু রক্ষিতার রূপে গোবিন্দলালের গোপন আবাসে অবস্থান কালে প্রেমাকাঙ্খী রোহিনীর তৃতীয় পুরুষকে বাজিয়ে দেখার আকাঙ্ক্ষা তার বিদ্রোহের প্রতিবাদেরই শামিল। আবার রবীন্দ্রনাথের বিনোদিনীকে শেষে কাশি যেতে হয়েছে যা আত্মার মৃত্যুসমতুল্য অর্থাৎ তাকেও পুরুষতন্ত্রের যুপকাষ্ঠে নিজের আকাঙ্ক্ষাকে বলি দিতে হয়েছে। এছাড়া শরৎচন্দ্রের অন্নদাদিদিকে লম্পট স্বামীর সঙ্গে ধর্মপরিত্যাগ করে বাধ্য হয়ে পালাতে হয়েছে। তবে কাজী নজরুল ইসলাম সমতার ধারণাকে দীপ্তকণ্ঠে প্রকাশ করেছিলেন "বিশ্বে যাকিছু মহান সৃষ্টি চিরকল্যান কর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর"।

সুতরাং বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত আলোচনায় নারী প্রসঙ্গে লেখকেরা নারীর প্রতি সহিংসতা ও প্রান্তিক অবস্থানকে তুলে ধরেছেন ঠিকই কিন্তু কেউই অগ্রবর্তী হয়ে পুরুষতন্ত্রের ব্যবস্থার প্রতি প্রশ্ন তোলেননি, এমনকি ত্রিশের দশকের কথা সাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের "জননী" উপন্যাসের নারীর পারিবারিক জীবনের সংগ্রামের আবহমানচিত্র তুলে ধরা হয়েছে, "পুতুলনাচের ইতিকথার" কুসুম এবং "পদ্মানদীর মাঝি"তে কপিলার মধ্যদিয়ে বিবাহিত যৌন অবদমিত নারীর বেদনা ক্ষুব্ধ অনুভূতির সন্ধান মেলে। কিন্তু ৩০ এর দশকে এসে নারী মনোযোগের কেন্দ্র থেকে সরে গিয়ে পার্শ্ব চরিত্রের রূপ নিল, এর কারণ বিশ্বযুদ্ধ, দেশভাগ, স্বাধীনতা পরবর্তী দেশের অস্থিতিশীল পরিস্থিতিতে একজন শশী, নিতাই, কুমুদ, কুবের, হোসেন মাঝির কাছে কপিলা, কুসুম, বসন্তরা অনেক জীবন্ত চরিত্র হয়েও কিছুতেই সামগ্রিকতা নিয়ে রচনার কেন্দ্র হয়ে উঠতে পারেনি। পশ্চিমের মতো বাংলা সাহিত্যে নারীবাদী ভাবনার তেমন বিকাশ ঘটেনি।

উনবিংশ শতাব্দীতে ইংরেজ শাসক তাদের ঔপনিবেশিক স্বার্থে বাঙালি পুরুষদের ইংরেজি শিক্ষা দেওয়ার পাশে আদর্শ সঙ্গিনী বানাতে মেয়েদেরও শিক্ষার আলো দিতে চেয়েছিলেন। সেইসময় মেয়েদের কাছে বই মানেছিল বিভীষিকা, সমাজ তাদের শিখিয়েছিল বই পড়লে বিধবা হয়। বিশিষ্ট বাঙালি বুদ্ধিজীবীরা নারীশিক্ষাকে সমর্থন জানালে ১৮৪৯ সালে প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয়ে নিজেদের পরিবারের মেয়েদের পাঠাতে শুরু করলেন তখন বাড়িতে শিক্ষিতা নারী থাকা সামাজিক প্রগতিশীলতার ও

সম্মানের বিষয় হয়। ১৮৫৬-১৮৬৩ সালের মধ্যে প্রথম চারজন মহিলা কৃষ্ণকামিনী দাসী, বামাসুন্দরী দেবী, হরকুমারী দেবী, কৈলাসবাসিনী দেবী লেখিকা হিসেবে স্বনামে বই প্রকাশে কুণ্ঠিত হননি। ১৮৫৬ সালে প্রকাশিত কৃষ্ণকামিনী দাসীর "চিত্তবিলাসিনী" স্ত্রীলোকদের শিক্ষায় উৎসাহিত করাই উদ্দেশ্য ছিল। ১৮৬৩ সালে কৈলাসবাসিনী দেবীর "হিন্দুমহিলাগণের হীনাবস্থা" প্রকাশ করেন তাঁরই স্বামী দুর্গাচরণ গুপ্ত। এইভাবে নারীশিক্ষার প্রসার ও দেশউন্নতির ভাবনায় ভাবিত পুরুষদের সহযোগিতায় সাহিত্যের আঙিনায় প্রবেশ করেছিলেন মেয়েরা। সাহিত্যচর্চা যেন স্বাধীনতারই নামান্তর তাই অনেক মেয়েকেই সাহিত্য সাধনা করতে হয়েছে গোপনে, বহু লেখিকাই সমাজ শাসনের ভয়ে লিখতে থাকেন নাম না দিয়েই। প্রথম লেখিকা কামিনীসুন্দরী দেবীকে রক্ষণশীলদের বিরূপ সমালোচনা সহ্য করতে হয়েছিল। ১৮৬৬ সালে দ্বিজতনয়া ও অশিক্ষিতা অবলা পরিচয়ে তিনি "উর্বশী" নাটক প্রকাশ করেন, ১৮৭১ সালে তাঁর দ্বিতীয়নাটক স্বনামে প্রকাশিত হতেই বিরূপ সমালোচনা হয় মেয়েরা কলম ধরে পুরুষের মতো ক্ষমতা প্রকাশ করছে। তিনিই প্রথম পরিবারে পুত্র-কন্যাকে ভিন্ন দৃষ্টিতে দেখার প্রতিবাদ করেছেন। ১৮৬৩সাল থেকে প্রকাশিত বামাবোধিনী পত্রিকায় মেয়েরা লিখত নারীশিক্ষার কথা, ব্রাহ্মসমাজ অনুমোদিত সমাজ সংস্কারের কথা, স্ত্রী স্বাধীনতার কথা। তবে পিতৃতন্ত্র নির্দেশিত আদর্শ অনুসরণ করে লিখলেই লেখিকারা সমাজ স্বীকৃতি পেতেন। পিতৃতন্ত্রের বিরুদ্ধে উনবিংশ শতকের একজন প্রতিবাদী লেখিকা লক্ষীমণি দেবী "চিরসন্ন্যাসিনী" নাটক(১৮৭২), "সন্তাপিনী" (১৮৭৬) নাটক "বিজনবাসনী" (১৮৮২), "বিধবা বঙ্গললনা" (১৮৮৪) উপন্যাস লেখেন। তাঁর মতে পরাধীন জীবন পশুর জীবনের সঙ্গে তুলনীয়। বিধবাবিবাহের পক্ষে ও পুরুষের বহু বিবাহের বিপক্ষে তিনি সওয়াল করেছেন "সন্তাপিনী" নাটকে। এই নাটকের একটি বিপ্লবীনী চরিত্র সিন্ধুবালা, নবকুমার তাকে বিয়ে করার সময় প্রতিজ্ঞা করেছিল, সে আর দ্বিতীয় স্ত্রী গ্রহণ করবে না, কিন্তু দেশে আসার পথে স্ত্রীর অসামান্য রূপে ভীত হয়ে স্ত্রীকে নবকুমার সমুদ্রে ঠেলে ফেলে দেয় এবং অন্য আরেকটি মেয়েকে বিয়ে করে। সিন্ধুবালা বেঁচে যায়, স্বামীকে সে সন্দেহ করেনি ভেবেছিল সমুদ্রে পড়ে যাওয়া নেহাতই দুর্ঘটনা। পরে তপস্বিনীর বেশে প্রতিজ্ঞা ভঙ্গকারী স্বামীকে চিঠি লিখে প্রতিবাদ করেন সমুদ্রে শতবার ফেলা অধিকসুখ কিন্তু আরেকটি বিবাহ অসহ্য। নারী-পুরুষের জন্য যে আলাদা সমাজবিধি তার বিরুদ্ধে প্রতিবাদ করেছেন লক্ষীমণি দেবী "স্ত্রীর স্বামী কি পদার্থ" প্রবন্ধে বলেছেন —স্বামী, স্ত্রীর একমাত্র সহায় ও বন্ধু কিন্তু তারা স্ত্রীদের সামান্য পরিচারিকার ন্যায় বোধ করিয়া দিবানিশি অনাদর করিয়া থাকেন। "চির সন্ন্যাসিনী" নাটকে আদর্শ স্বামী যে হতে পারে না তারপ্রতি তাচ্ছিল্যের প্রকাশ করেছেন।

এছাড়া মৃণালিনী সেনের জমিদার ইন্দ্রনারায়ণ সিংহের সঙ্গে ১৩ বছরে বিয়ে হয়েছিল, দু'বছর মধ্যেই তিনি বিধবা হলে জমিদারবাড়ির বিধবা বৌটির জন্য বিশেষভাবে শিক্ষার ব্যবস্থা হলে মৃণালিনী কিছু কাব্যগ্রন্থ— প্রতিধ্বনি (১৮৯৪), নির্ঝরিনী (১৮৯৫), কল্লোলিনী (১৮৯৬), মনোবীণা (১৯০০) সালে প্রকাশকরেন, এইগুলিতে তাঁর সঙ্গীহীন অসহনীয় জীবনের ছবি পাই। এরপর সমাজ শৃঙ্খল ভেঙে বিয়ে করলেন নির্মলচন্দ্র সেনকে। মৃণালিনী এবার নারীমুক্তি আন্দোলনের নানা কর্মকাণ্ডের অন্যতম অংশীদার হয়ে উঠলেন।

কামিনী রায় "আলো ও ছায়ার" কবি হিসেবেই খ্যাত, তাঁর লেখার নতুন মূল্যায়ণ হলে দেখা যাবে সাহিত্যের মাধ্যমে নারীকে তিনি দিয়েছেন পথনির্দেশ, আত্মবিশ্বাস, আত্মসম্মানের পথ খোঁজার আকাঙ্ক্ষা। পিতৃতান্ত্রিক সমাজে তিনি সেই পুরুষদের ধিক্কার দিয়েছেন যারা নারীজীবনের যে মান তাকে সম্মান দেয়না। "অম্বা" কাব্যনাট্যে তিনি নারীর সামাজিক অবমাননার প্রতিবাদে মুখর। কাশিরাজের তিনকন্যা অম্বা অম্বিকা অম্বালিকা যোগ্যতায় কোন অংশেই অন্যদেশের রাজপুত্রদের থেকে হীন নন। পুত্রহীন চিন্তিত রাজাকে অম্বা প্রশ্ন করে তিনকন্যা পারে না করিতে একটি পুত্রের কর্ম? পুত্র আকাঙ্ক্ষা না মেটায় কাশিরাজ একই পাত্রে সম্প্রদান করতে চান তিনকন্যাকে, যাতে রাজ্যাংশ নিয়ে ভবিষ্যতে না বিবাদ বাঁধে অর্থাৎ রাজকন্যাদের ভবিষ্যৎ চিন্তার চাইতে রাজার কাছে প্রাধান্য রাজ্য রক্ষার চিন্তা, যেমন কুল রক্ষার জন্য বহুপিতাই জলাঞ্জলি দিতেন মেয়ের ভবিষ্যৎ। তিনরাজ কন্যাকে ভীষ্ম স্বয়ংবর সভায় জিতে নেন বৈমাত্রেয় ভাই বিচিত্র বীর্যের জন্য।

কামিনী রায় চেয়েছেন দেশের জন্য মেয়েরা এগিয়ে আসুক বৃহত্তর কর্মক্ষেত্রে "সিতিমা" নাটকে উত্তর-পশ্চিম দিক থেকে যখন গিরিপদের রাজা বীরভদ্রের রাজ্য আক্রান্ত হয় তখন সিতিমা কেবলমাত্র উদ্দীপক গান গেয়েই কর্তব্য শেষ করে না, সে নিজে বন্দিত্ব স্বীকার করে সেনাপতি উজ্জ্বল সিংহকে কারামুক্ত করে দেশরক্ষার জন্য যুদ্ধক্ষেত্রে পাঠিয়ে দেয়।

কামিনী রায় যখন রাষ্ট্রে ও সমাজের নারীপুরুষের সমান কর্তব্যের কথা মনে করিয়ে দেন তখন তা শুধু কাব্যসংলাপ নয় প্রত্যক্ষ আন্দোলন প্রসূত আন্তরিক অভিব্যক্তি। পাশ্চাত্যের মতো ভারতবর্ষে যখন নারীর ভোটাধিকারের আন্দোলন গড়ে ওঠে তখন কামিনী রায়, কুমুদিনি বসু, মৃণালিনী সেন, জ্যোতির্ময়ী গাঙ্গুলী, বেগম রোকেয়া প্রমূখ বহু নারী তাতে অংশগ্রহণ করেন। ১৯২১ সালে তাদের ভোটাধিকারের প্রস্তাব বঙ্গীয় আইনসভায় পরাজিত হলেও তারা হাল ছাড়েননি। ১৯২৩ সালে কলকাতা

মিউনিসিপ্যালিটির ভোটে মেয়েরা অংশ নিতে পেরেছিলেন, ১৯২৫ সালে আইনসভার নির্বাচনেও তারা অংশগ্রহণের অধিকার অর্জন করেছেন।

এরপর বিশ শতকের আশাপূর্ণাদেবীর চরিত্র সুবর্ণলতা লেখেন "পিঞ্জরের পাখিসম বন্দী মোর প্রাণ/ঊর্ধ্ব আকাশেতে যেন কি করে সন্ধান" তখন বদ্ধ মানবসত্তার ক্রন্দন যেন ধ্বনিত হয়ে ওঠে। পিঞ্জরের উপমা পরের যুগের লেখিকা সুচিত্রা ভট্টাচার্য ব্যবহার করলেন "হেমন্তের পাখি" উপন্যাসে, এ উপন্যাসের নায়িকা অদিতির লেখিকা হয়ে ওঠা আদৌ অনুমোদন পায় না তার স্বামীপুত্রের, অথচ নানা বাধা সত্বেও মেয়েরা কলম ধরেছেন।

জ্যোতির্ময়ীদেবী লিখেছেন পৃথিবীতে একটা জাত, তাতে আবার দুভাগ স্ত্রী ও পুরুষ, স্ত্রী জাতির আবার দুভাগ সতী ও অসতী। মেয়েদের আরো সম্প্রদায়ভেদ আছে কুমারী, সধবা, বিধবা। মেয়েদের স্বধর্ম বলতে শুধুই নির্দেশিত হয়েছে স্বামীসেবা। সধবার জীবনচিত্রটি রাসসুন্দরী দেবীর "আত্মকথা" (১৮৭৬)-য় দেখা যায়। সন্তান জন্ম দেওয়া, তাদের পালনের মধ্য দিয়ে তার জীবন অতিবাহিত হয়েছে। রাসসুন্দরী জানিয়েছেন একবার পরপর দুদিন মুখেরভাত মুখে ওঠেনি তার, পুরো অনাহারেই থাকতে হয়েছে কিন্তু বাড়ির কেউ তার খবরও রাখেনি।

এছাড়া বঙ্কিমচন্দ্রের উপন্যাসে দেখা যায় নায়িকারা প্রায়শয় ঘর ছাড়ে আবার ঘরে ফিরে আসে, সূর্যমুখী, শৈবলিনী, ইন্দিরা, প্রফুল্ল স্ব-ইচ্ছায় অনিচ্ছায় ঘরছাড়া মেয়েদের নানান ছলে বলে কৌশলে পুনর্বার ঘরে স্বপ্রতিষ্ঠ করেছেন। এমনকি সতীত্বের গৌরবে গরবিনী সীতার নিজের কোন ঘরনেই, মেয়েমাত্রই চিরউদ্বাস্তু চিরনির্বাসিত।

বেগমরোকেয়ার "পদ্মরাগ" (১৯২৪-১৯২৫) উপন্যাসে সেই ঘর ছাড়া সধবাদের কাহিনী আছে। একটি প্রতিষ্ঠানে জড়ো হয়েছে বিভিন্ন ধর্মের মেয়েরা কিন্তু তাদের সকলেরই বিবাহিত জীবন বিভীষিকাময়। তিনি সমাজকে দেখাতে চান একমাত্র বিবাহ জীবনই নারীজন্মের চরম লক্ষ্য নহে, সংসার ধর্মই জীবনের সারধর্ম নহে। জয়নাব ওরফে পদ্মরাগের এইউক্তি সমর্থন করে স্বামী পরিত্যাক্তা উষা বলেছিল এই যে পতিপরম গুরু এই ভাবটাই মারাত্মক, কাপুরুষ স্বামী উষাকে ডাকাতের হাতে ফেলে রেখে পালিয়েছিল পরে সে উদ্ধার পেলেও, ডাকাতেরা যেহেতু তাকে ধরে নিয়ে যাচ্ছিল, তাই স্বামী তাকে পরিত্যাগ করতে দ্বিধা করেনি। ইন্দিরার মত উষা স্বামীকে হাসি চাহনিতে বশ করার প্রয়াস না করে তারিনী ভবনে সামান্য কাজ করে জীবন কাটিয়ে দিয়েছে।

অনুরূপাদেবীর "মা" উপন্যাসে দেখা যায় টাকার লোভে বিনাদোষে যে পুত্রবতী বধূকে বিতাড়িত করা হয় স্বামীগৃহ থেকে। সেইবধূ একটি প্রতিবাদের ভাষা উচ্চারণ

না করলেও উপন্যাসে পুরুষের বহু বিবাহকে সমস্যা হিসেবে উপস্থিত করতে পেরেছিলেন লেখিকা। স্বামীপরিত্যক্তা প্রথমা পত্নী স্বামীকে সপত্নীর স্বামী হিসেবে দেখতে চেয়েছে আর যখন সেই স্বামী তারই প্রণয় যাচাই করে চলেছে তখন তাকে প্রত্যাখ্যান করতে পেরেছেন এটাও একধরনের প্রতিবাদ।

লেখিকা আমোদিনী ঘোষের একটি উপন্যাসে প্রতিবাদ আরো ভয়ংকর বয়স্ক স্বামীর যুবতী দ্বিতীয় ভার্যা সমবয়সী পুরুষদের ভালবাসতেচায়, সামাজিকসম্পর্কে সেই পুরুষ তার পুত্রপ্রতিম হলেও তারপ্রতি পুত্রভাব জাগে না। তার আচরণকে কঠোরভাবে শাসন করেন তারস্বামী, প্রতিবাদে অবশেষে গলায় দড়ি দেয় সে, গলায় ফাঁস লাগানোর আগে বদলে নেয় নিজের সধবা সাজ স্বামী এসে দেখেন ঝুলন্ত এক বিধবামূর্তি। উপন্যাসটিতে পুরুষপ্রতাপের বজ্র আঁটুনির প্রতি তীব্রশ্লেষ আছে।

শৈলবালা ঘোষের "জন্মঅপরাধী" (১৯১৯) উপন্যাসে স্বামীর পদাঘাতে মৃত্যুঘটে অন্তঃসত্ত্বাপত্নীর, "জন্মঅভিশপ্তা" তে (১৯২১) অত্যাচারিতা স্ত্রীর অন্তরালাপে অসহায়ের তিক্ত মনোভাব প্রকাশ পেয়েছে।

সাবিত্রী রায়ের "পাকা ধানের গান" উপন্যাসে স্বামী প্রহারে জর্জরিতা মেয়ে দেবকীর সিঁথির সিঁদুর হয়েওঠে তিরস্কারের চিহ্ন।

আশাপূর্ণাদেবীর "প্রথমপ্রতিশ্রুতি" উপন্যাসের আখ্যানে প্রতিটি সিদ্ধান্ত নেয় সত্যবতী, অন্যায়ের প্রতিবাদ করে, আর তারস্বামী নবকুমার ভয়ে ভয়ে সবকিছুই মেনে চলতে চায় সমাজের সঙ্গে, লিঙ্গ অনুসারে বৈশিষ্ট্য নির্দেশ করে দেওয়া যে লিঙ্গ রাজনীতিরই কৌশল আশাপূর্ণাদেবী সেই সত্যটি যেন তুলে ধরতে চেয়েছেন। মহাশ্বেতাদেবীর "হাজারচুরাশির মা" (১৯৭৪) উপন্যাসে মাতৃত্বের সংকট আধুনিকতার কাল পরিবেশে আঁকা হয়েছে, এখানে সুজাতাকেও সুবর্ণের মত একান্তই অনিচ্ছায় সন্তানধারণ করতেহয় বারবার,তার শেষ সন্তান হওয়ার সময় অশুচি লেগেছিল, নিজের শরীরের ক্রমবর্ধমান ভারকে মনে হয়েছিল অভিশাপ, কিন্তু সন্তানের জীবন সংশয় শুনে এই সুজাতারই বুক ভরে উঠেছিল ব্যাকুল মমতায়। সুবর্ণর ধরনেই সুজাতা তার মেয়ের কথা বলায় শুনতে পান তার শাশুড়ির কণ্ঠস্বর। সুবর্ণর শেষ সন্তান বকুল আর সুজাতার শেষ সন্তান ব্রতী ছাড়া আর কোন সন্তান তাদের মাকে বুঝতে চায়নি, কেননা পুরুষতন্ত্রের অনুশাসনে মাতৃত্বের সম্মান আছে, কিন্তু মায়ের কোন অধিকার নেই, আর সেই মা যদি মাতৃত্বের মোড়ক খুলে মানুষ হিসেবে কথা বলে তবে তো সন্তানের চোখে সে মস্ত এক অপরাধী হয়ে দাঁড়ায়, মায়ের সঙ্গে সন্তানের এই বিরোধ আশাপূর্ণাদেবীর একাধিক উপন্যাসের ভাববস্তু।

বিবাহই নারীর উপনয়ন আর স্বধর্ম হল স্বামী সেবা, স্বামী চলে গেলে সমাজের নিষ্ঠুরতম অত্যাচারের নাম বৈধব্যের পালনীয় আচার। সমাজের পীড়ন যখন অনিবার্য তখন তার মধ্যে থেকেই বালবিধবা কিভাবে সমাজের কাজে নিজেকে নিয়োগ করতে পারেন তারই পথনির্দেশ দিতে চেয়েছেন কৃষ্ণভাবিনি। তাঁর মতে চরিত্র গঠনের প্রথমসোপান স্বার্থত্যাগ, দ্বিতীয় আত্মশাসন, তৃতীয় আত্মবিসর্জন। তাঁর মতে ব্রহ্মচর্যব্রত অভ্যাস হয়ে গেলে কারোরই তা সমাজের কঠোর অনুশাসন বলে মনে হয় না। আবার জ্যোতির্ময়ী দেবীর মতে জন্ম থেকে কন্যাকে সমাজ ঘরসংসারের জন্য প্রস্তুত হবার শিক্ষাদেয় তারপর স্বামীর সঙ্গে ভালো করে পরিচয় হবার আগেই যদি তার বৈধব্য আসে আর তখন থেকেই বৈরাগ্যচর্চার নির্দেশ মানতে বাধ্য করা হয় তবে তার অন্তঃকরণের পরিবর্তন আশা করা নিরর্থক। একটি চরিত্র আন্নাকালী সাবিত্রী রায়ের "পাকা ধানের গানে" নির্জলা একাদশী করছে বলে তার পরিশ্রম কেউ লাঘব করেই না বরং লুকিয়ে একটু জল খেয়েছে বলে এমন গঞ্জনা দেয় সকলে যে সহ্য করতে না পেরে সে আত্মঘাতী হয়। এই আন্নাকালী বলেছিল মেয়ে হয়ে জন্মানোর অর্থই তো দুঃখের বেড়ি পরা। আবার আশাপূর্ণাদেবীর "মৃত্যুরবাড়ি" উপন্যাসে ২২ বছরের উমাশশী একাদশীর দিন ভোরবেলা একটু চা খেয়েছিল, সেই অপরাধে তার পিত্রালয়ের মেয়ে বউ সকলে মিলে তুমুল লাঞ্ছনা করে তাকে, অথচ উমাশশী গাধার খাটুনি খাটে সংসারে সারাদিন, একবেলা খাওয়া আর একখান ধুতি দিলেই পোষা যায় তাকে। কিন্তু সেকালের মেয়েরা যা পারেননি একালের মেয়েরা তা পেরেছেন, বৈধব্য পালন শুধু শারীরিক অত্যাচার নয় এ তো আত্মসম্মানকেও ক্ষুন্ন করে, তারই প্রতিবাদ সুলেখা দাশগুপ্তের "মিত্রা" উপন্যাসে— কখনো না খেলে স্বামীর অকল্যাণ কখনো খেলে তোমার পাপ যেন জীবনটা খেলা আর মাছ খেতে যার ভালোলাগে বিধবা হলেই সে ভালোলাগাটা উবে যায়না তার সেই ইচ্ছা যদি তখন জাগে তবে সে তো জীবনেরই দাবী, বিধবা মিত্রার প্রেম এবং দ্বিতীয় বিবাহ ঘটতে পারছে এই আখ্যানে। এছাড়া সুলেখা সান্যালের "নবাঙ্কুর" উপন্যাসে কিশোরী দুর্গা কিছুতেই মেনে নিতে পারে না বৈধব্য আচার, তার ঠাকুমা মাছখায় আর সে হবিষ্যি করে, সে এই ভিন্নতার মধ্যে কোন ধর্মগৌরব দেখতে পায়না। সংঘর্ষে মেয়েরা একা দাঁড়াতে গেলে পরাজয় ছিল অনিবার্য, "প্রথম প্রতিশ্রুতি"র সত্যবতীকে যেমন পরাজয় মেনে নিয়ে সংসার ত্যাগ করে চলে যেতে হয়েছিল। বিবাহই কেন একমাত্র লক্ষ্য একজন কুমারীর জীবনে এ প্রশ্ন তোলেননি প্রথম যুগের নারীলেখিকারা বরং শরৎচন্দ্র যখন এই বিশেষ সমাজ অত্যাচারের ছবি তুলে ধরেন "অরক্ষণীয়া" অথবা "বামুনের মেয়ে"র মত উপন্যাসে তখন দেখি তার নায়িকা বলে "মেয়েমানুষের

বিয়েকরা ছাড়া পৃথিবীতে আর কোন কাজ আছে কি না আমি সেইটা জানতেই বাবার সঙ্গে যাচ্ছি।"

জ্যোতির্ময়ীদেবীর "ছায়াপথ" উপন্যাসের নায়িকা সুপ্রিয়া সংসারকরা বিবাহিতা মেয়েদের যতই দেখে ততই তার মনে বিবাহবিষয়ে বিরূপতা গাঢ় হইতে থাকে, সে দেখে পুরুষরা তাদের নিয়ে ঘর করে পুতুলের মতো সাজায় প্রয়োজনে আবার নিরাভরণ করে দেয় কিন্তু শ্রদ্ধা, প্রথা, সম্মান কোথাওনেই, ওর মনে হয়না যে এই ছেলেখেলার খেলনা হতে না পারলে ওর জীবন বৃথা হয়ে যাবে। জ্যোতির্ময়ী দেবীরই "বৈশাখের নিরুদ্দেশ মেঘের" কালো মেয়ে বীণা কালো বলে কুমারী থেকে যায়। সে বলে মেয়েদের দাম শুধু থাকে একজন মানুষের দরকারে, মানুষ হিসেবে তার মূল্য নেই পৃথিবীর কোনখানে, চিরদিনের ইতিহাসে একদিনও সে মানুষ হিসেবে পরিচিত হলোনা কেন "পথেরপাঁচালী"র দুর্গারমতই সুলেখা সান্যালের "নবাঙ্কুরের" আটবছরের ছবি ঘুরে বেড়ায় পথে পথে তবে অবশ্য সঙ্গে টেনে নেয় সে দাদাকে, ভাইকে নয়। দুর্গার মতো ছবিও বকুনি খায় পথেপথে ঘুরে বেড়ানোর জন্য। ছবি প্রবল ঔৎসুক্য নিয়ে মানুষ দেখে, ঘটনা দেখে যত দেখে তত তার মন প্রতিবাদী হয়েওঠে। ছবি কিন্তু দুর্গার মত সবকিছু মেনে নেয় না, প্রতিবাদ করে, সে শুনেছে মেয়েদের জোরে কথা বলতে নেই, পড়তে নেই এই সবকিছু অনেকেই ছবি অস্বীকার করতে চায় সেই শিশুবয়স থেকেই। প্রতিবাদী ছবির কাছে হার মানতে হয় তার প্রতাপশালী ঠাকুরদাকে পর্যন্ত, সে জোর করে লেখাপড়া শিখেছে, পাত্রপক্ষ দেখতে এলে তাকে কিছুতেই সামনে আনা যায়নি, দুর্ভিক্ষের রিলিফের কাজে ছেলেদের সঙ্গে সমান তালে কাজ করেছে আর এই প্রতিটি কাজের জন্যে অভিভাবকদের তুমুল ভৎসনা, প্রহারের মুখোমুখি দাঁড়াতে পেরেছে সে।

সুলেখা সান্যাল, মহাশ্বেতাদেবীর উপন্যাসের নারী আর পুরুষ রাজনৈতিক কর্মী হিসেবে সমান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এসময় মায়ের ভূমিকা কিংবা স্ত্রীর ভূমিকার রূপান্তর ঘটে যায় মানুষের ভূমিকায়। রাজনৈতিক আন্দোলন তাড়িত ইতিহাসের ঝটিকা বিক্ষুব্ধ সময়ের প্রেক্ষাপটে শুধু শহরের মেয়েরা নয় গ্রামের মেয়েরাও আত্মসচেতন ও রাজনীতি সচেতন হয়ে উঠছে, জীবনের অস্তিত্ব অভিজ্ঞতা অতিক্রম করে বেরিয়ে আসতে পারছে যেকোন সমাজ নির্দিষ্ট ভূমিকা গণ্ডির বাইরে। মহাশ্বেতাদেবীর উপন্যাসমাত্রই ইতিহাস কেন্দ্রিক, তাতে নারীর অনেকখানি ভূমিকা থাকে, বিপ্লবে মেয়েদের অংশগ্রহণ তাঁর লেখায় অনেকটাই গুরুত্ব পায়, ঝাঁসির রানী লক্ষ্মীবাঈয়ের কাহিনী থেকে যার শুরু, তাঁর উপন্যাস "কৈবর্তখণ্ডে" (১৯৯৪) দেখা যায় বিপ্লবের কাজে এগিয়ে এসেছে বারবনিতা কাঞ্চনা, প্রাণদিতেও ভয় করেনি সে। "ক্ষুধা" উপন্যাসে (১৯৯২) পালামৌ

অঞ্চলের বিদ্রোহের কাহিনীতে মেয়েদের ভূমিকা অসাধারণ, এদের উপর অত্যাচারই এই বিদ্রোহের সূচনাবিন্দু।

মেয়েরা এখন উপন্যাস লেখেন অল্প কয়েক জনই, তাদের লেখায় আত্মসচেতন আত্মপ্রতিষ্ঠ নারীচরিত্রই প্রধান। অনিতা অগ্নিহোত্রীর "মোহরডিঙ্গার দিন" উপন্যাসে দেখাযায় কমলিকার বিয়ে ভাঙার একটি বেদনাময় অতীত থাকা সত্ত্বেও তার দ্বিতীয় বিবাহ, দুইবিবাহের সন্তান, তার বড়মাপের সরকারি চাকরি সবই বেশ সহজ আনন্দময়। আজকের সমাজে মেয়েরা অনেক এগিয়েছে তবু তাদের ভূমিকার খুব বদল হয়নি সমাজে। আর তাই সুচিত্রা ভট্টাচার্যর "আমি রাইকিশোরী" উপন্যাসের কথক বলে "আমাদের মত মেয়েরা বুঝলেন এখনো বড্ড পরনির্ভর, কাউকে একটা জড়িয়ে পরগাছা বয়েই বেঁচে থাকতে ভালবাসে বেশি"। আত্মসম্মান, আত্মপরিষদ অর্জনের জন্য যে লড়াই তা আজকের মেয়েদের লড়াই, তার ছবি যেখানে থাকে সেখানেই মেয়েদের উপন্যাস সার্থকতা পায় বলে মনে হয়।

নারীবাদী সাহিত্য তত্ত্বের মূল লক্ষ্য নারীবাদী আন্দোলনেরই সঙ্গে সম্পৃক্ত সেটা হলো পুরুষতন্ত্র বিলোপের মধ্য দিয়ে এমন একটি সমাজ তৈরি করা, যেখানে নারী মানুষ হিসেবে স্বাধীনভাবে তার জীবন গড়তে পারে। সাহিত্য যদি জীবন গড়ার হাতিয়ার হয়, তবে নারীবাদী দৃষ্টিকোণ থেকে প্রচলিত সাহিত্য সমালোচনাতত্ত্ব পুরুষতন্ত্রের এই শক্তিশালী হাতিয়ারের বিরুদ্ধে নতুন এক হাতিয়ার তুলেধরার চেষ্টা করে যা পরিবারের মধ্যে ও বাইরের সমাজে নারীর অধস্তনতাকে কাটিয়ে তারশক্তি ও সম্ভাবনাকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সক্রিয় থাকবে।

গ্রন্থপঞ্জী :

১। প্রাচীন ভারতীয় সাহিত্যে মেয়েদের শিক্ষার অধিকার, ইতিহাসে নারী : শিক্ষা, সুব্রতা সেন, পশ্চিম বঙ্গ ইতিহাস সংসদ, প্রগ্রেসিভ পাবলিশার্স, জানুয়ারি, ২০০১

২। প্রসঙ্গ মানবীবিদ্যা, রাজশ্রী বসু, বাসবী চক্রবর্তী, উরবী প্রকাশন, জুন ২০০৮

২। বঙ্গ নারী, জ্যোতির্ময়ী দেবী, রচনা সংকলন ১ম খণ্ড, ১৯৯১

৩। সমাজের একটি অন্ধকার দিক, জ্যোতির্ময়ী দেবী, রচনা সংকলন ১ম খণ্ড, ১৯৯২

৪। পর্দাপুরাণঃ বাঙালি নারীর আড়াল ও অন্তরাল, জয়িতা দাস, কারিগর, ২০১৭

৫। প্রতীচ্য ভাবনা ও বঙ্গীয় নারী জাগরণ, তপতী ভট্টাচার্য, অরুণা প্রকাশন,২০০৯

৬। নারী চেতনাঃ মননে ও সাহিত্যে, তপধীর ভট্টাচার্য, পুস্তক বিপণী, ২০০৭

৭। Feminism : An overview, Rakhakrishna De, Vol-32. 2004

THE ROLE OF WOMEN ENTREPRENEUR IN THE CHANGING MODERN WORLD OF BUSINESS

Dr. Shawkat Ali (Assistant Professor and HOD of Commerce, Gobardanga Hindu College)

Abstract:
The economic contribution of women is crucial. Women Social network growth is promoted through involvement in business. Women business owners can offer creative answers to issues that are currently plaguing a variety of industries. The Global Role of Women: Farmers, Educators, Entrepreneurs, Caregivers, and Conscientious. In the family, the woman simultaneously plays the roles of wife, partner, organizer, administrator, director, re-creator, disburser, economist, mother, teacher, health officer, artist, and queen. 32% of top leadership roles are now held by women, up from 31% in 2021. The researcher has made an attempt to highlight the significant impact that female entrepreneurs have had on the modern business world both globally and in India. In order to accomplish this, the researcher used secondary data, which was acquired from a range of journals, news sites, magazines, articles, webinars, and online conferences, among other sources. The researcher has offered some suggestions and responses to the problems that female entrepreneurs both internationally and in India have encountered.According to the researcher, women have made a significant impact on Indian society today in a variety of fields, including politics, education, social services, arts and culture, sports, aerospace, journalism and media, science and technology, literature, entertainment, philanthropy, spiritual and religious activities, and particularly in the modern business world. [1]

Keywords: Entrepreneur, ,Role, Business, Challenges

Introduction:

Increased female business participation may be crucial for diversity in business growth, concepts, and goods. Additionally, participation fosters the growth of social networks and supports that benefit women and their social environment. [2]32% of top leadership roles are now held by women, up from 31% in 2021. These positions include managing director, chief executive officer, chief financial officer, chief information officer, chief operations officer, chief marketing officer, and director of human resources. [3]The economic contribution of women is crucial. They significantly impact the work force and aid in the expansion and improvement of enterprises. Women are beginning their own enterprises at a higher rate than men, and they have also been shown to be successful business owners. [4]Women business owners can offer creative answers to issues that are currently plaguing a variety of industries. They frequently contribute unique viewpoints, thoughts, and concepts to their firms that can foster growth and innovation.[5]When starting a firm, women entrepreneurs are frequently more likely to focus on employee welfare and work-life balance as well as social and environmental issues. [6] The Global Role of Women: Farmers, Educators, Entrepreneurs, Caregivers, and Conscientious. The central place of women in society has always safeguarded a country's stability, advancement, and long-term growth. [7]

Review of literature

[8]. **Kumar.Mohan.S, Mohan.Chandrika.H.S, C.Vijaya and N.Lokeshwori (2023)** have made a contribution that discusses "The Role of Woman Entrepreneurship in Modern World." They have made an effort to shed light on the part played by successful female business owners in promoting social advancement and economic prosperity to the fullest. They have emphasised that the success tales of women business owners would undoubtedly leave a lasting impression and inspire dormant families and networks of people to make real efforts

to raise living standards and create successful businesses. They have made a real effort to inspire women who are considering starting a business and who want to give back to society in general to live sound, active, and fulfilling lives in the modern world.

[9] **Rao. Venkateswara. V, Sriganesh. M, and Jyothi. Hanuma. C (2020)** have made a contribution titled "Role of Women in Modern Business: A Perspective." They contend that women entrepreneurs are essential to modern business, and an analysis of women in business in a complicated nation like India has been made. They came to the conclusion that women have played a crucial part in modern business from the start and have always been passionate about their jobs, dating back to the evolution of humans.

Objective of the study

The objectives of study are as follows:

1. To understand role of woman entrepreneur in the modern changing world of business.
2. To find out the challenges for woman entrepreneur in the modern changing world of business.

Research methology

For the purpose of the researcher has used secondary data, which has been collected from different journals, news papers, magazines, articles, webinars, e-conferences etc. To understand the role of woman entrepreneur in the modern changing world of business, the researcher has taken into consideration numerous study reports. Additionally, the researcher has read a few news pieces and research papers that have been published in the past. The researcher has analyzed a few research papers and news items about the role of woman entrepreneur in the modern changing world of business and to find out the challenges for woman entrepreneur in the modern changing world of business.

Elaborative discussion:

In the business sector, women are becoming a more dominant force. In fact, 11.6 million enterprises are currently owned by women in the United States alone, according to a recent Forbes article. In the upcoming years, that number is only anticipated to rise. Being a female business owner comes with a lot of difficulties, but there are also a lot of benefits. Let's examine some of the advantages of being a woman business owner in more detail. Women are now the owners of more companies than ever, and that number is only rising. Because of this, it is certain that women will increasingly operate their own businesses. Many times, women are excellent communicators and multitaskers. They typically excel at relationship formation and networking. These abilities can all be quite helpful in managing a profitable company. In addition, when it comes to business decisions, women frequently have different perspectives from men. Making long-term business-beneficial decisions can be facilitated by this. They might serve as an inspiration to other women who might want to launch their own enterprises in the future. They can demonstrate to them that it is possible for women to succeed in business. This can encourage other women to pursue their aspirations of starting their own companies and contribute to the future growth of even more prosperous women-owned firms. Due to their higher oxytocin levels than men, women are frequently better at multitasking. This hormone enhances women's capacity for empathic connection with others. Women are therefore frequently better suited to do several jobs at once without feeling overburdened. Women are generally more inclined than men to work together. Since women have required working together for millennia to raise children and keep families together, this propensity can be traced back to evolution. As a result, women are typically more adept than men at networking and cultivating relationships. In business, where creating alliances is crucial to success, this skill is priceless. Women tend to be early adopters of new technologies; one study found that they made up 56% of early

Nalini, the Mother's niece, was in an angry mood. The Mother reprimanded her and said, " Women should not get angry so easily. They must practice forbearance. In infancy and childhood their parents are their only protection and in youth their husbands. Women are generally very sensitive. A mere word upsets them. And words also

are so cheap now-a-days. They should have patience and try to put up with parents or husbands in spite of difficulties."

Radhu sat near us with her cloth pulled over her knees. The Mother reproved her and said," Dear me ! why should a woman pull her cloth over her knees ? " She cited a verse which says, " It is as good as being naked when the cloth is pulled over the knees."

Chandra Babu's sister came to see us. She asked me in the course of conversation," Is the husband of the Holy Mother still alive ? Are these his children and daughters-in-law? "" Goodness gracious ! " said I, " have you not read the teachings of Sri Ramakrishna? He always exhorted people to renounce lust and gold." The lady was nonplussed and said, " Excuse me, I took them for her own children."

It was the time of the Durga Puja. The Mother had a bundle of new clothes before her. She separated the clothes intended for the husbands of her three nieces. She took a cloth in her hand and said, " G.—will put on this new cloth at the time of the Puja and go to the Belur Math."

After the noonday worship, we had our meal. The Mother was resting. I sat by her side and began to fan her. She said with great tenderness, " There is a pillow there. Bring it and lie down near me. I do not require any more fanning." I hesitated to use her pillow and brought one from Radhu's room. The Mother said with a smile, " This pillow belongs to Radhu's mother, that crazy woman. She will make a fuss. Please use my pillow. There is no harm in it." Then she said to Radhu, " Please come here and lie by your sister." The conversation drifted to the remarks of Chandra Babu's sister, narrated above. The Mother said, " Well, you could have easily replied that her husband is there in the shrine room, and that all of you are his children." I said, " All the men and women of the world are his children! " The Mother laughed and remarked, " People come here with various selfish desires. Someone comes with a cucumber, offers it to Sri Ramakrishna, and prays for the fulfillment of selfish desires. This is the nature of average people."

Her Spiritual Ministry

And this is only the empirical side of her personality. To speak of her spiritual service: People come to her with so many doubts, with so many images in their mind, and told her their problems. Mother gave them spiritual instructions suitable and natural to each according to his stage in life.

And she was not particular about any place for initiating people. They could meet her anywhere: at the railway station or at the roadside adjacent to the fields. Wherever she was, that place was holy. And there she welcomed them, instructed them, guided them and bade them farewell. One needed just to say, Mother, please instruct me, and she was ready. As a spiritual guide, she observed no restriction. Her refrain was, They have come all the way; I need to help them.

Awe-inspiring Spiritual Greatness

In her spiritual service she stands above many people. Many of the later seniors of the Ramakrishna Order were her disciples. Once, when two disciples of Swamiji came to meet him, he said, Go to Mother. Receive her blessings first and then come here. Swamiji had been to the Western world and conquered the hearts and minds of many people. When he went to Holy Mother, he was just like a humble soul: standing before her, waiting for her orders. Others could not understand Mothers greatness, but Swamiji did. Other disciples of Sri Ramakrishna could not imagine how great she was. One day, Swami Vijnanananda, a brother disciple of Vivekananda, went to make prostrations before Mother. He saluted her briefly from a distance and came away. Swamiji said, Come here, you dont know whom you are approaching. Is that the way to salute her? And Swamiji showed him how to salute her by prostrating full length before her. Just do like that. You will be blessed, I tell you, he said. And mind that, the person was another disciple of Ramakrishna.

MaaSarada Devi's perspective on Moral Values:

MaaSarada Devi went on a pilgrimage to Vrindavan and experienced an increase in spiritual consciousness but faced many challenges as well. She later accepted the role of a guru and continued to maintain her motherly connection with people and inspired them by living up to her spiritual values. Those who were once Ramakrishna's disciples then became the children of Sarada Devi. She embraced countless people with no regard for their past deeds, good or bad, and welcomed them with open arms. Despite being brought up in a conservative society, her progressive views carried her compassion even further and attracted people from all walks of life.

Later on in her journey, she was known for being Swami Vivekananda's keen supporter in his work to empower people in India. She also focused on caring for girls and women as she was involved in a school for girls started by Sister Nivedita who believed that Sarada Devi's life "was one long stillness of prayer."

Among many of Sarada Devi's qualities, she was admired for her simple and peaceful nature. Regardless of the situation, she handled challenges calmly with an awareness of God and remained committed to her desire to build a more peaceful world that did not see faults in others. Rather, she strongly believed in looking within oneself first and bettering ourselves.

Sarada Devi was a symbol of wisdom, purity, and the start of a spiritual awakening in a modern society. Her dedication towards accepting people of all backgrounds spread to devotees around the world and she is remembered to this day for her role as the Mother of Humanity.

Conclusion:

However, we cannot conceive of the Holy Mother to be a feminist in an academic sense. But the outstanding virtues of Indian womanhood are courage, serenity, self-control, sweetness, compassion, wisdom, and an intuitive relationship with God. Holy Mother possessed all these

virtues. Since the acquisition of such gifts is the dream of all women, Holy Mother may aptly be seen as the symbol of aspiration of women everywhere.

Referance:

- Basak, B. (2004). Glimpses of the Past: Essays on Sister Nivedita and her contemporaries. Kolkata: K.P Bagchi& Company.
- Bhuteshananda, Swami. (1991). Katha Upanisad. Kolkata: Ubdodhan.
- Chetanananda, Swami. (1997). God Lived With Them: Life Stories of Sixteen Monastic Disciples of Sri Ramakrishna. Kolkata: AdvaitaAshrama.
- Chetanananda, Swami. (1989). They Lived with God, P. 93. Kolkata: AdvaitaAshrama.
- Ghanananda, Swami (1955) Women saints of east and west, The Ramkrishana Vedanta centre of Londan, pgs 64,65,69.
- Gambhirananda, Swami. (1953). Sri Ma Saradadevi. Kolkata: Udbodhan, p. 29 .
- Gambhirananda, Swami. (1957). Eight Upanisads, Vol. I. Kolkata: AdvaitaAshrama.
- Gambhirananda, Swami. (1958). Eight Upanisads, Vol. II. Kolkata: AdvaitaAshrama.
- Gambhirananda, Swami. (1980). TaittiriyaUpanisad. Kolkata: AdvaitaAshrama. p.50.
- Misra, K.N. (1979). Women Education and the Upanishadic System of Education. Allahabad: Chugh Publications. P. 27.
- Nivedita, Sister. (1915). Religion and Dharma. London: Longmans, Green and Co.
- Ranganathananda, Swami. (2000). Universal Message of the Bhagavad Gita, Vol. 2. Kolkata: AdvaitaAshrama.
- Tattwasarananda Swami. & Biswas, N.B. (2016). A Critique of Researches in Philosophy of Education. Belur Math: Ramakishna Mission Sikshanamandira.

FECUNDITY OF WOMEN AND NATURE: DEPICTIONS IN EARLY INDIAN ART AND LITERATURE

Dr. Adity Roy (Assistant Professor, Department of History, Gobardanga Hindu College)

Abstract:
This study explores the intricate relationship between fecundity, women, and nature as depicted in early Indian art and literature. Drawing from a rich tapestry of ancient texts, sculptures, and paintings, this research delves into the multifaceted portrayals of women as embodiments of fertility, growth, and life-giving forces within the context of nature. By examining the symbolic representations and metaphoric imagery surrounding women in early Indian culture, this study sheds light on the profound interplay between human fecundity and the fecundity of the natural world. Key themes include mother goddess worship, the significance of female deities, and the ecological implications of these depictions. This analysis provides valuable insights into the cultural, religious, and environmental aspects of early Indian society, underscoring the enduring relevance of these depictions in contemporary discussions on gender, nature, and human existence.

Keywords: Fecundity, Women, Nature, Early Indian Art, Literature, Mother Goddess, Female Deities, Symbolism, Culture, Environment, Gender.

Environment shares an intimate relationship with feminism and the feminine conceptualization of nature occupies a very significant role in Indian religious history. Nature and women are assumed to possess the same qualities. Woman is depicted as being docile, pious, caring, pure, gentle, kind, graceful, simple and beautiful or at the same time

dangerous also. Nature was seen as the embodiment of all the qualities that women possess. There are frequent references to this in ancient Indian art and literature. The motif of women and tree is a fundamental feature in Indian art.[1] The physicality of women was romanticized with natural objects in the mythologies and literature of ancient India.[2] The ancient Indian artistic tradition is replete with depictions of women intertwined with nature, revealing a profound connection between femininity and the natural world. This theme is rooted in the deep-seated cultural and spiritual beliefs of the Indian subcontinent, and it is exemplified in various art forms such as sculpture, painting, and literature.

The reason behind the closeness between women and nature might be their physiology apart from cultural and historical factors.[3] The earth or vasudha along with plants and trees are considered as embodiments of feminine spirits. Folk tradition equates tree-spirit with feminine power[4] which is accommodated into the Brahamnical pantheon through the Puranic acculturation process. The nurturing and caring nature of women place her closer to the environment. Women's knowledge about ecological objects and nature brings them closer to the environment and makes them the main spokesperson for the preservation of biodiversity.[5] Both women and nature have been considered as subordinate entities in the patriarchal society throughout history, which connotates affiliation between women and nature.[6] Women's motherly affection is replicated in nature especially through trees. The mother plays a significant role in rearing children. She familiarizes her children with nature and teaches them to nurture and care plants, tress, animals and other natural objects. Ancient India embraced the concept of the "Mother Goddess," symbolizing fertility and the nurturing aspect of nature. The figurines of mother goddesses, often adorned with lush vegetation or animal motifs, were common in the Indus Valley Civilization and later periods. These depictions emphasize the role of women as creators and sustainers of life, mirroring the Earth's capacity for growth and abundance.

The ancient poets illustrated their heroine amidst natural objects like tree, creepers or flowers. Ravana compares various features of Sita's body with natural objects while trying to impress her.[7] Nature is always represented with feminine beauty and in some cases trees and mountains are compared with powerful heroes.[8] The trees are incorporated with feminine spirit and those tree spirits were venerated for fertility and progeny. Some seals found from Indus valley civilization suggest that the tree was symbolically connected with women. A terracotta seal unearthed from Mohenjo-daro depicts a deity, presumably a woman standing between two branches of a pipal tree.[9] These figures might be representation of ancient tree goddesses.[10] Some historian argues that Asvattha was the symbol of masculinity and representation of woman in front of Asvattha the symbol of feminine fertility.[11] Skanda Purana (LXII.40-50) mentions vatayak[12] where the vata tree is considered as the residence of Yasini cult. Hence clear relation between woman and tree were represented in the Puraʔas. Indian mythology features a plethora of female deities, each closely associated with natural elements. For instance, Saraswati represents knowledge and wisdom, Laksmi embodies wealth and prosperity, and Durga symbolizes courage and strength. These goddesses exemplify the multifaceted connection between women and the forces of nature.

Many ancient Indian artworks reflect a deep understanding of the interconnectedness of all life forms. These depictions often showcase women in harmony with their natural surroundings, tending to crops, animals, or engaging in rituals that celebrate the changing seasons. Such representations underscore the importance of preserving ecological balance and living in sync with nature. Indian art frequently employed symbolism and metaphor to convey the relationship between women and nature. For example, lotus flowers, which grow in muddy waters but bloom with unblemished beauty, were commonly used as symbols of feminine purity and resilience. In the realm of tantric and yogini art, women played central roles as embodiments of Shakti, the divine

feminine energy. These artworks often depicted women in dynamic and powerful postures, celebrating their connection to the elemental forces of nature. The philosophy and literature along with sculptures and plastic art also reflected the growing tendency of representing women figures with trees and other natural objects like some birds or animals. These women figures have a resemblance to ancient fertility cults. In some ring-stones of Maurya-Sunga period of north India a bejeweled nude goddess can be seen who stands erect in a samabhanga pose. She is always portrayed amidst animals and birds like a winged lion, goose, elephant, horse, ram, antelope, rhinoceros, stag, bore, crane, heron, parrot, peacock, owl, etc. Various plants like lotus, palm, honeysuckle (nagapu?pa), and pipal also accompany her. This unknown and nameless goddess is often grouped with other goddesses like Anahita, Asi, and Sri- Laksmi.12 As a symbol of fertility woman seeks a very important position in Indian art and philosophy. Fantasizing woman's body with natural creatures is depicted from a very early period. Some pre-Gupta terracotta art found from Chandraketugarh, Tamluk, Kausambi, Mathura, etc sites displays many variants of mithuna and coital scenes where women are represented as cohabiting with animals.[13] In some medieval temples of Gujarat, Rajasthan, Orissa, Maharashtra, and Karnataka scenes of woman-animal relationships can be seen.[14]

It is believed that trees were capable of granting child to barren women. The Taittiriya Sanhita warns that plants being the manifestation of life-generating waters can give or withhold offspring, and even destroy pregnancy and make one infertile. To avoid such calamity, it is advised that plants should be appeased with the offering of a barren cow.[15] Mahabharata mentioned Vrksika and veddhika goddesses and they were worshipped to obtain a child.[16] The tree and woman relationship dominates in Indian mythology. It is believed that they can inflict illness and also cure it.

The Veksika or Yaksi stands against trees or embraces them metaphorically depicted the interrelation between the tree and the human

world. The tree is dependent upon the woman for its fertility and the woman on the tree.[17] The concept of Salabhanjika finds its origins in Indian mythology and classical art. The term " Salabhanjika" is a compound of two Sanskrit words: "Shala," which refers to the sala tree, and "banjika," which means "a woman who entices." This term embodies the idea of a woman who captivates with her beauty and charm, often associated with nature's lush abundance. Salabhanjika is often depicted in the act of plucking a branch or fruit from a tree, symbolizing the fecundity of nature. Her presence in art and architecture reflects the desire for bountiful harvests and prosperous life. In some artistic renditions, Salabhanjika 's sensuous pose and alluring beauty evoke elements of sensuality and eroticism, highlighting the interplay between desire and aesthetics. The architectural figure bending a tree branch on pillars or gateways was often called Salabhanjika. The concept stems from ancient symbolism linking a chaste maiden with the sala or asoka tree. It was a ritualistic representation. The ritual called dohada, or the fertilization of plant through contact with a woman.[18] Salabhanjika is considered an auspicious figure and is often incorporated into temple architecture, signifying blessings, protection, and an invitation to prosperity. The figure of Salabhanjika portrays the grace, elegance, and feminine charm of women. This representation has cultural significance and is celebrated as an embodiment of the ideal Indian woman. Salabhanjika is a recurrent motif in Indian sculpture, especially in temple architecture. She is often found in friezes, reliefs, and decorative elements of temples, notably in ancient temples of Khajuraho, Konark, and numerous other sites. The figure is depicted in a variety of poses, including standing on one leg, bending gracefully, or leaning against the tree. The figure of Salabhanjika has also been featured in classical Indian dance forms like Bharatanatyam, where it is incorporated as a mudra (hand gesture) or pose to convey the essence of beauty, grace, and abundance. Shalabhanjika is not only an artistic motif but also holds cultural and spiritual significance. She embodies

the profound connection between the beauty of the natural world and the eternal allure of women. The figure is a testament to the harmonious relationship between humanity and nature in the Indian context. Salabhanjika is a captivating and multifaceted figure that transcends art and culture in India. She is a symbol of abundance, aesthetic appeal, and the timeless link between women and the lush beauty of nature. Her presence continues to enrich the artistic and cultural tapestry of India, serving as a reminder of the enduring allure of both the natural and feminine realms.

The plot of Malavikagnimitra, centers on the ceremony of the woman and the tree which is the symbol of Asoka-Dohada.[19] Asoka tree is known for its medicinal value for female diseases. Various medicine made from this tree is used for natural health and regularity of a woman's biological system.[20] Dohada refers to the longings felt by pregnant women, which must be satisfied for the healthy growth of the embryo. Ignoring the likes and dislikes of the enceinte might result in a malformed fetus, warns Susruta.[21] It is believed that Asoka tree flowers only when it is touched by the delicate feet of a beautiful girl or when she sprinkles wine from her mouth on it.[22] According to Padma Purana (Srstikhanda 43.437-438a) after giving birth to Viraka from the dirt of her body Parvati gave birth to Asoka or Patali tree. This tree is considered as the permanent abode of Parvati.[23] Asokasasthi is still celebrated by the women for the well being of their husband and family,[24] because according to the popular folklore Parvati performs her penance to win Siva's love at the foot of an Asoka tree.[25] According to Skanda Purana (VI.250.14-17) Giriraja Parvati resides at the foot of bilva, Mahesvari on its branches, Katyani in its fruit, Durga in its flowers, Aparaka in its central bark and corers of goddesses in its thrones. Bliva plant has some medicinal values and used for various diseases, particularly for female diseases.[26] Thus, the medicinal use of this plant might be one of the essential causes behind the sacredness of this tree. Various sectarian Puranas made a space for old believes and customs

to popularize their views among those societies and religions where so-called vedic Brahmanism could not make their space. These ritualistic beliefs and customs gave birth to an environmental consciousness also, and people used to equate nature especially the trees with women. women and nature in ancient Indian art are interwoven themes that reflect the deeply rooted beliefs and philosophies of the culture. Women were celebrated as the nurturers, givers of life, and embodiments of the harmonious relationship between human existence and the natural world. These depictions continue to hold cultural and spiritual significance in contemporary India, reinforcing the timeless bond between women and nature.

Notes:

1. Ananda Coomaraswamy, Yak?as: Essays on Water Cosmology, Indira Gandhi National Centre for Arts & Munshiram Manoharlal Pvt. Ltd, New Delhi, 2001 (Rept.), p. 84.
2. Abraham Eraly, The First Spring: The Golden Age of India; Viking, Penguin Books India, New Delhi, 2011, pp.354-355; In ancient Indian literatures various parts of woman's body compared with natural objects like trees, birds, fruits and flowers. Her nose like a half-blown sesame flower, brow fair as the new moon, slender neck curved like a conch-shell, full lips like a ripe red fruit, pearl like teeth, flower-soft skin, her breasts are compared with pumpkins halved, body fragrant as the lotus, the slow, swaying gait of a royal swan, a fair skin- of the tint of mango shoots – was greatly admired.
3. B.Agarwal, Conceptualizing Environmental Collective Action: Why Gender Matters; Cambridge Journal of Economics, Vol.24, no.3, 2000, pp.283-310.
4. J.N.Tiwari, Goddess Cults in Ancient India: With Special Reference to the First Seven Centuries A.D., Sundeep Prakashan, Delhi, 1985, p.24.
5. Vandana Siva, Women's Indigenous Knowledge and Biodiversity Conservation; in Geeti Sen (Ed.), Indegenous Vision: People of India, Attitude to the Environment; New Delhi, 1992, p.209.

6. Peter S.Wenz, Environmental Ethics Today, Oxford University Press, New York, 2001, Introduction.
7. Ramaya?a, Ara?yaka??a 46.18-20
8. Ibid, Sita told Ravana that she is the wife of Rama, who is a tall and stout man like a fig tree.
9. Jonathan Mark Kenoyer, Ancient Cities of Indus Valley Civilization, Oxford University Press, Islamabad, 1998, p.106.
10. V.S.Agrawala, Indian Art, Prithivi Prakashan, Varanasi, 1965, p.25.
11. K.N.Shastri, New Light on the Indus Valley Civilization: Disposal of the Dead, The Aryan Problem and The Atharvaveda, Vol.1, Atma Ram, Delhi, 1957, pp.18-19.
12. A.K.Coomaraswamy, Early Inidan Terracottas, Museum of Fine Arts Bulletin, Boston, Vol.XXV, pp.90-92; S.P.Gupta, The Roots of Indian Art: Detailed Study of the Formative Period of Indian Art and Architecture-3rd & 2nd Century B.C (Mauryan and Late Mauryan), B.R.Publishing Corporation, Delhi, 2011, pp.69-70.
13. Devangana Desai, Erotic Sculptures of India: A Socio-Cultural Study, Munshiram Manoharlal Pvt. Ltd., New Delhi, 1975, p.14.
14. Ibid, 93.
15. Taittiriya Sa?hita 2.1.5.2
16. Mahabharata 3.231.16
17. Kapila Vatsayayana, Ecology and Indian Myth, Geeti Sen (Ed.), op.cit., New Delhi, 1992, p.173.
18. U.N.Roy, Salabhanjika in Art, Philosophy and Literature, Indian Press, Allahabad, 1979, p.77.
19. Kalidasa, Malavikagnimitra Act III, The term dohada means, literally two-hearts. Maurice Bloomfield, The Dohada or Carving of Pregnant Women: A Motif of the American Oriental Society, Vol.40, 1920, p.2.
20. T.K.Biswas & P.K.Debnath, Asoka: A Cultural and Scientific Evolution, Indian Journal of History of Science, Vol. 7, no.2, 1972, pp.105-112. Prakash Paranjpe, Indian Medicinal Plants: Forgotten Herbal Medicine with Identity,

Habitat, Botany, Photochemistry, Ayurvedice, Properties, Formulations and Clinical Uses, Chaukhamba Sanskrit Pratishthan, 2001, pp. 23-24.

21. M.S.Valiathan, The Legacy of Susruta, Hyderabad University Press, Hyderabad, 2009, p.701.
22. M.L.Varadapande, Women in Indian Sculpture, Abhinav Publications, New Delhi, 2008, p.22.
23. Padma Purana, Srstikhanda 28.28a.
24. P.K.Maity, Human Fertility Cults and Rituals of Bengal: A Comparative Study, Abhinav Publications, New Delhi, 1990, p.180.
25. Kunjabehari das, A Study of Orissan Folklore, Vishbharati, Shantiniketan, 1953, p.106.
26. Pravin Chandra Trivedi, Medicinal Plants: Traditional Knowledge, I.K.International Pvt. Ltd., New Delhi, 2006; p.237.

নারীর কথা

অনামিকা মুখার্জী (সহকারী অধ্যাপিকা, সংস্কৃত বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারসংক্ষেপ :

শৈশবাবস্থায় বিদ্যাচর্চা থেকে শুরু করে ক্রমে জীবনের বিভিন্ন অধ্যায়ের মধ্য দিয়ে অগ্রসর হয় মানবজীবন। নারীজীবনও এই নিয়মের ব্যতিক্রমী নয়। বৈদিককাল থেকে শুরু করে পুরাণ, মহাভারত প্রভৃতির সময়কাল পেরিয়ে বর্তমান সময় পর্যন্ত মোটামুটি একইরকম ধাপের মধ্যে দিয়ে অগ্রসর হছে নারীর জীবন। প্রাচীন তথা বৈদিককালস্থ শিক্ষাব্যবস্থার দিকে লক্ষ্য করলে শিক্ষার অগ্রাধিকারীরুপে পুরুষ কর্তৃক সমাজের শ্রেষ্ঠস্থান অধিকৃত হলেও নারীরাও শিক্ষার্জনে পিছিয়ে ছিলনা। বৈদিককাল থেকে নারীদের বৈবাহিক বিষয় সম্পর্কেও বহু তথ্যের সন্ধান পাওয়া গেছে। বিবাহসম্পর্কিত বিষয়ে একাধারে যেমন সামাজিক দিক থেকে নারীদের সন্মানজনকস্থানের প্রমাণ পাওয়া গেছে অপরদিকে রয়েছে নারীদের অবমাননাকর চিত্র। রাজনীতিশাস্ত্রেও নারীদের এক বিশেষ অবদান প্রাচীনসাহিত্য থেকেই পরিলক্ষিত হয়। ইতিবাচক এবং নেতিবাচক উভয় পরিস্থিতির মধ্য দিয়ে অতিবাহিত হওয়া নারীদের প্রসংশাসূচক উক্তির সমারোহ রয়েছে রামায়ণ, মহাভারত, পুরাণ সর্বত্রই। তাই বলা হয়েছে—

"স্ত্রিয়ঃ কাশ্চিতপ্রজায়ন্তে চতস্রঃ পঞ্চকন্যাকাঃ।
জাতমাত্রাশ্চ নৃত্যন্তি গায়ন্তি চ হসন্তি চ।।" (মহাভারত, ৬/৩-৭)

বিষয়সূচক শব্দ (Keywords) : বৈদিককাল, শিক্ষাব্যবস্থার, নারীরা, বিবাহ, নিয়মের, পুরুষদের।

শৈশবাবস্থায় বিদ্যাচর্চা থেকে শুরু করে ক্রমে জীবনের বিভিন্ন অধ্যায়ের মধ্যে দিয়ে অগ্রসর হয় মানবজীবন। নারীজীবনও এই নিয়মের ব্যতিক্রমী নয়। বৈদিককাল থেকে শুরু করে পুরাণ, মহাভারত প্রভৃতির সময়কাল পেরিয়ে বর্তমান সময় পর্যন্ত মোটামুটি একইরকম ধাপের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে নারীর জীবন। একটি সভ্যতার মানদণ্ড হয়ে থাকে অবশ্যই সেই সভ্যতার শিক্ষাব্যবস্থা আর এই শিক্ষাব্যবস্থার প্রতিফলন পরিলক্ষিত হয় সাহিত্যে, সমাজে। প্রথমেই প্রাচীন তথা বৈদিককালস্থ শিক্ষাব্যবস্থার দিকে লক্ষ্য করলে শিক্ষার অগ্রাধিকারীরূপে পুরুষ কর্তৃক সমাজের শ্রেষ্ঠস্থান অধিকার করা হলেও নারীরাও শিক্ষার্জনে পিছিয়ে ছিল না। পুরুষদের ন্যায় নারীদেরও শিক্ষার্জনের জন্য সংস্কারের দ্বারা শুদ্ধ হতে হত। ভারতীয়সংস্কৃতিতে শিক্ষার প্রারম্ভরূপে অক্ষরসংস্কার

অথবা বিদ্যারম্ভ এবং উপনয়নসংস্কারের প্রচলন যদিও আছে কিন্তু বৈদিককালে শুধুমাত্র উপনয়নসংস্কারেরই প্রচলন ছিল। এই সংস্কার একটি শুদ্ধীকরণ প্রক্রিয়া যার মাধ্যমে নারীরা বিদ্যাচর্চায় অংশগ্রহণের অধিকারী হত। শুধুমাত্র বৈদিকসংহিতার কালপর্যায়েই নয় তৎপরবর্তী সূত্রসাহিত্য, ব্রাহ্মণ-আরণ্যক-উপনিষদেও নারীদের বিদ্যাচর্চার প্রভূত উদাহরণ রয়েছে। উপনয়নসংস্কারের দ্বারা পৈতাধারণের উল্লেখ রয়েছে গোভিলগৃহ্যসূত্রে (২/১/১৯), ঐতরেয়ব্রাহ্মণে দেখা যায়, গান্ধর্বগৃহীতা নামক নারীকে বিজ্ঞা এই উপাধিটির দ্বারা ভূষিত করা হয়েছে। 'বিজ্ঞা' উপাধিটি বিদুষী নারীর পরিচায়ক। ঋষি আপস্তম্ব, ভরদ্বাজ প্রমুখের ন্যায় স্মৃতিশাস্ত্রকার মনুও নারীদের বিদ্যাচর্চার দ্বাররূপে উপনয়নসংস্কারের উল্লেখ করেছেন—

'বৈদিকৈঃ কর্মভিঃ পুনৈর্নিষেকাদির্দ্বিজন্মনাম্
কার্যঃ শরীরসংস্কারঃ পাবনঃ প্রেত্য চেহ চ।।"

(মনুসংহিতা, দ্বিতীয় অধ্যায়, শ্লোক-২৬)

"পুরাকল্পে তু নারীণাং মৌঞ্জীবন্ধনমিষ্যতে।
অধ্যাপনং চ বেদানাং সাবিত্রীবচনং তথা।।
পিতা পিতৃব্যো ভ্রাতা চ নৈনামধ্যাপয়েত্পরঃ।
স্বগৃহে চৈব কন্যায়া ভৈক্ষ্যচর্যা বিধীয়তে।।"

(স্মৃতিচন্দ্রিকা, প্রথমভাগ, পৃ.-২৪)

উপনয়ন সংস্কারের দ্বারা নারীরা বিদ্যাচর্চার জন্য সংস্কৃত হলেও এই শুদ্ধ নারীদের- মধ্যে ছিল দুটি ভাগ- ব্রহ্মবাদিনী এবং সদ্যোবধূ— সদ্যোবহা—

"দ্বিবিধাঃ স্ত্রিয়ো ব্রহ্মবাদিন্য সদ্যো বধ্বশ্চ।"

(স্মৃতিচন্দ্রিকা, প্রথমভাগ, পৃ.-২৪)

ব্রহ্মবাদিনীরা আজীবন বেদাধ্যায়ন, অগ্ন্যাধান, ভিক্ষাচর্চায় রত থাকতেন। তারা কখনো বৈবাহিক সম্পর্কে আবদ্ধ হতেন না। অপরদিকে সদ্যোবধূ নারীরা ষোড়শ বা সপ্তদশবর্ষ পর্যন্ত বিদ্যাচর্চা করার পরে বিবাহ করতেন এবং বিবাহেই সমাপ্তি ঘটত এই শ্রেণীর নারীদের বিদ্যাচর্চা। সদ্যোবধূ নারীদের বিবাহের এই বয়সকালকে নির্ধারণ করা গেছে যেহেতু বাল্যবিবাহের কোনোরূপ নিদর্শন বেদে পাওয়া যায় না। উক্ত বিষয়ে ঋক, যজু, অথর্ববেদে উল্লিখিত হয়েছে—

"যথেযাং বাচং কল্যাণীমাবদানি জনেভ্যঃ।
ব্রহ্মরাজন্যাভ্যাং শূদ্রায় চার্যায় চ স্বায় চারণায়।" (যজুর্বেদ, ২৬/২)
"ব্রহ্মচর্যেণ কন্যা যুবানং বিন্দতে পতিম" (অথর্ববেদ, ৯৯/৩/৯৮)

সদ্যোবধূরা বিদ্যাচর্চায় পারদর্শী থাকার দরুণ বিবাহের পরবর্তী সময়ে স্বামীর অবর্তমানে অগ্নিপূজা প্রভৃতি বিষয়ে মন্ত্রোচ্চারণের অধিকারী ছিল তারা। অপস্তম্ভ শ্রৌতসূত্রে এই বিষয়ে পাওয়া যায়—

"ইমান্ মন্ত্রান্ পত্নী পঠেত" (২/৯৯/২৮/৯২) বৈদিক কাল থেকে নারীদের বিবাহের সর্বাপেক্ষা প্রচলিত কারণস্বরূপ পাওয়া যায় সন্তানমাধ্যমে বংশবিস্তার—

"প্রজাভিরগ্নে অমৃতত্বমপশ্যান" (ঋক৫/৪/৯৯)

নারীর বিবাহ দেওয়া ছিল তার পিতার ধর্ম যার উল্লেখ রয়েছে বেদ পরবর্তী সাহিত্য মনুস্মৃতি এবং মহাভারতে—

"উৎকৃষ্টায়াভিরূপায় বরায় সদৃশায় চ।
অপ্রাপ্তমপি তাং তস্মৈ কন্যাং দদ্যাদ্ যথাবিধি।" (মনুস্মৃতি, ৯/৮৮)

"জাতমাত্রা তু দাতব্যা কন্যাকা সদৃশে বরে।
কালে দত্তাসু কন্যাসু পিতা ধর্মেণ যুজ্যতে।।"

(মহাভারত, অনুশাসনপর্ব, ৩৩ সংখ্যক অধ্যায়ে)

বৈদিককাল থেকে নারীদের বৈবাহিকবিষয় সম্পর্কে নানাপ্রকারের তথ্য পাওয়া যায়। বেদে এই বিবাহবিষয়ে সর্বাপেক্ষা অধিক স্তোত্রের দ্রষ্টারূপে ঘোষ এবং সাবিত্রী সূর্যার অবদানই লক্ষ্য করা যায়। ঘোষ ছিলেন ঋষি কক্ষিবতের কন্যা এবং ৩৯, ৪০ নম্বর স্তোত্রের দ্রষ্টা (ঋগ্বেদের দশমমণ্ডল)। তার এই সকল স্তোত্রে বিবাহ উৎসবের বর্ণনা রয়েছে। সাবিত্রী সূর্যা তার মন্ত্রগুলির মধ্যে দিয়ে বিবাহের আশীর্বাদমূলক এবং বেশ কিছু বিবাহ সম্পর্কিত মূল্যবান উপদেশ দিয়েছে। মন্ত্রগুলির শেষে উল্লিখিত হয়েছে—

"যদিদং হৃদয়ং মম তদিদং হৃদয়ং তব।"

ঋক্কেদের ৪০ এবং ৯ সংখ্যক স্তোত্রে ঘোষা বলেছে যে সে ভাগ্যবান কারণ সে নারী যেহেতু তার বর এসেছে তাকে বিবাহ করতে। ঘোষা তার বরপ্রাপ্তির জন্য তার পূজনীয়দেবতা অশ্বিনীকে ধন্যবাদ জানাচ্ছে তার কারণস্বরূপ ঋক্কেদের ১,৫,৭,১১৭, ১২২ সংখ্যক শ্লোকে উল্লিখিত হয়েছে, ঘোষা যখন কুষ্ঠরোগে আক্রান্ত হয়েছিল অশ্বিনীকুমারদ্বয় তাকে সেই রোগ থেকে রক্ষা করে তার বিবাহের ব্যবস্থা করে দেয়। ঋক্কেদের ২,১০,৩৯ সংখ্যক স্তোত্রে ঘোষার প্রার্থনা লক্ষ্য করা যায় যে, বিবাহের পূর্বে নিজেকে সুন্দর করে গড়ে তোলার প্রার্থনা পরিস্ফুট হয়েছে। ঘোষা চাইছে সে যেন সুন্দর কথা, ব্যবহারে সমৃদ্ধ হয়ে ওঠে, গৃহের সমস্ত কার্যে পারদর্শীতা লাভ করতে পাবে, সংসারবিষয়ে জ্ঞানী হয়ে উঠতে পারে। শুধুমাত্র ঘোষাই নয় বহুসংখ্যক যুবতী মেয়েদের বিবাহ সম্পর্কিত প্রার্থনা ঋক্কেদের বিভিন্ন স্তোত্রে রয়েছে। নারীদের বিবাহ

সম্পর্কিত দায়িত্ববিষয়ে যেরূপ স্তোত্র রয়েছে বেদে সেরূপ নারীদের প্রতি বিবাহের পরে পুরুষদের কিরূপ কর্তব্য সেই সম্পর্কিত আলোচনাও রয়েছে। ঋক্বেদের ১০, ৪০ সংখ্যক স্তোত্রে উল্লেখ আছে, পুরুষ তার স্ত্রীকে রক্ষা করবে, স্ত্রীকে ভালো রাখার জন্য কঠোর পরিশ্রম করবে, স্ত্রীর দ্বারা প্রাপ্য সন্তানকেও স্নেহ ও সমৃদ্ধিতে পূর্ণ করে রাখবে, স্ত্রীকে সুখী রাখবে। সুতরাং বেদে শুধুমাত্র নারীদের কর্তব্যই নির্ধারিত হয়েছে যে সেটি নয়, পুরুষদেরও নারীর প্রতি কর্তব্য নির্ধারিত হয়েছে। পরবর্তী সাহিত্য মনুস্মৃতির ষষ্ঠাধ্যায়েও নারীদের সামাজিক উন্নত দিক উন্মোচিত হয়েছে। সেখানে পুরুষের দ্বারা নারীর রক্ষাকে সমস্ত ধর্মীয় অনুষ্ঠানের থেকে মহৎ বলা হয়েছে। প্রাচীনসময় থেকে চলে আসা এই সামাজিক দিকের দ্বারা প্রভাবিত হয়েই হয়ত ক্ষত্রিয় রামচন্দ্র স্ত্রী সীতাকে রক্ষা করার জন্য রাবণের সঙ্গে যুদ্ধ করেছিল। পতিনির্বাচনের ক্ষেত্রে নারীদের স্বাধীনতার প্রমাণও পাওয়া যায় বৈদিককাল থেকে। রাজাভ্যন্তরে পরিপালিত রাজকন্যারাও তার মনোজ্ঞ স্বামী নির্বাচনের অধিকার পেত স্বয়ম্বরসভার অনুষ্ঠানের মাধ্যমে, ঋক্বেদের দশমমণ্ডলের ১২, ২৭ সংখ্যক স্তোত্রে এই স্বয়ংবরসভার উল্লেখ আছে। ঋক্বেদের দশমণ্ডলের ১, ২, ১৭ সংখ্যক স্তোত্রে দেবতা তস্ত কর্তৃক নিজ কন্যা শরণ্যুর বিবাহের জন্যে স্বয়ম্বরসবার অনুষ্ঠান করেছিল। সেই স্বয়ম্বরসভার মাধ্যমে শরণ্যু (যমের মা) নিজ পছন্দমতো পাত্র বিবস্বানকে বিবাহ করতে সমর্থ হয়েছিল। এরকমই আরেক স্বয়ম্বরসভার মাধ্যমে সূর্যার বিবাহ হয় অশ্বিনের সঙ্গে। (ঋক্বেদের দশমমণ্ডলের ৮৫ সংখ্যক স্তোত্রে)। বহুক্ষেত্রে বেদে প্রমাণ রয়েছে বিবাহ সম্পর্কিত বিভিন্ন ধারার। পতি নির্বাচনের পরবর্তী সময়ে সংসারজীবনে কর্তৃত্ব থাকার প্রমাণ রয়েছে ঋক্বেদের ৩৬, ৪৩, ৪৪, ৮৫ সংখ্যক স্তোত্রে। স্বামী, শ্বশুর, ননদ, শাশুড়ী, দেওর এমনকি গৃহপালিত পশুদের প্রতি নারীদের থাকবে স্নেহপরায়ণতা, এইভাবেই গড়ে উঠবে সংসারের উপর তাদের কর্তৃত্ব। বিবাহসম্পর্কিত বিষয়ে একাধারে যেমন সামাজিক দিক থেকে নারীদের সম্মানজনকস্থানের প্রমাণ পাওয়া গেছে অন্যদিকে নারীদের অবমাননাকর চিত্রও রয়েছে বৈদিকসাহিত্যে। ততালীন সময়েও ছিল পণপ্রথার প্রচলন। ঋক্বেদের দশমমণ্ডলের ১৩, ৮৫ সংখ্যক স্তোত্রে উল্লেখ আছে, সূর্যার বিয়েতে তার পিতা জামাতা অশ্বিনকে পণ প্রদান করেছিলেন। বহু প্রমাণ পাওয়া যায় পুরুষদের একাধিক বিবাহের। ঋক্বেদের ৯, ১১, ১২, ৬৭ সংখ্যক স্তোত্রে উল্লিখিত আছে ইন্দ্রের দুই স্ত্রী শচী, ইন্দ্রাণী। অগ্নির ইলা, অগ্নায়ী। সূর্যের সূর্যা, সূরী। পুরুষরা একাধিক নারীর কাছে সুন্দর ব্যবহার পাওয়ার জন্য এবং একাধিক নারীর সুন্দর মুখ দেখে আনন্দমুখর থাকার জন্য একাধিক নারীকে বিবাহ করত। কিন্তু বহুক্ষেত্রেই বিরুদ্ধপরিস্থিতির সৃষ্টি হতো যে তার প্রমাণ পাওয়া যায় বেদের

বিভিন্ন স্তোত্রে, যা হয়ে উঠত পুরুষদের কাছে দুঃখজনক। ঋক্বেদের ৬,১০,৯৫ সংখ্যক স্তোত্রে পুরুরবা উর্বশীকে বলছে যে, উর্বশী তার নিকট আসার ফলে তার অন্যান্য স্ত্রীরা আর তার কাছে সাজসজ্জার সঙ্গে আসেনা। ঋষি কবি ইন্দ্রাণী তার সতীনদের বশীভূত করে রেখে স্বামীর ভালবাসা একাকী উপভোগ করার বাসনায় আয়ুর্বেদিক রস তৈরী করে তার আরাধ্য দেবতার নিকট অর্পণ করে। ঋকবেদের দশমমণ্ডলের ১৫৯ সংখ্যক স্তোত্রে ঋষি কবি পৌলমী বলছেন যে, সে তার সতীনকে ব্যথা প্রদান করতে সমর্থ হয়েছে। সতীন নিয়ে স্বামীর সঙ্গে সংসার করার মতো বেদনাদায়ক পরিস্থিতি ছাড়াও বৈবাহিক বিষয়ে নারীদের বহুক্ষেত্রে মানতে হত বহুবয়সের ব্যবধানযুক্ত বয়োজ্যেষ্ঠ পুরুষকে স্বামী হিসাবে। বৈদিককাল থেকে শুরু করে পরবর্তী পুরাণ এবং মনুর সময়কালেও ছিল এই ব্যবস্থা। বিষ্ণুপুরাণের ৩/৯০/৯৬ সংখ্যক শ্লোকে উল্লিখিত হয়েছে—

"বর্ষবৈকগুণাং ভার্যামুদ্বহেতত্রিগুণঃ স্বয়ম"

মনুর নবম অধ্যায়ে ৯৪ সংখ্যক শ্লোকে ৩০ বর্ষের পুরুষের সাথে ১২ বর্ষের কন্যার, ৪ বর্ষের কন্যার সঙ্গে ২৪ বর্ষের পুরুষের বিবাহের উল্লেখ আছে। সতীন নিয়ে স্বামী-স্ত্রীর বিচ্ছেদের প্রমাণও রয়েছে বৈদিক সাহিত্যে। এই বিচ্ছেদ নারীদের নিকট ছিল বেদনাদায়ক যদিও এই বেদনাদায়ক পরিস্থিতিকে জয় করার জন্যও প্রার্থনা লক্ষ্য করা যায় ঋক্বেদে। ঋষি কবি অপালা ইন্দ্রদেবতার নিকট প্রার্থনা করছেন যে, স্বামীর থেকে বিচ্ছিন্ন হওয়ার ফলে যে দুঃখের মুখোমুখি তাকে হতে হবে সেই দুঃখ জয় করার মতো শক্তি যেন ইন্দ্রদেবতা তাকে অর্পণ করে। স্বামীর দ্বারা পরিত্যক্ত মহিলারা সাধারণত পিতার গৃহেই আশ্রয় নিত।

বিদ্যাচর্চা এবং বৈবাহিকসম্পর্কে এই দুটি বিষয়ের বহির্ভূতভাবে রাজনীতিশাস্ত্রেও নারীরা যে বৈদিকসমাজ থেকেই পারদর্শী ছিল তার প্রমাণও তদানীন্তনকাল থেকে পাওয়া যায়। রাজনীতি শুধুমাত্র কুটকৌশলী নয়, যুদ্ধবিদ্যায় পারদর্শীতা লাভও হল রাজনীতি। এই উভয়বিষয়েই লক্ষ্য করা যায় নারীদের দক্ষতা। রাজার অবর্তমানে রানী সাম্রাজ্যের ভার গ্রহণ করতেন কিন্তু রাজকুমার নাবালক থাকায় একাধারে তার রক্ষণাবেক্ষণ এবং অন্যদিকে রাজধর্ম ক্ষত্রিয়ের মুখ্য ধর্ম এটি স্মরণে রেখে রাজকুমারের সাবালক হওয়া পর্যন্ত মন্ত্রীর উপরই রাজ্যচালনার ভারের অধিকাংশ ন্যস্ত করত। বেদেই উল্লিখিত আছে, মুদ্গলঋষির পত্নী যুদ্ধের মাধ্যমে লুণ্ঠনকারীদের নিকট থেকে তার স্বামীর সমস্ত সম্পত্তি রক্ষা করেছিল। (ঋক্বেদ ৫/৬১/৭)। ঋক্বেদের দশমমণ্ডলের ১২৪ সংখ্যক সূক্তের সপ্তমশ্লোকে পাওয়া যায় বাগদেবী সরস্বতী কর্তৃক বৃত্রাসুরের হত্যা। নারীদের

রাজনীতিশাস্ত্রে পারদর্শীতার প্রমাণ রয়েছে পুরাণসমূহেও। মার্কণ্ডেয়পুরাণে রানী মদালসার বর্ণনা পাওয়া যায়। তিনি তার পুত্রকে রাজনীতিবিষয়ক জ্ঞান প্রদান করতে গিয়ে বলেছেন—

"বত্স! রাজ্যেইভিষিক্তেন প্রজারঞ্জনমাদিতঃ।
কর্তব্যমবিরোধেন স্বধর্মস্য মহীভূতা।
ব্যসনানি পরিত্যাজ্য সপ্তমূলহরাণি বৈ।
আত্মারিপুভ্যঃ সংরক্ষ্যোবহির্মন্ত্রবিনির্গমাত্ অষ্টাদ্যা
নাশমাপ্নোতি সুচক্রাতস্যন্দনাদ্যথা তথা।"

স্কন্দপুরাণের মাহেশ্বরখণ্ডের ৪১ সংখ্যক অধ্যায়ের ৩৭ থেকে ৪০ সংখ্যক শ্লোকে উল্লিখিত হয়েছে সুর নামক দৈত্যের কন্যা কামকটঙ্কটা কৃষ্ণের সাথে যুদ্ধ রত হয়েছিল। মার্কেণ্ডেয়পুরাণের ৬৪ সংখ্যক অধ্যায়ের ১৪ থেকে ১৭ সংখ্যক শ্লোকে দেবীর চণ্ডমুণ্ডমহিষাসুর প্রভৃতি দৈত্যের সঙ্গে যুদ্ধের উল্লেখ আছে। দেবীভাগবতেও একই উদাহরণ আছে। রামায়ণের অযোধ্যাকাণ্ডে দশরথপত্নী কৈকেয়ীর যুদ্ধে অংশগ্রহণের কথা উল্লিখিত আছে। এইসকল দিকের ছোঁয়া রয়েছে মহাভারতের শান্তিপর্বে, এখানে রাজনীতিবিষয়ে বলা হয়েছে—

"সর্বে ধর্মা রাজধর্মপ্রধানাঃ সর্বে বর্ণাঃ পাল্যমানা ভবন্তি।
সর্বস্ত্যাগে রাজধর্মেষু রাজংস্ত্যাগং ধর্মং চাহুগ্রেং পুরাণম
মজ্জ্যেতত্রয়ী দণ্ডনীতৌ হতায়াং
সর্বে ধর্মাঃ প্রক্ষয়েয়ুর্ধিবৃদ্ধাঃ।
সর্বে ধর্মাশ্চাশ্রমাণাং হতাঃ স্যুঃ
ক্ষাত্রে ত্যক্তে রাজধর্মে পুরাণে।।
সর্বে ত্যাগা রাজধর্মেষু দৃষ্টাঃ
সর্বা দীক্ষা রাজধর্মেষু চোক্তাঃ।
সর্বা বিদ্যা রাজধর্মেষু যুক্তাঃ
সর্বে লোকা রাজধর্মে প্রবিষ্টাঃ।।" (৬৩/২৫-২৯)

পরিশেষে বলা যায়, প্রাচীনসময় থেকে নারীরা যে পুরোপুরি অবহেলিত ছিল সেটি নয়। ইতিবাচক এবং নেতিবাচক উভয় পরিস্থিতির মধ্যে দিয়েই অতিবাহিত হয়েছে নারীদের জীবনশৈলী। রামায়ণ, মহাভারত, পুরাণ সর্বত্রই কন্যাসন্তানের প্রশংসাসূচক উক্তির সমারোহ রয়েছে। মহাভারতে কন্যাজন্মে আনন্দ উৎসবের উল্লেখ আছে—

"স্ত্রিয়ঃ কাশ্চিতপ্রজায়ন্তে চতস্রঃ পঞ্চকন্যাকাঃ।
জাতমাত্রাশ্চ নৃত্যন্তি গায়ন্তি চ হসন্তি চ।।" (মহাভারত, ৬/৩-৭)

কন্যাসন্তানের মধ্যে লক্ষ্মী বাস করে এই উল্লেখও রয়েছে—

"নিত্যং নিবসতে লক্ষ্মীঃ কন্যাকাসু প্রতিষ্ঠিতা।।"

পুরাণের সময়ের সাহিত্যে ক্রমাগত কন্যাসন্তানের গরিমাবৃদ্ধির উল্লেখ রয়েছে-

"গৃহেষু তনয়া ভূষা ভূষা সংসতু পণ্ডিতাঃ

পুংসাং ভূষা তু সদ্বুদ্ধিঃ স্ত্রীণাং ভূষা সলজ্জতা।।" (বৃহদ্ধর্মপুরাণ-৪/৩৪)

কুর্মপুরাণে যদুবংশীয় একরাজার তপস্যায় মুগ্ধ হয়ে দেবাদিদেব শঙ্কর কর্তৃক তাকে কন্যাসন্তান প্রাপ্তির বরপ্রদানের উল্লেখ আছে—

"কন্যারত্নমেকং তে ভবিষ্যতি।"

স্কন্দপুরাণে কন্যাসন্তানের প্রশংসাসূচকরূপে বলা হয়েছে একটি কন্যা দশপুত্রের সমান—

"একা কন্যা দশভিঃ পুত্রৈঃ সমানা।"

"দশপুত্রসমা কন্যা দশপুত্রান প্রবর্দয়ন

যতফলং লভতে মর্ত্যঃ তল্লভ্যং কন্যয়ৈকয়া।।"

(স্কন্দপুরাণ, প্রথম মাহেশ্বরখণ্ড, চতুর্বিংশোধ্যায়, শ্লোক ৪৬, পৃষ্ঠা ৩২৪)।

বর্তমানেও একাধারে যেমন বিদুষী ও বিভিন্ন বিষয়ে যশস্বী নারীদের উদাহরণ আমাদের সামনে অসংখ্য রয়েছে। অন্যদিকে নারীদের উপর নানাপ্রকারের অত্যাচারের চিত্র আমাদের সমাজ ও সাহিত্যে অনবরত লক্ষ্য করা যাচ্ছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

১. আর্য্যর, লক্ষ্মীদেবীশর্মা, অষ্টাদশপুরাণেষু নারী। বারাণসী। সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়, ১৯৯৭ খ্রীষ্টাব্দ, মুদ্রণ।

২. গৌড়, রামস্বরূপশর্মা (সম্পাদিত), সামবেদসংহিতা, ১৯৯৪, চৌখম্বা বিদ্যাভবন, বারাণসী, মুদ্রণ।

৩. ঠাকুর, পরিতোষ (সম্পাদিত), সামবেদসংহিতা, ১৯৫৭, হরফ প্রকাশনী, কলকাতা, মুদ্রণ।

৪. ত্রিবেদী, রামগোবিন্দ (সম্পাদিত), বৈদিকসাহিত্য, ভারতীয় জ্ঞানপীঠ প্রকাশন, বারাণসী, মুদ্রণ।

৫. ত্রিবেদী, রামেন্দ্রসুন্দর (সম্পাদিত), ঐতরেয়ব্রাহ্মণ ১৩১৮ (বঙ্গাব্দ), বঙ্গীয়সাহিত্যপরিষদ কলকাতা, মুদ্রণ।

৬. দ্বিবেদী, কপিলদেব (সম্পাদিত), বৈদিকসাহিত্য এবং সংস্কৃতি, ২০০৬, বিশ্ববিদ্যালয় প্রকাশন, বারাণসী, মুদ্রণ।

৭. ধর্মপাল, গৌরী, বেদ-অবহমান, ২০১৫, বর্ধমান, মুদ্রণ।
৮. বন্দ্যোপাধ্যায়, শান্তি, বৈদিকসাহিত্যের রূপরেখা, ২০০৩, সংস্কৃতপুস্তক ভাণ্ডার, কলকাতা, মুদ্রণ।
৯. ভট্টাচার্য, ভবানীপ্রসাদ এবং তারকনাথ অধিকারী (সম্পাদিত), বৈদিক সংকলন ৯, প্রথম খণ্ড), ২০০৪, সংস্কৃত বুক ডিপো, কলকাতা, মুদ্রণ।
১০. মিশ্র, সুরেন্দ্রকুমার, বৈদিক সাহিত্যেতিহাস, ২০১৬, সাংবিদী প্রকাশনম পুরী, মুদ্রণ।
১১. শর্মা, বাসুদেব (সম্পাদিত) শুক্লযজুর্বেদ সংহিতা, ১৯৯২, চৌখাম্বা বিদ্যাভবন, বারাণসী, মুদ্রণ।
১২. সরস্বতী, জগদীশ্বারানন্দ (সম্পাদিত), চতুর্বেদসংহিতা, বিজয়কুমার গোবিন্দরাম হাসানন্দ, দিল্লী, মুদ্রণ।
১৩. স্বামী গম্ভীরানন্দ (সম্পাদিত) তৈত্তিরীয় উপনিষদ ১৯৮৬, উদ্বোধন কার্যালয়, কলকাতা।
১৫. Max-muller, F(Ed.) Rigveda Sanhita, 1966, Chouhkhamba Sanskrit Varanasi.

বৈচিত্র্যময় পথে অগ্রগতির ইতিহাস : ভারতীয় নারী

তনিমা চ্যাটার্জী (সহকারী অধ্যাপিকা, দর্শন বিভাগ, বিধাননগর কলেজ)

সারসংক্ষেপ :
বিভিন্নতাই প্রকৃতির ধর্ম। সমস্ত প্রাণী জগতের ক্ষেত্রেই এটি সত্য। ক্রোমোজোম ও হরমোনগত পার্থক্যের কারণে নারী ও পুরুষের মধ্যে শারীরিক ক্ষমতা ও মানসিকতার দিক থেকে কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। নারীর শারীরিক শক্তি অপেক্ষাকৃত কম হওয়ায় প্রাচীন কালে শিকার, যুদ্ধবিগ্রহের মতো কাজগুলির দায়িত্ব পুরুষের উপর এবং গৃহাভ্যন্তরের কাজগুলির দায়িত্ব নারীর উপর বর্তায়। পরবর্তীকালে সভ্যতার উন্নতি সত্বেও শুধুমাত্র অন্দরমহলের কাজ নারীর জন্য— এই ধারণা সমাজের মানুষের মনে দৃঢ় হয়ে থেকে যায়। ফলস্বরূপ শিক্ষার সুযোগ-বঞ্চিত নারী নিরাপত্তাহীন সমাজে অনেক ক্ষেত্রে নীরবে নির্যাতন সহ্য করে বেঁচে থাকতে বাধ্য হয়। ভারতবর্ষে নারীর এই অমর্যাদাকর জীবনের পরিবর্তন যে প্রয়োজন তার উপলব্ধি করে তার জন্য শিক্ষার দ্বার উন্মুক্ত করার প্রচেষ্টা দেখিয়েছিলেন অনেক শিক্ষাব্রতী নারী। ঊনবিংশ শতকে এই নারীদের মধ্যে অন্যতম ছিলেন সাবিত্রীবাই ফুলে, রামাবাই রানাডে, তারাবাই শিন্ডে প্রমুখ। চরম সামাজিক বাধা সত্বেও শিক্ষার আলোকপ্রাপ্ত নারীরা তাঁদের অধিকার সম্পর্কে ক্রমশ সচেতন হয়ে উঠতে থাকেন। দীর্ঘদিনের বঞ্চনার ইতিহাসকে দূরে সরিয়ে উচ্চশিক্ষার আঙিনায় প্রবেশ করেন মুষ্টিমেয় কিছু নারী। তাঁরাই ক্রমশ অন্য নারীদের অনুপ্রেরণা হয়ে ওঠেন। চিকিৎসাশাস্ত্র, জ্ঞান-বিজ্ঞান, মহাকাশযাত্রা, আইনশাস্ত্র, সমাজ সংস্কার, খেলাধূলা, পর্বতারোহণ, পুলিশ মিলিটারী— এই সমস্ত ক্ষেত্রেই আজ নারীরা পুরুষের সমকক্ষ হয়ে নিজেদের যোগ্যতা প্রমাণ করেছেন এবং নারীর সামর্থ্য সম্পর্কে প্রচলিত ধারণা পরিবর্তন করতে সক্ষম হয়েছেন।

সূচক শব্দ : বঞ্চনা, নারীশিক্ষা, চিকিৎসাশাস্ত্র, স্বাধীনতা সংগ্রাম, খেলাধূলা, পর্বতারোহন।

বৈচিত্র্যময়তা প্রকৃতির ধর্ম। এর কারণেই প্রকৃতিতে অস্তিত্বশীল বিভিন্ন প্রাণের মধ্যে শারীরিক সামর্থ্য, বুদ্ধিমত্তা, সৌন্দর্য্য ইত্যাদি বিভিন্ন দিক থেকে পার্থক্য লক্ষ্য করা যায়। একমাত্র বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব হিসাবে মানুষও এর ব্যতিক্রম নয়। ক্রোমোজোমগত বৈচিত্র্যের কারণে নারী, পুরুষ এবং তৃতীয় লিঙ্গের মানুষের অস্তিত্ব দেখা যায় পৃথিবীতে।

হরমোনঘটিত পার্থক্যের কারণে প্রকৃতিগতভাবেই নারীর শারীরিক শক্তি পুরুষের তুলনায় সাধারণভাবে কিছুটা কম। আদিমযুগে সেই কারণে যুদ্ধবিগ্রহ, খাদ্যের প্রয়োজনে পশুশিকার ইত্যাদি কাজগুলির দায়িত্ব পুরুষেরা গ্রহণ করেন এবং শিশুপালন, পশুপালন, গৃহস্থালির কাজের দায়িত্ব নারীর উপর বর্তায়। এর ফলে নারীর মধ্যে তুলনায় কোমল বৃত্তিগুলির প্রকাশ ঘটে, আর পুরুষের মধ্যে আগ্রাসী মনোভাব প্রকটিত হয়। সময়ের সাথে সাথে শিকার বা যুদ্ধের মত প্রাত্যহিক কাজের প্রয়োজনীয়তা ফুরালেও গৃহাভ্যন্তরের কাজ নারীর জন্য এবং বহির্জগতের কাজ পুরুষের জন্য— এই ধারণা নারী এবং পুরুষ— উভয়েরই মনের মধ্যে দৃঢ়ভাবে থেকে যায়। এই ধারণা নিয়ে জন্মগ্রহণ না করলেও সামাজিক পরিবেশের প্রভাবে প্রত্যেকেই এই ধারণা মনের মধ্যে লালন করে চলে। মানবসভ্যতার অগ্রগতি হলেও এই মানসিকতার সহজে পরিবর্তন হয়নি। গৃহাভ্যন্তরের কাজের জন্য উপার্জনশীল হওয়ার প্রয়োজন নেই— এই চিন্তাধারা নারীকে শিক্ষা গ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করেছে। যদিও বৈদিক যুগে নারীরা শিক্ষা গ্রহণ করতেন, মধ্যযুগে পরিস্থিতির পরিবর্তন হয় এবং তার পরবর্তী সময়েও নারী তার শিক্ষার অধিকার হারায়। বহির্জগতের বেতনভিত্তিক কাজ পুরুষকে স্বনির্ভর করে তোলে আর শিক্ষার সুযোগ বঞ্চিত নারী পুরুষের উপর জীবন ধারণের জন্য নির্ভরশীল হয়ে থেকে যায়।

ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে বাল্যবিবাহের মত কুপ্রথা নারীর জীবনকে আরও দুর্বিসহ করে তোলে এবং পারিবারিক হিংসার শিকার হয়েও শুধুমাত্র খাদ্য, বস্ত্র ও বাসস্থানের জন্য পরিবার তথা পুরুষের উপর নির্ভরশীল নারী অনেকক্ষেত্রেই অত্যাচার সহ্য করে জীবন ধারণ করতে বাধ্য হয়। এসব কিছুকেই তারা নারীজন্মের অভিশাপ বলে মনে করে এবং এই অবস্থার কোনরকম পরিবর্তন সম্ভব বলেও তারা ভাবতে পারে না।

পিতৃতান্ত্রিক সমাজের এই চিরাচরিত চিন্তাভাবনার প্রচলন সত্ত্বেও এমন কিছু নারী ও পুরুষ ছিলেন যাঁরা ব্যতিক্রমী চিন্তাভাবনার অধিকারী ছিলেন। তাঁরা নারীকে তার যোগ্য মর্যাদা ও অধিকার দেওয়ার জন্য কুসংস্কারগ্রস্থ সমাজের বিরুদ্ধে লড়াই করেছিলেন। ভারতবর্ষের এরকম কয়েকজন ব্যক্তিত্ব যে সংগ্রামী পদক্ষেপ নিয়েছিলেন তার জন্যই আমাদের দেশের অনেক নারী বিভিন্ন ক্ষেত্রে নিজেদেরকে পুরুষের মতো সমান দক্ষতাসম্পন্ন রূপে প্রমাণ করার দিকে অগ্রসর হতে সক্ষম হয়েছেন। প্রগতিশীল চিন্তাধারার অধিকারী এইসব ব্যক্তি সঠিকভাবেই উপলব্ধি করেছিলেন যে প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে পারলে নারী তার অধিকার সম্পর্কে সচেতন হয়ে উঠতে পারবে

এবং দীর্ঘদিন ধরে তার উপরে ঘটে চলা অন্যায়ের যোগ্য জবাবও দিতে পারবে। বর্তমান আলোচনার পরিসরে আমরা সেইসব ভারতীয় নারীর সাফল্যকে তুলে ধরার চেষ্টা করব, যাঁরা নিজেরা শিক্ষার অধিকার অর্জন করে অন্য নারীদের জন্য শিক্ষার সুযোগকে প্রশস্ত করেছেন; অন্যদিকে যাঁরা জীবনের বিভিন্ন ক্ষেত্রে নিজেদের যোগ্যতা প্রমাণ করেছেন তাঁদের সাফল্যকেও আলোচনার বিষয় হিসাবে রাখবো।

ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে ঊনবিংশ শতকের প্রথমদিকেও নারীশিক্ষার প্রতি সমাজের কোন ইতিবাচক দৃষ্টিভঙ্গী ছিল না। মহারাষ্ট্রের এক গ্রামের নারী সাবিত্রীবাই ফুলে উপলব্ধি করেন যে শিক্ষা সম্পূর্ণ না হলে সমাজে নারীদের দুঃখজনক অবস্থান বদলের কোন সম্ভাবনা নেই। মাত্র নয় বৎসর বয়সে বিবাহিতা সাবিত্রীবাই প্রথমে তার স্বামীর কাছ থেকে শিক্ষাগ্রহণ করেন। পরবর্তীকালে তিনি শিক্ষক— শিক্ষণে অংশ নেন এবং ১৮৪৮ খ্রীষ্টাব্দে পুনে শহরে নারীদের জন্য প্রথম বিদ্যালয় স্থাপন করেন। কুসংস্কারগ্রস্থ সমাজ এরজন্য তাঁকে নানাভাবে হেনস্থা করলেও তিনি দমে যান নি এবং পরবর্তীকালে আরো কিছু বিদ্যালয় স্থাপন এবং সেখানে শিক্ষাদানের কাজে নিজেকে নিয়োজিত করেন। সাবিত্রীবাই-এর নারীবাদী জীবনদর্শন তৎকালীন বহু নারীর জীবনে শিক্ষার আলোক নিয়ে এসেছিল। সেই সময়ই ফতিমা বেগম শেখ নামে একজন মুসলিম নারী সাবিত্রীবাই-এর অনুপ্রেরণায় শিক্ষাগ্রহণ করেন এবং ভারতবর্ষের প্রথম মহিলা মুসলিম শিক্ষিকা হিসাবে আত্মপ্রকাশ করেন। এই প্রসঙ্গেই উল্লেখ করা যায় বেগম জাফর আলি, (১৯০০-১৯৯৯খ্রীঃ), দুর্গাবাই দেশমুখ (১৯০৯-১৯৮১), মহাদেবী বর্মা (১৯০৭-১৯৮৭) বিমলা কৌল প্রমুখ শিক্ষাব্রতী নারীদের কথা, যাঁরা সমাজের গোঁড়ামি ও প্রতিকূলতাকে জয় করে অন্য মহিলাদের শিক্ষয়িত্রীরূপে কাজ করে গিয়েছেন আজীবন। যে জ্ঞানলাভের বাতায়ন তাঁদের প্রচেষ্টায় উন্মুক্ত হয়েছিল বহু সংখ্যক ভারতীয় নারীর জীবনে তাই তাঁদের আরও বিভিন্ন ক্ষেত্রে নিজেদের যোগ্যতা প্রমাণের দিকে এগিয়ে নিয়ে গিয়েছিল।

সমাজের বহু বাধা সত্বেও শিক্ষা অর্জন করে নারীরা যে পুরুষের মতোই চিকিৎসাশাস্ত্রেও পারদর্শীতা অর্জন করতে পারে তা প্রমাণ করেছিলেন ভারতবর্ষের প্রথম মহিলা চিকিৎসক কাদম্বিনী গাঙ্গুলি। তিনি ও তাঁর সমসাময়িক চন্দ্রমুখী বসু ছিলেন ভারতবর্ষের প্রথম মহিলা গ্র্যাজুয়েট। কিন্তু, তাঁদের এই সাফল্য আসে অনেক বঞ্চনার বিরুদ্ধে সংগ্রাম করে। চন্দ্রমুখী বসুকে শুধুমাত্র মহিলা বলে গ্র্যাজুয়েট হিসাবে স্বীকৃতি দিতে দেরী করা হয়। কাদম্বিনী গাঙ্গুলিকে মেডিক্যাল কলেজে পড়াকালীন অনেক ব্যঙ্গ-বিদ্রুপ ও প্রত্যক্ষ অসহযোগিতার মুখে পড়তে হয়েছে। এমনকি মেডিক্যাল

পরীক্ষায় তাকে অকৃতকার্যও করানো হয় যাতে কোনভাবেই একজন মহিলা চিকিৎসক হিসাবে পরিচিত না হতে পারেন। আইনি লড়াইয়ের মাধ্যমে কাদম্বিনী এই প্রতিকূলতাও জয় করেন। সেইসময় রক্ষণশীল সমাজে বাড়ির মহিলাদের কোন পুরুষ চিকিৎসক দ্বারা চিকিৎসা করানো হোত না, যার ফলস্বরূপ অনেক সময়ই জটিল অসুখে তাদের মৃত্যু হোত। মহিলারা চিকিৎসক হলে এরকম অনেক প্রাণ রক্ষা পাবে তা উপলব্ধি করতে সমাজের অনেক সময় লেগেছে। এরপরে ক্রমশ বহুসখ্যক মহিলার সামনে উচ্চশিক্ষার দ্বার উন্মুক্ত হয় এবং অনেক মহিলা চিকিৎসাশাস্ত্রে ব্যুৎপত্তিলাভ করেন। কিন্তু তাঁদের পথ প্রদর্শন করেছিলেন কাদম্বিনীর মতো নির্ভীক দৃঢ়চরিত্রের মহিলারা।

ঊনবিংশ শতকের শেষভাগেও ভারতবর্ষের মহিলাদের আর্থ-সামাজিক অবস্থান খুবই নিম্নমানের ছিল এবং পুরুষদের তুলনায় তাঁদের হেয় প্রতিপন্ন করা হোত। শিক্ষাহীনতার সুযোগ নিয়ে অনেকক্ষেত্রেই তাদের সম্পত্তির অধিকার থেকে বঞ্চিত করা হোত। অন্দরমহলে থাকা নারীরা এর প্রতিকারের জন্য কোন আইনী সহায়তাও পেতেন না। এই ধরণের বহু মহিলাদের আইনগত সাহায্য করতে এগিয়ে আসেন ভারতবর্ষের প্রথম মহিলা আইনজীবি কর্ণেলিয়া সোরাবজি (১৮৬৬খ্রীঃ), তিনি বম্বে বিশ্ববিদ্যালয় থেকে প্রথম মহিলা হিসাবে ইংরেজী সাহিত্য নিয়ে পাশ করেন। যদিও শুধুমাত্র নারী হওয়ার 'অপরাধে' তাঁকে লন্ডন বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য স্কলারশিপ দেওয়া হয়নি। ফ্লোরেন্স নাইটেঙ্গল সহ আরো কয়েকজনের সহায়তায় ১৮৮৯ খ্রীষ্টাব্দে ব্রিটিশ বিশ্ববিদ্যালয়ে পাঠরত প্রথম ভারতীয় মহিলা হিসাবে তিনি আইন পাশ করেন। ভারতবর্ষে ফিরে দেশের মহিলাদের শিক্ষার অধিকার ও সম্পত্তির অধিকারের জন্য তিনি যে লড়াই করেন তা স্মরণীয়। বাল্যবিবাহ ও সতীপ্রথা দূর করার পক্ষেও তিনি সওয়াল করেন।১৯২৪ খ্রীষ্টাব্দে কলকাতায় ফিরে হাইকোর্টের আইনজীবি হিসাবে সোরাবজী স্বীকৃতি পান এবং তখন থেকেই মহিলাদের ওকালতি পেশায় যুক্ত হওয়ার পথ প্রশস্ত হয়। পরবর্তীকালে বহু নারী এই পেশায় নিজেদেরকে যে যোগ্য প্রমাণ করতে পেরেছিলেন তার জন্য প্রাথমিক সংগ্রামের স্বীকৃতি কর্ণেলিয়া সোরাবজিকে দিতে হয়।

ভারতবর্ষে ব্রিটিশদের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামের ইতিহাস অত্যন্ত গুরুত্বপূর্ণ। পুরুষদের পাশাপাশি নারীদের অবদানও এক্ষেত্রে অনস্বীকার্য। স্বাধীনতা সংগ্রামে নারীদের অংশগ্রহণ প্রথম শুরু হয় ১৮১৭ খ্রীষ্টাব্দে যখন ভীমা বাই হোলকার নামে একজন নারী ব্রিটিশদের বিরুদ্ধে সংগ্রামে জয়ী হন। এরপর ঝাঁসির রাণী লক্ষ্মীবাই ১৮৫৭ খ্রীষ্টাব্দের মহাবিদ্রোহের সময় ব্রিটিশদের বিরুদ্ধে লড়াই করেন। বিংশ শতকের সূচনায় স্বাধীনতা সংগ্রামী মহিলাদের মধ্যে অন্যতম ছিলেন সরোজিনী নাইডু, যিনি খিলাফৎ

আন্দোলন ও ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন। এছাড়াও মাতঙ্গিনী হাজরা, ভিকাজী কামা, বেগম হজরত মহল, অরুণা আসফ আলি প্রমুখ নারীরা দেশকে ব্রিটিশ শাসনমুক্ত করার জন্য সংগ্রাম করে গেছেন। প্রীতিলতা ওয়াদ্দেদার নামক অপর স্বাধীনতা সংগ্রামী পাহাড়তলির ইউরোপীয়ান ক্লাব আক্রমণের সময় ব্রিটিশদের সাথে যুদ্ধে শহীদ হন। অসহযোগ আন্দোলনের সময়ও বাসন্তী দেবী, সরলাদেবী, সুশীলা নায়ার, সুচেতা কৃপালণী প্রমুখ নারীরা স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণ করেন। আরো অসংখ্য নারীদের আত্মত্যাগ, দেশপ্রেমের জন্য আত্মবলিদানের নিদর্শন থাকলেও স্বাধীনতা সংগ্রামে পুরুষদের অবদান যতটা মানুষ মনে রেখেছে নারীদের অবদান সম্পর্কে মানুষ ততটা সচেতন নয়।

সভ্যতার উন্নতির সাথে সাথে অনেক বেশী সংখ্যক নারী শিক্ষার আঙিনায় প্রবেশ করলেও বিজ্ঞানের মত বিষয়গুলিতে পুরুষ— আধিপত্য বজায় ছিল এবং বিজ্ঞানচর্চা শুধু পুরুষের জন্য— এই মনোভাব সমাজ লালন করত। কিন্তু বেশ কিছু সংখ্যক ভারতীয় নারী এই ভ্রান্ত ধারণাকে ভেঙে দিয়ে বিজ্ঞানী হিসাবে নিজেদের স্বতন্ত্র পরিচয় গড়ে তুলেছেন। এদের মধ্যে প্রথম আমরা যাঁকে পাই তিনি হলেন আনন্দীবাই গোপালরাও জোশী। আমেরিকায় চিকিৎসাশাস্ত্র পাঠরত প্রথম ভারতীয় নারী ছিলেন আনন্দীবাই। উদ্ভিদবিদ্যা নিয়ে গবেষণারত ভারতীয় বিজ্ঞানী ছিলেন জানকী আম্মাল, যিনি তাঁর কাজের জন্য ১৯৭৭ খ্রীষ্টাব্দে পদ্মশ্রী পুরস্কার পান। প্রথম ভারতীয় মহিলা হিসাবে বিজ্ঞানে পি.এইচ.ডি. ডিগ্রী অর্জন করেন কমলা সাহনী, তিনিও উদ্ভিদবিদ্যা নিয়ে গবেষণায় ব্যুৎপত্তি অর্জন করেন। রসায়নশাস্ত্রের গবেষক বিজ্ঞানী হিসাবে বিংশ শতকের প্রথমভাগে পরিচিত হয়ে ওঠেন অসীমা চ্যাটার্জী। পরবর্তীকালে আরো অনেক মহিলা বিজ্ঞানী বিভিন্ন ক্ষেত্রে তাঁদের অবদান রেখেছেন। নারীকে পুরুষের তুলনায় হীন হিসাবে গণ্য করে যে সমাজ সেখানে তাঁদের চলার পথ একেবারেই মসৃণ ছিলনা। অজানাকে জানার যে আগ্রহ থেকে মানুষ বিজ্ঞানচর্চা শুরু করেছিল সেই আগ্রহ থেকে মানুষ মহাকাশে অজানা জগৎকেও জানতে চায়। এই ক্ষেত্রেও মহিলারা তাঁদের অবদান রেখেছেন। প্রথম ভারতীয় মহিলা হিসাবে কল্পনা চাওলা ১৯৯৭ খ্রীষ্টাব্দে মহাকাশযাত্রা করেন। ভারতীয় বংশোদ্ভূত সুনীতা উইলিয়ামস এবং সিরিসা বান্ডলা (২০২১) নামক দু'জন মহিলা এরপর মহাকাশে যাওয়ার কৃতিত্ব অর্জন করেন। এছাড়াও স্বাতী মোহন, যোগিতা শাহ, প্রিয়াঙ্কা শ্রীবাস্তব— এর মতো মহিলারা সফল মহাকাশ উৎক্ষেপনের জন্য ইঞ্জিনিয়ার হিসাবে নিজেদের দক্ষতা প্রমাণ করেছেন।

খেলাধূলা (Sports) এমন একটি বিষয় যা মানুষের শারীরিক সক্ষমতা ও নেতৃত্ব দানের ক্ষমতা বৃদ্ধি, দলগত কর্মসম্পাদনের দক্ষতাবৃদ্ধি ইত্যাদি ক্ষেত্রে উপযোগী। কিন্তু,

শারীরিক শক্তি পুরুষের তুলনায় কম— এই অযৌক্তিক কারণ দেখিয়ে এবং নারীকে পুরুষের সমকক্ষ বলে ভাবতে না পারায় নারীর খেলাধূলায় অংশগ্রহণ এক সময় অবাঞ্ছিত বলে বিবেচিত হোত। ১৯০০ খ্রীষ্টাব্দের আগে পর্যন্ত অলিম্পিক-এর মতো খেলায় মহিলাদের অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছিল। ভারতবর্ষে এই সুযোগ মহিলারা অর্জন করেন ১৯৫২ খ্রীষ্টাব্দে। নীলিমা ঘোষ প্রথম ভারতীয় মহিলা খেলোয়াড় হিসাবে অলিম্পিকে অংশগ্রহণ করেন। মহিলারা যে খেলোয়াড় হিসাবে অযোগ্য নন, তার দৃষ্টান্ত স্থাপন করেন তিনি। এরপর বিভিন্ন সময়ে একের পর এক ভারতীয় মহিলারা খেলাধূলার বিভিন্ন ক্ষেত্রে তাঁদের অবদান রেখেছেন। মিতালী রাজ, ঝুলন গোস্বামীর মত খেলোয়াড়েরা বিশ্ব ক্রিকেটে ভারতের প্রতিনিধিত্ব করেছেন। পি. টি. উষা, আঞ্জু ববি জর্জ প্রমুখ মহিলারা অ্যাথলেটিক্সে দেশের মুখ উজ্জ্বল করেছেন। মীরাবাই চানু, সাক্ষী মালিকের মত নারীরা কুস্তির মতো খেলাতেও যে মহিলারা নিজেদের যোগ্যতা প্রমাণ করতে পারে তার নিদর্শন দেখিয়েছেন। ২০০০ খ্রীষ্টাব্দে কর্ণম মালেশ্বরী প্রথম ভারতীয় মহিলা হিসাবে অলিম্পিক মেডেল জয় করে দেশের গর্ব হয়ে উঠেছেন। পি ভি সিন্ধু, সাইনা নেহওয়াল, মেরি কম, সানিয়া মির্জা প্রমুখ নারীরা পরবর্তীকালে অলিম্পিকে অনুরূপ কৃতিত্ব দেখিয়েছেন। দীপিকা কুমারী, দীপা কর্মকার, হিমা দাস প্রমুখ আরো অনেক নারীও খেলাধূলার জগৎ শুধু পুরুষের জন্য— সমাজের এই মানসিকতাকে চ্যালেঞ্জ জানিয়ে নিজেদের যোগ্যতার প্রমাণ রেখেছেন।ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে সামাজিক বাধার সঙ্গে সঙ্গে পুরুষ খেলোয়াড়দের প্রাপ্য পারিশ্রমিকের সঙ্গে মহিলা খেলোয়াড়দের পারিশ্রমিকের বড় তফাৎও একটা সমস্যা। অর্থের অভাবে জাতীয় স্তরে জয়ী অনেক মহিলা খেলোয়াড়ই খেলা ছেড়ে বিকল্প আয়ের পথ সন্ধান করেন। মহিলাদের খেলার ক্ষেত্রে আয়োজক সংস্থার উৎসাহও পুরুষদের খেলার তুলনায় কম থাকে। মহিলা খেলোয়াড়দের পারদর্শিতা সম্পর্কে সন্দিগ্ধচিত্ত হওয়া এর অন্যতম কারণ। সরকারী— বেসরকারী স্তরের সাহায্যও প্রতিভাময়ী মহিলা খেলোয়াড়েরা অনেক সময় পান না। তীরন্দাজিতে ঝাড়খন্ডের জাতীয় স্তরের চ্যাম্পিয়ন দীপ্তি কুমারী এর অন্যতম নিদর্শন, যিনি একটি চায়ের দোকান চালিয়ে দারিদ্র্যের সঙ্গে সংগ্রাম করে চলেছেন। ভারতীয় নারীদের খেলাধূলায় গৌরবময় সাফল্যের পাশে এই ধরণের অনেক ঘটনাই আমাদের বেদনাহত করে।

ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে প্রাচীনকাল থেকেই জাতিভেদ প্রথা প্রচলিত ছিল এবং জাতির ভিত্তিতে একশ্রেণীর মানুষকে শোষিত, বঞ্চিত, নিপীড়িত এবং কখনো কখনো অস্পৃশ্য করে রাখা হোত। নারীর প্রতি বঞ্চনা এবং দলিত সম্প্রদায়ের মানুষের

প্রতি বঞ্চনার মত সামাজিক ব্যধির বিরুদ্ধে ঊনবিংশ শতকে রুখে দাঁড়িয়েছিলেন যেসব নারী তাঁদের মধ্যে অন্যতম ছিলেন সাবিত্রীবাই ফুলে। তথাকথিত 'নিম্ন' সম্প্রদায়ের মেয়েদের জন্য বিদ্যালয় স্থাপন এবং বিধবাদের জন্য আশ্রয়স্থল স্থাপনের মত সমাজ সংস্কারমূলক কাজে যুক্ত ছিলেন তিনি। পরবর্তীকালে তারাবাই শিন্ডে নামক অপর একজন নারী সাবিত্রীবাই-এর সাথে কর্মে যুক্ত হন এবং নারীর প্রতি ও নিম্নবর্ণের ব্যক্তিদের প্রতি সমাজের অত্যাচারের বিরুদ্ধে সরব হন। সাবিত্রীবাই ও তারাবাই তাঁদের লেখণীর মাধ্যমে এইসব বৈষম্যের বিরুদ্ধে প্রশ্ন তোলেন। তাঁদের সমসাময়িক রামাবাই রানাডে এবং ফতিমা শেখও নারীর অধিকার রক্ষার জন্য প্রচেষ্টা চালিয়ে গেছেন।স্বর্ণকুমারী দেবীকে তাঁর সাহিত্যের জন্য মানুষ চিনলেও নারী, অনাথ শিশু ও বিধবাদের কল্যানের জন্য তিনি যে কাজ করে গিয়েছেন তা স্মরণীয়। স্বাধীনতা— পূর্ব সময়ের এইসব সমাজ-সংস্কারক নারীদের অবদারের কথা যেমন আমরা জানতে পারি তেমনি স্বাধীনতা— পরবর্তী সময়ে আরো বেশী সংখ্যক নারীকে সমাজ-সংস্কারকরূপে আমরা পাই। যেহেতু সভ্যতার অগ্রগতির সাথে সাথে নারীর মত প্রকাশের স্বাধীনতা আগের তুলনায় অনেকটাই বৃদ্ধি পেয়েছে। একবিংশ শতকে অরুণা রায়, মেধা পাটেকর, কিরণ বেদী, ইরম শর্মিলা চানু, মানসী প্রধান, প্রমীলা নেসারগি, লক্ষ্মী আগরওয়াল, অরুন্ধতী রায় প্রমুখ নারীরা বিভিন্ন ক্ষেত্রে সমাজ-সংস্কারক হিসাবে তাঁদের অবদান রেখেছেন। অরুনা রায় দুর্নীতিমুক্ত সমাজ গঠনের জন্য মজদুর এবং কিষাণ শক্তি সংগঠনের নেত্রী হিসাবে শ্রমিক ও কৃষকদের অধিকারের জন্য প্রচেষ্টা চালিয়ে গেছেন। ২০০৫ সালে তথ্যের অধিকার আইন (RTI) প্রতিষ্টার জন্য তিনি সক্রিয় ভূমিকা পালন করেন। মেধা পাটেকর গুজরাটের উপজাতি সম্প্রদায় ও কৃষক সম্প্রদায়ের কল্যানের জন্য নর্মদা বাঁচাও আন্দোলনের নেত্রী হিসাবে পরিচিত হয়েছেন। কিরণ বেদী ছিলেন প্রথম ভারতীয় মহিলা আই.পি.এস অফিসার, যাঁর কর্মকালে দিল্লীতে মহিলাদের বিরুদ্ধে অপরাধের সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পায়। তিহাড় জেলের প্রথম মহিলা ইন্সপেক্টর জেনারেল হিসাবে জেলের পরিবেশের আমূল পরিবর্তনের জন্য তিনি ম্যাগসাইসাই পুরস্কার লাভ করেন। মণিপুরের মেয়ে ইরম শর্মিলা চানু উত্তর-পূর্ব ভারতের সাতটি রাজ্যের সেনাবাহিনীর বিশেষ ক্ষমতাজনিত আইন প্রত্যাহারের জন্য সরকারের বিরুদ্ধে ২০০০ সাল থেকে অনশন করে গেছেন। মহিলা আইনজীবি হিসাবে মানসী প্রধান সারা বিশ্বে মহিলাদের প্রতি হওয়া হিংসার বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। প্রমীলা নেসারগি নামে অপর এক মহিলা আইনজীবিও শিশুশ্রম, কর্মক্ষেত্রে যৌন নির্যাতন, পারিবারিক হিংসা এমনকি কারাগারে বন্দীদের সমস্যা ইত্যাদি সামাজিক ব্যধি দূরীকরণে প্রচেষ্টা চালিয়ে গেছেন।

অ্যাসিড হামলার শিকার লক্ষ্মী আগরওয়াল প্রকাশ্য বাজারে অ্যাসিড বিক্রীর বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন যার ফলস্বরূপ সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় ও রাজ্য সরকারকে অ্যাসিড বিক্রী নিয়ন্ত্রণের নির্দেশ দেয়। বিভিন্ন রকম সামাজিক সমস্যা সমাজ থেকে নির্মূল করা পুরোপুরি সম্ভব না হলেও তার বিরুদ্ধে সক্রিয় হওয়া জরুরি, যে কাজটি করতে পেরেছিলেন এই সাহসী নির্ভীক মহিলারা।

একবিংশ শতকের আধুনিক অনেক নারীই শুধুমাত্র সুখী সংসার ও নিরাপদ কর্মসংস্থানের সাফল্যের গন্ডীর মধ্যে নিজেদের আবদ্ধ না রেখে দুঃসাহসিক পথে পা বাড়িয়েছেন এবং নিজেদের সাফল্যকে প্রমাণও করেছেন। পর্বতারোহণেও পুরুষদের থেকে আজ নারীরা আর পিছিয়ে নেই। ১৯৮৪ সালে বাচেন্দ্রী পাল প্রথম ভারতীয় নারী হিসাবে মাউন্ট এভারেস্ট জয় করেন। পরবর্তীকালে প্রেমলতা আগরওয়াল এভারেস্ট সহ আর সাতটি পর্বতমালা জয়ের সাফল্য দেখান। দুষ্কৃতিরা ট্রেন থেকে ছুঁড়ে ফেলার পর অস্ত্রোপচারে পা বাদ গেলেও কৃত্রিম পায়ের সাহায্যে এভারেস্ট জয় করেন অরুনিমা সিংহ। এছাড়াও আরো কিছু ভারতীয় মহিলা বিভিন্ন পর্বতমালা জয়ের সফল ইতিহাস রচণা করেছেন।

নারীদের শারীরিক সক্ষমতা কম ও তাদের মধ্যে রুক্ষতার অভাব রয়েছে— এই যুক্তিতে বিংশ শতকের প্রথম দিকেও পুলিশ বাহিনীতে মহিলাদের নিয়োগ করা হোত না। এই শতকের তৃতীয় দশক থেকে মহিলা ও শিশুদের বিরুদ্ধে ঘটা অপরাধের নিয়ন্ত্রণ, মহিলা অপরাধীদের শনাক্তকরণ ইত্যাদি প্রয়োজনে কনস্টেবল হিসাবে মহিলাদের নিয়োগ করা শুরু হয়।১৯৭২ সালে কিরণ বেদী প্রথম ভারতীয় মহিলা পুলিশ অফিসার হিসাবে নিযুক্ত হন। এরপর ক্রমশ আরো অনেক মহিলাই পুলিশে যোগ দিলেও ২০২২ সালে দেখা যায় মাত্র ১০.৩% নারী পুলিশ বাহিনীতে রয়েছেন। সামাজিক বাধা, নিরাপত্তাহীনতা প্রভৃতি কারণে এই পেশা এখনো পুরুষ অধ্যুষিত হয়ে থাকলেও অনেক সংখ্যক সাহসী নারীরাই এই ক্ষেত্রেও নিজেদের স্থান করে নিয়েছেন। ভারতীয় সেনাবাহিনীতেও মহিলারা এখন আর ব্রাত্য নন।১৯৯২ খ্রীষ্টাব্দে প্রিয়া ঝিনগন ভারতীয় সেনাবাহিনীর প্রথম মহিলা অফিসার হিসাবে যোগ দেন। তারপরেই আরও কয়েকজন মহিলা অফিসারকে সেনাবাহিনী নিয়োগ করে। তবে, বিংশ শতকের মাঝামাঝি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ভারতীয় সেনার জলবাহিনীতে কর্মরত মহিলা অফিসার কল্যাণী সেন-এর কথা আমরা জানতে পারি। নেতাজী সুভাষচন্দ্র বসুও মহিলাদের নিয়ে রাণী ঝাঁসী বাহিনী গড়ে তুলেছিলেন। বর্তমানে ভারতীয় মহিলারা বায়ুসেনার যুদ্ধবিমান চালানোর মত গুরুত্বপূর্ণ কাজের দায়িত্ব সাফল্যের সঙ্গে পালন করছেন।

পরিশেষে এটাই বলা যায় যে, যে নারীকে একসময় অন্দরমহলে পর্দানশীন করে রেখে পুরুষের থেকে হীন, কম বুদ্ধিসম্পন্ন ও বহির্জগতের কাজে অযোগ্য বলে প্রমাণ করার চেষ্টা সমাজ করেছিল, সেই নারী আজ জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে নিজেকে পুরুষের সমকক্ষ হিসাবে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে। নারীর এই সাফল্য কিন্তু একদিনে আসেনি। অনেক যুগ আগে যে নারীরা সমাজের বিভিন্ন রকম চাপের কাছে নতি স্বীকার না করে অদম্য সাহসিকতাকে সঙ্গী করে নারীদের অধিকারের জন্য লড়াই শুরু করেছিলেন তাঁরাই পরবর্তীকালের নারীদের সংগ্রামের পথপ্রদর্শক হয়ে উঠেছেন। তাঁরা সমাজের কাছে এই বার্তা দিতে সক্ষম হয়েছেন যে যেকোন মানুষেরই নিজের যোগ্যতা প্রমাণের জন্য সুযোগের প্রয়োজন। সুযোগ পেলে তাই কোন ক্ষেত্রেই নারীর সাফল্য অধরা থাকে না। পারিবারিক, সামাজিক বাধাকে অতিক্রম করে অচলায়তনে আঘাত হানা এইসব নারীদের লড়াইকে তাই কুর্ণিস জানাতেই হয়।

References:

www. womenentrepreneurindia.com

www.the print.in

forbes.Geraldina.women In Modern India.

www.educationworld.in

www.newsindianexpress.com

www.yourstory.com.

www.hindustantimes.com

লিঙ্গ-বৈষম্য ও নারীবাদ
(Gender Discrimination and Feminism)

লাল খান (অধ্যাপক, দর্শন বিভাগ, বসিরহাট কলেজ)

সারসংক্ষেপ :
পৃথিবীর যাবতীয় তত্ত্ব পুরুষের দৃষ্টিভঙ্গি থেকে দেখা, পুরুষের সার্বিক কর্তৃত্ব, নারীর ওপর আধিপত্য বজায় ও বৃদ্ধি করার হাতিয়ার। এর মূল কারণ হল ক্ষমতায়ন বা Empowerment এবং এটি অবশ্যই পুরুষের দিকে পাল্লাভারী করার ক্ষমতায়ন। এই ক্ষমতায়নের চাবিকাঠি ধরেই পুরুষ নারীকে নিজের ইচ্ছা মতো ব্যবহার করতে পারে। তবে পুরুষের সঙ্গে নারীর অধিকারে বিস্তর ব্যবধান, এই ব্যবধানকে ক্রমাগত বাড়িয়ে চলার জন্য পুরুষ জ্ঞানরাজ্যে সাজিয়ে রেখেছে নানাবিধ তত্ত্ব। এই ভাবে পুরুষের সমান অধিকার নারীর জন্য আকাশকুসুম হয়ে যায়। নিজেদের প্রতিকূল এই অবস্থান সম্পর্কে সচেতনতার ভিত্তিতে নারীরা যে তাত্ত্বিক বিকল্প প্রণয়ন ও প্রতিষ্ঠায় তৎপর তা-ই হল নারীবাদ। নারীবাদ এমন এক দর্শনের কথা বলে যেখানে নারী হবার কারণে মানব সমাজের সমান গুরুত্বপূর্ণ অর্ধাংশকে কোনও হেনস্থার শিকার না হতে হয়।

নারীরা বৈষম্যের শিকার। তাদের সুযোগ কম, তাদের প্রাপ্তি কম। প্রকাশের পটভূমিও তাদের জন্য অনেক সংকীর্ণ। এই বৈষম্য দূর করা নারীবাদী দর্শনের একটি প্রধান লক্ষ্য। বৈষম্য জারি রাখার সহায়ক হল লিঙ্গভিত্তিক উৎকর্ষ ও অধিকারের ভাবনা। স্ত্রীলিঙ্গ বস্তুত একটি সামাজিক নির্মাণ। এ প্রসঙ্গে সিমোঁ দ্যা বুভোয়ার বক্তব্য উদ্ধৃত করে আমরা বলতে পারি, কেউ জন্মাবধি স্ত্রীলোক নয়, সমাজ স্ত্রীলোক তৈরী করে। এই নির্মাণের মাধ্যমে বৈষম্যকে যৌক্তিকতা প্রদানের চেষ্টা করা হয়। নারীবাদ এই নির্মাণের কৃত্রিমতার প্রতি দৃষ্টি আকর্ষণের এক বৌদ্ধিক প্রয়াস।

বৈষম্য বিষয়ে সচেতনতা নিশ্চিতভাবেই প্রাণিত করে তা দূর করার ক্ষেত্রে সচেষ্ট হতে। কিন্তু এখানে একটি প্রশ্ন ওঠে— বৈষম্য দূর করে নারীরা যে সমতার অভিলাষী সেই সমতা কার সঙ্গে? এই সমতার মানদণ্ড কী হবে? যদি পুরুষদের প্রাপ্তিকে আদর্শ ধরা হয়, তবে তা রূপায়িত করা কি নীতিসম্মত হবে? যদি তা না হয়, তবে সমতার নতুন মানদণ্ড প্রণয়ন করা আবশ্যক। এই প্রশ্নটিকে ঘিরে নারীবাদীদের মধ্যে মতান্তর আছে।

সূচক : লিঙ্গ, বৈষম্য, নারীবাদ, ক্ষমতায়ন, অধিকার

মানুষ সমাজবদ্ধ সামাজিক জীব। সমাজেই মানুষ গোষ্ঠীবদ্ধ ভাবে নানাবিধ পারস্পারিক সম্পর্কে আবদ্ধ হয়ে বসবাস করে এবং এই পারস্পারিক সম্বন্ধের সামগ্রিকরূপ বা জটাজালই হল সমাজ। এই সমাজ মূলত নারী-পুরুষের মিলিত সমাজ এবং সমাজে বসবাসকারী সকলের সমান অধিকার থাকাটাও স্বাভাবিক। কিন্তু মানুষের অধিকার বলতে যদি কয়েকটি বিষয়ে সব মানুষের সমান অধিকার বোঝায় তাহলে বলতে হবে মানব সমাজে ঐ অধিকার আজও প্রতিষ্ঠা সম্ভব হয়নি। সব মানব সমাজেরই এর একটি অন্যতম কারণ হল লিঙ্গ-বৈষম্য।

বৈষম্য অর্থাৎ তফাৎ বা পার্থক্য। এই পার্থক্য হল পুরুষ ও নারীতে বিভক্ত যে সমাজ ,সেই সমাজে তাদের লিঙ্গগত পার্থক্যই হল লিঙ্গ-বৈষম্য। তবে আমাদের মনে হতে পারে এই পার্থক্যটা জন্মগত না সমাজ আরোপিত-উত্তরে দুটোই বলতে হবে। পুরুষ ও নারীর মধ্যে যে জন্মগত পার্থক্য তা যৌনলক্ষণগত। এই পার্থক্যটি মৌলিক। অবশ্য প্রযুক্তির সিড়ি ধরে বিজ্ঞান আর এই পার্থক্যটিকে মৌলিক রাখছে না। আর একটা পার্থক্য হল পুরুষ ও নারীর মধ্যে লিঙ্গগত (Gender), যে প্রভেদটি সমাজ আরোপিত।

সমাজে পুরুষ ও নারীর মধ্যে যে লিঙ্গ-বৈষম্য তার মূল কারণ হল ক্ষমতায়ন বা Empowerment এবং এটি অবশ্যই পুরুষের দিকে পাল্লাভারী করার ক্ষমতায়ন। এই ক্ষমতায়নের চাবিকাঠি ধরেই পুরুষ নারীকে নিজের ইচ্ছা মতো ব্যবহার করতে পারে। তবে বেশীর ভাগ ক্ষেত্রেই এই ব্যবহার নিজ মাতা, স্ত্রী, বোন-এর মতো নয়, ইতর প্রাণীর মতো বা তার থেকেও নিম্নমানের পরিচর্যা। তবে এই ক্ষমতায়নের গল্প শুধু কি ভারতবর্ষের না কি সমগ্র বিশ্বের? উত্তরটা সবারই জানা। যে সব দেশে মেয়েরা পুরুষের মতো বেশভূষা, কেশসজ্জা তথাকথিত পুরুষের মতো পেশাতেও যুক্ত এই গল্পটা সেই সব দেশের ক্ষেত্রেও সত্য। ভারতবর্ষের নিরিখে বলতে গেলে পাশ্চাত্যের নারীদের একটু এগিয়ে রাখতে হয়। ভারতবর্ষের মহিলারা অপেক্ষাকৃত অনেকাংশে সর্বংসহা , দু-একটি ব্যতিক্রম আছে, অবশ্য সেগুলি না থাকারই মতো। তুলনামূলকভাবে পাশ্চাত্য মহিলারা তাদের ন্যায্য অধিকার বুঝে নিতে অনেক বেশী সোচ্চার। তাই নারীবাদ বা Feminism পাশ্চাত্যের তথা গোটাবিশ্বের এখন অন্যতম প্রতিপাদ্য বিষয়।

সমাজ ব্যবস্থার মধ্যে বৈষম্যের যে বীজ তা শ্রেণী সংগ্রামের যুগারম্ভ থেকেই নিহিত ছিল। একদিকে শ্রেণী বৈষম্য আর অন্যদিকে নারী পুরুষের মধ্যে লিঙ্গ বৈষম্য এই দুটি ছিল শ্রেণী বিভক্ত সমাজের অন্যতম দুটি মূল ভিত। নারীর অধিকারহীনতা বা দাসত্ব শুরু হয় পরিবার ও সম্পত্তির উদ্ভাবনের ফলে। পরিবারই শিশু সন্তানের

মধ্যে এই বিভেদ সৃষ্টি করে এবং শিশুর মধ্যে ধীরে ধীরে মানসিক বৈষম্য জন্মায় এবং তার প্রভাব সমাজে ছড়িয়ে পরে। কোন সন্তান যদি ছেলে বা পুরুষ হয় তাহলে তার পিতা বা মাতা তাকে যেভাবে আদর-যত্ন করে একজন মেয়ে বা কন্যা সন্তানকে সেইরূপ করে না। ছেলের জন্মদিনে তাকে মোটর গাড়ি, বন্দুক ইত্যাদি খেলার উপহার দেওয়া হয় আর মেয়ের জন্মদিনে পুতুল, রান্নার সামগ্রী ইত্যাদি দেওয়া হয়। এর থেকে এই চিন্তা ভাবনা তাদের তৈরী হয় যে ছেলেরা ইঞ্জিনিয়ার, পাইলট, যোদ্ধা হবে, আর মেয়েরা রান্নার কাজ, শিশুর লালন পালন করবে। এমনকি শিশুপাঠ্য বইগুলোতেও লিঙ্গ ভূমিকাকে কেন্দ্র করে বিভিন্ন চিত্র চিত্রিত হয়। যেমন কোন ছবিতে দেখা যায় বাবা স্যুটবুট পড়ে অফিস যাচ্ছেন, আর মা রান্নার কাজে ব্যস্ত আছেন। এই ভাবেই ধীরে ধীরে মানব সমাজের সর্বত্র লিঙ্গ বৈষম্য দেখা দেয় যা আসলে লিঙ্গগত বৈষম্য নয়, লিঙ্গ অনুসারে ভূমিকার বৈষম্য।

ক্ষমতায়ন, দাম্ভিকতার ফলে সমাজ যেন পুরুষতান্ত্রিক হয়ে দাঁড়িয়েছে। আর এই পুরুষতান্ত্রিক সমাজে যখন ছেলের বিয়েতে যা খরচ করে মেয়ের বিয়েতে ওই একই খরচ করে বলে 'তোমাকে অনেক খরচ করে বিয়ে দিয়েছি, তোমার পৈতৃক সম্পত্তিতে আর কোন অধিকার নেই।' এ সব অধিকার থেকে মেয়েদের বঞ্চিত করা মানেই লিঙ্গ বৈষম্য এবং দারিদ্রের দুষ্টচক্রকে চিরস্থায়ী করা।

বহু যুগ ধরে মেয়েরা জীবনের যে সব ক্ষেত্রে লিঙ্গ বৈষম্যের শিকার তার মধ্যে শিক্ষা অন্যতম। পুরুষতান্ত্রিক সমাজে শিক্ষার দিক থেকেও মেয়েদের পিছিয়ে রাখা হয়েছে। ছেলেদের উচ্চ শিক্ষায় শিক্ষিত করব, তারা উকিল,ডাক্তার, ইঞ্জিনিয়ার হবে আর পরবর্তী জীবনে আমাদের দেখা শুনা করবে। আর মেয়েদের উচ্চ শিক্ষিত করে লাভ নেই, তাদের বিয়ে দিয়ে দিলেই তারা রান্নাবান্না, শিশু সন্তান লালান পালন করবে ইত্যাদি। এই ভাবে তাদের পিছিয়ে রেখে তাদের ব্যক্তিত্ত্বের বিকাশ, নৈতিকতার বিকাশ সম্পূর্ণ ভাবে সম্ভব হয় না।

আমাদের দেশে বিশেষত মুসলিম সম্প্রদায়ের মহিলাদের অবস্থা অত্যন্ত শোচনীয়, যার মূল কারণ অবিদ্যা এবং অশিক্ষা। অধিকাংশ মেয়েরাই প্রথাগত শিক্ষা বা কোরানীয় শিক্ষা কোনোটাই যথার্থ ভাবে না থাকায় বয়স ধরে বেধে আঠারো হলেই বিবাহের পিড়িতে বসিয়ে দেওয়া তারপর তাকে মাতৃত্বের বোঝা চাপিয়ে দেওয়া, তারপর মা শিশু দুজনেরই অপুষ্টি, অভাব, শারীরিক মানসিক নির্যাতন ইত্যাদি যাঁতাকলে বেশীর ভাগ মুসলিম মেয়েরই নারী হয়ে ওঠার সুযোগ থাকে না। যারা সেই সুযোগ পায় তারা এগিয়ে যায় নিজেরা, কিন্তু যখনই অন্যকে সুযোগ দেওয়ার ভূমিকা নেয় তখনই

সামাজিক দিক থেকে হোক অথবা কট্টরবাদীদের দিক থেকে হোক বা পারিবারিক দিক থেকে হোক চলে আসে ভুরি ভুরি অসুবিধা, নিষেধের বেড়াজাল। ফলতঃ সংখ্যালঘু শিক্ষিত মেয়েটি পিছিয়ে আসতে বাধ্য হয়।

কন্যাসন্তানকে যদি সুযোগ সুবিধা দিয়ে বড় করা হয়, খুব সহজেই তারা ভাল এবং মন্দ সম্পর্কে ধারণা করতে পারে এবং জীবন সম্পর্কে সঠিক সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু আমরা মেয়েদের স্বাধীনতা দিতে ভয় পাই। যদি মেয়েদের নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণ জাতীয় সমস্যা হয়, তবে এটাও আমাদের মনে রাখা জরুরি যে মেয়েদের ক্ষমতায়ন না করাটা, তাদের দুর্বলতাকে বাড়ানোর সামিল।

এখন এই যে বৈষম্য একে নৈতিকতার দিক থেকে কতটা উচিত বা অনুচিত , ন্যায় বা অন্যায় বলা যাবে এই বিষয়ে উদারপন্থী (Liberal) ও রক্ষণশীল (Conservative) নারীবাদীরা ভিন্ন মত পোষণ করেন।

প্রাচীন গ্রীক দার্শনিক অ্যারিস্টটল এবং আধুনিককালের জার্মান দার্শনিক কান্ট রক্ষণশীল মতবাদের পৃষ্ঠপোষক ছিলেন। রক্ষণশীল নারীবাদীরা লিঙ্গ বৈষম্যের সমর্থক। এদের মতে এই বৈষম্য অকৃত্রিম, প্রকৃতিদত্ত, স্বভাবগত। এর মূলেই হল নারী ও পুরুষের জন্মগত দৈহিক উপাদানগত পার্থক্য। এই পার্থক্যের জন্য সমাজে নারী ও পুরুষের ভূমিকা এবং স্থান সমান হতে পারে না। সমাজে পুরুষের ভূমিকা হবে প্রধান, নারীর অপ্রধান, ফলে নারীকে পুরুষের অধীনতা স্বীকার করতে হবে। 'পুরুষের অধীনতা স্বীকার' করা বলতে প্রাচীনপন্থী নারীবাদীরা এমন বলেন না যে, স্ত্রীলোক পুরুষ কর্তৃক নিগৃহীত হবে, অত্যাচারিত হবে। আসলে সমাজে পুরুষের মতো স্ত্রীলোকেরও সমান মর্যাদা ও সম্মান থাকবে, কেবল তাদের করণীয় হবে ভিন্ন। মেয়েদের জন্য নির্ধারিত হবে গৃহকর্ম ও সন্তান পালন, পুরুষের জন্য নির্ধারিত হবে ব্যবসা-বাণিজ্য। মেয়েদের পাঠ্য বিষয় হবে মনোবিজ্ঞান, ইংরাজি সাহিত্য অথবা বাংলা সাহিত্য, তবে গণিতশাস্ত্র, দর্শনশাস্ত্র নয়-কেননা স্বভাবধর্ম মেয়েদের বাচিক সামর্থ্য (Verbal ability) ছেলেদের অপেক্ষা বেশি হয়, আর ছেলেদের প্রত্যক্ষণ সামর্থ্য (visual-spatial ability), বিমূর্ত চিন্তন সামর্থ্য মেয়েদের অপেক্ষা বেশি হয়। এইসব দেহগত অকৃত্রিম পার্থক্যের জন্যই প্রাচীনপন্থীরা আদর্শ সমাজ-ব্যবস্থার কথা বলেন, যেখানে লিঙ্গ-বৈষম্যকে স্বীকার করে তদনুসারে নারী ও পুরুষের কর্তব্য অকর্তব্য নির্ধারিত হয়। আর এই বৈষম্যমূলক ব্যবস্থাতেই নারী ও পুরুষ উভয়েরই মঙ্গল সাধন সম্ভব। কাজেই এই বৈষম্যমূলক যে মনোভাব, রীতিনীতি বা আচারকে অন্যায় বা অনুচিত বলা যাবে না।

বিভিন্ন সমীক্ষায় জানা যায়, পুরুষরা স্ত্রী জাতি অপেক্ষা অনেক বেশি আক্রমণ প্রবণ এবং এই প্রবণতা তাদের দেহগত উপাদানের জন্য। সমীক্ষায় আরও জানা যায়

যে, মেয়েরা সাধারণত আক্রমণবিমুখ, তারা খেলাধুলা অপেক্ষা নৃত্যগীত পছন্দ করে এবং এসবের মূলেও তাদের জন্মগত দৈহিক উপাদান। এ প্রসঙ্গে E. E. Maccoby এবং C. N. Jacklin তাদের "The Psychology of Sex Difference" গ্রন্থে বলেছেন,—

১. যে সব সমাজে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে সেখানেই দেখা গিয়েছে যে পুরুষরা স্ত্রীলোক অপেক্ষা বেশি আক্রমণ প্রবণ।
২. বাঁদর জাতীয় জীব এবং তাদের অনুরূপ অন্যান্য জীবের মধ্যেও দেখা যায় যে, পুরুষ প্রাণী স্ত্রী প্রাণী অপেক্ষা বেশি আক্রমণ প্রবণ।
৩. সামাজিকীকরণের অনেক আগেই শিশুদের মধ্যে এই বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। সমীক্ষায় জানা যায়, আক্রমণাত্মক আচরণের জন্য কন্যাসন্তান অপেক্ষা বেশি সংখ্যক পুত্র-সন্তান পিতামাতা কর্তৃক শাস্তি পায়।
৪. দেখা যায়, যৌন গ্রন্থির ক্ষরিত রসের (Hormones) পরিমাণের তারতম্য অনুসারে আক্রমণ প্রবণতা বৃদ্ধি পায় এবং আরো দেখা যায় যে, কোন স্ত্রীলোক পুরুষের যৌন গ্রন্থিরস ধারণ করলে তার আক্রমণপ্রবণতা বৃদ্ধি পায়।

এছাড়াও রক্ষণশীল নারীবাদীরা তাদের স্বমত প্রতিষ্ঠার জন্য আরও দুটি যুক্তি উত্থাপন করেছেন—

প্রথমত কর্মদক্ষতামূলক যুক্তি এবং দ্বিতীয়ত হতাশামূলক যুক্তি।

প্রথমত যেসব ক্ষেত্রে নারী অথবা পুরুষের কর্মসাধনের যোগ্যতা বা দক্ষতা নেই, সেইসব ক্ষেত্রে তাদের ওপর কার্যভার অর্পিত হলে কোন ক্ষেত্রেই সাফল্য পাওয়া যাবে না। যেমন, পুরুষের যদি গৃহকর্ম ও সন্তান প্রতিপালনের স্বাভাবিক সামর্থ্য না থাকে এবং স্ত্রীলোকের যদি ব্যবসা-বাণিজ্য করার স্বাভাবিক সামর্থ্য না থাকে তাহলে কোন ক্ষেত্রেই, ঐসব কার্যভার তাদের ওপর অর্পিত হলে কাজটি সুসম্পন্ন হতে পারে না এবং তার ফলে ব্যক্তি এবং সমাজ ক্ষতিগ্রস্ত হয়। এজন্য নারী অথবা পুরুষের স্বাভাবিক সামর্থ্য অনুসারে তাদের করণীয় কর্ম নির্ধারিত হবে অর্থাৎ ব্যক্তি তথা সমাজের উপকারার্থে লিঙ্গ-বৈষম্য ব্যবস্থাকে অনুসরণ করতে হবে।

দ্বিতীয়ত পুরুষ বা স্ত্রীলোকের স্বাভাবিক সামর্থ্য ও দক্ষতাকে গুরুত্ব না দিয়ে পুরুষকে যদি গৃহকর্ম ও সন্তান প্রতিপালনে নিযুক্ত করা হয়, তাহলে ঐ কাজে ব্যর্থতার জন্য তার জীবনে হতাশা পুঞ্জীভূত হবে। একইভাবে স্ত্রীলোককে যদি প্রতিযোগিতামূলক ব্যবসা-বাণিজ্যে নিযুক্ত করা হয়, তাহলে সেই কাজে ব্যর্থতার জন্য তার জীবনে হতাশা পুঞ্জীভূত হতে থাকবে। তাই লিঙ্গ-বৈষম্যকে স্বীকার করে তদনুসারে তাদের ওপর

কার্যভার ন্যস্ত করতে হবে। ফলে সমাজে সকল কাজ সুষ্ঠ ভাবে পরিচালিত হবে এবং নারী পুরুষের জীবন হতাশামুক্ত সুখী হবে।

লিঙ্গ-বৈষম্য প্রসঙ্গে উদারপন্থী নারীবাদীর মতবাদ রক্ষণশীল নারীবাদীদের বিপরীত মতবাদ। উদারপন্থী নারীবাদী মতবাদের প্রধান পৃষ্ঠপোষক হলেন বর্তমানকালের ইংরেজ দার্শনিক জন স্টুয়ার্ট মিল (John Stuart Mill)। উদারপন্থীবাদীদের মতে, লিঙ্গ-বৈষম্য মানুষের জন্মগত নয়, তা হল সামাজিক পরিবেশজাত। নারী এবং পুরুষের মধ্যে যে বৈষম্য করা হয় তা স্বভাবগত নয়, তা নেহাৎই কৃত্রিম, সমাজের সৃষ্টি। ফলে নৈতিক দিক থেকে তা অন্যায়, নৈতিক অপরাধ। নৈতিক তথা রাজনৈতিক নিয়ম হল 'সমানের প্রতি আচরণ সমান হতে হবে'— 'Equals ought to be treated equally', এখানে 'সমান' কথাটির সঠিক অর্থ হল, এমন দুই ব্যাক্তি বা গোষ্ঠী যাদের মধ্যে প্রাসঙ্গিক কোন পার্থক্য নেই। যেমন, টেলিফোন অপারেটররূপে যদি কেবল গৌরবর্ণা মেয়েদের নিয়োগ করা হয় তাহলে 'সমানের প্রতি সমান আচরণ' নিয়মটিকে অমান্য করা হয়। নারী বৈষম্যের ক্ষেত্রে গাত্রবর্ণ কোন প্রাসঙ্গিক বিষয় নয়। উদারপন্থীরা নারী ও পুরুষের মধ্যে কোন প্রাসঙ্গিক পার্থক্য স্বীকার করেন না। তারা যেটা বলতে চান তা হল— নারী ও পুরুষের মধ্যে ঐ সব পার্থক্য 'প্রাসঙ্গিক' হলেও সেসব 'প্রকৃতিদত্ত' বা 'স্বাভাবিক' (natural) পার্থক্য নয়, সেসবই হল সামাজিকীকরণের পরিণাম। কাজেই উল্লিখিত কর্মে গৌরবর্ণা মেয়েদের নিয়োগ পক্ষপাতদুষ্ট হওয়ায় তা নৈতিক দিক থেকে অন্যায় ও অনুচিত।

প্রাচীনপন্থীরা বলেন, নারী ও পুরুষের মধ্যে যেসব মৌলিক পার্থক্য সেসব প্রকৃতিদত্ত প্রাসঙ্গিক পার্থক্য এবং ঐ পার্থক্যের জন্যই সমাজে লিঙ্গ-বৈষম্যের প্রয়োজন হয়। কিন্তু উদারপন্থীরা বলেন, নারী ও পুরুষের মধ্যে যেসব গুরুত্বপূর্ণ পার্থক্যের উল্লেখ করা হয় তাদের কয়েকটি প্রকৃতিদত্ত হলেও তাদের সঙ্গে লিঙ্গ-বৈষম্যের কোন যোগ নেই, সেসব হল সামাজিক পরিবেশ, সামাজিক ধ্যান-ধারণা। একই সমাজে বর্ণিত নারী ও পুরুষের জন্য পরিবেশ অভিন্ন হয় না, সমাজের ধ্যান ধারণা অনুসারে তা ভিন্ন ভিন্ন হয়। ফলে পুরুষ সন্তানের মধ্যে পুরুষালিভাব এবং মেয়ে সন্তানের মধ্যে মেয়েলিভাব দেখা দেয়। এই দুটি ভাবের মধ্যে যে পার্থক্য তা আসলে লিঙ্গগত পার্থক্য (sex difference) নয়, তাহল ভূমিকাগত পার্থক্য (gender difference)। ফলে ছেলেদের মধ্যে আক্রমণের প্রবণতা, আঘাত ও প্রত্যাঘাতের প্রবণতা, জয় করবার প্রবণতা; পক্ষান্তর মেয়েদের মধ্যে সেবার প্রবণতা, বাকবিস্তারের প্রবণতা, চিত্র-চিত্রণের প্রবণতা, নৃত্য-গীতের প্রবণতা দেখা যায়। এই সমাজসৃষ্ট প্রবণতার ওপর নির্ভর করে এমন

সিদ্ধান্ত করা যাবে না যে, পুরুষ যে সব কাজে পারদর্শী, নারী সেসব কাজে পারদর্শী হতে পারে না। তেমনি নারী যেসব কাজে পারদর্শী পুরুষ সেসব কাজে পারদর্শী হতে পারে না। এমন হতে পারে এবং বাস্তবত হয়ও যে, কোন মেয়ের আধিপত্য বিস্তারের প্রবণতা, আক্রমণ প্রবণতা ছেলেদের অপেক্ষা বেশি প্রবল এবং দৈহিক সামর্থ্যও বেশি। এমন ক্ষেত্রে মেয়েটির প্রবণতা অনুসারে তাকে বিকশিত হতে না দেওয়াতার ইচ্ছামতো তাকে এরোপ্লেনের পাইলট হতে না দেওয়া অথবা ডাক্তার হতে না দেওয়া অথবা প্রযুক্তিবিদ হতে না দেওয়া নৈতিক দিক থেকে নিতান্ত অনুচিত কাজ হবে। বরঞ্চ নারী ও পুরুষকে সমান অধিকার দিলে, ইচ্ছা অনুসারে আত্মবিকাশের অধিকার দিলে তাহবে উচিত কাজ।

উদারপন্থীরা প্রাচীনপন্থীদের দুটি যুক্তির (১) দক্ষতামূলক যুক্তি এবং (২) হতাশামূলক যুক্তির সমালোচনা করে বলেন যে, নারী অথবা পুরুষ যদি তাদের নিজ নিজ বাসনা ও অভিপ্রায় অনুসারে বিকশিত হবার সুযোগ থেকে বঞ্চিত হয় কেবল তাহলেই (১) ব্যক্তি এবং সমাজ ক্ষতিগ্রস্ত হয় এবং (২) ব্যক্তির জীবনে হতাশা দেখা দেয়। উদারপন্থীরা তাই বলেন, প্রত্যেক সমাজে নারী ও পুরুষের প্রকৃতিগত লিঙ্গভেদ স্বীকার করে নিয়েও লিঙ্গ-বৈষম্য ব্যবস্থাকে অনুসরণ করা সঙ্গত নয়, নারীকে পুরুষের অধীনরূপে, পুরুষের যোগ্য কাজে নারীকে অযোগ্যরূপে গণ্য করা সমীচীন নয়। দেহগতভাবে নারী পুরুষ থেকে ভিন্ন এবং পুরুষ নারী থেকে ভিন্ন হলেও তাদের মধ্যে প্রকৃতিগত প্রাসঙ্গিক কোন পার্থক্য না থাকায় পরিকল্পনা— গ্রহণ, যুক্তি-নির্বাচন বা জীবন-ধারা নির্ধারণের ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে কোনরূপ বৈষম্য-ব্যবস্থার প্রচলন অন্যায় এবং অপরাধ। আদর্শ সমাজে লিঙ্গ-বৈষম্য ব্যবস্থা কখনই কাম্য হতে পারে না। আগ্রহ, ইচ্ছা ও দক্ষতা থাকা সত্ত্বেও কোন ব্যক্তির গালে আঁচিল থাকার জন্য তাকে হিসাবরক্ষকের পদে নিয়োগ না করা যেমন অন্যায়, কেননা আঁচিল থাকা বা না থাকা যেমন ঐ নিয়োগের ক্ষেত্রে অপ্রাসঙ্গিক, তেমনি কর্মসংস্থানে অথবা ব্যবসায়িক প্রতিষ্ঠানে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রার্থী নারী হবে না পুরুষ হবে এই বিষয়টিও প্রাসঙ্গিক নয়; প্রাসঙ্গিক হল প্রার্থীর ইচ্ছা, আগ্রহ ও দক্ষতা। উদারপন্থী নারীবাদী জার্মেন গিরিয়ার (Germaine Greer) তাঁর ১৯৯৯ খ্রিস্টাব্দে প্রকাশিত 'The Whole Woman' গ্রন্থের শেষ পর্যায়ে বলেছেন, "নারীত্বকে পদে পদে অস্বীকার করে নয়, বরং তাঁর গুণগুলিকে সযত্নে লালন করেই নারীকে এগিয়ে চলতে হবে। যে নারীর মধ্যে সেই গুণগুলি পূর্ণতা পেয়েছে সেই হল সম্পূর্ণ ভাবে নারী" অর্থাৎ "whole woman'।

শুধু বহির্বিশ্বে নয় ভারতীয় সমাজেও লিঙ্গ-বৈষম্য সুপ্রাচীনকাল থেকেই বর্তমান, যার ফলে নারী নানান দিক থেকে অবহেলিত, উপেক্ষিত ও নির্যাতিত। শুধু শাস্ত্রীয়

ভাষায় নারীকে পুরুষের 'অর্ধাঙ্গিনী' বলা হলেও, বিবাহের মন্ত্রে 'যদিদং হৃদয়ং তব তদস্তং হৃদয়ং মম' উচ্চারিত হলেও, বাস্তবত পুরুষ নারীকে তার ক্রীতদাসীরূপে অথবা ভোগ্যপণ্যরূপে গণ্য করেছে।

প্রাচীন ভারতের সমাজ-চিত্র পুরুষেরই রচনা, যার সুযোগ নিয়ে আধিপত্যকামী কূটবুদ্ধি পুরুষ অভিসন্ধিমূলকভাবে নারীর এক উজ্জ্বল চিত্র অঙ্কিত করে তাকে নির্বাক চিত্রের মতনই গৃহবন্দী করে রেখেছে। একমাত্র ব্যতিক্রম দেখা যায় ঋকবেদ রচনাকালে, যেখানে নারী কাব্য রচনা করেছে, তত্ত্বালোচনায় পুরুষের মতো অংশগ্রহণ করেছে, তেমনি আবার বীর্যবতীরূপে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হয়ে শত্রুনিধনও করেছে। কিন্তু নারীর এই মান দীর্ঘদিন স্থায়ী হতে পারেনি। খ্রিস্টপূর্ব দশম শতাব্দীর পরবর্তীকালগুলিতে স্ত্রীজাতির স্বাতন্ত্র্য ও স্বাধীনতা সম্পূর্ণভাবে লুপ্ত হয় এবং তারা পুরুষের, বিশেষ করে, স্বামীর ভোগের একপ্রকার ভোগ্যপণ্যে পরিণত হয়। অথর্ববেদে নারীকে শুদ্রের সমতুল্যরূপে গণ্য করে 'সেবা'কেই (পতি ও পরিবারের সেবা) তাদের একমাত্র কর্তব্য-কর্মরূপে নির্ধারণ করা হয়। ঋষি বাৎস্যায়ণ আবার তাঁর 'কামসূত্রে' নারীমাত্রকেই গণিকার সমতুল্যরূপে গণ্য করে তাদের 'ভোগ্যসামগ্রী' বলেন। অনেক ক্ষেত্রে আবার নারীকে 'পঙ্কময়', 'নেশার বস্তু', 'নরকের দুয়ার' ইত্যাদি বিশেষণেও বিশেষিত করা হয়।

প্রাচীন ভারতের যে সমাজ চিত্র নারী বৈষম্য, নারী-নিগ্রহের ভাবধারা আজও আমরা বহন করে চলেছি তার সংস্কার সাধনের, নতুন চিন্তা ভাবনার কোনো উদ্যোগ নেই। এখনো নারী সমাজ নির্বাক অবস্থায় থেকে গেছে, নারী স্বাধীনতায়, নারী মুক্তিতে সক্রিয় বিদ্রোহ ঘোষনা করতে পারেনি। তাই রবীন্দ্রনাথ তাঁর 'মুক্তি' কবিতায় ভারতীয় সমাজে মহিলাদের যে নৈরাশ্য ও হতাশাপূর্ণ জীবন তা মর্মস্পর্শী ভাষায় প্রকাশ করেছেন :

'আমি কেবল জানি—

রাঁধার পরে খাওয়া আবার খাওয়ার পরে রাঁধা বাইশ বছর এক চাকাতেই বাঁধা।'

সংসারের চাকায় আবদ্ধ নারীর অবস্থা খাঁচার পাখির মতো, বন্ধাবস্থায়, যার ডানা মেলবার জায়গা থাকে নাডানা ঝটফটানির মতো এক অসহনীয় মর্মবেদনাই কেবল অনুভব করে। ভারতের সমাজচিত্র দেখতে গেলে সে চিত্রটাই সবচেয়ে স্পষ্ট হয়ে দেখা দেয়।

লিঙ্গ বৈষম্য দূর করতে আমরা যতই মুখে বলি না কেন নারী-পুরুষ সমান সমান, তার অনেক প্রমাণও থাকতে পারে। কিন্তু সমাজ ও মানসিকতা একই জায়গায় রয়ে গিয়েছে, যেমন সমাজে যে বিবাহ প্রথা প্রচলিত আছে সেখানেও একটা সমস্যা তৈরি

হয় উপহার নিয়ে। আমাদের এই মানসিকতা তৈরি হয় যে ছেলের বিয়ে জন্য আলাদা উপহার আবার মেয়ে হলে তার জন্য আলাদা। এছাড়াও অক্সফাম ইন্ডিয়ার একটি নতুন প্রতিবেদন অনুসারে, ভারতে পুরুষ ও মহিলাদের মধ্যে কর্মসংস্থানের ব্যবধানের ৯৮ শতাংশের কারণ লিঙ্গ বৈষম্য। আর এই কারণই আশঙ্কার কারণ যে সত্যিই কী সমাজ এগিয়েছে? প্রতিবেদনে বলা হয়েছে, ভারতে নারীরা তাদের শিক্ষাগত যোগ্যতা এবং পুরুষদের মতো কাজের অভিজ্ঞতা থাকা সত্ত্বেও সামাজিক এবং নিয়োগকর্তাদের কুসংস্কারের কারণে বৈষম্যের শিকার।

অক্সফাম ইন্ডিয়ার ইন্ডিয়া ডিসক্রিমিনেশন রিপোর্ট ২০২২ বলে যে বৈষম্যের কারণে কর্মক্ষেত্রে গ্রামীণ এলাকায় নারীদের ১০০ শতাংশ কর্মসংস্থান বৈষম্য এবং ৯৮ শতাংশ শহরাঞ্চলে। প্রতিবেদনে আরও বলা হয়েছে স্ব-নিযুক্ত পুরুষরা মহিলাদের তুলনায় ২.৫ গুণ বেশি উপার্জন করে। যার ৮৩ শতাংশ লিঙ্গ-ভিত্তিক বৈষম্যের জন্য দায়ী এবং পুরুষ ও মহিলা নৈমিত্তিক মজুরি শ্রমিকদের উপার্জনের মধ্যে ব্যবধানের ৯৫ শতাংশই হয় বৈষম্যের কারণে।

পুরুষ ও মহিলার মধ্যে উপার্জনের ব্যবধানের সর্বোচ্চ ৯১.১ শতাংশ বৈষম্য রয়েছে। একাডেমিকভাবে স্বীকৃত পরিসংখ্যান মডেলটি এখন শ্রমবাজারে নারীদের বৈষম্যের পরিমাণ নির্ধারণ করতে সক্ষম। প্রতিবেদনে বলা হয়েছে, বেতনভোগী মহিলাদের জন্য নিম্ন মজুরির ৬৭ শতাংশ কারণ বৈষম্য এবং ৩৩ শতাংশ শিক্ষা ও কাজের অভিজ্ঞতার অভাবের কারণে।

অক্সফ্যাম ইন্ডিয়া সমস্ত মহিলাদের জন্য সমান মজুরি এবং কাজের সুরক্ষা এবং অধিকারের জন্য কার্যকর ব্যবস্থা কার্যকর করার জন্য সরকারকে সক্রিয়ভাবে আহ্বান জানিয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, ভারত সরকারের উচিত বেতন বৃদ্ধি, দক্ষতা বৃদ্ধি, চাকরি সংরক্ষণ এবং মাতৃত্বের পরে সহজে কাজে ফিরে যাওয়ার বিকল্প সহ কর্মশক্তিতে মহিলাদের অংশগ্রহণকে উৎসাহিত করা। অক্সফাম ইন্ডিয়ার সিইও অমিতাভ বেহার বলেছেন, পুরুষ এবং মহিলা সমান সময়ে কাজ শুরু করলেও বৈষম্যের কারণে মহিলারা অর্থনৈতিক ক্ষেত্রে বৈষম্যের শিকার হবেন। যেখানে তিনি নিয়মিত বেতনপ্রাপ্ত, নৈমিত্তিক এবং স্ব-কর্মসংস্থানে পিছিয়ে থাকবেন।

তবে যাইহোক না কেন বিগত দিনের তুলনায় আজ বিশ্বে এগিয়ে যাচ্ছে নারী, বিশেষ করে তথ্যপ্রযুক্তির ব্যবহার দেশের নারীসমাজকে এগিয়ে দিয়েছে কয়েক ধাপ। একই সঙ্গে বেড়েছে ক্ষমতায়নের সুযোগ। সারাবিশ্বের মতো ভারত সরকারও ডিজিটাল ইন্ডিয়া গড়ার প্রত্যয়ে তথ্যপ্রযুক্তি খাতে নারীদের সম্পৃক্ত করতে বিশেষ গুরুত্ব দিয়েছে।

ওয়ার্ল ইকোনমিক ফোরাম প্রকাশিত বৈশ্বিক লিঙ্গ বিভাজন সূচক ২০২২ (Global Gender Gap Index) অনুযায়ী ১৪৬টি দেশের মধ্যে ভারতের অবস্থান ১৩৫তম। ডিজিটাল খাতে বর্তমান বিশ্বের অগ্রগতিকে নারী-পুরুষের বৈষম্য দূরীকরণের লক্ষ্যে কাজে লাগানো, যাতে নারীর সমান অধিকার প্রতিষ্ঠা পায় ও যৌন সহিংসতা মোকাবিলায় প্রযুক্তি হয় গণতান্ত্রিক এবং মানবিক দৃষ্টিভঙ্গির সহায়ক ও সৃজনশীল।

বর্তমানে সমাজের প্রায় সব খাতেই নারীর অংশগ্রহণ দৃশ্যমান হচ্ছে। শিক্ষার ক্ষেত্রেও মেয়েরা এখন অনেক এগিয়ে। আসলে দেশের দশের অগ্রগতির জন্য নারীদেরও শিক্ষার আঙ্গিনায় এনে সম্পূর্ণ রূপে তাদের অধিকার দিতে হবে। তাই স্বামী বিবেকানন্দ বলেছিলেন 'There is no hope of rise for that family or Country where there is no education of woman, where there live is sadness. For this reason they have to be raised first.' শুধু পুরুষ জাতিকে শিক্ষিত করে দেশের উন্নতি হতে পারে না। এক ডানার উপর নির্ভর করে কোন পাখিই যেমন উড়তে পারে না ঠিক তেমনি হবে দেশের অবস্থা। তাই নারী জাতিকেও শিক্ষিত হতে হবে, তারা শিক্ষিত হলে ভবিষ্যতে তারা তাদের সন্তান-সন্ততিদের শিক্ষাদান করবে, ফলে দেশের মুখ উজ্জ্বল হবে। কারণ জন্মগ্রহনের পর শিশু তার প্রথম শিক্ষা লাভ করে পরিবার থেকে, আর এক্ষেত্রে যিনি সবচেয়ে বেশী ভূমিকা পালন করেন তিনি হলেন একজন নারী, একজন মা। আবার ভারতের জাতির জনক মহাত্মা গান্ধীও বলেছিলেন, 'একজন পুরুষকে শিক্ষিত করা মানে একজন মানুষকে শিক্ষিত করা, কিন্তু একজন নারীকে শিক্ষিত করা মানে গোটা সমাজকে শিক্ষিত করা'। তাই নারী শিক্ষার প্রতি যে বৈষম্য তা বর্তমানে অনেকটা দূর করা এবং তাদের সমান অধিকার ও স্বাধীনতা প্রদান করা সম্ভব হয়েছে। যার ফলস্বরূপ আমরা দেখতে পাই পোশাক শিল্পের কৃতিত্বের সিংহভাগই নারী। শুধু তাই নয়, খেলাধূলা, রাজনীতি, পাইলট, শিক্ষক, ডাক্তার, উকিল, জর্জ প্রায় সর্বক্ষেত্রে নারী আজ পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে পুরুষের সঙ্গে সমতা বজায় রেখে চলেছে। কাজেই নারী সম্পর্কে পুরুষতান্ত্রিক যে মনোভাব তা দূর করতে হবে এবং নারীকে স্বাধীনতা, অধিকার, ক্ষমতায়ন করে দেশের সামগ্রিক উন্নয়নে এগিয়ে যেতে হবে।

গ্রন্থপঞ্জী :

১. শ্যামলী গুপ্ত ও অনুশীলা দাশগুপ্ত— রাজনীতি ও সাহিত্য শিল্পের অঙ্গনে নারী, এন.ই. পাবলিশার্স, কলকাতা, ২০০৭।

২. শেফালী মৈত্র, নৈতিকতা ও নারীবাদ, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট মিলিটেড, কলকাতা, ২০০৩।
৩. ডঃ চিত্ত মন্ডল, নারী নির্যাতন নারী আন্দোলন, নবজাতক প্রকাশন, কলকাতা, ২০০৬।
৪. শ্যামলী গুপ্ত, নারী আন্দোলনের বিভিন্ন ধারা, দীপ প্রকাশন, কলকাতা, ২০০৭।
৫. কান্তি বিশ্বাস, বিশ্ব প্রেক্ষাপটে ভারতের নারীসমাজ : অতীত ও বর্তমান, দেশহিতৈষী, শারদ সংখ্যা, ২০১১।
৬. তোফাজ্জল হোসেন, জাতিসংঘ, আগামী প্রকাশনী, ঢাকা, ২০০৭।
৭. অমর্ত সেন, জীবনযাত্রা ও অর্থনীতি, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৯০।

প্রসঙ্গ নারীবাদ: তসলিমা নাসরিনের 'নির্বাচিত কলাম' এর প্রেক্ষিতে

শিউলি দেবনাথ (স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

'নারীবাদ' তত্ত্ব বা দর্শনটির উন্মেষের পশ্চাতে আছে এক সুগভীর বঞ্চনার ইতিহাস।১৮৩৭ সালে ফরাসী দার্শনিক ও ইউটোপীয় সমাজবাদী চার্লস ফুরিয়ে 'নারীবাদ'(feminism) শব্দটির আনুষ্ঠানিক ব্যবহার করেন বলে ধারণা করা হয়। অক্সফোর্ড ইংরেজি অভিধান অনুযায়ী 'নারীবাদ' শব্দের উৎপত্তি কাল ১৮৫২ খ্রীষ্টাব্দ। নারীবাদী আন্দোলনের সূত্রপাত হয়েছিল নারীদের ভোটাধিকারকে কেন্দ্র করে। নারীকে সামাজিক অগ্রগতির ধারক ও বাহক ভাবা তো অনেক দূরের কথা তাকে মানুষ হিসাবে স্বীকৃতি দানও পুরুষতান্ত্রিক সমাজের কাছে দুঃস্বপ্নের সমান। সেখানে নারীদের ভোটাধিকার প্রয়োগের ক্ষমতা দান প্রহসনেরই নামান্তর। এই সামাজিক বঞ্চনার বিরুদ্ধে নারীরা প্রথম আওয়াজ তোলেন। নারীবাদী আন্দোলনের প্রথম ঢেউটি আছড়ে পড়ে উনবিংশ শতকের প্রথম ভাগে। ব্রিটেনের উপনিবেশগুলোতে প্রথম নারীদের ভোটাধিকার দানের জন্য আন্দোলন সংগঠিত হয়। নারীবাদী আন্দোলনের দ্বিতীয় তরঙ্গটি আসে নারীবাদী আন্দোলনের বিভিন্ন কর্মসূচি ও মতাদর্শকে কেন্দ্র করে। এই পর্যায়ে নারীর সামাজিক ও আইনগত সাম্য প্রতিষ্ঠার উপর জোর দেওয়া হয়। তৃতীয় তরঙ্গটি আসে ১৯৯০ এর দশকের একটি ভিন্নমুখী ক্ষেত্রে। এ ক্ষেত্রে লিঙ্গনির্ভর প্রথাগত সামাজিক মূল্যবোধের ক্ষেত্রে একাধিক আমূল পরিবর্তনের পক্ষে সওয়াল করা হয়।

প্রাচীন ভারতের নারীদের একটা সম্মানের জায়গা ছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে সেই সম্মান তাত্ত্বিক ক্ষেত্রেই সীমাবদ্ধ থাকলো। বাস্তব জীবনে সীমাহীন শোষণ, বঞ্চনা, অত্যাচারের শিকার হয়েছে নারীরা। তার প্রমাণ সতীদাহ, বিধবা বিবাহ থেকে শুরু করে কন্যা ভ্রূণ হত্যা, নারী নির্যাতনের নানান ঘটনা। ভারতে নারীবাদী আন্দোলনের সূত্রপাত ঘটে সতীদাহ প্রথা নিবারণের ঘটনাকে কেন্দ্র করে। দ্বিতীয়ার্ধে এর সূত্রপাত হয় নারী শিক্ষা বিস্তার ও ভারতীয় স্বাধীনতা আন্দোলনেনারীদের অংশগ্রহণের ঘটনাকে কেন্দ্র করে। তৃতীয় পর্যায়ে নারীর সামাজিক ও অর্থনৈতিক নানাক্ষেত্রে স্বাধীনতা, স্বীকৃতি দানের কর্মসূচিকে কেন্দ্র করে এই আন্দোলন গড়ে ওঠে।

নারীদের এই বঞ্চণা, অত্যাচারের পিছনের কারণ অনুসন্ধান করলে দুটি সঙ্গত কারণ পাওয়া যায়। এগুলির মধ্যে একটি মেয়েদের শারীরিক যন্ত্রণার ইতিহাস। ঋতুকালীন যন্ত্রণা এবং গর্ভধারণকালীন সময়ে বা পরবর্তী সময়ে মেয়েদের নানা

শারীরিক প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়। তাছাড়া একটা বিরাট সময় এই অধ্যায়ে চলে যায়। ফলত নারী এসব কারণে পুরুষদের থেকে পিছিয়ে যায়। এবং সেই সুযোগকে ব্যবহার করে পুরুষরা এগিয়ে যায়। এই বিষয়ে প্রশ্ন উঠতে পারে তবে আদিবাসী সমাজ মাতৃতান্ত্রিক থাকে কীভাবে! এই প্রশ্নেরও একটা সঙ্গত উত্তর পাওয়া যাবে একটু গভীর দৃষ্টিপাত করলে। আদিবাসী সমাজে মেয়েরা জন্ম থেকে জেনে আসছে তাদেরকে সংসারের হাল ধরতে হবে। সুতরাং তারা নিজেদের মনন সেভাবেই তৈরি করে নেয়। কিন্তু গড়পড়তা ভারতীয় বা বাঙালি সমাজে মেয়েরা জন্মাবধি জেনে আসছে তারা পরজীবী। মনুসংহিতার ৯/৩ অধ্যায়ে আছে,

"পিতা রক্ষতি কৌমারে ভর্তা রক্ষতি যৌবনে।
রক্ষন্তি স্থবিরে পুত্রা ন স্ত্রী স্বাতন্ত্র্যমর্হতি।।" [১]

(শাস্ত্রমতে বিবাহের পূর্বে স্ত্রী জাতিকে কন্যা অবস্থায় পিতা রক্ষা করবেন। যৌবন অবস্থায় বিবাহিত স্ত্রীকে স্বামী রক্ষা করবেন। বৃদ্ধকালে পুত্র রক্ষা করবেন। এমনকি পতি পুত্রহীন নারীকেও নিকটস্থ পিতৃ প্রভৃতিরা রক্ষা করবেন, কোন অবস্থাতেই স্ত্রী জাতি স্বাধীন থাকবেন না।) এইরকম মানসিক স্থিতি নিয়ে ভারতীয় তথা বাঙালি সমাজের নারীরা বেড়ে ওঠে। তাহলে কীভাবে স্বাধীন হয়ে নিজের অবস্থানকে স্পষ্ট, সুদৃঢ় করবে! মূলত জন্মের থেকেই নারীদের মানসিক স্থিতিকে পরাধীন করে দেওয়া হয়। যার ফলে সেই গণ্ডির বাইরে আসার কল্পনা করাটাও তাদের কাছে অলীক মনে হয়।

নারীবাদকে উপলব্ধি করতে হলে কঠোর বা মৌলবাদী দৃষ্টিভঙ্গি দিয়ে ব্যাখ্যা করলে চলবে না। তবে একথা ঠিক যে যখন প্রথম নারীবাদ তত্ত্বের উদ্ভব হয়েছিল তখন একটু কট্টোর মনোভাব বজায় ছিল। সেটা সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণও। কেননা সীমাহীন বঞ্চনার প্রতিবাদ জোরদার সাড়া জাগানোর মতো না হলে তার গুরুত্ব, প্রচার দুটোই কম হবে। কিন্তু বর্তমানে নারীবাদের মূল তাত্ত্বিক ব্যাখ্যায় প্রাধান্য পেয়েছে মানবতাবাদ। নারীদের পুরুষদের সমতুল্য করার দাবি এখানে উত্থাপন করা হয় না। নারীদেরকে মানুষ হিসেবে স্বীকৃতিদানই বর্তমান নারীবাদী তত্ত্বের মূল উদ্দেশ্য।

তসলিমা নাসরিন একজন সাহিত্যিক এবং চিকিৎসক। বাংলাদেশের ময়মনসিংহে তাঁর জন্ম ১৯৬২ সালের ২৫শে আগস্ট। ২০ শতকের আশির দশকে সাহিত্য জগতে এক উদীয়মান কবি হিসেবে তিনি আত্মপ্রকাশ করেন। লিঙ্গ সমতা, মুক্ত চিন্তা, নাস্তিক্যবাদ এবং তথাকথিত ধর্মীয় সংস্কারের বিরুদ্ধে সরাসরি আঘাত হানায় তাকে মৌলবাদীদের রোষানলে পড়তে হয় এবং বাংলাদেশ সরকারের সহযোগিতা না পাওয়ায় তাকে দেশ ত্যাগ করতে হয় ১৯৯৪ সালে। ২৯ বছরের নির্বাসিত জীবনে তিনি বিশ্বের

নানান দেশে কাটিয়েছেন। সুইডেন সরকার তাকে নাগরিকত্ব প্রদান করেছেন। আমেরিকাতেও তিনি দীর্ঘ সময় কাটিয়েছেন। তিনি আর পাঁচটা মানুষের মতো অনায়াসে আরাম আয়েসে বিদেশে জীবন কাটিয়ে দিতে পারতেন। কিন্তু তার বাঙালি মানস কোথাও তৃপ্তি পায়নি। তাই তিনি বাঙালি সংস্কৃতি ও সাহিত্যের কাছে থাকতে শেষ পর্যন্ত ভারতবর্ষের দিল্লিতে বর্তমানে অজ্ঞাতবাসে আছেন।

তাকে তাঁর নিজের দেশ থেকে নির্বাসিত করা হয়। বারবার ধর্মীয় মৌলবাদ ও পুরুষতন্ত্রের ধ্বজাধারীদের কাছ থেকে নানান ধরনের হুমকি পাওয়ার পরও তিনি নিজের আদর্শ থেকে এতটুকু বিচ্যুত হন নি। একক অবস্থানে তিনি তাঁর মতাদর্শে অনড় আছেন।

প্রথম কাব্য

শিকড়ে বিপুল ক্ষুদা (১৯৮১)
নির্বাসিত বহিবে অন্তরে (১৯৮৯)
আমার কিছু যায় আসে না (১৯৯০)
অতলে অন্তরীণ (১৯৯১)
বালিকার গোল্লাছুট (১৯৯২)
বেহুলা একা ভাসিয়েছিল ভেলা (১৯৯৩)
আয় কষ্ট ঝেঁপে, জীবন দেবো মেপে (১৯৯৪)
নির্বাসিত নারীর কবিতা (১৯৯৬)
জলপদ্য (২০০০)
খালি খালি লাগে। (২০০৪)
কিছুক্ষণ থাকো (২০০৫)
ভালোবাসো? ছাইবাসো! (২০০৭)
বন্দিনী (২০০৮)

প্রবন্ধ সংকলন

নির্বাচিত কলাম (১৯৯০)
যাবো না কেন? যাবো (১৯৯১)
নষ্ট মেয়ের নষ্ট গল্প (১৯৯২)
ছোট ছোট দুঃখ কথা (১৯৯৪)
নারীর কোন দেশ নেই (২০০৭)
নিষিদ্ধ (২০১৪)
তসলিমা নাসরিনের গদ্য পদ্য (২০১৫)

উপন্যাস

অপরপক্ষ (১৯৯২)
শোধ (১৯৯২)
নিমন্ত্রন (১৯৯৩)
ফেরা (১৯৯৩)
লজ্জা (১৯৯৩)
ভ্রমর কইও গিয়া (১৯৯৪)
ফরাসী প্রেমিক (২০০২)
শরম (২০০৯)

ছোটগল্প

দুঃখবতী মেয়ে (১৯৯৪)
মিনু (২০০৭)

আত্মজীবনী

আমার মেয়েবেলা (১৯৯২)
উতল হাওয়া (২০০২)
ক, পশ্চিমবঙ্গে দ্বিখণ্ডিত নামে প্রকাশিত (২০০৩)
সেই সব অন্ধকার ২০০৪
আমি ভাল নেই,তুমি ভাল থেকো প্রিয় দেশ ২০০৬
নেই কিছু নেই ২০১০
নির্বাসন ২০১২

তসলিমা নাসরিনের জীবন ভিত্তিক প্রথম চলচিত্র 'নির্বাসিত'। ২০১৪ সালে মুম্বাই চলচ্চিত্র উৎসবে মুক্তি পায়, ২০১৫ সালে এই চলচ্চিত্র শ্রেষ্ঠ বাংলা চলচ্চিত্র বিভাগে ৬২ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করে।

তসলিমা নাসরিনের প্রথম গদ্যকর্ম 'নির্বাচিত কলাম'। ১৯৯০ সালে গ্রন্থটি প্রকাশিত হয় এবং সেই বছর গ্রন্থটি আনন্দ পুরস্কার লাভ করে। প্রাত্যহিক জীবনে নারীরা যে সীমাহীন শারীরিক, মানসিক বঞ্চনা, অত্যাচার, শোষণের সম্মুখীন হয়, সেই অত্যাচারের বিরুদ্ধে তেমন কোনো প্রতিবাদ সংগঠিত হতে দেখা যায় না। 'নির্বাচিত কলাম' এ লেখিকা মেয়েদের সাথে হওয়া সেই সব অত্যাচারের এক আলেখ্য তুলে ধরেছেন। সহজ করে বললে বলা যায় যে পুরুষ শাসিত সমাজে নারীদের কীভাবে অত্যাচারিত, লাঞ্ছিত হতে হয় 'নির্বাচিত কলাম' তার এক সহজপাঠ।

আমাদের ভারত ও তার প্রতিবেশী দেশগুলিতে দৈনন্দিন জীবনে নারীদের বিভিন্ন রকম সামাজিক শোষণ ও হেনস্থার শিকার হতে হয়। বেশিরভাগ সময় নারীরা সপরিচয়ে পরিচিত হয় না। বিয়ের আগে বাবার পরিচয় এবং বিয়ের পর স্বামী নামক এক পুরুষতান্ত্রিক কাঠামোর দ্বারা পরিচিতি পায় এবং পরিচালিত হয়। এই জন্যই কর্তা, স্বামী, সাহেব ইত্যাদি বলে স্ত্রীরা তাদের জীবনসাথীকে অভিহিত করে থাকেন। লেখিকা বলছেন—

"এদের জীবনে এদের সাহেবের আদেশ ছাড়া কোন কিছু কার্যকর হয় না। আমি অনেক চিকিৎসক মেয়ের কথা জানি যারা স্বামীর বিদেশে চাকরির নিশ্চয়তা এবং নিজের চাকরির অনিশ্চয়তা নিয়ে কেবল স্বামীর সঙ্গী হিসাবে বিদেশে পাড়ি দেয়।" [২]

তাহলে স্পষ্টতই বোঝা যায় যে মেয়েদের এই নির্ভরতা শিক্ষিত বা অশিক্ষিত হওয়ার উপর নির্ভর করে না। এখানে কাজ করে এক আজন্ম লালিত লতানো ভাবনা। মেয়েদের মানসিক স্থিতিই পরনির্ভরশীলতায় দাঁড়িয়ে গেছে। শিক্ষিত হওয়ার পর কিছু কিছু মেয়েদের আত্মপ্রতিষ্ঠার চাহিদাকে নস্যাৎ করে দিয়েছে প্রচলিত ভাবনা। প্রতিষ্ঠিত হতে গেলে আগে পরনির্ভরশীলতার ভাবনাকে সমূলে উপড়ে ফেলতে হবে। এ প্রসঙ্গে বলা যায় উনিশ কিংবা বিশের দশকে বাঙালি নারীদের একাকী ভ্রমণের স্বাধীনতা ছিল না। আজকের দিনে এসে দাঁড়িয়েও সেই স্বাধীনতা কত শতাংশ নারীরা উপভোগ করে তা চারপাশে একটু দৃষ্টিপাত করলেই ছবিটা স্পষ্ট হয়ে যাবে। তসলিমা নাসরিন বলেছেন—

"মেয়েদের পায়ের শৃঙ্খল খুব শক্ত শৃংঙ্খল। হাত পা ছেড়ে বসে থাকলে কেউ তার শিকল খুলে দিয়ে বলবে না, বেরিয়ে আয়। রূপকথায় শুভারার্থী পাওয়া যায় বাস্তবে নয়।"[৩]

প্রত্যেক মানুষেরই কিছু সহজাত বৈশিষ্ট্য থাকে। মানুষ হিসাবে মেয়েদের ক্ষেত্রেও সেগুলি একই থাকার কথা ছিল কিন্তু বাস্তব সমাজে তেমনটা চোখে পড়ে না। লেখিকা তার জীবনের একটি খারাপ অভিজ্ঞতার কথা 'নির্বাচিত কলামে' উল্লেখ করেছেন। কৈশোরে একটি গাছে উঠতে চাইলে তার মা তাকে বলেছিলেন, "মেয়েরা গাছে উঠলে মরে যায়"। লেখিকা তারপর বলেছেন—

"বড় হয়ে উদ্ভিদবিজ্ঞান ঘেঁটে নারীর স্পর্শের সঙ্গে বৃক্ষ বাঁচা মরার কোন সম্পর্ক খুঁজে পাইনি।"[৪]

বাস্তবে দেখা যায় মেয়ে শিশুর জন্য রান্না বাটি, মেকআপ বক্স, গৃহস্থালী সম্পর্কিত উপকরণ নির্বাচন করেন তার পরিবার ও আত্মীয়-স্বজনেরা। অন্যদিকে পুরুষ শিশুর জন্য নির্ধারিত তালিকায় থাকে গাড়ি, বন্দুক গৃহস্থালী বহির্ভূত জিনিস। শৈশব থেকেই মেয়েদের জীবনশৈলীর আত্মমুখীনতা পুরুষতান্ত্রিক সমাজে গড়ে উঠতে দেখা যায়।

পুরুষ তান্ত্রিক সমাজে নারীর পোশাকের ক্ষেত্রেও বিবিধ নিষেধাজ্ঞা আছে। লেখিকার মনের সহজ, সংগত প্রশ্ন—

"সৌন্দর্য শুধু নারী শরীরে নয় পুরুষ শরীরেও থাকে। বেশভূষা নারীর চেয়ে পুরুষের কম নয় তবে আবৃত করে রাখবার দায়ী কেবল নারীর একার কেন পুরুষের সৌন্দর্য ও বেশভূষার প্রতিও নারীর দৃষ্টি যায় (বিপরীত লিঙ্গের প্রতি আকর্ষণ পুরুষ এবং নারীর শরীর বিজ্ঞান মতে সমান।)"[৫]

ধর্মগ্রন্থেও নারীকে আচ্ছাদিত করে রাখবার ফতোয়া, নিদান আছে। নারী পুরুষের এই পোশাক বৈষম্য এখন অনেকটাই কমেছে। কিন্তু সমাজের আনাচে-কানাচে এখনো বহুলাংশে আষ্টেপৃষ্ঠে জড়িয়ে আছে। ধর্মীয় অনুশাসন মেনে চলা দেশগুলিতে নারীকে আচ্ছাদিত করে রাখবার দৃশ্য এই সময়ে এসেও ব্যাপক হারে চোখে পড়ে।

মেয়েরা নিজেদের জীবনে যতই উৎকর্ষের পথে হাঁটুক না কেন একটা সময় পরিণতি এসে বিয়েতেই ঠেকে লেখিকা বলেছেন—

"বিয়ের বয়স বলে একটি কথা আছে। তা সমাজের বিভিন্ন শ্রেণীতে বিভিন্ন হুলের আকারে কৈশোর বা কৈশোর উত্তীর্ণ মেয়েদের গায়ে ফোটানো হয়।"[৬]

একটা সস্তা কথা আমাদের সমাজে বহুল প্রচলিত। অত বিদ্যে ফলিয়ে লাভ কি? হাড়ি তো নাড়তেই হবে শেষ পর্যন্ত। শেষ পর্যন্ত। অর্থাৎ মেয়েরা যতই উচ্চ শিক্ষা বা উন্নতির পথে হাঁটুক না কেন পুরুষতান্ত্রিক সমাজ তাদের আত্ম প্রতিষ্ঠার স্বপ্নকে দিবাস্বপ্ন করে দিতে চায়। হিন্দু বা মুসলিম সব ক্ষেত্রেই বিয়ে নামক বস্তুটি দিয়ে উচ্চ শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন মেয়েদেরও আত্ম প্রতিষ্ঠার চাহিদাকে সমাজ দিবাস্বপ্নে পর্যবসিত করে।

নারীর নারীদের সর্বপেক্ষা গুরুত্বপূর্ণ মানদন্ড হল তার সতীত্ব। এমনটাই পুরুষতান্ত্রিক সমাজের বেশিরভাগ মানুষের ধারণা। সতীত্বের পরীক্ষায় ফেল হলে নারী জীবনের সমস্ত পরীক্ষাতেই ফেল। এই জন্য একজন নারী, পুরুষ শাসিত সমাজ বা পুরুষ যার সম্মানহানি করেছে, তাকেই সমাজের কাছে মুখ লুকিয়ে থাকতে হয়। শুধু পুরুষতান্ত্রিক সমাজের দ্বারা মগজ ধোলাই দেওয়া মেয়েদের কাছেও সেই মেয়েকে বা নারীকে শুনতে হয় "কই আমার সাথে তো এমন হয় না"। আসলে নারীর শরীর আকর্ষণের মূল বিষয়বস্তু। গ্রন্থটি শুরুতেই তসলিমা নাসরিন তার জীবনের এক ভয়াবহ অভিজ্ঞতার কথা জানিয়েছেন। বাংলাদেশের একটি প্রেক্ষাগৃহে কীভাবে তাকে শারীরিক হেনস্থার শিকার হতে হয়েছিল। তাঁর বাহুতে জ্বলন্ত সিগারেটের ছ্যাঁকা দিয়েছিল একটি পুরুষ। কিন্তু তিনি সেদিন তার কোন প্রতিবাদ করেননি। কারণ প্রতিবাদ করলে লোকে প্রথমে যা যা জানতে চাইবে সেটির তিনি যে বাস্তব ব্যাখা তিনি দিয়েছেন তা আজকের দিনে অনেক মেয়েদের কাছেই প্রাসঙ্গিক।

"ওই বয়সেই চোখের সামনে স্পষ্ট দেখতে পাচ্ছিলাম আমি ছেলেটিকে ধরবো অথবা ধরার জন্য লোকজনের সাহায্য চাইবো, সবাই আমাকে ভিড় করে দেখবে, আমার শরীরের বাঁক দেখবে, উজ্জ্বলতা দেখবে, যন্ত্রনা দেখবে, আমার আর্তস্বর, আমার ক্রোধ ,আমার কান্না দেখবে। কেউ আহা করবে, কেউ গায়ে পড়ে জানতে চাইবে ব্যাপারটা কি আসলে সবাই তারা আমাকে উপভোগ করবে, আমার অসহায়ত্ব উপভোগ করবে, আমার নিরাপত্তাহীনতা উপভোগ করবে।"[৭]

নারীর শরীরের আকর্ষণ কে কাজে লাগিয়ে নারীদর অঙ্গ সৌষ্টবকে বিভিন্ন বিজ্ঞাপনে ব্যবহার করা হয়। ঐসব বিজ্ঞাপনে মূলত নারী শরীরকে দেখানো হয় মানুষকে আকর্ষিত করার জন্য।

নারীর শরীরটাকে এমন ভাবে ট্যাবু করে রাখা হয়েছে এই সমাজে যে নারী শরীরের বিশেষ কোন অঙ্গে, বিশেষ করে যৌনাঙ্গের কোন অংশে কোন রোগ হলে ডাক্তারের কাছেও সেটিকে নিয়ে খোলাখুলি আলোচনা করতে তারা ভয় পায়, সংকুচিত হয়। দেশের বেশিরভাগ নারী এই কারণে আজ যৌন রোগাক্রান্ত।

নারীর শরীরকে ব্যঙ্গ করে, তার দৈহিক আকৃতি প্রকৃতির উপর নির্ভর করে তাকে বিভিন্ন শ্রেণীতে বিশেষিত করে রেখেছে এই সমাজ। যেমন হস্তিনী, পদ্মিনী, শঙ্খিনী, চিত্রিনী। লেখিকা এই নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। এছাড়াও নারীদের হাজারো নাম বা বিশেষণে কলঙ্কিত করেছে এই সমাজ। যেমন গৃহের সাথে নারীর অন্তরের যোগাযোগ স্থাপন করেছে এই পুরুষ শাসিত সমাজ। তাই নারীদের অন্তপুরিকা, পুরনারী, পুরলক্ষ্মী, পুরাঙ্গনা, পুরশ্রী, পৌরস্ত্রী, পুরবালা, পুরবাসিনী নামে অভিহিত করা হয়েছে।

সব ধরনের মেয়েদের বর্ণবাদের শিকার হতে হয়। বিয়ের বাজারে ফর্সা মেয়েদের দাম বেশি। কালো মেয়েদের "গায়ের রং ময়লা" বলে যে ব্যাঙ্গের রেশ শুনতে হয় তা ভুক্তভোগিরাই জানে। সব মিলিয়ে মেয়েদের প্রায়ই মারাত্মক রকমের বডিসেমিং-এর সম্মুখীন হতে হয়।

সাহিত্যক্ষেত্রে মেয়েদের অবস্থান নিয়ে 'নির্বাচিত কলাম'-এ বিস্তৃত আলোচনা পাওয়া যায়। একজন নারী সাহিত্যিক সাহিত্য ক্ষেত্রে যতই প্রতিভাবান হন না কেন বেশিরভাগ ক্ষেত্রে তাকে মেয়েদের মধ্যে ভালো লেখে এ ধরনের মন্তব্যের সম্মুখীন হতে হয়। লেখিকা বলেছেন—

"কিন্তু কখনো ফরিদ ভালো লেখে নাকি আমি ভালো লিখি নাকি শাহরিয়ার ভালো লেখে এই কথা ওঠেনা কারণ আমি তো মেয়ে, আমার বিচার হবে মেয়েদের মধ্যে।" [৮]

এ প্রসঙ্গে লেখিকা আরো বলেছেন—

"একটি মেয়ে লিখতে শুরু করলে তার লেখার চেয়ে তার নাড়ী নক্ষত্রের প্রতি মানুষের আকর্ষণ জন্মায়।"[৯]

এখনো পর্যন্ত লেখিকার সাহিত্যকর্মের থেকে তাঁর ব্যক্তিগত অতীত, বর্তমান নিয়ে মানুষের যে অনুসন্ধিৎসার শেষ নেই তা গুগল সার্চ করলেই স্পষ্ট হয়ে যায়।

অভিধানে নারীর সমার্থক শব্দগুলো পুরুষ শাসিত সমাজে নারীর অবস্থানের প্রকৃত স্বরূপকে চিনিয়ে দেয়।

মহিলা : মহলের মধ্যে জীবন যাপন করেন যারা।

রমণী : রমনক্রিয়ায় অংশগ্রহণকারিনী বা রমনক্রিয়ায় সন্তোষ প্রদায়িনী।

নারীকে যৌন ক্রিয়ার মাধ্যম হিসাবে এই সমাজের একটা শ্রেণীর মানুষ নির্ধারণ করে রেখেছে। তার প্রমাণ পাওয়া যায় পিনোস্তনী, সুশ্রোণী ইত্যাদি নানান রকমের যৌন অঙ্গের সঙ্গে মিলিয়ে নারীর বিভিন্ন নাম নির্ধারণকে দেখলে।

বাংলা অভিধানে পুরুষ ও নারী শব্দটির সমার্থক শব্দ

পুরুষ : পুরুষ মানুষ, ব্যাটা ছেলে, ছেলে, মরদ, মানব, মনুষ্য।

নারী : স্ত্রী, মেয়ে, স্ত্রীলোক, রমণী ইত্যাদি।

উপরে উক্ত বিশ্লেষণে দেখা যায় পুরুষ শব্দের সাথে মানুষ শব্দটি যতটা সমার্থক নারীর সাথে ততটা সমার্থক নয়।

তবুও আজকের দিনে যখন নারী অন্তপুর এর আগল ঘুচিয়ে বাইরে আসতে চাইছে তখন নারীকে হাজারো বাঁধার সম্মুখীন হতে হচ্ছে তাকে। 'চরিত্র' নামের কবিতায় লেখিকা সেই চিত্রই দারুণভাবে উপস্থাপিত করেছেন—

"তুমি মেয়ে,
তুমি খুব ভালো করে মনে রেখো
তুমি যখন ঘরের চৌকাঠ ডিঙ্গোবে
লোকে তোমাকে আড়চোখে দেখবে।

যদি তুমি অপদার্থ হও
তুমি পিছু ফিরবে,
আর তা না হলে
যেভাবে যাচ্ছ, যাবে।"[১০]

ভারতীয় সমাজ পরিকাঠামোয় নারী স্বাধীনতা, সাম্য— এসব তাত্ত্বিক বা বইয়ের পাতাতে সীমাবদ্ধ। বাস্তব জীবনে তার প্রয়োগ সীমিত পরিসরে সীমাবদ্ধ। তার বাস্তবিক

উদাহরণ চোখের সামনেই আছে। সম্প্রতি ভারতের চন্দ্রযান উৎক্ষেপনের ক্ষেত্রে একজন নারী মূল ভূমিকায় আছেন। আবার একই সাথে ভারতের কোন এক প্রান্তিক নারীকে ধর্ষণ করে, উলঙ্গ করে রাস্তায় হাঁটানো হচ্ছে। এই সমাজ পরিকাঠামোর দায়িত্ব কার সে প্রশ্নে না গিয়ে লেখিকার সুপরামর্শ মাথায় রাখতে হবে। কুৎসা, ব্যঙ্গ সবকিছুকে অগ্রাহ্য করে নিজের সমৃদ্ধির পথে আরো দৃঢ় থাকতে পারলে নারীও একদিন মানবতার যজ্ঞে পৌরহিত্য করতে পারবে। সমাজ-রাষ্ট্র-ধর্ম-পরিবার সবার চোখ রাঙানোকে উপেক্ষা করে নিজের জীবন দর্শনে লেখিকা যেভাবে অপরাজিত থেকেছেন তা উত্তরসূরিদের কাছে এক দৃষ্টান্ত, পাথেয় হয়ে থাকবে একথা বলাই বাহুল্য।

তথ্যসূত্র :

১. মনুসংহিতা, সম্পাদনা ও অনুবাদ: অধ্যাপক ড: মানুবেন্দ্র বন্দ্যোপাধ্যায় শাস্ত্রী, প্রকাশক : সংস্কৃত পুস্তক ভান্ডার, পুনর্মুদ্রণ ২০১৬, পৃষ্ঠা নং-৮৯০

২. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ: জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-২৫, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৩. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ: জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-১৩, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৪. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ: জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-১৬, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৫. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ: জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং- ৪০, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৬. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ : জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-২৩, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৭. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন,আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ : জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-১, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৮. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ : জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-১৪, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

৯. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ:জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-১৫, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

১০. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণ : জানুয়ারি ২০২২, পৃষ্ঠা নং-৮২, ৮৩, ISBN-৯৭৮৮১৭২১৫১১৬৪

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ

১. নির্বাচিত কলাম, তসলিমা নাসরিন, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বাবিংশ মুদ্রণঃ জানুয়ারি, ২০২২, ISBN : ৯৭৮৮১৭২১৫১১৬৪

সহায়ক গ্রন্থ

১. নারী পৃথিবী বহুস্বর, সংকলন ও সম্পাদনা : বাসবী চক্রবর্তী, উর্বী প্রকাশন, প্রথম প্রকাশঃ নভেম্বর, ২০১১, ISBN : ৯৭৮-৯৩-৮০৬৪৮-১০-১

২. নৈতিকতা ও নারীবাদ : দার্শনিক প্রেক্ষিতের নানা মাত্রা, শেফালী মিত্র, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, দ্বিতীয় সংস্করণ : জুন, ২০০৭

৩. প্রসঙ্গ মানবী বিদ্যা, সম্পাদনা : রাজশ্রী বসু, বাসবি চক্রবর্তী, উর্বী প্রকাশন, দ্বিতীয় মুদ্রণঃ জানুয়ারি, ২০১১, ISBN: ৯৭৮-৯৩-৮০৬৪৮-০৬-৪

ই-সহায়ক

উইকিপিডিয়া

WOMEN'S EMPOWERMENT IMPACT OF WEST BENGAL'S GOVERNMENT'S INITIATIVE ON THE DOMAIN OF THE PRESENT CONTEXT

Azharuddin Molla (Research Scholar, Education, WBSU)
Purnima Khanra (Research Scholar, Education, WBSU)

Abstract:
In the democratic nation of India, both men and women have equal rights under the constitution. In every aspect of practical life, women must be granted the same rights as men. However not all instances of this are noticed. Patriarchal society is highly valued in our local culture. As a result, women are neglected. Women's development is necessary at present scenario. So various schemes are taken up by the government of India and West Bengal as well for the fulfillment of women as backwardness. The West Bengal government has taken several significant actions to better the position of women and support their efforts to obtain rights. The topic of the present discussion is to discuss the impact of various programs undertaken by the West Bengal government in the field of women empowerment.

Key Words: Women Empowerment, Government Schemes, Kanyashree Prakalpa, Lakshmir Bhandar.

Introduction:
Women's empowerment describes the process of giving women better authority over their life and the opportunity to take responsibility for their actions. This can require providing women the freedom to participate in the economy and politics as well as the freedom to decide what they think is best for their own health including wellbeing. Because it can result in a variety of favorable outcomes, Including higher growth and development in the economy, enhanced health and wellbeing, and

much more gender equality, women's empowerment is important. Women's empowerment has always been an important issue in our country. Even through some progress in recent decades, gender equality for women in India remains presents serious difficulties. These difficulties include gender based violence, discrimination, and imitated access to education and different types of opportunities.

The political process can be more inclusive and representative when women are given the opportunity to participate, which will result in policies and programmers that better fulfill the requirements of women and girls. Women who are empowered to participate in politics can have a greater say in the choices that impact their lives and their communities. Female empowerment can also help promote gender equality and the reduction of gender discrimination, which will result in more equitable interaction among man and women and enhance the well-being, satisfaction and general quality of women's life. Improve a multiple aspect of their daily lives, including their ability to obtain better professions, their level of autonomy in their lives, their political participation, and gender equality.

Women can acquire better paying jobs by being given the autonomy to engage fully in the economy, which can help them as well as their families eliminate poverty. Women who are empowered have more influence over their lives and can choose actions that influence their own health, happiness, and future. This can boost their identity, personality and improve their physical as well as mental well-being.

Objectives of the Study:

The study has conducted with the following objectives-

1. In the present study to understand women's empowerment.
2. To understand present status of women's empowerment.
3. Analyze the major problems and government initiatives.
4. To find out the government scheme impact on women's daily life.
5. Discuss West Bengal's government imitative taken for the women's.

Government Schemes:

The West Bengal government should implement some practical government initiatives, including:

Kanyashree Prakalpa: This scheme was launched by Hon'ble Chief Minister of West Bengal Mamata Banerjee on 8th March 2013 and was circulated on 14th August 2013 through awareness programme. The objective was providing financial assistance for girls to pursue higher education and to stop early marriage of girls from poor families. The kanyashree project has designed by the Department of Women Development and Social Welfare of West Bengal. It has three level-

K1-Annual scholarship of Rs. 750/- for girls who are between the ages of 13 to 18 years (enrolled in classes VIII – XII).

K2- The one-time scholarship of Rs. 25000/- for girls who are between the ages of 18 to 19.

K3-On July 28th ,2017 announced that the girls' students who are currently studying at any university can register for K3 scheme. There is no maximum age limit to apply for k3 level. Science stream students will receive Rs.2500 per month

Kanya Shree Prakalpa has received national and international recognition for its design and features of good governance.

Awards received:

- West Bengal Chief Minister's Award for Empowerment of Girls, 2014
বৌদ্ধধর্মের মূল মতবাদ নিজের প্রচেষ্টায়পরিত্রান তথা মুক্তিলাভ; এবং সেক্ষেত্রে পুরুষ এবং নারী উভয়েরই আধ্যাত্মিক সমতার কথা বলা হয়েছে। বৌদ্ধদর্শনে ভিক্ষুনীসংঘ প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের ধর্মীয় ক্রিয়া-কলাপ সুনিশ্চিত করা হয়। যা ছিল নারীদের জন্য অন্যতম প্রাথমিক ধর্মীয় সংগঠন। সর্বোচ্চ আধ্যাত্মিক অবস্থা লাভ করার জন্য কোন পুরুষের সাহায্য তথা পুরোহিতের মধ্যস্থতার প্রয়োজন ছিল না। যার মাধ্যমে নারী এবং পুরুষ উভয়ের দ্বারাই আধ্যাত্মিক উন্নয়ন সম্ভব বলে মনে করা হয়। ৪ সমস্ত পুরুষতান্ত্রিক সমাজে তথা হিন্দু সমাজে পুত্রকে বংশের ধারক হিসাবে মনে করা হয়।শুধুমাত্র একজন পুত্রই তার পিতার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করতে পারে। এবং মৃত ব্যক্তির ভবিষ্যৎ সুখ নিশ্চিত করতে পারে বলে মনে করা হত।পুত্র সন্তানহীন স্ত্রীকে ত্যাগ পর্যন্ত করা হত। এমন কথা প্রচলিত ছিল— "Through a son he conquers the world and through a Son's Son he attains immortality."[৫] অর্থাৎ একটি পুত্রের মাধ্যমে ব্যক্তি বিশ্ব জয় করে এবং যদি একটি পুত্রের পুত্র হয় তবে সে অমরত্ব লাভ করে। এই বিশ্বাসের ফলস্বরূপ একটি কণ্যা সন্তানের জন্ম ছিল বিলাপের কারণ।

অপরদিকে বৌদ্ধধর্মে ভবিষ্যতের সুখ, শেষকৃত্যের উপর নির্ভর করে না বরং সেই মৃত ব্যক্তির কর্মের উপর নির্ভর করে। বৌদ্ধদের অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানটি খুবই সহজ, যে কোন ব্যক্তি তা সম্পন্ন করতে পারেন। সেক্ষেত্রে পুত্রের উপস্থিতি বাধ্যতামূলক নয়। তাই কণ্যাসন্তানের জন্ম দুঃখের কারণ হিসাবে বিবেচিত হত না।

বৌদ্ধধর্মে কণ্যাসন্তান জন্মকে অভিশাপ বলে মনে করা হত না, বরং সন্তানের জন্মকে সার্বিকভাবে স্বীকৃতি দেওয়া হত। গৌতমবুদ্ধ নিজে পুত্র বা কণ্যাকে সমান মর্যাদার অধিকারী বলে মনে করতেন। কোশলের রাজা পাসেনাদী তাঁর বৌদ্ধধর্মাবলম্বী রানি মল্লিকার প্রতি কণ্যা সন্তানের জন্মদানের জন্য অসন্তুষ্ট হওয়ায় বুদ্ধদেব কর্তৃক তিরস্কৃত হয়েছিলেন। বুদ্ধদেব বলেছিলেন— "A female offspring, O king may

prove even nobler than a male".[৬] অর্থাৎ বুদ্ধদেব বলেছিলেন যে, কণ্যা যদি তীক্ষ্ণবুদ্ধি সম্পন্ন, ধর্মপ্রবণ এবং স্বামীর প্রতি অনুরক্ত হয়, তবে সেরূপ কন্যা পুত্রের অপেক্ষাও শ্রেষ্ঠ হতে পারে।এমনকি এরূপ কণ্যা দ্বারা রাজ্য শাসন ও অসম্ভব নয়। স্ত্রীলোকের রাজ্য শাসনের উল্লেখ পাওয়া যায় মহাবংসে, যেখানে বলা হয়েছে — রানি অনুলা চারমাস রাজ্য শাসন করেছিলেন।

যে সকল নারী বৌদ্ধ ধর্মের দ্বারা প্রভাবিত হয়েছিলেন তাঁদের সম্বন্ধে যে বর্ণনা পাওয়া যায়, তাতে মনে হয় তাঁরা ধম্মোপদেশ বেশ ভালোই বুঝতে পারতেন এবং তাঁরা শিক্ষিত ছিলেন। প্রকৃতপক্ষে বৌদ্ধ যুগে অনেক নারী শিক্ষাদীক্ষায় পুরুষদের সমকক্ষ ছিলেন। যদিও অবিবাহিতা নারীদের বিদ্যালয়ে পাঠিয়ে শিক্ষা দেওয়া হত কিংবা গৃহেই তাদের শিক্ষার ব্যবস্থা ছিল কি না, সে কথার কোন ইঙ্গিত বৌদ্ধ সাহিত্যে পাওয়া যায় না। কিন্তু শিক্ষিতা নারীর উল্লেখ প্রচুর পরিমানেই পাওয়া যায়। পালি ধর্মগ্রন্থসমূহের মতে থেরীগাথারশ্লোকগুলি ঋষিকল্পা নারীদের দ্বারা রচিত হয়েছিল। নারীদের প্রতিভার প্রমাণ স্বরূপ শুক্লার ধর্মবক্তৃতা এবং ক্ষেমা ও ধর্মদিন্নার দার্শনিক আলোচনার উল্লেখ করা যায়। সংযুক্ত নিকায়[৭] গ্রন্থে বক্তৃতা করতে পারতেন এমন এক রমনীর উল্লেখ পাওয়া যায়। সুক্কা নামক একজন ভিক্ষুণী ধর্ম সম্বন্ধে বক্তৃতা করেছিলেন রাজগৃহে বৃহৎ জনতার সামনে। সুক্কার বক্তৃতা শুনে একজন যক্ষ এতই প্রসন্নতা লাভ করেছিলেন যে, রাজগৃহের রাস্তায় রাস্তায় বলে ফিরছিলেন সুক্কা সুধা বিতরণ করছেন, যাঁরা বুদ্ধিমান তাঁদের সেই সুধা পান করে আসা উচিৎ।

ক্ষেমা নামক এক ভিক্ষুণী বিনয় গ্রন্থ খুব ভালোভাবে আয়ত্ত করেছিলেন। ক্ষেমা শিক্ষিত ও বুদ্ধিমতী ছিলেন। তিনি চমৎকার বক্তৃতা করতে পারতেন এবং তাঁর অসাধারণ প্রত্যুৎপন্নমতিত্ব ছিল। একবার রাজা প্রসেনজিৎ তাঁর কাছে গমন করে প্রমাণ পূর্বক জিজ্ঞাসা করলেন মৃত্যুর পর জীবনের পুনজন্ম হয় কিনা? ক্ষেমা উত্তরে বললেন— ভগবান বুদ্ধ এ কথার কোন উত্তর দেননি। রাজা প্রসেনজিৎ পুনরায় জিজ্ঞাসা করলেন— ভগবান এ প্রশ্নের উত্তর দেননি কেন?তখন ভিক্ষুনী রাজাকে জিজ্ঞাসা করলেন, রাজা এমন কাউকে কি জানেন যিনি গঙ্গার বালুকা এবং সমুদ্রের জলবিন্দু গণনা করতে পারেন? তখন রাজা বললেন তিনি জানেন না। তখন ভিক্ষুনী বললেন,যদি কেউ পঞ্চস্কন্ধের আকর্ষণ থেকে নিজেকে মুক্ত করতে পারে তবে সে অসীম অতলস্পর্শসমুদ্রের আকার ধারণ করে। সুতরাং মৃত্যুর পর এরূপ জীবের পুনজন্ম ধারণার অতীত বস্তু। এই উত্তর শুনে রাজা পরিতৃপ্ত হয়ে তাঁর নিকট থেকে চলেগেলেন। এছাড়াও মধ্যম

নিকায় গ্রন্থে বৌদ্ধদর্শনের সুপন্ডিতা ধম্মদিন্না নামক একজন শিক্ষিতা মহিলার উল্লেখ পাওয়া যায়, যিনি বিনয়গ্রন্থ বিশেষভাবে আয়ত্ত করেছিলেন।[৮]

বিমানবত্থুভাষ্যে[৯] লতা নামক একমাত্র শিক্ষিত রমনীর উল্লেখ পাওয়া যায়। লতা শ্রাবন্তীর জনৈক উপাসকের কণ্যা ছিলেন। তিনি শিক্ষিতা, জ্ঞানী ও বুদ্ধিমতী ছিলেন। আবারসঙ্গমিত্রা নামক এক রমনী ত্রিবিধ বিজ্ঞানে পারদর্শিনী ছিলেন। যাদুবিদ্যাতে তাঁর বিশেষ অভিজ্ঞতা ছিল। বিনয় পিটক তিনি এমনভাবে আয়ত্ত করেছিলেন যে, অন্য লোককে এই শাস্ত্র সম্বন্ধে শিক্ষা দিতে পারতেন। তিনি প্রধানত সুত্তপিটকের পাঁচখানি গ্রন্থ এবং অভিধম্মের সাতখানি গ্রন্থ সম্বন্ধে শিক্ষা দিয়েছিলেন।

বৈদিক যুগে বিবাহের বিষয়ে জ্যোতিষী, নক্ষত্র গণনা, শুভদিন বিচার প্রভৃতির ভূমিকা থাকলেও বৌদ্ধধর্মে এই সমস্ত বিষয়কে কোনভাবেই প্রশ্রয় দেওয়া হত না। গৌতমবুদ্ধের অনুগামীরা মনে করতেন আকাশের এই নক্ষত্রপুঞ্জ নারী-পুরুষের বিবাহের ক্ষেত্রে কোন রকম ভূমিকাই পালন করতে পারে না। আসলে বৌদ্ধদর্শনে কোনরকম কুসংস্কারকেই প্রশ্রয় দেওয়া হত না। থেরীগাথা, মহাবংস এবং জাতক প্রভৃতি গ্রন্থে এরকম উদাহরণ পাওয়া যায় যে, বিবাহে জাতি বা বংশমর্যাদার বিচার করা হয়নি। ধম্মপদত্থকথায[১০] উল্লেখ আছে এক দরিদ্র গৃহের কণ্যা কিসাগোমতীর যখন ধনী বণিকের পুত্রের সঙ্গে বিবাহ হয়েছিল, তখন সে বিবাহে জাতি বা মর্যাদার দিকে লক্ষ্য রাখা হয়নি। এছাড়াও দিব্যাবদানে চন্ডাল সর্দার ত্রিশঙ্কুর উপাখ্যান থেকে দেখা যায় যে, চন্ডাল সর্দারের শিক্ষিত পুত্র শার্দুল কর্ণের সঙ্গে এক ব্রাহ্মন কণ্যার বিবাহ হয়েছিল। ব্রাহ্মণের সঙ্গে চন্ডালের বিবাহের এরূপ দৃষ্টান্ত আমাদের প্রমাণ দেয় যে বৌদ্ধ যুগে কুল, শীল, অর্থ, মর্যাদা ও পদ গৌরব সবক্ষেত্রে বিচার্য বিষয় ছিল না।

বৌদ্ধধর্মে বিবাহের ব্যাপারে কণ্যাদের যথেষ্ট স্বাধীনতা অর্পন করা হত। এই যুগে কণ্যার মতামত ছাড়া পিতামাতা জোড় করে কণ্যার বিবাহ দিতে পারতেন না। তাছাড়াও বৌদ্ধধর্মে কণ্যারা নিজেদের মনোমত বর গ্রহণ করতে পারতেন, স্বয়ংবর সভার মাধ্যমে। এই প্রকার বিবাহে সমবেত পাণিপ্রার্থীদের ভেতর থেকে বেছে নিয়ে কণ্যা তাঁর মনোমত বর গ্রহণ করতেন। উদাহরণ স্বরূপ বলা যায় ধম্মপদত্থকথায়[১১] উল্লিখিত একটি স্বয়ংবর— বিবাহের বিবরণের কথা। অসুররাজ বেপচিত্তি তাঁর কন্যাকে যে কোনও অসুরের সঙ্গে বিবাহ দিতে প্রস্তুত ছিলেন না। তাই তিনি মনস্থ করেন যে তাঁর কন্যাকে তার নিজের মনোমত স্বামী বেছে নেওয়ার সুযোগ দেওয়া হবে। এই উদ্দেশ্যে তিনি কতগুলি অসুরকে সমবেত করে তাঁর কন্যার হাতে পুষ্পমাল্য প্রদানপূর্বক বললেন, এই সমবেত অসুরমন্ডলীর মধ্যে থেকে কন্যার মনোনীত স্বামী বেছে নিতে

এবং কন্যা তার মনোমত একজনকে বেছে নিয়ে তার গলায় পুষ্পমাল্য প্রদান করেছিলেন। এই দৃষ্টান্তের মাধ্যমে নারী স্বাধীনতার একটি উজ্জ্বল দিক ফুটে ওঠে।

বৌদ্ধযুগে সাধারণভাবে এক বিবাহ প্রথা বর্তমান ছিল। তবে বহুবিবাহ প্রথাকে নীতিবিরুদ্ধ বলা হত না। সাধারণত দ্বিতীয় পত্মী গ্রহণ করার প্রধান কারন হল প্রথম পত্নীর বন্ধ্যাত্ব। বৌদ্ধযুগে একথা স্পষ্ট করে বলা হয়েছিল যে স্ত্রী কেবলমাত্র সংসার রক্ষণাবেক্ষণের দায়িত্বই পালন করবে না বা ত্যাগের প্রতিমূর্তি রূপেই তাকে সম্মান প্রদান করা হবে না। তিনি সম্মান পাবেন পরিবারের একজন সদস্যারুপে। স্বামী-স্ত্রীর সম্পর্ক হবে বন্ধুত্বপূর্ণ। স্বামীর সম্পত্তির ওপর স্ত্রীর সম্পূর্ণ অধিকার থাকত। স্বামীর মৃত্যুর পর স্ত্রী প্রাথমিকভাবে উত্তরাধিকারিণী নির্বাচিত হতেন। বৌদ্ধধর্মের নারীর পরামর্শকেও যথেষ্ট সম্মানজনক চোখে দেখা হত। স্ত্রীর প্রভাব শুধুমাত্র গৃহের মধ্যেই সীমাবদ্ধ থাকত না, সম্পূর্ণ সমাজেই তার প্রভাব ছিল। তবে নারীদের ব্যবসা-বাণিজ্য করা, বিদেশ যাওয়ার কোন অধিকার ছিল না। তা সত্বেও বলা যায় যে নারীদের সাথে পরিচ্ছন্ন-স্বচ্ছ মিত্র সুলভ আচরনঅ সমাজ করত।

বৌদ্ধসমাজে নারীদের ভাগ্য সমাজ কর্তৃক নির্ধারিত হত না। বৌদ্ধযুগে নারীকে কখনও ভারবাহী পশু বলে মনে করা হত না। নারী যদি সংসার জীবনে দক্ষ কর্মী না হতেন তাহলে তাঁকে দূরে সরিয়ে দেওয়া হত না। তবে বলা যায় যে, বৌদ্ধযুগে বিবাহে যেহেতু কোনো রকম আইনত বা ধর্মীয় স্বীকৃতির বিষয় গুরুত্ব পায়নি সেহেতু বিবাহ বিচ্ছেদের ঘটনাটিও স্বামী-স্ত্রীর মনের ওপর নির্ভর করত। অর্থাৎ বলা যায় যে বিবাহ বন্ধন ছিন্ন করার প্রখা তখন বিদ্যমান ছিল, কিন্তু এ সম্বন্ধে কোন আইন ছিল না। থেরীগাথায় উল্লেখ পাওয়া যায় যে ইসিদাসী দুবার পিতৃগৃহে প্রত্যাবর্তন করতে বাধ্য হয়েছিলেন। কারণ পর পর দুটি স্বামীর একজনেরও মনোমত না হওয়ায় উভয় স্বামীই তাঁকে গৃহ থেকে বহিস্কার করে দিয়েছিলেন। সুতরাং এই দৃষ্টান্তের মাধ্যমে বিবাহ বিচ্ছেদ এবং দ্বিতীয় পতি গ্রহণ দুটি দিকেরই উল্লেখ পাওয়া যায়।

বৌদ্ধধর্ম বহু ধনী এবং দরিদ্র, বিবাহিত এবং অবিবাহিত রমনীর উপর অদ্ভুত প্রভাব বিস্তার করেছিল। এই ধর্মের দ্বারা আকৃষ্ট হয়ে তারা সম্পূর্ণ নির্বাণ লাভের আকাঙ্খায় সংসার পরিত্যাগ করে পবিত্র জীবন যাপন করেছেন। বুদ্ধদেবের জ্ঞান, বৌদ্ধধর্মে নিহিত সত্য, বৌদ্ধ সম্প্রদায়ভুক্ত লোকেদের আচার ব্যবহারের পদ্ধতির কথা শাক্যবংশের বহু রমনী গৃহকত্রী ও কণ্যা শ্রবণ করেছিলেন। এই সমস্ত রীতিনীতি তাঁদের চিত্তে গভীর শ্রদ্ধার সঞ্চার করেছিল। তাঁরা জন্মচক্রের ভয়ে ভীত হয়ে স্বামী এবং পিতামাতার কাছে সংসার ত্যাগের জন্য অনুমতি প্রার্থনা করেছিলেন। এবং তাঁরা সংসার

ত্যাগ করে ভগবান তথাগত এবং বৌদ্ধধর্মের জ্ঞানীদের উপদেশ শ্রবণ করে তথা কঠোর সংযম ও সাধনার দ্বারা অর্হত্ত্ব অর্জন করেছিলেন।

গৌতম বুদ্ধের সময়— সন্ন্যাসধর্ম নারীদের কাছে কিভাবে প্রতিভাত হয়েছিল তার পরিচয় পাওয়া যায় থেরীগাথা ও তার ভাষ্য থেকে। কোন কোন ক্ষেত্রে বৌদ্ধ রীতিনীতির প্রভাব, বিশেষভাবে বৌদ্ধধর্মের আকর্ষণীয় শক্তি মনের ভেতরে অনুপ্রেরণা জাগিয়ে নারীদের সংসার পরিত্যাগ করে আসতে বাধ্য করত। বহু সন্তানহারা জননী, বন্ধ্যা, বিধবা এবং অনুতপ্তা বারবনিতা, বৌদ্ধধর্মের আকর্ষণী শক্তির দ্বারা অভিভূত হয়ে বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন এবং সংসার পরিত্যাগ করে দুঃখ, তিরস্কার এবং অনুশোচনার হাত থেকে মুক্তি লাভ করেছিলেন। এই ভাবে সংসারের চিন্তা থেকে মুক্তি লাভ করে স্বর্গে অথবা অন্য কোনো আনন্দময় স্থানে পুনর্জন্মের আশায় নারীরা তখনকার দিনে ভিক্ষুনী এবং থেরীদের কঠোর জীবন ও ব্রত অবলম্বন করতেন।

সমস্ত বৌদ্ধ ইতিহাসেই দেখা যায় যে মহাপ্রজাপতি গৌতমী এবং পাঁচশত শাক্য মহিলাই সর্বপ্রথমে সংসারের মায়া কাটিয়ে বাইরে এসেছিলেন এবং তাঁরাই পরবর্তীকালে ভিক্ষুণী সংঘের প্রতিষ্ঠা করেছিলেন। মহাপ্রজাপতি গৌতমী বুদ্ধের ধাত্রীমাতা ছিলেন, রাজকুলে তাঁর জন্ম হলেও রমণীদের মধ্যে তিনি সর্বপ্রথম পার্থিব সমস্ত সুখস্বাচ্ছন্দ্য ত্যাগ করে সন্ন্যাস জীবন গ্রহণ করেছিলেন। মহাপ্রজাপতি গৌতমী এবং আরও কিছু শাক্য মহিলার অভিষেকের পরেই ভিক্ষুণী সংঘ সুপ্রতিষ্ঠিত হয় এবং তারা বহু গ্রামে, শহরে এবং বিভিন্ন জেলাতে ছড়িয়ে পড়েছিলেন।

প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, সংঘে প্রবেশের পূর্বে অনুষ্ঠিত সর্বপ্রকার অপরাধের দন্ড থেকে থেরী এবং ভিক্ষুণীরা মুক্ত ছিলেন। ওল্ডেনবার্গের "বিনয় পিটক"[১২] গ্রন্থের উল্লেখ আছে— যে নারী স্বামীর শয্যা কলুষিত করেছে তার দন্ড অত্যন্ত কঠোর ছিল। এমনকি স্বামী অনায়াসেই এরূপ স্ত্রীর প্রাণ হরণ করতে পারতেন। কিন্তু যদি ব্যভিচারিনী রমণী প্রব্রজ্যা গ্রহণের দ্বারা ভিক্ষুণী সংঘে প্রবেশ করতেন তাহলে তিনি দন্ডের হাত থেকে অব্যাহতি লাভ করতে পারতেন। এ বিষয়ে একটি দৃষ্টান্তের উল্লেখ করা হল— একবার একজন লিচ্ছবির পত্নী ব্যভিচার করে। তখন স্বামী তাকে হত্যা করতে মনস্থ করেন। এই কারণে রমণীটি তখন শ্রাবস্তীতে গিয়ে জনৈক ভিক্ষুণীর কাছে দীক্ষিত হন। স্বামী শ্রাবস্তীতে এসে তার স্ত্রীকে দেখে ক্রোধবশত, কোশলের রাজা পাসেনাদীর কাছে অভিযোগ উপস্থিত করলেন এবং সঙ্গে সঙ্গে সে যে ভিক্ষুণী হয়েছে তাও রাজাকে জ্ঞাপন করলেন। সমস্ত শুনে রাজা বললেন— সে যখন ভিক্ষুণী হয়েছে, তখন তাকে আর কোন দন্ডেই করা সম্ভব নয়।

নারীদের সংঘে প্রবেশকে গৌতম বুদ্ধ আটটি নিয়ম পালনের শর্তসাপেক্ষ করেছিলেন। এই আটটি অনুশাসনকে গুরুধম্মা বলা হয়। ভিক্ষু এবং ভিক্ষুনীদের উভয়ইএই আটটি নিয়ম মানা আবশ্যক। তবে ভিক্ষুণীদের সর্বদা ভিক্ষুর ওপর নির্ভর করে থাকতে হত। প্রসঙ্গত বলা যায় যে, আটটি অনুশাসন পালনের প্রতিশ্রুতি দিয়ে রমনীরা সংঘে প্রবেশের অধিকার লাভ করতেন।

যদিও ভিক্ষুনী সংঘ ছিল কিন্তু বৌদ্ধ ভিক্ষু সমাজে, ভিক্ষুণীরা ভিক্ষুদের তুলনায় হীন রূপেই গণ্য হতেন। কেননা ভিক্ষুীদের সংঘে প্রবেশের অধিকার দেওয়া হলেও পূর্ণ মর্যাদা কখনই প্রদান করা হয়নি। তা সত্বেও একথা বলতেই হয় যে সন্ন্যাসী তথা ভিক্ষুীদের মধ্যে অনেকেই তাদের দক্ষতার দ্বারা সর্বাগ্রে পৌঁছাতে সক্ষম হন। এদের মধ্যে যেমন উল্লেখ যোগ্য ছিলেন—

জ্যেষ্টতার ক্ষেত্রে সর্বাগ্র— মহাপজাপতি গোটামি।
সর্বশ্রেষ্ট প্রজ্ঞায়— খেমো
মানসিক ক্ষমতায় সর্বাগ্রে— উৎপলভ
বিণয় স্মরনে সর্বাগ্রে : পাচারা
ধম্ম বলার ক্ষেত্রে সর্বাগ্রে : ধম্মদিন্নি
দ্রুত অন্তর্দৃষ্টিতে সর্বাগ্রে : ভদ্দু কুশালাকেশী

বৌদ্ধদর্শনে এই সকল মহীয়সী নারীদের উল্লেখ পাওয়া যায়। এছাড়াও পঞ্চম শতাব্দীতে জেন বৌদ্ধধর্মের সাতাশতম ভারতীয় পৃষ্ঠপোষক এবং বোধিধর্মের শিক্ষক, যিনি একজন নারী ছিলেন। লেডি বুদ্ধা, দা নাং ভিয়েতনামের সবচেয়ে বড় বুদ্ধ মূর্তি, যা একজন নারীর বৌদ্ধদর্শনে প্রকৃত অবস্থানকে ব্যক্ত করে। এছাড়াও আইয়া খেমা ছিলেন একজন জার্মান আমেরিকান বৌদ্ধ শিক্ষক এবং থেরাবাদিন বৌদ্ধ সন্ন্যাসী, যিনি প্রথম পশ্চিমা মহিলা ছিলেন। তিনি মহিলাদের বৌদ্ধধর্ম চর্চার সুযোগ প্রদানের জন্য বিশ্বব্যাপী বেশ কয়েকটি বৌদ্ধ কেন্দ্র প্রতিষ্ঠা করেছিলেন। এছাড়াও পেমা চাদরান একজন নির্ধারিত তিব্বতি সন্ন্যাসী, লেখক, শিক্ষক, তিনি ইউরোপ, অস্ট্রেলিয়া এবং উত্তর আমেরিকা জুড়ে কর্মশালা তথা সেমিনার এবং মেডিটেশন রিস্ট্রিট পরিচালনা করেছেন।[১৩]

সামগ্রিক আলোচনার পর মনে হতে পারে যে, নারীরা বৌদ্ধধর্মের প্রেক্ষিতে যথেষ্ট স্বাধীনতা ও মর্যাদা লাভ করলেও, এই স্বাধীনতার অন্তরালে কি পুরুষ কর্তৃক পরিচালিত হওয়ার বা পুরুষ প্রাধাণ্য মেনে নেওয়ার প্রকৃতই অবসান ঘটেছিল? উত্তরে বলা যায় পুরুষ প্রাধাণ্য থাকা সত্বেও, বৌদ্ধযুগের নারীরা যথেষ্ট উন্নত জীবন যাপন করতেন। সমগ্র বৌদ্ধ সাহিত্যের প্রেক্ষিতে বৌদ্ধদর্শনে নারীর অবস্থানের উজ্জ্বলতম দিকটিকে

আলোকপাত করার চেষ্টা করেছি। এই প্রবন্ধ আলোচনার মাধ্যমে মূলত বৌদ্ধদর্শনে নারীর অবস্থানের একটা ইতিমূলক স্বচ্ছ ধারণা প্রদান করা হয়েছে।

গ্রন্থপঞ্জি :

১। সুভূতি রঞ্জন বড়ুয়া, 'বৌদ্ধ মহিয়সী নারী', ধর্মাধার বৌদ্ধগ্রন্থ প্রকাশনী, কলকাতা, প্রথম প্রকাশ।

২। ড. শ্রী বিমলা চরণ লাহা, 'বৌদ্ধ রমণী', প্রকাশক শ্রী ডি.এল.এস. জয়বর্ধন, মহাবোধি বুক এজেন্সি, কলকাতা, সংগঠিত দ্বিতীয় সংস্করণ, ১৯৯৯।

৩। ভিক্ষু শীলভদ্র, 'থেরীগাথা' মহাবোধি বুক এজেন্সি, কলকাতা, প্রথম প্রকাশনা - ১৯৯৮।

৪। চারুচন্দ্র বসু, 'ধম্মপদ', মহাবোধি বুক এজেন্সি, কলকাতা, সংশোধিত ষষ্ঠ সংস্করণ , ১৯৯৯।

৫। ভিক্ষু শীলভদ্র 'ধম্মপদ' মহাবোধি বুক এজেন্সি, কলকাতা, সংশোধিত তৃতীয় সংস্করণ, ১৯৯৯।

৬। পণ্ডিত ধর্মধারার মহাস্থবির, মধ্যম নিকায়', ধর্মাধার বৌদ্ধ গ্রন্থ প্রকাশনী, কলকাতা, প্রথম সংস্করণ, ১৯৫৬।

৭। সঙ্গরাজ শীলালঙ্কার মহাস্থবির, 'বুদ্ধযুগের বৌদ্ধরমণী', ধর্মাধার বৌদ্ধ গ্রন্থ প্রকাশনী, ১৩৯৭।

৮। Murcott, Susan, The first Buddhist Women : Translation's and commentaries on the Therigatha, Publisher-Pgw, 1991

৯। Akira Hirakawa, Monastic Discipline for the Buddhist Nuns : An English Translation of the Chinese Tent of the Mahasamghika-Bhiksunivinaya, Kashi Prasad Jayaswal Research Institute, 1999.

১০। I. B Horner, Women in Early Buddhist Literature, The Wheel Publication Colombo, 1961.

১১। I. B Horner, Women under Primitive Buddhism : Laywomen and Almswomen, George Routledge and Sons, London, 1930.

১২। G. Buhler (trans), Laws of Manu, Sacred Books of the East, vol-XXV, Published by the library of Alexanda, Oxford, 1866

১৩। Dr. LS Dewaraja, The Position of Women in Buddhism, The Wheel Publication, Srilanka, 1981

১. Dr. L.S Dewaraja, 'The Porition of Women in Buddhism', Page-5

২. G. Buhler (trans), 'Laws of Manu', Sacred Books of the East, vol. XXV1 1.36

৩. Dr. L.S Dewaraja, 'The Porition of Women in Buddhism', P - 6.

৪. I.B Hornoer, Women under Primitive Buddhism : Laywomen and Aùmswoman, XXIV

৫. Laws of Manu, Ibid, iX, 137.

৬. I.B Horner, Women in Early Buddhist Literature, Page-8-9

৭. সংযুক্ত নিকায় গ্রন্থ, প্রথম খন্ড, পৃ— ১১২— ১১৩— যার উল্লেখ পাওয়া যায় বিমলা চরণ লাহা, বৌদ্ধরমনী, পৃষ্ঠা— ৬৭

৮. মধ্যমনিকায়, পন্ডিত ধর্মধার মহাস্থবির

৯. বিমানবত্থুভাষ্য, পৃষ্টা— ১৩১

১০. ধম্মপদত্থকথা, দ্বিতীয় খন্ড, পৃষ্ঠা— ২৭০-২৭১

১১. ধম্মপদত্থকথা, দ্বিতীয় খন্ড, পৃষ্ঠা— ২৭০-২৭১

১২. বিনয় পিটক, ওল্ডেনবার্গ চতুর্থ অধ্যায়।

১৩. https://en.m.wikipedia.org

‘পরিবেশ নারীবাদের’-কিছু প্রসঙ্গ

চয়ন কর্মকার (স্টেট এডেড কলেজ টিচার, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারসংক্ষেপ :
সমাজ সৃষ্ট কৃত্রিম বৈষম্যের বিরুদ্ধে ‘নারীবাদের’ লড়াই দীর্ঘদিনের, যদিও নারীর অধিকার পুরুষ ও নারীর সমতা বিষয়ে, তবুও এই অধিকারের প্রকৃতি বা ধরণ বিভিন্ন পরিসরে— সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, ধর্মীয়, দৈহিক, মানসিক প্রভৃতি ক্ষেত্রে ভিন্ন ভিন্ন। এই ভিন্নতার বিভিন্ন দৃষ্টিভঙ্গি জন্ম দিয়েছে নারীবাদের বিভিন্ন মতাদর্শ, ঠিক এরকম একটি নরীবাদী দৃষ্টিভঙ্গী হল ‘পরিবেশ নারীবাদ’। নারিবাদের এই দৃষ্টিভঙ্গী কিভাবে পরিবেশ সংরক্ষণ ও নারীর অধিকার রক্ষার জন্য পুঁজিবাদী পুরুষতন্ত্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করে এই প্রবন্ধের সেটাই আলোচ্য।

সূচক : নারীবাদ, লিঙ্গ বৈষম্য, পরিবেশ, জীব বৈচিত্র।

মূল আলোচনা :
একটি রাজনৈতিক দৃষ্টিভঙ্গী হিসেবে বিংশ শতাব্দীতে নারীবাদী ধারণার উদ্ভব ঘটে। যদিও ‘Feminist’ শব্দটির প্রথম ব্যবহার হয় উনবিংশ শতাব্দীতে ফরাসী চিকিৎসা বিজ্ঞানের ক্ষেত্রে। ১৮৭২ সালে একজন ফরাসি নারী বিদ্বেষী লেখক Alexandre Dumas তাঁর “L’homme-femme” প্রবন্ধে নেতিবাচক অর্থে নারীবাদী শব্দটি প্রথম প্রয়োগ করেন[১]। তবে পরবর্তীকালে শব্দটি ধীরে ধীরে বিশেষ অর্থবহ হয়ে ওঠে এবং অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে একটি প্রতিষ্ঠিত মতাদর্শ হিসাবে নারীবাদের যাত্রা শুরু হয়। বর্তমান সময়ে ‘নারীবাদ’ শব্দটি নারী’র অধিকার রক্ষার আন্দোলনের সঙ্গে একাত্মভাবে দেখা দিয়েছে। নারীবাদের সংজ্ঞা দিতে গিয়ে রাজশ্রী বসু তাঁর “প্রসঙ্গ মানবীবিদ্যা” গ্রন্থে বলেছেন— “নারীবাদ হল সকল ধরনের আত্ম-সচেতন, সমাজ সচেতন, আধিপত্য বিরোধী নারী অভিজ্ঞতার দ্বারা সমৃদ্ধ একটি চিন্তাধারা”[২]। নারীবাদী তত্ত্ব মনে করে যে নারীরা তাদের লিঙ্গগত বৈষম্যের কারণে বৈষম্যের সম্মুখীন হয় আর এই বৈষম্য দূর করা সম্ভব এবং তা করতে হবে।

আন্দোলনের প্রকৃতির উপর ভিত্তি করে নারীবাদী ভাবনাকে তিনটি তরঙ্গে (Wave) আলোচনা করা হয়ে থাকে। উনিশ শতকের মাঝামাঝি সময়কে নারীবাদের প্রথম

তরঙ্গের সূচনা কাল হিসাবে ধরে নেওয়া হয়, এই পর্যায়ের নারীবাদী আন্দোলনের প্রধান লক্ষ্যই ছিল রাজনৈতিক ও আইনগত অধিকারের ক্ষেত্রে লিঙ্গবৈষম্যের অবসান ঘটানো। নারীবাদের দ্বিতীয় তরঙ্গের উদ্ভব ঘটে ১৯৬০-৭০ এর দশকে এবং নারীবাদের এই দ্বিতীয় তরঙ্গ চালিত হয়েছিল অর্থনৈতিক, আইনি ও যৌন স্বাধীনতা অর্জনের মতো বিষয় গুলির উপর ভিত্তি করে। নারীবাদের তৃতীয় তরঙ্গের সূত্রপাত হয় ১৯৯০ এর দশকের গোড়ার দিকে। এই তৃতীয় তরঙ্গের নারীবাদ গাত্রবর্ণ ভিত্তিক গোষ্ঠীর বিরোধিতা, উত্তর ঔপনিবেশিকতাবাদ তত্ত্ব, সমালোচনামূলক তত্ত্ব, উত্তর আধুনিকতাবাদ, পরিবেশ কেন্দ্রিক নারীবাদ, বিকল্প যৌনতার চিন্তা ইত্যাদি থেকে রসদ সংগ্রহ করে। অর্থাৎ পরিবেশ কেন্দ্রিক নারীবাদ বা পরিবেশ নারীবাদ (Eco-feminism) হল নারীবাদের তৃতীয় তরঙ্গের পর্যায়ভুক্ত।

'Eco-feminism' বা 'পরিবেশ নারীবাদ' শব্দটি প্রথম ব্যবহার করেন ফরাসি নারীবাদী তাত্ত্বিক ফ্রাঁসোয়া দা ওবোঁন (Francoise d'Eaubonne) ১৯৭৪ সালে প্রকাশিত তাঁর Feminism or Death (Le Féminisme ou La Mort) গ্রন্থে। এই গ্রন্থে তিনি দেখিয়েছেন পুরুষতান্ত্রিকতা দ্বারা নারী দমন এবং প্রকৃতি দমনের মধ্যে অনেক সামঞ্জস্য রয়েছে এবং এই দমনের ফলে পরিবেশ ধ্বংস হচ্ছে। Braidotti পরিবেশ নারীবাদের সংজ্ঞা দিতে গিয়ে বলেছেন "Ecofeminism as the feminist position most explicitly concerned with Environment Degradation.[৪]" সহজ ভাবে বলতে গেলে পরিবেশ নারীবাদের মূল বিষয়বস্তু হল পরিবেশে ও নারীদের উপর অবদমন এবং নিপীড়নের প্রধান কারণ হল পিতৃতান্ত্রিক ব্যবস্থা। এ-প্রসঙ্গে ক্যারেন ওয়ারেন পরিবেশ নারীবাদী সম্পর্কে দার্শনিক ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন পিতৃতন্ত্র দ্বারা সৃষ্ট দ্বৈত মূল্যবোধ-ই নারী ও প্রকৃতির নিপীড়নের কারণ[৫]। পিতৃতান্ত্রিক ব্যবস্থা 'নারীর প্রকৃতিকরণ' এবং 'প্রকৃতির নারীকরণের' মাধ্যমে উভয়ের উপর শোষণ ও নিপীড়ন চালায় বলে পরিবেশ নারীবাদীরা মনে করেন। এখন প্রশ্ন— কিভাবে পিতৃতন্ত্র নারী ও পরিবেশকে নিপীড়ন করে? এক্ষেত্রে পিতৃতন্ত্র যে কৌশল অবলম্বন করে তা হল নারীকে প্রকৃতির সাপেক্ষে এবং পুরুষকে সংস্কৃতির সাপেক্ষে চিহ্নিত করা।

নারীর প্রকৃতি করনের স্বপক্ষে পুরুষতন্ত্রের যুক্তি হল— নারীদের মানসিক এবং শারীরবৃত্তীয় সত্তা নারীর সঙ্গে প্রকৃতির সামঞ্জস্যপূর্ণ হিসাবে প্রকাশ করে। নারী প্রকৃতিগত ভাবেই আবেগপ্রবণ, মমতাময়ী, স্নেহশীলা এবং এই সকল বৈশিষ্ট্য তাকে প্রকৃতির সঙ্গে একাত্ম করে তোলে। তাছাড়া নারীর প্রকৃতি করণ করা হয় যখন তাকে প্রাণীজগতের নামে বর্ণনা করা হয়, যেমন— Cats, Cows ইত্যাদি। অন্যদিকে অনুরূপ ভাবে

প্রকৃতকে 'SHE' বলা হয় এবং 'জননী' হিসাবে তার রূপ অঙ্কণ করা হয়। যেহেতু নারীর মতোই প্রকৃতি যুক্তির দ্বারা পরিচালিত হয় না (যুক্তির পরিবর্তে নারীর মধ্যে আবেগ, মায়া, মমতার প্রাধান্যই বেশি) হয়ে ভাবের দ্বারা পরিচালিত হয়ে থাকে ফলে পিতৃতন্ত্র এই ধারণা পোষণ করে যে 'Women are creatures of nature'[৬]. কবির ভাষায়—

"নারী কখনো স্নেহময়ী মা, কখনো মায়াবিনী
প্রকৃতি কখনো ভয়ঙ্করী, কখনো মা জননী।"[৭]

নারী ও প্রকৃতির সমন্বয় ঘটানোর সাথে সাথে পিতৃতন্ত্র পুরুষ ও সংস্কৃতির মধ্যেও সমন্বয় সাধনের চেষ্টা চালায়, এক্ষেত্রে তাদের যুক্তি হল সংস্কৃতির ক্ষেত্রটি হল যুক্তিবাদী চিন্তার ক্ষেত্র। যেখানে মানুষ যুক্তি ও চিন্তার সাহায্যে রাষ্ট্র, নাগরিক সমাজ প্রভৃতি প্রতিষ্ঠানের সৃষ্টি করেছে। যেখানে আবেগের আগে বুদ্ধিমত্তার এবং আধ্যাত্মিকতার আগে বস্তুবাদকে গুরুত্ব দেয়া হয় এবং সংস্কৃতি ও যেহেতু মানুষের বৌদ্ধিক চিন্তার ফসল সেজন্য পিতৃতন্ত্রের মতানুসারে 'Men are creature of culture'.

পিতৃতন্ত্রের নারীর-প্রকৃতি এবং পুরুষ-সংস্কৃতি সম্পর্ক স্থাপনের আসল যে উদ্দেশ্য সেটা হলো, পিতৃতন্ত্র মনে করে যেহেতু নারী এবং প্রকৃতি উভয়ই যুক্তির পরিবর্তে আবেগের দ্বারা পরিচালিত হয় এবং অন্যদিকে পুরুষটি যুক্তির দ্বারা পরিচালিত হয় সেহেতু নারী ও প্রকৃতি উভয়ের উপরেই পুরুষের আধিপত্য করবার অধিকার আছে। তাছাড়া পুরুষ হল শক্তিশালী, স্বাধীনচেতা, সাহসী, স্বনির্ভর এবং আত্মপ্রত্যয় আর অন্যদিকে নারী হল দুর্বল, নির্ভরশীল[৮]। তাই পুরুষ নারীর উপর কর্তৃত্ব করবে এটাই স্বাভাবিক। একটি তন্ত্র হিসেবে পিতৃতন্ত্র তার প্রেক্ষিতে একটি আদর্শ পুরুষের চরিত্র নির্মাণ করে, আর এই চরিত্রের বৈশিষ্ট্য হল যৌক্তিকতা, সাহসিকতা ও ক্ষমতা - এবং এর ভিত্তিতে যে তত্ত্ব বা থিওরি গড়ে ওঠে পুরুষতন্ত্রের মতে সেটি হল একমাত্র বৈধ মত। এই কারণেই এই তত্ত্ব বা থিওরি হল যৌক্তিক, লিঙ্গ নিরপেক্ষ এবং গ্রহণযোগ্য। পরিবেশ নারীবাদ মনে করে পুরুষতন্ত্রের এই ধারণায় নারী এবং প্রকৃতি উভয়ের উপর পুরুষের আধিপত্য, শোষণ ও নিপীড়নের অন্যতম কারণ। এভাবেই পরিবেশের সমস্যার সঙ্গে জড়িয়ে আছে নারীদের বঞ্চনা ও বৈষম্যের সমস্যা। যেমনটা Andrew Heywood তার 'Political Ideology : An Introduction' গ্রন্থে বলেছেন "Ecological distraction and gender inequality are there for part of the same process in which 'cultured' men rule over 'natural' women"[৯].

পুরুষতন্ত্রের বিরুদ্ধে পরিবেশ নারীবাদের আরেকটি অভিযোগ হল তারা নারীর-প্রকৃতি এবং পুরুষ-সংস্কৃতি সম্পর্কের মধ্যে সমন্বয় সাধনের মধ্য দিয়ে সমাজে শ্রেণীবিন্যাস বা Hierarchy সৃষ্টি করছে। পুরুষতান্ত্রিক আধুনিক চিন্তায় মনে করা হয় যুক্তি এবং আবেগের মধ্যে রয়েছে বিস্তার ফারাক। বিজ্ঞানের উৎসই হল যুক্তির এবং যুক্তি জ্ঞানের মাধ্যমেই আমরা সবকিছুকে নিয়ন্ত্রণ করতে পারি আর এই কারণেই যুক্তি স্থান উচ্চতর। যেহেতু যুক্তিকেই সংস্কৃতিরও উৎস হিসাবে ধরা হয় সেজন্য তার স্থান ও উচ্চতর। অন্যদিকে 'আবেগ' ইন্দ্রিয়গ্রাহ্য এবং নিত্য পরিবর্তনশীল, ফলে এর স্থান যুক্তি থেকে নিম্নতর, আর একই সাথে আবেগ যেহেতু প্রকৃতির বৈশিষ্ট্য সেজন্য প্রকৃতি-সংস্কৃতি থেকে নিম্নতর পর্যায়ের। এই যুক্তির মাধ্যমে পিতৃতন্ত্র প্রমাণ করতে চায় যে নারী যেহেতু প্রকৃতির সঙ্গে সম্পৃক্ত সে কারণে সে নিম্নতর পর্যায় ভুক্ত এবং পুরুষ যেহেতু সংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত সেজন্য সে উচ্চতর পর্যায় অন্তর্ভুক্ত। পিতৃতন্ত্রের এই ধারণা নারী ও প্রকৃতিকে হেয় করে সমাজের শ্রেণীবিন্যাস ঘটাচ্ছে বলে পরিবেশ নারীবাদ মনে করে। তন্ত্র বা ব্যবস্থা হিসাবে পুরুষতন্ত্র এই ধারণা (অনুমান, দৃষ্টিভঙ্গি, মূল্যবোধ ইত্যাদি) সমূহ এমনভাবে উপস্থাপন করে যা ব্যক্তিকে নিজস্ব ধারণা গঠন করতে সাহায্য করে। এই কারণে ওয়ারেন নারী ও পরিবেশ অবনমনের বিষয়টিকে তার 'The power and promise of ecological feminism' প্রবন্ধে "ধারনাগত কাঠামো" বলে ব্যাখ্যা করছেন।

তবে এমন নয় যে পরিবেশ নারীবাদ নারীর সঙ্গে পরিবেশকে একাত্ম করে দেখে-না। বরং পরিবেশ নারীবাদ বিশ্বাস করে নারী এবং প্রকৃতি একে অপরের সঙ্গে আত্মিকভাবে যুক্ত। দৈহিক গঠনগত দিক থেকে প্রকৃতির সঙ্গে নারীর সামঞ্জস্য বর্ণনা করতে গিয়ে পরিবেশ নারীবাদীরা বলেন যে নারীর দেহের এমন অনেক অঙ্গ বা প্রক্রিয়া আছে যা নারীর ব্যক্তিগত চাহিদার থেকে মানবজাতির প্রজননের জন্য গুরুত্বপূর্ণ (উদাহরণ হিসাবে সন্তান জন্ম দেওয়া বা স্তন্যপান করাবার কথা বলা যায়)। প্রকৃতিও ঠিক একই ভাবে সমগ্র মানবজাতি তথা জীব জগতের বেঁচে থাকার সকল রসদের জোগান দিয়ে থাকে। প্রকৃতি ও নারীর মধ্যে এই আত্মিক মিলের কারণেই প্রকৃতি ও নারীর উপর নিপীড়ন পারস্পরিক সম্পর্কিত বলে পরিবেশ নারীবাদীরা মনে করেন, এবং তারা মনে করেন প্রকৃতি ক্ষতিগ্রস্থ হলে তার সর্বাধিক প্রভাব পরে নারীর উপর এবং নারীই সার্বিক ভাবে তা অনুধাবন করতে পারে। পরিবেশ নারীবাদ এই সকল কারণেই নারীবাদ ও পরিবেশবাদের লক্ষ্যকে এক বলে গণ্য করে। তাদের মতে পিতৃতন্ত্রের নিপীড়ন, বৈষম্য, কর্তৃত্ব বা প্রভুত্ব মূলক আচরণই পরিবেশ ও নারী উভয়ের দুর্দশার কারণ।

এখন পরিবেশ নারীবাদের মূল কথা বা সূত্রগুলি সংক্ষেপে উল্লেখ করা যাক—

i) পরিবেশ নারীবাদ মনে করে প্রকৃতির দুর্দশা ও নারীর নিপীড়ন পারস্পরিক সম্পর্কযুক্ত।

ii) প্রকৃতি এবং নারীর মধ্যে সামঞ্জস্য থাকায় নারীই পারে প্রকৃতির উপর শোষণকে অনুধাবন করতে। এবং

iii) প্রকৃতি এবং নারী উভয়ের দুর্দশার কারণ হল পিতৃতান্ত্রিক ব্যবস্থার প্রকৃতি ও সংস্কৃতি বিভাজন।

পরিবেশ নারীবাদের একটু ভিন্ন প্রকৃতির ব্যাখ্যা আমরা দেখতে পাই মারিয়া মীজ (Maria Mies) ও বন্দনা শিবা (Vandana Shiva)-এর তাত্ত্বিক আলোচনায়। বন্দনা শিবা ও মারিয়া মীজ তাঁদের 'Ecofeminism' গ্রন্থে নারীর প্রান্তিকীকরণ এবং জীব বৈচিত্র্যের বিনাশের জন্য "পুঁজিতান্ত্রিক পিতৃতন্ত্রকেই" দায়ী করেছেন। তাঁদের মতে পশ্চিমী পুঁজিবাদী পিতৃতান্ত্রিকতা নারী ও প্রকৃতির উপরে ঔপনিবেশিক আধিপত্য স্থাপনের প্রয়াস চালায় এবং পরাধীন করে রাখে অর্থাৎ ...but as a Western, male-oriented and patriarchal projection which necessarily entailed the subjugation of both nature and women.[১০]। পিতৃতান্ত্রিক দৃষ্টিভঙ্গি পুরুষকেই সকল গুণ বিচারের মাপকাঠি হিসাবে গণ্য করে, যেখানে বৈচিত্র্যের বদলে আছে কেবলমাত্র কর্তৃত্বের ক্রমবিন্যাস। এই কারণে যেহেতু নারীর গুণাবলী পুরুষের গুণাবলী থেকে ভিন্ন (পুরুষের গুণাবলী যুক্তি, শক্তি, সাহস বিপরীতক্রমে নারীর গুণাবলী আবেগ, মায়া, মমতা) সেহেতু নারীকে 'দ্বিতীয় লিঙ্গ' হিসাবে নির্মাণ করা হয় এবং অধস্তন হিসেবে গণ্য করা হয়। বন্দনা শিবা তাঁর 'Ecofeminism' গ্রন্থে বলেছেন যে "পিতৃতান্ত্রিক উন্নয়ন মডেলে জীববৈচিত্র্য ধ্বংসের অনিবার্য পরিণতিই হল মনোকালচার, অভিন্নতা এবং একজাতীয়তা।"[১১] এই অভিন্নতার ধারণা একদিকে যেমন জীব-বৈচিত্র্যকে ক্ষতিগ্রস্ত করে অন্যদিকে নারীর জ্ঞান ও কাজকে অবমূল্যায়ণ করে।

পুঁজিবাদী পিতৃতন্ত্রের উন্নয়নের ধারণায় অর্থনৈতিক স্বার্থকে গুরুত্ব দেওয়া হয়, ফল স্বরূপ কৃষির উন্নয়নের নামে বৈচিত্রকে ধ্বংস করা হয়। জীববৈচিত্র্য রক্ষা করা তখনই সম্ভব যখন আমরা উৎপাদন এবং উন্নয়ন উভয় ক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব দেবো বৈচিত্র্যকে কিন্তু পশ্চিমী পুঁজিবাদী ব্যবস্থায় আর্থিক লাভের জন্য মনোকালচার বা একই প্রকার কৃষি উৎপাদনের উপর জোর দেয়। তৃতীয় বিশ্বের বিভিন্ন জনগোষ্ঠীর মানুষ নিজেদের জীবিকা নির্বাহের জন্য বিভিন্ন প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে থাকে। যা জীব বৈচিত্র্য সংরক্ষণ ও স্থিতিশীল উন্নয়নের পক্ষে পরিচালিত হয়। কিন্তু আদিবাসী ও কৃষি সমাজগুলির স্থিতিশীল উন্নয়ন সাপেক্ষ প্রযুক্তিকে পশ্চিমি উন্নয়নের চিন্তাধারা আদিম

এবং অনগ্রসর হিসেবে চিহ্নিত করে। ঠিক একইভাবে নারীরা যেহেতু একই সাথে অনেকগুলো কাজ সম্পাদন করে এবং তাদের শ্রম "Production Boundary" অন্তর্গত নয় সেহেতু পশ্চিমী পুঁজিতন্ত্রের কাছে তাদের শ্রম স্বীকৃতি পায় না। তাছাড়া নারীদের গৃহস্থলীর কাজকর্ম যেহেতু বাজার-অর্থনীতির সাথে সম্পর্কিত নয়, সেজন্য এখানেও তাদের শ্রম অদৃশ্যই থেকে যায়। অথচ বেশিরভাগ ক্ষেত্রে নারীরাই প্রকৃতিতে জীববৈচিত্র্য বজায় রাখার কাজ সম্পন্ন করে থাকে। তারা কৃষি উৎপাদন, পুনরুৎপাদন এবং জীববৈচিত্র্য সংরক্ষণের কাজ করলেও উন্নয়নে তাদের ভূমিকা অস্বীকৃতই থেকে যায়। আবার নারীদের শ্রম এবং দক্ষতা সম্পর্কিত জ্ঞান অর্জনের পদ্ধতিকে বৈজ্ঞানিক পদ্ধতির পরিবর্তে প্রাকৃতিক বলে গণ্য করা হয় যদিও এই জ্ঞান ব্যবহারিক এবং অভিজ্ঞতার মাধ্যমে সঞ্চিত।

বন্দনা শিবা তাঁর 'Staying Alive' গ্রন্থে দেখিয়েছেন কিভাবে পশ্চিমি আধুনিকতার ধারণা নারী এবং পুরুষের মধ্যে বৈষম্যের সৃষ্টি করে ("Modernisation" has been associated with the introduction of new forms of dominance)[১২]। এবং আধুনিক বিজ্ঞান কিভাবে একটি মূল্যবোধ নিরপেক্ষ জ্ঞানের ব্যবস্থা গড়ে তোলে, যা বৈচিত্রের মধ্যে সমতার বিরুদ্ধে কাজ করে। শিবা উদাহরণ দিয়ে দেখিয়েছেন সমগ্র পৃথিবীতে পরিবেশ রক্ষার ক্ষেত্রে নারীরাই অগ্রণী ভূমিকা গ্রহণ করে। যেমন দক্ষিণ-পশ্চিম জার্মানিতে কৃষক রমণীরা পরমাণু বিরোধী আন্দোলনে অংশ নিয়েছে, অন্যদিকে ভারতের নর্মদা বাঁচাও আন্দোলনে মেধা পাটেকরের ভূমিকা উল্লেখযোগ্য।

সুতরাং দেখা যাচ্ছে পুরুষতন্ত্রের যে দৃষ্টিভঙ্গি বা মূল্যবোধ নারী এবং পুরুষের মধ্যে বৈষম্যের সৃষ্টি করে এবং প্রকৃতি ও নারীর নিপীড়নের কারণ হয়ে দাঁড়ায় সেটাই পরিবেশ নারীবাদের আক্রমণের অন্যতম লক্ষ্য। পুঁজিবাদী পিতৃতন্ত্র একদিকে যেমন নারীদের উপর শোষণ চালায়, তাদের অবদমিত করে রাখে অন্যদিকে তেমনি প্রকৃতির বিপর্যয় ডেকে আনে, দেখা দেয় বিশ্ব-উষ্ণায়ন, শব্দদূষণ, বায়ুদূষনের মতো সমস্যা। পরিবেশ নারীবাদ চায় পুরুষতন্ত্রের এই নেতিবাচক দৃষ্টিভঙ্গির অবসান ঘটিয়ে সমাজের কৃত্রিম বৈষম্য দূর করতে, পরিবেশকে সুরক্ষিত করতে। পুঁজিবাদী পিতৃতন্ত্রের সৃষ্ট কৃত্রিম প্রকৃতি-সংস্কৃতি ও নারী-পুরুষ বিভেদের বেড়াজাল ভেঙে বেরিয়ে আসতে পারলে তবেই প্রতিষ্ঠা করা সম্ভব কৃত্রিম শ্রেণীবিহীন ও বৈষম্যহীন সমাজ ব্যবস্থা, যেখানে পুরুষদের মত নারীর শ্রম ও দক্ষতাকেও সমান গুরুত্ব দেওয়া হবে, স্বীকৃতি দেওয়া হবে পুরুষের বৈশিষ্ট্য থেকে স্বতন্ত্র তাদের গুণাবলীকে। এই প্রেক্ষাপটে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের 'নারী' কবিতার উক্তিটি প্রাসঙ্গিক—

সেদিন সুদূর নয়—
যেদিন ধরণী পুরুষের সাথে গাইবে নারীরও জয়।
(নারী-কাজী নজরুল ইসলাম)

তথ্যসূত্র :

১. বসু, রাজশ্রী, (২০১৪), নারীবাদ, (পৃ ২), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা।

২. বসু, রাজশ্রী, (২০২১), নারীবাদ ও রাজনৈতিক তত্ত্ব, রাজশ্রী বসু ও বাসবী চক্রবর্তী (সম্পাদিত), প্রসঙ্গ মানবীবিদ্যা, (পৃ ১০৪), উর্বী প্রকাশন, কলকাতা।

৩. বসু, রাজশ্রী, (২০১৪), নারীবাদ, (পৃ ৩৪), পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা।

৪. Braidotti, R., E. Charkiewicz, S. Hausler, S. Wieringa (1994). (Eds.). Women, the Environment and Sustainable Development- Towards a Theoretical Analysis. London: Zed Books with INSTRAW.

৫. লাকি, রাজিয়া খানম. (২০১৬). পরিবেশ নারীবাদ : একটি তুলনামূলক বিশ্লেষণ. নারী ও প্রগতি (সংখ্যা ২৩), (পৃ ২৩).

৬. Heywood, Andrew., (2012), Political Ideologies An Introduction, (Ed. 5th) (P 274), Palgrave Macmillan, UK.

৭. মহাদেব দাশ. (10 October 2020). বাংলা কবিতা. www.bangla-kobita.com: https://www.bangla-kobita.comùmintu831/nari-o-prokrity/, 2023

৮. লাকি, রাজিয়া খানম. (২০১৬). পরিবেশ নারীবাদ : একটি তুলনামূলক বিশ্লেষণ. নারী ও প্রগতি (সংখ্যা ২৩), (পৃ ২৪).

৯. Heywood, Andrew., (2017), Political Ideologies An Introduction, (Ed. 6th) (P 420), UK, Palgrave Macmillan.

১০. Mies, Maria. Vandana Shiva, 2014), Ecofeminism, (P 22), Zed Books, London & New York*f* Mies, Maria. Vandana Shiva, (2014), Ecofeminism,(P 22), Zed Books, London & New York.

১১. Mies, Maria. Vandana Shiva, (2014), Ecofeminism, (P 22), Zed Books, London & New York. Mies, Maria. Vandana Shiva, (2014), Ecofeminism– (P 22), Zed Books, London & New York,

১২. Shiva, Vandana, (1988), Staying Alive: Women, Ecology and Survival in India, (P 4(KALI FOR WOMEN, New Delhi.

AN OVERVIEW ON FEMINISM AND ITS ETHICS

Swarnali Adhikary (Ph.D Research Scholar, Vidyasagar University)

Abstract :
Feminism is one of the contemporary philosophical issues which is the subject to be discussed with utmost importance. Feminism is mainly discussed in political philosophy, cultural philosophy, psychology, language, epistemology, ethics, gender study etc. It also examines women's social roles, experience, interest and feminist politics in a variety of fields, such as anthropology, sociology, communication, economics, education etc. Although feminist advocacy has been mainly focused on women's rights, some feminists, including Bell Hooks argue for the inclusion of men's liberation within its aims because men are also harmed by traditional gender rules. They advocate equal opportunities for women along with men.

Keywords : Feminism, Waves of feminism, Women roles, Gender.

Introduction :
Feminism is one of the contemporary philosophical issues which is the subject to be discussed with utmost importance. Feminism is mainly discussed in political philosophy, cultural philosophy, psychology, language, epistemology, ethics, gender study etc. It also examines women's social roles, experience, interest and feminist politics in a variety of fields, such as anthropology, sociology, communication, economics, education etc. In this paper I shall discuss feminism from the ethical perspective. The subject that I shall discuss in this paper are : the history of feminism, the position of women in the perspective of feminism, after that I will discuss feminist ethics.

History of Feminism :

The term 'feminism' has been taken from the Latin word 'femina' which means woman, originally meant "Having the qualities of females"[1]. Dictionaries usually define it "as the advocacy of women's rights based on a belief in the equality of the sexes. But in its broadest use the word 'feminism' refers to everyone who is aware of and seeking to end women's subordination in any way and for any reason. Feminism originates in the perception that there is something wrong with society's treatment of women"[2]. Charles Fourier, a utopian socialist and French philosopher, is credited with having coined the word 'feminism' in 1837. the words 'feminism' and 'feminist' first appeared in Frace and the Netherlands in 1872, Great Britain in 1890 and the United States in 1910. The terms 'feminism', 'new feminism', 'women's liberation' are generally used with different connotations. 'Feminism' is defined as a position of advocating women's rights while 'women's liberation' implies advocacy of the full freedom of women. The term 'women's liberation' is popularly used synonymously with 'new feminism'. Feminism does not have a single fundamental definition. It originated largely in the west, but manifested worldwide and is represented by various institution those committed to women's rights and interests. It is a collection of movements and ideologies that share a common goal: to define, establish and achieve equal social, political, economic, cultural, personal and social rights for women ; that each individual is a valuable human beings in his or her own right. Feminist movements have always campaigned for women's right, including the right to cast vote, to hold public office, working sector, to fair wages, to own property, to education, to take part in contracts, to have equal rights within marriage and to have maternity live. Since the 1980's, feminist movement should addresses global issues such as rape, incest, prostitution etc. Some feminist campaigning also helped reform attitudes to child sexual abuse.

The history of the modern western feminist movements is divided into three 'waves'. Each wave dealt with different aspects of the same feminist issues.

First Wave Feminism :

First wave feminism to an extended period of feminist activity during the nineteenth century and the early twentieth century in the United Kingdom and the United States. In this century the feminist focus was on removing the educational and professional barriers. The impetus behind these reforming campaigns was on often militant. This 'equal rights' militancy culminated in the violent struggles of the early 20th century suffragettes in their fight for vote. Due to the relentless struggle by many feminists, for the first time the women of New Zealand got the right to vote in 1893. In 1918 the representation of the people act was passed granting the vote to women over the age of 30. In 1928 this was extended to all women over 21. In the United States, leaders of this movement included Lucretia Mott, Lucy Stone, Elizabeth Cady Stanton and Susan B. Anthony who each campaigned for the abolition of slavery prior to championing women's right to vote ; all were strongly influnced by Quaker thought. American first wave feminism involved a wide range of women. The last decades of 19th and the beginning of the 20th century saw gradual admission of women to secondary school and university education. Property laws were reformed in their favour and marriage and divorce laws were altered.

Second Wave Feminism

The second wave refers to the ideas and actions associated with the women's liberation movement beginning in the 1960s, which campaigned for legal and social rights for women. The late 20th century has been marked by a worldwide effort by women to gain rights previously denied them. The particular rights sought have varied from

one society to another. However, economic rights, educational opportunities and access to adequate health care are common concerns. Social freedoms and political participation are also widespread goals.

The feminist activist and author Carol Hanisch coined the slogan "The personal is political" which become synonymous with the second wave. Second wave feminists saw women's cultural and political inequalities as inextricably linked and encouraged women to understand aspects of their personal lives as deeply politicized and as reflecting sexist power structures.

Third Wave Feminism

Third wave feminism began in the early 1990s, often critique of the second wave feminism for its lack of attention to the differences among women due to race, ethnicity, class, nationality, religion and emphasize identity as a site of gender struggle.

The Position of Women in the Perspective of Feminism

The traditional roles of women as housewives and men as breadwinners led to marriage and family patterns that were basic in perpetually inferior treatment of women. Women have been defined as economically dependent, as homemakers and consumers, but not as producers. But in the the history of human race, the role of women has been wider and her contribution is more significant.

The study of anthropology shows that the work of the early women was tedious. It was only women's food gathering but not man's hunting that sustained the humanity in ancient society. All the tribal societies were centered around and organized through the mothers, while the young males were driven out or abandoned. When struggle for survival was the order of the day, women enjoyed equal status with man. But the woman is nowhere in the written history of evolution, which only talks about man the hunter. It has been historically proved that women in the early societies were also subjected to violence of death; but they had a better chance of freedom, dignity and

significance when compared to their state of life in advance societies. So in the early societies women played a major roles.

Later on, the orientation of society changed as the society was gradually becoming more and more agriculture oriented. In this time, physical strength of the males gained importance with the cultivation of land and planned husbandry with a decrease in the fertility of the soil. Men started moving in groups in search of other fertile land. This migration resulted in wars between two groups; and in these fighting men displayed more muscle power and mobility than the women as they were encumbered with children.

It was a miracle to men as they could not understand the birth of a new life out of woman's body. In the beginning, when the role of men in reproductive was felt to be normal women were revered as only they were capable of reproducing new life. At this moment, the pride of the male goes to challenge the female power, and this was the beginning of the subjugation of women from all the activities of human life. From this time matriarchy was gradually coming to an end. As a result women's rights and privileges were attacked at various levels. For example, Aristotle the Greek philosopher of the 4th century B.C. said, man is active and woman is passive. Also Xenophen said, "Women were created by God for indoor functions and man for all others"[3.] The role of woman was decimated to mere childbearing, resulting in degenerating further her position. The new social system deprived them of freedom. Since women had lost the basic right to control over her own body and had become the property of man. Throughout the history, women were confined to the domestic sphere, while public life was reserved for men. As a whole, women and men alike have accepted the fact that men have rights that women do not have. These attitude are part of the stereotype that shape the thinking about men and women's behaviour.

Every individual nurtures the dream that she or he will be treated equally in all matters in a society. But history does not provide us with

such a picture of equal and just treatment to every individual, be it woman or man. The concept of feminism emerged in order to ensure the equal dignity, equal right and above all equal justice as the men got. Feminism is neither a fad nor a logical extension of civil rights movement. The inequities against which the feminists protest for legal, economic and social restrictions on the basic rights of women have existed throughout history and in all civilizations. Naturally the principles of feminism were articulated long ago. Women's liberation seems new only because it follows a feminist activism. Mary Wollstonecraft in her 'A Vindication of the Rights of Woman'(1792) says that women and men be given equal opportunities in education, work and politics. Women, she wrote, are as naturally rational as men; if they are silly, it is only because society trains them to be irrelevant. Feminist also consider that women are vulnerable to rape, sexual assault and domestic violence which, in the vast majority of cases, are inflicted by men. Consider too that much of contemporary culture depicts women as sex objects. Most of us find ourselves endlessly surrounded by images of alluring, more or less naked, women - from painting of female nudes in galleries to pop videos to tabloid news papers. And consider, too, that in most house-holds women still do the bulk of housework and childcare.

Although feminist advocacy has been mainly focused on women's rights, some feminists, including Bell Hooks argue for the inclusion of men's liberation within its aims because men are also harmed by traditional gender rules. They advocate equal opportunities for women along with men. The note-worthy feminist were - Mary Wollstonecraft, Simone de Beauvior, Betty Friedan, John Stuart Mill, Gloria Watkins, Angela Davis, Martha Nussbaum etc.

Feminist Ethics

Feminist ethics is an important subject matter in feminism. It attempts to review and reconstruct the traditional ethics to the dimension it depreciates degrades women's moral experience. Feminist ethics is based

on the belief that traditional ethical theorising has undervalued women's moral experience and it, therefore, seeks to rethink ethics though a holistic feminist approach. Feminist philosophers criticize that traditional ethics chiefly talks about men's perspective with little regard for women's viewpoints. They argue that in the western moral tradition, reason was associated with the public domain from which women were excluded. The development of an appropriate moral theory is largely based on the experiences of the public domain and hence the lived experience of women were counted as less relevant for framing moral concepts and laws. The feminists have challenged this traditional ethics and argued this public domain did not felt the urge to recognize the problems face by the women. As a result, the available theories in ethics seem to be inadequate in addressing the moral disputes that are faced by women in their everyday experience. The arising problems in the context of mothering and family relations and such others cannot be sorted out by universal perceptions of reason. Since the lived-experience of women are grounded in the experiences of togetherness and bonding, they value compassion, care and emotional support in moral deliberation rather than mere efficient laws. The feminists wished to draw a different framework of ethics altogether for women where their lived-experiences will be recorded within the domain of moral thought. They opine that the concepts of justice, freedom, autonomy and reason are no doubt important for the survival of the human beings, but they do not constitute the foundation of ethics. Morality, which is so integrally related to feelings and emotions, cannot be assessed merely through the lenses of abstract reason and justice. So, the feminists are not willing to accept the view that there is a pre-determined overarching moral principle of justice, from which all moral resolutions must be derived. The feminist ethics are of the opinion that the moral resolution which will restore bonding among individuals and ensure species survival in the long run, will be qualified as just and appropriate one. This will guarantee a better form of life in the entire social web.

There seems to be distinctness in approach between the traditional view and the feminist moral perspective. For the traditional absolutist ethical position, morality is predefined and imposed from outside. On the other hand, the feminist views, holds that morality is defined within the parameters of the lived-experiences on individuals, and decisions are made from a given context. It has been generally observed that the former ethical approach reflects a typically masculine mode of thinking as it prizes reason and objectivity and applies the same rules impartially across the board. The ideas of right, justice and objectivity are of paramount importance here. For them, caring and moral issues of private life and responsibility are treated as trivial matters. On the other hand, the latter upholds a feminine viewpoint, where an attempt is made to balance reason with a sense of care and concerns for members involve in the ethical dilemma. This approach combines reason with emotion and holds that we should do what is most appropriate within the particular circumstances of the case. This ethical mode stresses responsibility to people in need; its central moral principle is care rather than justice.

Notes & References :

1. Lisa Tuttle, *Encyclopedia of Feminism*, New York : Facts on File Publications, 1986, p.107.
2. Ibid.
3. Elise Boulding, *The Underside of History : A View of Women Through Time,* New Delhi : Saga Publication, 1992, p.20.

Bibliography :

- Beauvoir, Simone de, *The Second Sex*, London: Pan Books Ltd.,1988.
- Gilligan, Carol, *In a Different Voice*, Harvard University press, Cambridge, Massachusetts and London,1982.

- Mellor, Mary, *Feminism and Ecology*, Polity Press, Cambridge,1997.
- Moitra, Shefali, *The Feminist Thought*, Munshiram Manoharlal Publishers, New Delhi,2002.
- Plumwood, Val, *Feminism and the Mastery of Nature*, Routledge, London,1993.
- Rodda, Annabel, *Women and the environment*, Zed Books Ltd: London and New Jersey,1991.
- Shiva, Vandana, *Talking Environment*, Oxford University Press, Uk,2013.
- Tong, Rosemarie, *Feminist Thought*, Westview, University of North Carolina, Charlotty,2009.
- Warren, K. J, *The Power and Promise of Ecological Feminism*, Blackwell, Oxford,1997.

EVOCATIVE ROLE OF WOMEN FILM DIRECTORS IN INDIAN CINEMA

Aparna Mohanta (Dept. of Journalism & Mass Communication, SACT, Gobardanga Hindu College)

Abstract :
Feminism is a belief of equal rights and opportunities for men & women. This debate, based on inequality is always a prominent truth. But in the age of 21st century do we really need to be vocal for women rights? 'YES!' The answer might raise some voice against. Still apart from some exceptions it is the actual truth that most of the people desire witness women as entertainer genre and men as entertained genre. Beautiful heroines wearing more beautiful dresses with appealing presentation is what viewers actually wish to watch on screen. But what about the women who direct films? The journey was started from 1926 and successfully going on with some spectacular works of women film directors of India. From the era of Fatma Begum, considered as the first female film director of Indian cinema, women are into making the films. Over the past decades this situation is changing fast. But the discriminations of opportunities are still there. Though cinema shows the dreamy world, but the reality of inequality in recognition is very famous. This article intends to enlighten up the contribution of women film directors of Indian cinema to the film industry.

Key words: Feminism, Inequality, Discriminations, Film, Opportunities.

"If we don't tell our own stories, no one else will."
-Mira Nair, Film Director

Mira Nair, one of the most notable female film directors of Indian cinema truly quoted the above said fact. The role of women film directors is significant in Indian cinema. One of the most popular forms of entertainment has its different fan baseright from the first public streaming of Lumiere brothers' short films in Paris on 28

December 1895. Moving image occupied a special space in public life. The impact of the audio-visual medium became stronger by its new endeavours like adding dialogue, music, colour and what not. Movies became more entertaining and informative day by day. One of the additions to the entertainment is unavoidable the addition of heroines. Though it was not an easy task to make women agree to play roles in movies. We are thankful to the father of Indian cinema Dada Saheb Phalke for this. India's first full-length feature film "Raja Harishchandra" 1913, was directed and produced by him. He put all efforts to convince women to act in the film. After several failed attempts, like giving advertisements to newspapers, he even approached the 'Nautch girls' to act in the movie. Here one thing to mention. Generally, Nautch refers to the girls who are trained and professional dancers. British people used to address them as the girls who can dance and sing as well. A part of our society has misconception about the nautch girls. But they were also not ready to act on the silver screen as an actor. Finally, he had to cast a man in the role of the female lead. He achieved success in his second attempt to cast a woman in a movie. In 'Mohini Bhasmasur' 1913, Durgabai Kamat, a Marathi woman created a new face of the history of Indian cinema by taking part in a movie.

If we had a glance at the history of Indian cinema, we could find out how women are being used in cinema as purely entertainers. Either they portrayed as sanskari or as dream girl or as victim. But the scenery has changed eventually. The courage of the attempts by women makes it possible.

At the same time when it was difficult to make a woman agree to act in movies, some women choose to work from behind the camera too. Continuous effort to the film industry women took part in the various sections of film making. Right from direction to produce, from camera person to makeup artist, as choreographer to lyricist, as script writer to set designer etc. Fatma Begum is the name who knocked the door for the first time. This lady is often considered the first female

film director of Indian cinema. She started her career at the Urdu stage, as an actor. She debuted in films as an actor in the Ardeshir Iranis's silent film "Veer Abhimanyu", 1922. She took only 4 years from starting her career as an actor to become the first Indian women film director. She had written a script on Epic fantasy. But she refused to believe in anyone. And as a result, she directed the fantasy herself "Bulbul-e -Paristan" 1926. Thus, Fatma Begum unlocked the door of direction in Indian movies for other female directors. In 1926 she established Fatima films. She directed some more films like "Goddess of love", 1927, "Chandrawali",1928, "Heer Ranjha" 1928, "Shakuntala",1929.

Fatma Begum

একদিন হারান ও পুলিন বাজারে যাওয়ার পথে যে কথা বলাবলি করছিল তাতে বোঝা যায় পুতুল গর্ভবতী হয়েছে। তাই তাকে হাসপাতালে নিয়ে গিয়ে পেটের বাচ্চাটা নষ্ট করে দিতে চায় হারান, কারণ কুমারী মেয়ে গর্ভবতী হয়েছে জানতে পারলে সমাজে তাদের মুখ দেখানো সম্ভব নয়। লেখিকা স্পষ্ট করে গর্ভবতী হওয়ার কথা উচ্চারণ না করলেও আভাসে ও ইঙ্গিতে তিনি সে কথা কৌশলে পাঠককে বুঝিয়ে দিয়েছেন। বাজারে এসে পুলিন কিছুটা অন্যমনস্ক হয়ে পড়ে তার স্মৃতিতে ছোটবেলার কথা মাথাচাড়া দিয়েছে।শীতকালে মায়ের হাত ধরে বাজারে ফেলে দেওয়া কপিপাতা, পচা টমেটো, ধসা আলু কুড়াতে আসতো। তখনকার সময়ে যদি হাসপাতালে বাচ্চা নষ্ট করানোর ব্যবস্থা থাকত তাহলে হয়তো পুলিনের মা তাকে জন্ম দিত না। কিন্তু আবার মনে মনে পুলিন ভাবল "না, না মা তাকে চেয়েছিল। মা তাকে জন্মাতে দিয়েছিল। পুলিন একথা রক্তে রক্তে বোঝে"।(পৃষ্ঠা-১৫১)। কারণ তার মা তাকে খুব ভালোবাসত যা খেতে চাইতো রান্না করে খাওয়াতো। ভাবতে ভাবতে মায়ের মুখ খানি স্পষ্ট হয়ে ওঠে পুলিনের চোখে, পুলিন তার মায়ের পবিত্র মাতৃত্বের কথা ভাবতে গিয়ে যে কথা গুলি নিজের মনে মনে উচ্চারণ করেছে তা পাঠককে আপ্লুত করে।" এখন পুলিন বোঝে কত অল্প বয়স ছিল মা'র। কত সুন্দর ছিল মা। ওই এতোটুকু ঘরে নানা রকমের মানুষের সঙ্গে উঁচু তক্তাপোশে শুয়ে থাকতো মা। তলায় লুকিয়ে রাখত পুলিনকে। তাদের মা ও ছেলের অদ্ভুত গোপন খেলা ছিল একটা। অন্য লোককে লুকিয়ে কখনো কখনো মা নিজের হাতটা নামিয়ে দিত পুলিনের কাছে, পুলিন সেই হাতটি নিজের চোখে গালে বোলাত। লোকটা বুঝতেই পারত না যে, পুরো দাম দিয়েও সে একটা হাত থেকে বঞ্চিত হচ্ছে।

আর তখনই পুলিন বুঝতে পারত তার মা তার হাতের মধ্য দিয়ে নেমে এসে গুটিসুটি হয়েছে পুলিনের কাছে। পুলিন জানত তার মা নিজেকে আলাদা করে নিয়েছে মরার মতো দেহটার থেকে"। (পৃষ্ঠা-১৫২)।

লেখিকার এই বর্ণনা থেকে স্পষ্ট হয় যে নারীর দৈহিকসত্তার তুলনায় নারীর মাতৃসত্তা কতখানি গভীর ও পবিত্র। পুলিনের মা বেঁচে থাকার জন্য, ছেলেটাকে মানুষ করার জন্য এমন একটি ঘৃণ্য পেশাকে বেছে নিতে বাধ্য হয়েছে। তাই পুলিন তার মাকে কখনো ঘৃণা করত না।মা ও ছেলের মধ্যে অকৃত্রিম ভালোবাসা ও নারীর টান কখনো ছিন্ন করা যায় না। পুলিনের মা অন্য পুরুষের যৌন ক্ষুধা মেটাতে গিয়ে শুধুমাত্র তার পাথরের মত দেহটাকেই দিয়েছে। কিন্তু তার মন ও প্রাণ ছিল সন্তানের কাছে বাঁধা।তাই একজন মায়ের কাছে মাতৃসত্তা চরম সত্য এই কথাই প্রমাণ করেছেন

লেখিকা।পুলিনের মা জারজ সন্তানকে অনায়াসে নষ্ট করে দিতে পারতো কিন্তু সেটা করেনি। বরং তার পেটের অবৈধ সন্তানটিকে পৃথিবীর আলো দেখিয়ে তার মাতৃশক্তির পরিচয় দিয়েছে। তাছাড়াপুলিনেমা পুলিনকে জন্ম দিয়েই থেমে থাকেনি তাকে লেখাপড়া শিখিয়ে মানুষের মত মানুষ করতে চেয়েছিল। সে কর্পোরেশন স্কুলে পড়ত। একদিন পুলিনের জ্বর হলে স্কুলের মাস্টারমশাইরা তাকে কোলে করে বাড়ি পৌঁছে দিয়েছিল এবং তার মার সঙ্গে আপনি করেও কথা বলেছিল। একজন মাস্টারমশাই প্রস্তাব দিয়েছিল পুলিনকে নাইট স্কুলে পৌঁছে দিয়ে ওই সময়টা নিশ্চিন্তে খদ্দেরকেসময় দিতে পারতো।এই কথার প্রত্যুত্তরে পুলিনের মা বলেছিল- 'এটা তো আমার পেশা। এতে তো কোন লজ্জা নেই বাবু। ওসব জানুক।'(পৃষ্ঠা- ১৫২)। মা চায়না যে তার ছেলে তার পেশা সম্পর্কে অজ্ঞাত থাকুক। দেহ বিক্রিটা তার পেশা,নেশানয় মোটেই। তাই তাতে কোন দোষ নেই। এক্ষেত্রে পুলিনের মা তার ছেলের কাছে সততার প্রতীক হয়ে উঠেছে। তবে স্কুলের শিক্ষকারা যেভাবে পুলিনকে স্নেহ দিয়েছে এবং তার মাকে আপনি বলে সম্মান দিয়েছে এটা দেখে সমাজের মানুষের শিক্ষা নেওয়া উচিত। এই বার্তা দিতে চেয়েছেন লেখিকা, আজও সমাজে যে নারী দেহ ব্যবসায় যুক্ত তাদের সমাজ সম্মান করে নাকেবল ঘৃণার চোখেই দেখে। এই গল্পে পুলিনের মায়ের মধ্যে দিয়ে যেভাবে নারীর মাতৃসত্তাকে লেখিকা তুলে ধরেছেন তা এককথায় অনবদ্য। পুলিনকে কখনো মাতৃত্বের স্নেহ ভালোবাসা থেকে বঞ্চিত করেনি। পুলিনের সঙ্গে তার মায়ের যে একান্ত খেলার বর্ণনা লেখিকা দিয়েছেন তা পাঠককে মুগ্ধ করে। মায়ের হাত ধরে বাজারে যাওয়ার ফলে নানা ধরনের সবজির নাম সে তোতা পাখির মত বলে ফেলত। রাত্রে খাওয়াদাওয়ার পর মা ও ছেলেতে শুয়ে বাজার করা খেলত।"তারপর শুয়ে শুয়ে দুজনের মিছিমিছি রান্না হত। খেয়েদেয়ে রেলে চাপা হত। খুপরিটা হত রেলের কামরা, আর ওদের তক্তাপোশটা হত বাঙ্ক। স্টেশনে স্টেশনে গরম চা খাওয়া হত। পুলিনের জন্য বাড়তি গরম দুধ। বেশিরভাগ দিনে ওরা পুরী যেত। একটা না দেখা সমুদ্রের বালিয়ারিতে অজস্র না দেখা ঝিনুক কুড়োত"।(পৃষ্ঠা- ১৫৩)। মা ও সন্তানের এমন নিবিড় খেলা সত্যিই পাঠককে মুগ্ধ করে। পুলিনের মায়ের পেশার কথা বাদ দিলে পুলিন ও তার মায়ের মধ্যে যে আন্তরিক নিবিড় সম্পর্ক তা আর পাঁচটা স্বাভাবিক নারীর থেকে কোন অংশে কম নয়।

পুলিন ও তার মায়ের সম্পর্কীয় ঘটনার পাশাপাশি আরেকটি ঘটনার কথা এই গল্পে প্রধান কাহিনি হয়ে উঠেছে-পুতুলের জীবন কথা। পুতুলের সঙ্গে একটি হাস্নুহানা গাছের সাদৃশ্যমূলক তুলনা দেখানো হয়েছে। একদিন বাজার থেকে শখ করে এক বুড়ো

ফুলওয়ালার কাছ থেকে হাস্নুহানা চারা কিনে এনেছিল পুলিন। চারাপোতার জায়গা না থাকলেও সে ধসে পড়া অট্টালিকার সামান্য চিলেকোঠায় তাকে রেখেছিল কিন্তু গাছটা দিন দিন নেতিয়ে যাচ্ছিল, সজীবতা নেই। মাটির তুলনায় শিকড় বেশি হয়ে গিয়েছিল তাই তার মরন একপ্রকার নিশ্চিত।একদিন সন্ধ্যার সময় গাছটাকে দেখে এসে তার খুপরিতে শুয়ে পড়েএবং চাঁদের আলোতে হাস্নুহানারছায়া তার গায়ে এসে পড়ে। তখন"পুলিন হাতটা লম্বা করে দিল। তার হাতে লম্বা হয়ে শুয়ে পড়ল হাস্নুহানার ছায়াটা। ফুটন্ত হাস্নুহানার গন্ধে মাত হয়ে যাচ্ছিল পুলিশের ছোট্ট খোদলটা। একটি সুগন্ধি সুন্দরী সবুজ মেয়ের ছায়া বুকে মেখে নিয়ে শোয়ার তৃপ্তিতে দু চোখ বুজে এলো তার।মাঝরাতে হঠাৎ ঘুম ভেঙে গেল পুলিনের; হাস্নুহানার ছায়াটা তখন তার পায়ের কাছে উপুড় হয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছে। পুলিন ঘুম চোখেই উঠে গেল সিঁড়ি বেয়ে"। (পৃষ্ঠা-১৫৪)।

আসলে পুলিনহাস্নুহানার মধ্যে সে পুতুলকেই দেখতে পাচ্ছে একথা বলার অপেক্ষা রাখে না। পুলিন মনে মনে ভাবে সে হাস্নুহানাকে মরতে দেবে না।সে হাস্নুহানার রূপকে পুতুল ও তার পেটের সন্তানকে দেখতে পাচ্ছে।পুলিন পুতুলের সন্তানকে বাঁচিয়ে রাখার সংকল্প করে ফেলে মনে মনে। তারপর সিঁড়ি বেয়ে নিচে নেমে এসে দেখে চাঁদের আলোয় পুতুল খোলামকুচি নিয়ে খেলা করছে। তখন পুলিনকে দেখে পুতুল যে কথা বলছিল তা সবাইকে অবাক করে 'তুমিও কি জামাইবাবুর মতো আমাকে বিরক্ত করবে'। এই কথা শুনে পুলিন অবাক হয়ে যায়, হারান পর্যন্ত পুতুলকে ছাড়েনি! পুতুল পুলিনের শেখানো খেলাটা খেলছিল ঠিক যেমন পুলিন তাকে শিখিয়ে দিয়েছিল।

"চিৎ হলে রাজপুত্তুর
উপুর হলে খাঁখাঁ
চিৎহলে সোনার সংসার
উপুর হলে খাঁ খাঁ
চিৎ হলে রাঙা খোকা
উপুর হলে"। (পৃষ্ঠা-১৫৪)।

পুতুল ভয় পেয়ে গিয়েছিল যদি খোলামকুচি উপুর হয় তাহলে সব শেষ। পুলিন আস্তে আস্তে পুতুলের হাত ধরে তুলে নিয়ে তার খোপে গিয়ে শুইয়ে দিয়ে বলেছিল তারা কালকে বন্ধুর বাসে চড়ে কাকদ্বীপে চলে যাবে, তাদের সঙ্গে হাস্নুহানা কেউ নিয়ে যাবে। সেখানে ভালো মাটির সন্ধান করে হাস্নুহানাকে পুঁতে আসবে। সেখানে সে মাটি পাবে শেকড়ছড়িয়ে বাড়বে। নতুন নতুন গাছ দেবে। তারপর পুলিন এর সঙ্গে পুতুলের কথোপকথনে যেন একটা নাটকীয় চমক দেখতে পেল পাঠক।

"পুলিন চাঁদের আলো মাখা পুতুলের ছোট্ট কপালটি ছুয়ে বলল— এবার সত্যি করে বলতো খোলামকুচি চিত হয়েছিল? নাউপুড়?

—কখন?

—যখন রাঙা খোকা চেয়েছিলে।

পুতুল পুলিনের বুকে মুখ রেখে বলল— সত্যি কথা বলবো?

—হ্যাঁ!

—চিত"।(পৃষ্ঠা-১৫৫)।

এইগল্পেও লেখিকা কি অপূর্ব কৌশলে বর্ণনার চমৎকারিত্বেগল্পের যবনিকা পতন ঘটালেন। পুতুলের পেটের সন্তানকে পৃথিবীর আলোতে নিয়ে আসার বার্তার মাধ্যমে একদিকে যেমন পুতুলের মাতৃসত্তাকে প্রতিষ্ঠা দেওয়া হল অন্যদিকে পুতুলের নারীসত্তাকে প্রতিষ্ঠা দেয়া হল।পুলিনঅবৈধ জারজ সন্তান হয়েও যেভাবে পুতুলও তার সন্তানের প্রতি অসীম শ্রদ্ধা ও ভালোবাসা দিল এই সভ্যসমাজ তা কখনোই দিতে পারেনি। কবিতা সিংহ এই গল্পে পুলিনের মায়ের মধ্যে যে অপূর্ব নারীসত্তার প্রকাশ দেখিয়েছেন তেমনি ধর্ষণের ফলে পুতুলের কুমারী অবস্থায় পেটের সন্তানকে নষ্ট না করে তাকে পৃথিবীর আলোতে নিয়ে আসার মাধ্যমে পুতুলের নিষ্পাপ মাতৃসত্তাকে চিরস্থায়ীপ্রতিষ্ঠা দিলেন।পুতুলঅন্যের পাপের বোঝা ঝেড়ে না ফেলে তাকে আপন স্নেহে নিজের সন্তান হিসেবে গ্রহণ করেছে আর এটা সম্ভব হয়েছে পুলিনের স্বীকৃতি দান এর মাধ্যমে। কবিতা সিংহ তার 'চিত' ও 'খিদে' গল্পে যেভাবে নারীসত্তা ও নারীবাদকে প্রতিষ্ঠা দিয়েছেন তা এক কথায় অতুলনীয়।

কবিতা সিংহ-এর গল্প লেখার কৌশলটিও অসাধারণ। তিনি গল্পের মধ্যে পুরান প্রসঙ্গের পাশাপাশি লোকাচারের নানা প্রসঙ্গের মধ্য দিয়েনারীভাবনাকে অন্য মাত্রা দান করেছেন। এমনকি বিশেষ ইঙ্গিতের মাধ্যমে পাঠকের সামনে মূল বক্তব্যকে প্রকাশ করেছেন যাতে করে পাঠকওসঠিকভাবনাচিন্তারঅবকাশপায়। তাছাড়াও তার লেখার ভাষা রুচিসম্মত কথাও শালীন তাকে অতিক্রম করতে দেননি। সংকেত, আভাসও ইঙ্গিতময় ভাষা প্রয়োগে গল্পগুলো আকর্ষণীয় হয়েছে।

আকরগ্রন্থ :

দাস সমরেন্দ্র (সম্পা); কবিতা সিংহ পঞ্চাশটি গল্প। সহজপাঠ প্রকাশনা, মন্দির পাড়া জগাছা হাওড়া, ১ম প্রকাশ ২০১৩।

নারীবাদী যুগে পণপ্রথার অবস্থান

অভিজিত মণ্ডল (স্টেট এডেড কলেজ টিচার, দর্শন বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

শিক্ষা জগতে বিশেষ করে কলেজ-বিশ্ববিদ্যালয়ে নারীবাদ আজ এক বহুল চর্চিত বিষয় হয়ে উঠেছে। আধুনিক যুগে নারীবাদী আন্দোলন গতিলাভ করেছে। নারীবাদীরা এটা মানতে রাজি নয় যে, নারী ও পুরুষের অসাম্য প্রকৃতগত স্বাভাবিক। তবে নারীবাদের বক্তব্য বিষয় বহুমুখী। কিন্তু সমাজে অত্যাচারিত নারীর জীবনকে নারীবাদ উপেক্ষা করলে নারীবাদী আন্দোলন এক সংকীর্ণ গণ্ডির মধ্যে আবদ্ধ হয়ে যাবে এবং নেহাত এক শাব্দিক প্রহসনে পরিণত হবে। তাই নারীবাদী আন্দোলনকে সার্থক করতে গেলে সমাজের নির্জাতিত নারীর প্রতি যত্নবান হতে হবে। আমাদের সমাজে নারী নির্জাতনের একটি মুখ্য কারণ হল বিবাহ পণপ্রথা। তবে বিবাহ উপলক্ষে পণ সামগ্রী পাত্রপক্ষের মনমতো না হলে তার অনিবার্য পরিণতি হয় বধূ নির্যাতন। আর এখানেই আমাদের প্রশ্ন-এই নারী নির্যাতনের জন্য দায়ী কি কেবলমাত্র পাত্রপক্ষ? এবং পণের জন্য দায়ী কি কেবল পাত্রপক্ষ ? না এর পিছনে অন্য কোনো পক্ষ অর্থাৎ কন্যাপক্ষ দায়ী আছে? আর আজ নারীবাদী সমাজে পণপ্রথার অবস্থান কোথায়? আমরা চেষ্টা করব এই সকল প্রশ্নের উত্তর সন্ধান করতে নারীবাদী চেতনার প্রেক্ষাপটে।

পণপ্রথা কি?

আমাদের দেশে এমন কিছু কুপ্রথার অস্তিত্ব রয়েছে যা জাতীয় উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে বড় অন্তরায় বা প্রতিবন্ধক। এইসব কুপ্রথার মধ্যে অন্যতম কুপ্রথা হলো পণপ্রথা। পণ প্রথার ব্যবস্থাটি সম্পূর্ণ সামাজিক নির্মাণ। এই প্রথা অনুসারে বিবাহের সময় কন্যাপক্ষ থেকে বরপক্ষকে মোটা অংকের টাকা বা অর্থ বা বিভিন্ন ধরনের উপঢৌকন দিতে হয়, এমনকি ক্ষেত্রবিশেষে বিয়ের পরও কন্যাপক্ষকে এর জের টানতে হয়। আর এই প্রথার স্বীকার ধনী-দরিদ্র সবাই হলেও দরিদ্র পরিবারে এর ক্ষতির প্রভাব বেশি দেখা যায়। কারণ বেশিভাগ ক্ষেত্রে দরিদ্র পরিবারের পক্ষে এই যৌক্তুক দেওয়া সম্ভব হয় না। আর এর মূখ্য কারণ হলো কম পরিমাণের আয়। তাই বিবাহের পরেও পণপ্রথার কারণে নারী নির্যাতনের সংবাদ পাওয়া যায়। তারমানে আমরা মনে হয় এ কথা বলতে পারি পণ বধুর ভরণপোষণের মূল্য স্বরূপ। প্রকৃতপক্ষে পণ বিবাহের মূল স্তম্ভ। ঘরের বউ কেমন হবে না হবে, তার স্বভাব ও চরিত্র কেমন হবে সেটা গৌণ

বিষয়। মুখ্য বিষয় হল কত পরিমাণে যৌক্তুকের সম্পদ দিতে পারবে? আবার পণ এক আচার্য যাদু! পণের সোনারকাঠি ও যৌক্তুকের রুপারকাঠি দ্বারা মেয়ে স্বামীর ঘরে তথা শ্বশুরবাড়িতে ইচ্ছাসুখ পেতে পারে। আসলে অর্থনৈতিকভাবে নারীদের পরনির্ভরশীলতা ও তাদের প্রতি সমাজের হীন ও নেতিবাচক দৃষ্টিভঙ্গির কারণেই এই প্রথার উদ্ভব। আর এই পরিস্থিতির কোন পরিবর্তন না হওয়ার কারণে যুগ যুগ ধরে আমাদের সমাজে প্রথাটির অস্তিত্ব বহাল রয়েছে। এই প্রথা নারীদের কাছে যেমন অবমাননাকর তেমনি মানবতার কাছে অবমাননাকর। তাই এটির প্রতিরোধে আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে। এখন দেখা যাক সত্যিই আমরা এর প্রতিরোধের জন্য এগিয়ে এসেছি, নাকি আধুনিক কালে শিক্ষিত মস্তিষ্কে এই প্রথায় নতুনত্ব কোন রূপ গড়ে তুলেছি?

নারীবাদের চর্চিত বিষয়

বর্তমান দিনে নারীবাদ নিয়ে সচেতনতা যেমন বেড়েছে, তেমন এই বিষয়টি সম্পর্কে আলাপ আলোচনা লেখালেখিও যথেষ্ট হচ্ছে। কিন্তু নারীবাদ বলতে ঠিক কি বোঝায় ? নারীবাদ সম্পর্কে কোনো নির্দিষ্ট তাত্ত্বিক কাঠামো এখনও পর্যন্ত গড়ে ওঠেনি। সাধারণভাবে বলা যেতে পারে নারীবাদ কথাটি ব্যবহৃত হয় নারীমুক্তি আন্দোলনের বিভিন্ন ধারণাকে বোঝানোর জন্য। নারীবাদ হল এমন একটি শক্তি বা লড়াইয়ের প্রতীক, যা নারীজাতিকে একটি আত্মসচেতন সামাজিক শ্রেণীতে পরিণত করতে চায়। কারণ নারীর অধিকার প্রাচীন কালে ভারতবর্ষের সমাজে ছিলে না। বরং নারী স্মাজের কাছে ব্যবহারের সম্পদ হয়ে ছিল। বাসবী চক্রবর্তীর মতে, নারীবাদ হচ্ছে মূলত নারী মুক্তির জন্য কিংবা নারীর সমানাধিকার অর্জনের উদ্দেশ্যে গড়ে তোলা তত্ত্ব এবং একই সঙ্গে তার প্রয়োগ ও দৃষ্টিভঙ্গি। নারীবাদের প্রধান উদ্দেশ্য হচ্ছে একটি লিঙ্গ বৈষম্যহীন সমাজ গড়ে তোলা, যেখানে নারী তার নিজস্ব পরিচিতি নিয়ে বেঁচে থাকতে পারবে। অপর এক নারীবাদী লেখিকা রাজশ্রী বসুর মতে নারীবাদ হল তত্ত্ব ও বাস্তবের সংমিশ্রনে গড়ে ওঠা এমন একটি দৃষ্টিভঙ্গি যা সমাজে পুরুষের তুলনায় নারীর নিম্নতর অবস্থান সম্পর্কে সচেতন করে এবং নারী হওয়ার কারণেই একজন মহিলা সমাজে যে অসাম্যের শিকার হয় তার কথা সুপ্ত ভাবে ব্যাখ্যা করে। শ্রীমতী বসু আরও বলেন নারীবাদীরা অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ক্ষেত্রে পিতৃতান্ত্রিক চিন্তা, মূল্যবোধ অবস্থা ও ব্যবস্থার পরিবর্তনের কথা বলেন, যাতে নারীর লিঙ্গ ভিত্তিক বৈষম্যের অবসান ঘটে। তারমানে সমাজকে বোঝা, সমাজে নারী পুরুষের অবস্থানের বৈষম্যকে বোঝা, লিঙ্গ

ভিত্তিক ক্ষমতার অসম বণ্টন ও বিন্যাসকে অনুধাবন করা এবং কীভাবে এর সমাধান সুত্র খুজে বার করা যায় এই সমস্ত কিছু নিয়ে নারীবাদ চর্চা করে। তাহলে আমরা বলতে পারি, সমাজে নারীর অবস্থান, সুযোগ সুবিধা ও তার অপ্রাপ্তিজনিত বৈষম্যের অবসানের লক্ষ্য নির্নয় এবং তা পূরণ করাকে কেন্দ্র করে যে সমস্ত চিন্তাধারা বিকশিত হয় তার তাত্ত্বিক ব্যাখ্যা হল নারীবাদ।

নারীবাদ নারীকে এমন একটা জায়গায় দাঁড় করাতে চায় যেখানে সে অর্থাৎ নারী নিজের স্বসত্তাকে খুঁজে নিতে পারে। নারীবাদ একাধারে রাজনৈতিক দর্শন এবং সামাজিক আন্দোলন, যা লিঙ্গ বৈষম্য ভিত্তিতে গড়ে ওঠা সামাজিক রাজনৈতিক ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটাতে চায়। এক কথায় বলা যায় নারীবাদ হল এমন একটি প্রত্যয় যেখানে নারী অথবা পুরুষ যেকোনো মানুষের প্রকৃতি ও যোগ্যতা বিচারে লিঙ্গের কোনো ভূমিকা থাকে না। তাহলে আমরা একথা বলতে পারি, নারীবাদ হল লিঙ্গ আধিপত্যের বিরুদ্ধে অবিরাম প্রশ্ন তোলা। নারীবাদের মূল লক্ষ্য হল নারী-পুরুষসহ সব ধরণের লিঙ্গ সমতা নিশ্চিত করণ করা। এখানে একটি বিষয় খেয়াল রাখতে হবে। সেটি হল পুরুষকে পুরুষতন্ত্রের সাথে যেন এক বা অভিন্ন করে ফেলা না হয়। কারণ পুরুষ আর পুরুষতন্ত্র এক নয়। পুরুষ মানে ব্যক্তি পুরুষ মানুষকে বোঝানো হয়। আর পুরুষতন্ত্র হল একটি নারী অবহেলা ও শোষণকারীপ্রথা। যেখানে নারী ও পুরুষ সবাই থাকতে পারে। তাই পুরুষ মানে যেমন পুরুষতান্ত্রিকতা নয়, তেমন নারীবাদী মানে পুরুষ বিরোধীতা নয়, কারণ নারীবাদের মূল শত্রু কেবল পুরুষ নয়। নারীরা যেমন নারীবাদী হতে পারে, তেমন পুরুষরাও নারীবাদী হতে পারে। নারীবাদ শুধু নারী বা পুরুষের অধিকার ও সমতা চায় তা নয়। বরং নারীবাদে সম্প্রতি যে বিষয়টি গুরুত্বপূর্ন হয়ে উঠেছে তা হল তৃতীয় লিঙ্গের মানুষের অধিকারে সমতা বিধান করা। তাহলে নারীবাদ মানে হচ্ছে সমাজ নির্মিত নারী ও পুরুষের মধ্যে জারি থাকা অসমতা ও বৈষম্যের যে ধারণা গুলি রয়েছে সেই ধারণা গুলিকে নিয়ে প্রশ্ন করা এবং এগুলি যথার্থ ভাবে যত দ্রুত কমিয়ে আনা যায় সেটা নিয়ে কাজ করা।

সাম্প্রতিক কালে নারীবাদী আন্দোলন কিছুটা সাফল্য লাভ করেছে। কিন্তু ভারতীয় সমাজ ব্যবস্থায় এর সাফল্যটা কেবল তত্ত্ব কথার মধ্যে রয়ে গিয়েছে। কিন্তু কেন ? এর কারণ স্বরূপ আমরা বলতে পারি, ভারতীয় সমাজের মানুষ নারীবাদী আন্দোলনের সঙ্গে সম্পূর্ণ ভাবে যুক্ত হতে পারেনি। এমনকি নারীবাদ সম্পর্কে ততটা পরিচিতও হতে পারেনি। আর ভারতীয় শহর অঞ্চলগুলির মধ্যে কিছু বিত্তবান ও শিক্ষিত মানুষের মধ্যে তেমন কোনো সাড়া পাইনি। গ্রাম্য সমাজের মানুষের মধ্যে নারীবাদী আন্দোলন সম্পর্কে

কল্যাণকর কোনো ধারণার সৃষ্টি হয়নি। তাই গ্রামের সমাজে এখনও নারী নির্যাতন, বধূ হত্যা, মাতৃগর্ভে ভ্রূণ কন্যাসন্তান জানা গেলে ভ্রূণ হত্যা, কন্যা সন্তান ভূমিষ্ঠ হলে তাৎক্ষনিক হত্যা অথবা মাঠে ঘাটে বনাঞ্চলে পরিত্যাগ, নাবালিকা বিবাহ, শীলতাহানি, ধর্ষন প্রভৃতি। এদের রক্ষার জন্য সমাজ তথা সরকারী তেমন কোনো পুলিশ বাহিনী নেই। যদিও বা কোনো রকমে থানাতে পুলিশের কাছে অভিযোগ করা হয় তবে তাকে তুচ্ছ ঘটনা বলে থামিয়ে দেওয়া হয়। অবশেষে এই ধরণের নারীরা প্রতিকারের কোনো পথ না পেয়ে অদৃষ্টের গালি দিয়ে নিত্যদিন কপালে কষাঘাত করে অথবা জীবনের শেষ স্বাধীনতা— আত্মহত্যাতে লিপ্ত হয়।

তাহলে আমরা এখন বলতে পারি, গ্রাম প্রধান সমাজে এই সকল অত্যাচারিত নারীর জীবনকে উপেক্ষা করলে নারীবাদী আন্দোলন এক অতি সংকীর্ণ গণ্ডীতে আবদ্ধ হয়ে যাবে এবং নারীবাদ কথাটি এক নেহাত শাব্দিক প্রহসনে পরিণত হবে। তাই নারীবাদী আন্দোলনকে সার্থক ও মানব উন্নতির বিষয় করতে হলে গ্রাম অঞ্চলে নির্যাতিত নারীদের প্রতি যত্নবান হতে হবে। তবে গ্রাম অঞ্চলের নারী নির্যাতনের মূলে একটি মুখ্য কারণ হল বিবাহ কালীন পণপ্রথা। পাত্রপক্ষকে অর্থ বা মূল্যবান সামগ্রী প্রদান করার নাম পণ। বিবাহ উপলক্ষে পণ সামগ্রী হিসাবে অর্থের পরিমাণ মনোমতো দিতে না পারলে তার অনিবার্য পরিণতি হয় বধূ নির্যাতন। এই সমাজের পণপ্রথাকে রোধ করতে হলে এবং মানব উন্নতি করতে হলে সর্বাগ্রে প্রয়োজন উপযুক্ত শিক্ষা ব্যবস্থা। যে শিক্ষা ব্যবস্থার মধ্যে থাকবে নারীকে শিক্ষা দেওয়ার সুব্যবস্থা এবং পুরুষদের মতো নারীদেরও জীবন ও জীবিকা অর্জনের ব্যবস্থা প্রচলন। আর সরকার বা স্বেচ্ছাসেবী সংগঠন এই ধরণের দায়িত্ব পালন করলে তবেই সমাজ ব্যবস্থায় নারীবাদী আন্দোলন সার্থক হবে, অন্যথায় নারীবাদী আন্দোলন বিফল হবে।

পণ প্রথার অতীত ও বর্তমান রূপ

নারী নির্জাতনের কারণ স্বরূপ আমাদের সমাজ ব্যবস্থায় যে বিষয়টি প্রবলভাবে নাড়া দেয় তাহল পণপ্রথা। পণপ্রথা এক কলঙ্ক-ক্ষত জাতীয় সমস্যা ও সামাজিক ব্যধি। বিবাহ উপলক্ষে পাত্রীপক্ষ যদি পাত্রপক্ষকে কিছু দান সামগ্রী না দেয় তাহলে সমাজের মানুষ পাত্রীর পরিবারকে নিন্দার ছলে বলে— এমন ভিখারির ঘরের মেয়ে এনেছিস, কিছুই দিতে পারেনি। তারমানে কন্যা বিবাহ দিলে পাত্রকে কিছু মূল্যবান দান সমগ্রী দেওয়া বাধ্যতামূলক এটাই প্রমাণিত হয় তাই নয় কি? সেজন্যই বোধ হয় সতেন্দ্রনাথ দত্ত বলেছিলেন "কুলটাদের মূল্য আছে, কুলবালার মূল্য নাই। কন্যা ঘরের আবর্জনা পয়সা

দিয়ে ফেলতে হয়"। তবে খ্রিস্টীয় প্রথম শতাব্দীর দিকে এমনকি মনুর সময় পর্যন্ত বধূ বা পাত্রীর পরিবারের পক্ষ থেকে বর বা পাত্রের পরিবারের জন্য কোনো পণ দেওয়ার ধারণা স্বীকৃতি ছিল না। এমনকি অনুমদিতও নয়। কিন্তু রামায়ণ ও মহাভারতের সমাজে দেখা যায় বধূ ও বরের পরিবারের মধ্যে উপহার বিনিময়ের নিদর্শন। মহাভারতে উল্লেখ আছে মদ্ররাজ শল্য বহু মূল্যবান সামগ্রীর বিনিময়ে মাদ্রীর বিয়ে দিয়েছিলেন পাণ্ডুর সঙ্গে। যযাতির মেয়ে মাধবীকে পাওয়ার জন্য যাজ্ঞবল্লকে অশ্ব পণ দিতে হয়েছিল। তারমানে মহাভারতের সময় বরপক্ষের তরফ থেকে পণ দিতে হত কন্যা পক্ষের কাছে। এই পণের নাম কন্যাপণ। তবে এই পন দিতে না পারার মধ্যে কোনো অত্যাচার ছিল না। পরবর্তী কালে এই পণটি হয় উল্ট। বরপক্ষের দিতে হয় পণ, কন্যাপক্ষের তরফ থেকে। এর নাম বরপণ। আর এখানেই শুরু হয় অত্যাচার। যাইহোক বধূ বা পাত্রীর পরিবার যদি পণ দিয়ে থাকে তাহলে সেখানে বিক্রয়ের প্রসঙ্গ আসে না কি? সাধারণ ভাবে 'পণ' শব্দটির অর্থ 'মূল্য'। আর কোনো বিষয়ের মূল্য দেওয়ার মানে সেটি বিক্রয় করা। বধূ বা পাত্রীর পক্ষ বা পরিবার যদি কোনো বিষয় বা বস্তুর মূল্য দেয় তবে তারা সেই বিষয়টি কিনেছে একথা আমরা মনে হয় অস্বীকার করতে পারি না। এক্ষেত্রে প্রশ্ন হতে পারে— কাকে বা কি বিষয় কিনছে? উত্তরে আমরা এখানে সুনিশ্চিত ভাবে বলতে পারি, বরকে বা পাত্রকে কিনেছে। আর তখনই বর বা পাত্র হয়ে যায় পণ্য তাই নয় কি? এক্ষেত্রে আমরা বলতে পারি বরের বা পাত্রের সামাজিক সন্মান ও মর্যাদাহানী হয়, যদি সে তার শ্বশুরের কাছে থেকে পণ মূল্য গ্রহণ করার লজ্জা অনুভব না করে। যার ফলে তার দাম্পত্য জীবন ব্যবসায়ীক বেচাকেনার উপর নির্ভর করে। তাই পণ দেওয়া ও নেওয়া এরূপ একটি ঘৃন্য প্রথা সমাজের পক্ষে লজ্জাজনক। পাত্রীর বাবা-মা যে মুহুর্তে পাত্র কেনার জন্য মূল্য দিতে সন্মত হয় তখনই পাত্রপক্ষ পাত্রীর পরিবারকে চাপ দিয়ে আরও বেশি আদায় করার জন্য লোভকে শান দেয়। আর এই লোভের যথার্থ বিষয় যোগাতে না পারার পরিণতি হয়ে থাকে বধূ বা পাত্রীর সঙ্গে দূব্যবহার ও অত্যাচার। যদি পাত্রী বা বধূ এরূপ যন্ত্রনা মেনে নেয় তাহলে তাকে কাটা ঘায়ে নুনের ছিটে দেওয়ার মতো জ্বালা যন্ত্রণা নিয়ে জীবন মৃত অবস্থায় বেঁচে থাকতে হয়। আর যদি সে সেটা না পারে তখন তাকে আত্মহত্যার পথ নির্বাচন করে নিতে হয়। এর পরিণতি স্বরূপ বধূর মৃত্যুতে বর ভাগ্যবানে পরিণত হয়। তার কারণ সমাজে একটা কথা প্রচলিত আছে— 'ভাগ্যবানের বউ মরে'। তারমানে বধূ মারা গেলে বর আবার বিবাহ করতে পারত এটি প্রমাণিত। সেক্ষেত্রে বিবাহে আবার পণ নিতে পারত। আর এর প্রমান রবীন্দ্রনাথের দেনা পাওনা গল্পে পাওয়া যায়। সেখানে নিরুপমার মৃত্যুর পর দ্বিতীয়

বিবাহের পণের পরিমাণ সম্পর্কে বলা হয়েছে "এবার বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়"। যদিও পরেরবার বিবাহ হয়েছিল কিনা সেটি আমাদের অজানা।

আবার আমরা একথা বলতে পারি পণ প্রথা একটা লজ্জাজনক ও দুষ্ঠু অমানবিক নিয়ম। তবে দরিদ্র পরিবারের বধূরা তাদের দৈহিক শ্রমের দ্বারা সংসারে উপকার করে। আর ধনী ঘরের বধূ মুল্যবান পণ নিয়ে সংসারে অর্থাৎ স্বামীর ঘরে এসে উপকার করে। এক কথায় এখানে ধনী পরিবারের মেয়েরা বরকে কিনে নেয়। এই সামাজিক প্রথা সমাজের বুকে এমন ভাবে জড়িয়েছে যে, শিক্ষিত ছেলেরাও বিবেকের দংশন ছাড়াই এই প্রথাকে মেনে নেয় এবং এই প্রথার শিকার হয়। আবার এক্ষেত্রে দেখা যায় ছেলেরা নিজের পরিবারে সুসন্তান হওয়ার ভান করে। আসলে তারা নেওয়ার কাজটা পিতা-মাতার হাতে ছেড়ে দেয়। আর শাস্ত্রে আছে 'কন্যা একটি পরিবারকে দান করা হয়'। তাই সমগ্র পরিবার তার কাছে সেবা আদায় করতে পারে বা সে সেবা করার কাজে বাধ্য থাকে। এরফলে এই সুযোগে ইচ্ছা মত বধূর উপর অত্যাচার করা যায়, যখনই সেবায় ত্রুটি হয়। এটাকে বধূ নির্যাতনের কৌশল বলা যেতে পারে তাই নয় কি? আবার একই ভাবে বধূর উপর চাপ সৃষ্টি করে বেশি পরিমাণ টাকাও আদায় করা যায়। অবশেষে যদি এই বধূ কিছু না করতে পারে তবে তাকে মেরেও ফেলে। অথবা তাকে এমন পরিস্থিতির গোলক ধাঁধায় ফেলে তখন নিজে থেকে আত্নহত্যা করে।

যাইহোক বর্তমানে সমাজ অনেক শিক্ষিত। নারীরাও সমাজে শিক্ষিত হয়েছে। কিন্তু এই জঘন্য পণ প্রথার প্রভাব একদমও কমেনি। এখন হয়ত প্রত্যক্ষভাবে বরপক্ষ পণ নেয় না। কিন্তু পরোক্ষভাবে বর্তমানে চলছে 'গোপন পণ'। এই গোপন পণ স্বেচ্ছায় মেয়ের পরিবার দিচ্ছে। বরের পরিবার যদি নিতে না চায় তবে তাকে স্বইচ্ছায় সব কিছু দেওয়া হচ্ছে। তবে এই দেওয়ার মধ্যে ফারাক আছে। বর্তমান পরিস্থিতিতে কন্যা থাকলে কন্যা পক্ষের প্রথম প্রয়োজন একটি সরকারী চাকুরী করা পাত্র। আর যদি উচ্চ পর্যায়ে চাকুরী করে তাহলে কোনো কথাই নাই। সেই ছেলে বা পাত্র হীরের টুকরো। কন্যাপক্ষ একটি বেকার শিক্ষিত ভদ্র ছেলেকে নিজের কন্যার সঙ্গে বিবাহ দিতে চায় না। এখানে মেনে নেওয়া গেলো যে, সবাই উপর দিকে উঠতে চায়। কারণ কথায় আছে 'কুঁজোরও চিত হয়ে শোয়ার ইচ্ছে হয়'। কিন্তু আমার আপত্তি হল এই কন্যাপক্ষ যখন একটি চাকুরী পাত্রকে নিজের পাত্রীর সঙ্গে বিবাহ দেয় তখন তার সর্বস্ব ছেলেকে বা পাত্রকে দেয়। আর যে পরিমানের সম্পদ দেয় তা মনে হয় পূর্বের সমাজ ব্যবস্থার পণের পরিমানের চেয়ে আরও অনেক বেশি। এক্ষেত্রে চাহিদার থেকে অধিক পরিমাণ দেওয়া হয়। এখানে পাত্রীপক্ষ বুঝিয়ে দেয় যে, পাওয়ার আরও মূল্যবান অনেক কিছু

আছে এবং তুমি (বর) আমাদের কাছে অনেক অনেক মূল্যবান দ্রব্য বা পণ্য। তাই এত এত সম্পদ দিয়ে আমরা (বধূপক্ষ) তোমাকে কিনে নিলাম। তাহলে এখানে বোঝাই যাচ্ছে পণ প্রথার জন্য দায়ী কারা। সুতরাং এখন কেবলমাত্র পাত্রপক্ষকে পণ প্রথার জন্য দায়ী করলে হবে না। কন্যাপক্ষও বর্তমানে প্রচ্ছন্ন ভাবে পণ প্রথার জন্য ঘোরতর দায়ী এটা আর প্রমাণের অপেক্ষা রাখে না। যাইহোক প্রাচীন কাল থেকে বর্তমান সময় পর্যন্ত আমরা তিন ধরণের পণ পেয়ে থাকি। প্রথম প্রকার পণের রূপ বরপক্ষ কন্যাপক্ষকে পণ দেয়। দ্বিতীয় প্রকার পনের রূপ কন্যাপক্ষ বরপক্ষকে পণ দেয়। আর তৃতীয় প্রকার পনের রূপও কন্যাপক্ষ বরপক্ষকে পণ দেয়। তবে সেখানে কন্যাপক্ষ স্বইচ্ছায় দেয়। এই তিন রূপ পণের মধ্যে পার্থক্য হল প্রথম ও তৃতীয় প্রকার পণে অত্যাচার নেই। কিন্তু দ্বিতীয় প্রকার পণে অত্যাচার আছে।

পণপ্রথায় আমাদের করণীয়

আজ শিক্ষিত সমাজে নারী তার আপন ভাগ্য জয় করার আধিকার পেয়েছে। নারী ছড়িয়ে পড়েছে বিচিত্র কর্ম প্রেরণায়। নানা ক্ষেত্রে তার সাফল্য স্বীকৃতি। কিন্তু একটা প্রশ্ন হতে পারে পণপ্রথা কি বিলুপ্ত হয়েছে ? উত্তরে বলা যায় মনে হয় না। কারণ সাম্প্রতিককালে পণ প্রথা লাগাম ছাড়া বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে কেবল পনের রূপের পরিবর্তন হয়েছে। এটি আধুনিক সমাজের অভিনবত্ব পণ। পূর্বের অনুচ্ছেদে বিষয়টি আলোচনা করেছি। অধ্যাপিকা সুকুমারী ভট্টাচার্যের মত হল, যারা পণ নেয় তাদের, আর যারা পণ দেয় তাদের সামাজিক ভাবে এক ঘোরে করে রাখা ও পোষ্টারে এই ঘৃন্য কাজের ঘোষণা করা হয়ত এই প্রথার বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করবে। কিন্তু মেয়েদের উচিত, যে পাত্রপক্ষ পণ নেবে তাকে বিবাহ করতে অস্বীকার করা। আর ছেলেদের উচিত যেখানে অর্থ সামগ্রী-গহনা, গাড়ি, ফ্রিজ ইত্যাদি বধূর সঙ্গে দেওয়া হয় সেখানে বিবাহ করতে অসন্মত হওয়া। ছেলেদের উচিত অনুপার্জিত অর্থ গ্রহণ করা যে শুধু অপরাধ তা নয়, তাদের নিজেদের উপার্জন ক্ষমতার বিরুদ্ধে অপমান একথা বলা যেতে পারে। আমি এখানে বলতে চাই অধ্যাপিকা ভট্টাচার্য একটি সুন্দর মত দিয়েছেন। অর্থাৎ ছেলে ও মেয়েদের মানসিকতার পরিবর্তন করতে বলেছেন। তাই পণ প্রথার বিরুদ্ধে দেশের ছেলে-মেয়েদের এগিয়ে আসতে হবে। ছেলেরা যদি চায়ের আসরে বসে সমাজ সংস্কার উপলক্ষে রাজা-উজির মারে আর নিজের বিয়ের সময়ে হয়ে পড়ে দূর্বল ও পিতামাতা বা আত্মীয়জনের বশ, তবে আরো শতবার পণ নিবারণের আইন পাশ করলেও আসল রোগের উপশম হবে না। মেয়েরাও পণ্য সামগ্রী

হিসাবে নিজেদের না ভেবে আন্তনিহিত শক্তির বিকাশ ঘটালে পুরুষতন্ত্রের দৌরাত্ম কমতে বাধ্য। প্রয়োজনে দিকে দিকে নারী মুক্তি আন্দোলনের ডাক দিতে হবে এবং শিক্ষার দ্বারা নিজেদের সামাজিক মূল্য ও মর্যাদা অর্জন করতে হবে। কিন্তু হায় ! আজ সংখ্যা গরিষ্ঠ মানুষ এরূপ মূল্য, মর্যাদা ও অপমানের কোনো ধারধারে না। কারণ অর্থ আজ হয়ে উঠেছে জীবনের একমাত্র মূলধন; জীবনের সব কিছু।

নারীবাদ ও পণ

নারীবাদের কথা হল পুরুষের ইচ্ছা অনুসারে নয়, নারীকে তার স্বাধীন ইচ্ছা অনুসারে গড়ে তুলতে হবে। জার্মান দার্শনিক গ্রিয়ারের মতে নারীত্বকে অস্বীকার করে নয়, নারীত্বের গুনগুলিকে সযত্নে লালন ও পালন করেই নারীকে অগ্রসর হতে হবে। অর্থাৎ নারীকে পুরুষ নয়, হতে হবে পরিপূর্ণ নারী। তারমানে নারীবাদী অন্দোলনের মুখ্য বিষয় সামাজিক দৃষ্টিভঙ্গি ও মানসিকতার পরিবর্তন। কিন্তু এই মানসিকতার পরিবর্তন কি কেবল পুরুষের? মটেও নয়। এই পরিবর্তন নারীরও। তবে এই পরিবর্তনের জন্য প্রয়োজন বৈষ্যমহীন শিক্ষা ব্যবস্থা। আজ নারীবাদী যুগে একজন শিক্ষিকা বিদ্যালয়ে বা কলেজে বা বিশ্ববিদ্যালয়ের শ্রেণী কক্ষের চার দেওয়ালের মাঝে ছাত্র-ছাত্রীদের পড়ায় পণ নেওয়া ও পণ দেওয়া অপরাধ। এটি নারী জাতিকে অবমাননা করে। নারীর মর্যাদায় কুঠারা ঘাত করে। নারীর অধিকার হরণ করে। আর স্ত্রীর নিকট পুরুষের ব্যক্তিত্ব বিক্রয় হয়। কিন্তু আমি বলছি কি এই সকল শিক্ষিকা কেবল এই বিষয়টি শ্রেণী কক্ষের চার দেওয়ালের মাঝে স্বীকার করে। অর্থাৎ চর্চা করে, কিন্তু জীবনে চর্যা করে না। কারণ ওনারাই নিজেদের কন্যা সন্তান বিবাহ দেওয়ার সময় একটি সরকারী উচ্চ পদস্ত পাত্রের সঙ্গে বিবাহ দেয় এবং একই সাথে প্রচুর পরিমাণের মুল্যবান সম্পদ পাত্রের ঘর ভর্তি করে দেয়। আর ছেলেকে বিবাহ দেয় ধনী পরিবারে। অপরদিকে শ্রেণী কক্ষে যে ছেলে-মেয়েগুলি পড়াশুনা করে তারা চাকুরী পাওয়ার পর ধনী পরিবারে বিবাহ করে। মেয়েরা চাকুরী পাওয়ার পর চাকুরীজীবী পাত্রের সঙ্গে বিবাহ করে। এমনকি নারীবাদ নিয়ে এম.ফিল, পি.এইচ.ডি করছে বা করেছে এমন ছেলে মেয়েরাও এই ধারণার সঙ্গে যেন সমবায় সম্বন্ধে আবদ্ধ। এসবের বিরুদ্ধে আমরা যদি অভিযোগ করি তাহলে তাদের কাছ থেকে একটি সুন্দর উত্তর আসে, যদি পদমর্যাদা বা সামাজিক মর্যাদা বজায় না থাকে তাহলে যে পদে চাকুরী করি তার সন্মানহানী হবে। শিক্ষার মর্যাদা নষ্ট হবে। দারুন যুক্তি মানুষের মধ্যে তাই নয় কি? আসল কারণটা হল মানুষ স্বার্থপর এবং আত্মসুখবাদী। তাই শিক্ষা কেবল তত্ত্বে বা জ্ঞানে থাকে, প্রয়োগে থাকে না। শিক্ষার

বাস্তব রূপ দেয় না। আর এমনটা হলে নারীবাদ কেবল শব্দ হয়ে থাকবে, সফল হবে না। একই সঙ্গে পণ প্রথার কেবল রূপের পরিবর্তন হবে এবং সেটা চলতে থাকবেই। আর সেটাই এখন হয়েছে, এখন পণটাকে উপহার হিসাবে ধরা হয় এবং পাত্রপক্ষকে উপহার দেওয়া হয় অর্থ, ফ্লাট বাড়ি ইত্যাদি।

সবশেষে বলা যায় বর্তমান সমাজ শিক্ষিত ও আধুনিকতায় মোড়া। আর এই শিক্ষা ও আধুনিকতার সমন্বয়ের মোড়কে সর্বত্র মেয়েরা ঘরের চৌকাট পেরিয়ে বিশ্বের উন্মুক্ত প্রাঙ্গণে এসে দাঁড়িয়েছে। তাই এই বৃহৎ সংসারের দায়িত্ব নারীর আছে তা স্বীকার করতে হয়, তা না হলে তাদের লজ্জা ও অকৃতার্থতা। তারমানে পৃথিবীতে নারীবাদের নতুন যুগ এসেছে এবং সামাজিক নির্মাণের পুরুষতন্ত্রের কায়েম ক্ষীণ হয়েছে। অতি দীর্ঘকাল সমাজ ব্যবস্থার ভার ছিল পুরুষতন্ত্রের হাতে। এর জন্য সেই সময়ের পণের রূপ ছিল অত্যাচার, নারী বা বধূ নির্জাতন। তখন সভ্যতা ছিল এক ঝোঁকা। আর মানব চিত্তের সম্পদ ভাণ্ডার ছিল অভাব গ্রস্থ। এখন শিক্ষার দ্বারা সমাজে মানব চিত্তের কৃপণ ভাণ্ডারের দ্বার খুলে গিয়েছে। তাই পণের স্বরূপ পরিবর্তিত হয়ে বধূ অত্যাচারের দিকটি ক্ষীণ হয়েছে। কিন্তু পণ প্রথার অস্তিত্ব রয়ে গিয়েছে একথা আমাদের স্বীকার করতে হয়।

গ্রন্থপঞ্জী :

১. বসু, রাজশ্রী ও চক্রবর্তী, বাসবী। প্রসঙ্গঃ মানবীবিদ্যা। কোলকাতাঃ ঊর্বী, ২০০৮।

২. বসু, রাজশ্রী। নারীবাদ। কোলকাতাঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্যদ, ২০১২।

৩. মৈত্র, শেফালী। নৈতিকতা ও নারীবাদ। কোলকাতাঃ নিউ এজ পাবলিশার্স, ২০০৭।

৪. সেন, সুব্রত। সতীপ্রথা ও পণপ্রথা। কোলকাতাঃ আনন্দ, ২০১৬।

৫. ভট্টাচার্য, সমরেন্দ্র। ব্যবহারিক নীতিবিদ্যা। কোলকাতাঃ বুক সিন্ডিকেট, ২০১৪।

৬. গুপ্ত, দীক্ষিত। ব্যবহারিক নীতিশাস্ত্র। কোলকাতাঃ পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্যদ, ২০১৭।

৭. ভট্টাচার্য, সুকুমারী। প্রাচীন ভারতে নারী ও সমাজ। কোলকাতাঃ এন. বি. এ, ২০১৫।

৮. ইন্টারনেটের সুবিধা নিয়েছি।

WOMEN IN INDIA THROUGH THE AGES : A CRITICAL ANALYSIS

Pooja Agarwal (Assistant Professor, Dept. of Philosophy, Murshidabad Adarsha Mahavidyalaya)

Abstract:
The true index of the cultural and spiritual levels of any society gets reflected through the status and position of its women. The status and position of women in India have undergone many drastic changes right from the ancient times to the present-day society. In the ancient Indian society women were treated on an equal footing with their male counterparts. Then with the passage of time many foreign invasions and conquests led to the gradual deterioration in the integrity and equality among genders. Today women in India have secured a better position for themselves. This paper is a humble attempt to outline the status and position of women in India through the ages by emphasizing the different aspects such as the esteemed position women held in the ancient Indian society; gradual degradation of the feminine status in the post ancient Indian era; the subsequent movements for the eradication of the different social evils prevalent in the Indian society along with the promotion of equal rights for women by many Indian reformers and activists; and the emancipation of women through legislation and empowerment. The paper ends with the conclusion that the empowerment of women is a prerequisite for the progress and betterment of any society, community, and country in any period of time.

Key words : Women, India, Social evils, Reforms, Equality, Emancipation.

It is an undeniable fact that women have been an integral part of the Indian society since ancient times. Last few decades have witnessed an all-round development of women in India. Women are now

making their presence felt in every walk of life such as education, politics, medicine, culture, service sectors, science and technology. Despite this, women in India still face significant challenges. Gender discrimination, female foeticide and infanticide, women's safety and security remain a matter of significant concern. It goes without saying that the true index of the cultural and spiritual levels of any society gets reflected through the status and position of its women. The status and position of women in India have undergone many drastic changes right from the ancient times to the present-day society. In the ancient Indian society women were treated on an equal footing with their male counterparts. Then with the passage of time many foreign invasions and conquests led to the gradual deterioration in the integrity and equality among genders. Today women in India have secured a better position for themselves.

This paper is a humble attempt to outline the status and position of women in India through the ages by emphasizing the different aspects. Such different aspects on which the present paper concentrates upon includes: the esteemed position a woman held in the ancient Indian society when she had all-round freedom and scope for development like a man had, and when she was considered as "Janani", "Devi", and "Ardhangini"; the gradual degeneration in the status of women in the post ancient Indian era, as the outcome of the frequent foreign invasions and conquests, when the Indian society witnessed the outbursts of many different social evils which made the life of women very difficult and eventually the status of women went on declining; the subsequent efforts of many Indian reformers, both male and female, to reform the oppressive social order of India for the improvement of the deplorable conditions of women; and the emancipation of women through legislation and empowerment. Finally, the paper ends with the conclusion that in a civilized world of ours it is the duty of every rational human being to break the shackles of any dogmatic state of mentality which acts as a barrier in letting

society move ahead. Women must realize their self-worth so that they can take part in building a strong nation. The empowerment of women is a prerequisite for the progress and betterment of any society, community, and country in any period of time.

Certainly, when we talk about the status of women in ancient India what we refer to is the high-status women enjoyed during that time. There was then no discrimination on the basis of gender. Instead, women enjoyed equal opportunities for education and work just like the men. Women were also eligible for initiation ceremony (upanayana samskara) and the study of Brahma-knowledge (brahmacharya). In ancient times education of a woman was encouraged. Ancient India had many learned ladies like Maitreyi, Gargi, Arundhati, Lilavati and others. There were two classes of scholarly women Brahmavadinis and the Sadyodvahas. Brahmavadinis were those women who never married and continued the Vedic studies for their whole life. On the other hand, Sadyodvahas were the women who studied the Vedas till they got married.

Indian tradition has generally respected womanhood. No doubt, it was the patriarchal system that was prevalent in ancient India. For example, Manu ordered that a woman should be under the surveillance of father at young age, of husband at youth, and of son at old age. Though the supreme authority was clearly vested in the man, yet the position of woman was one of honorable subordination. She was treated with great respect and devotion, and was usually referred to as "Devi", "Janani", or "Shakti". She was viewed as a symbol of life with enormous ability for tolerance and self-sacrifice. Further, she enjoyed all the religious rights and privileges, which a man possessed, and her cooperation was absolutely necessary in religious rites and ceremonies. She was known as "Ardhangini" which meant that she constituted half of the personality of her husband. It was believed that the oblation offered by a man will not be accepted by gods if he is not accompanied by his wife. In this sense, a wife was indispensable since without

her a man could not become a spiritual whole. The adoration for the mother was also evident during this time. 'Matri-devo bhava-treat your mother as a goddess-is the advice given to the young'. 'Manu says: "One acharya excels ten upadhyayas in glory; a father excels a hundred acharyas in glory; but a mother excels even a thousand fathers in glory", (Madhavananda & Majumdar, 2001, p.xvii). Along with all these, the women during this time had a very strong say when it came to choosing their husbands. Instances of "svayamvara" or self-chosen groom as portrayed in the ancient Indian texts proves that women were given sufficient freedom in this respect in ancient times.

The notion of equality so much celebrated in ancient India gets its further exposition in texts like Taittiriya Samhita which considers man and woman as two wheels of a cart. India, as has already been mentioned, has been a land where women have generally been revered. True to this perspective, Manu declares that a family where women are honored, there the gods are pleased and that family thrives. On the other hand, where women are not honored, all works become fruitless and that family is certain to perish. Such in a nutshell is the outline of the esteemed position women held in ancient Indian society.

The integrity and equality among the genders that had room in the ancient Indian society suffered a severe setback and there was a gradual deterioration in the status of women. The primary reason for the decline of women's status can be attributed to the different foreign invaders who came to India time and again. The ill-effects of these different invasions and conquests, among many others, were the complete destruction of the ancient Indian social order and the distinctly subordinate status of an Indian woman.

To protect womanhood from the invaders and to safeguard their honor, the different social, religious, educational, and other rights and opportunities which a woman enjoyed earlier got restricted. Women were discriminated against in marriage, marital status, widowhood and inheritance. They were prohibited from participating in any public event

as men's better half. A woman's life got confined to the four walls of a house and she was put behind the curtains (Purdah/Ghoonghat). She was in a way forced to lose her self-worth and was treated as some very inferior species at the hands of her male counterpart.

Further the outbursts of many different social evils in the Indian society during this time added to the perpetual state of the suppression of women. Such different social evils included sati or the practice of burning a woman alive along with her husband's dead body; early marriage or the child marriage which became essential for safeguarding the chastity and honor of girls. Enforced widowhood, dowry system, female infanticide, restrictions on widow remarriage, the practice of polygamy prevailed in which a woman had practically no say and was neglected. The practice of the devadasi system was also witnessed in some parts of India. Under the devadasi system, which was prominent in southern and parts of western India, the girls were dedicated to the temples by their parents and these girls were then considered as the servants (dasi) of the gods (deva). Although, traditionally, devadasis enjoyed a high status in society and were revered for their commitment to gods, yet, later on, their status in society deteriorated and they were ill-treated and humiliated. They became a source of entertainment for the kings, priests, and even members of the upper class.

It needs to be mentioned here that although some of the above-mentioned practices existed in ancient India, yet, with the arrival of foreign invaders in India these different practices got distorted and gradually turned into social evils. For example, let us consider the evils of dowry system that prevailed with greater rigor during this time. Dowry was originally given willingly to the daughter by her parents at the time of her wedding for her well-being at the time of any economic crisis in her life. In the ancient times, dowry actually was considered as :Stridhana". The parents and relatives of a bride showered her with gifts, ornaments, property, and cash. But later on,

the term "dowry" acquired special significance. It became equivalent to be understood as the money or "Dakshina" which should essentially be offered to the bridegroom along with the bride (Srivastava, n.d.).

With every passing day the condition of the women in India became deplorable. It was the need of the hour to eradicate the different social evils which were at the roots of all kinds of inequalities that existed in the then Indian society. Eventually, India witnessed a series of reform movements in the 19th century, also known as the period of Indian Renaissance. Some enlightened Indians made zealous efforts for removing the different social evils and awakening the people against the injustice done to the Indian women. They, in course of their efforts to reform the oppressive social order of India, revolted against the rigid social evils and the outdated customs. Raja Rammohan Roy, Ishwar Chandra Vidyasagar, M.G. Ranade, Mahatma Phule and women reformers like Savitribai Phule, Tarabai Shinde, Pandita Ramabai, Rukhmabai were among the many such enlightened Indians who played a pivotal role in helping women get back their previous esteemed status in society. They rose their voice against such evil systems as sati, purdah, dowry, polygamy, child marriage and emphasized women's education and remarriage of widows.

Raja Rammohan Roy, the pioneer of Indian social reform movement, strongly campaigned against the inhuman practice of sati. It was his earnest efforts that led to the abolition of sati system in 1829 and thenceforth sati was declared an offence. After the abolition of the practice of sati, it was naturally obvious to consider the pitiable conditions of the widows in India who had to spend their entire life in a white saree sacrificing all the basic comforts. Ishwar Chandra Vidyasagar, an Indian educator and social reformer, contributed greatly to the cause of the upliftment of the Indian widows who were forced to live a stigmatized and isolated life after the death of their husbands. Vidyasagar played a very prominent role in the passing of the law which made the marriage of widows legal in 1856. He also stood strongly against the

practice of child marriage and led several protests against all the social practices that disrespected women.

Not only there were the male reformers who fought for the freedom and development of the women in India but some female social reformers also dedicated their lives to empower women. These female reformers laid the foundation for the movement for women's liberation in India. Among these female social reformers, the name of Savitribai Phule deserves special mention. Our country's first female teacher and a pioneer of the Indian feminist movement, Savitribai championed the cause of women's education in India. 'For her work for women education many people', as Malik-Goure (2019) mentions, 'called her as Jnanajyoti [sic] (Flame of Education) and Krantijyoti (Flame of Revolution)' (p.26). The greatest legacy of Pandita Ramabai, another female social reformer, was her effort to educate the child widows. In the process she opened Sarada Sadan in Bombay in 1889. A feminist activist and an associate of Savitribai, Tarabai Shinde's work "Stri Purush Tulana" is considered to be one of the first texts of feminism in India. It raised awareness about, and criticized the patriarchal views and social barriers of genders. Tarabai worked extensively to highlight the disparities between men and women.

With the earnest efforts of these different social reformers Indian society gradually evolved with changes. The different reform movements paved the way for the progress and betterment of the Indian society in general and Indian women in particular. A number of legal measures were enacted for the emancipation of women. Apart from the above-mentioned two legal measures such as the abolition of the practice of sati (1829) and the legalization of the widow remarriage (1856), acts like Female Infanticide Prevention Act (1870), Sharada Act (1930) which increased the marriageable age of girls and boys, and other such acts benefiting women were passed.

After independence certain provisions were made in the Constitution to improve the otherwise still negligible status of Indian women. Subsequently, several legislations have been enacted keeping in line with

the rapid urbanization and industrialization of the century. The Marriage Act (1955), The Succession Act (1956), Adoption and Maintenance Act (1956), Dowry Prohibition Act (1961), Maternity Benefit Act (1961), legalizing of abortion under various circumstances were some such legislation which favored the empowerment and protection of women in India. The Constitution of India prohibits any kind of discrimination on the basis of sex. Indian women are bestowed upon with the privilege of "equality of opportunity" and "equal pay for equal work". The same facilities of education and the same opportunities of profession and employment are available for women. Women are free to participate in all the religious, cultural, economic and political activities. Furthermore, the Constitution empowers the government to undertake special measures for women. The protection of women against any kind of exploitation is also guaranteed. The different types of provisions of law affecting women are significantly reviewed periodically and amendments are carried out in accordance with the emerging requirements.

It can obviously be said here, that the different reform movements and the consequent enactment of the legal measures in the pre-independent India and the Constitution of free India contributed immensely for the emancipation of women in the Indian society.

In conclusion, it can be said that it is an undeniable fact that women in India have made a considerable progress over the years. They have become much more independent, both socially and politically, thanks to the different laws and acts executed by the Government of India for empowering women. However, no constitution and no legal codes can bring about any actual change in the status of women unless and until the realization dawns upon every rational human being that it is a woman who nurtures the upcoming generation, and accordingly she forms the backbone of any family, society, or country. She should be given a fair chance to enjoy the freedom and justice and this should start right from the family. It is absolutely necessary that each and every

family, setting aside all kinds of gender biases, provides opportunities to its female members for the enfoldment and the development of their potentialities. It is only then that a society or a nation can progress. It can, thus, appropriately be said that the different measures for the empowerment of women and their protection from any kind of exploitation are not entirely from a humanitarian perspective; instead, they also form part of a larger effort to make society develop and progress. Swami Vivekananda, the great philosopher of India, has quite aptly said that just as it is not possible for a bird to fly on only one wing, so also it is not possible for a society to progress unless the conditions of its women are improved.

References:

- Altekar, A.S. (2014). The Position of Women in Hindu Civilization: From Prehistoric Times to the Present Day. Delhi: Motilal Banarsidass Publishers Private Limited.
- Aniketsml. (2021). Women empowerment: With Special Reference to Constitutional Provisions https://www.scribd.com/document/503531021 Women-Empowerment-With-Special- Reference-to-Constitutional-Provisions.
- Chanda, A., Sarkar, M., & Chattopadhyay, K. (Eds.). (2013). Women in History. Kolkata: Progressive Publishers in association with Jadavpur University.
- Choudhary, R. (2013). Women in Indian Society: a historical perspective. Madhya Pradesh Journal of Social Sciences, 18(1), 41+. https://link.gale.com/apps/doc/A412800305/AONE?u=googlescholar&sid=bookmark-AONE&xid=9b6cb08e
- Madhavananda, S., & Majumdar, R.C. (Eds.). (2001). Great Women of India. Kolkata: Advaita Ashrama.
- Malik-Goure, A. (2019). Feminist Philosophical Thought in Colonial India. Journal of East- West Thought, 9 (2), 25-36.
- Roy, B. (2022, November 16). Women's empowerment in India, from ancient period to modern time period. Reader's Blog. https://timesofindia.

indiatimes.com/readersblog/scatteredthoughts/womens-empowerment-in-india-from-ancient-period-to-modern-time-period-46689/

- Roy, K. (Ed.). (2015). Women in Early Indian Societies. New Delhi: Manohar Publishers & Distributors.
- Srivastava, P. (n.d.). Status of Women in India: Ancient, Medieval and Modern /Sociology. https://www.sociologydiscussion.com/status-of-women/status-of-women-in-india-ancient- medieval-and-modern-sociology/13526.

POST FEMINIST MEDIA CULTURE: AN INTRODUCTION

Dr. Maumita Chaudhuri (Assistant Professor, Department of Journalism and Mass Communication, Barrackpore Rastraguru Surendranath College)

Abstract:

The notion of post feminism has become one of the most important in the lexicon of feminist cultural analysis. Yet there is little agreement about what post feminism is, and the term is used variously (and frequently contradictorily) to signal an epistemological break with (second wave) feminism, and historical shift (to a third wave), or a regressive political stance (backlash). The problem with these conceptualizations of post feminism is the difficulty in specifying with any rigor what features constitutes post feminism. That is, they do not tell us what makes something (a media text, and audience reaction, a set of production values) post feminist. The term is frequently invoked rhetorically, but lacks any analytic purchase.

In order to fashion a concept that can be used analytically within cultural studies, this paper argues that post feminism is best understood as a distinctive sensibility, made up of a number of interrelated themes. These include the notion that femininity is a bodily property; the shift from objectification to subjectification; an emphasis upon self surveillance, monitoring and self-discipline; a focus on individualism, choice and empowerment; the dominance of a makeover paradigm; and a resurgence of ideas about natural sexual difference. Each of these is explored in some detail, with examples from contemporary Anglo-American media. It is precisely the patterned articulation of these ideas that constitutes a post feminist sensibility. The paper then concludes with a discussion of the connection between this sensibility and the ideas and values of neo-liberalism.

Keywords: post feminism, media, gender, feminism, neo-liberalism.

Introduction:

The notion of post feminism has become one of the most important and contested terms in the lexicon of feminist cultural analysis. In recent years debates about everything from the history and exclusions of feminism, to the gender consciousness (or otherwise) of young women, and the ideological nature of contemporary media have crystallized in disagreements about post feminism. Like 'postmodernism' before it, the term has become overloaded with different meanings. As Dick Hebdige (1988) noted in relation to postmodernism, this is an indication that there is something worth struggling over. Arguments about post feminism are debates about nothing less than the transformations in feminisms and transformations in media culture-- and their mutual relationship.

However, after nearly two decades of argument about post feminism, there is still no agreement as to what it is, and the term is used variously and contradictorily to signal a theoretical position, a type of feminism after the second wave, or a regressive political stance. Such disagreement would not necessarily be cause for alarm (but might merely be a sign of vibrant debate) were it not for two additional problems: first, the difficulty of specifying with any rigor the features of post feminism, and secondly the problems with applying current notions to any particular cultural or media analysis. What makes a text post feminist? What features need to be present in order for any media scholar to label something post feminist? In order to use the term post feminism for analytic purposes, we need at a minimum to be able to specify the criteria used to identify something as post feminist.

To this end, this paper aims to propose a new understanding of post feminism that can be used to analyze contemporary cultural products. It seeks to argue that post feminism is best thought of as a sensibility that characterizes increasing numbers of films, television shows,

The various schemes discussed have important implications for women's empowerment. As girls become educated, they can develop self-confidence and the ability to make their own decisions. Women are able to raise awareness of themselves and society. As a result of getting the opportunity to study they strive to become self-reliant. This empowerment of girls helps them develop their sense of self-worth. Women were able to establish authority not only economically, but also familial and socially. Women were able to stand against various prejudices and injustices of the society. Women have been able to apply their power in all aspects of education, health, business-commercial offices-courts, and political economy. Human resources are developing both qualitatively and quantitatively. As a result, the state, the country and the world are progressing.

Conclusion:

It is clear from the discussion above how the West Bengal the government's initiative to support girls in West Bengal who are experiencing the biggest amount of drought will affect them. The influence of women and girls on future generations is good. These programmes aim to address some of the concerns that kids have with self-reliance in order to attend school. The implementation of those

programmes present a variety of difficulties, including the need to collece student rescode, track and manage shipments, choose secure locations for delivery, tag schools, deploy a significant amount of fitters from all across the nation, and ensure their logistics and security.

References:

1. Ghara, T. K., Roy, K. (2017, July). Impact of Kanyashree Prakalpa – Districwise Analysis. IOSR Journal of Humanities and Social Science, 22(7), pp 27-35.
2. Biswas, S. (2019). Rupashree Scheme of Govt. of West Bengal: The Mission and Vision. A multidisciplinary online journal of Netaji Subhas Open University, 2(2).
3. Eisamay News Paper (2022, August11). https://eisamay.com/government-schemes/state/know-every-details-about-matriyan-scheme-and-nischay-yan-scheme/articleshow/93504603.cms
4. Ministry of Women and Child Development, Government of India. (2013). Evaluation of SABLA Scheme. https://wcd.nic.in/sites/default/files/1-SablaEVAReportver5.1_0.pdf
5. Govt Staff Portal. (2023, March 16). http://www.govtstaffportal.in/wb-rupashree-prakalpa-marriage-assistance-scheme-pdf/
6. Child Development & Women Development and Social Welfare Department, Government of West Bengal. (2016). http://wbcdwdsw.gov.in/link/pdf/mutiralo/7_Annexure_VI_Guidelines_&_Application_Format_of_MuktirAlo.pdf
7. Department of Health & Family Welfare Government of West Bengal, Swasthya Bhawan. (2023, March 24). https://www.wbhealth.gov.in/uploaded_files/tender/nit_2016_74.pdf
8. Biswas, S. (2018). Impact of Sabooj Sathi Scheme on Development of Rural Girls Education in West Bengal.A multidisciplinary online journal of Netaji Subhas Open University, 1(2). https://www.iosrjournals.org/iosrjhss/papers/Vol.%2022%20Issue7/Version-7/E2207072735.pdf

9. SarkariSuvidha.in. (2023, March 22). https://www.sarkarisuvidha.in/2021/08/lakshmir-bhandar-prakalpa-form-pdf.html
10. Agborabang,S.E. (2022). Women Empowerment through west recycling Africa. Case of douala,Cameroon. International Journal on Women Empowerment, 8. https://doi.org/10.29052/2413-4252.v8.i1.2022.1-13

ভারতীয় সমাজে নারীর ক্ষমতায়ন ও নারীবাদ

ড: মালা কুমারী গুপ্তা (সহকারী অধ্যাপিকা, সংস্কৃত বিভাগ, উইমেন্স কলেজ)

ভূমিকা :

মানব সমাজে নারীর গুরুত্বপূর্ণ স্থান। বাস্তবে নারী ছাড়া সৃষ্টির কল্পনা করা যায় না। ভারতীয় সংস্কৃতিতে নারী ও পুরুষকে জীবনের রথের দুই চাকা হিসেবে বিবেচনা করা হয়। কিন্তু নারী পুরুষের সম্পর্কের মধ্যে ক্ষমতার অভাব স্পষ্টভাবে দৃশ্যমান। কারণ পুরুষরা সব সময়ই নারীকে নিজেদের নিয়ন্ত্রণে রেখেছে। আন্তর্জাতিয় পর্যায়ে বিজ্ঞান, ধর্ম, শিক্ষা, সংস্কৃতি ও শিল্পের ক্ষেত্রে যতো না অগ্রগতি হোক কিন্তু সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে আজও নারীদের অবস্থা চিন্তাশীল। নারীর স্থান ও প্রয়োজন ছিল কেবলমাত্র সংসার ও সন্তানের জন্ম ও লালন-পালনের মধ্যে সীমাবদ্ধ। সামাজিক উৎপাদনমূলক কাজে অংশগ্রহণ করলেও নারী ছিল প্রধানত এক জৈবসত্তা। কন্যা-জায়া-জননীর-বাইরে তার স্বতন্ত্র অস্তিত্বকে স্বীকার করেনি সমাজ। তাই তার স্বাধীনতা, ব্যক্তিগত পছন্দ বা ব্যক্তিগত জগৎ কিছুই স্বীকার হয়নি।

নারীবাদী চিন্তাধারা মোটামুটি ১৮০০ খ্রিঃ থেকে শুরু হলেও বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে তা বিশ্বজুড়ে বিস্তৃতি ও ব্যাপকতা লাভ করে। তাই ষাটের দশকের পর থেকে ক্রমশঃ নারী সম্বন্ধে বিশেষ সচেতনতা লক্ষ্য করা যায়। তবে ১৮৬৭ খ্রীঃ মিলের 'Subjecton of Women' প্রকাশিত হওয়ার আগে সমাজে নারীর সম্পর্কে কোন সুস্পষ্ট ধারণা গড়ে ওঠেনি।

বর্তমান সময়ে 'নারীবাদ' তথা 'নারীবাদী আন্দোলন' নিয়ে সচেতনতা নিরন্তর বেড়েছে। গত উনিশ শতক থেকে বিশ শতক পর্যন্ত কয়েক দশকে নারী জাগরণ ও নারীর সমানাধিকারের প্রয়োজনীয়তা সামাজিকভাবে যত স্বীকৃত হয়েছে, ততই আন্দোলনে ও অন্যান্য কাজে নারীদের সক্রিয় অংশগ্রহণ বেড়েছে। সমাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে নারীমুক্তির চেতনা ও বিকাশ লাভ করেছে।

'নারীবাদ' বলতে ঠিক কী বোঝায়? এ সম্পর্কে কোনো নির্দিষ্ট তাত্ত্বিক কাঠামো এখনও পর্যন্ত গড়ে ওঠেনি। সাধারণভাবে বলা যেতে পারে, "নারীবাদ হল এমন একটি শক্তি যা নারীজাতিকে একটি আত্মসচেতন সামাজিক শ্রেণিতে পরিণত করেছে।" ("Feminism to the force which has transformed women into self conscious social category", Bandana Chatterji, women & politics in

India) বাসবী চক্রবর্তীর মতে"নারীবাদ হচ্ছে মূলত নারীমুক্তির জন্য কিংবা নারীর সমানাধিকার অর্জনের উদ্দেশ্যে গড়ে তোলা তত্ত্ব এবং একই সঙ্গে তার প্রয়োগ ও দৃষ্টিভঙ্গি। নারীবাদের প্রধান উদ্দেশ্য হচ্ছে একটি বৈষম্যহীন সমাজ গড়ে তোলা যেখানে নারী তার নিজস্ব পরিচিতি নিয়ে বেঁচে থাকতে পারবে।" (বাসবী চক্রবর্তী নারীবাদ বিভিন্ন ধারা, প্রসঙ্গ মানবী বিদ্যাস, পৃষ্ঠা ৩৮) নারীবাদী লেখিকা রাজশ্রী বসুর মতে— "নারীবাদ হল তত্ত্ব ও বাস্তবের সংমিশ্রণে গড়ে ওঠা এমন একটি দৃষ্টিভঙ্গি যা সমাজ পুরুষের তুলনায় নারীর নিম্নতর অবস্থান সম্পর্কে সচেতন করে। নারীবাদীরা অর্থনৈতিক চিন্তা, মূল্যবোধ, অবস্থা ও ব্যবস্থার পরিবর্তনের কথা বলেছেন যাতে নারীর লিঙ্গভিত্তিক বৈষ্যম্যর অবসান ঘটে।" সুতরাং এক কথায় বলা যায়, নারীবাদ হল এমন একটি প্রত্যয় যে নর অথবা নারী যে কোনো মানুষের প্রকৃতি ও যোগ্যতার বিচারে বৈষম্যের কোনো ভূমিকা না থাকে। নারীবাদী দৃষ্টিভঙ্গি নারীর মূল্যবোধ ও সামঞ্জস্যের অবধারণাকে পরিবর্তন করে পিতৃতান্ত্রিক সমাজে এবং গার্হস্থ জীবনের বন্দীদশা থেকে মুক্ত করে তাকে সমাজে পুরুষের সাথে সামঞ্জস্য রক্ষা করে চলার পরিবর্তে পুরুষের সমকক্ষ হিসাবে প্রতিষ্ঠিত করতে চায়। নারীবাদ নারীর ওপর পুরুষের যাবতীয় অধীনতা এবং শোষনের ঘোরতর বিরোধীতা করে এবং তাকে সুস্থ ও মুক্ত জীবন দিতে চায়।

বস্তুত পক্ষে নারীবাদ হল এমন এক প্রকার চিন্তাদর্শন, যেটি নারীকে তার এতকালের গৃহবন্দী জীবনের বন্দীদশা থেকে মুক্ত করে তাকে বিপুলা বিশ্বের অঙ্গনে স্বমহিমায় প্রতিষ্ঠিত করতে চায় এবং তাকে পুরুষের এতকালের চুড়ান্ত প্রভুত্ব, আধিপত্য নিয়ন্ত্রণ থেকে উদ্ধার করে তার স্বতন্ত্র ব্যক্তিসত্তাকে সুপ্রতিষ্ঠিত করতে চায়। সঙ্গে সঙ্গে নারীবাদ নারীকে জীবনের সকল ক্ষেত্রে যথা সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, শিল্প বিষয়ক, সাহিত্য সংক্রান্ত প্রভৃতি ক্ষেত্রে পুরুষের সমকক্ষ করে তুলতে এবং সমান মর্যাদায় প্রতিষ্ঠিত করতে চায়।

১৯৬০ এর দশকে নারীবাদের ধারণা জোরালোভাবে বিকাশ লাভ করলেও প্রাচীন গ্রীস, চীন প্রভৃতি দেশের সভ্যতা ও সংস্কৃতির মধ্যেও কিছু নারীবাদের চেতনার উৎসের সন্ধান পাওয়া যায়। ১৪০৫ সালে ইতালিতে প্রকাশিত Christine De Pisan এর 'Book of the City of Ladies' গ্রন্থে অতীতের নারীদের কৃতিত্বপূর্ণ ভূমিকা এবং নারী শিক্ষা ও রাজনীতিতে নারীদের প্রভাব সম্পর্কে বক্তব্য পাওয়া যায়, যা আধুনিক নারীবাদের অনেক ধারণাকেই আগাম উল্লেখ করেছে।

রাজনৈতিক অবধারণা ঃ অষ্টাদশ শতকের শেষ দিকে পৃথিবীর বিভিন্ন প্রান্তে নারীবাদী আন্দোলন সংগঠিত হয়েছিল। নারীবাদী আন্দোলনের প্রথম সংগঠন শুরু হয়

১৮৪০ সালে আমেরিকা ও ব্রিটেনের পার্লামেন্টে মেয়েদের দাবী পেশ করা এবং আইনের মাধ্যমে লিঙ্গসাম্য প্রতিষ্ঠার আন্দোলনের মধ্য দিয়ে। মেয়েদের ভোটাধিকারের রক্তাক্ত লড়াই বহুদিন চলার পর অবশেষে ১৯২৮ সালে ব্রিটেনে এবং ১৯২০ সালে আমেরিকায় বহু প্রতিক্ষিত সেই নাগরিক অধিকার তারা অর্জন করে। প্রাচীন ইউনানী দার্শনিক প্লেটো পৃষ্ঠপোষকদের অধীনে স্ত্রী পুরুষের মধ্যে সাম্যতা স্থাপিত করেছিলেন। কিন্তু অরস্তূ পুরুষদের তুলনায় নারীদের হীনমন্যতার ওপর জোর দিয়ে তাদেরকে দাশগুলির সমকক্ষে ফেলে ছিলেন। প্রাচীন ভারতীয় গ্রন্থ 'মনুসংহিতায়' বলা হয়েছে 'যত্র নার্থস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ' কিন্তু অপর দিকে বলা হয়েছে— "ন নারী স্বাতন্ত্রয়মর্হতি"। কিন্তু প্রাচীন কালে নারীর হীন অবস্থার বিরুদ্ধে কোনো আন্দোলনের সাক্ষ্য পাওয়া যায় না।

১৮৩৭ খ্রিঃ ফরাসি দার্শনিক ও ইউরোপীয় সমাজবাদী চার্লস ফুরিয়ে প্রথম 'নারীবাদ' শব্দটির ব্যবহার করে ছিলেন। অনুমান করা যায় "নারীবাদ' (Feminine) এবং 'নারীবাদী' (Feminist) শব্দদুটি প্রথমে ফ্রান্স ও নেদারল্যান্ড দেশে প্রকাশিত হয় ১৮৭২ সালেও অন্তর্রাষ্ট্রীয় স্তরে ১৮৯০ এবং অন্তর্জাতীয় স্তরে ১৯১০ সালে। পরবর্তী কালে সংস্কৃতি ও দেশ ভেদে বিশ্বের বিভিন্ন প্রান্তের নারীবাদীরা বিভিন্ন কর্মসূচি ও লক্ষ্য পুরণের জন্য কাজ করেছেন। অনেক আগে থেকেই শুরু হয়েছিল মেয়েদের সক্রিয় লিখিত প্রতিবাদের ইতিহাস। শুধু ইউরোপ, আমেরিকাতেই নয় ভারতে ও মানবী চেতনার উন্মেশ ঘটেছিল। ১৭০০ সালে মারি আস্টেলের 'সাম রিফ্লেকশান আপন ম্যারেজ' এবং ১৭৭৬ সালে অ্যাবিগিল এডামসের স্বামীর প্রতি লেখা একটি ঐতিহাসিক চিঠি মেয়েদের অধিকার চাওয়ার ক্ষেত্রে মাইলফলক হিসেবে কাজ করেছে। অ্যাবিগিল এডামসের স্বামী ছিলেন আমেরিকার ভাবী প্রেসিডেন্ট এবং প্রভাবশালী রাজনৈতিক নেতা। ১৭৯২ সালে প্রকাশিত নারীবাদের প্রথম ঐতিহাসিক বই, মেরি উলস্টোনক্র্যাফকটের লেখা 'এ ভিন্তিকেশন অফ দি রাইটস অফ উইমেন' প্রকাশিত হয়। এখানে নারীদের সমানতার অধিকারের সমর্থন করা হয়েছে। ১৮৬২ সালে 'সোমপ্রকাশ' পত্রিকায় প্রকাশিত 'স্ত্রীলোকের পরাধীনতা' নামে বামা সুন্দরীর চিঠি বা ১৮৭৬ সালে লেখা রামসুন্দরী দেবীর আত্মকথা 'আমার জীবন' তে স্ত্রীশিক্ষা ও নারীর অধিকার বিষয়ে সচেতনতা প্রসার লক্ষনীয়। ১৮৮২ সালে নারী সম্বন্ধে পুরুষের হীন ধারণা ও অসম ব্যবহারের লিখিত প্রতিবাদ করেন কান্তিবাই কানিতকার। Forbes-এ প্রকাশিত আন্তর্জাতিক লেখক বক্তা এবং নারী উন্নয়ন মূলক গবেষক Kathy caprino এর "Building a World That Works For All" শীর্ষক নামে এক গবেষনায়,

সারা বিশ্বে নারীর সমতা এবং নারীর বৈষম্যমূলক অবস্থার তথ্যের ভিত্তিতে তিনি বলেছেন যে, 'পৃথিবীর মিলিয়ন মিলিয়ন লোক নারী-পুরুষের সম অধিকার এবং সমান সুযোগ সুবিধার বিষয়টি সমর্থনই করেন না। হাজার হাজার মানুষ ভাবেন, নারীবাদ বিষয়টি ধর্মীয় সামাজিক বিশ্বাস, নীতিবোধ এবং ব্যক্তিগত মূল্যবোধের সাথে সাংঘর্ষিক।'

নারীবাদের প্রধান স্রোতধারা

নারীবাদী তত্ত্ব বা দর্শন শুধুমাত্র নারীদের সমস্যা নিয়েই আলোচনা করে না। নারীবাদীরা চান মানুষ বলতে যেন নারীপুরুষ উভয়কে বোঝানো হয়। উনিশ শতকের সত্তরের দশক থেকে বিশ্বব্যাপী যে নারীবাদী আন্দোলনগুলি শুরু হয়েছে, দাবি এবং দৃষ্টিভঙ্গির দিক থেকে সেগুলি ছিল একে অপরের থেকে আলাদা এই সেসব আন্দোলনগুলিকে নিম্নলিখিত ভাগে ভাগ করা হল—

উদারনৈতিক নারীবাদ (Liberal Faminism) ঃ উদারনৈতিক নারীবাদ কে বলা হয় (Liberal Faminism) ব্যক্তিস্বতান্ত্রবাদী নারীবাদ। ব্যক্তিস্বাতন্ত্র্যের ওপর এরা সর্বাধিক গুরুত্ব দিয়ে ছিল। আঠারো এবং উনিশ শতকের ইউরোপে যখন ভোটাধিকারের ক্ষেত্রে নারী পুরুষের সমানাধিকারের দাবিতে আন্দোলন শুরু হয় তখন থেকেই এই নারীবাদের উদ্ভব। উদারনীতিবাদের দ্বারা প্রভাবিত হয়ে আন্দোলনকারীরা নারী পুরুষের সমানাধিকার দাবি করতেন। এই মতবাদের প্রথম প্রবক্তা মেরী ওলস্টোনক্র্যাফট (Mary wolletonecraft) তাঁর "The Vindication of Rights of Women" (১৭৯২) গ্রন্থে নারীদের ভোটাধিকারের দাবিতে সোচ্চার হন। পরে আরো গভীর বিকশিত রূপে উদারনৈতিক নারীবাদের প্রবক্তা হলেন জন স্টুয়ার্ট মিল। তিনি একজন পুরুষ হয়েও নারীদের অসম সামাজিক ও রাজনৈতিক অবস্থানের বিরুদ্ধে প্রতিবাদ জানান এবং পুরুষের সমান পূর্ণ আইনি তথা রাজনৈতিক অধিকার দাবি করেন। মিল-এর লেখা। "The Subjection of women" (১৮৬১) গ্রন্থে তৎকালীন সমাজে অসম অবস্থানের চিত্রটি তুলে ধরা হয়েছে।

উদারনৈতিক নারীবাদের প্রথম পর্বের প্রবক্তাগণ নারীবাদী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন সত্য, কিন্তু তাঁরা লিঙ্গবৈষম্যের অবসানে সমাজের কাঠামোগত পরিবর্তনের কোনা গুরুত্ব আছে বলে মনে করতেন না। বিশ শতকের দ্বিতীয়ার্ধে 'বেটি ক্রায়সন' (১৯৬৩) 'র্যা ডিক্লিক রিচার্ডস' (১৯৮২) প্রমুখ বিদ্বানরা বেশ কিছু নারীবাদী কল্যাণকর উদারনৈতিক তত্ত্বের দ্বারা প্রভাবিত হয়ে তাঁরা লিঙ্গবৈষম্যের অবসানে রাষ্ট্রের সক্রিয় ভূমিকা পালনের ওপর জোর দেন। এঁদের অন্যতম প্রধান দাবি ছিল, পরিবারের

মতো ব্যক্তি পরিসরকে ন্যায়বিচারের ওপর স্থাপন করতে, যাতে নারী-পুরুষ উভয়েই সমানভাবে দায়দায়িত্ব ভাগ করে নিতে পারে।

সমাজে নারী পুরুষের ভূমিকা পরস্পরের পরিপূরক। পুরুষ যেমন সমাজে তার ইচ্ছেমত ভূমিকা গ্রহণ করতে পারে, নারীকেও দিতে হবে তার অধিকার এবং এর জন্য তাদের সাহায্য করবে বিভিন্ন আইন-কানুন। দেশের আইন কানুন জাতি-ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে সমাজের জন্য সমভাবে প্রযোজ্য। তাই ন্যায় নীতির কোন 'সেক্স আইডেন্টিটি' নেই, 'জেন্ডার আইডেনটিটি' নেই কারণ মানুষের মন চলে যুক্তির নিয়মে এবং সেই যুক্তির দ্বারাই রচনা করে আইন কানুন।

রাজনৈতিক অধিকার, সমাজিক অধিকার ইত্যাদি সমস্ত দাবী নিয়ে 'লিবারাল নারীবাদিরা' ১৯৬৬ সালে গঠন করেন NOW (National Organization for Women) তাদের দাবী ছিল মতাধিকার, শিক্ষার অধিকার, কাজের অধিকার, মহিলাদের নিজেদের প্রজনন ক্ষমতা নিয়ন্ত্রনের অধিকার, যৌন সহিংসতা এবং গার্হস্থ্য সহিংসতার অবসান ইত্যাদি আইন প্রণয়নের দ্বারা মহিলাদের জীবনের পরিবর্তন। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ব্রিটেনের বিভিন্ন মহিলা দল সংগঠিত হয়ে নারীদের অধিকার প্রাপ্তি উদ্দেশ্যে সংঘর্ষ করেছিলেন। ১৮৪৮ সালে 'সেনেকা ফলসকনভেনশন' (seneca falls convention) মহিলাদের প্রথম অনুষ্ঠানিক চুক্তি যেখানে মহিলাদের সামাজিক, নৈতিক, নাগরিক অধিকারকে সূচীবদ্ধ করা হয়ে ছিল। নাগরিক মতাধিকার আন্দোলনে এলিজাবেথ, কৈডী স্টেনটোন, ফ্রেডরিক ডগলস, সুসেন, বী. এনেথনী ইত্যাদিরা গুরুত্বপূর্ণ ভূমিকা বহন করেন। বিশ্বজগতে নিউজিল্যান্ড ১৮৯৪ সালে নারীদের প্রবর্তনকারী প্রথম দেশ যেখানে ভোটাধিকার দেওয়া হয়েছিল। এর পর১৯১৪ সালে ফিনল্যান্ডে ও নার্বে১৯২০ সালে মার্কিন যুক্তরাষ্ট্র এবং১৯২৮ সালে ব্রিটেনে মহিলাদের ভোটাধিকার দেওয়া হয়েছিল।

মার্কসীয় নারীবাদ (Mrrxist Feminism) ঃ মার্কসীয় নারীবাদের তাত্ত্বিক ভিত্তি হল মার্কসবাদ। এই ধারার প্রবক্তাগণ হলেনউইলসন, শেলটন এঙ্গেলস ইত্যাদি। এঁদের মতে লিঙ্গবৈষম্যের বিষয়টি সামগ্রিক শোষন ব্যবস্থার একটি অঙ্গ। সমাজে নারীদের অসম অবস্থানের উৎস হল অর্থনৈতিক। এঁরা মার্কসের "জার্মান ইডিওলজি" এবং এঙ্গেলস-এর "ওরিজিন অফ ফ্যাসিজি প্রাইভেট প্রপাটি অ্যান্ড দ স্টেট" গ্রন্থটির দ্বারা ভীষণভাবে প্রভাবিত। উভয় গ্রন্থেই লিঙ্গবৈষম্যের সঙ্গে সমাজের অর্থনৈতিক ব্যবস্থার নিবিড় সম্পর্কের বিষয়টির ওপর গুরুত্ব আরোপ করা হয়। সমাজতান্ত্রিক নারীবাদীদের মত প্রাক্ কৃষিভিত্তিক সমাজ ব্যবস্থায় নারী-পুরুষের মধ্যে সামাজিক

অবস্থানগত কোনো বৈষম্য ছিল না। কিন্তু তখন থেকে, শ্রম বিভাজিত সমাজ ধীরে ধীরে মূল উৎপাদন থেকে একদল নারীকে সরিয়ে দিল শুধুমাত্র সন্তান উৎপাদন, পালনে এবং গৃহশ্রমে তখন থেকেই নারীরা বিচ্ছিন্ন হল বর্হিজগৎ থেকে, হয়ে পরল গৃহবন্দি ও পরাধীন।

১৯৬০ এর দশকের শেষের দিকে মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য পশ্চিমী দেশগুলিতে 'নব্য নারী আন্দোলন' শুরু হয়। এই আন্দোলনের তত্ত্বগত এবং রাজনৈতিক নীতিগুলি স্থির হয়েছিল নারীর সামাজিক চাহিদা এবং বাস্তব অবস্থার মধ্যেকার বৈষম্যের প্রভাব। নারীবাদীরা একথা স্বীকার করেন যে পরিবারে নারীদের অবস্থা মোটেই সুবিধাজনক নয়, কন্যা স্ত্রী বা জননী যে কোন ভূমিকাতেই তারা বিভিন্ন ভাবে শোষিত বা পীড়িত হয়।

সমাজতান্ত্রিক নারীবাদ (Socalist Feminism) ঃ পিতৃতন্ত্রের উদ্ভব শুধু ব্যক্তিগত সম্পত্তির উদ্ভবের সঙ্গে সম্পর্কিত নয়। জিলা আইজেনস্টাইন (Z. Eisenstein) তার "Capitalist Patriarchy and the case for socialist Feminism" (১৯৭৯) গ্রন্থে বলছেন যে, নারী শোষনের কেন্দ্রীয় উপাদান হল দুটি একটি পুরুষের আধিপত্য এবং অপরটি পুঁজিবাদ। অপর এক সমাজতান্ত্রিক নারীবাদী হেইটি হার্টম্যান (Heidi Hartmann) তার "The Unhappy Marriage of marxism and Feminism" (১৯৯৭) শীর্ষক প্রবন্ধে বলেছেন যে, 'নারীর ওপর শোষণ ও নির্যাতনের উৎস হল বস্তুগত কাঠামো এবং পিতৃতান্ত্রিক কাঠামো। পিতৃতন্ত্র হল এমন একটি ব্যবস্থা যা মালিক শ্রমিক নির্বিশেষ সমস্ত শ্রেণির পুরুষের একই দলভুক্ত করা এবং নারীর শ্রম ও যৌনতাকে নিয়ন্ত্রণ করা। সুতরাং নারীবাদী সংগঠন গুলিকে এমন সব কর্মসূচি গ্রহণ করতে হবে যাতে একই সঙ্গে পুঁজিবাদ ও পিতৃতন্ত্রের অবসান ঘটে।

পরিবেশ সচেতন নারীবাদ (Eco Feminism) ঃ১৯৭০ দশক থেকে 'Eco Feminism' নামক একটি নতুন দৃষ্টিভঙ্গির উল্লেখ ঘটে পশ্চিমের দেশগুলিতে ভারতে পরিবেশ সচেতন নারীবাদকে জনপ্রিয় করে তোলেন পরিবেশ তাত্ত্বিক বন্দনা শিবা। এই নতুন দৃষ্টিভঙ্গির প্রতিষ্ঠাতা হলেন ফ্রাঙ্কেইসডইউবোন (Francoised Eubonne)। তিনি নারী ও প্রকৃতির মধ্যে সম্পর্ক খুঁজে পান। তার মতে 'নারীকে পুরুষতান্ত্রিক সামাজিক ব্যবস্থার অধীনে, আর প্রকৃতিকে মানুষের অধীনে থাকতে হয়।' অপর এক পরিবেশ সচেতন নারীবাদী ওয়ারেন (Karen J. Warren) মতে, 'নারী ও প্রকৃতি উভয়কেই যথাক্রমে পুরুষ ও মানুষের প্রভাবাধীনে থাকতে হয়।'

মানবতাবাদী নারীবাদ (Humanist Feminism) ঃ মানবতাবাদী নারীবাদীরা নারীদের প্রতি বিশেষাধিকার দানের বিরোধী। ম্যারি ম্যাকইনটোস (Mary Mcintosh), মার্গারেট স্টেসি (Margaret Stacey) ম্যারিও প্রাইস (Marion Price) প্রমুখ মানবতাবাদী নারীবাদের মত বর্তমান রাজনৈতিক ক্ষেত্রে নারী পুরুষের অধিকার সমান হলেও প্রৌর ও সামাজিক অধিকারের ক্ষেত্রে বৈষম্য এখন ও রয়েই গেছে।

বিনির্মানবাদী নারীবাদ (Deconstructionist Feminism) ঃ ক্যারল বাক্কী (Carol Bacchi) মারথা মিনো (Martha Minow) প্রমুখ নারীবাদীদের মতে বিশেষাধিকার নারী ও পুরুষকে পৃথক সত্তা বিশিষ্ট গোষ্ঠীতে বিভক্ত করে রাখে। তাই তারা চান সমান পরিস্থিতিতে সমান অধিকার। মারথা মিনো তাঁর "Making All the Differences" (১৯৯০) গ্রন্থে সমানাধিকার ও বিশেষ অধিকারের মধ্যে বিভাজনের ব্যাপারে প্রবল আপত্তি জানিয়েছেন।

সুতরাং উপরিউক্ত ধারাগুলির মধ্যে দৃষ্টিভঙ্গিগত কিছু পার্থক্য হতে পারে, তবে নারীদের অসম অবস্থানের বিষয়টি যে অনৈতিক, সেবিষয়ে সকল একমত। একথা স্বীকার্য যে এই 'নারীবাদ' সমাজে প্রচলিত লিঙ্গবৈষম্যের বিষয়টি সম্পর্কে গণচেতনা জাগাতে সক্ষম হয় এবং শেষ পর্যন্ত তা একটা আন্দোলনে রূপান্তরিত হয়। ১৯৭৫ সালটিকে 'আন্তজতিক নারীবর্ষ' (Internatinal women's year) এবং ১৯৭৬-৮৬ কে 'নারী দশক' হিসাবে ঘোষণা করা হয়। ১৯৮০ এবং ১৯৯০ এর দশকে নারীদের রাজনৈতিক অংশগ্রহণ ও সক্রিয়তা ব্যাবকভাবে বেড়ে যায় এবং নারীবাদী আন্দোলন ক্রমশ শক্তি অর্জন করতে থাকে।

ভারতে নারীদের রাজনৈতিক ব্যবস্থা :

সমাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে নারীগুলির চেতনাও বিকাশ লাভ করে। পাশ্চাত্যের বিভিন্ন দেশে নারীর অধিকার ও সামাজিক উৎপাদনে নারীর অংশগ্রহণের প্রয়োজনীয়তা অনুভূত হয়। ভারতে নারী শিক্ষার পক্ষে ও নারী-নিপীড়নের বিরুদ্ধে আন্দোলন সংগঠিত হয়। আমাদরে দেশে নারী আন্দোলনে সূত্রপাত হয়ে ছিল উনিশ শতকে মার্কিন ও ইউরোপীয় 'নারী আন্দোলনের ধাক্কায় উজ্জীবিত পুরুষ সংস্কারকদের হাত ধরে। কিন্তু এই আন্দোলনে প্রকৃত জোয়ার এসেছে বিশ শতকের শেষ তিন দশকে যখন থেকে নারীবাদী কর্মসূচির ভিতরে ভারতের নারী সংগঠনগুলি বিশেষভাবে সক্রিয় হয়ে উঠে ছিল। নারীশক্তির যে পিতৃতন্ত্রের ইঁটের ওপর চাপা পড়ে ছিল, তাঁর পুনরুত্থান শুরু হয় সুলতানা রাজিয়ার মসনদ আরাহনে, ঝাঁসির রানি লক্ষ্মীবাই-এর বীরত্বে, সিপাহী

বিদ্রোহে ও স্বাধীনতা সংগ্রামে বিপুল নারীর অংশগ্রহণে, রামমোহন রায়ের সতীদাহ ও বাল্যবিবাহ বিরোধী আন্দোলনে, বিদ্যাসাগরের বিধবা বিবাহ ও স্ত্রীশিক্ষা প্রচলনের উদ্যোগে, সরোজিনী নাইডু বা এনি বেশান্তের মতো নারী নেতৃত্বের উদ্ভবে পণ্ডিত রমা বাইয়ের স্বাতন্ত্রকামী আন্দোলনে, বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের প্রতিবাদী কলমে নারীসচেতনতার মর্মস্পর্শী প্রকাশে ও আশাপূর্ণা দেবীর লেখায় নারী অভিজ্ঞতার উন্মোচনে। ব্রিটিশ পরবর্তী সময়ে উপমহাদেশের মেয়েদের আর্থ-সামাজিক অবস্থানের আংশিক পরিবর্তনের পেছনে ও নারী আন্দোলন, সচেতন নারী লেখনীর বিস্তার ও নারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবে প্রভাবিত করেছে।

সত্তর দশকের মাঝামাঝি থেকে ভারতীয় নারী সংগঠনগুলি পিতৃতন্ত্রের দাবী করতে শুরু করে যা এই আন্দোলনকে বিশ্বব্যাপী নারী আন্দোলনের সঙ্গে একসূত্রে যুক্ত করে। ১৯৭৪ সালে হায়দ্রাবাদের 'প্রোগ্রেসিভ অরগানাইজেশন ফর উইমেন' (Progrssive Organisation for Women) ও ১৯৭৫ সালে মহারাষ্ট্রের দলিত সমতা সৈনিকদল নারী নিপীড়নের কারণ হিসেবে সমাজের পিতৃতান্ত্রিক কাঠামো ও লিঙ্গ শোষণকে চিহ্নিত করে, তখন থেকেই ভারতের নারী আন্দোলনের তাত্ত্বিক দিক নির্ণয় শুরু হয়। (Kusum dutta, 'Women Studies And Women's Movement In India, Asiatic Society of India 2007 Page 134-173) গুজরাট ও মহারাষ্ট্রে ব্যাপক খরা, দুর্ভিক্ষ, শস্যহানি ও দ্রব্যমূল্যবৃদ্ধির প্রতিবাদে অনেকগুলি নারী সংঘ সংঘটিত হয়।

উপনিবেশিক ব্রিটিশ শাসনের বিরুদ্ধে আন্দোলনে অংশগ্রহণকারী নারীদের রাজনীতি পরাধীন ভারতকে অন্ধকার থেকে আলোর জগতে আনতে সাহায্য করেছিল। জাতীয় কংগ্রেসের গান্ধীজীর নেতৃত্বে ভারতের সংঘটিত একটি নারীমুক্তির অর্বিভাব ঘটেছিল। বিংশ শতকের কুড়ির দশকে নারীর রাজনৈতিক সচেতনা প্রকাশ পেয়েছিল গান্ধীর অহিংসা আন্দোলনের মধ্য দিয়ে। ১৯২২ সালে সরোজিনী নাইডুর নেতৃত্বে কংগ্রেসের মধ্যে মহিলা শাখার দাবি করেছিলেন। এই দাবির ভিত্তিতে কমলাদেবী চট্টোপাধ্যায় এর উদ্যোগে ১৯২৭ সালে গড়ে উঠে ছিল "All India Women's Conferrence"। এছাড়া মহিলারা নিজেদের অধিকার আদায়ের জন্য তেভাগার তেলেঙ্গানা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।

নারী আন্দোলনের প্রভাবে গত একশো বছরে এবং বিশেষত গত তিন দশকে ভারতীয় মেয়েদের যে বিপুল অগ্রগতি হয়েছে তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু আজও শিক্ষায়, স্বাস্থ্যে, নিরাপত্তায়, কর্মক্ষেত্রে পুরুষের তুলনায় ভারতীয় নারী অনেক পিছিয়ে

রয়েছে। রাজনৈতিক আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও সংসদীয় রাজনীতিতে অংশগ্রহণের ব্যাপারে এখনও পশ্চাৎপদতা রয়েছে। পুরুষদের সঙ্গে মহিলাদের সমান ভোটাধিকার রয়েছে। কিন্তু পুরুষদের সঙ্গে মহিলাদের সমান ভোটাধিকার নিশ্চিত করতে যুক্তরাষ্ট্রের ১৪৪ বছর এবং ইউনাইটেড কিংডমের ১০০ বছর লেগেছিল। দুর্ভাগ্যবশতঃ ভারতবর্ষে নারী-পুরুষের সমান ভোটাধিকার এবং মহিলাদের আরও বেশি করে রাজনৈতিক ময়দানে অংশগ্রহণ করা নিশ্চিত করতে পারেনি। স্বাধীনতার ৭৫ বছর পরেও দেশের মহিলাদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক উন্নয়নের পথে বাধা রয়েছে। কঠোর সামাজিক নিয়ম, শিক্ষাগত যোগ্যতার অভাব, নিরাপত্তাজনিত কারণগুলি ও সর্বাপরি পিতৃতান্ত্রিক সমাজ ফলে মহিলারা ঘরে-বাইরে পুরুষদের হাতে লাঞ্ছিত হয়ে থাকে। আমরা দেখতে পাচ্ছি যে, ভারতবর্ষে এতকালের পিতৃতান্ত্রিক পুরুষ প্রধান সমাজে নারী ঐতিহ্যগতভাবে গৃহবন্দী, প্রজননমুখী, শোষিত, বঞ্চিত, উৎপীড়িত হলেও বিশ্বব্যাপী নারীবাদী আন্দোলনে তথা নারীমুক্তির আন্দোলনের তরঙ্গে অবগহিত ভারতীয় নারী সমাজ কিন্তু আজকের দিনে যথেষ্ট আত্ম-সচেতন, সমাজ সচেতন, স্বাতন্ত্র্য সম্পন্ন, রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণমুখী ও সক্রিয় হয়ে উঠেছে। এবং নানা রাজনৈতিক আন্দোলন ও কর্মতৎপরতার মধ্য দিয়েই তারা আজ আত্মস্বাতন্ত্র্য ও সুদৃঢ় ব্যক্তিসত্তা লাভ অর্জন করেছে।

সুতরাং সর্বশেষে বলা যায় যে নারীরা উচ্চশিক্ষায় শিক্ষিত হয়েছ, কর্ম করছে, খেলাধুলায় অংশগ্রহণ করছে, কিন্তু স্বাধীনতার এত বছর পরেও নারীদের রাজনীতিতে অংশগ্রহণ নিয়ে ভারতবর্ষ গর্ব করবার মতো জায়গায় পৌঁছাতে পারেনি। একটি দেশের সার্বিক উন্নয়ন তখনই সম্ভব যখন ক্ষমতায়নের দিক থেকে নারী পুরুষ সমান সমান হয়। রাজনীতিতে নারীর অংশগ্রহণ না বাড়ালে দেশের সার্বিক উন্নয়ন কখনোই সম্ভব হবে না। নারীকে আরো সচেতন হতে হবে। একজন নারী তার পরিবারকে আঁকড়ে ধরে বাঁচতে চায়। নারীর যে পরিবারের সঙ্গে সামঞ্জস্য ও আত্মত্যাগ তা একদিন পুরুষদেরকে তার মূল্য দিতে হবে।

গ্রন্থসূচি :

১. বসু, আর, নারীবাদ, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্যদ, কলকাতা, ২০১২।

২. Sharma, K, Power of Representation, Reservation of women in India. Asian Journal of women's studies. 6(1) 68-73

৩. Ray, aka, Fields of Protest : Womenós Movements in India, Page-13, 1999.
৪. মৈত্র, শেফালী, নৈতিকতা ও নারীবাদ, নিউ এজ প্রাঃ লি: কলকাতা পৃ: ১৫ পাবলিশার্স, ২০০৭।
৫. গঙ্গোপাধ্যায়, আরতী, বাংলার ইতিহাসে নারীর ভূমিকা ও সংগ্রাম, গন উন্নয়ন পর্যদ, কলকাত, ১৯৯২।
৬. চক্রবর্তী বাসবী, নারী পৃথিবী : বহুস্বর, উর্বী প্রকাশন, ২৮/৫, কনভেণ রোড, কলকাতা-৭০০০১৪, ২০১১।
৭. সরকার, কল্যাণ কুমার, নারীবাদ রাজনীতি ও নারীর ক্ষমতায়ন, এভেনেল প্রেস, ২৫ বৈশাখ, ১৪১৫।
৮. মুখার্জী, কাবেরী এবং গৌতম মুখোপাধ্যায়, নারীবাদ ও রাজনীতি চর্চা সেতু প্রকাশন ২, শ্যামাচরণ দে স্ট্রিট, কলকাতা-৭০০০৭৩।

WOMEN'S LEGAL RIGHTS AND PANKHURST FAMILY IN THE BRITISH COLONIAL ERA.

Dr. Tridib Mandal (Assistant Professor, Department of History, Gobardanga Hindu College)

Abstract :
Women's suffrage and progress were particularly indebted to the British in Western countries, but another exemplary country for women's suffrage was England, where a movement was launched to fight for women's voting rights. This movement is connected to the British colonial era in India, where individuals like Lord Pethick Lawrence faced imprisonment for their involvement. In 1928, women's voting rights were recognized in England.

In our country, where women are often referred to as 'dependent and submissive,' there has been no form of movement for women's voting rights, no one has been imprisoned, and it is not even deemed worthy of discussion. To understand the attitude towards women's suffrage activists and women in our society, it is essential to investigate the mindset of the general public in both England and India, as depicted in this article.

Index words: Women, Political, Law, Struggle, right.

Women in society often find themselves in a subordinate and marginalized position. Whenever individuals of any level or class are in a dependent or disadvantaged situation, their situation is reflected within the laws of the country. Laws can be both prescriptive and normative. Normative laws are those that suppress the subordinate classes more. On the other hand, prescriptive laws ensure that those who are subordinate have their situation maintained by law.[1]

In the mid-20th century, the status of women in society deteriorated further. Women were considered the "property" of men, particularly their fathers before marriage and their husbands after. If a woman was given permission by her husband to work outside the home, she had to pay a portion of her earnings to her husband. Women quietly endured this situation, but some dared to rebel against it. Nearly half of the world's total population is female, so women's liberation is essential for the liberation of humanity itself.[2]

In France, before granting women the right to vote, there was a fear that they might vote against the socialist government of the time for their own self-defence. Similarly, in Greece, there was a fear that if women were given the right to vote, they might vote for the communists and create chaos. In Germany, according to common law, women were considered inferior to men, and husbands were regarded as their lords and masters. From the time of marriage, wives were required to be obedient to their husbands. If a wife were to be disobedient, Prussian law allowed husbands to administer corporal punishment and, at their discretion, even beat their wives.

In Hamburg's civil code, it stated: "Husbands have the right and, in justice, the duty to administer ordinary corporal punishment to their wives, parents to their children, teachers to their pupils, and masters to their servants."[3]

In Prussian law, it is further stated that a woman's right to breastfeed her child and the duration of this right are determined by her husband. Regarding matters concerning children, all decisions are solely within the authority of the father. If the husband passes away, the wife is entitled to full freedom everywhere, as prescribed by the law, and she is equal to an adult male.

Regarding matters related to the upbringing of children, only the father has rights. If land is inherited, and the heir is a daughter, she will not have a share if there are surviving brothers. However, if there are no brothers or they have passed away, then the daughter has the right

to inherit the property. Women cannot exercise political rights in most countries, as political rights are intertwined with property ownership. Women realized that if they couldn't express their opinions in the governance and culture of their country, this situation would not lead to their benefit. Without the right to vote, they would be excluded from full citizenship rights.[4]

The struggle for women's political and civil rights has begun. The highest priority has been given to the right to vote. In this movement, women in society have stated, "we know and understand that it is through these rights that we can secure a rightful place for women in society. Equal educational rights for women are also a critical goal for us. We know that without education. Women's economic and social rights are also an integral part of our agenda. We understand that, even in this day and age, people are denied various rights based on gender. We believe that achieving these rights is essential for the advancement of women in society."[5]

The system is already in place, and with their full dedication, we are committed to providing the human society with a healthy full-fledged appearance. If any misconceptions about women's individuality still persist, if the practice of protecting women as "property" of men still exists, then overcoming these harmful practices is our goal.

In England, women achieved significant advancements in their legal rights as a result of strong movements among the general public and within Parliament, starting in August 1882. Before this, women in England were essentially in a state of servitude to their husbands. Husbands had the authority to sell their wives or their property as they wished. The status of women was often on par with that of dependent children; if a husband committed a crime, it was the wife who was held responsible and punished. According to the law established in August 1882, women gained equal civil rights with men.[6]

In Europe, Russia in particular, women enjoyed the most freedom among all the states. In the United States, women fought and won

equal civil rights in most areas. They challenged England's discriminatory laws and similar laws through organized campaigns. Women who have achieved enlightenment have demanded equal political rights based on just rights under the law. The same policy has been pursued to obtain political power for the working class as well. The rights that should be obtained for male workers may not be appropriate for women. Those who are oppressed should make the most of every opportunity to gain their freedom. Naturally, this provokes resistance from those who oppose this. Let's see how justified their fears really are.[7]

However, members of Parliament ignored women's demands because it was not the demand of elected representatives, and all elected representatives were men. As a result, a women's committee was formed, and Mrs. Millicent Garrett Fawcett took charge of the committee. She raised the issue of women's voting rights in the House of Commons. Consequently, three separate laws were passed in Britain in 1832, 1867, and 1884. Everyone thought that as long as no special pressure was exerted, women would have the right to vote. But the outcome was different. Liberal Party leader William Ewart Gladstone began opposing women's voting rights. This marked the end of the 19th century. Women's voting rights were not granted. Many women activists became discouraged, and after struggling, they turned to other activities.[8]

Suddenly, the entire women's movement was seen in the Pankhurst family. A man lived in Manchester, northern England, who was a lawyer. Different forms of protests were born in this Manchester. Seeing the injustice towards women in society, this individual decided to work for the movement. However, he could not accomplish much in his old age. As a widower with three daughters and a son, he died. At that time, no one could have imagined that within ten years this impoverished family would become world-famous beyond wealth. A gathering of thousands of people was held with their participation, and the fame of the Pankhurst family spread throughout the country. One day, a

liberal party minister invited them to a meeting. In the meeting, when the women asked about the government's stance on women's suffrage, the minister did not respond with enthusiasm. Then, Miss Pankhurst, along with her companion, initiated a peaceful protest in the meeting and later began causing disturbances on the streets. The police arrested them, and they were sentenced by the court to one week of imprisonment without bail. This punishment was considered a golden opportunity to provoke rebellion among women. Christabel Pankhurst chose to go to jail without paying a fine. Afterward, a procession of women heading to jail began. Over the years, thousands of women were imprisoned.[9]

Mrs. Pankhurst supported her daughter's cause. She was a registrar and had all the responsibilities of her household. Therefore, when it came to joining the political movement, she was unable to do much. With her widowed daughter, three daughters, and a son, she was arrested. At that time, no one could have imagined that this destitute family would become. Her age was very young. The second daughter, Sylvia, loved her sister dearly, but her studies in fine arts kept her busy, leaving her with little time. Christabel was a law student at the University. Newspapers began calling this incident a folly. In Lancashire, a mill worker girl named Kenney was sent to the southern region with five pounds in cash to lead the movement. She met with several political leaders and received support for her cause. During this time, Kenney also had a meeting with Mrs. Emmeline Pethick Lawrence (the wife of Lord Pethick Lawrence, the former Secretary of State for India). After much debate and discussion, Mrs. Lawrence agreed to become the treasurer of the movement. An organization was formed, and it managed to raise around one and a half lakh pounds, which were spent on this movement.[10] A newspaper named "Votes for Women" was also launched with this money. There were 100 to 200 meetings every week, and protests were held in parks and various halls. The activists always tried to attend any parliamentary session to demand

women's suffrage, often resulting in their arrests and imprisonment. Parliament never came to a standstill. Women entered Parliament, demanding the right to vote. This led to opposition from the government, and many were sent to jail for this cause. An Act was passed to release the hunger strike prisoners, but if they were healthy, they would be sent back to jail. Suffragettes continued to campaign against the government. [11]

In 1914, when the First World War began, the movement was suspended, and everyone joined the war effort. They decided to temporarily set aside their demands and support the war. In the aftermath of the war, in 1928, women's equal voting rights were finally accepted.[12]

The complete development of democracy, women's independence, and women's national rights are undeniable. If the barriers that have lasted for so long in human society are eliminated, it will bring ultimate welfare to all human societies, irrespective of gender, in a very easy and natural way. When women have their political rights, they will also become more aware of their political duties. When they are asked to vote, they will inquire, "Why should I vote, and for whom should I vote?" At that time, they will not hesitate to sacrifice their money for buying newspapers or participating in movements because they will understand the need for self-sacrifice for the greater cause of equal and human rights, which they have not enjoyed for so long. Consequently, keeping the common people away from politics does not provide them with political education. Political rights are not utilized by working in politics. Through active participation in political rights, political education is achieved.[13]

Top of Form

However, the argument against granting women the right to vote is that they are influenced by religion and its conservatism. This is partly true. But women's faith and conservatism are due to their ignorance.

They need to be educated and made aware of their rightful place. Secondly, the most intense opposition to women's suffrage comes from religious leaders who fear that their power will diminish. They believe that their authority will be greatly undermined when hundreds of pregnant women are engaged in highly inappropriate activities, endangering the dignity, health, and morality of their womanhood, right up to the last moment. In my view, any man who mocks women's rights in any situation is a very inferior person. He should remember that one day, his own mother came into this world in similar circumstances, and his own wife also needs to be considered in such a situation. Only then will he be ashamed.[14]

Fourthly, men who risk their lives to protect their country and society through their actions have a greater duty than this. Mothers risk their lives to give birth to children and many mothers sacrifice their lives for this purpose. The number of women who give birth to children at the risk of death or remain permanently disabled is greater than the number of men who risk their lives in war. It is only in this argument that women can have equal rights with men.

Women's participation in social work does not create any confusion or objection if their relationship with men is natural from the beginning and if they establish a master-servant relationship between themselves. In the end, it can be said that if women are given the right to perform social services without being tied up in any country, there will be no harm. In the modern world, there is no room for problems and differences of opinion. In this troubled world, peace, abundance, security, and individual freedom can only be achieved if the

In conclusion, it can be said that if a country does not confine its women's society within the confines and instead grants them the right to participate in societal service, it will certainly not harm anyone. In the modern world, there is no longer any room for problems like discrimination and gender bias. To achieve peace, abundance, security, and individual freedom in this troubled world, neglecting women's

society today will not work. In countries where women are considered second-class citizens, where they lack the right to vote, where there is insufficient female education, and where women are not considered equal to men in the workforce, it is not believed that democracy exists in those countries. The country where women's society is lagging behind is undoubtedly still searching for its path in the darkness of the past. Such countries not only hinder their own progress but also become a source of global instability.[15] The world cannot be half free and half enslaved; therefore, for the overall well-being of human society, women's society must be liberated and granted their full rights. If they are given the rights of humans, all the hidden talents among them will be fully revealed, benefiting human society immensely. There is nothing to fear in this, as women are also human beings! The complete development of women's society hints at a promising future for human society. However, if the right to vote and the right to be elected are not given together, then it will be a right like a sword without a steel.

Source References:

1. "Women: Past, Present, and Future" - August Bebel (Translation: Kanak Mukhopadhyay) National Book Agency Private Limited, Kolkata-73, September 2008, Page 111.
2. Anandabazar Patrika - 21st August 1949, National Library, Kolkata, Page 11.
3. "Women: Past, Present, and Future" - August Bebel (Translation: Kanak Mukhopadhyay) National Book Agency Private Limited, Kolkata-73, September 2008, Page 111.
4. Ibid, Page 112.
5. Anandabazar Patrika - 27th November 1949, National Library, Kolkata, Page 12.
6. "Women: Past, Present, and Future" - August Bebel (Translation: Kanak Mukhopadhyay) National Book Agency Private Limited, Kolkata-73, September 2008, Page 113.

7. Ibid.
8. Anandabazar Patrika - 21st August 1949, National Library, Kolkata, Page 11.
9. Ibid.
10. Ibid.
11. Ibid.
12. Ibid.
13. "Women: Past, Present, and Future" - August Bebel (Translation: Kanak Mukhopadhyay) National Book Agency Private Limited, Kolkata-73, September 2008, Pages 117 and 118.
14. Ibid, Pages 120 and 121.
15. Anandabazar Patrika - 27th November 1949, National Library, Kolkata, Page 12.

বৌদ্ধ দর্শনে নারীর স্থান

ড. শর্মিলি মুখার্জী (অধ্যাপিকা, দর্শন বিভাগ, শ্রী চৈতন্য কলেজ)

বর্তমান বিশ্বে অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে নারী ও পুরুষের সমান গুরুত্ব তথা অধিকার প্রতিষ্ঠিত। তবে নারী ও পুরুষের মধ্যে যে সমতার কথা আজ সর্বত্র উল্লেখ করা হচ্ছে বিগত কয়েক শতাব্দী আগে তা ছিল অকল্পনীয়। প্রকৃতির অমোঘ নিয়মেই পুরুষ ও নারীর মধ্যে দৈহিক ভেদ আছে এবং এটাও সত্যি যে তাদের মধ্যে জৈবিক ভেদ আছে। কিন্তু সবভেদের উর্দে গিয়ে এটাই বলা যায় যে নারী এবং পুরুষ উভয়ই মানুষ প্রজাতির অন্তর্গত।

যুগযুগ ধরে নারী অবহেলা ও বঞ্চনার স্বীকার হয়েছে। কখনও এর প্রকোপ বেড়েছে, কখনও বা কমেছে তবে বলা যায় যে তুলনামূলকভাবে বৌদ্ধদর্শনে নারীদের অবস্থান অনেকটাই উন্নত ছিল বা বলা যায় নারীদের পক্ষে মঙ্গলদায়ক রূপে পরিগণিত হয়েছিল। বৌদ্ধদর্শনে প্রকৃতপক্ষে নারীর স্থান কিরূপ ছিল তথা সমাজে তাদের কিরূপ অবস্থান প্রদান করা হত— তা তুলে ধরাই বর্তমান প্রবন্ধের প্রধান উদ্দেশ্য। সেইহেতু বৌদ্ধধর্মে তথা বৌদ্ধদর্শনে নারীকে বিভিন্ন প্রেক্ষিতে ও বিভিন্ন ভূমিকার আঙ্গিকে ব্যাখ্যা করা হল।

প্রসঙ্গত উল্লেখ্য, প্রাচীন ভারতে ইন্দো আর্যদের প্রাচীনতম সাহিত্য হল ঋকবেদ। ঋকবেদের কয়েকটি স্তোত্র নারীদের দ্বারা রচিত হয়েছিল, যা থেকে বলা যেতে পারে ভারতীয় সমাজে নারীরা সম্মানজনক স্থান অধিকার করে ছিলেন। এমনকি নারীরা সর্বোচ্চ জ্ঞানের অধিকারী ছিলেন, তারা সকল ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারতেন। এছাড়াও গার্হস্থ্য জীবনেও তাঁরা সম্মানিত ছিলেন।[১]

পরবর্তীতে যখন পুরোহিত তথা ব্রাহ্মণ্য সমাজের আধিপত্য বিস্তারিত হল এবং ধর্ম তার স্বতঃস্ফূর্ততা হারাল, তখন নারীদের অবস্থার অবনতী পরিলক্ষিত হল।ব্রাহ্মণ আইন প্রদানকারীদের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ব্যক্তি ছিলেন মনু। যার আইনবিধি, সবচেয়ে বেশি নারীবাদ বিরোধী। শুরুতেই মনু নারীকে তার ধর্মীয় অধিকার এবং আধ্যাত্মিক জীবন থেকে বঞ্চিত করেন। নারীদের বেদ পড়া নিষিদ্ধ করা হয়। এমনকি একজন নারী তার নিজের যোগ্যতার দ্বারা স্বর্গ লাভ করতেও পারবেন না। তিনি স্বামীর প্রতি নিখুঁত আনুগত্য প্রদর্শনের মাধ্যমেই স্বর্গে পৌঁছাতে পারবেন।[২] মনু মনে করতেন নারীরা পাপী এবং মন্দ প্রবণ। তাই নারীকে ক্রমাগত সতর্কতার মধ্যে রাখা উচিৎ।

আর এটি করার সর্বোত্তম উপায় ছিল তাকে মাতৃত্ব এবং গার্হস্থ্য কর্তব্যের কাজে ব্যস্ত রাখা যাতে তার অন্যত্র মন না যায়।

এই পটভূমির বিপরীতে খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে বৌদ্ধদর্শন তথা বৌদ্ধধর্মের প্রভাব দেখা যায়। বুদ্ধদেব ব্রাহ্মণ্যমতবাদ এবং কুসংস্কারের বিরুদ্ধে একটি আলোড়ন সৃষ্টি করতে সফল হন। তিনি ব্রাহ্মণ অধ্যুষিত বর্ণ কাঠামো, অতিরিক্ত আচার অনুষ্ঠানের নিন্দা করেছিলেন। বুদ্ধদেব ঈশ্বরের অস্তিত্বকে অস্বীকার করেছিলেন এবং ব্যক্তিগত প্রচেষ্টার মাধ্যমে মুক্তির উপর প্রাধাণ্য দিয়েছিলেন।[৩]

বৌদ্ধধর্মের মূল মতবাদ নিজের প্রচেষ্টায়পরিত্রান তথা মুক্তিলাভ; এবং সেক্ষেত্রে পুরুষ এবং নারী উভয়েরই আধ্যাত্মিক সমতার কথা বলা হয়েছে। বৌদ্ধদর্শনে ভিক্ষুনীসংঘ প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের ধর্মীয় ক্রিয়া-কলাপ সুনিশ্চিত করা হয়। যা ছিল নারীদের জন্য অন্যতম প্রাথমিক ধর্মীয় সংগঠন। সর্বোচ্চ আধ্যাত্মিক অবস্থা লাভ করার জন্য কোন পুরুষের সাহায্য তথা পুরোহিতের মধ্যস্থতার প্রয়োজন ছিল না। যার মাধ্যমে নারী এবং পুরুষ উভয়ের দ্বারাই আধ্যাত্মিক উন্নয়ন সম্ভব বলে মনে করা হয়। ৪ সমস্ত পুরুষতান্ত্রিক সমাজে তথা হিন্দু সমাজে পুত্রকে বংশের ধারক হিসাবে মনে করা হয়।শুধুমাত্র একজন পুত্রই তার পিতার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করতে পারে। এবং মৃত ব্যক্তির ভবিষ্যৎ সুখ নিশ্চিত করতে পারে বলে মনে করা হত।পুত্র সন্তানহীন স্ত্রীকে ত্যাগ পর্যন্ত করা হত। এমন কথা প্রচলিত ছিল— "Through a son he conquers the world and through a Son's Son he attains immortality."[৫] অর্থাৎ একটি পুত্রের মাধ্যমে ব্যক্তি বিশ্ব জয় করে এবং যদি একটি পুত্রের পুত্র হয় তবে সে অমরত্ব লাভ করে। এই বিশ্বাসের ফলস্বরূপ একটি কণ্যা সন্তানের জন্ম ছিল বিলাপের কারণ।

অপরদিকে বৌদ্ধধর্মে ভবিষ্যতের সুখ, শেষকৃত্যের উপর নির্ভর করে না বরং সেই মৃত ব্যক্তির কর্মের উপর নির্ভর করে। বৌদ্ধদের অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠানটি খুবই সহজ, যে কোন ব্যক্তি তা সম্পন্ন করতে পারেন। সেক্ষেত্রে পুত্রের উপস্থিতি বাধ্যতামূলক নয়। তাই কণ্যাসন্তানের জন্ম দুঃখের কারণ হিসাবে বিবেচিত হত না।

বৌদ্ধধর্মে কণ্যাসন্তান জন্মকে অভিশাপ বলে মনে করা হত না, বরং সন্তানের জন্মকে সার্বিকভাবে স্বীকৃতি দেওয়া হত। গৌতমবুদ্ধ নিজে পুত্র বা কণ্যাকে সমান মর্যাদার অধিকারী বলে মনে করতেন। কোশলের রাজা পাসেনাদী তাঁর বৌদ্ধধর্মাবলম্বী রানি মল্লিকার প্রতি কণ্যা সন্তানের জন্মদানের জন্য অসন্তুষ্ট হওয়ায় বুদ্ধদেব কর্তৃক তিরস্কৃত হয়েছিলেন। বুদ্ধদেব বলেছিলেন— "A female offspring, O king may

prove even nobler than a male".[৬] অর্থাৎ বুদ্ধদেব বলেছিলেন যে, কণ্যা যদি তীক্ষ্ণবুদ্ধি সম্পন্ন, ধর্মপ্রবণ এবং স্বামীর প্রতি অনুরক্ত হয়, তবে সেরূপ কন্যা পুত্রের অপেক্ষাও শ্রেষ্ঠ হতে পারে।এমনকি এরূপ কণ্যা দ্বারা রাজ্য শাসন ও অসম্ভব নয়। স্ত্রীলোকের রাজ্য শাসনের উল্লেখ পাওয়া যায় মহাবংসে, যেখানে বলা হয়েছে — রানি অনুলা চারমাস রাজ্য শাসন করেছিলেন।

যে সকল নারী বৌদ্ধ ধর্মের দ্বারা প্রভাবিত হয়েছিলেন তাঁদের সম্বন্ধে যে বর্ণনা পাওয়া যায়, তাতে মনে হয় তাঁরা ধম্মোপদেশ বেশ ভালোই বুঝতে পারতেন এবং তাঁরা শিক্ষিত ছিলেন। প্রকৃতপক্ষে বৌদ্ধ যুগে অনেক নারী শিক্ষাদীক্ষায় পুরুষদের সমকক্ষ ছিলেন। যদিও অবিবাহিতা নারীদের বিদ্যালয়ে পাঠিয়ে শিক্ষা দেওয়া হত কিংবা গৃহেই তাদের শিক্ষার ব্যবস্থা ছিল কি না, সে কথার কোন ইঙ্গিত বৌদ্ধ সাহিত্যে পাওয়া যায় না। কিন্তু শিক্ষিতা নারীর উল্লেখ প্রচুর পরিমানেই পাওয়া যায়। পালি ধর্মগ্রন্থসমূহের মতে থেরীগাথারশ্লোকগুলি ঋষিকল্পা নারীদের দ্বারা রচিত হয়েছিল। নারীদের প্রতিভার প্রমাণ স্বরূপ শুক্লার ধর্মবক্তৃতা এবং ক্ষেমা ও ধর্মদিন্নার দার্শনিক আলোচনার উল্লেখ করা যায়। সংযুক্ত নিকায়[৭] গ্রন্থে বক্তৃতা করতে পারতেন এমন এক রমনীর উল্লেখ পাওয়া যায়। সুক্কা নামক একজন ভিক্ষুণী ধর্ম সম্বন্ধে বক্তৃতা করেছিলেন রাজগৃহে বৃহৎ জনতার সামনে। সুক্কার বক্তৃতা শুনে একজন যক্ষ এতই প্রসন্নতা লাভ করেছিলেন যে, রাজগৃহের রাস্তায় রাস্তায় বলে ফিরছিলেন সুক্কা সুধা বিতরণ করছেন, যাঁরা বুদ্ধিমান তাঁদের সেই সুধা পান করে আসা উচিৎ।

ক্ষেমা নামক এক ভিক্ষুণী বিনয় গ্রন্থ খুব ভালোভাবে আয়ত্ত করেছিলেন। ক্ষেমা শিক্ষিত ও বুদ্ধিমতী ছিলেন। তিনি চমৎকার বক্তৃতা করতে পারতেন এবং তাঁর অসাধারণ প্রত্যুৎপন্নমতিত্ব ছিল। একবার রাজা প্রসেনজিৎ তাঁর কাছে গমন করে প্রমাণ পূর্বক জিজ্ঞাসা করলেন মৃত্যুর পর জীবনের পুনজন্ম হয় কিনা? ক্ষেমা উত্তরে বললেন— ভগবান বুদ্ধ এ কথার কোন উত্তর দেননি। রাজা প্রসেনজিৎ পুনরায় জিজ্ঞাসা করলেন— ভগবান এ প্রশ্নের উত্তর দেননি কেন?তখন ভিক্ষুনী রাজাকে জিজ্ঞাসা করলেন, রাজা এমন কাউকে কি জানেন যিনি গঙ্গার বালুকা এবং সমুদ্রের জলবিন্দু গণনা করতে পারেন? তখন রাজা বললেন তিনি জানেন না। তখন ভিক্ষুনী বললেন,যদি কেউ পঞ্চস্কন্ধের আকর্ষণ থেকে নিজেকে মুক্ত করতে পারে তবে সে অসীম অতলস্পর্শসমুদ্রের আকার ধারণ করে। সুতরাং মৃত্যুর পর এরূপ জীবের পুনজন্ম ধারণার অতীত বস্তু। এই উত্তর শুনে রাজা পরিতৃপ্ত হয়ে তাঁর নিকট থেকে চলেগেলেন। এছাড়াও মধ্যম

নিকায় গ্রন্থে বৌদ্ধদর্শনের সুপন্ডিতা ধম্মদিন্না নামক একজন শিক্ষিতা মহিলার উল্লেখ পাওয়া যায়, যিনি বিনয়গ্রন্থ বিশেষভাবে আয়ত্ত করেছিলেন।[৮]

বিমানবত্থুভাষ্যে[৯] লতা নামক একমাত্র শিক্ষিত রমনীর উল্লেখ পাওয়া যায়। লতা শ্রাবন্তীর জনৈক উপাসকের কণ্যা ছিলেন। তিনি শিক্ষিতা, জ্ঞানী ও বুদ্ধিমতী ছিলেন। আবারসঙ্গমিত্রা নামক এক রমনী ত্রিবিধ বিজ্ঞানে পারদর্শিনী ছিলেন। যাদুবিদ্যাতে তাঁর বিশেষ অভিজ্ঞতা ছিল। বিনয় পিটক তিনি এমনভাবে আয়ত্ত করেছিলেন যে, অন্য লোককে এই শাস্ত্র সম্বন্ধে শিক্ষা দিতে পারতেন। তিনি প্রধানত সুত্তপিটকের পাঁচখানি গ্রন্থ এবং অভিধম্মের সাতখানি গ্রন্থ সম্বন্ধে শিক্ষা দিয়েছিলেন।

বৈদিক যুগে বিবাহের বিষয়ে জ্যোতিষী, নক্ষত্র গণনা, শুভদিন বিচার প্রভৃতির ভূমিকা থাকলেও বৌদ্ধধর্মে এই সমস্ত বিষয়কে কোনভাবেই প্রশ্রয় দেওয়া হত না। গৌতমবুদ্ধের অনুগামীরা মনে করতেন আকাশের এই নক্ষত্রপুঞ্জ নারী-পুরুষের বিবাহের ক্ষেত্রে কোন রকম ভূমিকাই পালন করতে পারে না। আসলে বৌদ্ধদর্শনে কোনরকম কুসংস্কারকেই প্রশ্রয় দেওয়া হত না। থেরীগাথা, মহাবংস এবং জাতক প্রভৃতি গ্রন্থে এরকম উদাহরণ পাওয়া যায় যে, বিবাহে জাতি বা বংশমর্যাদার বিচার করা হয়নি। ধম্মপদত্থকথায[১০] উল্লেখ আছে এক দরিদ্র গৃহের কণ্যা কিসাগোমতীর যখন ধনী বণিকের পুত্রের সঙ্গে বিবাহ হয়েছিল, তখন সে বিবাহে জাতি বা মর্যাদার দিকে লক্ষ্য রাখা হয়নি। এছাড়াও দিব্যাবদানে চন্ডাল সর্দার ত্রিশঙ্কুর উপাখ্যান থেকে দেখা যায় যে, চন্ডাল সর্দারের শিক্ষিত পুত্র শার্দুল কর্ণের সঙ্গে এক ব্রাহ্মন কণ্যার বিবাহ হয়েছিল। ব্রাহ্মণের সঙ্গে চন্ডালের বিবাহের এরূপ দৃষ্টান্ত আমাদের প্রমাণ দেয় যে বৌদ্ধ যুগে কুল, শীল, অর্থ, মর্যাদা ও পদ গৌরব সবক্ষেত্রে বিচার্য বিষয় ছিল না।

বৌদ্ধধর্মে বিবাহের ব্যাপারে কণ্যাদের যথেষ্ট স্বাধীনতা অর্পন করা হত। এই যুগে কণ্যার মতামত ছাড়া পিতামাতা জোড় করে কণ্যার বিবাহ দিতে পারতেন না। তাছাড়াও বৌদ্ধধর্মে কণ্যারা নিজেদের মনোমত বর গ্রহণ করতে পারতেন, স্বয়ংবর সভার মাধ্যমে। এই প্রকার বিবাহে সমবেত পাণিপ্রার্থীদের ভেতর থেকে বেছে নিয়ে কণ্যা তাঁর মনোমত বর গ্রহণ করতেন। উদাহরণ স্বরূপ বলা যায় ধম্মপদত্থকথায়[১১] উল্লিখিত একটি স্বয়ংবর— বিবাহের বিবরণের কথা। অসুররাজ বেপচিত্তি তাঁর কন্যাকে যে কোনও অসুরের সঙ্গে বিবাহ দিতে প্রস্তুত ছিলেন না। তাই তিনি মনস্থ করেন যে তাঁর কন্যাকে তার নিজের মনোমত স্বামী বেছে নেওয়ার সুযোগ দেওয়া হবে। এই উদ্দেশ্যে তিনি কতগুলি অসুরকে সমবেত করে তাঁর কন্যার হাতে পুষ্পমাল্য প্রদানপূর্বক বললেন, এই সমবেত অসুরমন্ডলীর মধ্যে থেকে কন্যার মনোনীত স্বামী বেছে নিতে

এবং কন্যা তার মনোমত একজনকে বেছে নিয়ে তার গলায় পুষ্পমাল্য প্রদান করেছিলেন। এই দৃষ্টান্তের মাধ্যমে নারী স্বাধীনতার একটি উজ্জ্বল দিক ফুটে ওঠে।

বৌদ্ধযুগে সাধারণভাবে এক বিবাহ প্রথা বর্তমান ছিল। তবে বহুবিবাহ প্রথাকে নীতিবিরুদ্ধ বলা হত না। সাধারণত দ্বিতীয় পত্মী গ্রহণ করার প্রধান কারন হল প্রথম পত্নীর বন্ধ্যাত্ব। বৌদ্ধযুগে একথা স্পষ্ট করে বলা হয়েছিল যে স্ত্রী কেবলমাত্র সংসার রক্ষণাবেক্ষণের দায়িত্বই পালন করবে না বা ত্যাগের প্রতিমূর্তি রূপেই তাকে সম্মান প্রদান করা হবে না। তিনি সম্মান পাবেন পরিবারের একজন সদস্যারুপে। স্বামী-স্ত্রীর সম্পর্ক হবে বন্ধুত্বপূর্ণ। স্বামীর সম্পত্তির ওপর স্ত্রীর সম্পূর্ণ অধিকার থাকত। স্বামীর মৃত্যুর পর স্ত্রী প্রাথমিকভাবে উত্তরাধিকারিণী নির্বাচিত হতেন। বৌদ্ধধর্মের নারীর পরামর্শকেও যথেষ্ট সম্মানজনক চোখে দেখা হত। স্ত্রীর প্রভাব শুধুমাত্র গৃহের মধ্যেই সীমাবদ্ধ থাকত না, সম্পূর্ণ সমাজেই তার প্রভাব ছিল। তবে নারীদের ব্যবসা-বাণিজ্য করা, বিদেশ যাওয়ার কোন অধিকার ছিল না। তা সত্বেও বলা যায় যে নারীদের সাথে পরিচ্ছন্ন-স্বচ্ছ মিত্র সুলভ আচরনঅ সমাজ করত।

বৌদ্ধসমাজে নারীদের ভাগ্য সমাজ কর্তৃক নির্ধারিত হত না। বৌদ্ধযুগে নারীকে কখনও ভারবাহী পশু বলে মনে করা হত না। নারী যদি সংসার জীবনে দক্ষ কর্মী না হতেন তাহলে তাঁকে দূরে সরিয়ে দেওয়া হত না। তবে বলা যায় যে, বৌদ্ধযুগে বিবাহে যেহেতু কোনো রকম আইনত বা ধর্মীয় স্বীকৃতির বিষয় গুরুত্ব পায়নি সেহেতু বিবাহ বিচ্ছেদের ঘটনাটিও স্বামী-স্ত্রীর মনের ওপর নির্ভর করত। অর্থাৎ বলা যায় যে বিবাহ বন্ধন ছিন্ন করার প্রখা তখন বিদ্যমান ছিল, কিন্তু এ সম্বন্ধে কোন আইন ছিল না। থেরীগাথায় উল্লেখ পাওয়া যায় যে ইসিদাসী দুবার পিতৃগৃহে প্রত্যাবর্তন করতে বাধ্য হয়েছিলেন। কারণ পর পর দুটি স্বামীর একজনেরও মনোমত না হওয়ায় উভয় স্বামীই তাঁকে গৃহ থেকে বহিস্কার করে দিয়েছিলেন। সুতরাং এই দৃষ্টান্তের মাধ্যমে বিবাহ বিচ্ছেদ এবং দ্বিতীয় পতি গ্রহণ দুটি দিকেরই উল্লেখ পাওয়া যায়।

বৌদ্ধধর্ম বহু ধনী এবং দরিদ্র, বিবাহিত এবং অবিবাহিত রমনীর উপর অদ্ভুত প্রভাব বিস্তার করেছিল। এই ধর্মের দ্বারা আকৃষ্ট হয়ে তারা সম্পূর্ণ নির্বাণ লাভের আকাঙ্খায় সংসার পরিত্যাগ করে পবিত্র জীবন যাপন করেছেন। বুদ্ধদেবের জ্ঞান, বৌদ্ধধর্মে নিহিত সত্য, বৌদ্ধ সম্প্রদায়ভুক্ত লোকেদের আচার ব্যবহারের পদ্ধতির কথা শাক্যবংশের বহু রমনী গৃহকত্রী ও কণ্যা শ্রবণ করেছিলেন। এই সমস্ত রীতিনীতি তাঁদের চিত্তে গভীর শ্রদ্ধার সঞ্চার করেছিল। তাঁরা জন্মচক্রের ভয়ে ভীত হয়ে স্বামী এবং পিতামাতার কাছে সংসার ত্যাগের জন্য অনুমতি প্রার্থনা করেছিলেন। এবং তাঁরা সংসার

ত্যাগ করে ভগবান তথাগত এবং বৌদ্ধধর্মের জ্ঞানীদের উপদেশ শ্রবণ করে তথা কঠোর সংযম ও সাধনার দ্বারা অর্হত্ত্ব অর্জন করেছিলেন।

গৌতম বুদ্ধের সময়— সন্ন্যাসধর্ম নারীদের কাছে কিভাবে প্রতিভাত হয়েছিল তার পরিচয় পাওয়া যায় থেরীগাথা ও তার ভাষ্য থেকে। কোন কোন ক্ষেত্রে বৌদ্ধ রীতিনীতির প্রভাব, বিশেষভাবে বৌদ্ধধর্মের আকর্ষণীয় শক্তি মনের ভেতরে অনুপ্রেরণা জাগিয়ে নারীদের সংসার পরিত্যাগ করে আসতে বাধ্য করত। বহু সন্তানহারা জননী, বন্ধ্যা, বিধবা এবং অনুতপ্তা বারবনিতা, বৌদ্ধধর্মের আকর্ষণী শক্তির দ্বারা অভিভূত হয়ে বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন এবং সংসার পরিত্যাগ করে দুঃখ, তিরস্কার এবং অনুশোচনার হাত থেকে মুক্তি লাভ করেছিলেন। এই ভাবে সংসারের চিন্তা থেকে মুক্তি লাভ করে স্বর্গে অথবা অন্য কোনো আনন্দময় স্থানে পুনর্জন্মের আশায় নারীরা তখনকার দিনে ভিক্ষুনী এবং থেরীদের কঠোর জীবন ও ব্রত অবলম্বন করতেন।

উপরিউক্ত দৃষ্টান্ত থেকে যথেষ্টভাবে প্রমাণিত হয় যে, বৈদিকযুগ থেকেই পুরুষের মত নারীগণও উপনয়ন সংস্কারের অধিকারিণী ছিলেন। যেহেতু নারীদের উপনয়ন সংস্কারের অধিকার ছিল সেহেতু তারা ব্রহ্মচর্য, বেদ অধ্যয়ন প্রভৃতি পূর্ণ ধর্মীয়শিক্ষা লাভের অধিকার পেতেন। দীক্ষা বা উপনয়ন সমাপ্তির পরে নারীদের বৈদিক ক্রিয়াদিতে বৈদিকমন্ত্র উচ্চারণের অধিকার জন্মে। অবিবাহিতা কন্যা, বিবাহিতা স্ত্রী, বিধবা সকলেই বিভিন্ন প্রকারের গৃহ্য কর্ম এবং শ্রৌতকর্মে মন্ত উচ্চারণ করার অধিকারিণী ছিলেন। অথর্ববেদের একস্থানে স্পষ্টভাবে স্ত্রীদের যজ্ঞাধিকারী বলা হয়েছে'[iv]।

নারীদের একাকী যাগের আধিকার:

নারীরা পুরুষের সাথে সমানভাবে ধর্মীয় অনুষ্ঠানে অধিকার এবং সুযোগ ভোগ করতেন। কোন কোন নারী বিশেষতঃ অবিবাহিতারা নিজেরাই যাগ করতেন এবং আহুতি প্রদান

করতেন। উদাহরণ স্বরূপ ঋগ্বেদে লক্ষ্য করা যায়, বিশ্ববারা শুধু মন্ত্র দ্রষ্টাই ছিলেন না, তাকে একটি যজ্ঞে ঋত্বিক বা পুরোহিতের কাজ করতেও দেখা যাচ্ছে। বিশ্ববারার প্রত্যহ প্রাত:কালে উঠে যজ্ঞ করার উল্লেখ পাওয়া যায়। বিশ্ববারা নমস্কার সহ দেবগণের স্তব করে ছবি ও ঘৃতসহ পূর্বমূখী হয়ে অগ্নির অভিমুখে আসছেন, এরূপ বর্ণনা এখানে তুলে ধরা হয়েছে[v] আবার দেখা যাচ্ছে, অপালা নিজে ঋকমন্ত্রের দ্রষ্টা এবং নিজেই ইন্দ্রকে অভিসৃত সোম অর্পন করছেন[vi]।

সপত্নিক যাগের অধিকার :

ঋগ্বেদে পতি এবং পত্নী উভয়কে একত্রিতভাবে যাজ্ঞিককার্য সম্পন্ন করতে হত[vii]। অথর্ববেদে উল্লেখ আছে স্ত্রী পতিদের সাথে সামূহিক যাগ করতেন এবং যুদ্ধেও যেতেন[viii]। পত্নী ছাড়া যাগ অসম্পূর্ণ মনে করা হত। তাই তৈত্তিরীয়ব্রাহ্মণে বলা হয়েছে, অযজ্ঞো বা হ্যেষ যোঽপত্নীক: [ix]। 'পত্নী' শব্দটির ব্যুৎপত্তির মধ্যেই তার যাগ করার অধিকার লক্ষিত হয়। পত্যুর্নো যজ্ঞসংযোগে[x] পাণিনির এই সূত্র থেকে জানা যায়, স্বামীকে পত্নী কেবল যজ্ঞকর্মে সহায়তা করার জন্য পতিশব্দের সাথে 'ন' প্রত্যয়ের আদেশ হয়েছে। পত্নী অর্থাৎ যজ্ঞকর্মে স্বামীর সহযোগী যিনি।

ঋগ্বেদের অনেক মন্ত্রে যজমান ও যজমানপত্নী দেবতাদের উদ্দেশ্যে একত্রিত হয়ে যাগ করতেন তার উল্লেখ পাওয়া যায়। এবার প্রশ্ন যজমান ও যজমান স্ত্রীর সকল যাগে কি অধিকার ছিল ? বৈদিকসাহিত্যগুলি পর্যালোচনা করলে লক্ষ্য করা যায় উভয়ই শ্রৌত ও গৃহ্য উভয়প্রকার যাগ করতে পারতেন। শ্রৌতযাগের মধ্যে নারী ও পুরুষ উভয়ই অগ্ন্যাধান, অগ্নিহোত্র, পত্নীসংযাজ, বাজপেয়, রাজসূয়যাগ ও অশ্বমেধ প্রভৃতি যাগে অধিকারী হতেন।

বিভিন্ন শ্রৌতকর্মে অধিকার :

১) স্বপত্নীক যজমান অগ্ন্যাধানে অধিকারী হতেন। অগ্নিহোত্রেও তাদের একান্ত উপস্থিতি কাম্য ছিল। তাই আপস্তম্বশ্রৌতসূত্রে বলা হয়েছে, পত্নীবদগ্নিহোত্রং ভবতি[xi]। তারা অগ্নিহোত্রের নিমিত্ত সকাল ও সন্ধ্যায় তিনকুন্ডে আহুতি দিতেন। আর্যপরিবারে পত্নীর সবথেকে মহত্বপূর্ন কাজ ছিল অগ্নিহোত্র অগ্নিকে সর্বদা প্রজ্জ্বলিত রাখা।

আশ্বলায়নশ্রৌতসূত্রে লক্ষ্য করা যায়, যজমান পত্নী ঋত্বিগ্দের সাথে একত্রিতভাবে মন্ত্র উচ্চারণ করছেন, বেদোঽসি বিত্তিরসি বিদেয় কর্মাসি[xii] এইরূপ।

২) পত্নীসংযাজ নামক একটি ছোট যাগের আয়োজন করা হত। এখানে যজমান ও যজমান পত্নী উভয়কে গায়ত্রীমন্ত্র পাঠ করতে হত। এইযাগে স্থান হত অত্যন্ত গুরুত্বপূর্ণ। পত্নী যজ্ঞবেদীর মধ্যে পুরোহিতদের সাথে একত্রে আসন গ্রহণ করতেন।

৩) সোমযাগে পত্নীর অংশগ্রহণ অতি আবশ্যক ছিল। প্রত্যেকটি শ্রৌতকর্ম যজমান ও যজমান পত্নীর দীক্ষা দিয়ে শুরু হয় এবং শেষ হয় অবভৃত ইষ্টির দ্বারা। আম্বলায়নশ্রৌতসূত্রে বিহিত হয়েছে, সোমযাগের অন্তর্গত সবনীয় পশুযাগে পত্নীসংযাজ দ্বারা যাগ করে ঋত্বিকসহ যজমান ও যজমান পত্নী অবভৃত স্নানের জন্য যেতেন। নিকটবর্তী জলাশয়ের দিকে যেতে যেতে পথে তারা সামগান গাইতেন[xii]। আবার লক্ষ্য করা যায় যজমান সহ তার পত্নীর উদ্দেশ্যে ঋগ্বেদের মন্ত্র পাঠ।

৪) অশ্বমেধযাগে রাজার প্রধান পত্নী মহিষীর গুরুত্বপূর্ণ ভূমিকা থাকত। যেহেতু তার সন্তানই পরবর্তী রাজ্যাভিষেকে অধিকারী হতেন। অশ্বমেধযাগে যে অশ্বটির ব্যবহার হত, তাকে একটি কাপড়ের উপর রেখে হত্যা করা হত[xiv]। যজমান পত্নীকে নিহত অশ্বকে কাপড় দিয়ে ঝাড়তে হত। এরপর মৃত অশ্বের পাশে মহিষীকে শুয়ে দেওয়া হত। বেদীর বাইরে মহিষী ও তার একশ সহচরী রাজকন্যা ও হোতার মধ্যে গালি, নিন্দা, পতি-নিন্দা চলত[xv]। ব্রহ্মা নামক ঋত্বিকের সাথে রাজার দ্বিতীয় পত্নী এবং তার একশ সহচরীদের মধ্যেও গালি ও নিন্দা প্রতিদ্বন্দ্ব নিন্দাও লক্ষিত হয়। অনেক পণ্ডিতের মতে এই যাগে মৃত অশ্বের পাশে শয়ন হল বংশবৃদ্ধি সম্বন্ধীয় আবার কেউ কেউ এই অনুষ্ঠানকে অনার্য লিঙ্গ পূজার সাথে তুলনা করেছেন। অমরকুমার চট্টোপাধ্যায়[xvi], এই যজ্ঞের অন্তর্গত এই সব বিভিন্ন রীতির ব্যাখ্যা খুঁজতে গিয়ে কেউ কেউ বৈদিকসমাজে বিবাহবিহীন একটা অবাধ যৌনতার অবস্থা অনুমান করেছেন। এই রীতিগুলি হচ্ছে অশ্লীল ভাষণ, মৃত অশ্বের সঙ্গে মহিষীদের আচরণ ইত্যাদি। অবশ্য আধুনিক পন্ডিতেরা ব্যাপারটাকে উর্বরতা অনুষ্ঠান বা Fertility Cult রূপে দেখেছেন

৫) রাজসূয়যাগে অন্যান্য কর্তব্য- কর্ম ছাড়াও একপ্রকার যাগের অনুষ্ঠান অভিনীত হত। এখানে দেখানো হয়েছে রাজা স্বয়ং তার শত্রুর বিরুদ্ধে বাণ নিক্ষেপ করছেন এবং জয়ী হচ্ছেন। এরপর তিনি পত্নীর উদ্দেশ্যে নির্দিষ্ট মন্ত্র উচ্চারণ করতেন, এষ: বজ্র: বাজসাত্মন্ তেন নৌ পুত্র বাজং সেদিতি পত্ন্য:[xvii] এইরূপ। এই একটি ছোট ঘটনা যা কিনা ইঙ্গিত দেয় রাজদম্পতিদের আনন্দপূর্ন এবং সার্থক জীবনযাত্রা। অনেক পন্ডিত মনে করেন এই যাজ্ঞিক অনুষ্ঠানটি বংশবৃদ্ধির উদ্দেশ্যের সাথে যুক্ত।

৬) পুরুষ একাকী স্বর্গলাভের আকাঙ্খা করতে পারতেন না বাজপেয়যাগে এর উদাহরণ লক্ষ্য [xviii] করা যায়। এই যাগে যজ্ঞীয় যূপের সাহায্যে সিড়িতে ওঠা অবস্থায় পতি পত্নীকে বলেন, আমরা দুজন একসাথে স্বর্গারোহন করব[xix]। এর তাৎপর্য হল, এই একটি অনুষ্ঠানের দ্বারা যজমান পত্নীর জীবন রক্ষা পাবে এবং প্রত্যক্ষভাবে সন্তানও রক্ষা পাবে।

৭) গবাময়নসত্রের অন্তর্গত মহাব্রত অনুষ্ঠানে যজমান পত্নীর গুরুত্বপূর্ণ ভূমিকা লক্ষিত হয়। এই সত্রানুষ্ঠানে যজমান পত্নীরা কাণ্ডবীণা ও পিচোর নামক বাদ্যযন্ত্রের মাধ্যমে সুন্দর গান গাইতেন। অশ্বমেধযাগেও পূর্বে লক্ষ্য করা গেল পত্নীদের যাগে আনুষ্ঠানিক কর্তব্য-কর্ম।

এরপর গৃহ্যসূত্রগুলিতে লক্ষ্য করা যায় নিত্য ঘরোয়া গৃহযজ্ঞে বিবাহিতা স্ত্রীকে অধিকার প্রদান। আমরা পূর্বেই দেখেছি স্ত্রীরা প্রাতঃকালে বা সন্ধ্যায় গৃহে নিত্য রক্ষণীয় অগ্নিতে আহুতির অনুমোদন পেতেন। পারস্করগৃহ্যসূত্রে নারীর কর্তব্য-কর্মের মধ্যে যাগযজ্ঞে বহু বৈদিকমন্ত্র পাঠের উল্লেখ করা হয়েছে। এই সূত্রগ্রন্থে সীতাযজ্ঞ বা কৃষিযজ্ঞ নামে একটি বহু প্রাচীন যজ্ঞানুষ্ঠানের উল্লেখ আছে। এই যাগে নারী-পুরুষ উভয়ই এককভাবে যজ্ঞ করতে পারতেন। অগ্রহায়ণী কর্মের ব্যাখ্যাপ্রসঙ্গে হরিহর তাঁর ভাষ্যে বলেছেন, পুরুষাণাং স্ত্রীণাং সর্বেষাং মন্ত্রপাঠ:[xxi]। অর্থাৎ নারী ও পুরুষ উভয়েরই মন্ত্রপাঠের অধিকার আছে।

এই সকল উদাহরণ থেকে স্পষ্ট হয়, তৎকালে স্ত্রীরা ধার্মিককার্যে পূর্ণত অধিকারিণী ছিলেন। উপনিষদের সময় বৈদিক এবং বেদোত্তর সূত্রযুগের মতোই নারীদের উচ্চতম আদর্শটি অক্ষুন্নভাবে বজায় ছিল। এইযুগে শিক্ষিতা নারীগণের মধ্যে গার্গী ও মৈত্রেয়ী ছিলেন অন্যতমা।

স্মৃতিযুগেও কুমারীগণের সাবিত্রী বা গায়ত্রী মন্ত্র বলা অভ্যাস ছিল। পিতা পুত্রের ন্যায় কন্যাকে ও ধর্মশাস্ত্রাদি পাঠ করিয়ে বিবাহ দিতেন।

বাস্তবিকপক্ষে, জাতকর্ম থেকে আরম্ভ করে উপনয়ন সংস্কার পর্যন্ত সব কয়টি সংস্কারের কথা বিবৃত করার পর, মনু সংক্ষেপে বলেছেন যে নারীর ক্ষেত্রেও এই সব কয়টি সংস্কারই যথাযথ সম্পূর্ণভাবেই অনুষ্ঠান করতে হবে। কিন্তু এই সকল অনুষ্ঠানে কোন মন্ত্রের ব্যবহার হবে না। নারীর ক্ষেত্রে, শুধু বিবাহ-সংস্কারেই বৈদিক মন্ত্র উচ্চারিত হবে[xxii]।

উপসংহার : বৈদিকযুগ ছিল নারীদের উজ্জ্বল সুবর্ণযুগ। সেই সময়ই তাদের সর্বাঙ্গীন সমুন্নতি এবং পূর্ণতা লাভ হয়েছিল। শুধু বৃহৎ যজ্ঞেই নয়, তার আনুষঙ্গিক কর্মেও তাদের স্থান ছিল মুখ্য। কয়েক হাজার বছর পূর্বে স্ত্রী জাতির এমন সন্মানীয় অধিকার

আমাদের শ্রদ্ধা আকর্ষণ করে। তাই স্মৃতিশাস্ত্রে তাদের প্রতি সন্মান দেখিয়ে বলা হয়েছে, যত্র নার্যন্তু পূজ্যন্তে রম্যন্তে তত্র দেবতা:/যত্রৈঽস্তি ন পূজ্যতে সর্বা ত্রাচলা: ক্রিয়া:[xxiii]।

মনে রাখতে হবে যে বৈদিকযাগে অংশগ্রহণের পূর্বশর্ত ছিল বেদমন্ত্র পাঠ। পূর্বেই দেখেছি কিভাবে উপনয়নের পর কন্যা বৈদিক ধর্মতত্ত্ব ও দর্শনে বিশেষ জ্ঞান লাভ করতেন। যার ফলে তাদের মধ্যে বেশ কয়েকজন বৈদিক মন্ত্রের দ্রষ্টা হয়েছিলেন এবং ঋষিদের মধ্যেও স্থান লাভ করেছিলেন। কিন্তু বৈদিক মন্ত্রের পাঠ করার অধিকারও নারীদের ক্ষেত্রে পরবর্তীকালে নিষিদ্ধ হয়েছিল।

একেবারে ঋগ্বেদের কাল থেকেই ভারতীয় নারীগণ জীবনের সকল ক্ষেত্রেই পুরুষের ন্যায় সমানভাবে যাগে অংশগ্রহণ করতেন। বর্তমানে সর্বত্র যাগ-যজ্ঞের প্রচলন নেই বললেই চলে, বিশেষত বৈদিকযজ্ঞে, কেবল নারী কিংবা পুরুষের শুধুমাত্র কিছু গৃহ্য সংস্কার করার অধিকার বর্তমান আছে।

তথ্যসূত্র :

i অথর্ববেদ, ১১.৫.১৮

ii আশ্বলায়নগৃহ্যসূত্র, ৩.৮.১১

iii গোভিলগৃহ্যসূত্র, ৭.২.১.১৯

iv অথর্ববেদ, ১১.১.১৭,২৭

v সমিদ্ধো বা অগ্নির্দিবি শোচিরাশ্রায়েত প্রত্যঙ্ হবিষা ঘৃতাচী,

vi ভা কন্যা বারবায়তী সোমমপি শ্রুতবিদত্। অস্তং ভরন্ত্যব্রবীদিন্দ্রায় সুনবে ত্বাশক্রায় সুনবৈত্বা।।

vii ঋগ্বেদ, ১.৮৩.৩, ৫.৩.২, ১০.৮৫.২৬-২৭

viii সংহোত্রে স্ম পুরা নারী সমনং বাব গচ্ছতি, অথর্ববেদ, ২০.১২৬.১০

ix ২.২.৬

x ৪.১.৩৩

xi আপস্তম্বশ্রৌতসূত্র, ৬.৫.১

xii আশ্বলায়লায়নশ্রৌতসূত্র ১.১১.১

xiii ব্রজন্ত: সাম্নো নিধনমুপযন্তি,ঐ, ৬.১৩.২

xiv ঐ, ১০.৮.৯

xv ঐ, ১০.৮.১২-১৩

xvi পৃ ৫৪৭

xvii কাঠকসংহিতা, আপস্তম্বশ্রৌতসূত্র, ১৮.১৭.১১

xviii গোভিলগৃহ্যসূত্র ১.৩.১৫

xix শতপথব্রাহ্মণ, ৫.২.১.১০

xx কামং গৃহযাগ্নৌ পত্নী জুহুযাত্ সাযং প্রাত:হোমৌ, গোভিলগৃহ্যসূত্র ১.৩.১৫

xxi পারস্করগৃহ্যসূত্র, ৩.২

xxii মনুস্মৃতি, ২.৬৬-৬৭

xxiii মনুস্মৃতি, ৩.৫

Selected Bibliography:

1. Aitareya Brahmana. Ed. & Trans (Hindi) with the commentary of Vedartha-prakasa of Sayanacarya. Sudhakar Malaviya. (1983). Vol.ll. Prachyabharati Series-15. Varanasi: Tara Printing Works.
2. Apastamba Srauta Sutra. Ed. & Trans (Eng). G.U. Thite. (2004). Vol. I, II. Delhi : New Bharatiya Book Corporation.
3. Basu, Y. (2006). India of the Age of the Brahmanas. Calcutta : Sanskrit Pustak Bhandar.
4. Basu, Yogiraj. (2014). Veder Parichay. Kolkata : Firma K.L.M Pvt Ltd.
5. Bhattacharya, N. (2008). Bharat-Itihase-Vaidik-Yug. Calcutta: West Bengal State University.
6. Bhattacharya, Upendrachandra. (1381-B.S) Bharater Nari. Kolkata: Modern Book Agency Pvt Ltd.
7. Bhattacharya, S. (1986). Literature in the Vedic age. Vol. II. Bagchi Indological Series- 4. Calcutta: K.P. Bagchi & Company.
8. Macdonell, A.A and Kieth, A. B. (1912, 1st ed., London.). Vedic Index Names and Subjects. Vol. I. (Rpt. 1958, 1967, 1982, 1995, 2007). Delhi: Motilal Banarsidass Pvt. Ltd.
9. Sharma, R. N. (1977). Culture and Civilization as revealed in the Srauta Sutra. Delhi: Nag Publishers.
10. Satapatha Brahmana (Madhyandina). Ed. with the extracts from commentary. Albrecht Weber. (1964). Varanasi: The CSS Office.

রাসসুন্দরী দেবীর "আমার জীবন" : নারীর কণ্ঠে নারীর কথা

কবিতা দে (স্টেট এডেড কলেজ টিচার, দর্শন বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

নারীবাদের সঙ্গে সাহিত্যের সম্পর্ক অত্যন্ত নিবিড়। নারীবাদ তার রসদ পেয়েছিল সাহিত্য থেকে, নারীদের হয়ে পৃথিবীকে দেখার নতুন দৃষ্টিভঙ্গী প্রকাশের মধ্য দিয়ে। এখন সাহিত্য যেহেতু সমাজের দর্পণ এবং আমাদের সমাজ পিতৃতান্ত্রিক, তাই সাহিত্যও গড়ে উঠেছে পিতৃতন্ত্রের বেঁধে দেওয়া চোখে দেখা সমাজের গল্প নিয়ে। পুরুষকর্তৃক রচিত সাহিত্যে আমরা সমাজকে দেখি পুরুষের দৃষ্টিকোন থেকে। সেখানে নারী সেভাবেই উপস্থাপিত হয় যেভাবে পুরুষ তাকে দেখে বা বলা ভালো দেখতে চায়। অর্থাৎ সেখানে নারীর প্রকৃত স্বরূপ অর্থাৎ তার চাওয়া-পাওয়া, ভালো লাগা-মন্দ লাগা উপেক্ষিত থেকে যায়। এখন স্বাভাবিকভাবেই পুরুষকর্তৃক রচিত সাহিত্যে আমরা পুরুষের দ্বারা সৃষ্ট নারীচরিত্রকে তথা নারীকে দেখতেই অভ্যস্ত এবং সেই অনুসারেই সমাজে নারীর আদর্শ নিরূপিত হয়। অর্থাৎ পুরুষ নারীর মধ্যে যে গুণগুলি দেখতে চায় সেই গুণে অন্বিত নারীই আদর্শ নারী, আর নারীর যে গুণগুলি পুরুষের কাছে অনাকাঙ্ক্ষিত সেই গুণান্বিত নারী সমাজের চোখে নিন্দিত। নারীবাদীরা পুরুষতান্ত্রিক সমাজে প্রচলিত নারীত্বের এই ধারনাকে বদলে দিতে চায়। কিন্তু তার জন্য সর্বাগ্রে প্রয়োজন পুরুষের শেখানো বুলি বর্জন করে তার নিজের কথা নিজের ভাষায় বলা। বর্তমান প্রবন্ধের আলোচনার বিষয় এমন একজন নারী যিনি আজ থেকে ২১৪ বছর অর্থাৎ দুই শতাব্দীরও বেশি পূর্বে জন্মেছিলেন এই বাংলায় এবং যখন তাঁর বয়স ষাট বছর তখন তিনি তাঁর আত্মজীবনী লেখা শুরু করেন। যা "আমার জীবন" নামক গ্রন্থাকারে প্রকাশিত হয়। এই গ্রন্থে আমরা প্রথম একজন নারীর কথা নারীর কণ্ঠে জানতে পারি। এই মহীয়সী নারীর নাম রাসসুন্দরী দেবী।

রাসসুন্দরী দেবীর জন্ম হয় বাংলা ১২১৬, ইংরেজি ১৮০৯ সালে পাবনার পোতাজিয়া গ্রামে। তাঁর রচিত "আমার জীবন" বাংলা সাহিত্যের প্রথম পূর্ণাঙ্গ আত্মজীবনীমূলক গ্রন্থ। এই গ্রন্থে তিনি নিজের জীবনচিত্রের পাশাপাশি তৎকালীন সমাজের চিত্রও সুনিপুনভাবে এঁকেছেন। তাঁর এই আত্মজীবনীতে যেমন উঠে এসেছে একজন তথাকথিত গ্রাম্য অবগুণ্ঠিত নারীর করুণ জীবনবৃত্তান্ত, তেমনই উঠে এসেছে তৎকালীন গ্রামবাংলার ভয়ানক কুসংস্কারাছন্ন এবং চরম পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থা। লেখাপড়া শিখলে মেয়েরা বিধবা হবে, চরিত্রহীনা হবে, সংসারের অকল্যান হবে,

ইত্যাদি নানারকম ধারণা সেসময় সমাজে প্রচলিত ছিল। মেয়েরা পুরুষের তুলনায় হীন, তাই তাদের পুরুষের অধীনে থাকতে হবে, এই ধারণা সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রতিষ্ঠিত ছিল। এইরকম একটি কঠোর পুরুষতান্ত্রিক সামাজিক পরিমন্ডলের মধ্যে থেকেও তিনি তাঁর অদম্য ইচ্ছাশক্তির জোরে সমস্ত প্রতিবন্ধকতা অতিক্রম করে যেভাবে লেখাপড়া শিখেছেন এবং একটি পূর্ণাঙ্গ আত্মজীবনী লিখেছেন তা সত্যই বিস্ময়কর।

সেসময় সমাজে বাল্য বিবাহের প্রচলন ছিল। বাল্য বিবাহ যে একটি কিশোরী মেয়ের কাছে কতটা মর্মান্তিক তা তাঁর লেখায় আমরা পাই। বারো বছর বয়সে তাঁর বিয়ে হয়। তাঁর কথায়, "বারো বৎসর বয়ঃক্রমের সময় আমার বিবাহ হইয়াছে। সেই হইতে আমি আমার পিত্রালয়ের অতুল স্নেহ হইতে বঞ্চিত হইয়া সম্পূর্ণরূপে পরাধীনা হইয়াছি।"[১] বিয়ের আগের জীবনের কথা বলতে গিয়ে তিনি বলেন, "এই বারো বৎসর কাল আমি আমোদ— আহ্লাদে পরিবারের নিকটে মার কোলে নির্ভাবনায় সুখে ছিলাম"।[২] আর বিয়ের পর যখন তাঁকে শ্বশুরবাড়ি নিয়ে যাওয়া হচ্ছে সেই সময়ের বর্ণনা তাঁর ভাষায়, "তখন অনেক কষ্টে সকলে আমার মায়ের কোল হইতে আমাকে আনিলেন। ওই সময় আমার কি ভয়ানক কষ্ট হইল। সে কথা মনে পড়িলে এখনও দুঃখ হয়। বাস্তবিক আপনার মা ও আপনার সকলকে ছাড়িয়া ভিন্ন দেশে গিয়া বাস এবং যাবজ্জীবন তাহদিগের অধীনতা স্বীকার, আপনার মাতাপিতা কেহ নহেন- এটি কি সামান্য দুঃখের বিষয়! কিন্তু ইহা ঈশ্বরাধীন কর্ম, এইজন্য ইহা প্রশংসার যোগ্য বটে"।[৩] তিনি আরো লিখেছেন, "লোকে আমোদ করে পাখী পিঞ্জরে বদ্ধ করিয়া থাকে, আমার যেন সেই দশা ঘটিয়াছে। আমি ওই পিঞ্জরে এ জন্মের মত বন্দী হইলাম, আমার জীবদ্দশাতে আর মুক্তি নাই।"[৪] নারীর এই একান্ত ব্যক্তিগত অনুভব কোন পুরুষের পক্ষে উপলব্ধি করা বা তার রচনায় প্রকাশ করা যে সম্ভব নয়, তা বলাই বাহুল্য।

রাসসুন্দরী দেবীর একান্ত ব্যক্তিগত অভিজ্ঞতায় বিবাহিত নারীর যে করুণ চিত্র উঠে এসেছে তা মর্মান্তিক। তাঁর কথায়, " তখন মেয়েছেলেরা লেখাপড়া শিখিত না, সংসারে খাওয়া দাওয়ার কর্ম সারিয়া কিঞ্চিৎ অবকাশ থাকিত, তখন কর্তা ব্যক্তি যিনি থাকিতেন, তাঁহার নিকট অতিশয় নম্রভাবে দণ্ডায়মান থাকিতে হইত। যেন মেয়েছেলের গৃহকর্ম বৈ আর কোন কর্মই নাই। তখনকার লোকের মনের ভাব এইরূপ ছিল। বিশেষত তখন মেয়েছেলের এই প্রকার নিয়ম ছিল, যে বৌ হইবে, সে হাতখানেক ঘোমটা দিয়া ঘরের মধ্যে কাজ করিবে, আর কাহারও সঙ্গে কথা কহিবে না, তাহা হইলে বড় ভালো বৌ হইল। সে কালে এখনকার মতো চিকন কাপড় ছিল না, মোটা মোটা কাপড় ছিল। আমি সেই কাপড় পরিয়া বুক পর্যন্ত ঘোমটা দিয়া ওই সকল কাজ

করিতাম। আর যে সকল লোক ছিল, কাহারও সঙ্গেই কথা কহিতাম না। সে কাপড়ের মধ্য হইতে বাহিরে দৃষ্টি হতো না। যেন কলুর বলদের মত দুইটি চক্ষু ঢাকা থাকিত। আপনার পায়ের পাতা ভিন্ন অন্য কোন দিকে দৃষ্টি চলিত না। এই প্রকার সকল বিষয়ে বৌদিগের কর্মের রীতি ছিল। আমি ওই রীতিমতোই চলিতাম"।[৫] তাঁর এই বর্ণনায় সমাজের যে চিত্র উঠে এসেছে তাতে করে এটা স্পষ্ট যে, সেসময় সমাজে নারীর ভূমিকা পুরুষের দাসীবৃত্তির মধ্যেই সীমাবদ্ধ ছিল। তাঁর না ছিল নিজস্ব কোন ইচ্ছা-আনিচ্ছা, না ছিল কোন শখ-আহ্লাদ, পুরুষের দাসত্ব করাই যেন তার একমাত্র কাজ, এর জন্যই যেন তার জন্ম। নারীর জীবন সীমাবদ্ধ করে রাখা হয়েছিল চার দেওয়ালের মধ্যে। নারীও যে মানুষ, তাঁরও যে একটি স্বতন্ত্র সত্তা আছে, তৎকালীন পুরুষতান্ত্রিক সমাজ সেটা কখনো স্বীকার করেনি। বরং নারীকে এটাই ভাবতে শেখানো হয়েছে যে, পুরুষের অধীনে থেকে তার সেবা করার জন্যই নারীর সৃষ্টি, এর বাইরে নারীর নিজস্বতা বলে কিছু নেই। পুরুষ অভিভাবকের শারীরিক, মানসিক, আধ্যাত্মিক অর্থাৎ সার্বিক সেবা করাই নারীর একমাত্র কর্তব্য। সে যেন তার স্বামীর একান্ত ব্যক্তিগত সম্পত্তি। সমাজে নারীদের অবস্থান ক্রিতদাসের মতো ছিল বলেই হয়তো রাসসুন্দরী দেবী তাঁর "আমার জীবন" গ্রন্থে নিজেকে রাসসুন্দরী দাসী নামে প্রকাশ করেছেন।

রাসসুন্দরী দেবীর যখন চোদ্দ বছর বয়স তখন তাঁর লেখাপড়া শিখে পুঁথি পড়ার ইচ্ছা হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেসময় মেয়েদের লেখাপড়া করা ছিল নিষিদ্ধ। কোন মেয়ে যদি লেখাপড়া করত তাহলে তাকে সমাজে নানা ধরনের কটূক্তি, লাঞ্ছনা-গঞ্জনা, তিরস্কারের সম্মুখীন হতে হতো। তাই লেখাপড়া করার প্রবল বাসনা থাকলেও তিনি তা কারোর সামনে প্রকাশ করতেন না। এমনকি তাঁর এই বাসনার কথা কেউ যদি জানতে পারে সেই ভয়ে তিনি সবসময় তটস্থ হয়ে থাকতেন। সমাজে মেয়েদের করুণ অবস্থা সম্পর্কে অবহিত থাকলেও পরিস্থিতির সঙ্গে তিনি একরকম মানিয়ে নিয়েছিলেন। কিন্তু এটা তাঁর আক্ষেপের বিষয় ছিল যে, কেবল মেয়ে হয়ে জন্মানোর জন্যই তিনি লেখাপড়া থেকে বঞ্চিত হয়েছেন। তাঁর ভাষায়," অনন্তর আমার মনের বাসনা প্রবল হইয়া উঠিল যে, আমি একান্ত লেখাপড়া শিখিয়া পুঁথি পড়িব। ...কি জ্বালা হইল, কোন মেয়ে লেখাপড়া শিখে না, আমি কেমন করিয়া লেখাপড়া শিখিব, একি দায় উপস্থিত হইল। আমি কি করিব ভাবিতে লাগিলাম। তখন আমাদিগের দেশের সকল আচার-ব্যবহারই বড়ো মন্দ ছিল না, কিন্তু এই বিষয়টি ভারি মন্দ ছিল। সকলেই মেয়েছেলেকে বিদ্যায় বঞ্চিত করিয়া রাখিয়াছিলেন। তখনকার মেয়েছেলেগুলো নিতান্ত হতভাগা, প্রকৃত পশুর মধ্যে গননা করতে হইবেক। এ বিষয়ে অন্যের প্রতি

অনুযোগ করা নিরর্থক, আমাদের নিজের অদৃষ্ট ক্রমেই এ প্রকার দুর্দশা ঘটিয়াছে। বাস্তবিক মেয়েছেলের হাতে কাগজ দেখিলে সেটি ভারি বিরুদ্ধ কর্ম জ্ঞান করিয়া, বৃদ্ধা ঠাকুরানীরা অতিশয় অসন্তোষ প্রকাশ করিতেন, অতএব আমি কেমন করিয়া লেখাপড়া শিখিব"[৬]।

তাঁর বৃদ্ধ বয়সে যখন সমাজে মেয়েদের লেখাপড়ার প্রচলন হয়েছে, মেয়েদের লেখাপড়া শেখানোর প্রয়োজনীয়তা সমাজ বুঝতে পেরেছে, তখন তিনি যেমন আনন্দিত হয়েছেন, তেমনই তাঁর সময়ে লেখাপড়ার প্রচলন ছিল না বলে আক্ষেপ করেছেন। তাঁর কথায়, "এইটে ভারি আক্ষেপের বিষয় ছিল যে, মেয়েছেলে বলিয়া লিখিতে পড়িতে পাইতাম না। এখনকার মেয়েছেলেদিগের কি সুন্দর কপাল! এখন মেয়ে জন্মিলে অনেকেই বিদ্যাশিক্ষার চেষ্টা করেন। যাহা হউক, এ মত ভালোই বলিতে হইবেক"।[৭]

এরকম কঠোর পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থায় মেয়েদের ওপর চাপিয়ে দেওয়া কঠোর বিধি নিষেধ তিনি ঈশ্বরের ইচ্ছা ধরে নিয়ে একরকম মেনেই নিয়েছিলেন, কেবল লেখাপড়া থেকে মেয়েদের বঞ্চিত করা নিয়েই তিনি আক্ষেপ করেছেন বহুবার। কিন্তু আরও একটি কারণে নারী হয়ে জন্মানোর জন্য তাঁর কণ্ঠে আক্ষেপের সুর শোনা যায়, "আমার নারীকূলে কেন জন্ম হইয়াছিল? আমার জীবন ধিক! পৃথিবীর মধ্যে মাতার তুল্য স্নেহময়ী আর কে আছে। মাতাকে পরমেশ্বরের প্রতিনিধি বললেও বলা যায়। এমন যে দুর্লভ বস্তু মা, এই মায়ের সেবা করতে পারি নাই। আহা! আমার এ দুঃখ রাখিবার কি স্থান আছে? আমি যদি পুত্রসন্তান হইতাম, আর মার আসন্ন কালের সম্বাদ পাইতাম, তবে আমি যেখানে থাকিতাম, পাখির মত উড়িয়া যাইতাম। কি করিব, আমি পিঞ্জর-বদ্ধ বিহঙ্গী"।[৮] আরও একবার নারী হয়ে জন্মানোর জন্য তাঁর কণ্ঠে আক্ষেপ ঝরে পড়ে, যখন তাঁর স্বামী মারা যান। তাঁর কথায়, "আমার শিরে সোনার মুকুট ছিল; কিন্তু এতকাল পরে সেই মুকুটটি খসিয়া পড়িল"[৯]। তখনকার দিনে স্বামী মারা গেলে মেয়েদের চুল কেটে ফেলা হত, তা যে একজন নারীর কাছে কি নিদারুণ যন্ত্রণার তা একমাত্র সেই জানে। তাঁর কথায়, "'মৃত্যুর অধিক ফল মস্তক মুন্ডন'। পরমেশ্বর আমার মস্তক মুন্ডন করিয়াছেন"[১০]। তাছাড়া বিধবা হওয়া সেসময় চরম লজ্জার এবং দুঃখের বিষয় ছিল। 'শত পুত্রবতী যদি পতিহীনা হয়। তথাপি তাহাকে লোকে অভাগিনী কয়'— এইরূপ কথা সেসময় প্রচলিত ছিল। এরকম একটি সমাজে নারী হয়ে জন্মানোর শাস্তি তাঁকে প্রতিপদে পেতে হয়েছে। কিন্তু তা সত্ত্বেও ছোটবেলায় তাঁর মায়ের বলা তাঁদের কুলদেবতা দয়ামাধবের প্রতি অগাধ অবিচল বিশ্বাস আর তাঁর হার না মানা একনিষ্ঠতা

তাঁকে সমস্ত প্রতিকূল পরিস্থিতিতে মানিয়ে চলার শক্তি যুগিয়েছে। আত্মজীবনী রচনার মধ্য দিয়ে তিনি তৎকালীন সমাজের বেড়াজাল অতিক্রম করার যে ক্ষমতা প্রদর্শন করেছেন তা নজিরবিহীন।

আজ থেকে দুশো বছর আগে যখন বাংলার সমাজ কুসংস্কার এবং চরম পিতৃতান্ত্রিকতায় ভয়ানকভাবে আচ্ছন্ন ছিল, নারীদের জীবন ছিল দুর্বিষহ, সেই সময় দাঁড়িয়ে একজন গ্রাম্য আটপৌরে অবগুণ্ঠিত নারীর লেখাপড়া শেখার অদম্য জেদ এবং পরমেশ্বরের প্রতি অবিচল ভক্তি ও বিশ্বাস তাঁকে আত্মজীবনী লেখার মতো অসাধ্য সাধনে সাহায্য করেছিল। তিনি অত্যন্ত সোজাসাপ্টা ভাষায় অকপটে সে যুগের মেয়েদের সামাজিক অবস্থার কথা যেভাবে বর্ণনা করেছেন, তা সত্যিই প্রশংসার দাবী রাখে। সব থেকে আশ্চর্যের তাঁর পূর্বে কোন পুরুষ লেখকও পূর্ণাঙ্গ আত্মজীবনী লিখতে পারেননি। প্রথম পূর্ণাঙ্গ আত্মজীবনীকার হিসেবে রাসসুন্দরী দেবীর নাম বাংলার ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে চিরকাল।

উল্লেখপঞ্জী :

১) রাসসুন্দরী দাসী, "আমার জীবন"(সম্পাদিত- বারিদবরণ ঘোষ), ষষ্ঠ সংস্করণ, দে'গ পাবলিশিং, কোলকাতা ৭৩, মে ২০২২, পৃষ্ঠাঃ ৫৮

২) তদেব, পৃ ১৭

৩) তদেব, পৃ ১৯

৪) তদেব, পৃ ৪০

৫) তদেব, পৃ ২৬

৬) তদেব, পৃ ৩৭

৭) তদেব, পৃ ৩০

৮) তদেব, পৃ ৫৯

৯) তদেব, পৃ ৫৯

রবীন্দ্রনাথের ছোটগল্পে নারীভাবনার ক্রমবিবর্তন

জয়িতা সুর (স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)

আনুমানিক ১৮৮৩ ও ১৮৮৪ খ্রিস্টাব্দের মাঝামাঝি সময়ে রবি ঠাকুরের লেখা তারিখবিহীন একটি ছোটগল্প 'খাতা'তে আমরা দেখি সাত বছরের ছোট্ট উমাকে। সে লিখতে, পড়তে জানত। নিজের মনের কথা লেখার খাতাটি সাথে করে শ্বশুরবাড়ি নিয়ে গিয়েছিল সে। কিন্তু তার দুর্ভাগ্য এই ছিল যে, হিন্দু সংস্কারের সমর্থক তাঁর স্বামী প্যারীমোহন মনে করত, হিন্দু শিক্ষিত হলে সংসার উচ্ছন্নে যায়। প্যারীমোহন প্রবন্ধ লিখেছিল— "শিক্ষার দ্বারা যদি স্ত্রী শক্তি পরাভূত হইয়া একান্ত পুংশক্তির প্রাদুর্ভাব হয় তবে পুংশক্তির সহিত পুংশক্তির প্রতিঘাতে দাম্পত্য শক্তি বিনাশ শক্তির মধ্যে বিলীন সত্তা লাভ করে। সুতরাং রমণী বিধবা হয়।"[১]

১৮২৪ খ্রিস্টাব্দে স্কুল বুক সোসাইটি প্রকাশিত স্ত্রী শিক্ষা বিষয়ক একটি গ্রন্থেও স্ত্রী শিক্ষা ও বৈধব্যের মধ্যে সমীকরণ প্রণিত হয়েছিল। বলাবাহুল্য, উমা যেদিন স্বামীর নিষেধ ভুলেছিল, সেদিন তার খাতা হারিয়েছিল। উমার লজ্জা, ভয় ও অনিচ্ছাকে অগ্রাহ্য করে নিছক কর্তৃত্বের জোরে তার কাছ থেকে তার একান্ত গোপনীয় কিন্তু একমাত্র আত্মপ্রকাশের মাধ্যমটি কেড়ে নেওয়া হয়। অবাক করা কথাটি এই যে, রাশভারি পুরুষতান্ত্রিক সমাজ এই নির্যাতনে সহযোগী হাতিয়ার করে উমারই সমবয়সী তার দুই ননদকে, যারা সমাজে একই অব্যবস্থার শিকার, কিন্তু অবুঝ। স্ত্রী শিক্ষিত হলে বিধবা হবে আজ এ তথ্য আমাদের কাছে যতটা ব্যঙ্গাত্মক, তখন সেই বোধোদয় হয়নি।তবে আনন্দের কথা এই ছিল যে, গল্পের উমারা তাদের খাতা হারালেও বাস্তবের সব উমারা তাদের খাতা হারাতে দেয়নি। রাসসুন্দরী দেবী, কৈলাসবাসিনীদেবীদের স্বশিক্ষিত হয়ে ওঠার কঠিন পথ সেসব দিনের সাক্ষ্য দেয়। তাই তো ১৮৮৩ খ্রিস্টাব্দেই আমরা পাই এই বাংলার প্রথম দুই মহিলা স্নাতক কাদম্বিনী গঙ্গোপাধ্যায় ও চন্দ্রমুখী বসুকে। রবি ঠাকুর সেদিন তার গল্পে উমার খাতার প্রতি টানের মধ্যে দিয়ে যেন এঁকে দিয়েছিলেন নারীসত্তায় বিবর্তনের আভাস।

কেবল বাঙালি নয়, প্রায় সকল ভারতীয় নারীরা যখন জীবনের সর্বস্তরের স্বাতন্ত্রহীনতায় শ্বাসরুদ্ধ হয়ে মনুসংহিতায় নারীদের জন্য নির্ধারিত আচরণ-গন্ডির মধ্যে বেঁচে থাকার লড়াই করছে, পাশাপাশি খুঁজছে স্বাধীনতার আলো; ততদিনে বহির্বিশ্বে

শুরু হয়ে গিয়েছে নারীত্বের উত্তরণ। ১৮৫৭ খ্রিস্টাব্দের ৮ মার্চ আমেরিকার বস্ত্রশিল্পী নারী শ্রমিকরা কাজের সময় ও মজুরি নিয়ে ধর্মঘটে সামিল হয়ে নারী আন্দোলনের পথ উন্মুক্ত করেছেন। ক্রমবিবর্তনের পথে ১৯১০-এ ডেনমার্কের কোপেনহেগেনে অনুষ্ঠিত সমাজতান্ত্রিক নারীসম্মেলনে গৃহীত হল আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের প্রস্তাব এবং ১৯১৪ খ্রিস্টাব্দের ৮মার্চ প্রথম আন্তর্জাতিক নারী দিবস। এই ১৯১৪ সালটি রবীন্দ্রছোটগল্পে নারীদের উত্থানের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য বছর। এই বছর আত্মপ্রকাশ করে রবীন্দ্রনাথ ঠাকুরের 'স্ত্রীর পত্র'। এই প্রসঙ্গে রাণী চন্দের সঙ্গে গল্পকারের কথোপকথন এইরকম,— 'প্রথম আমি মেয়েদের নিয়ে 'স্ত্রীর পত্র' গল্পে বলি। বিপিন পাল তার প্রতিবাদ করেন। কিন্তু পারবেন কেন? তারপর যখনই সুবিধা পেয়েছি বলেছি।'[২]

কিন্তু পুরুষতন্ত্রের বিরোধিতায় সরাসরি মৃণাল হয়ে অবতীর্ন হওয়ার আগে মাঝের বছরগুলিতে সমাজসচেতন রবীন্দ্রনাথকে সচেতনে হোক বা অচেতনে অনেকটা প্রস্তুতি নিতে হয়েছিল।

১৮৯১ খ্রিস্টাব্দে (১২৯৮ বঙ্গাব্দ) 'হিতবাদী' পত্রিকার সাহিত্য সম্পাদক হিসাবে আত্মপ্রকাশের সময় থেকেই রবীন্দ্রনাথ চেয়েছিলেন তাঁর পরিচিত বাস্তব জীবনকে অনুভূতির রসে জারিত করে পাঠকের সামনে তুলে ধরতে। তাঁর ছোটগল্প লেখার সূত্র পাত এখানেই।১৩১৭ বঙ্গাব্দের ২৮ ভাদ্র পদ্মিনীমোহন নিয়োগীকে লেখা চিঠিতে তিনি স্বয়ং 'দেনাপাওনা' কে (১২৯৮ বঙ্গাব্দ)তাঁর প্রথম ছোটগল্প হিসাবে স্বীকৃতি দিয়েছিলেন। এই গল্পের বিষয়বস্তু ও চরিত্রচিত্রণে প্রভাব ফেলেছিল সমকালীন একটি মর্মান্তিক ঘটনা। স্নেহলতা দেবীর আত্মহত্যা। তাঁর কন্যাদায়গ্রস্ত পিতাকে পণাগ্রাসী পাত্রপক্ষ ও কন্যাদায় —উভয়ের হাত থেকে বাঁচাতে বিয়ের আগেই তিনি আত্মহত্যা করেন এবং তাঁর আত্মহত্যার কারণ একটি চিঠিতে লিখে রেখে যান। ঘটনাটি সমকালীন রাজনৈতিক জগৎ ও সংবাদপত্র দুনিয়ায় আলোড়ন সৃষ্টি করে। 'দেনাপাওনা' ছিল সেই ঘটনার প্রেক্ষিতে প্রথম সাহিত্যিক প্রতিবাদ। রবীন্দ্রনাথ চোখে আঙুল দিয়ে দেখিয়েছিলেন পণপ্রথার ফাঁদ। নিরুপমা পিতাকে বলেছিল,—

'বাবা, তুমি যদি আর এক পয়সা আমার শ্বশুরকে দাও তাহলে আর তোমার মেয়েকে দেখতে পাবেনা, তোমার গা ছুঁয়ে বললুম।'[৩]

যদিও কেউ তার মৃত্যু ঠেকাতে পারেনি। তিলে তিলে ক্ষয়ে ক্ষয়ে মরেছে সে। ডেপুটি ম্যাজিস্ট্রেট স্বামীর গুছিয়ে নেওয়া 'নিজেদের সংসার' সে দেখতে পায়নি আর। জানতেও পারেনি নৃশংস সমাজ ততক্ষণে আবার পেতেছে বিশহাজারী ফাঁদ! এক্কেবারে নগদ পরিকল্পনা।

একই বছরে 'সাধনা' পত্রিকায় প্রকাশিত 'কঙ্কাল' গল্পে কঙ্কালের পার্থিব সৌন্দর্যময়ী সত্তা মেনে নেয়নি অন্যত্র বিবাহে ইচ্ছুক ডাক্তার শশিশেখরের তার ভালোবাসার প্রতি অবমাননামূলক সিদ্ধান্ত। শুরু থেকেই সে প্রতিবাদিনী। তাই তাকে বঞ্চনার শাস্তি শশীশেখর পেয়েছে।

'হিতবাদী' র সম্পাদক কৃষ্ণকমল ভট্টাচার্যের সঙ্গে সাহিত্যগত মতভেদে পত্রিকাটি প্রকাশের ছ'সপ্তাহ পরে রবীন্দ্রনাথ 'হিতবাদী' পর্ব পেরিয়ে একমনা হন— 'সাধনা' পর্বে; উদ্দেশ্য বদলায় না-নব উড়ান পায়।১৮৯১ খ্রিস্টাব্দেই সুধীন্দ্রনাথ ঠাকুরের সম্পাদনায় 'সাধনা' প্রকাশিত হয়। এই পর্বের ছোটগল্পগুলিতে রবীন্দ্রনাথের লেখনীতে সতীদাহ, কৌলিন্য প্রথা, বহুবিবাহ,বাল্যবিবাহ ইত্যাদিকে কেন্দ্র করে পুরুষতান্ত্রিক সমাজে নারী নির্যাতনের নানা দিক উন্মোচিত হয়েছে সাথে ধ্বনিত হয়েছে গল্পকারের প্রতিবাদী বিবেক। রবীন্দ্রনাথ স্বয়ং এ বিষয়ে লিখেছিলেন—

'...সাধনা আমার হাতের কুঠারের মতো, আমাদের দেশের বৃহৎ সামাজিক অরণ্যচ্ছেদন করবার জন্য একে আমি ফেলে রেখে মরচে পড়তে দেব না।'[৪]

তাই এই পর্ব থেকে রবিকিরণে আলোকিত নারীরা, একটু একটু করে নিজেদের আত্মমর্যাদা ও আত্মসম্মান সম্পর্কে সচেতনভাবে কিছুটা হলেও পদক্ষেপ নিয়েছে। যেমন, 'ত্যাগ' (১২৯৯ ব:) গল্পে গ্রাম্য প্রতিহিংসামূলক রাজনীতি ও কৌলিন্য-জাতিভেদ- সতীদাহ নামক নৃশংস প্রথাবলি এবং বিধবাবিবাহকেন্দ্রিক দৃষ্টিভঙ্গির মিলিত সমস্যাকে কুসুম অতিক্রম করেছে হেমন্তের ভালোবাসার শক্তিতে। কিন্তু একই বর্ষে লেখা 'মহামায়া' গল্পে কৌলিন্য-সতীদাহ প্রথার মধ্যাহ্নযুগে রক্ষণশীলতার প্রতি এককেন্দ্রিক নিষ্ঠা ভালোবাসাকে হারিয়ে দিয়েছে। তবে প্রেমের ছদ্মবেশে পুরুষের অনুকম্পার বিরুদ্ধে নিরুত্তর মহামায়ার 'মুহূর্তের জন্য পশ্চাতে না ফিরিয়া' চির-অন্তর্ধান তাঁর আত্মসম্মানবোধকে জিতিয়ে দিয়েছে। অন্যদিকে অপুত্রক, অসুস্থ হরসুন্দরী নিজের সংসারে বহুবিবাহ নামক কুপ্রথাকে ডেকে এনে প্রথমে ঈর্ষার কাঁটায় ক্ষতবিক্ষত হয়েছে। তারপর আমৃত্যু শরীরী ও অশরীরী 'মধ্যবর্তিনী'(১৩০০ ব:)-কে অতিক্রম করে উঠতে পারেনি। সেবছরেই রবি ঠাকুর লেখেন 'শাস্তি' গল্প। যেখানে "ঠাকুর বউ গেলে বউ পাইব, কিন্তু আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।"[৫]

আদিম বস্তুঘন সম্পর্কে কষে বাঁধা স্বামী ছিদামের মুখে এ কথা শুনে অভিমান, ক্ষোভ, আর প্রেমের প্রতি আক্রোশে চন্দরা বোবা হয়ে যায়। মনে হতে থাকে ছিদাম রাক্ষস। নিজের ভালোবাসার প্রতি অন্তরাত্মা বিমুখ হতে থাকে। সমাজের প্রান্তিক, অশিক্ষিত, একগুঁয়ে চন্দরা সতীত্ব ও পরকালের ধর্ম নামক সংস্কারকে ঘেন্নায় ছুঁড়ে

ফেলে ফাঁসিকাঠকে বরণ করে নেয়। হয়তো প্রতিকার সে পায়না, কিন্তু তার ধিক্কার আর প্রতিবাদ ছুঁড়ে দেয় একটা শব্দে... 'মরণ'! পাশাপাশি আমরা রবীন্দ্রদর্পনে দেখি 'সমাপ্তি'(১৩০০ ব:)-র বালিকা ও রমণী সত্তার দ্বিধায় দোলায়িত উদ্দাম, দুরন্ত মৃন্ময়ীকে, যে প্রতিষ্ঠান ও গতানুগতিকতাকে অগ্রাহ্য ও অতিক্রম করার মনোভাব রেখেছিল নিজের অজান্তেই। পুরুষপ্রধান সমাজে স্বামী-স্ত্রীর সম্পর্কে ক্ষমতাবানের একচ্ছত্র আধিপত্য ও ইচ্ছেপূরণ অপূর্বও সমর্থন করেনি। তাই সে অপেক্ষা করেছিল সেই মুহূর্ত পর্যন্ত যতক্ষণ না পর্যন্ত মৃন্ময়ীর মধ্যে 'মন-কেমন' করা নতুন অনুভবের উন্মেষ ঘটে। রবি ঠাকুরের লেখায় সে এক অন্য সূচনা। গবেষক বিমান বিহারী মজুমদারের কথায় এই পরিবর্তনের সূচনাটি চিহ্নিত হয়েছে এমনভাবে,—

'This story is a superb example of Tagore's creative power... in showing how to win the love of immature girls by tact, patience and human treatment.'[৬]

পরের বছর অর্থাৎ ১৩০১ বঙ্গাব্দে লেখা 'বিচারক' গল্পের মোহিতমোহন দত্ত ভেবেছিল, 'রমণীগণ কূলবন্ধন ছেদন করিবার জন্য উন্মুখ হইয়া আছে, শাসন তিলমাত্র শিথিল হইলেই সমাজ পিঞ্জরে একটি কূলনারীও অবশিষ্ট থাকিবে না।'৭

কিন্তু রবীন্দ্রনাথ তা ভাবেননি। তাই এ গল্পে মোহিতমোহনের দ্বারা অল্পবয়সে প্রতারিত কলঙ্কিনী বিধবা ক্ষিরোদা (হেমশশী)লেখকের কলমে দেবী প্রতিমায় উদ্ভাসিত; ক্রমে সে উদ্ভাস মোহিতমোহনের দৃষ্টিরও পরিবর্তন ঘটায়। আসলে রবীন্দ্রনাথ সমাজে অসম বাল্যবিবাহ এবং তার ফলস্বরূপ উদ্ভুত বিধবাসমস্যা বিষয়ে ওয়াকিবহাল ছিলেন। বিধবা বিবাহ আইন যে এর প্রতিকার করতে পারেনি তিনি তাও জানতেন। তাই সমাজের চোখে হঠাৎ ব্রাত্য ও বোঝা হয়ে ওঠা এই নারীদের প্রয়োজন ও পরিস্থিতির দ্বন্দ্ব বারবার তার গল্পগুলিতে সহানুভূতির সাথে উঠে এসেছে। যেমন, 'প্রতিবেশিনী' গল্পে তিনি দেখিয়েছেন বালবিধবা সাধারণ মেয়েটিও কারো কাব্যরচনার অনুপ্রেরণা হয়ে উঠতে পারে, স্ত্রী হিসাবে এ সমাজে আজও তার মূল্য আছে। 'নিশীথে' (১৩০১ব:)গল্পে দক্ষিণাবাবুর নিষ্ঠাবতী, ত্যাগের প্রতিমূর্তি প্রথমা স্ত্রীর সেবাগুণ তাঁর স্বেচ্ছামৃত্যুর পরেও পাঠকের মনে ছাপ রেখে যায়। এই স্বেচ্ছামৃত্যুর জন্য পরোক্ষভাবে দায়ী তাঁর স্বামীকে বহুবিবাহগ্রস্ত সমাজ শাস্তি না দিলেও গল্পকারের লেখনীতে ভদ্রলোক বিবেকের দংশনে দংশিত এক জীবিত আত্মা। একই বর্ষে 'দিদি' গল্পের একদা স্বামী অন্তপ্রাণ-স্বামীকে দেবতা জ্ঞান করা শশী নিজের নাবালক বৈমাত্রেয় ভাই ও তার সম্পত্তিকে রক্ষা করার জন্য লোভী স্বামী জয়গোপালের লোভের বিরুদ্ধে লড়াইতে অচেনা জগতে সমাধানের

পথ খুঁজেছে। ঘরে ফিরে তাঁর নিজের জীবন বিপন্ন হয়েছে তবু সমস্যার প্রতিকার সে তার আগেই করে গেছে। 'মানভঞ্জন' (১৩০২ ব:)-এর গিরিবালা নিজের সমস্যার সমাধান করেছে এক পরিণত আধুনিক নারীর মতো। বারবিলাসে মত্ত স্বামী গোপীনাথের উপেক্ষার জবাবে সমাজের কটাক্ষকে হেলায় এড়িয়ে সমাজে নারী ও শিল্পী হিসাবে নিজের অমূল্য সত্তাকে চিহ্নিত করেছে। স্বাধীন জীবনে সম্মান ও প্রশংসা অর্জন করেছে। রবিলেখনীর অন্যতম উল্লেখযোগ্য 'প্রতিহিংসা' (১৩০২ ব:) গল্পে ইন্দ্রাণী ও অম্বিকাচরণের রোমান্স বিগলিত দাম্পত্য প্রণয়ের গীতি-আবহে এসেছে নাটকীয় সংঘাত। ইন্দ্রাণীর চরম আত্মসম্মানবোধ এবং কর্তব্যপরায়ণতা নারীর স্বতন্ত্র স্বরূপ উপলব্ধির সোপান হয়ে উঠেছে।

১৩০৫ বঙ্গাব্দে সম্পাদক হিসাবে 'ভারতী' পত্রিকায় নবযুগ আনেন রবীন্দ্রনাথ। 'ভারতী'র খাতে প্রবাহিত 'উদ্ধার'(১৩০৭ ব:)গল্পের গৌরী, 'নষ্টনীড়'(১৩০৮ ব:)-এর চারুও এদেরই উত্তরাধিকার। গৌরী পুরুষের ইচ্ছার বিরুদ্ধে প্রতিবাদী। স্বামী বা গুরু কাউকেই সে দেবতা ভাবতে পারেনি। পরিস্থিতির সঙ্গে আপোষও করেনি। স্বামীর মৃত্যুর পর তার আত্মহত্যা ও সহমরণযাত্রা পাঠককে স্তম্ভিত করলেও তার মধ্যে লুকিয়ে আছে সেই আপোষহীন প্রতিবাদ। চারুলতা অমলের প্রতি তার অধিকারবোধকে আপনসত্য বলে জেনেছে। সদ্যজাগ্রত নারীত্বে স্বাধীন প্রেমের পীড়ার সাথে নিরবচ্ছিন্ন লড়াই করেছে সে। ঘর ভাঙেনি। বাহ্যিক শুচিতা রক্ষা হয়েছে। কিন্তু সামাজিক দায়বদ্ধতার বিরুদ্ধে তার সংক্ষিপ্ত প্রতিবাদ আত্মস্বাতন্ত্র রক্ষা করেছে।সময় এগোচ্ছিল আর ধীরে হলেও সমাজে নারীর অবস্থানে বদলও আসছিল। তাই 'নবপর্যায় বঙ্গদর্শন'-এ প্রকাশিত 'দর্পহরণ'(১৩০৯ ব:)-এ পিতৃগৃহে সুশিক্ষিত নির্ঝরিনীকে তাঁর স্বামী বাংলা জ্ঞান নিয়ে ব্যঙ্গ করলেও শেষ পর্যন্ত তার অন্তরের লেখক সত্তাকে মেনে নিতে বাধ্য হয়েছে। এরও পরে লেখা 'চিত্রকর' গল্পে আমরা দেখি চিত্রকলা সম্পর্কে অনভিজ্ঞ, পেশায় উকিল মুকুন্দবাবুর প্রশ্রয়ে তাঁর স্ত্রী সত্যবতীকে সবকিছু ফেলে শিল্পচর্চা করতে। দরদী রবীন্দ্রনাথের কলমে মুক্তকণ্ঠে সেদিন নারীর অন্তর্জগতের শিল্পীসত্তা সেদিন পুরুষের হৃদয়ের সমর্থন পেয়েছিল। সে অবশ্য অনেক বছর পরের কথা।

'নারীর মনুষ্যত্ব' প্রবন্ধে রবীন্দ্রনাথ লিখছেন,—

"আমাদের দেশে মেয়েদের পক্ষে লেশমাত্র স্বাতন্ত্র দাবি করলে পুরুষমহলে তুমুল উত্তেজনা উপস্থিত হয়।"[৮]

কিন্তু দমবন্ধ আত্মার মৃত্যু নিশ্চিত করার থেকে বোধহয় স্বাতন্ত্রের দাবি সঙ্গত। সেই দাবির তুমুল উত্তেজনা নিয়ে এসেছিল 'সবুজপত্র'-এর উদ্ভাসিত নারীরা। সময়টা

১৯১৪ খ্রিস্টাব্দ (১৩২১ বঙ্গাব্দ)। রবীন্দ্রনাথের প্রেরণায় ও প্রমথ চৌধুরীর সম্পাদনায় বাংলা সাহিত্যের প্রচলিত ধারায় ঘটল বেশ বড় রকমের পরিবর্তন। পরিবর্তন নারীচেতনার উদ্ভাসে, দৃঢ়চেতা নারীত্বের অধিকারপ্রাপ্তির উদ্দেশ্যে। বহুবিধ সংস্কার আন্দোলন, স্ত্রীশিক্ষার বিস্তার নারীর মনোজগতে সচেতন ভাববিপ্লব আনছিল। 'সবুজপত্র'এর সম্পাদক প্রমথ চৌধুরী ছিলেন এই বিপ্লবের দূত। 'বাংলার মন যাতে বেশি ঘুমিয়ে না পড়ে' সেই চেষ্টাই ছিল এই পত্রিকার লক্ষ্য। রবীন্দ্রলেখনীতে তাই ঘুমিয়ে পড়া মনের বিরুদ্ধে চলল অভিযান। তাঁর এই সময়ে লেখা গল্পগুলি দৃঢ়ভাবে প্রকাশ করে প্রকৃত 'স্ত্রী' শুভকর্মের সহভাগিনী। বিবেচনাহীন আজ্ঞাবহ দাসী নয়। সহধর্মিনী সত্তা সমগ্র নারীত্বের একটি অংশ মাত্র। যেমন, গৌরীশঙ্করের আত্মজা হৈম। বোষ্টমী। ২৭ নং মাখন বড়াল লেনের মৃণাল। শম্ভুনাথ সেনের কন্যা কল্যাণী। কোন এক অচেনা গলির দুনম্বর বাড়ির অনিলা। এঁদের মধ্যে একটা যোগসূত্র আছে। এরা সকলেই শেষপর্যন্ত এক একজন নি:সঙ্গ চরিত্র। কিন্তু এই নি:সঙ্গতা মার্জিত। 'পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর' নিয়ে সাংসারিক মঞ্চে সুখী দাম্পত্যের অভিনয়ের অংশীদার তাঁরা হতে পারেনি। তাঁদের স্বতন্ত্র ব্যক্তিসত্তা সমাজ-সংসারের বাইরে কোন না কোনভাবে ঠেলে তাঁদের করে তুলেছে তথাকথিত সমাজ থেকে ভিন্ন। যেমন হৈম। 'হৈমন্তী' (১৩২১ ব:) গল্পের এই মেয়েটি অত্যন্ত আত্মমর্যাদা সম্পন্না। বাংলার বাইরে ঋষিতুল্য পিতার কাছে সে এক অন্য জীবনধারায় বেড়ে উঠেছে। মিথ্যে কথা, মিথ্যে আচরণ এমনকি মিথ্যে সাজগোজও তাঁর রুচির পরিপন্থী। এটাই তাঁর জীবনে ট্র্যাজেডির অন্ধকার ঘনিয়ে তুলেছে!

'She persecuted by her mother-in-law beacause she refused to conseal her true age.'[৯]

হৈম'র স্বামী সংসারে স্ত্রীর নিজস্ব মূল্য ও অনুভূতিকে অনুধাবন করলেও স্ত্রীর অন্তরে অন্তরে ক্ষয়ে যাওয়া সে আটকাতে পারেনি। তাঁর মৃত্যুকেও ঠেকাতে পারেনি। ভালোবাসা ছিল কিন্তু সোচ্চার হল কোথায়! মেরুদন্ডহীন স্থূল পারিবারিক জীবনে সত্তা ও আত্মার অবক্ষয় থেকে মুক্তি নিয়ে নির্লোভ সত্যের উদ্দেশ্যে তাই প্রতিবাদী হৈম'র নির্বাণ সূচিত হয়েছে। অসহায় পিতা রবীন্দ্রনাথের নিজস্ব জীবন অভিজ্ঞতার ছাপ পড়েছে আলোচ্য গল্পে। একই সময়ে রবীন্দ্রনাথের শিলাইদহ জমিদারির অধিবাসিনী সর্বখেপির আংশিক আদলে সৃষ্ট 'বোষ্টমী' গল্পের আনন্দীর জীবনজিজ্ঞাসার উত্তরে পাওয়া যায় অন্তহীন পথচিহ্নের অসীম সংকেত। অপরূপ সুন্দরী সেই নারী জীবনে সন্তান, স্বামী সবকিছু পেয়েও আঁকড়ে রাখতে পারেনি। বলেছে,—

‘পৃথিবীতে দুটি মানুষ আমাকে সবচেয়ে বেশি ভালোবাসিয়াছে - আমার ছেলে আর আমার স্বামী। সে ভালোবাসা, আমার নারায়ণ, তাই সে মিথ্যা সহিতে পারিল না।একটি আমাকে ছাড়িয়া গেল, একটিকে আমি ছাড়িলাম। এখন সত্যকে খুঁজিতেছি, আর ফাঁকি নয়।’[১০]

আসলে সেদিন আনন্দী সংসার নয়, ভেঙেছিল গুরুবুদ্ধি, অন্ধ আত্মাদর আর অন্ধ সংস্কারের খাঁচা। বোষ্টমী মুক্তি পেয়েছিল।

সবুজপত্রে উদ্ভাসিত রবিকিরণে উদ্ভাসিত নারীদের ভাবনা ও প্রতিক্রিয়াও ছিল গতানুগতিকের বাইরে। যেমন,”স্ত্রীর পত্র”(১৩২১ ব:)-এ পাঠক দেখে,—

‘দেশশুদ্ধ লোক চটে উঠল। বলতে লাগল মেয়েদের কাপড়ে আগুন ধরিয়ে মরা একটা ফ্যাশন হয়েছে।’[১১]

তখন ২৭নং মাখন বড়াল লেনের মেজ বৌ এই দেশসুদ্ধ লোকের বাইরে ছিল। তাই গল্পে বিন্দুর আত্মহত্যাকে সে শ্রদ্ধার চোখে দেখেছিল। রূপসী, বিবাহিতা নারীরূপে পাতিব্রত্যের গৌরব, বংশ গৌরব ও অভিজাত্যের মিথ্যা দম্ভকে হেলায় ঠেলে ‘মেজ বৌ’ মরে যখন মৃণালের জন্ম হল, তখন নবজন্মমুহূর্ত থেকেই সে হল পুরুষের চরণতলাশ্রয় ছিন্ন। তাঁর বিপ্লবী ভাই শরৎ বিপ্লববাদের উদারতা নিয়ে এই নারী নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদী হতে তাঁকে শক্তি যুগিয়েছিল। মুগ্ধ পাঠকের বিস্ময় এখনো সবাক, প্রত্যুৎপন্নমতি মৃণালকে ঘিরে,—

‘নারীমুক্তির যে প্রশ্নটা আজ সর্বত্র শোনা যাচ্ছে সেটা স্ত্রীর পত্রে এমন বাস্তব, বাহুল্য বর্জিত ভাবে আছে যা আর কোথাও নেই। অত্যন্ত পজিটিভ চরিত্র এই মৃণাল। সে মেনে নিচ্ছে না চিরাচরিতকে, তার লক্ষ্য আপন সত্তার প্রতিষ্ঠা। আমার সমকালীন নারীর মধ্যে যে জিনিসটা আমি দেখতে চাই, সেটি পাচ্ছি মৃণালের মধ্যে। কতকাল আগে রবীন্দ্রনাথ এমনি একটি চরিত্র আমাদের উপহার দিয়ে গিয়েছেন ভাবলে বিস্ময় লাগে।’[১২]

একই বর্ষে লেখা ‘অপরিচিতা’ গল্পের কল্যাণী বাংলার বাইরে পশ্চিমে মাতৃহীন সংসারে পিতার উদার মানসিকতায় লালিত কন্যা। পরিপ্রেক্ষিতটি পরিচিত, কিন্তু কল্যাণী হৈমন্তী নয়। এ মেয়ে অন্য ধাতুতে তৈরি। ক্ষয়ে যেতে আসেনি সে। তাই বিয়ের রাতে স্যাকরা ডেকে পাত্রপক্ষ গহনার হিসাব বুঝে নিতে চাইলে বাবাতে-মেয়েতে বিয়েটাই ভেঙে দিয়েছিল। কল্যাণী দেশের কাজে,শিক্ষার কাজে আত্মনিবেশ করে। উপেক্ষিত পাত্রটি প্রায়শ্চিত্ত করতে চাইলেও তাকে প্রত্যাখ্যান করে। মুগ্ধ যুবক শিক্ষার কাজে তাকে সহযোগিতা করেই তৃপ্ত হয়।পণপ্রথা ও পুরুষতন্ত্রের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদে সমকালীন সময়ে সে বৈপ্লবিক চেতনার কল্যাণী রূপ।

‘পয়লা নম্বর’(১৩২৪ ব:) গল্পে অদ্বৈতচরণের আপাতশান্ত স্ত্রী অনিলার উপস্থিতি প্রথমদিকে তেমন নজরেই পড়েনা। নিজের গুণমুগ্ধ গোষ্ঠীতে আবদ্ধ স্বামী অদ্বৈতচরণ ও প্রাণ প্রাচুর্যে উজ্জ্বল প্রেমিক সীতাংশু মৌলীর মাঝে চাপা পড়ে থাকা অনিলার চারিত্রিক গভীরতার প্রকাশ ঘটেছে ভাই সরোজের অকাল মৃত্যুর পর। নীল রঙের একই কাগজের দুটি টুকরোতে সংক্ষিপ্ততম দুটি চিঠিতে অনিলা তাঁর স্বামী ও প্রেমিক উভয়ের থেকে মুক্তি নিয়েছে। সতীত্বের লোভ, সংসারের মোহ, পিয়তমের আস্বাদ কোনকিছুই তার মুক্তির পথে বাঁধা হতে পারেনি। একই বর্ষে লেখা ‘পাত্র ও পাত্রী’ গল্পের শ্রীযুক্ত সনৎকুমার, যিনি কৈশোরে স্ত্রীর উপর প্রভুত্বের স্বপ্নে খুশি হয়ে উঠতেন তিনি পরিণত বয়সে পৌঁছে উপলব্ধি করেছেন নারীর মূল্য,— “পুরুষের জীবনের চার আশ্রমের চার অধি দেবতা। বাল্যে মা; যৌবনে স্ত্রী; প্রাউরে কন্যা, পুত্রবধূ ; বার্ধক্যে নাতনি, নাতবউ। এমনি করে মেয়েদের মধ্য দিয়ে পুরুষ আপনার পূর্ণতা পায়।”[১৩]

এই ভাবনা সমকালীন নারীসমাজের কাছে এক বড়ো স্বীকৃতি।

‘সাধনা’, ‘সবুজপত্র”-এ প্রতিফলিত নারীচেতনার উন্মেষ ও ক্রমবিবর্তন ধারাবাহিকতা বজায় রেখেছিল শারদীয়া ‘আনন্দবাজার পত্রিকা’-য় প্রকাশিত ‘রবিবার’(১৩৪৬ ব:), ‘ল্যাবরেটরি’ (১৩৪৭ ব:); ‘শনিবাররের চিঠি’ তে প্রকাশিত ‘শেষকথা’(১৩৪৬ ব:)এবং ‘প্রবাসী’ পত্রিকায় প্রকাশিত ‘বদনাম’(১৩৪৮ব:) গল্পে। প্রথম তিনটি গল্পই ”তিনসঙ্গী”। ততদিনে মনু নির্ধারিত নীতিবোধের অবগুন্ঠন কাটিয়েছে নারী। বিশ্বযুদ্ধের অভিঘাতে সামাজিক-অর্থনৈতিক-রাজনৈতিক চেতনায় পালাবদল ঘটছে। তারই অভিঘাতে আন্দোলিত হয়েছে রবীন্দ্রনাথের জীবন সায়াহ্নে অনুরণিত এই আধুনিকমনস্কারা। যেমন,— ‘রবিবার’ এর বিভা চেয়েছিল অভীক দায়িত্ববান হোক।অভীক বুঝেছিল। তাই একদিন যে বিভাকে সে বুদ্ধি দিয়ে বুঝতে চেয়েছিল, তাকেই সে আবার পেতে চেয়েছিল তার সমস্তকে দিয়ে। অভীকের উপলব্ধিতে প্রকাশ পেয়েছে সেই বিভা, যে গড়তে জানে। ঠিক যেমন ‘শেষকথা’র অচিরা। বিভার সাথে একই বর্ষে আত্মপ্রকাশ তাঁর। তাঁর তপস্যা জীবনকে পবিত্র করার, উজ্জ্বল করার। সে এও জানে যে, পুরুষের জীবনের চরম লক্ষ্য নৈব্যক্তিক কিন্তু নারীর নারীর চরম লক্ষ্য ব্যক্তিগত। তাই উদ্দেশ্যচ্যুতির সম্ভাবনায় অচিরা ভয় পায়। তাঁর নিরাবেগ, বৈজ্ঞানিক প্রেমিক নবীনমাধব অনুভব করেছে অচিরার ভালোবাসা অধিকার আদায়ের নয়। সে সত্যকার ভালোবাসাকে সম্মান করে; তাই পরমপ্রিয়কে মুক্তি দিয়ে নিজে মুক্তি পেতে জানে। এই ভিন্নগোত্রীয়া নায়িকাদের সারিতে উজ্জ্বল সোহিনী। মৃত্যুর ১০ মাস আগে লেখা রবীন্দ্রনাথের ‘ল্যাবরেটরি’ গল্পে আসল বিক্রিয়া উদ্দেশ্যের তেজ ও চারিত্রিক বৈশিষ্ট্য-এর মধ্যে।

নন্দকিশোর ও সোহিনী কেউই সাধারণ চোখে খুব ভালো মানুষ ছিলনা। সময়ের থেকে অনেক এগিয়ে থাকা এ গল্পে রবীন্দ্রনাথ দেখাতে চাইলেন তাদের সহবাস প্রকৃতপক্ষে কর্ম ও ব্রতের মেলবন্ধন। মৃত নন্দকিশোরের বিজ্ঞানাগারকে রক্ষা করাই সোহিনীর বৈধব্যব্রত পালন। সেই ব্রত পালন করতে গিয়ে সোহিনী সতীত্বের সব ধারণাকে এক এক করে ভেঙে দিয়েছে। রবীন্দ্রনাথ জানতেন সোহিনীকে সবাই বুঝবেনা। অনেকেই তাকে নারী-প্রগতির পরিপন্থী বলে মনে করবে। পরিপ্রেক্ষিত থেকে আলাদা করে দেখলে সোহিনীকে নষ্ট বলেই মনে হবে। তবু এ গল্পের মধ্য দিয়ে নষ্ট মূল্যবোধের উপর তিনি মানবাত্মার প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। তাঁর সৃষ্ট এমনই আরেক বিতর্কিত চরিত্র সদু।রাণী চন্দের সঙ্গে আলাপচারিতায় রবি ঠাকুর সদুর কথাও বলেছিলেন। সদু হল 'বদনাম' এর সৌদামিনী। পুলিশ অফিসারের পতিব্রতা স্ত্রী। তবে স্বদেশী চেতনায় আলোকিত। তাই স্বদেশ বিরোধী কর্মে স্বামীর সহধর্মিনী নয়। সে আত্মত্যাগী দেশপ্রেমিকদের মধ্যে দেখে সত্যকারের পৌরুষকে।তাঁদের রক্ষা করতে বদনামকে ভয় পায়না। বলে,—

'লোকে বলবে না সতী, বলবে না সাধ্বী,বলবে দজ্জাল মেয়ে। এই কলঙ্কের-তিলক-আঁকা ছাপ পড়বে তোমার সদুর কপালে। আর তুমি যদি মানুষের মতো মানুষ হও তবে তার গুমোর বুঝতে পারবে।'[১৪] গল্পকারের জীবনের অন্তিম পর্বের গল্পগুলি এভাবেই নারীসত্তার ভিন্ন উদ্ভাসে উদ্ভাসিত।

এভাবেই রবীন্দ্রনাথের মানসীরা তাঁর লেখনীতে, চেতনার কিরণে আলোকিত হয়েছেন। প্রণম্য পূর্বজাদের উত্তরাধিকার বজায় রেখেছে। ভাদ্র,১৩৩৫ বঙ্গাব্দে লেখা রবি ঠাকুরের 'সবলা' কবিতায় তাই অধিকারের জন্য শূন্য থেকে শুরু করা যোদ্ধা নারীর আকুতি নয়, প্রার্থনাও নয়, দাবি ধ্বনিত হয়েছে,—

'হে বিধাতা, আমারে রেখো না বাক্যহীনা—
রক্তে মোর জাগে রুদ্রবীণা।
উত্তরিয়া জীবনের সর্বোন্নত মুহূর্তের 'পরে
জীবনের সর্বোত্তম বাণী যেন ঝরে
কণ্ঠ হতে
নির্বারিত স্রোতে।
যাহা মোর অনির্বচনীয়
তারে যেন চিত্তমাঝে পায় মোর প্রিয়।'

ভাবনা ও চেতনার ক্রম-উত্তরণ বুঝি এভাবেই ইতিহাসে চিহ্ন রেখে যায়।

Dr. Hare Krishna Mandal, the principal of Gobardanga Hindu College is an experienced educationist. Previously he served in WBES. A lover of music, his cultural inclinations have created a fresh lease of life in the college. His readiness, quick spirited lively nature speak in favour of his dynamic personality. He has delivered numerous lectures and is a popular speaker. Dr. H. K. Mandal also has several papers in journals to his credit.

Paromita Datta has served Gobardanga Hindu College for more than 18 years. She is the present coordinator of the IQAC. An Associate Professor in English, Ms. Datta enjoys teaching poetry and drama. She prefers the company of her students and inspires them to reach new heights. She has a good number of scholarly articles to her credit. Her present area of research interest is South Asian women's literature.

কারুলিপি

দুই বাংলা মিলিত হোক
কারুলিপির বন্ধনে

ISBN : 978-93-93841-90-2
9 789393 841902

Myriad Paths : A Collection Of Critical Essays In Multidisciplinary Studies

Editors : Dr. Hare Krishna Mandal
Prof. Paromita Datta

কারুলিপি

Myriad Paths : A Collection Of Critical Essays In Multidisciplinary Studies

GOBARDANGA HINDU COLLEGE
NAAC ACCREDITED GRADE 'A' (2005 & 2016)
AFFILIATED TO WEST BENGAL STATE UNIVERSITY
P.O. KHANTURA, 24 PARGANAS (NORTH),
WEST BENGAL, PIN-743273

GOBARDANGA HINDU COLLEGE
ESTD. - 1947

Myriad Paths : A Collection Of Critical Essays In Multidisciplinary Studies

Myriad Paths : A Collection Of Critical Essays In Multidisciplinary Studies

Editors
Dr. Hare Krishna Mandal | Prof. Paromita Datta

KARULIPI
PUBLICATION

MYRIAD PATHS : A COLLECTION OF CRITICAL ESSAYS IN MULTIDISCIPLINARY STUDIES

Editors : *Dr. Hare Krishna Mandal*
Prof. Paromita Datta

First Published by Karulipi Publication
December 2023

ISBN 978-93-93841-90-2

© Principal, Gobardanga Hindu Collage

Cover designed by Karulipi

All rights reserved. No part of this publication may be reproduced or transmitted (other than for purposes of review or critique) in any form or by any means, electronic or mechanical, including photocopy, recording, or any information storage and retrievel. system without prior permission in writing from the publisher and the author where applicable.

Book design by Karulipi

Published & Printed by Karulipi Publication
18/D, Tamer Lane, Kolkata-700009
Mobile: 8334927891/8016100985
WhatsApp/Telegram: 9903192443
e-mail: karulipipublication@gmail.com
www.karulipi.com

₹ 350

ACKNOWLEDGEMENTS

The editors would like to acknowledge the sincere efforts of all contributors who have made this book possible. A note of special thanks to Prof.Sudeb Biswas, Assistant Professor in Bengali who showed active interest and provided resources for publication. The governing body of the college has also been extremely supportive in promoting the cause of research and publication. Funds for this book were received from the college fund. The research and development cell of the college has also played a pioneering role in the publication process. Above all such publications inspire the teachers to continue to perform better with each passing day.

Dr. Hare Krishna Mandal
Prof. Paromita Datta

EDITORIAL PREFACE

The book has quite aptly been titled MYRIAD PATHS since it serves as a compendium of knowledge to researchers, scholars, academicians, and professionals engaged in numerous disciplines. Interesting as it may seem, this book, though dedicated to the study of humanities and social sciences, prepares readers for statistical information, scientific data, and mathematical representations. Wide-ranging as these topics are, the multidisciplinary essays provoke critical thinking. Films, short stories, community narratives of marginalized people, gender studies, politics, drama and performance, education and its corresponding systems of imparting knowledge, local histories, border studies, old narratives of romance and contemporary commercial enterprise within the domain of economic structures, beckon the reader to search through the new learning experience.

MYRIAD PATHS truly considers multiple research phenomena. While a couple of teachers have expressed their views in English, a host of others have adopted Bengali to their purpose. This bi-lingualism, we believe has inspired more spontaneous overflow of ideas in authors. Prepared with utmost precision, we look forward to all suggestions and recommdations from all quarters. The subsequent editions, we hope are going to be flawless in future. Thanking all who made this book a living reality,

Regards
Dr. H. K. Mandal, Principal, GHC
And
Prof. Paromita Datta,
Associate Professor in English, and
IQAC COORDINATOR GHC

Contents

ITIHASER PREKSHAPATE AFGHANISTAN : KICHU PRASANGA

Dr. Debarati Ghosh 13

TRANSGENDERS IN THE INDIAN CONTEXT: A STUDY ON THE EMPOWERMENT OF HIJRAS IN WEST BENGAL

Paromita Datta/
Soumya Narayan Datta 31

REFUGEE MEMORIES, NAMASUDRAS AND POLITICS IN WEST BENGAL [1948-2011 AD]

Krishna Kanta Dhali/
Ramesh Barman 53

VAIDIK JUGE PRACHALITO KICHU SHILPOKORMO: EKTI SAMIKSHA

Dr. Smriti Sarkar 67

NAVIGATING THE E-LEARNING LANDSCAPE: AN IN-DEPTH ANALYSIS OF CHALLENGES IN IMPLEMENTING ICT IN EDUCATION DURING THE COVID-19 PANDEMIC— A CASE STUDY OF WEST BENGAL STATE UNIVERSITY

Dr. Debjani Chakraborti 76

MANAGEMENT STYLES IN HIGHER EDUCATION INSTITUTION IN INDIA: AN ANALYSIS

Dr. Madhumita Chattopadhyay 88

BHARATIYA RAJNAITIK PARIMANDALE NARI
Dr. Biswajit Gain/
Sima Ghosh 103
SWADHINATA UTTOR BANGLADESHE ISLAMIKARANER PRAYASH BISHSSHOTO ERSHADER SAMAYKAAL PORJONTO : (1971-1990)
Dr. Biswajit Gain 108
ECONOMICS OF TEACHING– LEARNING IN HIGHER EDUCATIONAL INSTITUTIONS
Gaurdas Sarkar 121
ETHNIC CONFLICTS AND WHAT IT INFLICTS ON THE ECONOMY
Arjit Rai/Dr. Mahuamita Deb 132
IMPACT OF GLOBALIZATION ON THE ECONOMY OF INDIA AND BANGLADESH
Dr. Shawkat Ali 140
NABAJAGARANER AGRADOOT SRI SRI HARICHAND THAKUR O SRI SRI GURUCHAND THAKUR
Nripen Biswas 154
THE IMPACT OF VALUE EDUCATION ON WOMEN EMPOWERMENT IN 21ST CENTURY
Dina Das 163
ISLAMIZATION OF BANGLADESH : DURING 1971– 1990 AND INDIA'S RESPONS
Dr. Biswajit Gain/
Arjit Rai 175
ISLAMIZATION UNDER THE DEMOCRATIC GOVERNMENT: AN OVERVIEW OF BANGLADESH
Dr. Biswajit Gain 192
RABINDRA CHOTOGOLPERCHALACHITRAYAN : PRASANGA KABULIWALA
Dr. Anwesha Mallik 199
ONLINE TEACHING-LEARNING SYSTEM IN HIGHER EDUCATION: CAPABILITIES OF TEACHER AND LEARNER
Neloy Sarkar 215

VIOLENCE, TRAUMA AND WOMEN'S BODIES : A STUDY OF PARTITION NARRATIVES

Somjeeta Pandey/
Dr.Anindita Shome 227

JOY GOSWAMIR NIRBACHITO CHOTOGOLPO : ATMA MAGNA SATTAY JIBON SATYER KHONJ

Sudeb Biswas 238

BISHHYAN O MANOJ MITRER KOYEKTI NATOK

Dr. Paramita Das Sharma 245

MEGHDOOT KAVYE PARIBESH BHAVNA

Dr. Anamika Mukherjee 255

SARATCHANDRA CHATTOPADHYAYER 'PATHER DABI' : DESHMATRIKAR MUKTIR KAMONAY RAJNITI O BIPLABER DANDWO

Sudeb Biswas/
Dipankar Sarkar 264

SARBAPALLI RADHAKRISHNANER JIBON O DARSHAN : SATYER KHOJE ATTO-ANWESHAN

Prabin Sikder 272

'SAHAJ PATH' : SAHAJ KATHAY GAVIR PATH

Sudeb Biswas/
Jayita Sur **273**

ইতিহাসের প্রেক্ষাপটে আফগানিস্তান— কিছু প্রসঙ্গ

Dr. Debarati Ghosh (Associate Professor, Department of Political Science, Gobardanga Hindu College)

আন্তর্জাতিক সম্পর্ক একটি শাস্ত্র হিসাবে রাষ্ট্রের ভূ-রাজনৈতিক অবস্থান, জাতীয় শক্তি, জাতীয় স্বার্থ, বাস্তববাদ, শক্তি-রাজনীতি, কৌশলগত অংশীদারিত্ব, বৈদেশিক বানিজ্য প্রভৃতি বিভিন্ন বিষয়গুলির তাৎপর্য বিশ্লেষণ করে। আফগানিস্তানের ভূ-রাজনৈতিক অবস্থান, মধ্য এশিয়ার প্রেক্ষাপটে ঐতিহাসিক কিছু সময়কাল, সাম্রাজ্য বিস্তারগত যোগাযোগ, পালাবদল, শক্তিধর রাষ্টের ভূমিকা ও সাম্প্রতিক অতীতের চালচিত্রে ভারত-আফগানিস্তান ও নিকটবর্তী রাষ্ট্রে সম্পর্কের গতি-প্রকৃতি বিশ্লেষণের একটি ক্ষুদ্র প্রয়াস।

ইতিহাসের প্রেক্ষাপটে আফগানিস্তান— কিছু প্রসঙ্গ :

বর্তমান আফগানিস্তানের সীমানায় যে দেশগুলি অবস্থিত সেগুলি হল: পূর্বে পাকিস্তান (উত্তর-পূর্ব ও পূর্ব-দক্ষিণ সহ), পশ্চিমে ইরান, পশ্চিম-উত্তরে তুর্কমেনিস্তান, উত্তরে উজবেকিস্তান ও তাজিকিস্তান, উত্তর- পূর্বের কিছু অংশে পাকিস্তান অধিকৃত কাশ্মীর এবং অদূরে চীন।

ভৌগোলিক অবস্থানের দিক থেকে আফগানিস্তান মধ্য এশিয়ার একটি দেশ। ভূপ্রকৃতিগত দিক থেকে উল্লেখযোগ্য বিষয় হোল আফগানিস্তানের শুষ্ক মরুভূমি এবং অসমতল উচ্চশিখর বিশিষ্ট পার্বত্য অঞ্চল যা বছরের বেশিরভাগ সময়েই শুষ্ক বরফে আবৃত। পাহাড়ের উপত্যকায় মানুষ চাষাবাদ ও পশুপালন করে। কেবল প্রায় কুড়ি শতাংশের মত জমি চাষের ক্ষেত হিসাবে ব্যবহৃত হয়। কৃষি উৎপন্নের চল্লিশ শতাংশ হলো গম। তণ্ডুল জাতীয় অন্যান্য কিছু শস্য (ভুট্টা, বার্লি, ধান ইত্যাদি), সব্জি, ফল (বেদানা, বিভিন্ন শুকনো ফল) উৎপন্ন হয়; বেশীর ভাগ জমিতে পোস্ত তথা আফিং চাষ এখানে খুব গুরুত্বপূর্ণ। এখানকার অর্থনীতি গ্রামীণ। প্রায় পঁচাশি শতাংশ জনগণ চাষ আবাদের উপর নির্ভরশীল।

পাকিস্তানের সংলগ্ন অর্থাৎ পূর্ব দিকে হিন্দুকুশ পর্বতমালা। এই হিন্দুকুশ পার্বত্য অঞ্চল গরম কালে খুবই উষ্ণ ও শুষ্ক এবং শীতকালে খুবই ঠান্ডা। পাহাড় থেকে বরফ গলা জলে নদী তৈরি হলেও তা কোন সমুদ্রে মেশেনি। পাহাড়ি পথ 'সিল্ক রুট' নামে পরিচিত; সুদূর অতীত থেকে প্রায় দু হাজার বছর ধরে বিভিন্ন বণিকরা সেই পথে চীন ও ভারত হয়ে ইউরোপে বাণিজ্য বিস্তার করেছিল।

জনবিন্যাসগত বিচারে আফগান জনগোষ্ঠীর প্রায় নিরানব্বই শতাংশ মানুষ হলেন মুসলমান। এখানকার সমগ্র জনগণের প্রায় অর্ধেক অংশ পাশতুন যাঁরা প্রধানত দক্ষিণ দিকে কান্দাহারের কাছে বসবাস করেন। এই পাশতুন জনগোষ্ঠী ইরানের পারসি জনগণের সঙ্গে সংযুক্ত। এখানকার তাজিক জনগোষ্ঠীর প্রায় সাতাশ শতাংশ হলেন পারসিক, তাঁদের ভাষা হল দারি। জনগোষ্ঠীর প্রায় নয় শতাংশ হলেন উজবেক তাঁদের ভাষা তার্কিস ভাষার অনুসারী। মূল জনগোষ্ঠীর নয় শতাংশ হলেন হাজারাস জনগোষ্ঠী; এই জনগোষ্ঠী প্রধানত পাহাড়ে বসবাসকারী এবং মোঙ্গল জনগোষ্ঠী ছিল তাঁদের পূর্বপুরুষ। তাঁদের ভাষাতে বহু মোঙ্গল শব্দ বর্তমান। জনগোষ্ঠীর দুই শতাংশ হোল বালুচ এবং অন্যান্য চার শতাংশ। সরকারি ভাষা হল দারি এবং পাশু, মুদ্রা হল আফগানি। সংস্কৃতির অন্যতম গর্বের চিত্র হল ঘুরি ওড়ানো; প্রিয় পানীয় হিসাবে চা এবং প্রিয় খাবারের পদ হল পোলাও।

ভারত-মধ্য এশিয়া-আফগানিস্তান— একটি সংক্ষিপ্ত ঐতিহাসিক পরিক্রমা :
আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞগণের মতে মিত্রতা-চুক্তি যেমন সম্পর্ক নির্মান করে, তেমনি যুদ্ধও এক ধরণের সম্পর্কের কথা বলে। ইতিহাসের সাক্ষে দেখা যায়, প্রাক খ্রিষ্টিয় সময়কাল থেকেই মধ্য এশিয়া তথা আফগানিস্তানের সঙ্গে ভারতের যোগাযোগ কোন নূতনত্ব দাবি করে না।

ভারত ও মধ্য এশিয়ার মধ্যে সুদূর অতীত সম্পর্ক বিশ্লেষণ করলে দেখা যায় ২৬৯ খ্রিস্ট পূর্বাব্দে মৌর্য যুগে সিংহাসনে রাজ্যাভিষেক হয় সম্রাট অশোকের। অশোকের রাজ্যসীমা মধ্য এশিয়ায় প্রসারিত ছিল পশ্চিমে সিরিয়া থেকে পূর্বে ব্রহ্মপুত্র উপত্যকা পর্যন্ত; অর্থাৎ প্রায় হিন্দুকুশ পর্বত পর্যন্ত বিস্তার লাভ করেছিল সম্রাট অশোকের সাম্রাজ্য। পরবর্তী কালে মৌর্যদের দুর্বলতার সুযোগ নিয়ে ব্যকট্রিয় গ্রিকরা উত্তর-পশ্চিম গিরিপথ ধরে উত্তর ভারতের বৃহৎ অংশ অধিকার করে। এই ব্যকট্রিয় গ্রিকরা আফগানিস্তান, উজবেকিস্তান, তাজিকিস্তান সহ তুর্কমেনিস্তানের বিভিন্ন অংশে বসবাস করত। আক্রমণকারী হিসাবে গ্রীকদের পর এসেছিল শক, পার্থিও এবং কুষাণরা মৌর্য-পরবর্তী যুগে। কুষাণ রাজত্ব রোম সাম্রাজ্যের পূর্বতম প্রান্ত থেকে চীন সাম্রাজ্য পর্যন্ত বিস্তার লাভ করেছিল। কুষাণ হল ইউ-চি উপজাতির অন্যতম শাখা, যাদের বর্তমান চীনের কান- সু অঞ্চলের টুন-হুয়াং নামলান পাহাড়ের মধ্যবর্তি অঞ্চলে আদি বাসস্থান ছিল। এই ইউ-চি উপজাতি পরবর্তীকালে (হিউং-নু) হুণ উপজাতি দ্বারা পরাজিত হয়ে ১৩০ থেকে ১২৯ খ্রিস্টপূর্বাব্দ নাগাদ পূর্ব দিকে অগ্রসর হয়ে তা-হিয়া অর্থাৎ ওয়াখান, বাদশাখান, চিত্রল, কাফিরিস্থান ইত্যাদি (বর্তমান আফগানিস্তানের অংশ) দখল করেছিল। এই অঞ্চল পরবর্তীকালে পূর্ব

ব্যাকট্রিয়া বা পূর্ব বাহ্লিক দেশ হিসেবে ভারতীয় ইতিহাসে পরিচিত। তা-হিয়া সহ সমগ্র ব্যাকট্রিয়া অঞ্চলে গ্রিক রাজত্বের অবসান ঘটে ১৩০ থেকে ১৩৯ খ্রিস্ট পূর্বাব্দের মধ্যে। তা-হিয়া দখলের ১০০ বছর পর কুষান বংশের রাজা হন কুজুল কদফিস। তিনি তা-হিয়ার অন্যান্য ইয়ু-চি শাখাদের অধীনস্ত অঞ্চল জয় করে পার্থিয়া রাজ্য (বর্তমান ইরাণের খোরাসান অঞ্চল) আক্রমণ করেন। কুষাণ রাজা কুজুল কদফিস ও বিম কদফিসের পর কনিষ্ক রাজা হন। কাবুল, পেশোয়ার অঞ্চল ও কাশ্মীর, প্রাচীন গান্ধার ও তক্ষশীলা অঞ্চল জয় করেন। হিউয়েন সাং -এর বর্ণনা থেকে জানা যায় আনুমানিক ৭৭ খ্রিস্টাব্দ নাগাদ পামীরের পূর্বাঞ্চল এবং চৈনিক কাহিনী অনুসারে বর্তমান মধ্য এশিয়ার খোরাসান থেকে উত্তর প্রদেশের বেনারস, সোভিয়েত রাশিয়ার অন্তর্ভুক্ত মধ্য এশিয়ার উল্লেখযোগ্য অংশ, আফগানিস্তানের অধিকাংশ, প্রায় সমগ্র পাকিস্তান ও সমগ্র উত্তর-ভারত কনিষ্ক এক শাসনাধীনে আনেন। কুষাণ রাজাদের মধ্যে মধ্য-এশিয় সাম্রাজ্য ও উত্তর ভারতে তাদের রাজনৈতিক উচ্চাশার সঙ্গে অর্থনৈতিক স্বার্থ জড়িত ছিল। একদিকে নিম্ন সিন্ধু অঞ্চলের মধ্য দিয়ে মধ্য এশিয়ার সঙ্গে উত্তর-পশ্চিম ভারতের, অন্যদিকে রোম সাম্রাজ্যের সঙ্গে পশ্চিম দুনিয়ার বিভিন্ন দেশে বাণিজ্য যোগাযোগ গড়ে উঠেছিল।কুষাণ রাজাদের এই উপলব্ধি হয়েছিল যে চীনের প্রভাবমুক্ত এবং সমুদ্র পর্যন্ত প্রসারিত রেশম বাণিজ্যের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্য পথের নিয়ন্ত্রণে একদিকে আন্তর্জাতিক বাণিজ্যের পরিমাণ বৃদ্ধি করা সম্ভব; এবং অন্যদিকে বাণিজ্যে নিযুক্ত ব্যবসায়ীদের কাছ থেকে উচ্চহারে প্রাপ্ত করের মাধ্যমে প্রভূত পরিমাণ সম্পদ আহরণ সম্ভব করার প্রাধান্য বিস্তার কারী এক মাধ্যম হবে এই বানিজ্য পথ। এই পদ্ধতিতে একদিকে সুনিশ্চিত হবে সাম্রাজ্যের আর্থিক নিরাপত্তা ও অন্যদিকে রাজত্বকালের সুদৃঢ় ভিত্তির মেয়াদ।

এই প্রসঙ্গে অবশ্যই উল্লেখ্য হোল ধর্মের ভূমিকা। মহাযান বৌদ্ধ ধর্মমত মধ্য-এশিয়া, দূরপ্রাচ্য অঞ্চল, চীন, কোরিয়া এবং জাপানে বিস্তার লাভ করেছিল। বৌদ্ধ ধর্ম প্রসারের দ্বারা পেশোয়ার ইত্যাদি অঞ্চলে চৈত্য নির্মিত হয়।

হুণ নেতা, আটিলা, দানিয়ূব নদীর তীর থেকে সিন্ধু নদ পর্যন্ত ব্যাপক ধ্বংসাত্মক কাজ করেছিলেন। পরবর্তী কালে স্কন্দ গুপ্ত ৪৫৫ থেকে ৪৬৭ খ্রিস্টাব্দ পর্যন্ত হুণ আক্রমণ প্রতিহত করেন। হিন্দুকুশ ও হিমালয় পর্বত অতিক্রম করে হুণরা যখন ভারতে প্রবেশ করে তখন তাদের শক্তিক্ষয় ঘটেছিল।

পরবর্তী ঐতিহাসিক গুরুত্বপূর্ণ বিষয় হোল ১০০০ খ্রিষ্টাব্দে আফগানিস্তানের গজনী রাজ্যের শাসক সুলতান মাহমুদের দ্বারা গ্রীষ্ম ঋতুতে ১৭ বার উত্তর ও উত্তর-পশ্চিম ভারত আক্রমণের ঘটনা।

১২০০ খ্রিস্টাব্দে ইখতিয়ার উদ্দিন বখতিয়ার খলজি বাংলার কিছু অংশ জয় করেন। ১২০৬ থেকে ১৫২৬ খ্রিস্টাব্দ অর্থাৎ প্রায় ৩২০ বছর দিল্লিতে তুর্কি সাম্রাজ্য বা দিল্লী সুলতানি অব্যাহত থাকে। মহম্মদ বিন তুঘলক খোরাসান ও ইরাক জয়ের চেষ্টা করেন (১৩২৫ থেকে ১৩৫১ খ্রিস্টাব্দ পর্যন্ত) কিন্তু সফল হননি। লোদীরা ছিল আফগান। ফরমুলি, লোহানি, নিয়াজী প্রভৃতি গোষ্ঠীতে বিভক্ত আফগানরা সাম্রাজ্যকে নিজেদের মধ্যে ভাগ করে নেবার দাবি জানাতো। তাই ইব্রাহিম লোদী তাঁর একাধিপত্ব প্রতিষ্ঠা করতে চাইলে তাঁর কাকা আলম খাঁ পাঞ্জাবের শাসনকর্তা দৌলত খাঁ প্রভৃতি আফগান নেতৃবৃন্দ মধ্য এশিয়ার ফরঘনা বা বর্তমানে পূর্ব উজবেকিস্তান থেকে ওমর শেখ মির্জার ছেলে বাবরকে ভারত আক্রমণের আমন্ত্রণ জানায়। বাবর (এর আগে তিনবার ভারতে আসেন) পানিপথের যুদ্ধে (১৫২৬) ইব্রাহিম লোদীকে পরাজিত করেন। ১৫২৯ এ ঘর্ঘরার যুদ্ধে (বর্তমানে ঝাড়খন্ড) বাবর আবার আফগানদের পরাজিত করেন ও মুঘল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন।

শেরশাহ (শের খাঁ) আফগান সাম্রাজ্যের পুনঃপ্রতিষ্ঠা করেন ১৫৪০ খ্রিস্টাব্দে হুমায়ুন কে পরাজিত করে। শের শাহ বিভিন্ন সড়ক পথ তৈরি করেছিলেন যার মাধ্যমে গঙ্গা- যমুনার দোয়াব অঞ্চল থেকে মুলতান হয়ে কাবুল-কান্দাহারের মধ্যে দিয়ে মধ্য এশিয়ায় বাণিজ্য পথ সুগম হয়। বাংলার বিপুল বাণিজ্য সম্পদ উত্তর ভারতের কাছে উন্মুক্ত হবার সুযোগ পায়। ১৭৭৩ খ্রিষ্টাব্দে আফগানিস্তানের ঘুর রাজ্যের অধিপতি মোহাম্মদ ঘোরি গোমাল গিরিপথ পার হয়ে সিন্ধু, লাহোর ও গাঙ্গেয় অঞ্চল দখল করেন।

এরপর ইতিহাসের বিভিন্ন ঘটনা পরম্পরায় আকবরের সাম্রাজ্য উত্তরে কাশ্মীর ও উত্তর-পশ্চিম দিকে সিন্ধু প্রদেশ এবং কান্দাহার পর্যন্ত বিস্তার লাভ করে। উজবেক উপজাতিরা তাঁর বশ্যতা স্বীকার করে। পারস্য ও মধ্য এশিয়ার সাথে মোঘলদের যোগাযোগ ব্যবস্থা গড়ে ওঠে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে পারস্য ছিল পরিশীলিত মুসলিম সংস্কৃতির ধারক এক দেশ; পারস্যের কাছে মোঘল-ভারত ছিল অধস্তন সংস্কৃতির অংশ।

আফগান উপজাতি (যেমন ইউসুফজাই -আফ্রিদি -খটক) মুঘলদের বিরুদ্ধে বিদ্রোহ করে ঔরঙ্গজেবের রাজত্বকালে। এই বিদ্রোহকে কাবুলের মুঘল শাসনকর্তা আমির খান ১৬৮৭ থেকে ১৬৯৮ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রশমিত করে রাখতে সমর্থ হয়। বহিঃ বাণিজ্যের দিকে দৃষ্টি দিলে দেখা যায় নবম থেকে একাদশ শতকে ভারতের সঙ্গে আরব দেশগুলির জলপথে বাণিজ্যর চরম বিকাশ ঘটেছিল। সুলতানি যুগে গুজরাটের বন্দরগুলির সাহায্যে পারস্য উপসাগর দিয়ে এবং লোহিত সাগর হয়ে খাদ্যশস্য ও বস্ত্র

রপ্তানি হত। লোহিত সাগরের মাধ্যমে ভূমধ্যসাগর হয়ে ইউরোপের দেশগুলিতে মসলা রপ্তানি হত। গুজরাটের বন্দর দিয়ে দক্ষিণ-পূর্ব এশিয়ায় বস্ত্র রপ্তানি হত এবং ওই অঞ্চল থেকে মসলা আমদানি করে পশ্চিম এশিয়া ও আলেক্সান্দ্রিয়ার পথে ইউরোপে মসলা রপ্তানি হত। মুলতান হয়ে স্থলপথে মধ্যপ্রাচ্য এবং মধ্য এশিয়ার দেশগুলির সাথে ভারতের বাণিজ্য সম্পর্ক বহুদিনের। খোরাসান থেকে ঘোড়া আমদানি হতো। সুলতানি আমলের শেষের দিকে (প্রায় ১৪৯৮ সাল নাগাদ) পর্তুগিজরা জলপথে ভারতে পৌঁছয়; তখন থেকে আরব বণিকদের ভূমিকা ধীরে ধীরে কমতে থাকে।

আফগানিস্তান প্রসঙ্গ :

বিভিন্ন শতাব্দীর মূল ঐতিহাসিক ক্ষণ-কে গ্রথিত করে বর্তমান আফগানিস্তান প্রসঙ্গ আলোচনায় যে বিষয় গুলো উল্লেখ করা দরকার তা হল: আফগানিস্তানের সাথে ভারতের সম্পর্ক সুদূর অতীত থেকেই বর্তমান এবং বহু ঐতিহাসিক পরিবর্তন ঘটে গেছে আফগানিস্তানে।

৭০০০ খ্রিস্ট পূর্বাব্দ থেকে আফগানিস্তানে বসতি বিস্তার ঘটেছে। ১৭৪৭- এ পাশতুনে বয়োজ্যেষ্ঠ ব্যক্তিরা সমবেত হয়ে লয়া জির গা নামে একটি সভায় আফগানিস্তান রাজ্য গঠন করেন। এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে মার্কিন বিদেশ দপ্তর ঘোষণা করে যে সর্বপ্রথম আফগানিস্তান রাষ্ট্রের উদ্ভব হয় ১৭৪৭ সালে এবং এই রাষ্ট্রটি মার্কিন যুক্তরাষ্ট্রের তুলনায় অনেক বেশি প্রাচীন।

ঊনবিংশ ও বিংশ শতাব্দীতে আফগানরা ব্রিটিশদের সঙ্গে তিনটি যুদ্ধে জড়িয়ে পড়ে (১৮৩৮ থেকে ১৮৪২, ১৮৭৮ থেকে ১৮৮০ এবং ১৯১৯ থেকে ১৯২১)। ব্রিটিশদের আফগানরা পরাজিত করে সর্বশেষ যুদ্ধে। ১৯২১-এ আমীর আমানুল্লাহ খান আফগানিস্তানকে সংহত করে রাজত্ব শুরু করেন ও স্বাধীন রাজতন্ত্র প্রতিষ্ঠা হয় আফগানিস্তানে। পরবর্তীকালে আমানুল্লাহ খানের বিরুদ্ধে জাহির শাহ্ যুদ্ধ করে ক্ষমতা দখল করে চল্লিশ বছর শাসন করেন।

ঠান্ডা যুদ্ধের পটভূমিকায় আফগানিস্তান :

দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হলে ঠান্ডা যুদ্ধের পটভূমিকায় যদি দেখা যায় তাহলে যে বিষয়টি বিশেষ গুরুত্বপূর্ণ বলে প্রতিভাত হয় তা হল দ্বিমেরু বিশ্বের আবির্ভাব ঘটেছে আন্তর্জাতিক সমাজে।

সোভিয়েত সমর্থিত আফগানিস্তান :

ঠান্ডা যুদ্ধের সূত্রপাত হয় দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল থেকে। এই বিশ্বযুদ্ধ যখন শেষ হলো ১৯৪৫ সালে তখন থেকে ঠান্ডা যুদ্ধ বিশ্ব রাজনীতির একটি প্রধান আঙ্গিক হিসাবে প্রভাব ফেলতে থাকে। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞগণ এই মত প্রকাশ করেন।

এই পরিসরে দুই মহা শক্তিধর রাষ্ট্রের নেতৃত্বে আন্তর্জাতিক সমাজে আফগানিস্তানের সমস্যা গভীর উদ্বেগের একটি বিষয়। ১৯৫৩ সালে মহম্মদ দাউদ খান (জাহির খানের সম্পর্কিত ভ্রাতা) প্রধানমন্ত্রী হন এবং দেশকে আধুনিক ভাবনায় গড়ে তুলতে প্রয়াসী হন। তিনি প্রতিবেশী রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন দ্বারা গভীরভাবে প্রভাবিত ছিলেন। বিভিন্ন সংস্কার মূলক প্রক্রিয়ার মধ্যে দিয়ে মহিলাদের অগ্রণী ভূমিকায় প্রতিষ্ঠা দিতে তিনি সচেষ্ট ছিলেন। ১৯৬৫ সালে গোপনে ২৭ জন সদস্য বিশিষ্ট পিপলস ডেমোক্রেটিক পার্টি অফ আফগানিস্তান গঠিত হয়; তার সম্পাদক হিসাবে তারাকি এবং বারবাক কামাল উপ সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হন। ১৯৭৩ সালে মহম্মদ দাউদ খান এক সামরিক অভ্যুত্থানে মহম্মদ জাহির শাহ কে অপসারণ করে রাজতন্ত্রের অবসান ঘটান; দেশের নামকরণ হয় রিপাবলিক অফ আফগানিস্তান। ১৯৭৮ এ নূর মোহাম্মদ তারাকির নেতৃত্বে কমিউনিস্ট পার্টি ক্ষমতা দখল করে। তারাকি রাষ্ট্রপতি হন; সোভিয়েত ইউনিয়নের সাথে বন্ধুত্ব চুক্তি স্বাক্ষরিত হয় এবং আর্থিক ও সামাজিক সাম্য প্রতিষ্ঠার লক্ষ্য গ্রহণ করা হয়। আফগান কমিউনিস্টদের মধ্যে খালাক গোষ্ঠী ক্ষমতা দখল করে। এই সময় রক্ষণশীল ও মৌলবাদী ঐস্লামিয় নেতৃস্থানীয় কিছু ব্যক্তি নতুন সরকারের বিরুদ্ধে 'মুজাহিদ্দিন' নামে গেরিলা সংগঠন তৈরি করে সশস্ত্র লড়াই শুরু করে। ১৯৭৯ সালের ১৪ই সেপ্টেম্বর মুজাহিদ্দিনদের হাতে রাষ্ট্রপতি তারাকি নিহত হন; দেশে টালমাটাল অবস্থা তৈরি হয়। শান্তি প্রতিষ্ঠার জন্য ১৯৭৯-র চব্বিশে ডিসেম্বর সোভিয়েত ইউনিয়নের সৈন্যবাহিনী আফগানিস্তানে প্রবেশ করে এবং মুজাহিদ্দিনদের অনেকেই মৃত্যু মুখে পতিত হয়। ১৯৮০ সাল নাগাদ মুজাহিদ্দিনরা সংগঠিত হতে থাকে। আফগানিস্তানের গ্রামগুলি তারা দখল করতে শুরু করে। এই সময় সৌদি আরবের সাহায্যপ্রাপ্ত জঙ্গি ওসামা বিন লাদেন এই মুজাহিদ্দিনদের সমর্থনে আফগানিস্তানে প্রবেশ করে। ১৯৮৬ সাল নাগাদ People's Democratic Party of Afghanistan (PDPA)-এর সাধারণ সম্পাদক নাজিবুল্লা সোভিয়েত ইউনিয়নের সহযোগিতায় আফগানিস্তানের রাষ্ট্রপতি পদ গ্রহণ ১৯৭৯ থেকে ১৯৮৯ পর্যন্ত সোভিয়েত সমর্থিত সরকার আফগানিস্তানে শাসন ক্ষমতায় আসীন ছিল। কিন্তু বিভিন্ন বিদ্রোহী জাতি গোষ্ঠী সেখানে ছিল সক্রিয়; এই প্রসঙ্গে তাজিক, উজবেক, হাজারাস ও পাশতুন— এই জাতিগোষ্ঠীর উল্লেখ করা যায়। তারা ক্ষমতার লড়াইয়ে লিপ্ত হয় এবং কার্যত গৃহযুদ্ধ

দেখা যায় আফগানিস্তানে। ১৯৮৮-র সেপ্টেম্বরে ওসামা বিন লাদেন ও ১৫ টি বিভিন্ন ঐস্লামিয় মৌলবাদী সংগঠন সমবেত হয়ে আল কায়দা নামে একটি সংগঠন তৈরি করে। ১৯৮৯ সালে সুইজারল্যান্ডের জেনেভাতে সোভিয়েত ইউনিয়ন, মার্কিন যুক্তরাষ্ট্র, পাকিস্তান এবং আফগানিস্তানের মধ্যে একটি শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিতে যে বিষয় গুলি নির্ধারণ করা হয় তা হল: প্রথমত, এই চুক্তির দ্বারা আফগানিস্তানের স্বাধীনতা সম্পূর্ণ সুনিশ্চিত করা হবে; দ্বিতীয়ত,দশ হাজার সোভিয়েত সৈন্যবাহিনীকে আফগানিস্তান থেকে অপসারণ করা হবে। কিন্তু বাস্তব অবস্থা এবং চুক্তির বয়ানে অনেক পার্থক্য থেকে যায়। এই সময় বাস্তবে যে ঘটনা ঘটে তা হোল মুজাহিদ্দিন ও আলকায়দা এই চুক্তি সমর্থন করেনি। তারা বিদেশে সরকার গঠন করে আফগানিস্তানের অভ্যন্তরে সশস্ত্র লড়াই চালিয়ে যেতে থাকে। আল-কায়দার মূল উদ্দেশ্য ছিল: প্রথমত, বারবাক কামালের সরকারকে উৎখাত করা; দ্বিতীয়ত, সোভিয়েত সেনার অপসারণ করা; তৃতীয়ত, একটি ঐস্লামিক রাষ্ট্র হিসেবে আফগানিস্তানের পুনর্গঠন করা।

১৯৯০ এর প্রথম ভাগে তালিবানের উদ্ভব হয়। যে আফগানিস্তানে রাশিয়াকে প্রতিহত করতে মার্কিনি মদত ছিল মুজাহিদ্দীনদের প্রতি সেখান থেকেই উৎসারিত হয়েছে তালিবান পরিচয়; বলা হয়ে থাকে, তালিবান হল সুন্নি-ঐস্লামিয় পাশতুন অনুগামী একটি আন্দোলন; ১৯৯১ সালে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়নের মধ্যে চুক্তি হয়। ঠাণ্ডা যুদ্ধ শেষ হওয়ার প্রাক্কালে দুই মহা শক্তিধর রাষ্ট্র আফগানিস্তানে সামরিক সাহায্য বন্ধ করে দেবে এই মত প্রকাশ করে। এই চুক্তি কার্যকর হওয়ার এক বছরের মধ্যেই আফগানিস্তানের নাজিবুল্লাহ সরকারের পতন হয়।

১৯৯২ থেকে ১৯৯৬ পর্যন্ত তাজিক নেতারা আফগানিস্তানের ক্ষমতায় আসে। ১৯৯২ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত তাজিক নেতা বোরহান উদ্দিন রব্বানী ও গুলবাদিন হেক মাতিয়ার আফগানিস্তানে ক্ষমতায় ছিলেন। ১৯৯৪ থেকেই পাশতুন জাতি গোষ্ঠী ক্ষমতার লড়াইয়ে অন্যদেরকে পিছনে ফেলে সামনের দিকে চলে আসে; এরা তালিবান গোষ্ঠী; জনসংগঠনে তালিবান শাসন প্রতিষ্ঠিত হয়।

১৯৯৬ থেকে তালিবানের সন্ত্রাসবাদী কার্যকলাপ আফগানিস্তানে অব্যাহত রয়েছে। বহু কৃষক সহ পাকিস্তান ও আফগানিস্তানের মাদ্রাসার ছাত্ররা তালিবানের অন্তর্ভুক্ত। তালিবানদের সাথে গৃহযুদ্ধে সোভিয়েত সমর্থিত সরকারের ১৯৯২-এ পতন ঘটে। ১৯৯৬-এ তালিবান কাবুল দখল করে ও তৎকালীন রাষ্ট্রপতিকে হত্যা করে এবং আফগানিস্তান ঐস্লামিয় আমীরশাহী প্রতিষ্ঠা করে। কুরআনের নির্দিষ্ট অনুশাসন রূপায়ণ করা ছিল তাদের উদ্দেশ্য; যার ফলে বাস্তবে মহিলা, ধর্মীয় সংখ্যালঘু এবং রাজনৈতিক

বিরোধীদের উপর বহু কঠোর নীতি তারা গ্রহণ করে ও এই নীতি রূপায়ণ করতে থাকে।

আফগানিস্তানে মার্কিন উপস্থিতি :

২০০১- এ মার্কিন যুক্তরাষ্ট্রে ৯/১১ ঘটনা ঘটে— সেখানে বিশ্ব বানিজ্য সংস্থার সুউচ্চ-বহুতল অট্টালিকায় এবং মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগণে যে ঘটনা ঘটে তাতে তালিবান-আল-কায়দার প্রত্যক্ষ সমর্থন ছিল এবং বিভিন্ন দেশে সন্ত্রাসবাদী কাজকর্ম তারা চালিয়ে যায়। ২০০১- এ ন্যাটো গোষ্ঠীভুক্ত রাষ্ট্র সহ মার্কিন যুক্তরাষ্ট্র আফগানিস্তানে সৈন্য বাহিনী প্রেরণ করে; আফগানিস্তানের জাতীয় সুরক্ষা বাহিনী ও বায়ু সেনাকে আধুনিক অস্ত্র ব্যবহারে প্রশিক্ষণ প্রদান করে এবং যুদ্ধব্যয় ও যুদ্ধাস্ত্র সরবরাহ করে আফগানিস্তান কে সন্ত্রাসবাদের ঘাঁটিতে পরিণত হওয়া থেকে সুরক্ষা দেবার জন্য। ২০০১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশ সম্পর্কিত কমিটি রিপোর্টে যে নামগুলি প্রকাশ পায়, তা হল: আল কায়দা, হাক্কানি, তেহেরিখ-ই-তালিবান (যারা পাকিস্তানি তালিবান নামে পরিচিত), লস্কর-ই-ঝেংভী (যারা পাকিস্তানি সরকারকে উপেক্ষা করে), লস্কর-ই তইবা (যারা ২০০৮ সালে মুম্বাই হামলার দায়ভার গ্রহণ করেছিল) ইত্যাদি। আফগানিস্তানের এই সমস্ত সন্ত্রাসবাদী গোষ্ঠীর অবস্থানের উল্লেখ রয়েছে। মার্কিন বাহিনী আফগানিস্তানে প্রবেশের পর সন্ত্রাসবাদী গোষ্ঠীর দমন ও তালিবানদের পতন ঘটলে প্রায় ছয় মিলিয়ন আফগান শরণার্থী দেশের প্রত্যাবর্তন করে। ৫৯ শতাংশ আফগানবাসী স্বীকার করে যে তাদের দেশ সঠিক পথেই চলেছে। একটি পরিসংখ্যানে দেখা গেছে যে, তালিবানরা যতদিন ক্ষমতায় ছিল তখন এক মিলিয়ন শিশু স্কুলে যেত এবং প্রায় কোন বালিকা সেখানে ছিল না। কিন্তু পরবর্তী কালে সাত মিলিয়ন শিশু স্কুলে যায় সেখানে ৩৭ শতাংশ হল বালিকা। (এক মিলিয়ন অর্থাৎ দশ লক্ষ) অপর একটি পরিসংখ্যানে দেখা যায় ২০০৯-১০ সালে আফগানিস্তানের জিডিপি ছিল ২২ শতাংশ। পূর্ববর্তী সময়কালে যখন স্বাস্থ্য সংক্রান্ত সুবিধা পাওয়া যেত প্রায় ৯ শতাংশ জনগণের জন্য তার বিপরীতে প্রায় ৮৫ শতাংশ জনগণের কাছে এই সুবিধা পৌঁছে যাচ্ছিল। Voice of Sharia Radio network ছাড়া অন্যান্য নেটওয়ার্ক বন্ধ ছিল। BBC-র মতে, অসংখ্য রেডিও ও টিভি স্টেশন, প্রায় একশটি কার্যকরী সংবাদ মাধ্যম কাজ করে চলেছে। ২০০১-এর আগে টেলিফোন যোগাযোগ ব্যবস্থা আফগানিস্তানে ছিল না। পরবর্তীতে প্রতি তিনজন আফগানবাসীর মধ্যে একজনের ফোন আছে।

মার্কিন যুক্তরাষ্ট্র ২০০১ থেকে ২০২১ সাল পর্যন্ত আফগানিস্তানের নিরাপত্তা খাতে এক ট্রিলিয়ন (এক ট্রিলিয়ন হল: ১ লক্ষ কোটি টাকা) মার্কিন ডলার ব্যয় করেছিল।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংঘর্ষে প্রায় ২৪৪৫ মার্কিন সৈন্য নিহত, ২০৭৭২ জন আহত এবং শত শত সৈন্য মানসিক আতঙ্কের শিকার।

২০০২ তে মাথাপিছু জিডিপি ৯০০ মার্কিন ডলার ছিল। ২০২০ তে মাথাপিছু জিডিপি বেড়ে ২১০০ ইউ.এস.ডি. হয়। মানুষের গড় আয়ু ৫৬ বছর থেকে বেড়ে ৬৫ বছর হয়। প্রাথমিক স্কুলে ভর্তির হার ২১ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ১০৪ শতাংশ হয়। মেয়েদের স্কুলে ভর্তির হারও বৃদ্ধি পায় তবুও দেখা যায় ৯০ % দেশবাসী গড়ে দুই মার্কিন ডলার ব্যয়ের কমে দিন কাটাতে বাধ্য হয়। এই অবস্থায় অনুদানের বিশ্লেষণে দেখা যায় যে ২০০৯-এ অনুদানের পরিমাণ জিডিপি-র ১০০% ছিল। ২০২০ তে অনুদানের পরিমান ৪২ শতাংশ-এ নেমে যায়। আফগানিস্তানে, যেখানে সরকারি খরচের ৭৫ শতাংশ অনুদানের ওপর নির্ভরশীল, সেখানে অনুদান হ্রাসের প্রভাব সরাসরি অর্থনৈতিক এবং সামাজিক ক্ষেত্রে পড়েছিল।

দোহা চুক্তি :

আফগানিস্তানে শান্তি প্রতিষ্ঠার জন্য ২৯-২-২০২০-তে মার্কিন যুক্তরাষ্ট্র এবং তালিবানের মধ্যে দোহা চুক্তি স্বাক্ষরিত হয়। দোহা চুক্তিতে তালিবানের পক্ষে স্বাক্ষর করে মোল্লা আব্দুল ঘানি বরাদর। তালিবানের কোন কোন নেতা বিগত দুই দশকে মার্কিন ফৌজের বিরুদ্ধে আক্রমণে নেতৃত্ব দিয়েছিলেন। এই বরাদর ছিলেন তালিবান শাসন প্রতিষ্ঠার অন্যতম একজন ব্যক্তিত্ব। বরাদর কে বলা হয় তালিবানদের মধ্যে 'best known face of the Talibans'; জো বাইডেন সরকার ৩১-৮-২০২১-এর মধ্যে আফগানিস্তান থেকে সেনা প্রত্যাহার করেন। মার্কিন রাষ্ট্রপতি ঘোষণা করেন যে অন্যান্য দেশ এবং চীনের কৌশলগত প্রতিযোগিতা মোকাবিলা করা হোল মার্কিন যুক্তরাষ্ট্রের ভবিষ্যতের নির্ধারিত বিষয়।

এই প্রসঙ্গে উল্লেখযোগ্য দোহা চুক্তি স্বাক্ষরের আগে বরাদর ছিলেন প্রথম তালিবান নেতা যিনি মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সাথে ২০২০ সালে প্রত্যক্ষ আলোচনায় যুক্ত ছিলেন। হক্কানী গোষ্ঠীর সঙ্গে বরাদরের মতবিরোধ ঘটছিল। এই গোষ্ঠীর খলিল-উর-রহমান হক্কানী আফগান সৈন্যবাহিনী ও পশ্চিমী জোটের বিরুদ্ধে ভয়ানক আক্রমণাত্মক ছিল। মার্কিন যুক্তরাষ্ট্র এই গোষ্ঠীকে সন্ত্রাসবাদী গোষ্ঠী হিসাবে চিহ্নিত করে। নতুন সরকারের সিরাজউদ্দিন হাক্কানি ছিলেন অন্যতম একজন মন্ত্রী। তার অদৃশ্য হওয়া সম্বন্ধে বিভিন্ন বার্তা প্রচলিত ছিল; কারণ তালিবানদের প্রতিষ্ঠাতা মোল্লা ওমরের মৃত্যুর খবর দুই বছরের বেশি সময় গোপন রাখা হয়েছিল। সেই বরাদর পরবর্তীতে আবার প্রকাশ্যে এসেছে এবং চীনের বিদেশ মন্ত্রীর সাথে আলোচনায় যুক্ত হয়েছে।

বিগত দুই দশক ধরে হিন্দুকুশ পর্বতমালা অঞ্চলে মার্কিন ও ন্যাটো ফৌজের অবস্থান এবং ২০২১ সালের ৩১ শে অগাস্টের মধ্যে মার্কিন সৈন্যের অপসারণের নীতির প্রেক্ষিতে সন্ত্রাসবাদের বিস্ফোরণ ঘটিয়ে সম্পূর্ণ আফগানিস্তান পুনরায় দখল করেছে তালিবান।

আফগানিস্তান বিষয়ে চীনের অবস্থান :

আফগানিস্তানের বিষয়ে বিভিন্ন আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞগণ কয়েকটি বিষয় উল্লেখ করেছেন। তাঁদের মতে, তালিবানদের হাতে আফগানিস্তানের পতনের কিছু পরেই চীনের বিদেশ দপ্তর ঘোষণা করে যে আফগানিস্তানের সাথে সুপ্রতিবেশী সুলভ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা করতে চীন প্রস্তুত। তালিবানের দ্বারা আফগানিস্তানে ক্ষমতা দখলের অব্যবহিত পরেই চীনের সঙ্গে তালিবানি আফগানিস্তান সুসম্পর্ক গড়ে তুলতে চায় এই বক্তব্যকে স্বাগত জানিয়েছে চীন। তালিবান জানিয়েছে আফগানিস্তানের পুনর্গঠনে চীনের অংশগ্রহণ প্রসঙ্গে তারা আশাবাদী।

এই প্রসঙ্গে আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞদের মত হল তালিবানদের সঙ্গে সম্পর্ক স্থাপনের মধ্যে দিয়ে চীন যে নীতি গ্রহণ করেছে তাতে দেশকে তারা সন্ত্রাসবাদী আক্রমণ থেকে রক্ষা করতে চাইছে। ইউরোপীয় গোষ্ঠীর চীন এবং উত্তর-পূর্ব এশিয়ার বিশেষজ্ঞ নেইল থমাস এই বক্তব্য পেশ করেছেন। ২০২১ এর ২৮ জুলাই মোল্লা আব্দুল গনি বরাদরের সঙ্গে চীনা বিদেশ মন্ত্রী ওয়াং উই-র সাক্ষাৎ ঘটে। রান্ড কর্পোরেশনের শীর্ষস্থানীয় প্রতিরক্ষা বিশেষজ্ঞ ডেরেক গ্রসম্যান Consumer News and Business Channel (CNBC)-কে এই মত ব্যক্ত করেছেন যে তালিবানদের ক্ষমতায় ফিরে আসার সম্ভাবনার জন্য বেজিং বহু বছর আগে থেকেই প্রচেষ্টা চালিয়েছে। আফগানিস্তান প্রসঙ্গে চীনের তৎপরতার হেতু অনুসন্ধান করলে দেখা যায় ঝিনঝিয়ান প্রদেশের ধর্মীয় চরমপন্থী সংখ্যালঘু জনজাতি গোষ্ঠীর অবস্থান চীন ও আফগানিস্তানের মধ্যে সম্পর্কের প্রকৃতি কে এক সময় খুবই জটিল করে তুলেছিল। চীনের উত্তর-পশ্চিম অংশে অবস্থিত এই ঝিনঝিয়ান প্রদেশের ধর্মীয় সংখ্যালঘু জনজাতি মুসলমানদের প্রতি চীন বিশেষ নজরদারি রাখে। কারণ আফগানিস্তান যাতে উইঘুর সন্ত্রাসবাদি গোষ্ঠী বা ইস্ট তারকিস্তান ইসলামিক মুভমেন্ট এর স্বর্গরাজ্য হয়ে না উঠে সে বিষয়ে চীন চিন্তিত। উইঘুরদের ওপর নিপীড়নের বিষয়টিকে লঘু করার জন্য চীন আর্থিক সাহায্য ও কূটনৈতিক স্বীকৃতি তালিবানকে জানিয়ে তার নিজের নিরাপত্তার স্বার্থকে রক্ষা করতে চায় গণপ্রজাতন্ত্রী চীন। ঝিনঝিয়ান সংখ্যালঘু উইঘুর মুসলমানদের বাসভূমি। এই উইঘুরদের প্রতি মানবাধিকার লঙ্ঘন, বাধ্যতামূলক শ্রম ও ব্যাপক আটকের জন্য চীনের বিরুদ্ধে বারে

বারে অভিযোগ জানিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন এবং সম্মিলিত জাতিপুঞ্জ। যদিও চীন তা অস্বীকার করেছে।

স্ট্রাটেজিক অ্যানালিসিস এর উপ সভাপতি রডগার্ড বেকার এই মত পোষণ করেন যে চীনের পরিকল্পনা হলো তালিবানকে সহায়তা দানের দ্বারা চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভের পরিকাঠামোগত প্রকল্পকে সুষ্ঠভাবে পরিচালনা করা ও বিভিন্ন সন্ত্রাসবাদি আক্রমণ প্রতিহত করা। চীনের বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ এর মূল দৃষ্টিভঙ্গি হলো পূর্ব এশিয়া থেকে ইউরোপ পর্যন্ত অঞ্চলে প্রায় ৪০ টি দেশের বিভিন্ন অঞ্চলের মধ্যে সংযোগ সাধনের বৃহদায়তন পরিকাঠামোগত এক লগ্নী যার মাধ্যমে এশিয়া ও এশিয়ার বাইরে ধর্মীয় এবং বিকাশের বিশাল সম্ভাবনা নির্মাণ।

চীন আফগানিস্তানের সকল গোষ্ঠীকে সন্তুষ্ট রাখতে চায় এবং আফগানিস্তানের সার্বভৌমিকতাকে অক্ষুন্ন রাখতে চায়। তালিবানও এই প্রতিশ্রুতি দান করেছে যে আফগান ভূখণ্ডকে চীনের বিরুদ্ধে ব্যবহারের জন্য কোন শক্তিকে তারা অনুমতি দেবে না।

এতৎসত্বেও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞগণের মতে তালিবানদের ঐক্য বা একতা বিষয়টিকে সুনিশ্চিতভাবে গ্রহণ করা যায় না; তালিবান প্রশাসনের চরমপন্থার স্তর সম্বন্ধেও স্থির ধারণা পোষণ করা যায় না। তালিবানদের দ্বারা ক্ষমতা দখলের সময় বিভিন্ন দেশ তাদের রাষ্ট্রদূত কে আফগানিস্তান থেকে সরিয়ে নিয়েছে। চীনের রাষ্ট্রদূত আফগানিস্তানে অবস্থান করেছেন এবং তালিবানরা ঘোষণা করেছে যে তারা রাষ্ট্রদূতদের দপ্তর আক্রমণ করবে না; এই প্রতিশ্রুতিকে সামনে রেখে চীন তার কূটনৈতিক সুবিধা অর্জন করতে সচেষ্ট। ২০২১ সালে আফগানিস্তানের আভ্যন্তরীণ পরিসরে তার আর্থিক সামাজিক পরিস্থিতির দিকে তাকালে দেখা যায় সেখানকার আর্থিক ব্যবস্থা বিশেষভাবে বিপর্যস্ত ছিল।

তালিবানদের ক্ষমতা দখলের প্রভাব আর্থিক ক্ষেত্রে :

তালিবানদের ক্ষমতা দখলের পর আফগানিস্তানের জিডিপি-র ২০% অবনমন ঘটে।প্রায় ৯৫ শতাংশ বাড়িতে পর্যাপ্ত খাদ্যের সংস্থান ছিল না। অন্তত ৫৫ শতাংশ জনগন ন্যুনতম খাদ্যের অপ্রতুলতার শিকার ছিল। প্রায় প্রতি দিন খাদ্যের অভাবে শিশু মৃত্যু অব্যাহত ছিল। ২০২১ সালের ৩১ শে আগস্ট-এর পর প্রায় ৮২ শতাংশ আফগান মানুষ উপার্জন হীন হয়ে যায়, ৭.৫ শতাংশ মানুষ ভিক্ষা বৃত্তি গ্রহণে বাধ্য হয়। মহিলাদের দ্বারা পরিচালিত পরিবারগুলি নিদারুন সঙ্কটে পড়ে। চরম দারিদ্র্য, নারী শিশু বিক্রয়, নারীদের বাল্য বিবাহ, বিভিন্ন সামাজিক অপরাধ বৃদ্ধি পায়।

তালিবানদের ক্ষমতা দখলের প্রভাব সামাজিক ক্ষেত্রে :

আফগানিস্তানে ২০২১ সালে তালিবানদের ক্ষমতা দখলের পর থেকে যে ঘটনা ঘটে চলেছে তা হল তালিবানরা দক্ষিণ হেলামন্ত প্রদেশ ও বালক প্রদেশ দখল করে শহরের শিয়া সম্প্রদায়ের হাজারাস গোষ্ঠীর লোকজনদের জোর করে উচ্ছেদ করেছে। একইভাবে দায়কুন্ডি, উরুজগান, কান্দাহার প্রভৃতি প্রদেশ থেকে হাজারাস সহ অন্যান্য বাসিন্দাদের ঘরবাড়ি-খামার ইত্যাদি ছেড়ে চলে যেতে বাধ্য করেছে; যারা প্রাক্তন সরকারের সঙ্গে যুক্ত ছিলেন তাদের বিরুদ্ধে এই নির্যাতন চলছে এবং আইনি দাবি জানানোর কোন পদক্ষেপ নেওয়ার সুযোগ তালিবান দেয়নি। কেউ চ্যালেঞ্জ জানালে তাদের আটক করা হয়েছে; দখল করা সম্পত্তি সরকারি পদে আসীন তালিবান বাহিনীর সদস্যদের মধ্যে বন্টিত হয়েছে।

হিউম্যান রাইটস ওয়াচ-এর প্রতিবেদন অনুসারে দায়কুন্ডি ও উরুজগান প্রদেশের ১৫ টি গ্রামে বড় মাপের উচ্ছেদ ঘটেছে। তালিবানরা গ্রামের বাইরের চেকপোস্ট তৈরি করে পরীক্ষা করছে কেউ কোন জিনিসপত্র বা ফসল যাতে সঙ্গে করে নিয়ে না যেতে পারে। কান্দাহার প্রদেশের সরকারি মালিকানাধীন আবাসনের বাসিন্দাদের চলে যাবার জন্য তিন দিন সময় দেওয়া হয়েছিল যারা চলে গেছে তারা কেউ আর ফেরেনি।

সাংস্কৃতিক ক্ষেত্রে :

নারীদের অধিকার এবং ন্যুনতম পরিষেবা তালিবান সরকার অস্বীকার করে। বহু সাংবাদিক, টেলিভিশন চলচ্চিত্রে কর্মরত মহিলা, অন্যান্য বিভিন্ন কর্মে নিযুক্ত মহিলা, সংগীত ও ক্রীড়া জগতের মহিলাদের ও স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের পড়াশোনা সব কিছু বন্ধ করার ফতোয়া জারি করেছিল তালিবান; রাস্তায় মহিলাদের বার হওয়ার স্বাধীনতা ছিল না; পুরুষ সঙ্গী ছাড়া তারা পথে বার হতে পারবেনা; মহিলাদের কণ্ঠস্বর কারোর কান অব্দি পৌঁছানো চলবে না; মহিলাদের পায়ের পাতা যেন দেখা না যায় ইত্যাদি বিভিন্ন নির্দেশিকা জারি করেছে। ধর্মীয় মতাদর্শ পুষ্ট এই তালিবান সংগঠন যদিও নিজে দের তারা 'তালিবান টু' বলে অভিহিত করে। আবার পুরুষদের স্বাধীনতাতেও হস্তক্ষেপ ঘটেছে; প্রকাশ্যে বা অপ্রকাশ্যে নির্মম হত্যা ব্যাপক ভাবে ত্রাশের সঞ্চার করেছে। আফগান সাংবাদিক আনিসা শাহিদ (তিনি প্রাক্তন রাজনীতিবিদ), নাদির ফারিদ এবং শান্তি চুক্তিতে অংশগ্রহণকারী ফৌজিয়া কুফি সম্মিলিত জাতিপুঞ্জের নিরাপত্তা পরিষদে তালিবান প্রতিনিধিদের কোন আসন না দেবার জন্য আবেদন জানান।

২০২১-এর নভেম্বর মাসে তালিবানরা হাজারাস জনগোষ্ঠীর আট জনকে হত্যা করে। ইসলামিক স্টেট খোরাসান (আই এস কে) পাকিস্তান ও আফগানিস্তানের কিছু

অংশ ও ঐতিহাসিক খোরাসান অঞ্চলে মেয়েদের স্কুলে ও হাসপাতালে, সন্তান সম্ভবা মহিলা ও নার্সদের হত্যা করে। আই এস কে বিশ্বব্যাপী ইসলামিক স্টেট এই সন্ত্রাসবাদী গোষ্ঠীর একটি অংশ। আই এস কে বর্তমানে আন্তর্জাতিক মানবতাবাদী লক্ষ্যগুলিকে ধ্বংস করতে চায়। হক্কানী গোষ্ঠী আইএসকে এবং তালিবানদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগে লিপ্ত; আইএসকে তালিবানদের হাক্কানী নেটওয়ার্কের সঙ্গে যুক্ত।

তালিবান গোষ্ঠী কাবুলের সেনা হাসপাতালের প্রধান গেটে আত্মঘাতী জঙ্গির বিস্ফোরণ ঘটায় তারপর বিভিন্ন ঘরে ঢুকে গুলি চালিয়ে প্রায় ১৯ জনকে হত্যা করে ও ৫০ জন আহত হন। বর্তমান পরিস্থিতি হল সম্মিলিত জাতিপুঞ্জের বিশ্ব খাদ্য পরিকল্পনার আধিকারিকদের বিপদ বার্তা— তাদের ঘোষণা হলো প্রায় ২২ লক্ষ আফগান নাগরিক শীতে অনাহারে পড়বে, প্রায় ৩০ লক্ষ শিশু তীব্র অপুষ্টির শিকার হতে পারে। সম্মিলিত জাতিপুঞ্জের কৃষি সংগঠনের অধিকর্তার মতে শীতে আফগানিস্তানের বেশিরভাগ অঞ্চলে যাতায়াতের রাস্তা বন্ধ হয়ে যায় এই পরিস্থিতির আগেই খাদ্য সরবরাহ স্বাভাবিক না হলে অনাহার আরো ভয়ংকর রূপ ধারণ করতে পারে।

কাবুলে নিয়ন্ত্রিতভাবে রাজনৈতিক কাজকর্ম শুরু করেছে ইউরোপিয়ান ইউনিয়ন। চীনা বিদেশ মন্ত্রীর নেতৃত্বে এক প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক করেন আফগানিস্তানের প্রধানমন্ত্রী এবং তার সহযোগীরা। এই সাক্ষাৎকার হয় কাতারের রাজধানী দোহাতে। চীন-আফগানিস্তান দ্বিপাক্ষিক সম্পর্ক ও অর্থনৈতিক অবস্থা এই সাক্ষাৎকারে আলোচিত হয়েছে; সামরিক ক্ষেত্রে চীনের ক্ষমতা পরিকল্পনা অনুসারে বৃদ্ধি পাচ্ছে বলে চীনের প্রেসিডেন্ট জানিয়েছেন।

তালিবান দ্বারা আফগানিস্তানে রাজনৈতিক ক্ষমতা দখল (২০২১, অগস্ট) এবং ভারতের অবস্থান :

আফগানিস্তানে সোভিয়েত সেনার উপস্থিতি ছিল ১৯৭৯ থেকে ১৯৮৯; এরপর তালিবানরা ক্ষমতা দখল করে ১৯৯৬-এ। মার্কিন যুক্তরাষ্ট্র ৯/১১ ঘটনার পর আফগানিস্তানে সৈন্য পাঠায় ২০০১ সালে এবং ২০২১ সালের ৩১ শে আগস্ট সৈন্য অপসারণ ঘটায়।

আফগানিস্তানে রাজনৈতিক পট পরিবর্তনে ভারত সরকারের উদ্বেগ বেড়েছে। কাশ্মীরে নতুন সংকট সৃষ্টির পরিস্থিতি তৈরি হয়েছে। কাশ্মীরে জঙ্গি দমন অভিযানে ১০-১০-২০২১ নাগাদ যে ঘটনা ঘটেছে তা হল পুঞ্চের সুরান কোর্টের জঙ্গলে জঙ্গিদের সঙ্গে সংঘর্ষে নিহত হয়েছেন একজন কমিশন অফিসার সহ পাঁচ জন সেনা; এই ঘটনা স্মরণ করিয়ে দিচ্ছে ঠিক ১ বছর আগে ২০২০'র মে মাসে জঙ্গি দমন অভিযানে নিহত

হয়েছিলেন একজন কর্নেল, একজন মেজরসহ পাঁচ জন সেনা। বিগত ২০২০-২১-এ কাশ্মীর উপত্যকায় সংখ্যালঘু সম্প্রদায়ের হিন্দু এবং শিখ সম্প্রদায় ভুক্ত বহু মানুষ নিহত হয়েছেন। তাঁরা কাশ্মীরে এসেছিলেন প্রধানমন্ত্রী যোজনার অধীনে কাজ করতে; সরকারি আবাসনে সিআরপিএফ এর প্রহরা নিশ্চিত সুরক্ষা দিতে পারেনি। সন্ত্রাসের আতঙ্কে হিন্দু ও শিখ সম্প্রদায়ের মানুষ কাশ্মীর ছেড়ে জম্বুর পথে রওনা হয়েছেন।

টি-টোয়েন্টি বিশ্বকাপে (২০২১) ভারতের বিরুদ্ধে পাকিস্তানের জয়ের পরিবেশে দেশবিরোধী স্লোগান তোলায় শ্রীনগরের সরকারি সের-ই কাশ্মীর ইনস্টিটিউট অফ মেডিক্যাল সাইন্সের ছাত্র-ছাত্রী, পরিচালক মন্ডলীর সদস্য ও হস্টেল ওয়ার্ডের বিরুদ্ধে ইউএপির-এর আওতায় দুটি এফআইআর করেছে জম্মু ও কাশ্মীর পুলিশ; কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তখন কাশ্মীরে উপস্থিত ছিলেন। সংবিধানের ৩৭০ ধারা বাতিলের পর এ ধরনের ঘটনা জম্মু ও কাশ্মীরে এই প্রথম ঘটে। এই এফ আই আর এর বিরোধিতায় সরব হয়েছেন পিপলস কনফারেন্সের নেতৃত্ব এই যুক্তিতে যে অভিযুক্তরা দেশপ্রেমী নন এ কথা বলা যায় না। এর মধ্যেই জম্মু ও কাশ্মীরের বান্দিপুরা এলাকায় ২০২১ এর সেপ্টেম্বরে হিংসা ও মৃত্যুর হার হঠাৎ বৃদ্ধি পেয়েছে। নিউ ইয়র্ক টাইমসের মতে অন্তত ২০০ জন বিদ্রোহী এবং ৪০০ জন বিদেশি যুদ্ধবাজ জম্মু-কাশ্মীরে প্রবেশ করেছে। আল বারক এবং হরকত-উল-মুজাহিদ্দিনের সাথে হাত মিলিয়েছে আফগান যুদ্ধবাজরা। পুলিশের মতে লস্কর-ই-তাইবা এবং জইস-ই-মহম্মদ এই দুই সংগঠনের শাখা গোষ্ঠী এখন বিশেষ সক্রিয়। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে আন্তর্জাতিক পরিসরে জোট নিরপেক্ষ আন্দোলনের প্রেক্ষিতে বিদেশ প্রতিমন্ত্রী মীনাক্ষী লেখি ২০২১ সালে উল্লেখ করেছিলেন যে জোট নিরপেক্ষ আন্দোলনের মঞ্চকে কাজে লাগিয়ে বিভেদের রাজনীতি করছে কোন কোন দেশ; সামগ্রিক উদ্যোগকে শক্তিশালী না করে সংকীর্ণ স্বার্থকে সামনে রেখে কাজ করা হচ্ছে বলে অনেক দেশ জোট নিরপেক্ষ আন্দোলন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে।

আফগানিস্তানে ভারতের বিনিয়োগ :

আন্তর্জাতিক পরিসরে আফগানিস্তানের সমস্যা গভীর উদ্বেগের একটি বিষয়। তালিবানদের দ্বারা আফগানিস্তানের দখল যে বিষয়কে উস্কে দিয়েছে তা হল ভারতের দ্বারা সেখানে বিপুল অংকের বিনিয়োগের ভবিষ্যৎ, সন্ত্রাসবাদের সক্রিয়তা, মধ্য এশিয়া তথা ইউরোপে বাণিজ্য প্রসারের সম্ভাবনায় অনিশ্চয়তা, কাশ্মীর উপত্যকায় উদ্বেগের সম্ভাবনা, উদ্বাস্তু সমস্যা তথা আফগান, হিন্দু ও শিখদের ভারত প্রবেশ এবং এই জাতীয় আরো বিভিন্ন বিষয়।

আফগানিস্তানে ভারতের প্রসঙ্গ দেখতে গেলে দেখা যায় বিগত দশক থেকে আফগানিস্তানের ৩৪ টি প্রদেশে, রাজধানী কাবুলে এবং প্রত্যন্ত গ্রামীণ এলাকায় ভারতের মোট বিনিয়োগের পরিমাণ প্রায় তিন বিলিয়ন মার্কিন ডলার। বিভিন্ন স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের ভূখণ্ড দ্বারা স্থলবেষ্ঠিত হওয়ার কারণে কাবুলি ওয়ালাদের দেশের উন্নয়ন ও বিকাশে ভারত নিজেকে যুক্ত করেছে। আন্তর্জাতিক সমাজে ভারতের এই উদ্যোগ যখন পাকিস্তানের সহায়তা লাভে বঞ্চিত হলো তখন ইরানের চাবাহার বন্দরকে ইন্টারন্যাশনাল নর্থ-সাউথ ট্রান্সপোর্ট করিডরের সাথে যুক্ত করে ইরান ও আফগানিস্তানের মাধ্যমে আর্মেনিয়া, আজারবাইজান ও মধ্য এশিয়া, রাশিয়া ও ইউরোপে বানিজ্য পথ উন্মুক্ত হবার সম্ভাবনায় ছিল ভারত। মুম্বাই ও কান্ডালা বন্দর থেকে ইরানের চাবাহার বন্দর এবং সেখান থেকে জাহেদান পর্যন্ত বিদ্যমান রেলপথ সম্প্রসারিত হয়ে ইরান-আফগানিস্তান সীমা পর্যন্ত প্রসারিত হয়।

২০২১ এর ১৫ই আগস্ট তালিবানের দ্বারা আফগানিস্তান দখল ভারতের উত্তর অঞ্চলে যে পরিস্থিতির উদ্ভব ঘটিয়েছে তাতে ভারতের কাশ্মীর উপত্যকায় তালিবানের তৎপরতা বৃদ্ধির আশঙ্কা আছে। তালিবানদের তৎপরতার আশঙ্কার সাথে সাথে যে নতুনতর সংযোজন ঘটেছে তা হল ইসলামিক স্টেট খোরাসান প্রভিন্সের (ISK) প্রসঙ্গ। গজওয়া-ই- হিন্দ অনুসারে আই এস বাহিনী আফগানিস্তান পাকিস্তান হয়ে ভারত দখল করবে; তারা ওয়ালিয়াৎ-আল-হিন্দ (ইসলামিক স্টেট প্রভিন্স ফর ইন্ডিয়া) গঠন করতে চায়। এই প্রতিষ্ঠানকেই পৃষ্ঠপোষকতা প্রদান করে থাকে পাক গুপ্তচর সংস্থা ইন্টার সার্ভিসেস ইন্টেলিজেন্স (আই এস আই); পাক হক্কানী গোষ্ঠীর মাধ্যমে পাকিস্তান প্রশাসন জঙ্গিদের সাহায্য করার দায় অস্বীকার করার পরিস্থিতি তৈরি করতে সচেষ্ট হবে। বিভিন্ন সন্ত্রাসবাদী গোষ্ঠী বর্তমানে খুবই সক্রিয় আফগানিস্তানে। এ প্রসঙ্গে উল্লেখ করা যায় ইসলামিক স্টেট অফ ইরাক এন্ড সিরিয়া (ISIS), আল কায়দা, ইস্ট টার্কিস্তান ইসলামিক মুভমেন্ট (উইঘুর সন্ত্রাসবাদী সংগঠন), লস্কর-ই-তইবা প্রভৃতি জঙ্গি সন্ত্রাসবাদী সংগঠনের বিচরণ ক্ষেত্র হল পশ্চিম এশিয়া সংলগ্ন ভূ-রাজনৈতিক অঞ্চল। কাবুলে নিয়ন্ত্রিত ভাবে রাজনৈতিক কাজকর্ম শুরু করতে চলেছে ইউরোপীয় ইউনিয়ন। কাতারের রাজধানী দোহায় চীনা বিদেশ মন্ত্রীর এক প্রতিনিধি দলের সাথে দ্বিপাক্ষিক অর্থনৈতিক বৈঠক করেন আফগান প্রধান মন্ত্রী মোল্লা বরাদরের প্রথম ডেপুটি এবং তার সহযোগীরা।

মধ্য এশিয়ায় ভারতের সাম্প্রতিক উদ্যোগ :

আফগানিস্তানের সীমান্তবর্তী বিভিন্ন রাষ্ট্রের সঙ্গে বাণিজ্যিক লেনদেনের ব্যাপারে ভারত আগ্রহী।

চীনের ইস্ট ওয়েস্ট বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ (BRI)- এর মত সাম্প্রতিককালে ভারতীয় লগ্নী ও বৈদেশিক বাণিজ্য আফগানিস্তান, মধ্য এশিয়া, রাশিয়া এবং ইউরোপে বিস্তারের জন্য প্রয়োজনীয় প্রধান সড়ক পথ মাল্টি মোডাল রুট তথা ইন্টারন্যাশনাল নর্থ সাউথ ট্রান্সপোর্ট করিডোর (INSTC) নির্মাণের জন্য ভারত-ইরান-রাশিয়া ও অন্যান্য আঞ্চলিক অংশগ্রহণকারী দেশ সহমত হয়ে কাজ করেছে। বর্তমানে ভারতীয় পণ্য আরব সাগরে ইরানের বন্দর আব্বাস ও চাবাহার বন্দর থেকে সড়কপথে ও রেলপথে উত্তর দিকে ইরান, আফগানিস্তান, আজারবাইজানের মধ্য দিয়ে রাশিয়া ও ইউরোপে পৌঁছাবে। এই ট্রান্সপোর্ট করিডোর ভারতকে সংযুক্ত করবে মধ্য এশিয়ার সাধারণতান্ত্রিক দেশগুলি সহ পূর্ব-পশ্চিমের ট্রান্স সাইবেরিয়ান রেল নেটওয়ার্কের মাধ্যমে ইউরোপিয়ান ইউনিয়ন এবং রাশিয়া ও চীনের বাজারের সাথে। মধ্য এশিয়ার সাধারণ তান্ত্রিক দেশ গুলি সহ রাশিয়া, তুরস্ক এবং ইউরোপে পণ্য রপ্তানি শুরু হয়েছে। সুয়েজ ক্যানাল বানিজ্য পথের তুলনায় ব্যয় সংক্ষেপ এক্ষেত্রে একটি তাৎপর্যপূর্ণ বিষয়। ২০১৬ সালের মে মাসে ভারত-ইরান এবং আফগানিস্তান চুক্তি হয়। এর মাধ্যমে ইরানের দক্ষিণ অঞ্চলের বন্দরগুলি অর্থাৎ চাবাহার, শাহীদ বেহেস্তির মাধ্যমে পন্য সরবরাহ হবে। চাবাহার বন্দরের উন্নয়নের প্রথম পর্বে ভারত মূলধন লগ্নি করেছে ৮৫ মিলিয়ন ইউ এস ডি এবং বার্ষিক চলতি ব্যয় হোল ২৩ মিলিয়ন ইউ এস ডি। চাবাহার বন্দর সমগ্র অঞ্চলের সাথে সংযোগ সাধন করবে এক ভারতীয় রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ইন্ডিয়ান পোর্টস গ্লোবাল লিমিটেডের মাধ্যমে। পারস্য উপসাগরীয় অশান্ত মধ্যপ্রাচ্য অঞ্চলের উপর থেকে শক্তির উৎসের অতিরিক্ত নির্ভরশীলতাকে হ্রাস করে মধ্য এশিয়ায় ভারতের স্বার্থ হল ইউরেনিয়াম, প্রাকৃতিক গ্যাস, খনিজ তেল, কয়লা ইত্যাদির সরবরাহ লাভ যা ভারতের অন্যতম ন্যাশনাল এনার্জি সিকিউরিটি স্ট্র্যাটেজি হিসাবে বিবেচিত হয়। উজবেকিস্তান এবং কাজাখস্তান থেকে ইউরেনিয়ামের সরবরাহ লাভ ভারতের সিভিল নিউক্লিয়ার প্রোগ্রামের (শান্তির উদ্দেশ্যে পারমানবিক কাজে লাগানোর শক্তি) একটি জটিল ও গুরুত্বপূর্ণ বিষয়। উক্ত অঞ্চল আবার সোনা, রূপো, অ্যালুমিনিয়াম সহ ভারতীয় শিল্পে ব্যবহৃত হয় সেই রকম অন্যান্য স্ট্র্যাটেজিক (মিনারেলসের) খনিজের ভান্ডার। কাজাখাস্তানে ভারতের কৌশলগত স্বার্থ হলো ইউরেনিয়াম ডিপোজিট সংগ্রহ। বিগত ২০১৪ থেকে ভারতের ইউরেনিয়াম আমদানির ৪০ শতাংশ বিশ্বের পুনরুদ্ধারযোগ্য ১৫ শতাংশ ইউরেনিয়ামের এখানকার ভান্ডার থেকেই হয়। কিরগিজস্তান হল এমন একটি দেশ যেখানে ইউরেনিয়াম, এন্টিমনি সোনা এবং কয়লা সহ আরো অন্যান্য খনিজের ডিপোজিট বা মজুত রয়েছে। এখানকার জলবিদ্যুৎ তৈরি এবং রপ্তানি ক্ষমতা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সম্প্রতি ভারত-কিরঘিজস্তান দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত

হয়েছে। ভারত -কিরঘিজস্তান বিজনেস ফোরাম গঠিত হয়েছে; এই দেশ চা বাহার বন্দরের সঙ্গে সংযুক্ত হওয়ায় লজিস্টিক্স এবং ট্রান্সজিট প্রস্তুত করেছে। কিরঘিজস্তান ইউরেশিয়ান ইকোনমিক জোন ইউনিয়নের অংশ হবার ফলে ভারতের সঙ্গে ফ্রী ট্রেড এগ্রিমেন্টের যোগাযোগ চলছে। তাজিকিস্তান হলো এমন একটি অঞ্চল যেখানে ভারতের ভূকৌশলগত স্বার্থ অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মধ্য এশিয়ার কেন্দ্রস্থলে অবস্থিত তাজিকিস্তান এর দক্ষিণ-পূর্ব সীমানা হল আফগানিস্তানের সঙ্গে ওয়াকান করিডোর অঞ্চলে। এই ওয়াকান করিডোর অঞ্চল হোল, ভারতের দৃষ্টিকোণ থেকে জিও স্ট্র্যাটেজিক স্ট্রিপ অফ ল্যান্ড বর্ডারিং চায়না টু দি ইস্ট এন্ড পাকিস্তান অকুপাইড কাশ্মীর টু দি সাউথ। এই অঞ্চলেই ভারত তাজিকিস্তান বায়ু সেনা দ্বারা পরিচালিত একটি মিলিটারি ঘাঁটি তৈরি করেছে। এই ক্ষেত্রে ভারত যে উদ্যোগ গ্রহণ করেছে তা হল সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের পূর্ণ সদস্যপদ গ্রহণ ২০১৭ তে এবং মুক্ত বাণিজ্য চুক্তি সম্পাদন। রাশিয়ার নেতৃত্বে ইউরেশিয়ান ইকনমিক ইউনিয়ন (যার অন্তর্ভুক্ত হলো আর্মেনিয়া, বেলারুশ, কাজাখাস্তান, কিরঘিজস্তান ও রাশিয়া) এবং এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের সাথে সক্রিয় যোগাযোগ বা ভূমিকা পালন বিগত ২০১৬ সাল থেকে চলছে। উক্ত সকল পক্ষগুলি ইন্ডিয়া সেন্ট্রাল এশিয়া ডেভেলপমেন্ট গ্রুপ প্রতিষ্ঠা করতে চায়; ভারত উন্নয়নশীল প্রকল্পে অর্থ বিনিয়োগ করবে। তাদের এক্সপোর্ট ইম্পোর্ট (ই এক্স আই এম) ব্যাংক লাইনস অফ ক্রেডিট এন্ড বাইয়ার্স ক্রেডিট ফেসিলিটিজ সহ কারিগরি কৌশল প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে।

উপরিউক্ত আর্থিক-বানিজ্যিক প্রতিষ্ঠান গুলি তুলনামূলকভাবে নবীন এবং ক্রমবর্ধমান আঞ্চলিক অর্থনৈতিক সংহতি সাধনে ও রাজনীতিগত ভাবে গুরুত্ব বৃদ্ধিতে তাদের সামর্থ্য (পোটেনশিয়ালিটি) বর্তমান বলে বিশেষজ্ঞগণ অভিমত প্রকাশ করেন। ১৯৯১ সালের পরবর্তীতে মধ্য এশিয়ায় যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে তা হল সোভিয়েত প্রভাবের হ্রাস ঘটতে থাকায় সেখানে চীনা অর্থনৈতিক লগ্নিকে তারা আহ্বান জানায়। কিন্তু বর্তমানে এই অঞ্চল অতিরিক্ত চিনা প্রভাবের জন্য উদ্বিগ্ন। এই অঞ্চল জাপান-ভারত-ইউরোপ প্রভৃতি দেশের লগ্নী প্রত্যাশা করে। এতদিন পর্যন্ত মধ্য এশিয়ার বিভিন্ন দেশগুলির কাছে ভারতের উপস্থিতি খুবই ক্ষীণ (মার্জিনাল) থাকলেও বর্তমানে অর্থনৈতিক কূটনীতিকে সক্রিয় করার অর্থবহ সুযোগ (অপারচুনিটি) সৃষ্টির সম্মুখীন হয়েছে ভারত। বিভিন্ন ক্ষেত্রে সাহায্য প্রদান, বাণিজ্য এবং ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্ট ইত্যাদি বিষয় গুলি এখানে অত্যন্ত প্রাধান্যপূর্ণ ভাবে গুরুত্ব লাভ করেছে। এশিয়ার আঞ্চলিক রাষ্ট্রগুলির সাথে ইন্ডিয়া সেন্ট্রাল এশিয়া বিজনেস কাউন্সিল প্রতিষ্ঠা করতে এই সংগঠনের প্রথম সভা ২০২০-র ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হয়েছে।

ভারতের দীর্ঘদিনের কৌশলগত স্বার্থ (স্ট্রাটেজিক ইন্টারেস্ট) হোল মধ্য এশিয়া থেকে শক্তি -সম্পদ সংগ্রহ করা এবং আঞ্চলিক সংহতি রক্ষা করে ওই অঞ্চলে ভারতের অর্থনৈতিক প্রভাব বিস্তার। ভারতের এই দীর্ঘমেয়াদি স্বার্থগত কৌশলের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে ইরানের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের কৌশলগত দ্বন্দ্ব, চীনের সঙ্গে ইরানের অর্থনৈতিক সম্পর্কের গভীরতা বৃদ্ধি এবং আফগানিস্তানে তালিবানদের ভূমিকা বৃদ্ধি। ভারতের যে বিষয়ে গভীর ভাবে আশাবাদী তা হল নিজেকে মধ্য এশিয়ায় একটি আঞ্চলিক অর্থনৈতিক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত করা; দ্বিতীয়ত, পাকিস্তানের প্রভাবের হ্রাস ঘটানো; তৃতীয়ত, খুব কার্যকর ভাবে চীনা প্রভাবের সঙ্গে প্রতিযোগিতায় লিপ্ত হওয়া। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞগণ এ কথা বলছেন যে চীন হল ভারতের 'স্ট্রাটেজিক কম্পেটিটার' এবং গুরুত্বপূর্ণ ইকনমিক পার্টনার; কারণ উভয় দেশই ইরান, মধ্য এশিয়া, রাশিয়া ও ইউরোপে ক্রমবর্ধমান ভাবে অর্থনৈতিক সংহতি প্রসারে সচেষ্ট।

তথ্যসূত্র :

১. www.dictionary.cambridge.org
২. www.timesofindia.indiatimes.com
৩. www.vox.com
৪. www.edit.wti.org
৫. www.mea.gov.in
৬. www.cfr.org

TRANSGENDERS IN THE INDIAN CONTEXT: A STUDY ON THE EMPOWERMENT OF HIJRAS IN WEST BENGAL

Paromita Datta (Associate Professor in English, Gobardanga Hindu College

Soumya Narayan Datta (SACT in Sociology, Bijoy Krishna Girls' College, Howrah)

Abstract:
Transgender are the people possessing a gender identitythat is dissimilar from their specified sex. This indicates that they are not exclusively masculine or feminine in nature. Hijra as the term indicates for transgendersin India refers to male-to-female transgender individuals. On wedding occasions and childbirth celebrations these hijras dance and sing known as badhaias they are believed to have special powers to grant fertility and prosperity to a newly married couple or a new born baby. Before independence, they were labelled as 'criminal tribes' by the colonial rulers that excluded them from the mainstream Indian society and thus were denied accessibility towards basic rights. This paper is an attempt to focus into the ways towards empowering hijras in West Bengal that reflects a dynamic shift in their position from the arena of marginalisation to the domain of the rays of inclusion.

Keywords: Hijra,Bahuchara Mata, marginalisation, empowerment, health, education, work, covid-19

Introduction:
Transgender indicates a diverse group of individuals whose gender does not match their biological sex at birth. This umbrella term describes a wide range of gender-variant groups and individuals ranging from

those who engage in transgender behaviour on occasion, such as cross-dressers to all other forms. In 1969, Virginia Prince[1]in the "Transvestia"[2]magazine meant for cross-dressersfirst used a version of the term "transgender". She used the term "transgenderal"to refer to a person who lived full time in the gender opposite their sex but had no desire to undergo sex reassignment surgery (Tauches, 2009). In 1992,with the printing of Leslie Feinberg's[3]pamphlet "Transgender Liberation: A Movement Whose Time Has Come," the term took on a broader scope as Feinberg used transgenderto refer to all people who were gender variant. This meaning of the word is currently used. Thus, besidescross-dressers, transgenders also comprises of transsexuals, androgynes[4] and genderqueers[5](Tauches, 2009).

Theorising transgender:

There are three main theories of gender that can be used to explain transgendering. Essentialist theory places emphasis on biological processes and argues that gender is a fixed trait as opposed to a social construction. This means gender is something that will not vary much over time and space either on an individual basis or in society in general (Tauches, 2009). In essentialism, transgendered individuals might view themselves as always having felt that they were actually members of the sex category opposite their biological sex at birth. Some argue that they were born transgender; for example, they state that they were born male but have felt for as long as they can remember that they were supposed to be female. In this case, they view their sex as male but their gender identity is actually female (Tauches, 2009). This is an essentialist notion of transgendering as it relies on the idea that a person has a gender identity that he or she is born with as opposed to one that is constructed or developed throughout that person's life. (Tauches, 2009). Social constructionism refers to the opinion that sex and gender are separate concepts and that both are socially constructed. Sex is thought to be socially constructed by the medical community as doctors

define who is male and who is female. Gender is also socially constructed as gender changes over time and across cultures. Further, while gender is thought to be based on sex, there is always the possibility that individuals may break the social norms that are dictated (Tauches, 2009). Transgender individuals in this case may view sex and gender as completely distinct and believe that there is no reason for their gender to be based on their sex. This leads some to break conventional gender norms and develop a gender distinct from their sex. Gender identity is still a key concept here as it is used to describe why a person might change from one gender to another though it is not necessarily seen as something one is born with (Tauches, 2009). Rather gender identity is viewed as something the individual develops over time and that has the potential to change in the future. The category of social constructionism involves a person who is a transgenderist. Their sex and their gender do not match but they do not see this as a biological issue as they have no desire to change their biological sex through surgery(Tauches, 2009). Performance is a third way to view transgendering which rely on a gender identity and social constructionist notions. Attributed to theorists Candace Westand Don Zimmermanas well as Judith Butler this outlook sees gender as a performance that must be done on a daily basis. This performance does not have to be based on sex or on gender identity (Tauches, 2009). Frequently, it is so routine that one might not pay attention to it or think of it as a performance, rather it is just seen as something "normal" that one does in daily life. A person's gender performance may change depending on who that person is interacting with (Tauches, 2009). In this case, transgender people might view their gender as more of an expression or performance rather than as an aspect of identity or an expression of their sex. (Tauches, 2009).

The social phenomenon of transgender:

The sociological approaches to transgender aside from being socially deterministic in nature often hint at the arbitrariness of gender role

and the relativity of culture across space and time which later inspired a rethinking of gender and its construction. Harold Garfinkel in the year 1967 was one of the earlier contributors to the field of sociology in the study of transgender (Sam, 2010). He notes in his oft-cited study of the male-to female transsexual Agnes that how gender could be managed through the embodiment and display of social cues attributed to the respective genders and not merely through physiological changes. Exploring the social dimension of gender, Garfinkel sees gender as a "managed achievement" or in Kessler and McKenna's rendition, a social accomplishment rather than a reflection of biological reality (Sam, 2010). The study of transgender as a medical phenomenon is challenged by the study of the social dimensions and constitution of transgender. While studying the social, Anne Bolin is suspicious of the unvarying nature of medico-psychiatric category of transsexualism and transvestism considered as the two distinct groups of gender variance only recognised by the institutions. It was assumed by the psychiatric discourses that transsexuals identified mostly as heterosexual which was disagreed with and argued against by a portrayal Bolin (Sam, 2010). This transgender binary of transsexual or transvestite is challenged by a diversity of gender identities that Bolin observes. These constitutes gender-variant people that neither inhabit nor display characteristics categorically associated with the medico-psychiatric classifications of transsexualism and transvestism (Sam, 2010). Through her field work, she notes an increasing social acceptance of non-surgical intervention for those whose gender activity fall outside what is commonly ascribed to their birth sex. In their socio-cultural and historical contexts, Bolin situates her observations and believes that the recent emergence of the transgenderist identity that roams the murky unknowns outside the medico-psychiatric cosmology of transsexualism and transvestism can be attributed to the following factors that involves the closing of university-affiliated gender clinics in the United States, adoption of apolitical agenda by the grassroots organisation and social alternatives to personifications of feminity as somatic frailty (Sam, 2010).

Brief account of Hijras in India:

Hijras recognised as an institutionalised third gender role in the Indian context is 'neither male nor female', but comprises of both elements. They are considered by the larger society to be intersexed and impotent men that undergoes emasculation in which all or genital parts are removed. By collecting alms and receiving payments for performing 'badhai' at wedding occasions and childbirth celebrations they traditionally carried out their living (Nanda, 1999). They were devotees of Bahuchara Mata[6] for whom emasculation[7] is performed. It is this identification with the Bahuchara Mata that hijras held a special place in Indian society and believed to possess the power to curse or confer blessings on new born infants.

Hijras find the greatest opportunity to perform their traditional roles in the urban areas of North India where they predominately live but small groups of these hijras are also located in every parts of India (Nanda, 1999). Hijra community comprises of seven houses or subgroups and each community has a 'guru' or leader who live in Mumbai. In this community the most significant relationship is observed between 'guru' meaning master or teacher and 'chela' meaning disciple.In order to formally join the hijra community an individual is taken to Mumbaiby a person to visit one of the seven major 'gurus' to whom this person was a disciple (Nanda, 1999). During the initiation ritual, the 'guru' gives the novice a new female name and the novice vows to obey the 'guru' and the norms of the community. After this, some gifts are presented to the new 'chela' by the guru.More likely on behalf of the chela or the chela himself pays an initiation fee and then the guru writes the chela's name in her record book (Nanda, 1999). In this lifelong bond of reciprocity between the guru-chela relationships, the guru is obliged to help the chela and the chela is also obliged to be loyal and obedient to her guru. Apart from the hierarchical guru-chela relationshipa fictive kinship exists by which hijras relate to each other. There is an existing ritual for "taking a daughter" and such "daughters"

of one "mother" consider themselves as "sisters" and relate on a reciprocal, affectionate basis (Nanda, 1999). Other fictive kinship relations as for instance grandmother or mother's sister meaning aunt are regarded as the basis of warmth and reciprocal regard. In order to formalise their relationship these fictive kins exchange small amounts of money, clothing, jewellery and sweets (Nanda, 1999).

Hijras in Indian Mythology:

Hijras hold a significant position in Indian mythology. A long recorded history has depicted hijras in several ritual roles. In the Virat Parva of the epic Mahabharata, the earliest mention of hijras are found when the third Pandava prince Arjun who was compelled to live in hiding spent the last year of his exile obscured as a eunuch in King Virat's palace(Chaudhary & Shukla, 2017).Along with Arjun, the other five Pandav brothers also took several disguises to protect themselves from their actual identity. As a eunuch he began to teach dance and music to King Virat's daughter.Meanwhile long before the exile, it is the curse of maiden Urvashi of Lord Indra for which Arjun had to live a life of eunuch for a period of one year of exile in the kingdom of the Matsya king (Chaudhary & Shukla, 2017). This happened when Arjun rejected Urvashi's advances when she was attracted towards Arjun during his visit to Lord Indra's palace in the heaven. As Arjun stated that Urvashi appeared to him as a mother-figure since she was the consort of Lord Indra who was also an ancestor to the Kauravas, Urvashi became furious and her anger knew no bounds and as a result cursed Arjun to live a life of a eunuch but it was Lord Indra who reduced the tenure of living in such a manner for a period of one year (Chaudhary & Shukla, 2017).It was also accepted further that Arjun could choose to become a eunuch during the last year of his exile to help him live incognito.

The other Indian epic Ramayana also reflects the position of hijras during the period of Lord Ram. Lord Ram spent a life of 14 years of

exile in the forest as per the wish of his stepmother, Kaikeyi who wanted that her son Bharat would be crowned as the next successor to the throne of Ayodhya after the death of King Dasarath (Chaudhary & Shukla, 2017). After accepting Kaikeyi's wish King Dasarath instructed Ram to go for 14 years of exile. But at the gates of the city of Ayodhya before leaving for exile although certain hordes of citizens tried to persuade Ram not to follow the king's instructions he stuck to his decision of following what his father has said. While returning back to Ayodhya after the tenure of 14 years of exile, Ram saw a community of hijras waiting at the gates of Ayodhya (Chaudhary & Shukla, 2017). The reason for such waiting was expressed by hijras to Ram telling that Ram forgotten to tell them what to do while he departed for exile. Ram also told the men and women to go back while leaving the city of Ayodhya but the hijras claimed the fact that they are neither men nor women. After listening to what the hijras said, Ram was deeply saddened by the encounter and moved by their commitment. He embraced the members of this devoted group and with celebrated grandeur entered the city of Ayodhya with those hijras (Chaudhary & Shukla, 2017).

Tracing the Hijra identity in India during the Mughal period:

Debates have encircled the issue of the hijra construct and this recognition has being associated with the western homosexual and transsexual identities. Varying definitions exists across different cultures on homosexual identity. According to the Latino model of homosexuality, men who are engaged in penetrative anal intercourse[8]are not considered homosexual if they are otherwise performing culturally approved masculine roles (Kalra, 2012). On the other, the susceptive male partners are considered homosexual. This model also appears to be applicable across diverse Indian cultures as for instance in the Punjabi culture. Evidences which cannot be relied upon states that Punjabi men do not consider themselves homosexual if they are active partners in a

homosexual contact. But both of these men may be labelled as homosexuals in the western model of homosexuality (Kalra, 2012). However, being labelled as gay is not acceptable to the hijras although there are a few queeny gay men known as 'zenanas'[9]or feminine men who embrace a hijra identity in order to be involved in sex with other men. Zenanas are also referred to as 'khada-kothis' who may or may not cross-dress but continues to wear male outfits. Hijra identity may appear to be close to the Western transsexual identity, with most of them considering themselves of having born in the male sex instead of female sex (Kalra, 2012). This argument goes with those hijras who do not account themselves to be women trapped in men's bodies and simply claim of belonging to the third sex that is the true hijras instead of either male or female. It is also fascinating to note that these hijras usually take on feminine roles in a relationship with other men as they prefer doing household chores. They also prefer being referred to as the "wife" of the husband and usually cross-dress (Kalra, 2012). An in-depth look at the various individuals within this cultural group reveals that hijra individuals may include a multiple identities such as effeminate gay men, transsexual men whether pre or post castration[10], transvestites[11] and true hermaphrodites[12] that seems to be rare. Thus, an individual's own definition of his or her identity is the best way to understand hijra identity (Kalra, 2012).

Records suggests that during the Mughal period there was high esteem for the hijras and often deemed to be divine beings. Studies have revealed their place and function at royal and imperial courts during the Mughal court proceedings in the medieval period. They enjoyed high status and respectable positions like that of political advisors, administrators, generals and guardians of the kings, chief and nobles (Ghosh, 2018). Hijras were regarded intelligent, reliable and extremely loyal. Accordingly, most of them had access to all areas and populations thus playing a significant role in the imperial rule proceedings in the Mughal epoch. Concurrently, hijras also played a

role in guarding the holy places of Mecca and Medina and thus held high positions in Islamic religious institutions (Ghosh, 2018). They were treated as the adviser of religious heads as well as the kings who could influence the state decisions that often were patronised with material and non-material powers. In the book, "Cutch or Random Sketches of Western India", Postan notes that during the pre-colonial era, in India hijras were often employed as the guardians of the virtue of the harem[13], held ceremonial status as bestowers of fertility and owned land and also enjoyed occasionally high status in Mughal India. They were trusted on the belief that the hijras could not sexually exploit womens of the harem and at the same time were able to carry out domestic works (Ghosh, 2018).

i) This style encourages employees to think for themselves and practice problem-solving exercises.

ii) It helps to empower subordinates, giving them freedom, sovereignty and allowing them to take ownership and responsibility of their decisions.
iii) The manager embraces a relaxed institutional culture.

Demerits:

i) This style may lead to lack of direction or guidance from managers or supervisors.
ii) With less supervision, there is an increased risk of making errors, which can affect institutional operations.
iii) It can result in conflicts between employees if disagreement happens and this have to be resolved without guidance from the manager.

4. Persuasive:

In this style, managers/ leaders use their persuasive skills to convince employees that the unilateral decisions that they implement are for the good of the team, department or the institution. Rather than simply ordering employees to perform tasks, manager or the head employing this style would invite questions and explain the decision-making process and rationale behind policies. This can help employees feel as though they are more trusted and valued part of the staff and are involved in key decision-making process, leading to lower levels of resentment or tension between management and the staff. This style can be used when the manager/leader has more experience on the subject than the team. In those cases, managers are the expert to explain thought processes. It can also be helpful when managing upwards.

Merits:

i) Management can establish a higher level of trust between themselves and employees and employees will accept top-down decisions more easily.

ii) Employees can respond more positively to reason and logic than they do the threat of punishment and may feel less constricted than those managed with authoritative style.

Demerits:

i) Employees will still under restrictions and become frustrated that they cannot give feedback, create solutions in a meaningful way.

5. Participative:

This style is also known as 'shared management'. Participative style encourages team members to express their opinions and participate actively in decision-making process. Managers typically solicit input from their employees before making changes in decisions, but maintaining ultimate control over a team. So, a positive envioronment prevails and employees feel valued and respected. Principal is inviting stakeholders in the decision-making process or planning and determining what to do, how to do, who to do, when to do and for whom to be done. It is participatory in nature by its constant call for meeting: staff meeting, parents and teachers association meeting etc. However, the principal maintains the final decision making authority.

Merits:

i) Employees feel motivated and engage whole-heartedly in the decision-making process.

ii) It encourages creativity and innovation as various ideas are incorporated in the process of decision-making.

Demerits:

i) It can be time-consuming as extensive consultation is required in the decision-making process.

ii) There is a chance for disagreement or conflict between different parties involved in their opinions.

6. Coaching:

In this style, the manager is performing a mentoring role that encourages employees to grow and learn new skills. The Manager helps to work as team-members through challenges and develop solutions. He/she gives importance of development of team-members and giving feedback regularly. This style helps in fostering creativity.

Merits:

i) It encourages dialogue between principals and teachers, fostering a sense of natural trust and respect.
ii) It allows principals to support and guide staff members to reach their professional goals.

Demerits:

i) This style is time-consuming as it may take longer time to reach on a final decision.
ii) More deliberation is needed on the issue before a decision is reached.
iii) Principals need to possess strong interpersonal skills to coach their staff effectively.

7. Indulgent:

This style is characterized by high instructor interaction with pupils but little classroom discipline. In this style of management minimum expectations placed on pupils and the teacher actively encourages them to pursue their own goals. Indulgent teachers are much more involved with stiffness activities. Students are given free rein to do as they wish. Teachers or managers who adopt this technique essentially prioritize friendship and cordial relations with students over imposition of discipline or rules.

Merits:

i) Students interaction with the teachers becomes better.
ii) Students are given freedom and they can enjoy freed and teacher' control is minimal.
iii) Teachers/managers are encouraging to pursue their goals and behaviour is pleasant and friendly.

Demerits:

i) Poor behaviour on behalf of students is rarely addressed.
ii) Sometimes, pupils are left unsupervised.
iii) Rules are not upheld.
iv) This technique mostly results in teachers/managers lack of organization and planning.

8. Bureaucratic:

In this management style, rules and regulations are strictly followed with very little flexibility and deviation. Managers/principals give orders and that are to be followed by the employees. Educational management becomes centralized and being dominated by bureaucracy, which controls through strict laws, rules and regulations. The teacher as the real and regular practitioner becomes the mouthpiece of the central authority having no professional freedom. Head of the institution exercises authority and control in a centralized form. He/she plans and directs activities of the students. Specialization is encouraged. Protocols are maintained over a team or organization. Efficiency ensures promotion and rewards and guarantees tenure position.

Merits:

i) This type of management style ensures high consistency in processes and procedures since the set rules are strictly adhered to.
ii) It encourages efficiency in streamlining workflows and minimizing time-wastage.

Demerits:

i) Employees may not have autonomy or freedom to make decisions independently.
ii) They feel uninspired and discouraged in institutional activities as they have no power to control activities of the institution.
iii) It fails to foster creativity due to stringent regulations that must be followed.
iv) It limits innovation and growth within institution.

9. Transactional:

In this style the principal/teacher promotes compliance of his/her followers through both rewards and punishments(Bass, 2008). These managers/leaders focus on increasing the efficiency of established routines and procedures. They are more concerned with following existing rules than with making changes to the organisation(Malos, 2012). The leaders/managers lead primarily by using social behaviour exchanges for maximum benefit at low cost(Chaudhry&Javed, 2012,). This style is known as 'managerial leadership' and focus on the role of supervision, organisation and group performance(Akhigbe, et.al. 2014). It is based on the principle of exchange of rewards between principals and staff. The head is setting clear objectives and providing rewards for meeting these objectives, such as bonuses or promotions. It is highly result-oriented and encourages employees to strive for success.

Merits:

i) Clear expectations are set from the beginning, ensuring that the employeesunderstand exactly what is expected from them.
ii) Rewards act as motivating factor, encouraging employees to do their best and adhere to standards.

Demerits:

i) This type of management style has little room for creativity or innovation, as it focuses mainly on following rules and adhering to specific task.

ii) If not managed correctly, this style can lead to a lack of morale within a team due to an over-emphasis on rewards rather than encouragement and growth opportunities.

10. Servant:

This style puts the needs of their team-members first, with managers/ leaders using their influence and resources to help employees to reach their goals. Servant managers prioritize collaboration and communication, ensuring that team-members are heard and considered in making decisions.

Merits:

i) Promotes trust between the employer and the employee by focusing on collaboration rather than hierarchy.
ii) Creates an enviornment that encourages creativity and innovation, focusing on developing employees' skills and abilities.

Demerits:

i) It may not be suitable for more competitive or fast-paced enviornment where quick decision is needed.
ii) Due to its focus on empowering employees, it may lead to slower progress since decisions can take longer time to reach a consensus among all.

11.Transformational:

This style focuses on inspiring and motivating team-members to achieve higher performance. This style is most effective when there is a need for a radical change. This style helps institutions to improve efficiency and increases employees satisfaction principal, morale and motivation. Transformational style is a managerial approach that causes change in individuals and social systems; the manager focuses on transforming others to help each other, to look out for each other and to pay attention

towards organisation as a whole. Managers exhibit no controlling powers but inspire empowerment and motivation of the subordinates. This style is a style of management where the manager works with employees to identify the needs change, creating a vision to guide the change and executing the change. The main objective is to work to change or transform his/her followers' needs and redirect their thinking. It needs charismatic leadership with individualized consideration and intellectual stimulation(Schultz & Schultz, 2016).

Merits:

i) This style increased team morale as it encourages collaboration and collective ownership.

ii) High job-satisfaction amongst employees due to increased feelings of purpose and self-worth comes from being part of something bigger than one's individual contribution.

Demerits:

i) It canbe difficult for inexperienced managers to manage their expectations effectively and maintain consistency in their managerial approach.

ii) This style requires strong emotional intelligence from the head, as they need to be able to read and understand the emotion of their team.

12. Visionary:

In this style, managers lead through inspiring their staff. Leaders explain their goals and the reasons behind them, convincing their team to work towards executing their vision. Team members are motivated by their manager, then allowed the freedom to achieve their tasks with minimal interference. Managers will check in from time to time, but they trust tat their shared vision will keep employees on track and produce good results. Managers offer a lot of constructive feedback during and after

the process to assist their employees and make sure to give praise liberally. This can be a great style when an institution wants to practise innovation.

Merits:

i) Engagement is heightened because staff believes in what they are creating and are driven to complete tasks to the best of their ability.
ii) Employees are more satisfied, motivation is higher and turnover is lowered.
iii) Innovation is higher and problem-solving can happen quickly.

Demerits:

i) Not all managers can be legitimately inspiring. It depends on the job and the person.
ii) This is not a style that can be faked, employees must actually be inspired or they will not perform as well.

Discussion:

From the analysis, it was found that every management style has a unique identity with its own merits and drawbacks. In autocratic style, the head of the institution held a supreme power or authority and control over each activity of the institution. He/she is acting like a boss and staff members including teachers considered his/her subordinates.Quick decision-making, less chance of error and high-performance rate are some of the merits of the style. Democratic style, on the other hand, prefers decentralization in every sphere of management and cooperation, collaboration and group work are the norms of this style. Every member of theinstitution enjoys the right to take part in decision-making process, though the process sometimes gets longeras a result of disagreement of opinions among members.Laissez-faire style also allows freedom and employees take the responsibility of their work and decisions. This style foster creativity

and highly skilled team performs well in this style, though lack of supervision sometimes lead to errors. Participative style, also known as 'shared management' encourages members to participate in institutional decision-making but the head possesses the ultimate authority inthe team. It creates positive vibes within the institution as the style is participatory in nature. Teachers feel motivated and encouraged to practice innovation in their work, though clash of opinions,sometimes, may occur. In coaching style, the head performs the role of a mentor, encouragesemployees to learn new skills and with trust and respect they could achieve their goals. In indulgent style of management, teachers give students enough freedom so they can do as they wish. Here cordial relationship is much more valued than mere imposition of rules and disciplines. In bureaucratic style, laws, rules, regulations are more important. Authority and control in a centralized form, lack of flexibility etc. Leads to efficiency in work and minimal time-wastage. Managers/ principals prioritize rewards, incentives to increase efficiency of the institutional work in transactional style. Rewards or promotion acts as motivating factor for employees to do their best and there is very little room for innovation or creativity. Transformational style is focusing on higher performance with inspired and motivated team-members. The head of the institution transforms the team-members to work for the betterment of the institution as awhole. It encourages collaboration, team-workthat leads to job- satisfaction.

Conclusion:

There is no absolute way to conclude which style can promise success. Management and leadership styles are situational and contextual, encompass the issue of diversity, inclusion and equity and involving transformation. The quality of educational managers/leaders offers great contribution to further reform in educational leadership and management policies and practices by accepting and utilizing the basic managerial approaches and leadership styles. From the whole analysis

and discussion, it is evident that directive or authoritative style leads to behaviour to provide instruction of how to do a job. Transactional style is concerned with the behaviour of exchange relationships between leader/ manager and the staff. Transformational style is dealing with maintaining the vision, inspiring and improving staff for the better transformation. The most important thing for the manager/leader to ensure success is to consider systematically the actual situation and based on that, applythe most appropriate style that would be the most suitable in that situation.

References:

- Ali, A., Rehman, K. (2016). The Impact of Leadership Styles on the Performance of Academicians, *Science International (Lahore)*, 28(6), pp. 153-160.
- Banker, D.V., Bhal, K.T. (2020). 'Academic Leadership in India-Development of a Multi-dimensional Measure', Academy of Management Proceedings At: http// journals.aom.org/doi/abs/ 10.546 5/AMBPP.2020.17601 abstract vol:2020(1)
- Chaudhry, A.Q. and Jared, H. (2012). Impact of Transactional and Laissez-faire Leadership Style on motivation, *International Journal of Business and Social Science*, 3(9), pp. 258-264.
- Cherry,K. (2016). Lewin's Leadership Styles. Cited on 19th March, 2016, http//psychology.about.com/od/leadership/Foster, D.E. (2002). A Method of Comparing Follower Satisfaction with the Authoritarian, Democratic and Laissez-faire Styles of Leadership. *Communication Teacher*, 16(2), pp. 4-6.
- Khan, I. U., Idris, M., and Amin, R.U. (2021). Leadership style and performance in higher education: the role of organizational justice, *International Journal of Leadership in Education*, DOI: 10.1080/ 13603124.2020.1854868.

- Parveen, S. and Tariq, A. (2014). Leadership Style, Gender and Job-Satisfaction: A Situational Leadership Approach, *International Journal of Science and Research*, 3(12), pp. 1-6.
- Sharma, L.K. and Singh, S.K. (2013). Characteristics of Laissez-faire Leadership Style: A Case Study, *International Journal of Research in Commerce & Management*, 4(3), pp. 29-31.
- Sharma, V., Poulose, J. and Maheshkar, C. (2022). 'Leadership Styles in Higher Educational Institutions in India- A Need for Paradigm Shift', in Sengupta, E. and Blessinger, P. (Ed.) *Role of Leaders in Managing Higher Education Teaching and Learning, (v 48)*, Emerald Publishing Ltd., Bingley.

ভারতীয় রাজনৈতিক পরিমন্ডলে নারী

Dr. Biswajit Gain (Assistant Professor, Dept. of Political Science, Gobardanga Hindu College)

Sima Ghosh (SACT. Dept. of Sociology, Gobardanga Hindu College)

ভারতের জাতীয় আন্দোলনকে সুসংহত ও ঐক্যবদ্ধ প্রতিরোধ রুপে দেখা এক দীর্ঘকালীন অভ্যাস।[১] অবশ্যই জাতীয় সাফল্যের প্রচার যে এই পথে হাটঁবে সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। তবে বর্তমানে জাতীয় সমসাত্ত্বিক পরিচিতির মধ্যে একাধিক উপস্তরের আস্তিত্ব নিয়ে আলোচনা শুরু হয়েছে। এই উপ বিভাগ গুলি প্রমান করে সরলরৈখিক জাতীয় পরিচিতির মধ্যেও একাধিক উপ-পরিচিতি রয়েছে। যে উপ-পরিচিতিগুলি আসলে পরস্পরের থেকে ভিন্ন শুধু নয়, অনেক ক্ষেত্রে তারা পারস্পারিক দান্দ্বিক সম্পর্কেও লিপ্ত। এই উপ-পরিচিতি গুলির মধ্যে লিঙ্গ আত্মপরিচিতির প্রতি বঞ্চনা ও অবদমন প্রায় সর্বব্যাপ্ত রুপ নিয়েছে। পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থা প্রায় প্রত্যেকটি পরিসরেই নারীকে সম-ক্ষমতা থেকে বঞ্চিত করেছে। পরিবার, সমাজ ও রাষ্ট্র প্রত্যেকটি ক্ষেত্রের মধ্যেই এই লিঙ্গ কেন্দ্রীক অ-সমতা পরিলক্ষিত হয়ে থাকে। এই অসমতা ভারতীয় রাজনীতির ক্ষেত্রেও সমানভাবে পরিলক্ষিত হয়ে থাকে। জাতীয় রাজনীতিতে নারীর প্রতি পুরুষতান্ত্রিক অবহেলা আসলে ভারতীয় সমাজের প্রেক্ষাপটেই নির্মিত হয়েছে।[২] তার কারণ আমাদের জাতীয় জীবনের সমস্যাগুলি মূলত সামাজিক পরিমন্ডল থেকে নির্মিত হয়ে থাকে। এই সমস্যা সমাধানের পথ হিসাবে গনতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা বহুমাত্রিক পন্থা অনুসরন করবার চেষ্টা করেছে। এই সকল প্রচেষ্টাগুলির মধ্যে অন্যতম হল নির্বাচনের বিভিন্ন স্তরে নারীদের জন্য নির্দিষ্ট সংখ্যক আসন সংরক্ষিত করা। পঞ্চায়েত ব্যবস্থায় নারীদের জন্য আসন সংরক্ষন পূর্বেই ছিল। অতি সাম্প্রতিককালে কেন্দ্রীয় আইনসভার উচ্চকক্ষ ও নিম্নকক্ষতেও নারীদের জন্য নির্দিষ্ট সংখ্যক আসন সংরক্ষনের ব্যবস্থা করা হয়েছে। এই সংরক্ষন অবশ্য সাম্প্রতিক ভবিষ্যতেই কার্যকরী হবে না। ২০৩০ এর পূর্বে সম্পাদিত আদমশুমারীর তথ্যের ভিত্তিতে নির্বাচনী ক্ষেত্রের ভৌগোলিক পরিধি নির্ধারন করবার পরেই নারীদের জন্য আসন সংরক্ষনের বিষয়টি বাস্তবায়িত করা হবে।[৩] এই প্রেক্ষাপটেই আমার আলোচনা নারীদের জন্য আসন সংরক্ষন তাদের অবস্থার উন্নতি ঠিক কতটা ঘটাতে পারবে।

নারীর ক্ষমতায়নের প্রক্রিয়াকে একাধিক পরিসর থেকে বিবেচনা করা হয়ে থাকে। এর মধ্যে অন্যতম হল রাজনীতি। ভারত গনতান্ত্রিক রাষ্ট্র সেই কারনে প্রতিনিধিত্ব খুবই গুরুত্বপূর্ন বিষয়। বঞ্চিত ও প্রান্তিক গোষ্ঠির মধ্য থেকে প্রতিনিধি রাজনৈতিক ব্যবস্থায় অংশ না নিলে তাদের প্রকৃত ক্ষমতায়ন সম্ভব নয়। এই চিন্তা ভারতীয় রাজনীতিতে অবশ্য প্রাথমিক পর্ব থেকে ছিল না। তবে ভারতীয় গনতন্ত্র ভোটাধিকার প্রদানের ক্ষেত্রে যথেষ্ট পরিনত মানসিকতার পরিচয় দিয়েছিল। পুরুষের সাথেই সকল নারীকে ভোটাধিকার প্রদান করা হয়েছিল। তবে নারীদের জন্য নির্বাচনে আসন সংরক্ষন করা হয় নি। তবে পছন্দের প্রার্থী চয়নের বিষয়টি নারীর ক্ষমতায়নের পথে প্রাথমিক পদক্ষপ ছিল। তবে এক্ষেত্রেও নারীকে পুরুষতান্ত্রিক কাঠামোর অধীনতাকে মান্যতা দিতে হয়েছে। আসলে প্রার্থী নির্বাচনের পছন্দের ওপর পরিবারের গুরুত্বপূর্ন ভূমিকা ছিল। পরিবারের কাঠামো পরিচালিত হত পুরুষতান্ত্রিক ব্যবস্থাকে অনুসরন করে। পুরুষতান্ত্রিক পারিবারিক কাঠামোতে আধিপত্যের দিকে থাকে পুরুষ আর অধীনতার দিকে থাকে নারী। তার ফলে পারিবারিক স্তরেই নারীর স্বাধীন ইচ্ছাশক্তির বিকাশ ঘটতে পারে না। স্বাধীন চেতনা তৈরি হলেও তা পুরুষের দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে। এই প্রেক্ষাপটেই বলতে হয় আসলে পরিবার হল বৃহত্তর সমাজের ক্ষুদ্র সংস্করন। তবে পরিবার ও সমাজের ক্ষেত্রে ভাবনাগত আদান প্রদান পরিলক্ষিত হয়ে থাকে। পরিবারের ও সমাজ উভয় ক্ষেত্রই পুরুষতান্ত্রিক সমাজ ভাবনাকে নির্মান করে থাকে। তার ফলে ক্ষমতা ও নিয়ন্ত্রনের কাঠামো তৈরি হয় যার মূল উদ্দেশ্য পুরুষতন্ত্রকে প্রতিষ্ঠিত করা। এই পুরুষতান্ত্রিক নিয়ন্ত্রন কেবলমাত্র অবদমনমূলক পন্থার মধ্য দিয়ে পরিচালিত হয় না। অবদমনের সাথে বিভিন্ন অনুশাসনের মাধ্যমেও বাস্তবায়িত হয়ে থাকে। অনুশাসনের মাধ্যমেও ক্ষমতার প্রকাশ ঘটে তা মিশেল ফুকোর রচনার অন্যতম অভিমুখ।৪ ক্ষমতা সর্বদাই অপেক্ষিক তার কারণ ক্ষমতার প্রকাশ অন্যের ওপর না আরোপিত হলে ক্ষমতার অস্তিত্ব অনুমান করা যায় না। পুরুষতন্ত্রের অনুশাসন আরোপিত হয়ে থাকে অধীনত নারীর ওপর। অধীনতাকে স্থায়ী ও দৃঢ় করবার ক্ষেত্রে ধর্মীয় ও সামাজিক অনুশাসন অনুকূল পরিস্থিতি তৈরি করে থাকে। নারীকে নিয়ন্ত্রনের ক্ষেত্রে পরিবার, সমাজ ও রাষ্ট্র যূথবদ্ধভাবে কার্যকরী থাকে।৫ পরিবারের ক্ষেত্রে প্রত্যক্ষভাবে নারী গার্হস্থ্য হিংসার শিকার হয়ে থাকে। সমাজের ক্ষেত্রে অনুশাসনের নেতিবাচকতা নারী সম্পর্কে বিভিন্ন স্থির ধারনা বা চিন্তার মধ্য দিয়ে প্রকাশিত হয়। এই কাঠামোর ওপর ভিত্তি করেই পরিচালিত রাষ্ট্র ব্যবস্থা। রাষ্ট্র ব্যবস্থার ক্ষমতা কাঠামো মূর্ত হয়ে ওঠে আইনের মাধ্যমে। আইনে মাধ্যমেই আধুনিক রাষ্ট্র একাধারে নিজেদের সার্বভৌম ক্ষমতাকে প্রয়োগ করে থাকে। তবে আইনের মধ্যে এক প্রকার অস্পষ্টতা ও দ্বৈততা থাকে। তার কারণ আইন প্রনয়ন করলেই সেই আইন

উদ্দেশ্য অনুযায়ী প্রযুক্ত হবে তার কোন নিশ্চয়তা নেই। তার কারণ গনতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থায় আইনের প্রয়োগ ব্যক্তির ওপর নির্ভর করে থাকে। ভারতের ন্যায় রাষ্ট্রের ক্ষেত্রে একথা বিশেষভাবে প্রযোজ্য। সেই কারনে নারীর ক্ষমতায়নের উদ্দেশ্যে প্রনীত আইনের সঠিক প্রয়োগ পরিলক্ষিত হয় না। তাই আইন প্রনয়নের সাথে আইনের প্রয়োগও যথেষ্ট গুরুত্বপূর্ণ।

ভারতীয় গনতান্ত্রিক ব্যবস্থা আইনের মাধ্যমে নারীর ক্ষমতায়নকে প্রাধান্য দিয়েছে। এই কারনেই নারী নির্যাতনকে আইনি পথে প্রতিহত করবার প্রচেষ্টা ১৯৮০ এর দশক থেকে বিশেষ ও কার্যকরীভাবে সমাজদেহে প্রতিস্থাপিত করবার চেষ্টা করা হয়েছে। ক্ষমতায়নের পরিসরে রাজনৈতিক অংশগ্রহন বিশেষভাবে গুরুত্বের দাবি রাখে। তার কারণ রাজনৈতিক ক্ষমতায়নের সাথে যুক্ত থাকে প্রতিনিধিত্বের প্রশ্ন। রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের প্রশ্নটি অবশ্য লিঙ্গভিত্তিক কাঠামো থেকে সর্বদা বিবেচনা করা যাবে না। তার কারণ রাজনীতিকে সার্বিক জনপ্রতিনিধিত্বের আঙ্গিকে বিবেচনা করা উচিত। ভারতীয় গনতন্ত্র ভৌগোলিক ক্ষেত্রভিত্তিক। আন্যভাবে বলা যায় নির্দিষ্ট জনগোষ্ঠী যে ভূখন্ডের মধ্যে বসবাস করে থাকে সেই মানদন্ডকে ভিত্তি করে জনপ্রতিনিধির সংখ্যা নির্ধারন করা হয়ে থাকে। জনপ্রতিনিধি সাধারনভাবে যে নির্দিষ্ট ভৌগোলিক ক্ষেত্র থেকে নির্বাচিত হয়ে থাকে সেখানকার সমস্ত মানুষের প্রতিনিধিত্ব করে থাকে। তাই কোন বিশেষ পরিচিতির প্রতিনিধিত্ব বিষয়টি ভিন্নতর অর্থ তৈরি করে থাকে। তবে এই বিষয়টিকে ভিন্ন ভাবে চিন্তা করলে বিষয়টি জটিল হবে না। তার কারণ দেশের মোট জনসংখ্যার অর্ধেক প্রায় নারী। ২০১৯ সালের ভোটে দেখতে পাওয়া যায় পুরুষের তুলনায় অধিকতর মহিলা ভোটারের সংখ্যা বেশী। নারীদের সক্রিয় অংশগ্রহণ প্রমান করে, মহিলারা গনতান্ত্রিক ব্যবস্থায় সংযুক্ত হতে চায়। তবে এই অংশগ্রহণকে সক্রিয় ভূমিকা পালন মনে করবার যথেষ্ট কারণ নেই। সক্রিয়তার অভাবহীনতার কারণ হিসাবে একাধিক বিষয়কে দায়ী করা হয়ে থাকে। যে কারণগুলির জন্য ভারতীয় সমাজকাঠামো অনেকাংশে দায়ী। পরিবারের পুরুষতান্ত্রিক ব্যবস্থা যার মধ্যে অন্যতম। এই ব্যবস্থা ব্যবস্থা নারীকে সর্বদা অধীনত হিসাবে দেখতে চায়। তাই নারীর রাজনৈতিক প্রক্রিয়াই অংশগ্রহনের অধিকার থাকলেও, সেই অধিকার প্রয়োগের ক্ষেত্রে স্ব-মতামতের বিশেষ ভূমিকা থাকে না। তার কারণ ভোটাধিকার প্রয়োগে অনেক ক্ষেত্রে পারিবারিক সিদ্ধান্তের অনুসারী হতে হয়। তবে পারিবারিক সিদ্ধান্তের অনুসারী হওয়া সাধারন নারীর শুধু সমস্যা নয়, এই সমস্যার শিকড় আরো গভীরে প্রোথিত। তার কারণ নারী জনপ্রতিনিধিরা অনেক ক্ষেত্রে পুরুষের সিদ্ধান্তের দ্বারা পরিচালিত হয়ে থাকে। এই জাতীয় প্রবণতার অভিযোগ ভারতীয় রাজনীতিতে শোনা যায়।

ভারতীয় গনতান্ত্রিক ব্যবস্থায় নারীর ক্ষমতায়নকে দুটি পৃথক পরিসর থেকে বিবেচনা উচিত। প্রথম পরিসরটি নেতৃস্থানীয় আর দ্বিতীয়টি হল ভোটার হিসাবে অংশগ্রহন। এই দুটি স্তরের মধ্যে আপাত পার্থক্য থাকলে আসলে এই দুটি স্তরই পরস্পরের ওপর নির্ভরশীল। ভারতীয় রাজনীতিতে মহিলাদের দায়িত্বশীল পদ প্রাপ্তির ইতিহাস বেশ পুরোনো। ভারতীয় রাজনীতি প্রথম মহিলা মুখ্যমন্ত্রী পেয়েছিল অরুনা আসফ আলির মধ্যদিয়ে।ভারতীয় রাজনীতিতে প্রথম মহিলা প্রধানমন্ত্রী হলেন ইন্দ্রিরা গান্ধী। মহিলা প্রধানমন্ত্রী হিসাবে জাতীয় রাজনীতি ও কংগ্রেস দলকে নতুনতর কাঠামোর ওপর প্রতিষ্ঠিত করতে চেয়েছিল। ইন্দ্রিরা গান্ধী প্রমান করেছিলেন ভারতীয় মহিলা রাজনীতিবিদরা আন্তর্জাতিক ক্ষেত্রেও আপন সাফল্যের পরিচয় প্রদান করতে সক্ষম। তিনি নানা কারনে জাতীয় রাজনীতিতে সমালোচিত হয়েছেন। তথাপি সমকালীন সময়ে আন্তর্জাতিক রাজনীতির পরিস্থিতি ছিল যথেষ্ট জটিল। তার কারণ এই সময়কালে ঠান্ডা লড়ায়ের আবর্তে এশীয় রাজনীতি জড়িয়ে পড়েছিল। ভিয়েতনামকে কেন্দ্র করে জাতির মুক্তি সংগ্রাম ও সাম্রাজ্যবাদী আগ্রাসনের প্রশ্নটি আবার প্রাসঙ্গিক হয়ে পড়েছিল। তবে ভারতের জনসাধারন ও সরকার এই সময় ভিয়েতনামের মুক্তিসংগ্রামীদের পাশে ছিল। তবে ঠান্ডা লড়ায়ের প্রত্যক্ষ প্রভাব ভারতে পড়েছিল বাংলাদেশের মুক্তি সংগ্রামের সময়। এই সময় পাকিস্থান রাষ্ট্রের পূর্ব ও পশ্চিম প্রান্তের মধ্যে জাতীয়তার প্রশ্নকে কেন্দ্র করে বিবাদ শুরু হয়। ভারত পূর্ব পাকিস্তানের পক্ষ নিয়েছিল। পূর্ব পাকিস্তানের সংগ্রাম ছিল বাঙালীর আত্মপরিচিতি প্রতিষ্ঠার প্রচেষ্টা। অন্যদিকে পশ্চিম পাকিস্তান পেয়েছিল আমেরিকার সহায়তা। আমেরিকার বিরোধিতা করে ভারত ইন্দিরা গান্ধীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিষ্ঠায় সহায়তা করেছিল। এই রাজনৈতিক সক্রিয়তা প্রমাণ করে ভারতীয় রাজনীতিতে মহিলারা সকল প্রকার দায়িত্বপালন করতে সক্ষম। ভারতীয় রাজনীতিতে অসংখ্য মহিলা মুখ্যমন্ত্রী তাদের দায়িত্বপালন করে যাচ্ছে। এককথায় সংসদীয় রাজনীতিতে মহিলাদের জন্য আসন সংরক্ষিত হওয়ার কারনে ভারতীয় গনতান্ত্রিক ব্যবস্থার মানের কোন প্রকার অবনমন ঘটবে না। অন্যদিকে এর মাধ্যমে ভারতীয় রাজনীতিতে লিঙ্গগত সমতার পরিমণ্ডল তৈরি হবে। মহিলারা রাজনীতিতে এই অংশগ্রহনের মাধ্যমে অন্য একটি বিষয়কে প্রতিপন্ন করে,আর সেটি হল নারী বাহ্যিক জীবনে অংশ নিতে সক্ষম। সাধারন ধারনা অনুযায়ী মনে করা হয় নারীর অবস্থান গৃহের অভ্যন্তরে আর পুরুষ বাইরের দায়িত্বপালন করবে। এই নারীর জন্য বরাদ্দ অন্দরমহলের ধারণা ভাঙতে সাহায্য করবে নারীদের জন্য সংসদে আসন সংরক্ষণের আইন।

তথ্যসূত্র :

১. মর্ডান টাইমস— সুমিত সরকার
২. Domestic violence law in India : Shalu nigam
৩. OUTLOOK : 11 September 2023
৪. Discipline and punishment : Michel Foucault
৫. Sexual politics : kate millett

স্বাধীনতা উত্তর বাংলাদেশে ইসলামীকরণের প্রয়াস বিশেষত এরশাদের সময়কাল পর্যন্ত : (১৯৭১ - ১৯৯০)

ডক্টর বিশ্বজিৎ গাইন (সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারসংক্ষেপ :

১৯৪৭ সালে এই উপমহাদেশের স্বাধীনতা ছিল বহু অমীমাংসিত সমস্যার তাপ্তি দেওয়া সমাধান মাত্র। নানাবিধ কারণে ভারতের মুসলমানরা উপমহাদেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে বসবাস করলেও তারা বিশ্বাস করতে শুরু করেছিল যে, যেহেতু তারা এক স্বতন্ত্র ধর্ম, ইসলামের অনুসারী, এই কারণে তারা এক স্বতন্ত্র জাতি এবং এক স্বতন্ত্র ইসলামি সংস্কৃতির ধারক। আর সেদিন এই মনোভাব থেকেই দাবী উঠেছিল মুসলমানদের স্বতন্ত্র স্বার্থরক্ষার স্বতন্ত্র নির্বাচনের। মুসলিম লীগই এই স্বতন্ত্র স্বার্থরক্ষার এবং নির্বাচনের বন্দোবস্ত করে, যেদিন মুসলমানদের স্বাধীন স্বতন্ত্র প্রদেশ/দেশ পাকিস্তান আন্দোলনে মুখ্য ভূমিকা নিতে লাগলে, বহু বিচিত্র এবং বৈচিত্র্যের মধ্যে ঐক্যের মিলন ক্ষেত্র ভারতীয় উপমহাদেশবাসীর সামনে সেই দিন হাজির হয়েছিল নানা উদ্বেগ। অবশ্যই সেই উদ্বেগ ছিল বিষণতার উদ্বেগ, যা অবশেষে আবেগ তাড়িত মহাদেশবাসীকে মেনে নিতে হয়েছিল। আমার মনে হয় এই উদ্বেগকে সঠিক ভাবে ধরতে না পারলে আজকের ইসলামীকরণ এবং উদ্বেগকে সঠিকভাবে ধরা যাবে না। মার্কিন ইতিহাসবিদ ব্রুস মজলিশ এর বিখ্যাত উক্তি (Before Modern Man Could Look Forward, He Had To Look Backward In Modern Way) এইখানেই প্রাসঙ্গিকতা অর্জন করে। ফলে রাজনীতির ইসলামীকরণ সম্পর্কে এই উদ্বেগকে ধরতে গেলে বা রাজনীতিতে ইসলামীকরণ এবং তার উদ্বেগকে ধরতে গেলে আধুনিক ভাবে পেছনের দিকে তাকাতে হবে।

ধর্ম একটা জাতিকে দ্বিখন্ডিত করলো কিন্তু ধর্মগ্রহণ এবং ধর্মাচারণ এর ক্ষেত্রে উপমহাদেশের ভূখণ্ডগত অখণ্ডতাকে মেনে নিতে হলো; কিছু রদবদল হলেও পুরোটা হলো না। তবে উভয় রাষ্ট্র (বাংলাদেশ/পাকিস্তান) যে ধর্মনিরপেক্ষতার বীজ ছিল তা গোড়াতেই ধরা পড়ে।

১৯৭১ সালে ডিসেম্বর মাসে স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র গঠিত হবার পরে প্রথম পর্যায়ে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থা গৃহীত হয়েছিল। উল্লেখ্য ১৯৭৫ সাল পর্যন্ত এই ধরনের রাজনৈতিক ব্যবস্থা বাংলাদেশে চালু ছিল। ১৯৭৫ এর ২৫ শে জানুয়ারি সংসদীয়

ব্যবস্থা থেকে রাষ্ট্রপতি শাসিত ব্যবস্থায় রূপান্তরিত হলে বাংলাদেশের রাজনীতির গতিপ্রকৃতি বদলাতে থাকে। প্রধানত জাতি নির্মাণ এবং দেশের ঐক্য সংহতি বজায় রাখবার উদ্দেশ্যে বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত শাসন ব্যবস্থা চালু করা হয়। সেই প্রেক্ষাপটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপতির দায়িত্বভার গ্রহণ করেন। উক্ত রাজনৈতিক পট পরিবর্তনের মধ্যে দিয়ে অনেকে এমন দাবিও করেন যে এই রাজনৈতিক রূপান্তরের মধ্য দিয়ে বাংলাদেশে শুধুমাত্র একটি দলের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়নি স্বৈরাচারী শাসন ব্যবস্থার বীজ ও গথিত হয়েছিল।

যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করবার উদ্দেশ্যে এবং নতুনভাবে এক সমস্যা সংকুল পরিস্থিতিকে রাষ্ট্র নির্মাণের উদ্দেশ্যে বাংলাদেশ এইভাবে স্বৈরতান্ত্রিক পথে যাত্রা শুরু করেছিল বলে মনে করা হয়। একদিকে যেমন দেশের নতুন নেতা হিসেবে শেখ মুজিবুর রহমান সমস্ত ধরনের জাতীয়তাবাদী শক্তি গুলিকে ঐক্যবদ্ধ রাখতে ব্যর্থ হয়েছিলেন। তেমনি অন্যদিকে যুদ্ধের সময় থেকে বাংলাদেশী সমাজে ব্যাপক সামরিকিকরণ ঘটায় সংঘাত দির্ণ দেশকে নিয়ন্ত্রণ করা সরকারের পক্ষে কঠিন হয়ে পড়েছিল। এই পরিস্থিতিতে সরকারের যেকোনো রকমের সমালোচনা রাষ্ট্রপতির অপছন্দের ছিল। যাইহোক, এইভাবে বিরোধী দলগুলি সম্পর্কে অনমনীয় মনোভাব সরকারের পক্ষ থেকে গৃহীত হতে থাকায় গণতান্ত্রিক পরিবেশ বিনষ্ট হয়।

শেখ মুজিবুর রহমানের শাসনকাল আকস্মিকভাবে সমাপ্ত হবার পরে পরবর্তী ১৫ বছর বাংলাদেশে ধারাবাহিকভাবে সামরিক শাসন কার্যকরী ছিল। প্রথম পর্যায়ে জেনারেল জিয়াউর রহমান এবং দ্বিতীয় পর্যায়ে হোসেন মোহাম্মদ এরশাদ পর্যায়ক্রমে দেশকে শাসন করে গেছেন। উল্লেখ্য, এই সামরিকীকরণের মধ্যেই ইসলামীকরণের বীজ প্রাথমিক পর্যায়ে নিহিত করেছিলেন জেলা জিয়াউর রহমান, সাংবিধানিকভাবে এবং সামাজিকভাবে। ১৯৮২ সালে মার্চ মাসে জেনারেল এরশাদ রাজনৈতিক ক্ষমতা দখল করার পর জিয়াউর রহমানের সেই ধারাকে অব্যাহত রেখেছিলেন। বিশেষত রাষ্ট্র নির্মাণ এবং জাতি নির্মাণের উদ্দেশ্যে ইসলামকে ব্যবহার করে সমস্ত জাতিকে ইসলামীকরণের আওতায় এনে সাংবিধানিকভাবে এবং সামাজিকভাবে যে দৃঢ়তার পরিচয় দিয়েছিলেন তা যথেষ্ট তাৎপর্যপূর্ণ। এই সংক্ষিপ্ত অথচ ঘটনা বহুল সারসংক্ষেপ এর মধ্যে দিয়ে গবেষক দেখাতে চাইছে স্বাধীনতা উত্তর বাংলাদেশে ইসলামীকরণের প্রয়াসে শেখ মুজিবুর রহমান পরবর্তী বিভিন্ন ইসলামিক রাজনৈতিক দল (বিশেষত জামাতে ইসলামী এবং সমমনা গুলি) এবং সামরিক শাসনের কাল পর্যন্ত রাষ্ট্রীয়

শাসকেরা কিভাবে সংবিধান, জাতি, সমাজ, এবং জাতীয় জনসমাজ ও সভ্যতাকে ইসলামীকরণের দিকে ঠেলে দিয়েছে সেই ব্যাখ্যা বিশ্লেষণের একটি ছোট্ট প্রয়াস মাত্র।

বিনীত
বিশ্বজিৎ গাইন

বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি ছোটো রাষ্ট্র। দক্ষিণ এশিয়ার দীর্ঘতম দুটি নদী গঙ্গা আর ব্রহ্মপুত্র যেখানে বঙ্গোপসাগরে মিশেছে সেখানেই কালের পরিক্রমায় গড়ে ওঠা পৃথিবীর বৃহত্তম এই বদ্বীপ। এই গঙ্গা ব্রহ্মপুত্র মোহনা অঞ্চলে প্রায় ৩০০০ বছর বা তারও পূর্ব থেকে যে জনগোষ্ঠীর বসবাস, তাই ইতিহাসের নানান চড়াই উৎরাই পেরিয়ে এসে দাঁড়িয়েছে বর্তমানের স্বাধীন রাষ্ট্র বাংলাদেশরূপে। ভৌগোলিক বিচারে বাংলাদেশ ২০ ডিগ্রী ৩৪ মিনিট উত্তর অক্ষাংশ এবং ৮৮ ডিগ্রী ০১ মিনিট ও ১২ ডিগ্রী ৪১ মিনিট পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে অবস্থিত।[১] অন্যদিকে বাংলাদেশের ভৌগোলিক অবস্থানজনিত দিকটি দক্ষিণ এশিয়ায় ভারত ও মিয়ানমারের ঠিক মাঝখানে। এর ভূখন্ড ১ লক্ষ ৪৭ হাজার ৫৭০ বর্গ কিলোমিটার এলাকা জুড়ে অবস্থিত। অবস্থিত এই এলাকাটির পশ্চিম, উত্তর আর পূর্ব সীমান্ত জুড়ে রয়েছে ভারত, পশ্চিমে রয়েছে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য; উত্তরে পশ্চিমবঙ্গ, আসাম, মেঘালয় রাজ্য এবং পূর্বে রয়েছে আসাম, ত্রিপুরা ও মিজোরাম। তবে পূর্বে ভারত ছাড়াও মিয়ানমারের (বার্মা) সাথে সীমান্ত রয়েছে, দক্ষিণে রয়েছে বঙ্গোপসাগর। দেশটির স্থল সীমান্তরেখার দৈঘ্য ৪২৪৬ কিলোমিটার যার ৯৪ শতাংশ ভারতের সাথে এবং বাকি ৬ শতাংশ মিয়ানমারের সাথে।[২] এই ভৌগোলিক অবস্থান থেকেই বোঝা যায় বাংলাদেশ রয়েছে একটি কৌশলগত অবস্থানে যা দক্ষিণ এবং দক্ষিণপূর্ব এশিয়ার মধ্যে সেতুবন্ধন হিসাবে কাজ করে।

সংক্ষিপ্ত অথচ ঘটনাবহুল ঐতিহাসিক পরিক্রমা থেকে জানা যায়,রাষ্ট্রটি দীর্ঘ দুশতাব্দী উপনিবেশিক শাসনের আওতায় ছিল। (প্রাথমিক পর্যায়ে ব্রিটিশ ভারতবর্ষের প্রদেশ হিসেবে (১৮৫৭-১৯৪৭) এবং দ্বিতীয় পর্যায়ে ভারত পাকিস্তান বিভক্ত হওয়ার পর পাকিস্তানের প্রদেশ হিসাবে (১৯৪৭-১৯৭১)।[৩] যাইহোক, অপারেশন সার্চলাইট নামে অভিহিত গণহত্যাকে প্রতিহত করে ১৯৭১ সালে ডিসেম্বর মাসে প্রদেশটি উপনিবেশিক শৃঙ্খল থেকে মুক্ত হয়ে স্বাধীন রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করে দীর্ঘ ৯ মাস পশ্চিম পাকিস্তানী সমরসেনাদের সঙ্গে রক্তক্ষয়ী সংগ্রামের মধ্যে দিয়ে।[৪] অর্জিত স্বাধীনতার ভিত্তিতে গঠিত বর্তমান বাংলাদেশ রাষ্ট্র ৬৪ টি জেলা নিয়ে গঠিত। এই রাষ্ট্রের ক্ষুদ্রতর প্রশাসনিক অঞ্চলকে উপজেলা বা থানা বলা হয়। সারাদেশে মোট ৫৭০ টি উপজেলা

বা থানা রয়েছে। এই উপজেলা বা থানাগুলি আবার ৪,৪৮৪ টি ইউনিয়নে; ৫৯,৯৯০ টি মৌজায় এবং ৮৭,৩১৯ টি গ্রামে বিভক্ত।[৫] এই রক্তক্ষয়ী ইতিহাস এবং ভৌগোলিক পরিচয় বোধকরি সকলের জানা। গবেষকের আগ্রহের দুটি ধারণা নির্মাণের জন্য এই ইতিহাসের পুনারবৃত্তি হল।

বিলক্ষণ, যে দেশ ১৯৭১ এর আগে পাক সার জমিন সাদ বাদ গাইতো ১৬ ডিসেম্বর ১৯৭১ এক রক্তক্ষয়ী সংগ্রামের মধ্যে দিয়ে দেশের জাতীয় সঙ্গীত সহ ভৌগোলিক মানচিত্রটাকে বদলে দিল এক সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে। গঠন করলো স্বাধীন সোনার বাংলা, গঠিত হলো স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। এই স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের ইসলামীকরণই গবেষকের আলোচ্য বিষয়। তবে বাংলাদেশের ইসলামীকরণ বলতে অতীতে বাংলাদেশের সুফি ইসলামের সম্প্রসারণও বোঝাতে পারে। যেখানে বাংলার সুফিগণ কখনোই রাজদরবার, মসজিদ, মাদ্রাসা, দরগাহ কিংবা নিজস্ব খানকাহ এর মধ্যে তাদের জীবনের কার্যক্রম সীমাবদ্ধ রাখেনি। বাংলার এমন কোনো গ্রাম-গঞ্জ নেই যেখানে সুফিদরবেশদের পদচিহ্ন পড়েনি। তারা সাধারণ জনস্তরে নেমে যেতেন। মেলামেশা করতেন ব্রাহ্মণ্যধর্মের সবচেয়ে নীচের স্তরের মানুষের সাথে যারা ছিলেন নির্যাতিত শোষিত ও অপমানিত। সুফিদের জীবন অভ্যাসের সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ছিল তারা বেশির ভাগই এদেশে স্থায়ী ভাবে বসবাস করেছেন। এদেশের ভাষা-সংস্কৃতির সাথে একাত্ম হয়ে গেছেন। বংশ পরম্পরায় তারা বাঙালি হয়ে গেছেন। কিয়দংশই নয় অনেকাংশেই সত্য যে একাদশ শতাব্দী থেকে ষষ্ঠ শতাব্দী পর্যন্ত সুফিদের নিরবচ্ছিন্ন প্রভাব নতুন সমাজ সৃষ্টি করেছিল এদেশে।[৬] আর সারা বিশ্বে ইসলামের প্রসার ঘটাতে কট্টর মৌলবাদী তথা বিশুদ্ধবাদী মোল্লাদের চেয়ে উদার মানবতাবাদী সুফি সাধক বা আউলিয়াদের অবদান অনেক বেশি। সুফিরা মনে করতেন যে, যেহেতু বিশ্বব্রহ্মান্ডের যিনি সৃষ্টিকর্তা তিনি তো ভয়ের বস্তু নন, তিনি ভালোবাসার বস্তু আর রাহমানির রাহিম অর্থাৎ পরম করুণাময়, পরম দয়ালু। একমাত্র ভক্তি ও ভালোবাসা দিয়ে তাঁর সান্নিধ্যে পৌঁছানো সম্ভব। সুফীরা ধর্মের আচার-অনুষ্ঠানের চেয়ে ধর্মের অন্তর্নিহিত মর্মবাণীর ওপর বেশি গুরুত্ব দিতেন। তাঁরা মনে করতেন ধর্মের মূল ও অপরিহার্য বৈশিষ্ট্য হলো ঈশ্বরে বিশ্বাস ও মানবপ্রেম, পরম সত্যের প্রতি নিষ্ঠা, শ্রেষ্ঠত্বের সন্ধান, আত্মনিয়ন্ত্রণ ও অন্তরের জ্যোতি।[৭] ফলে বাংলাদেশের ইসলামীকরণ বলতে ইসলাম সম্প্রসারণের বা ইসলামীকরণের এই দিকটাকেও বোঝানো যেতে পারে, তাই গোড়াতেই তা পরিস্কার করে দেওয়া এবং একটা স্বচ্ছ ধারণা নির্মাণ করা যেখানে বুঝতে অসুবিধা না হয় বাংলাদেশের ইসলামীকরণ বলতে স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্রের রাষ্ট্রীয় ইসলামীকরণের কলাকৌশল কে বোঝানো।

৭১-এর মুক্তিযুদ্ধে তৎকালীন পূর্ব এবং পশ্চিম পাকিস্তানে একদিকে যেমন কিছু ধর্মীয় রাজনৈতিক দল স্বাধীনতার বিপক্ষে অবস্থান গ্রহণ করে। অপরদিকে তেমনি বামপন্থি ও সমমনা দলগুলি বিশেষত পিকিংপন্থী মাওবাদী দলগুলো শ্রেণী সংগ্রামের তত্ত্বকে সামনে এনে দাবি করে, পেটিবুর্জোয়া আওয়ামী লীগের নেতৃত্বে শ্রমিক শ্রেণীর মুক্তি আসতে পারে না— এই শ্লোগান সামনে রেখে মুক্তিযুদ্ধকালীন অবস্থায় বিতর্কিত ভূমিকা পালন করে। কারণ তৎকালীন বামপন্থী ও কমিউনিস্ট দলগুলি বিদ্যমান পরিস্থিতির গতি-প্রকৃতি ও চরিত্র সঠিকভাবে অনুধাবন করতে ব্যর্থ হওয়ায় এবং সাম্রাজ্যবাদের এজেন্ট পাকিস্তানী সরকারের জাতিগত নিপীড়নকে শ্রেণী শোষণ ও নির্যাতনের একটি নির্দিষ্ট রূপ হিসেবে ব্যাখ্যা বিশ্লেষণ করতে ব্যর্থ হওয়ায় তাদের কার্যক্রম শুধুমাত্র শ্রমিক কৃষকের কিছু অর্থনৈতিক সংগ্রাম এবং বুর্জোয়াদের কিছু কিছু সমালোচনার মধ্যে সীমাবদ্ধ ছিল।[৮]

অপরদিকে জামায়াতে ইসলামী সহ সমমনা অধিকাংশ ধর্মীয়ভাবাপন্ন রাজনৈতিক দলগুলি পাকিস্তানের অখন্ডতার পক্ষে দাঁড়ায়। অর্থাৎ তারা মনে করতে থাকে; অখন্ড পাকিস্তানই অখন্ড ইসলাম, পাকিস্তান রক্ষা না পেলে ইসলাম রক্ষা পাবে না, পাকিস্তান ভেঙে গেলে মুসলমানদের স্বার্থ বিপন্ন হবে। পাশাপাশি তারা এমন সন্দেহও পোষণ করতে থাকে, ভারতের সমর্থনপুষ্ট আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে এ দেশটিকে একটি ভারত নির্ভর দেশ হিসেবে রূপান্তরিত করবে এবং মুসলমানদের ঐতিহ্যগত ধর্মীয়। আচার-অনুষ্ঠানে বিঘ্ন সৃষ্টি হবে— এই সকল প্রেক্ষাপটকে সামনে রেখে তারা সরাসরি স্বাধীনতা সংগ্রামের বিরোধিতায় অবতীর্ণ হয় এবং রাজাকার, আল-বদর, আল-শামস ইত্যাদি প্রতিবিপ্লবী সংগঠন গড়ে তোলে। ধর্মান্ধ মৌলবাদী রাজনৈতিক দল জামায়াতে ইসলামীর সশস্ত্র অঙ্গ-সংগঠন আলবদর ও আল-শামস স্বতঃপ্রবৃত্ত হয়েই পাকিস্তানীদের সহায়তা করে এবং বাড়ি ঘরে অগ্নিসংযোগ, ধর্ষণ ও হত্যাযজ্ঞ চালায়।[৯]

বলাই বাহুল্য, পাকিস্তান এবং পাকিস্তানী সমসাথী আল-বদর, আল-শামস বাহিনীর নৃশংসতার পরিচয় দিতে গেলে বাংলাদেশের প্রখ্যাত উপন্যাসিক হুমায়ুন আজাদ এর পাক সার জমিন সাদবাদ এর দিকে তাকাতে হবে যেখানে প্রকৃত আত্মপোলব্ধি সম্ভব...' আমরা পাক পবিত্র ইছলামি খুনে, আমার নামে খুনে, যার ফলে দেশ দখল করবো আমরা, তাতে বিশ্বাস করি, আমরা জানি খুন ছাড়া মহাসত্য কখনোই প্রতিষ্ঠিত হয় না। আমরা বিছমিল্লা বলে খুন করি, বলি, হে আল্লা, রাহমানের রাহিম, আপনার নামে খুন করিতেছি, আমাদিগকে বেহেশতে নছিব করিবেন, আর যদি ভুল খুন করি, তাহলে আমাদিগকে মাফ করিয়া দিবেন। খুনে, ধর্মে, ও একটি মহৎ কর্মে- যাকে নাছারা দুর্নীতি বলে, তাতে আমরা এখন আমরা দুনিয়ার এক নম্বর আসন অধিকার করে আছি। তবে

আসল কথা হচ্ছে স্তানকে (মানে পাকিস্তান) ফিরিয়ে আনতে হবে, শরিয়া প্রতিষ্ঠা করতে হবে। দেশ মুরতাদ ও ইহুদিতে ভরে গেছে, দেশ নাপাক হয়ে গেছে, একে আবার পাক করে তুলতে হবে; পাক পবিত্র স্তানকে ফিরিয়ে আনতে হবে। স্তান নেই বলে আমাদের দিলে শান্তি নেই; আমরা সব সময় স্তানের স্বপ্ন দেখি, স্তান থেকে খেজুর, বাশমতি চাউল এনে খাই, তাদের সঙ্গে ক্রিকেট খেলি, আমাদের লকলকে যুবতীগুলো তাদের দাড়িআলা দাড়িছাড়া খেলোয়াড়দের চুমো খাওয়া, দেহ দেবার জন্য পাগল হয়, তাদের হোটেলে গিয়ে চিৎ হয়, তাদের দুই-চারটি মেজর লেফটনেন্টা জেনারেল মাসে মাসে ছফরে না এলে আমরা দিলে সুখ পাই না। এভাবে আমরা একটু পাকের পরশ পাই। নাপাক ওয়াতানে বাস করা শুয়োরের গোস্ত খাওয়ার থেকেও হারাম। নাউজুবিল্লা।[১০] আর এই কারণেই বদরউদ্দীন উমর এর দাবি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ বিরোধী পাকিস্তানী দালাল ও মৌলবাদী ঘাতকদের মধ্যে সবচেয়ে মারাত্মক ও ঘৃণ্য শক্তিহলো জামায়াতে ইসলামী।

বাংলাদেশের স্বাধীনতা লাভের পরে আওয়ামী লীগ সরকার রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে ভারতীয় মডেলের সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করে। এই সময়ে পিকিংপন্থী মাওবাদী রাজনৈতিক দল ও জামায়াতে ইসলামী সহ কাউন্সিল মুসলিম লীগ, কনভেনশন মুসলিম লীগ ও নেজাম-ই-ইসলাম ইত্যাদি রাজনৈতিক দলের (যারা বা যে সমস্ত দল মুক্তিযুদ্ধের বিরুদ্ধ শক্তি হিসেবে অখন্ড পাকিস্তান, অখন্ড ইসলামের স্বার্থে ক্রিয়া-কলাপ অব্যাহত রেখেছিল) রাজনৈতিক কার্যকলাপ বেআইনী ঘোষিত হয়। ১৯৭২ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত এই সমস্ত নিষিদ্ধ ঘোষিত রাজনৈতিক দলগুলির কার্যকলাপ বেআইনী ঘোষিত হলেও তারা পর্দার অন্তরালে গোপনে তাদের সাংগঠনিক কার্যকলাপ জিইয়ে রাখে। মওলানা আবদুল আউয়াল-এর দাবি ১৯৭৫ সাল পর্যন্ত বাংলাদেশে ধর্মভিত্তিক এবং সাম্প্রদায়িক রাজনীতি নিষিদ্ধ থাকলে ও জামায়াতে ইসলামী সহ সমমনা রাজনৈতিক দল ও তাদের শাখা সংগঠন রাজাকার, আল-বদর, আল-শামস এর গোপন তৎপরতা বন্ধ ছিল না।[১১] একথা ঠিক কোনো একটি দলকে নিষিদ্ধ ঘোষণা করলে দলটি নিশ্চিহ্ন হয়ে যায় না। সাময়িক শক্তি ক্ষয় হয়, অনেকটা বাঘের শিকারের সময় তিন পা পিছিয়ে দশ পা লাফ দেওয়ার মতো শক্তি অর্জিত হয়। ফলে জামায়াতের আসল চেহারা ৭১ এর সময় ছিল এক রকম, ৭১ থেকে ৭৫ পর্বে আর এক রকম, আবার ৭৫ থেকে ৯০ পর্যন্ত আর এক রকম, '৯০ এর এরশাদ বিরোধী আন্দোলনে নবরূপে আবির্ভাব, '৯১ পরবর্তী সংসদীয় রাজনীতিতে জায়গা করে নেয়া এসবই জামায়াতের আসল চেহারার মধ্যে পড়ে। প্রত্যেক দেশের স্বাধীনতা আন্দোলনে এই রকম অবস্থান প্রায়শ লক্ষ্য করা যায়, বেশী দূরে নয় ভারতবর্ষের স্বাধীনতা

আন্দোলনে দৃষ্টি দিলে এরকম অজস্র উদাহরণ আসবে; তারও আগে রামায়ণ, মহাভারতে, অর্থশাস্ত্রে, মনুতে এমনকি রাজনীতিক কোষ মেকিয়াভেলির প্রিন্সে ও পক্ষ-বিপক্ষ শক্তির প্রসঙ্গ বারবার এসেছে। একমাত্র এই কারণেই মনে হয়, ইতিহাস, ইতিহাসের ইতিহাস চায় না; চায়, ইতিহাসের সংশোধন, ইতিহাসের সেই শিক্ষা যা বর্তমান এবং ভবিষ্যৎ নতুন করে ভাবতে, বাঁচাতে সাহায্য করবে, বুঝতে সাহায্য করবে কারণ ইতিহাসের পুনঃরাবৃত্তি হলে হিটলার ফিরে আসবে এ ইতিহাস আমাদের সকলেরই জানা।

১৯৭১ থেকে ১৯৭৫ পর্বকে বিশ্লেষণ করে বদরুদ্দীন উমর দেখিয়েছিলেন, রাষ্ট্রের ধর্মনিরপেক্ষতার অর্থ ধর্ম চর্চাকে ব্যক্তিগত ব্যাপারে পরিণত করা এবং কোনো ধর্মীয় বিষয়ে রাষ্ট্রের কোনো পৃষ্ঠপোষকতা না থাকা। কিন্তু ১৯৭২ সাল থেকেই এক্ষেত্রে কি দেখি? প্রথমত শিক্ষা ব্যবস্থা। ব্রিটিশ আমলে ও পাকিস্তান আমলে মাদ্রাসা শিক্ষার নামে ধর্মীয় শিক্ষাকে শিক্ষাক্ষেত্রে যেভাবে একটি স্বতন্ত্র ভূমিকা প্রদান করা হয়েছিল, বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার সে ভূমিকা অটুট থাকলো। উপরন্তু, মাদ্রাসা শিক্ষার খাতে আওয়ামী লীগ সরকারের আমলে ব্যয় বরাদ্দ বৃদ্ধি হলো। এভাবে... ধর্মের প্রভাব জিইয়ে রাখার একটা ব্যবস্থা এমন এক সরকারের কর্তৃত্বে হলো যে সরকার ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র, সমাজতন্ত্র ইত্যাদিকে রাষ্ট্রীয় মূলনীতি হিসেবে ঘোষণা করেছে। এরপর আসে, সরকারী খরচে মিলাদ মাহফিলের আসর, সরকারী ভবনে ধর্মীয় অনুষ্ঠান, রেডিও টেলিভিশনে খোদা হাফেজ ইত্যাদি বলার রেওয়াজ পুনরায় চালু করা; মুসলমান প্রধান দেশ হিসেবে ইসলামী রাষ্ট্রগুলোর সঙ্গে বিশেষ ভাই ভাই সম্পর্ক স্থাপন করা ইত্যাদি। এই ধরনের নীতি ও বাস্তব কর্মতৎপরতা যে ধর্মনিরপেক্ষতার নীতির সঙ্গে পুরোপুরি অসঙ্গতিপূর্ণ ছিল তাতে কোনো সন্দেহ নেই।[১২]

কিন্তু আমি উমর বাবুর সঙ্গে একমত নই। কেন নই তার ব্যাখ্যা উপস্থাপন করছি, তবে একথা ঠিক, শেখ মুজিবুর রহমান সাংবিধানিকভাবে ধর্মনিরপেক্ষতার প্রবর্তন করে নিজেই ধর্মের নিরপেক্ষতাকে গোষ্ঠির এবং সমষ্টির স্বার্থে ব্যবহার উপযোগী করে তুলতে পারেন নি; নিজেও অনেক ক্ষেত্রে তার ব্যত্যয় ঘটিয়েছে। তাই বলে খোদা হাফেজ, সালাম আলেকুম, ওয়ালেকুম এ সালাম, ইনসআল্লাহবলার মধ্য দিয়ে ধর্মের পৃষ্ঠপোষকতা বা রাষ্ট্র ইসলামী হয়ে গেল তার যৌক্তিকতা বোঝায় না। ব্যক্তি জীবনে ধর্মের ধার্মিক ভূমিকার সঙ্গে রাষ্ট্রীয় জীবনের কোনো সম্পর্ক নেই বা রাষ্ট্রীয় ভাবে ধর্মের আঙিনায় সেটি পড়েও না। বরং সংখ্যাগরিষ্ঠের ধর্ম যদি সাম্প্রদায়িকতার চেহেরা নিয়ে অন্য ধর্ম নিধনে নেমে পড়ে এবং তাতে যদি রাষ্ট্রের প্রচ্ছন্ন ও সমর্থন থাকে তাকেই বরং রাষ্ট্ররোশের স্বীকার বলা যায়। যদি সেই সংখ্যাগরিষ্ঠ ধর্ম ইসলাম হয় তাহলে

ইসলাম কায়েম হয়; যদি সেই সংখ্যাগরিষ্ঠ হিন্দু হয় তাহলে হিন্দুত্ববাদ কায়েম হয়; যদি খ্রীষ্টান হয় তাহলে খ্রীষ্টীয়বাদ কায়েম হয়। এই ভাবে বৌদ্ধ, জৈন সবই কায়েম হতে পারে। সংখ্যাগরিষ্ঠের দেশে তাদের নিজস্ব সংস্কৃতির বিকাশ ঘটবার, সামাজিক পরিচিতির ক্ষেত্রে পৃথক কৃষ্টি, ঐতিহ্যের প্রভাব থাকবার মধ্য দিয়ে সেই দেশ সংখ্যাগরিষ্ঠের হয় না অন্তত পক্ষে ধর্মনিরপেক্ষতার দৃষ্টিকোণ থেকে তা কোনো প্রকারে ন্যায় সংগত নয়। বাংলাদেশে ৮৯ শতাংশ মানুষ ইসলাম ধর্মাবলম্বী, অন্যানা ১২ শতাংশ তার মধ্যে হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান এবং বিভিন্ন উপজাতি সম্প্রদায় রয়েছে। ফলে সামাজিক অধিকারের বা সামাজিক সংস্কৃতির প্রশ্নে বলপূর্বক রাষ্ট্ররোশের স্বীকার হলে তাকেই কেবল ইসলামীকরণ বলা যাবে; যা বাক্তির, সমষ্টির বা ব্যাষ্টীর নিজ নিজ ক্রিয়া কলাপকে অগ্রাধীকার দেবে না।

বাংলাদেশ অভিজ্ঞতা থেকে জানাচ্ছি, প্রশ্ন এটা ছিল না যে ৭৫ এর ১৫ই আগষ্টের পরে সাংবিধানিক ভাবে ঘোষিত বাংলাদেশ রাষ্ট্রে বা ৯০ এর পর সংসদীয় গণতন্ত্রের প্রেক্ষাপটে বাংলাদেশ রাষ্ট্র ধর্মনিরপেক্ষ থাকবে কি না? প্রশ্ন হলো বাংলাদেশের মানুষ সত্যিকারার্থে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গড়ে তোলার পরিবেশ করে তুলতে পারবে কি না? কারণ ১৯৭২ সালের সংবিধানে যাই লেখা থাক না কেন, অন্দরের কথাটা বরাবরই ছিল অন্যরকম; আর সেই কথা খুব জোরের সঙ্গে শোনা গেল ১৯৭৭ সালে জিয়াউর রহমান ক্ষমতায় আসার পর। জিয়াউর রহমান ১৯৭৭ সালের ২২ এপ্রিল রাষ্ট্রপতির দায়িত্ব ভার গ্রহণ করার পরদিনই এক ঘোষণাপত্র আদেশ বলে সংবিধান সংশোধন করলেন। এই সংশোধনীর দ্বারা সংবিধানে প্রস্তবনার শুরুতে "বিসমিল্লাহির রাহমানির রাহিম' সংযোজিত হলো, প্রস্তাবনায় জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের বদলে জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধ যুক্ত হলো, রাষ্ট্রীয় মূলনীতিতে ধর্মনিরপেক্ষতার জায়গায় এলো সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, সমাজতন্ত্রের পরিবর্তে যুক্ত হলো অর্থনৈতিক ও সামাজিক সুবিচার এবং সংবিধানের ১২ অনুচ্ছেদের উচ্ছেদ এবং ৩৮ অনুচ্ছেদের আংশিক বিলুপ্তির ফলে বাংলাদেশে নতুন করে ধর্মভিত্তিক রাজনীতি আমদানি হলো এবং পলিটিক্যাল পার্টি রেজিস্ট্রেশন (PPR) এর আওতায় মুক্তিযুদ্ধ বিরোধী রাজনৈতিক দল ও ভাবের পুনঃপ্রতিষ্ঠার সুযোগ এল যা পরে পঞ্চম সংশোধনীর মাধ্যমে এই ঘোষণাপত্র আদেশকে বৈধতা দেওয়া হয়।[১৩] পাশাপাশি ৭২ সালের সংবিধানে জাতীয়তাবাদ সম্পর্কে বলা হয়েছিল, 'ভাষাগত ও সংস্কৃতিগত একক সত্তাবিশিষ্ট যে বাঙালী জাতি ঐক্যবদ্ধ ও সংকল্পবদ্ধ সংগ্রাম করিয়া জাতীয় মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব অর্জন করিয়াছেন, সেই বাঙালী জাতির ঐক্য ও সংহতি হইবে বাঙালী জাতীয়তাবাদের ভিত্তি।[১৪] বাঙালী জাতীয়তাবাদের[১৫] এই

সংকল্পবদ্ধ প্রগতিশীল ধারণার পরিবর্তে জিয়াউর রহমান প্রবর্তন করলেন "বাংলাদেশী জাতিয়তাবাদ"[১৬] এবং ঘোষণা করলেন, আমাদের দর্শনের মধ্যে ধর্মীয় দর্শন ও অঙ্গাঙ্গিভাবে জড়িত। খালি ইহজগতের কথা বললেই চলবে না, পরলোকের কথাও ভাবতে হবে। সুতরাং আমরা মানুষকে যে জাতীয়তাবাদের দর্শন দিচ্ছি, তাতে তিন ধরণের খোরাক আছে। যেমন ১.ক্ষুন্নিবৃত্তির জন্য অন্ন সংস্থানের জন্য উৎপাদন বৃদ্ধির আহ্বান; ২.স্বাবলম্বী জীবনযাপনের জন্য অনুপ্রেরণা এবং ৩.পরলৌকিক জগতের জন্য প্রস্তুতি গ্রহণের মাধ্যমে আত্মার শান্তি অর্জনের প্রচেষ্টা। এই কারণে আমরা বলছি ধর্মের এলিমেন্ট যদি রাজনীতিতে না থাকে তবে সেটা ভূল হবে।[১৭]

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক এবং বাংলা একাডেমীর সভাপতি, কালি ও কলম এর সম্পাদকমন্ডলীর সভাপতি প্রায়ত আনিসুজ্জামান মহাশয়ের সঙ্গে সহমত পোষণ করেই বলছি, "এভাবে সংবিধান সংশোধনের পশ্চাতে জিয়াউর রহমানের মনে কাজ করেছিল আওয়ামী লীগের সমান্তরালে তাঁর নিজস্ব ক্ষমতার ভিত্তি তৈরি করার উদ্দেশ্য। তাই মুক্তিযুদ্ধবিরোধী ধর্মভিত্তিক রাজনীতিকদের কাছে তাকে যেতে হয়েছিল।[১৮] শুধু তাই নয়, তাঁর শাসনামলে আর্থ-সামাজিক এবং রাজনৈতিক ভাবে রাষ্ট্রীক ইসলামের পাশাপাশি শিক্ষাক্ষেত্রে বিশেষ করে পাঠ্য বই এর বিভিন্ন অংশে পাকিস্তানী মডেলের অনুকরণে (যেটা জিয়াউল হক করেছিলেন) যথেষ্ট পরিমানে ইসলামীকরণ "During The Ziaur Rahaman Regime, The State School Curricula Come Under Increasing Pressures From Orthodox Quarters Who Demanded The Islamization Of The Books. Islamiyat Was Introduced As Compulsory For Classes I To VIII With Options For Minority Students To Take Similar Courses In Their Own Religion"[১৯] ঘটিয়েছিলেন।

অনরূপভাবে, ইসলামীকরণের এই ধারাকে অব্যাহত রেখেছিলেন ১৯৮২ থেকে ১৯৯০ পর্যন্ত পরবর্তী সামরিক শাসক হুসেইন মুহাম্মদ এরশাদ। ১৯৮৭ সালে তাঁর শাসন মুখোমুখি হয় বিরোধী দলের সম্মিলিত চ্যালেঞ্জের। মনে হয়, বিএনপি ও জামায়াতে ইসলামীর ধর্মসংক্রান্ত ভূমিকাকে টেক্কা দেওয়া জন্য কিছু একটা করার আবশ্যকতা তিনি অনুভব করেন। বিএনপি যদি বাংলাদেশে ইসলামকে ফিরিয়ে আনার দাবিদার হয় এবং জামায়াত যদি বাংলাদেশকে আদর্শ ইসলামিক রাষ্ট্রে পরিণত করার প্রতিশ্রুতি দেয়, তবে তিনি (এরশাদ) তাদেরকে ছাড়িয়ে যাওয়ার মতো ব্যবস্থা নেবেন। সেই কারণেই ১৯৮৮ সালে এরশাদ সংবিধানের অষ্টম সংশোধনীর ভিত্তিতে (Eight Amendement To The Constitution Of Bangladesh, Which Declared

Islam As A State Religion) সাংবিধানিকভাবে রাষ্ট্রধর্ম ইসলাম ঘোষণা করা হলো; সংশোধনীতে বলা হলো— "প্রজাতন্ত্রে রাষ্ট্রধর্ম ইসলাম, তবে অন্যান্য ধর্ম ও প্রজাতন্ত্রে শান্তিতে পালন কর যাইবে।" ইসলামের সঙ্গে অন্য ধর্মের কী বিপুল পার্থক্য করা হলো, আনিসুজ্জামান এর মতে, সংশোধনীর ভাষা থেকে তা স্পষ্ট হয়ে উঠে। সংবিধানে সকল নাগরিকের যে সমান অধিকার দেওয়া হয়েছিল এবং আইনের দৃষ্টিতে যে (এরশাদ এর রাষ্ট্রধর্ম ইসলাম করা বিষয়ে কি যুক্তি কাজ করেছিল তার বিস্তারিত বর্ণনা বিবিসির বাংলা ওয়েবসাইটে রেডিওযোগে শুনে গবেষক নিজে একটি প্রতিবেদন তৈরি করেছে, যেখানে কাজি জাফর আহমদ এবং ডঃ কামাল হোসেন এর সংলাপ বেশ তাৎপর্যপূর্ণ) সমতার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এ ভাবে তা লঙ্ঘন করা হলো। অমুসলমানেরা কেবল যে দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হলেন তা নয়; তাদের পক্ষে সংবিধান রক্ষার এবং এর প্রতি অনুগত থাকার শপথ নেওয়ার অর্থ দাঁড়ালো বিসমিল্লাহ্‌র প্রতি আনুগত্য ঘোষণা[২০] There Was No Room For Accommodating The Minorities Within This New State Discourse After The Amendment To The Constitution Declaring Islam As State Religion, The Ethnic Minorities Found Themselves. As Minorities Both In The Ethnic And Religious Sense.[২১] শুধু তাই নয়, এরশাদ প্রায় সব ভাষণে দাবি করতেন যে, বাংলাদেশের জনগণের আর্থ-সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক যাবতীয় সমস্যা ও সংকট মুক্তির একমাত্র পথ ইসলাম কারেন বা ইসলামীকরণ।[২২]

জিয়াউর রহমান এবং এইচ এম এরশাদের সময়কালের বিশিষ্ট (হাসান উজ্জামান) এই লেখক দেখিয়েছে, জিয়াউর রহমান যে ধারার রাজনীতি (I will make politics difficult for the politicians) করে গেছে সেই একই ধারায় এরশাদ ও তার সামরিক সরকারের ধর্মীয় রাজনীতি ও ইসলামী জীবন ব্যবস্থার কথা বলা, ইসলামের সেবক ও বান্দারূপে জনচোখে নিজেদের উপস্থিত করা এসবের পেছনকার উদ্দেশ্য-মোটেই প্রকৃত ইসলাম কায়েম নয়। এদের ব্যক্তিগত জীবনাচরণ, এদের অবস্থান-স্বার্থ, উদ্দেশ্য কর্মকান্ড ইত্যাদি কোনো কিছুর সাথেই প্রকৃত ধার্মিক জীবনের সংহতি নেই। এরা ধার্মিক হলে অস্ত্রের জোরে ক্ষমতা দখল ও টিকিয়ে রাখা,স্বেচ্ছার চালানো,গণতন্ত্রহীনতা ও স্বাধীনতাহীনতা, অধিজন মানুষকে অবর্ণনীয় শোষণে ও দুঃখে-দারিদ্রে রেখে মুষ্টিমেরের মুনাফার অর্থনীতি গড়ে তোলা এই সব কিছুই তাহলে ধর্মের, ইসলামের অবদান বলতে হবে নিঃসন্দেহে। কাজেই, এতো বেশী ধর্ম ধর্ম করা ও ইসলামের আওয়াজ তোলার পেছনকার প্রকৃত উদ্দেশ্য ও তাৎপর্য হচ্ছে অবৈধ স্বেচ্চাচারী ক্ষমতা ও স্বার্থকে ইসলামের নামে বৈধতা দান ও সংরক্ষণ।[২৩] রাষ্ট্রবিজ্ঞানের ভাষায় বলা যায় ইসলামের

নির্ভর অলিখিত অনির্দিষ্ট শাস্ত্রের উপরে নয়, বরং সুলিখিত সুনির্দিষ্ট শাস্ত্রের উপরে। মুসলমানের দৈনন্দিন জীবন ও এইসব সুস্পষ্ট নির্দেশের দ্বারাই চালিত। যে কোনোও শাস্ত্রজ্ঞ আলেমকে যদি জিজ্ঞাসা করা যায়, একজন ধার্মিক মুসলমানের কি কর্তব্য? তিনি অবশ্যই উত্তর দেবেন, তাকে আল্লাহ-তে ও রসুলে বিশ্বাস করতে হবে, নামাজ, রোজা, হজ, জাকাত নিয়মিতভাবে নিষ্পন্ন করতে হবে। কিন্তু সেই আলেমকে যদি জিজ্ঞাসা করা যায়, এসব শাস্ত্রীয় বিধিবিধান পালনকারীর সংখ্যা মুসলমান সমাজে নগণ্য নয়, কিন্তু কোরআনে যে বলা হয়েছে, নামাজ পড়া, নামাজ কদর্যতা ও অকল্যাণ থেকে রক্ষা করে, এমন কল্যাণপথের প্রকৃত পথিক মুসলমান সমাজের বিধিবিধান পালনকারীদের মধ্যে তেমন লক্ষণীয় নয় কেন, তবে তার উত্তর দেওয়া তাঁর পক্ষে প্রায় অসম্ভব হয়ে দাঁড়ায়।[২৪] ঠিক একইভাবে যদি জিয়া-এরশাদকে ইসলামের বিধিবিধান জিজ্ঞাসা করা যেত তারা বলতে পারতেন কি না প্রশ্নাতীত।

১৯৮৬ সালে ২১ মার্চ এরশাদ তার বিরুদ্ধে আন্দোলনরত ৭ ও ১৫ দলীয় জোটকে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের আহ্বান জানায়। ১৫ দলীয় জোটের পাঁচটি দল এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল (BNP) নেতৃত্বাধীন ও দলীয় জোট নির্বাচন বর্জন করে। বহু বাক বিতর্কের মধ্যে দিয়ে অবশেষে ১৯৮৬ সালে ৭ই মে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলে নির্বাচনে জাতীয় পার্টি (JP) ১৫৩টি আসনে বিজয়ী হয়। আওয়ামী লীগ জয় লাভ করে ৭৬টি আসনে। এই নির্বাচনের গ্রহণ যোগ্যতা নিয়ে জাতীয় আন্তর্জাতিক পর্যায়ে সন্দেহ ও কারচুপির অভিযোগ উত্থাপিত হয়। প্রেসিডেন্ট এরশাদের পদত্যাগের দাবিতে এই প্রথম ১৯৮৭ সালে দেশব্যাপী রাজনৈতিক আন্দোলন গড়ে ওঠে। এই পরিস্থিতিতে ১৯৮৪ সালে ৬ ডিসেম্বর এরশাদ জাতীয় সংসদ ভেঙে দেন। পুনঃরায় এই সরকারের অধীনে ১৯৮৮ সালে ৩রা মার্চ চতুর্থ জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়। এবারে আওয়ামী লীগ, বিএনপি সহ প্রধান সব বিরোধী দলই এ নির্বাচন বয়কট (Opposition Boycott) করে। তদসত্ত্বেও নির্বাচন অনুষ্ঠিত হলে সংসদে জাতীয় পার্টি ২৫১টি আসনে বিজয়ী হয়।[২৫] ১৯৮৮ সালে নির্বাচনের পর মুহূর্তে ১৯৮৯ সালে পুনরায় দেশব্যাপী এরশাদ বিরোধী আন্দোলন শুরু হয়। এমতাবস্থায়, এরশাদ দেশে জরুরী অবস্থা ঘোষণা করে নিয়ন্ত্রণে আনতে চাইলে সম্পূর্ণ ব্যর্থ হয়ে অবশেষে গণঅভ্যুত্থানের মুখে ১৯৯০ সালে ডিসেম্বর মাসে এরশাদ অনুষ্ঠানিকভাবে বিদায় নেন: রাষ্ট্রধর্ম ইসলামও তাকে ঠেকাতে পারে নি।

তথ্যসূত্র :

১. সিরাজুল ইসলাম, (সম্পাদিত), (২০০৩), বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, Vol. No. 02. :- 498,

২. http://bn.wikipedia.org/wiki. 22/12/2012/ 10:46.

৩. Nizam Ahamed (2002). The Parliament of Bangladesh, Ashgate, England,

৪. সিরাজুল ইসলাম, প্রাগুক্ত, পৃঃ ১২৯-১৩২,

৫. http://bn.wikipedia.org/wiki, 22/12/2012/10 48

৬. আবু আল সাঈদ, (১৯৯৭), মুসলিম শাসন কাল ধর্মনিরপেক্ষ ও বঙ্গবন্ধু (১২০৫-১৯৭৫), আগামী প্রকাশনী, বাংলাবাজার, ঢাকা, - পৃঃ-৪৬-৪৭,

রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প 'কাবুলিওয়ালা'। যদিও গল্পের নাম কাবুলিওয়ালা, তবুও গল্প শুরু হয় 'মিনি'র পরিচয় দিয়ে—

"আমার পাঁচ বছর বয়সের ছোটো মেয়ে মিনি এক দণ্ড কথা না কহিয়া থাকিতে পারে না। পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া ভাষা শিক্ষা করিতে সে কেবল একটি বৎসর কাল ব্যয় করিয়াছিল, তাহার পর হইতে যতক্ষণ সে জাগিয়া থাকে এক মুহূর্ত মৌনভাবে নষ্ট করে না। তাহার মা অনেক সময় ধমক দিয়া তাহার মুখ বন্ধ করিয়া দেয়, কিন্তু আমি তাহা পারি না। মিনি চুপ করিয়া থাকিলে এমনি অস্বাভাবিক দেখিতে হয় যে, সে আমার বেশিক্ষণ সহ্য হয় না। এই জন্য আমার সঙ্গে তাহার কথোপকথনটা কিছু উৎসাহের সহিত চলে।"

রবীন্দ্রনাথ মিনির কথা দিয়ে শুরু করলেন। আকস্মিক ভাবেই শুরু হল গল্প। কিন্তু চিত্রনাট্যে এই আকস্মিকতার স্থান নেই। তপন সিংহ কাবুলিওয়ালার দেশ ও তার পরিচয় দিয়ে শুরু করলেন। তার চিত্রনাট্যের শুরু এইরকম ভাবে—

Shot 1

আফগানিস্তানের ভূ-প্রকৃতি Panoramic shot পরপর কয়েকটি কাট্-এ দেখানো হয় পরিস্কার আকাশ, বিস্তীর্ণ রুক্ষ পর্বতমালা, নেপথ্যে শোনা যায় আফগান যন্ত্রানুসঙ্গীত।

Camera পাহাড়ি উপত্যকার মধ্যে দিয়ে যাওয়া একটি পথকে অনুসরণ করে ডান থেকে বাঁ দিকে Pan করে। নেপথ্যে পুরুষ কণ্ঠ শোনা যায়— দুধারে বন্ধুর পর্বতমালা তারই মাঝখান দিয়ে গেছে দুর্গম গিরিপথ। মহাভারতে লেখা আছে এই পথ দিয়েই নাকি একদিন কৌরবজননী গান্ধারি সলজ্জিত বধূবেশে সুদুর গান্ধার থেকে গিয়েছিলেন হস্তিনাপুরের পথে। এরপর কত শক, হুন, পাঠান, মোগল এই পথেই পায়ের চিহ্ন রেখে গেছে সে কথা লেখা আছে ইতিহাসের পাতায়। এমনিভাবেই ইতিহাসের পতন ও অভ্যুত্থানের বর্ণিত পন্থাকে অনুসরন করে যুগ যুগ ধরে সে যাত্রা শুরু হয়েছে, আজও তা শেষ হয়নি— এরপর কয়েকটি কাট্-এ দেখানো হয় উটের পৃষ্ঠারোহী আফগান পুরুষ ও নারীরা চলেছে ওই পথ দিয়ে। নেপথ্যে পুরুষ কণ্ঠের ধারাভাষ্য চলতে থাকে, সঙ্গে শোনা যায় আফগান গান—

আজও চলেছে একদল যাত্রী যাদের কথা ইতিহাসের পাতায় লেখা নেই। চলেছে অতি সাধারণ মানুষের দলঃ তাদের সুখ-দুঃখ, হাসি-কান্নাইয় ভরা জীবন। এ যাত্রা শুরু হয়েছে আফগানিস্তানের কত নাম না জানা গ্রাম থেকে; এর শেষ হবে হিন্দুস্তানে পৌঁছে। আসন্ন বিচ্ছেদের মাঝে আজ সবারই মনে পড়ে যায় নিজের দেশের কথা।

Cut to

Shot 2

স্থান— আফগানিস্তানের হিন্দুকুশ পর্বতমালা

সময়— দিন

Panoramic shot পর্বতমালা, আকাশ দেখা যায় Camera বাঁ দিক থেকে ডান দিকে Pan করে।

নেপথ্যে আবার শোনা যায় ধারাভাষ্য—

—আফগানিস্তান, সমগ্র উত্তর জুড়ে অসংখ্য তুষার সঙ্গে শৃঙ্গ নিয়ে দাঁড়িয়ে আছে হিন্দুকুশ পর্বতমালা।

Cut to

Shot 3

স্থান ও সময়— একই

Camera পর্বতমালার উপর দিয়ে ডানদিক থেকে বাঁদিকে Panoramic shot নেয়। ধারাভাষ্য চলছে — এর বিশাল আয়তন প্রায় অর্ধেক আফগানিস্তানকে ছেয়ে ফেলেছে।

Cut to

Shot 4

স্থান ও সময়— একই

আফগানি পুরুষ ও শিশুরা পাহাড়ি উপত্যকাতে ভেড়া চরাচ্ছে। নেপথ্যে আফগান যন্ত্রানুসঙ্গীত বাজে।

Cut to

Shot 5

স্থান ও সময় — একই

Camera ডান দিক থেকে বাঁ দিকে Pan করে। নেপথ্যে আবার ধারাভাষ্য শুরু হয় — ঠিক তখনই পূর্ব থেকে সুলেইমান পর্বতমালা এগিয়ে এসেছে তার অসংখ্য বিভক্ত সুবর্ণ গিরিশ্রেণী নিয়ে।

Cut to

Shot 6

স্থান ও সময়— একই

Camera বাঁ থেকে ডানে Pan করে। আফগান পুরুষেরা রুক্ষ পাথুরে জমিতে কোদাল চালায়। নেপথ্যে ধারাভাষ্য চলছে—

—নীচে নীরস কঙ্করময় মাটি, উপর নীল আকাশ, বছরে প্রায় সবসময় মেঘশূন্য হয়ে থাকে। তাই শুকনো বালুময় মাটিতে ফসল ফলাতে আফগানদের করতে হয় অক্লান্ত পরিশ্রম।

Cut to

Shot 7

স্থান ও সময় — একই

আফগানরা জমিতে কোদাল চালাচ্ছে। একজন হঠাৎ আফগান ভাষাতে কি বলে ওঠে, অন্যরা কাজ থামিয়ে উত্তেজিত স্বরে কথা বলতে বলতে আকাশের দিকে তাকায়।

Cut to

Shot 8

স্থান ও সময়— একই

পাহাড়ের উপরে আকাশের Panoramic shot, নেপথ্যে ধারাভাষ্য শোনা যায়; সঙ্গে সেতারের ঝংকার—

—মাঝেমাঝে দূর-দিগন্ত দেখা যায় মেঘ... [কাট্ করে দেখানো হয় আফগানরা তাকিয়ে আছে] ...ব্যাকুল প্রত্যাশায় এরা তাকিয়ে থাকে হিন্দুস্তানের দিকে... [এবং মেঘাচ্ছন্ন আকাশের কয়েকটি শট্] ...সিন্ধুর ওপারে যেখানে আকাশ হতে আকাশে তার ছুটোছুটি, বনে বনে মেঘেরছায়ায় লুটোপুটি...

Cut to

Shot 9

স্থান ও সময়— একই

আফগানরা আকাশের দিকে চেয়ে আছে। তারপর হতাশ হয়ে আবার মাটি কোপাতে শুরু করে। ধারাভাষ্য চলছে, সেতার আস্তে আস্তে বন্ধ হয়ে যায়—

কিন্তু সে মেঘ আফগানিস্তানে পৌঁছাবার আগেই শুকিয়ে যায়। তাই এখনকার জমিতে ফসল ফলানো দায় হয়ে ওঠে।

Cut to

Shot 10

স্থান ও সময়— একই

আফগানরা উটের দল নিয়ে চলেছে। ধারাভাষ্য চলছে সঙ্গে আফগানি গান— তারপর একদিন অতি কষ্টে পাওয়া পন্য নিয়ে কাবুল, কান্দাহার, হীরাট, গর্জী থেকে এরা পাড়ি দেয় দেশ হতে দেশান্তরে—

[ধারাভাষ্য চলতে থাকে। চলাকালীন কাট্ করে প্রত্যেকটি ব্যক্তিকে দেখানো হয়]

—আজ সেই একই ইতিহাস নিয়ে চলেছে ইয়াসিন, চলেছে আফজল, আর চলেছে রহমত।

তপন সিংহ চিত্রনাট্যের প্রথমেই আফগানিস্তান এর প্রকৃতির বর্ণনা দিলেন। অনন্ত আকাশ, রুক্ষ পর্বতমালাকে দেখিয়ে দুর্গম গিরিপথকে ধরলেন। পৌরাণিক, ঐতিহাসিক উদাহরণ নিয়ে পথের গুরুত্ব বোঝালেন। নেপথ্যে পুরুষকণ্ঠ বোঝাতে থাকে আফগানিস্তানের সাধারণ মানুষ দলবেঁধে চলেছে হিন্দুস্তানের দিকে। আফগানিস্তান এর অজানা গ্রাম থেকে প্রচুর মানুষ তাদের যাত্রা শুরু করে, শেষ হয় হিন্দুস্তানে এসে। প্রকৃতির পার্থক্য বুঝিয়ে দেন তিনি। আফগানিস্তানের রুক্ষ শুষ্ক প্রকৃতি। যার অর্ধেক জুড়ে হিন্দুকুশ পর্বতমালা আর পূর্বদিকে সুলেইমান পর্বতমালা। আফগান পুরুষরা এই রুক্ষ প্রকৃতির মধ্যে জমিতে কোদাল চালায় আর অধীর আগ্রহে তাকায় আকাশের দিকে। কখনো কখনো হাল্কা মেঘ দেখা গেলেও সে মেঘ বৃষ্টি হয়ে আফগানিস্তান পর্যন্ত পৌঁছতে পারে না। তাই এই রুক্ষ জমিতে ফসল ফলানো অত্যন্ত কঠিন কাজ হয়ে দাঁড়ায়। বোঝা যায় অর্থনৈতিক কারণেই অতি কষ্টে যে পন্য তারা উৎপাদন করতে পারে তা নিয়ে কাবুল, কান্দাহার, হীরাট, গর্জনী থেকে এরা দেশ থেকে দেশান্তরে পাড়ি দেয়। যুগযুগান্তর ধরে এই ঘটনা ঘটে চলেছে। সেই ঘটনারই ধারা বয়ে নিয়ে চলেছে ইয়াসিন, আফজল, রহমত।

তপন সিংহের চিত্রনাট্যে ১০ নং Shot এ এসে আমরা রহমত এর সঙ্গে পরিচিত হই। তখনও শুধু জানা যায় আর পাঁচজন আফগানিস্তানবাসীর মত অর্থ উপার্জনের জন্য রহমতও চলেছে হিন্দুস্তানের দিকে। হিন্দুস্তানের প্রকৃতি ও অর্থনীতির প্রতি একটা

আকর্ষণ আফগানিদের চিরকাল তা চিত্রনাট্যের শুরুতেই ঐতিহাসিক, পৌরাণিক উদাহরণ দিয়ে বুঝিয়ে দিয়েছেন চিত্রনাট্যকার। চিত্রনাট্যের প্রথম দশটি দৃশ্যের মধ্যে দিয়ে আফগানিস্তান এর রুক্ষতা দেখিয়ে বোঝালেন হিন্দুস্তানের শ্যামল শোভা। আকাশ, বাতাসের স্নিগ্ধরূপ একটা লাইনের মাধ্যমেই বুঝিয়ে দিলেন চিত্রনাট্যকার। 'কাবুলিওয়ালা' নামকরণ যেন আরও সরাসরি প্রকট হয়ে ওঠে।

রবীন্দ্রনাথের ছোটগল্পে শুরুতেই মিনির উপস্থিতি বুঝিয়ে দেয় গল্পে মিনির ভুমিকা গুরুত্বপূর্ণ। তপন সিংহ আফগানিস্তান দেখালেন আর পাশাপাশি দেখালেন হিন্দুস্তানের হাতছানি। যেন কাবুলিওয়ালাকে হিন্দুস্তানের সৌন্দর্য আরও বেশি করে হাতছানি দিয়ে ডাকছে। ধারাভাষ্য চলতে থাকে। বোঝানো হয় আফগানিস্তান এর মানুষের দুর্দশার কথা। পাঠকের মনও আফগানিস্তান এর মানুষের করুণ পরিস্থিতির সঙ্গে একাত্ম হতে থাকে ধীরে ধীরে। পাঠকের মনে জন্মাতে থাকে সহানুভূতি। ধারাভাষ্যে বোঝানো হয় যে মানুষগুলি উটের পিঠে চড়ে হিন্দুস্তানের দিকে চলেছে তাদের প্রত্যেকের মনেই বিচ্ছেদের যন্ত্রণা প্রবল। সবাই প্রিয়জনকে ছেড়ে চলেছে দেশ থেকে দেশান্তরে। পরের দৃশ্যেই ধারাভাষ্যে বোঝা যায় এদের মধ্যে সবচেয়ে বেশি মন খারাপ রহমত এর, রহমত ফেলে এসেছে তার ছোট্ট মেয়ে রাবেয়াকে। রাবেয়ার কথাই তার আজ বেশি করে মনে পড়ছে। এইখানে চিত্রনাট্যকার বাবা আর মেয়ের Flash Back এ পুরনো দৃশ্য সংযোজন করে দর্শক আর পাঠকের মন আরও বেশি করুণ করে তুলেছেন। পুরনো দৃশ্যে দেখা যায় রহমত আর রাবেয়ার দৈনন্দিন জীবনের ছবি। শহর থেকে সওদা করে রহমত ফিরে আসছে, মেয়ে রাবেয়া ছুটে আসছে আব্বা বলে। সেই একই সন্ধ্যেবেলা রহমত রাবেয়াকে ফেলে রেখে চলেছে হিন্দুস্তানের দিকে ধারাভাষ্যে বোঝা যায়— "—এমন সময় ছুটে আসত রাবেয়া—"। সেই সময় দেখা যায় রাবেয়া ছুটে এসে কোলে উঠে পড়েছে রহমত এর।

কখনো দেখা যায় আফগানিস্তান এর আর সবার মতো উটে টানা গাড়ি নিয়ে মাঠে চলেছে রহমত। রাবেয়াও হাত ধরে তার সঙ্গে চলেছে। ধারাভাষ্য চলতে থাকে "সুলেইমান পাহাড়ের আড়াল থেকে সূর্য উঠত, সবাই বেরিয়ে পড়ত মাঠের কাজে রাবেয়াও যেত রহমতের সাথে।" এরপর বাবা আর মেয়ের নানারকম সুখস্মৃতি তুলে নিয়ে আসা হয় চিত্রনাট্যে। ঝোপের ছায়ায় বসে রহমত খাচ্ছে, রাবেয়া রুটির টুকরো বাবার মুখে তুলে দিচ্ছে। রহমত রাবেয়াকে আদর করছে। রহমত রাবেয়াকে দেখত আর মনেমনে ভাবত সেও একদিন হিন্দুস্তান এর বাংলা মুলুক থেকে অনেক টাকা নিয়ে আসবে তার রাবেয়ার জন্য। ধারাভাষ্য চলতে থাকে। এরপর একদিন সত্যি সত্যি বেরিয়ে পড়তে হয় তাকে। আবহে আফগানি সঙ্গীত আরও করুণ করে তোলে দৃশ্যকে।

এরপর দৃশ্য হাওড়া ষ্টেশন হয়ে সরাইখানায় প্রবেশ করে। সরাইখানার ম্যানেজার ঘর দিতে নারাজ হয় রহমত আর রহমতের সঙ্গী আগাকে। সরাইখানার ম্যানেজার এর সঙ্গে আগার কথোপকথনে পরিষ্কার হয় রহমত এখানে কেন এসেছে। আগার কথা থেকে তার আর রহমতের বন্ধুত্বের এবং সততারও পরিচয় পাওয়া যায়। এরপর দেখা যায় রহমত কলকাতার রাস্তায় হিং, পেস্তা, বাদাম ইত্যাদি ফেরী করে বেড়াচ্ছে। কাবুলিওয়ালার কাছে ধার পাওয়া যায় আমরা জানি। একটা দৃশ্যে দেখা যায় এক ব্যক্তি রহমত-এর কাছে এসে টাকা ধার চায়। রহমত তাকে বলে টাকার কারবার সে করে না তাতে আরও বেশি স্পষ্ট হয় রহমতের চরিত্র। চিত্রনাট্য আরও কিছু এগোলে দেখা যায় রহমত আধো আধো বাংলা বলতে পারছে। বোঝা যায় বাংলা মুলুকে রহমতের খানিকটা সময় কেটে গেছে। সে এখানকার রাস্তা এবং জীবনযাত্রায় অভ্যস্ত হয়ে উঠেছে। রহমতের পাশাপাশি তপন সিংহ কতগুলো চরিত্রের অবতারণা করলেন আগা, ইফ্‌তিকার, রহিম, আবদুল, নেক মহম্মদ প্রভৃতি। বলা বাহুল্য রবীন্দ্র ছোটগল্পে এই চরিত্রগুলো অনুপস্থিত।

তপন সিংহ আফগানিস্তান থেকে রহমতের আসা, এখানে এসে এখানকার জীবনযাত্রায় অভ্যস্ত হয়ে ওঠা সবটাই আনলেন তাঁর চিত্রনাট্যে। তাঁর চিত্রনাট্যে প্রথম থেকেই পাই কাবুলিওয়ালাকে। আর কাবুলিওয়ালার মেয়ে রাবেয়াকে, বাংলা মুলুকে রাবেয়ার অনুপস্থিতিতে রহমতের করুণ পরিস্থিতিও দেখা যায়। আফগানিস্তান থেকে রাবেয়ার চিঠি আসার অপেক্ষায় বসে থাকে সে। নেক মহম্মদের কাছে যায় রাবেয়ার চিঠির জন্য। রহমতের এই নিঃসঙ্গ পরিস্থিতিকে আগে চিত্রনাট্যে আনলেন তপন সিংহ। এরপর আমরা পাই মিনিকে—

Cut to

Shot 42

স্থান— পার্কের বাইরে

সময়— একই

রহমত রাস্তা দিয়ে হাঁটছে, তার সামনে বলটা পড়ে অন্য দিকে যায়। বাচ্চারা বল নিতে এসে তাকে দেখে "কাবুলিওয়ালা" বলে চীৎকার করে তাকে ঘিরে ধরে। নানা কথা বলে বাচ্চার দল তাকে বিরক্ত করতে থাকে। রহমত তাঁদের সরাতে চেষ্টা করে।

Cut to

Shot 43
স্থান ও সময়— একই
একটা ছোট্ট মেয়ে [মিনি] ভিড় ঠেলে ঢোকার চেষ্টা করে।

Cut to

Shot 44
স্থান ও সময়— একই
মিনি কাবুলিওয়ালার দিকে চেয়ে থাকে।

Cut to

Shot 45
স্থান ও সময়— একই
রহমত বাচ্চাদের তাড়ানোর চেষ্টা করতে করতে হঠাৎ মিনিকে দেখে মুগ্ধ দৃষ্টিতে চেয়ে থাকে।

Cut to

Shot 46
স্থান ও সময়— একই
মিনি সেটা লক্ষ্য করে ছুটে পালায়। একবার থেমে পিছন ফিরে দেখে নিয়ে আবার ছুট দেয়।

Cut to

Shot 47
স্থান ও সময়— একই
রহমত পলায়মান মিনির দিকে একইভাবে চেয়ে থাকে।

উপরের অংশ থেকে রহমত এর কার্যকলাপ থেকে বোঝা যায় রহমত মিনির মধ্যে রাবেয়াকে খুঁজে পেয়েছে। না হলে অতগুলো বাচ্চার মাঝখানে মুগ্ধ দৃষ্টিতে মিনির

দিকে তাকিয়ে থাকত না। এমনকি পলায়মান মিনির দিকেও রহমত একইভাবে তাকিয়ে থাকে।

কাবুলিওয়ালার নিঃসঙ্গতার যে পরিমণ্ডল এতক্ষণ চিত্রনাট্যে দেখিয়েছেন তপন সিংহ সেই নিঃসঙ্গতা কেটে যাওয়ার কারণ এখানে খুঁজে পাওয়া যায়। বারবার চিত্রনাট্যে রাবেয়ার উপস্থিতি, Flash Back এ কাবুলিওয়ালা আর রাবেয়ার বিভিন্ন কার্যকলাপকে তুলে ধরে তপন সিংহ বাবা মেয়ের সম্পর্ক দর্শকের কাছে পাঠকের কাছে স্পষ্ট করেছেন। তিনি ধারাভাষ্যের মাধ্যমে স্পষ্ট করে বললেন যে কজন আফগানিস্তানের থেকে হিন্দুস্তানের দিকে চলেছে প্রত্যেকেরই স্বজনদের কাছ থেকে দূরে যাওয়ার যন্ত্রণা প্রবল। কিন্তু এদের মধ্যে রহমতের কষ্ট অনেক বেশি। কারণ সে তার মেয়ে রাবেয়াকে ফেলে রেখে বাংলা মুলুকে যাচ্ছে। বাংলা মুলুক থেকে অনেক টাকা আয় করে নিয়ে আসবে রাবেয়ার জন্য। Flash Back এ যে সমস্ত টুকরো টুকরো ঘটনা দেখানো হয়েছে রাবেয়া এবং রহমতের সম্পর্কের, তাতে পাঠকের কাছে বাবা মেয়ের মধুর সম্পর্কের ছবিই ধরা পড়ে।

তপন সিংহ কাহিনির প্রয়োজনে চিত্রনাট্যে চরিত্র সংযোজন করেছেন। ঘটনারও সংযোজন ঘটিয়েছেন তিনি। চিত্রনাট্যের প্রয়োজনে এ সমস্ত অতিরিক্ত সংযোজন হলেও অন্তরঙ্গে রয়ে যায় রাবীন্দ্রিক ছাপ। কারণ অতিরিক্ত সংযোজন হলেও এ সমস্ত চরিত্র বা ঘটনা মূল কাহিনির সঙ্গে চমৎকার খাপ খেয়ে যায়। এ বিষয়ে তপন সিংহ বলেছেন, "সাহিত্যকে অনুসরণ করেছি চিরকাল। তবে অনেককিছু সংযোজন করেছি, নিজে অনেক সিন লিখেছি। সেটা গল্পের সঙ্গে সামঞ্জস্য রেখেই করেছি। অবশ্য রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রের মতো বিরাট মাপের সাহিত্যিকদের গল্প নিয়ে ছবি করতে গেলে তাদের টোট্যালিটিতে জানতে হবে, পড়তে হবে। তা হলেই ব্লাংকসগুলো ফিল-আপ করা যাবে। জার্ক লাগবে না।

রবীন্দ্রনাথের সাহিত্য থেকে করা তিনটি ছবিতে বিশেষত অতিথি-তে অনেক সিন আমার করা আছে। আমার মনে হয় না কোনো জার্ক লেগেছে। ক্ষুধিত পাষাণ-এও মন্মথবাবু যে গল্পটা লিখেছিলেন সেটা তো এক রিলের। লাস্ট রিল। বাকি ৯/১০ রিলে তা রবীন্দ্রনাথের গল্পকে অনুসরণ করা হয়েছে— সেই নূপুরের আওয়াজ ভেসে আসছে, গান ভেসে আছছে, একটা অশরীরীর সঙ্গে কথা বলছে সেটা উনি কল্পনা করেছেন। সেটাও আমরা দেখিয়েছি যে এটা কল্পনা ছাড়া কিছু নয়। ওই যে বললাম দুটো লাইনের মধ্যে যে অকথিত কথা, যা ভালো করে পড়লেই বোঝা যায়, সেগুলি ভিজিউয়্যালি নিয়ে এসেছি। তানা হলে চার পাতার গল্প থেকে কত বড় ছবি হবে কীভাবে? (তপন সিংহ ফিল্ম মেকিং, সম্পা: নন্দন মিত্র, পৃ: ১৬)

রবীন্দ্র সাহিত্য থেকে চলচ্চিত্র তৈরি করার ক্ষেত্রে সমস্যা অনেক ছিল সেকালে। অন্যান্য সাহিত্য থেকে সিনেমা তৈরি করলে এত বেশি সমালোচনার মুখে পড়তে হয়নি। কোন পরিচালককে যতটা রবীন্দ্র সাহিত্য থেকে চলচ্চিত্র তৈরি করার ক্ষেত্রে পড়তে হয়। সত্যজিৎ রায়, তপন সিংহ কেউই এই সমালোচনা থেকে রেহাই পাননি। পরবর্তীকালে যদিও সেগুলিকেই অমর সৃষ্টি বলে মনে করা হয়েছে। তবে একথাও ঠিক্তপন সিংহের কাবুলিওয়ালাই তাকে চলচ্চিত্র জগতে আন্তর্জাতিক স্বীকৃতি দিয়েছিল। রবীন্দ্রনাথের বাবা-মেয়ের গল্পকেই আরও একটু বাড়িয়ে, ঘটনা সৃষ্টি করে পরিবেশন করলেন তপন সিংহ। যেখানে কাবুলিওয়ালা মিনিকে প্রথম দেখছে সেই মুহূর্তকে অনবদ্যভাবে সৃষ্টি করলেন পরিচালক। কাবুলিওয়ালা মিনিকে অপলকে দেখছে। আর দেখতে দেখতে সুদূর আফগানিস্তানে থাকা তার মেয়ের কথা ভাবছে। একই দৃশ্যে দুটো দৃশ্য। প্যারালাল শটে বর্তমানকে ধরে অতীতে ফিরে যাওয়ার রূপকল্পনার দৃশ্য। রবীন্দ্রনাথ ঠাকুরের গোটা গল্পে রাবেয়ার শারিরিক ভাবে উপস্থিতি নেই। শুধু কাগজের উপর কাঠকয়লার সাহায্যে রাবেয়ার হাতের ছাপের সঙ্গেই পরিচিত হয় পাঠক। আর যেটুকু উপস্থিতি বোঝা যায় তা রহমতের মধ্যে দিয়ে। রহমতের মিনির প্রতি অকৃত্রিম ভালোবাসা, রাবেয়ার কারণেই।

চিত্রনাট্যে তপন সিংহ রাবেয়াকে শুধু রহমতের মনের মধ্যে রাখলেন না। মিনির পাশাপাশি রাবেয়াকেও হাজির করলেন তিনি। কাবুলিওয়ালার জেল এ যাওয়ার দৃশ্যো তিনি যোগ করলেন তার চিত্রনাট্যে।

চিত্রনাট্যকারের ভাষায় "চ্যালেঞ্জ নিয়ে লিখতে শুরু করলাম 'কাবুলিওয়ালা'র চিত্রনাট্য। আমাকে অনেকেই বলেছিলেন, রবীন্দ্রনাথের গল্প ছবিতে ট্রান্সফার করা খুব শক্ত। কিন্তু তা নয়, রবীন্দ্রনাথকে ভাল করে বুঝে তার বক্তব্য আত্মস্থ করতে পারলে কাজটা অনেক সহজ হয়ে যায়। তবে তার আগের রবীন্দ্রনাথকে ভাল করে জানতে হবে। তাঁকে বোঝার অনুভুতি যাদের নেই, তাঁদের কাছে রবীন্দ্র-কাহিনির চলচ্চিত্রায়ণের কাজটা স্বভাবতই খুব কঠিন মনে হবে। 'কাবুলিওয়ালা' ছবির অতিরিক্ত সংলাপের জন্য সাহায্য নিলাম সাহিত্যিক, কবি চিত্রনাট্যকার ও পরিচালক প্রেমেন্দ্র মিত্রের। তার আগেয়ামি নিজেই সংলাপের কাজটা সেরে রেখেছিলাম চিত্রনাট্যে। সংলাপ ছাড়া তো চিত্রনাট্য হয় না। লিরিক্যাল ছবি বলেই বিশেষ কিছু দৃশ্যের সংলাপের কথা ভেবে প্রেমেনদার কাছে যাওয়া। তাছাড়া, চিত্রনাট্য রচনার ক্ষেত্রে নতুন কিছু করার কোন দরকার ছিল না। কাহিনির মূল ব্যাপারটা তো করে রেখেছেন স্বয়ং রবীন্দ্রনাথ। শুধু তাকে নিষ্ঠাভরে অনুসরণ করে তবে স্পিরিটটা বজায় রেখে কাজ করতে পেরেছি, সেটাই ত বড় কথা। আর তাতেই সাফল্য। আসলে কাহিনিটা রবিন্দ্রনাথের, আমি শুধু

তার চিত্ররূপ দিয়েছি সিনেমায়। এটা তো ঠিক অনুবাদের ব্যাপার না, এ হল এক মাধ্যম থেকে আর এক মাধ্যমে রূপান্তরিত করা। রবীন্দ্রনাথ যদি এ কাহিনিটা না লিখতেন, তাহলে তো 'কাবুলিওয়ালা' ছবি হত না।" (রবীন্দ্রনাথের কাহিনিভিত্তিক ছবি প্রসঙ্গে, তপন সিংহ, পশ্চিমবঙ্গ, মে, ২০০৬ সংখ্যা, পৃ: ১৬)

আমরা যদি রবীন্দ্রনাথের 'কাবুলিওয়ালা' আর তপন সিংহের চিত্রনাট্য 'কাবুলিওয়ালা' পাশাপাশি পড়ার চেষ্টা করি তাহলে দেখব দুটো ক্ষেত্রেই গল্পের মূল সুর এক। কিন্তু বয়নরীতিতে, ঘটনা বিস্তারে, বিষয় প্রতিপাদনে তপন সিং রবীন্দ্রনাথের থেকে অনেক ক্ষেত্রেই আলাদা। রবীন্দ্রনাথের পাশপাশি আর এক সাহিত্যের জন্ম দিয়েছিলেন তিনি। সে কারণেই তপন সিংহের 'কাবুলিওয়ালা' জনপ্রিয়। যদিও টেকনিক্যালি এ ছবিতে অনেক ত্রুটি-বিচ্যুতি ছিল। কিন্তু আমরা যেহেতু চিত্রনাট্য নিয়ে কথা বলছি তাই ওদিকটা আমরা বাদ রেখেই আলোচনা করব। রবীন্দ্র দর্শণে যে উদারকামী উপলব্ধি হয়েছিল মিনির বাবার, "সে যে একজন কাবুলি মেওয়াওয়ালা আর আমি যে একজন বাঙালি সম্ভ্রান্তবংশীয়, তাহা ভুলিয়া... —তখন বুঝিতে পারিলাম, সেও যে আমিও সে, সেও পিতা আমিও পিতা। তাহার পর্বতগৃহবাসিনী ক্ষুদ্র পার্বতীর সেই হস্তচিহ্ন আমারই মিনিকে স্মরণ করাইয়া দিল। আমি তৎক্ষণাৎ তাহাকে অন্তঃপুর হইতে ডাকাইয়া পাঠাইলাম।" (কাবুলিওয়ালা পৃ: ১২০)

সাহিত্যে মুস্লিম রহমতের কন্যাকে অক্লেশে 'পর্বতবাসিনী ক্ষুদ্র পার্বতী' রূপে কল্পনা করে নিতে পারে মধ্যবিত্ত বাঙালির পিতৃহৃদয়, চিত্রনাট্যে তেমনই মিনির মঙ্গলকামনায় রহমতের কণ্ঠে শোনা যায় 'খুদা-ই-গাওয়া'।

জেলখানার দৃশ্যেও সেখানে আর একটি শিশু কন্যার চরিত্র সংযোজন করলেন চিত্রনাট্যকার। জেলে তোরাব এর চরিত্র পাওয়া যায়। সেখানেও তোরাব তার মেয়ের জন্য কষ্ট পায়। জেল এ খবর আসে তোরাবের মেয়ে মারা গেছে। তোরাবকে সান্ত্বনা দিতে দিতে রহমত বেদনার্ত হয়ে ওঠে। জেলার এর কাছে গিয়ে সে তার মেয়ের হাতের ছাপ আর মিনির বাবার দেওয়া পাঁচ টাকার নোট দেখতে চায়। বোঝা যায় এ দুটিই তার ঈখন বেঁচে থাকার সম্বল হয়ে দাঁড়িয়েছে। হরচাঁদ যখন রহমতকে বলে এর মধ্যে দেখার কি আছে। রহমত উত্তরে বলে কেন সে এটা বারবার দেখতে চায়। সব জানার পর জেলার রহমতকে বলে রহমত যখন চাইবে তখন এসে এ দুটো জিনিস দেখে যেতে পারে। বড় সাহেবের বাগানে যখন কাজ করতে যায় রহমত তখন বড় সাহেবের মেয়ে বেবীর সঙ্গেও একাত্ম হয়। বোঝা যায় তার পিতৃহৃদয় কন্যার ভালোবাসা পাওয়ার জন্য সর্বদাই ব্যাকুল। বেবীর সাথেও সেইভাবে কথা বলে যেভাবে মিনির সঙ্গে কথা বলত—

Mix

Shot 205

স্থান— বড় সাহেবের বাড়ির সামনের বাগান।

সময়— সকাল

একটা ছোট্ট মেয়ে— বড় সাহেবের ছোট মেয়ে বেবী দরজা দিয়ে বেরিয়ে সিঁড়ি দিয়ে বাগানে নামে হাতে একটা চারা, সে মাটিতে চারা ঢোকায়। তারপর একটা জলের ঝারি এনে সেটাকে জল দেয়। কাছে রহমত বাগানে কাজ করতে করতে তার কান্ড দেখে। জলের তোড়ে আলগাভাগে পোতা চারাটা হেলে যায় মাটিতে। রহমত জোরে হেসে ওঠে। মেয়েটি ঝারি রেখে তাকে দেখে। রহমত উঠে তার কাছে যায়, একটা চারা।

রহমত : [চারাটি দেখিযেû] — তোমার ইয়ে গাছ হবে না খোঁকী [হাতের চারাটা দেখিয়ে] আমি ভাল গাছ লাগিয়ে দিবে। এই দেখো।

রহমত বসে মেয়েটির চারাগাছ তুলে নিজেরটা ভাল করে মাটিতে ঢুকিয়ে ঢুকিয়ে দেয় ও পুঁতে দেয়।

রহমত : খোঁকী তোমার নাম কী আছে?

বেবী : আমার নাম বেবী।

রহমত : বে-এ-বী। বহুত আচ্ছা, বহুত আচ্ছা। বহুত আচ্ছা নাম। তুম জানে আমি কাবুলিওয়ালা আছে?

বেবী : ধুত্, তুমি কাবুলিওয়ালা তো তোমার ঝুলি কই?

রহমত : হাঁ ঝোলি আছে, ঝোলি আছে, ঝোলির ভিতরে হাঁতি ভী আছে?

রহমত হেসে ওঠে, কিন্তু তারপর অন্যমনস্ক হয়ে যায়। নেপথ্যে বেহালাতে "কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা—" সুর বাজে, সে বেবীর মুখ দেখে।

রহমত : খোঁকী আমি সব কাম করবে, তুমি আমার কাছে আসবে?

বেবী : হ্যাঁ-হ্যাঁ, তুমি আমার গাছ লাগিয়ে দেবে?

বেবী : এই, তুমি আমার মেয়েকে দেখবে?

রহমত : [চমকে]— ক্যায়া কাহা? তুমহার ভী বেটি আছে?

রহমত নির্বাক হয়ে চেয়ে থাকে। নেপথ্যে রহমত ও মিনির কথোপকথন শোনা যায় বেহালাতে সুর বাজে।

রহমত : খোঁকী তোমার মেয়ের সাদি হবে না? ও সসুঁরবাড়ি যাবে না?

মিনি : শ্বশুরবাড়ি কী?

রহমত : হাঁ, হাঁ সসুঁরবাড়ি। লেকিন খোঁকী তুমি শ্বশুরবাড়ি যাবে না। হামাকে ছেড়ে কোথা যাবে না। হামি সসুঁরকে মারবে?

রহমতের মুখে হামি ফুটে ওঠে। বেবীর কথাতে তার সম্বিত ফেরে।

বেবী : দৌড়ে চলে যায়। রহমত মাথা নেড়ে "আচ্ছা" বলে। তারপর আস্তে আস্তে উঠে দাঁড়ায়।

জেলের দৃশ্যেও সেই বাবা মেয়ের কথোপকথন। গল্পের যে মূল সুর ছিল বাবা মেয়ের গল্প সেই সুর অক্ষুণ্ণ রেখেছেন তপন সিংহ। দৃশ্য সংযোজন বা চরিত্র সংযোজন সবটাই মূল বিষয়কে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। বেবী আর রহমত এর কথাতেও রহমতের মিনির কথা মনে পড়ে যায়। নেপথ্যে তাই রহমত আর মিনির কথোপকথন শোনা যায়। রবীন্দ্রনাথের গল্পের সুর ধরে রাখার জন্য রবীন্দ্র সঙ্গীতের ব্যবহার করেছেন তিনি। মিনি'র মুখে শোনা যায় "কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা"। বেবীর সঙ্গে যখন কথা বলে রহমত তখনও নেপথ্যে বেহালায় বাজতে থাকে মিনির গাওয়া গান।

রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পের শেষে মিনির বাবা যখন রহমতের পিতৃহৃদয়ের আকুলতা উপলব্ধি করেন তখন তিনি রহমতকে দেশে ফেরার টাকা দেন। তিনি বোঝান রহমতের মেয়ের কাছে ফিরে যাওয়াটা বেশি গুরুত্বপূর্ণ। তাতে মিনির বিয়ের কিছু আনন্দ অনুষ্ঠান বাদ দিতে হবে। তপন সিং গোটা বিষয়টাই রাখলেন তবে একটু অন্য ভাবে—

Cut to

Shot 243

মিনি লজ্জা পেয়ে ভিতরে চলে যায়। মিনির মা হাসেন।

রহমত : [বেদনার সঙ্গে] — হামাকে পহচানা নেহী, বাবুজি, হামকে পহচানা নেহী।

তারপর হাত তুলে পস্তুতে আশীর্বাদ করে চলে যেতে উদ্যত হয়। মিনির বাবা বারান্দা থেকে নেমে আসেন তার কাছে। মা দরজায় দাঁড়িয়ে থাকেন।

মিনির বাবা : তুমি দেশে ফিরে যাও রহমত।

রহমত : নেহী বাবুজি।

মিনির বাবা : কেন?

রহমত : বহুত দূর আছে, ঔর ইস হালতমে হাম নেহী যায়েগা, ক্যায়সে যায়েগা?
রহমত ফটকের দিকে এগিয়ে যায়— দুঃখিত মুখে মিনির বাবা চেয়ে থাকেন। মিনির মা হাতে একটা ছোট্ট থলি নিয়ে তাড়াতাড়ি বারান্দায় বেরিয়ে আসেন।

মিনির মা : [ব্যাকুলকণ্ঠে] — ওকে একটু দাঁড়াতে বল না।

মিনির বাবা : কেন?

মিনির মা : [স্বামীর পাশে আসেন] —কেন কী? আজকের দিনে ও আমার বাড়ির থেকে কেঁদে ফিরে যাবে? ওকে ডাকো, আমাদের আলো বাজনা, কোনো কিছুরই আর দরকার নেই ঞ্হাতে থলিটা তুলেণ্ণ এ সব টাকাটা তুমি ওকে দিয়ে দাও, ও মেয়ের কাছে ফিরে যাক।

মিনির বাবা : [অভিভূত হয়ে ওটা নেন] —দাও, তাই দাও, আমার মিনির এতবড় কল্যান আর কিছুতে হবে না, রহমত, রহমত।
মিনির বাবা এগিয়ে যান রহমতের কাছে। তাকে থলিটা এগিয়ে দেন।

মিনির বাবা : এই নাও।

রহমত : ক্যায়া বাবুজি?

মিনির বাবা : টাকা, তমার মুল্লকে ফিরে যাবার টাকা।

রহমত : [অবাক হয়ে] — বাবুজি!

মিনির বাবা : নাও, তুমি দেশে ফিরে যাও।

রহমত : [থলিটা নিয়ে] — বাবুজি।

মিনির বাবা : [আবেগের সঙ্গে] — তুমিও যে, আমি ও সে। তুমিও মেয়ের বাবা, আমিও মেয়ের বাবা [রহমত তার হাত ধরে] আমাদের মিনি আর তোমার মেয়েতে আর তো কোনো তফাৎ নেই। [গলার স্বর বুজে আসে]

রহমত : বাবুজি।

মিনির বাবা : হ্যাঁ রহমত তুমি দেশে ফিরে যাও, তোমাদের মিলনে আমাদের মিনির কল্যান হবে।

রহমত : [মাথা নেড়ে] —হাঁ, হাঁ হামি যাবে ঞ্কী ভাবেণ্ণ লেকিন বাবুজি আমার লড়কী ভী তো এত বড় হইয়াছে, ওকি হামাকে পহচানতে পারবে?

মিনির বাবা : [তার পিঠে হাত রেখে] — নিশ্চয়ই চিনতে পারবে, নিশ্চয়ই পারবে, তুমি দেশে ফিরে যাও, এক্ষুণি বেরিয়ে পড়।

রহমত ঠিক বিশ্বাস করে উঠতে পারে না। আপন মনে মলে—
পহচানতে পারবে?

মিনির বাবা : পারবে পারবে, তুমি আজই বেড়িয়ে পড় রহমত।

রহমত ধীরে ধীরে চলে যায়। মিনির বাবা চেয়ে থাকেন। মিনির মা হাসিমুখে মিনির বাবার পাশে এসে দাঁড়ান।

রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পের শেষে দেখা যায় মিনির বাবা, রহমতকে টাকা দেওয়ায় অন্তঃপুরে মেয়েরা অসন্তোষ প্রকাশ করেন। কারণ রহমতকে ঐ টাকাটা দেওয়ায় মিনির বিয়েতে তেমনভাবে ইলেকট্রিক আলো জ্বলেনি, গড়ের বাদ্যও আসেনি। কিন্তু মঙ্গল আলোকে শুভ উৎসব আলোকিত হয়ে উঠেছিল। যেন পিতৃ-হৃদয়ের ব্যথা আর এক পিতৃহৃদয় এর দ্বারাই অনুভূত হয়েছিল। আর কেউ তা উপলব্ধি করতে পারেননি। তপন সিংহ তার চিত্রনাট্যে পিতৃ-হৃদয়ের অনুভূতি শুধুমাত্র পিতৃ-হৃদয় দিয়ে অনুভব করালেন তা নয়, মাকে দিয়েও অনুভব করালেন। মিনির মা ইচ্ছাপ্রকাশ করে রহমতকে টাকাটা দেওয়ার জন্য। মায়ের মন বলে ওঠে মেয়ের সবচেয়ে বড় মঙ্গল এতেই হবে। আর এক বাবা তার মেয়ের কাছে ফিরে যাক। দুজনের মিলনের আলোকে মঙ্গলময় হয়ে উঠুক মিনির জীবন। সে আলো ইলেকট্রিক বাতি দিয়ে জ্বালানো সম্ভব নয়। ছোটগল্পের শেষের মত 'কাবুলিওয়ালা'-র শেষ ও রবীন্দ্রনাথ করেছেন হঠাৎ করে। তপন সিংহ রহমতকে আফগানিস্তানের পথে রওনা করিয়েছেন ট্রেন এ, ছন্দ্মত্রন্ হৃদ্মদ্রন্ত্র করে দেখিয়েছেন রাবেয়া আব্বু বলে ডেকে রহমত-এর কোলে ঝাঁপিয়ে পড়ছে। ট্রেনে বসে রহমত এর চোখ আশায় জ্বলজ্বল করে ওঠে। ছবি এখানে এসে শেষ করেছেন তপন সিংহ।

সহায়ক গ্রন্থপঞ্জি :

- অজয় সরকার। চলচ্চিত্র সমালোচনা। প্রথম সংস্করণ। কলকাতা। বাণীশিল্প। ২০১১।
- অসিতকুমার বন্দ্যোপাধ্যায়। বাংলাসাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত (২য়) প্রেসিডেন্সি লাইব্রেরী। ১৯৬৮।
- আবেশ কুমার দাস। তপন সিংহ সার্বিক চলচ্চিত্র বীক্ষা। প্রথম সংস্করণ। হাওড়া। সৃষ্টিসুখ। ২০১৬।
- উৎপল ভট্টাচার্য (সম্পা.)। কবিতীর্থ। ৫০/৩ কবিতীর্থ সরণি কলকাতা-২৩। তেত্রিশ বর্ষ। ২০০৪।
- উৎপল ভট্টাচার্য (সম্পা.)। কবিতীর্থ। ৫০/৩ কবিতীর্থ সরণি কলকাতা-২৩। চৌত্রিশ বর্ষ। জানুয়ারী। ২০০৪।
- কালীশ মুখোপাধ্যায়। বাংলা চলচ্চিত্র শিল্পের ইতিহাস। কলকাতা। পত্র ভারতী। ২০১২।
- তপন সিংহ। চলচ্চিত্র আজীবন। কলকাতা। দে'জ। ২০০১।

- তপন সিংহ। মনে পড়ে। কলকাতা। আনন্দ। ২০১৪।
- তপোব্রত ঘোষ। রবীন্দ্র ছোটগল্পের শিল্পরূপ। সংশোধিত পুনর্মুদ্রণ। দে'জ। ২০১৩।
- ধীমান দাশগুপ্ত। চিত্রনাট্য রচনা ও চিত্রনাট্য বিশ্লেষণ। তৃতীয় সংস্করণ। কলকাতা। বাণীশিল্প। ১৯৯৮।
- ধীরেশ ঘোষ। চলচ্চিত্র নির্মাণ ও পরিচালনা। তৃতীয় সংস্করণ। কলকাতা। সিনে ক্লাব অব্ ক্যালকাটা। ২০০৮।
- নন্দন মিত্র (সম্পাদনা)। তপন সিংহের ফিল্ম মেকিং। প্রথম সংস্করণ। কলকাতা। চলচ্চিত্র ও সংস্কৃতি চর্চা কেন্দ্র। ২০১৫।
- পূর্ণেন্দু পত্রী। সিনেমা সংক্রান্ত। প্রথম সংস্করণ। কলকাতা। বাণীশিল্প। ১৯৯৬।
- ভূদেব চৌধুরী। বাংলা সাহিত্যের ইতিকথা (২য় পর্যায়)। দে'জ পাবলিশিং। কলকাতা। জানুয়ারী। ২০০২।

ONLINE TEACHING-LEARNING SYSTEM IN HIGHER EDUCATION: CAPABILITIES OF TEACHER AND LEARNER

Neloy Sarkar (Assistant Professor, Department of Education, Gobardanga Hindu College)

Abstract:
We live in a modern era where we are surrounded by so many technologies and modern equipment. Teaching learning system are not a exceptional. Here too modern technology and modern materials used regularly. Online teaching means a teaching system that conducting in online through devices. In the other side online learning system is that process where student actively get the education in online through modern devices. Online teaching learning system is a newly adapted system. After covid 19 pandemic online teaching become mandatory for us. In this perspective online teaching become so much importance to us. For the current scenario the education system slightly moves towards online teaching learning system. So it is important towards education system. The present researcher in the particular paper tries to find out the concept of teaching learning system and different methods of teaching learning in online. Also find the challenges facing by teacher in online teaching system in higher education and the capabilities of teacher and learner in online teaching learning. This study will help to know more about online teaching system and benefited for those people who may want to study in the particular topic. Also helpful for those student who may study or working in this field.

Keywords: Teaching, Learning, Higher education.

1. Introduction:

The whole educational system from elementary to tertiary level has been collapsed during the lockdown period of the novel corona various disease 2019 (COVID- 19) not only in India but across the globe. The COVID- 19 crisis has forced education systems worldwide to find alternatives to face to face institutions and learner an unprecedented. Education is the process of transferring knowledge, values, methods, skills, and beliefs from one individual to another. Online teaching and learning is designed to reach and engage the modern learner on one-to-one basis anywhere, anytime also the online teaching offers exciting opportunity to expand the learning environment of diverse student populations. Online teaching shares much with face to face teaching, but it also has a unique set of skills and requirements. Both approaches are similar in content, except in pace and delivery. Rather than the other courses from scratch a company has emerged to take care of the courses.Online learning entails resources offered by higher institutions that are virtual. In online learning learners experience is usually asynchronous but may also contain synchronous elements. There is a considerable development in education, where the mode of instruction has been changed from teacher-centred education to student centred. In teacher-centred education, the teacher plays a role as the source of education, and students are recipients of his/her knowledge. In contrast, student-centred education emphasizes the role of students in knowledge production in the class. Internet and education have integrated to provide users with the necessary skills in the future (Haider and Al-Salman, 2020). A study by Stec et al. (2020), indicated that online teaching has three main approaches, namely, enhanced, blended learning, and online approach. Enhanced learning uses the intensive use of technology to ensure innovative and interactive instruction. The paper employs qualitative approach to study the perceptions of teachers and learner on online teaching learning modes and also highlighted the implementation process of online teaching learning activities during the lockdown period including establishing the linkage between change

management process and online teaching learning process in education system amid the COVID-19 outbreak so as to overcome the persisting academic disturbance and consequently ensure the resumption of education. Higher education has dramatically evolved from traditional pedagogical models to current methods using computer technology that supports knowledge delivery and knowledge acquisition. The evolving technology has provided an opportunity to improve teaching skills and increase student's learning capabilities (Cappel & Hayen, 2004; Filimban, 2008; Kirby, Sharpe & Barbour, 2007).

In India, higher education system at present at a transition stage. A stage where changes have taken place for good and more transformations in thoughts and processes are desired. COVID-19 enforced the academic higher education universities across globe to cancel the traditional chalk and talk (in class face-to-face education) methodology and change to the online teaching/learning (Bao, 2020; Dilucca et al., 2020; Wang et al., 2020). The change originates the challenge of sensitivity of learnings and new opportunities that the technology offers.Online learning has emerged as a strong way of teaching and learning in the education sector, according to UNESCO (2006), driving the ratio of competent teachers in the wrong direction. The use of online learning has grown due to technological advancements and the availability of technologies at one's fingertips (internet connection, LAN, WLAN, and IT Supports), but there are still certain hurdles (Williams, et al. 2011:1-20).

2. Rationale of the Study:

It is also true that teaching and receiving depends entirely on the skills of teachers and students in offline classroom. This method of online teaching or learning reflects the skills of teacher and students. Swift developments in education technology have enabled educators and students to form new opinions in an ever-changing, viable teaching and learning environment. As the number of online teaching resources

continues to increase, research into student attitudes toward traditional and online methods of delivery is important to determine whether the increased usage of technology in the curriculum has been beneficial to their learning. Also studying teachers attitudes help in comprehending their future to the conductive and competitive teaching-learning environment.

3. Review of Related Literature:

Dhull, I., Arora, S. (2019). conducted a study on online learning encompasses a range of technologies such as the world wide Web, email, chat, new groups and texts audio and video conferencing delivered over computer networks to impart education. It helps the learner to learn at their own peace according to their convenience. Online education requires a great deal resources and careful planning. In this teacher act as facilitators rather than transmitter of content knowledge and ICT regards as a resources that enhance the learning experience of students. Learners learn through e- learning tool available to all. E-learning has brought back the joy e learning though it's innovative an interactive content delivery and has proved to be more appealing among students.

Khan, H., N., & et. al. (2020). In their study on online teaching learning system in higher education: capabilities and challenges Teacher and Learner. Considering the sudden shift to online teaching due to COVID-19 pandemic. Online safety and disabled students experienced teacher negligence and lack of support.A big concern amid to COVID-19 pandemic and the ensuring lockdown is education, which is at standstill affecting learning of millions of students worldwide. School and higher education institutions across the globe have been shut, impacting the learning of over 90% of Worlds students' population (UNESCO 2020).

Lamichhane, P., Bista, R. (2020). conducted a study on teaching and learning are the branches of an education system. Teaching is helping other people to learn. It is an action while learning is a process. A

person who teaches is known by an educator, teacher, trainer, tutor, facilitator, lecturer, etc. While a person who learns is known by the learner, student, pupil, scholar, etc. Both their meaning can persist as long as if they stand together because a teacher cannot be a teacher unless he/she has a pupil to each. Learning is much broader than sitting in class or reading from blogs or listening to someone. Learning is embracing knowledge through experiences.

4. Objectives of the Study:

The objectives of the present study is as follows;

i. To know the concept to teaching-learning system in different mode.
ii. To understand the different teaching learning method adopted by teacher in higher education through online mode.
iii. To know the capabilities of teacher and learner in online teaching learning system in higher education.
iv. To understand the various challenges facing by teacher in online teaching learning system in higher education

5. Research Questions:

i. What are the concept of teaching learning system in different mode?
ii. How many types of teaching learning method adopted by teacher in higher education though online mode?
iii. What are the capabilities of teacher and student in online teaching learning system in higher education?
iv. What are the challenges facing by teacher in online teaching learning system in higher education?

6. Discussion:

6.1 Teaching-learning System in Different Mode

New teaching approaches are altering educational environments worldwide and assisting students in achieving higher academic achievement. Recent trends in global educational landscape suggest that the focus is shifting from education to learning (Field, 2006; Jarvis, 2007, 2008). Whereas education opts for a formal and structured system, learning goes beyond these normative meanings and involves all kinds of learning activities taken by the learner.

Face to Face Teaching Methodology:
Face-to-face learning is a method of imparting knowledge to a group of pupils in person. This is the most often used technique of instruction. Increased interaction with students benefits both the student and the instructor. As a result, students are held accountable for their growth outside of regular class meetings. When students study in groups, they remember more information and develop deeper relationships with their classmates. When students interact with a teacher face to face, there are significant cultural variations in how they learn.

Face to Face Teaching with e-Learning
Teaching with E-Learning Support enables teachers and students to collaborate and create a positive learning environment. All modules in the course preparation process are delivered via face-to-face instruction,

while others are delivered via online instruction. Thus, both techniques will effectively incorporate the desired course outcomes in comparison to the other desired methods.

e-learning

More and more students from outside of the region and nontraditional students are opting to pursue a degree through an online platform. Online course ware may still address many of these issues if instructors employ the appropriate tools for the job. In online degree programs, several instructional and material delivery strategies are employed to impart information.

6.2 Different teaching-learning Method Adopted by Teacher through Online Mode

Teaching and learning are designed to reach and engage the learner on one-to-one basis anywhere, anytime. Due to thecauses of COVID-19 pandemic many countries have suspended all type of face-to-face activities in classroom and forced many changes in most life domains to meet repercussions of the pandemic control measure. Educational institutions have adopted the strategy of online education during pandemic. Listed below are the effective online teaching methods which had been adopted by a teacher during the online classes;

Presentation: presenting the content for the study is used both in classroom teaching and in types of online education. Proper presentation affects students in a great way whether they are learning offline or online. Teachers just need to present information about the related subject in a form of presentation.

Live Online Class: Technology helps us to connect through online. Day by day its capability increases in various platforms. Now teacher can take a class of 10 to 1000 student at a time. It is new but no easy before the class the teacher have to prepared the lessen plan, ready the tools, and select the teaching method.

Pre-Recorded Video Lectures: Now days teachers are use pre recoded video lecture for student. It is flexible and more useful for student. Student can learn any time any where with his comfort. In the method teachers are also adjust themselves and prepare the lecture before the video. Also, they select the way of delivery the lecture for more effective for the student.

Flipped Classroom: Flipped Classroom is a new concept where students learn in both ways online and offline. Teachers may give them instruction in online and student can clear their drought in face to face. In this method teachers are using different method like video, lecture, links, and demonstration.

Game-Based Teaching: In online mode teachers use the game- based teaching where teachers teach through games. It is useful for students. It helps to retain the full attention of the students. Here teachers ensure that all students have the devices and apps. Teaches use different technic in this method.

Those are the method that adopted by teachers in online mode.

6.3 The capabilities of teacher and student in online teaching learning system in higher education

Online teaching system is multi working and technology-based teaching system. So the teachers need various capability to handle the student effectively. In the other hand students also need some capability to understand the classes. The researcher finds out various capabilities of teachers and students.

The capabilities of teacher in online teaching learning system in higher education:

1. **Communication skills:** Online communication is different from face-to-face teaching. Here the teachers need more communication ability with technology. Teachers have to understand the devices

well and also their proper uses. One the other side he has to accommodate the online system well.

2. **Listening Skills:** In learning process the teachers require good listening skills. In online teaching teachers requires more listening skills than offline. The more these skillsdevelop the more effectively teachers are capable to tech the student.
3. **Collaboration Skills:** In online teaching system teachers requires more collaborative skills. Because in online system the environment is different and students are far behind from him. It is become so important for them to co-operate with student.
4. **Adaptability Skills:** Technology is some thing that changes day to day so teachers require to adapt those technology quickly. The more he capable to adapt and uses those technology the more he can teach effectively.

The capabilities of student in online teaching learning system in higher education

1. **Digital Literacy:** Digital literacy is the ability to use modern instrument that require3s in online teaching learning system. In a online teaching learning system students requires the abilities to used the devices. So digital literacy is must needed abilities for student in online education.
2. **Adaptability Skills:** In higher education students must be capable to adapt new things, it might be new technology or devices. This ability is also applicable for teachers. It helps student to more flexible and more capable in online education. The student who adapt new things easily they learn others thing easily too.
3. **Problem-solving Skills:** Problem solving skills is a ability to identify problem easily and solve those problem quickly. This ability help student to acquire new knowledge and new skills easily. It is also helpful for adjusting with new situation. Overall it is a important skill that capable student in online teaching learning system.

6.4 The various challenges facing by teacher in online teaching learning system in higher education

The researcher finds various challenges that teacher facing in online teaching learning system in higher education. This may not applicable for everyone but in general shows in maximum people. These challenges are discussed below-

1. **Technical issue:**After covid 19 online teaching become mandatory for everywhere. So, teachers are needed to learn online classes. In this perspective teachers facing technical problem. This technical issue may in operating in classes or in instruction method. They show difficulty in operating the classes also.
2. **Self-motivation:**In online classes many teachers facing self – motivation. Because teachers are used in face-to-face classes. Now they have to take classes in online, where students are not present in front of him. This different situation make them uncomfortable. So online teaching learning system in higher education makes teacher lack of self-motivation.
3. **Adaptability:**Adaptability is a situation or problem facing by people when they afe not capable to accept or adopt some thing new. This challenges for teachers in online teaching learning system in higher education. This may affect more those teachers who are not used in modern technology or devices.
4. **Computer Knowledge:**Computer knowledge is another challenges for teacher who work in online classes. Computer is much needed devices in our daily life. It is requires in online classes. But still now many teachers are present who may not used in computer. So for them its become a challenge.

In present study the researcher finds various challenges of teachers in online teaching learning system in higher education. Some of them are discussed in this study.

Conclusion:

The study is related to a modern important subject online teaching learning system and teachers, student capability where the researcher finds current scenario of teachers and student. This study is important in the perspective of teaching learning and how the technology effect in education. Now technology is become a part of our daily life. Education is not an exception. In the study the researcher shows the concept of online teaching learning system and the capability of teachers and student. Also,it shows the different challenges that teachers facing in online higher education. It may helpful for the teachers to accommodate and understand their problem who may work in online teaching learning system. Student who studies in online system face equal challenges it is helpful for them also. Lastly it may conclude as online teaching learning is a necessary for upcoming generation and education system. So, the teachers require to adopt the technology with their teaching style. It is verse subject so various work should still has to be doner. Lots of scope are present for future researchers.

References:

1. Palvia, S., & et. al. (2018). Online education:worldwide status, challenges,trends, and implications. Journal of Global Information TechnologyManagement, 21(4), 233-241.Retrieved from https://www.tandfonline.com/doi/full/10.1080/1097198X.2018.1542262
2. Dhull, I., Arora, S. (2019). Online learning. 3(8), 32-34.Retrieved from https://www.researchgate.net/publication/332833360_ Online_Learning
3. Khan, H., N. & et. al. (2020).Online Teaching- Learning during COVID-19 Pandemic: Students perspective. The Online Journal of Distance Education and e- learning, 8(4), 202-213. Retrieved from https://www.researchgate.net/publication/344932812_ONLINE_TEACHING-LEARNING_DURING_COVID-19_PANDEMIC_STUDENTS'_PERSPECTIVE

4. Mishra, L., & et. al. (2020). Online teaching learning in higher education during lockdown period of COVID-19 pandemic. International Journal of Education Research open, Retrieved from https://www.sciencedirect.com/science/article/pii/S2666374020300 121?via%3 Dihub
5. Naik, G., & et. al. (2021). Online Teaching and Learning of Higher Education in India During COVID- 19 Emergency Lockdown Retrieved from https://eric.ed.gov/?id=EJ1287167
6. Metthaw, N., & et. al. (2018). Online teaching and learning. International Journals of Advance Research in computer science and software engineering, 8(2), 73-75.Retrieved from https://www.researchgate.net/publication/324821090_ONLINE_TEACHING_AND_LEARNING
7. Mahyoob, M. (2020). Challenges of e- learning during the COVID-19 pandemic Experienced by EFL Learners. Arab world English Journal, 11,351- 362.Retrieved from https://papers.ssrn.com/sol3/papers.cfm?abstract_id=3652757
8. Lamichhane, P., Bista, R. (2020). Online Teaching Learning (OTL) system/platforms. Retrieved from. https://www.researchgate.net/publication/352712137_Online_Teaching_Learning_OTL_SystemsPlatforms
9. Lia, J., & et. al. (2021). Online teaching in universities during the COVID-19 epidemic: a study of the situation, effectiveness and countermeasures. 187, 566-573. Retrieved from https://www.sciencedirect.com/science/article/pii/S187705092100898X
10. Lee, K., & et. al. (2021). Adoption of online teaching during the COVID-19 pandemic: a systemic analysis of changes in university teaching activity. 74(3) 460-483 Retrieved from https://www.tandfonline.com/doi/full/10.1080/00131911.2021.1978401

VIOLENCE, TRAUMA AND WOMEN'S BODIES : A STUDY OF PARTITION NARRATIVES

Somjeeta Pandey (Assistant Professor, Department of English, Gobardanga Hindu College)

Dr.Anindita Shome (Assistant Professor, Department of Humanities and Social Sciences, VIT-AP University, India)

Abstract:
The bodies of women have acted as sites of political contestations, social prejudices, and revenge and violence. Women's agency over their bodies is still a matter of heated political debates and battles. Women's bodies have always been a target for inflicting violence during any political and state crisis. The partition remains a traumatic memory for both India and Pakistan, the repercussions of which can still be felt. Although unimaginably horrific violence was meted out to all who found themselves on the wrong side of the recently partitioned nation, the women were especially at the end of abductions, molestations, rapes, and mutilation. The way women became the object of vengeance, at the hands of men, for the political events that unfolded, is a reflection of how women's bodies are considered to be symbols of honour, purity, and carriers of a community's and nation's culture. The narratives on the partition provide much-needed accounts of the events of that period. The sudden loss of something you always called "home"; the sudden unfamiliarity of people - who were cordial neighbours a few days ago; the fear, the trauma, the rapes and the killings are vividly described in the partition narratives, and thus, become an important and significant voice for the physical and psychological violence inflicted on the women. This paper would study selected partition writings of Bapsi Sidhwa and Saadat Hasan Manto and attempt to understand how mutilating and violating a woman's body and her rights were

tools of revenge used by men of one community on the other. This paper would further try to understand how women and their bodies become "political battlegrounds" during such a crisis, and the problematic notions regarding women and their bodies, that lead to worshipping them at one time and maiming them at another.

Key Words: Trauma, Partition Writings, Violence, Women's Bodies

Introduction:

> "The wounds will take decades to heal,
> centuries to overcome the trauma."
>
> (*Two,* 73)

The trauma and horrors of the Partition of India and Pakistan find representation in the literary and cultural narratives of the South Asia and South Asian diaspora. The event which left innumerable people homeless, slaughtered, and livelihoods uprooted, has been the basis of the South Asian nation-states' relations with each other in the region.The Partition of 1947 had not only displaced entire communities, but women found themselves as the targets of rape and other kinds of unthinkable violence. Women, considered to be the carriers of cultures and honour and respect of a community, were abducted and raped to malign the community they belonged to, thus, making women's bodies a site for patriarchal contestations and conflicts. The significant political event and the partitions it created amongst communities of Hindus, Muslims and the Sikhs, manifested itself through the killings of men and the rape and mutilation of women. Jisha Menon contends:

> The symbolic elevation of 'woman' as the embodiment of the sanctified, inner recesses of culture and tradition ironically positioned real women as targets of violent assertions of family, community and nation (2006; 30).

How did the political contestations turn into a narrative of revenge and violence against the women of each community caught in the

crossfire?How did history carve itself through the crimes committed on the women? How did nation, partition and violence on women exist simultaneously at the significant political event?

Methodology:

This chapter shall analyse Bapsi Sidhwa's *Ice-Candy-Man*(1988)and Saadat Hasan Manto's *Khol Do* (1948) and *Thanda Ghosht*(1950)to understand the atrocities committed on women caught in the Partition. These fictional narratives recount the trauma of the Partition of 1947 through the horrors committed to all, especially to the women. The chapter attempts to understand how, through realistic narratives, the gendered experiences of women during the Partition have been brought to the mainstream chronicles, and how these narratives have broken silences of pain and trauma.

Women's Bodies and Sites of Revenge and Violence:

Women's bodies have always remained a question of political debates- the kind of clothes women should wear to cover themselves; the heated discussions on the issue of abortion; the issue of breast-feeding in public spaces; and so on. The objectification of women's bodies, through media narratives, political speeches, cinema, etc. has been in practice in multiple forms across cultures. Women's bodies take on new meanings related to the notions of honour and respect, and the mutilation and violation of the women of the enemies take on meanings of dishonour and disrespect, during a conflict or war. Beth Speake discusses the theories that relate the violence against women in times of conflicts:

> …the sexual violence against women inconflict to the concept of patriarchy: crucial to understanding the links between violence against women in conflictand violence against women in all other contexts is an examination of the discriminatory structures and beliefs whichpermeate

> our societies, and the positions (both literal and symbolic) which women hold in them. (2012,3)

Rape has been used as a form of revenge on the enemy in several parts of the world during wartime and conflicts. Paul Kirby argues: "References to rape as a weapon, strategy, tactic, instrument, or tool of war are today common to thepoint of ubiquity (2020, 4). This form of violence against women is rampant in most sites of conflicts, manifesting the deeply-patriarchal structures of our societies and nation-states. The United Nations Women writes that, "Women experience war differently from men (Oct, 2016)." The words follow the acknowledgment of the crucial role of women in the times of war and conflicts, the violence experienced by women, and how women are the agents that keep daily lives running during the times of crisis (Ibid). The deeply-patriarchal structures that govern our lives during normal conditions magnify in degrees and turn extremely hostile against the women when a war or unrest breaks out.Pavitra Sundar writes:

> In the mass migration and civil war that accompanied the division of British India into two nation-states, 12 million were displaced and over one million lost their lives. As many as 75,000 women were abducted and assaulted (2010, 277).

The displacement of millions, the refugee crisis, the butchering of men, the sexual violence and killings of women followed the divisive politics as followed by the colonial and imperialist powers. The colonial powers broke a nation apartand left both sides of the borders burning, the results of which can be felt till date.

Fiction and Narratives of Gendered Violence and Pain:

The historical event that has left an indelible mark in the South Asian region left behind traumatic memories. Fiction and other forms of representation have brought about the painful experiences that the communities faced in the Partition of 1947. The writings on the Partition

brought to the forefront the deep traumatic memories and experiences, especially of women:

> To value literature at all is fundamentally to value it as the individual work of an individual writer tangled up in circumstances taken for granted by everyone, such things as residence, nationality, a familiar locale, language, friends, and so on. (Edward Said, 10)

Postcolonial fictional narratives of South Asia recount the aftermaths of the colonial rule. Maria Tymoczko writes: "In straddling two cultures, postcolonial writers, like translators, mediate cultural difference by means of a common variety of techniques (2000: 148)." Literatures on migration, diaspora and partition writings, inherently, negotiate between two or more cultural identities. Bogaerts and Raben assert that:

> Literary authors have brought attention to the richly diverse perspectives of the people, often doing this in a much more subversive way than historians, who have focused on the events at a national level and settled into the moulds of national chronology (2012,10).

The narratives of the Partition of 1947 have taken the forms of fictional and non-fictional representations, graphic depictions, material cultures, study of objects from the time of Partition, oral narratives of the survivors, and so on. The discussions and deliberations of the pain and loss by the survivors are testimony to the human side of a major political event. These narratives create alternate histories that otherwise tend to go unnoticed and gets buried in silences.

Bapsi Sidhwa's *Ice-Candy-Man*begins with a bustling community of Hindus, Sikhs, Muslims and Parsees living together in and around Warris Road, Lahore. The story is narrated through the eyes of the protagonist, Lenny, who has contracted polio, and is placed under the care of a nurse or ayah. The story commences with Lenny's family-who are Parsees, ayah, godmother, and ayah's admirers. The heart-

warming characters of the Ice-candy-man, who is one of the suitors of ayah, and several other admirers of the ayah- from a Pathan to a Chinaman. The individuals and communities that once lived in harmony and sorted out their differences were pitched against each other due to the larger political narratives and increasing distrust. Lenny's happy world comes to a halt with the Partition, with refugees pouring in and out in both sides of the border, and the events turning bloodier each day. What was once home for many had to be abandoned and borders had to be crossed to start life anew. Sidhwa writes of one incident of mob-killings and people leaving the nation they knew as their own: "And to uproot themselves from the soil of their ancestors has seemed to them akin to tearing themselves, like ancient trees, from the earth (1988,198)."How does it feel to lose the right to call one's motherland as one's own, one fine day? How does it feel to leave the life one had been so familiar with behind, and cross borders as refugees, and start life in a new place, as the other alternative is staying back and be killed?

Bapsi Sidhwa, through her writing, recounts the life before and during the Partition for the protagonist and the people around her. The carnage and destruction caused to human lives changed the course of many lives forever. As Lenny's Ice-candy-man narrates the images he has witnessed of a train that had arrived from Gurdaspur- "Everyone in it is dead. Butchered. They are all Muslim. There are no young women among the dead! Only two gunny-bags full of women's breasts! (Ibid, 149)"Lenny, the young protagonist of the novel, does not comprehend the full consequence of the Partition of a nation when she first hears of it:

> "There is much disturbing talk. India is going to be broken. Can one break a country?... And I become aware of religious differences…It is sudden. One day everybody is themselves- and the next day they are Hindu, Muslim, Sikh, Christian. People shrink, dwindling into symbols." (Ibid, 92-93).

With religious symbols being heightened during the Partition, the symbols and token of women being objects of the culture and community they represent, are also magnified. With women being seen as objects, they were trampled upon, mutilated, and brutally killed for the sake of "dishonouring" the enemy. Sidhwa narrates another incidence of plunder and killings by one community on the other:

> They are like swarms of locusts, moving in marauding bands of thirty and forty thousand. They are killing all Muslims. Setting fires, looting, parading the Muslim women naked through the streets- raping and mutilating them in the centre of villages and in mosques. The Bias…is carrying hundreds of corpses. There is an intolerable stench where the bodies,caught in the bends, have piled up (Ibid, 197).

The everyday, common men who had lived peacefully with other communities, turned into monsters and sought vengeance like mad men. Sidhwa writes that Lahore burnt and so did Amritsar. The presence of abandoned children, with their mothers mercilessly raped, mutilated and killed, could be found in both sides of the border. Some children were brutally killed with their heads smashed (Ibid, 207). The humanity was sucked out of the men who took advantage of the unstable political scenarios and partook in the violent crimes and bloodshed. It is difficult to comprehend of the ideologies that were at work that made these men manifest their animalistic nature and tendencies. Lenny, who had shared an unbreakable bond with her ayah, witnessed her ayah being dragged and abducted, and, after months of sexual violence, forcibly married to the Ice-candy-man. Ayah resolves to cross borders and move to Amritsar where she has family, and is finally able to do so. The tortures and horrors faced by her beloved ayah stuns Lenny and she realises that everything has changed after the Partition. The very men who were friendly and cordial had transformed into monsters who were out to rape and slaughter women of other communities.

Saadat Hasan Manto's *Khol Do/ Open It* is a heart-wrenching account of a father in search of his daughter during the Partition. Separated from his daughter, Sakina, on a train journey from Amritsar to a refugee camp to Mughalpura, Sirajuddin desperately searched for his daughter:

> However, each effort to recall ended with his mind jammed at the sight of his wife's mutilated body, her guts spilling out, and he couldn't go any further (Ibid, 74).

The story goes on to reveal that, the very volunteers who were supposed to rescue Sakina, had raped her and turned her body almost lifeless. The father, even after finding her daughter's body in a maimed state, is ecstatic that she is alive. The state of the father and the daughter brings out the horrific crimes that were meted out to women during the Partition.Women has turned into symbols of the "property" of the enemy that could be harmed in the name of vengeance. Manto's *Thanda Gosht*(1950) recounts the horrific tale of Eesher Singh, who slaughtered six members of a family, kidnapped the seventh, who was a young girl, and attempted torapeher, only to realise the girl was long dead. The image of the cold flesh haunts him. This reduction of a young woman, of flesh and blood, to a dead body and cold flesh, represents the innumerable lives that were killed and turned cold in the Partition violence. Women are reduced to mere objects of flesh to be violated in places of conflicts. Manto, in these short stories, recount the incidences of sexual violence with an economy of words that leave a haunting silence behind as the stories end. The readers, through these silences, read into the silences of the exploited women and their families.

In the Partition short stories of Manto and Sidhwa's *Ice Candy Man,*the notions of patriarchal force and "power" over women are reinforced through the crimes committed against women.The power structures that subjugated women in everyday lives took monstrous forms during the tragic event. The ideas of nation and nationalism manifests themselves through the roars, swords and inhuman acts of men. Antonia Navarro-Tejero asserts that:

> The nationalist discourse has produced a complex politics of corporeality by which ideologically, the female imaginary has served to articulate the abstract concept of the nation, but at the same time, the bodies of everyday women have been repeatedly constructed, controlled and disciplined by the agents of power (2019,48).

Conclusion:

The Partition of 1947 has remained a significant event in the lives of the South Asian nations, with communities and nation-states still forming their opinions and attitudes on the basis of the divisions that the event created. Memory plays a crucial part in keeping the Partition alive in the South Asian narratives. Similar to the role of memory in other tragic events around the world, such as the Holocaust, remembering the trauma of the generation that faced the violence first-hand, the memories of Partition live on. As Victoria Aarons and Alan Berger asserts:

> The passage from firsthand, eyewitness testimony to second- and thirdhand, indirect witnessing marks not only a temporal and experiential change in the modes of representation, but also a perceptible shift in perspective, narrative voicing, and the disposition of memory (2017, 41)

The cost of the Partition of 1947 had been immense and the pain of leaving what was once one's home, the trauma of watching family members being killed, the horrors of women being sacrificed, abducted and raped, compel us to think of how larger political contestations have impact on common lives in unimaginable ways. The forms of sexual violence used against women in the Partition have left traumatic memories down the generations. The stories need to be reiterated so that no such crimes and violation of women's rights are committed in the future.

Works Cited:

- Aarons, Victoria and Alan L. Berger. "The Intergenerational Transmission of Memory and Trauma: From Survivor Writing to Post-Holocaust Representation." Third-Generation Holocaust Representation: Trauma, History, and Memory. Northwestern University Press, EVANSTON, ILLINOIS, 2017, pp. 41–66. JSTOR, www.jstor.org/stable/j.ctt22727kb.5. Accessed 19 Sept. 2020.
- Speake, Beth. "Women's Bodies Are Battlefields". E-International Relations. April 25, 2012. PDF. Accessed on Sep 19, 2020.
- BOGAERTS, E., & RABEN, R. (2012). Beyond empire and nation. In BOGAERTS E. & RABEN R. (Eds.), Beyond Empire and Nation: The Decolonization of African and Asian societies, 1930s-1970s (pp. 7-22). Brill. Retrieved September 20, 2020, from http://www.jstor.org/stable/10.1163/j.ctt1w8h2zm.4.
- Gulzar. 2017. *Two: A Novel.* Harper Perennial. Kirby, Paul (2020) The body weaponized: war, sexual violence and the uncanny. Security Dialogue, 51 (2-3). 211 - 230. ISSN 0967-0106 https://doi.org/10.1177/0967010619895663
- Manto, Saadat Hasan. 1948. *Khol Do.* Online Version. Accessed on Oct 2, 2020. Manto, Saadat Hasan. 1950. *Thanda Ghosht.* Online Version. Accessed on Oct 2, 2020.
- Menon, Jisha. "Rehearsing the Partition: Gendered Violence in 'Aur KitneTukde.'" *Feminist Review*, no. 84, 2006, pp. 29–47. *JSTOR*, www.jstor.org/stable/30232738. Accessed 19 Sept. 2020.
- Navarro-Tejero, Antonia (2019). Sacks of Mutilated Breasts: Violence and Body Politics in South Asian Partition Literature. Journal of International Women's Studies, 20(3), 44 50. Available at: https://vc.bridgew.edu/jiws/vol20/iss3/5.
- Pavitra Sundar (2010) Silence and the uncanny: Partition in the soundtrack of KhamoshPani, South Asian Popular Culture, 8:3, 277-290, DOI: 10.1080/14746689.2010.501546. Said, W Edward. 2000. Reflections on Exile and Other Essays. Convergences (Cambridge, Mass.). Convergences: Inventories of the present. Convergences Series. Convergences:

Harvard Univ. Press. Editor Edward W. Said. Publisher: Harvard University Press.ISBN 0674003020, 9780674003026

- Sidhwa, Bapsi. 1989. Ice-Candy-Man. New Delhi: Penguin. Print. Tymoczko, Maria. "TRANSLATIONS OF THEMSELVES: THE CONTOURS OF POSTCOLONIAL FICTION." Changing the Terms: Translating in the Postcolonial Era, edited by Sherry Simon and Paul St-Pierre, University of Ottawa Press, Ottawa, 2000, pp. 147–164. JSTOR, www.jstor.org/stable/j.ctt1ckpcz7.11. Accessed 19 Sept. 2020.
- UN Women. Women between War and Peace. 20 October, 2016. https://www.unwomen.org/en/digital-library/multimedia/2016/10/women-between war-and-peace. Accessed on September 19, 2020.

জয় গোস্বামীর নির্বাচিত ছোটগল্প : আত্মমগ্ন সত্তায় জীবন সত্যের খোঁজ

Sudeb Biswas (Assistant Professor, Department of Bengali, Gobardanga Hindu College)

।। ১।।

'বৃষ্টি এল খাতার উপর
আজীবনের খেলার উপর
বৃষ্টি এল এই অরণ্যে।'

(জয় গোস্বামী, মেঘ বালিকার জন্য রূপকথা)

সুদূরের পিয়াসায় উড্ডীন এক সত্তা তার মেঘবালিকার জন্য মেঘ থেকে বৃষ্টিতে রূপান্তরিত হয়। পর্বতের সুউচ্চ শিখর থেকে প্রবাহিত সৃষ্টিশীল ফল্গুধারা রসসিক্ত করে কবি মনকে। শতদল পদ্মের পাঁপড়িতে বিকশিত হয় জয়ের জীবন আলেখ্য। জীবন-বিচ্ছুরিত বর্ণচ্ছটায় বিকরিত হয় কবি ও কথাসাহিত্যিক জয় গোস্বামীর আত্মমগ্ন সত্তার প্রতিবিম্ব। রোমান্টিক অতীতচারীতায় মিশে থাকে মিস্টিক অনুভূতির লেপন। জীবনের রহস্য কুহেলিকায় পদাতিক কবি। অবিনশ্বর অনুভূতির শীর্ষে থাকা জীবন-প্রেমকে জয় গোস্বামী ছুঁতে চান স্বীয় উপলব্ধি দিয়ে, জীবনপ্রীতি দিয়ে। যুদ্ধোত্তর পোড়োভূমিতে শান্তির প্রলেপ দিতে চান মেঘবালিকার বৃষ্টি হয়ে। প্রতিবন্ধকতা আর প্রতিকূলতার দুর্গম রাস্তা পার করে জীবনজয়ের স্বপ্নে মশগুল জয়। আশা আর স্বপ্ন-বীজের বুনন চলে তার সাহিত্যে। অসাম্য আর অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ-প্রতিরোধের ইমারত তৈরি করেণ শব্দ দিয়ে।

সাহিত্য জগতে বিংশ শতকের সত্তরের দশকে জয় গোস্বামীর উজ্জ্বল আবির্ভাব। 'রানাঘাট লোকাল' এর কবি বলে সমাধিক পরিচিত। কবিতা দিয়ে সাহিত্য আরাধনা শুরু। সীমান্ত সাহিত্য, হোমশিখা, পদক্ষেপ, দেশ প্রভৃতি সাহিত্য পত্রিকা গুলিতে নিয়মিত ভাবে প্রকাশিত হতে থাকে জয়ের কবিতা। কাব্যভূবনের নীলজোৎস্নায় মন-বিহঙ্গের সাবলীল অভিসারে জন্ম নেয় 'ক্রীসমাস ও শীতের সনেট গুচ্ছ' (১৯৭৭), 'প্রত্নজীব' (১৯৭৮), 'আলেয়া হ্রদ' (১৯৮১), 'উন্মাদের পাঠক্রম' (১৯৮৬), 'ভুতুম ভগবান' (১৯৮৮), 'ঘুমিয়েছো ঝাউপাতা?' (১৯৮৯) প্রভৃতি আরও অনেক জনপ্রিয় কাব্যগ্রন্থ গুলি। কাব্য-কবিতার পাশাপাশি কথাসাহিত্যের ভূবনে অর্থাৎ উপন্যাস-ছোটগল্প

সৃষ্টিতেও জয় গোস্বামীর স্বাতন্ত্র্য লক্ষিত হয়। চলমান সময়ের বিরাট ক্যানভাসে আঁকেন জীবনের ঘাত-প্রতিঘাতের অন্তর্বাস্তব। রূঢ় বাস্তবের আলেখ্য নির্মাণ করেন তার সাহিত্যে। মধ্যাহ্নের প্রখর রৌদ্রে কৃষ্ণচূড়ার নিচে বসে থাকেন শুধু লিখবেন বলে। জীবনবাদী লেখকের কলমে চিত্রিত হয় জীবনের ধ্রুব সত্য। ধ্বনিত হয় আশাবাদ, যদিও প্রশ্ন অগনিত। জয় গোস্বামীর কথাসাহিত্যের ভুবনে থাকে জীবন সত্যের খোঁজ। তাঁর জনপ্রিয় উপন্যাসের মধ্যে 'মনোরমের উপন্যাস' (১৯৯৩), 'সেই সব শেয়ালেরা' (১৯৯৪), 'সুড়ঙ্গ ও প্রতিরক্ষা' (১৯৯৫), 'সব অন্ধকার ফুলগাছ' (১৯৯৭), সাঁঝ বাতির রূপকথা' (১৯৯৮), 'যারা বৃষ্টিতে ভিজেছিল' (১৯৯৮), 'দাদা ভাইদের পাড়া' (২০০০) প্রভৃতি। ছোটগল্প গ্রন্থের মধ্যে 'কবির গল্প','গল্পসমগ্র' প্রভৃতি উল্লেখযোগ্য। আমার আলোচ্য প্রবন্ধে জয় গোস্বামীর নির্বাচিত ছোটগল্পে গল্পকারের আত্মমগ্ন সত্তায় জীবন সত্যের রূপায়ন কীভাবে চিত্রিত হয়েছে তা দেখানোর প্রয়াস চলেছে।

।। ২।।

'মল্লার যেখানে নামে' জয় গোস্বামীর লেখা প্রথম গল্প। সাল ১৯৯৪, প্রকাশিত হয় রবিবাসরীয় আনন্দবাজার পত্রিকায়। জানা যায় গল্পটি লিখতে জয় গোস্বামীকে বিশেষ তাগাদা দিয়েছিলেন কথাসাহিত্যিক রমাপদ চৌধুরী। গল্পটি একজন কবির নিমগ্ন সত্তার আত্মোপলব্ধির প্রেক্ষিত থেকে কবি-গল্পকার জয় গোস্বামী বর্ণনা করেছেন। গল্পকার স্বয়ং স্বনামধন্য কবি হওয়ার সুবাদে একজন কবির চিন্তা-চেতনায়, স্বপ্নে-কল্পনায় জাগতিক বিভিন্ন অনিবার্য ঘটনাবলি কীভাবে আঁচড় কাটে তার স্বরূপ চিত্রিত আলোচ্য গল্পটিতে। মল্লার--- এই সুর, রাগের মূর্ছনায় প্লাবিত হয় কবির স্মৃতি-সত্তা-ভবিষ্যৎ। পরিচিত পৃথিবীর প্রতিদিনকার সাধারণ বিষয়গুলি কবি ভাবনায় হয়ে ওঠে অসাধারণ। জীবনের ধ্রুপদী সঙ্গীতের সুরে সর্বত্রই শান্তিনিকেতন হয়ে ওঠে। কবি মনে করেণ যেকোন সৃষ্টিশীল ব্যক্তির কর্মযজ্ঞে বা সত্তায় মল্লারের সুর, রাগ ফল্গুধারার মত বহমান থাকা দরকার। একঘেয়েমির ব্যস্ত আবর্তনে দ্রোহ করে কবি মন। কবি চিত্তের আনন্দ হিন্দোলে জেগে ওঠে ধ্রুপদী সুর। সুখের ছোঁয়ায় ত্রিভূবন মথিত। প্রকৃতির মাঝে আনন্দ সুরে মল্লার নামে। তখন দেখেতে পান রাত্রির আকাশ বৃষ্টিতে নিরন্ধ্র। মল্লার নেমে যাচ্ছে আর পাহাড়ের অতল থেকে উঠে আসছে পৃথিবীর হৃৎপিন্ডের শব্দ। ভূগর্ভ থেকে মহাকাশ পর্যন্ত একটি ঋজু শিরদাঁড়ায় ভুবনকে যুক্ত করে ওঠানামা করছে মল্লার। এই মল্লারের সুরের উপলব্ধিতে ও অনুভূতিতে কবি আবেগ প্রবণ হয়ে পড়েন। এবং তখন এই জাগতিক জীবনের মায়া, মোহের বন্ধন থেকে মুক্তিকামী কবি সত্তা মিনতি করে—

'হে পৃথিবী, আমিও সাধারণ, বাইরে থেকে যেমন
তেমন লোক আমিও। আমাকে সুরে পড়তে দাও।
আমাকে সুরে ফেলো, দ্যাখো, আমিও অসাধারণ
হয়ে উঠতে পারি। আমিও ধারণ করতে পারি
জগৎ।'[১]

মনে সুরের ছোঁয়া লাগলে চিত্তে মল্লার নামলে কবির মনোবিহঙ্গ পাখা মেলে সুদূরের অভিসারে। মহাকালের নীলাকাশে নক্ষত্র হয়ে আলো দেয় কবির সৃষ্টি। এক্ষেত্রে কবি সৌভাগ্যবান, ধনী। আবার যাদের জীবনে মল্লারের সুরের প্রবাহ থাকে না তারা জোর করে— যেমন একজন মন্ত্রিত্বের জোরে কবি, আর একজন টাকার সূত্রে লেখক। শিল্পের দেবীর কৃপা থেকে তারা বঞ্চিত। স্ত্রী-সন্তানকে নিয়ে গতানুগতিক রুটিনের নিয়মে বাঁধা ব্যস্ত জীবন থেকে সময় চুরি করে নিয়ে কবি নিজের মুখোমুখি হয়। শুরু হয় সত্তার সঙ্গে একান্তে নিবিড় আলাপচারীতা। সৃষ্টি হয় চিন্তার বুনন, স্বপ্নের বুনন। কেন লিখি, কার জন্য লিখি এমন-ই প্রশ্নের প্রেক্ষিতে আত্ম-উপলব্ধির মর্মমূলে গিয়ে কবি আবিস্কার করে— যারা প্রতিদিন-ই কবির মত একটু একটু করে শেখে কবি তাদের সঙ্গ ভাগ করে নেওয়ার জন্য লেখেন। আবার সেই সব নবাগত যাদের সঙ্গে কবির এখনো দেখা হয়নি— তাদের জন্যও কবি লেখেন। এই লেখা এই সৃষ্টি-ই কবির জীবনের ধ্রুব সত্য। কখনো কখনো মল্লারের সুরে কবির স্বপ্নে প্রেম থাকে। গল্পের শেষে আক্ষেপানুরাগের সুরে মুগ্ধ পাঠিকাকে কবি প্রশ্ন করে— 'যখন আমার পঁচিশ বছর বয়স ছিল তখন কোথায় ছিলে ? কোথায় ছিলে তুমি!'

'সংশোধন বা কাটাকুটি' গল্পকার জয় গোস্বামীর দ্বিতীয় গল্প। গল্পটি 'দেশ' পত্রিকায় একটি বিশেষ সংখ্যায় প্রকাশিত হয়। এক্ষেত্রে সম্পাদক মহাশয় সাগরময় ঘোষ বিশেষ তাগাদা দিয়েছিলেন গল্প লেখার ক্ষেত্রে। আলোচ্য গল্পে একজন কবির পূর্ণতা প্রাপ্তির লক্ষ্যে এই সংশোধন বা কাটাকুটি। কবিতার খুটিনাটি সহ যাবতীয় বিষয়ে Perfection এর জন্য Correction বিষয়ে সর্বদা চিন্তিত ও সচেতন কবি। সাধারণত কবিরা কাব্যজগতে আত্মমগ্ন থাকার কারণে বাহ্য জগতে খুব আত্মভোলা হন। ফলে কিছু কিছু ক্ষেত্রে কবিদের পারিবারিক জীবনে ভুলের মাশুল গুনতে হয় অনেক। সংশোধন বা কাটাকুটির কোন পরিসর-ই জীবন তাকে দেয় না। কবিতার খাতার নিয়ন্ত্রক কবি হলেও, জীবন খাতার নিয়ন্ত্রক কবি নন, জীবন দেবতা। গল্পে সংশোধন বা কাটাকুটি বা Correction শুধুমাত্র কবির সৃষ্ট কবিতার শব্দ, পংক্তি বা লাইনের মধ্যেই সীমাবদ্ধ থাকে না, তার পরিবর্তে জীবনের ক্ষেত্রে আরও অনেক বড় ব্যাপ্তি লাভ করে। কবির উপলব্ধিতে বেঁচে থাকার বা বাঁচিয়ে রাখার তাগিদে দূর মফস্বল বা গ্রাম থেকে— হতে

পারে বনগাঁ বা বসিরহাট থেকে কাজ করতে মেয়েরা কলকাতায় আসে। যারা কাজ পায় না তারা শেষে পেট খোরাকির জন্য নিজের শরীরকেই জীবিকা করে তোলে, পণ্য করে তোলে। এই জীবিকায় কখনো কখনো অবাঞ্ছিত সন্তান এসে যায়, যদিও প্রায়ই খবরের কাগজে দেখা যায় সদ্যোজাত পরিত্যক্ত শিশুর ছবি, যাদের মা, বাবার সন্ধান পাওয়া যাচ্ছে না। বা কখনো কখনো সন্তান ভূমিষ্ঠ হওয়ার আগে গর্ভপাত ঘটায়। এটাই কী এদের জীবনের সংশোধন? নিজের জীবন বাঁচাতে সুরক্ষিত রাখতে অন্য জীবন নাশ। এ কী ভয়ঙ্কর Correction মানবিকতার কাছে প্রশ্ন রেখে যায়। কবির মাথায় কবিতার ক্ষেত্রে কোন Correction যেমন— কোন নতুন শব্দ, পংক্তি বা নামকরণ এলে কবিকে সেটা ভূতগ্রস্তের মত তাড়িয়ে বেড়ায়। যতক্ষণ না সংশোধন হচ্ছে ততক্ষণ কবির স্বস্তি নেই। কবিতার ক্ষেত্রে যেটা প্রায়ই করেণ জীবনের ক্ষেত্রে কবি সেই রকম একটি কাটাকুটি করিয়েছিলেন। কিন্তু কবিতা আর জীবন তো এক নয়। গল্পে ৫ বছর আগে কবি পত্নীর আর একটি সন্তান আসে গর্ভে। আরও একটি সন্তান আর জীবনের পারিবারিক স্বচ্ছলতার কথা চিন্তা করে কবি তার স্ত্রীকে এক প্রকার জোর করে রাজি করিয়ে আগত সন্তানকে কাটাকুটি করে কবির ভাষায় জীবনের সংশোধন করেন। তাতে ক্ষতি হয় মারাত্মক। কবির স্ত্রী আর কোনদিন সন্তানের জন্ম দিতে পারবে না। পরবর্তীতে কবি চাইলেও স্ত্রী আর কোনদিন সন্তানের জন্ম দিতে পারে না। গল্পে ঐ গর্ভপাত করানো সন্তান-ই কবির চেতনায়, স্বপ্নে, কল্পনায় মুরলিধর বেশে কবিকে দেখা দিয়ে তার কাব্য জগতের যাবতীয় সংশোধন করিয়ে দেয়। আর এই শিশুই কবি পত্নীর কাছে সবসময় গোপাল বেশে আবির্ভূত হয়। কবি পত্নী তার মানস কল্পনায় গোপালকে বা বলা ভালো সেই শিশুকে খাওয়ায়, ঘুম পাড়ায়, তার সঙ্গে খেলা করে। কিন্তু বাস্তব জীবনে সেই সন্তান পেতে মরিয়া কবি পত্নী। এক্ষেত্রে আর একবার কবি জোর করে চেষ্টা করতে চাইলে কবি পত্নী একরাশ বিরক্তি, আক্ষেপ আর বেদনায় বলে ওঠে—

> 'না। এ তোমার কবিতা নয় যে যতবার খুশি,
> সংশোধন করবে কাটাছেঁড়া করবে। এটা
> জীবন, জীবনকে একবার দু-বার কাটাছেঁড়া
> করলেই তা থেকে যে, রক্তপড়া শুরু হয়
> অনেক সময় তা সারা জীবন বন্ধ হয় না।
> আমার হয়নি, এই দেখো সারাজীবন
> আমার রক্ত বন্ধ হয়নি, এই দেখো,
> আমি তোমার কবিতা নই....'[২]

'জুরাসিক পার্ক' গল্পটি 'শারদীয় দেশ' পত্রিকায় প্রকাশিত। ছয়টি পরিচ্ছেদে লেখা গল্পটি মানব মনে লুকিয়ে থাকা অন্ধকার দিককে আলোকিত করার চেষ্টা করেছেন গল্পকার জয় গোস্বামী। নবজাগরণের ফলে আমরা যতই নিজেদের সভ্য ভাবি কিন্তু আমাদের-ই চিন্তা-চেতনায় থাকে আদিম অন্ধকারের লোভ, লাভ, স্বার্থ, ঈর্ষা আর সন্দেহ। সভ্য মানুষেরা তাদের ইচ্ছে মত গিরগিটির মত রং বদলায়। সংকীর্ণ স্বার্থ চিন্তায় অন্যকে আঘাত দিতে কখনও পয়োমুখমের ভূমিকায় অবতীর্ণ হয় আজকালকার পারিবারিক আত্মীয় স্বজন। কখনও কখনও পারস্পরিক তুলনার ভিত্তিতে নির্ণীত হয় দাম্পত্য সুখ। আবার কখনও সন্দেহ প্রবণতার বীজ ভেঙে দেয় দাম্পত্য সুখের আদল। গল্পে অবিনাশদের উচ্চবিত্ত, উচ্চ শিক্ষিত সভ্য পরিবারে মধ্যবিত্ত, সাধারণ অতসী বউ হয়ে আসে। শ্যামলা মেয়ে অতসীর গান শুনে মুগ্ধ হয় অবিনাশের বাবা। অবিনাশের সুন্দরী বউদিও সুন্দর গান করে। তবে পারিবারিক কোন অনুষ্ঠানে অতসী-ই প্রথম গান গায়। এই বিষয়টিই অনেকের চোখে ঈর্ষার কারণ হয়ে ওঠে। অতসী তাদের ফ্ল্যাটে গানের চর্চা করে কাঞ্চনের সঙ্গে। বলা যেতে পারে অতসীর গানের শিক্ষক। বিভিন্ন গানের সুর তোলার পারস্পরিক সমঝোতার মধ্যে দিয়ে চলে সঙ্গীত অনুশীলন। সহজ, সরল অবিনাশও বিষয়টি জানত এবং এটি তার কাছে স্বাভাবিক বলে মনে হয়েছে। তবে অতসী আর তার গানের বন্ধু কাঞ্চনকে নিয়ে অহেতুক গুঞ্জন তৈরি করে অবিনাশেরই পরিবারের আত্মীয়, স্বজনরা। আপাত নিরীহ সামান্য টিকটিকির ভয়ে ভয়ার্ত অবিনাশের সুন্দর মনকেও বিষিয়ে দেওয়ার চেষ্টা চলে সন্দেহ প্রবণতার কৌশলে। বাড়ির এক পরিকল্পিত অনুষ্ঠানে অবিনাশের দাদা, বউদি, সেজো কাকা, সেজো কাকী, ছোট কাকা গানের সূত্র ধরে অতসীকে অকারণ সন্দেহ, অপমান আর ইঙ্গিতপূর্ণ কথা শোনায়। দু'বছর ধরে পরিবারের আত্মীয় স্বজনরা সন্দেহের গরম শিসা ঢালছে অবিনাশের কানে। অবশেষে খানিকটা সন্দেহের বশে অবিনাশ স্ত্রী অতসীর কাছে জানতে চায় কাঞ্চনের ব্যাপারে। সকলেই আদিম অন্ধকারে নিমজ্জিত। তবে অতসী সঙ্গীতের মধ্যে, সুরের মধ্যে মনের আনন্দ খুঁজে পায়। খুঁজে পায় আদিম অন্ধকার থেকে মুক্তির আলো। গল্পের শেষে অবিনাশকে অতসী বলে,—

> 'ওই যে ছোট ছোট গানের দলগুলো,
> ধৈবত, অরিত্র, সোহিনী-যেসব জায়গায়
> কাঞ্চন আমায় নিয়ে যেত, ঘরের বউরা,
> সারাদিনের কাজের পর সেখানে কেন আসে
> জানো ? তারা কেউ বড় আর্টিস্ট হব, টাকা
> করব বলে আসে না। তারা কিছুক্ষণ সুরের

সঙ্গে থাকবার জন্য আসে। আনন্দের জন্য
আসে। গানের মনকে খুঁজতে আসে।'[৩]

'গানের শিউলিগাছ' রবিবাসরীয় আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত। আকার-আয়তনে ছোট্ট একটি গল্প, কিন্তু পাঠের পর এর রেশ থাকে সুগভীর। মূল বিষয় গান। কেন্দ্রীয় চরিত্র শেখর। বয়স পঞ্চাশ। মাথা ভর্তি কাঁচাপাকা চুল। সাদা পাজামা-পাঞ্জাবি একমাত্র পোশাক। ঋণ করে বোনেদের বিয়ে দিতে তার আর বিয়ে করা হয়নি। কলকাতা থেকে একটু দূরে শেখর বাংলা বিষয়ে গৃহশিক্ষকতা করতে যান। শেখরের গান শেখা তার বাবার কাছ থেকে। কোন এক বিকেলে তার ছাত্রীকে গানের দিদিমনি গান শেখাচ্ছিলেন আর তখন সে বাইরে অপেক্ষারত এক শ্রোতা। দিদিমনি বেরিয়ে যাওয়ার পর প্রবেশ করে শেখর। শেখরের মাথায় তখন গানের ভূত। গানের ভূত চাপলেই শেখর ভুলে যায় জাগতিক পৃথিবীর সবকিছু। প্রথমেই খানিকটা বিরক্তি নিয়ে বলে— গানের সুরে উঁচু পরদার জায়গাগুলো কেন গলা চেপে করছে। দিদিমনির শেখানো গানটাকেই ধরে শেখর গেয়ে ওঠে—

'শুনেছি মুরতি কালো, তারে না দেখা ভালো
সখী, বলো আমি জল আনিতে যমুনায় যাব কি।
এখনো তারে চোখে দেখিনি, শুধু বাঁশি শুনেছি.....

শেখরের দরাজ গলার সুরেলা এই সঙ্গীত শুনে ছাত্রী আর তার মা দু'জনেই বিস্ময়ে মুগ্ধ। শেখরের গাওয়ার Style টা নতুন, তবে এর জন্য গলা ছেড়ে গাওয়ার সাহস লাগে। এরপর মুগ্ধ শ্রোতা মা, মেয়ের আবদার মত আরও বেশ কয়েকবার বেশ কয়েকটা গান শোনাতে হল শেখরকে। শত দুঃখ-দারিদ্র্য, অভাব-কষ্টের মধ্যেও গানের সুর কখনও শেখরকে নিঃসঙ্গ করে ছেড়ে যায়নি। এই গান আর গানের সুরই শেখরের জীবনরে ধ্রুব সত্য, বাঁচার অবলম্বন, তার নিঃসঙ্গ জীবনের সঙ্গী। যখন মনের আনন্দে গান করে কোন শ্রোতা না থাকলেও তার উঠোনের শিউলি গাছটা থাকে। সুর থেকেই অনুরাগের জন্ম নেয়। গল্পের শেষে অন্যত্র চলে যাওয়ার আগে ছাত্রীর মায়ের আক্ষেপানুরাগ বর্ষিত হয় শেখরের প্রতি। এবং বলে—

'আমাকে মনে থাকেবে না আপনার। ভুলে
যাবেন নিশ্চয়ই। তবু বলে রাখছি, এরপর
থেকে বাড়ির শিউলি গাছেদের যখন গান
শোনাবেন, মনে রাখবেন, আমিও শুনেছি।'[৪]

'সন্ধ্যা সঙ্গীত' গল্পটি সংবাদ প্রতিদিনের সাপ্তাহিক 'রোববার' এ প্রকাশিত। জীবনের তিক্ত সত্য, কঠিন বাস্তব কে নিয়ে গল্পটি আবর্তিত। গল্পের মূল বিষয় একজন গানের মাস্টার

মহাশয়ের সম্মান প্রাপ্তিকে নিয়ে। দীর্ঘ ৬০ বছরের সঙ্গীত জীবনের পরে ৮৫ বছরের একেবারে প্রবীণ, বর্ষীয়ান গায়কের জীবনে এলো কাঙ্খিত এই সম্মান। তাও এলো মৃগেন বন্দ্যোপাধ্যায় এর কল্যানে। মাস্টার মশাইয়ের চেয়ে ২-৩ বছরের ছোট পরিচিত এই মৃগেন বাবু-ই নাকি বিভিন্ন ব্যক্তিবর্গদের বলে কয়ে রাজ্য সরকারের কাছে তাঁর নাম প্রস্তাব করে। এবার রাজ্য সরকারের সঙ্গীত মেলায় ১১ জনকে 'সঙ্গীত মহাসম্মান' প্রদান করা হবে। 'নবান্ন' থেকে মূখ্যমন্ত্রীর স্বাক্ষর করা চিঠি দিয়ে মাস্টার মশাইকে নিমন্ত্রণ করা হয়। সঙ্গীত মহাসম্মানের আর্থিক মূল্য ২ লক্ষ টাকা। অন্যের দাক্ষিণ্যে পাইয়ে দেওয়া পুরস্কারের প্রাপ্তিতে মাস্টার মশাই কী প্রতিক্রিয়া দেবেন ঐ বয়সে বুঝে উঠতে পারছেন না। তার প্রিয় ছাত্র-ছাত্রী, মেয়ে-জামাই, আত্মীয় স্বজনদের জানানো উচিত কি না তাই নিয়ে ভাবছেন আত্মসম্মানী বর্ষীয়ান গানের মাস্টার মশাই। তবে এই বয়সে এক রকমের নিঃসঙ্গ জীবনে ঔষুধপত্র, নার্সিংহোম, Operation প্রভৃতি চালাতে ২ লক্ষ টাকার মূল্য খুব বেশি। তবে এতদিনপর যে গানের জন্য তিনি পুরস্কৃত হলেন সেই গানের সুর এখন আর গায়কের কণ্ঠে নেই। গল্পের শেষে তীব্র এক আক্ষেপ আর শ্লেষ নিয়ে মাস্টার মশাই বলেন,—

> 'পুরস্কার পেলাম বটে, কিন্তু পুরস্কার পেলেই
> তো আর গলায় সুর ফিরে আসবে না।
> পুরস্কারের সঙ্গে গান আর সুরের সম্পর্ক নেই।'[৫]

সূত্র নির্দেশ :

১. জয় গোস্বামী, 'গল্পসমগ্র', দে'জ পাবলিশিং, কলকাতা, নভেম্বর ২০১৯, পৃ. ২০

২. তদেব, পৃ .৫০

৩. তদেব, পৃ. ৮৫

৪. তদেব, পৃ . ২৩৪

৫. তদেব, পৃ . ২৪৫

বিশ্বায়ন ও মনোজ মিত্রের কয়েকটি নাটক

Dr. Paramita Das Sharma (Associate Professor In Bengali, Department of B.Ed, Gobardanga Hindu College)

বিগত শতাব্দীর ষাট-সত্তরের দশক থেকে অর্থনীতি, সমাজনীতি ও গণমাধ্যমের সব থেকে বেশি আলোচিত বিষয় হল বিশ্বায়ন বা Globalisation। ১৯৬০ সালের পরবর্তী কালপর্বে বিশ্ব-অর্থনীতি ও রাজনীতির ক্ষেত্রে যে তিনটি শব্দ ব্যাপক প্রভাব বিস্তার করতে শুরু করেছিল সেগুলি হল Globalisation, Globalise এবং Globalising এই সময় থেকেই বিশ্বায়ন বা Globalisation নিয়ে বিভিন্ন ক্ষেত্রে আলোচনার সূত্রপাত হয়েছিল। 'The Global village' বা 'বিশ্বগ্রাম' এই নাম দিয়ে বিশ্বায়নকে ব্যাখ্যা করতে গিয়ে Mc Luhan সংস্কৃতি, প্রযুক্তি ও গণমাধ্যমের বিপুল ব্যবহার কিভাবে সমগ্র বিশ্বকে একটি একক বিশ্ব ব্যবস্থাতে (single global system) পরিণত করেছে সেটি সুন্দরভাবে তুলে ধরেছেন।

বিশ্বায়নকে কিভাবে সংজ্ঞায়িত করা যেতে পারে তা নিয়ে সমাজতত্ত্ববিদ্, ইতিহাসবিদ্, অর্থনীতিবিদেরা বিভিন্ন ক্ষেত্রে আলোচনা করেছেন, যেখানে কখনও বিশ্বায়নকে সমাজতত্ত্বগতভাবে, কখনও অর্থনীতিগত বা কখনও ইতিহাসগত দিক দিয়ে ব্যাখ্যা করা হয়েছে। সমাজতত্ত্ববিদ্ Anthony Giddens বিশ্বায়নের সংজ্ঞায় বলেছেন— "Globalization refers to the fact that we all live in the one world, so that individuals, groups and nations become interdependent." ১৯৯৫ সালে Malcom Water-এর লিখিত "Globalization" গ্রন্থে তিনি বিশ্বায়নের যে সংজ্ঞা দিয়েছেন তাতে তিনি বিশ্বায়নকে একটি সামাজিক প্রক্রিয়া রূপে দেখেছেন যেখানে ভূ-ব্যবস্থা ক্রমান্বয়ে সংকুচিত হয়ে আসছে— "A social process in which he constraints of geography on social and cultural arrangements recede and in which people become increasingly aware that they are receding." এই সংকুচিত বিশ্ব-ব্যবস্থাকেই Albrow বলেছেন— "Global Society"।

সমাজতত্ত্ব যেমন বিশ্বায়নকে Global Society বা World Society (বিশ্ব সমাজ) রূপে ব্যাখ্যা করে তেমনি অর্থনীতি বিশ্বায়নকে ব্যাখ্যা করে আন্তর্জাতিক বাজার ব্যবস্থার প্রসার, আন্তর্জাতিক শ্রম বিভাজন ও পুঁজিবাদী অর্থব্যবস্থার প্রসার ইত্যাদির স্বরূপে। আবার ইতিহাসবিদ্‌রা বিশ্বায়নকে দেখেন বিশ্ব-ইতিহাস বা World History-এর পরিপ্রেক্ষিতে। Abbas Mehdi তাঁর 'Globalization: Whose Benefit Anyway'

প্রবন্ধে বলেছেন— "Globalization, comprehensive term for the emergence of a Global Society in which economic, political, environmental and cultural in other part of the world." তিনি বিশ্বায়নকে ব্যাখ্যা করেছেন এক উন্নত প্রযুক্তিগত ও গণমাধ্যমগত যোগাযোগ ব্যবস্থা রূপে, যার ফলশ্রুতি হল সারা বিশ্বের মানুষজন, জনসম্প্রদায়, ব্যবসাবাণিজ্য প্রভৃতির ভিতর এক শক্তিশালী আন্তঃসম্পর্ক স্থাপন।

আবার ইতিহাসবিদ্ সমীর দাশগুপ্ত বিশ্বায়নকে ব্যাখ্যা করেছেন একদিকে যেমন জনসম্প্রদায় ও জাতিগত পরিচিতিহীনতা রূপে আবার অন্যদিকে অর্থনৈতিক বঞ্চনা ও রাজনৈতিক ক্ষমতাহীনতা রূপে— "Globalization can be defined as a process which denotes a transformation in the spatial organization of social relation and transactions. The prime feature of this process is associated with several historical trajectories such as, universal adoption of the state system an emergence of a globally interdependent economic, political, cultural, technological and communication system. But simultaneously, it is also associated with the feeling of powerlessness and economic depression."

বিশ্বায়নের এই সংজ্ঞাগুলির থেকে আমরা বিশ্বায়নের তিনটি রূপের প্রকাশ দেখতে পাই। এগুলি হল—

১. অর্থনৈতিক বিশ্বায়ন বা Economic Globalisation
২. রাজনৈতিক বিশ্বায়ন বা Political Globalisation
৩. সাংস্কৃতিক বিশ্বায়ন বা Cultural Globalisaton

ভারতের মতো উন্নয়নশীল তৃতীয় বিশ্বের দেশগুলিতে বিশ্বায়নের প্রভাব যেভাবে বিস্তার লাভ করে তা হল কখনও বিশ্বব্যবস্থার দ্বারা স্থানীয় সংস্কৃতি ও জনসম্প্রাদায়ের মিথস্ক্রিয়াতে অথবা বিশ্বব্যবস্থার দ্বারা স্থানীয় সংস্কৃতির অবলুপ্তিতে। বিশ্বায়নের সাংস্কৃতিক ও অর্থনৈতিক "সমরূপকরণ" (Homogenization) বলতে বোঝানো হয় "Convergence towards a common set of cultural traits and practices" অর্থাৎ বিশ্বব্যাপী একই ধরনের রীতিনীতি ও অভ্যাসের বিস্তার ঘটানো। যার ফলে ধনী দেশগুলি নিজেদের প্রযুক্তি ও গণমাধ্যমের সাহায্যে তৃতীয় বিশ্বের দেশগুলিতে একটা ভোগবাদী আত্মসর্বস্ব সংস্কৃতির প্রচার করে চলেছে। আবার সাংস্কৃতিক ও অর্থনৈতিক "বিষমরূপকরণ"(Heterogeniation)-এর প্রভাবে বিশ্বসংস্কৃতির সঙ্গে স্থানীয় সংস্কৃতির মিথস্ক্রিয়াতে একটা সংকর বা hybrid সংস্কৃতির সৃষ্টি হয়ে চলেছে। Hilton বলেছেন—

"Hybridisation thesis focuses on the intercultural exchange and the incorporation of cultural elements from a variety of sources within particular cultural practices." এই বিষমরূপকরণের ফলে বিশ্ববাজারের গ্রাসে বলিপ্রদত্ত হচ্ছে স্থানীয় বাজার, বিশ্ব সংস্কৃতি পরিণত হচ্ছে একটা Global Market-এ, যেখানে স্থানীয় সংস্কৃতির সবকিছু অবলুপ্ত হয়ে সৃষ্টি হচ্ছে এক নতুন সংস্কৃতি। Ronald Robertson এই প্রক্রিয়াকেই "Globalization" বলেছেন।

বিংশ শতকের দ্বিতীয় দশকের বিশ্ব জুড়ে আলোড়ন সৃষ্টিকারী এই সাংস্কৃতিক রাজনৈতিক অর্থনৈতিক ঘটনা বাংলা নাট্যসাহিত্যকেও বিশেষভাবে প্রভাবিত করেছিল। আমরা জানি বিশ শতকের চল্লিশের দশকে নবনাট্য আন্দোলনের হাত ধরে বাংলা নাটকে এক নতুন অধ্যায়ের সূচনা হল। এই সময়ের নাট্যকারগণ নাটককে সমাজ পরিবর্তনের হাতিয়ার রূপে গ্রহণ করে ব্যক্তিগত বিকাশ ও সমষ্টিগত উন্নয়নের মন্ত্রে এগিয়ে এলেন। স্বাধীনতা প্রাপ্তির সঙ্গে সঙ্গে দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও মন্বন্তর বাংলার রাষ্ট্রিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক জীবনকে একেবারে বিপর্যস্ত ও বিধ্বস্ত করে তুলেছিল। মানুষের সহজাত সত্তার সঙ্গে অঙ্গীকৃত সংস্কার, মূল্যবোধ, মানবিকতা, নৈতিকতা এগুলি এই বিপর্যয়ের যুগে প্রবল অবক্ষয়ের শিকার হয়ে পড়ল। দেশভাগ জনিত উদ্বাস্তু সমস্যা, কালোবাজারি, মজুতদারির কারণে বাঙালির জীবনে অর্থনৈতিক সংকট ব্যাপক আকার ধারন করল। দেখা দিল প্রবল খাদ্য সংকট, যার ফলে গ্রাম থেকে দলে দলে মানুষ শহর অভিমুখে যাত্রা করল। গ্রামকেন্দ্রিক সামন্ততান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার স্থান দখল করল পুঁজিবাদী নগরকেন্দ্রিক অর্থব্যবস্থা। এবং খুব স্বাভাবিকভাবেই এর প্রভাব পড়ল বাঙালির সামাজিক-পারিবারিক জীবনে। যার প্রকাশ আমরা দেখতে পাই বাংলা সাহিত্যে। বাংলা নাট্য সাহিত্য জগতে নাট্যকার মনোজ মিত্রের আবির্ভাব ঠিক এই সময়েই। মনোজ মিত্রের রচিত সামাজিক পারিবারিক নাটকগুলিতে আমরা খুব স্বাভাবিক কারণেই এই পরিবর্তিত সামাজিক অবস্থার পরিচয় পাই। বিশ্বায়নের প্রধান তিনটি বৈশিষ্ট্য "উদারীকরণ" (Liberalization), "বাণিজ্যীকরণ" (Commercializaton) ও "মুক্ত বাজারিকরণ" (Free Marketing)-এর ফলে বাংলার সমাজে একদিকে যেমন সৃষ্টি হল পুঁজিবাদী রাষ্ট্রীয় কাঠামো আর এর ঠিক বিপরীতে সৃষ্টি হল নিম্নবিত্ত শ্রেণী ও তাদের অস্তিত্বের সংগ্রাম। নিম্নবিত্ত ও উচ্চবিত্তের এই দ্বন্দ্ব-সংকট ও সংঘাতের মধ্যে দিয়েই বাংলার সমাজে বড় হয়ে দেখা দিল বাসস্থান সমস্যা, কালোবাজারি, প্রোমোটারি, দালালতন্ত্রের মতো কিছু জটিল সমস্যা। নাট্যকার মনোজ মিত্র তাঁর আপাত কৌতুক ও ব্যঙ্গের মাধ্যমে বাঙালি সমাজের এই সমস্যাগুলিকে খুব দক্ষতার সঙ্গে ফুটিয়ে তুলেছেন বেশ কিছু সামাজিক পারিবারিক নাটকে। মনোজ

মিত্রের এই ধারার বেশ কিছু নাটকে বিষয়বস্তুর বৈচিত্র্য ও উপস্থাপনের সরসতার ফলে বিশ্ববাজার অর্থনীতির জটিল স্বরূপটি খুবই প্রাণবন্তভাবে আমাদের সামনে উপস্থাপিত হয়েছে। কখনও মানুষী আবার কখনও অ-মানুষী কিছু চরিত্রের মাধ্যমে নাট্যকার বিশ্বায়ন, কালোবাজারি, মজুতদারি, দালালতন্ত্র, প্রোমোটারিরাজ প্রভৃতি সমাজের গভীর ক্ষতগুলিকে অত্যন্ত নিপুণতার সঙ্গে আমাদের সামনে তুলে ধরেছেন। এই প্রসঙ্গে মনোজ মিত্রের "রঙের হাট", "ছোট ছোট বাড়ি", "দম্পতি", "সন্ধ্যাতারা", "কেনারাম বেচারাম", "শোভাযাত্রা", "হারানো প্রাপ্তি", "অলকানন্দার পুত্রকন্যা" এই কয়েকটি নাটককে বেছে নিয়েছি আমাদের আলোচনাকে একটি নির্দিষ্ট রূপ দান করার জন্য।

২০০৪ সালে লিখিত মনোজ মিত্রের "রঙের হাট" নাটকটি এই শ্রেণীরই একটি প্রতিনিধি স্থানীয় রচনা। নদীর দুই পাড়ে দুই ধরনের হাট, একদিকে সাতরঙ গ্রামের শনি-মঙ্গলবারের হাট, আর নদীর অন্য পাড়ে মন্দ মেয়েদের বাস, সন্ধ্যা ঘনালেই সেখানে অন্য ধরনের কেনাবেচার সূত্রপাত হয়। সাতরঙের হাটখোলায় সন্ন্যাসীচরণ আর সাজাহান দুজনেই কসাই, মাংস বিক্রি করে। দুজনে দুজনের প্রতিদ্বন্দ্বী হলেও বোঝাপড়া বেশ ভালো। হাটের অন্যান্য যে যে মানুষী চরিত্রগুলি আছে তাদের মধ্যে ফজলু, গার্ড, পুরোহিত আর সূত্রধার মাদারি অন্যতম। না-মানুষী চরিত্রগুলি হল ব্ল্যাকি, ফুটু, করুণাবাবা ও ছাগলের দল। মনোজ মিত্র না-মানুষী চরিত্রগুলিতে অভিনয়ের জন্য নির্বাচিত করেছেন কিছু মানুষদেরই, তাদের কোন মুখোশ পরানো হয়নি, শুধুমাত্র গলা থেকে পা পর্যন্ত টানা পোষাক বা খোলস পরানো হয়েছে, অর্থাৎ পশুর মুখটা অবিকল মানুষের মতোই। এদের মধ্যে সব থেকে হৃষ্ট পুষ্ট ও নধর খাসি হল ব্ল্যাকি, তার কাছে তার জীবনের সার্থকতা হল ভালো দানে বিক্রি হওয়া। বিশ্বায়নের বাজারে উদার অর্থনীতির যুগে মানুষ যেমন তার শ্রম-মেধা-পরিশ্রম বিক্রি করে উন্নততর আর্থিক সচ্ছলতা অনুসন্ধান করে, তেমনি ব্ল্যাকিও উন্নত বাজার দরে নিজেকে বিক্রি করতে পারলে তার জীবন সার্থক হবে বলে মনে করে—

"ব্ল্যাকিঃ তোদের মত গেরস্ত বাড়ির শিক্ষা? ব্ল্যাকি জন্ম থেকেই জানে, সে বলি প্রদত্ত। ফার্ম হাউসের প্রশিক্ষণ! বড় হতে হবে. গায়ে গত্তি লাগাতে হবেচড়া দামে বিকিয়ে গিয়ে মালিকের লাভ এনে দিতে হবে! পুরো খোলা-বাজারি হিসেব। জন্ম থেকেই ও টার্গেট, বাজারদর!"

অর্থাৎ একুশ শতকের এই খোলাবাজারি বিশ্ব অর্থনীতির যুগে নিজেকে মানুষ খুব সহজেই ভোগ্য পণ্য করে তুলেছে, ফলে মানুষও স্বভাব বৈশিষ্ট্য হারিয়ে পশুর মতো দেখতে হয়েছে। এখানে না-মানুষী চরিত্রগুলির সাজ পোষাকের মাধ্যমে নাট্যকার মনোজ মিত্র এই সত্যিটাই আমাদের কছে তুলে ধরতে চেয়েছেন।

নদীর অপর পাড়ে 'মন্দ মেয়েদের' পাড়া, সেখানকার শান্তা, বুলটিদের বাঁধাধরা "বাবু" আছে। এই শান্তার পোষা ছাগল ফুটু, যে শান্তাকে "মামাম" বলে ডাকে, অত্যন্ত আদরের হলেও শান্তা ফুটুকে কসাই সন্ন্যাসীর কাছে বিক্রি করে দিতে বাধ্য হয়, কারণ তার বাবুর পছন্দ নয় ফুটুকে। ফুটু মনের আনন্দে সন্ন্যাসীর সঙ্গে চলে হাট দেখতে, জানেনা তার ভবিষ্যতে কি লেখা আছে। সন্ন্যাসীর ফুটুকে হাটে নিয়ে আসার সঙ্গে সঙ্গেই দালাল ফজলুর নজরে পড়ে ফুটু। সে মোটা দামে ফুটুকে কিনে নিতে চায়, তার অজুহাত "আমাকেও আয়ের সুযোগ দিতে হবে"। অর্থাৎ দালালিরও নৈতিক অধিকার এই বিশ্বায়নের যুগে প্রতিষ্ঠিত হতে চায়। এখন আর ক্রেতা-বিক্রেতার সরাসরি সম্পর্ক থাকতে পারবে না, মধ্যস্বত্ত্বভোগী দালালের মাধ্যমে সব কিছু স্থিরীকৃত হতে হবে। কিন্তু রঙের হাটের এই নিশ্চিত কেনা-বেচার মধ্যেও দেখা দেয় অশনি সংকেত, শোনা যায় বিদেশাগত কোন এক ভাইরাল ফ্লু আমাদের দেশে খাসি, পাঁঠা প্রভৃতি বাহকের মাধ্যমে প্রবেশ করেছে, যা মানুষের দেহে মারণান্তক প্রভাব বিস্তার করতে পারে। আসলে 'ফ্লু'-এর গুজবের দ্বারা বাজারে বিভ্রান্তি শুরু করে লুঠতরাজ ও হিংসার মাধ্যমে এক শ্রেণির মুনাফালোভী মানুষ এর সুযোগ নিতে চায়, ভেঙ্গে দিতে চায় সামাজিক স্থিতিশীলতার অবস্থাকে। নাটকের শেষাংশে যখন দেখা যায় উত্তেজিত জনতা সন্ন্যাসী ও সাজাহানের দোকান ভাঙচুড় করেছে, কসাইখানা থেকে প্রচুর খাসি ও পাঁঠা হয় পালিয়ে গেছে বা লুঠ হয়ে গেছে, তখনও কিন্তু ব্ল্যাকি পালায়নি। কারণ সে জানে উপযুক্ত মূল্যে বিক্রি না হলে তার জীবন ব্যর্থ হয়ে যাবে। এই সময়েই এক অর্ধেক বিক্রি হওয়া পাঁঠার দেহাংশ দেখিয়ে সন্ন্যাসী শান্তাকে বলে এটি ফুটুর দেহাংশ, তখন শান্তার মাতৃহৃদয়ে শুরু হয় বিবেকের দংশন, সে তার ভুল বুঝতে পারে। পরে জানা যায় দালাল ফজলু ফুটুকে নিয়ে পালিয়ে গিয়েছিল, সে শান্তাকে ফিরিয়ে দেয় তার আমানত। আপাতভাবে সন্ন্যাসী ও সাজাহানের ব্যবসাগত বিরোধ থাকলেও হিংসা ও অশান্তির দিনে সন্ন্যাসীই সাজাহানকে বাঁচায়। তাই নাটকের শেষ হয় মাদারির গানে—

"তারে যায় না বেচা যায় না কেনা
যায় না গো যায় না
ওই তারায় বোনা আকাশ খানা
কেনা বেচা যায় না"।

আসলে চির শাশ্বত আস্তিক্যবাদে বিশ্বাসী নাট্যকার মনোজ মিত্র শেষ পর্যন্ত আশাবাদের কথাই আমাদের শোনান। বিশ্বায়ন, অর্থনৈতিক মন্দা, খোলাবাজার, দালালরাজ সব কিছুর উর্দ্ধে যে ভারতীয় সাংস্কৃতিক মিলন ও ঐক্যের দর্শন তারই জয় ঘোষণা করেছেন নাট্যকার। মনোজ মিত্রের এই নাটক আসলে বিশ্ব অর্থনীতির খোলা বাজারতন্ত্রের

বিরুদ্ধে সরল গ্রাম্য হাটুরেদের এক সম্মিলিত প্রতিবাদের নাটক, যেখানে হিংসা রেষারেষি থাকলেও শেষ পর্যন্ত জয়ী হয় মনুষ্যত্ব ও মানবিকতা। ফজলুর কণ্ঠে তারই প্রতিধ্বনি শোনা যায়—

"দ্যাখো বহিন, বাজারে দেহ-র কোন দাম নেইঐ খালপাড়ে জন্মেও দেখেছি, এপারে এসেও দেখেছিগরু ছাগলেরও কোন দাম নেই, আমার মা-বহিনেরও নেই। দাম যে টুকু যা আছে তা ঐ খোদাতালা তোমার কলজে ভরে দিয়েছেন, ঐ মায়া মমতা-ভালবাসা-ঐ যে মণিমুক্তা গুলো-ঐগুলোরই দাম"।

মনোজ মিত্রের বেশ কয়েকটি নাটকে আমরা বিশ্বায়নের পরোক্ষ ফলশ্রুতির পরিচয় পাই। 'দম্পতি', 'সন্ধ্যাতারা', 'শোভাযাত্রা', 'ছোট ছোট বাড়ি', 'হারানো প্রাপ্তি', 'অলকানন্দার পুত্রকন্যা' নাটকগুলিতে যে যে সমস্যাগুলিতে নাট্যকার আলোকপাত করেছেন সে গুলিও বিংশ শতকের দ্বিতীয় দশকের বিশ্বায়নের প্রভাব দ্বারা চিহ্নিত হতেই পারে। "ছোট ছোট বাড়ি" নাটকে আমরা দেখি প্রোমোটারের লোভের হাত থেকে নিজেদের ছোট বাড়িকে রক্ষা করার জন্য আপ্রাণ চেষ্টা করছেন বৃদ্ধা কনকচাঁপা। উদারিকরণের ফলে সারা বিশ্ব এখন পরিণত হয়েছে ওনদ্রত্নথন Village-এ, তাই ভারতবর্ষের মতো তৃতীয় বিশ্বের মেধারা উন্নত রোজগার, উন্নত জীবনের হাতছানিতে পাড়ি দিচ্ছে বিদেশে, দেশে পিছনে পড়ে থাকছেন বৃদ্ধ পিতা-মাতা। যাদের মধ্যে কোন একজনের মৃত্যুর পরে দুর্বিসহ হয়ে উঠছে অন্যজনের জীবনযাপন। এই নাটকে দেখি কনকচাঁপার স্বামীর মৃত্যুর পরে এবং ছেলে বুবাই-এর কর্মসূত্রে আমেরিকা পাড়ি দেবার পরেই প্রোমোটার মৃদুল ও তার দালাল পাখি নন্দীর নজরে পরে ছোট্ট বাড়িটি। ঘুরঘুর শুরু করে যে কোন উপায়ে এই বাড়িটা হাতিয়ে নেবার জন্য। কনকচাঁপার সাহায্যে এগিয়ে আসে গরীব কিন্তু প্রতিবাদী সাহসী মেয়ে বিন্দি। প্রোমোটার মৃদুল আপাতভাবে কনকচাঁপার ছোটভাই-এর মতো হলেও নিজের স্বার্থে আঘাত লাগলে তাকে বাড়িতে একা পেয়ে হত্যা করতেও উদ্যত হয়। কনকচাঁপা যেন এক অলৌকিক শক্তির দ্বারা শরীরের সমস্ত জোড় দিয়ে বিন্দির ইস্তিরি দিয়ে আঘাত করেন মৃদুলের মাথায়। মৃদুল মাটিতে লুটিয়ে পরলে সোজা হয়ে উঠে দাঁড়িয়ে কনকচাঁপা বলেন— "বারবার জিতে যাবি শয়তান!" আর বিদেশ থেকে ছেলের ফোন এলে তাকেও জানিয়ে দেন যে মায়ের জন্য যেন তার জীবনে এগিয়ে চলা না থেমে যায়, তাকে দেশে ফিরে আসতে হবে না, কারণ—

"আমার যেটুকু যা আছে আমি রক্ষে করতে পারবো রে বাবা"।

"দম্পতি" ও "সন্ধ্যাতারা" নাটকে দেখি স্বার্থপর অর্থলোভী সন্তানেরা পিতা-মাতার কাছ থেকে যেন তেন প্রকারে নিজেদের স্বার্থ সিদ্ধিতে ব্যস্ত। বিশ্বায়নের পরবর্তী সময়ে

ভোগবাদী আত্মসর্বস্ব সমাজের যে প্রচার ধনী উন্নত দেশগুলি সারা তৃতীয় বিশ্বের দেশগুলিতে প্রচার করতে চেয়েছিল তারই পরিচয় পাই এই সব নাটকে। সন্তানরা আত্মসর্বস্ব, নিজেদের সুখ ও সাচ্ছল্যই তাদের একমাত্র কাম্য, বাবা-মাকে যে কোন প্রকারে হাত করে তাদের ধন সম্পত্তির প্রতি নিজেদের অধিকার প্রতিষ্ঠা, কিন্তু বিনিময়ে বৃদ্ধ পিতা-মাতার দেখাশোনা বা সেবা শুশ্রূষা নয়। তাদের অসহায় মৃত্যুর মুখে ঠেলে দিয়ে নিজেদের ভোগসর্বস্ব জীবনকে সাজিয়ে নেবার অদম্য প্রচেষ্টার দ্বারাই এই সন্তানেরা চালিত হচ্ছে। "দম্পতি" নাটকে বাড়ি বিক্রির দেড় লাখ টাকা আর বাবার লাইফ ইন্সিওরেন্স এর বিশ হাজার টাকা নিয়ে বড়খোকা ও ছোটখোকার মধ্যে যে ধরনের বাকবিতন্ডা শুরু হয় তাতেই বোঝা যায় বাবা-মা নয় তাদের সঞ্চিত অর্থের প্রতিই এদের আসল টান—

"ছোটখোকা।। গোবেচারা! তিনি পাঁউরুটিতে জেলি মাখিয়েও খেতে জানেন না! ইতিপুর্বে বাবার লাইফ ইন্সিওরেন্স-এর নীট বিশ হাজার টাকা তোমরা এই ভাবে গাপ করেছিলে! ...এবার বাড়ি বিক্রির দেড় লাখ টাকা নিয়ে কেটে পড়ার তালে আছো!"

একাঙ্ক নাটক "সন্ধ্যাতারা"-তেও দেখি বড় ছেলে বুজু আর মেয়ে রেখার মধ্যে রেষারেষি শুরু হয়েছে বাবার বড়ি বিক্রির টাকা কে কিভাবে হাতিয়ে নিতে পারে এই নিয়ে। ছেলে মাকে আর মেয়ে বাবাকে নানা প্রকারে ছলে কৌশলে এটাই বোঝাতে ব্যস্ত যে টাকাটা তাদের কতটা প্রয়োজন, আর অপরপক্ষ কিভাবে মিথ্যা কথা বলে সেটি অর্জন করতে চায়। শেষ পর্যন্ত নিজেদের প্রাপ্য টাকা হাতে পেয়ে বৃদ্ধ পিতা মাতাকে পরস্পরের থেকে আলাদা করতেও তাদের রুচিতে বাঁধে না। কিন্তু বৃদ্ধ কুমুদ আগেই বুঝতে পেরেছিলেন স্বার্থপর সন্তানদের মতিগতি, সেইজন্য সব টাকাটা তাদের মধ্যে ভাগ করে না দিয়ে কিছুটা বাঁচিয়ে রেখেছিলেন নিজেদের ভবিষ্যতের জন্য, স্ত্রী আশালতাকে আশ্বস্ত করেন যে সন্তানদের ছাড়াই তারা দুজনে পরস্পরের সঙ্গে আনন্দে বাকি দিনগুলো কাটিয়ে দেবেন—

"ওদের কথা ভেবো না। ওরা যে যার চলে যাক। (থেমে) মানুষ মরে গেলে যেমন আকাশের তারা হয়ে ফুটে ওঠে, হারিয়ে গেলেও তেমন তারা হয়ে যায়। রোজ সন্ধ্যেবেলায় ঐ দিকে চেয়ে আমরা অচেনা তারাগুলো দেখব-আর আমাদের হারিয়ে যাওয়া ছেলেমেয়েদের খুঁজবো।"

"কেনারাম বেচারাম" অথবা একাঙ্ক নাটক "হারানো প্রাপ্তি"-তে বাবা বেচারাম নিরুদিষ্ট, কিন্তু সন্তানদের বাবাকে খুঁজে বার করার থেকেও বেশি নজর বাবার সঞ্চিত ধন-সম্পদের দিকে। "কেনারাম বেচারাম" নাটকে বড় ছেলে শুভেন্দু ও মেয়ে বুড়ির

মধ্যে বচসার প্রধান কারণ হল বাবার সিন্দুকে রক্ষিত মায়ের গয়নার ভাগ নেওয়া। শুভেন্দুর স্ত্রী দীপ্তিও এ ব্যাপারে স্বামীকে সহযোগিতা করতে পিছপা নয়—

"শোনো তোমার বোন বাবার কম্বলফম্বল যা নিতে চায়, নিয়ে যাককিন্তু গয়না, বিষয়-সম্পত্তি এসবে যেন নজর না দেয়!"

ওদিকে মেয়ে বুড়িও মায়ের গয়নার লোভেই সুদূর এলাহাবাদ থেকে এসে একমাস ধরে বাপের বাড়িতে পড়ে আছে, গয়না সে নেবেই। কারণ—

"কেন, বিয়ের সময় বাবা বলেনি তোমাদের মায়ের গয়না আমার স্থাবর-অস্থাবর সম্পত্তি আমি বর্তমান থাকতে কিছুতেই ভাগ হবে নাকিন্তু বাবা তো এখন অবর্তমান!"

বর্ধমানের নগেন পাঁজা যখন কেনারামকে বেচারাম সাজিয়ে বাড়িতে নিয়ে আসে তখন সকলে তাকেই তোয়াজ করতে ব্যস্ত হয়ে পড়ে, যাতে সিন্দুকের মধ্যে রাখা গয়নার বাক্সটা হাত করতে পারে। এখানেও আমরা সেই আত্মসর্বস্ব ভোগবাদী জীবনে অভ্যস্ত সন্তানদেরই দেখতে পাই, যারা যে কোন উপায়ে নিজেদের জীবনের সুখ স্বাচ্ছন্দ্য বজায় রাখতে চায়। তার জন্য অন্য কোন লোককে নিজের বাবা বলে চালাতেও তাদের কোন দ্বিধা নেই। নাটকের শেষে যখন আসল বেচারাম ফিরে আসেন তখন একমাত্র নাতি টোটন উল্লসিত হয়ে দাদুকে জড়িয়ে ধরে বলে—

"জানো দাদু, পিসি বাবা কাকাই সবাই-সবাই তোমার টাকার জন্যে, গয়নার জন্যে ঐ-ঐ লোকটাকে বাড়িতে রেখেছে! তুমি ওকে বার করে দাও!"

আসলে এই নাটকে বেচারামও জানে সিন্দুক বা গয়নার বাক্সে কিছু নেই, ওটা ছিল বেচারামের একটা কৌশল, ছেলে মেয়েদের কাছ থেকে সম্মান ও ভালবাসা পাবার। কারণ তিনিও জানতেন ছেলে মেয়েরা বাবার সেবা যত্ন করে শুধু অর্থ সম্পত্তি পাবার লোভেই, যতদিন তারা জানবে বিনিময়ে কিছু পাবে ততদিনই বাবার আদর যত্ন হবে, যেদিন আসল তথ্য জানাজানি হবে সেদিন সংসারে বৃদ্ধ বাবার আর কোন স্থান নেই।

"শোভাযাত্রা" নাটকে মাধবকাটির রায়বাড়ির সুপ্রাচীন জগন্নাথের রথযাত্রা নিয়ে সেই গ্রামে উৎসাহ উদ্দীপনার শেষ ছিল না, কিন্তু বিগত কয়েক বছর জমিদারির অবস্থা বিপন্ন হওয়ায় ধনগোপাল রায় মাছের ব্যবসায়ী মন্মথ পালের কাছে রথের ইজারা দিতে বাধ্য হন। এখানে জমিদারী সামন্ততন্ত্রের শেষ আর পুঁজিবাদী ধনতন্ত্রের সূচনার ইঙ্গিত দিয়েছেন নাট্যকার মনোজ মিত্র। পুরাতন জমিদারী প্রথার পরিবর্তেনব্য জাগ্রত ব্যবসায়ী শ্রেণির হাতে গ্রামের চিরন্তন অর্থনীতির এই পালাবদল নাট্যকার 'শোভাযাত্রা' নাটকের মাধ্যমে আমাদের সামনে তুলে ধরেছেন। মন্মথ পালের উক্তির মধ্যে দিয়ে এই অর্থনৈতিক পট পরিবর্তনের ইঙ্গিত ধরা পড়েছে—

"লজ্জা কি? খোলাখুলি সব বলুন না দাদা। (যামিনীকে) ও ঠাকুরমশাই, এ ঠাকুর দেবতার বোঝা ঐ ভদ্রলোক আর টানতে পারছেন না! বিনি মাইনেতে একটা ভাঙ্গা মন্দির আকঁড়ে আপনি কেন পড়ে আছেন বলুন তো? (অতসীকে) ও দিদি, নিত্যসেবা দিতেই রায়দের নাভিশ্বাস উঠছে। (মুকুলকে) মন্দির টন্দির সব ধুলোয় মিশে যাচ্ছে। দেশের এত বড় একটা প্রতিষ্ঠান ধ্বংস হয়ে যাচ্ছে। আমি যদি সেটা বাঁচাই .(সরসীকে) সেটা ভাল হয় না?"

শেষ পর্যন্ত দেখা যায় রায়বাড়ির রথযাত্রা আর রায়বাড়িতে সীমাবদ্ধ না থেকে গ্রামের আপামর মানুষের মধ্যে ছড়িয়ে পড়েছে। ধনগোপালের বাড়িতে যে দারিদ্রের মধ্যে জগন্নাথ ছিলেন আজ সকলের মধ্যে আলো ফুল বাজনায় ঘেরা শোভাযাত্রায় বেড়িয়ে জগন্নাথ যেন মুক্তির নিশ্বাস নিচ্ছেন। মালিকানা বদল হচ্ছে, গ্রামীন অর্থনীতির পালাবদল ঘটছে। বিশ্বায়নের ফলে সামন্ততন্ত্র ধীরে ধীরে ধনতন্ত্রের দিকে এগিয়ে যাচ্ছে, সেটাই এই নাটকের মধ্যে আমরা দেখতে পাই।

মনোজ মিত্রের অন্যতম আলোচিত নাটক "অলকানন্দার পুত্রকন্যা' নাটকের মধ্যেও আমরা বিশ্বায়নের পরোক্ষ প্রভাব দেখতে পাই। বিশেষ করে দেবাহুতি চরিত্রের মধ্যে এর স্পষ্ট ইঙ্গিত নাট্যকার দিয়েছেন। আত্মসর্বস্ব নিজের সুখ ও ভোগবিলাসের প্রতিই দেবাহুতির সমস্ত মনোযোগ, এর জন্য সে অনায়াসেই নিজের বাবা-মার পরিবার থেকে বেড়িয়ে এসেছে, স্বামীর সঙ্গে তার ডিভোর্সের কারণও হয়তো তার এই আত্মকেন্দ্রিকতা। অলকানন্দার প্রশ্নের উত্তরে সে বলে—

"বলেছিতো ওদের সঙ্গে আমি অ্যাডজাস্ট করতে পারি না!"

দেবাহুতির জীবনের একটাই উদ্দেশ্য হল যে কোন উপায়ে আত্মসুখ লাভ করা। সারা রাত ব্যাপী নাচ গানের অনুষ্ঠান দেখা, রাশিয়ান ব্যালে দেখা, বা অনেক রাত পর্যন্ত ক্লাবে পার্টি করা এভাবেই সে জীবন অতিবাহিত করতে চায়। পশ্চিমি সভ্যতার নকলে এই রকম উদ্দাম বন্ধন হীন জীবন কাটানোতেই সে সুখ লাভ করে। নিজের সন্তানের প্রতিও তার কোন টান নেই, তাই অনায়াসেই রোজ রোজ তালাচাবি দিয়ে তাকে একা ফ্ল্যাটে ফেলে রেখে আনন্দ ফূর্তি করতে তার কোন বাধে না। অলকানন্দা যখন তাকে বাচ্চাটার ওপর নজর দেবার কথা বলেন তখন সে অবলীলাক্রমে বলে—

"পারি না যে! চেষ্টা তো করি! হয় না! আসলে আমার ভেতরে এমন একটা গন্ডগোল আছেও তুমি বুঝবে না"।

নাটকের শেষাংশে আমরা দেখি অলকানন্দার কাছেই নিজের বাচ্চাকে রেখে দেবাহুতি অন্যত্র বাসা বাড়ি খোঁজার জন্য চলে যায়, হয়তো আর কোনদিনই সে ফিরে আসবে না। নিজের সন্তানের প্রতিও এই চরম অবহেলা করে শুধুমাত্র নিজের জীবনকে

উপভোগ করার মানসিকতা বিশ্বায়নজাত আত্মসুখ সর্বস্ব, ভোগ বিলাসে অভ্যস্ত মানসিকতারই পরিচয়। যে সামগ্রিক অবক্ষয়, পারিবারিক বন্ধনহীনতা, মনুষ্যত্ব বোধের অভাব দ্বারা বিশ্বায়ন পরবর্তী জনসমাজ চালিত হছে নাট্যকার মনোজ মিত্রের এই নাটক তারই ইঙ্গিত বহন করে।

বিশ্বায়নের মধ্যমে মানুষ অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, সাস্কৃতিক ও সামাজিকভাবে পরস্পরের সঙ্গে দ্রুত সম্পর্কযুক্ত হবার সুযোগ পাচ্ছে ঠিকই, কিন্তু বিশ্বায়নের সর্বগ্রাসী ভোগবাদী মানসিকতা, পুঁজিবাদ এবং গণতন্ত্রের মুখোশপরা সাম্রাজ্যবাদের এই ভয়ঙ্কর দানবীয় আগ্রাসন মানুষকে আজ পরস্পরের থেকে অনেক দূরে ঠেলে দিচ্ছে। ভারতের মতো তৃতীয় বিশ্বের দেশগুলি খুব দ্রুত তাদের সামাজিক সাংস্কৃতিক ঐতিহ্য হারিয়ে এই ভোগবাদী বাজারকেন্দ্রিক মানসিকতার দ্বারা পরিচালিত হচ্ছে। নাট্যকার মনোজ মিত্রের কয়েকটি নাটকের মাধ্যমে আমরা এই সত্যিটাকেই তুলে ধরার চেষ্টা করেছি।

তথ্যসূত্র :

১। Marshall Mcluhan, Uerstanding Media; Routledge, London, 1964

২। Anthony Giddens, Sociology, 5th edition; Polity Press; Cambridge CB21UR, UK, 2006

৩। Malcom Water, Globalization; Routledge, London and New York, 1995

৪। Abbas Mehdi, Globalization: Whose Benefit Anyway; Samir Dasgupta and Kiely Ray edited Globalization and After; Sage, New Delhi, 2006

৫। Samir Dasgupta, The Changing Face of Globalization, Sage, New Delhi, 2004

৬। Roland Robertson, Globalization: Time Space and Homogeneity-heterogeneity; Mike Featherstone, Sott Lash and Roland Robertson eited Global Modernities; Sage, New Delhi, 1995

৭। মনোজ মিত্র নাটক সমগ্র, (১ম-৬ষ্ঠ খন্ড) মিত্র ও ঘোষ, কোলকাতা।

মেঘদূত কাব্যে পরিবেশ ভাবনা

Dr. Anamika Mukherjee (Assistant professor, Department of Sanskrit, Gobardanga Hindu College)

'পরিবেশ' শব্দটি পরি উপসর্গ পূর্বক 'বিশ ধাতুর উত্তর 'ঘঞ প্রত্যয় করে নিষ্পন্ন হয়েছে। এর ব্যুৎপত্তিগত অর্থ হল 'বেষ্টন' 'আচ্ছাদন' বা 'পরিবৃতি'। অর্থাৎ যা বেষ্টন করে আছে তাই হল পরিবেশ। আরও সুস্পষ্ট ভাবে বলা যেতে পারে দৃশ্য ও অদৃশ্য যে সব উপকরণ বা উপাদান প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মানুষের জীবন ও জীবিকার উপর প্রভাব বিস্তার করে, তাদের এককথায় পরিবেশ বলা যেতে পারে। পরিবেশ মানুষের পারিপার্শ্বিক অবস্থাকে নির্দেশ করে। মানুষের জীবনযাত্রায় পরিবেশের অপরিসীম প্রভাব রয়েছে। পরিবেশের এই প্রভাব মানুষের দৈহিক গঠন, মানসিক বিকাশ, আচার-ব্যবহার প্রভৃতি জীবনের প্রতিটি ক্ষেত্রেই প্রতিফলিত হয়। এইজন মানুষকে পরিবেশের সন্তান বলা হয়ে থাকে। আমাদের পরিচিত ও নিকটস্থ জগতের মধ্যে আছে নানা প্রজাতির বৃক্ষরাশি, মানুষ, পশুপক্ষী, কীটপতঙ্গ, আলো, বায়ু, জল, মৃত্তিকা, উত্তাপ; সেই সাথে আছে মানুষের তৈরি বাড়িঘর, কলকারখানা, রাস্তাঘাট প্রভৃতি। এই সবগুলিই একসঙ্গে আমাদের পরিবেশ রচনা করে। অর্থাৎ পরিবেশ বলতে উদ্ভিদ, প্রাণী, আলো, উষ্ণতা জল, বাতাস ও মাটির মিলিত সক্রিয় অবস্থানকেই বোঝায়। এদের মধ্যে উদ্ভিদ ও প্রাণী হল জীব উপাদান এবং আলো, বাতাস, জল ও মাটি হল অজীব উপাদান বা জড় উপাদান। এককথায় বলা যায় যে, যেসব উপাদান আমাদের জীবন ও জীবিকার ওপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে তাদের পরিবেশ বলে।

'পরিবেশ' শব্দটি ইংরেজী ভাষায় 'Environment' অর্থে ব্যবহৃত হয়েছে। পরিবেশ জীবজগতের নিয়ামক। পৃথিবীর উপর ব্যাপ্ত পরিবেশ প্রকৃতির সর্বশ্রেষ্ঠ বরদান বলা যেতে পারে। কোন জীবই নিজের পরিবেশের থেকে আলাদা ভাবে জীবন-যাপন করতে পারেনা। সৃষ্টির আদিকাল থেকেই মানুষের প্রকৃতির সাথে নিবিড় সম্বন্ধ বিদ্যমান। মানুষের ব্যক্তিত্ব নির্মাণে প্রকৃতির বিশেষ মহত্ত্ব পরিলক্ষিত হয়, কোন দেশ বা ক্ষেত্রে যেরকম প্রকৃতি তথা পরিবেশ থাকবে সেইরকম ব্যক্তিত্বই সেখানকার মানুষের মধ্যে পরিলক্ষিত হয়। ভারতীয় সমাজে পরিবেশের প্রতি সজাগদৃষ্টি আদিমকাল থেকেই বহমান রয়েছে। প্রাচীন বৈদিক ঋষিরাও প্রকৃতির সাথে নিজেদের একাত্মতাকে উপলব্ধি করতে পেরেছিলেন। অথর্ববেদের ভূমিসূক্তে ঋষি অথবা প্রার্থনা করেছেন—

"মাতা ভূমিঃ পুত্রো অহং পৃথিব্যাঃ।
পর্জন্যঃ পিতা স উ নঃ পিপর্তু"।। (অথর্ববেদ, ১২.১.১২)

অর্থাৎ পৃথিবী আমার মা, আমি পৃথিবীর পুত্র, পর্জন্য আমাদের পিতা, তিনি আমাদের পালন করুন। ঋষি কবির মতে পৃথিবী শুধুমাত্র একটি অচেতন অস্তিত্ব নয় বরং পৃথিবী শুধুমাত্র একটি অচেতন অস্তিত্ব নয় বরং যেন একটি প্রাণময় সত্তা যা শধু আজকের দিনে নয় চিরন্তন কাল ধরে মানুষকে তার বুকে ধারণ করেছে, পুষ্ট করেছে এবং মায়ের মত তাকে নিরাপদ আশ্রয় দিয়েছে।

মানবজাতির সম্পূর্ণ প্রয়োজনীয়তা প্রকৃতির দ্বারাই সম্পন্ন হয়। পরিবেশ বিনা মানবজীবন কখনই সম্পূর্ণ হতে পারেনা। অতএব মানবজীবনের পরিপূর্ণতা তার নিজের পরিবেশের উপরই নির্ভরশীল। শুক্লযজুর্বেদের শতপথব্রাহ্মণে বলা হয়েছে—

"ঔষধয়ো বৈ পশুপতিঃ"।

বৈদিকযুগ থেকে শুরু করে বর্তমান কাল অবধি সংস্কৃতসাহিত্যের ধাবা অবিচল। প্রায় প্রতিটি রচনাতেই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রকৃতির অপরূপ মহিমাকে প্রস্ফুটিত করার প্রয়াস লক্ষ্য করা যায়। বেদ, ব্রাহ্মণ, আরণ্যক, উপনিষদ, পুরাণ মহাকাব্য এবং অন্যান্য সাহিত্যেও পরিবেশ ভাবনার বিষয়টি আমাদের গর্বিত করে। সংস্কৃতসাহিত্যে বিভিন্ন কবিবা তাদের লেখনীতে পরিবেশের সঙ্গে মানবজাতির একাত্মকতার বিষয়টিকে বার বার তুলে ধরেছেন। জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রকৃতি তথা পরিবেশের প্রয়োজনীয়তাকে তারা অনুভব করেছেন। তাই কখনো রূপকের মাধ্যমে কখনো বা সরাসরি তাদের রচনায় প্রকৃতির তথ্য পরিবেশের বিষয়টিকে উপস্থাপনা করেছেন।

সংস্কৃতসাহিত্যে যেসব কবিদের কাব্যে প্রকৃতি তথা পরিবেশের বর্ণনা রয়েছে তাদের মধ্যে সর্বাগ্রে মহাকবি কালিদাসের নাম বলা যায়। কালিদাসের সবকটি রচনাতেই পরিবেশ ভাবনার সুন্দর উপস্থাপনা রয়েছে। প্রকৃতির অন্তঃ এবং বাহ্য এই দুই প্রকার স্বরূপেরই সুস্পষ্ট এবং যথার্থ বর্ণনা পাই। তবে মহাকবি কালিদাসের আবির্ভাব কাল নিয়ে পণ্ডিতমহলে যথেষ্টই বিতর্ক বিদ্যমান। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাই উক্তি করেছেন—

"হায়রে কবে কেটে গেছে কালিদাসের কাল।
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ সাল"।।

তবে খৃষ্টপূর্ব প্রথম শতক থেকে শুরু করে খৃষ্টাব্দ ষষ্ঠ শতক পর্যন্ত সুদীর্ঘ সাতশো বছরের বিশেষ বিশেষ সময়কে কালিদাসের কাল বলে প্রতিপাদিত করার চেষ্টা করা হয়েছে। কালিদাসের কাল নিয়ে মোটামুটি নিশ্চিতভাবে যেটা বলা যায় তা হল, কালিদাস

৬৩৪ খ্রীষ্টাব্দের বেশ পূর্ববর্তী ছিলেন।। কারণ চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর রাজত্বকালের জৈন কবি রবীকীর্তি রচিত 'আইহোল শিলালেখে' কালিদাসের নাম উল্লিখিত হয়েছে—

"যেনাযোজি নবে শ্মস্থিরমর্থবিধৌ বিবেকিনা জিনবেশ্ম।
স বিজয়তাং রবিকীর্তিঃ কবিতাশ্রিতকালিদাসভারবিকীর্তিঃ"।।
(রবিকীর্তী, আইহোল শিলালেখ)

সংস্কৃতসাহিত্যে মহাকবি কালিদাসের নামে বহুগ্রন্থ প্রচলিত আছে। তবে তার অধিকাংশই কালিদাসের রচনা নয় বলে পণ্ডিতেরা তাদের অভিমত ব্যক্ত করেছেন। সুবিন্যস্ত রচনাশৈলী, বর্ণনার পরিপক্কতা প্রভৃতি বিবিধ বিষয় দেখে অত্যন্ত প্রসিদ্ধ সাতটি রচনা কালিদাসের বলে সর্বজনগ্রাহ্য মত। সেগুলি হল— রঘুবংশমও কুমারসম্ভবমএই দুটি মহাকাব্য, অভিজ্ঞানশকুন্তলম মালবিকাগ্নিমিত্রমও বিক্রমোবর্শীয়মএই তিনটি নাটক এবং মেঘদূত ও ঋতুসংহার নামে দুটি গীতিকাব্য। মেঘদূত কালিদাসের সর্বশ্রেষ্ঠ গীতিকাব্য। যে কাব্যের দ্বারা গীতের উদ্দেশ্য সাধিত হয় তাই গীতিকাব্য। মেঘদূত গীতিকাব্য বা খণ্ডকাব্য রূপে বিবেচিত হলেও দূতকাব্যরূপেও পরিচিত। কারণ এই কাব্যে মেঘকে দূত করে পাঠানো হয়েছে। আবার মেঘের দ্বারা সন্দেশ বা বার্তা পাঠানো হয়েছে বলে এই কাব্যের অপর নাম মেঘসন্দেশ। সংস্কৃতভাষায় এরকম প্রায় পঞ্চাশটি দূতকাব্য রচিত হয়েছে, যার দূতেরা অবাকবা অব্যক্তবাক এই দূত কাব্যগুলিকে আবার সন্দেশকাবও বলা হয়। মহাকবি কালিদাস তার মহাকাব্য এবং নাটক সমূহে পরিবেশের যে সুন্দর চিত্র তুলে ধরেছেন সেরকম গীতিকাব্যেও তার ব্যতিক্রম ঘটেনি। মন্দাক্রান্তা ছন্দে বিরচিত মহাকবি কালিদাসের অমরসৃষ্টি মেঘদূতে পরিবেশ ভাবনার সুন্দর নিদর্শন পাওয়া যায়।

স্বাধিকার প্রমত্ত কোন এক যক্ষ প্রভু কুবেরের অভিশাপে রামগিরি পর্বতে নির্বাসিত হন। রামগিরিতে অনেকগুলি আশ্রম ছিল। যক্ষ তার বিচলিত মন নিয়ে একটি নির্দিষ্ট জায়গায় বেশী দিন বাস করতে পারেনি, তাই যক্ষ রামগিরির আশ্রমগুলিতে বাস করেছিল। রামসীতার চিহ্ন ছিল আশ্রমের চারিদিকে। জনকতনয়া সীতা সেখানে স্থিত নদীতে, নির্ঝরে, সরোবরে বহুবার স্নান করেছেন। সেই স্নানাবগাহনের পবিত্র স্মৃতি ছিল সেখানে। সেখানকার পরিবেশ এতটাই মনোরম ছিল, যা বাসস্থানের পক্ষেও ছিল যথেষ্ট অনুকূল। কারণ সেখানে ছায়াপ্রধান তরুগুলি সর্বদা স্নিগ্ধ, সান্দ্র, ঘনসন্নিহিত। অলকাপুরী থেকে নির্বাসিত যক্ষ তাই এমনই স্নিগ্ধচ্ছায়া তরুশোভিত আশ্রমগুলিতে অবস্থান করছিল। মেঘদূতের শুরুতেই মহাকবি কালিদাস বিষয়টিকে স্পষ্ট করেছেন—

"কশ্চিৎ কান্তাবিরহগুরুণা স্বাধিকারপ্রমত্তঃ
শাপেনাস্তংগমিতমহিমা বর্ষভোগ্যেণ ভর্তুঃ।

যক্ষশ্চক্রে জনকতনয়াস্নানপুণ্যোদকেষু
স্নিগ্ধচ্ছায়াতরুষু বসতিং রামগির্যাশ্রমেষু"।। (মেঘদূত, পূর্বমেঘ, ১)

নিজ কর্তব্যে অবহেলার জন্য নির্বাসিত হলেও প্রকৃতির ঋতুচক্র তার বিস্মৃতি ঘটাতে পারেনি। ঋতুর পরিবর্তনের সাথে সাথে পরিবেশের পরিবর্তনও তাকে আকৃষ্ট করেছিল। আষাঢ় মাসের প্রথম দিনে যক্ষ পাহাড়ের কোলে একখণ্ড মেঘকে দেখতে পেল। যক্ষের দৃষ্টিতে সেই মেঘ যেন একটি হাতী বপ্রক্রীড়ায় তির্যকদন্তপ্রহারে প্রেক্ষণীয় দর্শনীয় হয়ে উঠেছে। হাতী যখন দাঁত বাঁকা করে পাহাড়ের গায়ে আঘাত করতে থাকে তখন দেখতে বড় সুন্দর লাগে। এই উৎখাত লীলায় উন্মত্ত হাতীর মত স্নিগ্ধকৃষ্ণ মেঘকে পর্বতের কটিদেশে আলিঙ্গিত অবস্থায় যক্ষ দেখলো।

"আষাঢ়স্য প্রথমদিবসে মেঘমাশ্লিষ্টসানুং
বপ্রক্রীড়াপরিণতগজপ্রেক্ষণীয়ং দদর্শ'। (মেঘদূত, পূর্বমেঘ, ২)

বিরহ কাতর যক্ষ মেঘকে দূত করে তাঁর প্রিয়তমার কাছে পাঠাতে চাইলো। যারা পায়ে চলে তাদের চেয়ে যারা উড়ে যায় তারা শীঘ্রগামী। আর শীঘ্রগামীকেই দূত করে পাঠানো উচিত। তবে এখানে মহাকবি কালিদাস যক্ষের বর্ষার মেঘকে দূরগামী দূতরূপে নির্বাচন করার পেছনে পরিবেশের অবদান অবশই রয়েছে। মেঘ এক জায়গা থেকে খুব দ্রুত এবং সহজেই বহুদূরে উড়ে যায়। শুধু সেটাই নয় মেঘের উৎপত্তি সম্বন্ধে কালিদাস যে কারণ দেখিয়েছেন তা যথেষ্টই বিজ্ঞান সম্মত। ১. সূর্যকিরণ বা জ্যোতি, ২. বাষ্প-ধূম, ৩. সলিল এবং ৪. এদের পরিচালক রূপে মরুৎ বা বায়ু-মেঘের উপাদানে আছে এই চারটি বস্তু। মহাকবি কালিদাসের মতে এই চারটি বস্তুর সংমিশ্রণেই মেঘের সৃষ্টি হয়। সূর্যের তেজে জল বাষ্পীভূত হয় এবং সেই বাষ্প ধূমের সঙ্গে মিশে আকাশে বায়ুর সংস্পর্শে এসে ঘনীভূত মেঘের সৃষ্টি করে। যক্ষ বিরহ-কাতর অবস্থায় মেঘকে দূত করে তার প্রিয়ার কাছে পাঠাতে চাইল। কিন্তু সেই মেঘ যে ধুম, জ্যোতি, সলিল এবং মরুতের সমষ্টি জড় পদার্থ একথা তার বিবেচনায় ছিল না। কারণ বলা হয় কামার্তদের চেতন অচেতনে ভেদজ্ঞান থাকে না—

"ধূমজ্যোতিঃ সলিলমরুতাং সন্নিপাতঃ ক্ব মেঘঃ
সন্দেশার্থাঃ ক্ব পটুকরণৈঃ প্রাণিভিঃ প্রাপণায়াঃ।
ইত্যৌৎসুক্যাদপরিগয়ন্‌গুহ্যকস্তং যযাচে
কামার্তা হি প্রকৃতিকৃপণাশ্চেতনাচেতনেষু"।। (মেঘদূত, পূর্বমেঘ, ৫)

পরিবেশের আবহাওয়ার বিষয়ে জ্ঞান মহাকবির রচনাকে আরও পরিপূর্ণ ও সমৃদ্ধ করেছে। বিরহ কাতর যক্ষের নির্দেশিত মেঘের গতিপথ হল রামগিরি পর্বত থেকে অলকাপুরী। যক্ষপতির বাসভূমি অলকাতে মেঘকে যাওয়ার জন্য প্রার্থনা করেছেন।

সেখানে বাইরের বাগানে শিব আছেন। তার ললাটচন্দ্রের কিরণজালে সেখানকার অট্টালিকা চূণের জলে সদ্য ধৌত মনে হচ্ছে। মানুষ সত্যমশিবম সুন্দরের পূজারী। কিন্তু কবির বর্ণনায় এখানে মেঘকেও শিব দর্শনে নিশ্চিত পূণ্যের বিষয়টিকে স্মরণ করানো হয়েছে।

"গন্তব্যা তে বসতিরলকা নাম যক্ষেশ্বরাণাং
বাহ্যোদ্যানস্থিতহরশিরশ্চন্দ্রিকাধৌতহর্ম্যা"। (মেঘদূত, পূর্বমেঘ, ৭)

মেঘ রামগিরি থেকে যাত্রা করছে, সে ক্রমশ উত্তরদিকে যাবে। বাতাসও ঠিক উত্তরদিকেই প্রবৃত্ত হল, একে বলা হয় অনুকূল বায়ু। কোন কাজ করতে যাওয়ার সময় তার শুভ অশুভ বিচার করে যেমন বাড়ি থেকে বেরণোর নিয়ম অনেকের মধ্যেই রয়েছে। তৎকালীন সময়ে মহাকবি কালিদাসও তার মেঘদূত কাব্যে মেঘের যাত্রা প্রসঙ্গে সেই বিষয়টিকেই তুলে ধরেছেন। মেঘের যাত্রাকালে বায়ুর অনুকূলতার মধ্য দিয়ে মেঘের যাত্রা যে শুভ সেটা বলা হয়েছে। আবার সেই সাথে মেঘের যাত্রার শুভ সময় নিশ্চিত হিসেবে বোঝাতে পরিবেশের বিভিন্ন অনুকূল চিহ্ন তথা লক্ষণকেও তুলে ধরা হয়েছে। যাত্রাকালে বাদিকে চাতক পাখীর কূজন নিশ্চিত শুভশংসী। চাতক যেন আনন্দে বিহ্বল, আনন্দে মুখর। নতুন প্রাণশক্তিতে চঞ্চল। পূঞ্জ পূঞ্জ কালোমেঘের অন্ধকারে আবৃত থেকেই বকমিথুন বর্ষার সঙ্গত হয়। তাদের প্রজননের স্থান মেঘের কালো যবনিকার অন্তরাল। এই পরিচয় বলাকাদের যথেষ্ট রয়েছে। তারা বর্ষায় সারিবদ্ধ ভাবে মনে হয় যেন মালা গেঁথে উড়ে। তাদের উৎপতন ভঙ্গিমা যেন আকাশে সাদা ফুলের মালা রচনা করে। তাই মেঘের উদ্দেশ্যে যক্ষের প্রার্থনা যেন মেঘ কোন কাল বিলম্ব না করে অতি দ্রুততার সাথে অলকার উদ্দেশ্যে তার যাত্রা শুরু করে।

"মন্দং মন্দং মুদতি পবনশ্চানুকুলো যথা ত্বাং
বামশ্চায়ং নদতি মধুরং চাতকস্তে সগন্ধঃ।
গর্ভাধানক্ষণপরিচয়ান্নূনমাবদ্ধমালাঃ
সেবিষ্যন্তে নয়নসুভগং যে ভবন্তং বলাকাঃ।।। মেঘদূত পূর্বমেঘ ৯)

কালিদাসের নিপুণ নিরীক্ষণ এই বিষয়ে সত্যিই তাৎপর্যপূর্ণ। ঋতুর পরিবর্তনের সাথে সাথে পরিবেশের অন্যান্য রূপ পরিবর্তনের সঙ্গে বিহগদের জীবনের এই বাস্তব ঘটনাও তাঁর অবিদিত ছিল না, যা কবির লেখনীতে ফুঁটিয়ে তুলেছেন। মেঘের গতিপথেও রেবা, শিপ্রা, বেত্রবতী, গম্ভীরা, নির্বিন্ধা, চর্মণ্বতী, সিন্ধু, সরস্বতী প্রভৃতি প্রসিদ্ধ নদী; নীচৈ, আম্রকুট, চিত্রকূট, বিন্ধ্য, কৈলাশ প্রভৃতি পর্বত; অবন্তী, দশার্ণ, বিদিশা, উজ্জয়িনী, দশপুর, ব্রহ্মাবর্ত, কনল প্রভৃতি জনপদ এবং মানস সরোবরের অবস্থিতি রয়েছে। যাদের প্রাকৃতিক সৌন্দর্যও অপরূপ যেন স্বমহিমায় প্রকাশিত।

দব বা দাব অর্থ বন, সেই বনের উপপ্লব হল দাবাগ্নি। দাবাগ্নি বা দাবানলে দগ্ধ হওয়ার সময় মেঘের বর্ষণেই দাবদাহ নির্বাপিত হয় এবং বনজ সম্পদের রক্ষা হয়।

"ত্বামাসারপ্রশমিতবনোপপ্লবং সাধু মূর্ধা"। মেঘদূত, পূর্বমেঘ ১৭)

এখানে মহাকবি কালিদাস পরিবেশ রক্ষণের বিষয়টিকেই উপস্থাপনা করেছেন। বর্ষণের পর মেঘ হাল্কা হয়ে যায়, কিন্তু জলপূর্ণ মেঘকে বাতাস যেখানে সেখানে উড়িয়ে নিয়ে যেতে পারে না। তাই বলা হয়েছে—

"অন্তসারং ঘন তুলয়িতুং নানিলঃ শক্ষ্যতি ত্বাং"।

(মেঘদূত পূর্বমেঘ, ২০)

প্রথম বর্ষণেই ভূঁই চাঁপা ফোটে। কদম ফুলও বর্ষায় ফুটতে আরম্ভ করে। এরফলে পরিবেশের শুভ অবস্থার সূচনা হয়। মৃত্তিকার স্বভাবতঃ একটা গন্ধ আছে, আর মেঘের বর্ষণের ফলে মাটি থেকে একপ্রকার মধুর গন্ধ বের হয়।

"জগ্ধবারণ্যেষ্বধিকসুরভিং গন্ধমাঘ্রায় চোর্বাঃ"। (মেঘদূত, পূর্বমেঘ, ২১)

এই প্রসঙ্গে মেঘদূতের উপর সঞ্জীবনী টীকাতে বলা হয়েছে—

"ঊর্ব্যাঃ ভূমেঃ গন্ধমআঘ্রায় জললবমুচো মেঘস্য তে তব মার্গং সূচরিষ্যন্তি অনুমাপবিষ্যন্তি। যত্র যত্র বৃষ্টিকার্যং নীপকুসুমাদিকং দৃশ্যতে তত্র তত্র ত্বয়া বৃষ্টমইত্ত নুমীয়তে ইত্যর্থঃ"।।

(মেঘদূত, পূর্বমেঘ, ২১নং শ্লোকের উপর সঞ্জীবনী টীকা)

বর্ষার জলভরা মেঘ দেখে ময়ূরেরা আনন্দিত হয়ে তাদের কেকাধ্বনি করে।

"শুক্লাপাঙ্গৈঃ সজলনয়নৈঃ স্বাগতীকৃতা কেকাঃ
প্রত্যুদ্যাতঃ কথমপি ভবান্‌গন্তুমাশু ব্যবস্যেৎ"।

(মেঘদূত, পূর্বমেঘ, ২৩)

মহাকবি কালিদাস বর্ষার এই জলভরা মেঘকে দেখে ময়ূরের আনন্দের মধ্য দিয়ে পরিবেশের বর্ষাকালীন সৌন্দর্যকে খুব সুন্দর ভাবে তুলে ধরেছেন। কবিগুরু রবীন্দ্রনাথের কবিতাতেও বর্ষা ঋতুর সাথে পরিবেশের রূপ সৌন্দর্যে ময়ূরের আনন্দের আত্মপ্রকাশের মাধ্যমে মানুষের আত্মতৃপ্তির কথা প্রকাশ পেয়েছে—

'হৃদয় আমার নাচেরে আজিকে ময়ূরের মতো নাচেরে'।
মেঘের বর্ষণে নদী জলে পরিপূর্ণ হয় -
'কার্শ্যং যেন ত্যজতি বিধিনা স ত্বয়ৈবোপপাদ্যঃ'।

(মেঘদূত, পূর্বমেঘ, ৩০)

মেঘদূতে যে সরস্বতী নদীর পরিচয় পাওয়া যায় তার জল অতন্ত স্বচ্ছ এবং নির্মল। যার জল আন্তরিক শুদ্ধতা প্রদান করে অর্থাৎ সরস্বতী নদীর জল পানের যোগ্য এবং

মেঘকে সম্বোধন করে যক্ষ তার যাত্রাপথে এই নদীর জল পান করার কথা বলেছেন। এখানেও কালিদাসের স্বচ্ছ জল পানে শারীরিক সুস্থতার তথা জল সংরক্ষণের বিষয়টিকে লক্ষ্য করা যায়। বর্তমানে জলদূষণ পরিবেশের ভারসাম্য হানি ঘটাচ্ছে। যক্ষ আবার মেঘকে সম্বোধন করে বলেছেন মেঘ যেন যাত্রাপথে সোনার পদ্ম ফোঁটার এমন মানস সরোবরের জল গ্রহণ করে এগিয়ে চলে।

"হেমাম্ভোজপ্রসবি সলিলং মানসস্যাদদানঃ। (মেঘদূত, পূর্বমেঘ, ৬৩)

যক্ষের এই কথা থেকেও স্পষ্ট হয় যে, ওই সময় সরোবরের জল স্বচ্ছ এবং দূষণ রহিত ছিল যা পানের যোগ্য। এখানেও কবির বর্ণনায় শুদ্ধ জল পান করে সুস্থ থাকার কথা বলা হয়েছে।

মেঘ অর্নলীন বিদ্যুতের আলোকের দ্বারা কখনও পথপ্রদর্শক হয়—

'সৌদামন্যা কনকনিকষস্নিগ্ধয়া দর্শয়োর্বীং'। (মেঘদূত, পূর্বমেঘ, ৩৮)

এই মেঘের সঙ্গে বিদ্যুতের সম্পর্ক যে চিরস্থায়ী সেকথাও উত্তরমেঘে পরিষ্কার করা হয়েছে।

"ইষ্টান্‌অদেশান্‌জলদ বিচর প্রাবৃষা সম্ভৃতশ্রীর্মাভূদেবং ক্ষণমপি চ তে
বিদ্যুতা বিপ্রয়োগঃ। (মেঘদূত, উত্তরমেঘ, ৫৪)

অলকার গৃহগুলির বর্ণনায় মেঘের মধ্যে স্থিত জল ও বিদ্যুৎকে উপমা হিসেবে বর্ণনা করা হয়েছে—

"বিদ্যুত্বন্তং ললিতবনিতাঃ সেন্দ্রচাপং সচিত্রাঃ
সঙ্গীতায় প্রহতমুরজাঃ স্নিগ্ধগম্ভীরগোষম
অন্তস্তোয়ং মণিময়ভূবস্তুঙ্গমভ্রংলিহাগ্রাঃ
প্রাসাদাস্ত্বাং তুলয়িতুমলং যত্র তৈস্তৈর্বিশেষৈঃ"।।
(মেঘদূত, উত্তরমেঘ, ১।

যক্ষ মেঘকে অলকা নগরী যে প্রকৃতির তথ্য পরিবেশের বর্ণনা দিয়েছেন তাতে কেবল বর্ষা বা অন্য কোন নির্দিষ্ট ঋতু নয় সমস্ত ঋতুতেই অর্থাৎ সারা বছরই যে প্রাকৃতিক শোভা বিদ্যমান সেই বিষয়টি উপস্থাপন করেছেন। সকল ঋতু সুখদায়ক অলকার আরেক মূর্তি।

"যত্রোন্মত্তভ্রমরমুখরাঃ পাদপা নিত্যপুষ্পা
হংসশ্রেণীরচিতরশনা নিতপদ্মা নলিনঃ।
কেকোৎকণ্ঠা ভবনশিখিনো নিত্যভাস্বৎ কলাপা
নিত্যজ্যোৎস্নাঃ প্রতিহততমোবৃত্তিরম্যাঃ প্রদোষাঃ'।।
(মেঘদূত, উত্তরমেঘ, ৩)

মেঘদূতে রামগিরি পর্বতের বর্ণনা ও মেঘের যাত্রাপথের বর্ণনায় প্রকৃতির রূপ সৌন্দর্যকে তুলে ধরা হয়েছে। অলকানগরীর বর্ণনাতেও পরিবেশের রূপ মাধুর্য্যের যে উপস্থাপনা তাতে কাবকে আরও সুন্দর করে তুলেছে। প্রকৃতির বর্ণনার পাশাপাশি কবি যক্ষের মাধ্যমে আধ্যাত্মিক তথা দার্শনিক দিকটিকেও তুলে ধরেছেন। প্রকৃতি যেমন পরিবর্তনশীল তেমনি প্রকৃতির ছয় ঋতুর ক্রমপরিবর্তনে পরিবেশের উপরে যেমন প্রভাব পরে সেইরকম সংসারে সুখ দুঃখও পর্যায়ক্রমে আসে। এই সংসারে নিরবচ্ছিন্ন সুখ বা নিরবচ্ছিন্ন দুঃখ নেই। মানুষের অবস্থা চক্রধারার মত কখনও নীচে পড়ে, আবার কখনও বা উপরে উঠে।

"কস্যাতন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা
নীচৈর্গচ্ছত্যুপরি চ দশা চক্রনেমিক্রমেণ।" (মেঘদূত, উত্তরমেঘ, ৪৮)

সংস্কৃত কাব্যপরম্পরায় মেঘদূত এক মহত্ত্বপূর্ণ গীতিকাবা। মহাকবি কালিদাস শৃঙ্গার রস এবং সেইসাথে কোমল ভাবনার দ্বারা কাব্যটিকে মহত্ত্বপূর্ণ করে তুলেছেন। মেঘদূতে বিশেষ করে পূর্বমেঘে কালিদাস প্রাকৃতিক উপাদানের বিস্তৃত বর্ণনা করেছেন।, মেঘকে মার্গ নির্দেশ কালে ক্রমান্বয়ে যক্ষ রামগিরি থেকে অলকাপুরী পর্যন্ত ভৌগোলিক পরিবেশকে সাহিত্যিক ভাবনাতেও প্রকাশ করেছেন। সেখানে মাঠ, পাহাড়, তৃণভূমি, বিভিন্ন নদী, সরোবর, নগর, পশুপক্ষী, গ্রাম, নগর বধূদের বর্ণনার সমাহারে সুন্দর করে তুলেছেন। আর এই ভৌগোলিক বর্ণনার মাধ্যমে পরিবেশ ভাবনাকে সুন্দরভাবে উপস্থাপনা করেছেন। কালিদাসের মেঘদূত কাব্য প্রকৃতি চিত্রণে অত্যন্ত উৎকৃষ্ট গ্রন্থ। মেঘদূতের প্রায় প্রত্যেকটি শ্লোকেই পরিবেশের বর্ণনা পাওয়া যায়। প্রকৃতির সাথে মানুষের যে নিবিড় বন্ধন এবং জীবনের প্রতিটি পদক্ষেপেই যে পরিবেশের ভূমিকা রয়েছে সেই বিষয়টি কবি তার ভাবনার তথা বর্ণনার মাধ্যমে তুলে ধরেছেন।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- ঘোষ, বিদুৎ বরণ, সংস্কৃত-রচনায় প্রতিফলিত পরিবেশ-সচেতনতা, ২০১১, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলকাতা, মুদ্রণ।
- চক্রবর্তী, সতনারায়ণ (সম্পাদিত),অভিজ্ঞান-শকুন্তলম ২০০৭, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলকাতা, মুদ্রণ।
- দত্ত, কান্তি প. (সম্পাদিত), কালিদাস রচনা সমগ্র, ১৪২০ (বঙ্গাব্দ), আদিত পাবলিশার্স, কলকাতা, মুদ্রণ।

- বটবাল, সুমিতা, বিশ্বায়ন ভাবনায় কালিদাস সমগ্র, ২০১৩, সংস্কৃত পুস্তক ভাণ্ডার কলকাতা, মুদ্রণ।
- বসু, অনিলচন্দ্র (সম্পাদিত), অভিজ্ঞানশকুন্তলম ২০০৮, সংস্কৃত বুক ডিপো কলকাতা, মুদ্রণ।
- বাজপেয়ী, বুদ্ধিশর্মা (সম্পাদিত), মালবিকাগ্নিমিত্রম ২০১৩, চৌখম্বা সংস্কৃত সংস্থান, বারাণসী, মুদ্রণ।
- বিশ্বাস, অচিন্ত, কাবতত্ত্ব সমীক্ষা, ২০১১, বঙ্গীয় সাহিত সংসদ, কলকাতা, মুদ্রণ।
- ভট্টাচার্য, পার্বতীচরণ (সম্পাদিত), মেঘদূত পরিচয়, ১৪১৮ (বঙ্গাব্দ), সংস্কৃত পুস্তক ভাণ্ডার, কলকাতা, মুদ্রণ।
- শাস্ত্রী, গৌরীনাথ, সংস্কৃত সাহিতসম্ভার, ২০১১, নবপত্র প্রকাশন, কলকাতা, মুদ্রণ।
- শাস্ত্রী, বৈদনাথ ঝা (বাখাকার), মহাকবিকালিদাস বিরচিতং মেঘদূতম ২০০২, কৃষ্ণদাস অকাদমী, বারাণসী, মুদ্রণ।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পথের দাবী': দেশমাতৃকার মুক্তির কামনায় রাজনীতি ও বিপ্লবের দ্বন্দ্ব

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)

দীপঙ্কর সরকার (SET, প্রাবন্ধিক)

> 'পথের দাবী নাম দিয়ে সুমিত্রা এই ছোট্ট দলটির প্রতিষ্ঠা করেন। জীবন-যাত্রায় পথ চলবার অধিকার যে কত বড় এবং কত পবিত্র এই মস্ত সত্যটাই মানুষ যেন ভুলে গেছে।'[১]

এই উক্তি 'পথের দাবী' উপন্যাসে ডাক্তারের মাধ্যমে প্রকাশ করলেও নেপথ্যে রয়ে গেছে ব্যক্তি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মনে রাজনৈতিক ধ্যান-ধারণা। তিনি সাহিত্যিক হিসেবে আপামর জনসাধারণের কাছে সুপরিচিত লাভ করার পাশাপাশি রাজনৈতিক মহলেও অবাধ গতিবিধি ছিল। কিন্তু তাঁর রাজনীতি ছিল স্বতন্ত্র। জাতীয় কংগ্রেসের চরকা কেটে দেশ স্বাধীনতায় তিনি বিশ্বাসী ছিলেননা। এই বাহ্যিক অন্তঃসারশূন্য আড়ম্বর থেকে তিনি দূরে থাকার চেষ্টা করতেন। তার ফলশ্রুতি সাহিত্য কর্মেও দেখা যায়।আর যেকোনো শিল্প বা সাহিত্যকর্মেই রাজনীতির ছাপ পড়ে, কারণ কোন একটি যুগ বা সময়ের মানুষ, তাদের সামাজিক জীবন নিয়ে লিখতে গেলে, বিশেষত উপন্যাসে রাজনীতিকে সম্পূর্ণভাবে বর্জন করা অসম্ভব। সেই কারণেই পরিশুদ্ধ অরাজনৈতিক বলে কিছু নেই। তাই রাজনীতি ও উপন্যাস এই দুইয়ের সমন্বয় কিভাবে ঘটবে এনিয়ে কিছু বলা সম্ভব নয়। উপন্যাসে কতটুকু রাজনৈতিক ঘটনা থাকলে তাকে 'রাজনৈতিক উপন্যাস' বলব তাও বলা কঠিন। এই কারণেই অধিকাংশ সাহিত্য-তাত্ত্বিকগণ রাজনৈতিক উপন্যাস নামে কোন আলাদা শ্রেণীর নির্দেশ করেননি। কিন্তু 'পথের দাবী' উপন্যাস আগাগোড়া পুরোটাই রাজনীতি ও বিপ্লববাদ প্রতিষ্ঠা পেয়েছে। উপন্যাসে অপূর্ব-ভারতী অরাজনৈতিক চরিত্র হয়েও শেষে রাজনীতি ও বিপ্লবের সঙ্গে একাত্ম হয়ে গেছে।

।। ২।।

'পথের দাবী' শরৎচন্দ্রের একমাত্র রাজনীতি প্রধান উপন্যাস। ইংরেজ আমলে বর্মা, সিঙ্গাপুর প্রভৃতি অঞ্চলের সশস্ত্র বিপ্লবী আন্দোলনের পটভূমিতে রচিত উপন্যাসটি প্রকাশের পরেই নিষিদ্ধ হয়েছিল। উপন্যাসটির রচনা ও প্রকাশের সময়ে শরৎচন্দ্র

ছিলেন প্রবলভাবে বিপ্লবী আন্দোলনের প্রতি আসক্ত। মান্দালায় জেল থেকে সুভাষচন্দ্র এবং তৎসহ বিপিন গাঙ্গুলী, সুরেন্দ্র মোহন প্রমুখ বিপ্লবী ১৯২৭ খ্রিস্টাব্দে মুক্তি পান। যাদের মুক্তির পর শরৎচন্দ্রের আগ্রহাতিশয্যে বিপ্লবীদের সংবর্ধনা জানানোর উদ্দেশ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সেখানে শরৎচন্দ্র বলেন—

> 'দেশের জন্য এরা জীবন উৎসর্গ করেছে, যৌবন উৎসর্গ করেছে, সর্বস্ব উৎসর্গ করেছে, এরা এ দেশের অগ্রদূত। গভর্নমেন্ট এদের ভয় করে, কারণ জানে এদের তপস্যার মধ্যেই রচিত হচ্ছে তাদের ধ্বংসের মন্ত্র। গভার্নমেন্ট সহস্র চেষ্টা করেও পারলে না ধ্বংস করতে এদের মনের অপরাজেয় বল আর অন্তরের অনির্বাণ স্বাধীনতার স্বপ্ন।'[২]

বোঝা যায় বিপ্লবী আন্দোলনের প্রতি কতটা আসক্ত ছিলেন। আর এই আসক্তির উপরেই"পথের দাবী"উপন্যাসের ভিত্তি। উপন্যাসটি শিরোনামে তাই ব্যবহৃত হতে দেখি এক বিপ্লব প্রসূত শব্দের ব্যবহার 'দাবী'। কিন্তু 'পথের' শব্দের ব্যবহারে কি বুঝাতে চাইছেন লেখক বিষয়টি একটু অনুধাবনযোগ্য।

ভারতের মুক্তকামি অশান্ত যুবক-যুবতীর হৃদয়কে যে পরাধীনতার লৌহশৃঙ্খলের জ্বালায় অস্থির হয়ে মুক্তির পথ খুঁজতে প্রয়াসী হয়েছিল— 'পথের দাবী', সেই পথ খোঁজারই চিত্ররূপায়ন উপন্যাসটি। আপাত দৃষ্টিতে তাই 'পথের দাবী' সাধারণ মানুষের দাবীর কথা বললেও এর মধ্য দিয়ে মানব জীবনের অন্তরস্থ পূর্ণাঙ্গ স্বাধীনতার কথাই ঘোষিত। এই ভাবনার কেন্দ্রে অবস্থান করছে 'পথের দাবী' সংঘের প্রতিষ্ঠাতা সব্যসাচী। মৃত্যু-ভয়শূণ্য এই ব্রহ্মচারী পথিক দেশের মুক্তি কামনায় উল্কার বেগে ছুটে বেরিয়েছে নিজের অভীষ্ট সাধনার পথে। জীবন তুচ্ছ করে বিভীষিকাময় অন্ধকারের পথে তার কণ্ঠে ধ্বনিত হয়েছে পরাধীন ভারতবর্ষের কোটি কোটি মানুষের স্বাধীনতার দাবী। এই সব্যসাচীর ভারতের স্বাধীনতা ছাড়া তার জীবনের আর কোন দ্বিতীয় লক্ষ্য নেই। তার স্বাধীনতা ধর্ম, শাস্ত্র, কাব্য, আনন্দ সমস্ত কিছুর। এদের একান্ত বিকাশই তার লক্ষ্য।[১]

সব্যসাচীর দাবী ব্যক্তি জীবনের দাবী— পরাধীন ভারতবর্ষের অগণিত জনগণের আত্মার অবমাননা ও মনুষ্যত্বের মৃত্যুই সব্যসাচীকে ঘরছাড়া করেছে। সব্যসাচী ভালো রেখেছে তার অগণিত দেশবাসীকে। তাদের আত্মাকে পশুত্বের অন্ধকার গিরিগুহা থেকে মুক্তি প্রদানের জন্যই ডাক্তারের বিপ্লবী পথের অনুসন্ধান। ফলত নায়ক সব্যসাচীর বক্তব্যের সঙ্গে মিলে যায় ম্যাক্সিম গোর্কির 'Mother' উপন্যাসের প্যাভেলের অগ্নিময় বক্তব্যগুলি সঙ্গে—

> "We want to fight and will fight against all the forms of phisical and moral slavery enforced on the individual

> by such a society, ...we are workers, people by whose labour all things are made; from children's toys to marrive machines,..."[৩]

সব্যসাচীর বিপ্লবের এই পথ ভারতীর মতে ভ্রান্ত হলেও তা নায়কের কাছে বীজমন্ত্র। এই পথে চলার সাধনায় ক্লেশ আছে— তাই ভারতী দিধাগ্রস্থ। তাই সমগ্র উপন্যাস জুড়ে দুটি পথ—

১। ভারতীর পথ-রাজনীতি ঘেষা।

২। সব্যসাচীর পথ-বিপ্লবের পথ।

ভারতী এই উপন্যাসের নায়িকা, সে যীশুর প্রেমধর্মে দীক্ষা নিয়েছে। দেশের, জাতির মানবের চলার পথের দাবী নিয়েই সে পথের দাবীর সভ্য হয়েছিল; কিন্তু সব্যসাচীর বিপ্লববাদে তার আস্থা ছিল না। কারণ সে ব্যক্তি স্বাতন্ত্রে বিশ্বাসী। তাই 'পথের দাবী' উপন্যাসে ভারতীর পথ ভিন্ন পথে চলেছে। ভারতী চেয়েছে মনুষ্যত্বের পথ। যেখানে সবাই অবাধ মুক্ত গতিবিধি রাখতে পারে। তাই সে শ্রমিকদের ঘরে ঘরে পথের দাবীর মন্ত্র দান করেছে। দেশের মুক্তি বা মানবত্মার মুক্তি আনতে চায় ভারতী— শান্তিমন্ত্রের দূত হয়ে। কিন্তু বাধা হয়ে দাঁড়ায় অপূর্বর ধর্ম-সংস্কার, জাত্যাভিমান এবং আচার-অনুষ্ঠানের শুচিতাবোধ। এবং শেষ পর্যন্ত ভীরু, দুর্বল পীড়িত অপূর্বকে পরাজিত করে পরাজিত ভারতীর প্রেমই জয়লাভ করেছে— প্রতিষ্ঠিত হয়েছে জীবনের দাবী।

সুতরাং 'পথের দাবী' শুধুমাত্র রাজনৈতিক স্বাধীনতার দাবী নয়, শ্রমিক মজুরের অর্থনৈতিক উন্নতির দাবী নয়, এ হল এক নবীন ভারতের দাবী— যেখানে বন্ধন মুক্ত জীবনের জয়গান। যেখানে কবিতার কবি ধর্মকে অক্ষুন্ন রেখে কাব্য সৃষ্টি করবে, যেখানে সমাজবোধ, জাতীয় চেতনাবোধে জাগ্রত এবং যারা জাগ্রত কবি তারা সংগীত রচনার মধ্যে দিয়ে সেই হৃদয়ে পৌঁছে দেবে আনন্দের বার্তা তাই সব্যসাচী বলেছে—

> "শশী হবে আমাদের জাতীয় কবি। হিন্দুর নয়, মুসলমানের নয়, খ্রিষ্টানের নয়....। মনুষ্যত্বহীনতার লাঞ্ছনা নেই, তুমি হবে শশী তারই চারণ কবি।'[৪]

অর্থাৎ উপন্যাসটিতে যেমন পথের গুরুত্ব রয়েছে তেমনি সেই পথের সূত্রই এসেছে দাবীর প্রসঙ্গ। উল্লেখ্য বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' এবং রবীন্দ্রনাথের 'চার অধ্যায়' উপন্যাসেও এমনি ব্যঞ্জনধর্মী নামকরণ চোখে পড়ে। 'পথের দাবী' উপন্যাসে নায়ক সব্যসাচীর উক্তিগুলি যেমন মিলে যায় 'মাদার' উপন্যাসের প্যাভেলের সঙ্গে তেমনি এই উপন্যাসের তলোয়ারকরের বক্তব্য প্রতিধ্বনি শোনা যায়। এই উপন্যাসে একদিকে রাজনৈতিক স্বাধীনতার দাবী, নারী স্বাধীনতার দাবী এবং আদর্শবাদের দাবী এবং সেই দাবী নিয়েই

পথে নেমেছে অপূর্ব, ভারতী,সব্যসাচীরা। তাইতো কাহিনী এবং চরিত্রগত দিককে ছাপিয়ে ব্যঞ্জনাগত দিক থেকে এই নামকরণ যথেষ্ট সার্থক এবং ব্যঞ্জনাধর্মী নামকরণ।

।। ৩।।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের"পথের দাবী"উপন্যাসটি মোট ৩১ টি পরিচ্ছেদ। উপন্যাসের সব্যসাচী মূল কাহিনী এবং অপূর্ব-ভারতীর উপকাহিনি। উপন্যাসটির সূচনা থেকে ৫ম পরিচ্ছেদ পর্যন্ত অংশ মূলত অপূর্ব ভারতীর কাহিনি। ষষ্ঠ পরিচ্ছেদে নায়ক সব্যসাচীর আগমন। ৭-১০ সংখ্যক পরিচ্ছেদে পুনরায় অপূর্ব ভারতীর অনুরাগ-বিরাগের পালা এবং একাদশ পরিচ্ছেদে অপূর্ব-ভারতী অনেকটা মূলবৃত্ত বা সব্যসাচীর উপর নির্ভর হতে শুরু করে। দ্বাদশ— অষ্টাদশ পর্যন্ত সব্যসাচীর অতীত ও বর্তমান ক্রিয়া-কলাপ ধীরে ধীরে উদ্‌ঘাটিত হয়েছে।। ঊনবিংশ পরিচ্ছেদে দেখা দিয়েছে কাহিনির সংকট-এটাই উপন্যাসটির মোড় ফেরার বিন্দু। বিশ্বাসঘাতক অপূর্বর বিচার, প্রাণদণ্ড বিধান, সব্যসাচীর কথায় তার জীবন রক্ষা— কিন্তু পথের দাবী সংগঠনের সংকট ঘনিয়েছে। এই সংকট শীর্ষবিন্দুতে উপনীত হয়েছে পঞ্চদশতম পরিচ্ছেদে। যেখানে সব্যসাচী ও ব্রজেন্দ্রর ও সভানেত্রী সুমিত্রার চেষ্টায় ব্রজেন্দ্রের প্রাণ রক্ষা।২৬-৩০ সংখ্যক পরিচ্ছেদ পর্যন্ত পথের দাবী সংগঠনের ভাষণের উত্তেজনা-তাই এই পাঁচটি পরিচ্ছেদে কাহিনী নিম্নমুখী গতি অনুভব করা যায়। এই অংশেই এসেছে নানা খন্ড কাহিনি, শশী-নয়নতারার কাহিনি -যার গতি মন্থর। কিন্তু শেষ বা একত্রিশতম পরিচ্ছেদে ব্রজেন্দ্রর ব্যক্তিগত প্রতিহিংসার ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ায় সব্যসাচীর গুরুত্বপূর্ণ বৈপ্লবিক কর্মকান্ডগুলি ধ্বংসের পটভূমিকায় সব্যসাচীর নব উদ্যোগের সূচনা। পথের দাবীর কর্মকাণ্ডকে আবার নতুন করে গড়ে তোলার প্রয়োজনে বিশ্বস্ত অনুচর হীরা সিংহকে সঙ্গ নিয়ে এক দুর্যোগের রাত্রে সব্যসাচীর দুর্গম পথের অভিযান।

অর্থাৎ 'পথের দাবী' উপন্যাসে শুরুতে পাঁচটি পরিচ্ছেদ এবং পরবর্তীতে পাঁচটি পরিচ্ছেদ-মোট দশটি পরিচ্ছেদে অপূর্ব-ভারতীর কাহিনি। কিন্তু মূল কাহিনি —অর্থাৎসব্যসাচীর কর্মকাণ্ডের নিটোল বর্ণনা মোট আটটি পরিচ্ছেদে (৬ এবং ১২-১৮)। এই কারণে বোধ হয় এই উপন্যাসে অপূর্ব-ভারতীর উপকাহিনিকে মেদ বহুল বলে তা কাহিনির পক্ষে অনুপযুক্ত হিসাবে গ্রহণ করেন অনেক সমালোচক। নায়ক সব্যসাচীর আবির্ভাব ষষ্ঠ পরিচ্ছেদে, অপূর্ব পথের দাবীর বন্ধুর পথে পা রেখেছে একাদশ পরিচ্ছেদে-তাই রাজনৈতিক উপন্যাসটির সার্থক সূচনা একাদশ পরিচ্ছেদে। তাছারা ইতিহাস ও রাজনীতির প্রসঙ্গও উপন্যাসটিতে এসেছে খাপছাড়া ভাবে যার সর্বাধিক প্রাধান্য ২৪,২৬,২৮,৩০,৩১ সংখ্যক পরিচ্ছেদগুলি। আসলে 'পথের দাবী' উপন্যাসে

নিটোল বৃত্তযুক্ত চরিত্রনির্ভর উপন্যাস ছেড়ে শরৎচন্দ্র শিথিলবৃত্ত তর্কপ্রধান উপন্যাসের দিকে ঝুঁকেছিলেন। কিন্তু সেই তর্কে প্রাধান্য উপন্যাসটির গঠনের পক্ষে কোন ত্রুটি নয়। এর ত্রুটি হল অপূর্ব-ভারতী উপবৃত্তির অযথা প্রাধান্য। এই উপকাহিনিটি পথের দাবীর সাংগঠনিক বৃত্তে মানবিক মাত্রা যুক্ত করেছে সন্দেহ নেই-এবং তা গঠনীতির দিক থেকেও আপত্তিকার হতো না-যদি তার বিস্তার পল্লবিত না হতো।

।। ৪।।

> "ইনি হচ্ছেন রাজবিদ্রোহী! রাজারশত্রু।.... মহাভারতের মতে নাকি, তাঁর দুটো হাতই সমানে চলত, কিন্তু প্রবলপ্রতাপান্বিত সরকার বাহাদুরের সুগুপ্ত ইতিহাসের মতে এই মানুষটির দশ-ইন্দ্রিয় নাকি... সমান বেগে চলে। বন্দুকে পিস্তলে এর অভ্রান্ত লক্ষ্য, পদ্মা নদী সাঁতার কেটে পার হয়ে যান।"[৫]

রহস্যময় এবং প্রায় অলৌকিক সব্যসাচীকে এই মূল্যায়ন করেছে উপন্যাসের অন্যতম চরিত্র নিমাই বাবু। শরৎচন্দ্র নিমাই বাবুর চোখ দিয়ে সব্যসাচীকে অঙ্কন করেছেন সাহসী, বুদ্ধিমান এক রাষ্ট্রদ্রোহীর আশ্চর্য কর্মকাণ্ডের চমকপ্রদ অনুভূতির প্রতিভূ হিসেবে। সাম্রাজ্যবাদী অপশাসনের হাত থেকে মুক্তি লাভের বাসনাকে সব্যসাচী পরিচালিত করেছিল গুপ্ত রাজনৈতিক কার্যক্রমের রোমাঞ্চকর পথে। শরৎচন্দ্রের সৃষ্ট নায়কদের দিকে ফিরে তাকালে বৈচিত্রহীন, বিনীত মার্জিত রুচি ও উদার চরিত্র এবং স্কেসধর্মী চরিত্রের দেখা মেলে। তবে কখনো কখনো লেখক উচ্ছ্বাস ও সংযমকে রাখতে পারেননি হয়তোবা ব্যক্তিগত বিপ্লব প্রসূত অনুভূতির ফলে। উল্লেখ্য 'পথের দাবী'র সব্যসাচী।

'পথের দাবীর' নায়ক সব্যসাচীর বিশ্বাস বিপ্লব শান্তি নয়, হিংসার মধ্য দিয়ে তা চিরকাল পা ফেলে আসতে হয়। তাই ইংরেজ সরকারের অধীনে আমাদের শাসন-সংস্কারের দাবী যে সকল জাতীয় নেতারা জানতে চান, তারা স্বভাবতই সব্যসাচীর বিদ্রুপের পাত্র। ভারতী সব্যসাচীর বিরুদ্ধে মত পোষণ করে। কারণ সব্যসাচী হিংসাত্মক,[৩] রক্তস্নাত পথের দুঃসাহসী অভিযাত্রী। অপরদিকে ভারতী শান্তি, মৈত্রী ও সম্প্রীতির কল্যাণাশ্রিত মতবাদে বিশ্বাসী। সে বিশ্বাস করে সব্যসাচীর দয়াহীন নিষ্ঠুর ধ্বংসের পথে কল্যাণ কিছু নেই, তিনি শান্তির পথে ফিরে এলে পৃথিবীতে এমন কোন সমস্যা নেই যা তার জ্ঞান বা প্রতিভার কাছে পরাস্ত না হবে। হিংসার বিরুদ্ধে হিংসা, অত্যাচারের বিরুদ্ধে অত্যাচারের চেয়ে মহৎ কিছু ভারতী আশা করে।

এই দুই বিরোধী মতবাদ 'পথের দাবী' উপন্যাসের রাজনৈতিক বক্তব্যকে করেছে সংঘাতমুখর। তবে শুধু রাজনৈতিক স্বাধীনতাই নয় তার সঙ্গে অর্থনৈতিক স্বাধীনতার

দাবীও উচ্চকণ্ঠে ঘোষিত হয়েছে। ধনী ও দরিদ্রের অর্থনৈতিক বৈষম্যকে সব্যসাচী উচ্চকণ্ঠে তুলে ধরেছে। সব্যসাচী ওরফে ডাক্তার বাবু ওরফে গিরিশ মহাপাত্র ভারতবর্ষকে ইংরেজ অধীনতা থেকে স্বাধীন করার ব্রতে উৎসর্গীকৃতপ্রাণ। 'পথের দাবী' যেহেতু শরৎচন্দ্রের একমাত্র রাজনীতি প্রধান উপন্যাস তাই সব্যসাচীও তাঁর একমাত্র রাজনৈতিক চরিত্র। অকৃপনভাবেই একে গড়ে তুলেছেন লেখক। সব্যসাচীর চরিত্রায়নের ক্ষেত্রে তিনি ভারতবর্ষের বিপ্লব আন্দোলনের কয়েকজন অসমসাহসিক নায়কের ক্রিয়াকলকের সমন্বয়ে ঘটিয়েছেন। তার দুর্জয় সাহস, অসাধারণ শারীরিক শক্তি, অসীম স্নেহ প্রবণতা ও ক্ষমাশীলতা মিলে যায় যতীন মুখার্জির চারিত্রিক গুণাবলীর সঙ্গে। ছদ্মবেশ ধারণের অসাধারণ নিপুনতা ও গিরিশ মহাপাত্র রুপি সব্যসাচীর খুড়িয়ে চলা ডক্টর যদুগোপাল চট্টোপাধ্যায়ের আদলে গঠিত। পৃথিবীর নানা দেশ ঘুরে বৈপ্লবিক কেন্দ্র সংগঠনের দিকটি রাজবিহারী বসুর অনুকরণে, নানা দেশের নানা ইউনিভার্সিটি থেকে ডক্টরেট ডিগ্রি লাভের ব্যাপারটা ডক্টর ভূপেন্দ্রনাথ দত্ত ও তারকনাথ দাসের জীবন থেকে, দুই হাতে অব্যর্থ লক্ষ্যে রিভলভার ছোঁড়ার ক্ষমতা দক্ষতার মধ্যে রয়েছে সতীশ চক্রবর্তীর ছাপ।

বোঝা যায় বিপ্লবী আন্দোলনের প্রতি কতটা আসক্ত ছিলেন শরৎচন্দ্র। এই আসক্তির উপরেই 'পথের দাবী'র ভিত্তি এবং 'উত্তেজক' বলে নির্দেশ করেন। তবে বিপ্লবী আদর্শের দ্বারা অনুপ্রাণিত হয়ে রচনা করলেও রাজনৈতিক উপন্যাসের সকল বৈশিষ্ট্যগুলো মেনে রচিত হয়নি 'পথের দাবী'। প্রবাসী কিছু বাঙালির বিচ্ছিন্ন কর্মপ্রচেষ্টা থেকে কোন নির্দিষ্ট রাজনৈতিক ধারা বা উপধারার বোধ এখানে জন্মায়নি। পথের দাবী সংগঠনের সুবিস্তৃত কর্মতৎপরতার কথা এখানে আছে-টোকিও, সাংহাই, হংকং ইত্যাদি স্থানের শাখা সংগঠনের নাম ও উপন্যাসে বর্তমান। চীন, জাপান, বর্মা ও পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জে এরকম কিছু সন্ত্রাসবাদী সংগঠনের অস্তিত্বের কথা ইতিহাসগত দিক দিয়ে সত্য। কিন্তু কেন্দ্রীয় সংগঠনের সঙ্গে এই সকল সংগঠনগুলি মালার মত গ্রন্থি রচনা করেনি।

'পথের দাবী' উপন্যাসের শুরু থেকে শেষ পর্যন্ত পাঠকের কৌতূহলের কেন্দ্রীয় বিষয় হয়েছে অতি মানবীয় চরিত্র সভ্যসাচীকে নিয়ে। তার অবিশ্বাস্য ক্ষমতার প্রচারে এবং রহস্যপূর্ণ চলাফেরার রূপায়ণে লেখক যতটা আগ্রহ দেখিয়েছেন সুনির্দিষ্ট কর্মসূচির রূপায়ণে ও তৎসংলগ্ন জনমতের প্রতিফলনে লেখক ততটা আগ্রহী নন। ফলতঃ উপন্যাসটিতে বাহ্য প্রয়োজনের প্রতিক্রিয়া দেখানোটাই প্রধান কথা হয়ে দাঁড়িয়েছে-রাজনৈতিক মতাদর্শের চেহারা ততটা ইস্পষ্ট ভাবে পাঠক পায়নি।

রাজনৈতিক উপন্যাসে রোমান্টিক প্রেম-কাহিনির সংযোজন কোন দোষের নয়। কিন্তু দেখতে হয় সেই রোমান্টিক উপকাহিনি রাজনীতির অন্তর্গত কক্ষে বিচরণ করছে

কিনা-নতুবা সে কাহিনি রাজনীতি উপন্যাসের সার্থকতায় প্রধান অন্তরায়। 'পথের দাবী' উপন্যাসে অপূর্ব-ভারতীর প্রণয় অনেকটা স্থান জুড়ে অবস্থান করেছে। কিন্তু সেই প্রণয় কাহিনিতে রাজনীতি ততটা স্থান পায়নি। বরং সাধারণ প্রণয় কাহিনির মতোই তার বিস্তার ও পরিণতি। মূলত সংগঠন ও রাজনীতিকে মূল লক্ষ্য হিসেবে রেখে ব্যক্তি প্রেমকে কতটা স্থান দেওয়া প্রয়োজন এই বাস্তব ধারণা শরৎচন্দ্রের মধ্যে স্পষ্টভাবে প্রকাশ পায়নি। সব্যসাচী ও সুমিত্রার প্রেমের দায়বদ্ধ রূপটা রাজনৈতিক উপন্যাসের রসধর্মের দিক দিয়ে সংগতিপূর্ণ হলেও ভারতী-অপূর্ব কাহিনির রাজনৈতিক[৪] দিক দিয়ে কোন গুরুত্ব চোখে পড়ে না। কেবলমাত্র নারীধর্মের আবেগ ও মমতার টানে কিভাবে মাতৃস্নেহ বঞ্চিত নিরালম্ব অপূর্ব পুনরায় ফিরে এল। তাই উপকাহিনির মূল প্রতিপাদ্য যা রাজনীতির সংস্পর্শ থেকে সম্পূর্ণ দূর দেশে অবস্থিত। উল্লেখ্য রবীন্দ্রনাথের 'চার অধ্যায়'-এ রাজনৈতিক আন্দোলনের দ্বারা প্রভাবিত চিত্তবৃত্তির অস্বাভাবিক অথচ সার্থক রূপের চিত্র স্পষ্ট। এলা অতীতের আত্মিক বোঝাপড়া সত্তেও তাদের প্রেম লৌকিক চরিতার্থায় পর্যবসিত হতে পারেনি-একমাত্র রাজনৈতিক দায়বদ্ধতার কারণে।

রাজনৈতিক উপন্যাসে পাঠকের রসগ্রহণের একমাত্র স্থল হল রাজনৈতিক বিরোধের পটভূমি। উপন্যাসে ভারত স্বাধীনতার উদ্যোগটি নেওয়া হয়েছে ভারত সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রণ বহির্ভূত অন্যান্য দেশে। সাধারণভাবে বিষয়টি জটিল অথচ সব্যসাচীকে ধরার জন্য পুলিশ অফিসারের ছক, শ্রমিকসভার দৃশ্যে পুলিশি তদন্ত -এর যে ছবি আঁকা হয়েছে তা নিত্যদিনের রুটিনের মতই দায়মাফিক-মূলকাহিনির সঙ্গে জট পাকায়নি এই ঘটনা। তেমনই যে সব্যসাচীকে পুলিশ হন্যে হয়ে খুঁজে বেড়াচ্ছে-সে বিপ্লবের তৎপরতা ভুলে ভারতীর সঙ্গে কিভাবে খোশ মেজাজে গল্প করে যাচ্ছে-ঠিক বোঝা যায় না। একটি গুপ্ত সংগঠনের বেআইনি কাজের গুরুত্বও ঠিক আন্দাজ করা যায় না-এ ঘটনা থেকে। এই ত্রুটি লেখকের সন্দেহ নেই কিন্তু সব্যসাচীর মুখে মুহুর্মুহু বিপ্লববাণী বর্ষিত হয়েছে। কিন্তু সব্যসাচী এই পথের দাবী সংগঠনে সমাজের সমস্ত স্তরের মানুষ অংশগ্রহণ করতে পারেনি। সব্যসাচী বলেছে—

> "নিরীহ চাষাভূষোর জন্য তোমার দুশ্চিন্তার প্রয়োজন নেই ভারতী, কোন দেশেই তারা স্বাধীনতার কাজে যোগ দেয় না। বরঞ্চ বাধা দেয়। তাদের উত্তেজিত করার পণ্ডশ্রমের সময় নেই আমার। আমার কারবার শিক্ষিত, মধ্যবিত্ত, ভদ্র সন্তানদের... আইডিয়ার জন্য প্রাণ দিতে পাবার মতো প্রাণ, নির্বিরোধী নিরীহ কৃষকের কাছে আশা করা বৃথা।"[৬]

আসলে উপন্যাসটিতে রাজনৈতিক স্বাধীনতার সঙ্গে সঙ্গে অর্থনৈতিক স্বাধীনতার দাবীও উচ্চকণ্ঠে ঘোষিত। যার অনুকরণ শোনা যায় গর্কির 'Mother' উপন্যাসে প্যাভেলের

মুখে। পথের দাবীর পক্ষে বিশুদ্ধ জনসমুদ্রে রামদাস তলোয়াকারের ভাষণও মিলে যায় প্যাভেলের সঙ্গে। তাই রাজনৈতিক উপন্যাস হিসাবে পূর্ণ মর্যাদা না পেলেও সমকালকে চিরকালের প্রলেপ মাখিয়ে লেখক যে নব আদর্শ সূচনা করেছেন সে দিক থেকে 'পথের দাবী' অভিনন্দন—

তথ্যসূত্র :

১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। 'পথের দাবী' নবম সংস্করণ। এম.সি. সরকার এ্যাণ্ড সন্স প্রাইভেট লি:, জৈষ্ঠ্য,১৩৬৫। পৃ:১০৬

২. ড: অজিত কুমার ঘোষ। 'শরৎচন্দ্রের জীবনী ও সাহিত্যবিচার'। প্রথম প্রকাশ-ভাদ্র, ১৩৬৭। প্রকাশক: শিল্পী সংস্থা। পপুলার লাইব্রেরী। পৃ:২৪২

৩. তদেব, পৃ: ৩৫৭

৪. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়। 'পথের দাবী' নবম সংস্করণ এম.সি. সরকার এন্ড সংন্স প্রাইভেট লি: জৈষ্ঠ্য, ১৩৬৫। পৃ:২৬২

৫. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় 'পথের দাবী', নবম সংস্করণ এম.সি.সরকার এন্ড সন্স প্রাইভেট লি:, জৈষ্ঠ্য,১৩৬৫, পৃ:৪৪

৬. তদেব, পৃ:২৬৪

সর্বপল্লী রাধাকৃষ্ণণনের জীবন ও দর্শন : সত্যের খোঁজে আত্ম-অন্বেষণ

প্রবীণ শিকদার (সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)

১৮৮৮ সালের ৫ই সেপ্টেম্বর মাদ্রাজের তিরুতানি শহরে রাধাকৃষ্ণণ জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সর্বপল্লী ভীরা সমীয়্যা। পিতা ছিলেন স্থানীয় এক জমিদারের তহশীলদার। রাধাকৃষ্ণন ছিলেন পিতার দ্বিতীয় সন্তান। ১৯০৬ সালে ভেলোরের ভূরহীজ কলেজ থেকে দর্শনশাস্ত্রে অনার্স নিয়ে বি.এ. পাশ করেন। মাদ্রাজ বিশ্ববিদ্যালয় থেকে ১৯০৮-এ এম.এ. পাশ করেন। ১৯০৯-এর এপ্রিল মাসে দর্শনের অধ্যাপক হিসাবে মাদ্রাজের প্রেসিডেন্সি কলেজে কর্মজীবন শুরু করেন। এই সময় তিনি হিন্দু, বৌদ্ধ, জৈন প্রভৃতি শাস্ত্র ও দর্শনের পাশাপাশি পাশ্চাত্যের প্লেটো কান্ট হেগেল প্রমুখ দার্শনিকদের রচনাবলি অধ্যয়ন করেন গভীরভাবে।

রবীন্দ্রনাথ, গান্ধীর রচনা ও জীবনদর্শনের সঙ্গে সুপরিচিত হন। রবীন্দ্রনাথের ওপর একটি বইও লেখেন। নাম দেন Philosophy of Rabindranath. বইটি রাধাকৃষ্ণনের প্রথম প্রকাশিত বই। বইটি তিনি রবীন্দ্রনাথকে উৎসর্গও করেন। বইটি পড়ে রবীন্দ্রনাথ রাধাকৃষ্ণনকে লিখেছিলেন You have written a much better book than anyone else I could have done. ১৯২১-এ উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের আমন্ত্রণে রাধাকৃষ্ণন কলকাতা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের প্রধান অধ্যাপক নিযুক্ত হন এবং তিনি এখানে ১৯২৯ খ্রি. পর্যন্ত যুক্ত ছিলেন। বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। একাধিক গ্রন্থ রচনা করেছেন। একাধিক ভাষণ রচনা করেছেন। তে উচ্চপদে থেকে ভারতের সম্মান বাড়িয়েছেন। রাশিয়ায় ভারতের রাষ্ট্রদূতের পদ অলংকৃত করেছেন। স্ট্যালিন তাঁর শিক্ষক স্বভাব দেখে মুগ্ধ হয়ে গিয়েছিলেন।

১৯৫৮-এ ভারত সরকার বিশ্ববিদ্যালয় শিক্ষার প্রয়োজনীয় সংস্কার ও উন্নতি সাধনের উদ্দেশ্যে যে কমিশন গঠন করেন সে কমিশনের সভাপতি হলেন ড. রাধাকৃষ্ণণ। তাঁর নামেই এই কমিশনের নাম হয় রাধাকৃষ্ণণ কমিশন। এই কমিশন বিশ্ববিদ্যালয় শিক্ষার উদ্দেশ্য, পাঠক্রম, শিক্ষক, শিক্ষার মাধ্যমে ধর্মশিক্ষা, ছাত্রকল্যাণ, নারীশিক্ষা প্রভৃতি বিষয়ে সুপারিশ করে। দু'বার ভারতের উপরাষ্ট্রপতি হয়েছেন। ১৯৬২-তে ভারতের রাষ্ট্রপতি হন। তাঁর বহুমুখী অবদানের স্বীকৃতি স্বরূপ ১৯৫৪-তে ভারত সরকার তাঁকে 'ভারতরত্ন' সম্মানে ভূষিত করেন। রবীন্দ্রনাথকে এতটাই শ্রদ্ধা করতেন যে, রবীন্দ্রনাথের মৃত্যুর পর রাধাকৃষ্ণন শোক প্রকাশ করে লিখেছিলেন ভারতের বাইরে

সমগ্র বিশ্বে রবীন্দ্রনাথের লেখার জন্যই লক্ষ লক্ষ লোক ভারতবর্ষ ও তার সংস্কৃতিকে শ্রদ্ধা করে। তিনি এদেশে জন্মগ্রহণ করেছিলেন বলে বোঝা যায় ঈশ্বর আমাদের প্রতি বিরূপ নন।

তিনি সারাজীবন নিজেকে একজন শিক্ষক বলেই মনে করতেন। শিক্ষকতা তাঁর কাছে বৃত্তিমাত্র ছিল না, ছিল এক মহান ব্রত। সেজন্য তাঁর জীবনও ছিল ব্রতী মানুষের মতো। তাঁর শিক্ষকতার অন্যতম প্রধান লক্ষ্য ছিল ছাত্র-ছাত্রীদের মধ্যে আধ্যাত্মিক চেতনার উন্মেষ ঘটানো, তাদের অন্তরস্থিত অমর আত্মাকে জাগ্রত করা, তাদের চরিত্র গঠনের মধ্যে দিয়ে মানবতার বিকাশসাধন, ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং ভারতীয় দর্শনের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তাদের কাছে উন্মোচিত করা।

ড. রাধাকৃষ্ণণ তাঁর ছাত্র-ছাত্রীদের চরিত্র গঠন ও আধ্যাত্মিকতা সম্পর্কে তাঁর My search for truth গ্রন্থে লিখেছেন— যদি সত্য, সেবাধর্ম, অন্তর্দৃষ্টি ও মানুষকে ভালোবাসার কথা তরুণ মনে একবার পরিষ্কারভাবে গেঁথে দেওয়া যায় তাহলে পরবর্তী জীবনে কোনো প্রলোভনই তাদের অধর্মের দিকে প্রলুব্ধ করতে পারবে না। দীন দুঃখী মানুষের প্রতি ছিল তাঁর গভীর ভালোবাসা, ছিল সহানুভূতি, ছিল সহমর্মিতা। তিনি রাষ্ট্রপতি হিসাবে মাসে পেতেন দশ হাজার টাকা। তা থেকে তিনি দু'হাজার টাকা নিয়ে আট হাজার টাকা দেশ গঠনের কাজে ব্যয় করতেন। তাঁর সম্পর্কে পণ্ডিত নেহেরু বলেছিলেন— a great philosopher, a great educationist and a great humanist.

তাঁর দার্শনিক চিন্তা সর্বদেশের সর্বকালের মানুষের কাছে আলোর দিশারী স্বরূপ। তাঁর মতে-মানুষ নিজের মধ্যে যখন ভগবানকে গভীরভাবে অনুভব করতে পারবেন। তখন তিনি নিজের অন্তর্দৃষ্টি দিয়ে অন্য মানুষের অন্তরকে বুঝতে পারবেন। তাঁর মতে আত্মা জ্যোতির্ময়। এই জ্যোতির্ময় আত্মাকে জানতে পারলে মানুষ সর্বভূতে ঈশ্বরকে দেখতে পাবেন এবং সর্বভূতে সমদর্শিতা লাভ করতে পারবেন। সেই ব্যক্তি বিশ্বসমাজ গঠনে সক্ষম হবেন। তাঁর মতে আপন আত্মার স্বরূপ জানতে হলে আত্মবিশ্লেষণ ও আত্মোৎসর্গমূলক কঠোর সাধনা প্রয়োজন। তাঁর মতে ধর্মের আসল রূপ হলো, অভয় বা ভয়শূন্যতা এবং অহিংসা ও ভালোবাসা। এগুলি মানুষের মনের মধ্যে থাকলে শত্রু-মিত্র, আপন-পর ভেদাভেদ থাকে না। এরা বিশ্বকে আপন করে নিতে পারেন। এঁরা হয়ে ওঠেন বিশ্বমানব। সভ্যতার সংকট কাটাতে দরকার এমন বিশ্বমানবের। তাঁর ভাবনাগুলিকে একত্রিত করে এভাবে বলা যায়,—

- প্রত্যেকটি মানুষের মধ্যেই অপরিসীম শক্তি-সম্ভাবনা আছে। বেশীরভাগ মানুষের মধ্যেই এই শক্তি-সম্ভাবনা সুপ্ত ও অর্ধজাগ্রত অবস্থায় আছে। এই সুপ্ত ও অর্ধজাগ্রত

অবস্থা থেকে তাকে পূর্ণজাগ্রত অবস্থায় জাগিয়ে তোলা, প্রকৃত মানুষ করে তোলাই একজন শিক্ষকের শিক্ষা জীবনের ব্রত হওয়া উচিত। এতেই শিক্ষক জীবনের সার্থকতা।

- যে বসে থাকে তার ভাগ্যও বসে থাকে, যে উঠে দাঁড়ায় তাঁর ভাগ্যও উঠে দাঁড়ায়, যে এগিয়ে চলে তার ভাগ্যও এগিয়ে চলে— অতএব এগিয়ে চলো, এগিয়ে চলো।
- এ পৃথিবীতে অনেক রকম পেশা আছে, আছে অনেক পেশাগত সার্থকতা অধ্যাপনা বা শিক্ষকতা এমন এক পেশা যা মানুষকে ক্রমশই প্রসারিত করে। ভবিষ্যতে যদি এই পেশাকে জীবন ও জীবিকার সঙ্গে গ্রথিত করতে চাও তাহলে হিংসা পরিত্যাগ কর, নির্লোভ হও, মন-প্রাণ দিয়ে মানুষকে ভালোবেসো। যা স্বোপার্জিত নয়, তা খুব সহজভাবে প্রত্যাখ্যান করার শিক্ষা দিয়েছিলেন তিনি।
- প্রতিভা অসীম কোনো বস্তু নয় অসম্ভব পরিশ্রম করার ক্ষমতাই হলো প্রতিভা। মোষের ঘাড়ের মতো পরিশ্রমী হতে হবে। তবে না হবে।
- ভীষ্ম শান্তিপর্বে বলেছেন, বাবা-মা'র চেয়েও গুরুর আসন অনেক উঁচুতে। বাবা-মা'র চেয়েও গুরুই শ্রেষ্ঠ। মানুষের নশ্বর দেহ বাবা-মা'র কাছেই পাওয়া, কিন্তু গুরুর উপদেশে যে জন্মলাভ হয়, তা অমর। বলতেন শাস্ত্রে আছে শিক্ষক হলেন 'পিতানাম পিতৃতমো।' পিতা জন্ম দেন। গুরু তারও উপরে দেন আলো।
- কেতাবী বিদ্যায় বড়ো হলে অর্থাৎ অনেক বড়ো ডিগ্রি থাকলেই বড়ো শিক্ষক হওয়া যায় না। কাজটা ব্রত হিসাবে গ্রহণ করলে, ভালোবেসে আত্মনিবেদন করতে পারলে অধিকাংশ শিক্ষার্থীর মনকে ছুঁতে পারেন শিক্ষক। বলতেন একজন শিক্ষকই পারেন মানুষের চেতনা বিকাশের দায়িত্ব গ্রহণ করতে। একজন শিক্ষকই পারেন সমাজ গঠনে সর্বাধিক তাৎপর্যপূর্ণ ভূমিকা নিতে।
- পথ দিয়ে যখন হাটবে, মাটি আর আকাশ এবং চারিপাশেও দৃষ্টি রাখবে। বলতেন দেখতে শেখো। দৃষ্টির শক্তি আর গভীরতা বাড়াও। রবীন্দ্রনাথের গানের ভাষায় বলতেন ঘাসে ঘাসে পা কি সত্যি রাখি আমরা? অনুভব করি কিছু?
- দুর্যোগের মধ্যে না বেরোলে দুর্যোগ কাটে কি বাবা? অর্থাৎ অসময়কে ভালো সময়ে পরিণত করতে হলে তোমাকে পথে বেরিয়ে পড়তে হবে। দুর্যোগ দেখলে চলবে না।
- আদর্শ শিক্ষককে সর্বক্ষণের শিক্ষক হতে হয় এবং অর্থোপার্জনের সঙ্গে তার কোনো সম্পর্কের কথাও ওঠে না। ভারতবর্ষ ও গ্রীস দেশের শিক্ষার ইতিহাস তার পাওয়া যায়। শান্তিনিকেতনেও রবীন্দ্রনাথ ঠিক এই কাজটিই করতে চেয়েছিলেন।
- নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য কখনও নিজস্বতা বিক্রি কোরো না।

- তোমার কথার সঙ্গে মতের সঙ্গে সকলে একমত হবেন এমনটা আশা; সকলে একমত হলে তুমি নতুন কথা আর কী বললে।
- পাবলিশড অর প্যারিশ। মানে নিজেকে ভাষায় প্রকাশ কর না হলে ধ্বংস হও।
- বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।
- অন্য খরচের চেয়ে বাজে খরচেই মানুষকে যথার্থ চেনা যায়। কারণ মানুষ ব্যয় করে বাঁধা নিয়ম অনুসারে, অপব্যয় করে নিজের খেয়ালে।
- মানুষের হৃদয়ের ঐশ্বর্য তার অকুণ্ঠ দানে।
- পরকে আপন করতে হলে যে সাধনা করতে হয়, যে তপস্যা করতে হয়, সে কী সাধারণ তপস্যা।

ছাত্র-ছাত্রীরা এখনও অধিকাংশই শিখতেই চায়। শিক্ষক যেমন জিজ্ঞাসু শিক্ষার্থীর জন্য প্রতীক্ষা করেন, তেমনই শিক্ষার্থীরাও ছাত্রদরদী সুশিক্ষকের প্রতীক্ষায় থাকে। ছাত্র-ছাত্রীদের 'মান' নিয়ে আমরা চিন্তিত হই, উদ্বেগ প্রকাশও করি। যোগ্য শিক্ষকের অভাবই কিন্তু আজ শিক্ষাক্ষেত্রে প্রধান সমস্যা। কিন্তু আমরা সেই সমস্যাও কাটিয়ে ওঠতে পারি যদি ছাত্র-শিক্ষকের পারস্পরিক সহযোগিতা, আন্তরিকতা ও মেলবন্ধনকে সুদৃঢ় করতে পারি।

গ্রন্থ ঋণ :

১. হরিশচন্দ্র দাস। কর্ম যোগী আচার্য ড. সর্বপল্লী রাধাকৃষ্ণন।

‘সহজ পাঠ’ : সহজ কথায় গভীর পাঠ

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)
জয়িতা সুর (স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)

তারিখ ১৪ ভাদ্র, ১৩৩৫ বঙ্গাব্দ। বিশ্বভারতীর প্রকাশন সংস্থা গ্রন্থনবিভাগের প্রথম নির্দেশক প্রশান্তচন্দ্র মহলানবিশকে একটি চিঠিতে গুরুদেব জিজ্ঞাসা করেছিলেন, সহজ পাঠ ছাপা হতে আর কত দিন দেরি?— উৎসুক রবীন্দ্রনাথ ঠাকুর। দীর্ঘ চার দশকের বেশি সময় তিনি নিবিড় মনোযোগে শিশুদের জন্য তৈরি করেছেন এক পাণ্ডুলিপি। প্রথম পাণ্ডুলিপিটির সন্ধান পাওয়া যায় ১৮৮৯ খ্রিস্টাব্দের ‘Pocket Book Of Rabindranath Tagore’ এ। রবীন্দ্রভবনে সংরক্ষিত ৪২৬ সংখ্যক এই পাণ্ডুলিপিটি ‘মজুমদার পাণ্ডুলিপি’ নামে পরিচিত। পকেট-বুকটি রবীন্দ্রনাথের বন্ধু শ্রীশচন্দ্র মজুমদারের বংশের সমীরচন্দ্র মজুমদারের সংগ্রহ থেকে পাওয়া যায়। দ্বিতীয় খসড়াটি পাওয়া যায় ১৯২৭-২৮ খ্রিস্টাব্দে। পাণ্ডুলিপির সংখ্যা ১৯। পাণ্ডুলিপিটি একই সময়ে লেখা হলেও প্রকাশনার সময় তা দুটি ভাগে প্রকাশিত হয়েছিল। ক্রমে এল ২৭ বৈশাখ, ১৩৩৭ বঙ্গাব্দ (১০ মে, ১৯৩০ খ্রিস্টাব্দ)। প্রকাশিত হল ‘সহজ পাঠ’— শিশুশিক্ষার জগতে শিক্ষাবিদ ও চিন্তাবিদ রবীন্দ্রনাথের এক অবিস্মরণীয় অবদান। চারটি ভাগের মধ্যে প্রথম দুটির লেখক রবীন্দ্রনাথ ঠাকুর, অন্যদুটি তাঁর সম্পাদিত।

শুধু বাংলার নন, কেবল ভারতবর্ষের নন, সমগ্র বিশ্বের চিন্তনের ইতিহাসে এক উল্লেখযোগ্য নাম রবীন্দ্রনাথ ঠাকুর। জীবনদর্শনের প্রতিটি ক্ষেত্রে তিনি রেখে গেছেন তাঁর দূরদৃষ্টি ও সুচিন্তিত মতামতের ছাপ। বাদ যায়নি জীবনের ভিত্তি শিক্ষাক্ষেত্রও। জীবনাভিজ্ঞতার রূপকার দূরদর্শী রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তা ছিল তাঁর জীবনদর্শন দ্বারা প্রভাবিত। ঔপনিবেশিক ভারতবর্ষে প্রচলিত ‘ইস্কুল’ ভিত্তিক প্রথাগত শিক্ষা পছন্দ ছিল না তাঁর। তাঁর মনে হয়েছিল, এই শিক্ষাব্যবস্থায় ভারতীয় রীতি-নীতি-আদর্শ কোনকিছুই অঙ্গীভূত হয়নি। পাশাপাশি পরভাষাকে শিক্ষার বাহন করে কৃত্রিম শিক্ষাব্যবস্থায় পরধর্ম পালনকে মনে হয়েছে সময়ের অপব্যয়। ঔপনিবেশিক শিক্ষার প্রতি তাঁর বিমুখতা বারংবার স্পষ্টভাবে জানিয়েছেন তিনি। ‘শিক্ষার সমস্যা’ প্রবন্ধে লিখেছেন,—

> “ইস্কুল বলিতে আমরা যাহা বুঝি সে একটা শিক্ষা দিবার কল। মাস্টার এই কারখানার একটা অংশ। সাড়ে দশটার সময় ঘন্টা বাজাইয়া কারখানা

খোলে। কল চলিতে আরম্ভ হয়, মাস্টারেরও মুখ চলিতে থাকে, চারটের সময় কারখানা বন্ধ হয়, মাস্টার-কলও তখন মুখ বন্ধ করেন; ছাত্ররা দুই-চার পাত কলে-ছাঁটা বিদ্যা লইয়া বাড়ি ফেরে। তার পর পরীক্ষার সময় এই বিদ্যার যাচাই হইয়া তাহার উপরে মার্কা পড়িয়া যায়।"[১]

তাই তিনি পৌঁছতে চেয়েছেন এই সমস্যার গভীরে। ভেবেছেন। প্রাচীন ভারতীয় বৈদিক শিক্ষাব্যবস্থার দ্বারা বিশেষভাবে প্রভাবিত রবীন্দ্রনাথ দার্শনিক চিন্তাধারাগত দিক থেকে ছিলেন ভাববাদী দার্শনিক। উপনিষদীয় ভাবনা ভাবিয়েছিল তাঁকে। তিনি বিশ্বাসী ছিলেন উপনিষদীয় জ্ঞানের ধারণায় 'সা বিদ্যা যা বিমুক্তয়ে'। অনুভব করেছিলেন বিশ্ববৈচিত্র্যের মাঝে যে শক্তি বিরাজ করছে তা সৃষ্টির মধ্য দিয়ে সতত প্রকাশমান। এই উপলব্ধির নাম বিশ্বচেতনা। বিশ্বচেতনাকে উপলব্ধি করে আত্মবিকাশ ও আত্মচেতনার উদ্ভাস ভারতীয় দর্শনের মূলকথা। তাই শিক্ষার প্রধান লক্ষ্য হওয়া উচিত স্বাধীন চিন্তাশক্তির বিকাশ। এই লক্ষ্যে এগিয়ে যাওয়ার পথে তিনি ভাববাদী দর্শনের সঙ্গে প্রয়োগের ক্ষেত্রে প্রকৃতিবাদী দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন। ভাববাদী দর্শনের সঙ্গে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিরও সংযোগ স্থাপন করতে চেয়েছেন। শিক্ষার্থীদের চিন্তাশক্তির বিকাশের পাশাপাশি তাদের ইন্দ্রিয়ানুশীলন, প্রকৃতির পর্যবেক্ষণ, সৃজনধর্মী কৃত্যানুশীলনের উপর বিশেষ জোর দিয়েছিলেন। 'শিক্ষার হেরফের' প্রবন্ধে লিখছেন,—

"... বাল্যকাল হইতে আমাদের শিক্ষার সহিত আনন্দ নাই। কেবল যাহা-কিছু নিতান্ত আবশ্যক তাহাই কণ্ঠস্থ করিতেছি। তেমনি করিয়া কোনোমতে কাজ চলে মাত্র, কিন্তু বিকাশলাভ হয় না।... আনন্দের সহিত পড়িতে পড়িতে পড়িবার শক্তি অলক্ষিত ভাবে বৃদ্ধি পাইতে থাকে; গ্রহণশক্তি ধারণাশক্তি চিন্তাশক্তি বেশ সহজে এবং স্বাভাবিক নিয়মে বললাভ করে।"[২]

সমকালীন গতানুগতিক ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থার বিরুদ্ধে রবীন্দ্রনাথের মৌন ও মুখর দীর্ঘ প্রতিবাদের ইতিবাচক ফলশ্রুতি ৭পৌষ,১৩০৮ বঙ্গাব্দ (ডিসেম্বর, ১৯০১ খ্রিস্টাব্দ)-এ বোলপুরের কাছে শান্তিনিকেতন আশ্রমে "ব্রহ্মচর্যাশ্রম" নামে বিদ্যালয় স্থাপন। প্রাচীন ভারতীয় তপোবন বিদ্যালয়ের আদর্শে তৈরি এই বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের পূর্ণ বিকাশ, বিশ্বপ্রকৃতির উদার প্রাঙ্গনে— সর্বমানবের বিরাট লোকে তাদের মুক্তি। অত্যন্ত বেদনার সঙ্গে কবির মনে শিশুদের ইস্কুল নামক যান্ত্রিক খাঁচা থেকে মুক্তি দেওয়ার যে ইচ্ছা জেগেছিল সেই ইচ্ছেপূরণ হল। রবীন্দ্রনাথ তৈরি করলেন আশ্রম,

যেখানে থাকল সমগ্র জীবনের সজীব ভূমিকা। ১৯২১ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত "বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়" সেই মুক্ত ভাবনার চূড়ান্ত রূপ,— 'যত্র বিশ্বং ভবেত্যকনীড়ম'। দার্শনিকের ভাবনায় 'Where the world makes a home in a single nest'.

'আমাদের যাত্রা হল শুরু, এখন ওগো কর্ণধার...' ভারতীয় দর্শনের এই ধারায় শিক্ষার্থীদের পথ দেখাবে কে! কলের শিক্ষক তো এই পথের দিশারী নন।প্রাচীন ভারতীয় শিক্ষাব্যবস্থায় পিতার পরেই ছিল শিক্ষকের স্থান। প্রাকৃতিক-সামাজিক-মানবিক মূল্যবোধ শিক্ষার্থীদের মধ্যে জাগিয়ে তুলতেন শিক্ষক। 'শিক্ষাবিধি' প্রবন্ধে পথের দিশারীদের সম্বন্ধে তিনি লিখলেন,—

> "শিশুদের পালন ও শিক্ষণের যথার্থ ভার পিতামাতার উপর। কিন্তু পিতামাতার সে যোগ্যতা অথবা সুবিধা না থাকতেই অন্য উপযুক্ত লোকের সহায়তা আবশ্যক হইয়া উঠে। এমন অবস্থায় গুরুকে পিতামাতা না হইলে চলে না।"[৩]

তপোবন শিক্ষাব্যবস্থায় বিশেষভাবে প্রভাবিত রবীন্দ্রনাথ সে কারণে এই পথের দিশারী হিসাবে চেয়েছেন 'গুরু'কে। 'আশ্রমের রূপ ও বিকাশ' গ্রন্থে তিনি লিখছেন,—

> "গুরুর অন্তরে ছেলেমানুষটি যদি একেবারে শুকিয়ে কাঠ হয়ে যায় তা হলে তিনি ছেলেদের ভার নেবার অযোগ্য হন। শুধু সামীপ্য নয়, উভয়ের মধ্যে প্রকৃতিগত সাযুজ্য ও সাদৃশ্য থাকা চাই। নইলে দেনা-পাওনায় নাড়ীর যোগ থাকেনা। ...যিনি জাত-শিক্ষক ছেলেদের ডাক পেলেই তাঁর আপন ভিতরকার আদিম ছেলেটা আপনি ছুটে আসে। ...ছেলেরা যদি কোনো দিক থেকেই তাঁকে স্বশ্রেণীর জীব বলে চিনতে না পারে, যদি মনে করে লোকটা যেন প্রাগৈতিহাসিক মহাকায় প্রাণী, তবে থাবার আড়ম্বর দেখে নির্ভয়ে সে তাঁর কাছে হাত বাড়াতেই পারবে না।"[৪]

গুরুদেব রবীন্দ্রনাথ। কেবল আশ্রম বিদ্যালয় তৈরি করেই থেমে থাকলেন না। ভাবলেন শিক্ষাপথের দিশারীদের নিয়ে। শিক্ষার্থীদের ব্রহ্মচর্য পালনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করলেন। যেখানে ব্রহ্ম মুহূর্তে দিন শুরু হয় ঈশ্বর বন্দনার মধ্য দিয়ে আর দিনশেষে মন্ত্র-উচ্চারণের পর শিক্ষার্থী নিদ্রা যায়। শিক্ষার মাধ্যম হিসাবে তিনি মাতৃভাষাকে প্রাধান্য দিয়ে শিক্ষামনস্তত্ত্ব বিষয়ে তাঁর গভীর বোধের পরিচয় দিলেন। চাইলেন বৌদ্ধিক থেকে মানবিক হয়ে নান্দনিক; শিক্ষার্থীর সম্পূর্ণ বিকাশ। তৈরি করতে চাইলেন সুনির্দিষ্ট পাঠপরিকল্পনা। যদিও আশ্রম বিদ্যালয় প্রতিষ্ঠার আগেই তাঁর প্রাইমার রচনার সূচনা।

প্রথমটি 'সংস্কৃত শিক্ষা' (১৮৯৬খ্রিস্টাব্দ)। আশ্রমের শিশুদের প্রয়োজনে এরপর ইংরাজি ভাষাতেও লিখেছেন একাধিক প্রাইমার। সেই পথেই আশ্রম প্রতিষ্ঠার প্রায় তিরিশ বছর পর আশ্রমিক শিশুদের জন্য এলো 'সহজ পাঠ'।

শিশুতোষ রবীন্দ্রনাথ। জগতের সকল শিশুদের প্রতি তাঁর অপরিসীম ভালোবাসা, মমত্ববোধ, সবথেকে বড় কথা একাত্মবোধ। তাঁদের কল্পনাপ্রবণ সত্তার সাথে, আনন্দের সাথে, ব্যথার সাথে নিজেকে নির্নিমেষ একাত্ম করে তিনি লিখেছেন একের পর এক কাব্যগ্রন্থ, 'শিশু ', 'শিশু ভোলানাথ', 'ছড়া ও ছবি', 'খাপছাড়া', 'গল্প-সল্প-কল্পনা' আরো কত কী! তিনিও কাটিয়েছেন এক শিশুকাল। আনুমানিক ৩ বছর ৮ মাস বয়সে তিনি পড়েছিলেন 'পাখি সব করে রব'-স্রষ্টা পণ্ডিত মদন মোহন তর্কালঙ্কার। ১৮৪৯ খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল যাঁর রচিত 'শিশুশিক্ষা' (প্রথম ভাগ)। বাংলার শিশুদের জন্য অক্ষর পরিচয়ের সম্ভবত সেই প্রথম গ্রন্থ। এরপর ১৮৫৫ তে প্রকাশিত হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত 'বর্ণপরিচয়' (প্রথম ভাগ)। রবীন্দ্রনাথ নিজে 'বর্ণপরিচয়' পাঠের কথা 'জীবনস্মৃতি'তে উল্লেখ করেছেন। তিনি যখন শিশুদের জন্য চার দশকের বেশি সময় ধরে নিজের পরিপূর্ণ অভিজ্ঞতায় ভেঙে গড়ে লিখলেন শিশুর স্বাধীনচিন্তা বিকাশের পাণ্ডুলিপি তা হয়ে উঠল বিশেষ। 'বর্ণপরিচয়' প্রকাশের ৭৫ বছর পর প্রকাশিত হল 'সহজ পাঠ'। 'সহজ পাঠ' (প্রথম ভাগ) এর আখ্যাপত্রে এ সম্বন্ধে রবীন্দ্রনাথের বক্তব্য, 'এই বই বর্ণপরিচয়ের পর পঠনীয়'।

প্রাচীন ভারতীয় তপোবনধর্মী শিক্ষাব্যবস্থার অনুরাগী রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজ পাঠ' (প্রথম ভাগ) এর প্রথম ১৯টি পাতা বিশেষভাবে লক্ষ্য করলে পাঠপরিকল্পনার ধরণ থেকে স্পষ্ট হয় এগুলি শিশুদের শ্রুতিপাঠ। স্মরণ, মনন, নিদিধ্যাসনের মধ্য দিয়ে শিশুর মনে পড়বে সেই ছোট খোকার কথা, সে কথা বলতে শেখেনি; কিন্তু শুনে শুনে 'অ','আ' আওড়ায় ।মনে পড়বে সেই খুকিটির কথা, হয়তো বা সে তার বোনেরই মতো, সারাদিন 'কিয়োঁ' 'কিয়োঁ' করে কাঁদে। সে মনে মনে স্বাদ নেবে সমকালীন বাঙালি ঘরকন্নার প্রিয় খাবার ক্ষীর-খৈ-দৈ-এর। চিনবে বাড়ির সদস্যদের কে রান্না করে, কে ভাত বেড়ে দেয়, কারা একমনে পড়া করে আর কেই বা শাল মুড়ি দিয়ে বসে কাশে। কোনো ছড়ায় সে চিনবে কুকুরের ডাক। সেই সূত্রে মুক্ত আকাশের নীচের মুক্ত শ্রেণিকক্ষে গুরু নিশ্চয় চিনিয়ে দেবেন অন্যান্য পশুদের ডাক ও পাখিদের কিচিমিচিকে। পাশাপাশি সে চিনতে শিখবে ঘরের বাইরের বিরাট ঘরটাকে— এই প্রকৃতিকে, মেঘকে-বাদলকে- বৃষ্টিদিনের ছাতাকে এবং সেই সূত্রে বিপরীতকেও। এই ছড়াগুলির শ্রুতিপাঠের মধ্য দিয়ে শিশু চিনবে সমাজ ও সমাজবন্ধুদের জীবন। জেলে ও জেলে-ডিঙি,

মাঝির নদীর পাড়ের রান্নাবান্না, বাংলার কৃষিপ্রধান জীবনে মাঠের ধানকাটা, গাড়ি ভরে সেই ধান নিয়ে বাড়ি যাওয়া গরুর সারি, ফসলের বোঝা মাথায় নিয়ে হাটে চলা চাষীর দল। দেখবে; আসে উৎসব, বাজে ঢাক-ঢোল, সাথে ছোট ছেলেদের গণ্ডগোল। কখনো বা একসাথে তাদের আম পাড়তে যাওয়া। এ কি কেবল পাঠ! তখন শিশুর মনে তৈরি হচ্ছে চিত্রকল্প। বাড়ি থেকে দূরে আশ্রমিক পরিবেশে বেড়ে ওঠা শিশুটি প্রকৃতির বুকে চোখ খুলে বা বন্ধ করে দুলতে দুলতে দেখবে ঘরকে, বাইরেকেও। সাথে সাথে দেখবে ১১টি স্বরবর্ণ, ৩৪টি ব্যঞ্জনবর্ণ আর ক্ষ কে। লক্ষ্য করার মতো বিষয় 'বর্ণপরিচয়'-এ 'ক্ষ' ছিল না, কিন্তু গুরুদেব এখানে 'ক্ষ' ব্যবহার করলেন। কারণ বাদল দিনের মন খারাপ করা আবহাওয়া, ছাতার পাশাপাশি ঘরের কোণে শাল মুড়ি দেওয়া কাশির শব্দও বাস্তব সত্য। অন্যদিকে স্বর থেকে বাদ দিলেন 'ঌ' কে, কারণ ব্যবহারিক জীবনে 'ঌ' ততদিনে লুপ্ত। পাশাপাশি ড়, ঢ়, য়, ৎ, অনুস্বর, বিসর্গ, চন্দ্রবিন্দু কে তিনি এখানে কেবল বর্ণযোজনার ক্ষেত্রে ব্যবহার করেছেন। একটি, দুটি বা চারটি বর্ণের ক্রম-অক্ষরের সরণীতে, দুই অক্ষর বিশিষ্ট শব্দ দিয়ে তৈরি দুই পংক্তির প্রতিটি ছড়াকে গুরুদেব করে তুলেছেন শিশুর কাছে সরল ও অর্থবহ। তাই 'সহজ পাঠ' এর এই ছড়াগুলি বর্ণপরিচিতি হয়ে থাকেনি। পংক্তিগুলি ধ্বন্যুক্তিময় রেশ রেখে গেছে। যেমন, ট, ঠ, ড, ঢ যেন ঢাকের কাঠিরই শব্দ; শ, ষ, স বাদল দিনের শনশন বাতাসের শব্দ, হ ক্ষ ও খ ক্ষ কাশিরই শব্দ। আছে এমন আরো উদাহরণ।

'সহজ পাঠ' লেখক রবীন্দ্রনাথের সমাজ, প্রকৃতি, জীবন সম্পর্কে জীবনব্যাপী অভিজ্ঞতার ফসল। জীবনের প্রতি গভীর দৃষ্টির ছাপ 'সহজ পাঠ' এর পাতায় পাতায়। এটি কেবল পাঠ পরিচিতি নয় যেন জীবনের চলচ্ছবি। ছড়ার অন্ত্যমিল শেখানো এই পাঠ যেন সাহিত্য প্রবেশিকা। প্রকৃতির কথা-সুর-তাল-ছন্দ জগতের প্রবেশদ্বার। সেই পথে 'সহজ পাঠ' (প্রথম ভাগ)-এ আছে দশটি পাঠ ও দশটি ছড়া। প্রথম পাঠে প্রকাশ পেয়েছে প্রকৃতির পাঠ। 'বনে থাকে বাঘ'— দুই অক্ষর বিশিষ্ট, দুই মাত্রার শব্দে তৈরি ১৬ পংক্তির এই পাঠে বনের বাঘ, জলের মাছ, গাছের পাখি এমনকি মধুর ভান্ডারী মৌমাছি; সবার সঙ্গে শিশুর পরিচিতি ঘটছে। কোথায় থাকে, কী খায়; বাদ যাচ্ছেনা ইত্যাদি খুঁটিনাটিও। প্রথম ছড়া 'আলো হয়/গেল ভয়'— ছড়াটিতে রয়েছে নিশার অন্ধকার পেরিয়ে ঊষার সূচনা। কেমন করে সেই আলোর খবর পৌঁছে যাচ্ছে স্থলে-জলে-বনতলে! এমনকি কাকেদের মহলে। অর্থাৎ প্রকৃতি জাগছে। জাগছে মানুষ। সেই সূত্রে আসছে সমাজের শ্রমজীবী মানুষদের কথা। প্রত্যেকের নির্দিষ্ট পরিচয়। নাম, কাজ। প্রতিদিন প্রত্যেক মানুষের কর্মচঞ্চল জীবনের সঙ্গে দিনের

গতিময়তাকে ছন্দে বেঁধে চলমান জীবনের সঙ্গে শিশুকে পরিচিত করছেন কবি-গুরু। পাঠের গতিতে আসছে তাল। তালে তালে শিশু আনমনে আঙুল রাখছে শব্দের তলায়। তৈরি হচ্ছে নতুন চিত্রকল্প।

বাঙালির বারো মাসে তেরো পার্বণ। তার অন্যতম প্রধান অঙ্গ পূজা। 'সহজ পাঠ' (প্রথম ভাগ) এর দ্বিতীয় পাঠের গদ্যটিতে আছে রামের বাড়ির পূজার কথা। তার বিস্তারিত আয়োজন, ব্যস্ততা। শিশু শেখে নানা ফুলের রকম, মালা, ঢাক, ঢোল, ধুপ-ধুনো, নানা রঙের আলো আর উৎসবের আনুষঙ্গিক বর্ণনা। শিশু চিনছে মালীকে, ভারীকে, মুটেকে। তাদের কাজকে। আসছে রকমারি খাবারের নাম, পরিবেশনের আধার। পাঠকের চিত্রকল্পে ভাসছে সাতদিনের ছুটি, তিন ভাইয়ের খেলা। পরবর্তী ছড়াটিতে আবার ফিরে আসে ভোরের বর্ণনা,— 'কালো রাতি গেল ঘুচে'। ছড়াটির অভিনবত্ব এই কবি এখানে প্রাকৃতিক চাঁদ, তারা, বায়ুর উপর কল্পিত প্রাণের আরোপ করেছেন। কবিতাটিতে আমরা রবি ঠাকুরেরই লেখা প্রিয় 'ফাল্গুন' কবিতার আবেশ পাই। তৃতীয় পাঠের গদ্যটিতে দুই অক্ষর বিশিষ্ট শব্দের জাদুতে উঠে এসেছে পরিবারের নানা সম্পর্কের কথা। আতিথেয়তার আয়োজন। সেই সূত্রে একটুকরো বাজারের ছবি। শিশুর কাছে খরচের হিসাবের প্রথম পাঠ। বাস্তবকে চেনার আরেকটা ধাপ। পরবর্তী কবিতাটিতে এক বিস্তীর্ণ জলাশয়ের বর্ণনা, 'নাম তার মোতিবিল'। কেমন করে এই বিল হয়ে উঠেছে গ্রামের প্রাণ। কত পাখির লীলাভূমি! তারই মাঝে ধানক্ষেত, চাষীদের কাজ, জেলেদের মাছধরা, মোষ নিয়ে পার হওয়া রাখালের ছেলে। কর্মমুখর মোতিবিল বাংলাদেশের যেকোন গ্রামের প্রাণকেন্দ্র। যেন এক শিল্পীর হাতে আঁকা নিখুঁত 'সিনারি'।

ধীরে ধীরে পরবর্তী পাঠগুলিতে শব্দগুলি একটু একটু করে বড় হয়। যেমন, চতুর্থ পাঠের গদ্যটিতে চার অক্ষর বিশিষ্ট শব্দের আধিক্য। যদিও তা এসেছে অত্যন্ত স্বাভাবিকভাবে। রয়েছে ঘরের মানুষের বর্ণনা আর শান্ত চারপাশ। পাঠটির বিশেষত্ব এই এখানে রয়েছে সহমর্মিতার পাঠ,—

> "রাণীদিদি ঘরে, তার যে তিন দিন কাশি। তার কাছে আছে মা, মাসি আর কিনি।"[৫]

শিশুর নরম মনে দাগ কাটে আরেকটি দৃশ্য—

> 'পাখি কি ওড়ে? না পাখি ওড়ে না, ওর পায়ে বেড়ি।'[৬]

রবীন্দ্রনাথ শুরু থেকেই শিশুর মনে দিতে চেয়েছিলেন এই মানবিকতার পাঠ। তবে জ্ঞানগর্ভ, নির্দেশাত্মক চরিত্রগঠনের প্রয়াস এখানে নেই। পরিবর্তে আছে আধ্যাত্মিক পৃথিবীর স্বতঃস্ফুর্ত মানবিক উন্মেষের প্রতি বিশ্বাস। এই পাঠের পরবর্তী ছড়াটি

গ্রামবাংলার যেকোন নিঝুম পল্লীর ছবি। শান্ত গলি, মুদি দোকান, গৃহস্থের উঠোন, গোয়ালঘর, শষ্য ভরা আঙিনা। বাদ যায়নি ঘুঁটে দেওয়া ঘরের পাঁচিল। শিলাইদহের আসমানদার তাঁর জমিদারির কাছারি অথবা বোটের ছাদ থেকে কতখানি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেছিলেন এই গ্রামবাংলাকে; আলোচ্য পাঠগুলি তার প্রমাণ।পরবর্তী পঞ্চম পাঠে আছে তিনটি ঋতুর ছবি। গদ্যটিতে ঝুপ করে পরা শীতের বর্ণনা। চারিদিক জবুথবু। তারই মাঝে শিশুদের নিঝুম দুপুরে কুলের 'চড়িভাতি'। দুখীবুড়ির প্রসঙ্গে বোঝা যায় কষ্ট আছে। সবটুকু ছবির মতো সাজানো নয়। তবে সরল জীবনে খুব বেশি অভিযোগ নেই। ১৯২১ খ্রিস্টাব্দ পরবর্তী সময়ে আশ্রম বিদ্যালয়ের প্রার্থনা দিবস ও ছুটির দিন বুধবার। এই বিষয়টির ইঙ্গিত এই পাঠটিতে রয়েছে। পরবর্তী ছড়াটি বহুপঠিত 'আমাদের ছোটনদী'। বৈশাখী প্রখর গ্রীষ্মে একরূপ তার। তাকে ঘিরে পার্শ্ববর্তী গ্রামের মানুষদের দিনলিপি নিখুঁতভাবে লক্ষ্য করেছেন কবি,

"তীরে তীরে ছেলে মেয়ে নাহিবার কালে
গামছায় জল ভরি গায়ে তারা ঢালে
... ...
আঁচলে ছাঁকিয়া তারা ছোট মাছ ধরে।"[৭]

আবার আষাঢ়ের বর্ষাতে সে নদীর অন্য রূপ। বর্ষার উৎসবে তখন দুপারে সাড়া পড়ে যায়।

ক্রমে 'সহজ পাঠ' (প্রথম ভাগ)-এর ছোট শিশুটা বড় হয়ে যায়। সে পড়তে শেখে। লিখতে শেখে। বুঝতে শেখে। ষষ্ঠ পাঠের গদ্যে তাই সাধারণ পাড়ার সাধারণ ছেলেটার কথা। খেলার জগৎ। বন্ধুদের নাম-পদবী। সেন-শেঠ। বল না থাকলে বেল দিয়ে খেলার কথা। তারপর খেলা সেরে বাড়ি ফিরে খেয়ে পড়তে বসার কথা। একটা কথা দাগ কাটে, 'একা একা খেলা যায় না'। অর্থাৎ সবাইকে নিয়ে সমাজ। ষষ্ঠপাঠের পরবর্তী কবিতাটিতে ঋতুরাণী শরৎ-এর প্রকৃতির বর্ণনা সেখানে। শরৎ এর আকাশ, বাতাস, ফুলের পাশাপাশি আছে বাঙালির দুর্গাপূজার আবাহনী রেশ। কবিতাটি 'শরৎ' নামে 'চিত্রবিচিত্র' কাব্যের অন্তর্ভুক্ত। সহজ পাঠ প্রথম ও দ্বিতীয় ভাগের যুক্তাক্ষর বর্জিত সরল ভাষা ও সহজ ভাবের এমন অনেক কবিতা (সঙ্গে সহজ পাঠ রচনার সমকালে লেখা সমভাবের অসংকলিত কবিতাগুচ্ছ) নিয়ে শ্রাবণ,১৩৬১ বঙ্গাব্দে প্রকাশিত হয় 'চিত্রবিচিত্র', যার সূচনায় ছিল 'ঊষা', 'আমাদের পাড়া', 'মোতিবিল', 'ছোটনদী', 'ফুল', 'সাধ', 'শরৎ' এর মতো কবিতা। শিশুশিক্ষার সোপানে ভাষার সঙ্গে ভাবের ক্রমসমৃদ্ধির

প্রতীক এই কবিতাগুলি আনন্দপাঠের পাশাপাশি শিশুদের কল্পনার বিকাশ ও কৃত্যালিনির্ভর অনুশীলনেও সাহায্য করে।

প্রকৃতি, সমাজ, মূল্যবোধের সমান্তরালে গদ্যপাঠগুলিতে চলছে শব্দভাণ্ডারেরও উত্তরণ। দ্বিতীয় ও তৃতীয় পাঠে 'আ'কার, চতুর্থ পাঠে 'ই'কার ও 'ঈ'কার, পঞ্চম পাঠে উকার ও 'ঊ'কার পেরিয়ে ষষ্ঠপাঠটিতে 'এ'কার যুক্ত শব্দ চর্চা। সপ্তম পাঠের গদ্যটিতে নজর কাড়ে একটি পৈতের অনুষ্ঠানকে কেন্দ্র করে 'ঐ'কার যুক্ত শব্দের ব্যবহার। অর্থাৎ শিশুর যুগ্মস্বরে উত্তরণ। পরবর্তী পদ্যপাঠটি আমাদের সকলের প্রিয় 'কাল ছিল ডাল খালি'। গাছের ফুলে প্রাণের আরোপ। প্রকৃতিপাঠের পাশাপাশি এ ছড়ার ছন্দ পাঠেও ছিল গুরুদেবের স্পষ্ট নির্দেশ। ছন্দটি দুই মাত্রায় অথবা তিন মাত্রায় পড়া যায়। তবে,—

> "তিন মাত্রার তালে পড়লেই ভালো হয়।"[৮]

অষ্টম পাঠের গদ্যে লোকা ধোবা আর তার জীবন এবং 'ও'কার। যেন অবন ঠাকুরের 'আপন কথা'র চলনসই নাটকের এক চরিত্র। এই নিম্নবিত্ত পরিবেশ-পরিস্থিতির বর্ণনার সাথেই আসে ধনীর কোঠাবাড়ির বিয়ের কথা। সাথে চিরকালীন হৃদয়হীনতার ছবি, যা আজকের দিনেও সমান প্রাসঙ্গিক,—

> "ওটা বুড়ো হাতি। ...কালো ঘোড়া। ...পায়ে তার ফোঁড়া, জোরে চলে না। ঢোল বাজে। ঘোড়া ঘোর ভয় পায়।"[৯]

শিশুর অন্তরে করুণা জাগায়।অনুপ্রাসের ব্যবহার পাঠে চমক তৈরি করে। পরবর্তী 'দিনে হই একমতো, রাতে হই আর'— ছড়াটিতে ঘুমন্ত ছেলেটির স্বপ্নে ফিরে আসে প্রবন্ধের শুরুতে উল্লিখিত রবি ঠাকুরের 'ইস্কুল' নামক খাঁচা থেকে মুক্তির চিরকালীন ইচ্ছে। সপ্তম পাঠের গদ্যে যেমন ছিল 'ঐ' কারের ব্যবহার তেমনি নবম পাঠের গদ্যটিতে সাধারণ কথোপকথনের মধ্যে 'ঔ' কারের ব্যবহার লক্ষ্যণীয়। পরের ছড়াটি 'নদীর ঘাটের কাছে'। শিশুর মন নদীর নৌকার তালে তালে পাড়ি দেয় নতুন দেশে। শিশুর স্বাভাবিক কল্পনাপ্রবণতাকে বরাবর উৎসাহ দিয়েছেন রবীন্দ্রনাথ। এই ছড়াটিতেও। বাধ্যতামূলক জীবনের হাত থেকে সে পালিয়ে বাঁচতে চায় কিন্তু বাস্তব তার ইচ্ছার সঙ্গে চরম অসংগতিপূর্ণ। তাই সে ভেবে পায় না, নতুন দেশে যাওয়ার এত সুযোগ থাকতেও বাবা রোজরোজ শুধু আপিসে যায় কেন? দশম পাঠের গদ্যটিতে এক বাঁদরের কথা, কুকুরের ডাক, পাঁচুর ভয় পেয়েও সামলে নেওয়া, সেই সূত্রে 'চন্দ্রবিন্দু' যুক্ত শব্দের ব্যবহার। তারপর নেমে আসে মফঃস্বলের সন্ধ্যা। পরবর্তী ছড়া 'কতদিন ভাবে ফুল

উড়ে যাব কবে'। সেখানে আরো একবার অপ্রাণের জগতে প্রাণের আরোপ। কল্পনার উড়ান। সবশেষে জীবনযোদ্ধা মানুষের চিরকালীন জিজ্ঞাসা,—

"কখনো হবে না সে কি ভাবি যাহা মনে।"[১০]

'তোমার হল শুরু, আমার হল সারা'... 'সহজ পাঠ'-এর প্রথম ভাগের যেখানে বিরতি, সেখান থেকেই দ্বিতীয় ভাগের উন্মেষ। প্রথম ভাগের প্রকৃতি-সমাজ-মূল্যবোধ -নান্দনিকতার শ্রুতিগ্রাহ্য আক্ষরিক পরিচিতি দ্বিতীয় ভাগে আরো গভীরভাবে এসেছে। এসেছে সমাজ, যূথবদ্ধ জীবন, পারস্পরিক সহযোগিতা আবার তার মধ্যেই লুকিয়ে থাকা বিভাজন, বৈষম্য। তবে নীতিবাক্যের মতো নয়, কথনছলে। স্বাভাবিক ভঙ্গিমায়। সেইসব অনুভূতির প্রকাশমাধ্যম মানুষ।

'সহজ পাঠ' (দ্বিতীয় ভাগ)-এ তেরোটি পাঠ। সাথে আটটি কবিতা। প্রত্যেকটি পাঠে নব আখোর পরিচিতি পাঠে অভিনবত্ব আনে। সাথে থাকে গভীর সমাজ বীক্ষণ। যেমন, প্রথম পাঠটিতে 'অনুস্বর' যুক্ত শব্দের প্রাধান্য নতুন শব্দ শেখায়। সঙ্গে সমাজের বিত্তানুসারী তিনটি শ্রেণির পরিচয়; উচ্চবিত্তের প্রতিনিধিত্ব করছেন পাংশুপুরের মহারাজ হংসরাজ সিংহ। মধ্যস্তরে মহারাজের অধীনস্ত সংসার 'বাবু' এবং নিম্নবিত্তের প্রতিনিধি কাংলা, যে সংসারবাবুর সংসারের সহযোগী। বাজারও করে আবার প্রয়োজনে অন্য কাজও করে। নাম, কাজ, সম্বোধন সবক্ষেত্রেই এই বিভাজন স্পষ্ট। সঙ্গে শিশু জানতে পারে বাঙালির ঘরোয়া অভিনয় বিনোদনের কথা। সেও হয়তো ঘুম চোখে মায়ের সঙ্গে সাক্ষী থেকেছে এমন কোন পৌরাণিক অভিনয়ের। দ্বিতীয় পাঠটিতে 'আদ্যানাথ বাবুর কন্যার বিয়ে'। রয়েছে বর পক্ষ ও কনেপক্ষের পরিচয়, যৌথ পরিবারের আভাস, কন্যাকর্তা আদ্যানাথবাবুর প্রসিদ্ধি, সকলের ভালোবাসা-আনন্দ-আশীর্বাদ। এই সূত্রে শিশুর শব্দভাণ্ডারে যুক্ত হয় 'য' ফলা যুক্ত শব্দ-সমাহার। তৃতীয় পাঠে 'স' যুক্ত শব্দের প্রাধান্য, পরিবেশকে সুস্থ রাখতে সমাজের যৌথ উদ্যোগে মঙ্গলবার পাড়ার জঙ্গল সাফ করবার পরিকল্পনা। রয়েছেন রঙ্গলালবাবু, বঙ্গবাবু, ঈশানবাবুর মতো সামাজিক উদ্যোগী, একই সাথে ভিঙ্গি মেথরের মতো সেবক। পঙ্গপালের আক্রমণ তৎকালীন চাষীদের জীবনের কঠিন অভিশাপ। চতুর্থ পাঠে রয়েছে ঔপনিবেশিক ভারতের সবচেয়ে মূল্যবান 'বন্দেমাতরম' গানের কথা। রয়েছে আতিথেয়তার আয়োজন। ঘর সাজানোর বর্ণনা। নান্দনিকতার পাঠ। যেন ছোট্ট একটা হোম সায়েন্সের ক্লাস। আছে অন্ধ গায়কের কথা। 'সে তো মন্দ গায় না'-র মধ্যে ঝরে পরে আন্তরিকতা। এই পাঠের নীচের ছবিটি ১৯৪৪ সালে আঁকা। সমকালীন মন্বন্তরের ছাপ এই ছবির পরতে পরতে। 'বন্দেমাতরম' ধ্বনি যে উপন্যাস থেকে নেওয়া তার সাথেও মন্বন্তরের গভীর সম্পর্ক। পঞ্চম পাঠে

'রেফ'-এর ব্যবহার সূত্রে প্রাকৃতিক দুর্যোগ ও গৃহস্থের দুর্গতির ছবি উঠে এসেছে। শিশু জানতে পারছে বন্যার কারণ ও ফলশ্রুতি। সেই সূত্রে জানছে পর্বতের নাম, নদীর নাম। লেখক বোঝালেন কর্তাবাবুদের বর্ষায় বর্ষাতি থাকে, আর্দালিও। কিন্তু বাকিদের ঘর ভাঙে; কাজকর্ম বন্ধ। মানুষের পাশাপাশি গৃহপালিত অবলা পশুদের প্রতি লেখকের সহানুভূতির ছবি আরো একবার ফুটে উঠেছে। ষষ্ঠ পাঠে শ্রাবণ মাসের বর্ষায় দুদিনের ছুটিতে একটা ছোট্ট আউটিং-এর পরিকল্পনার বিবরণ দিয়েছেন লেখক। অনেকটা প্রাকৃতিক পরিবেশে শিক্ষামূলক ভ্রমণের মতো। সেই সূত্রে উঠে এসেছে অনেকগুলি ভ্রমণ-উপযোগী জায়গার নাম। বাদ যায়নি পথ-প্রস্তুতির খুঁটিনাটি, পরিচারকের প্রতি যত্নও। 'র' ফলার ব্যবহারে তৈরি শব্দের সম্ভার এই ভ্রমণ-গাইডটি। প্রায় একই রকম ভাবনার ধারাবাহিকতায় আসে সপ্তম পাঠটি। রয়েছে 'স্ত' ও 'স্থ' এর ব্যবহার। আছে বাজারের নির্দেশ। যেন খানিকটা চড়ুইভাতির অথবা বেড়াতে যাওয়ার প্রস্তুতি। অষ্টম পাঠেও পিছু ছাড়ছেনা দুর্যোগের ঘন নীল মেঘ। বর্ষা-বাদলার সম্ভাবনা। সাথে রয়েছে পূর্বপাঠের 'রেফ', 'র' ফলা, 'স্থ' যুক্ত শব্দ। তবে এই পাঠে সঙ্গে যোগ দিয়েছে 'ঙ্ক'। শিশু শিখছে 'লঙ্কা', 'বঙ্কিম', 'অঙ্ক'। চিনছে তোলা উনুন, আপিসের ভাত, রান্নার ঠাকুরের মতো বিষয়আশয়। এসব শব্দে লেগে আছে তৎকালীন নব্য উদ্ভুত শহুরে সংস্কৃতির ছোঁয়া। 'আর্মানি গির্জে' শব্দটি একটি ভিন্ন জাতি ও সংস্কৃতিকে চেনার পথ হয়ে ওঠে। শেষ পর্যন্ত নবম পাঠে বৃষ্টি নামে। তার সাথে ভিড় করে আসে 'ষ্ট' বিশিষ্টের দল। সৃষ্টিধর, কেষ্ট, শিষ্ট, তুষ্টু, বোষ্টমী প্রমুখ। এদের সাথে যোগ দেয় 'ঞ্জ'... লজঞ্জুস, খঞ্জনী ইত্যাদি। উল্লেখ থাকে বৃষ্টির দিনের প্রয়োজনীয় ছাতার। সাবধান বাণী 'বৃষ্টিতে ভিজলে অসুখ করবে'। সঙ্গে আরো একটি মানবিক পাঠ,—

"বোষ্টমি গান গাইতে এসেছে। ওকে নিষ্ঠুর হয়ে বাইরে রেখো না।"[১১]

দশম পাঠে এক অস্থির রাত্রির বর্ণনা। একাধিক শব্দের উল্লেখ। যেমন, শেয়ালের হুক্কাহুয়া, কুকুরের বাচ্চার ডাক, পেঁচার ডাক, ঝিল্লির ঝিঁ ঝিঁ, বিড়ালের ডাক,এক্কাগাড়ির শব্দ, বাতাসের ধাক্কায় দরজার পাল্লার ধড়াস ধড়াস। ভয়ের অস্থির সেই রাত্রি পেরিয়ে একসময় পূর্বদিক উজ্জ্বল হয়। একাধিক যুক্তাক্ষরের ব্যবহার। এই পাঠের উল্লিখিত "রেভারেণ্ড এন্ডারসন" একজন উল্লেখযোগ্য ইংরেজ সিভিলিয়ান। অষ্টম, নবম বা দশম পাঠে লক্ষ্য করলে দেখা যায় উচ্চ বা মধ্যবিত্তের দুর্যোগে-অসুস্থতায় বিশ্রামের অবকাশ আছে, কর্তব্যপালনের জন্য নির্ভরযোগ্য মানুষ আছে, কিন্তু ঠাকুর, সৃষ্টিধর, উল্লাস, বাঞ্ছা এদের ছুটি নেই। এরাই ধরে হাল। একাদশ পাঠে নদীপথে এডভেঞ্চারপ্রিয় শক্তিনাথবাবু আর আক্রমের বন্দীপুরের বনে বাঘের সন্ধানে রোমাঞ্চকর সফর শিশুদের

মনে শিহরণ জাগায়। শক্তু সিং, আক্রম মিশ্রর কুস্তি শরীরচর্চার প্রয়োজনীয়তাকে অনুভব করায়। বাঘের সামনে শক্তিনাথবাবুর তাৎক্ষণিক বুদ্ধি চমৎকৃত করে। পাশাপাশি জঙ্গলের দরিদ্র কাঠুরিয়াদের মাটির জীবন, নিঃস্বার্থ সেবা, আন্তরিক আতিথেয়তা, নির্লোভ আচরণ শিশুমনে শিষ্টাচারের সংজ্ঞা তৈরি করে। একাধিক যুক্তাক্ষর বিশিষ্ট নতুন শব্দযোজনার পাশাপাশি এই পাঠে উপরি পাওনা বনের গা ছমছম সৌন্দর্য। দ্বাদশ পাঠটি চিকিৎসক বিশ্বম্ভর বাবুর জীবনের একটি ঘটনাকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে। তাঁর সঙ্গী শম্ভুর পাঠে বর্ণিত নানা বীরত্বের কাহিনী আরো একবার চমৎকৃত করে। শিশুমনে প্রভাব সৃষ্টি করে। শরীরচর্চা ও দৈহিক সামর্থ্য বৃদ্ধির প্রতি আগ্রহ তৈরির ক্ষেত্র প্রস্তুত করে। বিপদের মধ্যে একটুও সময় নষ্ট না করে দরদী বিশ্বম্ভরবাবুর রোগী দেখতে ছুটে যাওয়া মূল্যবোধ শেখায়। হালকা কাঠের পালকি ভেঙে স্থূল মানুষটির পড়ে যাওয়া সমব্যথী করে আবার একই সাথে অনুচিত হাস্যরসের সৃষ্টি করে। আবার মানুষটিকে ফেলে ডাকাতের ভয়ে ভীতু বেহারাদের পালিয়ে যাওয়া একই সাথে রাগ ও করুণার উদ্রেক করে। সেই পরিস্থিতিতে নিজের বীরত্বে আদর্শ চরিত্র হয়ে ওঠে শম্ভু। শিশুর কাছে তখন সে 'হিরো', চাকর নয়। রোমাঞ্চকর কাহিনীটির শেষে তিনজন আহত ডাকাতের চিকিৎসা করার সিদ্ধান্ত একজন আদর্শ চিকিৎসকের মূল্যবোধের পরিচয় দেয়। ত্রয়োদশ পাঠটিতে রয়েছে সমাজের ধনী ও দরিদ্রের চিরকালীন বৈষম্য। কন্যাদায়ের কর্তব্য পালনের ভার সামলাতে গিয়ে অভাবী উদ্ধব কিছুটা অজান্তেই জমিদারের নিয়ম ভেঙে মাছ চুরি করে ফেলে। কন্যাদায়গ্রস্ত পিতা মেয়ের বিয়ের আগের দিন জমিদারের কাছে চূড়ান্ত লাঞ্ছনার স্বীকার হয়। জমিদার দুর্লভ, সেও শিশু কন্যার পিতা। কিন্তু মূর্তিমান অত্যাচারী, তার হাজার হাত। সেখানে উদ্ধবকে রক্ষা করে ধর্ম রক্ষা করেন দুর্লভের পিসি কাত্যায়নী ঠাকরুন। আলোচ্য পাঠের শেষে অত্যাচারের বিরুদ্ধে দয়া ও সহানুভূতির জয় হয়েছে। লেখক শিশুর সামনে বাস্তবকে তুলে ধরেছেন কিন্তু সামাজিক বৈষম্যের ক্ষত তৈরি করতে চাননি। তাই মানবতার জয় দেখিয়েছেন।

'সহজ পাঠ' (দ্বিতীয় ভাগ)-এর আটটি কবিতার প্রতিটি বিষয়ে, ছন্দে, নিজস্ব অনুভবে বাঙালি জীবনে স্থান করে নিয়েছে। বিষয়গত দিক থেকে কোনটি ভাববাদী, কোনটি বস্তুবাদী; কোথাও বস্তুবাদ ও ভাববাদের সমন্বয়। আদর্শ লিখিত ভাষার পরিবর্তে বানান ও উচ্চারণে লৌকিক-মৌখিক টানের আন্তরিকতা। এগুলি শিশু থেকে অশীতিপর— বাংলা বাচিক জগতের সম্পদ। প্রথম কবিতা 'হাট'। কুমোর পাড়ার বংশীবদন ও তাঁর ভাগ্নে মদনের সূত্রে পাঠক সাক্ষাৎ প্রত্যক্ষ করে পদ্মাপারের বকশিগঞ্জের শুক্রবারের হাটটিকে। জীবন শিল্পী রবীন্দ্রনাথ খুঁটিয়ে দেখেছেন জীবনকে। হাটকেও। তাই তার এই কবিতায় উঠে আসে 'সস্তা ছাতা' থেকে 'এখো' গুড়ের উপর উড়ে বেড়ানো মাছির

মতো ছোট্ট ছোট্ট বিষয়। বাদ যায়না হাটের দিন পথের উপর গান শুনিয়ে ভিক্ষে করা অন্ধ কানাই। দ্বিতীয় কবিতাটি 'দুয়োরানী' নামে 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থের অন্তর্গত। কবিতাটিতে এক শিশুর বয়ানে তার মায়ের সাথে বনবাস জীবনের কল্পিত চিত্র বর্ণিত হয়েছে। নিঝুম দুপুরে মায়ের বিছানো আঁচলে শুয়ে রামায়ণ, মহাভারত শোনা ছিল সমকালীন শৈশবের মধুর বাস্তব। হয়তো শ্রুতির রামায়ণসূত্রে শিশু রবির মনে গড়ে ওঠা ফ্যান্টাসির জগৎ স্থান করে নিয়েছে এই কবিতায়। আলোচ্য পাঠের সাথে আছে এক মা-মেয়ের ছবি। যদি বনবাসের ভাবনা ঐ বালিকার হয়ে রবি ঠাকুর ভেবে থাকেন তাহলে বুঝতে দ্বিধা হয়না যে, রবীন্দ্রনাথের গল্প ও উপন্যাসের স্বতন্ত্র, স্বনির্ভর হতে চাওয়া নারীসত্তার বীজ ঐ বালিকা। তৃতীয় কবিতাটি 'আমি যে রোজ সকাল হলে'। এই কবিতাটির কিছুটা পরিবর্তিত রূপ 'রাজমিস্ত্রি' নামে 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত। পাড়াগাঁয়ের রাজমিস্ত্রিটি রোজ সকালে তমিজ মিঞার গোরুর গাড়ি চড়ে শহরে পৌঁছে যায়। তার হাতে গড়ে ওঠে শহরের ইমারত। তার চোখ দিয়ে শিশু চেনে শহরের কোন একটি পাড়াকে সারাদিন ধরে কর্মচঞ্চল করে রাখা শ্রমজীবি সম্প্রদায়কে। চেনে ফেরিওয়ালার হাঁক, ছেলেদের স্কুলফেরত কোলাহল এমনকি দিনশেষে বাসামুখী কাকের ডাক। কবি বোঝাতে চেয়েছেন গ্রাম থেকে আসা শ্রমজীবি সম্প্রদায়ের হাতে গড়ে ওঠে শহরের ভিত। একই সাথে এই কবিতায় হদিস মেলে রবির ছেলেবেলার, যেখানে বড় রাস্তার ফেরিওয়ালার হাঁক তাকে উদাস করে দিত। সাড়ে চারটেয় ইস্কুল থেকে ফিরে আসত সে। তারপর ম্লান হয়ে আসা সূর্যের আলোয় শহরের ইট-কাঠ-পাথরের মাঝে পাঁচমিশালী ঝাপসা শব্দে স্বপ্ন দেখত সে। চতুর্থ কবিতা 'সেদিন ভোরে দেখি উঠে...'। পুজোর সানাইয়ের সুর। প্রকৃতিতে শরতের আভাস। শিশুর কল্পনা পক্ষিরাজের সঙ্গে পাখা মেলে তেপান্তর পেরিয়ে রূপকথার দেশে। সঙ্গের চিত্রালঙ্করণটির পাখি দুটি শিশুর কল্পনার মতোই চমৎকার প্রাণবন্ত। 'পহরে', 'রোদদুরে', 'বেগনি', 'বাচ্ছা', 'শুধিয়ে' ইত্যাদি মৌখিক শব্দের ব্যবহার মন টানে। পঞ্চম কবিতাটিতে ভোরের ছবি। 'আকাশ-পারে পুবের কোণে'। তবে 'সহজ পাঠ' (প্রথম ভাগ) এর ছড়ায় যে ভোরের বর্ণনা, তার সঙ্গে তুলনায় এই কবিতাটি ভাবে এক হলেও ভঙ্গিতে আলাদা। ছড়ার ছন্দের দ্রুত লয়ের সেই ভঙ্গি এখানে ধীর, গভীর! ষষ্ঠ কবিতাটি স্বপ্নের চলন্ত কলিকাতা। 'ছিন্নপত্র' এর ২৯ নম্বর চিঠিতে রবীন্দ্রনাথ লিখেছেন,—

> 'কাল রাত্রে ভারি একটা অদ্ভুত স্বপ্ন দেখেছিলুম। সমস্ত কলকাতা শহরটা যেন মহা একটা ভীষণ অথচ আশ্চর্য ভাবের দ্বারা আচ্ছন্ন হয়ে আছে... এবং তার ভিতর তুমুল কী একটা কাণ্ড চলছে।'[১২]

এই স্বপ্নেরই ছায়া পড়েছে আলোচ্য কবিতাটিতে। সেই সূত্রে শিশু দেখছে সমকালীন কলকাতা, রাস্তাঘাট আরো কত কী! বাস্তব জগতের এই অবাস্তব রূপ নেওয়ার মধ্যে সুকুমার রায়ের 'আবোল তাবোল' মনোভাবের প্রতিফলন দেখা যায় নাকি শহরের খাঁচায় (কখনো অনৈতিকতায়) ছটফট করা রবি ঠাকুরের মন সবকিছুকে আরো একবার উল্টেপাল্টে দেখে মিলিয়ে নিতে চায় কে জানে! পরবর্তী কবিতা 'স্টিমার আসিছে ঘাটে...' পূজার ছুটিতে ঘরে ফেরার গান। স্টিমারে জাহাজে করে কত দিক থেকে কত মানুষ বাড়ি ফিরছে। নানা দিকের, নানা পোশাকের, নানা শ্রেণীর মানুষ। এমনকী বাক্সপ্যাটরাও নানা ধরণের, কারোর পুঁটলি-কারোর থলি ঝুলি। তারই মাঝে কেউ ভক্ত মানুষ কারো পায়ে নতুন চিনে জুতো। কেউ কাঁদছে, কেউ হাসছে, কেউ ব্যস্ত হচ্ছে। কিন্তু সবাই চলেছে সেই নিজের আপনভিটেয়। জাহাজ ঘাটে জাহাজ লাগে। আত্মীয়স্বজন নাম ধরে ডেকে নেয়। অন্ধ বেণী ভজন গায়। পালকি, ডুলি, স্যাকরাগাড়ি, গোরুর গাড়িতে যে যার গন্তব্যে চলে যায়। সূর্যাস্ত হয়। তীর শূন্য হয়ে যায়। আসলে এটাই পৃথিবীর নিয়ম। এ জীবনে কত দেশ, কত বেশের মানুষের সাথে দেখা হয়। কিছু সময়ের আলাপ। ভালো লাগা মন্দ লাগা। তারপর তীর শূন্য করে নিজের গন্তব্যে চলে যাওয়া। অন্তিম কবিতাটিতে 'অঞ্জনা-নদী-তীরে' চন্দনী গাঁয়ের কাহিনী। কবিতাটি আবর্তিত হয়েছে অন্ধ গায়ক কুঞ্জবিহারীকে কেন্দ্র করে। সে জমিদার ও ধনীগৃহের কৃপায় প্রতিপালিত, তার আপন বলতে এক লেজকাটা কুকুর। আশ্বিনের পুজোর আবেশ, আগমনির সুর আছে এই কবিতায়। পাশাপাশি বোঝা ভরা গাড়ির চাকার তীক্ষ্ণ আওয়াজের রূপকে কবি তুলে ধরেছেন বোঝা টানা অবলা গোরুর অস্ফুট চিৎকার।

'সহজ পাঠ' এক সার্বিক পাঠ। তার সীমানায় ধরা দেয় বোলপুর থেকে কলিকাতা, নৈনিতাল, গৈলা, চৈবাসা, নৈহাটি, চন্দননগর, ত্রিবেণী, সাত্রাগাছি, পাংশুপুর, বকশিগঞ্জ, শল্যপুর, গুপ্তিপাড়া, বিষ্ণুপুর, শিলং, বন্দীপুরের বন এমনকী চন্দনী গাঁ থেকে ঢাকা-বরিশালও। মন যেতে চায় দিল্লি-আগ্রা -লাহোর-বোম্বাই! তার আকাশে ধরা দেয় বৈশাখ, আষাঢ়, শ্রাবণ, আশ্বিন,ফাল্গুন,অঘ্রাণ। তবে ঋতুবৈচিত্র্যে শীত বা গ্রীষ্মের আনাগোনা থাকলেও বর্ষা ও শরতের প্রাধান্যই বেশি। আছে কত নদী; উস্রি, কর্ণফুলি, তিস্তা, আত্রাই, পদ্মা, অঞ্জনা। কত গাছ, কত ফুল। রয়েছে সত্যিকারের মানুষজন; ক্ষিতিবাবু (ক্ষিতিমোহন সেন), বশী সেন (বশীশ্বর সেন), বোষ্টমী (সর্বখেপি), রেভারেণ্ড এন্ডারসন (সিভিলিয়ন, কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের বাংলার অধ্যাপক) আর রাণী দিদিও (রবীন্দ্রনাথের কন্যা রেণুকা)। আবার একই সাথে এসেছে সদর স্ট্রিটের বারান্দা থেকে দেখা চেনা-অচেনা অজস্র শ্রমজীবি মানুষের ছায়া। এ পাঠে বারবার উঠে এসেছে শিশু

রবির "জীবনস্মৃতি" বা 'ছেলেবেলা'র মণিমুক্তা। ছিন্নপত্রের ভাবনা। সহজ পাঠে উঠে এসেছে রবীন্দ্রনাথের দীর্ঘ পূর্ববঙ্গ যাপনের অভিজ্ঞতা; কলকাতা থেকে সোহাগপুর যাত্রা-শিলাইদহ সাজাদপুর-পদ্মাপারের পল্লীজীবন আবার একই সাথে উঠে এসেছে কলকাতা ও সংলগ্ন নগরজীবন-আপিস-আর্মানি গির্জে-ইটকাঠ-ইমারত। যদিও ভাষা ব্যবহারে আদর্শ কথ্য, চলিত ও নিজস্ব ইডিয়ম ব্যবহার করেছেন তিনি। অধিকাংশ কবিতা প্রথম ভাগের দুই বা অধিক পর্বে শ্বাসাঘাত প্রধান ছড়ার ছন্দে লেখা। শিশু পড়বে, শুনবে তালে তালে। প্রাকৃতিক ও পারিপার্শ্বিক বিভিন্ন শব্দের উল্লেখ রবীন্দ্রনাথের লেখায় পরিপ্রেক্ষিত সুর হয়ে এসেছে। এ পাঠে রয়েছে শিশুর সার্বিক বিকাশের প্রতি গুরুদেবের গভীর দৃষ্টি। তাই দৈহিক বিকাশ ও সুস্থ পরিবেশ প্রসঙ্গে এসেছে ঘর-বারান্দা-জঙ্গল পরিষ্কারের প্রসঙ্গ, ফুটবল-ব্যাটবল-সাঁতার-কুস্তির কথা। রয়েছে নানা রকম শাক-সব্জি-মাছ-ফল-দুধ-দৈ-খৈ এর মতো পুষ্টিকর খাবারের কথা। তেমনি এখো গুড়ের উপর উড়ে বেড়ানো মাছি, ব্যাঙের ঘর নোংরা করা কিংবা বৃষ্টিতে ভিজে অসুখের প্রসঙ্গও বাদ যায়নি। 'সহজ পাঠ' এর গদ্য ও পদ্যগুলির প্রকৃতিপাঠ, কল্পনার উড়ান, পাশাপাশি ঘর ও বাইরের নানা কাজকর্মে সংযুক্তির প্রসঙ্গ মানসিক বিকাশ ঘটায়। পূজা-বিবাহ-অন্নপ্রাশন- পৈতে-নাট্যাভিনয়-চড়িভাতি -গীত-বাদ্য-আত্মীয়বন্ধুর আগমন-আতিথেয়তা সামাজিকতা ও সংস্কৃতি শেখায়। পাতু পালরা পরিশ্রম করতে শেখায়। লেখক দেখান উল্লাস, বাঞ্ছা, শম্ভু ছাড়া জীবন অচল। তাই কাংলারা ফেলনা নয়। রাম, তমিজ মিঞা, রেভারেন্ড এন্ডারসন জাতীয় সংহতি শেখায়। অন্ধ কানাই, কুঞ্জবিহারী, বোষ্টমীর পাশাপাশি বুড়ো হাতি, পায়ে ফোঁড়া ঘোড়া, পায়ে বেড়ি পাখির উপস্থিতি সহানুভূতি ও সহমর্মিতা শেখায়। কাঠুরিয়ার দল, বিশ্বম্ভর বাবু, কাত্যায়নী দেবীরা চেনায় প্রকৃত ধর্ম-নৈতিকতা-শিষ্টাচার। মোতিবিল, জাহাজের ডেক, হাট শেখায় একসঙ্গে বাস। সহজ পাঠ শেখায় স্বপ্ন সবার-আনন্দ সবার, লিঙ্গভেদে তাতে বৈষম্য হয়না, হওয়া উচিত না। 'শিক্ষার হেরফের"-এ তাই আমরা পাই,

> "আমাদের দেহ সাড়ে তিন হাতের মধ্যে বদ্ধ, কিন্তু তাই বলিয়া ঠিক সেই সাড়ে তিন হাত পরিমাণ গৃহ নির্মাণ করিলে চলে না। ... যতটুকু কেবলমাত্র শিক্ষা, অর্থাৎ অত্যাবশ্যক, তাহারই মধ্যে শিশুদিগকে একান্ত নিবদ্ধ রাখিলে কখনোই তাহাদের মন যথেষ্ট পরিমাণে বাড়িতে পারেনা। অত্যাবশ্যক শিক্ষার সহিত স্বাধীন পাঠ না মিশাইলে ছেলে ভালো করিয়া মানুষ হইতে পারে না—"[১৩]

গুরুদেব আশ্রমিক শিশুদের জন্য কেবল সহজ পাঠ লিখেই ক্ষান্ত হননি। তিনি ভেবেছেন বইটির অলঙ্করণ নিয়েও। তার ছোট্ট একটি প্রমাণ, ১৯ নং পাণ্ডুলিপির ৪৬ নং পৃষ্ঠায় অলঙ্করণ প্রসঙ্গে তাঁর নির্দেশ,—

'ছবি ও তার সংলগ্ন শব্দ। যথা বন, হরিণ, বন্দুক হাতে শিকারী।'[১৪]

বইটির ছবিগুলি এঁকেছেন অবন ঠাকুরের সুযোগ্য শিষ্য শ্রীযুক্ত নন্দলাল বসু। প্রথম ভাগের ছবিগুলিতে সাদা কালো রঙের ব্যবহার। ছবিগুলি অত্যন্ত প্রাণবন্ত। কৌশলটির নাম 'লিনোকাট'। দ্বিতীয় ভাগের ছবিগুলি স্কেচ। যেন শিশুদের কাছে রং ভরে তোলার সুযোগ। ছবি গুলি নন্দলাল আঁকছেন তখন তাঁর মুগ্ধ দর্শক রাণী চন্দ ও তাঁর সঙ্গীরা। দ্বিতীয় ভাগের প্রথম সংস্করণে (১৩৩৭ বঙ্গাব্দ) ২৭টি ছবি ছিল। ১৩৪৮ বঙ্গাব্দে প্রকাশিত দ্বিতীয় সংস্করণে ছবির সংখ্যা বেড়ে হয় ৩৪টি। 'সহজ পাঠ' এর চিত্রালঙ্করণ প্রসঙ্গে চিত্রসমালোচক শোভন সোম লিখেছেন,—

> "আমরা পরম্পরাগতভাবে ইলাস্ট্রেশন বলতে বুঝি এই যে- যা লেখা হচ্ছে সেটাই আঁকা হচ্ছে।... নন্দলাল সেটা অনুসরণ করেননি। নন্দলালের এই ছবিগুলিকে যদি 'সহজ পাঠ' থেকে আলাদা করেও দেওয়া যায়, তবু তার চরিত্রগুণ হারায় না।... রবীন্দ্রনাথ যেমন একটি মৌলিক লেখা লিখেছেন, নন্দলালও সেইমত রবীন্দ্রনাথের রচনায় অনুপ্রাণিত হয়ে মৌলিক ছবি এঁকেছেন।"[১৫]

রবীন্দ্রনাথ সহজ পাঠের ছবি নিয়ে শুধু চিন্তা দিয়ে নয়, অন্তর দিয়েও ভেবেছেন। তাই প্রকাশের ব্যয় সংকোচের প্রয়োজনে বিশ্বভারতী গ্রন্থনবিভাগ ছবির আয়তন ছোট করতে চাইলে নন্দলাল বসু দুঃখ পেলে রবীন্দ্রনাথ সে ব্যথা বুঝেছিলেন। প্রশান্ত চন্দ্র মহলানবীশকে চিঠিতে জানিয়েওছিলেন সেকথা। বলেছিলেন যদি একই কারণে তাঁর লেখা বাদ দেওয়া হত তিনিও দুঃখ পেতেন। কারণ 'সহজ পাঠ' শেষ পর্যন্ত আশ্রমিক শিশুদের জন্য লেখা কেবল একটি মাইনর ছিলনা, হয়ে উঠেছিল তাঁর অন্তরের সম্পদ।

এভাবেই নিজের পরিপূর্ণ বয়স ও অভিজ্ঞতায়, দীর্ঘ চার দশকের অধিক সময় ধরে পাণ্ডুলিপির একাধিক পরিবর্ধন ও পরিমার্জনের পর,শান্তিনিকেতনের আশ্রমিক শিশুদের রবীন্দ্রনাথ উপহার দিয়েছিলেন 'সহজ পাঠ'। নানা বৃত্ত, উপবৃত্ত, চরিত্রের সমন্বয়ে শিশু জগতের উপন্যাস। 'সহজ পাঠ'কে বহু যত্নে সহজ করে তুলেছিলেন নিজের ভাবে ও ভাবনায়। করে তুলেছিলেন আধুনিক শিশু মনস্তত্ত্বের আনন্দপাঠ। ক্রমে আশ্রম বিদ্যালয় পেরিয়ে 'সহজ পাঠ' হয়ে উঠেছে সব বাঙালি শিশুর একান্ত আপন।

আজ শৈশব ও 'সহজ পাঠ' সমার্থক। তবে শুধু পাঠক্রমে নয়, তাকে আত্মস্থ করতে হবে অন্তরের গভীরে। কারণ 'সহজ পাঠ', সহজ কথায় গভীর পাঠ! শেষ কথায় বিশিষ্ট সাহিত্যিক-আলোচক বুদ্ধদেব বসুর 'সহজ পাঠ' সম্পর্কিত মূল্যায়ণ,—

> "বাংলাভাষায় রত্নস্বরূপ এই গ্রন্থ যেন প্রতিভার বেলাভূমিতে সংক্ষিপ্ত ক্ষুদ্র নিটোল স্বচ্ছ একটি মুক্তো। এর ছত্রে ছত্রে প্রকাশ পেয়েছে চারিত্র্য, আর সেই সঙ্গে ব্যবহার যোগ্যতা, পরিশীলিত বিরল হওয়ার মধ্যে নিকটতম অন্য চেতনা। মহোত্তম বাণীসিদ্ধির সরলতম উচ্চারণ। কী ছন্দোবদ্ধ ভাষা, কী কান্তি তার কীরকম চিত্ররূপে মালা গেঁথে চলেছে, অথচ কঠিনভাবে প্রয়োজনের মধ্যে আবদ্ধ থেকে, শিশুমনের গন্ডি কখনও না ভুলে বর্ণশিক্ষার উদ্দেশ্যটিকে অক্ষরে অক্ষরে মিটিয়ে দিয়ে, পদ্য ছন্দের বৈচিত্র্য, মিলের অপূর্বতা, অনুপ্রাসের অনুরণন — সমস্তই এখানে এনেছেন রবীন্দ্রনাথ, কিন্তু সমস্তই আঁটোমাপের শাসনের মধ্যে দেখেছেন। কোনখানেই পাত্র ছাপিয়ে উপচে পড়েনি।" [১৬]

এই অনুভব সার্থক। সার্থক আমাদের সহজ শৈশবের সহজ দিন, 'সহজ পাঠ'।

তথ্যসূত্র :

১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী-একাদশ খণ্ড'/শিক্ষা-শিক্ষার সমস্যা, পশ্চিমবঙ্গ সরকার, ২৫ বৈশাখ ১৩৬৮, পৃষ্ঠা-৫৬০

২. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী-একাদশ খণ্ড'/শিক্ষা-শিক্ষার হেরফের, পশ্চিমবঙ্গ সরকার, ২৫ বৈশাখ ১৩৬৮, পৃষ্ঠা-৫৩৮

৩. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী-একাদশ খণ্ড'/শিক্ষা-শিক্ষার হেরফের, পশ্চিমবঙ্গ সরকার, ২৫ বৈশাখ ১৩৬৮, পৃষ্ঠা-৬২৬

৪. রবীন্দ্রনাথ ঠাকুর, 'আশ্রমের রূপ ও বিকাশ' পরিবর্ধিত সংস্করণ, বিশ্বভারতী গ্রন্থালয়, ৭ পৌষ ১৩৫৮, পৃষ্ঠা-৯-১০

৫. রবীন্দ্রনাথ ঠাকুর, 'সহজ পাঠ-প্রথম ভাগ', পরিমার্জিত পুনর্মুদ্রণ, পশ্চিমবঙ্গ সরকার, ডিসেম্বর ২০২০, পৃষ্ঠা-২৯

৬. তদেব, পৃষ্ঠা-৩

৭. তদেব, পৃষ্ঠা-৩৬

৮. তদেব, পৃষ্ঠা-৪৩

৯. তদেব, পৃষ্ঠা-৪৫

১০. তদেব, পৃষ্ঠা-৫৩

১১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'সহজ পাঠ-দ্বিতীয় ভাগ', পুনর্মুদ্রণ, পশ্চিমবঙ্গ সরকার, ডিসেম্বর ২০২১, পৃষ্ঠা-২৩

১২. শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর, 'ছিন্নপত্র' গীতাঞ্জলি, ১৪১২ বঙ্গাব্দ, পৃষ্ঠা-৩২

১৩. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী-একাদশ খণ্ড', শিক্ষা-শিক্ষার হেরফের, পশ্চিমবঙ্গ সরকার, ১৩৬৮, পৃষ্ঠা-৫৩৭

১৪. রবীন্দ্রনাথ ঠাকুর, 'সহজ পাঠের পাণ্ডুলিপি', পাণ্ডুলিপি-১৯

১৫. আবীর কর, 'সহজ পাঠ: বই চিত্র', দিশা সাহিত্য, ২০১২, পৃষ্ঠা-৩৭

১৬. ড. নবকুমার দুয়ারী, 'সহজ পাঠ'-এ প্রকৃতি, সমাজ ও শিক্ষা, উইকিসংকলন

গ্রন্থঋণ:

১. সার্ধশতবর্ষ-রবীন্দ্র স্মরণ সংখ্যা। সম্পাদিত। তথ্য ও সংস্কৃতি বিভাগ। পশ্চিমবঙ্গ সরকার। কলকাতা। ২০১০।

সমসাময়িক বাংলার সংস্কৃতি, রাজনীতি ও আর্থ-সামাজিক পর্যালোচনা Vol.-2

সমসাময়িক বাংলার সংস্কৃতি, রাজনীতি ও আর্থ-সামাজিক পর্যালোচনা Vol.-2

সম্পাদক ঃ

ড. ত্রিদিব মণ্ডল

কৃষ্ণ কান্ত ঢালী

গোবরডাঙ্গা হিন্দু কলেজ

Samosamoyik Banglar sanskriti, Rajniti O Artho Samajik Porjalochona Vol -2
By Dr. Tridib Mandal & Krishna Kanta Dhali

© Principal, Gobardanga Hindu College

First Edition : 17th January, 2023

ISBN : 978-81-966070-9-8

Disclaimer

All rights reserved. No part of this Publication may be reproduced or stored or transmitted or utilized in any form or by and means now known or hereinafter invented, mechanical, electrical or digital, including photocopying, scanning, recording or by any information storage or retrieval system, without the prior permission in writing of the editor through Alapna Enterprise Enquiries concerning reproduction should be sent to the editor through Alapna Enterprise at the address below.

The opinions and views expressed in this book are of the author(s) own and hence should not necessarily be attributed to the institution where s/he is employed and s/he is solely responsible for plagiarism & copyright Issues if any that arises.

Published by :
Gobardanga Hindu College
P.O. Khantura
24 Parganas (North),
West Bengal,Pin - 743273

Published by :
Alpana Enterprise
9, Bir Ananta Ram Mondal Lane
Sinthee, Kolkata-700050 ,
M : 9836821125 / 9804135725
email : alpanaenterprise05@gmail.com

Price : 850.00

INTRODUCTION

This book is a collection of some valuable and insightful research papers presenting the issues related to "Samosamoyik Banglar sanskriti, Rajniti O Artho Samajik Porjalochona Vol -2". It conceptualizes the broad dissemination of cultural, political and socio-economic concepts in colonial India and after. This book uses 36 articles by Ancient to 21st century Bengal. In the first part, describes the cultural conditions of Bengal, Second part elaborates the various political aspects, third part of the book explicates the socio-economic conditions of Bengal. This book has been analyzed the Bengal's agrarian and social order within an imperial and commercial space of extended interdependencies. The aim is not to explain the specificity of politics so much as to highlight the recourse to political-economic concepts to analysis. Many articles suggest that the grounding of socio-political, economical and colonial histories within histories of imperial space needs to be supplemented by closer attention to new normative impulses and aspirations emerging directly from society in the region. This second emphasis provides better grounds for grasping the depth and durability of political economy's reach into political and ethical claims across social space in Bengal in the twenty first century. It thus broaches the necessity of subaltern histories of socio- political economy. All the articles will provide in-depth Knowledge about the contemporary society from various perspectives of educational, historical, cultural, economical, political, Institutional Governance and developmental. Interdisciplinary approach of this volume will not only cover the various aspects of social changes but also enhance the scope to familiarize with the role of society.

Dr. Tridib Mandal

Prof. Krishna Kanta Dhali

FOREWORD

A book is always a welcome sight as it represents the collective's wisdom of a whole range of the educated and intellectual existence of ideas in a particular society. According to me, it is a better option than the individual knowledge of an intellectual wizard whose knowledge is refused access by those who do not share any private intimacy with him. I have taken active interest in the collection of chapters published under the title "Samosamoyik Banglar sanskriti, Rajniti O Artho Samajik Porjalochona vol-2 "(Contemporary Bengal's Culture, Politics, and Socio-Economic Discourse). Edited by Dr. Tridib Mandal and Sri Krishna Kanta Dhali both serving as Assistant Professors in the Department of History. They have been consistent and diligent enough to bring more than Thirty research base chapters between two covers, While appreciating their courageous attempt. I confess that only a very well-versed scholar in the relevant field may actually venture to speak on the issues discussed by some eminent scholars of the academia.

This book constitutes a compilation of invaluable and insightful research papers addressing the multifaceted issues encapsulated in "Samosamoyik Banglar sanskriti, Rajniti O Artho Samajik Porjalochona Vol -2" (Contemporary Bengal's Culture, Politics, and Socio-Economic Discourse). It systematically explores the extensive dissemination of cultural, political, and socio-economic concepts in colonial India and its aftermath, featuring 36 articles spanning from ancient to 21st-century Bengal. The initial section delves into the cultural landscape of Bengal, offering a comprehensive portrayal of its conditions. The subsequent part intricately unfolds the diverse political dimensions, while the third section elucidates the socio-economic fabric of Bengal. The book meticulously analyzes Bengal's agrarian and social order within the context of an imperial and commercial space characterized by extended interdependencies. Rather than exclusively explicating the specificity of politics, the primary objective is to underscore the utilization of political-economic concepts for analysis. Several articles advocate the need to supplement the grounding of socio-political, economic, and colonial histories within imperial space by paying closer attention to emerging normative impulses and aspirations directly originating from society in the region. This emphasis provides a more robust foundation for

understanding the depth and enduring influence of political economy on political and ethical claims across Bengal's social landscape in the twenty-first century. Consequently, it underscores the imperative for subaltern histories of socio-political economy. The articles collectively contribute profound insights into contemporary society from diverse perspectives, including educational, historical, cultural, economic, political, institutional governance, and developmental angles. The interdisciplinary approach adopted in this volume not only covers various facets of social changes but also enriches the understanding of society's role in shaping these transformations.

Last but not the least, the editors of the present compilation of the book deserves credit for drawing the reader's attention towards multiple cultural, political, socio-economical changes entitled by the forces and process of social changes in Bengal. After all, the status of social existence does not remain static through trajectories of history but keep changing gradually from the colonial to the post colonial context whereby we begin to imagine a post-human condition for ourselves.

Dr. Hare Krishna Mandal
Principal
Gobardanga Hindu College

ACKNOWLEDGEMENTS

We would like to express our sincere gratitude to all the contributors who have contributed their valuable and pedagogically profound research papers which will surely lend and insight to the theme of the book. They have contributed to their colossal work in a very short time despite having their busy schedule. We express our gratitude and indebtedness to our respected Principal Dr. Hare Krishna Mandal, Gobardanga Hindu College, who has given his kind consent to pen the foreword of this volume that would surely increase the moral value of the book.

We owe thanks to the Governing Body of the Gobardanga Hindu College, Khantura, North 24 Parganas, West Bengal, and special thanks to Principal Dr. Hare Krishna Mandal, who gave his valuable suggestions and constructive criticism, which helps us to improve work. We would like to thank especially all the Faculty members of all the departments along with the Non-Teaching Staff of the College for their constant support and valuable guidelines throughout.

We would also acknowledge Mr. Gopal Adhikary of Alpana Enterprise for his support to release the book in time.

Dr. Tridib Mandal
Gobardanga Hindu College

Prof. Krishna Kanta Dhali
Gobardanga Hindu College

সূচীপত্র

1. রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের পারিবারিক পরিচয়, শিক্ষা ও প্রাথমিক কর্মজীবন - একটি পর্যালোচনা 13

2. শিক্ষাঙ্গনের ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা 17

3. ঊনবিংশ শতাব্দীর নারী উন্নয়নের প্রয়াস : স্ত্রী শিক্ষা প্রবর্তন 23

4. পি. আর. ঠাকুর ও সমকালীন প্রান্তজন 30

5. অনাথ ও অনাথ আশ্রম: একটি সমাজতাত্ত্বিক বিশ্লেষণ 40

6. বাল্যবিবাহ নিবারণের প্রয়াস - একটি পর্যালোচনা 48

7. বাংলার আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতির ইতিহাস চর্চার বর্তমান ধারা 54

8. বাঙালি খাদ্যে মিষ্টান্নের প্রভাব 67

9. বাঙালির খাদ্যের বিবর্তন 74

10. লোক উৎসব ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা 81

11. দেশ বিভাজনের আগে ও পরে দলিতদের আর্থ-সামাজিক জীবনযাত্রা ও তার বিবর্তন 89

12. সমকালীন অনাথ আশ্রমের আর্থ-সামাজিক অবস্থা 96

13. আর্থ-সামাজিক ক্ষেত্র ও আঞ্চলিক ইতিহাস ঃ প্রসঙ্গ উপনিবেশিক আমলের কলকাতা ও চব্বিশ পরগনা 105

14. মৎস্য শিকারে ব্যবহারিক লোক প্রযুক্তি ও গ্রাম সমাজ 117

15. চন্দ্রকেতুগড়ে খনা মিহিরের ঢিপি ঃ একটি অনুসন্ধান 121

16. প্রান্তজনের নবজাগরণ ও মতুয়া সমাজ 128

17. ঔপনিবেশিক পর্বে বাঙালির রন্ধনশৈলী 136

18. বানীপুরের উৎপত্তি ও প্রাককথন 142

19. কালীঘাট ও পতিতাবৃত্তি 147

20. রকমারি মিষ্টি-একটি বিশেষ পর্যালোচনা 151

21. পারিবারিক অনুষ্ঠানে মিষ্টির অবদান 159

22. ঔপনিবেশিক আমলে পুলিশি ব্যবস্থার প্রয়োজনীয়তা - একটি পর্যালোচনা 165

23. লোক উৎসব ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা 171

24. খেলাধুলায় বিজ্ঞান ও প্রযুক্তি এবং বাণিজ্যকরণ 179

25. প্রাচীন ভারতের টেস্ট টিউব বেবির ধারণা 191

26. গীতা চন্দ্র : বাংলা তথা ভারতের প্রথম মহিলা প্যারাট্রুপার 195

27. আদি ঐতিহাসিক যুগে জল ও নদীর গুরুত্ব 199

28. সত্তরের দশকে মৃণাল সেনের রাজনৈতিক চলচ্চিত্র 207

29. উনিশবিংশ শতকে বাংলা ও উত্তর ভারতে ঠগী'র ত্রাসের রাজত্ব 224

30. মহাকাশ বিজ্ঞানের ইতিহাসে নভোচারীদের জীবন কথা (১৯৭৫-২০১০) 234

31. চিকিৎসা বিজ্ঞানে রক্তদানের ইতিহাস; উদ্ভব, বিকাশ ও তাঁর বিবর্তন 273

32. বাংলার রামকথায় নিম্নবর্গ ও নিম্নবর্গীয় দৃষ্টিতে রামকথা 287

33. বাংলায় প্রাচীন কালপর্বে বিনোদনের মাধ্যম 298

34. নিম্নবর্গীয় সমাজে গুরুচাঁদের শিক্ষা দর্শন - একটি পর্যালোচনা 312

35. গঙ্গারিডি রাজ্য ও হস্তি - একটি পর্যালোচনা 320

36. হিন্দু-মুসুলমান সমন্বয়ে সাধনে বাংলার পীর সংস্কৃতি 327

1

রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের পারিবারিক পরিচয়, শিক্ষা ও প্রাথমিক কর্মজীবন - একটি পর্যালোচনা

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
জয়ন্ত সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

রাখালদাস বন্দ্যোপাধ্যায় খনন করেছিলেন ইতিহাসের পাতা থেকে ইতিহাস। ইতিহাসের জনক হেরোডোটাস যেভাবে ইতিহাসের বর্ণনা ও লেখন করে গিয়েছেন ঠিক তার পরবর্তী ধাপে ইতিহাসের অন্যতম স্তম্ভ যেন রাখালদাস বন্দ্যোপাধ্যায়। এই মহান ইতিহাস বিদ ১৮৮৫ সালের ১২ই এপ্রিল মুর্শিদাবাদ জেলার বহরমপুরের কালিমাটি গ্রামে জন্মগ্রহণ করেন আমরা তাকে রাখালদাস বন্দ্যোপাধ্যায় হিসেবে চিনলেও বহির্বিশ্বে ও ইতিহাসের পাতায় তিনি প্রসিদ্ধ আর.ডি.ব্যানার্জি নামে, সিন্ধু সভ্যতার আবিষ্কারক হিসেবে।

রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের পিতার নাম মতিলাল বন্দোপাধ্যায় ও তাঁর মায়ের নাম কালিমতী দেবী। তাঁর পিতা পেশাই ছিলেন বহরমপুরের সদর কোর্টের আইনজীবী ও তাঁর মা কালীমতী দেবী ছিলেন কুচবিহারের রাজার দেওয়ানের কন্যা যার ফলে তার জীবনে ছিল নবাবী চালচলনের এত প্রধান্য। এর আর একটি কারণ সম্ভবত নবাবের শহরে তার জন্ম ও বেড়ে ওঠা, তবে তার নবাব সুলভ চালচলন ও বেপরোয়া স্বভাব তাকে বিশিষ্টতা দিয়েছে। সমস্যাতেও ফেলেছে বারবার যার মূলটা নবাবের শহর ও জেলার (মুর্শিদাবাদ) আবহাওয়াতেই গড়া। এই নবাব সুলভ মানুষটির জীবন মাত্র ৪৫ বছরের (১২ ই এপ্রিল ১৮৮৫,২৩ ই মে ১৯৩০), স্বল্প জীবন হলেও তা পূর্ণমাত্রায় কর্মময়। তার অর্থ ও সম্পত্তির অভাব ছিল না মোটেই, রাখাল দাসের মা কালীমতী দেবী ছিলেন মতিলাল বন্দ্যোপাধ্যায়ের দ্বিতীয় পক্ষের স্ত্রী, আর রাখালদাস ছিলেন তার পিতার আট সন্তানের মধ্যে একমাত্র জীবিত সন্তান, যার ফলে তাকে ঘিরে ছিল পরিবারের আদরের আধিক্য। শিক্ষাজীবন শেষ করার আগেই তৎকালীন সময়ের প্রথা মেনেই অল্প বয়সেই তাঁর বিবাহ হয়ে যায়, রাখালদাসের বিয়ে হয় জমিদার নরেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের কন্যা কাঞ্চনমালার সাথে যিনি পরবর্তীকালে বাংলা সাহিত্যের লেখিকা হিসেবে পরিচিতি ও খ্যাতি লাভ করেন। যদিও এই বিবাহের জন্য তাঁর পড়াশোনা সামান্যও বিঘ্নিত হয়নি। তবে ১৯০৩ সালে বাবা মতিলাল বন্দ্যোপাধ্যায় পরলোকগমন করাই এবং পৈত্রিক সম্পত্তি নিয়ে গণ্ডগোলে জড়িয়ে পড়ায় তার পড়াশোনায় সাময়িক ছেদ ঘটে কিন্তু সব বাধা কাটিয়ে আবার পড়াশোনায় ফিরে আসেন অচিরেই।

রাখালদাস যেমন নবাবের শহরের মানুষ, তেমনি তিনি আমাদের সীমান্ত শহর বনগাঁর মানুষ বটে। আমরা তাকে আমাদের মানুষ বলতেই বেশি স্বাচ্ছন্দ বোধ করি। এই শহরে জড়িয়ে আছে তাঁর অনেক স্মৃতি, বহরমপুরে তাঁর জন্ম হলেও বনগাঁর সাথে কিভাবে সম্পর্ক তৈরি হলো তা নিয়ে রয়েছে যথেষ্ট মতভেদ। অনেকের মতে, ইস্ট ইণ্ডিয়া কোম্পানি ও মির্জাফরের সৈন্যদল বহরমপুর জুড়ে লুটতরাজ শুরু করায় বাধ্য হয়ে কালীমতি দেবী। বনগাঁর ছয়ঘড়িয়া এলাকায় আত্মীয় বাড়ি চলে আসেন। সেখানে নতুন করে বন্দ্যোপাধ্যায় পরিবারের বাড়ি তৈরি হয়, বনগাঁর অনেক মানুষ আবার এই দাবি মানতে নারাজ। তারা দাবি করেন মতিলালবাবু ইস্ট ইণ্ডিয়া কোম্পানির থেকে এই এলাকার জমিদারি কিনেছিলেন ও তারা তিন ভাই পৃথক ঘর তৈরি করেছিলেন ছয়ঘড়িয়া এলাকায়। আরেকটি তত্ত্ব হল আগের যুগের নিয়ম অনুসারে কন্যাকে বিয়ে দেওয়ার পর তাঁকে বাপের বাড়ি আনা যেত না, ছয়ঘড়িয়া গ্রামে কালীমতী দেবীর বাপের বাড়ি স্থানান্তর হয়ে এসেছিল। মেয়েকে নিজের কাছাকাছি রাখার জন্য সম্পত্তির একটা অংশ মতিলাল বাবুর নামে লিখে দিয়েছিলেন কালীমতী দেবীর বাবা।

বন্দ্যোপাধ্যায়ের বনগাঁ আগমন নিয়ে যাই তত্ব থাকুক না কেন, রাখালদাসের যে বনগাঁয় গমনা-গমন ছিল সে বিষয়ে সবাই একমত। রাখালদাস জন্মসূত্রে মুর্শিদাবাদের বহরমপুরের হলেও পারিবারিক দূর্গাপূজার সময় রাখালদাস প্রতিবছর ছয়ঘড়িয়ার বাড়িতে আসবেন। দদা, দিদি, ভাই-বোনদের সাথে হই হই করে কাটাতেন পুজোর দিনগুলি। নিজের হাতে গ্রামবাসীদের বস্ত্র দান করতেন, দরিদ্রদের ভোজন করাতেন। আশেপাশের গ্রাম থেকে বহু মানুষ বন্দোপাধ্যায় বাড়ির পুজো দেখতে আসতেন। তাদের তদারকি করতেন রাখালদাস। পুজোর দিনগুলিতে প্রতিদিন নিজের হাতে ভক্তদের পোশাক বিতরণ করতেন, প্রসঙ্গত ছয়ঘড়িয়া গ্রামের বন্দ্যোপাধ্যায় বাড়ির এই পুজো 'বিড়ালহাতি' দুর্গাপুজো নামে বনগাঁ শহরে আজও প্রসিদ্ধ। রাখালদাস চিরকালই জমিদারি মেজাজের মানুষ ছিলেন। জমিদারি আদব-কায়দা বজায় রাখতে প্রচুর টাকা খরচ করতেন। বিলাসী জীবন যাপনে অভ্যস্ত ছিলেন তিনি, পূজোর কটা দিন বনগাঁর বাড়িতে তাই তাকে ঘিরে সঙ্গী সাথীদের উৎসাহের সীমা থাকতো না। বিজয়া দশমীর দিন রাখালদাসের খুব উৎসাহ ছিল প্রতিমা নিরঞ্জনে, প্রতিমা নিরঞ্জনে থাকতো নানা চমক। যেমন দশমীর দিন সন্ধ্যাতারা ওঠার পরই হতো প্রতিমা নিরঞ্জন, রাখালদাস নিজে থাকতেন প্রতিমা নিরঞ্জনে। স্থানীয় নাওভাঙ্গা নদীতে নিয়ে যাওয়া হতো প্রতিমা, দুটি নৌকায় প্রতিমা রেখে প্রতিমাকে সাত পাক ঘোরানো হতো তারপর নৌকা দুটিকে ধীরে ধীরে দুদিকে সরিয়ে নেওয়া হতো, প্রতিমা পড়ে যেত জলে, বিসর্জন হতো দেবীপ্রতিমার।

পুরাতাত্ত্বিক রাখালদাস যেভাবে ভারতের বিখ্যাত প্রত্নকেন্দ্র গুলি ঘুরে বেরিয়েছেন ঠিক তেমনি ইছামতি তীরে নিজেদের পারিবারিক এলাকাতেও খোঁজ চালিয়েছিলেন তিনি। রাখাল দাসের গুরু ছিলেন পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী, হরপ্রসাদই রাখালদাসের মনোমধ্যে পুরাতন্ত্রের আগ্রহ তৈরি করেন। আর গুরুর কথা মত রাখাল দাস ঠাকুরদার বাড়ি এলেই তাই খুঁজে বেড়াতেন স্থানীয় ইতিহাস। ইছামতি নদীর তীরে প্রান্তিক শহর বনগাঁ, আর এই বনগাঁ শহরের পত্তনের বহু আগেই রাখালদাসের পারিবারিক গ্রাম ছয়ঘড়িয়ার উৎপত্তি। আর এই গ্রামের বিষয়ে অনেক অজানা কথা জানিয়েছেন খোদ রাখালদাস নিজেই। বাংলা নবাব হোসেন শাহের খুব কাছের মানুষ ছিলেন রাজা রামচন্দ্র খাঁ, রামচন্দ্র খাঁর জামাতার বংশধর রামবল্লভ মুখোপাধ্যায় মোগল সম্রাট জাহাঙ্গীরকে একবার সাহায্য করেন আর সেই সূত্রের ইছামতির তীরে এই বিরাট অঞ্চলের জায়গীর লাভ করেন রামবল্লভ। তাঁর ছয় পুত্র সন্তান তা থেকেই এই এলাকার নামকরণ হয়ে যায় ছয়ঘড়িয়া। রাখালদাস বন্দ্যোপাধ্যায় এর স্মৃতি বিজড়িত বনগাঁর ছয়ঘড়িয়ার এই বাড়িটিকে 'হেরিটেজ' ঘোষণা করা হয়েছে ২০১৯ সালে। আসলে হাজারো প্রতিবন্ধকতাকে তুচ্ছ করে ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায় আবিষ্কার করেছিলেন মহেঞ্জোদারো, আর বর্তমানে আমরাও হাজারো প্রতিবন্ধকতাকে দূরে সরিয়ে আবিষ্কার করছি বন্দ্যোপাধ্যায়কে।

তবে একথা অনস্বীকার্য যে ইতিহাসের প্রতি তার প্রাথমিক ভালবাসা তৈরি মুর্শিদাবাদ থেকে। তার জন্মভূমি বহরমপুরের চারপাশে ছড়িয়ে আছে ইতিহাস, এই ইতিহাসের মধ্যে বেড়ে উঠতে উঠতে শৈশবেই রাখালদাস বুঝে গিয়েছিলেন ইতিহাসের চিহ্নগুলো ছুঁয়ে দেখাতেই তার আনন্দ। সুতরাং লক্ষ্য স্থির হতে দেরি হয়নি। তাই ইতিহাসকেই আশ্রয় করেই তিনি চাইলেন এগিয়ে যেতে, হাতের নাগালে রামদাস সেন, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, পূর্ণচন্দ্র নাহারের মত এমন কিছু মানুষ ছিলেন যাদের দেখে এই কাজে তিনি লাভ করেন প্রেরণা। ইতিহাস হয়ে উঠল তার ধ্যানজ্ঞান, তারপর একদিন নিজেই গড়ে ফেললেন ইতিহাস।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় এর প্রথম পর্বের শিক্ষাজীবন শুরু বহরমপুরের কৃষ্ণনাথ কলেজিয়েট স্কুলে। এখান থেকেই তিনি ১৯০০ সালে এন্ট্রান্স পাস করেন। এই বছরই বিবাহ হয় তাঁর। রাখালদাস বন্দ্যোপাধ্যায় ১৯০৩ সালে এফ.এ পাস করেন প্রেসিডেন্সি কলেজ থেকে, তবে এই বছরে তাঁর বাবার মৃত্যুতে পৈত্রিক সম্পত্তি নিয়ে বিবাদের জেরে পঠনপাঠনের সাময়িক বিরতি। এরপর ১৯০৭ সালেই প্রেসিডেন্সি থেকে ইতিহাসে অনার্স নিয়ে বি.এ পাস করেন। বি.এ পরীক্ষা পাশ করার আগেই রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রাচীন লেখ ও মুদ্রা বিষয়ে বিশেষজ্ঞ হিসেবে খ্যাতিলাভ করেন। এফ.এ করবার সময়ই তিনি ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের সুপারিটেনডেন্ট ব্লক সাহেবের সহচর্যে আসেন এবং প্রাচীন লিপি পাঠে দক্ষতা লাভ করেন। এই শিক্ষা তাঁর পরবর্তী কর্মজীবনে

বিশেষ ভূমিকা গ্রহণ ১৯০৬ থেকে ১৯০৮ সাল পর্যন্ত সময়কালে বঙ্গীয় এশিয়াটিক সোসাইটি পত্রিকায় তাঁর প্রবন্ধ প্রকাশিত হয় যা প্রাচীন ভারত সম্পর্কে বিশেষজ্ঞ পণ্ডিত ভিনসেন্ট স্মিথ কর্তৃক প্রশংসিত হয়।

রাখাল দাস ১৯১০ সালে ইতিহাস নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ পাস করেন। এম.এ পাস করার বছরটিতেই ভারতীয় জাদুঘরে আর্কিওলজিক্যাল বিভাগে কাজ পেয়ে যান রাখালদাস। সেখানে তিনি কর্মজীবন শুরু করেন প্রত্নতাত্ত্বিক সহকারী হিসেবে, আর্কিওলজিক্যাল সার্ভের ডিরেক্টর জেনারেল স্যার জন মার্শাল রাখালদাসের কাজকর্ম দেখে মুগ্ধ হয়ে যান, আসলে রাখালদাস ছিলেন ছাইচাপা আগুন। পরের বছরই তাঁর পদোন্নতি হয়, মার্শাল তার কাজকর্ম দেখে তাঁকে সার্ভের অ্যাসিস্ট্যান্ট সুপারিটেনডেন্ট করে দেন। এরপর ১৯১৭ সালে অ্যাসিস্ট্যান্ট সুপারিটেনডেন্ট থেকে পদোন্নতি হয়ে তিনি হন ওয়েস্টার্ন সার্কেলের সুপারিটেনডেন্ট যার জন্য তিনি চলে যান পুনেতে পরবর্তী ছয় বছর তিনি ওই পদেই কর্মরত ছিলেন। এখানে বোম্বাই প্রেসিডেন্সি মধ্য ভারতের দূর-দুর জায়গায় ভার নেতৃত্বেই চলে নানা প্রত্নতাত্ত্বিক অভিযানের খনন ও উদ্‌ঘাটন কর্মকাণ্ড, আর এই পর্বেই তিনি সিন্ধু সভ্যতার আবিষ্কারক।

গ্রন্থপঞ্জি:

- বিশ্বনাথ মুখোপাধ্যায়, “রাখালদাস বন্দ্যোপাধ্যায় ও বঙ্গীয় সাহিত্য পরিষদ", পরিচয়, এপ্রিল ১৯৮২
- দিলীপ কুমার বিশ্বাস, "প্রাচীন ভারত ইতিহাস চর্চায় রাখালদাস বন্দ্যোপাধ্যায়", কলকাতা,১৯৯০
- "শতবর্ষের আলোয় রাখালদাস বন্দ্যোপাধ্যায়" সম্পাদনা, কল্যাণ কুমার দাশগুপ্ত, কলকাতা ১৯৯০
- দীনেশচন্দ্র সরকার, ঐতিহাসিক রাখালদাস বন্দ্যোপাধ্যায়" ইতিহাস, ভাদ্র-কার্তিক, ১৩৫৯ বঙ্গাব্দ
- কল্যাণ কুমার দাশগুপ্ত, “রাখালদাস ব্যানার্জি" ডিকশেনারি অফ ন্যাশনাল বায়োগ্রাফি, Vol.1, সম্পাদনা এস.সি.সেন, কলকাতা, ১৯৭২
- নারেশচন্দ্র সেনগুপ্ত, “রাখালদাস বন্দ্যোপাধ্যায়" শারদীয়া আনন্দবাজার পত্রিকা, ১৩৬৪ বঙ্গাব্দ
- প্রতাপ চন্দ্র চন্দ্র, “ঐতিহাসিক উপন্যাস রচনায় রাখালদাস", শতবর্ষের আলোয় রাখালদাস",
- রমেশচন্দ্র মজুমদার, “রাখালদাস বন্দ্যোপাধ্যায়" ভারতবর্ষ চিত্র, ১৩৪৬ বঙ্গাব্দ
- সুনিতিকুমার চট্টোপাধ্যায়, “রাখাল স্মৃতি", সাহিত্য পরিষদ পত্রিকা,শ্রাবণ চৈত্র, ১৩৮৭ বঙ্গাব্দ
- কল্যাণ কুমার দাশগুপ্ত, "ভারত ইতিহাস চর্চায় রাখাল দাস", শতবর্ষের আলোয় রাখালদাস বন্দ্যোপাধায়
- Asok k.Bhattacharya, "Rakhaldas Bandyopadhyay", Serise, Makers of Indian Literature

2

শিক্ষাঙ্গনের ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ইনসান আলি (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সূচনা : বৃহত্তর হাবড়ায় ১৫৩ টি গ্রাম ও তিনটি পৌরসভার মধ্যে বানীপুর অঞ্চল টি গঠিত হয়েছে। বর্তমানে হাবড়া থানার অন্তর্গত অঞ্চলটি শিক্ষা দীক্ষা ও সংস্কৃতিতে পশ্চিম বাংলার অন্যতম কেন্দ্র রূপে স্বীকৃত। বানীপুরের ঐতিহাসিক গুরুত্ব অনেকখানি, তবে এই অঞ্চলটির শিক্ষার দিক থেকে বেশ গুরুত্বপূর্ন। কোলকাতা থেকে মাত্র ২৮ মাইল দূরে বাংলাদেশ সীমান্তের কাছা- কাছি অবস্থিত এই অঞ্চলটি যে একটি গুরুত্বপূর্ন শিক্ষাকেন্দ্র রূপে অবস্থান করছে তা ইতিমধ্যেই পশ্চিমবাংলার বহু মানুষের দৃষ্টিগোরে হয়েছে। শিক্ষা বিষয়ক পরীক্ষা নিরীক্ষার ধারা শিক্ষাপো-করন তৈরির নতুন কমড়শালা রূপে এখানে স্থাপিত হয়েছে এস.সি.ই আইটি, আছে এক্সপেরিমেন্টাল স্কুল তার একাংশে আছে শরীরচর্চা কেন্দ্র ও সংগ্রহশালা। আছে সেন্ট্রাল লাইব্রেরি ও মিউজিয়াম। এই মিউজিয়াম ও লাইব্রেরীতে আছে বানীপুরের উদ্ভব বিকাশ ও বিবর্তনের সচিত্র ইতিহাস। আছে একটি কলাভবন, তার পাশে গড়ে উঠেছে স্বনির্ভর হওয়ারআ উপযোগী কুটিরশিল্প, হস্তশিল্প, ইণ্ডিয়ান আর্ট কলেজেও বানিপুরে উঠে এসেছিল। এই চিত্র শিল্প ও সাধারন শিক্ষার মধ্যে যোগসূত্র স্থাপনের নিরীক্ষা চলছে। আছে টেকলো ইণ্ডিয়া দ্বারা স্থাপিত আই.টি.আই ও খেলাধুলার প্রশিক্ষন কেন্দ্র।

✷ **সামরিক ছাউনি থেকে শিক্ষাকেন্দ্র ঃ** বানীপুর আজ যেখানে স্বমহিমায় মাথা উঁচু করে দাঁড়িয়ে সে স্থানটি একদা ছিল 'সামরিক ছাউনি। কিন্তু দেখা যায় কালের বিবর্তন সব কিছুই স্মৃতি হয়ে যায়। যে ষোলখানি গ্রাম কেউচ্ছেদ করে গড়ে তোলা হয়েছিল। 'হাবড়া সামরিক ছাউনি ও বিমানঘাটি। বাইগাছি ও আগ্রাফাবাদ গ্রাম দুটি ছিল। তার অন্যতম। ইতিমধ্যে দেশে রাজনৈতিক পট পরিবর্তন ঘটল এল স্বাধীনতা, হল দেশবিভাগ। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হলেন গান্ধিবাদী ডাঃ প্রফুল্ল চন্দ্র ঘোষ, তিনি বাইগাছির পূর্ব পরিকল্পনা বদল করে গান্ধিজি প্রবর্তিত বুনিয়াদি শিক্ষা শিক্ষন কেন্দ্র স্থাপন কল্পে এগারোজনকে নঈ তালিম নেবার জন্য, ওয়ার্দার সেবাগ্রামে ছয় মাসের জন্য পাঠালেন ১৯৪৭ সালের সেপ্টেম্বর। ডাঃ ঘোষ প্রথমে বুনিয়াদী শিক্ষন মহাবিদ্যালয় স্থাপন না করে দুটি প্রাথমিক ট্রেনিং স্কুল করার দেন। রাজনৈতিক রঙ্গমঞ্চের পট পরিবর্তনে ডঃ ঘোষের পরিবর্তে ১৯৪৮ সালের ১৫ ই জানুয়ারি ডঃ বিধানচন্দ্র রায় এই বাংলার মূখ্যমন্ত্রী হন। ডাঃ বিধানচন্দ্র রায় বাইগাছি পরিদর্শন এবং একান্ত মনোরম কোলা মেলা পরিবেশে কলকাতার থেকে দূরে এখানে একটি গ্রামীন

বিশ্ব বিদ্যালয় স্থাপনের কথা মাথায় আসে। এই চিন্তা ধারাকে মাথায় রেখে বাইগাছিতে দশটি শিক্ষন প্রতিষ্টান গড়ে তোলায় উদ্যোগি হন। ১৯৪৮ সালের ৭ই সেপ্টেম্বর পাশাপাশি দুইটি শিক্ষন বিদ্যালয় তৈরি হয়। ঐ বছর ২০ শে সেপ্টেম্বর বাইগাছিতে স্তানকোত্তর শিক্ষন মহাবিদ্যালয় (P.G.B.T College) স্থাপনের সময় ধীরেন্দ্র মোহন সেন (ডঃ ডি. এম সেন)। ডঃ ডি.এম. সেন পি.জি.বি.টি. মহাবিদ্যালয় এর প্রথম সমাবর্তন উপলক্ষে বাইগাছির নাম পরিবর্তন করে 'বানীপুর' নাম করেন।

✸ **বানীপুর বুনিয়াদী শিক্ষাঙ্গন** : ভারতীয় প্রজাতন্ত্রের প্রথম প্রভাতে প্রত্যক্ষ করা যায় অভিনব সুশৃঙ্খল শোভাযাত্রা বন্দে মাতরম' সহ দেশমাতৃকার জয়দ্ধনি এবং দেশাত্রা বোধক সঙ্গীত সহকারে সুসজ্জিত পদ যাত্রা এগিয়ে আসে। অগ্রভাগে জাতীয় পতাকা সহ কয়েকজন অধ্যাপক অধ্যাপিকা এবং তার পেছনে রয়েছে শ্লোগান রত ছাত্রদল। হাবড়া স্টেশন রোড ও যশোর রোডের সংযোগ স্থলে জনতার ঐ শোভাযাত্রা ছিল বানীপুর বুনিয়াদী শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয়ের শোভাযাত্রা। মহাত্মাগান্ধী প্রবর্তিত বুনিয়াদী শিক্ষাদর্শ খুবই মহান ও তাৎপর্যময়। ভারতে একটি অহিংস প্রেমময় স্বনির্ভর গনতান্ত্রীক সমাজ গঠনের লক্ষ্যে প্রয়োজন যিল নতুন মানুষ। আর এই নতুন মানুষ সৃষ্টির জন্য প্রয়োগ হল বিকাশবোধ ও পরিবেশ অনুযায়ী পাঠক্রম, যা গান্ধীজির সুদীর্ঘ সত্যাগ্রহী জীবনের অভিজ্ঞতার আলোকে উদ্ভূত হলো বুনিয়াদী শিক্ষাদর্শ রূপে।

বুনিয়াদী পাঠক্রমের কেন্দ্রে থাকে সমাজের কোন মৌলিক কর্ম (যেমন- সুতোও চামড়ার কাজ) যা হবে সামাজিক ও প্রাকৃতিক পরিবেশ বান্ধব। তাছাড়া মাতৃভাষা, গনিত, অঙ্ক প্রভৃতি সমাজজীবনে আশা প্রয়োজনীয় বিষয় সমূহ। বানীপুরে অবশ্য ওয়াধাবা সেবা গ্রামের রচিত গান্ধী পরিকল্পনার সঙ্গে শান্তি নিকেতনের রাবীন্দ্রিক ধারার সুষ্টা সমান্বিত রূপ সৃষ্টি করা হয়। আর এর রূপকার যারা ছিলেন তাদের মধ্যে অধ্যক্ষ হিমাংশু বিমল মজুমদাএ, অধ্যাপক অনিল রঞ্জন গুহ, অধ্যাপক তারাপদ ভৌমিক, অধ্যাপক অমরেন্দ্র নাথ দত্ত চৌধুরি, অধ্যাপক ভগবান দাস গাঙ্গুলি, অধ্যাপক রনজিৎ দে, অধ্যাপক নিতাই দত্ত, অধ্যাপক সুরুচি ভট্টাচার্য এবং অধ্যাপক আরতি সেন প্রমুখ এক ঝাঁক শিক্ষাবিদের নাম উল্লেখযোগ্য। তপোবন ঋষি দের ন্যায় এখানকার শিক্ষা চাউগন নিষ্টার সাথে নতুন মানুষ সৃষ্টির সাধনায় আত্মা নিয়োগ করে গান্ধী, রবীন্দ্রনাথের আদর্শে প্রশিক্ষন রত শিক্ষার্থীর আধুনিক জ্ঞান চর্চা, চরিত্রগঠন, মৌলিক কর্মের কারিগরি নৈপন্য, সাংস্কৃতিক জীবনচর্চা, সামাজিক প্রাকৃতিক বাতাবরন বিষয়ে শিক্ষন- প্রশিক্ষনে স্থাতকোত্তর মহিবিদ্যালয় সর্বদা ব্যাহত থাকত, ভোর ৫ টা থেকে প্রার্থনা শুরু হয় এবং নৈশভোজের পঠ পর্যন্ত উজ্জল কর্মসূচিতে সহপাঠিরা ব্যাস্ত তাকতেন। পটন পাঠন ও পাঠ্য বহির্ভূত বহুবিধ কর্মসূচীতে ঠাসা থাকত তাদের দিনপঞ্জী।

এই ছিল বানীপুর বুনিয়াদী বোধিবৃক্ষের মূল সত্তা এবং এর স্নিগ্ধ ছায়ায় ধীরে ধীরে বৃদ্ধি পায় দুটি জুনিয়র ও একটি নিম্ন বুনিয়াদী মহাবিদ্যালয়, জনতা কলেজ, স্টেট

ইনসস্টিটিউট অরফ্যান হোমের বিদ্যালয়, এক্সপেরিমেন্টাল স্কুল ও খেলার মাঠ। এই সকলের মধ্য দিয়েই বুনিয়াদী আদর্শ প্রকাশিত হয়। শিক্ষন মহাবিদ্যালয়টি আপন স্বাতন্ত্রে অটল থেকেও বুনিয়াদি ভাবধারায় প্রভাব কখন ও এড়িয়ে যেতে পারে নি। সমস্ত শিক্ষা প্রতিষ্টানের সুসম্পর্কিত অবস্থানের পটভূমি তে গড়ে উঠেছিল 'বানীপুর'।

✷ **প্রাথমিক শিক্ষা সংস্কারে বানীপুর :** বাংলা দেশের ইতিহাতে ১৯৪৮ সালের ৭ ই সেপ্টেম্বর একটি স্মরনীয় দিন। অত্যন্ত কঠিন ও প্রতিকূল পরিস্থিতির মধ্যে এই দিনে ২৪ পরগনা জেলার সীমান্তে বাইগাছি তে সেনাবাহিনীর পরিত্যক্ত ১ নং ক্যাম্পে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে দুটি বেসিক ট্রেনিং স্কুল স্থাপিত হয়। ১৯৪৮ সালের ২০ শে ডিসেম্বর মঙ্গলাচরন ও বেদগানের মধ্য দিয়ে ২ নং ক্যাম্পে প্রতিষ্টিত হল বেসিক প্রাইমারী ট্রেনিং কলেজের বর্তমান পোস্ট গ্রাজুয়েট বেসিক ট্রেনিং কলেজ বা পি.জি.বি.টি. কলেজ; পরবর্তী কালে বেসিক ট্রেনিং স্কুলের নাম জুনিয়র বেসিক ট্রেনিং কলেজ এবং আণ্ডার গ্রাজুয়েট ট্রেনিং কলেজের নাম সিনিয়ার বেসিক ট্রেনিং কলেজ করা হয়। সমস্ত ট্রেনিং কলেজ গুলিকে নিয়ে গঠিত শিক্ষন প্রতিষ্টান টির নাম দেওয়া হয় ইনস্টিটিউট অব বেসিক এডুকেশন। এই ইনস্টিটিউট অব বেসিক এডুকেশন এর মধ্যে প্রধান স্থান অধিকার করেছিল পিজিবিটি কলেজ।

পরবর্তীকালে ১৯৮৮ সালে পশ্চিমবঙ্গ সরকার স্নাতকোত্তর মহাবিদ্যালয়ের মূল চরিত্র বদলে দিয়ে সাধারন একটা বি. এড কলেজে রূপান্তরিত করতে চায়। এর ফলে আবাসিক পি. জি. বি. টি. কলেজকে গভ: কলেজ অব এডিকেশন এ রূপান্তরিত করা হবে। তবে এই ধরনের চিন্তাভাবনা সঠিক ভাবে কাটবার হয় নি। ১৯৯০ সালের ডিসেম্বরে ডি. পি. আই থেকে আবাসিক বি. এড কোর্স চালু করার চেষ্টা করা হচ্ছে। যাইহোক পরবর্তী কালে শাসক শ্রেনির অনড় মনো ভাবে বানীপুরের দীর্ঘ ৪৪ বছরের গড়ে ওঠা বুনিয়াদী শিক্ষাদর্শের আদর্শ ও ঐতিহ্যের অবসান ঘটল। গতানিগতিক কিছু নতুন প্রতিষ্ঠানের চাকচিক্যে স্বরাজ সাধনার অনুষঙ্গী বুনিয়াদী শিক্ষা দর্শের সমাধীকে ঢেকে দেওয়া হলো। বানীপুর বুনিয়াদি শিক্ষাঙ্গনের স্বর্নযুগ ইতিহাসের পাতায় স্থান নিল।

বানীপুরের অতীতের অনুষ্ঠান সমূহ :

✷ **বুনিয়াদী শিক্ষা সপ্তাহ উদযাপন :** বানিপুরে বিভিন্ন নিষয়ক অনুষ্টান আয়োজিত হত। ২৩ শে জানুয়ারী থেকে বুনিয়াদী শিক্ষা ব্যবস্থার সুবিধা, অসুবিধা, উন্নয়ন নিয়ে সাত দিন ধরে চলত সম্মেলন সভা।

✷ **৩ নেতাজীর জন্মদিন :** ২৩ শে জানুয়ারী নেতাজীর জন্মদিন উষ্ণত্সব পালন করা হয়।

✷ **নেতাজীর প্রজাতন্ত্র দিবস :** ৩০ শে জানুয়ারী মূলত বুনিয়াদী শিক্ষা প্রতিষ্টান গুলো

(পি. জি. বি. টি, জে. বি. টি. - ১, জে. বি. টি- ২. পি. জি. পি. টি, জনতা, বেসিক কাম মাল্টিপারপাস স্কুল পূর্বের আনন্দ নিকেতন) এরা একত্রে মিলিত হয়ে পথ পরিক্রমার পর মিলিত হত গান্ধী ময়দানে, এরপর বনাটা কুচ কাওয়াজের পর সমাপ্ত হত।

✸ **গান্দীজীর তিরোধান দিবস** : ৩০ শে জানিয়ারী, বুনিয়াদী শিক্ষা প্রতিষ্টান গুলো সমষ্টিগত ভাবে এই দিনটি পালন করত, বুনিয়াদী শিক্ষা প্রতিষ্ঠান গুলোতেই উদযাপন হত।

✸ **রূপময় ভারত (বহুরূপী)** : ২৬ শে জানুয়ারী, ঐদিন দুপুর ২-৩০ মিনিট থেকে গান্ধী ময়দানে চলত বহুরূপীর মেলা এবং সমবেত, নৃত্য বুনিয়াদী সংস্থা ও যোগ দিত।

✸ **বিশেষ পরিচিত সভা বা মিলনী** : ছাত্রদের সাথে শিক্ষক অশিক্ষকদের পরিচয় করে দেবার জন্য সমস্ত বুনিয়াদী শিক্ষক শিক্ষন সংস্থা গুলো একত্রে একদিন অনুষ্ঠান করতে জনতা হল।

✸ **কেন্দ্রীয় ক্রীয়া প্রতিযোগিতা** : ফেব্রুয়ারীর শেষ অথবা মাটের প্রথম বুনিয়াদি শিক্ষন সংস্থা গুলো আর রাস্তরীয় কল্যান ভবন এবং বুনিয়াদী বিদ্যালয়ের প্রতিযোগীতা হত। পরিচালক হিসাবে পি. জি. বি. টি. থাকত।

✸ **লোক উৎসব** : সরকারি অনুদানের উপর নির্ভরশীল ছিল বলে সময় নির্দিষ্ট থাকত না, মোটামুটি ভাবে শীতকালের দিকে লোক উৎসব হত।

✸ **পণ্ডিত ভাত খণ্ডে সঙ্গীত স্মরন উৎসব** : এই উফসবের প্রবর্তক হললেন শ্রদ্ধেয় অনিল রঞ্জন গুহ বিভিন্ন সময়ে ব্যক্তিরা এই অনুষ্ঠানটি অলংকৃত করতেন।

✸ **রবীন্দ্র জয়ন্তী** :২৫ শে বৈশাখ, বুনিয়াদি সংস্থা গুলো পৃথকভাবেই পালন করত।

✸ **মে দিবস** : ১ লা মে জনতা হলেই সাধারনত হত, বুনিয়াদি সংস্থা ছাড়াও বিশেষ ব্যক্তিবর্গ সভা অলংকৃত করেতন।

✸ **রবীন্দ্র তিরোধান দিবস** : ২২ শে শ্রাবন, বুনিয়াদি সংস্থা গুলো একযোগে অথবা পৃথকভাবে এই তিরোধান দিবস পালন করত।

✸ **বর্ষামঙ্গল** : আষাড়ের কোন এক সময় বর্ষার আগমন হলে উৎসব হত।

✸ **বন মহোৎসব ও বৃক্ষ রোপন** : বর্ষা ঋতুর কোন এক সময় এই উৎসবটি হত এবং বিভিন্ন স্থানে শিশু বৃক্ষ রোপন হত যে গুলো আজ ও সাক্ষ্য বহন করেছে।

✸ **স্বাধীনতা দিবস** : ১৫ ই আগষ্ট, ২৬ শে জানুয়ারির মতন বর্নাচা কুচ কাওয়াজের মধ্য দিয়ে উদযাপিত হত এই দিনটি।

✸ **হলকর্ষন ও ধান্য রোপন** : ১৬ ই আগষ্ট, এটি একটি বিষেষ উৎসব জনতা কলেজের মাঠে। সমস্ত বুনিয়াদি শিক্ষা সংস্থার ছাত্র ছাত্রীরা এবং শিক্ষকরা সম্মিলিত

ভাবে লাঙল চালাতেন এবং শেষে আমন ধান বোনা হত। দেখা যেত মুহুর্তের মধ্যে ২/৩ বিঘা জমি রোপন হয়েছে। এই সাংস্কৃতিক অনুষ্টানটি হত জনতা কলেজের চাতালে।

- **প্রতিষ্ঠা দিবস পালন :** প্রত্যেক মহাবিদ্যালয় তাদের নির্দিষ্ট দিনে পালন করতেন সমারোহের সাথে।
- **গান্ধীজীর জন্মদিন উদযাপন :** ২রা অক্টোবর, সমস্ত বুনিয়াদি মহাবিদ্যালয়ে একযোগে চরকার সুতো বাঁধার ধুম পড়ে যেত, এছাড়াও অনুষ্ঠান তো হতো।
- **শরোদৎসব :** বানীপুরের বিভিন্ন স্থানে দূর্গাপূজো এবং কালিপূজা সগঘটিত হত।
- **নবান্ন উৎসব:** আমন ধান কাটার পরই এই উৎসব হত পি. জি. বি. টি. কলেজে।
- **পি. জি. বি. টি. র প্রতিষ্ঠা দিবস, শিশুমেলা :**২০ ডিসেম্বর, বিভিন্ন বিদ্যালয়ের শিশুদের সংগবদ্ধ করে বিভিন্ন ধরনের অনুষ্ঠান হত গান্ধী ময়দানে প্রদর্শনি মূলক বিভিন্ন স্টল এবং * খাই খাই' হতো। প্রকৃত মেলার একটি ক্ষুদ্র সংস্করনকে পাওয়া যেত।
- **সমাবর্তন অনুষ্ঠান ঃ** প্রতি দূবৎসর অন্তর জে. বি. টি - ১ এর আম্রকুঞ্জে পুরাতন ছাত্রদের মানপত্র দেওয়া হত।
- **নাটক ও যাত্রানুষ্ঠান :** বুনিয়াদি মহাবিদ্যালয় গুলোর শিক্ষক এবং অশিক্ষক কর্মচারিদের দ্বারা মিলিত ভাবে নাটক, যাত্রা অনুষ্ঠীত হতো, জনতা হলে অথবা জে. বি. টি.১ এর অম্রকুঞ্জে।
- **বরদিন উদযাপন :** ২৫ শে ডিসেম্বর, মাননিয় বিলাস মুখার্জীকে কেন্দ্র করে হাবড়া খৃষ্ট পরিষদ গরহে দাদু - নাতনীর বাহিনী অবলম্বনে অনুষ্টান হোত। তবে কখন ও আগাম ২৩ তারিখেও অনুষ্টান হোত।

৩. সামাজিক শিক্ষা সপ্তাহ উদযাপন :মূলত বুনিয়াদী শিক্ষা ব্যবস্থা থেকে উদ্ভূত ক্রিয়াকলাপ গ্রামে গঞ্জে ছড়িয়ে দেআর সেবক ঐ সংগঠন তৈরি করে সামাজিক উন্নয়ন করার চেষ্টা চলত।

- **বসন্ত উৎসব ও হোলী :** প্রত্যেক বুনিয়াদী মহাবিদ্যালয় আবীর নিয়ে খেলতে খেলতে পি. জি. বি. টি. কলেজের পিছনে অশোক কুঞ্জো সকলে মিলিত হতেন।
- **রাখি বন্ধন :**এটি একটি বিশেষ উৎসব। সমস্ত বুনিয়াদি মহাবিদ্যালয় মিলে এই উৎসব এ মেতে উঠন।

এছাড়া স্বদেশ ও পৃথিবির মহামানব বর্গের জন্য ও তিরোদান দিবসে আলোচনা সভা ও স্মরন সভা অনুষ্ঠীত হতো। উৎসব দিবস গুলোতে অতি প্রতুষে বৈতালিক ও বিশেষ প্রার্থনা সভা আয়োজিত হত।

গ্রন্থ সহায়ক :

- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৭
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ১৯৯৯
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৩
- ডঃ গৌরীশঙ্কর ডে ও অধ্যাপক শুভ্রদীপ দে : প্রসঙ্গ: শিক্ষাঙ্গন বানীপু নানান দৃষ্টিকোন থেক, ২০১৮ খ্রীষ্টাব্দ (১৮২৫ বঙ্গাব্দ), পৃষ্ঠা : ৯০-৯১, ৯৩-৯৮, ১০৪-১১০, ১২০-১২৪

3

ঊনবিংশ শতাব্দীর নারী উন্নয়নের প্রয়াস : স্ত্রী শিক্ষা প্রবর্তন

ব্রজগোপাল চাঁদ (সহকারী অধ্যাপক, বি.এড. বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রামমোহন মণ্ডল (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

মানুষের জন্মগত অধিকার সম্বন্ধে এই সময় চেতনার উন্মেষ দেখা যায় এবং স্ত্রী জাতিরও যে মানুষের অধিকারের প্রতিষ্ঠিত হবার একটা দাবী রাখে এবং এই দাবী পূরণ না হলে যে সমগ্র সমাজের কল্যাণ সম্ভব নয়, এই বোধ জাগ্রত হয়ে ওঠে। ফলে উনবিংশ শতাব্দীর নারী উন্নয়ন আন্দোলন প্রধানত সতীদাহ উচ্ছেদ, বিধবাবিবাহ প্রবর্তন, বাল্যবিবাহ নিবারণ, বহুবিবাহ নিষিদ্ধকরণ, স্ত্রীশিক্ষা বিস্তার প্রভৃতি অধিকার আদায় প্রচেষ্টাকে কেন্দ্র করে অগ্রসর হয়।[১] জীবিকার জন্য পুরুষের উপর নির্ভর করতে হয় বলে আমাদের সমাজে শতাব্দীর পর শতাব্দী ধরে নারী সমাজ পুরুষের অধীনে রয়ে গেছে। বৃহত্তর সামাজিক আলো থেকে বঞ্চিত হয়ে নারীজীবন শুধু গৃহবন্দী হয়ে পড়ে। সামাজিক বিধি, রীতি, আইন সবকিছুর ভেতরেই নারী পুরুষের মধ্যে বৈষম্যমূলক মনোভাব প্রতিফলিত হয়। ঊনবিংশ শতাব্দীর সমাজ-সংস্কারকরা যে সমস্যাগুলি নিয়ে বিশেষ বিব্রত ছিলেন এবং যেগুলি সমাধান কল্পে বিভিন্ন আন্দোলন গড়ে তোলেন তার অনেকগুলি ছিল বিবাহকেন্দ্রিক।

বিধবার সমস্যা কিংবা কুলীন প্রথাজনীত বহুবিবাহ সমস্যা এইগুলি ছিল উচ্চবর্ণের নারী সমস্যা। নিম্নবর্গীয় সাধারণ মেয়েদের জীবনে দুঃখ দারিদ্র্যের পীড়ন থাকলেও এই সমস্যাগুলি ছিল না। কোন তাত্ত্বিক পবিত্রতার ধারণা কিংবা কাল্পনিক বংশমর্যাদার আদর্শ তাদের জীবনকে অসহায় ও নিষ্ঠুরভাবে পঙ্গু করে রাখেনি। কিন্তু শিক্ষাহীনতার সমস্যা ছিল সমজের সর্বশ্রেণীর নারীর অষ্টাদশ শতকের মধ্যভাগে বঙ্গদেশে স্ত্রীশিক্ষা প্রায় অপ্রচলিত হয়ে যায়। এদেশের বাল্যবিবাহশাসিত এবং অন্তপুরবন্ধ নারীর জীবনে শিক্ষার প্রয়োজন ছিল অননুভূত এবং সুযোগও ছিল দুর্লভ। নিম্নবর্ণের মেয়েদের জীবন অনেকটাই অবরোধ মুক্ত ছিল, কিন্তু বাল্যবিবাহের প্রতাপ সর্বত্র প্রবল ছিল এবং গায়ে গতরে খাটা মেয়েদের লেখাপড়া শেখার আদৌ আবশ্যকতা আছে বলে কেউ মনে করতো না। তাছাড়া সুযোগ বা সময়ও অপ্রাপ্য ও দুষ্প্রাপ্য ছিল। কিন্তু ভারতের প্রাচীন শাস্ত্রে স্ত্রীর শিক্ষার কথা আছে। প্রাচীন সাহিত্যেও এর যথেষ্ট উদাহরণ আছে। কিন্তু পরবর্তীকালে মেয়েদের বিভিন্ন অধিকার সঙ্কুচিত হতে থাকে এবং স্মৃতিশাস্ত্রের যুগে এদেশের নারীর শিক্ষার অধিকার ক্রমশ হরণ করা হয় ও বাল্যবিবাহ প্রবর্তিত হয়। বাল্যবিবাহের ফলে স্বভাবতই শিক্ষার সুযোগ সঙ্কুচিত হয়। কিন্তু সম্ভ্রান্ত

পরিবারে নারীর উচ্চশিক্ষা অল্প পরিমাণে প্রচলিত থাকলেও সাধারণ ঘরের মেয়েদের লেখাপড়া প্রাথমিক স্তরেই রয়ে যায়। মধ্যযুগে রচিত মঙ্গলকাব্যগুলি, ময়মনসিংহ ও পূর্ববঙ্গ গীতিকা ইত্যাদিতে সমাজজীবনের যে প্রতিচ্ছবি প্রতিফলিত তাতে দেখা যায় ছেলেমেয়েরা এক পাঠশালায় লেখাপড়া করে, মেয়েরা নানা বিষয়ে শিক্ষিত হয়, এমন কি শরীর চর্চা পর্যন্ত করে। কিন্তু ক্রমে অবরোধ প্রথা ও বাল্যবিবাহের চাপে মেয়েদের লেখাপড়া শেখা বা চর্চা প্রায় বন্ধ হয়ে যায়।

শিক্ষাহীন নারীসমাজের এই অধিকার চিত্রের পরিপ্রেক্ষিতে কদাচিৎ দু-একটি উ ব্যতিক্রম দেখা যায়। ১৮০৯ খ্রিস্টাব্দে শ্রীরামপুর মিশনারী ভল্লু ওয়ার্ড লিখিত একটি বিবরণে কাশিতে অধ্যাপনারত বিদুষী এটা বিদ্যালঙ্কারের খ্যাতির উল্লেখ পাওয়া যায়। অনুরূপ বিদুষীও বিদ্যা দানে নিযুক্ত অনৈক অব্রাহ্মাণ রূপমঞ্জরীর নামও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। পূর্ববঙ্গের ফরিদপুর জেলার কোটালীপাড়া গ্রাম্যনিবাসী জনৈক ব্রাহ্মণের স্ত্রী শ্যামাসুন্দরী ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে ব্যাকরণ ও ন্যায়শাস্ত্রের বুৎপত্তি অর্জন করেন। তাছাড়া বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে স্ত্রীশিক্ষার চর্চা ছিল। চৈতন্যদেবের দেহত্যাগের অব্যবহিত পর থেকেই তাঁর শ্রেষ্ঠ শিষ্যদের স্ত্রী এবং কন্যাগণকে অগণিত স্ত্রী ভক্তের মধ্যে বৈষ্ণব ধর্মের প্রচার ও ব্যাখ্যাকর্তার ভূমিকায় দেখা যায় এবং তখন থেকেই বাংলার বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে স্ত্রীশিক্ষার এক বলিষ্ঠ অব্যাহত ধারা সুস্পষ্টভাবে প্রচলিত। ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগেও শান্তিপুর ও নদীয়াতে শিক্ষিত বৈষ্ণবীর সংখ্যা অল্প ছিল না। এঁদের মধ্যে বিখ্যাত বৈষ্ণব খেপীর মূল্যবান বৈষ্ণবসাহিত্যর নিজস্ব এক বৃহৎ সংগ্রহ ছিল যা তিনি নিয়মিত ব্যবহার করতেন। সন্ধ্যাবেলায় নারী ও শিশু বৃহৎ সমাবেশে তিনি নিয়মিত শাস্ত্র ব্যখ্যাও করতেন। বস্তুত ধর্মচর্চার জন্যও অন্তত বৈষ্ণব পিতা কন্যাকে শিক্ষিত করার প্রয়েজনীয়তা উপলব্ধি করতেন। কয়েকটি ক্ষেত্র ব্যাতীত সাধারণ ভাবে স্ত্রীশিক্ষা অপ্রচলিত ছিল। এর ফলে ক্রমে হিন্দুদের মধ্যে এমন এক সংস্কারের জন্ম হয় যে, মনে করা হতে থাকে কোনো মেয়ে লেখাপড়া জানলে সে বিধবা হয়। স্ত্রীশিক্ষার বিরুদ্ধে এক কুসংস্কার ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশক পর্যন্ত সমাজে প্রচলিত ছিল। মেয়েরা লেখাপড়া শিখলে সমাজে ও সংসারে বিশৃঙ্খলা দেখা দেবে এবং ব্যাভিচারের মাত্রা বহুগুন বৃদ্ধি পাবে এইরকম বদ্ধমূল ধারণা নারীর শিক্ষার পথ রুদ্ধ করে রেখেছিল।[২] বস্তুত শিক্ষার অধিকার বঞ্চিত ও বাল্যবিবাহের শৃঙ্খলে আবদ্ধ এই সময়ের মেয়েদের মধ্যে স্বভাবতই পুরুষদের প্রতি দাসত্বের মনোভাবের জন্ম দেয়। মেয়েদের শিক্ষিত করে তোলার প্রয়োজনীয়তা সমজ অনুভব করেনি এবং ক্রমে বিশ্বাস করেছে যে, নারীজাতি বুদ্ধিহীন সুতরাং একই সঙ্গে তাকে লেখাপড়া শেখাবার চেষ্টা পশুশ্রম মাত্র। এই মনোভাবের বিরুদ্ধে প্রথম দৃপ্ত প্রতিবাদ করেন রামমোহান রায়। তিনি সুস্পষ্টভাবে বলেন, 'স্ত্রীলোকদিগের বুদ্ধির

পরীক্ষা কোনকালে লইয়াছেন যে তাহাদিগকে অল্পবুদ্ধি কহেন? আপনারা বিদ্যাশিক্ষা জ্ঞানপদেশ স্ত্রীলোককে প্রায়ই দেন নাই, তবে তাহারা বুদ্ধিহীন হয় ইহা কিরূপ নিষ্টয় করে।' তিনি কঠোর ভাষায় বলেন একজন নারী একধারে রাঁধুনী, শয্যাসঙ্গিনী ও বিশ্বস্ত গৃহরক্ষী মাত্র। সকলের পত্নী দাস্যবৃত্তি করে।[৩]

ঊনবিংশ শতাব্দীর তৃতীয় দশক থেকে দেশীয় সম্ভ্রান্ত ভদ্রলোকশ্রেণীর মধ্য স্ত্রীশিক্ষার প্রয়োজনীয়তার বিষয়ে সচেতনতার উন্মেষ থাকে। রক্ষণশীল হিন্দু সমাজের নেতা শোভাবাজারের রামরাধাকান্ত দেবের নাম এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। হিন্দু কলেজের অন্যতম পরিচালক ও কলকাতা স্কুল বুক সোসাইটির ভারতীয় সম্পাদকরূপে তিনি এদেশে পাশ্চাত্য শিক্ষা প্রবর্তন ও বিস্তারের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন। তাঁর প্রবর্তনায় স্কুল বুক সোসাইটি ও হেয়ার স্কুলের পণ্ডিত গৌরমোহন বিদ্যালঙ্কার নারীশিক্ষার যৌক্তিকতা প্রদর্শনের উদ্দেশ্যে ১৮২২ খ্রিষ্টাব্দে "স্ত্রীশিক্ষা বিধায়ক" নামক পুস্তিকা প্রণয়ন করেন। রাধাকান্ত উক্ত পুস্তিকা মুদ্রন ও প্রচারের ব্যবস্থা করেন। রাধাকান্ত স্ত্রীশিক্ষার পক্ষপাতি ছিলেন কিন্তু পর্দা ভেঙে বিদ্যালয়ে পাঠাতে রাজি ছিলেন না। বাঙালির পারিবারিক আদর্শ বজায় রেখে মেয়েরা যাতে অন্তঃপুরেই শিক্ষা লাভ করতে পারে এই ছিল তাঁর আদর্শ।[৪] কিছু সম্ভ্রান্ত পরিবার ঊনবিংশ শতকে চতুর্থ দশক থেকে অন্তঃপুরে নারীদের শিক্ষার ব্যবস্থা করেন। বৈষ্ণবী ও মিশনারী মহিলাদের সাহায্যে প্রসন্ন কুমার ঠাকুরের স্ত্রী ও কন্যাগণ শিক্ষিত হতে থাকেন। শিবচন্দ্র রায়, আশুতোষ দেব, চণ্ডীচরণ তর্কালঙ্কার স্ব-স্ব কন্যাদের গৃহাভ্যন্তরে শিক্ষালাভের সুযোগ করে দেন। কেউ নিজেই কন্যাকে পড়ান। কৈলাসবাসিনী দেবী ও কুমুদিনী দেবী নিজ নিজ স্বামীর কাছে বিদ্যাশিক্ষা করেন।[৫] ইতিমধ্যে নারীশিক্ষার স্বপক্ষে ইয়ংবেঙ্গল গোষ্ঠী উচ্চকণ্ঠে মত প্রকাশ করতে শুরু করেন। ইতিপূর্বে ১৮২৮ খ্রিস্টাব্দে হিন্দু কলেজের ছাত্ররা পার্থেনন পত্রিকার প্রথম সংখ্যায় নারীশিক্ষার প্রয়োজনীয়তা ও বিষয়ে একটি রচনা প্রকাশ করেছিলেন। ইয়ং বেঙ্গল দলের মুখপাত্র "জ্ঞানান্বেষন" পত্রিকায় স্ত্রীশিক্ষা ও স্বাধীনতা সম্বন্ধে দৃঢ় মত ব্যাক্ত হয়। স্ত্রীশিক্ষার উৎসাহদানের জন্য রামগোপাল ঘোষ উক্ত বিষয়ে শ্রেষ্ঠ দুই প্রবন্ধ রচনাকারীর জন্য ১৮৪২ খ্রিস্টাব্দে স্বর্ণ ও রৌপ্যপদক ঘোষণা করেন এবং মধুসুদন দত্ত ও ভূদেব মুখোপাধ্যায় যথাক্রমে পুরস্কার দুটি লাভ করেন। কিন্তু সমাজ সংস্কারের মতের উগ্রতা ও আন্তরিকতা সত্বেও ইয়ং বেঙ্গল গোষ্ঠী নানা কারণে কখনো এইগুলিকে স্থায়ী আন্দোলনের রূপদান করতে পারেনি। অথচ স্ত্রীশিক্ষা ও স্ত্রীর স্বাধীনতার জন্য ইয়ং বেঙ্গল দলের প্রবল দাবির পেছনে যথেষ্ট কারণ ছিল। যে পাশ্চাত্য দর্শন ও স্ত্রীশিক্ষা দ্বারা তারা গভীরভাবে অভাবিত ছিলেন তার মূল কথা হল 'ব্যক্তি' হিসাবে মূল্য সম্বন্ধে সম্মানবোধ। এই তাত্ত্বিক দিক ছাড়া ব্যক্তিগত কারণও বিদ্যামান ছিল। ডিরোজিও শিষ্যরা ছিলেন প্রথম প্রজন্মের সমাজসংস্কারক

গোষ্ঠী। তাদের অধিকাংশের বিবাহ হয়েছিল কৈশোরে এবং অভিভাবক মনোনীত কন্যার সঙ্গে। মধ্যবঙ্গের প্রবক্তাগণ যে নতুন চিন্তাদর্শ ও ব্যক্তিগত অভ্যাসে জীবন গঠন করেছিলেন তার সঙ্গে তাদের অভিভাবক ও স্ত্রীদের মানসিক সাযুজ্যে দুরতিক্রম্য ব্যবধান গড়ে ওঠে। অথচ নতুন ভাবাদর্শগত মত ও তাদানুরূপ আচার পালনে এঁরা অতি উগ্র হয়ে উঠেছিলেন বলে অনেকে মূল পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন। এই সংঘাতময় পরিবেশে অন্তত স্ত্রীর মানসিক সাহচর্যের প্রয়োজন তা বেশা করে অনুভব করেন।

১৮৪৩ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত বেঙ্গল ব্রিটিশ ইণ্ডিয়া সোসাইটি মূলত রাজনৈতিক প্রতিষ্ঠান হলেও রামগোপাল ঘোষ, প্যারীচাদ মিত্র, তারাচাঁদ চক্রবর্তী, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় প্রভৃতি সভ্যগণের চেষ্টায় সমাজ সংস্কার, বিশেষত স্ত্রী শিক্ষা বিষয়ে যথেষ্ট মনোযোগী ছিল। ১৮৫৪ খ্রিস্টাব্দে কিশোরীচাদ মিত্র, প্যারীচাদ মিত্র, অক্ষয় কুমার দত্ত প্রভৃতি স্থাপিত 'সমাজোন্নতিবিধায়িনী সুহৃদসমিতি'র অনেকগুলি উদ্দেশ্যের মধ্যে অন্যতম ছিল স্ত্রীশিক্ষা। অক্ষয়কুমার দত্তের "মানবের সহিত বাহ্যবস্তুর সম্বন্ধবিচার" অবলম্বনে রচিত প্রবন্ধগুলি ১৮৫২ খ্রিস্টাব্দে জানুয়ারী মাসে। গ্রন্থাকারে প্রকাশিত হয়। অন্যান্য বিষয়ের মধ্যে গ্রন্থটি নারীজাতির বিদ্যাশিক্ষা সম্বন্ধে অখণ্ডনীয় যুক্তি প্রয়োগ করা হয়। এই গ্রন্থটি বিভিন্ন স্থানে, এমনকি সুদূঢ় মফস্বলেও ছাত্রমহলে বিশেষ আলোড়ন সৃষ্টি করে। ১৮৫০ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত 'সর্বশুভকরী সভা'র মুখপত্র 'সর্বশুভকরী পত্রিকা'র দ্বিতীয় সংখ্যায় পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার স্ত্রীশিক্ষা প্রবন্ধ রচনা করে বিষয়টির যৌক্তিকতা প্রতিপাদন করেন। ১৮৫৪ খ্রিস্টাব্দের আগস্ট মাস থেকে প্যারীচাঁদ মিত্র ও রাধানাথ সিকদারের সম্পাদনায় স্ত্রীপাঠ্য সহজ পত্রিকা 'মাসিক পত্রিকা' প্রকাশিত হয়। নারীশিক্ষা সমর্থনকারী গ্রন্থপ্রকাশ ঊনবিংশ শতাব্দীর ষষ্ঠ দশকেও অব্যাহত থাকে। তারাশঙ্কর তর্করত্ন ১৮৫১ খ্রিস্টাব্দে 'স্বীগণের বিদ্যাশিক্ষা' রচনা করেন। দ্বারকনাথ রায় রচিত 'স্ত্রীশিক্ষাবিধান' গ্রন্থটি এই দশকের দ্বিতীয়ার্ধে প্রকাশিত হয় এবং ১৮৫৭ খ্রিস্টাব্দে বিবিধার্থ সংগ্রহে অক্টোবর নভেম্বর সংখ্যায় সমালোচিত হয়। সভাসমিতিতে বক্তৃতা দান, প্রবন্ধ রচনা বা প্রবন্ধ প্রকাশ কিংবা সংবাদপত্রে তর্কবিতর্ক ইত্যাদির সাহায্যে এইভাবে দীর্ঘদিন ধরে স্ত্রীশিক্ষাপন্থীরা ক্ষেত্র প্রস্তুত করতে থাকে।

ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে স্ত্রীশিক্ষা বিস্তারের স্বপক্ষে যে আন্দোলন গড়ে ওঠে তার কার্যক্রম গ্রহণ করেন ব্রাহ্ম বা ব্রাহ্ম প্রভাবিত যুবকগণ। হিন্দুসমাজ থেকে প্রায়শঃই বহিষ্কৃত বা বিচ্ছিন্ন এই সংস্কারবৃন্দ ঘনিষ্ঠ ব্যক্তিগত সম্পর্কগুলির ভিতর অধিকতর মানসিক সাযুজ্য ও সহমির্মতার উপর বিশেষভাবে নির্ভরশীল হন এবং সর্বাগ্রে নিজ স্ত্রী, কন্যা ও ভগ্নির শিক্ষা, মানসিক উৎকর্ষ ও স্বাধীনতার জন্য ব্যাগ্র হন। স্ত্রীর

সাহচর্য্যে মানসিক ভাব বিনিময়ের আকাঙ্ক্ষা তারা অনুভব করেন। ১৮২৮ খ্রিস্টাব্দে রামমোহন ব্রহ্মসমাজ প্রতিষ্ঠা করেন। পরে ১৮৪৩ খ্রিস্টাব্দে দেবেন্দ্রনাথ কয়েকজন সঙ্গীসহ আনুষ্ঠানিকভাবে 'তত্ত্ববোধিনী সভা' স্থাপন করেন এবং ঐ সভার মুখপাত্র তত্ত্ববোধিনী পত্রিকা ১৮৪৩ খ্রিস্টাব্দ থেকে প্রকাশিত থাকে। নারীকল্যানে উৎসাহী ব্রহ্ম যুবক উমেশ চন্দ্র দত্ত, বিজয়কৃষ্ণ গোস্বামী প্রমুখ কয়েকজন 'বামবোধনী সভা' গঠন করেন। সভার উদ্দেশ্যগুলি হল নারীগণের মানসিক উন্নতির জন্য পুস্তক ও পত্রিকা প্রকাশ, শিক্ষিত মহিলাদের মধ্যে রচনা প্রতিযোগিতার ব্যবস্থা ও পুরস্কার দান, বয়স্ক স্ত্রীশিক্ষার ব্যবস্থা এবং নারীজাতীর উন্নতিতে সর্বপ্রকার সাহায্য দান। স্ত্রীশিক্ষার উন্নতিকল্পে বামবোধনী পত্রিকার সবিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা ছাড়াও আরও কয়েকটি পত্রিকার অবদান উল্লেখযোগ্য। যথা গিরীশচন্দ্র সেন সম্পাদিত 'মহিলা', শশীপদ বন্দ্যোপাধ্যায় কর্তৃক এবং পরে তাঁর কন্যা বনলতা সম্পাদিত 'অন্তপুর', দ্বিজেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রথমে এবং পরে তার ভগ্নি স্বর্ণকুমারী সম্পাদিত 'ভারতী' ইত্যাদি। দ্বারকনাথ গঙ্গোপাধ্যায় সম্পাদিত 'অবলাবান্ধব' পত্রিকা স্ত্রীশিক্ষা তথা উন্নয়নে অতুলনীয় ভূমিকা পালন করে।

হিন্দু সমাজের মত মুসলিম সমাজেও মধ্যযুগের শেষভাগে এমন কয়েকজন বিদূষী এবং প্রতিভাসম্পন্ন নারীর পরিচয় পাওয়া যায় যাঁরা সমাজের নারীপ্রগতিহীন ব্যবস্থার মূর্তিমান ব্যতিক্রম। ইরান দুখত এবং তুরান দুখত নামে ঢাকার শায়েস্তাখানের দুই কন্যা তাদের মার্জিত রুচি, শিক্ষা ও মানসিক উৎকর্ষের জন্য বিশেষ খ্যাতিমান ছিলেন। মালিকা নামে একজন মুসলিম মেয়ের কথা জানা যায় যে ঘোষণা করেছিলেন যে তর্কযুদ্ধে যে পুরুষ তাঁকে পরাজিত করবে তাকেই সে বিবাহ করবে। মালিকা তাঁর প্রতিজ্ঞা পালনে সক্ষম হয়। সবচেয়ে উল্লেখযোগ্য যে নারী প্রতিভার নাম এই সময়কার বঙ্গদেশের ইতিহাসে পাওয়া যায় তা হলে কবি রহিমুন্নেসা। রহিমুন্নেসা 'পদ্মাবতী' পুঁথি নামক কাব্যগ্রন্থের রচয়িতা। পুঁথিটি ১৯৫০ খ্রিস্টাব্দে আবিষ্কৃত হয়। রহিমুন্নেসা ১৭৬৩ খ্রিস্টাব্দ নাগাদ চট্টগ্রাম জেলার কোনো এক গ্রামে জন্মগ্রহণ করেন এবং বাড়িতে মাতার কাছে পড়াশোনা শেখেন। পরে তিনি পুরুষ 'গুরু'র কাছেও বিদ্যাশিক্ষা করেন। চট্টগ্রামের হাটহাজারীর এক বর্ধিষ্ণু পরিবারে তাঁর বিবাহ হয়। তৎকালীন বাংলা সাহিত্যের নতুন রচনাশৈলী ও চতুঃষ্পার্শ্বস্থ গ্রামীণ সংস্কৃতি, উভয়ের প্রভাব তাঁর কাব্যে দেখা যায়। মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রথম ও একমাত্র পরিচিত মুসলিম মহিলা কবি রহিমুন্নেসা যথার্থ 'বাঙালি কবি' ছিলেন। তাঁর রচনা আরবী, ফার্সির প্রভাবে অধিক প্রভাবিত নয়। ১৮০০ খ্রিস্টাব্দে কবি রহিমুন্নেসার মৃত্যু হয়।

উপরোক্ত উজ্জ্বল উহাহরণগুলি সত্ত্বেও মুসলিম সমাজের মধ্যে স্ত্রীশিক্ষার প্রয়োজনীতার বিষয়ে সচেতনতা সৃষ্টি হয়ে পড়ে। এদেশে ইংরেজ শাসন প্রতিষ্ঠিত হয় মুসলিম শাসকদের পরাজিত করে। সুতরাং সময় মুসলিম সমাজে প্রশিক্ষ বিকতা ছিল। এই সমাজে আধুনিক শিক্ষার প্রয়োজনীয়তা ১৮৭০ খ্রিস্টাব্দের পর ক্রমশ গুরুত্ব লাভ করতে থাকে। স্যার সৈয়দ আহমেদের প্রতিষ্ঠিত হলো এক সময় যে যাত্রার সূচনা করেছিল, নবাব আব্দুল লতিফ ইত্যাদির চেষ্টায় বাংলা বিহারে তার সীমিত আর হয়। মহসিন যে ওয়াকৃষ্ণ প্রতিষ্ঠা করেন তার আ মূলত মুসলিম শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা বিস্তারের জন্য বায়িত হত। কিন্তু এই শিক্ষাব্যবস্থায় মেয়েদের কোনো স্থান ছিল না। উপরোক্ত পর্দা প্রথার কঠোরতার জন্য মেয়েদের বিদ্যালয়ে প্রেরণের কথা কল্পনা করা যেত না। পর্দানশিন মুসলিম মহিলারা গৃহে শিক্ষা লাভ করাতেন এবং সাধারণত তা ছিল ধর্মীয় শিক্ষা। তবুও জানা যায় অজ্ঞাতপরিচয় কোনো মুসলিম মহিলা শ্যামবাজার অঞ্চলে মিস কুকের শিক্ষাবিস্তারের কাজে সক্রিয় সহযোগিতা করেন। ফ্রীশিক্ষা বিস্তারের সেই প্রাথমিক যুগে মিশনারীদের স্কুলগুলিতে নিম্নবর্ণের হিন্দু মুসলমান মেয়েরা লেখাপড়া শিখতে এগিয়ে এসেছিল। উচ্চবর্ণ বা শরীফ ভদ্রসমাজের হিন্দু মুসলমান মেয়েরা নয়। মুসলমান মেয়েদের প্রাতিষ্ঠানিক শিক্ষালাভের প্রথম সুযোগ ঘটে বেগম রোকেয়া সাখাওয়াৎ হোসেনের উদ্যোগে ১৮০১ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত মেমোরিয়াল বালিকা বিদ্যালয়ের মাধ্যমে। এর আগে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কিছু মুসলমান মেয়ে লেখাপড়া শিখলেও তাদের সংখ্যা ছিল অত্যন্ত কম। বিংশ শতাব্দীর দ্বিতীয় ও তৃতীয় দশকে কিছু মুসলিম মেয়ে ব্রহ্মবালিকা শিক্ষালয়ে লেখাপড়া শেখেন ও বিদ্যালয় বোর্ডিংয়ে থাকেন। এই বিদ্যালয় থেকে ১৯০১ খ্রিস্টাব্দে সোফিয়া কাজী এন্ট্রাস পাস করেন ও বেথুন কলেজে পড়ে বিএ পাশ করেন। অতঃপর সোফিয়া স্কুল ইন্সপেক্টরের পদ গ্রহণ করেন ও বহুদিন কৃতিত্বের সঙ্গে উক্ত দায়িত্ব পালন করেন। সোফিয়া কাজী সে যুগের প্রথম মুসলিম মহিলা যিনি উচ্চ শিক্ষা গ্রহণ করেন ও কর্মক্ষেত্রে কৃতিত্ব অর্জন করেন। তারপর অন্তঃপুরে মেয়েদের উচ্চশিক্ষা বিষয়ে ১৯০১ খ্রিস্টাব্দে জনগণনা অনুযায়ী জানা যায় যে, ৪০০ জন মুসলিম মহিলা ইংরেজী শিক্ষা লাভ করেছিলেন। তৎকালীন পত্রিকা "মিহির ও সুধাকর' এর মত প্রকাশ করা হয় যে গৃহে যদি এমন শিক্ষালাভ সম্ভব হবে স্কুল খোলার প্রয়োজনীয়তা নেই। এতদসত্ত্বেও ক্রমে এই সময় থেকে মুসলিম মেয়েদের জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা ইংরেজী শিক্ষার প্রবর্তনের বিষয়ে সচেতনতার সৃষ্টি হয়। বিশ শতকের দ্বিতীয় দশক থেকে মুসলিম নারী সমাজ উচ্চশিক্ষা গ্রহণে অধিক সংখ্যার অনুপ্রাণিত হয়ে ওঠে।

তথ্যসূত্র:

১. প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়, বাংলার নারী জাগরণ, কলিকাতা - ১৩৫২বঃ, পৃ.-১

২. অমিতাভ মুখোপাধ্যায়, 'ঊনবিংশ শতকে বাঙালী সমাজ ও রাজা রাধাকান্ত দেব', দ্বিশততম জন্মবার্ষিকী স্মরণিকা : রাজা রাধাকান্ত দে (১৭৮৭ - ১৯৮৪), কলিকাতা, ১৯৮৫, পৃ.-২০

৩. রামমোহন রচনাবলী, প্রাগুক্ত নং ২৮, পৃ.- ২০২, ২০৩

৪. অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, 'একটি বৈপরিত্যের সন্ধানে', দ্বিশততম জন্মবার্ষিকী স্মরণিকা, প্রাগুক্ত নং ১৪১, পৃ.-৩৫

৫. কৈলাসবাসিনী দেবী, হিন্দু মহিলাগণের হীনাবস্থা, কলিকাতা ১৮৬৩; গোলাম মুরশিদ, সংকোচের বিহ্বলতা, আধুকতার অভিঘাতে বঙ্গরমণী প্রতিক্রিয়া, ঢাকা ১৯৮৫, পৃ.-২২

4

পি. আর. ঠাকুর ও সমকালীন প্রান্তজন

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

টোটন বিশ্বাস (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

প্রমথ রঞ্জন ঠাকুর, পি. আর. ঠাকুর নামে সর্বজনবিদিত। তিনি ছিলেন গুরুচাঁদ ঠাকুরের পৌত্র। হরিচাঁদ ঠাকুর ও তার অনুসারীরা সংস্কার আন্দোলন শুরু করেছিলেন; ক্রমে গুরুচাঁদ ঠাকুর ও নমঃশূদ্র মতুয়া সমাজ তথা প্রান্তজনেরা নিজেদের অধিকার বুঝে নিতে সংস্কার আন্দোলনে সামিল হয়। গুরুচাঁদ ঠাকুরের পরবর্তী সময়ে প্রান্তজনের তথা নমঃশূদ্র মতুয়া সমাজের কাণ্ডারী হয়ে উঠেছিলেন পি. আর. ঠাকুর।

গুরুচাঁদ ঠাকুরের মৃত্যুর পরে পি. আর. ঠাকুর জনপ্রিয় হয়ে উঠেছিলেন।[১] বাংলায় গান্ধী অনুগামী কংগ্রেসের নেতাগণ অস্পৃশ্যতা দূরীকরণ, নিম্নবর্ণের উন্নয়নের সদর্থক পরিকল্পনা নিলেও পুনা চুক্তির পেরিপ্রেক্ষিতে অধিকাংশ কংগ্রেস নেতা নিম্ন বর্ণের প্রতি উগ্র আক্রমাত্মক দৃষ্টি নিক্ষেপ করে। এই সময়ে অ্যাডভোকেট জেনারেল নৃপেন্দ্রনাথ সরকার নমঃশূদ্র ও রাজবংশীদের তপশিলি জাতির তালিকা থেকে বাদ দেওয়ার জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছিলেন।[২] পঞ্চাননবর্মা, নগেন্দ্রনারায়ন রায় এবং প্রমথ রঞ্জন ঠাকুর একে অবিবেচনা প্রসূত প্রতিহিংসা পরায়ণ সাম্প্রদায়িক আগ্রাসন' বলে অভিহিত করে, তৎকালীন সরকারকে তা গ্রহণ না করতে পালটা আবেদন জানিয়েছিলেন।[৩]

তিনি গান্ধীজীর দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন, একথা বলা যায়। তিনি 'আত্মচরিত' বা 'পূর্ব স্মৃতি'বইয়ে লিখেছেন যে, "গান্ধীজীর শিক্ষা আমার মনে এবং হৃদয় গভীর আলোড়ন আনিয়া ছিল। প্রতিকার যে তাহার আদর্শ অনুসরণ করিতে তাহার সরল এবং অনাড়ম্বর জীবন ভারতবর্ষকে প্রকৃত আদর্শ জীবনযাপনে বহুল পরিমাণে সহায়তা করেছে।[৪] প্রসঙ্গত উল্লেখ্য যে, ১৯৩৮ সালের ১৮ই মার্চ কলিকাতায়, পি. আর. ঠাকুর গান্ধীজীর সঙ্গে দেখা করেছিলেন। গান্ধীজী তাকে কংগ্রেসের সঙ্গে চলার পরামর্শ দিয়েছিলেন। এমন কি আশ্বাস দিয়েছিলেন যে কংগ্রেস এই সমস্ত শ্রেণী ও বর্ণের স্বার্থে অগ্রসর হবে।[৫] গান্ধীজীর ব্যক্তিগত অনুরোধে পি. আর. - ঠাকুরকে হরিজনদের উন্নয়নে গৃহীত পরিকল্পনা পর্যবেক্ষণের জন্য পাঠানো হয়েছিল ; তিনি ফিরে এসে জানিয়েছিলেন যে, এবিষয়ে তিনি খুশি।[৬] ১৯৩৮ -৩৯ সালের বাজেটে তপশিলিলের শিক্ষা খাতে মাত্র তিরিশ হাজার টাকা অনুমোদন করা হলে, প্রমথ রঞ্জন ঠাকুর, রশিকলাল বিশ্বাস এবং মোহিনী মোহন দাস বিধানসভায় ব্যাপক প্রতিবাদের ঝড়

তোলেন। মোহিনি মোহনদাস কঠোরভাবে ৫ লক্ষ টাকা রেকারিং অনুমোদন করতে আবেদন জানান। অবশেষে হক সাহেব এই দাবি মেনে নেন এবং ১৯৩৮ সালে আগস্ট মাসে supplementary budget ৫ লক্ষ টাকা Non Recurring Grant হিসাবে মঞ্জুর করেন। তৎকালীন পাবলিক সার্ভিসের ডিরেক্টর W. A. Jankins -এর অফিসে একজন তপশিলি আধিকারিক হিসেবে রজনীকান্ত দাস কে নিয়োগ করা হয়। ১৪ জন এম.এল.এ. নিয়ে তপশিলিদের শিক্ষা ও চাকরি নিয়োগের পরামর্শ পর্যবেক্ষণের জন্য Schedule Caste Education Committee গঠন করা হয়েছিল।[৭]

১৯৩৯ সালের ২৯ মে, তমলুকে নিখিল বঙ্গ নমঃশূদ্র কংগ্রেসের সভাপতি ভাষনে, তিনি নমঃশূদ্র সম্প্রদায়কে জাতীয় কংগ্রেসের যোগদান করে, ভারতের স্বাধীনতার প্রাপ্তির জন্য কাজ করার উপদেশ দিয়েছিলেন।[৮] নমঃশূদ্র রাজনীতির বাস্তব দিকগুলি বিবেচনা করে, তৎকালীন বড় বড় নেতা তথা সংগ্রামী মনোভাব অন্য মানুষজন এমন কি সুভাষচন্দ্র বসু এবং শরৎ বসুও পি. আর. ঠাকুরের সঙ্গে সুসম্পর্ক রেখে চলতেন।[৯]

১৯ শে ডিসেম্বর ১৯৪০ সালে গণপরিষদের সভার ভাষনে পি. আর. ঠাকুর বলেছিলেন যে, "We, the depressed classes are the inhabitants of this country. We do not claim to have come to India from outside as conquerors, as do the cast Hindus .and the Muslims, as a matter of fact, India belongs to us and we cannot tolerate the idea that this ancient Mother country of ours will be divided between the Muslims and the cast Hindu only "[১০]

১৯৪৬ সালের গণপরিষদে বাংলা থেকে দুইজন নমঃশূদ্র সদস্য, কংগ্রেস মনোনীত তপশিলি সদস্য হিসেবে নির্বাচিত হন। তাদের মধ্যে প্রমথ রঞ্জন ঠাকুর ছিলেন অন্যতম।[১১] সংবিধান সভার নেভিগেশন কমিটিতে কোন নিম্নবর্নর জাতি বা উপজাতির কারোর নাম না থাকায়, প্রমথ রঞ্জন ঠাকুর বিষয়টি সংশোধন করার প্রস্তাব দিয়েছিলেন : তারই ফলশ্রুতিতে ৭২ জন সদস্য অ্যাডভাইজারি কমিটিতে তপশিলি জাতি ও তপশিলি উপজাতির প্রতিনিধি নেওয়া হয়েছিল। যারা বিভিন্ন সাব কমিটির নাগরিক অধিকার সংখ্যালঘু স্বার্থ সুরক্ষা মৌলিক অধিকার বিষয় গুরুত্বপূর্ণ মতামত প্রদর্শন করবে। পি. আর ঠাকুর বাংলা ও আসামের তপশিলি জাতি ও উপজাতির প্রতিনিধি হিসেবে সংখ্যালঘু সাব কমিটির একমাত্র সদস্য ছিলেন। তিনি ১২ই মার্চ ১৯৪৭ সালে অমৃতবাজার পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বিভিন্ন তপশিলি সংগঠনের কাছ থেকে রাজনৈতিক অধিকার সুরক্ষার প্রস্তাব কেমন হওয়া উচিত, সে বিষয়ে প্রস্তাব আহ্বান করেছিলেন।[১২]

৫ই এপ্রিল ১৯৪৭ তারকেশ্বরে, বঙ্গ বিভাগের প্রস্তাব নেওয়া হয়। একদিকে বঙ্গবিভাগের প্রচার প্রস্তাবে উচ্চবর্ণের হিন্দুদের সাম্প্রদায়িক প্রচার এবং অন্যদিকে

বাংলা কংগ্রেসের নেতৃত্বের দ্বৈত ভূমিকায় পি. আর. ঠাকুর উদ্বিগ্ন হয়েছিলেন। তিনি অনুধাবন করেছিলেন যে বঙ্গ বিভাগ পূর্ববঙ্গে নমঃশূদ্র তথা নিম্ন বর্ণের মানুষ বৃহত্তর হিন্দু সমাজ থেকে আলাদা হয়ে গেলে পূর্ববঙ্গের মুসলিম শাসনে তারা সংখ্যালঘু হয়ে পড়বে। এই আশঙ্কায় ১৪ই মার্চ বিভিন্ন দলের নেতৃত্বের সাথে তপশিলি নেতৃত্বের আলোচনার তাগিদে এই সভার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে, 'বঙ্গভঙ্গ বিরোধী সংঘ' গঠন করার কথা বলা হবে এবং একটি কার্যনির্বাহী কমিটি গঠন করা হবে।[১৩] এসময়ে পি. আর. ঠাকুরের নেতৃত্বে একাধিক সভা সমিতিতে বঙ্গভঙ্গ বিরোধী প্রচার গঠনের চেষ্টা করা হয়। ১৯৪৭ সালের মার্চ মাস পর্যন্ত বঙ্গ বিভাগে তার সমর্থন ছিল না। তিনি যুক্ত বাংলা এবং বাঙ্গালীদের সংস্কৃতিক ঐতিহ্য সম্পন্ন ঐক্য চেয়েছিলেন।[১৪] কলিকাতার সাম্প্রদায়িক দাঙ্গা, নোয়াখালী মুসলিমদের হত্যাকাণ্ডে মুসলিম লীগের নীরব ভূমিকা সন্দেহের সৃষ্টি করেছিল। পি. আর. ঠাকুরের নেতৃত্বে ফরিদপুরের এক জনসভায় দাবি করা হয়েছিল যে, যতদিন পর্যন্ত নিম্নবর্গের দরিদ্র হিন্দুদের পূর্ববঙ্গের সংখ্যাগরিষ্ঠ মুসলিম অঞ্চল থেকে সরিয়ে এনে হিন্দু সংখ্যাগরিষ্ঠ অঞ্চলে পুনর্বাসিত করা হচ্ছে, ততদিন পর্যন্ত বঙ্গভঙ্গ কার্যকর হতে দেয়া হবে না এবং পুনর্বাসনের দাবি সুনিশ্চিত না হওয়া পর্যন্ত হিন্দু নেতৃত্ব কংগ্রেসকে বঙ্গভঙ্গ কার্যকর করতে নিষেধ করা হবে।[১৫] পি. আর. ঠাকুর ২৪ শে এপ্রিল দিল্লিতে এক সংবাদ বিবৃতিতে বলেছিলেন যে, মণ্ডল মহাশয় (যোগেন্দ্র নাথ মণ্ডল) যে সমস্ত তপশলীদের প্রতিনিধিত্ব করছেন তারা সবাই পাকিস্তানের ঘড়ি এমনকি বাংলার মুসলিম নেতাদের আহ্বান করেন যে, বাংলাকে পাকিস্তান তৈরির প্রস্তাব বাতিল করে ভারতের সঙ্গে অখণ্ড বাংলা প্রদেশ স্থাপনের জন্য।[১৬] এমনকি সোহরা ওয়ার্দীও দিল্লিতে মাউন্ট ব্যাটেনের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাকে অবিভক্ত রাখার প্রস্তাব দিয়েছিলেন। তবে পরবর্তী সময়ে তার সিদ্ধান্তে পরিবর্তন এসেছিল।[১৭] ৪ঠা মে দিল্লিতে এক প্রেস বিবৃতিতে পি. আর. ঠাকুর সোহরাওয়ার্দীর প্রস্তাবকে একটি রাজনৈতিক কৌশল ও ধূর্ত অভিনয়' হিসাবে গণ্য করেছেন। তিনি ঘোষণা করেন যে, উচ্চবর্ণের ও নিম্ন বর্ণের হিন্দুদের মধ্যে মতপার্থক্য থাকতে পারে। তবে তা অনেকাংশে হিন্দুদের পারিবারিক বিষয় মুসলিম লীগের পক্ষে রাজনৈতিক সুবিধা লাভের জন্য একে ব্যবহার করতে দেয়া উচিত নয়।[১৮] পি. আর. ঠাকুরের সংযুক্ত বা প্রদেশের পরিকল্পনার সফল না হওয়ায় বাউণ্ডারি কমিশনের নিকট নতুন পরিকল্পনার দাবি পেশ করেছিলেন। ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহাকুমার রাজৌরী থানা, যশোর ও বরিশালের আটটি ভারত ভুক্ত করার দাবি করা হয় এবং ওই অঞ্চলে বসবাসকারী নমঃদ্রদের স্বার্থে হোমল্যাণ্ড আন্দোলনের সূত্রপাত করেছিলেন।[১৯]

১৯৪৭ সালের আগস্টে পুনারায় পূর্ববঙ্গের ঢাকা, ময়মনসিংহ কুমিল্লা, বরিশালের বিভিন্ন স্থানে ভয়াবহ দাঙ্গায় বহু হিন্দু আক্রান্ত হয়েছিলেন। সে সময় পি. আর. ঠাকুর

তাদেরকে পশ্চিমবঙ্গে চলে আসার জন্য আবেদন জানিয়েছিলেন। নিম্ন বর্ণের নমশূদ্র শ্রেণীর মানুষ আর্থিক দিক থেকে অত্যন্ত দুর্বল ছিল, সেই প্রেক্ষিতে কিছু ফেডারেশনপন্থী নেতা ভারতে না আসার কথাও বলেছিলেন।[২০] স্বাধীনতা লাভের প্রেক্ষিতে বঙ্গবিভাজনে পূর্ববঙ্গের নেতাদের নেতৃত্বে নমঃশূদ্র সম্প্রদায়ের মধ্যে যে আর্থ-সামাজিক মর্যাদাবোধ ও ঐক্যবদ্ধ রাজনৈতিক অস্তিত্বের জাগরণ হয়েছিল, তা কিছুটা দ্বিধা বিভক্ত ও দুর্বল হয়ে পড়েছিল।[২১] পরোক্ষ ভাবে মতুয়া আন্দোলন বাংলার ক্ষেত্রে জাতীয়তাবাদী আন্দোলনকে উচ্চবর্ণের আধিপত্য মূলক ভাবধারাকে খর্ব করে সংশোধিত গণচরিত্র ধারণ করতে সাহায্য করেছিল।

হরিচাঁদ ঠাকুর অসংগঠিত নমঃশূদ্রদের একটি সমাজবদ্ধ ধর্মীয়, আর্থ-সামাজিক কাঠামোর মধ্যে আনয়ন করার তাগিদে বহুমুখী ধর্মীয়-সামাজিক সংস্কারের চেষ্টা করেন। ব্রাহ্মণ্যতান্ত্রিক শাস্ত্রীয় শোষণ ও বর্ণভেদ জনিত হীনকর্ম ও পেশাগত দলনের চেতনাই প্রচলিত সমাজ ব্যবস্থার বিরুদ্ধে তাঁদের এই সংগঠিত প্রতিবাদী সামাজিক সংস্কারের প্রয়াস। ধর্মীয় অনুভাবনার আধারে শুধুমাত্র বিরোধিতা না করে নিম্নবর্ণের মানুষের হীনমর্যাদা ও শোষণের কারণ অনুসন্ধান করে সমাজের তৃণমূল পর্যায়ে মানুষের চরিত্র গঠন আদর্শগৃহ পরিবার পরিকল্পনা ধর্মীয় ও আর্থ-সামাজিক সংস্কার শিক্ষা-সংস্কৃতির অন্তর্গঠনের মাধ্যমে এদের জাগরণ এবং আত্মোন্নতির ভিত্তি ভূমি নির্মাণ করতে চেয়েছিলেন।[২২] হরিচাঁদ ঠাকুরের সমাজ সংস্কারের ক্ষেত্রে দুটি উল্লেখযোগ্য অবদান হল - নমঃশূদ্র ও বাংলার নিম্নবর্ণের জাতির কাছে 'মতুয়া আদর্শ" নামে একটি স্বতন্ত্র জীবনাদর্শ উপস্থাপন এবং অন্যটি এই আদর্শগুলি সমাজের মধ্যে প্রচার ও প্রসারের জন্য একটি 'পরিষদ' গঠন (দ্বাদশ পাগল) এবং নিজ পুত্র গুরুচাঁদকে সমাজ গঠনের আদর্শ ও গুণের সমন্বয়ে যুগোপযোগী করে তোলা। গুরুচাঁদ ঠাকুরই পরবর্তী কালে পিতার আদর্শ মতই সমাজ সংস্কার ও নমঃশূদ্র তথা নিম্নবর্ণের সমাজ পুনর্গঠনের গুরুদায়িত্ব কাঁধে তুলে নিয়েছিলেন।[২৩] স্বাধীনতার পূর্ববর্তী সময় পর্যন্ত পূর্ববঙ্গে ওড়াকান্দি কেন্দ্রিক মতুয়া ধর্মান্দোলন চলতে থাকে। গুরুচাঁদ পরবর্তী সময়ে তাঁর চার পুত্র শশীভূষণ সুধন্যকুমার, উপেন্দ্রনাথ ও সুরেন্দ্রনাথ এদের মধ্যে শশীভূষণের পুত্র প্রমথ রঞ্জন ঠাকুর এবং সুধনাকুমারের কনিষ্ঠ পুত্র শ্রীপতি ঠাকুরই (ছোট বাবু) মতুয়া ধর্মান্দোলন চালনার নেতৃত্ব গ্রহণ করেছিলেন।[২৪] শেখর বন্দ্যোপাধ্যায়ের গবেষণা থেকে জানা যায় পূর্ববঙ্গের নমঃশূদ্র আন্দোলনে অনুন্নত নমঃশূদ্র সম্প্রদায় নিজেদের ডিগ্রেড ক্লাস' হিসাবে গণ্য করে এবং আন্দোলনকে সংস্কৃতায়ণ প্রক্রিয়া দ্বারা ব্যাখ্যা করা যায় না কারণ মতুয়া তথা নমঃশূদ্ররা উচ্চবর্ণের রক্ষণশীল আদর্শ গুলি বর্জন করে নিজেদের মধ্যে শিক্ষা বিস্তার শিক্ষা ও চাকুরীতে বিশেষ সুযোগ গ্রহণ করে আত্মমর্যাদাশীল সম্প্রদায় হিসাবে প্রতিষ্ঠিত হবার চেষ্টা করেছে।[২৫]

পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ১৯৪৭ সালের বঙ্গ বিভাগ জাতি আন্দোলনের ক্ষেত্রে একটি ধ্বংশাত্মক বিভাজন হিসাবে দেখা দিয়েছিল। ফলে এখানে প্রধান দুটি জাতি আন্দোলন, নমঃশূদ্র আন্দোলন এবং রাজবংশী আন্দোলন উভয়ের ক্ষেত্রে পূর্ববঙ্গের বিরাট সংখ্যক জনগণের উপস্থিতি এবং তাদের শরণার্থী হওয়া, পুনরায় বসতি স্থাপন ও বাংলার বাইরে পুনর্বাসন প্রভৃতি কারণে জাতি আন্দোলনগুলি তাঁদের সংগঠিত শক্তি হারায়।[২৬] পশ্চিমবঙ্গের সামগ্রিক তপশিলী রাজনৈতিক আন্দোলনের ক্ষেত্রে নিম্নবর্ণের নমঃশূদ্র এবং মতুয়া প্রভাবিত অংশ সামাজিক দিক দিয়ে জাতি বর্ণগত অমর্যাদার বিরুদ্ধে এবং অর্থনৈতিক দিক দিয়ে শ্রেণী চরিত্রের সমন্বয় বিভিন্ন দাবী-দাওয়া নিয়ে সংসদীয় রাজনীতিতে সংরক্ষিত নির্বাচন কেন্দ্রে শক্তিশালী রাজনৈতিক শক্তি হিসাবে আত্মপ্রকাশ করেছে।[২৭] সরকারের দিশেহারা অবস্থা ও কেন্দ্রীয় সরকারের সাহায্যের উপর নির্ভর না করে নিজ উদ্যোগে বেসরকারী কলোনী স্থাপনের জন্য ২৪ পরগনার (উত্তর) বনগাঁ মহাকুমার চিকনপাড়া মৌজার 86 পশ্চিমবঙ্গে, চাঁদপাড়া ও গোবরডাঙ্গা স্টেশনের মাঝের ফাঁকা খড়ের মাঠটি নির্বাচন করেন। পি.আর ঠাকুর তাঁর সহযোগী মহানন্দ হালদার, ভূপেন্দ্রনাথ ঘোষ, বিষ্ণু বিশ্বাস মহেন্দ্র রায়, চিত্তরঞ্জন কাহালী শিবতোষ দাশগুপ্ত প্রমুখের সঙ্গে আলোচনা করে একে অপরের কাছ থেকে অর্থ সংগ্রহ করে স্থানীয় মালিকদের কাছ থেকে কমদামে জমি কিনে 'ঠাকুর ল্যাণ্ড অ্যাণ্ড ইণ্ডাস্ট্রিজ লিঃ' নামে একটি কলোনী তৈরী করেন এবং ছিন্নমূল উদ্বাস্তুদের মধ্যে প্লট আকারে জমি বন্টন করেন। এই কোম্পানীর একটি বোর্ড অফ ডাইরেক্টর' গঠন করা হয়েছিল প্রথম রঞ্জন ঠাকুর ছিলেন তার প্রতিষ্ঠাতা সভাপতি এবং মহানন্দ হালদার ছিলেন ডিরেক্টর ইনচার্চ এবং শিবতোষ দাশগুপ্ত ছিলেন। সেক্রেটারী। ঠাকুর নগর কলোনী ১৯৪৭ সালের ১৯ শে ডিসেম্বর রেজিস্ট্রিকৃত দলিল নং ১৬১৩৩ রূপে আত্মপ্রকাশ এবং ৯ই জানুয়ারী ১৯৪৮ সালে রেজিস্টার অফ কোম্পানীজ অ্যাক্ট-এ কলিকাতা অফিসে সি-২৮২৮/ ১৯৪৮ রেজিস্টার নম্বরে নথিভুক্ত হয়। এইভাবে প্রমথ রঞ্জন ঠাকুরের চেষ্টায় পশ্চিমবঙ্গে সর্বপ্রথম বেসরকারী উদ্বাস্ত উপনিবেশ গড়ে ওঠে এবং তিনি শহরের বিলাস বহুল জীবন ত্যাগ করে, 'নির্বাসন' নামে একটি বাড়ীতে নিজ পরিবার এবং উদ্বাস্তু জনগণের সঙ্গে বসবাস করতে থাকেন।[২৮] নীতিশ বিশ্বাস তার, ' মতুয়া ধর্ম আন্দোলন ও দলিত উদ্বাস্তুর অস্তিত্বের সংগ্রাম' শীর্ষক প্রবন্ধে লিখেছেন যে গুরুচাদ ঠাকুরের পৌত্র পি. আর. ঠাকুর এদেশে এসে উত্তর ২৪ পরগনার ঠাকুরনগরে প্রতিষ্ঠা করেন হরি- মন্দির। ভারতের উদ্বাস্তু মতুয়া সম্প্রদায়ের এমনকি বর্তমানে বিশ্বের সেটি শ্রেষ্ঠ কেন্দ্র। তার প্রধানা প্রবীণা বড়মা (পি.আর. ঠাকুরের সহধর্মিনী) শ্রীমতী বীণাপাণি দেবী। তাঁরা ঠাকুর আরাধনা করেন[২৯] কিন্তু তাঁরা সর্বদাই অনুসরণ করেন হরি-গুরুচাদের আদর্শ। তাই এই উদ্বাস্তু ছিন্নমূলদের স্বার্থ রক্ষার জন্য পি.আর. ঠাকুর নির্বাচনেও লড়েছিলেন । মন্ত্রীও হয়েছিলেন। আবার তাদেরই প্রতি সরকারী অবিচার অত্যাচারের

প্রতিবাদে মন্ত্রিত্বও ত্যাগ করেছিলেন।[৩০] NDPI এর ২০১৬ সালে প্রকাশিত মাসিক (পৌষ ১৪২২) পত্রিকায় উল্লেখ করা হয়েছে যে, "আমি দীর্ঘদিন কংগ্রেসের পতাকা বহন করিয়াছি, দেখিলাম এই পতাকা আমাদের জন্য নয়। এখন আমাদের অনেকে কমিউনিষ্টদের পতাকা বহন করিতেছে। ওরাও একদিন বুঝিবে ওই পতাকাও আমাদের জন্য নহে। এখন আমাদের নিজেদের পতাকা ধরিতে হইবে।"[৩১] যদিও স্বাধীনতা পরবর্তী কালে পশ্চিমবঙ্গের নমঃশূদ্রদের একটি বড় অংশ মতুয়া নেতৃত্ব ও প্রমথ রঞ্জন ঠাকুরের রাজনৈতিক দর্শনের প্রতি আস্থা রেখেছিলেন এবং তারা নেহেরু পরিকল্পিত নীতিতে নিম্নবর্ণের তপশিলীদের শিক্ষা, চাকুরীতে সংরক্ষণ এবং সংরক্ষিত নির্বাচনী কেন্দ্রে নির্বাচিত হওয়া এবং নিজস্ব প্রতিনিধিত্ব অর্জনের মাধ্যমে রাজনৈতিক ক্ষমতা অর্জনের পথকে গ্রহণ করেছিল।[৩২] প্রাথমিক পর্বে প্রমথ রঞ্জন ঠাকুরের নেতৃত্বে কংগ্রেস পার্টির সঙ্গে যুক্ত হয়ে মতুয়া তথা নমঃশূদ্ররা বিধান সভার সংরক্ষিত আসনে প্রতিনিধি হিসাবে নির্বাচিত হন এবং রাজনৈতিক ক্ষমতা অর্জন করেন। ১৯৭০ এর দশকে উদ্‌ভ্রান্ত আন্দোলন ভূমি সংস্কার, জমিঙ্গারী ব্যবস্থার উচ্ছেন প্রভৃতিকে কেন্দ্র করে বামপন্থী রাজনীতির উত্থান এবং রাজ্য রাজনীতিতে কংগ্রেসের প্রভাব প্রতিপত্তি হ্রাস পেলে নমঃশূদ্র ও মতুয়াদের একাংশ শ্রেণী ও বর্ণ চরিত্রের সমন্বয়ে নিজেদের আর্থ-সামাজিক প্রতিষ্ঠার তাগিদে বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত হয়। ১৯৭৭ সালের পর রাজনীতি থেকে প্রমথ রঞ্জন ঠাকুর অবসর নেওয়ার পরে আশি এবং নব্বই এর দশকে মতুয়া মহাসংঘের সাংগঠনিক ঐক্য ও অন্যান্য নিম্নবর্ণের মানুষের উপর প্রভাব বিস্তার করায় রাজনৈতিক দলগুলির নিকট চাপ সৃষ্টিকারী সংগঠন এবং নদীয়া উত্তর ২৪ পরগণায় তাদের সংখ্যাগরিষ্ঠতার জন্য "বৃহত্তর ভোট ব্যাঙ্ক হিসাবে স গুরুত্ব পায়, বামপন্থী শাসন কালে উচ্চতম নেতৃত্ব ও সিদ্ধান্ত গ্রহণকারী ভূমিকায় অবতীর্ণ হতে না পারলেও মতুয়া প্রভাবিত নমঃশূদ্ররা গ্রাম পঞ্চায়েত পর্যায়ে দায়িত্বপূর্ণ ভূমিকায় উত্তীর্ণ হয়েছে।[৩৩]

মনোশান্ত বিশ্বাসের মতে, "পি আর ঠাকুরের আত্মচরিত তথা পূর্ব স্মৃতি অনুসারে,তথ্যনিষ্ঠ ব্যাখ্যা করলে বিশেষ কিছু তথ্য মেলে। ১৯৩৮ এর পরবর্তী সময়ে সর্বভারতীয় রাজনীতিতে পি. আর. ঠাকুরের অবস্থান পরিলক্ষিত হয়। যদি ১৯০৯ সালের পূর্ববর্তী সময়ে এলিট কাস্ট কর্তিক পরিচালিত হতো। বিশেষ উল্লেখের দাবি রাখে নমঃশূদ্রদের চণ্ডাল নামের পরিবর্তন; পরবর্তীতে বঙ্গভঙ্গ বিভাজন এবং পরবর্তী সময়ের প্রেক্ষিতে পি. আর. ঠাকুর অবস্থান। তবে তিনি মনে করতেন যে খ্রিস্টান মিশনারীদের দ্বারা সমাজের উন্নয়ন হয়েছিল। মতুয়া আদর্শকে পাথেয় করে সমাজ জীবনের পথ প্রসারিত করেছিলেন তিনি। তৎকালীন সময়ের ছাত্ররা রাজনীতির অংশগ্রহণ করলেও তিনি তা পছন্দ করতেন না; তিনি বলেছেন যে, " আমি ছাত্র জীবনে রাজনীতি করি নাই। "এমনকি স্বরাজ্য দলের পতনের ক্ষেত্রেও তিনি কংগ্রেসকেই দায়ী করেছেন। মতুয়া

মহা সংঘ প্রতিষ্ঠিত হলে, সদ্য প্রতিষ্ঠিত মতুয়া মহাসংঘের সংঘাধিপতি হয়েছিলেন পি. আর. ঠাকুর। পি. আর. ঠাকুর পুনা চুক্তির সমালোচনা করেছিলেন; এমনকি তৎকালীন গভর্নরকে পত্র লিখেছিলেন, যাতে নিচু সমাজের মানুষের অধিকার নিয়ে রাজনৈতিক চতুরতা না হয়। ১৯৩৭ ৩৮ সালে কংগ্রেস সভাপতি সুভাষচন্দ্র বসু গুরুচাঁদ ঠাকুরকে 'অতি মানব' বলে আখ্যায়িত করেছিলেন। নিচু সমাজের মানুষের জন্য কংগ্রেসের কার্যকলাপকে সমর্থন করেছিলেন পি. আর. ঠাকুর ; তবে শুধুমাত্র অহিংসা নীতি কে মেনে নিতে পারেননি। তিনি জাতি অহংকার কে সরিয়ে রেখে এগিয়ে যাওয়ার কথা বলেছিলেন। নমঃশূদ্র সমাজ সংস্কৃতি ও রাজনীতি এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে পি. আর. ঠাকুরের ভূমিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ। তিনি, মতুয়া মহাসংঘের শক্তি বৃদ্ধিতে সচেষ্ট হয়েছিলেন; বর্তমান সমাজের নমঃশূদ্র সমাজ আন্দোলনের পটভূমি তৈরি করেছিলেন। পি. আর. ঠাকুর ধীরে চলার নীতি অবলম্বন করে, শেষ করে পর্যন্ত বাংলা ভাগের সিদ্ধান্তে ও সম্মতি জানিয়েছিলেন।[৩৪] রসময় বাইনের মতে, "মতুয়া আন্দোলন হল শ্রী শ্রী হরিচাঁদঠাকুরের কর্ম দর্শনকে সামনে রেখে এগিয়ে যাওয়া। এই মতুয়া মতে অংশগ্রহণ করেছিল, তৎকালীন নমঃশূদ্র সমাজের প্রায় সব সাধারণ মানুষ। তারা শ্রী হরির কর্ম দর্শনে বিশ্বাস রেখে। কুসংস্কারের মুণ্ডচ্ছেদ ঘটিয়ে এক নতুন সমাজ ব্যবস্থা সূত্রপাত করেছিলেন। বৈদিকতার প্রায় সবটাই মুছে দিয়ে তারা একটা স্বতন্ত্র নিজস্ব পরিবেশ তৈরি করতে পেরেছিলেন। সেই ক্ষেত্রে যেভাবে তাদের প্রতি পদে পদে বাধা এবং প্রতিরোধের সম্মুখীন হতে হয়েছিল, সেটাই নমঃশূদ্র সমাজের মতুয়া আন্দোলন নামে খ্যাত।[৩৫] বিরাট কুমার বৈরাগ্যের মতে, "১৯৪৬ খ্রিস্টাব্দ নিচু সমাজের মানুষের বিপুল ভোট পেয়েছিল কংগ্রেস। তবে এই বিপুল ভোট প্রাপ্তি এবং আসন লাভ করার পেছনে পি. আর. ঠাকুরের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। আমার উপলব্ধি অনুসারে শরৎ বসু ও যোগেন্দ্র নাথ মণ্ডল এর আশা অবিভক্ত বাংলা হলে কিন্তু সমস্যা পরিলক্ষিত হয়। যেহেতু সাধারণ খেটে খাওয়া মানুষের জমি ছাড়া আর কিছু ছিল না, তাই তারা আসে নাই বলেমনে হয়। ক্ষমতার হস্তান্তরের সাথে সাথে ষড়যন্ত্র রহস্য রয়েছে বলে মনে করি। যদিও পি. আর. ঠাকুর প্রথমে দেশভাগের পক্ষে না থাকলেও পরবর্তী সময়ের প্রেক্ষিতে রাজনৈতিক চাপে দেশভাগের পক্ষেই ভোট দিয়েছিলেন। উদ্বাস্তু আন্দোলনের ভাইস প্রেসিডেন্ট হওয়ার সুবাদে উদ্বাস্তু সমস্যা কে খুব কাছ থেকে প্রত্যক্ষ করেছি। এক্ষেত্রে পি. আর. ঠাকুরের মানবতাবোধ, উদ্ভাস্ত আন্দোলনের প্রেক্ষিতে ছিল তাৎপর্যপূর্ণ।[৩৬] পুষ্প বৈরাগ্য বলেছেন, "বাংলার প্রথম বেসরকারি কলোনি ছিল ঠাকুরনগরে; জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে মানুষের বসবাসভূমি হিসেবে ঠাকুরনগর গড়ে উঠেছিল। ঠাকুরনগরের জনজাতি মানুষের উপর অত্যাচার ও অনাচার হলে পি. আর. ঠাকুর মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছিলেন। তবে পরবর্তী সময় থেকে পুনরায় মন্ত্রিসভায় যোগদানের কথা বলা হলেও, তিনি তা প্রত্যাখ্যান

করেন। পি.টি.আই. এর তথ্য অনুসারে ঠাকুরনগর হল এক উন্নত গ্রাম, যা মতুয়াদের তীর্থক্ষেত্র। শ্রী হরিবর বালা ঠাকুরের মতে মতুয়া। নির্যাতিত, নিপীড়িত, দলিত যারা "নামে প্রেমে যারা মাতোয়ারা, তারাই সমাজে যাদের স্থান নাই, তারাই নমঃশূদ্র। ব্রাহ্মণ ক্ষৈত্র ও বৈশ্যদের সেবা কাজ করতো শূদ্ররা; অর্থাৎ যারা সেবা কাজে নিয়োজিত ছিল তারা শূদ্র। পাওয়ার জন্য আন্দোলন হয়; সমভাবে কিছু না পাই; তখনই তো হয় আন্দোলন। নিজেদের দাবি দাওয়া পাওয়ার জন্যই হয় আন্দোলন।[৩৭] ভবানী শংকর রায়ের মতে, " স্বাভাবিকভাবেই মতুয়া একটি ধর্ম, একই সংস্কৃতিক আন্দোলনের নাম। সে আন্দোলন হল কুসংস্কার মুক্ত আত্মজাগরণের আন্দোলন। সার্বিকভাবে বলতে গেলে মানুষের অধিকার সু-প্রতিষ্ঠিত করতে এই আন্দোলন; ধর্মভিত্তিক আধুনিকতার গণমুক্তি ও সাম্যবাদের আন্দোলন হল মতুয়া আন্দোলন।[৩৮] স্বপন কুমার মণ্ডলের মতে, "সাংস্কৃতিক চেতনাবোধই মানুষকে বিপ্লবী করে তোলে। বিদ্যাহীনের বিদ্যালাভ ও ধর্মীয় কুসংস্কারথেকে মুক্তি চেতনার বিকাশে সুযোগ্য নেতৃত্বের সহায়তায় নমঃশূদ্ররা তথা মতুয়া অগ্রগামি হয়েছে বিদ্যা বলে হয়েছে বলিয়ান ; মুক্তির পথকে সুগম করেছে। নিপীড়িত, বঞ্চিত শ্রেনি সমাজ নিয়ন্ত্রকে পরিণত হয়েছে।[৩৯] সমাজের নিপীড়িত, লাঞ্ছিত, বঞ্চিত মানুষ তথা পতীতের উদ্ধার কার্য করেছেন শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুর। তাদেরকে শিক্ষার আলো দেখিয়ে, সমাজে প্রতিষ্ঠিত হতে উদ্দ্যম তথা সাহস যুগিয়েছেন শ্রী শ্রী গুরুচাঁদ ঠাকুর । অবিভক্ত বাংলায় যেমন মতুয়াদের উদ্ভব ও মতুয়া ধর্মের প্রসার ঘটেছিল; ঠিক তেমনই দেশভাগের পর পশ্চিমবঙ্গের ঠাকুরনগরে তথা বলা চলে পশ্চিমবঙ্গ সহ সমগ্র ভারতে, মতুয়াধর্মের প্রচার ও প্রসারে চালিকা শক্তি হয়ে উঠেছিলেন গুরুচাঁদ ঠাকুরের পৌত্র, প্রমথ রঞ্জন ঠাকুর। শুধুমাত্র ঠাকুরনগর প্রতিষ্ঠাই নয়, সমাজ কল্যাপে ভক্তদের পাশে থেকে সমাজকে এগিয়ে নিয়ে যেতে তার অবদান অনস্বীকার্য। বর্তমানে উভয় বঙ্গের ঠাকুর পরিবার ও মতুয়া ভক্তবৃন্দের প্রচেষ্টায়, বিশ্ব মানবতার ধর্ম হয়ে উঠেছে মতুয়া ধর্ম।[৪০]

নমঃশূদ্র আন্দোলনের প্রেক্ষিতে ক্ষেত্রে 'মতুয়া মহাসংঘে'র প্রতিষ্ঠা ও মতুয়া ধর্ম ও সমাজ সংস্কার আন্দোলন যেন পরিপূরক হয়ে উঠেছে। হরি-গুরুচাঁদের আদর্শ সামনে রেখেই পশ্চিমবঙ্গে একাধিক মতুয়া সংগঠনের উদ্ভব হয়েছে বাংলাদেশেও রয়েছে বিভিন্ন সংগঠন; এমনকি অ-মতুয়া দলিত সংগঠনগুলিও গুরুচাঁদ ঠাকুরের শিক্ষা বিস্তার ও আত্মসচেতনতার পরিকল্পনায় নিজেদেরকে নিয়োজিত করেছে। বিভিন্ন দলিত সংগঠনগুলি তাঁদের আত্মিক বা পার্থিব উন্নয়নের জন্য মতুয়া শিক্ষা ধারাকেই মান্যতা দিয়েছে, রাজনৈতিক বা বর্ণ, শ্রেণীগত মতাদর্শ এখানে প্রকট হয়ে ওঠেনি। মতুয়া শিক্ষা বিস্তার আন্দোলন মতুয়া সমাজ সংস্কার এবং রাজনৈতিক আন্দোলনের যোগসূত্র হিসাবে কাজ করেছিল। আবার একটি ধর্মীয় আন্দোলনের অভ্যন্তরে শিক্ষান্দোলন তথা শিক্ষার ব্যাপক বিস্তার অস্পৃশ্যতা বিরোধী আন্দোলন ও সংস্কৃতিক জাগরণের

মাধ্যমে সমাজিক উন্নয়নের পরিকল্পনার প্রেক্ষিতে মতুয়া ধর্মীয় আন্দোলন ছিল উন্নত গণমুখী এবং স্বতন্ত্র । নমশূদ্র মতুয়া আন্দোলন প্রান্তজনের সমাজ ও সংস্কৃতিকে প্রভাবিত করেছিল। দেশভাগ ও জন্মভূমি ত্যাগের পর তাদের সেই শক্ত ভিত্তি তৈরী করতে বহু বছর সময় লেগেছে। যদিও ১৯৪৮ সালেই ঠাকুর নগরে মতুয়া মহাসংঘ পুণঃপ্রতিষ্ঠা হয়েছিল। পরোক্ষভাবে নমঃশূদ্র মতুয়া তথা বাংলার প্রান্তজনেরা বাংলার জাতীয়তাবাদী আন্দোলনকে উচ্চবর্ণের আধিপত্যমূলক ভাবধারা বর্জন করে সংশোধিত গণচরিত্র ধারণ করতে সাহায্য করেছিল। মতুয়া মহাসংঘ বিংশ শতকের সাতের দশক থেকে নয়ের দশক পর্যন্ত তেমনই নিম্নবর্ণের আর্থ-সামাজিক উন্নয়নের দাবী নিয়ে পশ্চিমবঙ্গের বিশেষত নদীয়া ও উত্তর ২৪ পরগণা জেলার স্থানীয় রাজনীতিতে দায়িত্ব কর্তব্যের ভূমিকা পালন এবং রাজ্য রাজনীতির ক্ষেত্রে 'বৃহত্তর ভোট ব্যাঙ্ক' ও 'চাপ সৃষ্টিকারী গোষ্ঠী' হিসেবে আত্মপ্রকাশ করেছে; এক্ষেত্রে পি. আর. ঠাকুরের ভূমিকা অনস্বীকার্য। আরকিছু হোক বা না হোক নমঃশূদ্র মতুয়া তথা প্রান্তজনের উন্নয়ন ঘটেছিল।।

তথ্যসূত্র :

১. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা,২০১৬,পৃষ্ঠা-২৪৪

২. 'Liberty',10th August, Shekhar Bandopadhyay, op.cit.p.159

৩. Govt of Bengal, (Appt.)File No-4D-7B/1933,program no -171

৪. ঠাকুর, প্রমথ রঞ্জন, আত্মচরিত বাপূর্ব স্মৃতি, বীণাপাণি প্রেস, ঠাকুরনগর, উত্তর ২৪ পরগনা, ১৯৯৫, পৃ- ২১৪

৫. বিশ্বাস, মনোশান্ত,বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা, ২০১৬, পৃ- ২৪৫

৬. তদেব পুর -১৯৬

৭. Government of Bengal, Publicity dept. Two provincial Autonomy in Bengal, Calcutta, 1939, p.275

৮. Hindusthan standard, 27jun, 1939

৯. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা, ২০১৬, পৃ. - ২৪৬

১০. ঠাকুর, কপিল কৃষ্ণ(সম্পাদিত), বাংলা নমঃশূদ্র, কলকাতা নমঃশূদ্র থিঙ্কার্স এ্যাকটিভিস্টস্ এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ - ২২৫,226

১১. Bondopadhyay,Shekhar, op.cit.p.204

১২. অমৃতবাজার পত্রিকা, কলিকাতা, 12 মার্চ 1947

১৩. অমৃতবাজার পত্রিকার, ১৮ মার্চ ১৯৪৭

১৪. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী,কলকাতা, ২০১৬, পৃ- ২৫০
১৫. অমৃতবাজার পত্রিকার, ২৭ মার্চ, ১৯৪৭
১৬. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, প্রকাশনী, কলকাতা, ২০১৬, পৃ. - ২৫১
১৭. তদেব, পৃ -২৫২
১৮. নিখিল ভারত পত্রিকা, নভেম্বর ২০০৭, পৃ. ৮
১৯. নিখিল ভারত পত্রিকা, মার্চ-এপ্রিল ২০০৮, পৃ. ৮
২০. বিশ্বাস, সদানন্দ, মহাপ্রাণ যোগেন্দ্রনাথ, বঙ্গভঙ্গ অন্যান্য প্রসঙ্গ, দিপালী বুক হাউজ, কলিকাতা, ২০১৮,পৃষ্ঠা- ২
২১. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা, ২০১৬, পৃ. ২৫৩
২২. তদেব,পৃ. ১২২
২৩. তদেব,পৃ. ১২৩
২৪. তদেব,পৃ. ৯৩
২৫. বন্দ্যোপাধায়, শেখর 'উন্নয়ন, বিভাজন ও জাতি : বাংলায় নমঃশূদ্র আন্দোলন ১৮৭২ - 1947 বন্দ্যোপাধ্যায়, এস. এবং দাশগুপ্ত, এ (১৯৯৮) প্রাগুক্ত, পৃষ্ঠা- ৪৫৬
২৬. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা,২০১৬, পৃষ্ঠা- ২৩৪
২৭. তদেব,পৃষ্ঠা- ২৭
২৮. ঠাকুর, হরিবর বালা, মতুয়া মহাসংঘাধিপতি শ্রী শ্রী প্রমথ রঞ্জন ঠাকুরের জীবনপঞ্জি, অ. ই. ম. স. ,২০২৩, পৃষ্ঠা- ২৩৪
২৯. বিশ্বাস, নীতিশ, মতুয়া ধর্ম আন্দোলন ও দলিত উদ্বাস্তুর কর্তৃত্বের সংগ্রাম, শ্রী হরিযুগ দিশা, ২০১৪ ,পৃষ্ঠা- ১৫
৩০. NDPI মাসিক পত্রিকা, পৌষ-১৪২২, পৃষ্ঠা- ১
৩১. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা, ২০১৬, পৃষ্ঠা- ২৯৮
৩২. তদেব, পৃষ্ঠা - ২১২, ২১৩
৩৩. সাক্ষাৎকার : মনোশান্ত বিশ্বাস, সাক্ষাৎকার, ঠাকুরনগর, ১৩, ০৬, ২০২৩
৩৪. সাক্ষাৎকার : রসময় বাইন, সাক্ষাৎকার মানিকহীরা, ১২, ০৬, ২০২৩
৩৫. সাক্ষাৎকার : বিরাট কুমার বৈরাগ্য সাক্ষাৎকার ঠাকুরনগর, ১৩, ০৬, ২০২৩
৩৬. সাক্ষাৎকার পুষ্প বৈরাগ্য, সাক্ষাৎকার ঠাকুরনগর, ১৩, ০৬, ২০২৩
৩৭. সাক্ষাৎকার হরিবল বালা ঠাকুর, সাক্ষাৎকার ঠাকুরনগর, ১৯.০৬, ২০২৩
৩৮. সাক্ষাৎকার : ভবানী শঙ্কর রায়, সাক্ষাৎকার রামচন্দ্রপুর, ১৩, ০৬, ২০২৩
৩৯. সাক্ষাৎকার : স্বপন কুমার মণ্ডল, সাক্ষাৎকার শিমুলপুর, ১৩, ০৬, ২০২৩
৪০. সাক্ষাৎকার : মমতা ঠাকুর,সাক্ষাৎকার : ঠাকুরনগর,১৫-৭-২০১৩

5

অনাথ ও অনাথ আশ্রম: একটি সমাজতাত্ত্বিক বিশ্লেষণ

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ইনসান আলি (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

অনাথ বলতে সাধারণত বোঝায় পিতৃ-মাতৃহীন শিশুদের, যারা সমাজে থেকেও সমাজের আর বাকি পাঁচ টা শিশুর মতোন মা বাবার সান্নিধ্যে থেকে বেড়ে উঠতে পারে না। কারা এই অনাথ? যাদের নিয়ে খুব স্বাভাবিক ভাবেই কম আলোচনা হয়ে থাকে, আজ অব্দি একবারে কম সংখ্যক গবেষক এই অনাথদের নিয়ে চর্চা করেছেন। বিভিন্ন অভিধানে অনাথ এর ব্যাখ্যা বিভিন্ন রকম যেমন- অস্ত্র ফোর্ড অভিধান অনুসারে কোনো শিশুর বাবা মা এর মৃত্যু হলে তাঁকে অনাথ হিসাবে গণ্য করা হয়। কেমব্রিজ অভিধান অনুসারে,যে শিশুর মা বাবা উভয়ই মৃত তাহাকে অনাথ বলা হয়ে থাকে। এছাড়া যে বাড়িতে এই পিতৃ মাতৃহীন শিশু গুলির যত্ন নেওয়া হয় বা শিশু গুলি কে আশ্রয় দেওয়া হয় সেই বাড়িটি কেউ অনাথ আশ্রম বলা হয়। বাংলা অভিধান অনুসারে ... যেই স্থানে অনাথ, অসহায় বা দিন-দুঃখী দের পালন মালন করা হয়। সেই স্থানকে অনাথ আশ্রম বলা হয়।

অনাথ বলতে বোঝায় এমন একজন যার পিতা-মাতা দুজনই মারা গেছেন কিংবা সারা জীবনের জন্য তাকে ত্যাগ করে চলে গেছে। কোনো ব্যক্তির প্রাপ্ত বয়স্ক অবস্থায় তার বাবা মা মারা গেছেন তাদেরও অনাথ বলে বিবেচিত করা হয়। এমনকি অপ্রাপ্ত বয়স্ক এমন কোনো শিশু সন্তানকে ছেড়ে তার বাবা মা চলে গেছেন বা কোনো শিশুর বাবা মা তার শিশুর ভরণ পোষণে সক্ষম না হওয়ায় সেই শিশুকে একলা কোথাও ফেলে চলে আসা শিশুটিও অনাথ বলে গণ্য হয়।[১]

এছাড়া কোনো শিশুর বাবা ও মা যদি নিখোজ হয়ে যায়, তাহলে সেই শিশুকেও অনাথ বলা হবে। UNICEF (United nations children's fund) এবং UNAIDS (The joint United nations Program on HIV/AIDS) সংস্থার থেকে, যে কোনো শিশুর মা বাবার মধ্যে যদি একজন মারা যায় অর্থাৎ একজন জীবিত থাকে, ভাও সেই শিশুকে অনাথ বলে বিবেচিত করা হয়। এভাবে বলা হলে সেই বাচ্চার কেবল মাত্র মা মারা গেছে তাঁকে 'মাতৃহারা অনাথ', আর যদি শিশুটির কেবল বাবা মারা যায় সেই বাচ্চাটিকে পিতৃহারা অনাথ বলা হয়ে থাকে।[২] এই মতানুসারে পিতা বা মাতার যে কোনো একজন মারা গেলে ডাঁকে "অর্থ অনাথ' হিসাবে বিবেচিত করা হয়।[৩]

সামাজিক ইতিহাসচর্চায় এই অবহেলিত ও ব্রাত্যজনের ইতিহাস আজ খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে জন ইতিহাসে অনাথ শিশুদের কথা আজ ইতিহাস এর একটি গুরুত্বপূর্ণ দিক হিসাবে বিবেচিত হতে পারে। অনাথ শিশুদের জীবনকাহিনী কেবল মাত্র চার দেওয়ালের মধ্যেই সীমাবদ্ধ রয়ে গেছে। কেও কোনো দিন তাদের কথা তুলে ধরেনি তেমনভাবে। সমাজের একটি অবহেলিত শ্রেণী হিসাবেই তাদের পরিচিতির বিকাশ ঘটছে।

উন্নত দেশগুলির থেকে তুলনামূলক ভাবে অনুন্নত দেশ গুলির অনাথের সংখ্যা অনেক বেশি হয়। যুদ্ধের ফলেও লক্ষ লক্ষ অনাথ বাচ্চার সৃষ্টি হয় এবং যে সব দেশে মারাত্মক রোগ বিধি বা মহামারি আকার ধারণ করে সেই সব দেশের অনাথের সংখ্যা অন্যান্য সাধারণ দেশ গুলির তুলনায় বেশি হয়।[৪]

এইডস এর মতো ভয়ানক মহামারি বহু নৃশংস যুদ্ধের কারনে সমগ্র বিশ্ব জুড়ে ব্যাপক সংখ্যায় অনাথের সৃষ্টি হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্যাপক হারে মৃত্যু ও সাধারণ মানুষের এক স্থান থেকে অন্য স্থানে স্থানান্তরের কারণেও বিভিন্ন দেশে বহু অনাথের সৃষ্টি হয়েছিল। ২০০৬ সালের একটি সমীক্ষা অনুযায়ী অনুমান করা হয় চেকস্লোভাকিয়াতে ৯,০০০, নেদারল্যাণ্ড এ ৬০,০০০, পোল্যাণ্ড এ ৬,০০,০০০, যুগস্লোভিয়ায় ২,০০,৩০০, সহ সোভিয়েত ইউনিয়ন, জার্মানি, ইতালি এবং অন্যান্য জায়গায় আরো অনেক অনাথ শিশু ছিল।[৫]

বিভিন্ন ধর্মগ্রন্থ যেমন- বাইবেল, কোরান এবং অন্যান্য গ্রন্থানুসারে অনাথ হল ঈশ্বরের সন্তান। ভাই অনাথদের সাহায্য করা, তাদের রক্ষা করা, তাদের সাথে কেমন আচরণ করতে হবে সেই সম্বন্ধে বিভিন্ন উদ্ধৃতি রয়েছে। বাইবেলে এমনও উল্লেখ আছে যে পিতৃহীন অনাথদের সাথে কোনো রকম জোর জুলুম করো না। কোরানে উল্লেখ আছে এদের সাথে ভালো ব্যবহার করবে, রুঢ় আচরণ করবে না। এক কথায় অনাথ বা এতিমদের সাথে যেন আর পাঁচটা সাধারণ মানুষের মতনই আচরণ করি।

আমরা যদি কোনো পশু পাখির কথা বিচার করি, তাহলে কেবল তার মায়ের কথাটাই বিচার করি। যদি মা চলে যায় তাহলে বাবার যেমনই অবস্থা হোক না কেন শিশুটি অনাথ বলেই গণ্য হয়। কিন্তু যদি আমাদের মানুষের ক্ষেত্রে দেখি তাহলে দৃশ্যটা প্রায় একই রকমের বলা যায়। কারন পিতৃমাতৃহীন একটি শিশুকে যতই অনাথ বলা হোক না কেন তাঁর মা তখন পরিশ্রম করে স্নেহ, মায়া, মমতা দিয়ে সেই শিশুর দেখভাল করে। কিন্তু যদি এর উল্টোটা হয় অর্থাৎ বাচ্চাটির মা যদি মারা যায়, তাহলে সে অনাথ বলে গণ্য তো হবেই বরং একটি পিতার ক্ষেত্রে বাচ্চা মানুষ করা সম্ভব হলেও মা এর ভালোবাসা, যত্ন তার পক্ষে সম্ভব হয় না। তাই পিতৃ হারা অনাথের থেকে মাতৃহারা অনাথের জীবন বেশি কষ্টকর হয়ে ওঠে।

২০০১ সালের পরিসংখ্যান গুলি ২০০২ সালের ইউনিসেফ ও ইউ এস এইড রিপোর্ট থেকে পাওয়া যায় :

• **চিন** : ২০০৫ সালের ministry of civil affairs এর জরিপ অনুযায়ী চিনে অনুর্ধ ১৮ বছর বয়স্ক অনাথ রয়েছে ৫,৭৩,০০০ জন।[৬]

• **রাশিয়া** : ২০০২ সালে New York times এ প্রকাশিত সংবাদ অনুযায়ী৬,৫০,০০০ জন অনাথ রয়েছে। তারা ১৬ বছর বয়সে অনাথ এবং ৪০ % বাড়ি ছাড়া হয়, যাদের ৩০ % সন্ত্রাসে পরিণত হয় বা আত্মহত্যা করে।[৭]

• **ল্যাটিন আমেরিকা** : ল্যাটিন আমেরিকায় পথশিশুদের উপস্থিতি অনেক বেশি, কোনো কোনো সূত্রে বলা হয় ল্যাটিন আমেরিকা য় পথ শিশু দের সংখ্যা প্রায় ৪০ মিলিয়নেরও বেশি।[৮] শিশু সকলে অনাথ নয় । সকল পথশিশু কাজ করে এবং সেভাবে পারিবারিক সাহায্য পায় না।[৯]

সমগ্র বিশ্বে যখন এই অনাথ শিশুদের সংখ্যা বেড়ে চলেছে তখন আমাদের দেশেও প্রচুর পিতৃ মাতৃহীন শিশু ভবঘুরে হয়ে কষ্টকরভাবে নিজেদের জীবন যাপন করছিল। অনেক শিশুকে মৃত্যুর সম্মুখীন হতে হয়েছিল। ১৮৫৪ সালে জ্যোতিরাও ফুলে সর্বপ্রথম একটি আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন। তিনিই সর্বপ্রথম এই অসহায় শিশুদের একটি ঘরের সন্ধান দিয়েছিল ভারতবর্ষের মধ্যে।[১০] পরবর্তী কালে ১৮৭৭ সালে ১৭ ই মে জ্যোতিরাও কর্তৃক জরি করা একটি আবেদনে ইঙ্গিত দেওয়া হয়েছে যে এই হতভাগ্য অনাথ শিশুদের দেখাশোনার জন্য সত্যশোধক সমাজের পৃষ্ঠপোষকতায় ভিক্টোরিয়া অনাথ আশ্রম প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ভারতে অনাথের সংখ্যা প্রায় ৩০ মিলিয়ন বা ৬ কোটি।[১১]

১৮৯২ সালে বাংলায় প্রতিষ্ঠিত নববিধান হ সমাজের একজন ধর্ম প্রচারক প্রয়াত রেভারেণ্ড ভাই প্রাণকৃষ্ণ দত্ত আপার সার্কুলার রোড (বর্তমানে আচার্য প্রফুল্ল চন্দ্র রোড), কলকাতায় একটি ছোট্ট ভাড়া বাড়িতে মাত্র ৬ জন অনাথ শিশুকে নিয়ে একটি অনাথ আশ্রম চালু করেছিলেন। এটাই হলো বাংলার সর্বপ্রথম অনাথ আশ্রম। এখানে খুব যত্ন সহকারে বাচ্চাদের রক্ষনাবেক্ষন থেকে শুরু করে যাবতীয় কার্যকলাপের সম্পূর্ণ খেয়াল রাখা হতো।

• **এতিমখানা** : অনাদরা অনাদিকাল থেকেই মানব সভ্যতার অংশ। এটি একটি দুঃখজনক বাস্তবতা যে আমাদের সাথে সব সময় এমন শিশু থাকবে যারা এতিম হওয়ায় দুর্ভাগা পাবে। Global Report on Children (2018) অনুসারে সারা বিশ্বে ১৫৩ মিলিয়ন এতিম নিবন্ধীত রয়েছে।[১২] কিন্তু প্রকৃত সংখ্যার অনুমান ৪০০ মিলিয়ন এর উপরে। যেহেতু রান্নায় বসবাসকারী বা অপহরণ বা নিয়োগপ্রাপ্ত শিশুদের সঠিক সংখ্যা পাওয়া অসম্ভব। বিশ্বব্যাপী আনুমানিক ১৮১.৫ মিলিয়ন এভিম রয়েছে যার

মধ্যে ১৬৬ মিলিয়ন এতিম যারা একজন পিতা মাতাকে হারিয়েছে এবং বাকি ১৮.৫ মিলিয়ন এতিম পিতা মাতা উভয়কেই হারিয়েছে।[১৩]

এতিমখানাকে এমন একটি প্রতিষ্ঠান হিসাবে সংজ্ঞা করা হয়েছে যা ২৪ ঘন্টা যত্ন এবং অথবা বাড়ি থেকে দূরে শিশুদের চিকিৎসা প্রদান করে এবং সরকারি বা বেসরকারি সংস্থা দ্বারা পরিচালিত হয়।[১৪] অন্য কথায় শিশুদের জন্য একটি প্রতিষ্ঠানকে সংজ্ঞায়িত করা হয়। ব্যাক্তিদের একটি গোষ্ঠীর জন্য সাধারণত দশ বা দশের বেশি শিশুর জন্য যারা পিতা মাতা ছাড়া থাকে যেখানে প্রাপ্তবয়স্ত পরিচর্যাকারীর দ্বারা যত্ন প্রদান করা হয়। যে শিশুরা অল্প বয়সে প্রাতিষ্ঠানিক রুপ নেয় তারা প্রায় মানসিক, সামাজিক, এবং শারীরিক বিকাশে বিলম্ব প্রাতিষ্ঠানিক পরিচর্যা একটি শিশুর সারা জীবনের একটি বিকাশের পর্যায় থেকে অন্য তার মসৃণ রূপান্তর করার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে।

এতিম জনসংখ্যা সমাজের একটি উল্লেখযোগ্য ও অবিচ্ছেদ্য অংশ। সমাজের প্রতিটি স্তরে এসব এডিম দের সমাজের অন্যান্য মানুষদের মতো কাজ করতে দেখা যায়। কিন্তু তারা যে যন্ত্রনার মধ্যে দিয়ে গেছে তা তাদের চারপাশের বিশ্বের উপলব্ধিতে প্রভাব ফেলেছে। উন্নয়নের গুরুত্বপূর্ণ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে দরিদ্র বা কোনো সম্পৃক্ততা এই ব্যাক্তিদের তাদের ভবিষ্যত জীবনে অরক্ষিত বা অযোগ্য করে তোলে। বাতামূলক কার্যকলাপ হিসাবে এতিমখানা প্রতিষ্ঠানে অংশগ্রহণের পদ্ধতি চালু করার জন্য এই দক্ষভাবিকাশ। এবং শেখার বিকাশের দিকে মনোনিবেশ করা দরকার।[১৫]

যে কোনো এতিমখানার জন্য প্রাতিষ্ঠানিক যন্ত্রের ক্ষেত্রে এতিম দের সমস্যা ও সমস্যাগুলি কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য পূর্ণ সময়ের পরামর্শদাতা নিয়োগের পূর্বশর্ত হওয়া উচিত। এতিমখানা কর্তৃপক্ষ এর উচিত প্রতিষ্ঠানিক ডাটাবেজ তৈরী করা যা প্রয়োজন হলে তাদের সাহায্য করার জন্য পৌঁছাতে সাহায্য করবে।[১৬] সরকারের উচিত এতিমদের উন্নত শিক্ষা এবং জীবনযাত্রার মান উন্নয়ন এর জন্য আধুনিক সুযোগ সুবিধা সহ যথাযথ অবকাঠামোর প্রয়োজনীয়তার জন্য আর্থিক সহায়তা এবং অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে এতিমখানা গুলিকে সমর্থন করার জন্য কিছু স্কিম চালু করা।

এতিমখানায় বসবাসরত এতিমদের ব্যক্তিতকে ছুটিয়ে তোলার জন্য এতিমখানায় কর্মশালা, inter action program এবং বিতর্কের আয়োজন করা উচিত। এটি ভবিষ্যত এ একটি সঠিক কেরিয়ার পছন্দের জন্য তাদের প্রতিভা এবং যোগ্যতা প্রকাশ করতেও সহায়তা করবে।[১৭] যে শিশুরা ১৮ বছরের কম বয়সী একজন বা উভয় পিতা মাতাকে হারিয়েছে তাদের অনাথ বলা হয়। এভিস একটি প্রতিষ্ঠানে থাকে, আত্মীয় বা একক পিতা মাতার সাথে। এতিম হওয়ার বিভিন্ন কারন হতে পারে

-- অসুস্থতার কারনে, বাবা মা মদ্যপান, দারিদ্র, দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারনে মারা গেছেন তাদের বাবা-মা মারা গেছেন। বিশ্বব্যাপী ২০১৫ সালে প্রায় ১৪০ মিলিয়ন শিশু এতিম ছিল, তাদের মধ্যে ১৫.১ মিলিয়ন শিশু বাবা মা উভয়কেই হারিয়েছে। এশিয়ার এভিমএর অনুপাত ৬১ মিলিয়ন, আফ্রিকা, আমেরিকা এবং পূর্বাঞ্চলে ৭.৩ মিলিয়ন (UNICEF REPORT)। ভারতে, ল্যাটিন আমেরিকা সহ প্রভৃতি দেশে এতিমের সংখ্যা শিশুর মোট ৪ শতাংশ। উত্তরপ্রদেশ, বিহার এবং পশ্চিমবঙ্গের মতো রাজ্য গুলিতে আরো সমৃদ্ধ রাজ্যের তুলনায় এতিমের সংখ্যা বেশি।[১৮]

অনাথ শিশুরা বাবা মা, ভাই বোন এবং বাড়ির পরিবেশ থেকে বঞ্চিত হয়। অনাথ বিশেষ করে যারা প্রতিষ্ঠানে ডারা ভালবাসার অভাব, সম্পর্কের অনুপস্থিতি এবং ভাই বোনের বন্ধন অনুভব করে। এই সমস্ত কারনগুলি এতিমদের মধ্যে বিভিন্ন মানসিক সমস্যায় অবদান রাখে। একজন এতিম সমাজ থেকে স্বীকৃতি পায় না, বঞ্চিত বোধ করে, নিজেকে প্রকাশ করতে অসুবিধা অনুভব করে, যা তাদের মানসিক স্বাস্থ্য এর ওপর বিরূপ প্রভাব ফেলে। পিতামাতার তত্বাবধানে শিশুরা বাড়িতে যে সামঞ্জস্যপূর্ণ লালন পালনের পরিবেশ পায় তা পিতামাতা ছাড়া অর্জন করা যায় না। যার কারনে ভারা মানসিক ভাবেও অস্থির হয়ে পড়ে। লালন পালনের পরিবেশ শিশুদের মধ্যে যোগ্যতার বোধ জাগিযে ভোলে। এতিমরা পিতামাতার ভালোবাসা, যত্ন এবং সমর্থন থেকে বঞ্চিত হয়। তারা মানসিক ও সামাজিক সমর্থনের অভাব অনুভব করে। এতিম এবং অনাথ দের পরিবেশগত অবস্থা ভিন্ন, অ-এতিমরা পরিবার, পিতামাতা এবং লালন পালন এবং পারিবারিক নির্দেশনা নিয়ে থাকে। পিতামাতার সমর্থন এবং প্রাথমিক জীবনের অভিজ্ঞতা পরবর্তী জীবনে আরো ভালো এবং সুস্থ ব্যক্তিত্বের বৈশিষ্ট্য এর সাথে যুক্ত।

এতিমখানা পিতৃমাতৃহীন শিশু এবং সন্তান পালনে আর্থিক সঙ্গতি হীন পিতামাতার সন্তানদের প্রতিপালনের জন্য পরিচালিত আবাসিক প্রতিষ্ঠান। দেশের বেশিরভাগ এতিমখানা জাকাত বা অন্যান্য ধর্মীয় দানের টাকায় চলে। এতিম শব্দের অভিধনিক অর্থ একাকী বা নি:সঙ্গ হয়ে যাওয়া, অবজ্ঞা বা অযত্ন প্রদর্শন করা। যে বালক বা বালিকা প্রাপ্ত বয়স্ক হওয়ার পূর্বে পিতৃহারা হয়ে পিতৃস্নেহ থেকে বঞ্চিত হয়। পারিভাষিক অর্থে তাঁকে এতিম বলা হয়। বাংলায় এতিমএর প্রতিশব্দ হল অনাথ। ইসলামীয় সংস্কৃতিতে মাতৃহারা শিশু ও বালক বালিকাকে বলা হয় 'আজিয্যু'।[১৯]

এতিম অবস্থা সাধারণত বয়ঃপ্রাপ্তির পর শেষ হয়ে যায়। ইসলামে এতিমদের প্রতি বিশেষ যত্নবান হওয়ার নির্দেশ রয়েছে। ইসলামের প্রাথমিক যুগে গুরুত্বপূর্ণ সমস্যার অন্যত্তম ছিল এতিম শিশু দের প্রতিপালন, যারা অতি কম বয়সে পিতৃ হারা হওয়ার কারনে পিতৃস্নেহ থেকে বঞ্চিত হয়েছিল। আবহমান কান থেকে বঙ্গদেশে এতিম

শিশুদের আশ্রয় দান ও প্রতিপালনের লক্ষ্যে ব্যাক্তি উদ্দ্যোগ ও সমষ্টিক পরিচালনায় গড়ে উঠেছে বহু সংখ্যক এতিমখানা।

জাকাত এর অর্থ এবং ব্যাক্তি বিশেষ এর দানে পরিচালিত হয়ে আসছে এসব প্রতিষ্ঠান। ব্রিটিশ শাসনকাল থেকেই এতিমখানা ও অনাথ আশ্রমে সরকারি অর্থ মজুরি দানের বিধান চালু করা হয়। বাংলাদেশে বর্তমানে দু'ধরনের এতিমখানা চালু রয়েছে। এছাড়া রয়েছে সরকারি শিশু সদন নামে সরকার পরিচালিত এতিমখানা।[২০]

সরকারি শিশু সদন এতিম শিশুদের প্রতি পালন, প্রশিক্ষণ ও পুনঃবাসনের উদ্দেশ্যে ১৯৪৪ সালে এতিম এবং বিধবা সদন আইন প্রণীত হয়। এই আইনে সমাজ কল্যাণ মন্ত্রালয়ের অধীনে সমাজসেবা অধিদফতরের আওতায় জেলা ও থানা সদরে সরকারি এতিমখানা চালু করা হয়। আর এসব এতিমখানাকে পরবর্তী কালে শিশু সদন এবং বর্তমানে শিশু পরিবার হিসাবে রূপান্তরের পদক্ষেপ নেওয়া হয়েছে।

যদিও একটি শিশুর গুরুত্ব প্রায়ই সমাজ দ্বারা স্বীকৃতি হয়। খুব কম শিশুই তার নিজের শর্তে যা প্রযোজন তা পায়। সাধারণ ভাবে সঠিক স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং বিনোদনের জন্য শিশুর সুস্থতার জন্য কি কি ব্যবস্থা নেওয়া উচিত সে সম্পর্কে আমাদের অবগত থাকা উচিত। একই সাথে শিশু শ্রম ভারতে তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে। পরিত্যক্ত, এতিম, পথশিশু এবং আইনের সাথে সাংঘর্ষিক শিশুরা সমাজের দ্বারা সম্পূর্ণভাবে অবহেলিত।[২১]

যদিও একটি শিশুর গুরুত্ব প্রায়ই সমাজ দ্বারা স্বীকৃতি হয়। খুব কম শিশুই তার নিজের শর্তে যা প্রযোজন তা পায়। সাধারণ ভাবে সঠিক স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং বিনোদনের জন্য শিশুর সুস্থতার জন্য কি কি ব্যবস্থা নেওয়া উচিত সে সম্পর্কে আমাদের অবগত থাকা উচিত। একই সাথে শিশু শ্রম ভারতে তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে। পরিত্যক্ত, এতিম, পথশিশু এবং আইনের সাথে সাংঘর্ষিক শিশুরা সমাজের দ্বারা সম্পূর্ণভাবে অবহেলিত।

এখানে গবেষণা যদিও সামান্য ভাও মনে হয় শিশুদের এই অবস্থার জন্য সমাজের জটিল, সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক প্রক্রিয়াগুলি দায়ি। দারিদ্র্যতা, ভাঙা ঘর, বাবা মা এর প্রতি খারাপ ব্যবহার, স্কুলের খারাপ পরিবেশ এবং সমবয়সী গোষ্ঠীর প্রভাব হল কিছু প্রধান কারন যা সমস্যার সূত্রপাত ও বৃদ্ধিতে ভূমিকা রেখেছে। রাজ্যের উপযুক্ত এবং প্রতিশ্রুতিবদ্ধ প্রতিক্রিয়ার অভাবের কারণে সমস্যার জটিলতা আরো তীব্র হয়েছে।

বই পত্র বা লেখা লেখি অনুযায়ী আমরা অনাথ বলতে বুঝি যাদের মা বাবা কেউ নেই, কিন্তু বাস্তবে এমন বহু বাচ্চা আছে যাদের সবাই থেকেও তাদের অনাথ আশ্রমে বড় হতে হয়। এমন বাবা মা ও আছে যারা স্বেচ্ছায় তাদের সন্তানকে কোনো হোম

বা কোনো আশ্রম বা কোনো সংস্থার হাতে তুলে দিয়ে যায়। তবে একটা জিনিস প্রমাণিত যে এই হতভাগ্য শিশু গুলির খেয়াল কেবল অনাথ আশ্রম রাখত না বিভিন্ন এনজিও গুলি এসিয়ে এসেছিল তাদের জন্য। উপরে একটি ছকের সাহায্যে দেশের কিছু এনজিও সংস্থার পরিসংখ্যান দেওয়া হয়েছে। এই সংস্থা গুলি দরিদ্র শিশু গুলির খাওয়া দাওয়া থেকে শুরু করে তাদের ভরণপোষণ এর দ্বায়িত্ব নিতে শুরু করে রাজ্য তথা দেশ জুড়ে। এই এনজিও গুলির তত্বাবধানে আজ রাজ্যের লক্ষ লক্ষ শিশু তাদের জীবন ভালো ভাবে অতিবাহিত করে চলেছে, তারা পড়াশুনা শিখে দেশ ও দশের নাম উজ্জ্বল করছে। এই সংস্থা গুলি সাহায্যের পাশাপাশি বহু সমাজ সেবী মানুষের সাহায্যের দ্বারা পরিচালিত হচ্ছে। অনাথ আশ্রমের পাশাপাশি এনজিও গুলির দ্বারা বিংশ শতাব্দীর শেষের দিকে বাংলার এই অবহেলিত শিশুদের লাগা ব্যবস্থা হয়েছিল।

কোলকাতা এবং হাওড়াতে প্রচুর সংখ্যক এনজিও রয়েছে। এছাড়া বর্ধমান ও মুর্শিদাবাদ জেলায় জনসংখ্যা হাওড়া জেলার থেকে বেশি কিন্তু স্বেচ্ছাসেবী সংস্থা বা এনজিও র সংখ্যা কম। এইভাবে উপরে উল্লেখিত দুটো ছকের যে তথ্য প্রকাশ করা হয়েছে সেখানে দেশ ও রাজ্যের উভয় স্তরের এনজিওর বিবরণ দেওয়া হলো। এনজিওর শ্রেণীবিভাগ বিভিন্ন পণ্ডিতদের দ্বারা বিভিন্ন উপায়ে ব্যাখ্যা করা হয়েছে। হিরওয়ে ও চৌহান (2000) উল্লেখ করেছেন যে ৩ ধরনের এনজিও সংস্থা রয়েছে, যথা -- তৃণমূল সংস্থা, সহায়তা সংস্থা, এবং নেটওয়ার্ক সংস্থা বা ফেডারেশন এবং বহুমুখী সংস্থা। ব্রাটন (1989) উল্লেখ করেছেন যে, এন জিও গুলিকে বিস্তৃতভাবে সম্প্রদায় স্তর, জাতীয় স্তর এবং আন্তর্জাতিক ত্রাণ এবং উন্নয়ন সংস্থা এইভাবে শংকর (2004) উল্লেখ করেছেন যে, এনজিও গুলিকে তাদের কর্মক্ষেত্র অনুসারে শ্রেণী বন্ধ করা হয়েছে। তারা স্থানীয়, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ের সংস্থা। স্থানীয় সংস্থা গুলি একটি নির্দিষ্ট গ্রাম বা স্থানীয় এলাকায় তাদের পরিষেবা গুলি পরিচালনা করে, আঞ্চলিক সংস্থা গুলি সম্প্রসারণ কেন্দ্র এবং জাতীয় সংস্থাগুলির মাধ্যমে বৃহত্তর জনসংখ্যার[21] কাছে পৌছায়।

কিছু মানুষের বেপরোয়ামি, কিছু মানুষের দুর্ভাগ্য থেকে সৃষ্টি এই পিতৃমাতৃহীন শিশু গুলির ঠাই হয় এই অনাথ আশ্রম গুলিতে। সমাজের ভিন্ন স্তরের ভিন্ন শ্রেণীর দ্বারা সৃষ্ট এই এতিম। কেউ তার বাবা মা উভয়কেই হারিয়েছে কেউ বা বাবা থাকা সত্ত্বেও ফেলে রেখে গেছে কোনো রাস্তার ডাস্টবিন এর পাশে, কেও বা হারিয়েছে তার সন্তানকে। হয়তো বা কোনো পতিতা তার পেটের জ্বালা মিটাতে গিয়ে কপালের এই নির্মমখেলার সম্মুখীন হতে হয়েছিল। তবে এই অন্যথায় বা এতিমখানা গুলি সমাজে তৈরী হয়েছিল বলে কোটি কোটি শিশুর জীবন রাস্তার পারে শেষ হয়ে যায় নি।

তথ্যসূত্র :

১. Concise oxford dictionary, 6 edition meaning deprived of a relation.

২. UNAIDS Global Report, 2008.

৩. See for example, this 19th century news story about the society for the relief of Half-orphan and destitute children, or this one about the protestant Half-orphan asylum.

৪. UNICEF/ UNAIDS (2002) children on the brink 2002: a joint report on orphanestimates and program strategies", Washington:USAI/UNICEF/UNAIDS.

৫. For the high estimate see I.C.B dear and M.R.D foot, eds. The oxford companion to world war II (1995) p.208; for lower Tony judt, postwar: a history of Europe since 1945 (2006)p.21.

৬. TVT Associates/ The synergy project (july, 2002) "children on the Brink 2002: A joint report on orphan estimates and program strategies" [UNAIDS and UNICEF]

৭. China to insure orphans as preventive health measure.

৮. "A summer of hope for Russian orphans - The new York times (2002, 21 July) p.14.

৯. Tacon.p (1982)," carlinhos: the hard gloss of city polish" (UNICEF NEWS)

১০. Scanlon, TJ (1998)." street children in Latin America". BMI

১১. The Project-in an incredible nonprofit organization that is addressing Poverty and hunger and working towards ending them; THE HUFFINGTON POST

১২. গ্লোবাল রিপোর্ট অন চিলড্রেন, ২০০৮।

১৩. বার্ষিক প্রতিবেদন: ইউনিসেফ ২০০৭।

১৪. কোড অফ ফেডারেল রেগুলেশন, ১৯৯৬ ।

১৫. Jameel Syed najmah: Influence of orphanage on orphan: A study of post-orphanage behavior syndrome. (university of Kashmir) 'Unpublished Thesis

১৬. তদেব - পৃষ্ঠা ১৬১

১৭. Aftab, Rabia personality traits, emotional intelligence as related to resilience among orphans and non-orphans. Page. 1. Chapter. 1. (Aligarh Muslim university) 2022. Unpublished Thesis

১৮. বাংলাপিডিয়া বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ (ই-সোর্স সংগ্রহের তারিখ- ১০ ই এপ্রিল 2019) 1

১৯. তদেব

২০. Raghu,pilla: children in juvenile homes: a story of two selected homesin Andhra Pradesh. (2003) 'Unpublished Thesis'.

২১. Gomes, Lawrence; role of NGO'S in rural development: a story on two selected districts in west Bengal, Page 11 (kalyani university) Unpublished Thesispati.

6

বাল্যবিবাহ নিবারণের প্রয়াস - একটি পর্যালোচনা

ড. অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

শোভন রায় (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

অষ্টাদশ শতাব্দীর বঙ্গদেশে নারীজীবন নানা দূর্গতির চাপে পিষ্ট হয়ে পড়েছিল। বস্তুত এই দুর্বিসহ জীবনের জন্য প্রধানত দায়ী ছিল বাল্যবিবাহ। বাল্যবিবাহ এমন একটি প্রতিষ্ঠান যা স্বতঃসিদ্ধ ভাবে নারীর সামাজিক দূর্গতির সমস্ত মূল কারণগুলিকে ধারণ করে। শিক্ষহীনতা, অবরোধ, অকালবৈধব্য ইত্যাদির প্রাথমিক উৎস বাল্যবিবাহ। বৈদিক যুগে বরকন্যার পছন্দ ও যৌবনবিবাহ স্বাভাবিক থাকলেও ক্রমশ স্মৃতিশাস্ত্র-শাসিত যুগে জাতিভেদ প্রথা কঠোর আকার ধারণ করে এবং যৌবনবিবাহ ও নিজস্ব পছন্দ অপ্রচলিত হয়। রক্তের বিশুদ্ধতা রক্ষার নিশ্চিততম উপায় হিসাবে নারীর যৌনতাকে কঠিন শৃঙ্খলে নিয়ন্ত্রানাধীন রাখার উদ্দেশ্যে নারীর বাল্যবিবাহ প্রবর্তিত হয়। কন্যা যখন প্রাকৃতিকভাবে বিশুদ্ধ অর্থাৎ ঋতুপর্ব অবস্থা, তখন তাকে বিবাহার্থে সম্প্রদান করলে পরিবারের পুরুষ অভিভাবকের মর্যাদা স্বতঃই বৃদ্ধি পায়। তাছাড়া সন্তানের পিতাকে একথা একমাত্র জননীই জানে। পিতৃত্ব, বংশধারা, উত্তরাধিকারকে সুনিশ্চিত করার উদ্বেগ থেকে সমাজে স্থায়ীভাবে মুক্তিলাভের চেষ্টা করে বাল্যবিবাহের মাধ্যমে। মধ্যযুগে এই প্রথার ব্যাপক প্রসার হতে থাকে, সাহিত্যেও এই প্রথাকে গৌরবান্বিত করে মত প্রকাশ করা হয়। ইতিমধ্যে বাল্যবিবাহপ্রথা বর ও কন্যা উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য হয়ে যায় এবং পঁচিশ বছরে অবিবাহিত পুরুষ বৃদ্ধের পর্যাযভুক্ত বলে গণ্য হয়। ক্রমে উনবিংশ শতকে বঙ্গদেশে বাল্যবিবাহ অনেক ক্ষেত্রে শিশুবিবাহে পরিণত হয়। উনিশ শতকের প্রথমার্ধে ইংরেজী শিক্ষিত মানুষের কাছেও বাল্যবিবাহ রোমান্টিকতার আবহে আদরণীয় বোধ হয়।

শারিরীক ও মানসিক উভয় ক্ষেত্রেই বাল্যবিবাহের অনিবার্য কুফলগুলি সমাজকে ক্রমশ অধঃপতিত করে তোলে। বালিকা কন্যা শিক্ষালাভের সুযোগ থেকে বঞ্চিত হয়, মানসিক উৎকর্ষ বৃদ্ধিকারী অন্যান্য গুণের অনুশীলনের প্রশ্ন অবান্তর ও অবাঞ্ছিত হয়ে ওঠে, অকাল যৌনতা ও অকাল সংসারপক্কতা তাকে গৃহ ধর্মপালনের একটি অতি প্রয়োজনীয় যন্ত্রমাত্রে পরিণত করে। জীবনের সৌন্দর্য ও বিচিত্রব্যাপকতা বিষয়ে সে থেকে যায় অনবহিত। জীবনযাপনের অর্থ তার কাছে শুধু দৈনন্দিন দিনযাপন।

বালবিবাহে ত্রুটিসমূহ সম্বন্ধে সমাজে সচেতনতার প্রথম প্রকাশ দেখা যায় ইয়ং বেঙ্গলদের মধ্যে। ১৮৩৯ খ্রিস্টাব্দে সাধারণ জ্ঞানোপার্জিকা সভায় পঠিত প্রবন্ধে

মহেশচন্দ্র দেব নারীর অবরোধ, অভিভাবকনির্দিষ্ট বিবাহ, বহুবিবাহ, বিধবার পুনর্বিবাহের উপর বিধিনিষেধ ইত্যাদি সমস্যা আলোচনা সূত্রে বাল্যবিবাহের বিরুদ্ধে তীব্র মত ব্যাক্ত করেন। বস্তুতঃ যুক্তিবাদনির্ভর পাশ্চাত্যশিক্ষাপ্রাপ্ত অনেকের কাছেই সমস্যাটি ছিল ব্যাক্তিগত দাম্পত্য জীবনে ভাববিনিময়ে অসম্পূর্ণতা বা ব্যর্থতার সমস্যা। এঁদের অধিকাংশের বিবাহ হয়েছিল কৈশোরে এবং অভিভাবকনির্দেশে। এদিকে নতুন শিক্ষার ফলে আহূত নতুন বিশ্বাসের উদ্দীপনা ও পুরাতন প্রথা ভাঙার আবেগের প্ররোচনায় এই ইয়ংবেঙ্গল গোষ্ঠী বিস্ফোরকভাবে সক্রিয় হয়ে ওঠে। ঐতিহ্যশাসিত ও সংস্কারবদ্ধ পরিবেশে লালিত প্রায়-অশিক্ষিত স্ত্রীদের সঙ্গে এই তরুণদল অনেকের মানসিক সাযুজ্য ছিল না। সমস্যার দিকে দৃষ্টি আকর্ষণ কিংবা কু-প্রথার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ছাড়া জ্ঞানোপার্জিকা সভা কোন সুনির্দিষ্ট কর্মপন্থা অবলম্বন করে আন্দোলন গড়ে তুলতে পারেনি। বস্তুত বিশুদ্ধ জ্ঞানচর্চার কেন্দ্র বা স্ট্যাডি সার্কল হিসাবেই সভাটি পরিগণিত হওয়ার যোগ্য।[১] কিন্তু তা সত্ত্বেও সেকেলে সমাজে প্রচলিত কু-প্রথাগুলি সম্বন্ধে বলিষ্ঠ প্রতিবাদ জ্ঞাপন করে এবং নারীর সামাজিক দুর্দশার কারণগুলি দিকে অঙ্গুলিসংকেত করে জ্ঞানোপার্জিকা সভা নিশ্চিত এক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ভূমিকা পালন করেছে।

বাল্যবিবাহ যে বহু সামাজিক অকল্যাণের হেতু এই ধারণা ক্রমশ কিছুসংখ্যক মানুষের মনে সচেতন প্রতিক্রিয়ার সৃষ্টি করতে থাকে। ১৮৪২ খ্রিস্টাব্দে বেঙ্গল স্পেক্টেটরে 'কস্যচিৎ বন্ধোঃ' স্বাক্ষরিত একটি পত্রে বাল্যবিবাহের দোষ প্রকটিত করে এই প্রথা নিবারণের আহ্বান জানান হয়। বিদ্যাদর্শন পত্রিকাতেও এতদ্দেশীয় স্ত্রীলোকদিগের ব্যাভিচারের কারণ' পত্রের সঙ্গে সম্পাদকীয় মন্তব্য জানান হয় যে কন্যার বয়ঃপ্রাপ্তির আগে তাকে বিবাহদান দম্পতির প্রণয় সুখের অন্তরায়। অতঃপর ১৮৪৩ খ্রিস্টাব্দে তত্ত্ববোধিনী পত্রিকা প্রকাশিত হলে সম্পাদক অক্ষয় কুমার দত্ত অত্যন্ত বলিষ্ঠভাবে যুক্তপূর্ণ ব্যাখ্যার সাহায্যে বাল্যবিবাহের অনিষ্টকারীতা প্রমাণ করেন এবং এই প্রথার বিরোধিতা করেন। পরবর্তী দশকে বাল্যবিবাহ বিরোধী আলোচনা ব্যাপকতর রূপ পরিগ্রহ করে। বস্তুত বিবাহকেন্দ্রিক সব প্রথার বিরুদ্ধে সমাজে এই সময়ে আন্দোলন আরম্ভ হয়। সুতরাং বিধবাবিবাহ প্রচলন ও বহুবিবাহ উচ্ছেদের জন্য যেমন একদিকে প্রচেষ্টা তীব্রতর হয়, তেমনি। বাল্যবিবাহ নিবারণের প্রয়োজনীয়তা আরও অনুভূত হয়। এইসব 'অশেষ' দোষকারক কুৎসিত নিয়মগুলি নিরাকরণ করার উদ্দেশ্যে ১৮৫০ খ্রিস্টাব্দে সর্বশুভকারী প্রতিষ্ঠিত হয় এবং 'সর্বশুভকারী' পত্রিকা নামে ঐ সভার মুখপত্রে প্রথম সংখ্যায় একটি প্রবন্ধের সাহায্যে বিদ্যাসাগর 'বাল্যবিবাহে দোষ' প্রতিপাদন করেন। তাছাড়া বাল্যবিবাহের কুফলগুলি প্রদর্শন করে এই সময়ে কয়েকটি নাটকও রচিত হয়। এছাড়া তত্ত্ববোধিনী, বামবোধিনী, সোমপ্রকাশ ইত্যাদি পত্রিকাও বাল্যবিবাহ বিরোধী রচনা প্রকাশ করে জনমত প্রভাবিত করার প্রচেষ্টা অব্যাহত ১৮৬০-এর সূচনা

থেকে কেশব চন্দ্র সেনের নেতৃত্বে ব্রহ্মসমাজের মাধ্যমে সমাজ সংস্কারক আন্দোলন বিশেষ গতিশীলতা প্রাপ্ত হয়। বাল্যবিবাহের বিরুদ্ধে নানারকম মত এই সুত্রে উৎসাহের সঙ্গে প্রচারিত হতে থাকে। এই আন্দোলনের ঢেউ পূর্ববঙ্গের ঢাকা, বরিশাল শহরে পৌঁছায় এবং অত্যান্ত প্রবল হয়ে ওঠে।

বাল্যবিবাহ আন্দোলনে অন্যতম প্রধান ব্যক্তিত্ব ছিল কেশব চন্দ্র সেন। ১৮৭১ খ্রিস্টাব্দে কেশব চন্দ্র Social Reform Association নামে এক সভা স্থাপন করেন এবং এই সভার সভাপতি হিসাবে নারীর সর্বনিম্ন বিবাহের বয়স নির্ধারণ করবার জন্য মত সংগ্রহের উদ্দেশ্যে ১লা এপ্রিল, ১৮৭১ খ্রিস্টাব্দে বিভিন্ন খ্যাতনামা চিকিৎসকের কাছে একটি মুদ্রিত সার্কুলার প্রেরণ করে। উপযুক্ত বয়স এই সার্কুলারের উত্তরে বিভিন্ন চিকিৎসকের মত ছিল বিভিন্ন। যেমন-ডা. চন্দ্র কুমারদের মতে, সর্বনিম্ন বয়স১৪ বছর।ডা. এ. ভি. হোয়াইট এর মতে, সর্বনিম্ন বয়স ১৫ থেকে ১৬ বছর।ডঃ বিবিসমিক এর মতে সর্বনিম্ন বয়স ১৬ এবং উপযুক্ত বয়স ১৮ থেকে১৯ বছর।ডা. জে. আর. ফেরার এর মতেও সর্বনিম্ন বয়স হল১৬ এবং উপযুক্ত বয়স ১৮ থেকে ২০ বছর।ড. মহেন্দ্রলাল সরকারের মতে সর্বনিম্ন বয়স ১৬ বছর এবং উপযুক্ত বয়স ১৮ বছর। ডাক্তার আত্মারাম পাণ্ডুরং এর মতে,সর্বনিম্ন বয়স কুড়ি বছর। তবে এর আগে ১৮৭০ খ্রিস্টাব্দে ডা. গঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায় মত প্রকাশ করেন যে কন্যা ঋতুমতি হওয়ার অন্তত দু-বছর পর বিবাহ দেওয়া উচিত। অর্থাৎ চিকিৎসকগণ শারিরীক কারণেই বাল্যবিবাহের বিরোধী ছিলেন। কিন্তু চিকিৎসকদের মত যতই বাল্যবিবাহ বিরোধী হোক না কেন জনমত তখনো ব্যাপকভাবে বাল্যবিবাহের অনুকুলে ছিল। লোকবাধা যাতে বেশী না হয় সেই জন্য চিকিৎসকদের প্রদত্ত বয়সের মধ্যে থেকে নিম্নতমটিকে (অর্থাৎ ১৪ বছর) গ্রহণ করে কেশব চন্দ্র সেন আইন প্রবর্তনের উদ্যোগী হন। কয়েক বছর ধরেই তিনি আইনের মারফৎ বিবাহ সংস্কারে প্রচেষ্টায় নিযুক্ত ছিলেন। অবশেষে অনেক বিতর্ক ও সংশোধনীর পর ভারত সরকার ১৮৭২ খ্রিস্টাব্দে বিশেষ বিবাহ বা তিন আইন পাস করেন। এই আইন অনুসারে বিবাহে কন্যার নিম্নতম বয়স ১৪ ও পাত্রের ১৮ নির্দিষ্ট হয়। এই তিন আইন বা বিশেষ বিবাহ বিধি বাল্যবিবাহের বিরুদ্ধে একটি উল্লেখযোগ্য প্রদক্ষেপ সন্দেহ নেই, কিন্তু আইনটি সমাজের একটি অতি ক্ষুদ্র অংশে প্রযোজ্য ছিল।

১৮৭২ খ্রিস্টাব্দে বিশেষ বিবাহবিধি অনুযায়ী শুধু বাল্যবিবাহ অবৈধ বলে ঘোষিত হয় না। এই আইনের দ্বারা বহু বিবাহকে দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য করা হয়। আদি ব্রহ্মসমাজের নেতৃবৃন্দ, বিশেষত রাজনারায়ণ বসু ও দেবেন্দ্রনাথ ঠাকুর এই আইনের ঘোর বিরোধী ছিলেন। রাজনারায়ণ বসু বলেন, "সিভিল বিবাহ আইনের প্রতি আমার

প্রধান আপত্তি এই যে ব্রহ্মের সম্মুখে ব্রহ্মনিষ্ঠ আচার্য দ্বারা ব্রহ্মনিষ্ঠ ব্রহ্মের সম্মুখে যে বিবাহক্রিয়া সম্পাদিত হইল সে বিবাহের সন্তান সুজাত বলিয়া গণ্য হইবে না, যে পর্যন্ত না এমন এক ব্যক্তি, যাহার সহিত ধর্মের কোন সম্পর্ক নাই অর্থাৎ রেজিস্ট্রার, বলেন ঐ বিবাহ বৈধ। ধার্মিক ব্যক্তিরা এই বিবাহ পদ্ধতি কি প্রকারে অনুমোদন করেন। তাহা বুঝিতে পারি না। কিন্তু বৃহত্তর হিন্দু সমাজ এই আইন বিষয়ে উদাসীন ছিল, কারণ এই আইন তাদের সম্পর্কে প্রযোজ্য ছিল না। প্রকৃতপক্ষে উনবিংশ শতাব্দীর শেষ ভাগে এবং বিংশ শতাব্দীর সূচনাতেও সমাজের অধিকাংশ মানুষ এবং বহু শিক্ষিত মানুষ নানা কারণে বাল্যবিবাহের প্রতি আস্থাশীল ছিলেন। বাল্যবিবাহের ফলে দীর্ঘদিন একত্রবাসের দরুণ দম্পতির প্রণয় জন্মে, বাল্যবিবাহ হলে ব্যাভিচার ঘটে না। এছাড়া যুক্তি ছিল 'বায়োধিকদিগের বিবাহটা যেন কেমন দেখায়। সুতরাং বাল্যবিবাহ অব্যাহত গতিতে চলতে থাকে। ১৮৮৪ খ্রিস্টাব্দে বোম্বাইয়ের বিখ্যাত সমাজসংস্কারক বি.এম. মালাবারি বাল্যবিবাহ ও বিধবা সমস্যা সংক্রান্ত একটি পুস্তিকা পদস্থ সরকারী কর্মচারী ও জনগণের মধ্যে ব্যাপক প্রচার করেন। ফলে বাল্যবিবাহের কুফলগুলি সম্বন্ধে যথেষ্ঠ সচেতনতা জাগ্রত হয় ও সরকারও সমস্যাগুলির বিষয়ে সম্যক অবহিত হন। কিন্তু প্রাচীনপন্থীরা এ বিষয়ে সরকারের হস্তক্ষেপের বিরোধিতা করতে থাকেন। ইতিমধ্যে ১৮৮৯ খ্রিস্টাব্দে জনৈক হরিমোহন মাইতি তার ১১ বছরের বালিকা স্ত্রী ফুলমনির সঙ্গে বলপূর্বক সহবাস করলে মেয়েটির মৃত্যু হয়। এই ঘটনা জনমনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি করে। বাল্যবিবাহবিরোধীগণ এই সূত্রে আন্দোলন তীব্রতর করে তোলেন। কলকাতা Health Society এবং পঞ্চান্নজন মহিলা ডাক্তার মহারাণী ভিক্টোরিয়ার কাছে এক আবেদনপত্র প্রেরণ করেন।[২]

রক্ষণশীল হিন্দু সমাজের পক্ষ থেকে এইসব প্রচেষ্টার তাঁর বিরোধিতা করা হয়। ১৮৯১ খ্রিস্টাব্দে ঢাকায় এক প্রতিবাদ সভায় জগন্নাথ কলেজের তৎকালীন অধ্যক্ষ কুঞ্জলাল নাগ প্রবল প্রতিবাদ করেন। ঢাকায় অনুষ্ঠিত পরবর্তী আর এক প্রতিবাদ সভায় বহু মুসলিম জমিদার ও আইনজীবী তীব্র প্রতিবাদ করে জানান এর ফলে সুযোগসন্ধানীরা মেয়েদের ইজ্জত নষ্ট করবে। অবশেষে প্রধানত মালাবারির চেষ্টায় ১৮৯১ খ্রিস্টাব্দের ১৯শে মার্চ সহবাস সম্মতি প্রণিত হয়। এই আইন অনুসারে বারো বছরের কম বয়সের মেয়েদের সঙ্গে সহবাস স্বামীর পক্ষে দণ্ডনীয় অপরাধ বলে ঘোষণা করা হয়। আইনটি প্রসঙ্গে রবীন্দ্রনাথের বক্তব্য ছিল যে, অর্থনৈতিক কারণে বাল্যবিবাহ এমনিতেই বন্ধ হয়ে যাবে, সহবাস সম্মতি বয়স স্থির করবার প্রয়োজন নেই।[৩] সহবাস সম্মতি বিলের প্রস্তাব বিদ্যাসাগরের কাছে ত্রুটিপূর্ণ বোধ হয়েছিল। তাঁর প্রস্তাব ছিল কন্যা ঋতুমতি হওয়ার আগে স্ত্রী সহবাস নিষিদ্ধ করা হক। কারণ ঋতুর সূচনাকালের নির্দিষ্ট বয়স নেই এবং কন্যাভেদে তার অগ্রপশ্চাৎ ঘটে।

বিদ্যাসাগরের ধারণা ছিল প্রস্তাবিত বিলটির তুলনায় তাঁর প্রস্তাবিত ব্যবস্থায় ব্যাপকতর ও অধিকতর বাস্তব স্বার্থ রক্ষিত হবে। তাছাড়া ব্যবস্থা গ্রহণ করলে ধর্মীয় লোকাচারে হস্তক্ষেপের অভিযোগও উঠবে না। সুতরাং তিনি প্রস্তাব করেন ঋতু আরম্ভ হওয়ার পূর্বে স্ত্রী সহবাস দণ্ডনীয় হক।[৪]

বাল্যবিবাহবিরোধীগণ নানা প্রতিবন্ধকতা সৃষ্টি করে এই প্রথাকে নিরুৎসাহ করার প্রস্তাব দেন। বাল্যবিবাহকারী ছাত্রকে বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার অনুমতি না দেওয়া কিংবা সরকারী চাকরীতে বিবাহহিতের পরিবর্তে অবাবিহিত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া ইত্যাদি প্রস্তাবগুলি সরকারকে দেওয়া হয়। কিন্তু এই ধরণের কঠোর প্রস্তাব গ্রহণে সরকার সম্মত হন না। এদিকে ১৮৭২ খ্রিস্টাব্দে তিন আইন কেশব চন্দ্র সেনের নেতৃত্বাধীন ভারতবর্ষীয় ব্রহ্মসমাজ প্রবর্তিত নতুন নতুন বিবাহ রীতিকে আইনসম্মত স্বীকৃতি দান করে। উপরন্তু এই আইনে কন্যা সম্প্রদানের পরিবর্তে পাত্র ও কন্যার সমান অধিকারের ভিত্তিতে বিবাহ প্রতিজ্ঞা প্রবর্তিত হয়। সমকালীন যুগের পরিপ্রেক্ষিতে এই আইনটি অতি অগ্রসর মনে হলেও শিবনাথ শাস্ত্রী প্রমুখ কিছু ব্রহ্মা যুবকের কাছে আইনটি যথেষ্ট প্রগতিশীল বিবেচিত হয়নি। বিপিনচন্দ্র পাল, সুন্দরীমোহন দাস, মানচন্দ্র মিত্র প্রভৃতি ব্রহ্মাবন্ধুসহ এই দলভুক্ত সকলে প্রতিজ্ঞা করেন যে, পুরুষের ২১ এবং কন্যার ১৬ বছর পূর্ণ হওয়ার পূর্বে কেউ বিবাহ দেবেন না বা সেই বিবাহের পৌরহিত্য করবেন না।

মুসলিম সমাজেও বাল্যবিবাহবিরোধী মত প্রকাশ করে সমাজসচেতনতা জাগ্রত করার চেষ্টা করা হয়। ময়মনসিংহ জেলার সাব ডেপুটি নওশের আলি খাঁ ইউসুফজয়ী বঙ্গীয় মুসলমান প্রস্থে বাল্যবিবাহের বিরুদ্ধে মত প্রকাশ করেন। মনিরুজ্জামান ইসলামীবাদী নারীজাগরণের জন্য সমাজকে সচেতন করতে প্রয়াসী হন এবং অন্যান্য কুপ্রথার সঙ্গে বাল্যাবিবাহরূপে অনিষ্টকারক প্রথাকে সামাজিক শাসনদ্বারা উচ্ছেদ করার কথা বলেন। ইংরেজি শিক্ষিত নব্য মুসলিম সমাজের অন্যতম অগ্রগণ্য ব্যক্তি ইসমাইল হোসেন সিরাজী মুসলমান মেয়েদের উন্নতির জন্য বাল্যবিবাহ ও বহুবিবাহের বিরুদ্ধে মত প্রকাশ করেন। বস্তুত মুসলিম সমাজের শিক্ষিত সম্প্রদায় বিবাহিত জীবনে সুখ ও মানসিক শান্তির জন্য নারীর সকল প্রকার অগ্রগতি যে প্রয়োজনীয়তা উপলব্ধি করতে থাকেন।[৫] তবে হিন্দু সমাজ সংস্কারক ও ব্রহ্মসমাজের উদ্যোগে বাংলার অমুসলমান শ্রেণীর মধ্যে নারী উন্নয়ন বিষয়ে যে অপেক্ষাকৃত অধিক সচেতনতা দেখা যায়, নানা কারণে বিংশ শতাব্দীর প্রারম্ভ পর্যন্ত মুসলমান সমাজে তার অনুপস্থিতি পরিলক্ষিত হয়।

তথ্যসূত্র:

১. দিলীপকুমার বিশ্বাস, রামমোহন রায়, ডিরোজিও ও ইয়ং বেঙ্গল, ঊনিশ শতকের বাংলার কথা ও যোগেশচন্দ্র বাগল, পৃ.-229

২. রমেশচন্দ্র মজুমদার, পৃ.-১৩৬

৩. চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়, 'সমাজ সংস্কার', পৃ.-২৪৩

৪. বিদ্যাসাগর, অশ্রুকুমার সিকদার , দেবেশ রায়; পৃ.-১১৬

৫. মালেকা বেগম, বাংলার নারী আন্দোলন, পৃ.- ৫২,৫৩

7

বাংলার আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতির ইতিহাস চর্চার বর্তমান ধারা

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
মিতালী পাল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

কতকগুলি অঞ্চল নিয়ে একটি দেশ গড়ে ওঠে। এই দেশের সংস্কৃতির প্রধান বৈশিষ্ট্য গুলি প্রভাব প্রতিটি অঞ্চলে পড়া স্বাভাবিক। কিন্তু কোন একটি অঞ্চলের বিশেষ কোন বৈশিষ্ট্যও সমগ্র দেশে দেখা নাও যেতে পারে। তাই প্রতিটি অঞ্চলই ইতিহাস ও সংস্কৃতির একেকটি ক্ষেত্র। এদের সব কয়টি কে চিনতে না পারলে দেশকে বা দেশের সাংস্কৃতিক পরিমণ্ডল ও তার বৈচিত্র কে বোঝা যায় না। একথা ভারতের মতো ভৌগোলিক অর্থে কোনো বড় দেশের পক্ষে বিশেষভাবে প্রযোজ্য।

বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ নিয়েই যেমন দেহ তেমনি নানা অঞ্চল নিয়েই দেশ। কিন্তু মুশকিল হচ্ছে যে দেহের অঙ্গ-প্রত্যঙ্গের অবস্থান ও পরিচয় সম্পর্কে আমরা যতটা স্থির হতে পারি, অঞ্চলের সংজ্ঞা সম্পর্কে ততটা স্থির হতে পারি না। এর কারণ অঞ্চলের সঙ্গ নির্ণয়ের সমস্যা। প্রশাসনের সুবিধার জন্য কোন প্রদেশকে যেসব জেলায় ভাগ করা হয় তাদের যে কোন একটিকে অঞ্চল হিসেবে নির্দিষ্ট করা যায়। কিন্তু দুটি পাশাপাশি জেলার ইতিহাস ও সংস্কৃতির ধারা মোটামুটি ভাবে একই রূপ হতে পারে। উদাহরণ হিসেবে বীরভূম ও বর্ধমানের অন্তত একাংশের উল্লেখ করা যায়। অন্যদিকে একই জেলার মধ্যে যথেষ্ট পার্থক্য থাকতে পারে। যেমন- দেখা যায় দার্জিলিং জেলার পার্বত্য ও সমতল ভাগের মধ্যে। সুতরাং অঞ্চলের কখনো প্রশাসনিক ভাগের মাপকাঠিতে করা গেলেও ভৌগোলিক বৈশিষ্ট্য, জীবনধারা ও বাস্তব সংস্কৃতির উপর বেশি জোর দিয়ে আঞ্চলিক বিভাজন করা বোধ হয় যুক্তিযুক্ত হবে।

পশ্চিমবঙ্গের দক্ষিণে অবস্থিত দক্ষিণ চব্বিশ পরগনার প্রাচীন ইতিহাস সুদীর্ঘ সমৃদ্ধি। এই জেলার আয়তন ১৩২১২ বর্গ কিমি। এই জেলার পূর্বে রায়মঙ্গল নদী ও বাংলাদেশ পশ্চিমে ভাগীরথী হুগলি নদী ও মেদিনীপুর জেলা, উত্তরে নদিয়া ও দক্ষিণে ঘন অরণ্যে আবৃত সুন্দরবন ও বঙ্গোপসাগর অবস্থিত। প্রাচীনকালে এই জেলা সমতট, পুণ্ড্রবর্ধন ভুক্তি ও বঙ্গ জনপদের অন্তর্গত ছিল। টলেমির ভূগোল এই জেলা গঙ্গারিডি সভ্যতার অন্তর্গত ছিল। হান্টার এর বর্ণনা অনুযায়ী বিশিষ্ট নদী ভাগীরথী, ইছামতি বিদ্যাধরী, কালিন্দী, পিয়ালী রায়মঙ্গল, বেতনা, শোনাই, প্রভৃতি পলিমাটি দ্বারা এই জেলা গঠিত হয়। চব্বিশ পরগনার সমন্বয়ে গঠিত হওয়ায় এই জেলার নামকরণ

হয়েছে চব্বিশ পরগনা। ১৭৫৭ সালের ২০ শে ডিসেম্বর চব্বিশ পরগনা জেলার জন্ম। অতি প্রাচীনকাল এই অঞ্চলের নদীগুলি বসতি স্থাপন, যোগাযোগ ব্যবস্থা নগর ও বন্দর স্থাপন বাণিজ্যিক প্রসারে ও পণ্য পরিবহনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। জলপথ স্থল পথের পাশাপাশি বহু নগর ও বন্দরের অবস্থান চব্বিশ পরগনার ইতিহাস ও সংস্কৃতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই জেলার মানবসংস্কৃতির ইতিহাস ও তার প্রাচীনত্ব নিয়ে গবেষক মহলে বিতর্ক লক্ষ্য করা যায়। এই অঞ্চলের প্রাচীন ইতিহাস ও সংস্কৃতি আদি ঐতিহাসিক যুগ থেকে আদি মধ্যযুগীয় সমকালের মধ্যে আবদ্ধ হয়েছিল। চব্বিশ পরগনার বিভিন্ন অঞ্চলে মৌর্য যুগ থেকে পালসেন যুগের বহু প্রত্নতাত্ত্বিক নিদর্শন গুলিই এই অঞ্চলের প্রাচীন অজানা ইতিহাস ও সংস্কৃতির সাক্ষ্য বহন করে।

চব্বিশ পরগনা জেলা এর অন্তর্ভুক্ত অঞ্চলের ইতিহাস শুরু হয় প্রাগৈতিহাসিক যুগ থেকে। এই ইতিহাস লিখবার উপাদান গুলি ছড়িযে আছে নানা ধরনের পুরা বস্তু (যেমন- প্রাগৈতিহাসিক মানুষের হাতিয়ার, তৈজসপত্র ভাস্কর্য লেখমালা ইত্যাদি), পুরাকীর্তি (যেমন- মন্দির, মসজিদ, গির্জা, প্রাসাদ, ইত্যাদি), প্রাচীন ও মধ্যযুগের গ্রন্থাদি ও বিভিন্ন ধরনের দলিল, আধুনিক যুগের নানা প্রতিবেদন, লোক ও জীবনের বিভিন্ন প্রকাশ ইত্যাদির মধ্যে। এগুলির ভিত্তিতে এই অঞ্চলের রাজনৈতিক, শাসনতান্ত্রিক, আর্থিক, ধর্মীয়, শৈল্পিক ও সাংস্কৃতিক ইতিহাস রচনা করা সম্ভব হবে। তবে এই ইতিহাস লেখার সময় এই অঞ্চলের প্রাকৃতিক বৈশিষ্ট্য ও মানুষের জীবনের উপরে তার প্রভাবের কথা মনে রাখতে হবে। মনে রাখতে হবে যে, প্রাগৈতিহাসিক যুগে এখানে অস্ট্রিক ভাষাভাষী লোকেদের বসতি যেমন ছিল, তেমনি প্রাকৃত ও সংস্কৃতির প্রচলের পরেও আধুনিক যুগে সুন্দরবন অঞ্চলে চাষ ও জনবসতি বাড়াবার জন্য শাসন কর্তৃপক্ষ মুণ্ডা, সাঁওতাল, হো, প্রভৃতি আদিবাসীদের অর্থাৎ অস্ট্রিক ভাষাভাষীদের নতুন বসতির পত্তন করেন। এছাড়া মধ্যযুগে বিদেশীদের এবং ফারসি ভাষাভাষী লোকেদের উপস্থিভির ফলে আঞ্চলিক ভাষার বৈচিত্র বেরিয়েছিল। দীর্ঘদিন প্রতিকূল প্রাকৃতিক পরিবেশে পশ্চিমবঙ্গ অঞ্চলের মূল সমাজের পরিবেশ থেকে খানিকটা বিচ্ছিন্নভাবে জীবনযাত্রা নির্বাহ করার জন্য মধ্যযুগ বা আধুনিক যুগের গোড়ার দিক অবধি এই অঞ্চলে এক ধরনের স্বয়ংসম্পূর্ণ আর্থসামাজিক কাঠামো উঠেছিল। এই কাঠামো জল, জঙ্গল ও কৃষি নির্ভর। লোকসংস্কৃতি গড়ে উঠেছিল অনেকটা, এই অবস্থার মধ্য দিয়েই। ব্যাঘ্র ও কুমির সংকূল অঞ্চলে এদের আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য সৃষ্টি হয়েছিল বাঘের দেবতা দক্ষিণ রায়, কুমিরের দেবতা কালু রায় ইত্যাদি। বাদাবনের দেশের অধিষ্ঠাত্রী দেবী হলেন বনবিবি, যার ভক্ত মণ্ডলীদের মধ্যে হিন্দু ও মুসলমান দুই সম্প্রদায়েরই লোকেরা আছেন। এছাড়া হিন্দু ধর্মের দেবদেবী বা তাদের ভাবনা দ্বারা প্রভাবিত লোক দেবদেবী আছে। লোক দেবতা ও দেবীদের

উদ্ভব ও বিকাশ সম্পর্কিত গবেষণা সমন্বয়ধর্মী ভারতীয় সংস্কৃতির ইতিহাসে নতুন জ্ঞানের সন্ধান দিতে পারে। আলোচ্য অঞ্চলের লোকোসংস্কৃতির বিভিন্ন দিক সম্পর্কে বিস্তৃত আলোচনার যথেষ্ট অবকাশ এখনো আছে। এখন এই গবেষণা সম্পূর্ণ করার চেষ্টা করা উচিত। কারণ ক্রমাগত পশ্চিমবঙ্গের আধুনিক সমাজের ভালো ও মন্দের প্রভাব এখানে যত বাড়বে তত হারিয়ে যাবে ঐতিহ্যবাহী জীবনযাত্রার পরিবেশ। এই অঞ্চলের জীবনযাত্রা আধুনিকীকরণের বিভিন্ন পর্যায় এবং আধুনিক জীবনের নানা দিক ও আমার অনুসন্ধানের বিষয় হতে পারে।

একদা আর্যগণ কর্তৃক অস্পৃশ্য, ঘৃণ্য এই বঙ্গ দেশের লোক অন্যব্রত বা ব্রাত্য বলে খ্যাত হত। বোধায়নের ধর্ম সূত্র থেকে জানা যায় বাংলার প্রাচীনতম আদিবাসীরা ছিল দীর্ঘ মস্তক বিশিষ্ট অনার্য, কৃষ্ণবর্ণের। নৃতত্ত্ববিদেরা এদের বলেছেন প্রোটোস্ট্রালয়েড। দ্রাবিডীয়, আলপাইন, এদের ভাষা ছিল অস্ট্রিক, দ্রাবিড় ইত্যাদি। পাঞ্জাব থেকে থাইল্যাণ্ড পর্যন্ত এই ভাষা গোষ্ঠীর লোক সম্প্রসারিত। এই ভাষা গোষ্ঠীর সঙ্গে সর্বশেষ সমন্বয়ে ঘটলো আর্য ভাষা গোষ্ঠীর লোকেদের। আর্যেতর ভাষার মধ্যে অস্ট্রিক ভাষা বাংলা ভাষাকে প্রভাবিত করেছে। বাংলার আদিমতম অধিবাসী এই যে আর্যগণ এরা সকলেই কিন্তু চাষী ছিল না। ভূপ্রকৃতির বিচ্ছিন্নতা ও বৈচিত্রের জন্য এরা কর্ম ও জীবিকার দিক থেকে ছিল বিভিন্ন। এদের মধ্যে অনেকেই ছিল নিষাদ, কিরাত, যাযাবর। ধনু ধনুক পিনাক বান রসুন ইত্যাদি শব্দ আর্যেভর জনগোষ্ঠীর জীবনযাত্রার প্রতি ইঙ্গিত করে। লোকায়ত বঙ্গসংস্কৃতির ধারা বিপুল এবং সুবিস্তৃত। এই লোকায়ত উপকরণই বাংলাদেশের সংস্কৃতির মৌলিক উপকরণ। বাংলার ধর্মকর্ম, পূজা পার্বণের সবটাই লোকায়ত।

বাংলাদেশের লৌকিক দেবদেবীর মধ্যে শীতলা, চণ্ডী, কালী, বেহুলা, রাধা এবং উৎসবের মধ্যে গাজন, গম্ভীরা, চড়ক, হোলি ইত্যাদি আর্যের অনার্য যথার্থ নিদর্শন রয়েছে। তাই বাংলাদেশের সাংস্কৃতিক ইতিহাস অনুসন্ধান করতে হলে সমাজের নিম্নভূমিতে যে জনগোষ্ঠী বাস করছে তাদের আচার, অনুষ্ঠান, উৎসব, পালাপার্বণ,গান, গীতিকা ইত্যাদি বিশ্লেষণ করতে হবে। তবে এই দেশ এবং দেশজ সাংস্কৃতির যথার্থ রূপ উদ্‌ঘাটিত হবে। ডক্টর নিহার রঞ্জন রায় মানুষের সামাজিক জীবন প্রসঙ্গে বলেন: মানুষ সামাজিক জীব সমাজবদ্ধ হয়ে বাস করবার প্রেরণায় ও প্রযোজনে নানা কর্মসূত্রকে আশ্রয় করে এক একটি সমাজ সে গড়ে তোলে, নিজেরই পরিপূর্ণ। ধর্ম, কর্ম, শিল্পকলা, জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য দর্শন প্রভৃতি যেমন এই কর্মসূত্রের অন্তর্গত, রাষ্ট্র বন্ধন, বর্ণবন্ধন, গোষ্ঠী বন্ধন, ব্যবসা- বাণিজ্য, শস্য উৎপাদন, বন্ধন ক্রিয়া, আচার ব্যবহার, ছোট বড় যত কর্ম সমস্তই বিশেষ দেশ ও কালের সামাজিক কাঠামোর বিভিন্ন সূত্র বা অঙ্গ, যারা আবার একে অন্যের পারস্পারিক সম্বন্ধে যুক্ত হয়ে সমাজ দেহকে ধারণ করে রাখে।

বাঙালির জাতি মিশ্রণতার সধর্মের মধ্যেই তার অন্তর্নিহিত মানুষ পরিচয় সহজলভ্য। সেই জন্য বাঙালি ধর্ম কর্ম ও দেবদেবীর পরিচয় অনুসন্ধান আজকের দিনে খুবই প্রয়োজনীয় গবেষণা বলে বিবেচিত হবে। বাংলাদেশের বনদেবতা বাঙালির মানুষ অগতের এক সন্তালোকের পরিচয় আমাদের কাছে নিয়ে আসবে।

বস্তুত বাঙালির ধর্ম কর্মের গোড়ার ইতিহাস হল বাংলার অধিবাসিদেরই প্রথা আচার, অনুষ্ঠান, বিশ্বাস, সংস্কার প্রকৃতির ইতিহাস। বাংলাদেশের পূজা পার্বণের শেষ নেই। গাছ পাথর পশুপাখি প্রজনন শক্তি কৃষি, শস্য, ঘট পট, ষষ্ঠী, মনসা, চণ্ডী, শীতলা, বিশালক্ষী, পঞ্চানন, বরাহ, ভৈরব, দক্ষিণ রায়, বনবিবি সিংবসা, মারাংবুরু আরও অসংখ্য গ্রাম দেবতা যুগ যুগ ধরে গ্রাম বাংলার সংস্কৃতি প্রবাহকে সজীব করে রেখেছে। এই দেবদেবী পরিকল্পনা ও পূজাচার বাঙালির অধিমানসের বাস্তব সাক্ষী। বাংলাদের জনগোষ্ঠীর বৈচিত্রের জন্যই এখানকার সংস্কৃতিও বৈচিত্র্যময় হয়ে উঠেছে। শুধু বাংলা কেন সমগ্র ভারতের এই জনবৈচিত্র সহজেই দৃষ্টিগোচর হয়।

বাংলাদেশের সাংস্কৃতিক জীবন বিকাশের ক্ষেত্রে আমরা উৎস থেকে আজ অনেক দূরে চলে এসেছি। অথবা যে উৎস আমাদের হৃদয়ের গভীরে, জীবনের অন্তর্মূলে, সমাজের মর্মে, তাকে সহজে দেখতে পাই না। সেই মর্মলোকে যাত্রা করতে হবে দেবতার উৎস সন্ধানে। আদিমকাল থেকে দেবচেতনার পিছনে মানুষের সংঘাত, ভয় ও ভক্তি কাজ করছে। আদিম মানুষ পাশে জগৎ জীবন ও তার বিস্ময়কর প্রকাশকে দেখে কোথাও বিস্মিত হয়েছে আবার কোথাও ভয়ও পেয়েছে। এই অতিপ্রাকৃত শক্তির কল্পনা করেছে মানুষ। দৃশ্যমান বস্তুকে আদিম মানুষ একদিকে যেমন সজল সজিব করে মনে রেখেছে, অন্যদিকে তেমনি এদের শক্তিকে অতিপ্রাকৃত মনে করেছে। এই মনন কল্পনার ফলে মানুষের জগতে এলো দৈবশক্তি। এই আদিম মনন কল্পনার অন্য নাম ধর্ম, যদিও ধর্ম এবং রিলিজিয়ন একই নয়। কেননা প্রাচ্য পাশ্চাত্য ধর্মের মতে পার্থক্য প্রচুর। যদিও প্রাচীন মানসিকতা এক ও অভিন্ন। প্রাচীন সভ্যতা বিশারদ সি.ই.এম জোয়াড বলেন- " Early religious ideas might be described as a mixture of fear and cupboard love." আদিম মানব মানবী মনে করতো প্রকৃতির এই বিস্ময়কর ও ভয়ংকর রূপ প্রকাশের পেছনে কোন এক অদৃশ্য শক্তি থাকে। এই অদৃশ্য শক্তি কিন্তু তাদের কল্পনায় একই রইল না। হয়ে গেল বহু ও বৈচিত্র্যময়।

বৃক্ষ পূজা সারা পৃথিবীতেই প্রচলিত রয়েছে। আদিম মানুষের কাছে দৃশ্যমান প্রকৃতিই ছিল প্রাণবন্ত। বৃক্ষের প্রাণ আছে বলেই আদিম মানুষ বৃক্ষকে নিয়ে রচনা করলো দেবপ্রতিমা। বিশেষজ্ঞরা মনে করেন আমাদের দেশে দুর্গাপূজার উৎপত্তি বৃক্ষ পূজা থেকে। প্রাচীনকালে কোন এক জনগোষ্ঠী কন্টক পূজা করত এবং তাদের মঙ্গল প্রার্থনা করে এই কন্ঠ বৃক্ষের সামনে বলি দিত। বাংলাদেশী বনদুর্গা বনবিবি থেকেই দশভূজা

দুর্গা প্রতিমার সৃষ্টি হয়েছে। এমশ্যামু বহু ভবেব- উপনিষদের পরমপুরুষদের এই বাণীই মূলত দেবতার বিশ্বমাত্রার মূল কথা।

বাংলাদেশের বিভিন্ন জায়গায় বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে বহু বনদেবতা আছে। বনবিবি, বনদুর্গা, মনসা, বনকালী, দক্ষিণরায়, দক্ষিণ-ঘরা, কালুরায়, যেমন- সোনারাম, বদরসাহেব,শিবসা, বনকুমারি, সিমি ইত্যাদি। ওরাও ও মুণ্ডারদের গ্রামে কুজ থাকে। 'পবিত্র কুঞ্জে' বনদেবতা থাকেন। পবিত্র কুঞ্জ ছেদন করলে বনদেবতা ক্রুদ্ধ হবেন এটাই তাদের বিশ্বাস ছিল। তেমনি আমাদের দুর্গাপূজায় যে 'নবপত্রিকা' বা' কলা বউ "পূজা করা হয় তাকে বৃক্ষ বন্দনার সজীব নিদর্শন করা যায়। তাই একথা নিঃসন্দেহে বলা যায় যে দুর্গা হলেন 'বনদুর্গার' বিবর্তিত রূপ।

বাংলায় ব্রতে, লোকাচারে, পালাপার্বনে গাছের পাতা, ফুল ফলের ব্যবহার এখনো অনিবার্যভাবে প্রয়োজন হয়। প্রকৃতি যে কত গভীর ভাবে বাঙালি মানব জীবনে প্রভাব ফেলেছিল এই প্রবণতা ও মানসিকতা তারই এক নিদর্শন। বাংলা গ্রামাঞ্চলে পথে পথে ঘুরলে প্রত্যেকে চোখে পড়বে 'বৃক্ষাশ্রয়ী খান'। বৃক্ষ বিহীন খান কল্পনা করা যেন ভারতবর্ষে অসম্ভব। ডঃ সুকুমার সেন বলেছেন- বাংলাদেশের অভ্যন্তরে অনুন্নত পল্লী কোথাও কোথাও এখনো পথে-ঘাটে বনে জঙ্গলে গাছ তলায় পুকুরের পাড়ে ক্ষেত খামারে নানা রকম অ-পৌরাণিক লৌকিক দেবদেবীর পূজা প্রচলিত আছে। ক্ষেত্রশালা, কালিয়া নানা, হেভাগ চণ্ডী, নেড়ায় চণ্ডী, বাঁকরাই চণ্ডী, ফেটাই-চণ্ডী, দিদি ঠাকুরণ, সন্ন্যাসী ঠাকুরণ, ইত্যাদি এই জাতীয় দেবতা"।

সমাজে নিম্ন স্তরে তখন অনার্স প্রথাগত স্থানীয় দেব-দেবী উপদেবতার পূজ প্রচলিত ছিল। পরবর্তীকালে পশ্চিমবঙ্গে এরকম কোন কোন দেব-দেবী স্থান প্রসিদ্ধ লা করে পিঠস্থানে পরিণত হয়েছে। ধর্মীয় আচার সংস্কার ইত্যাদির বিবর্তনের ফলে বাংলা তথা ভারতবর্ষের দেবদেবীর প্রতিমার পরিণত রূপ আজকে সহজলভ্য হয়েছে। মাটির চেলা, ত্রিকোনাকৃতি পাথর অথবা গোলাকার পাথর, বৃক্ষের গুড়ি, মাটির পুতুল ইত্যাদির রূপ এক পরিবর্তনের মধ্য দিয়ে এগিয়ে চলেছিল। সুন্দরের প্রতি মানুষের আকর্ষণ চিরকালের। এইরকম আকর্ষণের ফলে মানব প্রতিমা গড়ে উঠলো এক একটি দেবতার লৌকিক দেবতার মূর্তি সে কথার সভ্যতা প্রমাণ করেছে। "

চব্বিশ পরগনার মন্দির শিল্প ও মন্দির নির্মাণ পরিকল্পনা: যেকোনো মন্দির নির্মাণেই একটি নির্দিষ্ট উদ্দেশ্য ও লক্ষ্য থাকে। আরে উদ্দেশ্য সাধারণত এককেন্দ্রিক হলেও পরে তা বহুত্বব্যঞ্জক হয়ে ওঠে। মঠ বন্দী নির্মাণ ভাই বহুকারণের উপর নির্ভরশীল-

১. বিশেষ বিশেষ ধর্ম ও উপাসনা রীতি, পদ্ধতি এবং প্রেরণা।

২. আর্থিক সঙ্গতি ও পৃষ্ঠপোষকতা।

৩. মঠ মন্দির নির্মাণে শাস্ত্রীয় বিধি নিষেধ ।

৪. মঠ বা মন্দির পরিচালনা ও পূজা অর্চনা বিষয়ে দীর্ঘকালীন পরিকল্পনা এবং সেজন্য প্রয়োজনীয় সম্পদ সৃষ্টির আগাম প্রচেষ্টা।

৫. মঠ বা মন্দিরের পুরোহিতের নিয়ম ও তার নির্দেশ।

৬. উপাস্য কোন দেবতার প্রতিষ্ঠা হবে পরিকল্পিত মন্দিরে এবং সেই মূর্তির নির্মাণ ও প্রতিষ্ঠার পরিকল্পনা।

৭. ওই মূর্তি নির্মাণ শিল্পীর অনুসন্ধান ও নির্বাচন এবং মূর্তি নির্মাণে ব্যবহৃত উপাদান, যথা- মাটি, কাঠ, পাথর বা অন্য কিছু মাধ্যম নির্দিষ্ট করা।

৮. মন্দিরের স্থায়িত্ব বিষয়ে উপযুক্ত ও দক্ষ মন্দিরশিল্পী, দক্ষ ও অদক্ষ উপযুক্ত কারিগরদল সূত্রধর ও মৃৎশিল্পীর অনুসন্ধান।

৯. মন্দির তৈরির উপযুক্ত উপাদান, যথা- মাটি, বাঁশ, কাট, ইট, পাথর, ধাতু ইত্যাদির যোগান।

১০. মন্দিরের বাইরের এবং ভিতরের অংশের শিল্প পরিকল্পনা এবং সুষমা সৃষ্টি এবং সমৃদ্ধকরণ বিষয়ে পরিকল্পনা।

মন্দিরের সঠিক বাস্তব দৃষ্টিতে মন্দির নির্মাণের উপাদান গুলি যাই হোক, এক একটি দূরদৃষ্টি সম্পন্ন আধ্যাত্মিক ভাবধারা দেবালয় স্থাপনে মানুষকে অনুপ্রাণিত করে। দ্বিধাহীন নিশ্চিন্ত একটি চেতনা দেবালয় স্থাপনের পবিত্র ধরনাকে বৃদ্ধি করে। দেব কল্পনার পবিত্র ভাবধারায় পুষ্ট হয় দেবালয় ধারণা। তাই উপাদান তথা ইট, কাঠ, পাথরে গড়া বাসাময় ভাষার রূপ হলো দেবালয়। মানুষের হৃদয়ে অবস্থিত যে দেবতা দেবালয় বা মন্দিরের হৃদয়ে তথ্য মন্দিরের ভিতরে স্থাপিত হয়। মূল দেবতার দর্শনধারী মূর্তি। তাই দেবালয় বা স্থাপিত দেব মন্দির মানুষের হৃদয়েরই এক আবেগ। আমরা জানি -- "This humar body is the temple of god." ভারতীয়রা বিশ্বাস করে আত্মা এবং ঈশ্বর অভিন্ন এবং ঈশ্বরের মতো আত্মাও অমর। সেই ঈশ্বর রুপী অদৃশ্য আত্মাকে বাস্তবায়িত করতে মন্দিরে প্রতিষ্ঠা করে দেব মূর্তিকে। এই প্রতিষ্ঠিত দেবতা "হৃদয়" যা দেহ বা অবয়ব রূপ মন্দিরের ভিতরে বিরাজ করে। 'মন্দির' মানুষের দেহের একটি কাল্পনিক, কিন্তু বাস্তবায়িত বাহ্যিক রূপ। এইজ জন্যই মন্দিরের গঠন প্রক্রিয়ায় নিচ থেকে উপর পর্যন্ত নানা মানবিক প্রত্যঙ্গগত নামকরণ করা হয়। যেমন- পাদ, জাঙ্ঘ, বাড়, মস্তক ইত্যাদি। আবার এই মন্দিরকে কেন্দ্র করেই আমরা কাল্পনিক স্বর্গনিবাসী দেবলোকের সঙ্গে মনুষ্য লোকের বা মর্তের যোগাযোগ গড়ে তুলতে চেয়েছি। মন্দির শীর্ষ তাই বিমান নামে চিহ্নিত। উপরে আকাশের ভেতরের স্থানে যদি স্বর্গ থাকে তাহলে 'বিমান' বা মন্দির শিষ্যের মাধ্যমে তার যোগাযোগ ঘটবেই। মন্দিরের এই শীর্ষ বা চূড়ার সার্থকতা এখানেই।

মন্দির শিল্প কী: এই প্রসঙ্গে বলে দেওয়া প্রয়োজন যে মন্দির শিল্প বলতে আমরা যা বুঝি তাকে মোটামুটি তিনটি ভাগে ভাগ করা যায়-

১. মন্দিরের স্থাপত্য শিল্প বা মূল মন্দিরটির আকৃতি বা গঠন ।

২. মন্দিরের বাইরের শিল্প সুষমা অর্থাৎ মন্দিরের বাইরের অংশ প্লাস্টার বা প্লাস্টারের পরে দৃষ্টিনন্দনভাবে চিত্রিত খোদিত, রেখিভকরণ।

৩. মন্দিরের ভিতরে মূল দেবতার মূর্তি ভাস্কর্য, তার সুন্দর গঠন, কাঠ-পাথর-মাটি, ধাতু বা অন্য কিছু দিয়ে তৈরি যা মানুষকে ভক্তি ও শ্রদ্ধা প্রবন করে তুলবে।

মন্দিরশিল্পী : দেব মন্দিরের দৈর্ঘ্য, গ্রন্থ, উচ্চতা, ভিত্তি, দেয়ালের ঘনত্ব, চাতাল, দরজা, আঙ্গিক বৈচিত্র্য, শৈলী পাদ, মধ্যঅংশ, চূড়া ইত্যাদি স্থাপত্য রীতি বৈচিত্র্য এবং মূর্তি ভাস্কর্য ও বহিরাভারণ- সবকিছুই নির্ভর করে মূলত এই তিনটি বিষয়ের উপর। তা হল: প্রচুর অর্থ, উপযুক্ত স্থাপত্য বিশারদ এবং ওই স্থাপত্য বিশারদ এর পরিকল্পনা যথাযথ রসায়ণে সক্ষম হাতে-কলমে কাজ করা শিল্পী বা মিস্ত্রি। অর্থাৎ এই কাজ করতে গেলে একান্ত ভাবে প্রযোজনীয় দক্ষ রাজমিস্ত্রি, যার সুনিপুণ অভিজ্ঞতা স্থাপত্য বিশরদ এর কাজকে পূর্ণতা এনে দেবে। এই সবকিছু নিয়ে একটি দেব মন্দির সব দিক থেকে সুন্দরভাবে পূর্ণতা প্রাপ্ত হয়ে মানুষকে আকর্ষণ করে থাকে।

মন্দিরও স্থাপত্য রীতি : মন্দির বা দেবালয়ের গঠন প্রকৃতি নিয়ে কিছু বলার আগে আর একটা বিষয় একটু আলোচনা প্রযোজন। দক্ষিণ চব্বিশ পরগনার ভূ গঠন ও ভূমিস্বর নরম বালি ও কাদামাটি দিয়ে গঠিত। নদী ও সমুদ্রস্রোত প্রায় সবই। তাছাড়া নিম্ন গাঙ্গেয় অববাহিকায় অবস্থিত হওয়ার জন্য প্রায় প্রতিবছরই প্রতিকূল লবণাক্ত ঝড়ো আবহাওয়া, প্রবল বৃষ্টিপাত বন্যা ও সাইক্লোন প্রতিকূলতার সৃষ্টি করে। এই পরিস্থিতিতে কোন উঁচু দেবালয় বা মন্দিরের অস্তিত্ব বেশি দিন বাঁচিয়ে রাখা সম্ভব ছিল না।

দক্ষিণ চব্বিশ পরগনার মন্দিরগুলি স্থাপত্য বৈশিষ্ট্য দিক থেকে নিম্নরূপ। বাংলার মন্দিরগুলিকে স্থাপত্য শৈলী হিসেবে মূলত ছয়টি ভাগে ভাগ করা যায়। যথা- ১) চালামন্দির ২) রত্ন মন্দির ৩) দালান (৪)মঞ্চ ৫) মঠ ৬) দেউল

১) চালা মন্দির : চাল যুক্ত করে ঘরের মতো যে মন্দিরগুলি এই অঞ্চলের নিজস্ব বৈশিষ্ট্যে তৈরি হয় সেগুলি চালা মন্দির বা বাংলা মন্দির নামে পরিচিত। দুই চাল যুক্ত মন্দিরকে এক বাংলা বা দোচালা মন্দির বলে। সাধারণত চারটি চাল যুক্ত মন্দির এবং ওই চারচাকা মন্দিরের মতো মন্দিরের উপরে আরও চারটি ছোট চাল যুক্ত করে তৈরি যে মন্দির তাকে আটচালা মন্দির বলে। অনেকটা আটচালা দ্বিতল ঘরের মতো। দক্ষিণ চব্বিশ পরগনায় আট চলা মন্দিরই সবথেকে বেশি, যদিও চারচালা, বাংলা এর রেথ বা রত্ন দেউল এবং শিখর দেউল কিছু কিছু আছে। এছাড়াও মিশরীতির দেবদেউলও কিছু দেখা যায়।

২) রত্ন মন্দির : এই জাতীয় মন্দিরের ছাদটিকে অন্যভাবে না ঢেকে তার উপর একটি চূড়া তৈরি করা হয়। এই শিল্পকর্মটি খুবই দক্ষতা এবং অভিজ্ঞতা থাকলে তবেই সৃষ্টি করা সম্ভব। সৃষ্ট এই চূড়ার সংখ্যা ধরেই মন্দিরটিকে একচুর বা একরত্ন, সঞ্চরত্ন মন্দির বা নবরত্ন মন্দির বলা হয়। এই মন্দির গুলোর উচ্চতাও রত্নগুলির সঙ্গে বৃদ্ধি পায়। মূল চূড়া টি এই জাতীয় রত্ন মন্দিরের প্রাণ। কোন কোন মন্দিরের এক তলায় মূল রত্নসহ চারটি কোণে চারটি ছোট রত্ন বা চূড়া থাকে। এটি পঞ্চরত্ন মন্দির। আবার আরেকটি তল বাড়িয়ে দিলে সেখানে তার মূলরত্ন বা চুরাটি সম্ভাবনা থাকে না- তখন দ্বিতীয় ভলের ওপরে চলে আসে মূল চূড়াটি এবং সে ক্ষেত্রে প্রথমতলের চারকোণে তৈরি ওই চারটি চূড়া থাকলোই তাছাড়াও দ্বিতীয় দলের চার কোণে চারটি চূড়া, এর মধ্যস্থলে প্রধান বৃহত্তর চূড়াটি নির্মিত হয়। অর্থাৎ প্রথম তলে চারটি এবং দ্বিতীয় তলে পাঁচটি মোট নয়টি চূড়া নিয়ে গঠিত এই মন্দিরই নবরত্ন মন্দির। অর্থাৎ একটি দল বাড়লে চারটি রত্ন বাড়বে। তাই তৃতীয় তল বিশিষ্ট রত্ন মন্দির হবে ত্রয়োদশ রত্ন মন্দির, চতুর্থ তল বিশিষ্ট হলে সপ্তদশ রত্ন মন্দির ইত্যাদি। বাস্তবে নবরত্নের পরে রত্ন মন্দির দক্ষিণ চব্বিশ পরগনায় বিরল। রেখ, পির ও চালা রীতির নির্মাণ কৌশল আলাদা ভাবে এবং একসঙ্গে যুক্তক্ষেত্রে একসঙ্গে রত্ন মন্দির নির্মাণে সাহায্য করে। কাঠের তৈরি রখ গুলিতে ত্রয়োদশ সপ্তদশ রত্ন মন্দিরের উদাহরণ দেখা যায়।”

৩) দালান : এর মধ্যে আমরা সমতল ছাদবিশিষ্ট একতলা মন্দিরের কথা উল্লেখ করেছি। এই মন্দিরগুলি সাধারণত কালি, শীতলা, নারায়নী, দক্ষিণ রায়, ধর্মরাজ, ধর্ম ঠাকুর ইত্যাদি দেব দেবীর মন্দির হিসেবে নির্মিত হয়েছে। এই জাতীয় একতল সমতল মন্দির ছাড়াও কোন কোন জায়গায় সমতল একতলা দালান ঘর রয়েছে। বেশিরভাগ ক্ষেত্রেই এগুলি মূল দেব মন্দিরের সঙ্গে তৈরি হয়- দেবে স্থানটি ভিতরে থাকে যেখানে দেবতার মূর্তিটির অবস্থান। অন্যান্য কোন কোন দেবালয় যেমন মূল মন্দিরের (তা যে কোন স্থাপত্য নীতির হোক) সঙ্গে বারান্দা বা চাতাল থাকে, এগুলো ঠিক তেমন নয়। মূল দেব মন্দিরের সঙ্গে সঙ্গতি রেখে বড় বড় মোটামুটি লম্বা খামের মত দালাল থাকে। কোন কোন ক্ষেত্রে এই দালানগুলি মূল মন্দিরের ভিত্তির সঙ্গে একইসঙ্গে তৈরি হয়- সেজন্য এই দালান গুলি একটু ছোট হয়, কিন্তু বারান্দার মত। কিন্তু বড় দালান গুলি দেবালয়ের সঙ্গে সংলগ্ন (মূলত সামনের দিকে) আলাদা করে তৈরি করা হয়। মূল বৈচিত্র এবং কারুকার্য মন্দিরের গায়ের সামনের দিকে উপরে কার্নিশের নিচে এবং বিশাল আকৃতির এই সব গোল গোল পিলার বা থাম গুলিতে থাকে। থামগুলির উপরের অংশে (ছাদের নিচে) এইসব পিলারে খুব সুন্দর কারুকার্য ও শিল্প নিদর্শন আছে। লতা, পাতা, ফুল,মুকুটাবৃত্ত মুখ, নানা রকম বেঁকি ইত্যাদি বেশিরভাগ জমিদার বাড়ির মন্দিরে এইরকম শিল্প শিলার বা খাম গুলিতে দেখা যায়। বাওয়ালি, মণ্ডলবাড়ী, জয়নগর, মজিলপুর বহরু (মিত্র, ঘোষ, বোস, দত্ত প্রভৃতি)

বারুইপুর, রাজপুর, বেহালা ইত্যাদি বহু জমিদারদের ঠাকুরবাড়ি বা মন্দির দালান গুলি এইরকম গঠন প্রণালীর হয়। সম্ভবত ঠাকুরদালান' কথাটি প্রচলিত হয়েছে এই জাতীয় দেব মন্দির সংলগ্ন দেবদালান থেকেই।

মঞ্চ:মঞ্চ স্টেজের মত করে মন্দির করাকেই মঞ্চ শিল্প ধারার স্থাপতা বলা হয়। নানা ধর্মীয় উৎসবের সময় বিগ্রহ এনে মঞ্চে বসানো হতো বলে চারদিক থেকে দেখতে পাওয়ার জন্য থিলান সহযোগী খোলা থাকে। তবে এর দেখা যায়। এর কয়েকটি ধরন হলো- (i) তুলসী মঞ্চ, (ii) দোল মঞ্চ, (iii) রাস মঞ্চ।

(i) তুলসী মঞ্চ : ইটের তৈরি নানা রকমের ভুলসী মঞ্চ দেখা যায়। প্রতিদিন পূজা ও সন্ধ্যা রভির জন্য গৃহস্থের বাড়িতে তুলসী মঞ্চ আছে। হরিবাসর দোন বা বিশেষ উৎসব যাদের বাড়িতে হয় এবং হরিনাম সংকীর্তন করেন এমন বাড়িতে বড়সড় তুলসী মঞ্চ দেখা যায়। শ্রীচৈতন্যদেব তার নিলাচল যাত্রাপথে আদি গঙ্গার কূলে কূলে, তার বাণী প্রচার ও নাম মাধুর্যের প্রযোগের ফলে গড়িয়া, বারুইপুর, মথুরাপুর, ছত্রভোগ ইত্যাদি অঞ্চলে প্রত্যক্ষভাবে এবং সামগ্রিকভাবে দক্ষিণবঙ্গে ধর্মের বিস্তৃতি ঘটে। তার ফলে প্রাচীন ভারতীয় বৈষ্ণব এবং এই নব বৈষ্ণব সম্প্রদায় মিলিতভাবে প্রায় সারা দক্ষিণবঙ্গে বিস্তৃততর হয়। তাই ঘরে ঘরে রাধাকৃষ্ণ, বালকৃষ্ণ, বিশ্বম্ভর জগন্নাথ ও নানা রকমের বিষ্ণু মূর্তি নিভাই, গৌড়, চৈতন্য মূর্তি, চৈতন্য পদ পীঠ পূজার প্রচলন আছে। বেশিরভাগ গৃহ দেবতা বিষ্ণু বা রাধাকৃষ্ণ বা রাধানাথ। তুলসী মঞ্চ ছোটখাটো থেকে কিছুটা বড় আকারে, ভাই বিভিন্ন বাড়িতে দেখি। তবে নাম গান হরিবাসর ও প্রতিদিন সন্ধ্যার জন্য তুলসী মঞ্চ খুব বড় হয় না- প্রায় তিন ফুট সাড়ে তিন ফুট থেকে পাঁচ ফুটের মধ্যে প্রায় ভুলসী মঞ্চ হয়। এই তুলসী মঞ্চ গুলির গঠন বৈচিত্র্যও নানা রকম হয়। একটু লম্বাটে চারচালা মন্দিরের মতো গঠনই বেশি। মাথায় থাকে উপরে নিচে পাপড়ি নামানো পদ্ম। ভিত্তি একটু ও চওড়া । প্রদীপ বসানোর জন্য ভিত্তির ঠিক উপরে বা মাঝখানে জায়গা থাকে কোন কোন জায়গায় ছোটদের মূর্তির বসানোর জন্য মাঝখানে একটি ভিনকোনা খোপ থাকে। মঞ্চের গায়ে নাম সংকীর্তন বা নানা দেবলীলা কোথাও কোথাও থাকে।

বর্তমানে সিমেন্টের তৈরি এইসব মঞ্চ নানা দেবলীলা ও মূর্তি শোভিত শ্বেত পাথর বসিয়ে অলংকৃত করা হয়।

(ii) দোলমঞ্চ : অধিকাংশ প্রাচীন (ইষ্ঠ নির্মিত) দোলমঞ্চ চার চালা বা আটচালা মন্দিরের মতো উপর অংশটি। নিচের ভিত্তিটার উপরের অংশটি অনেকটা উঁচু থাকে। প্রাচীনকালের একতলা ছাদের উপর আরও প্রায় একতলা সমান উঁচু তৈরি করে। উপরে চার চালা মন্দিরের মতো গঠনীতি হলেও চারিদিকে চারটি দরজার মত খোলা থাকায় ওই সকল স্থানে দাঁড়িয়ে দোলের সময় অনুষ্ঠানাদি করার পক্ষে ভালো হয় এবং সেখানে থাকা মানুষের দৃষ্টি ও সেখানে পড়ে। চব্বিশ পরগনার সবচেয়ে পুরানো

দোলমঞ্চটি সম্ভবত বারুইপুর এর পুরানো বাজারের (জল ট্যাংকের কাছে) কাছে । শ্রীচৈতন্যদেব আর্টিসারায় (মহাপ্রভুতলা, বারুইপুর, পুরনো বাজার) আসেন ১৫১০ খ্রিস্টাব্দে। কিন্তু এই দোলমঞ্চটি তার আগের নির্মিত ১৩৭৩ শকাব্দ বা ১৪৫১ খ্রিস্টাব্দে। এটি সম্ভবত বারুইপুরের পুরানো ইটের তৈরি সৌধ যেটি এখনো সেখানে রয়েছে। সমান একতলার উপর তৈরির চারচালা এই দোলমঞ্চটি একসময় যে খুবই সুন্দর ছিল তা বোঝা যায়, এখনো তার ঘটনা শিল্পের কাজ দেখার মত। একটি প্রতিষ্ঠা নিশি আছে সিড়ি দিয়ে উঠে দোতলায়। এরকম দোলমঞ্চ হরিনাভি, রাজপুর, জয়নগর, মজিলপুর, বাওয়ালি জমিদার মণ্ডল বাড়িতে দেখা যায়।"

(iii) রাসমঞ্চ : বিষ্ণুপুরের টেরাকোটা মন্দির স্থাপত্যকে বিশ্বের দরবারে সর্বাধিক পরিচিতি দান করেছে এই রাসমঞ্চ। এর ওপরের অংশ পিরামিড আকৃতির আর তার পরের অংশ বাংলায় চালা এবং প্রবেশদ্বার স্থাপত্যকে অনুকরণ করে তৈরি হয়েছে। নিচের দিকটা মাকরা পাথর দ্বারা নির্মিত। ১৫৮৭-১৬০০ সালের মধ্যে বিষ্ণুপুরের রাজা বীর হাম্বির এই রাসমঞ্চটি প্রতিষ্ঠা করেন। এটি বিষ্ণুপুরের সবচেয়ে প্রাচীন মন্দির। এই মন্দিরটির উচ্চতা হল ৩৫ ও দৈর্ঘ্য গ্রন্থে ৮০ ৩০। প্রতিবছর রাস উৎসবের সময় অষ্টধাতুর ১০৮ টি রাধা কৃষ্ণের মূর্তি ১০৮ টি প্রদীপ সহ ১০৮ জন ব্রাহ্মণ পূজা করতেন । এই সময় প্রজাদের দর্শনের জন্য ঠাকুরগুলিকে গর্ভ গৃহের মধ্যে শয়ান দেওয়া হতো। রাসমঞ্চটি তিনটি স্তরে বিন্যস্ত। সবচেয়ে ভেতরের দেওয়ালে বড় বড় আটকানো খাম রয়েছে। খাম গুলিতে পদ্মের আকৃতির মোটিফ দেখা যায়।*

৫) মঠ মন্দির : এ অঞ্চলে এই মন্দির খুব কম দেখা যায়। সাধারণত সিংহাসন ঠাকুর রাখার ছোট বড় আসন ও আসবাবপত্র তথা পূজার উপকরণাদি ব্রোঞ্জ বা মিশ্র ধাতুর ঢালাই কাজ দেখা যায়। ব্রোঞ্জ, তাম্র, স্বর্ণ, রৌপ্য বা অষ্টধাতুর নির্মিত দেবমূর্তি ও অনেক বাড়িতে শ্বেত পাথর, কষ্টিপাথরের মূর্তি ও প্রচুর এগুলির বেশিরভাগই গৃহদেবতা তবে বা পিতলের মনসা, শীতলা চণ্ডী, নাগ দেবতা, বাসুকীর (পিভল কলসের উপর মূল্য মূর্তি) দেখা যায় নামথানার শীতলা মন্দিরে । পাথর প্রতিমা থেকে প্রাপ্ত সুন্দর ধাতব বুদ্ধ মূর্তিটি বরবছরে প্রাপ্ত অনুরূপ বুদ্ধমূর্তি ও শিল্পকলার আদি উৎস বলে বিশেষজ্ঞরা মনে করেন। কঙ্কন দিঘী তথা মনির তট এলাকায় অনেকগুলি ধাতব ছোট বড় মূর্তি পাওয়া গিয়েছে। সেগুলির মধ্যে বেশ কিছু আছে জৈন বৌদ্ধ এবং বৌদ্ধ তান্ত্রিক বারাহি ইত্যাদি দেব মূর্তি।

এক চুড় রথ মন্দিরের মতো প্রায় আড়াই ফুট উচ্চতার বড় মাপের সুদৃশ্য শিল্প কলা শোভিত একটি ধাতব (রা) মন্দিরের প্রতিকৃতি রয়েছে সাগরদ্বীপের প্রসাদপুরের বিশালাক্ষী মন্দিরের দ্বিতীয় কক্ষে । মন্দিরের বহিরঙ্গ মন্দির শিল্পের একটি বিশেষ দিকদর্শন। যুগ্ম অনুযায়ী মন্দির গাত্রের শিল্পকলার বৈচিত্র ও পরিবর্তন লক্ষণীয়। মন্দির যাত্রীর মুখ্য শিল্পকলা থাকে মূল দরজার দুই পার্শ্বে উপরে এবং মন্দিরের কোনা

গুলিকে তাদি বা ইট দিয়ে সম□মিান ঊর্ধ্বগামী গঠন বৈশিষ্ট্যে একটি রেখার সৃষ্টি করে। রেখ দেউল, চূড়া শীর্ষ দেউল বা আটচালা মন্দির গুলিতে চার কোণ থেকে রেখা গুলির উৎস তৈরি করা হয়। দরজার শীর্ষে দুই পার্শ্বে অনেক মন্দিরেই লম্বা লম্বা প্রস্তরখণ্ড ব্যবহার করা হয়। অনেক আটচালা মন্দিরে ইটের আর্চ তৈরি করা হলেও দরজার নিচের অংশটি (চৌকাঠের নিচের) কিছুটা লাল বা ধূসর রঙের বেলেপাথর বসানো থাকে। হয়তো এখানে কাঠ দিয়ে দ্রুত ক্ষয়প্রাপ্ত হওয়ার সম্ভাবনাকে এরাবার জন্যই পাথরের গোবরাট বসানো হতো। টেরাকোটার মূর্তি ফুল, ফল, লতাপাতা গাছ, পক্ষী, বানর, অশ্ব, বিষ্ণু, বৃষ, চণ্ডী, বুদ্ধ, হাতি, কৃষ্ণ, গোপাল, মুণ্ড, দেবদেবী, রাধা, কৃষ্ণ, শিব, উমা, কুড়ি পদ্ম, নানান রেখা, বেকি, বেড়াচিহ্ন ইত্যাদি ফলক মন্দির গাত্র গুলিতে লাগানো হতো। পতাকা সহ ছোট ছোট মন্দির ঘন্টা, করে ফুল, ময়ূর, টিয়া পাখির টেরাকোটা, ফলক বা তৈরি করা পদ্মের কাজ অনেক মন্দিরেই দেখা যায়। টেরাকোটা অমিল হতে থাকলে পদ্মের কাজ চুন-বানি সিমেন্ট জাতীয় শক্ত মর্টার দিয়ে ও সুরকি মিশিয়ে নানা প্রকার আঁকিবুকি লতা ফুল, পুষ্পগুচ্ছ দেবতা মূর্তি, জীব মূর্তি, পরী ইত্যাদি তৈরি করা হয়েছে। প্রচুর পদ্মের কাজ এখনো মন্দিরে আছে। ইউরোপীয় শিল্পের প্রচুর প্রভাব পড়ে ইংরেজ আমলে জমিদার শ্রেণীর মানুষের মন্দিরও গৃহাদি নির্মাণে। বারুইপুরের চৌধুরীদের, জয়নগরের কোন কোন ঠাকুরদালান এবং মন্দিরগুলিতেই প্রভাব যথেষ্ট।

বর্তমানে সিমেন্ট দিয়ে বা RCC করে রেথ মন্দির রেখ সহ চূড়ামন্দির, রত্ন মন্দির এবং আটচালা মন্দিরও কিছু কিছু তৈরি হয়েছে। এসব মন্দিরেও আছে বেশ সুন্দর সুন্দর দেয়াল চিত্র (আটিসারা/ মহাপ্রভু তলা)। পঞ্চরত্ন মন্দির, সীতাকুণ্ডুর চিত্রশালী মঠের শিব মন্দির, রামকৃষ্ণ আশ্রম মন্দিরগুলি (বিশেষ করে নরেন্দ্রপুরে)। ভারত সেবাশ্রমের মন্দিরগুলিও চূড়া বিশিষ্ট এবং ঘন্টা ও লতা সহ সুন্দর শ্রীমণ্ডিত প্রাচীনকাল থেকেই মন্দির গাত্রের প্রতিষ্ঠা লিপিও একটি শিল্পমালা হিসেবে চিহ্নিত। পোড়ামাটির ফলক হিসাবে প্রস্তরখণ্ডে বা প্লাস্টারের সময় মিস্ত্রিদের দ্বারা লিখিত মন্দির লিপি থেকে মন্দিরের প্রতিষ্ঠাকাল, প্রতিষ্ঠাতার নাম, অনেক ক্ষেত্রে মন্দির নির্মাণ শিল্পীর নাম, প্রতিষ্ঠিত দেবতার নাম এবং মন্দির প্রতিষ্ঠার উদ্দেশ্য ইত্যাদি অনেক কিছু জানা যায়।

৬) দেউল : বাংলার সবথেকে আগের মন্দির গুলির মধ্যে দেউল অন্যতম। খ্রিস্টীয় ষষ্ঠ শতক থেকে দেউল শিল্প রীতির বিকাশ ঘটে। এরপর মুসলিম শাসনের অন্ত মধ্য যুগে বাংলায় দেব শিল্পী এক নবজাগরণ আসে। বাংলায় চালাক শিল্পী রীতি স্থানীয় মানুষের আপন হলেও সঞ্চদশ শতকের দ্বিতীয়ার্ধ থেকে ১৬ শতকের মধ্যে দেউল স্থাপত্য রীতির প্রভূত উন্নতি হয়। দেউল শিল্পরীতিকে মোটামুটি তিনটি প্রধান ভাগে ভাগ করা যায়।

(i) পীড় দেউল

(ii) রেখ দেউল

(iii) বেগুনিয়া

(i) পীড় দেউল : এই জাতীয় মন্দিরের চাল ধাপে ধাপে উপরে উঠে যায়। এর ফলে তাদের আকৃতি ছোট হতে থাকে। ফলে এটি দেখতে পিরামিডের মত হয়। এর শীর্ষে থাকে কলস ও ঘন্টা। পীড় দেউলের স্তুপ শীর্ষে একটি স্তুপের মত চূড়া থাকে এবং শিখর শীর্ষ পীড় দেউলের একটি শিখর মন্দির চূড়াকে অলংকৃত করে শোভা বর্ধন করে। এই দুই জাতীয় মন্দির (স্তুপশীর্ষ ও নিথর শীর্ষ) দক্ষিণ চব্বিশ পরগনায় এখন আর দেখা যায় না।

(ii) রেখ দেউল : দেউল হল বঙ্গ অঞ্চলের একটি মন্দির স্থাপত্য শৈলী। বাংলা সব থেকে আগের মন্দির গুলির মধ্যে দেউল অন্যতম। খ্রিস্টীয় ষষ্ঠ থেকে দশম শতাব্দীর মধ্যবর্তী কোন এক সময়ে দেউল শিল্প রীতির বিকাশ ঘটে। এরপর মুসলিম শাসনের পর অন্ত মধ্যযুগে দেউল শিল্পে এক নবজাগরণ আসে। মন্দিরের গর্ভগৃহের চাল ক্রমশ সরু হতে হতে উপরে উঠে একটি বিন্দুতে মিলিত হয় এবং একটি শিখর বা চূড়ার সৃষ্টি করে। ক্রমশ একটি সৌন্দর্য দান করে। এই জাতীয় মন্দিরকে আরও সৌন্দর্যপূর্ণ করে এর শীর্ষে একটি বেকি আমলক ও কলস লাগানোয়।

(iii) বেগুনিয়া : বাংলার প্রাচীনতম পাথরের দেউল সামনের দিক থেকে শেষ বা চতুর্থ এবং ক্ষুদ্রতম মন্দিরটি। জোসেফ ডেভিড বেগেলার সাহেব পঞ্চম মন্দিরের ধ্বংসাবশেষের বিবরণ দিয়েছেন। এখন সেই পঞ্চম মন্দিরের চিহ্নমাত্র নেই। এছাড়াও অপূরণীয় ক্ষতি হয়ে গেছে, সামনের বাঁ দিকের মন্দির গাত্রের শিলালিপিটি। বিনয় ঘোষের লেখা থেকে জানা যায় যে, ১৩৮২ (শকাব্দে বা ৭৮ যোগ করে ১৪৬০ খ্রিস্টাব্দ) ফাল্গুন মাসের শুক্লাপক্ষে অষ্টমী তিথিতে জনৈক্য রাজা হরিশ্চন্দ্রের স্ত্রী হরিপ্রিয়া তাদের ইষ্ট দেবতা শিবের উদ্দেশ্যে এই মন্দির নির্মাণ করেন।

পাথরের তৈরি দেউল মন্দির পশ্চিমবঙ্গে বিরল। অলংকরণ আকার, নান্দনিকতা দিয়ে বিচার করলে একমাত্র পুরুলিয়ার বান্দার দেউলের সঙ্গেই বেগুনিয়ার মন্দিরের তুলনা করা যায়। চতুর্থ মন্দিরটি রেখ বা শিখর দেউলের সর্ব প্রাচীন উদাহরণ। নিচু ভিতের উপর উঁচু গর্ভগৃহ। গোড়া থেকেই শিখরের ক্রমবক্ত যেন অসংখ্য লোহার পাতের মতন বেষ্টন করে আছে। শিকড়ের উপর একটি বৃহৎ আমলক শিলা (গোল চাকতির মতন খাঁজ কাটা)। প্রতিটি মন্দির গাত্রে অসম্ভব সুন্দর পাথরের মূর্তি, যেমন- উড়ন্ত সিংহ, মকর রাক্ষসের মত কীর্তি মুখ (যা শিব মন্দিরের বিশেষত্ব)। স্কন্দ পুরানে বলা হয়েছে, শিবের আদেশে জলন্ধর রাক্ষস নিজের শরীরকে নিজে গিলে ফেললে শিব তার নাম দেন- কীর্তিমুখ। এছাড়াও বিভিন্ন দেবদেবী, অনন্ত সজ্জায় বিষ্ণু, অসংখ্য মৎস্যকন্যা আছে মন্দির জুড়ে।

দক্ষিণ চব্বিশ পরগনার মন্দির শিল্পের সঠিক হদিস দিতে গেলে বড় ক্ষেত্র প্রযোজন। বহু গুরুত্বপূর্ণ অথচ পুরনো শৈলীর মন্দির ও তার শিল্প সুষমা আলোচনা বাইরে অবস্থিত হয়ে থাকল। সময় অনুসারে তা আলোচনা করা যাবে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- সেন তপন কুমার, প্রাচীন আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতি সংখ্যা গ্রামীণ সুখি, বীরশিবপুর উলুবেরিয়া হাওড়া, ২০১৬
- রায় নিহাররঞ্জন, বাঙালির ইতিহাস, কলকাতা, দে'জ পাবলিশিং, ১৪০৫ বঙ্গাব্দ
- দাস গোকুলচন্দ্র, চব্বিশ পরগনার আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতি, প্রগ্রেসিভ পাবলিশার্স , 2008
- সাঁতরা তারাপদ, পশ্চিমবঙ্গের লোকশিল্পী ও লোকসমাজ, তথ্য ও সংস্কৃতি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার, ২০০২
- ঘোষ বিনয়, পশ্চিমবঙ্গের সংস্কৃতি, কলিকাতা, পুস্তক প্রকাশক, ১৯৫০
- ঘোষ প্রদ্যোত, বাংলার লোকশিল্প, ২০০৪
- মণ্ডল সত্যানন্দ, দক্ষিণ চব্বিশ পরগনার লোকশিল্প, পুস্তক বিপণি, ১৯৮৪
- মিত্র শ্রী সনৎকুমার, পশ্চিমবঙ্গের পুতুল নাচ, লোকসংস্কৃতি গবেষণা পরিষদ, ১৯৮৯
- রায় প্রণব, বাংলার মন্দিরে স্থাপত্য ও ভাস্কর্য, তমলুক প্রকাশনী, ১৯৯৯
- চক্রবর্তী বরণ কুমার, বাংলার লোকসাহিত্যচর্চার ইতিহাস, কলকাতা পুস্তক বিপনি,2004
- চক্রবর্তী উৎপল, লোকশ্রুতি, ১৯৯৭

৪

বাঙালি খাদ্যে মিষ্টান্নের প্রভাব

নৃপেন বিশ্বাস (সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

নয়ন তারা সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

আজকের বিশ্বে বাঙালি সংস্কৃতির অন্যতম প্রধান পরিচয় তার সন্দেশ-রসগোল্লা কেন্দ্রিক মিষ্টদশৈলী। "কিন্তু প্রাক-উনিশ শতক কালপর্বে বাঙালির এই বিশেষ ছানা নির্ভর মিষ্টান্ন শৈলীর অস্তিত্বের কোনও প্রমান পাওয়া যায় না। ব্রাহ্মন্য সাহিত্যে থেকে মঙ্গলকাব্য এবং বৈষ্ণব কোথাওই আজকের পরিভাষার বাঙালি মিষ্টান্ন শৈলীর কোনো উল্লেখ নেই তাই বলে এটা মনে করার কোনও কারণ নেই যে আদি-মধ্য বা মধ্যযুগে বাংলাতে, মিষ্টান্ন অপ্রতুল ছিল। ঔপনিবেশিক পর্বে বাংলায় মিষ্টান্নের প্রভাব ছিল। প্রাচীনতম বাংলা সহিত্যে চর্যাপদে কিন্তু মিষ্টান্নের কোনও উল্লেখ পাওয়া যায় না। সম্ভবত তখনও পর্যন্ত মিষ্টান্ন নিম্নবর্গীয় খাদ্য ছিল না- ছিল শৌখিন খাদ্য। বৃহদ্ধর্মপুরান ক্ষীরামের উল্লেখ পাওয়া যায়, যা সম্ভবত পায়েস জাতীর খাদ্য।[১] মঙ্গল কাব্যেও বেশকিছু মিষ্টান্নের উল্লেখ বর্তমান মূলত ক্ষীর[২] নানা ধরনের পিঠে, দই, পায়েস জিতীয় মিষ্টান্নের নাম পাওয়া যায়।[৩] ঐ তবে আমিষ ও নিরামিষ ব্যঞ্জনের যে সুবিস্তৃত তালিকা ও রন্ধন প্রানালীর উল্লেখ মঙ্গল কাব্য গুলি থেকে পাওয়া যায়, তার তুলনায় নামের সংখ্যা দেখে মনে হয় মিষ্টি জাতীয় খাদ্যের বৈচিত্র্য অনেকটাই কম। সম্ভবত ঔপনিবেশিক পর্বে সাধারণ মানুষের কাছে মিষ্টান্ন মাছ ভাতের মত এত আদৃত ছিল না। মিষ্টান্নের ব্যবহার ছিল মূলত ভোজন সমাপ্তির পদ অথবা শুদ্ধ দেবভোগ্য পদ হিসাবে। এই কারণেই মঙ্গলকাব্যের ঠিক বিপরীত পরিস্থিতি দেখা বৈষ্ণব সাহিত্যে। সেখানে নিরামিষ ভোজন এবং শুদ্ধাহারের বৃহৎ ভারতীয় আদর্শের প্রভাব মিষ্টান্নকে বিশেষ গুরুত্ব দিয়েছেল।

বৈষ্ণব সাহিত্যে যে সমস্ত মিষ্টান্নের উল্লেখ পাওয়া যায় সেগুলিও প্রকৃতি গতভাবে পিঠে অথবা পায়েস সগোত্রীয়ই বলা যায়, কিন্তু তার বৈচিত্র্য অবশ্যই দৃষ্টি আকর্ষক, কবি কর্নপুরের কৃষ্ণাহ্নিক কৌমুদী ও কৃষ্ণদাস কবিরাজের গোবিন্দ লালমৃত তে বিভিন্ন ধরনের পিঠে-পায়েসের রন্ধন প্রানালীর উল্লেখ বর্তমান, যেমন সরভাজা, দুধপুলি, জিলিপি, খাজা, গজা, নাড়ু, মতিচুর, খইচুর, সরগুটি, দুধকেলি প্রভৃতি।[৪] এছাড়া মোয়া,[৫] দুগ্ধ- লাড্ডু[৬] সর-লাড্ডু, খীরিসা[৭] প্রভৃতি নামও এতে উল্লেখিত হয়েছে । তবে বৈষ্ণব সাহিত্যের মধ্যে সবথেকে বেশি মিষ্টান্নের উল্লেখ পাওয়া যায় কৃষ্ণদাস কবিরাজের চৈতন্যচরিতমৃত-তে বাঙালার খাদ্যে সংস্কৃতির মধ্যে মিষ্টান্নের প্রভাব ও লক্ষনীয়।

বাঙালীর খাদ্য সংস্কৃতির ইতিহাসে মিষ্টি এক অনবদ্য খাবার আবার এই মিষ্টির প্রকার ভেদও লক্ষ্য করাযায়।

উদাহরন স্বরূপ বলা যায় রসগোল্লা, পানতোয়া, কালাকাঁদ, জিলিপি, ক্ষিরকদম, বোঁদে প্রভৃতি উল্লেখ যোগ্য। তবে রসগোল্লা হল বাঙালির তৈরী প্রথম মিষ্টি । প্রনব রায়, লেখেন বাংলার খাবার (সাহিত্যলোক, কলকাতা, 1987)[৮] এখানে প্রাচীন বাংলা থেকে এখনকার বাঙালি খাদ্যের ঐতিহাসিক বিবরন আছে। বিশেষত বাঙালির প্রিয় মিষ্টান্ন বিষয়ে আলোচনা বিস্তৃত।[৯] আর এখানেই পায় বহুল প্রচারিত তথ্য, রসগোল্লার আবিষ্কতা নবীন চন্দ্র দাস। উপরোক্ত আলোচনার ভিত্তিতে একথা অনুমান করতে কোনও অসুবিধা হয় না যে বাংলার রসনাতে মিষ্টান্নপ্রীতি খুব আধুনিক ঘটনা নয়। কিন্তু এক্ষেত্রে যেটা লক্ষনীয় তা হল মিষ্টান্নের প্রকৃতি গত পার্থক্য। মঙ্গলকাব্য ও বৈষ্ণব সাহিত্যে যে সমস্ত মিষ্টান্নের উল্লেখ পাওয়া যায় তার সাথে পরবর্তী কালে ঔপনিবেশিক আধুনিকতার প্রভাবে নির্মিত (কনস্ট্রাক্টেড)ধারণা 'সাবেকি বাঙালিয়ানার' প্রতিভূ সন্দেশ রসগোল্লা কেন্দ্রিক মিষ্টান্ন শৈলীর কোন ও সাদৃশ্য নেই।[১০] যে সমস্ত মিষ্টান্নের উল্লেখ প্রাক উনিশ শতকীয় সাহিত্যে পাওয়া যায় তাদের মোটামুটিভাবে পাঁচটি শ্রেনিতে ভাগ করা যায়; প্রথমত- মণ্ডা,খণ্ড, ফেনী: দ্বিতীয়ত- নাড়ু; তৃতীয়ত- পুলা ও পূপী : চতুর্থত - বড়া; এবং পঞ্চমত-পরমান্ন, ক্ষীরও দই।[১১] মণ্ড কথাটি এসেছে মণ্ড থেকে। আর বণ্ড সম্ভবত বড় মণ্ডের খণ্ডিত রূপ। ফেনী হল বড় ধরনের বাতাসা।মত্তা ও খণ্ডের ক্ষেত্রে সাধারনত ক্ষীরের সাথে চিনি বা গুড় মিশিয়ে হাওয়ায় জলীয় অংশ শুকিয়ে তৈর করা হত। ফেনী তৈরির ক্ষেত্রে চিনি বা গুড় জাল দিয়ে তার ফেনাকে হাওয়ায় শুকিয়ে বানানো হয়,[১২] সন্দেশ-রসগোল্লা কেন্দ্রিক এখনকার মিষ্টান শৈলীর প্রধান উপকরন ছানার উল্লেখ আদি মধ্যও মধ্যযুগের বাংলা সাহিত্যে খুব একটা পাওয়া যায় না। তবে বৃহত্তর ভারতের মতো ছানা এখানে এত ব্রাত্য ছিল না, বাংলার নিজস্ব সাংস্কৃতিক উদারতার দরুন।

এ প্রসঙ্গে খুব স্বাভাবিক ভাবেই যে বিষয়টি গুরুত্বপূণ হয়ে দাঁড়ায় তাহল উনিশ শতকের থাকাল পর্যন্ত সময়ে বাংলার অঞ্চলে যে সমস্ত মিষ্টান্ন প্রচলিত ছিল তা কতখানি 'বাঙালি' ছিল, অথবা তার সাথে বৃহত্তর ভারতের শৈলীর চারিত্রিক সম্পর্ক কী ধরনের ছিল? প্রথমত, উপকরণগত বিচারে এই শৈলী ভারতের অন্যান্য অঞ্চলের থেকে খুব আলাদা কিছু ছিল না। ক্ষীর, ডাল, ময়দা; চাল, নারকোল, - এর ব্যবহারে মিষ্টান নির্মাণ ভারতের প্রায় সব অঞ্চলেই দেখা যায়।[১৩] তবে বাংলায় এর নির্মানশৈলীর ক্ষেত্রে তো আঞ্চলিক বৈশিষ্ট্যের প্রভাব পড়াটা খুব স্বাভাবিক ঘটনা। তাই একই উপকরণে তৈরি হলেও বাংলার এই সব মিষ্টান্নের মধেও কিছুটা স্বতন্ত বৈশিষ্ট্য দেখা যায়। কিন্তু এই স্বকীয়তা আবার ওড়িশার সঙ্গে তুলনা করলে কিছুটা প্রশ্নের মুখে পড়ে যায়। আদি-মধ্যযুগ থেকে জগন্নাথকে কেন্দ্র করে যে আঞ্চলিক ওড়িয়া সংস্কৃতির

বিকাশ ঘটেছিল।[১৪] তা ওড়িশার ক্ষেত্রে সব আঞ্চলিকতাকে বিলিন করে অভিন্ন ওড়িয়া সংস্কৃতির জন্ম দিয়েছিল। অর্থাৎ ওড়িশার আভ্যন্তরীন উপ- আঞ্চলিক সংস্কৃতি এখানে সামণে আসতে পারেনি।[১৫] বাংলার ক্ষেত্রে এসময়ে বহু উপ - আঞ্চলিক সংস্কৃতির অস্তিত্ব ছিল বর্তমান ।মঙ্গলকাব্য এবং বৈষ্ণব সাহিত্যে মূলত নদীয়া, বর্ধমান, মালদহ এবং মেদিনীপুর অঞ্চলের সংস্কৃতিরই প্রতিফলন ঘটেছে। এক্ষেত্রে যেসমস্ত মিষ্টান্নের উল্লেখ পাওয়া যায় সেগুলির প্রচলন মোটামুটিভাবে এই অঞ্চলেই ছিল একথা বলা যায়। আর তার ভিত্তিতেই তাহলে একথাও নিঃসন্দেহে বলতে হয় যে মঙ্গলকাব্যও বৈষ্ণব সাহিত্যে প্রতিফলিত বাংলার মিষ্টান্ন সংস্কৃতির সঙ্গে জগন্নাথ-কেন্দ্রিক ওড়িয়া শৈলীর বহুল মাত্রায় সাদৃশ্য বর্তমান।

তবে বাংলার ক্রান্তিয় আর্দ্র জলবায়ুতে ছানার স্বাভাবিক উৎপাদন ছিল এবং সাধারন গৃহস্থ তা সেবন করত এ বিষয়ে কোনও সদেহ নেই। পরবর্তীকালে পর্তুগীজরা হুগলীতে বসতি স্থাপনের তাঁদের পট চিজ তৈরির এদেশীয় পদ্ধতি আবিষ্কারের হাত ধরে বাংলায় ছানা ক্রমশ জনপ্রিয়তা লাভ করতে থাকে।স্থানীয় মানুষের কাছে তা অর্থনৈতিক কারণে জনপ্রিয়তা লাভ করে।[১৬] যদিও এত দসত্বেও প্রাপ্ত তথ্য প্রমানের ভিত্তিতে একথা বলা, বাহুল্যমাত্র যে উনিশ শতকের আগে পর্যন্ত ছানার তৈরি মিষ্টান্নের শৈলার বিকাশ সেভাবে দেখা যায় নি।

বাঙালি ময়রা নতুন নতুন মিষ্টি আবিষ্কারে এক আশ্চর্য পারদর্শিতা দেখিয়েছেন। সারা দেশে যখন ক্ষীরই মিষ্টি তৈরির একমাত্র উপাদান, বাঙালি তখন ছানাকে মিষ্টি তৈরির উপাদান হিসেবে গ্রহণ করেছে। ছানা থেকেই সব আশ্চর্য সন্দেশ আর বাঙালির জাতি পরিচয়ের সঙ্গে ওতপ্রোত হয়ে যাওয়া রসগোল্লা তৈরি হয়েছে।[১৭] রসগোল্লা বাঙালি পেয়েছে অনেক পরে। উৎকৃষ্ট মিষ্টি তৈরীতে কৃষ্ণনগর অনেক দিন থেকেই এগিয়ে কৃষ্ণ নগরের সরভাজা, সরপুরিয়া, সরতক্তি রসাসর সব মিষ্টি মহারাজ কৃষ্ণচন্দ্রের আমল থেকে আজও সমান জনপ্রিয়। বহরম পুরের ময়রারা সিপাই বিদ্রোহের পরে 'লেডি ক্যানিং" নামে বড় আকারের পান্তয়া তৈরি করে। বাঙালির ঘরে সেটাই আজ 'লেডি কেনি' নামে জনপ্রিয় হয়েছে। তবে ইদানীং ওই একই পরিবারের মিষ্টি ভিন্ন নামে ভিন্ন পরিবেশনায় রাজস্থানি 'গোলাপ জামুন' ধীরে ধীরে বাঙালির প্রিয় হয়ে উঠছে। কলকাতায় আবার বিভিন্ন মিষ্টি খ্যাতি পেয়েছে দোকানের নামে। নকুড়ের গোলাপি পেঁড়া, ভীম নাগের সন্দেশ, কেসি দাসের রসগোল্লা, নবকৃষ্ণ গুইয়ের রাম বোঁদে আর ছানার মুড়কি, সেন মহাশয়ের দরবেশ, চিত্ত রঞ্জনের রসগোল্লা,মধুপক আর রাবরি ইত্যাদি।[১৮] বাংলার মিষ্টির স্বাদ নির্ভর করে ছানার গুনগত মান আর ময়রার দক্ষতার ওপর। দুধ আর ছানার মান পড়তে পড়তে তলানিতে ঠেকেছে। ময়রার ছেলে আর ময়রা হতে চাইছে না। কলে বড় মিষ্টির ছোকান এখন যন্ত্রে মিষ্টির তৈরি করতে চেষ্টা করছে।[১৯]

মিহিদানা বর্ধমানের বিখ্যাত মিষ্টি।[২০] বেসনে তৈরি এই মিষ্টি যেন বোঁদেরই অতি সুক্ষ রূপ। প্রায় দুশো বছর আগে এই মিষ্টি আবিস্কার করেন বড়বাজারের মিষ্টির শিল্পী ভৈরব নাগ।[২১] শোনা যায়, সেই সময় বাংলার গভর্নর এবং কলকাতার হাইকোর্টের দুই বিচার পতি ওই শহরে কোনো অনুষ্ঠানে গিয়ে বর্ধমান রাজার এক ভোজ সভায় যোগ দেন। প্রসিদ্ধ মিষ্টান্ন প্রস্তুত কারক ভৈরব নাগকে কিছু ভালো মিষ্টি তৈরি করতে বলা হয়। ভৈরব সুক্ষ্ম দানার এক অভিনব তৈরি করেন। রসগোল্লা মিষ্টির জগৎ এ এক আশ্চর্য রসগোল্লা।[২২] মাছ - ভাতের মতো রসগোল্লাও বাঙালির পরিচিতির সঙ্গে যুক্ত আর একটি খাদ্য। রসগোল্লা একান্তভাবে বাঙালিরই মিষ্টি হলেও 'রসগোল্লা' এখন যা বাংলার বাইরে গোটা দেশই পাওয়া রসগোল্লার উদ্ভব কলকাতায় উনিশ শতকের মাঝামাঝি নাগাদ।[২৩] বাগবাজারের নবীনচন্দ্র সেন 1868 সালে স্পঞ্জ রসগোল্লা তৈরি করেন।

সন্দেশ ছানার মিষ্টি। বাঙালির খাদ্য তালিকায় সন্দেশ সবার থেকে আক ঘণ্টায় আকর্ষনীয় মিষ্টি। সন্দেশ বহুকাল থেকেই বলতে গেলে বাঙালির জাতীয় মিষ্টান্নের স্বীকৃতি পেয়েছে। কারও হাতে, এক সময়ে দূরে কোনও সুখবর পেলে এই মিষ্টি পাঠানো হত।[২৪] বাঙালির দেবভোগ্য মিষ্টান্ন হিসাবে সন্দেশেরই চল সব থেকে বেশি। কারিগরিক দক্ষতার উপরে এই মিষ্টির উত্তমতা নির্ভর করে।[২৫]

পাওয়া পরিবারের এই মিষ্টির ওপরটা অপেক্ষণকৃত শক্ত এবং কলো। বাটা ছানা গোল করে পাকিয়ে ক্ষীরের পুর দিয়ে ভাজতে হয়। ভাজার সময় ঘিয়ের মধ্যে অল্প অল্প চিনি দিতে হয়। তাতে রংটা কালো হয়। বহরমপুরের কালোজামের খ্যাতি আছে। সিউড়িতে ক্ষীর ভরা এক প্রকার উৎকৃষ্ট কালোজাম পাওয়া যায়।[২৬]

পরিশেষে একথা বলা যায় যে উনিশ শতকের প্রাক্কাল পর্যন্ত বাংলার খাদা সংস্কৃতির আজকের যে বিশেষ পরিচয় 'মাছে-ভাতে বাঙালি' এবং মিষ্টান্ন প্রিয় বাঙালি তার দুটিরই অস্তিত্ব ছিল বর্তমান। কিন্ত মিষ্টান্নের ক্ষেত্রে এক আমুল পরিবর্তন ঘটে ছিল উনিশ শতকের পরবর্তি সময়ে। এই পরিবর্তন গুলি গুন গত ও পরিমাণ গতও গুনগত বিচারে প্রাক উনিশ শতকীয় পিঠা পায়েস কেন্দ্রিক মিষ্টান্নের উপকরণের সাথে আজকের সন্দেশ রসগোল্লা কেন্দ্রিক মিষ্টান্নের উপকরণের কোনও সাদৃশ্য পাওয়া যায় না। বৈচিত্র্যের দিক থেকেও একথা বলার অপেক্ষা রাখে না যে দুই ক্ষেত্রে পার্থক্য যথেষ্ট। তবে সামাজিক-সাংস্কৃতিক ইতিহাসের দৃষ্টিভঙ্গিতে সবথেকে গুরুত্বপূর্ণ যে পরিবর্তনটি দেখা দিয়েছিল তা হল মিস্টারের বানিজ্যিক আত্মপ্রকাশ। কিন্তু তাঁর তৈরি যেসমস্ত পণ্যসামগ্রীর উল্লেখ পাওয়া যায়, সেখানে পিঠা-পায়েস, যা কিনা এই পর্বের মিষ্টান্ন সংস্কৃতির কেন্দ্রিয় চরিত্র, তা অনুপস্থিত। তার বদলে চিনি, খন্তও নাড়ুর উল্লেখ পাওয়া যায়,[২৭] যার মধ্যে আবার চিনি আর খণ্ড মূলত মিষ্টান্ন পাকের জন্যই ব্যবহৃত হয়।[২৮]

তবে একথা বলা ভুল হবেনা যে রন্ধনকৃত মিস্টানের বানিজ্যিক আত্ম প্রকাশ তখনও ঘটেনি। উনিশ শতক মিস্টান্নের বানিজ্যিকীকরনের পাশাপাশি তার পুরুষায়নও ঘটিযয়েছিল। এতদিন পর্যন্ত-পিঠা- নাড়ু- পায়েস কেন্দ্রিক মিষ্টান্ন ছিল গৃহাভ্যন্তরে রন্ধনশালীয় নারীর হাতে তৈরি।কিন্তু উনিশ শতকের পর থেকে মিষ্টান্নের পেশাদার নির্মাতা কারিগর হিসেবে পুরুষের কথাই পাওয়া যায়- নারীর নয়। এইভাবে দেখা যায় প্রাক-উনিশ শতক পর্যন্ত বাংলায় প্রচলিত মিস্টানশৈলী আমূলভাবে পরিবর্তিত হয়ে গিয়েছিল উনিশ শতকে এসে। এই পরিবর্তনের পিছনে সবথেকে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ নগরকলকাতা। উনিশ শতকের নগর কলকাতার বুকে নব - জন্মপ্রাপ্ত এই নতুন মিষ্টান্ন শৈলী, যা আজকের বাঙালি মিষ্টান্ন, শৈলী হিসাবে বিশ্ববদিত, তা ছিল। ঔপনিবেশিক আধুনিকতার দেশিয় সাংস্কৃতিক প্রতিক্রিয়াস্বরূপ নির্মিত একটি আধুনিক ঐতিহ্যমাত্র।

রসগোল্লা মিষ্টির জগতে এক আশ্চর্য অবিষ্কার রসগোল্লা। মাছ - ভাতের মতো রসগোল্লাও বাঙালির পরিচিতির সঙ্গে যুক্ত আরও একটি খাদ্য । রসগোল্লা একান্তভাবে বাঙালিরই মিষ্টি হলেও 'রসগুল্লা' এখন বাংলার বাইরে গোটা দেশেই পাওয়া যায়। যদিও বলা বাহুল্য উপমুক্ত - তথ্য - প্রমাণের ভিত্তিতে বলা যায় যে উনিশ শতকের আগে পর্যন্ত ছানার তৈরী মিষ্টান্নের শৈলীর বিকাশ সেভাবে দেখা যায়নি।[২৯] ছানার এই মিষ্টির ইতিহাস খুব পুরনো নয় চণ্ডীমঙ্গলে ছানার কথা থাকলেও রসগোল্লার কোন উল্লেখ পাওয়া যায়না।[৩০] রসগোল্লার উদ্ভব কলকাতায় উনিশ শতকের মাঝা মাঝি নাগাদ।[৩১] কলকাতার সীতারাম ঘোষ স্ট্রিটের- দীনু ময়রার পূর্বে পুরুষ ব্রজ ময়রা হাই কোর্টের কাছে একটি দোকান 1866 সালে প্রথম রসগোল্লা আবিষ্কার করেন বলে জানা যায়।[৩২] অন্য একটি মতে নদীয়া জেলার ফুলিয়া গ্রামের হারাধন ময়রা প্রথম 1846-47 সালে নাগাদ রসগোল্লা তৈরী করেন। হারাধন ময়রা রানাঘাটের মহাশয়দের মিষ্টান্ন প্রস্তুত করিত। তাঁহার শিশুকন্যা কাঁদিতেছিল, তাহাকে সান্ত্বনার জন্য উনানের উপর তৈয়ারি রসে ছানা ফেলিয়া দেখিস উৎসৃষ্ট সামগ্রি তৈরী হইয়াছে।[৩৩]পাল চৌধুরি জমিদারেরা এর নামকরণ করেন। রসগোল্লা 'বাগবাজারের নবীনচন্দ্র সেন 1868 সালে স্পঞ্জ রসগোল্লা তৈরী করেন। সদাচরণ দাশগত শতকের তিরিশের দশকে বাগবাজারে কারখান গড়ে রসগোল্লা তৈরি করেন।[৩৪] বর্ধমান জেলার ভাতারে গোপাল ময়রায় 'গোপালগোল্লাও' এক ধরনের স্পঞ্জ রসগোল্লা। তবে উনিশ শতকের কলকাতার দোকানেও মফস্সলের প্রায় সর্বত্র যে খাস্তা রসগোল্লা পাওয়া যায় তা উৎকৃষ্ট মানের মিষ্টান্নের খ্যাতি লাভ করে।

তথ্যসূত্র :

১. 'ক্ষীরান্ন- ভোজনম্ চরেৎ' বৃহদ্ধর্মপুরান, উত্তর খণ্ড, পঞ্চম অধ্যায়, সূত্র সংখ্যা 48-49, ঢাকা বিশ্ববিদ্যালয় পুঁথি সংখ্যা 4199

২. সুকুমার সেন, কবিকঙ্কন মুকুন্দ বিরচিত চণ্ডীমঙ্গল, নতুন দিল্লী, প্রথম প্রকাশ 1975,2013, দ্বিতীয় দিবস, পৃঃ26

৩. সুকুমার সেন, তদেব, পৃঃ 191,379.

৪. নরেশচন্দ্র জানা, রবিবাসরীয়, আনন্দ বাজার পত্রিকা, কলকাতা, 1983.

৫. চৈতন্য মঙ্গলে মোয়ার উল্লেখ পাওয়া যায় নদীয়া-25 অধ্যায়ে গৌরচন্দ্রের উপনয়ন প্রসঙ্গে, কলকাতা, 2006, পৃ:32

৬. তদেব; 2006, পৃ:32

৭. তদের, 2006, পৃ839

৮. Biswajit Panda, Social History of The Bengali cuisine from Bengali cooking Books, Literature and other writings, Kolkata 700091, 2018, পৃঃ34

৯. প্রনব রায়, বাংলার খাবার (সাহিত্যলোক) কলকাতা, 1987, 887

১০. অরুনিমা রায়চৌধুরি,Link- historyarunima@gmail.com পৃ813

১১. অরুনিমা রায়চৌধুরি, তদেব, পৃঃ13

১২. অরুনিমা রায়চৌধুরি, তদেব, পৃঃ13

১৩. অরুনিমা রায়চৌধুরি, তদেব, পৃঃ14

১৪. আনশালট এশমান হামান কুলকে এবং গয়াচরণ ত্রিপাঠী, দ্য কাল্ট অফ জগন্নীথ অ্যাণ্ড রিজিওনাল ট্র্যাডিশন অফ ওড়িশা, নিউ দিল্লী, 1978 পৃঃxiii,

১৫. কুনাল চক্রবর্তীর, রিলিজিয়াস প্রসেস, দ্য পুরানস অ্যাণ্ড দ্য মেকিং অফ এ রিজিওনাল ট্র্যাডিশন, দিল্লী, 2001, পৃঃ2

১৬. Jayanta Sengupta, The culture and Polities of food and cuisine in Colonial Bengal, Cambridge university Press 2010, 1893

১৭. মিলন দত্ত, বাঙালির খাদ্যকোষ, দেজ পাবলিশিং, কলকাতা 73, 2015, পৃ: 327

১৮. মিলন দত্ত, তদেব, 2015, পৃঃ 328

১৯. মিলন দত্ত, তদেব, 2015, পৃ: 328

২০. তাদের, পৃঃ 328

২১. তদের, পৃ8328

২২. তদেব, পৃ8345

২৩. তদেব, পৃঃ346

২৪. তদেব, পৃ8346

২৫. তদেব, পৃঃ386

২৬. তদেব, পৃঃ 387

২৭. চণ্ডীমঙ্গল, পূর্বোক্ত, পৃ: 82

২৮. তদেব, পৃঃ158

২৯. অরুনিমা রায়চৌধুরি, পূর্বোক্ত, পৃঃ 16

৩০. মিলন দত্ত,পূর্বোক্ত 2015, পৃঃ 346

৩১. মিলন দত্ত, তদেব পৃঃ 346

৩২. মিলন দত্ত, তদেব, পৃঃ 346

৩৩. মিলন দত্ত, তদেব পৃঃ 346

৩৪. তদেব, পৃঃ 347

9

বাঙালির খাদ্যের বিবর্তন

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
নয়ন তারা সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ঔপনিবেশিক পর্বে কলকাতা তথা প্রাচীনবঙ্গে গরম "ভাত" গাওয়া ঘি, মৌরলা মাছের ঝোল, নালিতা (পাট) শাক নিত্য পরিবেশন করেন যে স্ত্রী তাঁর স্বামী পুন্যবান।[১] গ্রিক ও রোমান, পর্যটকদের বিবরন থেকে জানা যায়। প্রাচীন বঙ্গের গঙ্গা রিডি অঞ্চলে ধান গম, যব, আখের পাশাপাশি সরিষা কলাই এবং নারিকেল চাষ হত।[২] প্লিনি ও পেরিপ্লাস এর লেখায় নানা ধরনের মশলার কথা বলা হয়েছে।[৩] দশম থেকে দ্বাদশ-ত্রয়োদশ শতকে রচিত সংস্কৃত ও প্রাকৃত অপভ্রংশ সাহিত্যে বাঙালির খাদ্যভ্যসের একটি ছবি পাওয়া যায়।[৪] নীহাররঞ্জন রামের মতে, বাংলার সুবিস্তৃত স্মৃতি সাহিত্য, বৃহদ্ধর্ম ও ব্রহ্ম রমরৈবতপুরান, চর্যানীতিমালা, দোহাকোষ, রামচরিত ও পবন দূতের মতন কাব্য প্রভৃতি গ্রন্থে।[৫] শ্রীহর্য (একাদশ শতাব্দী) রচিত নৈষধচরিত মহাকাব্যে বাঙালি খাদ্যভাসের বিস্তৃত বিবরন পাই। ভৌগলিক কারণেই বঙ্গদেশ নদীমাতৃক, এখানে মাছ সহজলভ্য। তাই মাছ-ভাতই বাঙালির প্রধান খাদ্য। তবে বাঙালিদর স্মৃতি শাস্ত্রকার ভবদের ভট্ট বাঙালীদের মাছ- মাংস খাওয়ার পক্ষেই যুক্তি দিয়েছেন। আরেক স্মৃতিশাস্ত্রকার জীমূতবাহন ইলিশ মাছ ও ইলিশ মাছের তেলের কথা উল্লেখ করেছেন। এর থেকে বোঝা যায় ইলিশ মাছ প্রাচীন কাল থেকেই বাঙালিদেকে প্রিয় ছিল। এছাড়া, বাংলার অন্যতম স্মৃতিশাস্ত্রকার শ্রীনাথাচার্য মাছ মাংস খাওয়ার পক্ষে বলেছেন। সাহিত্যের বিন্যাস থেকে উদ্ধৃত স্বাদের বক্তৃতা বাঙালি রন্ধন প্রণালীকে একটি সুক্ষ্ম শিল্প হিসাবে চিত্রিত করেছে।[৬] যা তাঁর মৃত্যুশয্যায় ছিল,ঔপনিবেশিক বাঙালি মধ্যবিত্তের লেখায় রন্ধনপ্রনালীর একটি হারানো সংস্কৃতিকে ক্রমাগত স্মরণ করে।[৭] মঙ্গল কাবে প্রথম ডালের উল্লেখ পাচ্ছি। বস্তুত খাবারের বিস্তৃত বিবরন ও পাক প্রনালী আমরা মঙ্গল কাব্যেই পায়।[৮] বাঙালীর প্রিয় মাছ- ভাত-শাকের সঙ্গে যুক্ত হচ্ছে আর রান্নাবান্নার বৈচিত্র ময়তাও মুগ্ধ করার। সমাজ বিজ্ঞানে ঔপনিবেশিক পর্বে বাঙালির রসনা বলতে কী বোঝাস তা এক কথায় প্রকাশ করা বেশ কষ্ট সাধ্য এ বিষয়ে কোন সন্দেহ নেয়। সপ্তদশ-অষ্টদশ শতকের বৈজ্ঞানিক বিপ্লব এবং জ্ঞানদীপ্তির প্রসারের হাত ধরেই মোটামুটি ভাবে এই উনিবেশিক পর্বে বাঙালির রসনা নামক দর্শনটি উৎপত্তি ঘটে। ঔপনিবেশিক পর্বে বাঙালির খাদ্যের বিবর্তন ঘটাতে শুরু করে। তাই মানুষের ইতিহাস রচনার ক্ষেত্রে খাদ্যের ইতিহাস তো খুব ভাবেই চলে আসে।[৯] কিন্তু নানা কারণে

ইতিহাসের সঙ্গে খাদ্যের খুব ঘনিষ্ঠ কেতাবি সম্পর্কে কোন ও দিনেই গড়ে ওঠেনি। বিজয় গুপ্তের মনসামঙ্গল থেকে উদ্ধৃতি দিয়ে পান্তার উল্লেখ দেখিয়েছেন। বাঙালি সংস্কৃতির সঙ্গে পান্তা খাওয়াটা জড়িয়ে আছে। এই কারণে বাংলাদেশে ইলিশ মাছ ভাজা আর পান্তা, খাওয়ার চল হয়েছে বেশ কিছু দিন ধরে।[১০] দরিদ্র বাঙালির আহার সেই জাতির চিহ্ন হয়ে উঠছে, এই হল চমৎকার উদাহরণ। 1208-05 নাগাদ তুর্কি খলজি হানাদার বখতিয়ার খলজি লক্ষনসৈনের অন্যতম রাজধানী বিদ্যুৎ গতিতে নবদ্বীপ দখল করে। মধ্যাহ্নভোজ অসমাপ্ত রেখে লক্ষন সেন পালিয়ে যান।[১১] তারপর মুসলমান শাসকদের অধীনে বাংলা শত শত বছর থেকেছে। কিন্তু বাঙালির রান্নাঘরে প্রবেশ করতে তাদের সময় লেগেছে।[১২] বাংলাভাষায় বহু আরবি ফারসি শব্দ এসেছে, মূলত সরকারি ভাষার কারণে। তারপর পোর্তুগিজ, ওলন্দাজ, দিনেমার, ফারসি ইংরেজরা এসেছে। একই ভাবে বহু শব্দ বাংলা ভাষায় ঢুকেছে যেমন, তেমনি খাবারের কিছু উদাহরন এবং খাদাভাসেও তার প্রভাব পড়েছে।[১৩] তবে তা ধীরে ধীরে। মঙ্গল কাব্যের মধ্যে মনসাঙ্গল এবং চণ্ডীমঙ্গল এই আমিষ-নিরামিষ দ্বৈত রূপকেরই প্রয়োগ দেখা যায়।[১৪] মনসামঙ্গলে এদিকে যেমন দেবতার মৎস-মাংস সেবনকে নিন্দা করা হয়েছে তেনই আবার সম্পন্ন গৃহস্থ বাড়িতে খাদ্য তালিকায় নিরামিষ-আমিষ সমন্বিত দীর্ঘ ব্যঞ্জনের বর্ননা দেওয়া হয়েছে।[১৫]

মুসলমানি খাবারের প্রভাব বাংলায় বিশেষত, কলকাতায় পড়েছে লখনৌয়ের নবাব ওয়াজিদ আলি শাহ(1822-1887) কলকাতায় আসার পর 1856 সলে।[১৬] আর 1905 সালে, খোলা হল চিৎপুরে রেস্টোরেন্ট'। লখনৌ ঘরানার মোগলাই খাবারদাবারের দোকান।[১৭] এই বিদেশিদের খাদ্যভ্যাস গ্রহণ করতে বাঙালিরা খুবই বাছ বিচার করেছে। অবশ্য অপতিরোধ বতিক্রম আলুর ক্ষেত্রে। আলু এখন প্রধান খাদ্যের একটা উপাদান। এখানকার মাটিতে ভালো আলো চাষ হয় এবং বেশ অর্থকারী। আবার মুসলমান শাসকদের আনা তরমুজ, পোর্তুগিজদের আনারস, আতা, নোনা, কাজু বাদাম ইত্যাদি আজ বাঙালির নিজস্ব হয়ে ওঠেছে।[১৮] পোর্তুগিজ নাবিকদের নেতা ভাস্কো-দা-গামা তাঁর দলবল নিয়ে ভারতের কালিকট বন্দরে পৌঁছলেন 1498, 20 মে। সঙ্গে এনেছিলেন চারটি জাহাজ আর তিনজন দোভাষী। তখন ইউ রোপীয় বাজারে ভারতের রেশম আর মরিচের চাহিদা বিপুল, দামও ছিল আকাশ ছোঁয়া। এতটাই সে মরিচকে বলা হত 'কালো সোনা'।[১৯] ভারত থেকে কিনে আবার বণিকরা পৌঁছাত ইউরো পীয় বাজারে।

ইউরোপীয়দের সঙ্গে ভারতের এই যোগাযোগ পরবর্তীকালে ভারতের ইতিহাস বদলে দেবে। পোর্তুগিজরা বাংলায় ব্যবসা করার সনদ পেয়েছিল গিয়াসউদ্দিন মামুদ শাহের আমল (1533 - 1538)-এ।[২০] তারপর সনদ পেয়েছিল ওলন্দাজ, দিনেমার, ইংরেজ

প্রভৃতিরা। বিভিন্ন জনগোষ্ঠির বণিকরা এসেছিল তাদের বিভিন্ন আশা পূরণের জন্য এবং লোভের বশবর্তি হয়ে। ইংরেজরা যেমন এসেছিল 'নবাব' হওয়ার উদ্দেশ্যে। কিন্তু তাদেরই পণ্যের সঙ্গে বাইপ্রোডাক্টের মতো ইউরোপীয় শিক্ষা ও চিন্তা ধারাও অনুপ্রবেশ করেছিল। বঙ্গদেশে তথা ভারতবর্ষে।[২১] এই পোর্তুগিজদের মাধ্যমে ভারত বর্ষে অনেক নতুন খাদ্যবস্তু ও এসেছিল। যেগুলো পরে ভারতবর্ষ ও বাংলায় প্রধান খাদ্য বস্তু হয়ে দাঁড়ায় যেমন লঙ্কা, আলু ও পাওরুটি, এছাড়া আনারস পেয়ারা, কাজুবাদাম, আতা, বাঁধাকপি ইত্যাদি। মিলন দত্তের বাঙালির খাদ্যকোষ (2015)-এ আলু সম্পর্কে জানাচ্ছেন, জন্মস্থান দক্ষিণ আমেরিকার পেরু।[২২] সেখান থেকে 16 শতকে সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। 1830 সাল নাগাদ দেরাদুনে পাহাড়ের ঢালে আলুর চাষ শুরু হয়।[২৩] ভারতে প্রথম ব্রিটিশরা, তারপর মুসলিম -রা আলু খেতে শুরু করে। হিন্দুরা আলু খেয়েছে অনেক পরে।

ইংরেজ শাসন কাল থেকে খাদ্যাভ্যাসের কিছু পরিবর্তন আসে।[২৪] এর একটা প্রধান কারণ, তাদের মূল কেন্দ্র ছিল কলকাতা। যদিও কবি ঈশ্বর গুপ্ত (1812-1859) লিখেছিলেন, ভাত-মাছ খেয়ে বাঁচে বাঙালী সকল।[২৫] ঔপনিবেশিক অভিখাতে, বাঙালি পরিবারের ভেতরের দ্বন্দ্ব সত্ত্বেও সে পরিবর্তন আটকানো যায়নি।[২৬] স্টু, চপ, কাটলেট, টমেটো, বরফ, কুলপি সোডার বোতল, চা, বিস্কুট, প্রভৃতি এসবই ইংরেজ দের অবদান।[২৭] মিলন দত্তর, 'বাঙালির খাদ্যকোষ' এ ব্রিটিশদের সূত্রে এ দেশে এসে যে খাবার গুলো প্রায় দেশি খাবারে পরিনত হয়েছে। বিস্কুট তাদের নিঃ সন্দেহে অন্যতম। 1847 সালে প্রথম ব্রিটিশরা এ দেশ বিছুট আমদানি করে।[২৮] 1885 সালে নাগাদ ভারতীয় প্রস্তুতকারকরা প্রথম বিস্কুট তৈর শুরু করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত সেই আমদানি বছরে প্রায় 2000 টনে পৌঁছেছিল। 1885 সাল নাগাদ ভারতীয়রা 10 হাজার টন বিস্কুট তৈরি করত। এই বিস্কুট সম্পর্কে রক্ষণশীল হিন্দুদের প্রবল আপত্তি ছিল। ঔপনিবেশিক, পর্বে মুসলমানের দোকান থেকে বিস্কুট কিনিয়া আনিতে ভয় পেতেন। কারন তাদেরকে নানান মন্ত্রনা শুনতে হতো। এমন কি এই "অদ্য কার্য সমাধা করতেই হইবে। এই রূপ স্থিতপ্রতিজ্ঞ হইয়া তাঁহারা গৃহ- হইতে বহিগত হইলেন।[২৯] মুসলমানের দোকানের সম্মুখে আইলেন। কিন্তু তাহারা ভিতর প্রবেশ না করিয়া পথের উপরে দাড়িয়ে সকলে ভাবিতে লাগিলেন। কারও সাহস হল না এগিয়ে বিস্কুট কিনে আনার। শেষে একজন অপেক্ষাকৃত অধিক সাহসি পুরুষ এগুলেন। কিন্তু তাহার পা কাঁপিতে লাগিল। তার পর তিনি দোকানের ভিতর প্রবেশ করিয়া বিস্কুট কিনিয়া আনিল। তখন তার সঙ্গিরা জয়সূচক ধ্বনি দিলেন। মাইকেল মধুসূদন দত্ত (1824-1873) একেই কি বলে সভ্যতা প্রহসনে ইংরেজ শিক্ষিত তরুনদের অন্ধঅনুকরনে বা করেছিলেন। তাদের মুসলমানদের হাতে না খাওয়া, জাতি ভেদ না মানা, নবাবিখানার,

- মুসলমান ভেদাভেদ সমস্ত কিছু নিয়ে রক্ষশীল হিন্দু সমাজে আতঙ্ক তৈরী করেছিল। এই প্রসঙ্গে স্বামীজি বলেছি লেন-

"ছুঁয়ো না ছুঁয়ো না করে
ছুৎ মার্গীর দল দেশটাকে
ঝালাপালা করেছে।"

সন্ন্যাসী হয়েও স্বামী বিবেকানন্দ খাদ্য বিচারে খুবই বিজ্ঞান মনস্ক, ও মুক্তিবাদী ছিলেন। তিনি খেতে ভালো বাসতেন, সব ধরনের খাবার খেতেন, তার মধ্যে মাছ- মাংসও ছিল, রান্না করতেন। এক জায়গায় তিনি শিষকে বলেছেন, যে ভালো রাধতে পারে না, সে ভালো সাধু হতে পারেনা'- মনসুগ্ধ না হলে ভালোসুস্বাদু রান্না হয় না।[৩০] বাংলার সঙ্গে চিনের যোগাযোগ সেই আদি যুগ থেকে। ঔপনিবেশিক কালের আগে কোথাও চাপানের উল্লেখ নেয়। ঔপনিবেশিক পর্বে চায়ের প্রচালন" ঘটে বাংলায় তথা ভারতবর্ষে। পরবর্তী কালে বাংলার "চা" চাষ করা হয়।[৩১] চিন দেশের চিনা খাবারেরও উদ্ভব ঘটে ঔপনিবেশি পর্বে।[৩২] যা বর্তমান বাঙালির কাছে প্রিয় বা প্রধান খাবার হয়ে দাঁড়িয়েছে। শুরু হয় বাঙালি খাদ্যে বিবর্তন। সুসীম চা-চক্স নামে একটি কবিতা লিখেছিলেন-

হায় হায় হায়
দিন, চলি যায়
চা স্পৃহ চঞ্চল
চাতক দল চলো
চলো চলো হে!
টক বক উচ্ছল
কাথলিতল জল
কল কল হে!
এল চীন গগন হতে
পূর্ব পবন স্রোতে
শামল রসধরপুঞ্জ,
শ্রাবনবাসরে
রস ঝরঝর ঝরে
ভুজ হে ভুঞ
দলবল হে!

নীহার রঞ্জন রায় "বাঙালির ইতিহাস (আদি পর্ব) গ্রন্থে লিখেছেন, "ভাত সাধারনত খাওয়া হইত- শাক ও অন্যান্য ব্যঞ্জন সহযোগ।[৩৩] দরিদ্র এবং গ্রাম্য লোকেদের প্রধান উপাদানই ছিল শাক ও অন্যান্য সবজি- তরকারি।[৩৪] ডাল খাওয়ার উল্লেখ নেয়।[৩৫] শ্রী চৈতনদেবের খাদ্যভ্যাস থেকে মধ্যযুগের বাঙালীনিরামিষ খাদ্যভ্যাসর একটি খণ্ড চিত্র পাওয়ায়।[৩৬] তাঁর খাদ্যে তালিকায় থাকত- নিম বেগুন, পটল ভাজা, বড়ি ভাজা, মুগের ডাল, দুধ; লাউ প্রভৃতি। সেই সময় রসগোল্লাও সন্দেশের চল সেই সময় ছিল না। তবে মিষ্টির স্বাদ সেই সময় পূরন হত ছি এরপায়েস, ক্ষীর, পুলি, নারিকেল পুলির উপাদেয় উপস্থিতিতে। বৈষ্ণবরা তখন থেকেই চৈতন্য আশ্রিত নিরাশিস খাদ্যধারাকে অনুস্মরণ করে এসেছে। তাঁরা মুসুর ডাল ও পুই শাককে আমিসের দলে রাখতেন।[৩৭] নিরামিষাশী- বৈষ্ণবদের শেষ পাতে থাকত অম্বল এবং তেঁতুলের ঝোল মুখশুদ্ধিতে থাকত হরীতকী- তাম্বুল- কর্পূর। ব্রাহ্মনরা নিরামিষ খাদ্য গ্রহন করতেন, আর মূলত অব্রাহ্মনরা আমিষ খাদ্য গ্রহণ করতেন ।[৩৮] তাঁরা মাছ-মাংস সহন করতেন। প্রকৃতি ও সংস্কৃতি- এই দুটি বিষয়ই বাঙালির খাদ্য বিবর্তনের সাথে জড়িত থাকায় একদিকে প্রাকৃতিক পরিবেশ ও অন্যদিকে 'সামাজিক রীতিনীতি-বিধি নিষধে এবং বৈদেশিক প্রভাব সব- কিছুই কোনও নির্দিষ্ট ভৌগলিক রাজনৈতিক অঞ্চলের খাদ্যশৈলীর সাথে ওতোপোতভাবে জড়িয়ে থাকে।[৩৯] একথা বলাবাহুল্য যে কোনো ও অঞ্চলের সামাজিক- সাংস্কৃতিক ইতিহাসের চরিত্র অনুসন্ধানের ক্ষেত্রে খাদ্যশৈলী নিঃসন্দেহে একটি গুরুত্ব পূর্ন নির্ণায়ক বিষয়। ব্রিটিশ ঔপনিবেশিকতার মূল কেন্দ্র ভূমি নগর কলকাতার সামাজিক সাংস্কৃতিক- ক্ষেত্র। এই প্রক্রিয়ার জন্মদিয়ে ছিল "সাবেকি বাঙালিয়ানার" যা বাংলার প্রচলিত সাংস্কৃতিক থেকে অনেকটাই ছিল আলাদা। ছানার তৈরি মিষ্টান্নশৈলী, যা সাবেকি তথা বাঙালিয়ানারই সবথেকে বেশি ব্যবহৃত রূপক তা তো একেবারেই আঠারো-উনিশশতকের আধুনিক ঐতিহ্যের পরিনাম "বীর" ও "বেকারির" প্রতীকায়িত প্রতীচ্যীয়তার দেশীয় সংস্কৃতিক প্রত্যাঘাত।[৪০] যেহেতু খাদ্যতথা রন্ধশেলী প্রত্যেকটি অঞ্চল ভেদে পৃথক এবং এটি হল প্রকৃতি থেকে সংস্কৃতিতে উত্তরনের প্রকৃষ্টতম সেতুবন্ধের নিদশন, তাই অধিকাংশ সংস্কৃতিরই প্রধান পরিচায়ক হিসেবে তার খাদ্যশৈলী গুরুত্ব অর্জন করেছে।[৪১] প্রকৃতি থেকে সংস্কৃতিতে উত্তরনের যাত্রাপথটি আবার নিয়ন্ত্রিত হয় বহু বিধ সামাজিক বিধি-নিমেধের দ্বারা। তাই বলা যায় যে, খাদ্য নিছক ক্ষুধা নিবৃত্তির মাধ্যম নয়-তার সঙ্গে অঙ্গাঅঙ্গী ভাবে জড়িয়ে আছে সংশ্লিষ্ট সমাজের বিধিব্যবস্থা যা আবার প্রত্যক্ষ ভাবে সংযুক্ত প্রচালিত প্রথা বা জীবন শৈলার সাথে। তাই তো খাদ্যের উপকরন, রন্ধন শৈলী, পরিবেশনা পদ্ধতি সবকিছুতেই সময়ের পরিবর্তনের সাথে সাথে আসে রন্ধন প্রনালীর এবং ব্যঞ্জনের পরিবর্তন। নিরামিষ ভোজন ছিল একটি অদম্য অভ্যাস যা জাতি গঠনের পথে অনতিক্রম্য বাধা সৃষ্টি করেছিল।[৪২] সুতারাং সমগ্রিক বিচারে একথা বলা অত্যুক্তি হবে

না যে বাংলা নানা আঞ্চলিক শৈলীর মধ্যে পার্থক্য থাকলে ও মোটের উপর মাছভাত বাংলার আদিবাসীদের দৈনন্দিন জীবনের একেবারে অবিচ্ছেদ্য অঙ্গে পরিণত হয়েছিল।

তথ্যসূত্র :

১. Biswajit Panda, Social History of The Bengali Cusine from Bengali cooking Books, Literature. And other writings, Salt Lake, Kolkata, 700091, 2018,83

২. নৃপেন belfar, Link - https: // draminbd.com / বাঙালির খাবারদাবার ও নৃপেন ভৌমিক, তদেব।

৩. Panda, পূর্বোক্ত 2018, পৃঃ3

৪. Biswajit Panda, 2018, 983

৫. Utsa Ray changing dietary Practices in colonial Bengal. Cambridge university. Press, 2012, vol. 46, No. 3, পৃঃ 710

৬. Utsa Ray, তাদের2012, পৃ8704

৭. Biswajit Panda, পূর্বোক্ত পৃঃ4

৮. Biswajit Panda, তদেব পৃঃ4

৯. Biswajit Panda, তদেব পৃঃ8

১০. Biswajit Panda, তদেব পৃঃঃ

১১. দীনেন্দ্র কুমার রায়, পল্লী বৈচিত্র্য, নলনী মোহন রায় চৌধুরি, কলকাতা, ডিজিটাল লাইব্রেরি ইণ্ডিয়া জয়জ্ঞান, 1905, 2822,23

১২. দীনেন্দ্র কুমার রাম, তদেব, 1905, পৃ: 27,28

১৩. অরুনিমা রায়চৌধুরী historyakunima@gmail.com, পৃ: 9

১৪. বিজয় সুপ্ত, পাদ্মপুরান, বসন্তকুমার ভট্টাচাস কর্তৃক সঙ্কলিত, কলকাতা, 1962, ছয়পুত্র বধ:96-97

১৫. Biswajit Panda, পূর্বোক্ত 2018 পৃঃ9

১৬. তদেব, 2018 পৃ: 9

১৭. তদেব, 2018 পূ: 9

১৮. তদেব, 2018 পূঃ 9

১৯. Biswajit Panda, তদেব, 2018 পূঃ 10

২০. Utsa Roy, পূর্বোক্ত, 2012 পৃঃ 712

২১. মিলন দত্ত, "বাঙালির খাদ্য কোষ" দে'জ পাবলিশি কলকাতা- 700073, 2015, পৃ843

২২. তদের, 2015 843

২৩. শঙ্কর দত্ত, বাঙালির খাওয়া-দাওয়া, চতুর্থ সংস্করন - 2018, পূ: 18,19

২৪. Biswajit Panda, পূর্বোক্ত 2018, পূর্বোক্ত, পৃঃ11

২৫. Utsa Roy, পূর্বোক্ত 2012, পৃঃ 715-716

২৬. Utsa Roy, তদেব, 2012, পৃঃ 711

২৭. Biswajit Panda, পূর্বোক্ত, 2018, পৃ811

২৮. Biswajit Panda, তদেব, পৃঃ12

২৯. Biswajit Panda, তদেব, 2018 পৃঃ 13

৩০. Biswajit Panda, তদেব, 2018, পৃ813-14

৩১. Biswajit Panda, তদেব, 2018 813-14

৩২. নীহাররঞ্জন রায়, বাঙালির ইতিহাস(আদিপর্ব), দে'জ পাবলিশিং, কলকাতা 700073, 1420,8143,পৃষ্ঠা-১৪৩

৩৩. মিলন দত্ত, পূর্বোক্ত, 2015, পৃ812

৩৪. Utsa Ray পূর্বোক্ত, 2012, পৃঃ 712,720

৩৫. নৃপেন ভৌমিক, পূর্বোক্ত

৩৬. নৃপেন ভৌমিক, তদেব

৩৭. Jayanta sengupta, The culture of food and Cusine in colonial Bengal, cambridgeuniversity Press, 2010, 44, NO-1, পৃ892,95

৩৮. অরুনিমা রায়চৌধুরি, পূর্বোক্ত, পৃ85,6

৩৯. অরুনিমা রায়চৌধুরি, তদেব, পৃঃ10,11

৪০. ক্লাসে লেভি স্ট্রক, দার অ্যাণ্ড দ্য কুকডঃ ইনট্রোডাকশন টু এ সায়েন্স অফ: মিথোলজি,জন এবং ডরীন ওয়েটম্যিন কর্তৃক অনূদিত, লণ্ডন, 1994, পৃ8164

৪১. Jayanta Sengupta, পূর্বোক, 2010, পৃঃ97

10

লোক উৎসব ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা

ড. অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পূজা হালদার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সূচনা : উৎসব জীবনকে সুলিখিত গতিতে এক নতুন ছন্দে ভরিয়ে তোলে। সেই জিবনে মানুষে মানুষে স্বাভাবিক মিলনের যে ঐতিহ্য এই উৎসবকে ধারন করে রাখে তা চিরায়ত এক সম্পদ। সকলকের মুখে হাসি ফুটিয়ে তোলা। প্রিয়জনকে আর ও নিজের করে পাওয়া। সব শ্রেনীর মানুষের কল্যান কামনা। উৎসবের অঙ্গ হয়ে দাড়ায়। তাই উৎসবের আনন্দে জড়িয়ে থাকে সকলের জন্য অবারিত দ্বার। সেখানে সব থেকে বাইরের পাশাপাশি অন্তরের সৌন্দর্যের সঙ্গে বহির্জগতের উৎসারিত কল্যান মানুষকে নতুনভাবে ধান্ধ করে।

✸ **ঐতিহ্য মণ্ডিত বানীপুর লোক উৎসব ঃ** আসলে লোক সংস্কৃতির জন্ম সেই সুদূরকালে লোক কথার মাধ্যমে। পশ্চিমবাংলার লোক সংস্কৃতির এক আবার খনি। যেখানে শিল্পকলা, সাহিত্য, সঙ্গিত, নাটক, পুতুল নাচ আর ও হাজার রকম বৈতিত্র ভারতীয় লোক সংস্কৃতির ধারাকে শুধু অব্যাহত রাখেনি, তাকে বিশ্ব দরবারে মর্যাদায় প্রতিষ্টা দিয়েছে। ঐতিহ্যমণ্ডিত এই সংস্কৃতি প্রজন্মের পর প্রজন্ম ধারাবাহিক ভাবে এগিয়ে চলেছে। তাই কঠিন কাজটি অত্যন্ত সাফল্যের সাথে করে চলেছে বানীপুর লোক উিৎসব। যা শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষের গৌরবের বিষয়। এই সাথে বাংলাদেশের কথাও বলা যায়। ওপার বাংলা পশ্চিমবঙ্গের এই ঐতিহাসিক লোক সংস্কৃতির আঙ্গিনা বানীপুর প্রতি বছর সামিল হয় স্ফূর্তভাবে। এ যেন পরস্পরের হৃদয়ের আঙ্গিনায় ভরে ওঠার সম্মিলিত প্রয়াস। কবিগুরু রবীন্দ্রনাথ তাই বলেছেন 'মিলনের মধ্যে যে সত্য তাহা কেবল বিজ্ঞান নহে, তাহা আনন্দ, তাহা রা স্বরুপ, তাহা প্রেম; তাই মেলা হল এক মহান মিলন ভূমি। এক মহোৎসব। নতুন প্রানে জেগে ওঠার আনন্দ।

ভাবলে বিস্ময় জাগে, বর্তমানে লোক উৎসব ৬৬ বছরে পড়ল। ১৯৫৫ সালে কয়েকজন উৎসাহী মানুষ এই মেলার সূচনা করেন। তাদের সেই পরিশ্রম ও প্রচেষ্টা আজ স্বপ্নের সাফল্যের দোর গোড়ায় পৌঁছে গিয়েছে। সারা ভারতজুড়ে হাজারো মেলা হয়। কিন্তু বানীপুর লোক উৎসব তাদের মধ্যে অন্যতম শুধু তাইনয়, বর্ণময়তার ও বৈচিত্রে নিজস্ব ধারনায় এক অতুলনিয় মেলা। লক্ষ লক্ষ মানুষের মিলন ভূমিতে এ এক প্রবিত্র অঙ্গন। এখানে এলে মনে বুঝি সব পেয়েছি, এক দেশ, লোক গীতি,

রবীন্দ্রসঙ্গীত লোকনৃত্য, রবিন্দ্রনৃত্য, ছবি আঁকা, খেলাধূলা, ব্রতচারী, জিমনাস্টিক, ফুটবল, দড়ি টানাটানি ইত্যাদির সঙ্গে অফুরান নানা প্রদর্শনী। চোখ জুড়ানো নানা রঙ বেরঙের মেলা। সেই সাথে হারিয়ে যাওয়া নানা স্বাদের খাবার। পিটে পুলি থেকে পাটিসাপ্টা হয়।

এই মেলার সাথে দর্শকের হৃদয়ের যোগ ছিল অচ্ছেদ্য। রাতের বয়স বাড়ে কিন্তু মেলার ভিড় কমে না। অবিরাম চলে বায়ল, তরজা, কবিগান, কীর্তন, ফকিরি, ভাটিয়ালি ঝুমুর, টুসু, ভাছ, ছৌ, অন্তীরা, আরও কত কি। দূর দূরান্ত থেকে শিল্পীরা আসেন ভালোবাসার টানে। সাধারন মানুষ ও ভালোবাসার টানে হয় ভারতের বহুত্ববাদ এবং বৈচিত্র্যের মধ্যে ঐক্য এই মেলার পাদপীঠে সার্থকতা লাভ করে। এখানে মানুষের মধ্যে কোন ভেদাভেদ এ যেন কবিগুরুর কথায় আমরা সবাই রাজা, আমাদের রাজার রাজত্বে, বানীপুরের লোক উৎসব ইতিহাসের গর্ব। মানুষের জয়যাত্রার ইতিহাস। যাকে ঘিরে রয়েছে মানুষের অনেক স্মৃতি এই মেলায় বাংলার সেরা কবি সাহিত্যিক, নাট্যকার, চলচ্চিত্র, পরিচালক, অধ্যাপক ও প্রাবান্ধিক। জন নেতা, সঙ্গীতশিল্পী, ক্রীড়াবিদ, সাংবাদিক, স্বাধীনতা সংগ্রামী ইত্যাদি বিভিন্ন শাখার গুনীজনেরা সমবেত হয়েছেন। তাদের খ্যাতি বাংলা ছাড়িয়ে বিশ্বের দরকারে বন্দিত। তাই বানিপুর লোক উৎসব ঐতিহ্যের পরম্পরায় মানুষের মেলায় পরিনত হয়।

বানীপুর লোক উৎসবে শান্তি নিকেতননের পৌষ মেলার ছবি দেখা যায়। রবীন্দ্রনাথ মানুষের আসন খুলে দিয়েছিলেন পৌষ মেলার প্রাঙ্গনে। জাতি, ধর্ম নির্বিবেষে সকলের সমান অধিকার, সকলেই এই আনন্দের শরিক। কোনো রকম ভেদাভেদের স্বপ্ন নেই। বানীপুর লোক উৎসব মানুষের উৎসব। সকলেই স্বাগত। হারিয়ে যাওয়া পুরানো ঐতিহ্য নতুন করে ফিরে ফিরে আসে। সেই সাথে জীবনের আয়নায় ফেলে আসা দিনের স্মৃতি তরতাজা হয়ে ওঠে। তাই এই উৎসব চিরতরুন, চির নতুন। লোক উৎসব তাই প্রকৃত অর্থে হয়ে ওঠে লোকের উৎসব। ভালবাসা ভাললাগার মিলনস্থল।

✸ **লোক উৎসবের প্রারম্ভ :** একসময় এ রাজ্যে ও রাজ্যের বাইরে শিক্ষাকেন্দ্র রূপে খ্যাতি ছড়িয়ে পড়েছিল বানীপুরের, মহাআগান্ধী উদ্ভাবিত বুনিয়াদী শিক্ষা ও গুরুদেব রবীন্দ্রনাথের আশ্রমিক শিক্ষার সার্থক সংমিশ্রন ঘটেছিল বানীপুরে, নিষ্টা, হাতে কলমে শিক্ষা আনন্দানুষ্ঠান ও সমাজসেবা মিলে মিশে বানীপুরকে গড়ে তুলেছিল। এক আদর্শ শিক্ষাকেন্দ্র। প্রথিতমশা গান্ধীবাদী শিক্ষাবিদ শ্রীরামচন্দ্রন বানীপুরে এসে বসেছিলেন- ভবিষ্যতে ভারতবর্ষে যদি একটি আদর্শ শুক্ষক শিক্ষন বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয় তা হবে এই বানীপুর। তাছাড়া বানীপুরের জীবনে আনন্দ উৎসবের গুরুত্ব ছিল অপরিসীম। তারই অন্যতম লোক উৎসব। লোক উৎসব প্রাঙ্গন থেকেই এর অন্যতম সৃষ্টী। অধ্যক্ষ প্রফুল্ল হোড় রায় হাসিমুখে অমৃতলোকের পথে চলে গেলেন। লোক

উৎসবকেই কেন্দ্র করে ই বানীপুর তথা বৃহত্তর হাবড়া ও জেলার মানুষ আনন্দের হাটে মিলিত হন।

১৯৫৪ সালে লোক উৎসব শুরু হয়। একাদিক্রমে ১৯৬৯ সাল পর্যন্ত লোক উৎসব অনুষ্ঠিত হয়। আলোচনা সভা, খেলাধুলা, বর্নম সাংস্কৃতিত অনুষ্টান, প্রদর্শনী ও মেলা নিয়ে লোক উৎসব। এই সময় পর্বে একটি অন্যতম সাংস্কৃতিক মেলা রূপে রাজ্যের সংস্কৃতি প্রিয় মানুষের কাছে খ্যাতি অর্জন করে, রাজনেতিক ওলযোগ, সরকারী উদাসীনতা ও উত্যোগের অভাবে ৭০-৭১, ৭৪-৭৮ এবং ৮০-৮৫ মোট ১৩ বছর উৎসব বন্ধ ছিল, ৮৬ সাল থেকে পুনরায় লোক উৎসব শুরু হয়েছে জনসাধারনের উদ্যোগে, লোক উৎসব এর পুনরুজ্জীবন সম্ভব হয়েছে তার শিখড়কে মানুষের মনে ছড়িয়ে দিতে পেরে ছিল।

হাবড়া থানা এলাকার লোক সংস্কৃতি সম্পর্কে কিছু বলতে গেলে প্রথমেই মনে আসে বানীপুরের লোক উৎসবের কথা। এই লোক উৎসব হাবড়া বাসীর মনে একটা বিশেষ স্থান অধিকার করে আছে। এই উৎসব মেলা বা মেলা দূরকে করছে নিবাট, পরকে করছে আপন। এই উৎসবের মাধ্যমেই হাবড়া বাসীর সঙ্গে বানীপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের একটা মিলন ঘটে। এই মিলনের মাধ্যমে জনজীবনে নেমে আসে সাংস্কৃতিক চেতন, কয়েকটি দিনের জন্য জীবনে যেন দেখা যায় এক উদার যুক্তির সুযোগ। বড়রা যেন হয়ে যায় আর শিশুরা হয় বড়। অনেক দেখাশুনা ও ভাবনা চিন্তার সুযোগ পাওয়া যায়। পরিচিত হওয়া যায় নতুন মানুষের সঙ্গে।

হাবড়া এলাকার অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ধিবনের উন্নয়নের কথা ভেবে ১৯৫৬ সালে সরকারি প্রচেষ্টায় বানীপুরে লোক উৎসব প্রবর্তিত হয়। এই উৎসব হচ্ছে বড়ো একটি সুসংগঠিত মেলা। এতে বিভিন্ন, সাংস্কৃতিক অনুষ্টান থাকে। থাকে সাহিত্য আলোচনা। লোক সঙ্গীত ওলিকতা এ উৎসবের প্রধান অঙ্গ। তাছাড়া থাকে গ্রামীন খেলাধূলার সমাবেশ। থাকে কৃষি প্রদর্শনী ও প্রতিযোগিতা। এছাড়া, অন্যান্য মেলার মত সার্কাস, নাগরদোলা, দোকানপাট, বিভিন্ন সংঘ ও বিজ্ঞান ক্লাবের স্টল, সরকারি আধার সরকারি নানা প্রতিষ্টানের স্টল ও বিক্রয় কেন্দ্র ইত্যাদি।

সূচনা থেকেই বানীপুর লোক উৎসবটির পরিচালনার সুবিধার জনা একটি উৎসব সমিতি গঠিত হয়। এতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ ও জনপ্রতি নিধিদের নেওয়া হয়। স্নাতকোত্তর বুনিয়াদী প্রশিক্ষন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীহিমাংশু বিমল মজুমদার ও জনতা কলেজের অধ্যক্ষ শ্রীপ্রফুল্ল কুমার হোড়রায় মহাশয়কে প্রথম দিকের বেশ কয়েক বছর অত্যন্ত যোগ্যতার সঙ্গে যথাক্রমে সভাপতি ও সম্পাদকের কাজ চালাতে দেখেছি। সমাজশিক্ষা বিভাগের আর্থিক অনুদান এই উৎসব হয়। সুতরাং এই উৎসবে জনতা কলেজের ভূমিকা ও ছিল বলে মনে করা হয়।

✷ **বিহঙ্গ- দৃষ্টিতে বানীপুর লোক উৎসব ঃ** বানীপুর লোক উৎসবের আনন্দ ধুনি প্রতি বছরই ফেব্রুয়ারি মাসে বেজে ওঠে। সূচনায় যে উৎসবটি ছিল শুধুই একটি শিক্ষাকেন্দ্রের বার্ষিক কর্মকাণ্ডের অংশ। পরবর্তীকালে তা হয়ে উঠেছে বানীপুর তথা বৃহত্তর হাবড়া-অশোকনগরের জনসাধারন ও শিক্ষা ও অন্যান্য সমূহের মহামিলনোৎসব। এক সময় সরকারী পৃষ্টপোষকতাই ছিল এর মূলধন। আজ তা রূপ নিয়েছে এ উত্তর ২৪ পরগনা জেলার এক সুবিশাল লোক মহোৎসব। বেসরকারী উদ্যোক্তাদের চেষ্টার পুনর্জন্ম লাভ করে এখন তা ক্রমশই এগিয়ে চলছে পুর্নতার তথা ব্যক্তির দিকে। এতদঞ্চলের শিক্ষা, প্রতিষ্টান সমূহের অধ্যাপক, শিক্ষক, শিক্ষাকর্মী, ও ছাত্রছাত্রীবৃন্দ এই জেলার সাংসদ, স্থানীয় বিধায়ক গন, এতদঞ্চলের বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান সমূহ, বিভিন্ন সংগঠনের নিষ্ঠাবান সদস্যবৃন্দ, ব্যবসায়ী সমিতি সমূহ শিল্প প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় জন সাধারন সকলেই এই উৎসবকে সাফল্য মণ্ডিত করার জন্য তাদের উদার ও সক্রিয় হস্ত প্রসারিত করে চলেছেন।

এই বাংলায় অনেক অনেক মেলাই অনুষ্টিত হয়। প্রতিটি মেলার মূল সূরটি হলো বাংলার লোক সংস্কৃতি ও জন শিক্ষা। এই লোক উৎসবের সমাবেশ ঘটেছে বাংলার শিল্প সংস্কৃতির ধারক বাহক প্রবক্তাদের। কাবা- সাহিত্য, চিত্র কলা শিক্ষা, দর্শন রাজনীতি, সঙ্গীত ও ক্রীড়া জগতের দিকপাল ব্যক্তিগন এই উৎসবের মঞ্চে বহুবার এসেছেন। বানীপুর লোক উৎসব একটি অনন্য উৎসব যেটি কিনা লোক শিলপ ১ লোক সংস্কৃতি, সাহিত্য, কৃষি, বিজ্ঞান ও পুস্তক প্রদর্শনী সবেরই এক মহামিলন প্রাঙ্গন তাই আজ এই লোক উৎসব যথার্থই লোক সাধারনের উৎসবে পরিনত হয়েছে।

বানীপুর লোক উৎসব হাবড়ার তথা সমগ্র উত্তর ২৪ পরগনা জেলার অন্যতম গর্বের বিষয়। আদর্শ শিক্ষাঙ্গন বানীপুরকে কেন্দ্র করে এই লোক উৎসব ক্রমশ এগিয়ে চলেছে ১৯৫৪ সাল থেকে ২০০২, মাঝখানে বছর গুলি ১৯৭০-৭১, ১৯৭৪-৭৮ এবং ১৯৮০-৮৫ মোট ১৩ বছর বানীপুর এর লোক উফসব বিভিন্ন কারনে বন্ধ ছিল। বানীপুর লোক উৎসব প্রকৃতপক্ষে আজ সমগ্র বাংলারই এই সবিশেষ উল্লেখ্যনীয় উৎসব। বাংলার সংস্কৃতি প্রিয় মানুষজনের কাছেই এই উৎসব স্বমহিমায় প্রতিষ্ঠিত। লোক সংস্কৃতির বিকাশ, উন্নয়ন, নিয়মিত চর্চা ও প্রয়োজনের লক্ষ্যে হাবড়াবাসীগন সামগ্রীক ভাবে সফল না হলেও বর্ষামঙ্গল ও বৃক্ষরোপন, বর্ষবরন ও স্থানীয় লোক শিল্পীদের নিয়ে লোক সঙ্গীতের অনুষ্ঠান গুলি সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও হাবড়া বিভিন্ন উৎসবকে সমৃদ্ধ করে এসেছে।

ইতিপূর্বেই আলোচনা করা হয়েছে যে সরকারী পরিচালনায় ও পৃষ্ঠপোষকতায় লোক উৎসবে পর্যবসিত হয়েছে। সে কারনেই লোক উৎসবের নিজস্ব ঠিকানা থাকা ছিল একান্তই প্রয়োজন। লোক সংস্কৃতির বিভিন্ন ধারার উন্নতির জন্য নানা ধরনের কর্মসূচী, বিভিন্ন পর্যায়ে উৎসব ও কর্মশিবির, শিল্প ও শিল্প ধারা সম্পর্কে ভাবনা চিন্তা থাকা

সত্ত্বেও পরিকাটামোর অভাবে তা শেষ অবধি থেমে গেছে। প্রতিবারেই আলোচনা সভা, খেলাধুলা, বর্ণময় সাংসকৃতিক, অনুষ্ঠান, প্রদর্শনী ও রকমারী কেনাবেচার দোকান নিয়েই লোক উৎসব হাজির হয়। লোক উৎসবে অনুষ্ঠিত বলদ গাড়ির দৌড় প্রতিযোগিতা একদা জনসাধারনের কাছে ছিল একটি আকর্ষনীয় বিষয়। প্রাচীন ধরানার যাত্রা শিল্পকে মর্যাদা দেখার জন্য লোক উৎসবে যাত্রামঞ্চের সংযোজন এবং আয়োজন হয়ে থাকে যাত্রানুষ্ঠান। বাংলাদেশের শিল্পীর আসেন তাদের মনোজ্ঞ যাত্রানুষ্ঠানন নিয়ে। জেলার লোক শিল্পীদের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে লোক উৎসবে। তাছাড়াও দুঃস্থ প্রতিবন্ধীদের প্রতি দায়িত্ব পালনে সেবামূলক পদক্ষেপ রাষ্ট্রীয় অস্থি বিষয়ক সংস্থার সহযোগিতায় প্রতিবন্ধী সহায়ক অঙ্গ প্রত্যঙ্গ ও এবং সহায়ক যন্ত্রাদি প্রদান কর্মসূচীও লোক উৎসবকে সামনে রেখেই অনুষ্ঠিত হয়েছে। বাংলার লোক গীতির সমৃদ্ধ ভাণ্ডার ভাওয়াইয়া, ভাটিয়ালি, ঝুমুর, বাউল প্রভৃতি প্রতিবারই অর্ন্তভূক্ত হয়ে থাকে লোক উৎসবের সমগ্র অনুষ্ঠান সূচীতে।

বানীপুর লোক উৎসব একই সঙ্গে বানীপুরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচিত অনেকটাই বাড়িয়েছে এবং সেগুলির চরিত্রের স্বাতন্ত্র্যকে পশ্চিমবঙ্গ তথা পূর্বাঞ্চলের রাজ্যগুলির কাছে তুলে ধরেছে। বানীপুর কে কেন্দ্র করেই এই অঞ্চলের শিক্ষা প্রেমী জনগনের অশা- আকাঙ্খাকাও বৃদ্ধি পেয়েছে। বানীপুরে বিস্তৃততর শিক্ষাকেন্দ্র স্থাপনের দাবী ও পরিকল্পনার স্তর পার হয়ে প্রায় রূপায়ন এর পর্যায়ে এসে পৌঁছেছে। পশ্চিমবঙ্গ সরকার ও সকল নীতিনির্ধারক সমিতি গুলি বানীপুরের উন্নয়ন ও বিকাশে সক্রিয় ভাবে প্রয়াসী হবেন - এটাই হাবড়া বাসীর কাছে কামা। লোক উৎসবের সঙ্গে বিজড়িত প্রতিটি মানুষই আশা করেন শিক্ষার নতুন ধানো লোক উৎসবের নবান্ন ভাণ্ডার পূর হোক। লোক উৎসব শুধুমাত্র নির্মল আনন্দলাভের কেন্দ্র স্থলই নয় বিগত শতাব্দীর পঞ্চাশ ও ষাট দশেক এই উৎসব এক বিরাট এলাকায় লোক শিক্ষার মাধ্যম রূপেও কাজ করেছে। সামরিক বিরতি সত্ত্বেও সাধারন মানুষের উৎসাহ, উদ্দীপনা ও পরিচালনায় বিগত ১৯৮৬ সাল থেকে লোক উৎসব ধারাবাহিক ভাবে অনুষ্ঠিত হচ্ছে, অথ্যাৎ জনসাধারন এর পরিচালনায় অনুষ্ঠিত লোক উৎসব ৩৩ তম বর্ষে পদার্পন করল।

অসংখ্য মেলা অনুষ্ঠিত হয় এই বাংলায় এর মধ্যে কিছুমেলা আছে যা অতিশয় প্রাচীন, কিন্তু অধিকাংশ মেলাই নানাপুজা, পার্বন, পরব, তিথি পভৃতি উপলক্ষে আনুষ্ঠিত হয়। এই সকল মেলা গুলিতে ধর্ম, বর্ন, নির্বিশেষে মানুষ আসেন ও মিলিত হন। ভাবের আদান-প্রদান হয়। মানুষ নির্মল আনন্দ লাভ করেন। কেনাবেচার হাট, থেকে গ্রামীন অর্থনীতি ও তার শক্তি সঞ্চয় করে। মেলাকে কোন ও ভাবধারা প্রচারের মাধ্যম রূপে ব্যবহার করার সূত্রপাত জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে অনুষ্ঠিত গত শতাব্দীর হিন্দু মেলা থেকে। উদ্দেশ্য ছিল স্বদেশশিকতার চেতনাকে বিস্তার করা। এর পর

অনুষ্ঠিত হয়েছে পৌষমেলা, বানীপুর লোক উৎসব। এই সমস্ত মেলা তুলনায় নবীন হলেও ইতিমধ্যে তা বাংলার সাংস্কৃতিক মানচিত্রে একবিশেষ স্থান অধিকার করে রয়েছে।

লোক উৎসবে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যকে পরিচত করার সূচনা হয়েছে। ১৯৮৬ সাল থেকে লোক উৎসবের স্বরনিকা প্রকাশিত হয়ে চলেছে। আর্থিক ও বিষয়বস্তু উভয় দিক থেকেই প্রচেষ্টা শুরু হয়েছে স্মরনিকাকে নানাভাবে সমৃদ্ধ তর করতে। লোক উৎসব প্রতিবছর ফেব্রুয়ারী মাসের প্রথম রবিবার থেকে শুরু হয়ে চলে ঐ মাসের দ্বিতীয় রবিবার পর্যন্ত, আলোচনা সভা, নানান ধরনের খেলাধূলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী ও মেলার অনাবিল

আনন্দের ভাগ নিতে আসা শত সহস্র মানুষের পদধূলিতে লোক উৎসব প্রাঙ্গন সমৃদ্ধ হয়। সমৃদ্ধ হয় লোক জীবন। লোক উৎসব স্মরনিকা তথা স্মারকপত্র পকাশ ও লোক উৎসবের সাফল্যের অবদান যোগায় তা বলাই বাহুল্যমাত্র।

✷ **বানীপুর লোক উৎসব :** গ্রাম বাংলার মানুষের মিলন ক্ষেত্র ভূমি মেলা অর্থ্যাৎ মিলন ক্ষেত্র। মিলিত হওয়া অর্থ্যাৎ 'মিলন' কথাটি থেকেই 'মেলা' কথাটির উৎপত্তি। একটি মেলা যেন একটি সমুদ্র। একটি বিরাট মেলা, যেমন কুয়ম্ভমেলা কিংবা সাগর মেলা যেন একটি মহা-সিন্ধু, চারিদিক থেকে নদী আকারে বয়ে আসা অজস্র জলসতে যেমন সমুদ্রে এসে একত্রিত হয়, ঠিক তেমনি করে চতুর্দিক থেকে বহমান অসংখ্য জনস্যাত এসে মিলিত হয় মিলন ক্ষেত্র অর্থ্যাৎ মেলায়। -

বানীপুরের লোক উৎসব উত্তর ২৪ পরগনা জেলার সর্ববৃহৎ লোক উৎসব। সারা পশ্চিমবঙ্গের মধ্যে বানীপুরের এই লোক উৎসব সর্বদিক থেকে বিশেষ স্বীকৃতি লাভ করেছে। ব্যাপক জন সমাবেশ এবং নানাধরনের প্রদর্শনী, প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্টান এই লোক উৎসবের জনপ্রিয়তার পরিধি ক্রমাগত বৃদ্ধি করে চলেছে। প্রতিবছরই বানীপুরের এই লোক উৎসব অনুষ্ঠিত হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে সাংস্কৃতিক দল এই লোক উৎসবের অংশ গ্রহন করে তাদের সাংস্কৃতিক অনুষ্টান দর্শকদের কাছে পরিবেশন করে, বলদ গাড়ির দৌড়' এই লোক উৎসবের এক বিশেষ আকর্ষন। এছাড়া লোক উৎসবের সময়ে নানা ধরনের প্রদর্শনী চলে। গ্রামীন শিল্প সম্ভার থেকে আরম্ভ করে কৃষিজ দ্রব্যের প্রদর্শনী সবই এই লোক উৎসবের বিশেষ অঙ্গ। লোক উৎসবের পরে বানীপুরে বইমেলার ও আয়োজন করা হয়েছে। বানীপুর লোক উৎসবে নানাধরনের ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়। ১৯৫৫ সালে বানীপুরে এই লোক উৎসবের শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ শিক্ষা বিভাগের অনুদান ই ছিল তখন এই লোক উৎসবের একমাত্র সম্বল। কিন্তু ধীরে ধীরে এই লোক উৎসব সারা অঞ্চলের সাধারন মানুষের সমর্থন ও স্বীকৃতি লাভ করে এক বিশিষ্ঠ রূপ ধারন করেছে। তারপর ১৯৮৬ সাল থেকে এই লোক উৎসবের ধারাবাহিকতা বজায় রাখার জন্য গন উদ্যোগ দেখা দেয়।

পশ্চিমবঙ্গ সরকারের সমর্থন ও আর্থিক সাহায্য এই লোক উৎসবের সাফল্যের ক্ষেত্রে এক বিশেষ ভূমিকা পালন করে চলেছে।

বানীপুরে লোক উৎসব শুরু হয়েছিল তৎকালীন পি. জি. বি. টি. কলেজের উদ্যোগে। এই কলেজের অধ্যক্ষ অধ্যাপক ও ছাত্ররা রানীপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠান কে একত্রিত করে এই লোক উৎসবের সূচা করেছিলেন। এবং পরিচালনা করে ছিলেন, সকলের এই মহতী প্রচেষ্টা আজ বিরাট মহীরূপে পরিনত হয়েছে। যে গন উদ্যোগের ফলে এই লোক উৎসবের পরিধি ও জন সমর্থন বৃদ্ধি পেয়েছে তার প্রতিফলন ঘটেছে এই লোক উৎসবের পরিচালন ক্ষেত্রেও। পশ্চিমবঙ্গের গ্রামীন শিল্প- সম্ভারের বৈচিত্রা সর্বজন স্বীকৃত। বর্তমানে গ্রামীন শিলপ- সামগ্রীর যে সব জিনিস রানীপুরের লোক উৎসবে বিক্রি করার জন্য আনা হয় তার পরিমান। ও খুব কম নয়। গত আট বছর এর মধ্যে হরিয়ানার সূর্যকুণ্ড এর মেলা এক বিরাট আকার ধারন করেছে। জোটি কোটি টাকার শিল্প সামগ্রী সূর্যকুণ্ডের মেলা থেকে প্রতিবছর বিক্রি হয়। শুধু উত্তর ভারতের বিভিন্ন শহরের মানুষই নয়, ভারতের বিভিন্ন অঞ্চল থেকে উৎসাহী মানুষ প্রতিবছর সূর্যকুণ্ড এর মেলা দেখতে যান এবং মেলার শিল্প সামগ্রী ক্রয় করেন। এই মেলা বিদেশী পর্যটকদের একটি বিশেষ আকর্ষনে পরিনত হয়েছে। বানীপুরের লোক উৎসবের পরিধি বিস্তৃত করে যদি এই ধরনের শিল্পমেলাকেও যুক্ত করা তা হলে সারা পশ্চিমবঙ্গের গ্রামীন শিল্প গুলি লাভ বান হবে। কত গ্রাম থেকে কত জনপদ থেকে দূরন্ত অতিক্রম করে কত নদী নালা, মাঠ প্রান্তর পেরিয়ে কত বন- বনাস্ত, পাহাড়- পর্বত, শস্যক্ষেত্র পিছনে ফেলে, কত বয়সের কত অভিজ্ঞতার কত পেশার কত মানুষ মেলায় এসে জমায়েত হন। কেউ কেউ আসেন মেলা দেখতে কেউ কেউ আসেন বিচিত্র সব পসরা নিয়ে বানিজ্য করতে। অনেকে আসেন অর্থ উপার্জনের সঙ্গে সঙ্গে বিভিন্ন বয়সের উপযোগী নানান রকম মজাদার খেলা দেখিয়ে দর্শকদের আনন্দে মাতিয়ে রাখতে। যেমন- ম্যাজিক, সার্কাস, নাগর দোলা, সুরস্ত কাঠের খোড়া, ভালুকের নাচ,বাদরের নাচ, সাপের খেলা ইত্যাদি, আবার কেউ কেউ বা আসেন দর্শকদের প্রলোভনের ফাঁদে ফেলে তাদের ঠকিয়ে টাকা আদায় করে নিজেদের পকেট ওটা করার কুমতলব নিয়ে। কত রকমের যে দোকান বসে যায় মেলা প্রাঙ্গনে তার কোন হিসাব নেই। মিষ্টির দোকান, গরম গরম জিলিপি ভাজা হচ্ছে, কোথাও পাঁপড় ভাজা, তেলে ভাজার গন্ধে বাতাস ভুর ভুর করে, মনিহারী দোকান, শাখা- চুড়ি, সিঁদুরের দোকান, ছুড়ি- কাঁচি, বাটির দোকান, চেয়ার- চৌকি পিড়ির দোকান, পাঁজি- পুঁথি - পাঁচালির দোকান সোনা রুপোর গয়নার দোকান থাকে। মেলায় আর এক ধরনের মানুষের অস্তিত্ব দেখা যায়- বাউল, বোষ্টম ফকির, মুর্শেদ, যারা অনুখন রসের সমুদ্রে ভাসেন, আর অনাদের ও ভাসিয়ে রাখেন তাদের অপরুপ নর্তনের তালে তালে অপূর্ব সঙ্গিতের গভীর গহিন তত্ত্ব আর সুললিত ঝংকারের মাধূর্য বিস্তার করে।

কলকাতার কাছাকাছি এই লোক উৎসবের রেলপথে ও সড়ক পথে অতি সহজেই যায়। বানীপুরের লোক উৎসবের মূল আকর্ষন সাংস্কৃতিক অনুষ্ঠান, যাত্রা, বাউলগান, পুরুলিয়ার ছৌনৃত্য, উত্তরবঙ্গের ভাওয়াইয়া এবং এরই পাশাপাশি বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক দলের অনুষ্ঠান বানীপুর লোক উৎসবের আকর্ষনকে প্রতিবছর বৃদ্ধি করে চলেছে। এক কথায় বলতে গেলে পশ্চিমবঙ্গের লোক সংস্কৃতির ধারাবাহিকতাকে বজায় রাখার ক্ষেত্রে বানীপুর লোক উৎসব এক বিশিষ্ঠ ভূমিকা পালন করে চলেছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- ডঃ গৌরীশঙ্কর দে ও অধ্যাপক শুভ্রদ্বীপ দে : প্রসঙ্গ : শিক্ষাঙ্গন বানীপুর নানান দৃষ্টিকোন থেকে, ২০১৮ খ্রীস্টাব্দ (১৪২৫ বঙ্গাব্দ), পৃষ্ঠা: ২৬৭-২৭০, ২৭১-২৭২, ২৮১-২৮৩
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ১৯৯৮
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১২
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৪
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৬

11

দেশ বিভাজনের আগে ও পরে দলিতদের আর্থ-সামাজিক জীবনযাত্রা ও তার বিবর্তন

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
ইতি বাড়ৈ (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

দলিতদের আর্থ-সামাজিক অবস্থান আলোচনার শিরোনামের শুরুতেই বলা দরকার, গবেষণার ক্ষেত্রে চর্চিত আলোকে উল্লেখিত তথ্য দুটি বিশ্লেষণ করা প্রয়োজনীয়, তথা অর্থনৈতিক ও সামাজিক। বাংলায় সংবিধান প্রণয়ন কালে প্রস্তাবনায় বলা হয়েছিল, আমাদের রাষ্ট্রের অন্যতম মূল লক্ষ্য হবে গণতান্ত্রিক সমাজের প্রতিষ্ঠা, যেখানে সকল নাগরিকদের অর্থনৈতিক ও সামাজিক সাম্য সুনিশ্চিত হবে। এই অর্থনৈতিক ও সামাজিক সাম্য দলিত জীবনে কতখানি প্রাসঙ্গিক বর্তমানে গবেষণায় তা খোঁজায় চেষ্টা করি। ভারতের গ্রামীণ অর্থনীতি ও সমাজের ঘাত-প্রতিঘাতের সম্পর্ক অনুসন্ধান করলে দেখা যায় যে উৎপাদন ব্যবস্থাকে অব্যাহত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল হিন্দুসমাজের জাতিভিত্তিক সামাজিক স্তরবিন্যাস। স্বাধীন ভারতের সংবিধানে অস্পৃশ্যতা নিষিদ্ধ হলেও অস্পৃশ্যতা দূর হয় না! দূর হয় না তাদের অর্থনৈতিক ও সামাজিক দূর্দশা। আমাদের সমাজ ও অর্থনৈতিক জীবনে সাম্প্রদায়িকতা আর জাতপাতের প্রশ্ন এমনভাবে জড়িয়ে রয়েছে যে, শুধুমাত্র পবিত্রতা আর অস্পৃশ্যতার ধারণাই নয়, জীবনের প্রতিটি ক্ষেত্রে অন্ধতা যা চরম অর্থনৈতিক বৈষম্য। দলিতদের জন্মগত পরিচয় যা তাদের সমাজে থাকার কারণ। এবং সামাজিকভাবে পিছিয়ে থাকা বংশগত পেশা যা তাদের অর্থনৈতিক অনুন্নয়নের কারণ।

দেশ বিভাজনের প্রাক্কালে দলিত জীবনের বড় সামাজিক বৈষম্য দেখা গেছে বিচ্ছিন্নতায় বোধ শক্তিতে। শহর-গ্রামে সর্বত্র দলিতরা নিজেদের মধ্যে গুটিয়ে থাকত সামাজিকগতভাবে বাংলার নিম্নবর্গীয় মানুষেরা অতি প্রাচীনকাল থেকেই নানা ধরনের অসহিষ্ণুতার অত্যাচার ও লাঞ্ছনার মুখোমুখি হয়েছেন। উচ্চ-বর্ণের নিয়ন্ত্রিত মন্দিরে নিম্নবর্গীয়দের প্রবেশে নিষেধাজ্ঞা, মিশ্রগ্রামের প্রধান কেন্দ্রে দলিতদের বসবাসের প্রতি নিষেধাজ্ঞা, প্রভৃতি সামাজিক নিষেধাজ্ঞা জারি ছিল প্রাচীনকাল থেকে দলিতদের উপর। সামাজিক ক্ষেত্রে জাতপাতের আরো অনেকগুলি বিষয় আমাদের চোখে পড়ে যেমন, দলিতরা বিয়ে ও আত্মীয়তা সহ বিভিন্ন সামাজিক কাজে নিজ নিজ জাতের মধ্যে সীমাবদ্ধ থাকত। এক সম্প্রদায় আরেক সম্প্রদায়কে নীচু জাতি বলে মনে করত। এছাড়া সামাজিক অনুষ্ঠানে তাদের একসাথে বসে খেতে দেওয়া হত না। হোটেল বা রেস্তোরাঁয় খাবার খেতে সমস্যায় পড়তে হতো। নমঃশূদ্র জনসম্প্রদায়ের মধ্যে খ্যাতনামা

মণীষী জন্মগ্রহণ করেছেন। তাঁদের মধ্যে শ্রী হরিচাঁদ ঠাকুর, মতুয়া ধর্মান্দোলন ভারতবর্ষের ব্রাহ্মণ্যবাদী চিন্তা-চেতনার সম্পূর্ণ বিপরীত মেরুতে অবস্থান করেছে। হরিচাঁদের সুযোগ্য পুত্র শ্রী গুরুচাঁদ ঠাকুর মতুয়া আন্দোলনকে আরও জনমুখী করে তোলেন।[১] এই দুই মহা মণীষী নমঃশূদ্র সম্প্রদায়ের মধ্যে জাতীয় জাগরণ সৃষ্টি করে গেছেন যা এক যুগান্তকারী দৃষ্টান্ত। ব্রাহ্মণ্যবাদী জাত-পাত, বর্ণ বিভেদ সমাজ ব্যবস্থা, ধর্মীয় গোঁড়ামি, ছুৎমার্গ ভেঙে মতুয়া আন্দোলন ছিনিয়ে এনেছে মানুষের সমাজে সমমর্যাদায় বেঁচে থাকায় অধিকার। আমাদের ভারতবর্ষে সনাতন হিন্দু ধর্মের 'বনাশ্রম' প্রথার ফলে প্রাচীনকাল থেকেই যে সামাজিক বৈষম্য রয়েছে এর ফলে 'দলিত' শ্রেণীর মানুষ সর্বদা বিভিন্ন ক্ষেত্রে বঞ্চিত এবং সামাজিক বৈষম্যের শিকার হচ্ছে অর্থাৎ তাদের অবস্থা পশ্চিমী রাষ্ট্রের ক্রীতদাসের চেয়ে কোন অংশে কম ছিল না। এই সমস্ত কারণে তাদের মধ্যে এই সামাজিক মর্যাদার, সামাজিক স্বীকৃতি এবং ন্যায় সমাজ প্রতিষ্ঠার জন্য অনেক সংস্কারক এগিয়েছেন তার মধ্যে প্রথমেই সমাজ সংস্কারক মহাত্মা জ্যোতিবা ফুলে এর সামাজিক সাম্য তথা ন্যায় বিষয়টি নিয়ে আলোচনা করা যায়। ১৯২৭ সালে মহারাষ্ট্র রাজ্যের পুনে শহরের এক শূদ্র জাতির অন্তর্গত 'মালি' পরিবারে জন্মগ্রহণ করেন। সেই কারণে নিজস্ব অভিজ্ঞতা থেকে তিনি খুব সহজেই তৎকালীন সমাজ ব্যবস্থায় শূদ্র তথা অস্পৃশ্য নিম্নজাতির মানুষের সামাজিক শোষণ, নিপীড়ন এবং বঞ্চনাকে খুব সহজেই উপলব্ধি করতে পেরেছিলেন। তিনি হিন্দু বর্ণাশ্রম ব্যবস্থার অধ্যয়ন করে জানতে পেরেছিলেন যে সমাজে উচ্চবর্ণের মানুষেরা নিজের স্বার্থ সিদ্ধির জন্য, যুগের পর যুগ ধরে ধর্মের ভয় দেখিয়ে এক শ্রেণীর মানুষকে ইচ্ছাকৃতভাবে নিরক্ষর, দরিদ্র এবং কুসংস্কারাচ্ছন্ন করে রেখেছেন। তিনি মনে করেছিলেন দলিতদের সামাজিক উন্নতির মধ্যে দিয়েই এই শতাব্দী প্রাচীন 'বর্ণাশ্রম' ব্যবস্থার অন্ধবিশ্বাসকে দূর করা সম্ভব তিনি ১৮৭৩ সালে অন্যান্য সামাজিক কর্মীর সহায়তায় 'সত্যশোধক সমাজ' প্রতিষ্ঠা করেন এবং সমাজে যুক্তিযুক্ত চিন্তার প্রসারের জন্য তিনি মূর্তি পূজার বিরোধিতা, 'বর্ণাশ্রম প্রথা'র সমালোচনা এবং পুরোহিততন্ত্রের অবসান এছাড়াও সমাজের দূর্বল শ্রেণীর উত্থান ও স্বাধীণতার জন্য অবিরাম কাজ করেছিলেন।[২] তিনি উপলব্ধি করেছিলেন নিম্নজাতির বা দলিত উন্নয়নের জন্য তথা তাদের অগ্রগতির জন্য প্রয়োজন সার্বজনীন শিক্ষার সম্প্রসারণ। এই উপলক্ষে তিনি ও তাঁর স্ত্রী সাবিত্রী বাই-এর সহযোগিতায় ১৮৪৮ সালে দলিত শিশু ও মেয়েদের জন্য একটি স্কুল চালু করেছিলেন।[৩] তিনি দলিৎদের সামাজিক উত্থান ও স্বাধীনতার জন্য অবিরাম কাজ করে গেছেন। তাঁর মতে জন্মগতভাবে সকল মানুষই সমান। অর্থাৎ ঈশ্বর যখন সকলকে সমানভাবে তৈরি করেছেন তাহলে কেবল জাতপাতের কারণে কোনো ব্যক্তির অন্যের উপর অত্যাচার করার অধিকার নেই। সে কারণে তিনি ব্রাহ্মণদের দ্বারা তৈরি 'ব্রাহ্মসমাজ' এবং প্রার্থনা সমাজ এর নিন্দা করে বলেছেন এগুলি দলিতদের প্রতারণা

করে গড়ে উঠেছিল। এছাড়া তিনি হিন্দুপৌরাণিক কাহিনী এবং ধর্মগ্রন্থের কিছু অংশকে প্রত্যাখ্যান করেছিলেন। যেগুলি নিম্নবর্ণের শোষণের উদ্দেশ্যে গড়ে উঠেছিল।

এছাড়া দলিতদের বৈষম্য দূর করে শোষণহীন সামাজিক সাম্য তথা ন্যায়বিচার প্রতিষ্ঠার অন্যতম একজন সংস্কারক ছিলেন 'পেরিয়ার'। যিনি ১৮৭৯ সালে। তামিলনাড়ুর কোয়েম্বাটুর শহরের এক নিম্নজাতি 'নাইডু' পরিবারে জন্মগ্রহণ করেন। জন্মসূত্রে তিনি খুব কাছ থেকে দলিতদের নিপীড়ন দেখেছেন। তিনি মূর্তি পূজা ও হিন্দু পৌরাণিক কাহিনীকে সামাজিক বৈষম্যের জন্য দায়ী করেছেন। কেরালায় 'ভাইকম' মন্দির-এর নিকটবর্তী রাস্তা ব্যবহার এবং মন্দিরে প্রবেশের অধিকারে নিম্নজাতির মানুষের অনুমতি ছিল না তাই তিনি 'ভাইকম' সত্যাগ্রহ আরম্ভ করেছিলেন। তার মতে বর্ণাশ্রম' ধর্ম সমাজে অস্পৃশ্য জাতের জন্ম দিয়েছিল এবং সমাজের প্রত্যেক অব্রাহ্মণদের দাসে পরিণত করতে বাধ্য করেছিল।[৪]

দলিত তথা বঞ্চিত শ্রেণীর এক অন্যতম রক্ষক ছিলেন বাবাসাহেব আম্বেদকর। তিনি ১৮৯১ সালে মহারাষ্ট্রের এক অস্পৃশ্য 'মাহার' পরিবারে জন্মগ্রহণ করেছিলেন। তাকে ও শিক্ষার ক্ষেত্রে প্রবল অবহেলা এবং বঞ্চনার স্বীকার হতে হয়েছিল।[৫] শুধুমাত্র নিম্ন শ্রেণীভুক্ত পরিবারে জন্মগ্রহণ করার ফলে। সমস্ত রকম বঞ্চনা সহ্য করে তিনি সমাজ থেকে কুসংস্কার, বৈষম্য এবং অস্পৃশ্যতাকে দূর করে এক ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। তার নেতৃত্বে ১৯২৭ সালের ২০ মার্চ অব্রাহ্মণ তথা অস্পৃশ্য দলিতদের নিয়ে একটি মহা সম্মেলন আয়োজিত হয়েছিল। সেখানে থানে, বোম্বাই ও কোলাবা সহ বিভিন্ন জায়গা থেকে প্রায় ৫০০০ অস্পৃশ্য শ্রেণীর মানুষ যোগদান করেছিল। আম্বেদকর অনুধাবন করেছিলেন দলিতদের মধ্যে তাদের নিজস্ব আত্ম-সম্মান বোধ প্রতিষ্ঠা না হলে কোনোদিনই সামাজিক অগ্রগতি সম্ভব নয়। এ প্রসঙ্গে তিনি বিভিন্ন আইনি ব্যবস্থার সাথে সাথে ব্রাহ্মণ পুরোহিত ছাড়াই সামাজিক আচার অনুষ্ঠান সম্পন্ন করার অধিকার এবং অন্য বর্ণের সঙ্গে বিবাহের স্বীকৃতি প্রদান প্রভৃতি ব্যবস্থা গ্রহণ করেছলেন। সামাজিক বৈষম্য ও অস্পৃশ্যতা থেকে নিম্ন শ্রেণীর মানুষকে রক্ষা করে ন্যায় ভিত্তিক এবং সৌভ্রাতৃত্বপূর্ণ সমাজ গঠনে আম্বেদকরের ভূমিকা ছিল তাৎপর্যপূর্ণ।

অস্পৃশ্য বা দলিত শ্রেণীর বর্তমান সমাজ ব্যবস্থা আলোচনা প্রসঙ্গে দেখা যায় উনবিংশ শতকের শেষ এবং বিংশ শতকের শুরু থেকে দলিতদের সামাজিক অবস্থানের অনেকাংশে পরিবর্তন সম্ভব হয়েছে। স্বাধীনতার পর দ্রুত সামাজিক বিকাশের জন্য কেন্দ্রীয় সরকার ১৯৫২ সালে ২রা অক্টোবর সমষ্টি উন্নয়ন কর্মসূচী চালু করেন এবং ১৯৫৩ সালে জাতীয় সম্প্রসারণ পরিষেবা শুরু হয়। এই দুটি প্রকল্পের উদ্দেশ্য ছিল গ্রামীণ সামাজিক অগ্রগতি সাধন।[৬] ১৯৭৭ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন অনুসারে পঞ্চায়েতে আসন সংরক্ষের পূর্বে মহিলা, তপশিলি উপজাতি মানুষদের মধ্যে দু'জনকে

মনোনয়ন করতে পারত পঞ্চায়েত। তবে বেশির ভাগ ক্ষেত্রেই মনোনীত মহিলারা সাধারণত উচ্চজাতের গ্রামের প্রভাবশালী পরিবার থেকে উঠে আসত পঞ্চায়েত আসন সংরক্ষণের মধ্য দিয়েই গ্রামের অল্প শিক্ষিত, মধ্য ও নিম্নমধ্যবিত্ত, সাধারণ তপশিলি ও উপজাতি এবং মহিলারা তারা তাদের সামাজিক অবস্থান অনুযায়ী স্থান করে নিতে পেরেছিল। সৌভ্রাতৃপূর্ণ সমাজ গঠনের লক্ষ্যে সংবিধান প্রণেতা বাবাসাহেব আম্বেদকর সংবিধানের বিভিন্ন ধারায় সমাজের পিছিয়ে পড়া মানুষের সামাজিক, মর্যাদা লাভের ক্ষেত্রে কয়েকটি সংবিধান প্রণয়ন করেছিলেন, যার মধ্যে ১৪ থেকে ১৮ নং ধারায় ভারতীয় নাগরিক এবং অ-স্থায়ী নাগরিক সহ সমগ্র নিম্নশ্রেণীর সকলকে সাম্যের অধিকার দেওয়া হয়েছে। যেখানে সকলেই সমান সামাজিক মর্যাদার অধিকারি হবে। একে মৌলিক অধিকার বলা হয়। ৪৬ নং ধারায় রাষ্ট্র যেকোনো ধরনের সামাজিক অবিচার, শোষণ থেকে তপশিলি জাতি ও উপজাতি এবং অন্যান্য দূর্বল শ্রেণীকে রক্ষা করবে। সামাজিক উন্নয়ন ব্যবস্থার প্রভাব শহর ও গ্রামে কিছুটা পৃথকভাবে পরিলক্ষিত হয়। শহরে সামাজিক মেলামেশায় বা পারিবারিক সম্পর্ক স্থাপনে জাত-পাতের বিভাজন আজ আর মারাত্মক ভাবে দেখা যায় না। তবে এক্ষেত্রে গ্রামীণ সমাজে এখনও এই জাতপাতের প্রভাব লক্ষ্য করা যায়। অনুসন্ধানমূলক প্রশ্নোত্তোরের মাধ্যমে ৯৫ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন বর্তমান সমাজে তারা বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারছেন। তবে ১০ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন জাতিগত পরিচয় ঘিরে অস্পৃশ্যতা আছে বলে তারা এখনও মনে করেন। ৮৫ শতাংশ উত্তরদাতা আগের তুলনায় বর্তমানে তাদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ঘটেছে। তবে দেখা গেছে সংরক্ষণ ব্যবস্থার সুবিধা পাওয়ার জন্য তপশিলি জাতির পরিবার উচ্চজাতিতে কন্যা বিবাহ দিতে ইতস্তত বোধ করেন। মাত্র ২০ শতাংশ উত্তরদাতা ভিন্ন সম্প্রদায়ের সাথে বৈবাহিক গঠনে মতামত দিয়েছেন। স্বাভাবিকভাবে একথা অনস্বীকার্যযে সংরক্ষণ ব্যবস্থা পশ্চিমবঙ্গে জাতপাতের সামাজিক অবস্থানে দারুণ প্রভাব বিস্তার করে। ৮৫ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন তারা তাদের সামাজিক মর্যাদায় সন্তুষ্ট। তবে পশ্চিমবঙ্গ ছাড়াও বিভিন্ন রাজ্যে যেমন উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, বিহার, রাজস্থান, ওড়িয়া সহ বিভিন্ন রাজ্যে এখনও উচ্চ-নীচ, জাতপাত বৈষম্য, সামাজিক এবং অর্থনৈতিক সহ প্রভৃতি ক্ষেত্রে স্তর বিন্যাস দেখা যায়।

ভারতীয় সমাজে জাতি-বর্ণের সূচনা লগ্ন থেকেই অর্থনৈতিক বিশেষিকরণ ও পেশার ভিত্তিতে জাতির পরিচয় ধর্মীয়, সামাজিক ও রাষ্ট্রীয় মান্যতা পেয়েছে। শ্রীমদভগবদ্‌গীতায় চতুর্থ অধ্যায়ের ১৩ নং শ্লোকে শ্রীকৃষ্ণ বলেছেন, 'গুণ' ও 'কর্ম' অনুসারে বর্ণের বিকাশ হয়েছে।[৭] কিন্তু কালক্রমে কর্ম বা পেশাই হয়ে উঠেছে 'জাতের' পরিচায়ক। এই পেশাগত জাত বিভাজন প্রাচীনকাল থেকে শুরু করে বর্তমান কাল পর্যন্ত নানাবিধ পরিবর্তন ও পরিবর্ধনের মধ্যে এখনও সমাজে প্রবাহমান। পেশায়

ভিত্তিতে সৃষ্ট বহু জাত বর্তমানে রাষ্ট্রীয় ভাবে স্বীকৃত বিভিন্ন সম্প্রদায় বা শাখা জাতির মর্যাদা পেয়েছে। বিশেষ করে যে পেশাগুলোতে অতিরিক্ত উৎপাদন বা উদ্বৃত্ত সৃষ্টি ও ভোগ করার সুযোগ কম ছিল বা একেবারেই ছিল না সেগুলো ক্রমশ অর্থনৈতিক ও সামাজিকভাবে নিকৃষ্ট পেশা হিসাবে চিহ্নিত হয়েছে। আর নিকৃষ্ট পেশার সঙ্গে যুক্ত সম্প্রদায়গুলো নিম্নমানের জীবনযাপন করতে করতে বর্তমানে দরিদ্রসীমার নীচে বসবাস করছেন। মূলত উৎপাদনের প্রাথমিক ক্ষেত্রের সঙ্গে যুক্ত তপশিলি জাতির মানুষেরা প্রান্তিক কৃষক, কৃষিশ্রমিক, অসংগঠিত শ্রমিক হিসাবে হতদরিদ্র হয়ে বেঁচে রয়েছেন। উৎপাদনের প্রাথমিকস্তরে নিযুক্ত থেকে প্রধান উৎপাদক হওয়া সত্ত্বেও এরা উৎপাদনের নিয়ন্ত্রক হতে পারেননি। তাছাড়া প্রথাগত পেশা যেমন মাছ ধরা, বাঁশ ও কাঠের সরঞ্জাম বানানো, ঝাড়ু দেওয়া, জামা-কাপড় ধোঁয়া, চামড়ার কাজ ইত্যাদি মধ্যেই বেশিরভাগ প্রথাই অর্থনৈতিক প্রাধান্য অর্জন করতে পারেনি। তাই লক্ষ্য করা যায় যে খাদ্যবস্ত্রের যোগানদার ও উৎপাদক, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার প্রধান চালিকাশক্তি, বাড়ি-ঘর নির্মাণের দিনমজুর; মাছ-সব্জি বিক্রেতা, গাড়ি ঘোড়ার চালক, ভার বহন করার কুলি হিসেবে নিম্নমানের দিনযাপনে বাধ্য হয়, যার কারণে অর্থনৈতিক ক্ষেত্রে পশ্চাৎপদ হয়ে রয়েছেন। অর্থনৈতিক দৃষ্টিতে এই নিম্নশ্রেণির মানুষ সামাজিকভাবে ছিল 'দলিত' বা 'নিম্নজাতির মানুষ'। শিক্ষাগত পশ্চাৎপদতার জন্য নিম্নবর্ণীয়দের অধিকাংশই ছিল প্রধানত শ্রমিক বা আধাশ্রমিক।[৮] দ্বিতীয়ত, অর্থনৈতিক চলমানতা তথা ঊর্ধ্বগামীতার সুযোগের অভাব এখনও তাদের অর্থনৈতিকভাবে পশ্চাৎপদ করে রেখেছে। তৃতীয়ত, বহুক্ষেত্রেই তাঁদের অর্থনৈতিক উন্নয়নের প্রয়াস সামাজিক বঞ্চনার প্রত্যাঘাত পেয়ে থাকে। লক্ষ্য করা গিয়েছে যে মিশ্রগ্রামে দলিতদের মুদিদোকান বা অন্যান্য ছোটো ব্যবসায় প্রয়াস ঐ গ্রামের উচ্চবর্ণীয়দের ঈর্ষা ও নিন্দার উৎপাদন করে যা বাস্তবে দলিতদের অর্থনৈতিক উন্নয়নের পক্ষে বাধা হয়ে দাঁড়ায়। চতুর্থত, জমির মালিকানা প্রতিষ্ঠায় ক্ষেত্রে নিম্নবর্ণীয়রা এখনও পশ্চাৎপদ। মূলত কৃষিশ্রমিক হওয়ার জমির মালিকানা এখনও তাঁদের হাতে পুরোপুরি ভাবে পৌঁছায়নি। যা তাঁদের অর্থনৈতিক পশ্চাৎপদতার অন্যতম কারণ হিসেবে চিহ্নিত হতে পারে।

পশ্চিমবাংলার গ্রামীণ ঘাত-প্রতিঘাতের সম্পর্ক অনুসন্ধান করলে দেখা যায় যে, উৎপাদন ব্যবস্থাকে অব্যাহত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। হিন্দু সমাজের জাতভিত্তিক সামাজিক স্তরবিন্যাস। অর্থনৈতিক ক্ষেত্রে সাম্প্রদায়িক ভেদাভেদ আর জাতপাতের প্রশ্ন এমনভাবে জড়িয়ে রয়েছে যে, শুধুমাত্র পবিত্রতা আর অস্পৃশ্যতার ধারণাই নয়, দলিতদের জীবনে প্রতিটি ক্ষেত্রে অন্ধতা যা চরম অর্থনৈতিক বৈষম্য আনে। বিপুল বৈষম্য শাসিত দেশে সামাজিক ব্যবস্থায় সঙ্গে সঙ্গে অর্থনৈতিক নিপীড়নের যুক্তির মূলচ্ছেদ করাও দরকার। পৌরাণিক হিন্দু ধর্মশাস্ত্র মনুস্মৃতিতে অন্তর্গত যারা শারীরিক পরিশ্রম করে বা উচ্চশ্রেণী এছাড়া সমাজের বিভিন্ন রকম সেবার কাজে

নিয়োজিত থাকতেন তারাই ক্ষুদ্র শ্রেণি এবং কর্মবন্টনের তাগিদে তারা কৃষিকাজ, ময়লা পরিস্কার, দিনমজুর সহ বিভিন্ন পেশায় সাথে যুক্ত ছিলেন।[৯] বর্ণাশ্রম প্রথার ফলে প্রাচীনকাল থেকেই সমাজের মধ্যে শ্রেণী বৈষম্য দেখা গেছে। ১৯৪০ সাল পর্যন্ত গান্ধিজী এই বর্ণাশ্রম প্রথাকে সমর্থন করেছিলেন। সমাজ সংস্কারক জ্যোতিবা ফুলে 'বর্ণাশ্রম' ব্যবস্থা অধ্যায়ন করে পেরেছিলেন যে সমাজের উচ্চবর্ণের মানুষেরা নিজেদের পূরণের জন্য ধর্মের ভয় দেখিয়ে সমাজের একশ্রেণির মানুষকে ইচ্ছাকৃতভাবে নিরক্ষর, দরিদ্র ও কুসংস্কারাচ্ছন্ন করে রেখেছে, যাদের এক প্রকার ক্রীতদাস বলা চলে। বংশগত পেশা দ্বারা ও অন্তর্ভুক্ত থাকায় অর্থনৈতিক অনুন্নয়ের অন্যতম কারণ। পশ্চিমবাংলায় স্বাধীনতার শুরু থেকেই গণতান্ত্রিক উপায়ে দ্রুত বিকাশশীল অর্থনীতি গড়ে তোলা হয়। এই উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এবং পরিপূরক হিসেবে সমস্ত নাগরিকদের জন্য ন্যায় ও সমতার ভিত্তিতে এক সামাজিক পরিমণ্ডল গড়ে তোলার দ্বিমুখী উদ্দেশ্যে দেশের পরিকল্পিত উন্নয়নের খসড়া তৈরি করা হয়। ১৯৪৭ সালে স্বাধীন হওয়ার পর ভারত সরকার অর্থনৈতিক উন্নয়নের জন্য পূর্বতন সোভিয়েত ইউনিয়নের অনুসরণে অর্থনৈতিক পরিকল্পনা নীতি গ্রহণ করে। ১৯৫০ সালের মার্চ মাসে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর সভাপতিত্বে বাংলার আর্থিক সম্পদের সুষম বন্টনের উদ্দেশ্যে ভারতে পরিকল্পনা কমিশন গঠন করা হয়। পরিকল্পনাগুলি গঠিত হয়েছিল দ্রুতহারে অর্থনৈতিক উন্নয়ন, কেন্দ্রীয় সম্পদের কাম্য ব্যবহার, মূলধন গঠন, আয় ও সম্পদ বন্টনে বৈষম্য হ্রাস, কর্মসংস্থানে সৃষ্টি, অগ্রাধিকারভিত্তিক উন্নয়ন, বৈদেশিক বাণিজ্যের পুনর্গঠন, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার উদ্দেশ্যে। ১৯৫০ সালে পরিকল্পনা কমিশন গড়ে ওঠার পরের বছর অর্থাৎ ১৯৫১ সালের ১লা এপ্রিল থেকে শুরু হয় অর্থনৈতিক পরিকল্পনা।[11] নগর জীবনের সাথে সাথে গ্রামীণ জীবনেও আর্থসামাজিক পরিবর্তন এক্ষেত্রে নিঃসন্দেহে দেশীয় সরকারের ভূমিকা আছে। স্বাধীনতার পর বাংলার দ্রুত আর্থ-সামাজিক বিকাশের জন্য কেন্দ্রীয় সরকার সমষ্টি উন্নয়ন কর্মসূচী এবং ১৯৫৩ সালে জাতীয় সম্প্রসারণ পরিষেবা চালু হয় গ্রামীণ অর্থনীতির বৈচিত্র্য সম্প্রসারণ। ১৯৭৭ সালে দেশের রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন শুরু হলে পঞ্চায়েত ব্যবস্থাকে পুনরুজ্জীবন সাধিত হয় যা পশ্চিমবাংলার জীবনেও এক বিরাট পরিবর্তন। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খাদ্য উৎপাদন বৃদ্ধির উপর নজর দেওয়া হয়। খাদ্য উৎপাদন বৃদ্ধির পরিকল্পনার দুটি বৈশিষ্ট্য হল স্বনির্ভরতা এবং ভূমিসংস্কার করে জমি বন্টন। প্রথম পরিকল্পনায় খাদ্য উৎপাদন বৃদ্ধি ঘটে ২৬ শতাংশ এই সময় জনসংখ্যা বৃদ্ধি ঘটে ১৮ শতাংশ। ১৯৫১-১৯৭১ সালের মধ্যে খাদ্য উৎপাদন ৫ কোটি ১০ লক্ষ টন থেকে প্রায় দ্বিগুণ বেড়ে ১০ কোটি ৮০ লক্ষ টন বড়ে যায়।[12] ষাটের দশকের মধ্যভাগ থেকে সবুজ বিপ্লবের প্রযুক্তির প্রয়োগ হতে শুরু হয় খাদ্য উৎপাদন বারাবার জন্য। এই প্রযুক্তির মূল হচ্ছে উচ্চফলনশীল বীজ।

এই বীজ থেকে উচ্চফলনশীল ফসল পেতে প্রয়োজন প্রচুর পরিমাণে সার, জল এবং কীটনাশক পদার্থ। এই প্রযুক্তি বাংলার উৎপাদন বৃদ্ধি করে ঠিকই কিন্তু তার মূল্য হিসাবে কৃষিজমির সর্বনাশ এবং গরীব মানুষের বেঁচে থাকা দুস্কর হয়ে উঠেছিল। ১৯১৬-এর দশকে সবুজ বিপ্লব ছিল পশ্চিমবাংলায় অনেক বেশি পুঁজি নির্ভর এবং বাস্তুতন্ত্রে পক্ষে ক্ষতিকারক। এই প্রসঙ্গে পশ্চিমবাংলা ছাড়াও গুজরাটের কথাও বলা যায়। তবে অর্থনীতির উন্নতি ঘটেছিল এই প্রযুক্তিতে কিন্তু তার পশ্চাতের জীবনের ক্ষতি চোখে পড়ে না। বর্তমান অর্থনৈতিক অবস্থানে দলিত সম্প্রদায় অনেকটা

উন্নত হয়েছে দেখা যায়। প্রাচীন প্রথা ও কুসংস্কার থেকে বেরিয়ে এসে তারা অর্থনৈতিক দিক থেকে সমাজের মর্যাদা প্রাপ্ত স্থানে পৌঁছাতে পেরেছেন তাদের আর্থিক উন্নতি ঘটেছে। গবেষণার অনুসন্ধান মূলক লিখিত প্রশ্নোত্তরের ভিত্তিতে ১৫ শতাংশ উত্তরদাতা জানিয়েছেন অর্থনৈতিক অনুন্নয়ের কারণ সামাজিক অস্পৃশ্যতা। উত্তরদাতাদের মধ্যে ১০ শতাংশ জানিয়েছেন জাতপাতের ভেদভেদের কারণে তাদের আর্থিক উন্নতি ঘটছে না। তবে ৮৫ শতাংশ উত্তরদাতা বংশগত পেশা ত্যাগ করে সমাজের মর্যাদাপ্রাপ্ত পেশা বেছে। নিতে সক্ষম হয়েছেন। ৯০ শতাংশ উত্তরদাতার বর্তমান আর্থিক উন্নতি ঘটেছে, যা অনুসন্ধানে পাওয়া যায়।

তথ্যসূত্র :

১. http://www.ijhsss.com - p.58

২. http://www.thecho.in

৩. http://www.ijhsss.com - p.59

৪. তদেব, পৃ. ৫

৫. http://www.ijhsss.com.co,p.60

৬. https://elearning.raghunathpurcollege.ac.in. p.60

৭. বর্মন, রূপকুমার - জাতি-রাজনীতি, জাতপাত ও দলিত প্রতর্ক, পৃ. ১১০

৮. https://www.elarning.raghunathpurcollege.ac.in ,p.৬২

৯. তদেব, পৃ. ৬৪

12

সমকালীন অনাথ আশ্রমের আর্থ-সামাজিক অবস্থা

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

রাজীব দে (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সমাজে যাদের বাবা -মা নেই তারা যেমন অনাথ বলে পরিচিত, ঠিক তেমনি যেই সব শিশুদের তাদের বাবা-মা পরিত্যাগ করে দিয়েছে যেমন- কেউ রাস্তার পাশে তাঁর শিশুকে রেখে গেছে বা কোনো পার্কে শিশুটিকে ফেলে গেছে এরাও অনাথ বলেই গণ্য হয়। কোনো পিতামাতা পরিস্থিতির স্বীকারে তার বাচ্চাকে পরিত্যাগ করুক বা স্বেচ্ছায় করুক একটি সদ্যজাত সন্তানকে পৃথিবীর আলো দেখিয়ে তাঁকে। রাস্তায় ফেলে আসাটা কখনই সমাজিক নয় বা উচিত নয়। যে কোনো অনাথ আশ্রমে একটি বাচ্চা হয়তো সমস্ত রকমের সুযোগ সুবিধা পায়, তা সত্ত্বেও তার জীবনে কোথাও একটা খামতি থেকেই যায় সেটি কোনোভাবেই একটি এতিমখানা সম্পূর্ণ করতে পারে না। এতিমখানার জীবনের অভিজ্ঞতা বাইরে থেকে দেখতে একরকম হলেও ভিতরের জীবনে নানা রকমের ওঠা পরা আছে যেটা হয়ত আর পাঁচটা মানুষের সাধারণভাবে জীবনকে উপলব্ধি করার অভিজ্ঞতা দিয়ে বোঝা সম্ভব নয়। এটা অনেকটা ফুটবল খেলার মতো - মাঠের বাইরের দর্শকরা খেলাটিকে যতটা সহজ ভাবে খেলাটি ততটা সহজ হয় না, সেটা একমাত্র ওই মাঠের ২২ জন খেলোয়াড়ই বুঝতে পারে। এতিমখানার অভিজ্ঞতা ঠিক তেমন- মানুষ যতই বাইরে থেকে দেখে ভাবুক বাচ্চাগুলির জীবনে তো কোনো কিছুর অভাব নেই, কিন্তু সেই বাচ্চাগুলিই একমাত্র জানে তাদের জীবনের চরম সভা যেটা আর কোনো ব্যক্তির জীবনের সাথে মিন যায় না।

একটি অনাথ আশ্রমের শিশুদের জীবন কেমন অতিবাহিত হয়, তারা কোন কোন সমস্যার বা সুবিধার সম্মুখীন হয় সেটা নিয়েও আলোচনা করা উচিত। একটি বাচ্চা কোথা থেকে কিভাবে একটি এতিমখানায় এসে পড়ন এবং সেখান থেকে তার বেড়ে ওঠা বা সমাজের মূল অংশের সাথে যোগদান করার সংক্ষিপ্ত বিবরণ এই অধ্যায়ে আলোকপাত হয়েছে। কিছু তথ্য ও পরিসংখ্যান দিয়েও তাদের জীবনের কাহিনী বা ইতিহাস উন্মোচিত করার চেষ্টা হয়েছে।

রাস্তায় বসবাসকারী একটি অসহায় শিশুর কাছে সু-পরিচালিত সরবরাহ করা যত্ন অবশ্যই সদন্দনীয় হবে, তা নিয়ে কোনো সন্দেহ নেই। এতিমখানা বাচ্চাদের তাদের স্থায়িত্বের অনুভূতি থেকে বঞ্চিত করে। এতিমখানার জীবন মানে একটি শিশুর স্থায়িত্বের অনুভূতি প্রতিষ্ঠা করতে অসুবিধা হতে পারে। একটি এতিমখানা একটি শিশুর জীবনকে সম্পূর্ণভাবে পরিবর্তন করে দেয়। যে কোনো এতিমখানায় পরিচর্যাকারী

আসে যায় কারন তারা চুক্তিভিত্তিক থাকে তাই তাদের সাথে শিশুদের সম্পর্কের ঘনিষ্টতার একটি স্বতন্ত্র অভাব থেকেই যায়। এতিমখানায় বসবাসকারী শিশুরা মোটামুটিভাবে কাঠামোগত জীবন যাপন করে। একটি যেকোনো এতিমথানার প্রকৃতির মধ্যে উল্লেখযোগ্য একটি বৈশিষ্ট্য হলো সময়সূচি পালন অর্থাৎ শিশুদের ঘুম থেকে ওঠা আরম্ভ করে তাদের খাওয়া দাওয়া, পড়াশুনা যাবতীয় সমস্ত কিছু একটি সময়সূচির দ্বারা রেজিমেন্টেড উপায়ে পরিচালিত হয়। এটি গঠন প্রদানের জন্য এবং একযোগে বিপুল সংখ্যক যুবক-যুবতীর শৃঙ্খলা বজায় রাখার জন্য দরকারি, যদিও এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে এটি সাধারণ কোনো পরিবারের সাথে তাদের পরবর্তী জীবনে নেতিবাচক প্রভাব ফেলতে পারে, বিশেষত এই বাচ্চাদের মাঝে মাঝে অবসর সময় এবং স্বনির্দেশিত খেলার সাথে মোকাবিলা করতে অসুবিধা হয়, এই ধরণের কাঠামোগত জীবন- যাপন করা তাদের দিনের একটি দীর্ঘস্থায়ী অবশিষ্টাংশ।[১]

একটি অনাথ আশ্রমে একটি শিশু দিনের সব সময় মানুষ দ্বারা পরিবেষ্টিত থাকা সত্ত্বেও, এতিমখানা জীবন একাকী হতে পারে। যে শিশুরা এতিমখানায় সময় কাটিয়েছে বা বড়ো হয়েছে তারা প্রায়শই নিজেদের ছাড়া আর কারো উপর নির্ভর করতে শেখে না। এটি আংশিকভাবে হতে পারে কারন তারা প্রাপ্ত বয়স্কদের দ্বারা হতাশ বোধ করে এবং আংশিক কারন ব্যক্তিগত কারন পরিবারের মতন যত্নের অভাব থাকে তাদের জীবনে। এই আত্মনির্ভরশীলতার অর্থ হতে পারে যে তাদের স্বাধীনতার বোধ আছে, এর অর্থ এমনও হতে পারে যে নতুন যত্নশীলদের এমনকি নতুন পিতামাতার প্রতি বিশ্বাস স্থাপন করা কঠিন। এতিমখানার এই বাস্তব অভিজ্ঞতার দ্বারা একটি অনাথ নিজের ওপর নির্ভর করতে শিখে যায়। এতিমখানার জীবন বেঁচে থাকার দক্ষতা গড়ে তোলার জীবন তবে এখানকার পরিবেশ পারিবারিক দক্ষতা গড়ে ভুলতে সাহায্য করে না। এতিমখানার পরিবেশ, শৃঙ্খলা, অনুশাসন সমাজের লড়াই- এ টিকে থাকার জন্য প্রশিক্ষণ প্রায় করে তোলে। পারিবারিক দক্ষতা এমন একটি দক্ষতা যা বিকাশ করতে সময় লাগবে। কোনো পরিবারে জন্মগ্রহণ করার পর একটি শিশুর পর্যায় বোধশক্তি হওয়ার আগেই সেই পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে কোনো আশ্রমে বড়ো হওয়ার অভিজ্ঞতা বেদনাদায়ক। এতিমখানার জীবন একটি শিশুকে অনেকটা পরিবর্তন করতে পারে।[২]

অনাথ শিশুদের পর্যালোচনা করলে দেখা যায় এতিমদের মধ্যে আচরণগত এবং বহু মানসিক সমস্যা বিদ্যমান। আচরণ গত সমস্যা গুলি হল আচার আচরণ সমস্যা, সম্পর্কের সমস্যা, হাইপার এক্টিভিটি, আগ্রাসীনতা, নিম্ন সমাজিক আচরণ, বাহ্যিক এবং অভ্যন্তরীন আচরণ, মানসিক আচরণ যেমন বিষন্নতা, উদ্বেগ, চাদ, কম আত্মসম্মান, বিচ্ছিন্নতা, অবহেলা এবং হতাশা।[৩] একটি আশ্রমে থাকলে একটি বাচ্চার যে সমস্ত দিক থেকে সুবিধা হবে এমনটা নয়, কিছু সমস্যাও থাকে যেটা পারিবারিক পরিবেশ

অর্থাৎ বাড়িতে থাকলে ভোগ করতে হয় না কিন্তু এতিমখানায় থাকলে সেই সমস্যার সম্মুখীন হতে হয়।

সাম্প্রতিক গবেষণা থেকে জানা যায় যে, ভারতে ৩০ মিলিয়নের বেশি এতিম, তাদের পরিস্থিতির কারনে বেশ কয়েকজন আচরণ গভ, এবং মানসিক কষ্টের সম্মুখীন হয় এবং আইন ও সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও অনেক অনাথ শিশু অবহেলিত হতে থাকে, একাধিক সমস্যার সম্মুখীন হয় না কেবলমাত্র COVID 19 মহামারির মতো নতুন সংকটগুলি তাদের বিদ্যমান সমস্যা গুনিকে আরো বাড়িয়ে তোলে বলে মনে হয়।[৪]

ভারতে এতিম শিশুদের মুখোমুখি হওয়া সবচেয়ে প্রচলিত সমস্যা গুলির মধ্যে একটি হল শিশু নির্যাতন। সারা দেশে ছেলে- মেয়ে উভয়ই এর জন্য ঝুঁকিপূর্ন, এমনকি ভাগু দুর্বল নিয়ন্ত্রিত এতিমখানা এবং আশ্রয় কেন্দ্রের মধ্যে। কিন্তু আজ অবধি ভারতের অনাথ জনসংখ্যার বেশিভাগই রাস্তায় নেমে এসেছে, পাচারের পাশাপাশি শিশু নির্যাতনের জন্য ঝুঁকিপূর্ণ অন্যান্য বিপদের মধ্যে রয়েছে। স্বাধীনতার পরবর্তী সময় কাল থেকেই ভারতে অনেক অনাথ শিশুও অপুষ্টির ঝুঁকিতে দিল বা ইতিমধ্যেই এতে ভুগছে কারন বেশিরভাগ অনাথ বাচ্চা আশ্রয় কেন্দ্র এবং এতিমখানাতে দিল। ভারত তথা পশ্চিমবঙ্গের বহু অনাথ শিশুদের খাদ্য, আশ্রয় এবং বিশুদ্ধ জলের মতো প্রয়োজনীয় জিনিসগুনির যোগান ছিল না, যা শিক্ষার অভাবের দিকে পরিচালিত হতো। এতিম বালক বা বালিকারা রাস্তায় টিকে থাকার জন্যই তাদের সংগ্রাম চালিয়ে যেত, তাই স্কুলে পড়া তাদের কাছে অনেকটা স্বপ্নে পরিণত হয়েছিল। উত্তর ঔপনিবেশিক সময় থেকে পশ্চিমবঙ্গ এবং ভারতের অনাথদের একটি বড় সমস্যা ছিল স্বাস্থ্য পরিষেবার অভাব। ভারতে স্বাধীনতার পরবর্তী সময় সকাল থেকেই আইন প্রণয়নের দরকার তা হলো স্বাস্থ্যসেবা পরিষেবার জোগান নিয়ে, বিশেষ করে অনাথ বাচ্চাদের জন্য। অপুষ্টির কারণে সৃষ্ট অসুস্থতার প্রতি তাদের বর্ধিত ঝুঁকির পরিপ্রেক্ষিতে, ভারতে এটিম শিশুদের স্বাস্থ্যসেবা পরিষেবার মরিয়া প্রয়োজন দিন যা তাদের জীবনযাত্রার অবস্থার উন্নতির জন্য সাহায্য করতে পারে।[৫]

ঔপনিবেশিক সময়ের পাশপাশি উত্তর ঔপনিবেশিক সময় থেকেই সমগ্র ভারতের পাশপাশি এর অন্তর্ভুক্ত রাজ্য পশ্চিমবঙ্গের সমস্ত এতিম বালক-বালিকারা অনাথ আশ্রমের আশ্রয়ের নীচে আসতে পারত না। একটা বড় শতাংশ তাদের জীবন কাটাতো পথশিশু হয়ে ভিক্ষাবৃত্তি করে বা ছোট থেকেই কারোর অধীনে কাজ করে। বর্তমানে দেখা যায় ভারতে আনুমানিক ৩০ মিলিয়ন অনাথের মধ্যে ১৫ মিলিয়ন অনাথ যারা কোনো এতিমখানার আশ্রয়ে রয়েছে এবং বাকি অর্ধাংশ পথে ঘাটে জীবন কাটিয়েছে।

ভারতবর্ষে শিশুদের অনাথ আশ্রমে নানা রকমের দুর্ব্যবহারের সম্মুখীন হতে হয়, বাতিক্রম হয়নি পশ্চিমবঙ্গেও। বাইরের দিকে ভারতের এতিমখানাগুলো ভারতের গৃহহীন পথ-শিশুদের নিরাপদ আশ্রয়স্থল বলে মনে হয়, গোপনে বহু এতিমখানায়

শোষণ, যৌন ও মনস্তাত্বিক সহিংসতা এবং নির্যাতন সাধারণ ঘটনা। বছরের পর বছর ধরে ভারতীয় এতিমখানার বিভিন্ন কেলেংকারি প্রকাশ হয়েছে। এতিমখানার কর্মীরা এমনকি ফৌজদারি অভিযোগে জড়িত। অপব্যবহারের সংস্কৃতিতে, এমনকি ব্যস্ত শিশুরাও তরুনদের ধমক দিতে এবং লাঞ্চিত করতে শেখে। শিশুরা যৌন নির্যাতন মারধর এবং মানসিক ভাবে নির্যাতিত হয়। এই সংস্কৃতি প্রতিষ্ঠান গুলিতে ব্যাপকভাবে চলত, যেগুলি কোনো নিয়ন্ত্রক সংস্থা দ্বারা তত্বাবধান করা হয় না এবং তাই যাচাই বাছাই থেকে রক্ষা পেয়ে যেত। এই এতিমখানা গুনির যন্ত্রের মানের ক্ষেত্রেও কোনো মানসম্মত কারন নেই। এই সমস্যা গুলির সমাধান করার প্রচেষ্টা প্রতিহত করা হয়, কারন ব্যক্তিগত ভাবে পরিচালিত 'বাড়ি' ভারতের 2000 জুভেনাইল জাস্টিস এক্টের সাথে নিবন্ধীত হতে অস্বীকার করে।[৬]

উদ্বেগের এই মর্মান্তিক অভাবের সাথে অবকাঠামোগত নূন্যতম বিনিযোগ থাকা অবাক হওয়ার কিছু নেই। সরকারের কাছে জমা দেওয়া রিপোর্ট জুড়ে, দুর্বল অবকাঠামোর উদাহরণ। দরিদ্র আলো, সংকীর্ণ বাসস্থান, সঠিক শিশু আচরণ পদ্ধতির পরিবর্তে নিয়মাবর্তিতার উপায় হিসেবে নিয়মিত সহিংসতা এতিমখানাগুলির দুর্বল অবকাঠামোর কিছু উদাহরণ মাত্র। এইসব ছাড়াও বিংশ শতাব্দীর শেষার্ধে দম্পতিদের মধ্যে দত্তক নেওয়া বাচ্চাকে আবার সেই আশ্রমে ফিরিয়ে দিয়ে যেত, তাদের কাছে এই বাচ্চাগুলি ছিল পণ্যের মতো। ইংরেজ শাসিত ভারতবর্ষ থেকে আজকের ভারতবর্ষে কোটি কোটি অনাথ শিশু রয়েছে যাদের একটি স্থিতিশীল ঘর এবং যত্নশীল পরিবারের প্রয়োজন ছিল বা আছে। অনেক অব নেওয়া শিশু বাবা-মা এর দ্বারা অবহেলিত হতো। সুপ্রিম কোর্টের সি আই এল অনুসারে ২০১৩ সালে ভারতে ১১ মিলিয়নের বেশি শিশু পরিত্যক্ত হয়েছিল, যাদের বেশিরভাগ ছিল মেয়ে। অনেক শিশু আদেও আক্ষরিক অর্থে অনাথ নয় তদের কেবল পারিবারিক লালন-পালন ও যত্ন নেওয়ায় খামতি থাকে। এটি সাধারণত পিতামাতার একজন অনুপস্থিত বা অবহেলার কারণে হয়ে থাকে এবং একজন কর্মজীবি মা থাকে অবশ্যই কাজে যেতে হবে তার স্বাভাবিক ভাবেই যত্ন নেওয়ার সময় নেই। এই বাবা-মা এরা এতিমখানার যন্ত্রের পরিকাঠামোকে তাদের নিজের বাড়ি এবং যত্নের চেয়ে ভালো বলে মান করেন। তারা এতিমখানায় শিশুদের প্রকৃত অবস্থা সম্পর্কে অবগত নয়।[৭] পশ্চিমবঙ্গে স্বাধীনতার পর থেকে বিভিন্ন কারন বশত শিশুরা বিভিন্ন অনাথ আশ্রম ও এন জিও তে বাস করত।[৮]

এছাড়া শিশুরা দুর্ভাগ্যবশত বিভিন্ন শিশু পাচার র‍্যাকেটের সাথে জড়িয়ে গিয়ে চাকরির প্রতিশ্রুতি দিয়ে প্রলুব্ধ করে পরে তাদের কঠোর অভ্যাচার ও শোষণের স্বীকার করে তার প্রভাব বিস্তার করতে থাকে।[৯] Juvenile Justice আইন দ্বারা কোনো সুস্থ আবাসিকগত এলাকা ছাড়া কোনো আশ্রম গড়ে তোলা যাবে না। কারন একটি সুন্দর পরিবেশও বাচ্চাদের সামাজিক জীবনের ওপর প্রভাব ফেলে। Juvenile justice

আইন অনুসারে বাড়িগুলি বেশিরভাগ আবাসিক এলাকায় অবস্থিত।[১০] কিন্তু ভবনগুলির অবস্থা বিচার বিবেচনা করার সময় এটি লক্ষ্য করা গেছে যে, সরকার পরিচালিত বেশিরভাগ আশ্রমেই বড় ধরনের মেরামত প্রয়োজন এবং ২২ % বিল্ডিং এ কাজ চালু রয়েছে।[১১]

ICPS এর নিয়মের অধিনে প্রতি মাসে শিশু প্রতি বাজেট বরাদ্দ ছিল ১১৬২ টাকা। এর মধ্যে ৭৫০ টাকা একটি বাচ্চার সুষম খাদ্যের জন্য বরাদ্দ করা হয়েছিল। বর্তমান বাজার দরের অপর ভিত্তি করে একটি শিশুর মৌলিক খাদ্যের প্রয়োজনীয়তার জন্য একটি খরচ বিশ্লেষণ করার চেষ্টা করা হয়েছে।[১২]

আমাদের সমাজে খুব কম লোক আছে যারা অনাথদের জীবন সম্পর্কে খুব বেশি কিছু বলতে পারবে বা জানে তাদের সম্পর্কে বা জানার চেষ্টা করে। কেউ হয়তো কোনো পর গড়ে বা কবিতা পড়ে অথবা কোনো সিনেমা দেখে বা ইন্টারনেট ঘেঁটে অনাথদের সম্পর্কে দু-চার লাইন বলতে পারবে কারন গোটা পৃথিবীর খুব কম সংখ্যক মানুষ আছে যারা এদের সংস্পর্শে আসে বা এদের জীবন সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করে। কিন্তু এরাও আমাদের সমাজের একটি বড় অংশ, সমাজের বাকি অংশ নিয়ে ওটা চর্চা হয় ঠিক ততটাই এই অনাথদের নিয়ে চর্চা করা আবশ্যক।

একটি শিশু পক্ষে হঠাৎ করে কোনো এক পরিবার থেকে অন্য একটি আশ্রয় কেন্দ্রে গিয়ে সেই স্থানকে নিজের বাড়ি বলা খুব একটা সহজ হয়ে ওঠে না। সেই শিশুটি ভবঘুরের মাতা পথে ঘাটে ঘুড়ে বেড়ায়, যার কোনো সময় জ্ঞান নেই, কোনো কিছুর সু-ব্যবহার করার ধারণা নেই, তাঁকে হঠাৎ করে একটি বদ্ধ পরিবেশের মধ্যে আটকে দিয়ে এই সমাজের উপযোগী করে ভোলা একটু কস্টকর হয়ে ওঠে। কিন্তু মানুষ অভ্যাসের দাস এবং এই জগতের সব থেকে বুদ্ধিসম্পন্ন প্রাণী তাই এরা খুব তাড়াতাড়ি যে কোনো অবস্থাকেই নিজের সাথে মানিয়ে নিতে পারে।

একটি এতিমখানায় পরিচালকদের লক্ষ্যই থাকে যে আশ্রমের প্রত্যেকটি বাচ্চাকে দত্তকের মাধ্যমে কোনো না কোনো পরিবারের অংশ করা যায়, সেই লক্ষা এতিমখানার প্রত্যেকটি বাচ্চা প্রতিটি দিন ব্যয় করে। এতিমখানায় প্রবেশ করা এবং বসবাস মাধ্যমে একজন এতিমের জীবন বদলে যায়। On average, they stay in foster care for 30 months to 2.5 year's[১৩] মূলত একটি অনাথ আশ্রমের উদ্দেশ্যই হল এই দুর্বল শিশুদের একটি আশ্রয় খুঁজে দেওয়া মাকে তারা বাড়ি বলতে পারে এবং একটি সুন্দর লালন-পালনের পরিবেশ উপহার দেওয়া যেখানে ভারা বেড়ে উঠতে পারে।

পশ্চিমবঙ্গে অনাথ আশ্রমের বালক-বালিকার পাশপাশি পথশিশুদের সমস্যা মূলত সমাজের কিছু কাঠামোগত দ্বন্দ্বের বহিঃপ্রকাশ। যদিও এই সমস্যাটি একটি সার্বজনীন ঘটনা এটি বর্তমান বছর গুলিতে উদ্বেগের বিষয় হয়ে দাঁড়িয়েছে কারণ, ভারতে

বিশ্বের সবচেয়ে বেশি পথশিশু রয়েছে। শহরে অভিবাসন মানে এই নয় যে সাদিগুরা অতিরিক্ত সম্পদ ও সমৃদ্ধি পাবে। তারা নগরায়নের বলা এবং বিভিন্ন ক্ষমতায় শহরে অনানুষ্ঠানিক অর্থনীতিতে অবদান রাখে। তারা শহরের জীবন এবং শহরে অর্থনীতির অংশ। তারা শুধুমাত্র অনানুষ্ঠানিক অর্থনীতিতে প্রম প্রদান করে না বরং বুর্জোয়া ব্যবস্থায় শোষণ জানের (উৎপাদন সম্পর্ক) অংশ হয়ে অনেক বিপজ্জনক কর্মকাণ্ডে জড়িযে জুড়ে। সবেষণার একটি ক্রমবর্ধমান পরিমাণ বর্ণনা করে যে পথশিশুদের যত্ন এবং সুরক্ষা গুরুতর। বিভিন্ন গবেষণায় দেখা যায় যে পথশিশুরা শহরে উদাসীনতা এবং উদাসীনতার ফসল কিন্তু এটি অদক্ষ পরিকল্পনা ও বাস্তবায়নের সাথে ঘনিষ্ঠভাবে জড়িত। এটাও দেখা যায় যে ভারতে শিশুদের অধিকার রক্ষার জন্য অনেক আইন প্রণয়ন ব্যবস্থা রয়েছে কিন্তু কর্তৃপক্ষ এর যথাযথ বাস্তবায়নে অভাব বোধ করছে। এমনকি আইন থাকলেও সেগুলি সমস্যার একটি অংশ স্পর্শ করে।[১৪]

বর্তমান অধ্যায়ে পথশিশুদের আর্থ-সামাজিক অবস্থার কিছু দিক নিয়ে আলোচনা করা হয়েছে। তাদের জন্মস্থান ছেড়ে যাওয়ার কারণ, হাওড়া স্টেশনকে তাদের থাকার জায়গা হিসাবে বেছে নেওয়ার কারণ, রাস্তায় থাকাকালীন তারা কীভাবে তাদের বাবা-মা এবং ভাইবোনদের সাথে সম্পর্ক বজায় রাখে তার মতো দিকগুলি এই অধ্যায়ে আলোচনা করা হয়েছে। কাজ এবং কর্মসংস্থানের সাথে তাদের সম্পৃক্ততা, উপার্জন, কর্মসংস্থানের অবস্থা, বিপদ এবং ঝুঁকি ইত্যাদিও এই অধ্যায়ে মোকাবেলা করা হয়েছে। পথশিশুরা নগরায়নের একটি পণ্য এবং তাদের উদাসীন ক্ষমতা অনানুষ্ঠানিক অর্থনৈতিক ক্ষেত্রে অবদান ভারা শহরের জীবন এবং শহরে অর্থনীতির একটি অপরিহার্য অংশ। তারা কেবল অনানুষ্ঠানিক অর্থনীতিতে শ্রম সরবরাহ করে না বরং বুর্জোয়া ব্যবস্থায় শোষণ নেটওয়ার্কের (উৎপাদন সম্পর্ক) অংশ হয়ে অনেক বিপজ্জনক কর্মকাণ্ডে জড়িত হয়।[১৫] এরা এত বড় ঝড় ঝাপটা সহ্য করার পর কেউ কোনো আশ্রয়কেণ্ডের ঠাই পাব্দে, আবার অনেকাংশের জীবন এই ভাবেই অতিবাহিত হয়ে আসছে।

পথশিশুদের ভয়ানক বাস্তবতা দেখলে বুক কেঁপে উঠবে। বাবা-মা হীন এই শিশুগুলো কিছু অসাধু লোকের স্বীকার। এদের সারাদিন কঠোর পরিশ্রমের পর রাতে যৌন নির্যাতনের মুখোমুখি হতে হতো। বেশিরভাগ পথ শিশুর যৌন নির্যাতনের বিভিন্ন রকমের অভিজ্ঞতা দিল। বিশেষ করে কৈশোর এবং তাঁর বেশি বয়সের পুরুষ শিশুদের মধ্যে সমকামিতা একটি সাধারন ছিল। কিছু কিছু পথশিশু (৯ %) রাস্তায় অনাথ মেয়েদের সাথে যৌন সম্পর্ক স্থাপনে জড়িত হতো।[১৬]

যৌন শোষণের প্রকৃতি সমকামিতার শিকার থেকে এমনকি বর্ষণ পর্যন্ত পরিবর্তিত, হয়। যান্ত্রির কিছু বাবা-মা ঘটনা বর্ণনা করেছেন যেখানে তাদের অববয়সী মেয়েরা, যারা গৃহকর্মী হিসেবে কাজ করত, তাদের নিয়োগকর্তার ছেলেদের দ্বারা যৌন নিপীড়নের শিকার হয়েছিল।[১৭] এমনকি রাস্তাঘাটের অসহায় শিশুদের রাত্রে ট্রাক

চালক, কুলি এবং স্থানীয় মস্তানদের দ্বারা ধর্ষণ এর মতো ভয়াবহ জঘন্ন কাজের অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়েছে। তাই সমাজকে কেবল বাইরের দৃশ্য থেকে পাল্টালে হবে না, সবার আগে দরকার সমাজের ভিতরের এই অ-সমাজিক, নোংরা কাজকর্মের বিরুদ্ধে লড়াই করা। পরিবারহীন এই অসহায়, বেওয়ারিশ এতিম শিশু গুলি ব্রিটিশ আমল থেকে শোষিত হয়ে এসেছে, ঔপনিবেশিক আমলে ব্রিটিশরা এতিমদের ক্রীতদাস হিসেবে বিক্রি করে তাদের অপর অভ্যচার করত। পরবর্তী কালে উত্তর ঔপনিবেশিক আমলে কোনো অনাথ শিশু হয়ত অনাথ আশ্রমের আশ্রয় সেয়ে একটু শান্তিতে জীবন কাটাতে পেরেছে আবার সিংহভাগ শিশুর পথেই যন্ত্রণা, অত্যাচার ভোগ করে মৃত্যুর মুখে যেতে হয়েছে, যার সঠিক পরিসংখ্যান হয়ত আমাদের কাছে নেই।

ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ আমলের সময় থেকেই বিভিন্ন আইন কানুন প্রচলন হতো। যার ফলে একমাত্র ব্রিটিশদের বাদে ভারতে অবস্থিত সাধারণ ভারতীয় জনগন শুরু করে ভারতে অবস্থানরত নানান বিদেশিদের বিভিন্ন রকমের সমস্যা দেখা দিত। আইনের হাত থেকে রক্ষা পেত না পিতৃ-মাতৃহীন অনাথ শিশুরা। ভারতের স্বাধীনতার পর বিভিন্ন এতিমখানা টিকে থাকতে পেরেদিন এবং আজও সেগুলি অব্যাহত রয়েছে। অনাথ শিশুরা পরবর্তীতে ভারতবর্ষের নাগরিকের মর্যাদা পেয়েছিল। ১৯৪৭ সালের আগস্ট মাসের পর ভারতের রেলওয়ে, বিভিন্ন কাস্টমস থেকে শুরু করে ইংরাজি শিক্ষারও উপনিবেশীকরণ ঘটেছিল। এই কারনে বেশিরভাগ অ্যাংলো-ইণ্ডিয়ানরা (অনাথ আশ্রমের) শিশুসহ থেকে গিয়েছিল, অন্তত ১৯৬০ এর দশকের শুরুতে চাকরি সংরক্ষণ এবং শিক্ষাগত অনুদান বন্ধ হওয়া পর্যন্ত।[১৮] The Dr Graham's Home's এই অনাথ শিশুগুলি থাকত।

একটি এতিমখানা বা অনাথ আশ্রম চালানোর জন্য বহু বিধি নিষেধ, নিয়ম কানুন এর উপর নজর রাখতে হয়। স্বাধীনতার পরে যেমন পশ্চিমবঙ্গের এতিমখানা গুলির জন্য বিভিন্ন আইন কানুন প্রচলন হয়েছিল তেমন স্বাধীনতার পূর্বে অর্থাৎ ঔপনিবেশিক এতিমখানার জন্য বিভিন্ন আইন প্রণয়ন হয়েছিল। যেমন- বেল এতিমখানা এবং বিধবা হোমস এস্ট, ১৯৪৪ (১৯৪৪ সালের বেঙ্গল এক্ট ৩)। বাংলায় এতিমখানা, বিধবাদের বাড়ি এবং বিবাহ ব্যুরোগুলির আরো ভালো নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানের জন্য এই আইন চালু করা হয়েছিল।[১৯] এই আইনের বহু এখতিয়ার দিল যেমন- লাইসেন্স ছাড়া কোনো ব্যক্তি এতিমখানা চালাতে পারবে না, যদি তিনি চালায় তাহলে তাঁর জেল ও জরিমানা হবে এছাড়া কোলকাতার পুলিশ কমিশনার ও । জেলা ম্যাজিস্ট্রেটের পূর্ববর্তী অনুমোদন ছাড়া এই আইনের অধীনে কোনো বিচার করা হবে না।[২০]

সবশেষে বলা যায়, যে কোনো অনাথ আশ্রম বা এতিমখানার মূল লক্ষ্য শুধুমাত্র সেখানকার গ্রামগুলির খাদ্য, বস্ত্র ও আশ্রয়ের জোগান মেটানোর জন্য নয়, একটি এতিমখানার শিক্ষা-দীক্ষা নিয়ম কানুন, শাসন, অনুশাসন একটি বাচ্চাকে পরবর্তী

জীবনে দেশের একজন দায়িত্ববান নাগরিক যুক্ত সাহায্য করে। অনাথ শিশুগুলির প্রতি তাদের স্নেহ ভালোবাসা এমনকি প্রতিবন্ধী শিশুগুলির মাও বেশিরভাগ অনাথ আশ্রমে যথেষ্ট সু-ব্যবস্থা থাকে। তাই বলে বলবো না সমস্ত এতিমখানার পরিকাঠামো সমান, কিছু ব্যতিক্রম তো থাকেই, ব্যতিক্রম কখনো উদাহরণ হতে পারে না। তাই বলবো আজ থেকে ৭৫ বছর আগের থেকেই অনাথ আশ্রমের পরিষেবা যেভাবে বাচ্চা গুলিকে বাড়া করে ভোলা শুরু করেছিল সেটা আজ আরো উন্নতির দিকে পৌঁছেছে। একটি অনাথ শিশুও পারে সমাজের আর দশটা সাধারণ বাচ্চার মতোন দেশ ও দশের নামকে গর্বিত বোধ করাতে।

তথ্যসূত্র :

১. Rainbow kids-adoption & child welfare advocacy: published February 16, 2016 (e-source access date 21" June 2023).

২. তদেব - (ই-সোর্স সংগ্রহের তারিখ- ২১ শে জুন,২০২৩)।

৩. Priyadarshini, sandhiya and Dr. Rathnasabapathy. Maya: Behavioral and emotional problems among orphans: A review paper; publication year 2020. Volume;63 (school of social sciences and language, Vellore institute of technology, Chennai-600127).

৪. Orphan life foundation 5 problems faced by orphan children in India.Published; march 31,2023, orphanlifefoundation.org (e-source access date 21 June 2023).

৫. তদেব -(ই-সোর্স সংগ্রহের তারিখ- ২১ শে জুন, ২০২৩)

৬. Save the children we are bal raksha bharat: how India's children are mistreated at orphanage. Published: August 12, Saturday, 2017. Child protection online report: website (www.savethechildren.in) (e-source access date 21st June-2023)

৭. তদেব (ই-সোর্স সংগ্রহের তারিখ- ২১ শে জুন, ২০২৩)

৮. Status of child protection at juvenile justice home in West Bengal A study by pratichi institute. IB 14, ground floor, sector III. Kolkata-700106.

৯. তদেব

১০. The norms for building and standard of accommodation for institutional care have been specidied in chapter VI of the west bengal juvenile justice (care and protection) Rules, 2009.

১১. তদেব

১২. Status of child protection at juvenile justice home in West Bengal : A study by pratichi institute. IB 14, ground floor, sector III. Kolkata-700106

১৩. Orphan life foundation: Life of an orphan from lonely beginnings to humble endings. Published August 17, 2020 Online report orphanlifefoundation.org.in (e-source access date 23 June 2023) ।

১৪. Mukherjee,Subrata,A sociological study of street children in Howrah.North Bengal university. Unpublished thesis, October 2016.

১৫. তদেব

১৬. তদের - পৃষ্ঠা: 99

১৭. তদেব - পৃষ্ঠা: ১০০

১৮. Jacobson. Liesbeth Rosen; preparing children of colonialism for a post colonial future: A comparison of orphanage for eurasians in the Dutch east indies, British India, and French indo China during the decolonization period,1930-1975. Published- February 17, 2018. Page-17,18. Leiden university. Journal of migration history

১৯. Bare Acts Live - west bengal local acts (Bengal orphanage and windows",Homes Act, 1944) bareactslive.com (e-source access date 27 th June 2023

২০. তদেব

13

আর্থ-সামাজিক ক্ষেত্র ও আঞ্চলিক ইতিহাস ঃ প্রসঙ্গ উপনিবেশিক আমলের কলকাতা ও চব্বিশ পরগনা

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

মিতালী পাল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

১৭৫৭ সালের ২০ ডিসেম্বর কলকাতা বা চব্বিশ পরগনা জমিদারি নামে স্কয়ার মাইল বিস্তৃত একটি ভূভাগ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির হাতে আসে। তখন বাংলার নবাব নাজিম মিরজাফর এই জমিদারির স্বত্ব ইংরেজ কোম্পানিকে অর্পণ করেছিলেন। ১৭৬৫ সালে দিল্লির সম্রাটের ফরমানের বলে এই ভূখণ্ড টির উপর ইস্ট ইণ্ডিয়া কোম্পানির দখল পাকাপাকিভাবে স্থাপিত হল। কলকাতা সহ এই চব্বিশটি পরগনা ভূ- ভাগটির সীমানা পরবর্তীকালে পরিবর্তিত হয়েছে। ১৯৮৬ সালে জেলাটি উত্তর চব্বিশ পরগনা ও দক্ষিণ চব্বিশ পরগনা নামে দুটি স্বতন্ত্র জেলায় পরিণত হয়েছে। দুই চব্বিশ পরগনার মিলিত আয়তন ১৩২১২ বর্গ কিলোমিটার। এর প্রায় এক তৃতীয়াংশ সুন্দরবন অঞ্চলের মধ্যে অবস্থিত। জেলার উত্তর ও পশ্চিমাংশ শিল্পাঞ্চল এবং দক্ষিণ ও পূর্বাংশ কৃষি প্রধান অঞ্চল। দুই অঞ্চলের আর্থসামাজিক কাঠামোর চরিত্রও কিছুটা ভিন্ন। দুই চব্বিশ পরগনার মধ্যেই রয়েছে সুন্দরবনের অংশ। আমার এই আলোচনাটি উত্তর দক্ষিণ চব্বিশ পরগনাকে মিলিয়েই।

ইংরেজ আগমনের পূর্বে এই অঞ্চলে জমির মানিক ছিল কৃষকরাই। পাঠান বা মুঘল বাদশাহের আমলে অথবা স্বাধীন সুলতান বা রাজার অধীনে প্রজারা উৎপন্ন ফসলের ১২ ভাগের এক ভাগ আবার কোনও কোনও সময় আট বা ছয় ভাগের একভাগ রাজস্ব দিত। চাষীদের উৎখাত করার কোন ভয় ছিল না। কিন্তু ইংরেজরা শত ১৭৯৩ খ্রিস্টাব্দে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করে কৃষকদের তাদের জমি থেকে বঞ্চিত করত। বাংলার অন্যান্য অঞ্চলের তুলনায় চব্বিশ পরগনার ক্ষেত্রে এই বঞ্চনার চরিত্র অনেক বেশি মর্মান্তিক। এই জেলার বেশিরভাগ কৃষি জমিকে আবাদি করতে কৃষকদের অমানুষিক পরিশ্রম করতে হয়েছে। শ্বাপদ সংকুল অরণ্যকে হাসিল করতে গিয়ে বহু মানুষকে যেতে হয়েছে বাঘের পেটে। বিষধর সাপের ছোবলে মৃত্যু হয়েছে অসংখ্য মানুষের। এসবের পরেও জমির উপর তাদের স্বাভাবিক অধিকার প্রতিষ্ঠিত হল না। জমি থেকে উৎখাত হয়ে তারা হয়ে গেল ভাগচাষী বা খেত মজুর। এইভাবে চব্বিশ পরগনা তথা সুন্দরবনের বিভিন্ন স্থানে ভূমিহীন খেত মজুরের সংখ্যাও বৃদ্ধি পেল। উনিশ শতকের প্রারম্ভে চব্বিশ পরগনা জেলার বিভিন্ন অঞ্চলে বিশেষ করে সুন্দরবনের

উত্তরাংশে নীল চাষ শুরু হয়। প্রথম দিকে নীল চাষীরা নীল চাষে উৎসাহী ছিল। কিন্তু পরবর্তীকালে চাষীদের ঠকিয়ে নীলকর সাহেবরা প্রচুর মুনাফা লুটতে থাকে। নীলচাষ করতে না চাইলেও নীলকুঠির সাহেবরা জোর করে বেশি বেশি জমি নীল চাষের জন্য লিখিয়ে নিত। ভয়ে চাষিরা গ্রাম থেকে পালিয়ে যেতে বাধ্য হত। ক্রমে ক্রমে চাষিরা সংঘবদ্ধ হয়ে কুঠিয়ালদের বিরুদ্ধে লড়াই শুরু করল। নীল বিদ্রোহকে কেন্দ্র করে চব্বিশ পরগনা জেলার একটি বৃহৎ ভূখণ্ডের আর্থসামাজিক জীবনে সেদিন উত্তাল তরঙ্গ সৃষ্টি হয়েছিল। এই প্রসঙ্গে একটি উদ্ধৃতি স্মরণ করা যেতে পারে - "গ্রামের সীমায় একই স্থানে একটি ঢাক থাকিত। নীলকলের লোকেরা অত্যাচার করিতে গ্রামে আসিলে সেই ঢাক বাজাইয়া দিত। অমনি শতশত গ্রাম্য কৃষক লাঠি সোটা লইয়া দৌড়াইয়া আসিত। নীলকলের লোকেরা প্রায়ই অক্ষত দেহে পালাইতে পারিত না। সম্মিলিত প্রজাসক্তির বিরুদ্ধে দণ্ডায়মান হওয়া সহজ ব্যাপার নহে।

চব্বিশ পরগনার সমুদ্র তীরবর্তী অঞ্চল গুলিতে প্রাচীনকাল থেকেই দেশীয় পদ্ধতিতে লবণ চাষ হত। ১৭৭২ সালে ইংরেজরা লবন আইন পাশ করল। এই আইনের বলে যারা ইজরাদার হল তারা মালসি ও মাহিন্দাদের ন্যায্য মজুরি না দিয়ে প্রতারিত করতে লাগল। সুন্দরবনের দুর্গম অঞ্চলে লবন চাষের জন্য যেতে মাহিন্দাররা রাজি হতো না। তাদের জোর করে সেখানে পাঠানো হত। বাজারে লবন এর দাম বাড়লেও মাহিন্দার ও মালসীদের আয় বারেনি। এরই মধ্যে ইংল্যাণ্ড থেকে লবণ আমদানি ফলে এদেশে লবণ উৎপাদন, আইন করে বন্ধ করে দেওয়া হলো। সাম্রাজ্যবাদী অর্থনীতির স্বার্থে বহুকাল ধরে প্রচলিত একটি গ্রামীণ শিল্পকে ধ্বংস করে দেয়া হলো। লবণ শিল্পের সঙ্গে জড়িত এই জেলার অনেক শ্রমিক, কারিগর ও ব্যবসায়ী কর্মহীন হয়ে পড়ল।

ইংরেজ কোম্পানির রাজস্ব বৃদ্ধির তাগিদে সুন্দরবন অঞ্চল আবাদ করে কৃষি উৎপাদনে সচেষ্ট হয়। জেলার দক্ষিণ পূর্বাংশে এর ফলে বহিরাগত মানুষের বসতি বাড়তে থাকে। চিরস্থায়ী বন্দোবস্তের শুরুতে চব্বিশ পরগনার সুন্দরবন অঞ্চলের এক বিরাট অংশ ছিল জঙ্গলাকীর্ণ। বিংশ শতকে শুরুতে চব্বিশ পরগনা জেলার সুন্দরবন অঞ্চলে গোসাবাকে কেন্দ্র করে প্রায় দশ হাজার জমি নিয়ে গড়ে উঠেছিল একটি সমবায় ভিত্তিক জমিদারি। এর উদ্যোক্তা ছিলেন Daniel Hamilton নামে স্কটল্যাণ্ড এর এক সাহেব এই জমিদারির অধীনে ধর্মশালা, সমবায় ব্যাংক, স্কুল, দাতব্য চিকিৎসালয় প্রভৃতি স্থাপনের পাশাপাশি উন্নত প্রথায় চাষ, কুটির শিল্প, পানীয় জল ও রাস্তাঘাটের উন্নতি সাধিত হয়। বন্যা অনাবৃষ্টি প্রভৃতি কারণে চব্বিশ পরগনার বিভিন্ন অঞ্চলে ফসলহানি ঘটায় বারবার দুর্ভিক্ষ দেখা দিয়েছে। দুর্ভিক্ষের সবচেয়ে বেশি ক্ষতি হত ক্ষেত মজুর ভাগচাশি ও দরিদ্র কারিগর শ্রেণী লোকেদের। কাজের জোগাড় করতে না পারায় দুর্ভিক্ষে অনাহারে মৃত্যুর প্রথম শিকার হতো এরাই।

ইংরেজদের আগমনের আগে চব্বিশ পরগনা জেলার অর্থনীতি ছিল কৃষি, পশুপালন, মৎস্য চাষ ও কুটির শিল্পভিত্তিক। খাদ্য শস্যই ছিল এই জেলার প্রধান কৃষিজ দ্রব্য। জেলার কৃষি প্রধান অঞ্চলটি মূলত দিল সুন্দরবনের মধ্যে। এই অঞ্চলে অর্থসামাজিক বিবর্তনের উপাদানগুলি রয়েছে এর ভৌগলিক বৈশিষ্ট্যের মধ্যে। এখানকার প্রাচীন জনবসতির মধ্যে বেশিরভাগই ছিল পৌন্ড্রক্ষত্রিয় সম্প্রদায়ের মানুষ অস্ট্রিক দ্রাবিড়ীয় সম্প্রদায়ের বসতিও একসময় এই অঞ্চলে ছিল এই জেলার সমগ্র অঞ্চলে একসময় বৌদ্ধ বসতিও ছিল। ব্রাহ্মণ সম্প্রদায়ের মানুষ এ জেলায় প্রথম বসবাস করে গঙ্গা নদীর পূর্ব তীরবর্তী অঞ্চলগুলিতে। নবম দশম শতক থেকে নিম্নবঙ্গে এরা আসতে শুরু করে। প্রধানত এদের মধ্য থেকেই এ জেলার বুদ্ধিজীবী সম্প্রদায় গড়ে উঠেছিল। উত্তর ও পূর্ব দিকে যশোর, খুলনা ও ফরিদপুর এবং পশ্চিম মেদিনীপুর থেকেই অনেক জমির টানে এ জেলার সুন্দরবন অঞ্চলে এসে মধ্যস্বত্ব কিনে স্থায়ী বসতি স্থাপন করেছিলেন। ব্রিটিশ রাজত্বে আবাদ বন্দরের সূত্রে ছোটনাগপুর, সাঁওতাল পরগনা, উড়িষ্যা ও মেদিনীপুর থেকে সাঁওতাল, মুণ্ডা, ভূমিজ কর্মী, মাহিষ্য প্রভৃতি সম্প্রদায়ের মানুষও এ জেলায় বসতি স্থাপন করেছিলেন। বহু বছর পার করার পর বর্তমানে আদিবাসী সম্প্রদায়ের উত্তর পুরুষদের অর্থনৈতিক জীবনে কিছু কিছু উন্নয়ন ঘটলেও কৌম সমাজের লৌকিক সংস্কৃতির প্রভাব আজও এদের জীবনে প্রতিফলিত হতে দেখা যায়।

সুন্দরবনের গভীর অঞ্চলে প্রতিবছর মধু মোম ও কাঠ সংগ্রহে যায় বহু মানুষ। বনবিবির পুজো দিয়ে এরা জঙ্গলে ঢোকে। এদের মধ্যে কেউ কেউ বাঘের আক্রমণ প্রাণ হারায়। মৌলে, বাউলে ও গুনিনদের নিয়ে একটি সমাজ আজও টিকে আছে সুন্দরবন অঞ্চল। চব্বিশ পরগনা জেলার প্রায় সর্বত্রই ধান চাষের প্রচলন থাকায় গ্রামাঞ্চলের বেশিরভাগ ঘর বাড়ি, ঘর বা উলুঘাস দিয়ে ছাওয়া। দেওয়াল গুনি মাটি অথবা মুলিবাঁশ দিয়ে তৈরি। প্রয়োজনীয় বাঁশ বেত এ জেলায় প্রচুর উৎপন্ন হয়। বর্তমানে অপেক্ষাকৃত সক্ষম লোকেরা টিন বা ইটের বাড়ি তৈরি করেন।

উন্নয়নের পাশাপাশি তৈরি হচ্ছে অনেক সমস্যাও। পঞ্চায়েত সরকারি স্তরে দূর্নীতি, কর্মসংস্কৃতির অভাব, ঋণের ক্ষেত্রে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলির দীর্ঘসূত্রতা ও ঢিলেমি প্রকল্প রূপায়নে বাঁধার সৃষ্টি করে।

পেশাভিত্তিক জাতি বিভাজন : সাধারণ মানুষের অধিকাংশই ছিলেন সামাজিকভাবে নিম্নবর্গীয় স্তরের। নিম্নবর্গীয় জাতিগুলি জীবিকার ভিত্তিতে কতগুলি শাখা জাতিতে বিভক্ত ছিল এবং এই জীবিকার নিরিখেই তাদের সামাজিক মর্যাদা ও অবস্থান নির্মিত হত। যেমন- পৌণ্ডারা চাষী, মেছো, তাতী ও ভাসা। কৈবর্ত চাষী ও জানিয়া, কাওরারা (চাষী), দাই বা হারি (ঢোলবাদক ও পালকি বাদল) ও বাবুর্চি এবং বাগদিরা তেতুলিয়া, খুসমেটীয়া, ত্রয়োদশ মাঝি এবং নোদা নামক শাখা জাতিতে বিভক্ত ছিল । এইভাবে

এদেশীয় আজলা মুসলমানরা কতগুলি পেশাগত গোষ্ঠীতে বিভক্ত ছিল, যথা- ধুনিয়া (কার্পাস পরিষ্কার), কলু (তেল উৎপাদন), হাজম (নাপিত), কাজরা বা কাকড়া (সবজি বিক্রেতা) দর্জি ইত্যাদি। তবে সবচেয়ে সম্মানজনক জীবিকা ছিল কৃষি। অন্যান্য পেশার সঙ্গে যুক্ত অনগোষ্ঠী গুলির মধ্যে নিজ নিজ গৌরবের পেশা ত্যাগ করে কৃষিকে অবলম্বন করার একটা ভাগিদ ছিল। একই কারণে বর্ণাশ্রম ভিত্তিক হিন্দু ধর্ম ত্যাগ করে নিম্নতর জাতি গুলির মধ্যে বৈষ্ণব ধর্ম গ্রহণের মাধ্যমে সামাজিক মর্যাদা লাভের আগ্রহ লক্ষ্য করা যায়।

বাংলার বাইরে থেকেও কিছু দরিদ্র ও নিম্নবর্গীয় জনগোষ্ঠী নানা কারণে চব্বিশ পরগনার আশ্রয় গ্রহণ করেছিল। এদের মধ্যে সবার আগে এসেছিল উড়িষ্যা থেকে লবণ কারিগররা, যারা ১৮-১৯ শতকে মালাসি নামে পরিচিত ছিল। স্থানীয় ভূস্বামীরা নবাবী আমলেও আয় বৃদ্ধির উদ্দেশ্যে নিজ নিজ এলাকায় এবং সংলগ্ন সুন্দরবন অঞ্চলের লবণাক্ত নদী খাড়ির তীরে এদের দিয়ে লবণ তৈরি করাত। আরেকটি জনগোষ্ঠী এসেছিল ছোটনাগপুর অঞ্চল থেকে আদিবাসী সম্প্রদায়ভুক্ত সাঁওতাল মুণ্ডা ও ওরাওরা। চব্বিশ পরগনা এরা 'বুনো' নামে পরিচিত । জনগোষ্ঠীগুলির উপরোক্ত বিবরণ থেকে চব্বিশ পরগনার সাধারণ মানুষের একটি পরিচয় পাওয়া যায়। অসংখ্য নদী নালা খাড়ি বেষ্টিভ ও লোনা জলের জোয়ার প্লাবিত ঢালু জমি ও বিস্তীর্ণ জঙ্গলের উপস্থিতির ফলে কৃষি ছাড়াও মানুষ একাধিক প্রকৃতি নির্ভর সহজ পেশায় নিযুক্ত ছিল। মাছ ধরা ও লবণ তৈরি করা, মধু, মোম ও কাঠ সংগ্রহ করা- এই এলাকার বহু মানুষের সহজাত পেশা হযে উঠেছিল । নবাবি আমলে জমিদারি এলাকার বাইরে সুবিস্তীর্ণ লোনা জল ও জঙ্গলে এদের অবাধ বিচরণ থাকায় সাধারণভাবে জীবিকা নির্বাহের কোন সমস্যা ছিল না।

উনিশ শতকের প্রথম পঞ্চাশ বছর অন্ততপক্ষে প্রতিবেশী জেলাগুলির তুলনায় চব্বিশ পরগনার আর্থিক পরিস্থিতি ভালো। নবজাগরণের বাংলায় কলকাতাকে ঘিরে যে কর্মকাণ্ড ভাতে চব্বিশ পরগনার একটি উল্লেখযোগ্য ভূমিকা ছিল। সাধারণ মানুষের জীবনযাত্রায়ও বড় কোনো সংকট ছিল না। মজিলপুর জয়নগর হিতৈষিনী সভার প্রথম সভাপতি উমেশ চন্দ্র দত্ত লিখেছেন, "আমাদের বাল্যকালের কথা যতদূর স্মরণ হয় তাহাতে বলা হয় যে পূর্বে এদেশে জীবিকার উপায় বড় সুলভ ছিল।

চাউল ও আবশ্যক মত এত খাদ্য দ্রব্য সঞ্চিত থাকিতো, যে একজন মধ্যবিত্ত ব্যক্তির গৃহঠাৎ ১০-১২ জন অতিথি অভ্যাগত উপস্থিত হইলে, তিনি অব আয়াসাই পরিতোষ পূর্বক তাহাদের সৎকার করিতে পারিতেন। কলকাতার বহিবানিজ্যের বড় উপকরণ ছিল চাল এবং তার বড় যোগানদার ছিল চব্বিশ পরগনা। তাছাড়া চব্বিশ পরগনার কৃষকদের কৃষির সঙ্গে স্বাধীনভাবে একাধিক সহযোগী বা বিকর পেশা গ্রহণের যে সুবিধা ছিল, অন্য প্রতিবেশী জেলাগুলির তা ছিল না। নবাবী আমলেই বাংলাদেশ

দ্বিতীয় বৃহত্তম লবণ উৎপাদক জেলা ছিল চব্বিশ পরগনা। চুয়াত্তর খ্রিস্টাব্দের একটি হিসাব দেখা যায়, ২৬০০ এর বেশি খালারিতে এখানে প্রায় ১৮৬৫৫ জন মালাঙ্গি লবণ তৈরির কাজে নিযুক্ত ছিল।

নিম্ন বর্গীয় মানুষের জীবিকা অর্জনের অন্যান্য যে সুযোগগুলি ছিল তা সবই প্রত্যক্ষভাবে প্রকৃতি নির্ভর। উনিশ শতকের মধ্যভাগে ইউরোপীয় বসতি এলাকা বাদ দিলে বাকি কলকাতার গ্রামীণ চরিত্র অটুট ছিল। জঙ্গলের কাঠ ও গোলপাতা মধু ও মোম এবং নদী খাড়ির মাছের বিপুল বাজার ছিল কলকাতা। জ্বালানি কাঠের জন্য কলকাতা সুন্দরবনের উপর সম্পূর্ণ নির্ভরশীল ছিল।

বাওয়ালি বা কাঠুরিয়ারা ছোট ছোট নৌকায় কাঠ আনত কালিনগর কিংবা চাঁদ খালির মত জঙ্গল প্রান্তের গজ গুলিতে এবং সেখান থেকে কলকাতার পাইকারি ব্যবসায়ীরা বড় বড় নৌকায় খাল পথে কাঠ আনত টালিগঞ্জ কিংবা উল্টোডাঙার বাজারে। কলকাতার সঙ্গে চব্বিশ পরগনার এবং চব্বিশ পরগনার মধ্য দিয়ে পূর্ববঙ্গের জেলাগুলির এমনই বাণিজ্যিক আদান প্রদান বৃদ্ধি পেয়েছিল যে প্রতিদিনই খালপথে শত শত নৌকা চলাচল করতো এবং কলকাতায় প্রবেশের আগে খালের শুল্ক আদায়ের ঘাঁটিগুলিতে ছাড়পত্র দেওয়ার জন্য নৌকা গুলিকে কয়েকদিন অপেক্ষা করতে হতো। জ এই অভূতপূর্ব প্রসারে ফলে নৌচালনা বা মাঝিবৃত্তি একটি সহজলভ্য বৃত্তি ছিল এবং এই কাজে চব্বিশ পরগনার নিম্নবর্গীয় বহু মানুষ নিযুক্ত ছিল। চব্বিশ পরগনা নদী তীরবর্তী গ্রামগুলিতে নাইয়া পদবীর এবং শুল্ক ঘাট গুলিতে পণ্য পরিমাপক কয়াল পদবীর বহু পরিবার এখন কৃষিকে জীবিকা হিসেবে গ্রহণ করেছে।

চব্বিশ পরগনার কয়েকটি লোকশিল্প : লোকসংস্কৃতির বিভিন্ন শাখার মধ্যে লোকশিল্প একটি গুরুত্বপূর্ণ শাখা। লোক লোকায়ত সমাজের জীবন জীবিকা এবং সৌন্দর্যবোধের সচল প্রবাহে লোকশিল্পের সৃষ্টি ও বিকাশ। তাই লোকো শিল্পের ক্ষেত্রে শুধু ব্যক্তি চিন্তা নয়, গোষ্ঠীচিন্তাও রুপায়িত হয়। শুধু তাই নয় দেশীয় ঐতিহ্য, লৌকিক দর্শন, শিল্প-ভাবনা, সমাজবোধ ও অর্থনৈতিক প্রয়োজনের উপর ভিত্তি করে লোকশিল্প বিবর্তিত হয়। পশ্চিমবঙ্গের অবহেলিত অঞ্চল দক্ষিণ চব্বিশ পরগনা মূলত কৃষিভিত্তিক ও অরণ্যকেন্দ্রিক লোকসমাজের ধর্ম কর্ম ও নর্মভূমি। তাই এখানকার লোকশিল্পের অধিকাংশই যে কৃষিজাত, অরণ্যজাত ও জলজ কাঁচামালের উপর নির্ভর করে গড়ে উঠবে তা বলাই বাহুল্য।

এই জেলার লোকশিল্প কর্ম গুলি শুধুমাত্র লোক লাগাতো জীবন জীবিকার ক্ষেত্রে বিশিষ্ট স্থান অধিকার করে তাই নয়, এগুলির সঙ্গে নানাভাবে যুক্ত আছে বিভিন্ন প্রকার ধর্ম- উৎসব, আচার অনুষ্ঠান, লোকসাহিত ও লোকসংস্কৃতির নানা নিদর্শন। যা সংশ্লিষ্ট অঞ্চলের সাংস্কৃতিক বৈশিষ্ট্যের বিশিষ্ট নিদর্শন হিসেবে পরিগণিত হয়।

এখানকার লোকসমাজে বংশ পরম্পরায় তাদের দক্ষতা লোক শিল্পে ফুটে উঠেছে। আঞ্চলিক চাহিদা, রুচি, জীবনযাপন পদ্ধতি এবং তার পরিবর্তন দক্ষিণ চব্বিশ পরগণার লোক শিল্পের উপর যথেষ্ট প্রভাব ফেলেছে। বর্তমানে অবশ্য নাগরিক সংস্কৃতির প্রভাবে এখানকার লোকশিল্প পরিবর্তন সাধিত হচ্ছে। বিশেষ ভৌগোলিক - প্রাকৃতিক পরিবেশে বিভিন্ন প্রকার উপাদান উপকরণের প্রাচুর্য ও প্রাপ্তির পটভূমিকায় বিশেষ ধরনের লোকশিল্পের প্রকাশ ও বিকাশ ঘটছে। সুন্দরবন সংস্কৃতি অধ্যুষিত দক্ষিণ চব্বিশ পরগনা অঞ্চলের আঞ্চলিক বৈশিষ্ট্য ও জনজীবনের চাহিদা অনুসারে বিভিন্ন প্রকার কারুন ও দারু শিল্পকর্মের বিকাশ ঘটেছে। এই জেলার বিভিন্ন প্রকার লোকশিল্পের মধ্যে আঞ্চলিক স্বতন্ত্র যে লোক শিল্পগুলি বিশেষভাবে বহন করছে তাদের মধ্যে অন্যতম হল - নৌ শিল্প, ডাঙের পুতুল নির্মাণ শিল্প, শোলা শিল্প এবং মোয়া শিল্প। মনে রাখা দরকার যে, আরো বহু প্রকারের লোকশিল্প এই জেলার লোকসমাজের জীবন জীবিকার অবলম্বন হলেও স্বর্গ বাংলার সঙ্গে সেগুলির তেমনভাবে আঞ্চলিক স্বতন্ত্র ও বিশেষত্ব নেই।

১) নৌকা নির্মাণ শিল্প : সুন্দরবন সংস্কৃতি অধ্যুষিত দক্ষিণ চব্বিশ পরগনার অধিকাংশ অঞ্চলই গাছগাছালি পূর্ণ জঙ্গল, খাল, বিল, নদী, নালা জলাভূমিতে ভরা। জঙ্গলের নানাবিধ গাছের কাঠকে অবলম্বন করে প্রাচীনকাল থেকে এখানকার লোকসমাজের মানুষজন প্রয়োজন ভিত্তিক জীবন জীবিকার অবলম্বন রূপে বিভিন্ন দারু শিল্প গড়ে তুলেছে। এইসব দারুশিল্পের মধ্যে নৌ শিল্প এবং ডাঙের পুতুল নাচের পুতুল শিল্প এখানকার শিল্পের শিল্প সচেতনা এবং প্রকৌশলগত দক্ষতা ও স্বাতন্ত্রের পরিচালক জেলাটির দক্ষিণে বলাগর, ক্যানিং, বাসন্তী, আমড়া মেখি, ঝড়খালি, গোসাবা, রাসারেলিয়া, পাথরপ্রতিমা, রায়দিঘি, সাগর দ্বীপ অঞ্চলে লোক সমাজের নৌকা তৈরীর বহু শিল্পী নানা কারণে নৌকা তৈরি করে জীবন জীবিকার সম্পাদন করছেন। এক সময় সমগ্র দক্ষিণবঙ্গের সঙ্গে আকৃতি, গঠন, কর্ম সম্পাদন, গতি অলংকরণ প্রভৃতির ভিত্তিতে নানা ধরনের কাঠ দিয়ে নৌকা তৈরি হতো। এখানে অল্প বিস্তার কোষা, বেতনায়, খুরা, বালিয়া, পশতা, বালাম, বাইচ, ছিপ, কিস্তি ইত্যাদি নৌকা তৈরি হত। কিন্তু কাল ক্রমে এই নৌকা গুলির প্রায় অধিকাংশ আর তৈরি হয় না। অধুনা এখানকার নৌ- শিল্পীরা শালতী, ডোঙ্গাগরণ ছোট- বড় জেলে নৌকা, বালি নৌকা, মুচি নৌকা, দ্রব্য পরিবহনযোগ্য কিস্তি জাতীয় বড় নৌকা, পেটাই গড়ন যাত্রীবাহী বড় নৌকা তৈরি করে থাকেন। এখন প্রথাগত নৌকার পাশাপাশি মোটর চালিত যাত্রীবাহী ভুটভুটি, লঞ্চ, ট্রলার ও বোটের প্রচলন হয়েছে। মোটরের প্রচলনের ফলে বিভিন্ন প্রকারের নৌযানের গতি যেমন দ্রুত হয়েছে তেমনি আকৃতি ও প্রকৃতিগত ভাবেও তাদের রূপান্তর ঘটেছে।

নৌকা তৈরীর জন্য এখানকার লোকসমাজের নৌকাশিল্পীরা প্রথমত ম্যানগ্রোভ জাতীয় গাছের কাঠ ব্যবহার করে থাকেন। কারণ এখানকার নোনা জল ও আবহাওয়া এইসব গাছের কাঠ সহ্য করার ক্ষমতা রাখে। তাই এরা সুন্দরী, পাকা শিরীষ, বাবলা, ধুন্দল, তরা, গরান, গেওয়া, বানি ইত্যাদি কাঠ ব্যবহার করে থাকেন। এইসব জেলার নৌশিল্পীরা সাধারণত হাত মাসের হিসেবে নৌকা তৈরি করেন। যেমন পয়ত্রিশ হাত লম্বা ও মাঝখানে ছয় হাত চওড়া নৌকা। নৌকা নির্মাণ কর্মে এরা সাধারণত হাতকরাত, বাটালি, হাতুড়ি, ছেনি,উথো, তুরপুন, জুলুই বা সাপি, পেরেক, তুলোর সুতো, চট, আলকাতরা, পুডিং ব্যবহার করে থাকেন।

একটি সাধারন নৌকার বিভিন্ন অংশের বিভিন্ন আঞ্চলিক নাম থাকে। যেমন- অয়ভাগের শেষ প্রান্তকে এ অঞ্চলে গলিমাখা বা গোলই বলা হয়। এখানে যে একটি চণ্ডী কাঠ স্থাপন করা হয় সেটি চণ্ডি কাঠ নামে অভিহিত। আঞ্চলিক নৌ শিল্পীগণ চণ্ডী কাঠ নির্মাণে পবিত্র কাঠ রূপে সাধারণত বেল ও নিম কার্ড ব্যবহার করে থাকেন। নৌকার পশ্চিমভাগের প্রান্তটিকে বলা হয় পাছামাখা পাছা, এখানেও বদরকাঠ নামে একটি ত্রিকোণাকৃতি কাঠ স্থাপন করা হয়। আঞ্চলিক মাঝি ও নৌ শিল্পীদের বিশ্বাস দেবী চণ্ডী ও বদরসীর যাবতীয় বিপদ বাধাবিঘ্ন থেকে নৌকাটিকে রক্ষা করবেন। অনেক শিল্পী আবার নৌকা তৈরি সমাপ্ত হলে নৌকার অগ্রভাগে চণ্ডীকাঠের নিচের দিকে দুপাশে দুটি চোখ একে দেন। এইভাবে লোকশিল্পের সঙ্গে যাদুবিশ্বাসের মেলবন্ধন ঘটেছে।

নৌকার মূল কাঠামো তৈরি করতে এই অঞ্চলের নৌ শিল্পীরা লম্বা এবং প্রায় ৮ থেকে ১০ ইঞ্চি চওড়া কাঠ ব্যবহার করেন। এগুলিকে বিশেষ পদ্ধতিতে বাঁকিয়ে এবং আগুনের উত্তাপ দিয়ে নৌকার আকৃতি প্রদান করে থাকেন। নৌকার খোলের চওড়া বাঁকানো তক্তাগুলি এক ধরনের লোহার সাসি দিয়ে যুক্ত করে থাকেন। এগুলিকে বলা হয় জলুই। এইসব তক্তার ফাঁক দিয়ে নৌকার খোলের মধ্যে জন যাতে না ঢোকে সেজন্য এই জেলার নও শিল্পীরা ছেনির সাহায্যে তুলোর সুতো বা টুন দড়ি ওই ফাঁক গুলির মধ্যে ঢুকিয়ে দেন যাকে স্থানীয় ভাষায় গাওয়া বলে। গাওয়ার পর তারা পাটের চট পুড়িযে তার সঙ্গে আলকাতরা মাখিয়ে এক ধরনের আঠালো পুডিং তৈরি করে তক্তা গুলির জোরন বরাবর ভালো করে লেপন করেন। এই লেপন কর্মে কস ও বিশেষভাবে ব্যবহৃত হয় সবচেয়ে শিল্পী গন নৌকাটিকে ভালো করে আলকাতরা লাগিয়ে ভাসান যোগ্য করে তোলেন। হিন্দু-মুসলমান নির্বিশেষে এই জেলার নৌ শিল্পীরা সাধারণত নদী বা খালের চড়ায় কিংবা পাশের সুবিধা মতো বাঁশ বা কাঠ পুঁতে নৌকা তৈরির কাজ করেন। এরপরে নৌকা তৈরির পর সেগুলিকে সহজে নদী বা খালের জলে ভাসানোর সুবিধা হয়।

১১. বজরা নৌকা

২) ডাঙ্গের পুতুল শিল্প : দক্ষিণ চব্বিশ পরগনা জেলার দারুশিল্পের আরেকটি উল্লেখযোগ্য ক্ষেত্র হল ডাঙের পুতুল নাচের জন্য কাঠের পুতুল নির্মাণ। এই পুতুল দক্ষিণ চব্বিশ পরগনার লোকশিল্পের নিজস্ব স্বাতন্ত্রে ভরা সৃষ্টি সম্পদ বলে বিশেষজ্ঞগণ মনে করেন। ৩০-৪০ বছর আগেও ওই জেলার সর্বত্র বিশেষ করে কোন পুজো পার্বণ বা মেলা উপলক্ষে রাজবাড়ি বা জমিদার বাড়ির অঙ্গনে কিংবা উন্মুক্ত মেলা প্রাঙ্গনে প্রচুর দর্শকের সামনের ডাঙ্গের পুতুল নাচের জমজমাট আসর বসত। আর তারই প্রয়োজন মিটিয়ে জীবন জীবিকা নির্বাহ করতেন এখানকার সূত্রধর, কর্মকার কিংবা অন্য সম্প্রদায়ের বেশ কিছু দারু শিল্পীগণ। এইসব লোক লোকায়ত সমাজের দারু শিল্পীরা ডাঙ্গের পুতুল নির্মাণের জন্য যজ্ঞি ডুমুর, পাকুর, নিম, অশ্বত্থ এবং পারিজাত বা তেসোলডে গাছের কাঠ ব্যবহার করে থাকেন। পুতুল নাচাতে যাতে শিল্পীদের কষ্ট কম হয় তার জন্য দারুশিল্পীরা দীর্ঘ অভিজ্ঞতার মধ্য দিয়ে এইসব হালকা অথচ দীর্ঘস্থায়ী কাঠগুলিকে নির্বাচন করে নিয়েছেন। বলা বাহুল্য পারিজাত বা তেপোলতে গাছের কাঠ দিয়ে নির্মিত ডালের পুতুল সর্বশ্রেষ্ঠ। পরবর্তীকালে এই জেলার অনেক পুতুল নাচ দলের দক্ষ শিল্পিরা নিজেরাই এই ধরনের পুতুল তৈরি করতে সক্ষম হয়েছিলেন।

ডানের পুতুল তৈরি করতে আঞ্চলিক দারু শিল্পীগণ পূর্বোক্ত গাছগুলির কোন একটি চওড়া দুফুট থেকে আড়াই ফুট লম্বা কাওকে মাঝখান থেকে চিড়ে ফেলে একটি অংশকে নিয়ে বুক ও পেটের আকৃতি দান করেন। বুক ও কোমরের মাঝখানের কিছুটা অংশ কেটে গভীর করে নেন। বুকের উপরে আলাদাভাবে একটি কাঠের মাথা একটা লাঠির সঙ্গে লাগিয়ে বুকের উপরের গর্ত দিয়ে ঝুলিয়ে দেন এমন ভাবে যাতে পুতুল নাচাবার সময় নাচিয়েগন ওই লাঠিটি ধরে পুতুলের মুন্দুটিকে এদিক-ওদিক ঘুরিয়ে ভাব প্রকাশের ভঙ্গিটিকে বজায় রাখতে পারেন। পুতুল নাচিয়েদের কোমরে বাঁধা একটি বাঁশের কেরের গর্ভের মধ্যে সম্পূর্ণ পুতুলটির ভারসাম্য রক্ষাকারী লম্বা লাঠিটিকে প্রতিস্থাপন করা হয়। এই লাঠিটির আঞ্চলিক নাম ডাঙ। তাই এই ধরনের কাঠের পুতুল নাচ এই জেলায় ডাঙ্গের পুতুল নাচ নামে প্রসিদ্ধ।

অনেক সময় পেটোদের সাহায্য ছাড়াই ডাঙ্গের পুতুলের শিল্পীরা পুতুলের কাঠের মুখের উপর দোআঁশ মাটি একটা পাতলা প্রলেপ দিয়ে তার উপরে আবার পাতলা এটেল মাটির কস লাগিয়ে শুকিয়ে নেন এবং তারপর জল রং, তেল রং অথবা খড়ি, তেতুল বিচির আঠা, ধুনো, বার্নিশ ইত্যাদির মিশ্রনে প্রস্তুত রং লাগিয়ে দেন। এইভাবে ডাগের পুতুল তৈরির ক্ষেত্রে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার দারু শিল্পীদের কৃতিত্ব অবদান অনস্বীকার্য। ডাঙ্গের পুতুল পুতুল শিল্পীর মাধ্যমে এরা একদিকে যেমন জীবন জীবিকা নির্বাহের কঠিন সংগ্রামে ক্ষতবিক্ষত, অন্যদিকে জেলার এই আন্তর্জাতিক

খ্যাতি সম্পন্ন সংস্কৃতিটিকে সচল রাখার অন্যতম সহায়ক শক্তিরূপে নিরব কর্মী। অবশ্য আধুনিক চলচ্চিত্র, দূরদর্শন ও উন্নতমানের যাত্রা, থিয়েটারের পাশাপাশি লোকমানসে পুতুল নাচের কদর উল্লেখযোগ্যভাবে হ্রাস পাওয়ায় লোকশিল্পটির ভবিষ্যৎ অনিশ্চিত। দক্ষিণ চব্বিশ পরগনা তথা সমগ্র ভারতবর্ষে এরকম অতীত গৌরবময় লোকশিল্প ও লোকসংস্কৃতিটিকে পুনর্জীবিত করা আমাদের কর্তব্য।

৩) মোয়া শিল্প : মিষ্টি খাদ্যবস্তু হলো মানুষের রসনা তৃপ্তির অন্যতম উপকরণ। আদিম মানুষ প্রধানত আহরণ ও শিকার পর্বে ফলমূল, ফুল, পাতা, কাণ্ড ইত্যাদি গাছের বিভিন্ন অংশ এবং এসব থেকে নিঃসৃত রস ও নানা প্রকার অরণ্য প্রাকৃতিক খাদ্যের মধ্যে থেকে অন্যান্য স্বাদের মতো মিষ্টি স্বাদের সঙ্গে পরিচিত হয়। তারপর মানব সভ্যতার সুদীর্ঘ বিবর্তনের মধ্য দিয়ে মানুষ যে একদিন বিচিত্র মিষ্টান্ন প্রস্তুত করতে শিখেছে তাতে প্রাথমিকভাবে লোক সমাজের বিশিষ্ট অবদান রয়েছে। অনেক রকমের লৌকিক মিষ্টান্ন আজ কুটির শিল্পে রূপান্তরিত হয়ে মানুষের জীবন জীবিকার বিশিষ্ট অবলম্বন হয়েছে। দক্ষিণ চব্বিশ পরগনা জেলার এমনই এক প্রসিদ্ধ লোক মিষ্টার শিল্প হল মোয়া।

এই জেলার জয়নগর, মগরাহাট, বারুইপুর প্রভৃতি খানার লোক শিল্প রূপে মোয়া শিল্পটি জয়নগরের মোয়া নামে ভারত খ্যাত। প্রাথমিকভাবে জয়নগর থানাকে কেন্দ্র করেই এই মিষ্টান্ন শিল্পটির উৎপত্তি হয়েছিল বলেই মিষ্টান্ন শিল্প মোয়ার সঙ্গে জয়নগর নামটি জড়িয়ে পড়েছে। জয়নগরের মোয়া একটি কুটির শিল্প যা এই অঞ্চলের লোক লোকায়ত সমাজের জীবন জীবিকা এবং লোকসংস্কৃতির ক্ষেত্রে বিশিষ্ট ভূমিকায় অবতীর্ণ। বিশেষ ধারাবাহিক পদ্ধতির মাধ্যমে স্তরে স্তরে জয়নগরের মোয়া শিল্পরূপ লাভ করে।

স্বাদে গন্ধে অতুলনীয় জয়নগরের মোয়া শুধু দক্ষিণ চব্বিশ পরগনা জেলায় নয়, সারা ভারতবর্ষে এটি একটি অপ্রতিদ্বন্দ্বী মিষ্টান্ন শিল্প। একটি আঞ্চলিক ছড়ায় তাই বলা হয়-

"জয়নগরের মোয়া
তাইতে ক্ষীরের খোয়া
আহা (যেন অমৃতের ছোঁয়া)"

জয়নগরের এই মোয়া প্রস্তুতির এবং এর সুনাম ও জনপ্রিয়তার মূল চাবিকাঠি হল এই অঞ্চলের খেজুর রস থেকে প্রস্তুত নলেন গুড়। এই গুড়ের গুণগত মানের উপর জয়নগরের মোয়ার খ্যাতি নির্ভর করে। যে সমস্ত লোক সমাজের মানুষজন এই অঞ্চলের গায়ে শায়ে খেজুর গাছের মাথির চেঁচে খেজুর রস থেকে সুগন্ধি নলেন গুড় তৈরি করে জীবন জীবিকা নির্বাহ করে তাদের বলা হয় শিউলী।

খেজুর রস সংগ্রহের পর নলেন গুড় প্রস্তুতির কাজ শুরু হয়। শিউলীরা বড় বড় উনানের উপর মাটির খুলিতে খেজুর রস ঢেলে দিয়ে জাল দিতে থাকে। ক্রমশ রস মেরে লালচে গুড়ের আকার ধারণ করলে একটা সরু লাঠি আঞ্চলিক ভাষায় তারু বা তিয়েনবাড়ি দিয়ে ক্রমাগত নাড়তে থাকেন। উপযুক্ত পাকই হল উৎকৃষ্ট নলেন গুড় তৈরির জাদুমন্ত্র। জয়নগরের মোয়া শিল্প পদ্ধতির প্রথম স্তরে একটি বড় কড়াইয়ে উৎকৃষ্ট নলেন গুড়ের সঙ্গে পরিমাণ মতো চিনি মিশিয়ে শিল্পীরা মিশ্রণটিকে উনানে বসিয়ে ফোটাতে থাকেন। আদর্শ পাকের উপরেই জয়নগরের মোয়ার স্বাদ নির্ভর করে। মিশ্রণটি হাত সওয়া ঠাণ্ডা হলে তাতে শ্রীঘি মিশিয়ে দিয়ে কাজি প্রস্তুত করেন। এরপর শিল্পীরা কিছুটা কাজির সঙ্গে কনকচূড়া বা মরিস্যাল ধানের খই মিশিয়ে আধঘন্টা চাপা দিয়ে মুড়কি প্রস্তুত করেন।

নিম্নবঙ্গের হারানো অতীতের কথা উদ্ধার করা হয়েছে সামান্যই । দক্ষিণবঙ্গে শোলা শিল্পের ক্ষেত্রে প্রধান যে নামটি করা হয় সেটি হল মহেশপুর গ্রামীণ জীবনযাত্রায় বারো মাসে তেরো পার্বণের মাধ্যমে এই শিল্পের বাজার। এই গ্রামের শিল্পীরা বংশ পরম্পরায় এই শিল্পের সাথে যুক্ত। এই শিল্পের শিল্পী গন বিভিন্ন উপায়ে অন্য অঞ্চলে ছড়িয়ে পড়ে কিন্তু বর্তমানে যথেষ্ট আধুনিকীকরণ ও অর্থনৈতিক নির্ভরতা না থাকার ধরণ আত্মনির্ভরতার সংকট কোনোভাবেই ঘোচেনি ।

৪) শোলা শিল্প : পুকুরিয়া, রত্নেশ্বর, ধনঞ্জয়পুর, গোপালনগর, রামবাটি, গোবিন্দপুর ইত্যাদি জায়গায় শোলা শিল্প ছড়িয়ে পড়েছে। এছাড়া রায়দিঘির কাছে গুমকি গ্রামের কথা বলা যায়। মনে করা হয় এই কাজে দক্ষ হানাদারদের পূর্বপুরুষরা মহেশপুর থেকে এই অঞ্চলে এসে এই কাজ শুরু করেন। এছাড়া বাথ, নূরসূর, নাকলীভাজনা, ঘাটেশ্বরাতে এবং মগরাহাটের নাপিত পাড়াতেও শোলার কাজ দেখা যায়। দক্ষিণ চব্বিশ পরগনার মহেশপুরই হল বড় কেন্দ্র শোলা শিল্পের। গ্রামে কাজের জন্য দুটি ভাগ আছে। হালদার পাড়া ও মালি পাড়া। হালদার পাড়ায় প্রতিমার সাজের কাজ বেশি হয় আর মালি পাড়ায় টোপর, চাঁদ মালা এসব কাজ বেশি হয়।" এখানকার তৈরি শোলার জিনিস স্থানীয় বাজার কলকাতা আবার চন্দনগরেরও চাহিদা দেখা যায়। ভৌগলিক ও প্রাকৃতিক কারণে সারা বাংলায় অনেক জলা জমে আছে। এখানেই অন্যান্য জলজ উদ্ভিদের সঙ্গে শোলা জন্মায়। বর্ষার জল বাড়ার সাথে সাথে এই গাছও খুব ভাড়াতাড়ি বাড়তে থাকে এবং এর মাঝের সরু কাণ্ডটি মোটা হয়ে যায়। এটিই শোলা নামে পরিচিত।" শোলা শিল্পের রূপ চিন্তার ছাপ আছে বেশি স্পষ্ট। এখানে

অলংকার চিন্তা প্রভাব ফেলেছে গভীরভাবে করা। বিন্দু বা বৃত্তাকার মোটিভ ফুল বা পাতার আকৃতির অনুরূপ অলংকারের নকশা ভাবনা লোকিক কূপ সাধনার অন্তর্গত। রঙিন রাংতায় ঝলমলে চাঁদ মালার উপর পদ্মফুল, হাঁস, শাক রুপ পায়। প্রতিমার

চালেও বসানো হয় ঝালর। এর মধ্যে বসানো হয় চুমকি। শোলার খেলনাও প্রচুর ভৈরি হয়। বর্তমানে চাহিদার সঙ্গে সামজস্য রেখে বিভিন্ন ঘর সাজানোর জন্য শিল্পীগন অনেক বেশি মাত্রায় তৈরি করেছেন। এই মহেশপুরে রঙিন শোলার কাজ বেশি দেখা যায়। এই অঞ্চলের শিল্পীদের অবস্থা তেমন ভালো না হওয়ার দরুন বেশি সূক্ষ্ম কাজ এখানে দেখতে পাওয়া যায় না। তবু প্রায় ৩০০ বছর ধরে দক্ষিণ চব্বিশ পরগনার এই শিল্পকে বাঁচিয়ে রেখেছে বেশ কিছু শিল্পী পরিবার।

কালের নিয়মে এই শিল্পেও আধুনিকতার প্রভাব পড়েছে। কারিগরদের নিজস্ব ভাগিদে চিরাচরিত ভাবনা কাটিয়ে নতুন ভাবে কিছু তৈরি চেষ্টা করছে বর্তমানে। প্রতিমা তৈরীর ক্ষেত্রে বিশেষত বিদেশে পাড়ির প্রবণতা বিশেষভাবে দেখা যাচ্ছে। এখনো পর্যন্ত মহেশপুরে কম বেশি ১৭৫ টি পরিবার এই কাজের সঙ্গে যুক্ত। আজ এই পারিবারিক গোষ্ঠীর শিল্প অনেক ক্ষেত্রেই বন্ধের মুখে। শিল্পের কাজ যেমন কমছে তার থেকে বেশি ভয়ের কারণ হল শোলা উৎপাদক বা শোলা গাছ জন্মাবার হার দ্রুত কমতে শুরু করছে। তবে বর্তমানে মানুষের প্রচেষ্টায় শোলা চাষ শুরু করার প্রচেষ্টা চলছে। বর্তমানে প্রতিমা শিল্পেও শোনার ব্যবহার অনেকটা কমে যাওয়ার ফলে কারিগরদের কাজও কমছে। এছাড়া সাংগঠনিক চেতনা না থাকার ফলে কোন সমবায়ও গড়ে ওঠেনি বলে জানা যায়। পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগনা

সব জায়গাতেই কমবেশি শোলার জিনিস তৈরি হয়। বর্তমানে সরকারের পক্ষ থেকে মেলা ও বিভিন্ন ওয়ার্কশপের আয়োজন করছে। ফলে সেখানে কিছু কিছু শিল্পীর কাজের সুযোগও হচ্ছে বা বিদেশে শিল্পবস্তু পাঠাবারও সুযোগ হচ্ছে। দক্ষিণবঙ্গে মূলত পূর্বপুরুষদের প্রভাবেই শোলা শিল্প গড়ে উঠছে। দোল রাশ এই ধরনের বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে শোলার ব্যবহার ছাড়াও গ্রাম বাংলার মেলাতেও শোলার সামগ্রী বিক্রির আধিক্য চোখে পড়ার মতো।

লোকসংস্কৃতির বিষয়বস্তুর নিরিখে উপরে আলোচনা থেকে বলা যায়, লোকসমাজকে কেন্দ্র করে বস্তুনির্ভর ও অবস্তুনির্ভর প্রীতি বা লোকসংস্কৃতি বা শিল্প রুপায়ণগড় লোকসংস্কৃতির অভিব্যক্তি ঘটে। লোকসমাজের জীবননাচার ও মানষ প্রক্রিয়া লোকসংস্কৃতির বিভিন্ন ভাগে উপাদান উপকরণের সঙ্গে পরস্পর ভাবে যুক্ত। ভৌগোলিক পটভূমি, জনবিন্যাস, লোকসমাজের জীবন সংগ্রাম ও লোকসংস্কৃতির নানা উপাদান-উপকরণ প্রভৃতি নানা দ্বন্দ্ব ও সমন্বয়ের মধ্য দিয়ে বিবর্তিত ও বিকশিত হয়ে থাকে। লোকসংস্কৃতির এই বিভিন্ন উপকরণ এর মধ্য দিয়ে শিল্প রস ও সৌন্দর্য রস প্রকাশ ঘটে থাকে। লোকসংস্কৃতিবিদরা লোকসংস্কৃতির বিভিন্ন উপাদান - উপকরণ এর মাধ্যমে লোকসমাজ ও লোকসংস্কৃতির স্বরূপ বিশ্লেষণ করে থাকেন।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- সেন তপন কুমার, প্রাচীন আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতি সংখ্যা গ্রামীণ পুখি, বীরশিবপুর উলুবেরিয়া হাওড়া, ২০১৬
- রায় নিহাররঞ্জন, বাঙালির ইতিহাস, কলকাতা, দে'জ পাবলিশিং, ১৪০৫ বঙ্গাব্দ
- দাস গোকুলচন্দ্র চব্বিশ পরগনার আঞ্চলিক ইতিহাস ও সংস্কৃতি, প্রগ্রেসিভ পাবলিশার্স
- সাঁতরা তারাপদ, পশ্চিমবঙ্গের লোকশিল্পী ও লোকসমাজ, তথ্য ও সংস্কৃতি বিভাগ,পশ্চিমবঙ্গ সরকার, ২০০২
- ঘোষ বিনয়, পশ্চিমবঙ্গের সংস্কৃতি, কলিকাতা, পুস্তক প্রকাশক, ১৯৫০
- ঘোষ প্রদ্যোত, বাংলার লোকশিল্প, ২০০৪
- মণ্ডল সত্যানন্দ, দক্ষিণ চব্বিশ পরগনার লোকশিল্প, পুস্তক বিপণি, ১৯৮৪
- মিত্র শ্রী সনৎকুমার, পশ্চিমবঙ্গের পুতুল নাচ, লোকসংস্কৃতি গবেষণা পরিষদ, ১৯৮৯
- রায় প্রণব, বাংলার মন্দিরে স্থাপত্য ও ভাস্কর্য, তমলুক প্রকাশনী, ১৯৯৯
- চক্রবর্তী বরণ কুমার, বাংলার লোকসাহিত্যচর্চার ইতিহাস, কলকাতা পুস্তক বিপনি,2004
- চক্রবর্তী উৎপল, লোকশ্রুতি, ১৯৯৭

14

মৎস্য শিকারে ব্যবহারিক লোক প্রযুক্তি ও গ্রাম সমাজ

ডঃ চিন্ময় পাল (সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলজে)

ইনসান আলি (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

গ্রামাঞ্চলে বাঁশের শলা দিয়ে বিভিন্ন ধরনের চাঁই তৈরি করা হয়। যেগুলো মাছ ধরার ফাঁদ নামে পরিচিত। এতে থাকে বিভিন্ন আকৃতির যেখানে মাছ ঢোকানোর কৌশল থাকে, কিন্তু থাকে না বের হবার উপায়। গ্রামাঞ্চলে বর্ষাকালে বন্যায় সময় মাছ ধরার ফাঁদ পাতা হত। বাংলার বিভিন্ন অঞ্চলে প্রচলিত বিভিন্ন ধরনের ফাঁদের মধ্য উল্লেখযোগ্য চাঁই, বেগা, ডুবা ফাঁদ, দারকি, উন্টা, তেপাই, ধীল, চাঁই, চান্দি, বাইর, পলা, রাবনি, চারো ইত্যাদি। এছাড়াও উঁচানজাল, ফাঁসজাল, পড়ন্তজাল, কোঁচ ইত্যাদি ব্যববহার করা হত।[১] কিন্তু বর্তমানে বাংলার এই সব মাছ ধরার সরঞ্জাম যুব একটা ব্যবহার করা হয় না। কারন বিভিন্ন উন্নত প্রযুক্তি মাছ ধরার জন্য ব্যবহার করা হয়, এর ফলে বাংলার লোক প্রযুক্তি গুলি হারিয়ে যাচ্ছে।

দারকি বা ঘুনি : বাঁশের শলার তৈরি বিশেষ ধরনের মাছ ধরার ফাঁদের নাম দারকি। অঞ্চলভেদে এর অন্য নামও আছে। কোথাও একে বলে ঘুনি। আবার কোথাও বলে বাইর অথবা আনতা। বর্ষা মৌসুমে নদী নালা, খাল-বিলে মাছ ধরতে কম জলে দারকি পাতা হয়। মাছ ধরার ফাঁদ হিসেবে এতির ব্যবহার চলে আসছে আবহমান কাল ধরে। ঘলিমা, টাকি, পুঁটি, শিং ও কৈসহ নানা প্রজাতির মাছ ধরা হয় দারকি দিয়ে। বাঁশের শলার তৈরি এটির উভয় দিকে ৩টি করে ৬টি দ্বার থাকে মাছ ঢোকার। দ্বারগুলো এমন ফাঁদ বিশিষ্ট যে মাছ একবার ওই দ্বার দিয়ে ঢুকলে আর বের হয়ে আসতে পারে না।[২] গ্রাম-বাংলার প্রায় সবার ঘরেই পাওয়া যেত মাছ ধরার এই যন্ত্রটি। এক সময় এই দারকি বাংলার কুটির শিল্পে স্থান করে নিয়েছিল এবং বহু মানুষ এই শিল্পের সঙ্গে যুক্ত ছিল।[৩]

পলো : তলাবিহীন কলসীর আদলে বাঁশ ও বেতের সংমিশ্রনে ছোট ছোট ছিদ্র রেখে শৈল্পিক কারুকার্যে সুনিপুনভাবে মাছ ধরার যে যন্ত্রটি তৈরি করা হয় আঞ্চলিক ভাষায় তার নাম 'পলো'। এর নিচের দিকের মুখ বড় এবং উপরিভাগের মুখ ছোট এবং উভয় মুখই খোলা। পলোর উপরিভাগে হাত দিয়ে ধরে অগভীর জলেতে চাপ দিতে দিতে পর্যায়ক্রমে সামনের দিকে এগোনো হয়। মাছ পলোতে আটকা পড়লে শব্দ বা ঝাকুনি অনুভূত হয়। তখন পলোর মধ্যে হাত ঢুকিয়ে মাছ ধরা হয়।[৪] আগে প্রত্যেক গৃহস্থের বাড়িতেই থাকতো দু-একটি পলো। 'পলো' মাছ ধরার কাজ ছাড়াও হাঁস-মুরগী

ধরে রাখার কাজেও ব্যবহার করা হত। শুকনো মৌসুমে বিশেষ করে পৌষ মাস থেকে শুরু করে চৈত্র মাস পর্যন্ত শুরু হয়ে যেত পলো দিয়ে মাছ ধরার মহড়া। পুরনা মাছ শিকারিদের সাথে কথা বলে জানা যায়, পলোয় সাধারনত দেশি মাছই বেশি ধরা পড়তো। রুই, কাতলা, চিতল, শোল, বোয়াল প্রভৃতি মাছ ধরা পড়তো।[৫] বর্তমানে অনেক খাল বিল ও উন্মুক্ত জলাশয় ভরাট কিংবা বিলুপ্ত হয়ে গেছে। কোথাও কোথাও কিছুটা জলাশয় থাকলেও আগের মত মাছ পাওয়া যায়না। সে দিন বেশি দূরে নয় হয়তো উন্মুক্ত জলাশয়ে পলো দিয়ে মাছ ধরা শুধু স্মৃতি হয়েই রবে অথবা আমাদের পরবর্তী প্রজন্ম হয়তো চিনবেই না পলো দিয়ে কিভাবে মাছ ধরতে হয়।[৬] কালের বিবর্তনে হারিয়ে যাচ্ছে পলো দিয়ে মাছ ধরা।

ঘাদুম : এটি চোঙ্গাকৃতির বাঁশের তৈরি ফাঁদ। ঘাদুম দেখতে অনেকটা "ইউ" (ট) আকৃতির। এর ফাঁস সাধারনত ১.৫ - ২.৫ সে.মি. হয়ে থাকে। বাঁশের চিকন শলাকা বা লতা দ্বারা এটি তৈরি করা হয়। ধান ক্ষেতের আইলেও আগাছাযুক্ত অগভীর জলে এ ফাঁদ পেতে রাখা হয়। এতি খালের মধ্যেও ব্যবহার করা যায়। এটি জুলাই থেকে জানুয়ারি এ সময়ের মধ্যে ব্যবহার করা হয়। ফাঁদের সামনের দিকে ভালব থাকে ফলে মাছ একবার ভেতরে ঢুকলে আর বেরোতে পারে না। ঘাদুম দিয়ে বড় আকারের মাছ ধরা হয়।

বিত্তি : এটি বর্গাকৃতির এক ধরনের ফাঁদ। এটি বাঁশের শলাকা ও লতা দ্বারা তৈরি করা হয়। এর ফাঁস সাধারনত ০.৫-১.০ সে.মি. হয়ে থাকে। এর এক পাশে তিনটি ভালব থাকে। ভিত্তির দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে ৩০.১৫ এবং ২০ সে.মি. হয়ে থাকে। এটি সাধারনত স্রোতযুক্ত অগভীর জলে, ধান ক্ষেতের আলে পেতে রাখা হত। মাঝে মাঝে টোপ হিসেবে শামুক ব্যবহার করা হত। বিত্তি দিয়ে প্রধানত ট্যাংরা, পুটি মাছ ধরা হয়। এটি সাধারনত জুলাই ও ডিসেম্বর মাসে ব্যবহার করা হত।

চাঁই : বাঁশ বা বেতের শলাকা দিয়ে তৈরী মাছ ধরার এক প্রকার ফাঁদ। বর্ষা মৌসমের শেষের দিকে যখন ডোবা-পুকুর, খাল-বিল, নদ-নদী, হাওর-বাওয়ের জল নামতে শুরু করে তখন স্রোতের বিপরীতে এটিকে বিশেষ উপায়ে স্থাপন করে। অপেক্ষাকৃত ছোট মাছ ধরতে এই ফাঁদ ব্যবহৃত হয়। চাঁই গ্রাম বাংলার উন্মুক্ত জলাশয়ে উপকরনগুলোর মধ্যে বহুল ব্যবহৃত একটি উপকরন। শিকারের ভিন্নতায় অঞ্চলভেদে এটি বিভিন্ন নামে পরিচিত ছিল। গ্রামীন অর্থনীতির হস্ত শিল্পে চাঁইয়ের ভূমিকা এক সময়ে বিশেষ উল্লেখযোগ্য ভূমিকা পালন করত। কিন্তু বর্তমানে মাছ ধরার জন্য উন্নত প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। ফলে বাংলায় এই প্রযুক্তিগুলি বিলুপ্ত হয়ে যাচ্ছে।[৭]

ফাঁসজাল : গ্রামাঞ্চলের নদী, প্লাবনভূমি ও ধানক্ষেতে এক সময়ে বহুল প্রচলিত ছিল ফাঁসজাল। নদী ও বিলের গভীর জলে এটি পাতা হয়। এই প্রকার জালে কই মাছ ধরা হয় বলে এর নাম কইজাল। বর্তমান সময়ে এই জাল তৈরিতে ব্যবহৃত সুতো ও ফাঁসের আকার যথাযথ বিধি সম্মত নয় বলে এটি ব্যবহার করা হয় না।

উঁচান জাল : এই জাল সাধারনত চৌকা আকৃতির, আড়াআড়ি বাঁধা বাঁশের চারটি ফালির চার আগায় জালের চারকোনা বাঁধ থাকে। বাঁশের ফালির সংযোগস্থলে অন্য একটি বাঁশ বেঁধে এটিকে জলে ফেলা অথবা জল থেকে উঠানোর জন্য লিভারের মতো ব্যবহার করা হয়। জালটি হস্তচালিত ও সহজে বহনযোগ্য। অঞ্চলভেদে এ ধরনের জাল ধর্মজাল, টাকজাল, শিবজাল ইত্যাদি নামে পরিচিত। এছাড়াও অপেক্ষাকৃত অনেক ছোট শুধুমাত্র হাতলযুক্ত হাত উচানজাল এর ব্যবহার এক সময়ে গ্রাম বাংলায় বহুল প্রচলিত ছিল। বড় বাঁশের তিন কোনাবিশিষ্ট ফ্রেমে বড় ত্রিভুজ আকৃতির জাল সংযুক্ত থাকে। এটিকে জলের গুরুত্বপূর্ণ স্থানে স্থায়ীভাবে বসানো হয়। ফ্রেমের লম্বা কোনবিশিষ্ট স্থানে সংযুক্ত দড়ি টেনে এটিকে জলে উঠানো নামানো হয়।

ঝাঁকিজাল : একসময়ে গ্রাম অঞ্চলে মাছ ধরার জন্য এই জাল বহুল প্রচলিত ছিল। জাল ছোড়ার পর গোল দেখায়। এই জালের নিচের কিনারা জুড়ে লোহার বল গাঁথা থাকে বলে এটি ওজনে ভারি হয়। হাত দিয়ে ছুড়ে ব্যবহার করা হয়। এই জাল সাধারনত পুকুর, বিল, মোহনা ও উপকূলীয় অগভীর জলে ব্যবহৃত হয়ে থাকে। ঝাঁকিজাল অঞ্চলভেদে মুঠজাল, কনুইজাল, কুনিঞ্জাল, ফেকাজাল, খেপনাজাল, উড়ালজাল ইত্যাদি নামে পরিচিত। মাছের আবাসস্থল ও মাছের আকারের ভিত্তিতে এই শ্রেণীর জাল বিভিন্ন আকার ও আকৃতির হয়ে থাকে।[৮]

কোঁচ : এটি একটি দীর্ঘ বর্শার মত যন্ত্র যা মাছ শিকারে ব্যবহৃত হয়। মাছের উপর বেশ খানিকটা দূর থেকে নিশানা করে কোঁচ নিক্ষেপ করে শিকার করা হয়। এক সময়ে বাংলার বিভিন্ন বিলে প্রতিবছর আষাঢ় থকে ভাদ্র মাস পর্যন্ত যেসব যন্ত্র দিয়ে মাছ ধরা হত, তার মধ্যে কোঁচ ছিল অন্যতম। বর্ণা জাতীয় দশ-পনেরোটি অগ্রভাগ তীক্ষ্ণ ধারালো গোলাকার লোহার টুকরো বাঁশের চোখা বানানো হয়। দূর থেকে নিক্ষেপ যোগ্য করার জন্য অপর একটি বাঁশের সাথে এ অংশ জোড়া দেওয়া হয়। মাছ শিকারীরা দূর থেকে মাছ ধরার এ যন্ত্র মাছকে লক্ষ্য করে নিক্ষেপ করে ঘায়েল করে বড় বড় মাছ শিকার করেন। অনেকে অগ্রভাগে কালা বা আল তৈরি করে নিত, যাতে মাছ ছুটে যেতে না পারে।[৯] মাছ ধরার আধুনিক অনেক উপকরন বা যন্ত্র আবিষ্কার এর ফলে কোঁচের ব্যবহার অনেক কমে এলেও এর আবেদন এখনো ফুরিয়ে যায়নি। এটি আমাদের প্রাচীনকালের কথা স্মরণ করিয়ে দেয়।

বর্তমানে অনেক খাল-বিল উন্মুক্ত জলাশয় ভরাট কিংবা বিলুপ্তি হয়ে গেছে। বিভিন্ন নদী-নালা, খাল-বিল ভরাট করে গড়ে উঠেছে বসত বাড়ি ও বাজার। কোথাও কোথাও কিছুটা জলাশয় থাকলেও আগের মত মাছ পাওয়া যায় না। এছাড়াও মাছ ধরার জন্য আধুনিক উপকরণের ব্যবহারের ফলে বাংলার প্রাচীন লোক প্রযুক্তিগুলির ব্যবহার অনেকটা কমে গেছে।

তথ্যসূত্র:

১. ওয়াকিল আহমদ, লোককলা প্রবন্ধাবলী, বইপত্র, ঢাকা, ২০০১, পৃঃ ৯৬-৯৭। তোফায়েল আহমেদ, লোক ঐতিহ্যের দশ দিগন্ত, বাংলা একাডেমী, ঢাকা,২০১১, পৃঃ ৭৬-৭৭।
২. দুলাল চৌধুরী সম্পাদিত, লোকসংস্কৃতির বিশ্বকোষ, পুস্তক বিপনি, ঢাকা,২০০৪ পৃঃ ৬৮।
৩. ড. বরুন কুমার চক্রবর্তী, বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ, কলকাতা, ২০০৫, পৃঃ ১৪৫।
৪. বিলকিস বেগম, চাঁপাই নবাবগঞ্জের সূচিশিল্প, ঢাকা, ২০০৬, পৃঃ ১৭৯।
৫. মোহাম্মদ সিরাজুল ইসলাম, বাংলার লোকশিল্প, ঢাকা, ২০০৭, পৃঃ ১৩৫-১৩৬।
৬. ওয়াকিল আহমদ, লোকবিজ্ঞান ও লোকপ্রযুক্ত, গতিধারা, ঢাকা, ২০১০, পৃঃ ১২০-১২১।
৭. মনোনেশ দাস (২০১৫-০৪-১২)। "ময়মনসিংহে ডোল পিঁপড়া ডিম",
৮. blog.bdnews24.com। সংগ্রহের তারিখ ২০২২-০৪-১৮,
৯. "গ্রাম বাংলার ঐতিহ্যবাহী মাছ ধরার উপকরন, amarzila news, ২০১৯-০৪-১৩

15

চন্দ্রকেতুগড়ে খনা মিহিরের ঢিপি ঃ একটি অনুসন্ধান

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সাহিনা পারভীন (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

চন্দ্রকেতুগড়ের প্রধান দর্শনীয় স্থান হল খনা মিহিরের ঢিবি। এই প্রত্নস্থলটি আনুমানিক ৪০০-৮০০ খ্রী: পূর্বে নির্মাণ করা হয়। আপাত দৃষ্টিতে চুনসুড়কির মতো গাঁথুনি দেওয়া পাঁচিলের ধ্বংসস্তূপ মনে হলেও, লোককথা অনুসারে জানা যায় মধ্যযুগের বাংলা সাহিত্যের কবি এবং প্রখ্যাত জ্যোতিষী খনা এবং বিক্রমাদিত্য এর নবরত্ন সভার বিখ্যাত গণিতবিদ। বরাহপুত্র মিহির বিবাহের পর এই চন্দ্রকেতুগড়ে বসবাস করতেন এবং সেই প্রচলিত কথা অনুযায়ী স্থানটির নাম হয় থনা-মিহিরের ঢিবি। এই স্থানটি উৎখননের পর একটি বহুভুজাকার' 'মন্দির বেরিয়েছে অবশ্য মন্দির না বলে মন্দিরের কঙ্কাল বলাই ভালো। ভারতীয় পুরাতাত্বিক বিভাগ টিসিটিকে অধিগ্রহণ করেছে। চারিদিকে প্রায় চার ফুট উঁচু প্রাচীর। মাঝে মাঝে তাঁরকাটা দিয়ে ঘেরা। খনা মিহিরের টিপিটি গ্রন্থে ১২-১৫ মিটার। দৈর্ঘ্যে ২৮-৩০ মিটার খনা মিহিরের ঢিবি থেকে মাত্র ২ কিমি দূরে একে সময় অবস্থিত ছিল। রাজা চন্দ্রকেতুর দূর্গ। এই দুর্গের পাশ দিয়েই এক সময় প্রবাহিত হতো বিদ্যাধরী নদী। তবে বর্তমানে এখানে একটি পুরাতন গেট আর মেঠো পথ ছাড়া আর কিছুই অবশিষ্ট নেই। আর যে স্থানে বিদ্যাধরী নদী প্রবাহিত হত সেই স্থানটি এখন উর্বর চাষের জমিতে পরিণত হয়েছে। চারিদিকে বড়ো বড়ো গাছের সমারোহে ছড়িয়ে আছে এক অদ্ভুত প্রাকৃতিক সৌন্দর্য। কিন্তু গত দু'দশকে খনন কাজ প্রায় হয়নি বললেই চলে। চন্দ্রকেতুগড়ে যতটুকু খনন করা হয়েছে ভাতে কুষান, গুপ্ত, মৌর্য, শুঙ্গ যুগের রুপো, তামার মূদ্রা, মাটির ফলক, হাড়ের তৈরি মূর্তি, বিভিন্ন ধরনের পুঁতি ছাড়াও অনেক রকমের প্রত্নবস্তু পাওয়া গেছে, যা প্রমাণ করে এককালে চন্দ্রকেতুগড় সমৃদ্ধশালী ছিল। সংগ্রহশালায় ২৫০০ বছরের পুরাতন স্থাপত্য এবং ভাস্কর্য সংরক্ষিত আছে।

খননকার্যের ফলে যে সমস্ত নিদর্শন গুলি পাওয়া গেছে, যেমন বিভিন্ন দেবদেবীর মূর্তি, মাটির পাত্র, বৌদ্ধ মূর্তি, তামা রুপোর মূদ্রা ইত্যাদি এই সংগ্রশালায় থাকলেও বেশিরভাগ প্রত্নবস্তুই রয়েছে বিদেশের। দু'দশকে খনন না হওয়ার জন্য কত অজানা ইতিহাস, পুরাতন কিছু মানুষের গল্প মাটির নীচে অন্ধকারে আজও ঢাকা পড়ে রয়েছে। এখানে অনুষ্ঠিত দীর্ঘ দশ বৎসর ব্যাপী উৎখনন কার্যের ফলশ্রুতিতে খ্রীঃ পূর্ব ষষ্ঠ শতাব্দী থেকে খ্রিস্টিয় দশম শতাব্দী পর্যন্ত ১,৫০০ বৎসর ব্যাপী সাংস্কৃতিক বিবর্তন

প্রক্রিয়াকে উপলব্ধি করা গেছে। প্রাক মৌর্য সময়সীমায় ঐতিহাসিক পর্বের সূচনালগ্নে নির্মিত মৃৎপাত্র, পোড়ামাটির মূর্তি, মূদ্রা উপরন্ত শিলায় নির্মিত পুঁতি মৃৎফলক গুলি পরবর্তী সময়ে মৌর্য, শুঙ্গ, কুষান যুগে ব্যাপকভাবে নির্মিত হতে দেখা গেছে। উত্তর ভারতের কৃষ্ণ সূচিক্কণ মৃৎপাত্রের পাশাপাশি রুলেটেড মৃৎপাত্র খ্রীঃ ১ম শতাব্দী থেকেই এতদঞ্চলে স্বীয় উপস্থিতির প্রমাণ রেখেছে।

গুপ্তযুগের শেষ পর্যায়ে নির্মিত একটি ধাতব দেবীর মূর্তিকে দর্পণ হস্তে অজ্ঞাত পরিচয় প্রাণীর উপর উপবিষ্ঠা অবস্থায় থাকতে দেখা গেছে। মৌর্য, শুঙ্গ ও কুষান যুগে গৃহ নির্মাণের প্রয়োজনে ব্যবহৃত টালি, বাঁশ এবং কাঠের দণ্ডসহ অন্যান্য উপাদানও যথেষ্ট পরিমাণে পাওয়া গেছে। এছাড়া 'গুপ্তযুগে নির্মিত একটি সুবিশাল দেবালয়ের ধ্বংসাবশেষ ও বিশেষভাবে উল্লেখের দাবি রাখে। এখান থেকে আবিষ্কৃত একটি কুণ্ডে উৎখনন কার্য পরিচালনা করে। একটি ছাঁচে ঢালাই তাম্র মূদ্রা, প্রস্তর নির্মিত ছাঁচ, ছিদ্র সম্বলিত পোড়ামাটির বস্তু, পোড়ামাটির পাজাছাপ প্রভৃতি আবিষ্কৃত হয়েছে। উৎখননকারীদের মতে তৃতীয় থেকে ষষ্ঠ শতক পর্যন্ত, খনা মিহিরের টিপিতে যে বসতি গড়ে উঠেছিল তা সুনিশ্চিতভাবে ঐ অঞ্চলে এক ব্যাপক সমৃদ্ধির পরিচয় প্রদান করে। খ্রিস্টিয় অষ্টম শতাব্দীতে নির্মিত পোড়ামাটির ফলকে রচিত বিষ্ণুর প্রতিকৃতিসহ বোধিসত্ব মৈত্রেয়র ধাতব বিগ্রহ আবিষ্কৃত প্রত্নসম্পদের মধ্যে সবিশেষ উল্লেখের দাবি রাখে। থনা মিহিরের ঢিবি থেকে প্রাপ্ত বালুকা প্রস্তরে নির্মিত গুপ্তযুগের একটি সৌর ফলক, গুপ্তোত্তর পর্বের বিমূমূর্তির ভগ্নাবশেষও উল্লেখের দাবি রাখে।

প্রত্নস্থলটিতে বর্তমানে দেবালয়, হাদিপুর, বেড়াচাঁপা, শাপুকুর, ঝিকরা ও গ্রামের বিস্তৃত এলাকা জুড়ে প্রাচীন নগর বসতির চিহ্ন পাওয়া যায়। ইটাখোলা তৈরী বিশাল দূর্গপ্রাচীর প্রত্নস্থলটির মূল কেন্দ্র ঘিরে আছে। যা আকৃতিতে আয়তাকার এবং মোটামুটিভাবে এক বর্গমাইল এলাকা জুড়ে বিস্তৃত। মাটির তৈরি এই দূর্গ প্রাচীরের অভ্যন্তরেই চন্দ্রকেতুগড়, খনা মিহিরের ঢিপি, ইটাখোলা এবং নুনগোলা ইত্যাদি স্থানে খননের মাধ্যমে প্রাচীন ভারতের নগর সভ্যতার পাঁচটি পৃথক সাংস্কৃতিক স্তর বা পর্বের সন্ধান পাওয়া গেছে।

স্থানটির "খনা মিহিরের ঢিপি" অংশের সঙ্গে প্রাচীন ভারতীয় রাজা বিক্রমাদিত্যের সভারত্ন বিখ্যাত জ্যোতির্বিদ বরাহমিহির এবং তার পুত্রবধূ খনার নাম যুক্ত, লোকপ্রবাদ যে, এখানেই থনা ও বরাহমিহিরের বাসস্থান ছিল। এছাড়া এখানে দেবালয় রাজা চন্দ্রকেতুর নামে একাধিক কিংবদন্তি প্রচলিত আছে। বিভিন্ন ঐতিহাসিকদের মতে, চন্দ্রকেতুগড় ছিল সম্ভবত "পেরিপ্লাস" এবং টলেমি সূত্রে উল্লিখিত বিখ্যাত প্রাচীন সমূদ্র বন্দর 'গঙ্গারিডাই। এর রাজধানী বা গাঙ্গে বন্দর। এই প্রত্নস্থলটির সঙ্গে জলসনে প্রাচীন ভূমধ্যসাগরীয় অঞ্চল বিশেষত রোমের বাণিজ্যিক যোগসূত্রের সুনিশ্চিত প্রমাণ মিলেছে।

চন্দ্রকেতুগড়ের প্রধান স্থানীয় দর্শন হল খনা মিহিরের ঢিবি। এই প্রত্নস্থলটি আনুমানিক ৪০০-৮০০ খ্রী: পূর্বে নির্মাণ করা হয়। আপাত দৃষ্টিতে চুন সুড়কির গাথুনি দেওয়া পাঁচিলের ধ্বংসস্তূপ। খনা এবং মিহির দুজনেই জ্যোতিষবিদ্যায় বেশ পারদর্শী ছিলেন। কথিত আছে একদিন বরাহ এবং মিহির আকাশের তারা গণনায় পড়লেন খনা সেই সমস্যার সমাধান করেন । খনার এই গণনার পূর্বাভাসের দ্বারা রাজ্যের কৃষক গন উপকৃত হন। এই ঘটনাটি রাজা বিক্রমাদিত্য এর নজরবন্দি হয় এবং তিনি খনাকে তার রাজ্যসভার দশম রত্নের আখ্যায় ভূষিত করেন। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে রাজসভার প্রতিপত্তি হারানোর ভয়ে বরাহ তার পুত্র মিহিরকে ধনার জিহবা কেটে ফেলার আদেশ দেন এবং পিতার আদেশ রক্ষার্থে মিহির তাঁর স্ত্রীর জিভ কেটে দেন এর কিছু দিন পরই খনার মৃত্যু হয়। বাংলা লোকসংস্কৃতিতে আজও খনার বচন প্রচলিত রয়েছে।

মূলত উৎখনন কার্যের ফলেই সন্ধান পাওয়া যায়।" এই চিবিতে একটি উত্তরমুখী মন্দিরের ধ্বংসাবশেষ রয়েছে। কথিত আছে এই মন্দিরে বসেই খনা এবং মিহির জ্যোতিষবিদ্যা চর্চা করতেন। ঐতিহাসিকদের মতে এই মন্দিরটি বাংলার প্রচীনতম মন্দিরের একটি দৃষ্টান্ত। খনা মিহিরের ঢিবি থেকে মাত্র ২ কিমি দূরে একসময় অবস্থিত ছিল রাজা চন্দ্রকেতুর দূর্গ। এই দুর্গেই রাজার প্রিয় পাত্র নামা এবং দামা যুদ্ধ অনুশীলন করতেন। এই দূর্গের পাশ প্রবাহিত হত বিদ্যাধরী নদী। তবে বর্তমানে এখানে একটি অবশিষ্ট নেই। আর যে স্থানে বিদ্যাধরী নদী প্রবাহিত হত সেই স্থানটি এখন উর্বর চাষের জমিতে পরিণত হয়েছে। চারিদিকে বড়ো বড়ো গাছের সমারোহে আপনি খুঁজে পাবেন এক অদ্ভুত প্রাকৃতিক সৌন্দর্য এবং একই সঙ্গে এই স্থানের ঐতিহাসিক গুরুত্ব ও উপলব্ধি করতে পারবেন।

সাম্প্রতিক কালে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের তত্ত্বাবধানে নির্মিত হয়েছে চন্দ্রকেতুগড় সংগ্রহশালা। এই সংগ্রহশালায় ২৫০০ বছরের পুরাতন স্থাপত্য এবং ভাস্কর্য সংরক্ষিত আছে। খনন কার্যের ফলে যে সমস্ত নিদর্শনগুলি পাওয়া গেছে, যেমন বিভিন্ন দেবদেবীর মূর্তি, মাটির পাত্র, বৌদ্ধ মূর্তি, তামা রুপোর মুদ্রা ইত্যাদি এই সংগ্রহশালায় আছে। লউ হার্স্ট একদা লিখেছিলেন- "Anothest site more Promising for - ' excavation that the fort is mound known as Varaha Mihir's house Just to the north-east of the Berachampa railway station" - প্রথম দিকের ঐতিহাসিক বিবরণ থেকে জানা যায় কাঠামোর মধ্যে রয়েছে কাঁচা মেঝে, দুর্গ, কঞ্চির বেড়া এবং রঙ মাখানো চিত্রগুপ্ত আমলে পোড়া ইট ব্যবহৃত হত। চন্দ্রকেতুগড়ের উত্তরাঞ্চলে খনা মিহিরের ঢিপি নামে পরিচিত। টিপিটি বিস্তারিত খননকার্যের শিকার হয়েছিল। কিংবদন্তি খনা, একটি মধ্যযুগীয় বাংলা ভাষার কবি, একজন জ্যোতিষী এবং গণিতবিদ বরাহ মিহির এই জায়গার সাথে যুক্ত ছিলেন। সুতরাং তাদের নাম অনুসারে এই স্থানটির রাখা হয়েছিল খনা মিহিমের ঢিপি । এই টিপিটি ১৯৫৬ সালে

কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রত্নভাষিক বিভাগগুলি দ্বারা খনন করা হয়েছিল। এই খননের ফলে একটি বহুভূজ ইটের মন্দির কমপ্লেক্স সম্ভাবত গুপ্ত আমলের জানা যায়। মন্দিরটি উত্তর দিকে মুখ করে রয়েছে এবং উত্তর দিকের মন্দিরের সাথে একটি সদর দালান সংযুক্ত রয়েছে। ক্রমশ তলিয়ে যাওয়া হ্রাসকারী দিক এবং নীচে একটি পাকা ভল এছাড়াও ঘষা ইট দিয়ে রেখাযুক্ত একটি গভীর গর্ত দেখা গেছে। পোড়ামাটির তৈরি একটি ড্রেমের খবর পাওয়া গেছে। এই জায়গাটির পৃষ্ঠতল প্রচুর পরিমাণে সমৃদ্ধ। চন্দ্রকেতুগড় জাদুঘরে এ জাতীয় প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলির একটি অংশ প্রদর্শিত হয়েছে যা স্থানীয় ব্যক্তিত্ব শ্রী দিলীপ কুমার মৈতে সংগ্রহ করেছিলেন যিনি চন্দ্রকেতু গড়ের অতীত সম্পর্কে গভীর আগ্রহী ছিলেন। সংগ্রহশালাটি শ্রেণীবদ্ধ উপায়ে চন্দ্রকেতুগড়ের সংগ্রহ প্রদর্শন করেছে। সংগ্রহ গুলিতে মৃৎশিল্প, মানব মূর্তি, জপমালা, খেলনা গাড়ি, শীল, মূদ্রা" ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। খনার চিপিটাকে গ্রামের লোকে বলত 'দমদমা'। দমদমার মানে হল উঁচু ঢিপি। শুধুমাত্র খনার টিপির তলায় আছে নানা ধরনের অসংখ্য প্রত্ন চিহ্ন। যে গুলোর বয়স গুপ্ত সময়কাল পর্যন্ত।

খনা মিহিরের সঙ্গে আগমনের সপক্ষে কিছু বক্তব্য থেকেই যায়। দেউলিয়া ছাড়া অবিভক্ত বাংলার আর কোথাও ঘৃন্য মিহিরের বাসস্থান সম্পর্কিত কোনো জনশ্রুতি পাওয়া যায়নি। আর সবচেয়ে বড় সাক্ষী খনার প্রবচনগুলি। ঘৃন্য যদি বাংলায় না-ই এসে থাকেন, তাহলে অন্য জনপদের নাগরিক হয়েও তৎকালীন গ্রাম্য বাংলা ভাষায় এমন বচন তৈরি করার মতো পারদর্শী হয়ে উঠলেন কী করে? বাংলার জলবায়ু, ভূ-প্রকৃতি ও চাষাবাদ সম্পর্কেই বা ওয়াকিবহাল হলেন কী করে? আমার ধারনা একসময় খনার খ্যাতি ছড়িয়ে পড়েছিল সারা ভারতে এবং তাই স্থানীয় মানুষ কর্তৃক প্রবচনগুলিও মানুষের কাছে বিশ্বাসযোগ্য করে তোলার জন্য প্রচারিত হয় খনার রচনা হিসেবেই। এছাড়া অন্য কোনো সিদ্ধান্তে পৌঁছনো সত্যিই দুরহ। খনা মিহিরের ঢিপির প্রেক্ষাপট জুড়ে রয়েছে চন্দ্রকেতুগড়, যা বাংলার গাছ-পালা ভরা, উঁচু সবুজ ঘাসের ঢিপির মাঝে মাঝেই জেগে আছে হরপ্পা!

প্রাচীনকালের স্থাপত্যের ভগ্নাবশেষ। এটি ছিল একটি বন্দর নগরী এবং উত্তর ও দক্ষিণ ভারতের সঙ্গে এর প্রত্যক্ষ যোগাযোগ ছিল। পরবর্তীকালে প্রত্নতাত্ত্বিক খননকার্যের ফলে এখান থেকে যে ক্ষয়িত রৌপ্যমুদ্রা পাওয়া গেছে তা থেকে অনুমান করাই যায় এই অঞ্চল অভীতে একটি সমৃদ্ধ বাণিজ্য কেন্দ্র ছিল এবং এখান থেকে প্রাপ্ত সীলমোহরেও প্রত্নতাত্ত্বিকেরা পালতোলা নৌকার প্রতিকৃতি, ঘোড়ার প্রতিকৃতি আবিষ্কার করেছেন।

গাছপালায় ঘেরা চন্দ্রকেতুগড়ের ঢিপিতে ওঠার মুখেই চোখে পড়বে পুরাতত্ত্ব বিভাগের সাইন বোর্ড। গাছের ছায়া ঘেরা সবুজ অন্ধকারে এখানেই যেন ইতিহাস ঘুমিয়ে রয়েছে। ঐ পথ ধরে এগোলেই একটা লোহার গেট চোখে পড়বে, খোলাই থাকে সবসময়।

এর পরেই চন্দ্রকেতুর রাজপ্রাসাদের প্রাচীর দেখা যাবে। টিপির চারধীরে পুরাতাত্বিক বিভাগের ঘিরে দেওয়া অংশের মধ্যে সে দূর্গের ভগ্নাবশেষ দেখা যায়, তা আসলে এক বিশাল দূর্গের খানিক অংশমাত্র। শোনা যায় এই দূর্গটি নাকি মাটির তৈরি ছিল।

চন্দ্রকেতুগড় থেকে খনা মিহিরের টিপির দূরত্ব মোটামুটি ২ কিলোমিটার। রাজা বিক্রমাদিত্যের রাজসভার অন্যতম গণিতবিদ ও জ্যোতির্বিদ বরাহের পুত্র মিহিরের সঙ্গে থনা একত্রে জ্যোতির্বিদ্যা চর্চা করতেন বলে জানা যায়। এক সময় আকাশের তারা গণনা করে ঘৃনা ঐ অঞ্চলের কৃষকদের ঘোর দূর্যোগ থেকে রক্ষা করলে রাজা বিক্রমাদিত্য তাঁকে তাঁর রাজসভার দশম বস্ত্রের সম্মান দেন। কিন্তু বরাহের নির্দেশে তার পুত্র মিহির খনার জিভ কেটে ফেলেন। এরকম নানান প্রাচীন ঐতিহাসিক লোককথা জড়িয়ে রয়েছে এই ধনামিহিরের ঢিপির সঙ্গে মনে করা হয়। এই ঢিপির নীচে একটি মন্দির ছিল। যেখানে বসেই থনা আকাশের তারা দেখে জ্যোতিষ চর্চা করতেন। এখন এখানে কেবল প্রাচীন মন্দিরের ধ্বংসস্তূপ চোখে পড়ে।

১৯০৯ সালে রাখালদাস বন্দ্যোপাধ্যায় এই অঞ্চলে আসেন এবং কিছু প্রত্নবস্তুত আবিষ্কার করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আসুতোষ সংগ্রহশালা থেকে এখানে প্রত্নতাত্ত্বিক খননকার্য চালানো হয়। তার ফলেই চতুর্থ ও দ্বাদশ শতকের মধ্যবর্তী সময়কালের নানাবিধ পুরাভামিক নিদর্শন পাওয়া গেছে। ২০০০ সালে খননকার্যের ফলে এখানে মৌর্য ও গুপ্ত যুগের মধ্যবর্তী ৩০ ফুট উচ্চতার আয়তক্ষেত্রাকার একটি দূর্গের সন্ধান পাওয়া গিয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের মেট্রোপলিটন মিউজিয়াম অফ আর্ট এ কাপুর' দেওয়া বেশ কয়েকটি চন্দ্রকেতুগড়ের প্রত্নতাত্ত্বিক উপাদান পাওয়া গিয়েছে। সুভাস কাপুর পরে যদিও গ্রেপ্তার হন। ২০১৬ সালে সংসদে প্রথম তৃণমূল কংগ্রেসের সদস্য ফাকাল ঘোষ দস্তিদার এই চন্দ্রকেতুগড়ের প্রত্নতাত্ত্বিক উপাদান সংরক্ষণের ব্যাপারে ২০১৭ সালে একটি সংগ্রহ শালা গড়ে তোলার পরিকল্পনা করেন। শিল্প সংগ্রাহক দিলীপ মৈতে তাঁর সংগ্রহ থেকে সরকারকে এই সংগ্রহ শালা গড়ে তোলার জন্য ৫২৪ টি প্রত্নতাত্ত্বিক উপাদান দান করেন।

সালে কেদারনাথ চক্রবর্তীর লেখা 'চন্দ্রকেতু নামের একটি উপন্যাসেও চন্দ্রকেতুরাজার একটি বিশালাকার দূর্গের বর্ণনা পাওয়া যায়। সেখানে চন্দ্রকেতু কেতুগড়ের পাশেই বালাণ্ডা নামের একটি নগরী উল্লেখ লক্ষ্য করা যায়। ঐতিহাসিকদের মতে প্রাচীন বালবল্লভী রাজ্য থেকেই এই বালাণ্ডা শব্দের উৎপত্তি। চন্দ্রকেতুগড় সহ পার্শ্ববর্তী বিস্তৃত অঞ্চল এই বালবল্লভী রাজ্যের অন্তর্ভুক্ত ছিল বলে মনে করা হয়। ১৯০৬ সালে স্থানীয় চিকিৎসক তারকনাথ ঘোষ প্রথম চন্দ্রকেতুগড়ের আর্কেওলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়ার প্রত্নতাত্ত্বিক খনন ও অনুরোধ করেন।

বর্তমানে চন্দ্রকেতুগড়ে অনুষ্ঠিত উৎখননকার্যের বিষয়ে খানিকটা আলোকপাত করার প্রচেষ্টা করা হল। চন্দ্রকেতুগড় প্রত্নস্থলটিতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আশুতোষ

সংগ্রহশালার পক্ষ থেকে সর্বপ্রথম উৎখনন পরিচালনা করা হয়েছিল। ১৯৫৬-৫৭ ও ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত সুদীর্ঘ প্রায় এক দশকের বেশি সময়কালব্যাপী অনুষ্ঠিত এই উৎখননকার্যে কুজ গোবিন্দ গোস্বামী, চিত্তরঞ্জন রায় চৌধুরি এবং দেবপ্রসাদ ঘোষ মহাশয় প্রমুখ নেতৃত্ব দিয়েছিলেন। চন্দ্রকেতুগড়ের খনা মিহিরের টিপি ছাড়াও ইটাখোলা, নুনগোলা এবং হাদিপুরেও উপরোক্ত বৎসরগুলিতে উৎখনন কার্য সম্পাদিত হয়েছিল। উপরোক্ত স্থানগুলির অবস্থান সম্পর্কে বলা যেতে পারে যে চন্দ্রকেতুগড়ে বেড়াচাঁপা হাড়োয়া- রাজপথের খনা মিহিরের ঢিপি বারাসাত, বসিরহাট রাজপথের উত্তরে, ইটাখোলা, বেড়াচাঁপা পশ্চিমে, হাড়োয়া রাজপথের পশ্চিমে, নুনগোলা খনা মিহিরের ঢিবি এবং ইটখোলার মধ্যবর্তী অঞ্চলে এবং হাদিপুর চন্দ্রকেতুগড়ের দক্ষিণে প্রাচীন নগর প্রাকারের বাইরে অবস্থিত গ্রাম হিসাবে বিরাজমান।

চন্দ্রকেতুগড় - ১৯৫৬-৫৭ ও ১৯৬৭-৬৮ খ্রী: পর্যন্ত অনুষ্ঠিত উৎখননকার্যের পরিপ্রেক্ষিতে এখানে সর্বমোট পাঁচটি কালপর্বের বা অধিবসতি স্তরের সন্ধান পাওয়া গিয়েছে। সূচনাপর্ব তথা সর্বনিম্ন স্তরটি থেকে রক্তিম প্রলেপ মৃৎপাত্র ছাড়া গজদন্ত নির্মিত পুঁতি এবং বলয় পাওয়া গিয়েছে। দীর্ঘ কন্ঠ সঙ্কলিত মৃৎপাত্র, কানাবিহীন বৃহৎপাত্র, পেয়ালা ইত্যাদি প্রত্নবস্তুগুলিও সবিশেষ উল্লেখের রাখে।

দ্বিতীয় পর্বে উত্তর ভারতীয় কৃষ্ণ-চিক্কন মৃৎপাত্র ছাড়া, কৃষ্ণবর্ণের প্রলেপযুক্ত মৃৎপাত্র ও চিক্কন এবং অসসৃন ধূসর বর্ণের মৃৎপাত্রের সমাবেশ দেখা গেছে। পরবর্তী পর্বগুলিতে রুলেটেড মৃৎপাত্র ছাড়াও রক্তিম বর্ণের মৃৎপাত্র স্বীয় উপস্থিতির প্রমাণ রেখেছে। এছাড়া একটি তামার তৈরি অঙ্কন চিহ্নিত বা লাঞ্ছন মুদ্রায় হাতির প্রতিকৃতি, সূর্য: চক্র এবং জলাশয়ে মৎস্যের প্রতিকৃতি উৎকীর্ণ রয়েছে। দ্বিপদ, বাহহীন পোড়ামাটির প্রতিকৃতিটি সম্ভবতঃ আমাদের সর্পদেবীর কথা স্মরণ করিয়ে দেয়। অন্যান্য প্রত্নবস্তুর মধ্যে উপনত প্রস্তর নির্মিত পুঁতি, তামা এবং গজদন্ত নির্মিত কাজলকাঠি উল্লেখযোগ্য।

পরবর্তীকালে চন্দ্রকেভূগড়ের কাছেই হাড়োয়াতে 'গোরাচাঁদ নামে এক গীর থাকতেন। ওনার নির্মিত অসমাপ্ত মসজিদটিও একটি দ্রষ্টব্য স্থল। ঐতিহাসিকদের মতে এই মসজিদটি একটি বৌদ্ধ স্তূপের ধ্বংসাবশেষের উপর নির্মিত করা হয়। এই বৌদ্ধ স্তূপটি, অতি প্রাচীন, অনুমান করা হচ্ছে এটি যিশু খ্রিটের জন্মের ১৩০০ বছর আগে নির্মাণ করা হয়। আজও একটি সুবিশাল প্রাচীন বটগাছ এই ধ্বংসারশেষের সামনে একটি দায়িত্বশীল প্রহরীর মতো দণ্ডামান। কত অজানা ইতিহাস, পুরাতন কত মানুষের গল্প নিঃশব্দে এই বটের ঝুঁড়ির অন্ধকারে আজও ঢাকা পড়ে রয়েছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- কিরণকুমার খাপলিওয়াল স্টাডিজ ইন এনসিমেন্ট ইণ্ডিয়ান সীলস, অখিল ভারতীয় সংস্কৃতি পরিষদ, লক্ষ্ণৌ, ১৯৭২, বিভিন্ন পৃষ্ঠা।

- গৌরীশংকর দে ও শুভ্রদীপ দেঃ ভারতবর্ষের ইতিহাস: প্রাগৈতিহাসিক কাল থেকে আদি মধ্যযুগ, প্রগতিশীল প্রকাশক, কলকাতা, ২০১০, পৃঃ ৬৪৫-৬৪৭
- তদেব, পৃঃ 821-848
- Gourisankar De & Subhradip De: Chandraketugarh A Lost Civilization (vol-1), Sagnik Books, Kolkata, 2004
- Gourisankar De & Subhradip De: Chandraketugarh A Lost Civilization (vol - II), Sagnik Books, Kolkata, 2004
- Grourisankar De: Vanga Down the Ages: Sagnik books, KOIKata, 2008.
- ঘোষ, বিনয়, "পশ্চিমবঙ্গের সংস্কৃতি, তৃতীয় খণ্ড, প্রথম সংস্করণ, প্রকাশ ভবন, পৃষ্ঠাঃ ১৫৯-১৬০
- Dr. Gaurishankast De & Prof. Subhrtadip De, Prasanga: Pratna-Prantar Chandsaketugarh, First Edition 2013.
- Chandraketugarh : A Treasusee House of Bengal Art, 2001, 416P.
- Chandraketugarh: A Lost Civilization Gourisankar De & Subhradip De: Kolkata, Sagnik Books, 2004.

16

প্রান্তজনের নবজাগরণ ও মতুয়া সমাজ

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
টোটন বিশ্বাস (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

নবজাগরণ হল চেতনা ও সংস্কৃতির উন্মেষ; শিক্ষা ও সামাজিক বিকাশ। মতুয়ারা সনাতন হিন্দু ধর্মের একটি সম্প্রদায়, যারা মূলত নমশূদ্র জাতি ভুক্ত এক প্রান্তিক জনসমাজ। এরা বৃহৎ বঙ্গের অধিবাসী। মতুয়া ধর্মের প্রবর্তক হরিচাঁদ ঠাকুর ও তার অনুসারীরা সংস্কার আন্দোলনের সূচনা করেছিল; ক্রমে গুরুচাঁদ ঠাকুর ও প্রান্তিক নমঃশূদ্ররা তথা মতুয়া সমাজ নিজেদের অধিকার বুঝে নিতে সংস্কার আন্দোলনে সামিল হয়েছিল। মতুয়া আন্দোলন, ধর্ম সংস্কার আন্দোলন হলেও; প্রকৃতপক্ষে তা ছিল প্রান্তজনের সামাজিক বিপ্লব, যা বাংলার প্রান্তজনের নবজাগরণকে সূচিত করেছিল।

প্রান্তজনের নবজাগরণের প্রেক্ষিত একদিনে তৈরি হয়নি; পাঠশালা প্রতিষ্ঠা, শিক্ষার প্রসার, শিক্ষা ও চাকরিতে সংরক্ষণ, নামকরণের আন্দোলন, রাজনৈতিক পরিসরে প্রান্তজনের আগমন নবজাগরণের পথকে প্রসারিত করেছিল। এখন প্রশ্ন হল সত্যিই কি প্রান্তজনের নবজাগরণ ঘটেছিল? যদি ঘটে থাকে তবে তা কতটা?

ঊনবিংশ শতকের প্রথম দিকে নবজাগরণের প্রভাব বাংলার শিক্ষা দীক্ষা সমাজ ও সংস্কারের ক্ষেত্রে পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানের আলো প্রবেশ করলেও; তা ছিল শহরকেন্দ্রিক।[১] ১৮৩৫-৩৮ সালের মধ্যবর্তী সময়ে উইলিয়াম অ্যাডামসের শিক্ষা বিষয়ক সমীক্ষায় দেখা যায় যে, বাংলার অধিকাংশ টোল পাঠশালা গুলিতেই ধর্মীয় শিক্ষা দেওয়া হত। পূর্ব বঙ্গের নমঃশূদ্র অধ্যুষিত প্রান্তিক এলাকা গুলিতে পাঠশালা ছিল না বললেই চলে। ব্রাহ্মণ্যবাদী শাস্ত্রীয় আধিপত্যের কারণে, সেখানে নিম্ন বর্ণের ছাত্র-ছাত্রী তথা প্রান্তজনের প্রবেশাধিকার ছিল না।[২] প্রসঙ্গত উল্লেখ্য যে, ১৮০১ সালে বাকেরগঞ্জের সমীক্ষার সময়, বুকানন হ্যামিলটন একটাও পাঠশালা দেখতে পাননি।[৩] নমঃশূদ্ররা প্রান্তিক জনসমাজ তথা প্রান্তজন ছিল শিক্ষা বঞ্চিত এক বিশেষ শ্রেণী। ১৯০১ সালে তাদের সাক্ষরতার হার ছিল মাত্র ৩.৩ শতাংশ এবং ১৯১১ সালে ৪.৯২ শতাংশ; তবে গুরুচাঁদ ঠাকুরের সংস্কার আন্দোলন ও অক্লান্ত প্রচেষ্টার প্রভাবে নমঃশূদ্র অধ্যুষিত প্রান্তিক অঞ্চলে একাধিক পাঠশালা প্রতিষ্ঠিত হওয়ার ফলে, ১৯২১ সালে শিক্ষার হার ৭.৫০ শতাংশ এবং ১৯৪৮ সালে তা বেড়ে হয় ২১.০২ শতাংশ।[৪] গুরুচাঁদ ঠাকুর ৩৯৫২টি বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন।[৫] তিনি বলেছিলেন-

"খাও বা না খাও তাতে দুঃখ নাই,
ছেলে মেয়ে শিক্ষা দাও এই আমি চাই।।"[৬]
"বিদ্যা বিনা সব বৃথা দেখ মনে ভেবে।
নমঃ শূদ্র জাতি যদি বাঁচিবারে চাও।।"[৭]
"নমঃশূদ্র তেলী মালী আর কুম্ভকার
কপালী মাহিষ্যদাস চামার কামার।
পোদ আসে তাঁতি আসে আসে মালাকার।
কতই মুসলমান ঠিক নাহি তার।।
সবাকে ডাকিয়া প্রভু, বলে এই বাণী শুন
সবে ভক্তগণ আমি যাহা জানি।
নমঃ শূদ্রকুলে জন্ম হয়েছে আমার
তবু বলি আমি নহি নমঃর একার।।
দলিত পীড়িত যারা দুঃখে কাটে কাল।
ছুসনে ছুসনে বলে যত জল চল শিক্ষা
হারা দীক্ষা হারা ঘরে নাহি ধন
এই সব জানি আমি আপনার জন।।
যাক প্রাণ সেও ভালো বিদ্যা শিখে লও।।"[৮]

তার এরূপ কর্মকাণ্ডের ফল স্বরূপ প্রান্তজনের শিক্ষার বিকাশ ঘটেছিল; উত্তোরণ ঘটেছিল প্রান্তিক জনসমাজ তথা নমশূদ্র-মতুয়াদের।

হরিচাঁদ ঠাকুর সমগ্র মতুয়া সমাজের মানুষের কাছে স্বয়ং ঈশ্বর স্বরূপ সমস্ত আধ্যাত্মিক শক্তি বা ধর্মীয় উত্থানের মূর্ত প্রতীক। তাই গুরুচাঁদ পিতার নির্দেশিত শিক্ষা ভাবনাকে মতুয়া সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে দিতে চেয়েছিলেন। গ্রাম বাংলার মানুষেরা শিক্ষা চেতনার চেয়ে বেশী ধর্মভীরু, সেই কারণে তিনি ধর্মের দোহাই দিয়ে শিক্ষা বিস্তার করার চেষ্টা করেন। তিনি প্রায়শই বলতেন পিতৃপুরুষের আশির্বাদ পেতে হলে নিজ সন্তানকে অবশ্যই বিদ্যা শিক্ষা দিতে হবে। গ্রাম বাংলার সমস্ত লোকের কাছে তিনি প্রচার করেন যে, বিদ্যাহীন লোক কোন কালেই মর্যাদার আসন গ্রহণ করতে পারেনি'। তাই তিনি মৃত্যুকে বাজি রেখে, যে কোন প্রকার বিপদকে অতিক্রম করে প্রতিটি গ্রামে পাঠশালা গঠন করার জন্য সমস্ত মতুয়া সম্প্রদায়কে নির্দেশ দেন। শিক্ষা ছাড়া জাতির কল্যাণ সাধন করা সম্ভব নয়, নিজেদের সন্তানদের শিক্ষাদানের জন্য ধন মান ও সম্মান বিসর্জন দিয়েও স্কুল গঠন করতে পারলে সমগ্র জাতির উন্নতি সম্ভব হবে বলে গুরুচাঁদ ঠাকুর মনে করতেন।[৯] অপ্রাতিষ্ঠানিক ভাবে গুরুচাঁদ নিজে এবং তাঁর

সমসাময়িক মতুয়া গোঁসাই পাগালদের (দ্বাদশ রুদ্র) এই শিক্ষা প্রচার অভিযানকে শুধুমাত্র 'চণ্ডাল' বা নমঃশূদ্র মতুয়াদের মধ্যে সীমাবদ্ধ রাখেননি, সমগ্র বাংলার নিম্ন সম্প্রদায় তথা প্রান্তিক সমাজের মধ্যে ছড়িয়ে দেন। গ্রামে গ্রামে শিক্ষার বিস্তার ঘটানোর জন্য তিনি প্রচার করতেন যে, একটি বাড়ীতেও 'অবিদ্বান পুত্র রাখা যাবেনা। যেকোন রকম অভাব অভিযোগ সত্ত্বেও ছেলে মেয়েদের শিক্ষা দান করতে হবে। গুরুচাঁদ ঠাকুরের মতো এই ধরনের 'সবার জন্য শিক্ষা' দানের পরিকল্পনা ব্রিটিশ শাসনকালে এমনকি স্বাধীনতা উত্তর কালেও দেখা যায়নি। সাম্প্রতি ২০০০ সালে 'সর্বশিক্ষা মিশন'-এ সবার জন্য শিক্ষা দানের সেই পরিকল্পনার চিত্র চোখে পড়ে। সুতরাং শতবছর আগে গুরুচাঁদের শিক্ষা ভাবনা দূরদর্শিতার দাবী রাখে।[১০] যা প্রান্তজনের নবজাগরণের পথকে প্রসারিত করেছিল।

১৮৮১ সালে খুলনার ঈশ্বর গায়েনের মাতৃ শ্রদ্ধার অনুষ্ঠানে ১৬ টি জেলার নমঃশূদ্র প্রতিনিধিদের নিকট সভাপতির ভাষণে গুরুচাঁদ ঠাকুর সমাজের উন্নতির জন্য প্রত্যেক গ্রামে পাঠশালা গঠন এবং সন্তান-সন্ততিদের বাধ্যতামূলকভাবে স্কুলে প্রেরণ করার কথা বলেন। 'যার দল নেই তার দল নেই' এই আদর্শ নমঃশূদ্রদের সভা সমিতি গঠনে উৎসাহী করেছিল।[১১] গুরুচাঁদ ঠাকুর বিভিন্ন সভা সমিতিতে বক্তব্যের মাধ্যমে তৎকালীন আগ্রহী নমশূদ্রদের শিক্ষিত অংশকে বোঝাতে সক্ষম হয়েছিলেন যে, সামাজিক মর্যাদা অর্জনের প্রধান অন্তরায় শিক্ষা হীনতা এবং অর্থনৈতিক দুর্বল অবস্থা। শিক্ষার প্রসার, স্কুল গঠন ও সভা সমিতির মাধ্যমে জনমত গঠন করে সরকারি চাকরি এবং অন্যান্য সুযোগ সুবিধার জন্য ব্রিটিশ সরকারের কাছে চাপ সৃষ্টির প্রয়োজনীয়তা অনুধাবন করেছিলেন।[১২]

বাংলার প্রান্তজনের মধ্যে নমঃশূদ্ররাই প্রথম সচেতনভাবে শিক্ষা ও চাকরি সহ অন্যান্য ক্ষেত্রে সংরক্ষণের দাবিতে আন্দোলনের সূত্রপাত করেছিলেন। গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে ১৯০৭ সালে প্রান্তজন তথা নিম্নবর্গের শিক্ষিত যুবকের চাকরির দাবি, তৎকালীন ছোটলাট লেন্স লট হেয়ার এর সাথে সাক্ষাৎ করে তুলে ধরা হয়েছিল। ১৯০৮ সালে সেই দাবি অনুসারী নিয়োগ শিক্ষিত যুবকেরা চাকরি পেয়েছিলেন।[১৩] ১৯৫০ সালে গণপরিষদে ভারতের যে সংবিধান গ্রহণ করা হয়েছিল,সেখানে প্রস্তাবনা, মৌলিক অধিকার ও নির্দেশমূলক নীতি উল্লেখিত একাধিক অনুচ্ছেদে হাজার বছরের জাতি-বর্ণের ভেদ জনিত অস্পৃশ্যতার কারনে পিছিয়ে পড়া জাতি-উপজাতি গুলির প্রতি ঘৃণাও বঞ্চনার প্রতিকারার্থে সরকারি প্রতিষ্ঠানে ও পাবলিক প্লেসে আইন মাফিক (১৭ তম অনুচ্ছেদ) সাম্যের অধিকার প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। তপশিলি জাতি উপজাতি ও পিছিয়ে পড়া জাতিগুলি অর্থাৎ প্রান্তজনের প্রতি ন্যায়বিচার প্রতিষ্ঠায়, কেন্দ্র ও রাজ্য সরকারি ক্ষেত্রে সংরক্ষণ ব্যবস্থাকে কার্যকর করার নির্দেশ দেওয়া হয়েছে।[১৪] প্রসঙ্গত উল্লেখ্য যে, মণ্ডল কমিশন সমগ্র দেশে ৩৭৪২ টি অনগ্রসর বা পিছিয়ে পড়া

শ্রেণী তথা প্রান্তজনের তালিকা প্রস্তুত করেছিল। এক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যে শিক্ষা ও চাকরি ক্ষেত্রে ৩৭ শতাংশ সংরক্ষণের প্রস্তাব দেয়; উক্ত প্রস্তাব ১৯৯০ সালে কেন্দ্র সরকার কার্যকর করার নির্দেশ দেয় এবং ১৯৯২ সালের ১৬ই ডিসেম্বর সুপ্রিম কোর্ট মণ্ডল কমিশনের সুপারিশকে বৈধ জানিয়ে দিয়েছিল।[১৫] পরোক্ষভাবে বলা চলে যে, গুরুচাঁদ ঠাকুরের প্রান্তজনের মধ্যে শিক্ষিত ব্যক্তিত্বদের চাকরির দাবি যেন স্বীকৃত হল। নবচেতনায় উদ্বুদ্ধ শিক্ষিত নমঃশূদ্র-মতুয়া সমাজের উত্তরণের পথ আরো প্রশস্ত হল।

একদিকে যেমন শিক্ষার প্রসার ঘটেছিল, অপরদিকে শিক্ষারপ্রসারের সাথে সাথে ঘটেছিল চেতনার উন্মেষও; ফলস্বরূপ তারা নিজেদের অধিকারকে বুঝে নিতে বাংলার প্রান্তিক সমাজ তথা নমঃশূদ্র-মতুয়ারা নামকরণের আন্দোলনের মাধ্যমে রাজনৈতিক পরিসরে উঠে আসে । মতুয়া সমাজের একটা বড় অংশই নমঃশূদ্র, যদিও সব নমঃশূদ্রই মতুয়া নয়।[১৬] বর্তমানে 'নমঃশূদ্র' জনগোষ্ঠী যাদেরকে একসময় 'চণ্ডাল' নামে অভিহিত করা হতো; সামাজিক দৃষ্টিতে তাদের মর্যাদা ছিল তলানিতে। এই 'চণ্ডাল' অভিধামোচনের ইতিহাস সুদীর্ঘ ; প্রায় চল্লিশ বছরের প্রচেষ্টায় তাদের নামকরনের পরিবর্তন ঘটেছিল। ছোটলাটের কাছে বারে বারে স্মারকলিপি প্রদান করা হয়েছে। গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে ঢাকা ফরিদপুর বাকেরগঞ্জ, ময়মনসিংহ যশোর এবং পাবনা জেলার পক্ষ থেকেও স্মারকলিপি প্রদান করা হয়েছিল। এই স্মারকলিপিতে নিজেদের হিন্দু বলে দাবি করে, 'চণ্ডাল' এর পরিবর্তে 'নমঃশূদ্র' শব্দ ব্যবহারের নির্দেশ দানের অনুরোধ করা হয়েছে। "... kindly pass order the correcting the statements of the code and the hon'ble Mr. Risley's book so as to draw clear line of separation between Namashudra and Chandals and that their case may in future be designated as Namashudra or Kudar but not as Chandal",[১৭] সেন্সাসে আরপিত 'চণ্ডাল' নাম পরিবর্তন করে, 'নমঃশূদ্র' নামকরণ করার জন্য সেন্সাস কমিশনের নিকট স্মারকলিপি জমা দেওয়া হয়েছিল। তবে উচ্চবর্ণের পণ্ডিতদের বিরোধিতার কারণে সেই দাবি কার্যকর হয়নি। অবশেষে সারা পূর্ববঙ্গ ও আসামের নমঃশূদ্ররা জেলাভিত্তিক প্রচার ও সই জোগাড় করতে শুরু করে ; ১৮৯১ সালের এপ্রিল ও আগস্ট মাসে ফরিদপুর জেলা ও ওড়াকান্দির গুরুচাঁদ ঠাকুর ও তার অনুগামী তথা প্রান্তিক মতুয়া সমাজের উদ্যোগে তৎকালীন গভর্নর ও সেন্সাস কমিশনারকে দুটি স্মারকলিপি জমা দেওয়া হয়েছিল। ঢাকার রামকিঙ্কর রায় নগরবাসী মজুমদার ও রঘুনাথ সরকারের উদ্যোগে, নামকরণের জন্য যুক্তিসঙ্গত কারণ উল্লেখ করে স্মারকলিপি জমা দেওয়া হয়। অবশেষে ১৯১১ সালের সেন্সাসে চণ্ডাল নামের পরিবর্তনের মাধ্যমে 'নমঃশূদ্র' নামকরণ হয়।[১৮] উচ্চবর্ণের ব্রাহ্মণ পণ্ডিতদের বাধা সত্যেও ঐক্যবদ্ধ আন্দোলন ও শক্তিশালী দাবির মধ্য দিয়ে হীন সম্মানজনক 'চণ্ডাল'

নামের পরিবর্তে 'নম:শূদ্র নামের আইনি স্বীকৃতি অর্জিত হয়। এযেন নামহীনের নাম প্রাপ্তির লড়াই। সহজ কথায় শিক্ষাহীন মানুষেরা শিক্ষা গ্রহণের মধ্য দিয়ে, সমাজে উঠে আসতে থাকে, পরিবর্তন আনতে সক্ষম হয় নামকরণেও; এযেন নৈতিক জয়। রাষ্ট্রের নিকট আত্মমর্যাদার দরবারের সঙ্গে সঙ্গে সামাজিক ও ধর্মীয় বঞ্চনার বিরুদ্ধে নমঃশূদ্ররা মাঠে যে আন্দোলন করেছিল সেই ইতিহাস সুদীর্ঘ। ছোটখাটো প্রতিবাদ প্রতিরোধ বাংলার বিভিন্ন অঞ্চলে বিভিন্নভাবে ঘটলেও ১৮৭২-৭৩ সালে নমঃশূদ্র সমাজের কাছে মর্যাদা ও আইনের সাম্যের দাবিতে তীব্র এক আন্দোলন শুরু হয়।[১৯] অস্পৃশ্যতা ও মর্যাদা বিরোধী এমন তীব্র আন্দোলন বাংলা ব্যতীত ভারতবর্ষের আর কোথাও তদানন্তিন সময়ে সুগঠিত হয়েছে বলে জানা যায়নি। এক ইংরেজ প্রতিবেদক, এই আন্দোলন কে বর্ণনা করেছেন ; এইভাবে - "In the early part of this (1873) the candals made a general strike in the district (Faridpur) resdving not to serve anybody of the upper caste in whatever capacity, unless at bitter position among the Hindu cast then why they at present occupy was given to them", [২০] বরিশালের ফিরোজপুরেও আত্মমর্যাদার আন্দোলন শুরু হয়েছিল। আন্দোলনকারীদের এর দাবি ছিল সেন্সাস রিপোর্টে তাদের চণ্ডালের বদলে জাতির নাম রাখতে হবে 'নম:' জাতি হিসেবে। তাছাড়া উচ্চবর্ণ কর্তৃক প্রদত্ত জুতো না পরার ফতোয়া অগ্রাহ্য করে, তারা জুতো পায় দিতে শুরু করে। এর ফলে উচ্চ বর্গীদের সঙ্গে নমঃশূদ্রদের বিবাদ চরমে উঠেছিল। এক্ষেত্রে মুসলমান জমিদাররাও উচ্চ বর্গীয়দের পক্ষ অবলম্বন করেছিল।[২১] ১৯৫৩ সালে সনাতন সরকার, যোগেন্দ্রনাথ দাস, প্রকাশ চন্দ্র সরকার প্রমুখ ও সমাজ হিতৈষীরা তপশিল ভূক্ত স্থাপন করেন। তাদের উদ্যোগে ত্রিপুরেশ্বরী কালী মন্দিরে নিম্নবর্গদের প্রবেশ করার অধিকার আদায়ের জন্য গণ আন্দোলন গড়ে তোলেন এবং মন্দির পুরোহিতদের শাস্তির জন্য ত্রিপুরার চিখা কমিশনের নিকট প্রস্তাব পাঠানো হয়। কমিশনার এই ঘটনায় কৈফিয়ত চাইলে, মন্দির কর্তৃপক্ষ নিম্নবর্গদের ডেকে মন্দিরে প্রবেশ করিয়েছিলেন।[২২] শিক্ষাগত দৃঢ়তা, চেতনার উন্মেষ ও সঙ্গবদ্ধ ঐক্যের মাধ্যমে নবজাগরণের প্রতিফলন স্বরূপ উচ্চবর্গের কর্তৃত্বকে তোয়াক্কা না করে, সমাজে নিজেদের দৃঢ় ভিত্তি প্রতিষ্ঠা করেছিল প্রান্তজনেরা। প্রচলিত ধর্ম ভাবনা থেকে বেরিয়ে, প্রতিবাদী ধর্ম আন্দোলনের অনুষঙ্গের আধারে নিম্নবর্গের দ্বারা সংগঠিত মতুয়া আন্দোলনে নানামুখী সংস্কারের প্রয়াস পরিলক্ষিত হয়। এই আন্দোলনের অভিমুখ সম্পর্কে বলা হয় যে,- "The Namashudra movement, as a result developed two parallel tendencies in the early twentieth century. A protest against the oppressive domination of the high court landowning indigenous elite ran parallel to an unflattering allegiance to the patronizing colonial elite."[২৩] ঊনবিংশ শতকের শেষ দুটি

দশক থেকে নমশূদ্রদের মধ্যে শিক্ষা লাভের সচেতনতা, সভা সমিতি গঠনের প্রচেষ্টার মধ্য দিয়ে রাজনৈতিক চেতনা ও সংঘটিত হওয়ার প্রবণতা দেখা যায়। উক্ত বিষয়ে ফরিদপুরের ধর্ম ও সমাজ সংস্কারক গুরুচাঁদ ঠাকুর, যশোরের রাইচরণ মজুমদার ঢাকার রামকিঙ্কর রায়, রঘুনাথ সরকার, খুলনার রায়চরণ বিশ্বাস প্রমূখ প্রাথমিক পর্যায়ে নমঃশূদ্র-মতুয়া তথা প্রান্তিক সমাজের উত্তরণের ক্ষেত্রে দায়িত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।[২৪]কোন সমাজ কতটা বিকশিত হল বা উন্নতি লাভ করলো তার এক বিশেষ মাপকাঠি হল, ওই সমাজে নারীর অবস্থান। মতুয়া সমাজের নারীরা পিছিয়ে ছিলেন না; তারাও পুরুষের সঙ্গে তালে তাল মিলিয়ে সমাজের জন্য কাজ করেছেন। হরিচাঁদ ঠাকুরের পত্নী শান্তি দেবী এবং পরবর্তী সময়ে গুরুচাঁদ ঠাকুরের পত্নী সত্যভামা দেবী সমাজের বিকাশে তথা জাগরণে কাজ করেছিলেন। বিদ্যালয় প্রতিষ্ঠায় সহায়তা থেকে শুরু করে সামাজিক সংস্কৃতির বিকাশেও কাজ করেছিলেন তারা। পরবর্তী সময়ে পি. আর. ঠাকুরের পত্নী বড়মা বীনাপানি ঠাকুরের ক্ষেত্রেও সামাজিক সংস্কার ও সংস্কৃতিক উন্মেষের প্রয়াস চোখে পড়ে। এইসব নারীদের কার্যকলাপে শুধু যে মতুয়া সমাজ প্রভাবিত হয়েছিল হয়েছিল এমন নয়, প্রভাবিত হয়েছিল বৃহৎ-বঙ্গের নিম্নসমাজ তথা প্রান্তজনেরা। বিকশিত হয়েছিল সমাজ ও সংস্কৃতি, প্রসারিত হয়েছিল নবজাগরণের পথ।[২৫] শেখর বন্দ্যোপাধ্যায়ের গবেষণা থেকে জানা যায়, পূর্ববঙ্গের নমঃশূদ্র আন্দোলনে অনুন্নত নমঃশূদ্র সম্প্রদায় নিজেদের 'ডিপ্লেস্ড ক্লাস' হিসাবে গণ্য করে এবং আন্দোলনকে সংস্কৃতায়ণ প্রক্রিয়া দ্বারা ব্যাখ্যা করা যায় না কারণ মতুয়া তথা নমঃশূদ্ররা উচ্চবর্ণের রক্ষণশীল আদর্শ গুলি বর্জন করে নিজেদের মধ্যে শিক্ষা বিস্তার শিক্ষা ও চাকুরীতে বিশেষ সুযোগ গ্রহণ করে আত্মমর্যাদাশীল সম্প্রদায় হিসাবে প্রতিষ্ঠিত হবার চেষ্টা করেছে।[২৬] সারা ভারত মতুয়া মহাসঙ্ঘের সংজ্ঞাধিপতি শ্রীমতি মমতা ঠাকুরের মতে, "সমাজের নিপীড়িত, লাঞ্ছিত, বঞ্চিত মানুষ তথা পতীতের উদ্ধার কার্য করেছেন শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুর। তাদেরকে শিক্ষার আলো দেখিয়ে, সমাজে প্রতিষ্ঠিত হতে উদ্দ্যম তথা সাহস যুগিয়েছেন শ্রী শ্রী গুরুচাঁদ ঠাকুর। অবিভক্ত বাংলায় যেমন মতুয়াদের উদ্ভব ও মতুয়া ধর্মের প্রসার ঘটেছিল; ঠিক তেমনই দেশভাগের পর পশ্চিমবঙ্গের ঠাকুরনগরে তথা বলা চলে পশ্চিমবঙ্গ সহ সমগ্র ভারতে, মতুয়াধর্মের প্রচার ও প্রসারে চালিকা শক্তি হয়ে উঠেছিলেন গুরুচাঁদ ঠাকুরের পৌত্র, প্রমথ রঞ্জন ঠাকুর। শুধুমাত্র ঠাকুরনগর প্রতিষ্ঠাই নয়, সমাজ কল্যাণে ভক্তদের পাশে থেকে সমাজকে এগিয়ে নিয়ে যেতে তার অবদান অনস্বীকার্য। বর্তমানে উভয় বঙ্গের ঠাকুর পরিবার ও মতুয়া ভক্তবৃন্দের প্রচেষ্টায়, বিশ্ব মানবতার ধর্ম হয়ে উঠেছে মতুয়া ধর্ম।"[২৭] পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের পি.এইচ.ডি. গবেষক তন্ময় মালাকার মহাশয়ের মতে, "মতুয়ারা ওড়াকান্দিতে, ১৯৪৭ এর পূর্বে ব্রিটিশ শাসনকালে একটি সম্প্রদায় হিসেবে গড়ে ওঠে। বেদের চতুরবর্ণ ব্যবস্থার শূদ্রদের থেকেই নমঃশূদ্রদের উদ্ভব। নমঃশূদ্রদের

সামাজিক ও সাংস্কৃতিকএবং ও সামাজিক উন্নয়নে মতুয়ারা এবং তাদের সংগীত বিশেষ ভাবে প্রভাবিত করলেও তার গতিছিল শ্লথ। তবে শিক্ষার উন্নয়ন করে জাতির মেরুদণ্ডকে শক্ত করতে চেয়েছিল। শেখর বন্দ্যোপাধ্যায়ের গবেষণা থেকে দেখা যায় যে, এই সম্প্রদায় তথা সমাজের মধ্যেকার অগ্রগতির সাথে সাথে সামাজিক উন্নয়ন ঘটেছিল; যা ক্রমে পশ্চিমবঙ্গে প্রমথ রঞ্জন ঠাকুরের হাত ধরে অগ্রগামী হয়েছে মনে হয়।"[২৮]

বাংলার প্রান্ত জন তথা নমশূদ্র মতুয়ারা হরিচাঁদ ঠাকুরের দেখানো পথে ও গুরুচাঁদ ঠাকুরের সুযোগ্য নেতৃত্বে শিক্ষা চাকুরী সামাজিক মর্যাদা প্রভৃতি অর্জন করেছে; সহজ কথায় চেতনার উন্মেষ ঘটেছে বিকাশ ঘটেছে, সামাজিক সংস্কৃতিরও;পর্যবসিত হয়েছে নবজাগরণ। পরবর্তী সময়ে সমগ্র ভারতের গুরুচাঁদ ঠাকুরের পৌত্র ও সুযোগ্য উত্তরসূরী পি. আর. ঠাকুরের নেতৃত্বে তা প্রসার লাভ করেছে। প্রান্তজনের ধারায় বাংলার নিম্নবর্গীয় সমাজের জাগরণে মতুয়া সমাজের অবস্থান ও কার্যকলাপ যথেষ্ট গুরুত্বপূর্ণ। মতুয়া সমাজের প্রেক্ষিতে প্রান্তজনের নবজাগরণ হোক বা না হোক উত্তরণ ঘটেছে এ কথা অনস্বীকার্য।।

তথ্যসূত্র :

১. চিরন্তন দাশগুপ্ত (সম্পাদিত), ইতিহাস পরিচয়, সাতরা পাবলিকেশন প্রা:লি:, কলকাতা, ২০১৯,পৃ.-৩৩,৩৪, ৩৫

২. Naik, PJ., A student's Histoty of Education in India, 1800-1973, MacMillan India Ltd,New Delhi, 1945, p.-17

৩. শাস্ত্রী, শিবনাথ, রামতনু লাহিড় ও তৎকালীন বঙ্গ সমাজ, নিউ এজ পাবলিশার্স, কলিকাতা, ১৯৫৫, পৃ. -৪৯

৪. Census of India, 1901-1941,Schedule Caste Schedule tribes,individual cast wise statistical report, West Bengal

৫. মুখোপাধ্যায়,জীবন, স্বদেশ পরিচয় ও পরিবেশ,নবভারতী প্রকাশনী, কলকাতা, ২০২০, পৃ. - ১১৬

৬. হালদার, মহানন্দ, গুরুচাঁদ চরিত,পৃ. - ১৪৪

৭. হালদার, মহানন্দ, প্রাগুক্ত,পৃ. - ১০৮

৮. হালদার, মহানন্দ, প্রাগুক্ত,পৃ. - ১৪৪

৯. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলকাতা,২০১৬, পৃ - ১৬৩

১০. তদেব, পৃ. ১৬৫

১১. বিশ্বাস, মনোশান্ত, 'তপসিলী জাতি সংরক্ষণ আন্দোলনে নমঃশূদ্রদের অবদান, কপিলকৃষ্ণ ঠাকুর

(সম্পাদিত), কলকাতা নমঃশূদ্র থিঙ্কার্স এ্যাণ্ড এ্যাক্টিভিস্টস্ এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ.-২১৩

১২. বিশ্বাস, সতীনাথ, জাতি তত্ত্ব ও নমঃশূদ্র দর্পণ, ঢাকা, ১৯৩১, পৃ.- ১৫৭

১৩. বিশ্বাস, মনোশান্ত, 'জাতি সংরক্ষণ আন্দোলনে নমঃশূদ্রদের অবদান, কপিলকৃষ্ণ ঠাকুর (সম্পাদিত) কলকাতা নমঃশূদ্র থিঙ্কার্স এ্যাণ্ড এ্যাক্টিভিস্টস্ এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ. ২০৪

১৪. Article 15 (1) and 15 (II), Article -17, Article- 330-342330-342, The constitution of India, (as Modified upto the 1st December, 2007) Government of India. Ministry of Law and justice, http://Lawman.in/coi/coiason29july08-pdf.access on.14-02-2017

১৫. চক্রবর্তী, তুষার কান্তি, 'ভারতের সংরক্ষণ : সাংবিধানিক ব্যবস্থা', সুজিত সেন (সম্পাদিত), জাত পাত ও সংরক্ষণ : ভারতীয় প্রেক্ষাপট, মিত্রম্, কলকাতা, ২০০৮, পৃ. ২৩

১৬. সাক্ষাৎকার: নির্মল চন্দ্র বিশ্বাস, সাক্ষাৎকার: ভাদুড়িয়া,০৬-০৬-২০২৩

১৭. বিশ্বাস, মনোহর মৌলি, 'প্রবন্ধে প্রান্তজন অথবা অস্পৃশ্যের ডাইরি', চতুর্থ দুনিয়া, প্রথম সংস্করণ, কলকাতা, ২০১০, পৃ. ৩৩

১৮. বিশ্বাস, মনোশান্ত, বাংলার মতুয়া আন্দোলন : সমাজ সংস্কৃতি রাজনীতি, সেতু প্রকাশনী, কলিকাতা, ২০১৬, পৃ. ২২৭-২৩০

১৯. হীরা, আশিস, অস্পৃশ্যতা বিরোধী আন্দোলনে নমঃশূদ্র সমাজ', কপিল কৃষ্ণ ঠাকুর (সম্পাদিত), কত নমঃশূদ্র বিস্তার্স এ্যাণ্ড এ্যাক্টিভিস্টস এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ-১৮৮

২০. তদেব,পৃ. -১৮৮

২১. ঠাকুর, কপিল কৃষ্ণ, বাংলার অস্পৃশ্যতা মুক্তি আন্দোলনের অনালাকিত অধ্যায়', কপিলকৃষ্ণ ঠাকুর (সম্পাদিত), দলিত মনোনয়ন, প্রথম বর্ষ, প্রথম সংখ্যা, চতুর্থ দুনিয়া, কলকাতা, ২০১৩, পৃ-১০০

২২. সরকার, সনাতন, আত্মকথা, প্রথম সংস্করণ, আগরতলা, ২০০৭, পৃষ্ঠা-৯

২৩. হীরা, আশিস, 'অস্পৃশ্যতা বিরোধী আন্দোলনে নমঃশূদ্র সমাজ', কপিলকৃষ্ণ ঠাকুর (সম্পাদিত), কলকাতা নমঃশূদ্র থিঙ্কার্স এ্যাণ্ড এ্যাক্টিভিস্টস্ এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ.-২০০

২৪. বিশ্বাস, মনোশান্ত, 'তপসিলী জাতি সংরক্ষণ আন্দোলনে নমঃশূদ্রদের অবদান, কপিলকৃষ্ণ ঠাকুর (সম্পাদিত), কলকাতা নমঃশূদ্র থিঙ্কার্স এ্যাণ্ড এ্যাক্টিভিস্টস্ এ্যাসোসিয়েশন, কলকাতা, ২০২১, পৃ.-২১৩

২৫. বাইন, রসময়, নারী জাগরণে - শান্তি মাতা ও সত্যভামাদেবী,মতুয়াবার্তা, ঠাকুরনগর,২০২০, পৃ. -৭,৩৮,৪০

২৬. বন্দ্যোপাধায়, শেখর - 'উন্নয়ন, বিভাজন ও জাতি : বাংলায় নমঃশূদ্র আন্দোলন ১৮৭২ - ১৯৪৭ বন্দ্যোপাধ্যায়, এস. এবং দাশগুপ্ত, এ (১৯৯৮) প্রাগুক্ত, পৃষ্ঠা- ৪৫৬

২৭. সাক্ষাৎকার: শ্রীমতি মমতা ঠাকুর,সাক্ষাৎকার: ঠাকুরনগর, ১৫-০৭-২০২৩

২৮. সাক্ষাৎকার: তন্ময় মালাকার, সাক্ষাৎকার:গোবরডাঙ্গা, ১৩-১২-২২

17

ঔপনিবেশিক পর্বে বাঙালির রন্ধনশৈলী

সঙ্গিতা রায় (সহকারী অধ্যাপিকা, ইংরাজী বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
লিপিকা ঘোষ রায় (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

খাদ্য তথা রন্ধনশৈলী প্রত্যেকটি অঞ্চলভেদে পৃথক এবং এটি হল প্রকৃতি থেকে - সংস্কৃতিতে উত্তরণের প্রকৃষ্টতম সেতুবন্ধের নিদর্শন, তাই অধিকাংশ সংস্কৃতিরই প্রধান পরিচায়ক হিসেবে তার খাদ্যশৈলী গুরুত্ব অর্জন করেছে।[১] এ প্রকৃতি থেকে সংস্কৃতি -তে এই উত্তরনের যাত্রাপথটি আবার নিয়ন্ত্রিত হয় বহুবিধ সামাজিক বিধি নিষেধ দ্বারা। তাই বলা যায় যে, খাদ্য নিছক ক্ষধা নিবৃত্তির মাধ্যম নয় তার সাথে অঙ্গাঅঙ্গি ভাবে জড়িয়ে আছে সংশ্লিষ্ট সমাজের বিধি-ব্যবস্থা,যা আবার প্রত্যেক্ষভাবে সংযুক্ত প্রচলিত প্রথা বা জীবনশৈলীর প্রচলিত কাঠামোর সঙ্গে। তাই তো খাদ্যের উপকরণ, রন্ধনশৈলী, পরিবেশনার পদ্ধতি সবকিছুতেই সময়ের পরিবর্তনের সাথে সাথে আসে পরিবর্তন। যার ফল স্বরূপ ঔপনিবেশিক পর্বে বাঙালির রন্ধনশৈলীর উপাদান, রন্ধনপ্রণালী, বিভিন্ন প্রকার ব্যঞ্জন এর জানা যায়।

তবে বাংলায় প্রথম রান্নার বই রচিত হয় প্রায় দুশো বছর আগে, 1831 - এ, পাক রাজেশ্বরনামে।[২] 1858 - এ প্রকাশিত হয় ব্যঞ্জন রত্নাকর। দুরো-বই-ই প্রকাশিত হয় পৃষ্ঠপোষক তায়। দুটো বই-ই মূলত রাজকীয় নবাবি খানা নিয়ে। ফার্সি ভাষায় নেয়ামতখানা "শব্দের আক্ষরিক অর্থ ভাণ্ডার, পাকশালা, পাক শালার ভাঁড়ার, পরবর্তিকালে বাংলায় নবাবী খানা জনপ্রিয়তা লাভ করেছিল, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। সিপাহী বিদ্রোহের কাছাকাছি সময় লখনৌয়ের নবাব নবাব ওয়াজিদ আলি শাহ যসন নির্বাসিত হয়ে কলকাতায় এলেন, তিনি সঙ্গে অনেক পাচক এনেছিলেন।[৩] ধীরে ধীরে কলকাতার পাক- প্রণালীতে তার কিছু পোরভাব পড়তে শুরু করে। লখনৌ ঘরনার নবারি খানার জনপ্রিয় তার কারণে 1905 এ কলকাতার চিৎপুরে রয়্যাল রেস্টোরেন্ট প্রতিষ্ঠা হয়।[৪] এই খাবারের দোকান এখনও চলছে। ঘটনাচক্রে একজন পুরুষই বাঙালি রান্নার প্রথম বইটি লেখেন, বিপ্রদাস মুখোপাধ্যায়। তার নাম-পাক প্রনালী। বইটি প্রথমে খণ্ডে খণ্ডে প্রকাশিত হয়, প্রকাশ কাল 1883 নাগাদ।[৫] অন্যান্য বই ছাড়াও তিনি পথ্য রন্ধন ও মিষ্টান্ন পাক নামে দুটি বই লিখেছিলেন। ভাত-ডাল শুক্তো ডালনা ঘন্ট - চচ্চড়ি মাছের নানা পদ ইত্যাদি বাঙালির সাবেক রান্নার পাশাপাশি মাংসের কোর্মা কালিয়া মোগলাই, পোলাও, ওমলেট- ,টোস্ট,কাটলেট, পুডিং, স্টু- কাস্টার্ড ইত্যাদির রন্ধনপ্রণালী এই বইতে দেওয়া আছে। রসুন- পেঁয়াজের ব্যবহারও দেখতে পাওয়ায়।[৬] এর থেকে বোঝা যায় বাঙালির চিরাচরিত খাদ্যাভ্যাসে সংকরায়ন

ঘটে গেছে। রন্ধন প্রনালীর সঙ্গে স্বাস্থ্যসম্মত রান্নাঘর, রান্নাঘরের সরঞ্জাম, উনুন, ভাঁড়ার ঘর, খাবার ঘর, এমনকী পুরাকালের মঞ্চ ও আহারের বিবরনও পাওয়া যায়। 1921 সালে প্রকাশিত হল কিরণ লেখা রায় সংকলিত বরেন্দ্র রন্ধন।[৭] এখানে আছে। উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চলের রন্ধন প্রনালী। এই বইটির বিশেষত্ব অনেক বেশি। তার মধ্যে সব রান্না 'আসাইয়া' অর্থাৎ ভেজে রান্না, পাঁচ ফোড়নের ব্যবহার নেই। ফোড়ন দেওয়া হয় মূলত মেথি, তেজপাতা, লঙ্কা, জিরে, কালো জিরে, গোল মরিচ। এই বই প্রচীন বরেন্দ্র রন্ধনের প্রনালী ও খাদ্যাভ্যাসের বিবরন নয় শুধু এক অর্থে দেখতে গেলে বাঙালির জাতীয়তাবাদীর স্মৃতি চিহ্ন এটি। উত্তর আর পশ্চিম ভারতে মেথি প্রধান একটি মশলার গন্ধ যাবতীয় খাবার- দাবার দখল করে থাকে।[৮]

পেঁয়াজ রসুনকে নিজের মতো করে যথেচ্ছ ব্যবহার করতে পারার পরও বাঙালি চমৎকার মাছ রান্না করে হলুদ, জিরে, আদা বাটা দিয়ে।[৯] এটাই বাঙালি রান্নার বৈশিষ্ট্য। তারপরে ঘি দিয়া নালিতার শাক ভাজা, কাঁঠালের বিচি দিয়ে চিংড়ি, 'ইক্ষুরস' দিয়ে মুগ সূপ, মুসুর ডাল মরিচ এড়িয়া আদা রসে কৈ মাছ ভাজা, চিতলের পেটি ভাজা, রুই মাছের ঝোল।[১০] শেষে আম শোল এবং 'রাধিল পাঁকাল বস দিয়াতেঁতুলের রস। বাঙালিরা মাছ রান্না করে বিচিত্র রকমের। মাছের ঝোল, ঝাল, পাতুরি বাঙালির একে বারে নিজস্ব। আলাদা আলাদা মশলার মিশানে বিভিন্ন রকমের মাছের সঙ্গে নানা সব্জি, তৈরি হয় চমৎকার পদ। বিভিন্ন ব্রড, পালা-পার্বন, উৎসব কেন্দ্র করে বিভিন্ন পদের ব্যবহার হয়েছে এবং রিভিন্ন পদের সৃষ্টি কে করা হয়েছে। বিভিন্ন প্রকার রন্ধন প্রণালী বিভিন্ন প্রবাদ প্রবচনে অমর করে রাখা হয়েছে। উদাহরন হিসেবে, ময়মন সিংহের আঞ্চলিক রন্ধন প্রনালী বিষয়ক ডাকের বচন-এর উল্লেখ করেছেন।

নিমপাতা কাসন্দির ঝোল। তেলের
উপর দিয়া তোল। পলতা শাক
রুহি মাছ। বলে ডাকব্যঞ্জণ
সাঁচ। "মদগুর মৎস দায়ে
কাটিয়া, হিং আদা লবন দিয়া
তেল হলদি তাহাতে দিব।
বলে ডাক ব্যান খাব ।।
পোনামাছ জামিরের রসে।
কাসন্দি দিয়া যে জন পরসে।
তাহা মাইলে অরুচৎ পালাএ
আছক মানবের কথা দেবের লোভ মাত্র"

ইলিচা মাছ তৈলে ভাজিয়া পাতি লেবু
তাহাতে দিয়া। মাহাতে দেই তাহাতে
মেলে। হিং মরিচ দিই ঝোলে"
চালু দিহ যত তত। পানি দিহ
তিন তত। ভাত উৎলাইয়া দিহকাটী।
তবে জ্বালে ভাটি বড় ইলিচা
দায়ে পিঠ। ইং দিয়া তৈলেভাজি,
উল্টি পালটি দেহ পিঠ। ইহা
কাইলে যোজন সোজন দিঠ" পোড়া
মাছ লবন প্রচুর। আর ব্যঞ্জন
পেলাহ দূর। পাকা তেতলি বৃদ্ধ
বোয়াল। অধিক করিয়া দিহ
জ্বাল, কাটি দিয়া করিহ ঝোল,
খাবার বেলা মাথা নাহি তোল।

দীনেন্দ্র কুমার রায় লিখিত পল্লী বৈচিত্র্য এ (1905) লোকাচারের বৈচিত্র্য ময় বিবরণ।[১১] সেখানে শীতলা-ষ্ঠী অর্থাৎ শ্রীপঞ্জামীর পরদিন অরন্দের দিন সাধারণ গ্রামবাসীদের খাবার দাবারের বিবরন এরকম রৌদে পিঠ দিয়া বসিয়া অরন্ধনের

পান্তা ভাত খাইতে আরম্ভ করিল।
আজ পান্তাভাতের উপকরন অদ্ভুত;
পান্তা ভাতের সঙ্গে তৈল লবনও কাঁচা
লঙ্কা বিরাজিতও আস্ত কলাই সিদ্ধ,
লম্বা লম্বা আলতাপাতি শিম- সিন্ধ,
সালে বেগুন সিদ্ধ, বেথোর পাতাও
কুল সিদ্ধ আজ পাস্তা ভাতের
সঙ্গে খাইবার ব্যবস্থা। কেহ কেহ
ইহাই যথেষ্ট নয় মনে করিয়া
ডাল ও মাছের অম্বল রাঁধিয়া রাখে কিন্তু সকলে নহে।

বাংলার প্রায় সবক'টি আঞ্চলিক শৈলীতেই খাদ্যতালিকায় মাছ এবং ভাতের উপর এই অধিক গুরুত্ব আরোপ দৈনন্দিন জীবনে এদের বিশেষ স্থানের সাক্ষ্য প্রদান করে। এই বিশেষ স্থানের। জন্য এই অঞ্চলের ভৌগালিক অবস্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। নদীমাতৃক বদ্বীপ অঞ্চলে মাছের যোগানে প্রাচুর্য ছিল বরাবরই।

বাংলার জলবায়ুতে ধান চাষেরও সমৃদ্ধি দেখা গিয়েছিল।[১২] এ-ইতিহাসের ঊষাকাল হইতেই ধান যে দেশের প্রথম ও প্রধান উৎপন্ন বস্তু, সে দেশে প্রধান খাদ্যাই আশ্চর্য হইবার কিছু নাই।[১৩] উচ্চকোটির লোক হইতে আরম্ভ করিয়া নিম্নতম কোটির লোক পর্যন্ত সকলেরই প্রধান ভোজবস্তু ভাত, এবং "হাড়িতে ভাত নাহি, নিতি আবেশী", ইহাই বাঙালী জীবনের সবচেয়ে দুঃখ![১৪]

এদেশে অর্থাৎ বাংলায় বিভিন্ন ব্রত পালন করতেন বাঙালীরা। ব্রত পালনের পূর্বে ও পরে নির্দিষ্ট প্রকারের খাবারে আহার করতেন । সাধভক্ষন, মাঙ্গলিক অনুষ্ঠান, ষষ্ঠী, পৌষ-পার্বন, জন্মাষ্ঠমী, শ্রীকৃষ্ণ জন্মতিথি প্রভৃতি অনুষ্ঠানকে কেন্দ্র করে প্রচলিত ছিল বিভিন্ন ব্যঞ্জণ।

"সাজ কটু তৈলে রান্ধে খরসুল মাছ"

এখানে সরষের তেলকে কটু তৈল বলা হচ্ছে।[১৫] এছাড়া সর্গের তেলে কিছু আয়ুবেদিক উপাদান আছে বলে বাঙালিরা মনে করেন।[১৬] কিন্তু বর্তমানে বাঙালিরা সর্ষের তেলের ব্যবহার কমিয়ে আনছে ডাক্তার দের পরামর্শের জন্য।[১৭] অর্ণব বেদেও আমরা সূর্যের তেলের কথা বা তিলের কথা পাই।[১৮] ঔপনিবেশিক ভারতের জন্য, রক্ষন প্রনালী ছিল "ঐতিহ্যবাহী" রান্নার অসীম সমৃদ্ধ।[১৯] ঔপনিবেশিক শাসনের প্রথম দিকে বাংলায় জাতীয়তাবাদী চিন্তাধারার প্রানবন্ততার কারণে রান্না, খাদ্য ও পুষ্টি স্বাস্থ্য বিষয়ক দিকের উপর নজর বা গুরুত্ব দেও যা হয়েছে।[২০] ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে এবং বিংশ শতাব্দীর শুরুর দিকে খাদ্য বিষয়ক আলোচনায় নিরামিষস ভোজী বনাম আমিষ ভোজীর বিষয়টি একটি সাংস্কৃতিক প্রশ্নে পরিনত হয়, জাতীয়তা বাদী চিন্তাধরার জন্য অনেক তাৎপর্য পূর্ন।[২১] প্রজ্ঞাসুন্দরী তার রান্না বিষয়ক বই-এ সংকরায়ন বিষয় কিছু তেমন ভাবে বলেন নি।[২২] ঔপনিবেশিক পর্বে আমসত্ত্ব, মটন বিরিয়ানী, বিস্কুট, পোড়া, মটর, মিহিদানা, অরহর ডাল, বোঁদে, ভর্তা, মন, মনোহরা, লাভিকেন, ডাটাচফেরি, ছেঁচকি, কাসুদি প্রভৃতি বিভিন্ন প্রকার ব্যঞ্জন ও মশলার উল্লেখ আমরা পাই।

অড়হর ডাল উত্তর এবং দক্ষিন ভারতে অধিক জনপ্রিয়। আগে বাঙালিদের মধ্যে ভারতে মধ্যে অড়হর ডাল খাওয়ার চল তেমন ছিল না।[২৩] এখন অবশ্য বহু বাঙালি বাড়িতেই অড়হরর খাওয়া হয়। দক্ষিণ ভারতে সম্বর বা রসময় তৈরি করতে অড়হর ডালের কোনো বিকল্প নেই।[২৪] উত্তর ভারতে ডাল ফ্রাই নামে এক ধরনের পদে সাধারণত ডালই ব্যবহার করা হয়।[২৫] অড়হর ডাল খোলাম ভেজে নিয়ে রান্না করলে মিষ্টি গন্ধ বেরোয়, নদিয়া,মুর্শিদাবাদ, বীরভূম এবং আরও অনেক জায়গায় অড়হর কে আইরি বলা হয়।[২৬]

ইলিশ বাঙালির সবচেয়ে প্রিয় মাছ আজকের মতই প্রাচীনকালে বাঙালির প্রিয় ছিল ইলিশ মাছ। ইলিশের তেলে নানা প্রয়োজনে ব্যবহৃত হত। প্রানীজ ও উদ্ভিজ্জ তেল

ও চর্বির তালিকা দিতে গিয়ে শাস্ত্রকার জীমুত বাহন ইলিশ মাছের তেলের ও তার বহুল ব্যবহারের উল্লেখ করেছেন। বাংলাদেশের পদ্মা থেকে অন্ধ্রপ্রদেশের গোদাবরী নদীতে এই মাছ পাওয়া যায়।[২৭] বাঙ্গালীরা ইলিশ পাতুরি, ইলিশ ভাপা, ইলিশের পাতলা ঝোল রান্না করা হয়।

এলাচ একটি সুগন্ধি মশলা। উপক্রান্তিয় চিরহরিৎ বনাঞ্চলে আড়াই থেকে ছয় হাজার ফুট। উচ্চতায় ঝরণার ধারে গাহাড়ে গায়ে এলাচের উৎপত্তি।[২৮] এটি সমস্ত রান্নার সুগন্ধি বাড়ায়। ভারতের মালেশিয়া, শ্রীলঙ্কাতে এর চাষ হয়। এলাচ[২৯] গরম মশলার একটি প্রধান উপাদান।

সূত্র নির্দেশ :

১. ক্লদে লেভি- স, দ্য র অ্যাণ্ড দ্য কুক্‌ড ইনট্রোডাকশন টু এ সায়েন্স অফ মিথোলজি, ডান এবং ডরীন ওয়েট ম্যান কর্তৃক অনূদিত, লণ্ডন, 1994, পৃ8164.

২. Biswajit Panda, Social History of the bengali cuisine from Bengali cooking Literature And Other writings, Salt loke, kolkata- 700091, 2018, পৃঃ18

৩. Biswajit panda, তদেব 2018, পৃঃ 18

৪. Biswajit Panda, 4, 2018, 1818

৫. বিপ্রদাস মুখোপাধ্যায়, পাক-পনালী, প্রথমে খণ্ডে খড়ে প্রকাশিত হয়, 1883, পৃঃ 18

৬. বিপ্রদাস মুখোপাধ্যায়, তদেব, পৃঃ 19

৭. কিরন লেখা রায়, বরেন্দ্র রন্ধন, রায়বাগান স্ট্রিট, ভারত মিহির প্রেস, 1921, পৃঃ 121

৮. মিলন দত্ত, বাঙালির খাদ্যকোষ, দে'জ পাবলিশিং, কলকাতা-73, 2015, পৃঃ7

৯. মিলন দত্ত, তদেব, 2015, পৃঃ8

১০. তদেব, পৃঃ9

১১. দীনেন্দ্র কুমার রায়, পল্লি বৈচিত্র্য, বাঙলী গ্রন্থাকার, 1943, পৃঃ 39

১২. ডব্লিউ, ডব্লিউ. হান্টার, স্ট্যাটিস্টিক্যাল অ্যাকাউট অফ বেঙ্গল: ডিস্ট্রক্টস অফ দ্য টুয়েন্টি- ফোর পরগনাস অ্যাণ্ড সুন্দরবনস প্রথম খণ্ড, লণ্ডন, 1875 পৃ8134- 143,

১৩. নীহাররঞ্জন রায় বাঙালির ইতিহাস (আদি পর্ব), দে'জ পাবলিশিং 1993, পৃঃ 443-444

১৪. তদেব, পৃঃ 443-444

১৫. Biswajit panda, পূর্বোক্ত, পৃঃ2

১৬. তদেব, পৃঃ2

১৭. Jayanta Sengupta, The culture and polities of food and cuisine in colonial Bengal, Cambridge university press, 2010, 18 88

১৮. অরুনিমাঅরুনিমা রামচৌধুরি, link-historyarunima@gmail.com

১৯. Jayanta Sengupta, পূর্বোক্ত, পৃঃ 82

২০. তদেব, পৃঃ 82

২১. তদেব, পৃঃ 95

২২. Utsa Ray, changing dictary practices incolonial Bengal, cambridge University Press 2012, Vol. 46, No. 3, পৃঃ 727

২৩. মিলন দত্ত, পূর্বোক্ত, পৃঃ23

২৪. তদেব, পৃঃ 23

২৫. তদেব, পৃঃ 23

২৬. তদেব, পৃঃ 23

২৭. তদেব, পৃঃ 49

২৮. তদেব, পৃ: 58

২৯. তদেব, পৃ 859

18

বানীপুরের উৎপত্তি ও প্রাককথন

বিশ্বজিৎ সাহা (সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

পূজা হালদার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সূচনা : কলকাতা মহানগরীর এত কাছে বানীপুরের মতন এমন সুন্দর একটি জনপদ খুব কমই চোখে পড়ে। বলতে গেলে খুবই বিরল দৃশ্য। এখানে প্রকৃতির অপরূপ সোন্দর্য রয়েছে। এখানে রয়েছে কদম, হিমঝুরি, পলাশ, কৃষ্ণচূড়া, গোলাপ প্রভৃতি পুষ্পের অপরূপ সমাবেশ। পুষ্প বৃক্ষ যেমন রয়েছে তেমনই রয়েছে আম্রকুঞ্জ এর ছায়া নিবিড়তা। দিনের পথে প্রান্তরে নিরন্তর চলে সোনালি রৌদ্র আর ছায়ার লুকোচুরি খেলা আর রাতে খেলে বেড়ায় আরনাকে জ্যোৎস্না।

বানিপুরের উৎপত্তি ঃহাবড়া পৌরসভায় অন্তভউক্ত হওয়ার আগে বানীপুরের আয়তন ছিল ২২১৪ একর। গ্রাম পঞ্চায়েত আমলে বানীপুর অঞ্চলটি চারটি গ্রাম সভায় বিভক্ত ছিল। এই গুলি হল- আটুলিয়া, হাড়িয়া, বানীপুর পূর্ব, রানীপুর পশ্চিম। গ্রাম সভাটি ২০ টি ওয়ার্ডে বিভক্ত ছিল। বর্তমানে পৌরসভা ও গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মশুর, জিওল ডাঙ্গা, হারীপোল, হাড়িয়া, আলোয়ার বেড়িয়া, বানীপুর পূর্বপাড়া বানীপুর পশ্চিম- এই কয়টি 6 গ্রাম আছো গ্রামের স্থানীয় নাম ছিল 'বাইগাছি' বা 'বেগাছি'। হয় বিশ্বযুদ্ধের সময় মিত্রপক্ষ এই অঞ্চলে একটি বিস্তৃত সামরিক ঘাঁটি নির্মান করে। যুদ্ধ শেষ হলে সৈন্যদল স্থানটি পরিত্যাগ করে যাবার পর তৎকালীন সরকার সেনা বাসাটি নিজ অধিকারে নিয়ে নেয়। বাংলায় তখন চলছিল ৯ তম ধারায় (গভর্নরের) শাসনকাল। ভয়াবহ মনুস্তর বাংলার সমাজ জীবনকে বিদ্ধস্ত করে দিয়েছে। দেশের শিক্ষা ১৯৪৩ এর ব্যবস্থাও এই সময়কালে ভেঙে পড়েছিল। ১৯৪৪ সালে সরকার শিক্ষাবিভাগের প্রধান জন সার্জেন্ট এর নেতৃত্বে একটি যুদ্ধোত্তর কালীন শিক্ষা পুনর্গঠন কমিশন নিয়োগ করেন। বাংলার প্রাদেশিক সরকার সার্জেন্ট কমিশনের সুপারিশগুলি কার্যকরী করার জন্য বিশিষ্ট শিক্ষাবিদ শ্রীমতি ব্ল্যাকডেন ও অনাথনাথ বসু পরামর্শ গ্রহন করে একটি শিক্ষা শিক্ষা কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছিল।

হাবড়া থানার বাইগাছি গ্রামে হয় বিশ্বযুদ্ধের সময়কালে সেনা ছাউনি গুলি থেকে তৎ সময়কালে মিত্র শক্তির সেনারা ছেড়ে যাচ্ছিল। একানে সেই সময়ে অনাথ ছাত্রদের জন্য একটি হোম তৈরি করা হয়েছিল। হোমের দায়িত্বে ছিলেন মেজর ভূপেন সেন। তার প্রস্তাব অনুসারে সরকার স্থির করেন। বাইগাছি গ্রামে শিক্ষাকেন্দ্র (শিক্ষক শিক্ষন কেন্দ্র) গড়ে তোলা হয়েছিল।

বাইগাছি ছিল ঝোপজঙ্গলে ভর্তি। বন বিড়াল, বুনো শুয়োর, সাপ, শেয়াল, আর খরগোসের আস্তানা এছাড়াও নানা জাতের পাখি। সেখানে জন বসতি ছিল সামান্য। বলতে গেলে তৎসময়কালে হাবড়াতেই মানুষের সংখ্যা খুবই কম। সপ্তাহে ২-৩ দিন শুক্রবার ও মঙ্গলবার হাট বসত হাবড়ায়। এছাড়া ও বাইগাছি গ্রাম থেকে ট্রেনের যাতাযাত দেখা যেত।

দেশ স্বাধীন হবার পরবর্তীকালে পশ্চিমবঙ্গ এর মুখ্যমন্ত্রী হলেন ডঃ প্রফুল্ল ঘোষ। সিদ্ধান্ত নিলেন মহাত্মা গান্ধীর বুনিয়াদী শিক্ষার আদর্শে শিক্ষাকেন্দ্র গড়ে তুলবেন। পরবর্তী কালে মুখ্যমন্ত্রী হলেন ডঃ বিধানচন্দ্র রায়। তিনি সার্জেন্ট স্কিমটিকে কার্যকাড়ি করার সিদ্ধান্ত নিলেন। এই সময় শিক্ষা সচিব ছিলেন ধীরেন্দ্রমোহন সেন, শ্রীযুক্ত সেন বাছগাছী গ্রামের শিক্ষাকেন্দ্রটি গড়ে তোলার জন্য সর্বদা উৎসাহ দিতেন ও সহায়তা করতেন। বিপুল উৎসাহ, আশা উদ্দীপনার মধ্যে ১৯৪৮ এর ৭ই সেপ্টেম্বর বাইগাছিতে দুটি সহাশিক্ষামূলক নিম্ন বুনিয়াদি শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয় উদ্বোধন হয়েছিল। প্রথমটির অধ্যক্ষ হলেন শৈলজা রায়, দ্বিতীয়টির মোহিত সেন। অধ্যাপক হিমাগত বিমল বলেছেন, ১৯৪৮ সালের ৭ই সেপ্টেম্বর বৃষ্টিভেজা সকাল ২৪ পরগণা জেলা সীমান্তে বাইপাহীর এক নং মিলিটারি ক্যাম্পে দুটি প্রাথমিক প্রশিক্ষন কেন্দ্র স্থাপিত হল প্রাথমিক শিক্ষাকে যুগপযোগী করার জন্য। তখনকার সময়ে বাইগাছি একটি পরিত্যক্ত গ্রাম। বিষধর সপ সঙ্কুল, চারিদিকে খন উলু খড়ের বন। তারই মাঝখানে সৈন্যদের তৈরি পিচঢালা রাস্তা। শুধুমাত্র তিন নং ও দুই নং ক্যাম্পে কিছু সংখ্যক অনাথ শিশুর জন্য শিশুকল্যান ভবন ভিন্ন আর কোন ও প্রতিষ্ঠান বা লোকালয় আশে পাশে ছিল না।

১৯৪৮ সালের ২০ শে ডিসেম্বর পুরুষদের জন্য উদ্বোধিত স্নানকোত্তর বুনিয়াদী শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয় (পি. জি. বি. টি.) । অধ্যক্ষ নিযুক্ত হলেন হিমাংশু বিমল মজুমদার। তারই উপর দায়িত্ব থাকল এখানকার সব শিক্ষা প্রতিষ্ঠান গুলির। বাইগাছি গ্রামের নতুন নামকরন হল 'বানীপুর'। স্বাদিনতা উপর পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের যুগ্ম শিক্ষা সচিব অপূর্বকুমার চন্দ বাইগাছির নামকরন করেন ‘বানীপুর'।

বানীপুরে চাষবাস ও নদ-নদী :১৯৭১ সালের আদমসুমারী অনুযায়ী বানীপুরে মোট ১৮৭৩ টি পরিবার বসবাস করে। এখানকার মোট জনসংখ্যা ১১৭১৬, পুরুষ সংখ্যা ৬৩২৭, মহিলা সংখ্যা ৫৩৮৯। চাকুরী ছোট খাটো ব্যবসায় ইত্যাদি নানা কাজে কিছু লোক নিযুক্ত থাকলেও এখানকার বেশির ভাগ লোকের জীবিকা কৃষিকাজ। ১৯৭১ সালের বাজার দর অনুযায়ী মোট চাষযোগ্য জমির পরিমান ছিল ১০ldr একর। মোট সেচের যোগ্য জমির পরিমান ৪২৫ একর জমিক। সরকারী গভীর নলকূপ তিনটি হাড়িয়ার একটি (১৯৬ টি), জিওলডাঙ্গায় একটি (২০টি) ও আনোয়ারবেড়িয়ার একটি (১৯টি) মোট জমিতে জলসেচের ৩ x ১০০ = ৩০০/- ১৯৭১ সালের একটি

পরিসংখ্যান থেকে জানা যায় একর প্রতি ধার্য কর গুলি হল উচ্চফলনশীল ধান ৯৬ টাকা ৫০ পয়সা, গম = ২৪ টাকা, = ৯.৫০ টাকা, চীনে বাদাম, শীতের সবজি, আউস, আলু, পাঠ ও আমন ধান = ১৯.২০ জনসাধারনের উদ্যোগে ২৫ টি গভীর নলকূপ, এদের মধ্যে কিছু বিদ্যুৎচালিত কিছু ডিজেল চালিত নলকূপ গুলির মাধ্যমে ২৫ একর জমিতে জলসেচ করা হত।

বানীপুর প্রসঙ্গে বলতে গেলে বলা যেতে পারে পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান শিক্ষা-কেন্দ্র বানীপুর। এখানে রয়েছে সরকারী পরিচালনাধীন স্নানকোত্তর বুনিয়াদী শিক্ষক শিক্ষন নিম্ন বুনিয়াদী শিক্ষক শিক্ষন, শিক্ষা জনতা মহাবিদ্যালয়, রাজ্য শিক্ষা সংস্থা, কেন্দ্রীয় গ্রন্থাগার কাম মাল্টি পারপাস স্কুল রাষ্ট্রায় কল্যান ভবন, আনন্দ নিকেতন, প্রাইমারি খেলাঘর নাশারী, সঙ্গিত ও নিকেতন প্রভৃতি ধরনের শিক্ষা প্রতিষ্ঠান। এখানে পসচিমবঙ্গের নানা জেলার শিক্ষার্থীদের সমাবেশ রয়েছে।

শুধু বর্তমানের গৌরবে নয়, অতীতের সম্পদেও বানীপুর সমৃদ্ধ। প্রাচিন, মধ্য ও আধুনিক কালের নানা ঘটনা প্রবাহ বয়ে গেছে এই জনপদের উপর দিয়ে। তার সাক্ষী হয়ে রয়েছে একটি মৃতপ্রায় নদি, কিছু প্রাচীন প্রস্তর মূর্তি, নিলকুটির ধ্বংসাবশেষ, জঙ্গলাকীন কয়েকটি ভগ্ন মসজিদ ও সমাধি প্রভৃতি। বানীপুরে গেলেই স্নাতকোত্তর বুনিয়াদী শিক্ষক শিক্ষন মহাবিদ্যালয়ের সামনে চোখে পড়বে অপূর্ব সুষমা মণ্ডিত একটি সুপ্রাচীন প্রস্তর নির্মিত সূর্য মূর্তি। এই সূর্য মূর্তিটি মালদহে প্রাপ্ত।

বানীপুরের প্রাক্কথনের কথা বলতে গেলে আসে বানীপুরের নদ-নদীর কথা, বানীপুরের পাশ দিয়ে বয়ে গেছে একটি নদী এককালের বেগবতী নদী আজ মৃত প্রায়। নাম পদ্ম বা পদ্দা। মুক্তবেনী হতে উৎপন্ন যমুনার শাখা। বানীপুরের সংলগ্ন গ্রামেরই অধিবাসী বিপিন্ন দাস, তার চোখে ধরা পড়েছিল নদীর আচোরকার রূপ। তিনি দেখেছেন জলের যাতায়াত স্রোত বললেন, 'নদীর মাছ খেয়েই তো মানুষ হয়েছি।' এছারাও জানা গিয়েছিল বামিহাটি পুলের কাছে খেয়া ছিল। নাম ছিল 'বলদেঘাট' ধান, তামাক, গোলপাতা ইত্যাদি নৌকায় তোলা হত। নদীর বিরাট বিস্তার ছিল জিওলডাঙ্গায় মানিকগঞ্জ ছিল সন্নিহিত মানিকতলা নামক স্থানের একদা নাম। পৃথিবাতে নীলের চাষ হত। পদ্মার অংশ বানীপুরের পাশে বিস্তীর্ন বিলের আকারে শোভা পাচ্ছে। জলের থেকে মাছ ধরে জীবীকা নির্বাহ করত ধীবর সম্প্রদায়। ১৯২৮ - ২৯ সালের সেটলমেন্ট নক্সায় দেখা যায় ট্যাকবেডিয়া নং ৭১ মানিক নগর নং ৮৯, পশ্চিম আনোয়ার বেড়িয়া নং ৮৮, আটুলিয়া নং ৮৭, হিরাপুর নং ৮৬, জিওলডাঙ্গা নং ১২৩ কৈপুকুরিয়া কামারপোতা মৌজা নং ৮৩ ইত্যাদি দাগের জমির উপর দিয়ে পদ্দা প্রবাহিত ছিল।

আপাত দৃষ্টিতে হাবড়া নবীন জনপদ বলে মনে হলেও এখানে বিভিন্ন সময়ে আবিষ্কৃত প্রত্ন- সামগ্রী সমূহ প্রমান করে যে এখানে ঐতিহাসিক যুগে উন্নত জনবসতি বিদ্যমান ছিল। হাবড়ার সর্বাপেক্ষা গুরুত্বপূর্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শনটি আবিষ্কৃত হয়েছে প্রায় বানীপুর

সংলগ্ন মানিকতলা নামক স্থান থেকে। একটি ঘটনায় (১৯৭০ সাল) দেখা গেছে এখানকার শ্রীদেবু রাহার বাড়িতে পুকুর কাটতে গিয়ে পাওয়া যায় প্রায় সড়ে তিন ফুট কষ্টি পাথরের বিষ্ণুমূর্তি ভগ্ন বিষ্ণুমূর্তি, লক্ষী মূর্তি, পোড়া মাটির পুতুল অস্থি, মৃৎপাত্র প্রভৃতি বিচিত্র প্রত্ন নিদর্শন সমূহ। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে পুকুরটির অস্তিত্ব মৃত পদ্মার প্রবাহ পথের উপচর। পুকুর কাটতে গিয়ে পাতলা ইটের তৈরি একটি ভিত ও দেখা যায়। এটি কি কোনো ছঘাট, জানা গেছে মানিকতলার ঐ একই পুকুর থেকে আরো দশ বারো বছর আগে পাওয়া গিয়েছিল আরো দুটি প্রস্তর মূর্তি ও কিছু সোনার অলঙ্গার। মনে করা হয় যে এই পুকুরের আশে পাশে উৎখনন এর কাজ চালালে আরো কিছু মূল্যবান প্রাচীন নিদর্শন পাওয়া যেতে পারে। বানীপুর অঞ্চলে এককালে যে নীল চাষ হতো তার অভ্রান্ত নিদর্শন রূপে পুকুরের ঐ নীল কুটির ভগ্নাবশেষের চিহ্ন বিদ্যমান। ইতিহাস সমৃদ্ধ আধুনিক শিক্ষাকেন্দ্র ও প্রভৃতি বানীপুরের স্থানীয় অধিবাসীবৃন্দ আর বহিরাগত সকলেরই প্রিয় হয়ে উঠেছে।

বানীপুরের প্রাচীন ঐতিহ্য :পৃথিবীর সমস্ত প্রাচীন জাতির ধর্মচর্যায় প্রত্যক্ষ দেবতা সূর্যের উপাসনা বিশেষ ভাবে প্রচলিত। কারন বিশ্ব প্রকৃতির প্রধানতম বিস্ময় সৌরজগতের মধ্যমান সূর্য। প্রাচিন ভারততেও সুদূর অতীত থেকে সূর্য দেবতা জ্ঞানে উপাসিত। বানীপুরের পোষ্ট গ্রআজুয়েট বেসিক ট্রেনিং (বর্তমানে সরকারী বিটি কলেজ) কলেজের অঙ্গনে স্থাপিত রয়েছে একটি প্রাচীন সূর্য মূর্তি, মূর্তিটি মালদহে প্রাপ্ত। আনুমানিক দশম শতকে নির্মিত, কিঞ্চিত ভগ্ন। কোনো এক কলারসিক আদ্যাপকের অনুপ্রেরনায় কোনো এক প্রত্ন- প্রেমী ইতিহাস সচেতন শিক্ষার্থী বহু শ্রম ও যত্নে দূর মালদহ জেলা থেকে এনে কলেজকে দান করেছিল। কিন্তু বানীপুরকে সবদিক থেকে সমৃদ্ধ করার মহৎ প্রচেষ্টার অভিজ্ঞান উল্লেখিত প্রস্তর মূর্তিটি। এই মুর্তি টিকে কেন্দ্র করে একটি ছোট সংগ্রহশালা প্রতিষ্ট করার চেষ্টা করা হয়েছিল, কিন্তু তা সম্ভব হয়নি। বানীপুরে স্থাপিত মূর্তিটি মালদহ মিউজিয়ামের সূর্য গুলির সম- গোত্রীয়। কিরীট শোভিত দণ্ডায়মান সূর্যের দুই হাতে দুটি সনাল পদ্ম। দুই পাশে উমা ও প্রত্যুষা। পদ প্রান্তে ধাবমান অশ্ব ও সারথি অরুন। মূর্তিটি ভিন্ন জেলা থেকে অনীত হলেও শিক্ষা নগর বানীপুরের অন্যতম গৌরব।

দেশ বিভাগের ফলে সীমান্তবর্তী হাবড়া থানায় লক্ষ উদ্বাস্তুদের সমাগত ঘটে। এই উদবাস্তুরা সরকারি ও বেসরকারী ভাবে বসতি স্থাপন করলেও এই এলাকায় কোন বৃহৎ ব মাঝারি শিল্প গড়ে ওঠায় প্রতিনিয়ত তাদের বেঁচে থাকার জন্য ছোট কাটো ব্যবসা - বানিজ্যের পাশা পাশি নানা প্রকার গৃহশিল্প গড়ে তুলতে হয়। হাবড়া থানার বর্তমান বানীপুরে গড়ে ওঠে এমনই একটি গৃহ শিল্প যা শোলা শিল্প নামে পরিচিত। ঘরে বসে অবসর সময়ে শোলা দিয়ে পরিবারের কর্তা, গিন্নী এমনকি ছেলেমেয়েরাও নানাপ্রকার শৌখিন ও আকশনীয় জিনিসপত্র তৈরি করে। এই শৌখিন দ্রব্যগুলির

মধ্যে আছে চাঁদ মালা, টোপর, ফুলমুকুট, মালা, শোলার বিভিন্ন প্রকার মূর্তি ও মডেল ও সাজসজ্জার বিভিন্ন দ্রব্য।

বৃহত্তর হাবড়ার বিভিন্ন অঞ্চলে বিশেষকরে বানীপুর ও অশোকনগর ২ নং স্কীম এ এই পোলার কাজ প্রায় কারো মাস ধরেই চলে। সাধারনত মালাকার শ্রেনী এই কাজের সাথে যুক্ত। প্রথমে বানীপুরে ১৯৬৪-৬৫ সালে প্রায় ১০-১২ টি পরিবার ঢাকা থেকে এসে এই কাজ শুরু করে। বর্তমানে খুলনা সহ অন্যান্য জেলা থেকে আসা লোকেরাও এই শিল্পের সাথে যুক্ত। এই পাড়ার প্রায় ১৫০ পরিবার শোলার কাজ করে থাকে।

অতীতে মৌমাছি পালন : পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রতিষ্ঠীত গ্রামসেবক ট্রেনিং সেন্টার বুনিয়াদি শিক্ষক শিক্ষন ট্রেনিগ কলেজ সমূহের অধ্যাপক এবং উৎসাহী শিক্ষক গনের চেষ্টায় নিজ নিজ প্রতিষ্ঠানে মৌ পালন শুরু হয়। শিক্ষার্থীগন মৌপালনে প্রশিক্ষন লাভ করে। এর বাস্তব রূপে দেখা যায় বানীপুরে। অধ্যাপক শ্রী অনিলরঞ্জন গুহ ও অধ্যাপক শ্রী বিনোদ বিহারী চট্টোপাধ্যায় এরা দুই জন ব্যক্তি পাশের গ্রামের ছেলেদের অধ্যাপক এবং শিক্ষক মণ্ডলি নিয়ে বসে যেতেন মৌমাছি পালনের ফায়দা শিখতে ও শেখাতে। স্নাতকোত্তর বুনিয়াদী শিক্ষন মহাবিদ্যালয়ের তদানীন্তন অধ্যাক্ষ শ্রী হিমাংশু বিমল মজুমদার ও অনিলরঞ্জন গুহের প্রচেষ্টায় আরও কয়েকটি মৌ বাক্স সংগ্রহ করা হয়। ১৯৭৪ সালে মহাবিদ্যালয়ের নতুন পাঠ্যসুচিতে- মৌমাছি পালনকে মূল শিল্প কাজ হিসেবে গ্রহন করা হয়। শ্রী পোদ্দারের ১২ টি মৌবাক্স নিয়ে ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষন দেওয়ার দায়িত্ব অর্পন করা হয়। এই প্রশিক্ষনের কাজ ১৯৯০ - ৯১ শিক্ষাবর্ষ পর্যন্ত চালু ছিল। অতঃপর স্নাতকোত্তর বুনিয়াদী শিক্ষন মহাবি-বিদ্যালয় বি.এড শিক্ষক - শিক্ষন কলেজে রূপান্তরিত হলে নতুন পাঠ্যসূচীতে মৌমাছি পালন না থাকায় এই প্রশিক্ষনের কর্মসূচী একেবারে বন্ধ হয়ে যায়।

বানীপুরের মৌমাছি পালনের সূচী থেকে এই মৌমাছি পালন পশ্চিমবঙ্গের বিভিন্ন গ্রামে এবং বিদ্যালয়ে শিক্ষার্থীদের মারফৎ ছড়িয়ে পড়ে। বানীপুরের ভাবধারা এবং আদর্শে অনুপ্রানিত আশে পাশের গ্রামের বহু মানুষজন। মৌপালন শুরু করেন। বানীপুরে মৌপালন মৌপালন কর্মসূচী বাধাপ্রাপ্ত হলেও এখনও যারা মৌ-পালনে নেশা ও পেশা হিসেবে গ্রহন করেছেন তাদের মধ্যে ছিলেন- শ্রী মৃনাল দত্ত, বেলেঘাটা, অরুন সিংহ, খাটুরা গোবরডাঙ্গা রেনেসা ইনসটিটিউট বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

সহকারী গ্রন্থপঞ্জী :

- ডঃ গৌরীশঙ্কর দে ও অধ্যাপক শুভ্রদীপ দে প্রসঙ্গ : শিক্ষাঙ্গন বানীপুর নানান দৃষ্টিকোন থেকে, ২০১৮ খ্রীষ্টাব্দ (১৪২৫ বঙ্গাব্দ), পৃষ্টা : ১১, ২০-২১, ৮৩-৮৫, ৯৩-৯৫, ৮১-৮২
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০০২, ২০০৯
- বানীপুর লোক উৎসব স্মরনীকা, ২০১৭
- বানীপুর লোক উৎসব স্মরনীকা, 1999, ২০১৩

19

কালীঘাট ও পতিতাবৃত্তি

ডঃ অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

শ্রাবণী পাল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

হাজার এক পুরাতন ব্যবসার নাম পতিতাবৃত্তি, লোকমুখে যার আরো অনেক বিচিত্র নাম আছে- গনিকাবৃত্তি, বেশ্যাবৃত্তি, দেবব্যবসা ইত্যাদি তবে কামসূত্র গ্রন্থের লেখক "বাৎসায়ন" পতিতাদের ৯টি ভাগে ভাগ করেছেন তা হল- বেশ্যা বিশেষ প্রকারণ- কৃষ্ণদাসী, পরিচারিকা, কুলটা, স্বরিনী, নটি, শিল্পকারিকা প্রকাশ বিনষ্ঠা, রূপজীবা এবং গনিকা এই কয়টি বৈশ্যা বিশেষ।[১] সুনির্দিষ্ট করে হয়তো বা বলা মুশকিল পৃথিবীর ইতিহাসে তবে কখন কিভাবে উৎপত্তি ঘটেছে বিচিত্র এ ব্যবসার।তবে যতদূর জানা যায় মধ্যযুগীয় বর্বরতার গর্ভে অর্থাৎ সামন্তীয় সমাজের পাপের ফসল এই পতিতাবৃত্তি সেই অবধি দুনিয়াব্যাপী বিস্তৃতি এ ব্যবসার। পতিতাবৃত্তির আরো সরস বিবরণ পাওয়া যায় "বাৎস্যায়ন" আমলে এবং আর লেখা কামসূত্র বইয়ে। বাৎস্যায়ন এর বাল্যকাল কেটেছিল এক বেশ্যালয়ে এবং সেখানে তাঁর মাসি কাজ করতেন। ঐখান থেকেই তিনি কামকলা সংক্রান্ত জ্ঞান লাভ করেছিলেন।[২]

পতিতাবৃত্তির উৎপত্তি সৃষ্ঠির অদিকাল থেকেই। পুরান রামায়ন, মহাভারতে প্রচুর অপসরার উল্লেখ পাওয়া যায়। যেমন ঊর্বশী, মেনকা সরলা, সুবাহু, তিলোত্তমা- এরকম অনেক স্বর্গ বেশ্যার নাম আমরা পাই। মহাভারতে উল্লেখ আছে যে, একজন বেশ্যা ভাল প্রকৃতির উচ্চতর জীবনে পুনর্জন্ম লাভ করতে পারে। এই জীবিকা সম্বন্ধে বৌদ্ধ ধর্মের ও একই মত। মহাভারতের যুগে অপরাপর সম্মান জনক বৃত্তি গুলির মধ্যে পতিতা বৃত্তিই ছিল অন্যতম রাজদরবারে ও বিবিধ রাজকীয় অনুষ্ঠানে পতিতাদের উপস্থিতি ছিল অপরিহার্য।[৩]

আরো এক ধরণের পতিতাকৃত্তি চালু ছিল ভারতে (Sacred prostitution) ভক্তিমূলক পতিতাবৃত্তি। অর্থাৎ পতি বা পত্নী ব্যতীত অন্য কারও সাথে পবিত্র বা ধর্মীয় উদ্দেশ্যে যৌন মিলন। এ ধরণের কাজে যে ব্যক্তি জড়িত থাকেন তাকে বলে দেবদাসী। দেবদাসী মন্দির সেবিকা। বর্ধিত অর্থে মন্দিরের বারাঙ্গনা, দেহো পজীবিনী বা গনিকা। এখনো গোপনে ভারতের অনেক মন্দিরের দেবদাসী প্রথা চালু আছেন।[৪]

বৃটিশ আমলের পরিসংখ্যান দেখলে বোঝা যাবে কি অবস্থা ছিল ঐ সময় ১৮৫৩ তে কলকাতা শহরের ৪০৪৯ টি বেশ্যাগৃহ ছিল যাতে বাস করছিলেন ১২,৪১৯ জন

যৌনকর্মী। ১৮৬৭ তে ছি ৩০,০০০ জন । ১৯১১ সালের আদমশুমারি অনুযায়ী। ১৪২৭১ জন। ১৯২১ সালের আদমসুমারী অনুযায়ী ১০,৮১৪ জন যৌনকর্মী ছিল কলকাতায়[৫]। কলকাতায় খুবই রমারমা ছিল বেশ্যাদের জগৎ। গৃহস্থের বাড়ির। পাশে বেশ্যা। ছেলেদের পাঠশালার পাশে বেশ্যা চিকিৎসালয়ের পাশে বেশ্যা, মন্দিরের পাশে বেশ্যা।[৬] বিশেষ করে রামবাগান, সোনাগাছি, মেছোবাজার সিদ্ধেশ্বরীতলা, হাড়কাটা চাপাতলা এগুলো ছিল বেশ্যাদের আপড়া।[৭]

এমনকি কিছু পতিতা শহরে প্রকাশ্য রাজপথে নৃত্য পর্যন্ত করতো। সাধারণ মানুষ পুলিশের কাছে আবেদন করা সত্ত্বে এর কোন প্রতিকার হয়নি। কারণ কলকাতার পুলিশ বেশ্যালয় গুলিতে হস্তক্ষেপ করতে সাহস পেতনা।[৮] আসলে নারীদের সবসময় ভোগের পন্যই মনে করা হয়েছে। ইংরেজ আমলেও এর ব্যতিক্রম ছিলনা। "বেশ্যাবাজি "ছিল বাবু সমাজের সাধারণ ঘটনা[৯]।

উনিশ শতকে কলকাতার দেহব্যবসার বিকাশ ভেতরে ভেতরে ব্রিটিশ ইণ্ডিয়ার রাজধানী কলকাতা হিসাবে উনন্নতিসাধনের সাথে সম্পর্ক যুক্ত ছিল। সাধারণত ১৬৯০ সালে ব্রিটিশ ইস্ট ইণ্ডিয়া কম্পানির নিয়ন্ত্রাধীনে কলকাতা শহরে যৌন ব্যবসার উদয় হয়েছিল। ইংল্যাণ্ডের শিল্প বিপ্লবের পরের কিছু ঐতিহাসিক ঘটনার পর্যালোচনা করলে দেখতে পাই ইংল্যাণ্ডের ঔপনিবেশ বিস্তারের প্রথম দরকার ছিল কাচামাল সংগ্রহ ও তৈরী দ্রব্য বিক্রি। কলকাতা ছিল ব্রিটিশদের অন্যতম প্রধান ঔপনিবেশিক কেন্দ্র। যেটা ইংল্যাণ্ডের অর্থনৈতিক উন্নতির জন্য ভারতীয় উপমহাদেশের বিশাল এরিয়া থেকে উপকরণ সংগ্রহের কেন্দ্র হিসাহে ব্যবহৃত হত। এই জন্য ১৬৯০ সালে ব্রিটিশ ইষ্ট ইণ্ডিয়া কম্পানি কোম্পানির বাংলার গভর্নর সুতানুটি, ডিহি, কলকাতা ও গোবিন্দপুর এই তিনটি গ্রাম নিয়ে একসাথে একটি উপনিবেশ পত্তন করেন।[১০]

যৌন ব্যবসার বিকাশ, কলকাতার সম্প্রসারনের ইতিহাস ও রাস্তাগুলির বৃদ্ধি প্রায় এক জুড়ি। প্রধানত দুটি রাস্তা কলকাতাকে যুক্ত করেছে। প্রথম রাস্তাটিকে তীর্থযাত্রার রাস্তা হিসাবে বিবেচনা করা হয়। এটা চিতপুর থেকে বেল্টিক স্ট্রিট এবং চৌরিঙ্গী হয়ে কালীঘাট গেছে। দ্বিতীয় রাস্তাটি গঙ্গা নদীর পূর্ব উপকূল থেকে কোলাঘাট, উত্তর লাল দিঘি, লাল বাজার, বউবাজার হয়ে শিয়ালদা রেল স্টেশনের দক্ষিণ দিক দিয়ে গেছে। এই রাস্তাগুলির পাশ দিয়েই দেবব্যবসার বিকাশ ঘটেছে। এগুলি মূলত গড়ে উঠেছে সোনাগাছি কালীঘাট, রামবাগান এবং বৌবাজার।[১১]

হাজার হাজার হিন্দুদের তীর্থযাত্রার জায়গা কালীঘাট হল দক্ষিণ কলকাতার অন্যতম পুরানো এলাকাগুলোর একটা। হুগলি নদীর একটা খালের ধারে দেবী মহাকালীর পূজারীগন থাকেন। মন্দিরের প্রধান রাস্তায় সার বেঁধে মিষ্টির দোকান, চায়ের দোকান

আর কিছু সাধারণ দোকান আছে। এখানেই সহজে খুঁজে পাওয়া যায় না। এমন অনেক সরু গলি আছে যার মুখের কাছে একদল মহিলা জটলা করে থাকে। এরা উজ্জ্বল রঙের লিপস্টিক এবং শাড়ি পরে হুড়োহুড়ি করে কাজের জন্য অপেক্ষা করে। তাদের পিছন দিকে একাধিক সরু গলির যে গোলকধাধা তৈরি হয়েছে সেখানে প্রায় ১০০০ থেকে ১৫০০ পর্যন্ত যৌনকর্মী বসবাস করে এবং শহরের কাষ্টমারদের সেবা প্রদান করে থাকে।[১২]

কালীঘাটের রেডলাইট এরিয়ার বয়স্ক মহিলারা যখন ইমারতগুলির ফাঁক দিয়ে আসা রোদে তাদের কাপড় চোপড় কেঁচে শুকাতে দেয় তখন কমবয়সীরা সর্ট স্কার্ট আর উঁচু হিল পরে দালালদের সাথে খোশ গল্প করতে ব্যস্ত থাকে। আটাশ বছর বয়সি রূপা দাস কালীঘাটে যৌনপল্লীতে একটি থাকে এবং কাজ করে। আটবছর আগে যখন তাঁর অসভ্য স্বামী তাকে পরিত্যাগ করে চলে যায় তখন থেকে সে যৌনকর্মী হিসাবে কাজ করছে। রাস্তায় একদম শেষ দিকে সেখানে পেপসির বিজ্ঞাপন মনোযোগ আকর্ষনের জন্য পুরানো কমিউনিস্ট পার্টির চিহ্ন দেওয়া সেখানে ২৪ বছর বয়সি রূপা দাস আরও ১৭ জন মহিলার সাকে যৌনপল্লীতে থাকে প্রত্যেকের একটা করে নিজস্ব ঘর থাকলেও দুটো স্নানঘর ও একটা শৌচালয় সকলে মিলে ব্যবহার করে। বছরের বিভিন্ন সময় ও ইলেকট্রিসিটি বিলের ভিত্তিতে রূপাকে তাঁর ঘরের জন্য প্রতি মাসে ভাড়া দিতে হয়।[১৩]

তার অসভ্য স্বামী ছেড়ে যাওয়ার পর সাত বছর আগে সে তার দুই ছেলেকে নিয়ে কালীঘাটে আসে আর এখন সে তার নতুন স্বামী এবং ১০ মাসের ছোট বাচ্চাকে নিয়ে এই যেনিপল্লীতে থাকে। আর কয়েকটা ঘর পরে ৩৫ বছর বয়সি জাহানারা বেগম একা থাকে। ১৬ বছর বয়সে তার বিয়ে হয়। কিন্তু তাঁর স্বামী কিছু বছর আগে মারা যান। সে তার সন্তানদের মানুষ করার জন্য তিনবছর বিভিন্ন বাড়ির কাজ করেছে। তারপর তার এক দিদি তাকে যৌনিকর্মী কাজের পরামর্শ দেয়। তারপর ৯ বছর হয়ে গেছে তিনি এই কাজ করছেন। তার একসন্তান অনাশ আশ্রমে থাকে এবং একজন হোস্টেলে।[১৪]

কালীঘাটের পটুয়াদের পটচিত্রেও পতিতাদের জীবনের নানা দিক তুলে ধরা হয়েছে বিশেষত তখনকার দিনের বারবিলাসিতার প্রমান হিসাবে অঙ্কি হয়েছে সুন্দরী লাস্যময়ী বারবনিতাদের ছবি। এইসব বারবনিতাদের কাছে বাবুরা কেমন ভেড়া বনে যেতেন তাও আঁকা হয়েছে প্রতীকী তাৎপর্যে। যার মধ্যে সবথেকে সুপরিচিত ছিল গোলাপসুন্দরীর রূপ।[১৫]

অনেক সময় প্রেমের অভিনয় করে অথবা চাকুরী দেওয়ার কথা বলে সহজ সরল মেয়েকে ঠাণ্ডা মাথায় ডেকে নিয়ে নিষিদ্ধ পল্লীতে বিক্রি করে দেওয়ার খবর পত্রিকার পাতায় মাঝে মাঝেই দেখা যায় । আবার অত্যাধিক দারিদ্রের তাড়নায় ক্ষুদার জ্বালা মেটাতেও এ পেশা বেছে নেয় কিছু সংখ্যক মেয়ে। পৃথিবীতে পতিতার সংখ্যা ১৩৮, ২৮, ৭০০ বাস্তবে হয়তো এর চেয়ে বেশী হবে। আর আমাদের দেশের কতগুলো হোটেলে বাড়িতে যে মধুচন্দ্রিমা তলে তার কোনো হিসেব নেই। আর এভাবে যুগের পর যুগ শতাব্দীর পর শতাব্দী, সহস্রাব্দের পর সহস্রাব্দ ধরে চলে আসছে পতিতাবৃত্তি। এই সমাজ পতিতা তৈরির কারখানা আর আমরা হলাম তার কারিগর।[১৬]

তথ্যসূত্র:

১. কামসূত্র চতুর্থভাগ, অধ্যায় - ২৮

২. Ascetic of Desire, Sudhirkakar, overlook press, 2000

৩. দেবলোকের যৌনজীবন, পৃ ৬২

৪. তদেব,পৃষ্ঠা- ৬৩

৫. দেবাশীষ বসু, কলকাতার যৌনপল্লী, সুধীর চক্রবর্ত্তী সম্পাদিত, বার্ষিক সংকলন, ২০০১

৬. বিনয় ঘোষ কলকাতা শহরের ইতিবৃত্ত, ১৯৯৯, পৃ-৩০২

৭. বিশ্বনাথ জোয়ারদার, কলকাতার অন্য সংস্কৃতি, ২০০৯, পৃ ৩৫৮

৮. সতীশ চন্দ্র চক্রবর্তী, দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনি, ১৯৬২ পৃ ৩৫৮

৯. ড. আবুল আহসান চৌধুরী, অবিদ্যার অন্তঃপুরে, নিষিদ্ধ পল্লীর অন্তরঙ্গ কথকতা

১০. Harshankar Adhikari, History of Prostitution in Calcutta: A Review India J Soc & Pol.2 Voi.2 No.2,2015, P.-3,4

১১. তদেব, P.4

১২. Living in the Shadows

১৩. তদেব

১৪. তদেব

১৫. বাংলার চিত্রকলা, অশোক ভট্টাচার্য, কলকাতা ঃ পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাডেমি, ১৯৯৪ পৃ ১০০

১৬. Havocscope Black Market 2014

20

রকমারি মিষ্টি-একটি বিশেষ পর্যালোচনা

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা, হিন্দু কলেজ)

ইনসান আলি (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা, হিন্দু কলেজ)

বাঙালির রান্না মানে বিচিত্র রকমের ভেঁজে পুড়ে, সিদ্ধ করে। বাঙালিরা রান্নার মাধ্যমে নতুন নতুন বিশেষ্যতা দেন। একই রান্না নানা ভাবে নানা স্বাদে রান্না করে। খাদ্য নিয়ে বৈচিত্র পূর্ণ আগে থেকেই চলে আসছে। মোঘল আমলের খানা পিনা বইয়ে উল্লেখ আছে "মোগল বাদশারা যে বেশ কিছুটা মাথা ঘামরাতেন তার সবচেয়ে বড় প্রমান বাবুর্চিখানার জন্য একটা আলাদা দপ্তরের অস্তিত্ব। আর আইনের বর্ননা দেখে মনে হয় যে টাকশাল কি অন্যান্য দপ্তরের চেয়ে এর স্থানটা খুব নীচে ছিলনা। এ দপ্তরের কর্তাকে বলা হত 'মীর বকাওয়াল'। প্রাচীন কালের খাদ্যের ইতিহাস দেখতে গেলেই মোঘল আমল উঠে আসবেই। তা অন্য কোনো সম্রাজে পাওয়া যায়নি। বাঙালিদের এতো রকমের খাদ্যের মধ্যে মানুষের জীবনে মিষ্টিজাত খাদ্যের আয়ত অনেকখানি। তাইতো মিষ্টি ইতিহাস যেন শেষই হয়না। আগে বাংলার রাজারা ইংরেজদের খুশিকরার জন্য বিভিন্ন পদের মিষ্টি করে খাওয়াতো। সুকুমার রায়ের- "কিশোর সাহিত্যে" পাগলা দাওনা গল্পে মিহিদানার উল্লেখ আছে।

"বাগবাজারের রসগোল্লা,
ঋীম নাগের সন্দেশ
বর্ধমানের সীতাভোগ
মিহিদানা দরবেশ"।

রজনীকান্ত সেন ১৯০৫ খ্রীঃ প্রকাশিত কল্যানী কাব্যগ্রন্থের উদারিক গানে বাংলার বিভিন্ন প্রকার মিষ্টান্নের উল্লেখ করেছেন। "ঔদারিক" গানে মিহিদানার উল্লেখ পাওয়া যায়।

'যদি কুমড়োর মত চালে
ধরের মতো 'ত'
পানতোয়া আর শত শত
আর সরষের মতো মিহিদানা
আরব সরবের মত, হত মিহিদানা
বুদিয়া বুটের মতো।

খাদ্যের দেশে মিষ্টির অবদান অনেকখানি। বিভিন্ন মিষ্টি বিভিন্ন স্বাদ ও বিভিন্ন ইতিহাস বহন করে। শুধু মিষ্টি না প্রতিটি খাদ্যেও পেছনেই ঐতিহ্য পূরক ইতিহাস বহন করে। নির্দিষ্ট সীমারেখার মধ্যে সুনাম খ্যাত হয়। সেটা জয়নগড়ের মোয়া, বর্ধমানের মিহিদানা ও সীতাভোগ, কৃষ্ণনগরের সরভাজা, কলকাতার রসগোল্লা, নবদ্বীপের লালদই, বগুড়ার দই ইত্যাদি সুনাম খ্যাতি করেছে।

কথিত আছে যে, কারন সীতাভোগ খেয়ে এতটাই প্রীত হয়েছিল যে সমস্ত সরকারি অনুষ্ঠানে তিনি সীতাভোগ পরিবেশন করা বাধ্যতামূলক করেন। দুর্গাপুওে প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী এবং পণ্ডিত জওহরলাল নেহরু মিহিদানা খেয়ে বিরাট প্রশংসা করেন। বাঙালিজাতি হিসাবে আমরা ভোজনরশিক। খাওয়া দাওয়া আমরা খাবই পছন্দ করি। আমাদের দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে রয়েছে বিখ্যাত সব মিষ্টি। মিষ্টি স্থান পেয়েছে সাহিত্যের পাতায়। সৈয়দ মুস্তবা আলি মিষ্টি নিয়ে লিখেছেন, নওগাঁ জেলার মান্দা উপজেলার সন্দেশ একবার যিনি খেয়েে সৈয়দ মুস্তবা আলি মিষ্টি নিয়ে লিখেছেন, নওগা জেলার মান্দা উপজেলার সন্দেশ একবার যিনি খেয়েছেন তাকে বারবার মনে করতে হবে এর স্বাদের কথা। মধ্যযুগের বাংলা সাহিত্য কৃত্তিবাসী রামায়ণ এবং চৈতন্যের কবিতায় সন্দেশের উল্লেখ রয়েছে। যদিও উল্লেখিত মিষ্টান্নটির মূল উপাদান অজানা। ল্যাংচা একটি ঐতিহ্যবাহনকারী মিষ্টি। ল্যাংচার উৎপত্তি ও নামকরণ নিয়ে মতভেদ আছে। বিশিষ্ট সাহিত্যিক নারায়ণ সান্যালের "রূপমঞ্জরী" উপন্যাসে বর্ণিত কাহিনীকে প্রামাণ্য ধরে সাংবাদিক গৌতম ধনী কৃষ্ণনগড় ও বর্ধমানের রাজা পরিবারের বৈবাহিক সম্পর্কের মধ্যে ল্যাংচার উৎপত্তির ইতিহাস খোঁজার চেষ্টা করেছেন। কথিত আছে, মহারাজা জমিদার বর্ধমানের কোনো মিষ্টান্ন কারিগড়কে বলেন যে তিনি ভাজা মিষ্টি খেতে চান, আর তখন সেই তাড়াতাড়ি করে সেই কারিগর ওনাকে একরকম ভাজা মিষ্টি বানিয়ে দেন এবং সেটি ছিল সুস্বাদু। যিনি ওই ভাজা মিষ্ট তৈরী করেছিলেন তিনি। ল্যাংড়া ছিলেন, ওনার নাম অনুসারে ওই মিষ্টির নাম হয় ল্যাংচা। বিভিন্ন মিষ্টির বিভিন্ন রকমের ইতিহাস। বাঙালিদেও মিষ্টির রকমারির অন্তনেই। মোগল আমলের খানাপিনা বইতেও বিভিন্ন মিষ্টির উল্লেখ আছে। "মোঘল আমলে রান্নার ঝোলকে সুস্বাদু ও ঘন করার জন্য তাতে দুধ, দুধের রস, দই মেশানো হত। রান্নার পর সাজানোর জন্য ফুলের পাপড়ি ছড়ানো হতো আর টাটকা রাখার জন্য সোনার এবং রূপার ভরকে মোড়ানো হতো। লক্ষ করলে দেখা যাবে বর্তমানে Garnishing ও Filing" এর ধারনা তখন মুঘল রান্নাঘরে বর্তমান ছিল।

কলাপাতায় ফেন সহ গরমভাত, একটু গাওয়া ঘি, গরম দুধ ময়না মাছ, নালিতা শাক স্ত্রী পরিবেশন করছে পুনাবান খাচ্ছে। মধ্যবিত্ত বাঙালি শুধু নয়, পশ্চিম ভারতের একটি দুটি রাজ্য ছাড়া এটি গোটা মধ্যবিত্ত ভারতের চিত্র। লেখা হয়েছিল প্রায় সাতশ বছর আগে 'প্রাকৃতমঙ্গল' কাব্যে।

প্রাকপ্রনালীতে বিপ্রদাস মুখোপাধ্যায় জানিয়েছেন-"চাল দেবে যত তত জল দেবে তার তিন তত ফুটলে পরে ভাতে কাটি, তার পরে দেবে জ্বালে ভাটি, ৪" অর্থাৎ যতটা চাল, তার তিনগুণ ভাগ দিয়ে ভাত রাঁধতে হবে। ভাসা জলে ভাত রাধা ভালো, ভাত রান্না করার সময় উনুনে যতটা আচ থাকা প্রয়োজন, ভাত ফুটে এলে ততটা তীব্র আচের প্রয়োজন লাগেনা। আর ফুটন্ত ভাতে বেশি কাটি দিতে নেই। প্রথমদিকে ছানা ও ছানার মিষ্টি একরকম পরিত্যাজ্যই ছিল ধর্মীয় কারণে। বৈদিক যুগে দুধ ও দুধথেকে তৈরি ঘি, দধি, মাখন ইত্যাদি ছিল। দেবখাদ্য। বিশেষ করে ননি ও মাখন অত্যন্ত প্রিয় ছিল শ্রীকৃষ্ণের। এজন্য দুধ থেকে রূপান্তরিত ওই সব খাদ্য শ্রেষ্ট বলে বিবেছিত হতো। কিন্তু ছানা তৈরি হয় দুখ বিকৃত করে। এজন্য মনুর বিধান মতে ছানা ছিল অখাদ্য। এ সম্পর্কে সাকুমার সেন তার 'কলিকাতার কাহিনী' বইয়ে লিখেছেন- "ক্ষীর মাখন-দি-দই এগুলো কাঁচা দুধের স্বাভাবিক পরিমাণ, কৃত্রিম অথবা স্বাভাবিক। কিন্তু কোনোটিই দুধের বিকৃতি নয়। জানা কিন্তু ফোটানো দুধের কৃত্রিম বিকৃতি। বাঙালি অন্য দ্রব্য সংযোগ করে দুধ ছিন্ন ভিন্ন করে দিয়েছে, যাতে সারবস্তু ও জলীয়বাষ্প পৃথক হয়ে যায়। এভাবে দুধ ছিন্নভিন্ন করা হয় বলেই এর নাম দিয়েছিল বাংলায় 'ছেনা' এখন বলা হয় 'ছানা'। সংস্কৃত ভাষায় ছানার কোনো রকম উল্লেখ নেই। অন্য ভাষাতেও ছিল না। আগে অজ্ঞাত ছিল বলেই শাস্ত্রসম্মত দেবপূজায় ছানা দেওয়ার বিধান নেই।”

সন্দেশ ছানা আবিষ্কারের আগে ছিল। আগেকার দিনে সন্দেশ তৈরি করা হত বেসন, নারকেল ও মুগের জালের সঙ্গে চিনি মিশিয়ে। নীহাররঞ্জন রায় তার বাঙালির ইতিহাস বইয়ের বাঙালির মিষ্টি জাতীয় যে খাদ্যের বিবরণ দিয়েছেন, তাতে সংগত কারনেই ছানার কোনো মিষ্টির উল্লেখ নেই। দুধ থেকে তৈরি মিষ্টির মধ্যে আছে দই, পায়েস ও ক্ষীরের কথা। সন্দেশের উল্লেখ আছে, তবে সেই সন্দেশ ছানার নয়। তিনি বলেছেন- "কোজাগরী পূর্ণিমার" রাত্রে আত্মীয় বান্ধবদের চিপিটক বা চিড়া এবং নারিকেলের প্রস্তুত নানা প্রকারের সন্দেশ পরিতৃপ্ত করিতে হইত এবং সমস্ত রাত বিনিদ্র কাটিভ পাশা খেলায়। প্রথম দিকে ছানার সন্দেশকে বলা হত ফিকে সদ্দেশ। কারণ এ সন্দেশে আগের দিনের সন্দেশের চেয়ে মিষ্টি কম। শাস্ত্রসনাত নয় বলে, ছানার সন্দেশ অনেকে খেতে চাইতনা। কলকাতার ময়রাদের সৃষ্টিতে মুগ্ধ শঙ্কও তার "বাঙালির খাওয়া দাওয়া" বইয়ে কড়াপাক, নরম পাক, কাঁচাগোল্লা, চন্দন সদেশসহ হাজার রকম সন্দেশের কথা উল্লেখ করে বলেছেন- “এরা আমেরিকান বিজ্ঞানীদের মতো পাইকারি হারে মিষ্টি শাস্ত্রে নোবেল জয়ী হওয়ার যোগ্যতা রাখেন"। তিনি জানিয়েছেন, সন্দেশ এত বৈচিত্র্যময় যে শীতকালের সন্দেশ আর গ্রীষ্মকালের সন্দেশ তো পার্থক্য আছেই। এমনকি সেপ্টেম্বর আর অক্টবরের সন্দেশ ও নাকি একরকম নয়। বিভিন্ন জায়গা বিভিন্ন মিষ্টি বিখ্যাত- কলকাতার স্পঞ্জ রসগোল্লা, কৃষ্ণনগরের

সরপুরিয়া ও সরভাজা, বর্ধমানের মিহিদানা, নবদ্বীপের লালদই, রানাধাটের পান্তুয়া, জয়নগড়ের মোয়া, কলকাতার কাজু বরফি, চন্দননগরের জলভরা সন্দেশ, শান্তিপুরের নিখুঁতি।

ভীম নাগ, কলকাতার প্রসিদ্ধ সন্দেশ প্রস্তুতকারক, যার গোড়াপত্তন হয় ১৮২৬ সালে। এলাকাভিত্তিক মিষ্টির প্রসিদ্ধ ছাড়াও ব্যাক্তিগত ভাবেও অনেক মিষ্টি শিল্পী খ্যাতিমান হয়েছেন বিশেষ কোনো মিষ্টি তৈরির জন্য।

রসগোল্লা ভারতীয় মিষ্টান্নের সর্বোত্তম এবং সর্বজন স্বীকৃত প্রতীক। রসগোল্লার জন্ম তারিখ নিশ্চিতরূপে নিরূপন করা যাবেনা। রসগোল্লার আগের নাম ছিল 'ক্ষীরমোহন' যা পরবর্তীতে রসগোল্লা নামে পরিচিত হয়। বাগবাজারের নবীন দাশ বা ফুলিয়ার হারাধন ময়রাদের হাতে এই মিষ্টির সৃষ্টি। ইতিহাস বলেছেন আধুনিক রসগোল্লা ১৮৬৮ সালে বাগবাজার নিবাসী নবীনচন্দ্র দাশ প্রথম রসগোল্লা তৈরি করেন। ১৯৮৭ সালে প্রকাশিত ইতিহাসবিদ প্রনৰ রায়ের লেখা "বাংলার খাবার" বইটিতে ভিন্ন মত রসগোল্লার প্রস্তুত। নিয়ে বিস্তারিত আলোচনা আছে। সেখানে বলা হয়েছে যে, ১৮৬৬ সালে কলকাতার ব্রজ ময়রা রসগোল তৈরি করেছিলেন। পর্তুগীজদের সময় সেখানকার ময়রাগণ ছানা, চিনি, দুধ ও সুজি দিয়ে গোলাকার একধরনের মিষ্টি তৈরি করেন যা ক্ষীরমোহন বা রসগোল্লা নামে পরিচিত।

গোলাপজাম বা কালোজাম অনেকটাই রসগোল্লা মিষ্টির মতোই হয়। রসগোল্লা সাদা হয় আর কালোজাম হয় কালো। দুটোই বাঙালিদের প্রিয় মিষ্টি। কালোজাম এসেছে এক রকম আরবিও মিষ্টির নাম থেকে। 'লৌকমাদেন' থেকে এই মিষ্টি মোঘল আমলে খুব জনপ্রিয় ছিল। দক্ষিন এশিয়ার বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল এর একটি জনপ্রিয় মিষ্টি খাদ্য কালচে লাল রঙের মিষ্টি, যা ময়দার গোলায় চিনি, ছানা, মাওয়া মিশিয়ে ঘিয়ে ভেজে সিরায় জ্বাল দিয়ে বানানো হয়। এই মিষ্টির মূল প্রক্রিয়ায় রয়েছে তেলেভাজা ও চিনির সিরাপের মধ্যে ভিজিয়ে রাখা। খাওয়া দুই রকমের হয় সাদা আর সবুজ। গোলাপজাম বানানোর জন্য সবুজ খাওয়া প্রয়োজন হয়। কালোজাম বেশি সময় তেলে ভাঁজতে হয়, কালো করার জন্য। কালোজাম মিশ্রন তৈরি করার সময়ে চিনি ব্যবহার করা হয়। এই মিষ্টিতে উচ্চ ক্যালোরি যুক্ত থাকে।

কালোজাম বিভিন্ন রকমের রয়েছে এবং সব ধরনের কালোজাম স্বতন্ত্র স্থান যুক্ত। ইতিহাসবিদ, মাইকেল ক্রানগুল একসময় তার ইতিহাসের পাতায় আনিয়েছিলেন গোলাপজামুনের নেপথ্য। এই মিষ্টির প্রসিদ্ধ আজও আছে।

জিলিপির সর্বাধিক পুরনো লিখিত বর্ণনা পাওয়া যার মহম্মদ বিন হাসান আল বেগাদাদীর লিখিত ত্রয়োদশ শতাব্দীর রান্নার বইতে। যদিও ইহুদিরা এর আগেই খাবারটি আবিষ্কার করতে সক্ষম হয়েছিল। ভারতীয় উপমহাদেশে মুসলমানরা জিলিপি নিয়ে আসে। লাল আড়াইপ্যাচের এই মিষ্টির অনেক রূপ বাংলার জিলিপি কখনও হয়ে যায় ছানার

জিলিপি। মধ্যপ্রদেশে হয়ে যায় মাওয়া জালেবি। আর অন্ধ্রপ্রদেশে এসে নাম আর রূপ বদলে হয়ে যায় ইমারতি। মুঘল সম্রাট জাহাঙ্গীরের অত্যন্ত পছন্দের মিষ্টি। জিলিপি বানানোর জন্য ময়দা, বেকিংসোডা ফুট কালার, তেল, চিনির রসের সিরাপ। স্বাদে নাস্তা, লাল এবং কমলা রঙের গোলাকার জিলাপি বিখ্যাত এই মিষ্টি এটি বিভিন্ন রাজ্যে খাওয়া হয়। জিলিপির ইতিহাস প্রায় ৫০০ বছরের পুরোনো। তুর্কিদের সঙ্গে দেশে আসে জিলিপি। হনসন জবসনের মতে জিলিপি শব্দটি এসেছে আরবি শব্দ 'জালবিয়া' বা ফরাসি শব্দ 'জালিবিয়া' থেকে। মধ্যযুগীয় গ্রন্থ 'কিতাব আল-তাৰীক এ জালাবিয়া নামের একটি মিষ্টির বর্ণনা রয়েছে। ইরানেও জিলিপি পাওয়া যায়। এখানে একে ডুলাবিয়া বা ভুলুৰিয়া বলা হয়। আরবি রান্নার বইয়ে জুলুবিয়া বানানোর উল্লেখ আছে। একই সময়ে ১৭ শতকে 'ভোজন কুতুহলা' নামে একটি বই এবং একটি সংস্কৃত গ্রন্থ 'অন্যাগুন বোধনী' তেও জিলিপি সম্পর্কে উল্লেখ রয়েছে।

পরীক্ষা হোক বা ইন্টাভিউ, শুভ কাজে যাওয়ার আগে কপালে দইয়ের ফোঁটানা লাগালে কিংবা এক ফোঁটা দই মুখে না তুললে চলবেই না। তাতে নাকি মিলবে ভালোফল। এমন বিশ্বাস রয়েছে আমাদের অনেকের মধ্যেই। দধি বা দই হল এক ধরনের দুগ্ধজাত খাদ্য যা দুধের ব্যাকটেরিয়া গাঁজন হতে প্রস্তুত করা হয়। ল্যাক্টোজের গ্যাজনের মাধ্যমে ল্যাক্টিক এসিড তৈরি করা হয়, যা দুধের প্রোটিনের ওপর কাজ করে দইয়ের স্বাদ ও এর বৈশিষ্ট্যপূর্ণ গন্ধ প্রদান করে। মিষ্টি দই তৈরি করতে খাটি দুধ, চিনি ও দই লাগে। দুধ জ্বালাতে জ্বালাতে ঘন হয়ে আসলে চিনি মিশিয়ে তৈরি করা হয় এই মিষ্টি দই এবং এই অবস্থায় সারা রাত রেখে দেওয়া হয় যাতে ওই মিশ্রনটি গোঁজিয়ে ওঠে। মাটির ভাঁড়ে সবসময় মিষ্টি দই রাখা হয়। তার কারণ হল এই ভাঁড়ের বহু রক্ত ভেদ করে জলীয়বাষ্প যে শুধুমাত্র ওই দই কে ঘন রাখতে সাহায্য করে তা নয়, এছাড়াও দই তৈরি করার জন্য সঠিক তাপমাত্রা প্রদান করে। ওড়িশা, বাংলাদেশ, পশ্চিমবঙ্গ মিষ্টি দইয়ের জন্য বিখ্যাত। সাদাদই, বগুড়ার দই, নবদ্বীপের লালদই জগৎ বিখ্যাত। নবদ্বীপের লালদই ও ক্ষীরদই এর অনেক ইতিহাসে অনেকরকম গল্প আছে। সাধারন মিষ্টি দইয়ের থেকে একেবারে আলাদা স্বাদ। নবদ্বীপের প্রসিদ্ধ মিষ্টান্ন ব্যবসায়ী মণ্ডল দই ঘরের ক্ষীর দই নির্মাতা রতন চৌধুরী বলেন- " এই দইয়ের সাধারণ মিষ্টি দইয়ের থেকে একেবারেই আলাদা স্বাদ, মিষ্টির ভাব একটু বেশি তবে মুখে দিলে সঙ্গে সঙ্গে মিলিয়ে যায়। রিপোর্টার রতনবাবুকে প্রশ্ন করেছিলেন- এই দইয়ের দাম এতো বেশি কেন? তিনি উত্তর দিয়েছিলেন-"না হয়ে তো উপায় নেই কারণ দুধ ফুটিয়ে ফুটিয়ে এর মাত্রা এতই কমে যায় যে ২ টো নাগাদ সেটা বসালে রাত ১১টা অবধি জাল হবে"। আর এতে ভেঁজাল থাকে না। রতনবাবু আরও বলেন-"আগে যেমন শুধুই নবদ্বীপে পাওয়া যেত এই লালদই, এখন অনেকটা বদল এসেছে। মানুষ এর এতই প্রশংসা করেছেন যে শহর কলকাতা বলুন কিংবা হাওড়া,

হুগলির অনেক মিষ্টির দোকানদার আমাদের সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছেন, তারা ব্যবসা করছেন আমাদের সঙ্গে। কেউ কেউ কেজিতে চেয়ে পাঠান, আবার অনেকেই প্রচুর অর্ডার করেন। মানুষের চাহিদা বেড়েছে বলাই যায়।

দুধের ছানা দিয়ে তৈরি একধরনের মিষ্টান্ন হল সন্দেশ ছানার সাথে গুড় চিনি মিশিয়ে ছাঁচে ফেলে সন্দেশ তৈরি করা হয়। বাঙালির উৎসব আয়োজনে এই নকশাদার খাবারটির ব্যবহার অহেশ প্রাচীন কাল থেকেই হয়ে আসছে। ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলি জেলাতে অবস্থিত গুপ্তি পাড়ার "গুপো সন্দেশকে বাংলার প্রথম "ব্র্যাণ্ডেড মিষ্টি" বলে মনে করা হয়। বাংলাদেশের নাটোর জেলার সন্দেশ এমনিতেই উপায়ে এক সপ্তাহ পর্যন্ত সংরক্ষন করা যায়। তাই ঘরে রেখে সময় নিয়ে ইচ্ছেমত খাওয়া যায়। বাংলাদেশের সাতক্ষীরা জেলার সন্দেশের সুনাম দেশ-বিদেশে বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়েছে। অনেক পদ্ধতিতে সন্দেশ তৈরি হয়। বিভিন্ন আকার বিভিন্ন স্বাদ ধারন করে। কলকাতার "ভীমচন্দ্রনাগ" প্রনিদ্ধ সন্দেশ প্রস্তুতকারক। যার গোড়াপত্তন হয় ১৮২৬ সালে। প্রচণ্ড সুনামখ্যাত হয় ছানা অথবা পনির সহযোগে প্রস্তুত করা সন্দেশ। বাংলায় প্রচলিত খুব সাধারণ একটি সন্দেশ হল মাখা সন্দেশ। হালকা আঁচে চিনি আর ছানা গরম করে এই মাখা সন্দেশ প্রস্তুত করা হয়ে থাকে। সন্দেশ যেমন স্বাদে অতুলনীয় তেমনি এর উপকারও আছে। প্রচুর পরিমানে প্রোটিন, ক্যালসিয়াম ও ফসফরাস রয়েছে। এর ফলে শরীরের জন্য এটা খুবই উপকারী।

লাড্ডু শব্দটি সংস্কৃত শব্দ "লাড্ডুকা" বা "লাত্তিকা" থেকে এসেছে, যার অর্থ ছোট বল। লাড্ডু হচ্ছে ভারতীয় উপমহাদেশের জনপ্রিয় গোলাকাকৃতি মিষ্টান্ন। বিভিন্ন প্রকারের লাড্ডু হয়। যেমন- তিলের লাড্ডু, নারকেল লাড্ডু, মতিচুর লাড্ডু, বুন্দি লাড্ডু, বেসনের লাড্ডু প্রভৃতি। বিভিন্ন স্বাদের জন্য বিভিন্ন উপকরণ ব্যবহার করা হয় লাড্ডুতে। পেস্তা বাদাম, কাজুবাদাম, ময়দা, চিনি ইত্যাদি। বুন্দি লাড্ডু বা মতিচূর লাড্ডু বুন্দি হতে তৈরী হয়ে থাকে। যে লাড্ডুগুলো আকারে ছোট আকৃতির ঘি এ ভাজা হয়ে থাকে, মূলত এই মিষ্টান্নটি উত্তর ভারতের মিষ্টান্ন। কিন্তু বর্তমানে দক্ষিন এশিয়ার প্রায় সবস্থানেই সমান জনপ্রিয়। বেসন লাড্ডু একটি জনপ্রিয় ভারতীয় মিষ্টান্ন, যা ছোলার ময়দা অথবা গ্রাম ময়দা, চিনি, ঘি-সহকারে প্রস্তুত করা হয়ে থাকে। এতে পেস্তা বাদামের কুচিও ব্যবহৃত হয়। এ লাড্ডুটি দীর্ঘ দিন পর্যন্ত সংরক্ষিত করে রাখা যায়। নারায়াল বা নাকড়ু লাড্ডুর ইতিহাস ঘাঁটিলে দেখা যায় যে, চোল সাম্রাজ্যের সময়ও এই মিষ্টান্ন প্রস্তুত হত। ভ্রমনকারীরা বা যোদ্ধারা তাদের খাবার ও সৌভাগ্যের প্রতীক হিসাবে এই মিষ্টান্ন তাদেও সাথে বহন করত। পারিবারিক অনুষ্ঠান বা মন্দিরে প্রসাদ হিসাবে লাড্ডু প্রদান করা হয়ে থাকে। অন্ধ্রপ্রদেশের তিরুমালার ভেঙ্কাটেশওয়ারা মন্দিরে এক ধরনের লাড্ডু প্রসাদ হিসাবে পরিবেশন করা হয়ে থাকে, যা তিরুপাতি লাড্ডু হিসাবে বিখ্যাত। এশিয়ার অনেক টিভি সিরিয়াল এবং প্রচারিত অনুষ্ঠানে এ

অঞ্চলে মিষ্টান্ন হিসাবে লাড্ডুর ব্যবহার ও জনপ্রিয়তার পরিচয় পাওয়া যায়। ২০১২ সালের সেপ্টেম্বও মাসে অন্ধ্রপ্রদেশের গনেশ উৎসবে ৬৩০০ কিলোগ্রাম ওজনের একটি লাড্ডু প্রস্তুত করা হয়।

বর্ধমানের মিহিদানা অতি বিখ্যাত মিহিদানা। ভারতের ঐতিহ্যবাহী মিষ্টান্ন হিসাবে স্বীকৃত পায়। কলকাতার নেতাজি সুভাষচন্দ্র বসু আন্তর্জাতিক বিমান বন্দরে বিশ্ব বাংলা শোরুমে পশ্চিমবঙ্গের সাংস্কৃতির অঙ্গ হিসাবে মিহিদানাকে তুলে ধরা হয়েছে। বর্ধমানের নাম উঠলেই প্রথম যে দুটো নাম মনে আসে তা হলো সুস্বাদু সীতাভোগ আর মিহিদানা। সাদা আর গুড়ো গুড়ো হলুদরাজা, মুখে দিতে না দিতেই মিলিয়ে যায়। মনমাতানো গন্ধমাখা স্বর্গীয় অনুভূতি এই মিষ্টির স্বাদে। ১৯০৪ সালে বর্ধমানের রাজা বিজয়চন্দ্র মহাভাবকে রাজা উপাধি দেয় ইংরেজ সরকার। এই উপলক্ষ্যে এক বিরাট অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে বড়ো লার্ট কার্জন, হাইকোর্টের বিচারপতি সহ অনেকে আসে। তাদের খুশি করার জন্য রাজা ভৈরব নাগ যিনি ছিলেন মিষ্টি প্রস্তুতকারী, দুটি নতুন ধরনের মিষ্টি তৈরি করতে বলেন। ভৈরব নাগ সীতাভোগ ও মিহিদানা তৈরি করে। ভৈরব নাগের আদি বাড়ি ছিল খণ্ডঘোষের সাঙঘাত গোলা গ্রামে। নাগেরা ছিলেন রাজাদের খাস মিষ্টি প্রস্তুতকারী বর্ধমানের রাজা মহতাব চন্দ্রের আমলে ভৈরবনাগের পিতা ক্ষেত্রনাথ নাগই সীতাভোগ আর মিহিদানা প্রস্তুতির আদিপর্ব সেরেছিলেন। কিন্তু তার মিহিদানা ছিল বোদের আকারের। আর ভৈরববাবু বানিয়েছিলেন এই দুটির সূক্ষ রূপ। আজ যে আকারে আমরা সীতাভোগ আর মিহিদানাকে দেখি তা তাঁরই সৃষ্টি। মিহিদানার প্রধান উপাদান হল চাল। প্রস্তুতিতে সাধারণ গোবিন্দভোগ, কামিনীভোগ অথবা বাসমতী চাল ব্যবহার করা হয়। চাল গুড়ো করে তার সঙ্গে বেসন এবং জাফরান মেশানো হয় ভালো করে। তারপর তাতে জল মিশিয়ে একটি থকথকে মিশ্রন তৈরি করা হয়। একটি ছিদ্রযুক্ত পেতলের পাত্র থেকে সেই মিশ্রন কড়াইতে ফুটন্ত গাওয়া ঘিতে ফেলা হয়। তারপর দানাগুলি কড়া কণ্ডে ভেজে ছাকনি দিয়ে ছেঁকে তুলে চিনির রসে রাখা হয়। ব্যাস তৈরি হয়ে যাবে মিহিদানা। ২০১৭ সালের ১৩ মার্চ জি আই রেজিস্ট্রেশনের স্বীকৃতি পায় মিহিদানা ও সীতাভোগ। অর্থাৎ সরকারিভাবে এই দুই মিষ্টি শুধুমাত্র বর্ধমানের নিজের।

সহায়ক গ্রন্থপঞ্জি :

- সুকন্যা দত্ত, মুঘল আমলের খাদ্য বিলাসিতার ইতিহাস কথাবৃদ্ধ,কলকাতা,২০২০
- শ্রী বিপ্রদাস মুখোপাধ্যায় পাক প্রনানী, কলকাতা, ১৩১৭ সাল ২০১ নং কর্নওয়ালিস সীট, বেসন মেডিকেল লাইব্রেরী হতে
- শ্রী বিপ্রদাস মুখোপাধ্যায়, মিষ্টান্ন পাক, কলকাতা, ১৩১৯ সাল ২০১ নং করেন ওয়ালিস স্টীট কেমন মেডিকেল লাইব্রেরী

- প্রনব রায় বাংলার খাবার, সাহিত্য লোক, ১৯৮৭ সাল, কলকাতা
- তপন রায় চৌধুরী, মোগল আমলের খানাপিনা, আনন্দ পাবলিশার্স, ২০০৯ সাল, কলকাতা ৩,৪,৫
- সংকর রসবর্তী দে জ পাবলিশার্স, ২০০০ সাল, কলকাতা
- শ্রী বিপ্রদাস মুখোপাধ্যায়, মিষ্টান্ন পাক, (প্রথম ও দ্বিতীয় ভাগ, দ্বিতীয় সংস্করণ)
- চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত ১৩১১
- শ্রী ভবন চন্দসাক, খাদ্য বস্তুর দ্রব্য গুন,কলকাতা,১৮৮৫ সাল
- সুজয় চক্রবর্ত্তী, মিহিদানা সীভাভোগের দেশ ২০১৪, কলকাতা
- শ্রী সুন্দরী দেবী, আমিষ ও নিরামিষ আহার, আদি ব্রাহ্ম সমাজ যন্ত্রে ১৩০৭ সাল অপার চিত্ত দূর রোড ৪
- মইসনদত্ত, বাঙালির খাদ্য কোষ, কলকাতা-৭৩, দে'জ পাবলিশার্স

21

পারিবারিক অনুষ্ঠানে মিষ্টির অবদান

পারমিতা দত্ত (সহযোগী অধ্যাপিকা, ইংরেজী বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

রাখী সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ভালো খাবার হলো আসল সুখের মূল রহস্য। পৃথিবীতে অস্ত্র দ্বারা মত মানুষ মারা যায় তার চেয়ে অধিক সংখ্যক মানুষ মারা যায় ক্ষুধায়। সেটা আমরা "শকুন্তলা" য় মর্মান্তিক অবস্হায় দেখেছি, খাদ্যের অভাবে মানুষের কষ্ট। প্রাচীন কালের রাজা মহারাজাদের খাদ্যের বৈশিষ্ট্য বিভিন্ন বই গ্রন্থ থেকে পেয়ে থাকি। যেমন তপন রায় চৌধুরীর লেখা "মোঘল আমলের খানাপিনা" বই টি থেকে মোঘল দের খাদ্যের প্রতি ভালোবাসা বোঝা যায়। "আইন - ই- আকবরী" র পুরো সাতটি আইনে শুধু খানা পিনা নিয়ে আলোচনা।

বাবরের আত্মজীবনী পড়লে মোঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতাকে আহারে নিতান্তই রীতরান মনে হয় না। আর গুলবদনে "হুমায়ূন - নামা" য মহিলাদের গাওয়ার বহর দেখে একটু চমক লাগে। সেখানে ছিল বিভিন্ন ধরনের বিচিত্র বিচিত্র থানা তৈরির জন্য নানা জাতের বাবুর্চি। "আবুল ফজল" লিখেছেন যে, "বিশেষ ইমানদার লোক দেখেই মীর বকাওয়াল নিয়োগ করা হতো। কথাটা সত্যি হলে বাবুর্চি আর চাশনীগিরদের নসিব খুব খারাপ ছিল বলতে হবে। তবে মোঘল বাদশাহ বাবুর্চি থানায় হাজার রকম ভৈয়ার হতো। সেদিকে ও দৃষ্টি রাখার মতো ছোট নজর নিশ্চয়ই মীর রকাওয়াল-এর ছিলনা"। মোঘল আমল খুঁগে খাদ্যকে আবার তিন ভাগে ভাগ করেছে। "নিরামিষ আকবরের যুগে যাকে সুফিয়ানা বলা হতো। ভাত আর মাংসের খাবার। নানা কায়দায় মাংস রান্না। মোঘল আমলের থানা মিনা ছিল উচ্চ হারে। আবুল ফজলের আহার্য ছিল আকবরী হিসাবে বাইশ সের, মানে বর্তমান হিসাবে প্রায় পনেরো সের। প্রাচীন কাল থেকেই থাবার নিয়ে পরিচর্যা হয় যেমন "মঙ্গল কাব্য" "বৈষ্ণব পদাবলী", "কৌটিল্যের অর্থশাস্ত্র" ইত্যাদি। শ্রী চৈতন্য দেব বাঙ্গালী খাবার কে ব্যাপক ভাবে পরিমার্জিত করে। বৈষ্ণব উৎসবের সময় নিরামিষ খাদ্য হয়। যেমন - মুগেল ডাল, শাক, ঘি, পটল অন্যান সব্জি, নিমপাতা ভাজা, নারকেল, বড়ি, দুধ, কলা, মিষ্টি, পায়েস, দই ইত্যাদি। পোর্তুগিজদের হাত ধরে বাঙ্গালী খাবারে বিশেষ জায়গা করে নেয় মিষ্টি। আগে বাঙালির মিষ্টির মধ্যে দুধ, লাউ, ইত্যাদি ছিল ভভপর পোর্তুগিজদের হাত ধরে "ছানা" আসে যার থেকে রসগোল্লা, বিভিন্ন ধরনের "ছানা" জাতীয় মিষ্টির উৎপাদন হয়।

এক এক মিষ্টি এক এক অঞ্চলে বিখ্যাত হয়ে ওঠে যেমন-কৃষ্ণনগরের স্বরপুরিয়া বা স্বর ভাঁজা, শান্তিপুরের নিকুটি, মুরাগাছার জিলাপি, রানাঘাটের পান্তুয়া, বর্ধমানের মিহিদানা, মালদহের রসকদম, জনাহের মনোহরা, থানাকুলের কালাকাদ, শ্রীরামপুরের মুখোসন্দেশ ও বিখ্যাত হয়ে ওঠে। খানা-পিনা প্রাচীনকাল থেকে এখনো অব্দি চলে আসছে। জীবনীকার নবকৃষ্ণ ঘোষ প্যারীচরনের জীবনচরতিতে লিখেছেন- "বারাসাতে হুগলী ব্রাঞ্চ স্কুলের শিক্ষক যোগেশ চন্দ্র ঘোষের বাড়িতে প্যারীচরন নিমন্ত্রিত হয়ে লুচি পাঠার মাংস পেটপুরে খেয়েও একসের ছানাবড়া খেয়ে নিতেন"। তিনি আরও বলেতেন "আমের আঁটি দাড়ি পর্যন্ত না ঠেকলে আম খাওয়া মঞ্জুর নহে" ।

বারাসাতের নবকৃষ্ণ মিত্রের বাড়িতে পাঠার মাংস রান্না হলে সেই মাংসের অর্ধেক খেতেন প্যারীচরন এবং বাকি অর্ধেক খেতেন বিদ্যাসাগর মশাই।

"বৃহৎ রূপার খালে পাচ ব্রাক্ষণ ঢালে।
মাংসের পোলাও গাদাগাদি কিশুন পাঁঠার হাড়ে অম্বলের তার বাড়ে
কে বুঝিবে ইহার মর্যাদা"।

ঠাকুর বাড়িতে রান্না নিয়ে চর্চা হত। নবীন বাবুচি ছিল ঠাকুরবাড়ির প্রসিদ্ধ স্তূপকার। সেছিল খাঁটি বার্যাদেশী বাবুচি। কিন্তু ইংরেজী রান্নার ওস্তাদ। তার অপূর্ব রান্নায় ঠাকুরবাড়িতে আমন্ত্রিত মানুষদের রসনাতৃপ্তি ঘটত। নিত্য নতুন রান্না খেতে ভালোবাসতেন রবীন্দ্রনাথ ঠাকুর। সেই সম্পর্ক প্রতিমাদেবী তাঁর লেখায় উল্লেখ করেছেন। "নিত্য নতুন রান্না হলে তিনি ভারি খুশি হতেন, তাছাড়া নিজেও নানা প্রকারের রন্ধন তালিকা আমাদের বলতেন। সেই তালিকা অনুসারে রান্না উত্তরে গেলে তার ফূর্তি হতো"। যোগেন্দ্রনাথ সরকার তার ভোজন রসিকতাকে ছাড়ার মাধমে প্রকাশ করেছিলেন-

দাদখানি চাল, মুসুরির ডাল
চিনি পাতা দই, দু'টা পাকা বেল, সরিষার তেল ডিম ভরা কই।।

এভাবেই যুগ যুগ ধরে প্রাচীন থেকে বর্তমানে বিভিন্ন রাজা মহারাজা ও বিশিষ্ঠ্য খ্যাতি নামা ব্যক্তিগন সযত্নে ভোজনরসিক সত্তাটিকে লালন করে আসছেন। একজন ক্ষুধার্ত মানুষ কোনটা সঠিক বা কোনটি ভুল তা পরখ করতে পারেনা। সে তখন শুধুই খাবার দেখে। জলপানের বেলায় একদিকে কচুরি, নিমকি, পাপড় প্রভৃতি নোনতা জিনিস যেমন থাকে তেমনি জিলিপি মিঠাই, গজা, খাজা প্রভৃতি মিষ্টি সামগ্রী ও থাকে। দই ক্ষীর মধ্যাহ্ন ভোজনেও আছে, জলপানেও আছে। ভাতে যেমন অম্বল থাকে, জলপানে তেমনি চাটনি থাকে। সাজানো গোছানো দুই বেলায়ই অনেকটা একই ধরনের হয়। আহারের পর দুই বেলায়ই একখানি কলাপাতায় করিয়া পানের খিলি সকলের সম্মুখে ধরা হয়"।

"খাটি দুধ হইলেই ক্ষীর ভাল হয়। দুধ জ্বাল মারিয়া প্রতি সেরে আধ পোয়া হইতে দেড় পোয়া অবশিষ্ট থাকিলে, ক্ষীর প্রস্তুত হইতে দেখা যায়। আর প্রতি সের দুগ্ধে আধ পোয়া মিষ্টি দিলেই যথেষ্ট হইয়া থাকে। কিন্তু চিনি দিলে তাহাতে উহার ময়লা মিশতে পারে। অতএব উহার পরিবর্তে বাতাসা ব্যবহার অপেক্ষাকৃত পরিষ্কৃত হইয়া থাকে। কেহ কেহ ক্ষীরে গোলাপী আতরের গন্ধ মিশাইয়া থাকেন। আর শেষে ক্ষীরের উপর পাতলা পাতলা পেস্তার কুচি ছাড়াইয়া দিতে হয়।

বাঙালি মানেই খাদ্য রসিক। বাঙালিদের সমস্ত খাদ্যের মধ্যে বিশেষ জায়গা করে আছে বিভিন্ন ধরনের মিষ্টিজাত খাবার। মিষ্টির সাথে সমাজের এক বিশেষ সম্পর্ক লক্ষ করা যায়। অনুষ্ঠান মানেই বিভিন্ন মিষ্টির ব্যবহার। যে কোনো শুভ বা ভালো কাজের আগে মিষ্টি খাওয়া হয়। অনুষ্ঠানে ভাঁজা-পুড়ি, মাছ, মাংস, ঝাল টক চাটনি সব পরে কিন্তু শেষ পাতে মিষ্টি না পরলে অনুষ্ঠান অপরিপূর্ণ থাকে। সামাজিক দিকে মিষ্টির গুরুত্ব এবং বিভিন্ন অনুষ্ঠানেও মিষ্টির গুরুত্ব অপরিসীম। বিভিন্ন অনুষ্ঠানে মিষ্টির ব্যবহার নিয়ে আলোচনা করা হল-

আইবুড়ো ভাত ঃ এই অনুষ্ঠান হলো একটি সামাজিক লোকাচার অনুষ্ঠান। বিয়ের পূর্বে কোন ভালো দিনক্ষন দেখে অবিবাহিতা পাত্র-পাত্রী কে নানা রকমের খাদ্য খাওয়ানোর অনুষ্ঠান। ৩ পাত্র-পাত্রী কে আত্মীয়স্বজন ও খুব কাছের বন্ধু-বান্ধব এই আইবুড়ো ভাত খাইয়ে থাকে।

আইবুড়ো ভাতে চোদ্দ রকমের পদ রান্না করা হয় এবং আরো সেই পাত্র-পাত্রী যাযা খেতে পছন্দ কওে সেই সব আইটেমও দেওয়া থাকে (কিন্তু অনুষ্টানে বিভিন্ন ধরনের খাদ্যের আইটেম থাকলেও চাল, দুধ, চিনি দিয়ে দুধের ক্ষীর/মিষ্টার অন্যতম গুরুত্বপূর্ণ)। এই মিষ্টান্ন না থাকলে এই আইবুড়ো ভাতের অনুষ্ঠান অসম্পূর্ণ থাকে। মিষ্টান্ন বা মিষ্টি জাতীয় দ্রব্য বাধ্যতামূলক থাকতেই হবে। কথিত আছে বিবাহের পূর্বে মিষ্টি বা মিষ্টান্ন খাইয়ে তার ভবিষ্যৎ বিবাহিত জীবনের সুখ শান্তি পার্থনা করা হয়।৩ মিষ্টিকে শুভ ও শান্তির প্রতীকও মানা হয়। শেষ মেশ আত্মীয় বা পরিবার, বন্ধু বান্ধব পাত্র-পাত্রীকে মিষ্টি/মিষ্টান্ন খাওয়ায় এবং আশীর্বাদ করে। এই অনুষ্ঠানে মিষ্টির গুরুত্ব লক্ষ করা যায়।

আটকড়াই অনুষ্ঠান ঃ-আটকড়াই অনুষ্ঠান হল সন্তানের জন্মের অষ্টম দিনের অনুষ্ঠান। বাংলার প্রাচীন অনুষ্ঠান গুলোর মধ্যে অন্যতম। অধুনা বিলুপ্ত প্রায়। ওই দিন পাড়ার ছেলেরা কুলো পিটিয়ে ছড়া বলে। শিশুর মঙ্গলকামনা করে এবং বিনিময়ে তাদের মুগ, ছোলা, খেসারি, মটর ভাজা আর মুড়ি চিড়ে খেতে দেওয়া হয় সঙ্গে মিষ্টি ও থাকে। মিষ্টির চাহিদাই বেশি থাকে।

অন্নপ্রাশন বা নামকরণ অনুষ্ঠান ও অনেকটা আইবুড়ো ভাতের অনুষ্ঠানের মতোই। সদ্যজাত শিশুর মুখে প্রথম অন্ন। দেওয়ার নামই হল অন্নপ্রাশন অনুষ্ঠান ও সেই

শিশুর প্রথম নাম: দেওয়া হয় সেই অনুষ্ঠানকে নামকরণ অনুষ্ঠান বলে। এই অনুষ্ঠান আর্থিক ক্ষমতা অনুযায়ী বড়ো ছোট অনুযায়ী করে। পরিবারিক কাজের বন্ধু-বান্ধব ও আত্মীয় স্বজন সকলে এই অনুষ্ঠানে আমন্ত্রন থাকে। এই অনুষ্ঠানে মিষ্টির গুরুত্ব অপরিসীম। সেই শিশুর অন্নপ্রাশন অনুষ্ঠানে শিশুর মুখে প্রথম অন্ন জাতীয় খাবার তুলে দেওয়া হয় যা মিষ্টান্ন (দুধ, চাল, চিনি)। যতদিন শিশুর মুখে এই অনুষ্ঠানের মাধ্যমে মিষ্টার না খাওয়ানো হয় ততদিন যে কোন অন্ন জাতীয় জিনিস খাওয়া বারণ থাকে। আত্মীয় স্বজন সেই শিশুকে মিষ্টান্ন খাওয়ায় এবং আশীর্বাদ দেয়। তার ভবিষ্যৎ যেন মিষ্টি এবং সুন্দর হয়। বাচ্চার নামকরণ হওয়ার সাথে সাথে আত্মীয় স্বজনরা সবাই সবাইকে মিষ্টি মুখ করার। তাদের জন্য এটি একটি আনন্দের অনুষ্ঠান। তাই মিষ্টি তো থাকতেই হবে।

বিভিন্ন সামাজিক মেলা ঃ-বিভিন্ন সামাজিক আঞ্চলিক মেলা আর অনুষ্ঠান বিভিন্ন পৃথক পৃথক অঞ্চলে পৃথক পৃথক নামে অনুষ্ঠিত হয়। মেলা অনুষ্ঠিত অঞ্চলের বসবাস কারী মানুষদের পরিবারে তাদের আত্মীয়স্বজন ঘুরতে আসে। মেলায় স্বাদ গ্রহণে। মেলার মধ্যে বিভিন্ন রকমের দোকান পাট বসে। এই সব দোকানপাটের মধ্যে সবচেয়ে অন্যতম হল মিষ্টির দোকান। মেলার মিষ্টির দোকানে বিভিন্ন রকমের মিষ্টির রূপ আমরা দেখতে পাই। যেমন- জিলাপি, বোদে, মিহিদানা, কদমা, গজা, সীতাভোগ, রসগোল্লা, কালোজাম, দানাদার, খাজা, মালপুয়া ইত্যাদি বিভিন্ন ধরনের মিষ্টি মেলায় পাওয়া যায়। মিষ্টির দোকানে মানুষ জনের মিষ্টি কেনার ভিড় জমে যায়। ঘুরতে আসা আত্মীয় স্বজনরা মিষ্টি জিলাপি কিনে আত্মীয় বাড়ি দেয়। যাতে তাদেও মধ্যে আত্মিয়তার মিষ্টি সম্পর্ক বজায় থাকে। মিষ্টিকে শুভ খাদ্যক হিসাবে গন্য করা হয়।

বিভিন্ন রকমের পূজা : আগেকার দিকে কথিত ছিল যে, দুধ ছানা কাটার পর যে মিষ্টি তৈরি করা হয় তা দিয়ে কোন পূজা করা যাবেনা। কারণ নষ্ট জিনিস দিয়ে দেব-দেবীর আরাধনা করা যায় না। ক্ষীর জাতীয় মিষ্টি দিয়ে পূজা হত। মিষ্টান্নকে পাকা ভোগ হিসাবে গন্য করা হয়। কিন্তু বর্তমান যুগে মিষ্টি ছাড়া কোনো পূজোই হয়না। বেজোর মিষ্টি পূজোতে দিতে হয়। দূর্গা পূজোতে বিভিন্ন ধরনের মিষ্টি থাকে সকলে দেবীর আরাধনায় ৫ রকমের মিষ্টি নিয়ে যায়। আবার পূজোর আগে প্রতিটি বাড়িতে গুড় দিয়ে জড়ানো খই, নারকেল, দুধ, চিনি, গুড় দিয়ে নারকেল নাড়ু আবার তিলের নাড়ু প্রতিটি বাড়িতে পাওয়া যাবে। মিষ্টিকে তো শুভ মানা হয় তাই পূজোর আগে এইসকল মিষ্টি জাত দ্রব্য প্রস্তুত করা হয়। লক্ষ্মীপূজো, সরস্বতী পূজোতেও নারকেলে গুড় দিয়ে নারকেল ও চিনি দিয়ে দুইপদের নারকেল নাড়ু ও তিল ও গুড় দিয়ে তিলের নাড়ু, মুড়ি ও গুড় দিয়ে মুড়ির মোয়া বা চিড়ে ও গুড় দিয়ে চিড়ের মোয়া বানানো হয়। গুড় দিয়ে খই জড়ানো ইত্যাদি এইসব মিষ্টি জাতীয় দ্রব্যের মধ্যে দিয়ে খ্যাতি লাভ পায় অনুষ্ঠানগুলি। ৩ মোয়া, নাড়ু পূজো উৎসব উপলক্ষে বানানো

হয় বিশেষ করে। মিষ্টি জাতীয় দ্রব্যের সাথে পূজোর সম্পর্ক অনেক। যে কোন পূজোতে মিষ্টি থাকতেই হবে বর্তমান যুগে অনুসারে। কারণ মিষ্টি ও পূজো দুই শুভ বলে ধারনা করা হয়। মিষ্টি খাদ্যের সামাজিক গুরুত্ব অপরিসীম।

বিবাহসূচক অনুষ্ঠান : বিবাহ একটি অতি-শুভ সূচক অনুষ্ঠান। বিয়েতে বেশি পরিমাণে মিষ্টির ব্যবহার লক্ষ করা যায়। নানা ধরনের মিষ্টি যার যা আর্থিক অবস্থা সেই অনুযায়ী থাকে। পাত্রী বা পাত্রকে সকাল থেকে দুই পক্ষের মানুষজন পাত্র- পাত্রীকে বসিয়ে দাবা, ধান, প্রদ্বীপ জ্বেলে আশীর্বাদ দেওয়া হয় এবং রসগোল্লা খাওয়ানো হয়। কথিত আছে লোককথায় যে মিষ্টি খাওয়ানো উদ্দেশ্য থাকে যাতে পাত্রী। পাত্র পক্ষের সাথে এবং পাত্র পাত্রী পক্ষের সাথে মিষ্টি বা ভালো সূচক ব্যবহার করবে। দুই পক্ষের মানুষ সবাই সবাইকে মিষ্টি খাওয়ানো হয় যাতে তাদের সঙ্গে সু-সম্পর্ক বজায় থাকতে পারে। বিয়ের দিন পাত্রী পক্ষের বাড়িতে হিন্দু পরিবারে রাত্রিবেলা প্রীতি-ভোজন আয়োজন থাকে। খাবারের পাতে এক এক করে সব আইটেম আসতে থাকে। লেবু, লবণ, বেগুনী, ভাত, ডালের বিভিন্ন আইটেম, মাছের বিভিন্ন আইটেম, মাংস, চাটনি ও পাপড় পরিবেশন করার পর শেষ পাতে আসে মিষ্টি। আর্থিক সামর্থ অনুযায়ী মিষ্টির আইটেমে থাকে অনেক ধরনের রসগোল্লা, রসমালাই, ক্ষীরকদম এক এক বাড়িতে এক এক ধরনের নানা মিষ্টি থাকে। কিন্তু তার মধ্যে প্রত্যেক বাড়িতে রসগোল্লা, দই/আইসক্রীম থাকে। শেষ পাতে মিষ্টি দেওয়া হয় যাতে সবকিছু শুভ হয়। তাদের মুখে মিষ্টি থাকে। মিষ্টি ছাড়া বিবাহ অনুষ্ঠান হবেই না। অপরিপূর্ণ থাকবে। মিষ্টি অন্যতম আইটেম বিবাহ অনুষ্ঠানে।

বৌভাত: দুপুরের দিকে নতুন থালা বাটিতে নানা রকম রান্না মাছের মাথা, মাছের লেজা, দই মিষ্টি পায়েস ইত্যাদি এবং শাড়ি ও প্রসাধন সামগ্রী সাজিয়ে বর বধূকে হাতে তুলে দেবে এবং বলবে "আজ থেকে তোমার ভাত-কাপড়ের ভার নিলাম"। ভাতের মধ্যে মেশানো থাকবে পঞ্চমৃত (দই, দুধ, ঘি, মধু, চিনি)। সেই ভাত বধু অল্প অল্প করে সকলের পাতে পরিবেশন করবে। বন্ধুকে এই মিষ্টান্ন জাত দ্রব্য পরিবেশন করাণ বলে ধারনা করা হয় সবার সাথে সু-সম্পর্ক বজায় যাতে থাকে ভবিষ্যতে তার জন্য।

জন্মদিন ঃ মানুষের জন্মদিন অনুযায়ী এই অনুষ্ঠান পালিত হয় । এই অনুষ্ঠানে দুধ, চাল, চিনির ক্ষীর থাকে যেটা শিশুকে আশীর্বাদ এবং তার ভবিষ্যৎ শুভ হোক সেই কামনা করে খাওয়ানো হয়। এখন ক্ষারের সাথে সাথে কেকও কাটার প্রচলন হয়েছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- বিপ্রদাস মুখোপাধ্যায়,মিষ্টান্ন পাক, কলকাতা, ১৩১৯ সাল ২০১ নং কর্ণ ওয়ালিম স্টীট বেঙ্গল মেডিকেল লাইব্রেরী হইতে, পৃষ্ঠা নং ২৮৩, ১৫
- প্রণব রায়, বাংলার খাবার, সাহিত্য লোক, ১৯৮৭ সাল, কলকাতা

- মিলন দত্ত, বাঙালির খাদ্য কোষ ২৩ দে জ পাবলিশার্স, কলকাতা, পৃষ্ঠা নং ৬,৯
- শ্রী বিপ্রদাস মুখোপাধ্যায়, পাক প্রনানী ২০১ নং কন ওয়ালিম স্ট্রীট বেঙ্গল মেডিকেন লাইব্রেরী হইতে ১৩১৭ সাল, কলকাতা, পৃষ্ঠা নং ১২, ১৩
- শ্রী মা প্রজ্ঞা সুন্দরী দেবী, আমিষ ও নিরামিষ আহার, আদি ব্রাহ্ম সমাজ যন্ত্রে ১৩০৭ সাল, অপার চিত্তপুর রোড,পৃষ্ঠা নং ২৪.
- সুকন্যা দত্ত, মুঘল আমলের খাদ্য বিলাসিতার ইতিহাস, কথা বৃক্ষ, ২০২০ সাল, কলকাতা,
- তপন রায় চৌধুরী, মোগল আমলের খানাপিনা, আনন্দ পাবলিশার্স, ২০০৯ সাল, কলকাতা ৩,৪,৫,৬,৭
- চিন্তাহরন চক্রবর্তী, হিন্দুর আচার অনুষ্ঠান, প্যাপিরাস, ২০০১ সাল কলকাতা
- ইন্দুভবন সেন,বাঙালীর খাদ্য, কলকাতা,১৯২৮
- কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় মধ্যযুগের বাংলা দে'জ পাবলিশার্স, ২০০২ সাল কলকাতা
- স্ত্রী বিষদাস মুখোপাধ্যায়, মিষ্টার পাক (প্রথম ও দ্বিতীয় ভাগ দ্বিতীয় সংস্করণ) শ্রী গুরু চরন চট্টোপাধ্যায় কর্তৃক প্রকাশিত ১৩১১
- দেবাশীষ মুখোপাধ্যায়, বাংলার খাবার বাঙালীরখাবার, কবি প্রকাশনি, ১৭২০

22

ঔপনিবেশিক আমলে পুলিশি ব্যবস্থার প্রয়োজনীয়তা - একটি পর্যালোচনা

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা, হিন্দু কলেজ)

পল্লবী ভাবক (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙা হিন্দু কলেজ)

বাংলার অস্থির রাজনৈতিক অবস্থায় বিভিন্ন দস্যু দলের উদ্ভব ঘটেছিল। তারা সাধারণ মানুষের জীবনকে বীতশ্রদ্ধ করে রেখেছিল তাদের মধ্যে অন্যতম ছিল ডাকাত, ঠগী, ঠ্যাঙ্গারে প্রভৃতি দস্যু দল গণ্ডিত শ্রী রামক্ষয় চট্টোপাধ্যায় তার গ্রন্থে (পুলিশ ও লোকরা) নিপুণভাবে এদের বর্ণনা দিয়েছেন। এক্ষেত্রে প্রথমেই আসে কুখ্যাত ঠগী দস্যুদের কথা, যারা মানুষের মধ্যে কুসংস্কার রচিত করে এমন ভয় সৃষ্টি করেছিল যে সাধারণ মানুষ তাদের দমনের কথা চিন্তাও করত না। আর এইসব ঠগদের সাহায্য করত জমিদার, কতোয়াল, পাটেল, সীমানাদার প্রভৃতি লোকজন যারা শব্দের উপস্বত্ব ভোগ করত।

ঠগী দস্যুদের মধ্যে বিভিন্ন প্রকারের ভাগ ছিল তারা ভারতের প্রায় সর্বত্রই অত্যাচার চালাত এদের মধ্যে এদের মধ্যে সবচেয়ে ভয়ংকর ছিল ফাঁসুড়ে ঠগ। যারা বেশি অস্ত্রশস্ত্র ব্যবহার করত না। এরা একটি রুমাল, কোমরবন্ধনী বা দড়ি দিয়েই অল্প সময়ের মধ্যে হত্যাকার্য সম্পন্ন করতো এদের মানুষ হত্যা করার পদ্ধতি ছিল এই রকম যে, স্থানে পথিকদের সাথে মিলিত হয়ে বহুদিন তাদের সাথে যাত্রা করতো। বন্ধু ভাব করত তারপর পথের মধ্যে সুবিধাজনক স্থান পেলে সংকেত বাক্য নির্গত করে, জমাল বা দড়ি অতর্কিতে গলায় ফাঁস দিয়ে হত্যা করত। বন্ধুত্বতার ভাব করে ঠকিয়ে হত্যা করত বলে সম্ভবত এদের নাম ছিল ঠগী।

হিন্দু বা মুসলমান উভয় ঠগেরাই ভবানী দেবীর উপাসক ছিলেন। দেবীর প্রীতিকামনা স্ত্রী, বালক, বৃদ্ধ সকলেরই প্রাণ বিনাশ করত এরা। ঠগীরা প্রাণ নাশ করে দ্রব্যাদি লুণ্ঠন করে মৃতদেহ নদী, বন বা গিরিগহনে নিক্ষিপ্ত করত। এরা ছাড়াও ধুভূবিঘা (ধুতরা ও কুচলিয়ার বীজের বিষাক্ত চূর্ণ দ্বারা সম্পূর্ণ হত্যা করে।) মেঘপুন্যা (এরা যোগী, বৈরাগীর সন্ন্যাসীর বেশধারণ করে ঘোরে, পিতা-মাতাকে হত্যা করে সন্তানদের বিক্রি করে দেয়) ঠগভাগ (স্ত্রী এমনকি বালক বালিকারাও চৌর্যবৃত্তিতে লিপ্ত থাকে, তেমন মারাত্মক নয় তবে চৌর্যবৃত্তিই এদের প্রধান কাজ)। মেঘীঘা, থৈকারী নামক ঠগ ছিল। এমনকি বলশালী অস্ত্রধারী মুসলমান পথিকও এদের হাত থেকে রেহাই

পায় না। ঠগেরা পথের মধ্যে মৃত্যুর ভান করে পড়ে থাকে। ধার্মিক মুসলমান অশ্ব থেকে অবতরণ করলে ঠগেরা তাকে হত্যা করে। ঠগীদের ফন্দি ও চাতুরীর কূল কিনারা নেই 1812 খ্রিঃ লেফটেন্যান্ট মনসেল সাহেব ঠগের হাতে পড়ে প্রাণ হারায়।[১] এই ঘটনায় ইংরেজদের টনক নড়ে। 1816 খ্রিঃ ডাঃ সেবউড সাহেব ঠগেদের অত্যাচারের কথা বর্ণনা করে মাদ্রাজ লিটেরাসী জার্নাল প্রকাশ করেছিলেন। এতে তিনি বিভিন্ন ভয়ঙ্কর ঘটনা তুলে ধরেন, এর পূর্বে ঠগেদের ক্রিয়াকলাপ বংশপরম্পরায় যে সামাজিক ও লৌকিক ভাবে গ্রোথিত তা ব্রিটিশ শাসকরা অনুধাবন করতে পারেনি।

লর্ড বেন্টিঙ্ক ঠগ বিষয়ে অতিশয় আগ্রহ প্রকাশ করলেন এবং সেই অনুসারে উচ্চপদস্থ কর্মচারীগণ অনুসন্ধানের দায়িত্ব নিজের হাতে নিলেন, কর্ণেল স্লীম্যান, মেজর বার্থউইক, কাপ্টেন বেনোল্ডস ও হেনলী প্রমুখ সাহেব অনেক ঠগ ধরা পড়ল। গোয়েন্দাদের হাতে ঠগদের বীভৎস হত্যালীলার প্রমাণ এলো। কিন্তু বিচারের ক্ষেত্রে পারিপাট্য প্রমাণের অভাবে আদালতের জজেরা কিছু প্রকৃত ঠগকে ছেড়ে দিয়েছিলেন। তার ফল হল আরও মারাত্মক তারা বাইরে এসে দ্বিগুণ উৎসাহে হত্যালীলা ও অত্যাচার চালাতে লাগল। এ থেকে প্রতিবিধান হিসাবে 1836 খ্রিঃ 30 আইন এবং 1837 খ্রিঃ 18 আইন জারি করা হল। স্লীম্যানের উদ্যোগে আবারও ঠগদের বন্দি করে কঠোর শাস্তি প্রদান আশ্রিত করদ রাজ্যে আক্রমণ করা হয়। লর্ড অকল্যাণ্ডের আমলে ঠগদের বাড়িতে আগুন লাগানো হয়। আর ঠগদের দমন করতে মিত্ররাজাগণ ও সম্যকভাবে সহায়তা প্রদান করেছিলেন। এইভাবে ঠগদের দমন করা হয় এবং ফাঁসুরিয়া ঠগের বংশ বিলুপ্ত হয়।

হুগলী, বর্ধমান, বাঁকুড়া, মেদিনীপুর জেলায় ঠ্যাঙ্গারে বা লাঠিয়ারা নামে আরও একদল দস্যু ছিল। কোন পুল, পুকুরের উঁচুপাড় আদি অবলম্বন করে ঠাঙ্গারেরা থাকত। পথিকরা নিকটবর্তী হলে তাকে হত্যা করে জিনিসপত্র লুঠতরাজ করত। বাংলার আর এক দস্যু ছিল ডাকাত, যাদের দৌরাত্ম্য নেহাত কম নয়। 1851 খ্রিঃ হুগলির ম্যাজিস্ট্রেট মি. ওয়াকফ সাহেব ডাকাতি অত্যাচার সমাধান কল্পে নিযুক্ত হয়েছিলেন। ডাকাতরা পথে ঘাটে বা লোকালয় যখন তখন দলবোধে প্রবেশ করে

সম্পদ লুঠ করে গৃহস্থের উপর অত্যাচার বা বেশিরভাগ সময় নিহত করে। ডাকাতি নিবারণের জন্য ম্যাজিস্ট্রেট গোয়েন্দা নিয়োগ করে এবং অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে তালিকা তৈরি করে 47 জন ডাকাতকে গ্রেপ্তার করলেন। তারা দীপান্তরে নির্বাসিত ও কারারুদ্ধ হলে ডাকাতি নিরসন হয়।

পেশাদার দস্যুরা দলচ্যুত হয়ে চৌর্য্য কার্যে ব্রতী হয়, তার মধ্যে সিধ চোর, ছিঁচকে চোর, গাঁটকাটা ও পিকপকেট প্রভৃতি চোরের শ্রেণীভেদ আছে। আর এরা ছাড়া

বাটপাড় ও থাঙ্গীদার নামে দুই প্রকার চোর ছিল। চোর ও ভালমানুষের মধ্যবর্তী দালাল হচ্ছে বাটপাড় চোরা জিনিস হস্তান্তরিত করা এদের কাজ। এরা আবার এতই শট ও চতুর যে চোরা জিনিস থেকে চোরকে বঞ্চিত করার চেষ্টা করে। যে ব্যক্তি অন্যায় লব্ধ অর্থাৎ চোরা জিনিস দুরভিসন্ধি সহকারে নিয়ে রাখে তাকে থাঙ্গী বা থাঙ্গীদার বলে। গিরিশচন্দ্র বসুর বর্ণনায় মনোহর ঘোষের থাঙ্গীদার গোপাল পোদ্দার নামক একজন ব্যবসায়ীকে দেখতে পাওয়া যায়। এরা ভাল মানুষের মতো বাহা আয়ম্বর করে সমাজের মধ্যে ভদ্রলোক সেজে থাকত। এদেরকে সহজে চিহ্নিত করা দুঃসাধ্য কাজ ছিল।

পল্লীগ্রামে যখন এলাকা দখল করে ক্ষমতা করায়ত্ব করার লড়াই লাগত তখন তা হত ভয়ঙ্কর, কেননা সেই লড়াইয়ে দুই প্রতিবন্ধী ছিল জমিদার ও নীলকরেরা। উভয়পক্ষই ছিল সম্পদশালী এবং লাঠিয়াল শক্তিতে ভরপুর অসহায় দর্শকদের মত দারোগারা দাঁড়িয়ে দেখত সে লড়াই। কারণ ভয়াবহ সেই লড়াই টেকাবার মতো সাজসরঞ্জাম হতভাগ্য দারোগাদের প্রায় থাকত না বললেই চলে।[২] গিরিশচন্দ্র নিজে একজন দারোগা হওয়ার সুবাদে এরকম একটি ঘটনার বর্ণনা করেছেন। 'খড়ে পারের রাবণ রাজা' ও 'আমরা মার খাই' - এই দুই প্রবন্ধে জমিদার এবং তার অনুগত প্রজার দ্বারা দারোগাদের উপর হওয়া নির্যাতনের কাহিনী বর্ণনা করেছেন। নাকাশী পাড়া এলাকায় দু'জন জমিদার, তারা দু'জন প্রতিদ্বন্দ্বী ছিলেন। একজন একটি গ্রাম জ্বালিয়ে দিলে অপরজন আরও দুটো গ্রাম জ্বালিয়ে দিত। কোন সময় গুলির লড়াই চালাত, তাদের ভয়ে প্রজারা কেউ সাক্ষ্য দিত না। আর তারা নিজেদের দোষ ঢাকবার জন্য দারোগাদের উপর অত্যাচার করে গ্রাম ছাড়া করতে বাধ্য করত। এমনকি সাহেব দারোগাদেরও তারা ছাড়ত না।

1852 খ্রিঃ ডাকাত দমনের জন্যে 'ডেকোইটি কমিশন' গঠিত হয়েছিল, হুগলি, হাওড়া, বর্ধমান, নদিয়া এবং চব্বিশ পরগণায় ডাকাতির প্রাধান্য বেশি ছিল বলে। সেই অঞ্চলে বিশেষ অভিযান চালানো হত। এই ব্যাপারে ভারপ্রাপ্ত অফিসার ছিলেন। এলকিনস্টোন জ্যাকসন। 1854 খ্রিঃ গ্রেপ্তারীকৃত গ্যাং গুলির উল্লেখযোগ্য ছিল ধনিয়াখালি গ্যাং, হরসরদার গ্যাং, কুলীনগ্রাম গ্যাং প্রভৃতি। 1861 সালে নতুন পুলিশ সৃষ্টি হলে, গর্ভমেন্ট শান্তি স্থাপিত হয়েছে মনে করেন। 1863 সালে ঠগী ও ডাকাতি এলাকা উঠিতে দেন। এরই মধ্যে বাংলায় কিছু জেলায় বিষাক্ত দ্রব্য দিয়ে মানুষ মেরে, লুঠতরাজের সংখ্যা বৃদ্ধি পায়। নতুন পুলিশ এইসব ঘটনার কিনারা করতে পারে না। ফলে দস্যু দলের সাহস বৃদ্ধি পায়। 1864 খ্রিঃ হার্বি সাহেব সুপারিনটেনডেন্ট এবং রাইলি সাহেব উনার সহকারী নিযুক্ত হয়ে দস্যুদলের কিছুটা নিয়ন্ত্রণে নিয়ে আসেন। প্রকৃত অপরাধী অনেক ধরা পড়লে অপহৃত সম্পত্তি উদ্ধার করা গেল।

গিরিশ চন্দ্র বসুর বর্ণনায় নিস্কেল চোর, নীলকুঠিতে গোমত্রা আসলে ডাকাত দলের সর্দার এই রকম অনেক ঘটনার বর্ণনা পাওয়া যায় উপরোক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে অবশ্যই একথা স্বীকার্য যে, তৎকালীন বাংলায় মানুষদের অনেকটা অনিশ্চয়তার মধ্যে দিয়ে দিন যাপন করতে হতো এই জন্য একটি সুসংগঠিত সুরক্ষিত বাহিনীর প্রয়োজন ছিল রিশান্ত স্বীকার করেছেন তিনি যে সময় নবদ্বীপের দারোগা দিলেন। সেখানে সর্বতোভাবে শান্তি স্থাপনের চেষ্টা করতেন ব্রিটিশ সরকারও বিভিন্নভাবে দস্যু দমন করে সুসংগঠিত ব্যবস্থা গড়ে তোলার পক্ষপাতী ছিলেন।

পুলিশ অত্যাচার নিবারনার্থে সরকার বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছিলেন পুলিশদের অত্যাচার সম্পর্কে সরকারকে অবহিত করার জন্য বাংলা পত্রিকাগুলি অনুবাদের দপ্তর তৈরি করা হয়েছিল। এই দপ্তরের ভারপ্রাপ্ত জন রবিনসন জানিয়েছিলেন মফস্বল থেকে প্রকাশিত অধিকাংশ তেই অত্যাচার কনস্টেবলদের ভূমিকা অনস দায়িত্বহীন এমনকি চুরি-ডাকাতিসহ অপরাধের পৃষ্ঠপোষক বলে অভিহিত করা হয়েছিল।[৩] ম্যাক্সিম গোর্কির মতে পুলিশ ও সাধারণ ঘরের ছেলে এরা শ্রেণীগতভাবে আমাদের শত্রু নয়। সমসাময়িক পত্রিকাগুলোও পুলিশ দারোগার অত্যাচার অবিচার নিপীড়ন সম্পর্কে সম্পাদকীয় মতামত প্রকাশ করলেও কখনো ব্রিটিশ ঔপনিবেশিক শাসন ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ করা যে ন্যায় সঙ্গত তা ভাবতে অভ্যস্ত হতে পারেননি। -- ভারা বারবার ব্রিটিশ শাসনের ভুল সংশোধনের দাবি জানিয়েছে। এমনকি কাঙাল হরিনাথেরও ধারণা ছিল ব্রিটিশ পুলিশ ব্যবস্থায় শিক্ষিত লোক প্রবেশ করলে পুলিশি ব্যবস্থার উন্নতি হবে।

1843 খ্রিস্টাব্দে 24 আইন জারি করা হয়েছিল। এই আইন অনুসারে কোন ব্যক্তি আইন জারির পূর্বে অথবা পরে কোম্পানির এলাকার মধ্যে অথবা তার বাইরে দলবদ্ধ হয়ে ডাকাতিতে লিপ্ত ছিল এমন প্রমাণ হলে তার যাবজ্জীবন দ্বীপান্তর বা কঠোর কারাদণ্ড দেওয়া হবে। 1961 সালের পুলিশের ধারা অনুযায়ী বিভিন্ন অন্যায় কাজে যুক্ত পুলিশের কারাদণ্ডের ব্যবস্থা করা হয়। কয়েকজন কারাদণ্ডে দণ্ডিতও হয়েছিলেন। উনিশ শতকের অন্তিম দশকের একেবারে প্রথমে সরকারের ধারণা ছিল পুলিশে যথেষ্ট দুর্নীতি আছে, এইজন্য তারা বেতন বৃদ্ধির ও সিদ্ধান্ত নেন। যাতে দুর্নীতি কম হয়। 1905 খ্রিঃ 21শে মার্চ ব্রিটিশ ভারতের তৎকালীন স্বরাষ্ট্র দপ্তরের এক রেজুলেশন অনুযায়ী লেখা হয়েছিল যে, ভারতে জনস্বার্থ সেবামূলক সরকারি প্রতিষ্ঠানগুলির মধ্যে পুলিশি দপ্তর এবং তার ঐতিহ্যেই সবচাইতে পশ্চাদপদ।[৪]

পুলিশি ব্যবস্থার মধ্যেও নানারকম সমস্যা ছিল গিরিশচন্দ্র বসু উল্লেখ করেছেন পুলিশদের কোন দস্যুকে গ্রেপ্তার বা কোন সমস্যার সমাধানের জন্য অতি অল্প সময় প্রদান করত ম্যাজিস্ট্রেটরা। ফলে ওই সময়ের মধ্যে পুলিশরা সঠিকভাবে তথ্য সংগ্রহ

করতে না পারায়, সন্দেহের বশে যাদেরকে পেত তাদের নির্যাতন। করত। আবার পুলিশদের কাজের মধ্যে অনেক অসঙ্গতি দেখতে পাওয়া যায়। যেখানে দেখবে গৃহস্থ অপরাধীকে ধরেছে বা চিনেছে এবং অপহৃত দ্রব্যাদি সন্ধান সহজসাধ্য এমন স্থলে ঘটনা সত্য বলে পুলিশ স্বীকার করবে, জটিল সমস্যা থাকলে তারা তা অগ্রাহ্য করত।

ব্রিটিশ শাসকদের মধ্যেও দুর্নীতি ছিল। ওয়ারেন হেস্টিংস সুপ্রিম কাউন্সিল অব বেঙ্গল এর প্রধান কর্মাধ্যক্ষ ছিলেন। এই কাউন্সিলের অন্য সদস্যগণ জর্জ মনসন, রিচার্ড বারওয়েল, ফিলিপ ফ্রান্সিস হেস্টিংসের বিরুদ্ধে দুর্নীতির অভি আনেন। মহারাজা নন্দকুমারও ছিলেন, তাঁর বিরুদ্ধে জালিয়াতির অ সুপ্রিম কোর্টের বিচারে ফাঁসি দেওয়া হয় তৎকালীন বিচারপতি, এলিজা ইম্পে রিঙ্গো হেস্টিংস-এর ছেলেবেলার বন্ধু।[৫]

কর্ণওয়ালিশ প্রবর্তিত পুলিশি ব্যবস্থা পক্ষপাতদুষ্ট ছিল। কারণ পদগুলিতে কখনই ভারতীয়রা অধিষ্ঠিত হতে পারত না। কাঙাল হরিনাথের গ্রামবার্তা প্রকাশিকা পত্রিকাতেও আমরা এরকম তথ্য পায়। পত্রিকাগুলিতে পুলিশদের বিপক্ষে সবসময় বক্তব্য পেশ করা হয়েছে। পত্রিকা সবসময় সমকালীন ইতিহাস তুলে ধরার জন্য গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে বিবেচিত হয়। যদিও সম্পাদকীয় মত পার্থক্য লক্ষ্য করা যায়। তথাপি সমকালীন প্রায় সমস্ত পত্রিকার তথ্যানুসারেই পুলিশদের সম্পর্কে বিরূপ মনোভাব পোষণ করা হয়েছে। কিন্তু ব্রিটিশ বিচার ব্যবস্থার পক্ষে আস্থাজ্ঞাপন করা হয়েছে।

আধুনিক পুলিশি ব্যবস্থা সংগঠনে ভারতে ব্রিটিশ সরকার 1822 খ্রিঃ প্রতিষ্ঠিত রয়্যাল আইরিশ কনসটাবুলারি মডেল গ্রহণ করেছিল। এই মডেলে গুরুত্ব ছিল মূলত বিদ্রোহ, প্রতিবাদ ও দাঙ্গা দমনের উপযোগী প্যারামিলিটারি পুলিশ। আইরিশ কাঠামো বিদ্রোহপ্রবণ, সন্দেহজনক, অবিশ্বাসী অপর জনগণের জন্য তৈরি। আরেকটি কারণ হল - ঔপনিবেশিক শাসনকাজে মূলত মিলিটারি প্রয়োজন হত। তাই এসব সমস্যার সমাধান ছিল পুলিশকেই মিলিটারি ফোর্সের রূপ দেওয়া। সাঁওতাল বিদ্রোহ, সিপাহী বিদ্রোহ, নীল বিদ্রোহ দমনের মাধ্যমে পুলিশের প্যারামিলিটারি রূপেরই দৃষ্টান্ত ফুটে উঠেছে।[৬]

রবীন্দ্রনাথ বলেছিলেন - পুলিশ একবার যে চারায় অল্পমাত্র দাঁত বসাইয়াছে সে চারায় কোনও কালে ফুলও ফোটে না, ফলও ধরে না উহার লালায় বিষ আছে। - যা পুলিশি কার্যকলাপ ও তাদের সম্পর্কে যথার্থ সাক্ষ্য দেয়। তদন্তের নামে নির্বিচারে ধরপাকড়, জবানবন্দি আদায়ের জন্য নির্যাতন কথায় কথায় নজরানা দাবি ছিল। পুলিশি ব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য। ব্রিটিশ সরকারের পুলিশ চরিত্র নিয়ে উত্থিত অভিযোগের পূর্ণ মান্যতা দেওয়া সম্ভব ছিল না। কারণ ঔপনিবেশিক শাসনের রাষ্ট্রযন্ত্রের মূল চালিকা

শক্তি ছিল পুলিশ ও সেনাবাহিনী। পুলিশদের নৈতিক অবক্ষয়ের জন্য স্বল্প বেতনকেও দায়ী করা যেতে পারে। আবার গ্রামীণ মানুষদের মধ্যে কূট-কাচালি ছিল, যা গিরিশচন্দ্র বসুর বর্ণনায় ফুটে উঠেছে। আর নির্যাতনের অনেক ক্ষেত্রেই দেশীয় দারোগাদের কীর্তিকলাপ লক্ষ্য করা গিয়েছিল।[৭]

1855 খ্রিঃ সরকারের 'টর্চার কমিশন' এর তথ্যানুযায়ী ব্রিটিশ সরকার তার পুলিশ প্রশাসনের অভ্যন্তরীণ দূর্নীতি সম্পর্কে সম্পূর্ণ ওয়াকিবহাল ছিল। কিন্তু এদেশে তাদের শাসন ও শোষণ কায়েম রাখার স্বার্থেই তারা তাদের পুলিশ প্রশাসনের এই ধরনের দুর্নীতিকে প্রচ্ছন্নভাবে মদত দিয়ে গিয়েছিল। বহিরঙ্গে কঠোর নিয়মানুবর্তিতার কথা বললেও তারা অন্তরঙ্গে তাদের শাসনব্যবস্থা অব্যাহত রাখার স্বার্থেই এব্যাপারে প্রয়োজনীয় আপসকে মান্যতা দিয়েছেন। - আসলে ভারত ছিল ব্রিটিশদের কাছে কলোনি, তাই তারা ভারতীয়দের স্বার্থের কথা ভেবে খুব একটা কাজ করেনি। তবে একথা বলাবাহুল্য যে, কয়েকজন ব্রিটিশ প্রশাসক পুলিশি ব্যবস্থার উন্নতি ও জননিরাপত্তা সাধনে প্রয়াসী হয়েছিলেন। প্রথাগত অর্থে ব্রিটিশ রাই কোন পুলিশি ছিল না। তবে ডেভিড আর্নল্ড মনে করেন যে, 1852 খ্রিস্টাব্দের বিদ্রোহ থেকে 1947 খ্রিঃ ক্ষমতা হস্তান্তর পর্যন্ত এই সময়ে একটি পুলিশিরাজ ক্রমশ এদেশে গেড়ে বসে।[৮] তবে একথা স্বীকার্য যে, পুলিশ দ্বারা দমনপীড়নের ক্ষেত্রে দেশীয় দারোগা ও ব্রিটিশ সরকার উভয়েরই ভূমিকা রয়েছে, যাদের হাতে বলি হয়েছিল নিরীহ সাধারণ নাগরিক। তবে ঔপনিবেশিক আমলে পুলিশি ব্যবস্থার প্রয়োজনীয়তা ছিল অপরিসীম।

তথ্যসূত্র:

১. চট্টোপাধ্যায়, শ্রীরামাক্ষয়- পুলিশ ও লোক রক্ষা, পৃ:- 11
২. বন্দ্যোপাধ্যায়, শেখর - পলাশী থেকে পার্টিশন ও তারপর, পৃ:125
৩. চট্টোপাধ্যায়, অশোক-উনিশ শতকের বাংলার পুলিশ এবং কাঙাল হরিনাথ, পৃ:-29
৪. https://bonikbarta.net/magazine_detaib/3552
৫. https://www.anandabazar.com/amp/culture/book-erview/review-of-a-book written by ashok-chattopadhyay/cid/1340195 11.
৬. চট্টোপাতায়, অশোক উনিশ শতকের বাংলার পুলিশ এবং কাঙাল হরিনা
৭. তদেব, পৃ:-37
৮. বন্দ্যোপাহ্যায়, শেষর-পলাশী থেকে পার্টিশন ও তারপর :পৃ:- 128

23

লোক উৎসব ক্ষেত্র বানীপুর - একটি পর্যালোচনা

ড. অদিতি রায়, (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পূজা হালদার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সূচনা : উৎসব জীবনকে সুলিখিত গতিতে এক নতুন ছন্দে ভরিয়ে তোলে। সেই জিবনে মানুষে মানুষে স্বাভাবিক মিলনের যে ঐতিহ্য এই উৎসবকে ধারন করে রাখে তা চিরায়ত এক সম্পদ। সকলকের মুখে হাসি ফুটিয়ে তোলা। প্রিয়জনকে আর ও নিজের করে পাওয়া। সব শ্রেনীর মানুষের কল্যান কামনা। উৎসবের অঙ্গ হয়ে দাড়ায়। তাই উৎসবের আনন্দে জড়িয়ে থাকে সকলের জন্য অবারিত দ্বার। সেখানে সব থেকে বাইরের পাশাপাশি অন্তরের সৌন্দর্যের সঙ্গে বহির্জগতের উৎসারিত কল্যান মানুষকে নতুনভাবে ধান্ধ করে।

✷ **ঐতিহ্য মণ্ডিত বানীপুর লোক উৎসব ঃ** আসলে লোক সংস্কৃতির জন্ম সেই সুদূরকালে লোক কথার মাধ্যমে। পশ্চিমবাংলার লোক সংস্কৃতির এক আবার খনি। যেখানে শিল্পকলা, সাহিত্য, সঙ্গিত, নাটক, পুতুল নাচ আর ও হাজার রকম বৈতিত্র ভারতীয় লোক সংস্কৃতির ধারাকে শুধু অব্যাহত রাখেনি, তাকে বিশ্ব দরবারে মর্যাদায় প্রতিষ্টা দিয়েছে। ঐতিহ্যমণ্ডিত এই সংস্কৃতি প্রজন্মের পর প্রজন্ম ধারাবাহিক ভাবে এগিয়ে চলেছে। তাই কঠিন কাজটি অত্যন্ত সাফল্যের সাথে করে চলেছে বানীপুর লোক উিৎসব। যা শুধু পশ্চিমবঙ্গ নয়, গোটা ভারতবর্ষের গৌরবের বিষয়। এই সাথে বাংলাদেশের কথাও বলা যায়। ওপার বাংলা পশ্চিমবঙ্গের এই ঐতিহাসিক লোক সংস্কৃতির আঙ্গিনা বানীপুর প্রতি বছর সামিল হয় স্ফূর্তভাবে। এ যেন পরস্পরের হৃদয়ের আঙ্গিনায় ভরে ওঠার সম্মিলিত প্রয়াস। কবিগুরু রবীন্দ্রনাথ তাই বলেছেন 'মিলনের মধ্যে যে সত্য তাহা কেবল বিজ্ঞান নহে, তাহা আনন্দ, তাহা রা স্বরুপ, তাহা প্রেম; তাই মেলা হল এক মহান মিলন ভূমি। এক মহোৎসব। নতুন প্রানে জেগে ওঠার আনন্দ।

ভাবলে বিস্ময় জাগে, বর্তমানে লোক উৎসব ৬৬ বছরে পড়ল। ১৯৫৫ সালে কয়েকজন উৎসাহী মানুষ এই মেলার সূচনা করেন। তাদের সেই পরিশ্রম ও প্রচেষ্টা আজ স্বপ্নের সাফল্যের দোর গোড়ায় পৌঁছে গিয়েছে। সারা ভারতজুড়ে হাজারো মেলা হয়। কিন্তু বানীপুর লোক উৎসব তাদের মধ্যে অন্যতম শুধু তাইনয়, বর্ণময়তার ও বৈচিত্রে নিজস্ব ধারনায় এক অতুলনিয় মেলা। লক্ষ লক্ষ মানুষের মিলন ভূমিতে এ এক প্রবিত্র অঙ্গন। এখানে এলে মনে বুঝি সব পেয়েছি, এক দেশ, লোক গীতি, রবীন্দ্রসঙ্গীত লোকনৃত্য, রবিন্দ্রনৃত্য, ছবি আঁকা, খেলাধূলা, ব্রতচারী, জিমনাস্টিক, ফুটবল, দড়ি

টানাটানি ইত্যাদির সঙ্গে অফুরান নানা প্রদর্শনী। চোখ জুড়ানো নানা রঙ বেরঙের মেলা। সেই সাথে হারিয়ে যাওয়া নানা স্বাদের খাবার। পিটে পুলি থেকে পাটিসাপ্টা। হয়

এই মেলার সাথে দর্শকের হৃদয়ের যোগ ছিল অচ্ছেদ্য। রাতের বয়স বাড়ে কিন্তু মেলার ভিড় কমে না। অবিরাম চলে বায়ল, তরজা, কবিগান, কীর্তন, ফকিরি, ভাটিয়ালি ঝুমুর, টুসু, ভাছ, ছৌ, অন্তীরা, আরও কত কি। দূর দূরান্ত থেকে শিল্পীরা আসেন ভালোবাসার টানে। সাধারন মানুষ ও ভালোবাসার টানে হয় ভারতের বহুত্ববাদ এবং বৈচিত্র্যের মধ্যে ঐক্য এই মেলার পাদপীঠে সার্থকতা লাভ করে। এখানে মানুষের মধ্যে কোন ভেদাভেদ এ যেন কবিগুরুর কথায় আমরা সবাই রাজা, আমাদের রাজার রাজত্বে, বানীপুরের লোক উৎসব ইতিহাসের গর্ব। মানুষের জয়যাত্রার ইতিহাস। যাকে ঘিরে রয়েছে মানুষের অনেক স্মৃতি এই মেলায় বাংলার সেরা কবি সাহিত্যিক, নাট্যকার, চলচ্চিত্র, পরিচালক, অধ্যাপক ও প্রাবান্ধিক। জন নেতা, সঙ্গীতশিল্পী, ক্রীড়াবিদ, সাংবাদিক, স্বাধীনতা সংগ্রামী ইত্যাদি বিভিন্ন শাখার গুনীজনেরা সমবেত হয়েছেন। তাদের খ্যাতি বাংলা ছাড়িয়ে বিশ্বের দরকারে বন্দিত। তাই বানিপুর লোক উৎসব ঐতিহ্যের পরম্পরায় মানুষের মেলায় পরিনত হয়।

বানীপুর লোক উৎসবে শান্তি নিকেতননের পৌষ মেলার ছবি দেখা যায়। রবীন্দ্রনাথ মানুষের আসন খুলে দিয়েছিলেন পৌষ মেলার প্রাঙ্গনে। জাতি, ধর্ম নির্বিবেষে সকলের সমান অধিকার, সকলেই এই আনন্দের শরিক। কোনো রকম ভেদাভেদের স্বপ্ন নেই। বানীপুর লোক উৎসব মানুষের উৎসব। সকলেই স্বাগত। হারিয়ে যাওয়া পুরানো ঐতিহ্য নতুন করে ফিরে ফিরে আসে। সেই সাথে জীবনের আয়নায় ফেলে আসা দিনের স্মৃতি তরতাজা হয়ে ওঠে। তাই এই উৎসব চিরতরুন, চির নতুন। লোক উৎসব তাই প্রকৃত অর্থে হয়ে ওঠে লোকের উৎসব। ভালবাসা ভাললাগার মিলনস্থল।

✷ **লোক উৎসবের প্রারম্ভ :** একসময় এ রাজ্যে ও রাজ্যের বাইরে শিক্ষাকেন্দ্র রূপে খ্যাতি ছড়িয়ে পড়েছিল বানীপুরের, মহাআগান্ধী উদ্ভাবিত বুনিয়াদী শিক্ষা ও গুরুদেব রবীন্দ্রনাথের আশ্রমিক শিক্ষার সার্থক সংমিশ্রন ঘটেছিল বানীপুরে, নিষ্টা, হাতে কলমে শিক্ষা আনন্দানুষ্ঠান ও সমাজসেবা মিলে মিশে বানীপুরকে গড়ে তুলেছিল। এক আদর্শ শিক্ষাকেন্দ্র। প্রথিতমশা গান্ধীবাদী শিক্ষাবিদ শ্রীরামচন্দ্রন বানীপুরে এসে বসেছিলেন- ভবিষ্যতে ভারতবর্ষে যদি একটি আদর্শ শুক্ষক শিক্ষন বিশ্ববিদ্যালয় গড়ে তোলা হয় তা হবে এই বানীপুর। তাছাড়া বানীপুরের জীবনে আনন্দ উৎসবের গুরুত্ব ছিল অপরিসীম। তারই অন্যতম লোক উৎসব। লোক উৎসব প্রাঙ্গন থেকেই এর অন্যতম সৃষ্টী। অধ্যক্ষ প্রফুল্ল হোড় রায় হাসিমুখে অমৃতলোকের পথে চলে গেলেন। লোক উৎসবকেই কেন্দ্র করেই বানীপুর তথা বৃহত্তর হাবড়া ও জেলার মানুষ আনন্দের হাটে মিলিত হন।

১৯৫৪ সালে লোক উৎসব শুরু হয়। একাদিক্রমে ১৯৬৯ সাল পর্যন্ত লোক উৎসব অনুষ্ঠিত হয়। আলোচনা সভা, খেলাধুলা, বর্নম সাংস্কৃতিত অনুষ্টান, প্রদর্শনী ও মেলা নিয়ে লোক উৎসব। এই সময় পর্বে একটি অন্যতম সাংস্কৃতিক মেলা রূপে রাজ্যের সংস্কৃতি প্রিয় মানুষের কাছে খ্যাতি অর্জন করে, রাজনেতিক ওলযোগ, সরকারী উদাসীনতা ও উত্যোগের অভাবে ৭০-৭১, ৭৪-৭৮ এবং ৮০-৮৫ মোট ১৩ বছর উৎসব বন্ধ ছিল, ৮৬ সাল থেকে পুনরায় লোক উৎসব শুরু হয়েছে জনসাধারনের উদ্যোগে, লোক উৎসব এর পুনরুজ্জীবন সম্ভব হয়েছে তার শিখড়কে মানুষের মনে ছড়িয়ে দিতে পেরে ছিল।

হাবড়া থানা এলাকার লোক সংস্কৃতি সম্পর্কে কিছু বলতে গেলে প্রথমেই মনে আসে বানীপুরের লোক উৎসবের কথা। এই লোক উৎসব হাবড়া বাসীর মনে একটা বিশেষ স্থান অধিকার করে আছে। এই উৎসব মেলা বা মেলা দূরকে করছে নিবাট, পরকে করছে আপন। এই উৎসবের মাধ্যমেই হাবড়া বাসীর সঙ্গে বানীপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের একটা মিলন ঘটে। এই মিলনের মাধ্যমে জনজীবনে নেমে আসে সাংস্কৃতিক চেতন, কয়েকটি দিনের জন্য জীবনে যেন দেখা যায় এক উদার যুক্তির সুযোগ। বড়রা যেন হয়ে যায় আর শিশুরা হয় বড়। অনেক দেখাশুনা ও ভাবনা চিন্তার সুযোগ পাওয়া যায়। পরিচিত হওয়া যায় নতুন মানুষের সঙ্গে।

হাবড়া এলাকার অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক ধিবনের উন্নয়নের কথা ভেবে ১৯৫৬ সালে সরকারি প্রচেষ্টায় বানীপুরে লোক উৎসব প্রবর্তিত হয়। এই উৎসব হচ্ছে বড়ো একটি সুসংগঠিত মেলা। এতে বিভিন্ন, সাংস্কৃতিক অনুষ্টান থাকে। থাকে সাহিত্য আলোচনা। লোক সঙ্গীত ওলিকতা এ উৎসবের প্রধান অঙ্গ। তাছাড়া থাকে গ্রামীন খেলাধূলার সমাবেশ। থাকে কৃষি প্রদর্শনী ও প্রতিযোগিতা। এছাড়া, অন্যান্য মেলার মত সার্কাস, নাগরদোলা, দোকানপাট, বিভিন্ন সংঘ ও বিজ্ঞান ক্লাবের স্টল, সরকারি আধার সরকারি নানা প্রতিষ্টানের স্টল ও বিক্রয় কেন্দ্র ইত্যাদি।

সূচনা থেকেই বানীপুর লোক উৎসবটির পরিচালনার সুবিধার জনা একটি উৎসব সমিতি গঠিত হয়। এতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সমাজ ও জনপ্রতি নিধিদের নেওয়া হয়। স্নাতকোত্তর বুনিয়াদী প্রশিক্ষন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীহিমাংশু বিমল মজুমদার ও জনতা কলেজের অধ্যক্ষ শ্রীপ্রফুল্ল কুমার হোড়রায় মহাশয়কে প্রথম দিকের বেশ কয়েক বছর অত্যন্ত যোগ্যতার সঙ্গে যথাক্রমে সভাপতি ও সম্পাদকের কাজ চালাতে দেখেছি। সমাজশিক্ষা বিভাগের আর্থিক অনুদান এই উৎসব হয়। সুতরাং এই উৎসবে জনতা কলেজের ভূমিকা ও ছিল বলে মনে করা হয়।

✷ **বিহঙ্গ- দৃষ্টিতে বানীপুর লোক উৎসব ঃ** বানীপুর লোক উৎসবের আনন্দ ধুনি প্রতি বছরই ফেব্রুয়ারি মাসে বেজে ওঠে। সূচনায় যে উৎসবটি ছিল শুধুই একটি শিক্ষাকেন্দ্রের বার্ষিক কর্মকাণ্ডের অংশ। পরবর্তীকালে তা হয়ে উঠেছে বানীপুর তথা বৃহত্তর হাবড়া-

অশোকনগরের জনসাধারন ও শিক্ষা ও অন্যান্য সমূহের মহামিলনোৎসব। এক সময় সরকারী পৃষ্টপোষকতাই ছিল এর মূলধন। আজ তা রূপ নিয়েছে এ উত্তর ২৪ পরগনা জেলার এক সুবিশাল লোক মহোৎসব। বেসরকারী উদ্যোক্তাদের চেষ্টার পুনর্জন্ম লাভ করে এখন তা ক্রমশই এগিয়ে চলছে পুর্নতার তথা ব্যক্তির দিকে। এতদঞ্চলের শিক্ষা, প্রতিষ্টান সমূহের অধ্যাপক, শিক্ষক, শিক্ষাকর্মী, ও ছাত্রছাত্রীবৃন্দ এই জেলার সাংসদ, স্থানীয় বিধায়ক গন, এতদঞ্চলের বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান সমূহ, বিভিন্ন সংগঠনের নিষ্ঠাবান সদস্যবৃন্দ, ব্যবসায়ী সমিতি সমূহ শিল্প প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় জন সাধারন সকলেই এই উৎসবকে সাফল্য মণ্ডিত করার জন্য তাদের উদার ও সক্রিয় হস্ত প্রসারিত করে চলেছেন।

এই বাংলায় অনেক অনেক মেলাই অনুষ্টিত হয়। প্রতিটি মেলার মূল সূরটি হলো বাংলার লোক সংস্কৃতি ও জন শিক্ষা। এই লোক উৎসবের সমাবেশ ঘটেছে বাংলার শিল্প সংস্কৃতির ধারক বাহক প্রবক্তাদের। কাবা- সাহিত্য, চিত্র কলা শিক্ষা, দর্শন রাজনীতি, সঙ্গীত ও ক্রীড়া জগতের দিকপাল ব্যক্তিগন এই উৎসবের মঞ্চে বহুবার এসেছেন। বানীপুর লোক উৎসব একটি অনন্য উৎসব যেটি কিনা লোক শিলপ ১ লোক সংস্কৃতি, সাহিত্য, কৃষি, বিজ্ঞান ও পুস্তক প্রদর্শনী সবেরই এক মহামিলন প্রাঙ্গন তাই আজ এই লোক উৎসব যথার্থই লোক সাধারনের উৎসবে পরিনত হয়েছে।

বানীপুর লোক উৎসব হাবড়ার তথা সমগ্র উত্তর ২৪ পরগনা জেলার অন্যতম গর্বের বিষয়। আদর্শ শিক্ষাঙ্গন বানীপুরকে কেন্দ্র করে এই লোক উৎসব ক্রমশ এগিয়ে চলেছে ১৯৫৪ সাল থেকে ২০০২, মাঝখানে বছর গুলি ১৯৭০-৭১, ১৯৭৪-৭৮ এবং ১৯৮০-৮৫ মোট ১৩ বছর বানীপুর এর লোক উফসব বিভিন্ন কারনে বন্ধ ছিল। বানীপুর লোক উৎসব প্রকৃতপক্ষে আজ সমগ্র বাংলারই এই সবিশেষ উল্লেখ্যনীয় উৎসব। বাংলার সংস্কৃতি প্রিয় মানুষজনের কাছেই এই উৎসব স্বমহিমায় প্রতিষ্ঠিত। লোক সংস্কৃতির বিকাশ, উন্নয়ন, নিয়মিত চর্চা ও প্রয়োজনের লক্ষ্যে হাবড়াবাসীগন সামগ্রীক ভাবে সফল না হলেও বর্ষামঙ্গল ও বৃক্ষরোপন, বর্ষবরন ও স্থানীয় লোক শিল্পীদের নিয়ে লোক সঙ্গীতের অনুষ্ঠান গুলি সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও হাবড়া বিভিন্ন উৎসবকে সমৃদ্ধ করে এসেছে।

ইতিপূর্বেই আলোচনা করা হয়েছে যে সরকারী পরিচালনায় ও পৃষ্ঠপোষকতায় লোক উৎসবে পর্যবসিত হয়েছে। সে কারনেই লোক উৎসবের নিজস্ব ঠিকানা থাকা ছিল একান্তই প্রয়োজন। লোক সংস্কৃতির বিভিন্ন ধারার উন্নতির জন্য নানা ধরনের কর্মসূচী, বিভিন্ন পর্যায়ে উৎসব ও কর্মশিবির, শিল্প ও শিল্প ধারা সম্পর্কে ভাবনা চিন্তা থাকা সত্ত্বেও পরিকাটামোর অভাবে তা শেষ অবধি থেমে গেছে। প্রতিবারেই আলোচনা সভা, খেলাধুলা, বর্ণময় সাংসকৃতিক, অনুষ্ঠান, প্রদর্শনী ও রকমারী কেনাবেচার দোকান নিয়েই লোক উৎসব হাজির হয়। লোক উৎসবে অনুষ্ঠিত বলদ গাড়ির দৌড়

প্রতিযোগিতা একদা জনসাধারনের কাছে ছিল একটি আকর্ষনীয় বিষয়। প্রাচীন ধরানার যাত্রা শিল্পকে মর্যাদা দেখার জন্য লোক উৎসবে যাত্রামঞ্চের সংযোজন এবং আয়োজন হয়ে থাকে যাত্রানুষ্ঠান। বাংলাদেশের শিল্পীর আসেন তাদের মনোজ্ঞ যাত্রানুষ্ঠানন নিয়ে। জেলার লোক শিল্পীদের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে লোক উৎসবে। তাছাড়াও দুঃস্থ প্রতিবন্ধীদের প্রতি দায়িত্ব পালনে সেবামূলক পদক্ষেপ রাষ্ট্রীয় অস্থি বিষয়ক সংস্থার সহযোগিতায় প্রতিবন্ধী সহায়ক অঙ্গ প্রত্যঙ্গ ও এবং সহায়ক যন্ত্রাদি প্রদান কর্মসূচীও লোক উৎসবকে সামনে রেখেই অনুষ্ঠিত হয়েছে। বাংলার লোক গীতির সমৃদ্ধ ভাণ্ডার ভাওয়াইয়া, ভাটিয়ালি, ঝুমুর, বাউল প্রভৃতি প্রতিবারই অর্ন্তভূক্ত হয়ে থাকে লোক উৎসবের সমগ্র অনুষ্ঠান সূচীতে।

বানীপুর লোক উৎসব একই সঙ্গে বানীপুরের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচিত অনেকটাই বাড়িয়েছে এবং সেগুলির চরিত্রের স্বাতন্ত্র্যকে পশ্চিমবঙ্গ তথা পূর্বাঞ্চলের রাজ্যগুলির কাছে তুলে ধরেছে। বানীপুর কে কেন্দ্র করেই এই অঞ্চলের শিক্ষা প্রেমী জনগনের অশা- আকাঙ্খাকাও বৃদ্ধি পেয়েছে। বানীপুরে বিস্তৃততর শিক্ষাকেন্দ্র স্থাপনের দাবী ও পরিকল্পনার স্তর পার হয়ে প্রায় রূপায়ন এর পর্যায়ে এসে পৌঁছেছে। পশ্চিমবঙ্গ সরকার ও সকল নীতিনির্ধারক সমিতি গুলি বানীপুরের উন্নয়ন ও বিকাশে সক্রিয় ভাবে প্রয়াসী হবেন - এটাই হাবড়া বাসীর কাছে কামা। লোক উৎসবের সঙ্গে বিজড়িত প্রতিটি মানুষই আশা করেন শিক্ষার নতুন ধানো লোক উৎসবের নবান্ন ভাণ্ডার পূর হোক। লোক উৎসব শুধুমাত্র নির্মল আনন্দলাভের কেন্দ্র স্থলই নয় বিগত শতাব্দীর পঞ্চাশ ও ষাট দশেক এই উৎসব এক বিরাট এলাকায় লোক শিক্ষার মাধ্যম রূপেও কাজ করেছে। সামরিক বিরতি সত্ত্বেও সাধারন মানুষের উৎসাহ, উদ্দীপনা ও পরিচালনায় বিগত ১৯৮৬ সাল থেকে লোক উৎসব ধারাবাহিক ভাবে অনুষ্ঠিত হচ্ছে, অথ্যাৎ জনসাধারন এর পরিচালনায় অনুষ্ঠিত লোক উৎসব ৩৩ তম বর্ষে পদার্পন করল।

অসংখ্য মেলা অনুষ্ঠিত হয় এই বাংলায় এর মধ্যে কিছুমেলা আছে যা অতিশয় প্রাচীন, কিন্তু অধিকাংশ মেলাই নানাপুজা, পার্বন, পরব, তিথি পভৃতি উপলক্ষে আনুষ্ঠিত হয়। এই সকল মেলা গুলিতে ধর্ম, বর্ন, নির্বিশেষে মানুষ আসেন ও মিলিত হন। ভাবের আদান-প্রদান হয়। মানুষ নির্মল আনন্দ লাভ করেন। কেনাবেচার হাট, থেকে গ্রামীন অর্থনীতি ও তার শক্তি সঞ্চয় করে। মেলাকে কোন ও ভাবধারা প্রচারের মাধ্যম রূপে ব্যবহার করার সূত্রপাত জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে অনুষ্ঠিত গত শতাব্দীর হিন্দু মেলা থেকে। উদ্দেশ্য ছিল স্বদেশশিকতার চেতনাকে বিস্তার করা। এর পর অনুষ্ঠিত হয়েছে পৌষমেলা, বানীপুর লোক উৎসব। এই সমস্ত মেলা তুলনায় নবীন হলেও ইতিমধ্যে তা বাংলার সাংস্কৃতিক মানচিত্রে একবিশেষ স্থান অধিকার করে রয়েছে।

লোক উৎসবে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যকে পরিচত করার সূচনা হয়েছে। ১৯৮৬ সাল থেকে লোক উৎসবের স্বরনিকা প্রকাশিত হয়ে চলেছে। আর্থিক ও বিষয়বস্তু উভয় দিক থেকেই প্রচেষ্টা শুরু হয়েছে স্মরনিকাকে নানাভাবে সমৃদ্ধ তর করতে। লোক উৎসব প্রতিবছর ফেব্রুয়ারী মাসের প্রথম রবিবার থেকে শুরু হয়ে চলে ঐ মাসের দ্বিতীয় রবিবার পর্যন্ত, আলোচনা সভা, নানান ধরনের খেলাধূলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রদর্শনী ও মেলার অনাবিল

আনন্দের ভাগ নিতে আসা শত সহস্র মানুষের পদধূলিতে লোক উৎসব প্রাঙ্গন সমৃদ্ধ হয়। সমৃদ্ধ হয় লোক জীবন। লোক উৎসব স্মরনিকা তথা স্মারকপত্র পকাশ ও লোক উৎসবের সাফল্যের অবদান যোগায় তা বলাই বাহুল্যমাত্র।

✷ **বানীপুর লোক উৎসব :** গ্রাম বাংলার মানুষের মিলন ক্ষেত্র ভূমি মেলা অর্থ্যাৎ মিলন ক্ষেত্র। মিলিত হওয়া অর্থ্যাৎ 'মিলন' কথাটি থেকেই 'মেলা' কথাটির উৎপত্তি। একটি মেলা যেন একটি সমুদ্র। একটি বিরাট মেলা, যেমন কুয়ম্ভমেলা কিংবা সাগর মেলা যেন একটি মহা-সিন্ধু, চারিদিক থেকে নদী আকারে বয়ে আসা অজস্র জলসতে যেমন সমুদ্রে এসে একত্রিত হয়, ঠিক তেমনি করে চতুর্দিক থেকে বহমান অসংখ্য জনস্যাত এসে মিলিত হয় মিলন ক্ষেত্র অর্থ্যাৎ মেলায়। -

বানীপুরের লোক উৎসব উত্তর ২৪ পরগনা জেলার সর্ববৃহৎ লোক উৎসব। সারা পশ্চিমবঙ্গের মধ্যে বানীপুরের এই লোক উৎসব সর্বদিক থেকে বিশেষ স্বীকৃতি লাভ করেছে। ব্যাপক জন সমাবেশ এবং নানাধরনের প্রদর্শনী, প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্টান এই লোক উৎসবের জনপ্রিয়তার পরিধি ক্রমাগত বৃদ্ধি করে চলেছে। প্রতিবছরই বানীপুরের এই লোক উৎসব অনুষ্ঠিত হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে সাংস্কৃতিক দল এই লোক উৎসবের অংশ গ্রহন করে তাদের সাংস্কৃতিক অনুষ্টান দর্শকদের কাছে পরিবেশন করে, বলদ গাড়ির দৌড়' এই লোক উৎসবের এক বিশেষ আকর্ষন। এছাড়া লোক উৎসবের সময়ে নানা ধরনের প্রদর্শনী চলে। গ্রামীন শিল্প সম্ভার থেকে আরম্ভ করে কৃষিজ দ্রব্যের প্রদর্শনী সবই এই লোক উৎসবের বিশেষ অঙ্গ। লোক উৎসবের পরে বানীপুরে বইমেলার ও আয়োজন করা হয়েছে। বানীপুর লোক উৎসবে নানাধরনের ক্রীড়া প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়। ১৯৫৫ সালে বানীপুরে এই লোক উৎসবের শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ শিক্ষা বিভাগের অনুদান ই ছিল তখন এই লোক উৎসবের একমাত্র সম্বল। কিন্তু ধীরে ধীরে এই লোক উৎসব সারা অঞ্চলের সাধারন মানুষের সমর্থন ও স্বীকৃতি লাভ করে এক বিশিষ্ঠ রূপ ধারন করেছে। তারপর ১৯৮৬ সাল থেকে এই লোক উৎসবের ধারাবাহিকতা বজায় রাখার জন্য গন উদ্যোগ দেখা দেয়। পশ্চিমবঙ্গ সরকারের সমর্থন ও আর্থিক সাহায্য এই লোক উৎসবের সাফল্যের ক্ষেত্রে এক বিশেষ ভূমিকা পালন করে চলেছে।

বানীপুরে লোক উৎসব শুরু হয়েছিল তৎকালীন পি. জি. বি. টি. কলেজের উদ্যোগে। এই কলেজের অধ্যক্ষ অধ্যাপক ও ছাত্ররা রানীপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠান কে একত্রিত করে এই লোক উৎসবের সূচা করেছিলেন। এবং পরিচালনা করে ছিলেন, সকলের এই মহতী প্রচেষ্টা আজ বিরাট মহীরূপে পরিনত হয়েছে। যে গন উদ্যোগের ফলে এই লোক উৎসবের পরিধি ও জন সমর্থন বৃদ্ধি পেয়েছে তার প্রতিফলন ঘটেছে এই লোক উৎসবের পরিচালন ক্ষেত্রেও। পশ্চিমবঙ্গের গ্রামীন শিল্প- সম্ভারের বৈচিত্রা সর্বজন স্বীকৃত। বর্তমানে গ্রামীন শিলপ- সামগ্রীর যে সব জিনিস রানীপুরের লোক উৎসবে বিক্রি করার জন্য আনা হয় তার পরিমান। ও খুব কম নয়। গত আট বছর এর মধ্যে হরিয়ানার সূর্যকুণ্ড এর মেলা এক বিরাট আকার ধারন করেছে। জোটি কোটি টাকার শিল্প সামগ্রী সূর্যকুণ্ডের মেলা থেকে প্রতিবছর বিক্রি হয়। শুধু উত্তর ভারতের বিভিন্ন শহরের মানুষই নয়, ভারতের বিভিন্ন অঞ্চল থেকে উৎসাহী মানুষ প্রতিবছর সূর্যকুণ্ড এর মেলা দেখতে যান এবং মেলার শিল্প সামগ্রী ক্রয় করেন। এই মেলা বিদেশী পর্যটকদের একটি বিশেষ আকর্ষনে পরিনত হয়েছে। বানীপুরের লোক উৎসবের পরিধি বিস্তৃত করে যদি এই ধরনের শিল্পমেলাকেও যুক্ত করা তা হলে সারা পশ্চিমবঙ্গের গ্রামীন শিল্প গুলি লাভ বান হবে। কত গ্রাম থেকে কত জনপদ থেকে দূরন্ত অতিক্রম করে কত নদী নালা, মাঠ প্রান্তর পেরিয়ে কত বন- বনান্ত, পাহাড়- পর্বত, শস্যক্ষেত্র পিছনে ফেলে, কত বয়সের কত অভিজ্ঞতার কত পেশার কত মানুষ মেলায় এসে জমায়েত হন। কেউ কেউ আসেন মেলা দেখতে কেউ কেউ আসেন বিচিত্র সব পসরা নিয়ে বানিজ্য করতে। অনেকে আসেন অর্থ উপার্জনের সঙ্গে সঙ্গে বিভিন্ন বয়সের উপযোগী নানান রকম মজাদার খেলা দেখিয়ে দর্শকদের আনন্দে মাতিয়ে রাখতে। যেমন- ম্যাজিক, সার্কাস, নাগর দোলা, সুরস্ত কাঠের খোড়া, ভালুকের নাচ,বাদরের নাচ, সাপের খেলা ইত্যাদি, আবার কেউ কেউ বা আসেন দর্শকদের প্রলোভনের ফাঁদে ফেলে তাদের ঠকিয়ে টাকা আদায় করে নিজেদের পকেট ওটা করার কুমতলব নিয়ে। কত রকমের যে দোকান বসে যায় মেলা প্রাঙ্গনে তার কোন হিসাব নেই। মিষ্টির দোকান, গরম গরম জিলিপি ভাজা হচ্ছে, কোথাও পাঁপড় ভাজা, তেলে ভাজার গন্ধে বাতাস ভুর ভুর করে, মনিহারী দোকান, শাখা- চুড়ি, সিঁদুরের দোকান, ছুড়ি- কাঁচি, বাটির দোকান, চেয়ার- চৌকি পিড়ির দোকান, পাঁজি- পুঁথি - পাঁচালির দোকান সোনা রুপোর গয়নার দোকান থাকে। মেলায় আর এক ধরনের মানুষের অস্তিত্ব দেখা যায়- বাউল, বোষ্টম ফকির, মুর্শেদ, যারা অনুখন রসের সমুদ্রে ভাসেন, আর অনাদের ও ভাসিয়ে রাখেন তাদের অপরুপ নর্তনের তালে তালে অপূর্ব সঙ্গিতের গভীর গহিন তত্ত্ব আর সুললিত ঝংকারের মাধূর্য বিস্তার করে। কলকাতার কাছাকাছি এই লোক উৎসবের রেলপথে ও সড়ক পথে অতি সহজেই যায়। বানীপুরের লোক উৎসবের মূল আকর্ষন সাংস্কৃতিক অনুষ্ঠান, যাত্রা, বাউলগান,

পুরুলিয়ার ছৌনৃত্য, উত্তরবঙ্গের ভাওয়াইয়া এবং এরই পাশাপাশি বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক দলের অনুষ্ঠান বানীপুর লোক উৎসবের আকর্ষনকে প্রতিবছর বৃদ্ধি করে চলেছে। এক কথায় বলতে গেলে পশ্চিমবঙ্গের লোক সংস্কৃতির ধারাবাহিকতাকে বজায় রাখার ক্ষেত্রে বানীপুর লোক উৎসব এক বিশিষ্ঠ ভূমিকা পালন করে চলেছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- ডঃ গৌরীশঙ্কর দে ও অধ্যাপক শুভ্রদ্বীপ দে : প্রসঙ্গ : শিক্ষাঙ্গন বানীপুর নানান দৃষ্টিকোন থেকে, ২০১৮ খ্রীস্টাব্দ (১৪২৫ বঙ্গাব্দ), পৃষ্ঠা: ২৬৭-২৭০, ২৭১-২৭২, ২৮১-২৮৩
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ১৯৯৮
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১২
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৪
- বানীপুর লোক উৎসব স্মরনিকা, ২০১৬

24

খেলাধুলায় বিজ্ঞান ও প্রযুক্তি এবং বাণিজ্যকরণ

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
ইনসান আলি (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

খেলাধুলায় সহায়ক প্রযুক্তি হল প্রযুক্তি ডিজাইনের একটি ক্ষেত্র যা ক্রমবর্ধমান। সহায়ক প্রযুক্তি হল নতুন ডিভাইসের বিন্যাস যা ক্রীড়া উত্সাহীদের খেলার জন্য সক্ষম করার জন্য তৈরি করা য়েছে। সহায়ক প্রযুক্তি প্রতিবন্ধী ক্রীড়াগুলিতে ব্যবহার করা যেতে পারে, যেখানে একটি বিদ্যমান খেলা পরিবর্তন করা হয় যাতে প্রতিবন্ধী খেলোয়াড়দের অংশগ্রহণ করতে সক্ষম হয়; অথবা, প্রতিবন্ধী ক্রীড়াবিদদের বিশেষভাবে মাথায় রেখে সম্পূর্ণ নতুন ক্রীড়া উদ্ভাবনের জন্য সহায়ক প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে।

ক্রমবর্ধমান সংখ্যক প্রতিবন্ধী ব্যক্তিরা খেলাধুলায় অংশগ্রহণ করছে, যার ফলে নতুন সহায়ক প্রযুক্তির বিকাশ ঘটছে। সহায়ক প্রযুক্তি ডিভাইসগুলি সহজ, "নিম্ন-প্রযুক্তি" হতে পারে, অথবা তারা অত্যন্ত উন্নত প্রযুক্তি ব্যবহার করতে পারে, এমনকি কিছু কম্পিউটার ব্যবহার করে। খেলাধুলার জন্য সহায়ক প্রযুক্তিও সহজ বা উন্নত হতে পারে। তদনুসারে, স্থানীয় সম্প্রদায়ের বিনোদন থেকে অভিজাত প্যারালিম্পিক গেমস পর্যন্ত খেলাধুলায় সহায়ক প্রযুক্তি পাওয়া যেতে পারে। সময়ের সাথে সাথে আরও জটিল সহায়ক প্রযুক্তি ডিভাইস তৈরি করা হয়েছে, এবং ফলস্বরূপ, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য খেলাধুলা *একটি ক্লিনিকাল থেরাপিউটিক হাতিয়ার থেকে ক্রমবর্ধমান প্রতিযোগিতা-ভিত্তিক কার্যকলামে পরিবর্তিত হয়েছে"। [যেকোনো খেলা চলমান অবস্থায় তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়া যেমন চ্যালেঞ্জিং তেমনিভাবে এতে মানবিক ভুল হওয়ারও প্রচুর সম্ভাবনা থাকে। তবে উন্নত প্রযুক্তির কল্যাণে এখন এ ধরনের সিদ্ধান্তগুলো সঠিকভাবে গ্রহণ করা আগের চেয়ে অনেক সহজ হয়ে গিয়েছে।।

সহায়ক প্রযুক্তি অনেক ক্রীড়াবিদদের জন্য খেলাধুলাকে অ্যাক্সেসযোগ্য করে তুলেছে যারা অন্যথায়। খেলতে পারত না। যাইহোক, এর পতন আছে। এই প্রযুক্তিটি ব্যয়বহুল, তাই অনেক লোক এটির অ্যাক্সেস পাবে না। এটি অপব্যবহারের বিষয় হতে পারে, কারণ কিছু লোক প্রযুক্তি ব্যবহার করে তাদের আসলে এটির প্রয়োজন হয় না। এমন নিয়ম রয়েছে যে অ্যাথলিটরা যারা সহায়ক ব্যবহার করে তাদের "সক্ষম দেহের" ক্রীড়াবিদদের তুলনায় একটি সুবিধা রয়েছে।

বর্তমানে আমরা অনেকেই খেলাধুলা পছন্দ করি। অনেকেই তাদের অনুসরণ করি, যেমন তাদের পোশাক, ব্র্যাণ্ড, গাড়িসহ অনেক কিছু। তারা সবাই নামীদামি ব্যাণ্ডের

সব পোশাক পরিধান করে। আজ আমরা কিছু বড় ব্যাণ্ড আর খেলাধুলায় প্রযুক্তি ব্যবহারের ইতিহাস সম্পর্কে জানার চেষ্টা করবো।

সাম্প্রতিক সময়ে ফুটবলের বিভিন্ন লিগে সিদ্ধান্ত রিভিউ করার জন্য প্রযুক্তির ব্যবহার শুরু হয়েছে। ভিডিও অ্যাসিসটেন্ট রেফারি তথা ভিএআর প্রথম ব্যবহার করা হয়েছিল ২০০৭-২০০৮ এখন বাইরে থাকা কর্মকর্তারা এ প্রযুক্তি ব্যবহার করে রেফারির সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করতে পারেন। গোল হওয়া নিশ্চিত করা, পেনাল্টি দেওয়া হবে কি না তা নির্ধারণ করা, কোনো চাউলের জন্য লাল নাকি হলুদ কার্ড দেখানো হবে তা ঠিক করা; এসব কাজের কর্তৃত্ব রয়েছে মাঠের বাইরে থাকা এ কর্মকর্তাদের কাছে।

ক্রিকেট বলের গতিসথ দেখার জন্য 'হক আই' প্রযুক্তি ব্যবহার করা হয় ২০০১ সালে। এ প্রযুক্তি খেলার ফলাফলে বৃহৎ পরিবর্তন নিয়ে এসেছে। হক-আই প্রযুক্তিতে অনেকগুলো পরিসংখ্যানগত বিশ্লেষণ করা হয়। এসব বিশ্লেষণের মধ্যে রয়েছে বলের গতি, উইকেটে বলের পিচ, মাটি থেকে ঠিকরে ওঠার সময় বলের পথ ইত্যাদি। বর্তমানে এ প্রযুক্তি ব্যবহার করে টেনিসের শট বাইরে নাকি ভেতরে তা নির্ধারণ করা হচ্ছে। পাশাপাশি, হক-আই প্রযুক্তি দর্শকদেরও খেলার নিয়মকানুন বুঝতে সাহায্য করেছে।

২০০৪ সালে অফ-ফিল্ড প্রযুক্তির মাধ্যমে রিভিউ করার সংখ্যা বাড়িয়ে ১৩ করেছিল মেজর লিগ বেসবল (এমএলবি)। এ মৌসুমে আম্পায়ারদের মাইক্রোফোন দেওয়া হয়েছে যাতে তারা অন্য খেলাগুলোর রেফারিদের মতো আনুষ্ঠানিকভাবে রিপ্লে ঘোষণা করতে পারেন। সরাসরি সম্প্রচার

আধুনিক প্রযুক্তির সহায়তায় এখন খেলাধুলার সম্প্রচার আগের যেকোনো সময়ের তুলনায় বেশি মাসীন হয়েছে। একসময় নির্দিষ্ট কয়েকটি চ্যানেলেই মানুষের খেলা উপভোগ সীমাবদ্ধ ছিল। কিন্তু এখন দর্শকের সামনে খেলা দেখার অসংখ্য সুযোগ বিরাজমান।

খেলা প্রচার করা গণমাধ্যম প্রতিষ্ঠানগুলো এখন অতীতের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি শ্রুতিতে ডেটা স্থানান্তর করতে পারে। কেবল স্মার্টফোন দিয়েই দর্শক এখন খেলার সর্বশেষ সংবাদ এ ঘটনা জানতে পারেন। এছাড়া বিশেষ মিডিয়াগুলো এখন এমন সব সম্ভাব্যতা উন্মোচন করছে যা বর্তীতে করা যেত না।

খেলোয়াড়েরা কঠিন প্রশিক্ষণ ও শক্ত পরিস্থিতির মধ্য দিয়ে যান। যদিও তাদের শারীরিক ফিটনেস উচ্চমানের, তাও তারা সবসময় আঘাতপ্রাপ্ত হওয়ার ঝুঁকিতে থাকেন। এমনকি ক্রীড়াবিদদের স্বাস্থ্য স্বামীভাবে ভেঙে যেতে পারে।

প্রযুক্তির অগ্রগতির কারণে এখন খেলাধুলায় আঘাত পাওয়ার সম্ভাবনা অনেক কমে গেছে। যেমন, আধুনিক প্রস্থেটিক মাউথ গার্ডগুলোতে আঘাতের মাত্রা নিরূপণের

জন্য সেন্সর বসানো থাকে। এর ফলে আপাতভাবে সাধারণ সংঘর্ষ মনে হওয়া আঘাতগুলোর ক্ষেত্রেও মারাত্মক কিছু ঘটে যাওয়ার আগে থেকেই ব্যবস্থা নেওয়া সম্ভব হয়। এছাড়া প্রযুক্তির কারণে বর্তমানে আঘাতের পর খেলোয়াড়দের পুনর্বাসন প্রক্রিয়াও আগের চেয়ে অনেক বেশি কার্যকরীভাবে করা সম্ভব হচ্ছে। উদাহরণ হিসেবে বলা যায়, ডিজিটাল মডেলিং প্রয়োগ করে কনুই ও হাতের আঘাতের অনেক দ্রুত ও নিখুঁত চিকিৎসা করা যাচ্ছে।

খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞান হল একটি আন্তঃবিষয়ক শৃঙ্খলা যার লক্ষ্য রয়েছে তথ্যবিদ্যা এবং ক্রীড়া বিজ্ঞানের ক্ষেত্রগুলির তাত্ত্বিক পাশাপাশি ব্যবহারিক দিক এবং পদ্ধতিগুলিকে একত্রিত করা "আন্ত:বিষয়কতার প্রধান জোর খেলাধুলা বিজ্ঞানে কম্পিউটার-ভিত্তিক কিন্তু গাণিতিক কৌশলগুলির প্রয়োগ এবং ব্যবহারের উপর স্থাপিত হয়, এইভাবে খেলাধুলায় তত্ত্ব এবং অনুশীলনের সমর্থন এবং অগ্রগতির লক্ষ্যে। কারণ কম্পিউটার বিজ্ঞানক্রীড়া বিজ্ঞানের জন্য একটি গুরুত্বপূর্ণ অংশীদার হয়ে উঠেছে প্রধানত "তথ্য এবং মিডিয়ার ব্যবহার, মডেলের নকশা, সিস্টেমের বিশ্লেষণ ইত্যাদির জন্য ক্রমবর্ধমানভাবে উপযুক্ত সরঞ্জাম এবং ধারণাগুলির সমর্থন প্রয়োজন যা কম্পিউটারে বিকাশিত এবং ঐতিহাসিক পটভূমি:- ইতিহাসে ফিরে গেলে, 1960-এর দশকে প্রথমবারের মতো খেলাধুলায় কম্পিউটার ব্যবহার করা হয়েছিল, যখন প্রধান উদ্দেশ্য ছিল ক্রীড়া তথ্য সংগ্রহ করা। ক্রীড়া বিজ্ঞান কম্পর্কিত যে কোন ধরনের জ্ঞান রয়েছে এমন নিবন্ধ বা বইয়ের মতো প্রকাশনাগুলির ডকুমেন্টেশন এবং প্রচারের জন্য ডেটাবেস তৈরি এবং প্রসারিত করা হয়েছিল। 1970-এর দশকের মাঝামাঝি পর্যন্ত এই এলাকায় আইএএসআই (ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর স্পোর্টস ইনফরমেশন) নামে প্রথম আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হয়েছিল। ক্রীড়া ডকুমেন্টেশনের প্রমিতকরণ এবং যুক্তিযুক্তকরণের লক্ষ্য কংগ্রেস এবং সভাগুলি প্রায়শই সংগঠিত হয়েছিল। যেহেতু সেই সময়ে এই অঞ্চলটি স্পষ্টতই কম কম্পিউটার-ভিত্তিক ছিল, বিশেষজ্ঞরা বিজ্ঞানের এই ক্ষেত্রের শুরুর কথা উল্লেখ করার সময় ক্রীড়া তথ্যের পরিবর্তে ক্রীড়া তথ্য সম্পর্কে কথা বলেন।

কম্পিউটার বিজ্ঞানের অগ্রগতির উপর ভিত্তি করে এবং 1970 এর দশকে আরও শক্তিশালী কম্পিউটার হার্ডওয়্যার আবিষ্কারের উপর ভিত্তি করে, খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের প্রকৃত ইতিহাসও শুরু হয়। এটি প্রথমবারের মতো যখন এই শব্দটি আনুষ্ঠানিকভাবে ব্যবহৃত হয়েছিল এবং ক্রীড়া বিজ্ঞানে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিবর্তনের সূচনা হয়েছিল।

এই এলাকার প্রাথমিক পর্যায়ে বায়োমেকানিকাল ডেটার পরিসংখ্যান, যেমন বিভিন্ন ধরণের শক্তি বা হার, একটি প্রধান ভূমিকা পালন করেছিল। বিজ্ঞানীরা ক্রীড়া গেমগুলিকে ব্যাখ্যা করার জন্য এই জাতীয় মান এবং বৈশিষ্ট্যগুলি সংগ্রহ এবং দেখে

বিশ্লেষণ করতে শুরু করেছিলেন। পরবর্তীতে, কম্পিউটার হার্ডওয়্যারের ক্রমাগত উন্নতির সাথে বিশেষ করে মাইক্রোপ্রসেসরের গতি 1 অনেক নতুন বৈজ্ঞানিক এবং কম্পিউটিং দৃষ্টান্ত চালু করা হয়েছিল, যা খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের শাখেও একীভূত হয়েছিল। নির্দিষ্ট উদাহরণ হল মডেলিং এবং সেইসাথে সিমুলেশন কিন্তু প্যাটার্ন স্বীকৃতি এবং ডিজাইন।এই উন্নয়নের আরেকটি ফলস্বরূপ, 2004 সালে ক্রীড়া বিজ্ঞানের বিশ্বকোষে 'কম্পিউটার সায়েন্স ইন পাট" শব্দটি যুক্ত করা হয়েছে। *

খেলাধুলা এবং ক্রীড়া বিজ্ঞানের আন্তঃবিভাগীয় অংশীদার হিসাবে কম্পিউটার বিজ্ঞানের গুরুত্ব এবং বক্তিশালী প্রভাব প্রধানত খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের গবেষণা কার্যক্রম দ্বারা প্রমাণিত হয়।

নিম্নলিখিত আইটি ধারণাগুলি বিশেষ আগ্রহের বিষয়:

- ডেটা অধিগ্রহণ এবং ডেটা প্রক্রিয়াকরণ
- ডাটাবেস এবং বিশেষজ্ঞ সিস্টেম
- মডেলিং (গাণিতিক, আইটি ভিত্তিক, বায়োমেকানিক্যাল, শারীরবৃত্তীয়)
- সিমুলেশন (ইন্টারেক্টিভ, অ্যানিমেশন ইত্যাদি)
- উপরের ক্ষেত্রগুলির উপর ভিত্তি করে, খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের গবেষণার প্রধান ক্ষেত্রগুলি অন্যদের মধ্যে অন্তর্ভুক্ত করে:
- শিক্ষণ এবং কোচিং
- বায়োমেকানিক্স
- ক্রীড়া সরঞ্জাম এবং প্রযুক্তি
- খেলাধুলায় কম্পিউটার-সহায়তা অ্যাপ্লিকেশন সেফ্টওয়্যার, হার্ডওয়্যার)
- খেলাধুলায় সর্বব্যাপী কম্পিউটিং
- মাল্টিমিডিয়া এবং ইন্টারনেট
- ডকুমেন্টেশন
- শিক্ষা

খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের প্রতি বিবর্তন এবং প্রচারের একটি সুস্পষ্ট প্রদর্শনী হল যে তাকাল মানুষ সারা বিশ্বে এই ক্ষেত্রে গবেষণা করে। 1990 এর দশক থেকে খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের বিষয়ে অনেক নতুন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা প্রতিষ্ঠিত হয়েছিল। এই অ্যাসোসিয়েশনগুলি সান্ত:বিভাগীয় শৃঙ্খলা সম্পর্কিত সমস্ত ধরণের বিষয়ে বৈজ্ঞানিক জ্ঞান এবং তথ্য বিনিময়ের পাশাপাশি চারের লক্ষ্যে নিয়মিত কংগ্রেস এবং কর্মশালার আয়োজন করছে।

প্রথম উদাহরণ হিসাবে, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ডে বিজ্ঞানীরা ANZIAM (অস্ট্রেলিয়া

এবং নিউজিল্যাণ্ড শিল্প ও ফলিত গণিত) এর MathSport গ্রুপ তৈরি করেছেন, যা 1992 সাল থেকে বার্ষিক সভা আয়োজন করে, প্রাথমিকভাবে "ম্যাথমেটিক্স অ্যাণ্ড কম্পিউটারস ইন স্পোর্টস কনফারেন্স" নামে। এবং এখন MathSport । প্রধান বিষয় হল গাণিতিক মডেল এবং খেলাধুলায় কম্পিউটার অ্যাপ্লিকেশন, সেইসাথে তথ্যবিদ্যার উপর ভিত্তি করে কোচিং এবং শিক্ষাদান পদ্ধতি।

ইউরোপীয় সম্প্রদায়ও ক্ষেত্রের উত্থানের নেতৃস্থানীয় মোটর মধ্যে ছিল. এই বিষয়ে কিছু কর্মশালা 1980 এর দশকের শেষ থেকে জার্মানিতে সফলভাবে সংগঠিত হয়েছিল। 1997 সালে খেলাধুলায় কম্পিউটার বিজ্ঞানের উপর প্রথম আন্তর্জাতিক সভা কোলোনে অনুষ্ঠিত হয়েছিল। মূল লক্ষ্য ছিল খেলাধুলায় কম্পিউটারের ব্যবহারের অ্যাপ্লিকেশন, ধারণা এবং ধারণাগুলি ছড়িয়ে দেওয়া এবং শেয়ার করা, যা আন্তর্জাতিকীকরণ তৈরিতে অবদান রাখতে হবে এবং এইভাবে এই ক্ষেত্রে গবেষণা কাজকে বাড়িয়ে তুলতে হবে।

বর্তমান বিশ্বে ক্রীড়ার জনপ্রিয়তাকে কাজে লাগিয়ে নানারকম বাণিজ্য বিস্তার লাভ করেছে। আধুনিক বিশ্বে একজন পেশাদার খেলোয়াড় প্রতিসপ্তাহে কয়েক হাজার ডলার আয় করে। যুক্তরাষ্ট্রে ও ইউরোপে টান্সফার ফি হিসেবে একজন খেলোয়াড় মিলিয়ন মিলিয়ন ডলার আয় করে। যখন কোন জনপ্রিয় খেলা, বিশ্ব অলিম্পিক প্রতিযোগিতা বা বিশ্বকাপ অনুষ্ঠিত হয় তখন ব্যবসায়ীরা ক্রীড়া সংশ্লিষ্ট নিয়ে দর্শকদের সামনে উপস্থিত করে। তারা সণ্যসামগ্রীর বিক্রি বাড়াতে বিশ্বের তারকা খেলোয়াড়দেরকে মডেল হিসাবে ব্যবহার করে। বর্তমানে টেলিভিশনের দৌলতে দর্শক যখন টেলিভিশনের পর্দায় বিশ্বের বিভিন্ন প্রান্তে অনুষ্ঠিত খেলা দেখতে জড়ো হয়, তখনই পর্দায় ক্রীড়াবিষয়ক ও অনান্য সামগ্রীর বিজ্ঞাপন প্রচার করা হয়। এভাবে ব্যবসায়ীরা পণ্যসামগ্রির চাহিদা তৈরিতে এবং ব্যবসায়িকভাবে লাভবান হতে বড় বড় ক্রীড়ানুষ্ঠানকে বেছে নেয়। তারা মোটা অঙ্কের অর্থ দিয়ে স্টেডিয়ামের অভ্যন্তরে বা বহিরে এমনকি রাস্তা ও গুরুত্বপূর্ণ স্থানসমূহে বিভিন্ন পণ্যসামগ্রীর প্রচারের জন্য ব্যানার, ফেস্টুন এবং বিভিন্ন ডিসপ্লে বোর্ড স্থাপন করে।

একসময় মানুষের কোন পোষাক ছিলো না, তখন বিভিন্ন গাছের তলা-পাতা, গাছের ছাল প্রাণীর চামড়া ইত্যাদি দিয়ে তাদের প্রয়োজন মেটাতো। এভাবে ধীরে ধীরে তারা উন্নতি করতে করতে তারা তা আবিষ্কার করে। কবে যে তারা সুতা আবিষ্কার করেছিলো তা নিয়ে সঠিক কোন তথ্য জানা যায় না। তবে খ্রিস্টপূর্ব ৩,০০০ বছর পূর্বে পাকিস্তানের সিন্ধু নদী উপত্যকায়, তুলার চাষ করা এবং তা থেকে প্রাপ্ত সুতা ব্যবহার করে কাপড়ে বোনা হত। আর ধারণা করা হয় ১৫৫৬ সালে ফ্লোরিডায় এবং ভার্জিনিয়ায় ১৬০৭ সালে তুলার বীজ রোপণ করা হয়েছিল। এভাবে সুতা আর সুতা থেকে কাপড় তৈরী হয়। অতীত কালে পোষাক ছিলো ফ্যাশনের জন্য কিন্তু ধীরে ধীরে প্রযুক্তি ব্যবহার

মাধ্যমে এর ধারণা বদল আসে। ১৯৭০ এর দশকের মাঝামাঝি সময়ে, ক্লাসিক স্ট্রেচি ট্র্যাকসুটটিকে মূলধারার ফ্যাশনে আনার জন্য কৃতিত্ব ব্রুস লি।

খেলাধুলা জন্য যে পোশাক ব্যাবহার করে তাকে স্পোর্টওয়্যার বলা হয়। এটির কিছু অনন্য বৈশিষ্ট্য জন্য এটি খেলাধুলা জন্য উপযোগী। স্পোর্টসওয়্যারটির অন্যান্য বৈশিষ্ট্য যেমন স্থায়িত্ব, শক্তি, মারিত ক্ষমতা, স্থিতিস্থাপক পুনরুদ্ধার, ঘর্ষণ প্রতিরোধের, টিয়ার প্রতিরোধের, রঙ বিবর্ণ, শরীরের প্রতিরোধের এবং সে উদ্দেশ্যে গ্রাহকদের জন্য তৈরি করা হয়।

ক্লাসিক ফ্যাশন রীতি হচ্ছে, ফ্যাশন সচেতনদের মধ্যে যুগ যুগ টিকে থাকা। সেই তালিকায় চেয়ে জনপ্রিয় স্পোর্টস ফ্যাশন। তবে স্পোর্টসের মধ্যে ঘুরেফিরে আসে ট্রেণ্ডি ফ্যাশনও। প্রিয় স্পোর্টস মের জার্সি বা ভারকার গায়ের জুতা সবই হয়ে ওঠে জনপ্রিয় স্টাইল। প্রত্যেক বছরেই পরিবর্তন মাসে বিখ্যাত খেলোয়াড়দের গেটআপে। আর নতুন নতুন স্টাইল ভক্তদের সামনে তুলে ধরার দায়িত্ব হল বড় বড় স্পোর্টস ব্র্যাণ্ডের। সেই সুবাদে বিশ্বব্যাপী জনপ্রিয়তার কমতি নেই এইসব ব্র্যাণ্ডগুলোরও। এক নজরে দেখে নেওয়া যাক স্পোর্টস ফ্যাশনের সেরা পাঁচ ব্র্যাণ্ড।

১৯৬৪ সালে ব্র্যাণ্ডটি প্রথমে 'ব্লু রিবন স্পোর্টস' নামে যাত্রা শুরু করে। এরপর ব্র্যাণ্ডটির প্রতিষ্ঠাতা বিল বাওয়ারম্যান এবং ফিল নাইট ১৯৭১ সালে সেই নাম পরিবর্তন করে নতুন নাম রাখেন নাইকি। নাইকি তাদের অসাধারণ লোগো আর জনপ্রিয় স্লোগান 'জাস্ট ডু ইট' নিয়ে সেরাদের সেরা হয়ে এগিয়ে যাচ্ছে যুগ যুগ ধরে। সারা বিশ্বের বড় বড় ফুটবল ক্লাব এবং ক্রিকেট টিমের বড় অংশ দখল করে আছে নাইকি। সেই তালিকায় নাম রয়েছে ইণ্ডিয়া ক্রিকেট টিম, বার্সেলোনা ক্লাবের মত দলের। অ্যাথলেটিক জুতার মার্কিন বাজার নিয়ন্ত্রণ করতে নাইকির 1970-এর দশকের শেষের দিকে নারোহণ জগিংয়ের উন্মাদনার দ্বারা উদ্দীপিত হয়েছিল, যা 1980-এর দশকের মাঝামাঝি সময়ে ধীর হয়ে যায়। Reebok, সাদা চামড়ার মহিলাদের জুতার একটি ব্রিটিশ লাইন, অ্যাথলেটিক্সের পরবর্তী উন্মাদনার সদ্ব্যবহার করেছে - মহিলাদের অ্যারোবিক্স। 1987 সাল নাগাদ, $1.4 বিলিয়ন রাজস্ব সহ, রিবক নাইকিকে পিছনে ফেলেছিল। নাইকি নতুন বাজারে বৈচিত্র্য আনয়ন করে, বিশেষ করে মহিলাদের বাজারে রিবকের মোকাবিলা করে। একই সময়ে, রিবক পুরুষদের খেলাধুলার নাইকির ঐতিহ্যবাহী বাজারে বৈচিত্র্য আনে। 1990 সাল নাগাদ দুই কোম্পানি খেলাধুলার জুতার বাজার নিয়ন্ত্রণের জন্য মাথা ঘামায়। 1994 সালে নাইকি $3.79 বিলিয়ন রাজস্বের মাধ্যমে $299 মিলিয়ন উপার্জন করেছিল। মানে রিবন্ধের $254 মিলিয়ন রাজ 53.28 সন ছিল। ওই বছর দুই কোম্পানি মিলে কেরাষ্ট্রের ৫০ শতাংশ নিয়ন্ত্রণ করে।

1990-এর দশকের গোড়ার দিকে বাজারের আধিপত্য পুনরুদ্ধারের প্রয়াসে, রিবক তার পণ্যগুলিকে সমর্থন করার জন্য সুপারস্টারদের একটি দলকে একত্রিত করে

নাইটের বিদগন কৌশলের নকল করে: ইনিসে মাইকেল চ্যাং, বেসবলে শিকাগো হোয়াইট সন্সের ফ্রাঙ্ক খমাস এবং ডালাস কাউবয়েজের এমিট প্রিয়। ফুটবলে, কয়েকটির নাম। যদিও 1992 সন পর্যন্ত রিবক জর্ডানের প্রতিপক্ষ, অরল্যাণ্ডো সাজিকের সাত ফুট রুকি শাকিল ও'নিলকে পাঁচ বছরের, $15 মিলিয়ন ডলারের চুক্তিতে স্বাক্ষর হরার জন্য আন্তরিকভাবে অনুমোদন প্রতিযোগিতায় প্রবেশ করেছিল। "এটি শাকের স্বাক্ষর ছিল, যা সামেরিকান জনসাধারণের হৃদয়, মন এবং পাওয়ার জন্য নাইকি এবং রিবকের মধ্যে যুদ্ধের সূচনা করেছিল," কেনেথ লাবিচ 15 সেপ্টেম্বর, 1995, ফরচুনের সংখ্যায় মন্তব্য করেছিলেন। ওয়েবসাইটঃ www.nikeinc.com®

লিমিটেড খেলাধুলার সামগ্রী প্রস্তুতকারী জার্মান প্রতিষ্ঠান। ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত এই কোম্পানির নামকরণ করা হয়েছে এর মালিক আডলফ ডাসলারের নামে। স্পোর্টস সু খেলোয়াড়দের পোশাক এবং নানা ক্রীড়া সামগ্রী তৈরিতে বিশ্বের প্রথম বৃহত্তম কোম্পানী এখন এডিডাস। কোম্পানীটির চলা শুরু হয়েছিল ১৯৪৯ সালে এডলফ ডাসলারের হাত ধরে।

তার পুরো নাম এডলফ "এডি" ডাসলার, জন্ম ৩রা নভেম্বর ১৯০০। জন্ম ও বেড়ে ওঠা জার্মানীর হরজোজেলাউয়াচ শহরে। প্রথম বিশ্বযুদ্ধ থেকে ফিরে মায়ের রান্নাঘরে বসেই নিজের স্পোর্টস সু তৈরি করেন তিনি। বাবা ক্রিস্টফ একটি জুতা কারখানায় কাজ করতেন। অন্যদিকে জেহলিন ভাইয়েরা স্পোর্টস সু'র জন্য স্পাইক বানাতেন নিজেদের কামারশালায়। এরা সবাই এডলফ ডাসলারকে সাহায্য করেন জুভার ব্যবসা শুরু করতে। এডলফ ডাসলারের সাথে বড় ভাই রুডলফ ডাসলার যোগ দেন ১৯২৪ সালের ১লা জুলাই থেকে। তারা প্রতিষ্ঠানটির নাম দেন জিবারডার ভাসনার সুফ্যাব্রিক বা ভ্রমনার ব্রাদার্স সু ফ্যাক্টরি। ১৯২৮ সালের অলিম্পিকে বহু এ্যাথলেট তাদের সরঞ্জাম ব্যবহার করেন। ডাসলার ভাইদের কোম্পানীটির আন্তর্জাতিক ভিত্তি তৈরি হয় এ সময় থেকেই। ১৯৬৬ সালের গ্রীষ্মকালীন অলিম্পিকের সংযোজন করে বার্লিন। যুক্তরাষ্ট্রের এ্যাথলেট জেসি ওয়েন্সের জুতা সরবরাহ করে ডাসলার। এ জুতা এই চারটি সোনা জেতেন জেসি ওয়েন্স।

১৯৫৪ সালের বিশ্বকাপের ফাইনালে শক্তিশালী হাঙ্গেরীকে হারায় জার্মান ফুটবল দল। এ বিজয় যেন বৃষ্টির চেয়েও বেশি কিছু ছিল জার্মানীর জন্য। জার্মান ব্র্যাণ্ড এডিডাস আন্তর্জাতিক গণমাধ্যমের নজর কোড়ে। জার্মান ফুটবলারদের সাথে ছিল এডিডাসের তৈরি ফুটবল বুট। এসব বুট ছিল প্রচলিত ইংলিশ জুটির চেয়ে হালকা এবং আরামদায়ক। মাঠের পরিস্থিতির সাথে মানিয়ে নিতে অনেক বেশি সহায়ক ছিল এসব বুট। ফুটবল মাঠের অপরিহার্য অঙ্গে পরিণত হয় এডিডাস।

১৯৬৭ সাল পর্যন্ত এডিডাস কেবল জুতাই বানিয়েছে। ১৯৬৭ সালে প্রথমবারের মত ট্র্যাকস্যুট বানায় তারা। এটি ছিল ফ্যানজ বিককেনবাউয়ের মডেলের ট্র্যাকস্যুট। বিশ্বের

সেরা এ্যাথলেটদের আস্থা অর্জন করেছিলেন এডলফ ডাসলার। এ্যাথলেটদের কাছ থেকে তিনি শুনতেন তাদের কি প্রয়োজন, কোথায় অসুবিধা। এসবের প্রতিফলন থাকতো তার পণ্যে।"

খেলোয়াড় এবং এ্যাথলেটদের জন্য জুতা হল, পোশাক হল আবার কি? ১৯৭০ সালের বিশ্বকাপে অফিসিয়াল ফুটবল 'টেলস্টার' সরবরাহ করে এডিডাস। সাদা-কালো টিভিতে যাতে সহজে চোখে পড়ে সেভাবেই তৈরি হয়েছিল বলগুলো। পরের বিশ্বকাপগুলোতেও বল সরবরাহ করে এডিডাস। ক্রীড়াঙ্গণের অনেকের পায়ে পৌঁছে যায় এডিডাসের থ্রি-স্ট্রাইপ জুতা। আর্জেন্টিনার জাতীয় ফুটবল দলের পায়ে ওঠে এডিডাসের জুতা। এডিডাসের বুট পায়ে পর্বতারোহণ করেন পর্বতারোহী রেইনহোল্ড মেসনার, জিমন্যাস্ট নাদিয়া ফমেনিসি নিখুঁতভাবে ১০ স্কোর করতে থাকেন এডিডাস পায়ে।

এডিডাস রিবক এবং এর র‍্যাণ্ড রকপোর্ট, রিবক সিপিএম হকি কিনে নেয়। ক্রীড়াসামগ্রী উৎপাদনের ক্ষেত্রে শীর্ষ দু'টি কোম্পানীর একটিতে পরিণত হয় এডিডাস। ২০০৫ সালে কোম্পানীটির যা ছিল ৩৪.৪৮ বিলিয়ন ইউরো। বিশ্বের প্রথম সারির ফুটবল ক্লাব রিয়েল মাদ্রিদ এবং বায়ার্ন মিউনিখের মত জায়গায় নিজের প্রভাব অ্যাডিডাস।

রিবোক:স্পোর্টস জগতের এক বৃদ্ধ ব্র্যাণ্ডের নাম রিবোক। ১৮৯৫ সালে সর্বপ্রথম ফস্টার এণ্ড ম" নামে যাত্রা শুরু করে বিশ্ব বিখ্যাত এই ব্র্যাণ্ডটি। ব্র্যাণ্ডের প্রতিষ্ঠাতা জে.ডব্লিউ ফস্টারের দুই নাতি জো ফস্টার এবং জেফ ফস্টার ১৯৫৮ সেই নাম পরিবর্তন করে নতুন নাম রাখেন রিবোক। জার্সিতে রিবোককে খুব বেশি দেখা না গেলেও ক্রিকেটারদের পায়ের জুতা অধিকাংশ সময়ই থাকে এই ব্র্যাণ্ডের। বড় বড় রাগবি টিমে দেখা যায় রিবোকের জার্সি। প্রভাব রয়েছে বক্সিং আর ম্যাথলেটিক্সেও। সম্প্রতি যুগে ভারতে বেশ ব্র্যাণ্ডিং দেখা যায় রিবোকের।

Reebok, সাদা চামড়ার মহিলাদের জুতার একটি ব্রিটিশ লাইন, অ্যাথলেটিক্সের পরবর্তী উন্মাদনার দ্ব্যবহার করেছে - মহিলাদের অ্যারোবিক্স। 1987 সাল নাগাদ, $1.4 বিলিয়ন রাজস্ব সহ, রিবক নাইকিকে পিছনে ফেলেছিল। নাইকি নতুন বাজারে বৈচিত্র্য আনয়ন করে, বিশেষ করে মহিলাদের রাজারে রিবকের মোকাবিলা করে। একই সময়ে, রিবক পুরুষদের খেলাধুলার নাইকির ঐতিহ্যবাহী বাজারে বৈচিত্র্য আনে। 1990 সাল নাগাদ দুই কোম্পানি খেলাধুলার জুতার বাজার নিয়ন্ত্রণের জন্য না ঘামায়। 1994 সালে নাইকি $3.79 বিলিয়ন রাজস্বের মাধ্যমে $299 মিলিয়ন উপার্জন করেছিল যেখানে রিবকের $254 মিলিয়ন রাজস্ব $3.28 বিলিয়ন ছিল। ওই বছর দুই কোম্পানি মিলে যুক্তরাষ্ট্রের ৫০ শতাংশ নিয়ন্ত্রণ করে। ওয়েবসাইট: www.reebok.com

১৯২৪ সালে অ্যাডলফ ড্যাজলার এবং রুডলফ ড্যাজলার দুই ভাই ড্যাজলার স্কুব্রিক নামের কোম্পানি চালু করেন। ১৯৪৮ সালে আডিডাসের প্রতিষ্ঠাতা বড় ভাই অ্যাডলফ ড্যাজলারের বসে ব্যবসা বিভক্ত করে রুডলফ ড্যাজলার প্রতিষ্ঠিত করেন পুমা পুমার দখলেও রয়েছে স্পোর্টস জাতের বড় কেন্দ্রগুলো।" এই সময়ের সেরা ফুটবল ক্লাব বরুসিয়া ডর্টমুণ্ড তার বড় প্রমাণ। পুমার বার্সি গায়ে দেখা যায় গতিবিদ ওসাইন বোল্টকে। সুমা ফ্যাশনে বিশ্বাসী জনপ্রিয় সঙ্গিত শিল্পী শাকিরা।

১৯১১ সালে ইতালিতে প্রথম যাত্রা শুরু করে ফিলা। স্পোর্টস সামগ্রী, ক্লোদিং আর ফ্যাশনেবল এক্সেসরিজে বিখ্যাত এই ব্র্যাণ্ডটির চেয়ারম্যান এবং সিইও জেফ গেইটস (ইয়ন (সা)। স্পোর্টস কালেকশনের পাশাপাশি ফিলা বিখ্যাত তাদের ক্ল্যাসিক টি-শার্টের জন্য। বড় বড় টেনিস তারকা ও ম্যাথলেটদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা দেখা যায় এই ব্র্যাণ্ডের।

2003 সালে, হোল্ডিং ডি পার্টিসি জিওনি কোম্পানিটিকে আমেরিকা ভিত্তিক হেজ ফাণ্ড সেরবেরাস্ যা ক্যাপিটাল ম্যানেজমেন্টের কাছে বিক্রি করে দেয়, যখন কোম্পানিটি এমন এক সময়ে ব্যয়বহুল এনডোর্সমেন্টের জন্য নিজেকে প্রতিশ্রুতিবদ্ধ করে যখন মার্জিনের চাপ ছিল। Cerberus হাল্ডিং কোম্পানি স্পোর্টস ব্র্যাণ্ডস ইন্টারন্যাশনালের মাধ্যমে ফিলার মালিকানাধীন, যেটি ফিলা কোরিয়া ব্যতীত বিশ্বজুড়ে সমস্ত ফিলা ব্যবসার মালিক ও পরিচালনা করত, যেটি লাইসেন্সের অধীনে ব্র্যাণ্ডটি পরিচালনাকারী একটি পৃথক কোম্পানি ছিল। জানুয়ারী 2007 সালে, ব্র্যাণ্ড এবং এর সমস্ত আন্তর্জাতিক সহায়ক সংস্থাগুলি ফিলা কোরিয়া দ্বারা অধিগ্রহণ করা হয়েছিল।

স্পোর্টস ফ্যাশন নিয়ে বলতে গেলে এই পাঁচ জায়েন্টের পরেই নাম আসে আরও কিছু জনপ্রিয় ব্র্যাণ্ডের। তাদের মধ্যে অন্যতম নিউ ব্যালেন্স, কে সুইচ, অ্যাসিস, হাই-টেক, আমব্রো, স্লেজার ইত্যাদি। গতিযোগিতামূলক খেলাধুলায়, ডোনিং হল প্রতারণার উপায় হিসাবে অ্যাথলেটিক প্রতিযোগীদের দ্বারা নিষিদ্ধ অ্যাথলেটিক পারফরম্যান্স বর্ধক ওষুধের ব্যবহার। ডোপিং শব্দটি ক্রীড়া প্রতিযোগিতা যন্ত্রণকারী সংস্থাগুলির দ্বারা ব্যাপকভাবে ব্যবহৃত হয়। পারফরম্যান্স বাড়ানোর জন্য ওষুধের ব্যবহার অনৈতিক বলে বিবেচিত হয় এবং আন্তর্জাতিক অলিম্পিক কমিটি সহ বেশিরভাগ আন্তর্জাতিক ক্রীড়া সংস্থা দ্বারা নিষিদ্ধ। অ্যাথলেটরা (বা অ্যাথলেটিক প্রোগ্রাম) সনাক্তকরণ এড়াতে সুস্পষ্ট তা গ্রহণ করে প্রকাশ্য প্রতারণা এবং প্রতারণার মাধ্যমে নৈতিক লঙ্ঘনকে আরও বাড়িয়ে তোলে। আমের স্পোর্টস হল একটি ফিনিশ ক্রীড়া সামগ্রী কর্পোরেশন যা ব্র্যাণ্ড অ্যাটমিক, আর্কটেরিক্স, মারমাডা, এনভ কম্পোজিটস, পিক পারফরম্যান্স, স্যালোমন এবং উইলসন স্পোর্টিং গুডস-এর তত্বাবধান করে। এটি চীনা খুচরা কোম্পানি আন্তা স্পোর্টসের একটি সীমিত দায় কোম্পানি ।

আমের ক্রীড়া ওয় Amer Sports.svg টাইপ সীমিত দায় কোম্পানি শিল্প খেলাধুলার সামগ্রী প্রতিষ্ঠিত 1950:73 বছর আগে সদর দপ্তর হেলসিঙ্কি, উসিমা, ফিনল্যাণ্ড এলাকা পরিবেশিত বিশ্বব্যাপী কি মানুষ জেমস ঝেং (বোর্ডের নির্বাহী পরিচালক এবং সিইও) মাইকেল হাউজ সোরেনসেন (সিওও) ডগলাস গিলবার্ট (CFO) পণ্য খেলাধুলার সরঞ্জাম, পোশাক, পাদুকা ব্র্যাণ্ড তালিকা আর্কটেরিক্স আরমাডা এটিক রমাণু ডিমারিনি ENVE কম্পোজিট ইণ্ডোশিল্ড লুইসভিল স্লাগার লুক্সিলন শীর্ষ কৃতিত্ব সলোমন উইলসন রাজস্ব 2.6 বিলিয়ন ইউরো কর্মচারীর সংখ্যা 9,700 অভিভাবক আমের স্পোর্টস হোল্ডিং (কেম্যান) লিমিটেড। ১৯৫০ সাল থেকে আমের ধীরে ধীরে ক্রীড়া সামগ্রীর উত্পাদন এবং বিপণনে নিবেদিত একটি বহুজাতিক সংস্থায় পরিণত হয়েছে। কোম্পানিটি 9,700 জনেরও বেশি লোক নিয়োগ করে।

1986 সালে, জ্যাক নিকলাসের কাছ থেকে গল্ফ সরঞ্জাম প্রস্তুতকারক ম্যাকগ্রেগর গল্ফ-এ বেশিরভাগ অংশীদারিত্ব অর্জনের পর আমের একটি ক্রীড়া বিভাগ প্রতিষ্ঠা করেন । তা সত্ত্বেও, কোম্পালাড 1974 সালের প্রথম দিকে ক্রীড়া সরগ্রামের বাজারে জড়িত ছিল, যখন এটি আইস হকি প্রিয়ার প্রস্তুতকারক কিনেছিল যা তখন কোহো টুয়েট নামে পরিচিত ছিল। এই আগ্রহগুলি 1986 সালে বিক্রি করা হয়েছিল। আমের-এর সিইও হেইকি 3. স্যালোনেন মনে করেন যে কোম্পানির জন্য ক্রীড়া মশার উপর ফোকাস করার জন্য একটি ভাল ব্যবসা হবে। কোম্পানির ব্র্যাণ্ডের মধ্যে রয়েছে মার্লবোরো, মারিমেকো, টয়োটা, ওয়েইলিন-গোস, এবং আমেরিকান ব্র্যাণ্ড ম্যাকগ্রেগর গল্ফ কোম্পানি। উইলসন এনবিএ-র জন্য উদাহরণ স্বরূপ বাস্কেটবল তৈরি করেন।

1989 সালের ফেব্রুয়ারিতে, আমের শিকাগো -ভিত্তিক কোম্পানি উইলসন স্পোর্টিং গুডস কোম্পানিকে অধিগ্রহণ করেন, যেটি গল্ফ, টেনিস এবং বেসবল পণ্যগুলিতে বিশেষীকরণ করে। উইলসন ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রে ক্রীড়া পণ্যের বৃহত্তম প্রস্তুতকারক, তবে এটি অত্যন্ত ঋণী ছিল। লেনদেন ফিনল্যাণ্ডে সবচেয়ে বড় বিদেশী অধিগ্রহণের জন্য একটি নতুন রেকর্ড স্থাপন করেছে।

1991 সালে, আমের মেরিমেক্কোকে কিস্টি পাক্কানেনের কাছে বিক্রি করেছিলেন। আমের মালিকানায় কোম্পানিটি প্রায় 50 মিলিয়ন ইউরোর লোকসান করেছে। আরও অধিগ্রহণ 1994 সালে অস্ট্রিয়ান স্কি প্রস্তুতকারক পরমাণুর আকারে অনুসরণ করে এবং 1999 সালে ফিনিশ ক্রীড়া উপকরণ প্রস্তুতকারক মুন্টো । উইলসন বিভাগ। এই সময়ের মধ্যে, অনেক ব্যবসায়িক ক্ষেত্রকে আর মূল বলে মনে করা হয় না, যদিও কোম্পানিটি ফিলিপ মরিসের কাছে বিক্রি হওয়ার পর 2004 সাল পর্যন্ত তার তামাক ব্যবসা ধরে রেখেছিল। 2005 সালে, আমের □485 মিলিয়নে অ্যাডিডাস থেকে আউটডোর স্পোর্টস কোম্পানি স্যালোমনকে অধিগ্রহণ করে। একই বছরে, কোম্পানিটি আনুষ্ঠানিকভাবে আমের স্পোর্টস কর্পোরেশন নাম পরিবর্তন করে।"

2002 সালে, আমের স্পোর্টসের উত্তর আমেরিকার সদর দফতর পোর্টল্যাণ্ড, ওরেগন থেকে ওগডেন, উটাহ বিল্ডিং কমপ্লেক্সের ঐতিহাসিক আমেরিকান ক্যান কোম্পানিতে স্থানান্তরিত হয় 1 2004 সালে আমের স্পোর্টস তার কার্যক্রমকে তিনটি ব্যবসায়িক ইউনিটে বিভক্ত করেছে: শীতকালীন খেলাধুলা, বহিরঙ্গন ক্রীড়া, বল ক্রীড়া উইলসন, লুইসভিল স্লাগার এবং ডিমারিনি)।

2004-এ, আমের স্পোর্টস সুইডিশ স্পোর্টসওয়্যার প্রস্তুতকারক দিক পারফরম্যান্স আইসি ক্রম থেকে অধিগ্রহণ করে, একটি ড্যানিশ সংস্থা। আমের স্পোর্টসের সবচেয়ে বড় মালিক ছিলেন কতা, সিভিল অ্যাণ্ড ওয়াটার ইঞ্জিনিয়ারিং ফাণ্ড, ইনমারিনেন, ম্যাণ্ডাটুম এবং ই ব্রাদারাস। ডিসেম্বরে, মাসকট বিডকো নামে একটি বিনিয়োগকারী কনসোর্টিয়াম আমের স্পোর্টসের জন্য তার টেকওভার বিড ঘোষণা করে। কনসোর্টিয়ারে মধ্যে ANTA Sports, Fountain Vest Partners Anamered Investments, এবং Tencent অন্তর্ভুক্ত ছিল । আমের স্পোর্টসের শেয়ারের মূল্য ছিল 4.6 বিলিয়ন ইউরো, তাদের গড় বাজার মূল্যের 40 শতাংশ। অফারের শর্তাবলীর অধীনে, আমের স্পোর্টস একটি পৃথক ব্যবসায়িক সত্তা হিসাবে রয়ে গেছে, যখন আন্তা স্পোর্টস চীনের বাজারে সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় R&D এবং উত্পাদন সংস্থান সরবরাহ করে। আন্তা স্পোর্টস চীনের বৃহত্তম ক্রীড়া পোশাক প্রস্তুতকারক। লুলুলেমন অ্যাথলেটিকার প্রতিষ্ঠাতা চিপ উইলসন আমের স্পোর্টসের প্রায় এক-ক্ষেমাংশের মালিক। আমের স্পোর্টস হেলসিঙ্কি স্টক এক্সচেঞ্জের বৃহত্তম কোম্পানিগুলির মধ্যে ছিল, যার বাজার মূলধন প্রায় 8 বিলিয়ন ইউরো।

খেলাধুলায় ডোপিংয়ের উৎপত্তি আবার খেলাধুলার সৃষ্টিতেই ফিরে যায়। রথের দৌড়ে পদার্থের প্রাচীন ব্যবহার থেকে শুরু করে বেসবলে ডোপিং, টেনিসে ডোপিং, অলিম্পিক গেমসে ডোপিং এবং টার ডি ফ্রান্সে ডোপিংয়ের সাম্প্রতিক বিতর্ক।, ক্রীড়াবিদদের মধ্যে জনপ্রিয় দৃষ্টিভঙ্গি বছরের পর বছর ধরে দেশ থেকে দেশে ব্যাপকভাবে পরিবর্তিত হয়েছে। গত কয়েক দশক ধরে কর্তৃপক্ষ এবং ক্রীড়া সংস্থাগুলির মধ্যে সাধারণ প্রবণতা হল খেলাধুলায় মাদকের ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করা। নিষেধাজ্ঞার কারণগুলি হল প্রধানত কর্মক্ষমতা বৃদ্ধিকারী ওষুধের স্বাস্থ্য ঝুঁকি, ক্রীড়াবিদদের জন্য সুযোগের সমতা এবং জনসাধারণের জন্য মাদকমুক্ত খেলাধুলার অনুকরণীয় প্রভাব। অ্যান্টি-ডোপিং কর্তৃপক্ষ বলে যে কার্যক্ষমতা বর্ধক ওষুধ ব্যবহার করা "খেলাধুলার চেতনার" বিরুদ্ধে যায়।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- বিশ্বাস চিরঞ্জিত - "খেলাধুলার নেপথ্যে" (1978)
- সেনগুপ্ত শংকর - "বাঙালির খেলাধুলা (1972)
- দত্ত জয়ন্ত -"খেলাধুলার হাজার জিজ্ঞাস্যো" - (1983)

- মুকুল 'খেলাধুলায় বাংলার মেয়ে " - (1929)
- মিত্র সতীশচন্দ্র "যশোহর খুলনার ইতিহাস" (1914)
- রায় নীহাররঞ্জন - "বাঙ্গালির ইতিহাস # (1941)
- বন্দাপাধ্যায় শান্তিপ্রিয় - "খেলাধুলার নিয়ম কানুন" (2003)
- ভট্টাচার্য আশুতোষ - "বাংলা লোক সাহিত্যের ইতিহাস" (1999)
- সিদ্দিকী আশরাফ "লোকসাহিত্য" (1991)
- চৌধুরী সিনাকিনন্দন "দক্ষিণ-পশ্চিম অংশের লোকক্রীড়া (১৯৯৫)
- সেন শচীন, "খেলাধুলার বিচিত্র কাহিনী" (1989)
- সেন সুকুমার,- "বিচিত্র সাহিত্য" ২য় খণ্ড
- বন্দোপাধ্যায় কৌণিক "খেলা যখন ইতিহাস" - (2007)
- মজুমদার বোরিয়া -"ভারতবর্ষ আর অলিম্পিক" (2010)
- মজুমদার বরিয়া,- "শত শিল্পে আলোকিত ভারতের ক্রীড়া ইতিহাস (২০১১)
- "অমৃতবাজার পত্রিকা" (1940)
- আনন্দধারা পত্রিকা"
- উইকিপিডিয়া.কম
- রশিদ হায়দার,"বাংলাদেশের খেলাধুলা" (২০০০)
- গুপ্ত অম্বিকাচরণ - "বাঙালির খেলাধুলা (1970)
- আহম্মেদ ওয়াকিল - "বাংলার লোক সংস্কৃতি - (1990)
- কৌশিক বন্দোপাধ্যয়:- খেলা যখন ইতিহাস: সমাজ, সংস্কৃতি, রাজনীতি (২০০৭)।
- গুহ বুদ্ধদেব, "খেলা যখন" (১৯৮৭)
- মজুমদার বোরিয়া
- "1971: the Beginning at Indians Crickeatin greatness."(2000)
- ড. সৌমেন মিত্র "ঔপনিবেশিক বাংলায় ফুটবল ও জাতীয়তাবাদ" - (১৯৮৫)
- PRamila pandit:- Treaditional Indian Games.
- Avijit chatterger: "Sports and culture (1980)
- গোস্বামী পরিমল, "খেলার মাঠে " (১৯৯১)
- আলম ড. জিয়াউল, "লোকক্রীড়া: শরীর চর্চা ও সামাজিক মূল্য (২০০২)
- চক্রবর্তী বরুণ কুমার "লোককথার সাতকাহন"- (২০১২)
- চক্রবর্তী বরুণ কুমার "লোক-সংস্কৃতি নানা প্রসঙ্গ" - (২০১০)
- রায় রজতকান্ত -"পলাশীর ষড়যন্ত্র ও সেকালের সমাজ" (১৯৬৭)
- চক্রবর্তী বরুণ কুমার "লোকউৎসব ও লোকদেবতা প্রসঙ্গ" - ২০০৭)
- সেনগুপ্ত পল্লব "লোক সংস্কৃতির বিশ্বকোষ"- (২০১৪)

25

প্রাচীন ভারতের টেস্ট টিউব বেবির ধারণা

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

কৌশিক কুণ্ডু স্নোতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

মহাভারতের আদিপর্বে ব্যাস দেব বর দিয়েছিলেন যে গান্ধারী শতপুত্রের জননী হবেন। পরবর্তীকালে গান্ধারী গর্ভধারণ করলেও, দুই বছর অতিবাহিত হওয়ার পরও তার সন্তান ভূমিষ্ঠ হয় না এবং কুন্তী তার প্রথম সন্তান যুধিষ্ঠিরের জন্ম দেন পাণ্ডুর অরণ্য আবাসে। এই খবর পাওয়া মাত্রই গান্ধারী দুঃখিত এবং ঈর্ষাকাতর হয়ে পড়েন। ঈর্ষাকাতর হয়ে গান্ধারী ধৃতরাষ্ট্রকে না জানিয়ে নিজের গর্ভে আঘাত করে নিজের গর্ভপাত করার চেষ্টা করেন। গর্ভে আঘাতের কারণে গান্ধারীর লোহাষ্ঠীলা[১] অর্থাৎ লোহার ন্যায় কঠিন। একটি গোলাকার মাংসপিণ্ড পসৃত হয়। তিনি সেটিকে ফেলে দিতে যাচ্ছিলেন, এমন এক সময় আবির্ভূত হলেন ব্যাসদেব। তিনি এসে বললেন আমার বাণী বা বর মিথ্যা হবে না। ব্যাসের উপদেশে গান্ধারী প্রথমে মাংসপিণ্ডকে শীতল জলে ঠাণ্ডা তাপমাত্রায় ভিজিয়ে রাখলেন, তা থেকে অঙ্গুষ্ঠ একশত এক ভ্রুন পৃথক হয়। সেই এক - একটি ভ্রণের চেহারা ছিল আঙ্গুলের সমান। এই ভ্রনগুলোকে তিনি পৃথক পৃথক ঘৃতপূর্ণ কলশে রাখলেন। এক বছর পর সেগুলির মধ্যে একটি কলসি থেকে দূর্যোধন জন্মগ্রহণ করেছেন।[২]

ভারতীয় বিজ্ঞান কংগ্রেসে বক্তব্য রেখেছিলেন অন্ধ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জি নাগেশ্বর রাও। সংবাদ মাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি বলেন, এক মায়ের থেকে একশত এক কৌরবের জন্ম হয়েছিল।[৩] যেটা হয়েছিল স্টেম সেল রিসার্চ এবং টেস্ট টিউব বেবি প্রযুক্তির দ্বারা। যা ঘটেছিল কয়েক হাজার বছর আগে।[৪] তিনি একই সঙ্গে এও মন্তব্য করেন যে ভগবান রাম ' Astras ' এবং 'Shastras' (weapons) অস্ত্র ব্যবহার করেছিল, যখন ভগবান বিষ্ণু লক্ষ্য ধাওয়া করার জন্য একটি সুদর্শন চক্র পাঠিয়ে ছিলেন । আর এই চক্রের মাধ্যমে আঘাত করার পর তা ফিরে আসবে। তিনি দেখান যে বিজ্ঞানের ভাষায় ক্ষেপনাস্ত্রের ব্যবহার নতুন নয় এবং এটি হাজার হাজার বছর আগে উপস্থিত ছিল।[৫]

এছাড়াও ২০০২ সালের Times of India তে একটি প্রবন্ধ প্রকাশ পেয়েছিল যেখানে যুক্তি দিয়ে দেখানো হয়েছিল যে, কৌরবদের জন্ম বিজ্ঞানভিত্তিক। ৩০০০ খ্রীষ্ট পূর্বাব্দের মহাভারত। তৎকালীন সময় বা বর্তমানেও কোন মহিলার একশটি সন্তান জন্ম দেওয়া অসম্ভব। তাই এই প্রসঙ্গে B G Matapurkar নামক একজন সার্জেন

যিনি "The Maulana Azad Medical College', যেটি নিউ দিল্লিতে অবস্থিত সেখানে একটি সভায় মন্তব্য করেছেন যে মহাভারতে গান্ধারীর ১০০টি পুত্রের কথা বলা হয়েছে সেটি টেস্টটিউব বেবি ছিল এটা কখনই বলা যায় না যুক্তি দ্বারা। বরং এটা অন্য শব্দ ব্যবহার করে ব্যাখ্যা করা যেতে পারে, যে এটি একটি এমন পদ্ধতি ছিল যার মাধ্যমে প্রথম মানুষের অর্থাৎ মাতৃজঠের বাইরেও স্বাভাবিক শারীরিক প্রক্রিয়া ছাড়াও যে চিকিৎসা সম্ভব বা সৃষ্টি সম্ভব এটি একটি আধুনিক পদ্ধতির মাধ্যমে উঠে এসেছিল যা আধুনিক চিকিৎসা বিজ্ঞানের সাথে যুক্ত হয়েছিল।[৬]

আয়ুর্বেদের বইয়ে চিকিৎসা বিজ্ঞানকে একটি পৃথক শাস্ত্র হিসেবে উপস্থাপন করা হয়েছে। তবে বেদ, মহাভারত এবং অন্যান্য পুরানে বিদ্যমান মূল চিকিৎসা বিজ্ঞান আয়ুর্বেদের চেয়ে অনেক বেশি উন্নত। ভারতের সমস্ত শাস্ত্র (পবিত্র ধর্মগ্রন্থ) - এর উৎস বেদে পাওয়া যায়। বেদ রচিত হয়েছে বৈদিক যুগে ২৩৯৬০ খ্রীষ্টপূর্বাব্দ থেকে ৫৫৬০ খ্রীষ্টপূর্বাব্দ পর্যন্ত। মহাভারত ৫৫৬০ খ্রীষ্টপূর্বাব্দে রচিত হয় এবং পুরাণগুলি তার পরে। ভারতের প্রাচীন সাহিত্যে পার্থেনোজেসিস, টেস্ট টিউব বেবি ইত্যাদির কথা উল্লেখ করা হয়েছে। আয়ুর্বেদ শাস্ত্রে বিশ্বাসীদের অনুযায়ী, মহাভারতে গান্ধারী স্বাভাবিকভাবে গর্ভবতী হয়েছিলেন। কিন্তু দুই বছর পেরিয়ে গেলেও তিনি সন্তান প্রসব করতে পারেননি। আসলে এটি একটি ভ্রুন ছিল না, এটি একটি বিকশিত শিশুও ছিল না, কিন্তু এটি ছিল জীবিত কোষের একটি তিল। যার আকৃতি মানব শিশুর মতো নয়। ঋষি ব্যাসদেব সাবধানে তিলটিকে ছিন্ন করেন এবং স্বাভাবিক জীবন্ত কোষগুলি খুঁজে পান, যা তিনি ঘৃত কুম্ভে আলাদাভাবে রেখেছিলেন। ঘৃতকুম্ভ মানে ঘি দিয়ে ভরা মাটির সাধারণ পাত্র নয়। 'ঘৃত' মানে জীবন শক্তি সরবরাহ কারী একটি পুষ্টির মাধ্যম, যা একটি বিশেষ কুম্ভে রাখা হয়েছিল। সেগুলি থেকে ১০১ টি কোষকে পৃথকভাবে ঘৃতকুম্ভ বা পুষ্টির কলসগুলিতে রাখা হয়েছিল, পরবর্তীকালে যার থেকেই সন্তান জন্মেছিল। এই ভাবে ব্যাস দেবকে অনুসরণ করে আধুনিক বিজ্ঞানীদের অবশ্যই ঋকবেদ এবং অন্যান্য প্রাচীন সাহিত্যে সংরক্ষিত নীতিগুলিকে গুরুত্ব সহকারে পর্যালোচনা করতে হবে, যাতে নতুন অলৌকিক ঘটনা তৈরি করা যায়। টেস্ট টিউব বেবি নিয়ে অনেক পরীক্ষা-নিরীক্ষা মহাভারতের আদিপর্ব পাওয়া যায়।[৭]

কর্নাটকের স্কুলে অধ্যায়নরত শিশুরা যদি আজ থেকে কয়েক বছর আগে দৃঢ়ভাবে বিশ্বাস করে যে টেস্ট টিউব শিশুর প্রযুক্তি ভারতে তৈরি হয়েছে তাতে অবাক হওয়ার কিছু থাকবে না। কারন সর্বোপরি, তারা স্কুলে তাদের পাঠ্য বইয়ে যা শেখানো হয়েছিল[৮] তা কেবল পুনরাবৃত্তি করবো কর্নাটকের অধীনে পঞ্চম শ্রেণীর অধ্যায়নরত শিশুদের জন্য নির্ধারিত বিজ্ঞানের পাঠ্যবইটি বলে ভারতীয় আয়ুর্বেদিক পুস্তক চিকিৎসা-তে প্রকাশিত একটি নিবন্ধ অনুসারে, ৭৫০০ বছর আগে ভারতে টেস্ট টিউব শিশু

তৈরি হয়েছিল।[৯] লিখেছেন যে দ্রোণাচার্য আধুনিক দেরাদ্দনে ভরদ্বাজ নামে এক ঋষির ঘরে জন্মগ্রহণ করেছিলেন। পঞ্চম শ্রেণির পাঠ্য বইয়ের ২৩ নম্বর পৃষ্ঠায় টেস্ট টিউব বেবির বর্ণনায় বলা হয়েছে, যে দ্রোণ বোঝান তাকে ভ্রুনে (মাটির পাত্র) গর্ভধারণ করা হয়েছিল।

আদিপর্বে দ্রোণাচার্যের জন্ম কথা বর্ণিত হয়েছে। দ্রোণাচার্য মহাভারতের একটি চরিত্র। ঋষি ভরদ্বাজ একদিন স্নানার্থে গঙ্গায় গিয়েছিলেন। সেখানে অপ্সরা ঘৃতাচীও উপস্থিত ছিলেন। সেখানে ঘৃতাচী অপ্সরাকে স্নান করতে দেখে তার মনে কামনা জাগরিত হয় এবং তার বীর্য স্খলন হয়। তিনি সেই বীর্য (দ্রোণী) একটি মাটির পাত্রে তরলে বন্দি করেছিলেন। সেখানে ভ্রুণ সৃষ্টি হয় ও তা থেকেই জন্মগ্রহণ করেছিলেন দ্রোণাচার্য।[১০]

তবে চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে এই রূপ মাতৃজঠের বাইরে এমন অদ্ভুত জন্ম বৃত্তান্ত মহাভারতের চরিত্রায়নের কথা কেমন প্রভাব ফেলেছিল তা জানা নেই। তবে বর্তমানকালে 'টেস্ট টিউব বেবি' আমাদের রীতিমত অবাক করে।[১১]

উপরিউক্ত মহাকাব্যের মধ্যে দিয়ে সমাজে যে দৃষ্টিভঙ্গি তৈরি হয়েছে তাতে বহু মানুষ সেই সত্তরের দশকে দাড়িয়ে ও বর্তমানেও কিছু মানুষ আজও মনে করেন যে একটি পাত্রের মধ্যেই হয়ত শিশু জন্মগ্রহণ করে, কিন্তু বাস্তব এবং বর্তমান আধুনিক চিকিৎসায় এইরূপ কোনো প্রক্রিয়া ঘটে না। যেটা টেস্ট টিউব বলা হচ্ছে সেখানে কেবলমাত্র কোন দম্পতির পুরুষ ব্যক্তির শুক্রাণু ও মহিলার দেহ থেকে ডিম্বাণু সংগ্রহ করে সেই কাঁচের নলে বা পাত্রে কেবল নিষিক্ত করা হয় এবং সেটিকে কিছু বৈজ্ঞানিক পদ্ধতির মধ্যে দিয়ে ফার্টিলাইজেশন প্রক্রিয়ায় সফল করে পুনরায় মাতৃগর্ভে প্রতিস্থাপন করা হয়। বাকি সমস্তটাই অর্থাৎ শিশুর বেড়ে ওঠা ও জন্ম নেওয়া সবটাই মাতৃগর্ভে, বাকি সাধারণ মানুষের মতই হয়। কিন্তু পুরাণ ও মহাকাব্যে বর্ণিত তথ্যকে অনেকেই সমর্থন করেছেন ও তার সাপেক্ষে যুক্তি দেখিয়েছেন। আমি আমার এই গবেষণার মধ্যে দিয়ে বর্তমান সমাজ ও চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসের সঙ্গে পৌরাণিক একটা সম্পর্ক বা পূর্ববর্তী চিন্তা-চেতনার সংমিশ্রন বা প্রভাব লক্ষ্য করতে পেয়েছি এবং তা তুলে ধরার চেষ্টা করেছি। যদিও বিষয়টি আজও বহু বিতর্কিত বিষয় : অবশেষে মহাকাব্যের বর্ণনার সাথে কোথাও পাশ্চাত্য ও ভারতবর্ষ তথা বাংলার চিকিৎসা শাস্ত্রে বন্ধ্যা মায়েদের চিকিৎসার পদ্ধতি I.V.F বা টেস্ট টিউব বেবির কোথাও একটা সংযোগ থাকলেও থাকতে পারে বলা যায়।

তথ্যসূত্র :

১. রাজশেখর বসু (সারানুবাদ) বাংলানুবাদ, 'কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস কৃত মহাভারত, ১ আষাঢ়, ১৩৫৬, পৃ: ৪৭-৪৮।

২. ঐ, পৃ: ৪৭-৪৮।

৩. THE TIMES OF INDIA 'Kauravas were test - tube babies, while Ram and Vishnu used guided missiles, Jan 5, 2019

৪. Hindustan Times., Kauravas were test - tube babies, Dashavatar better evolution theory, says Andhra University VC, Jan 2019

৫. NEWS 18., Mahabharata's kauravas were Test Tube Babies, says Andhra University Vice Chancellor, Jan 5, 2019

৬. Times of India., Kauravas were cloned, says scientist; May 4, 2002,

৭. P. V. Vartak, First Test Tube Child was Dronacharya., (Medical Science from ancient Indian Shastras,)

৮. Aswathy Gopala Krishnan, K'taka School science text book has baffling content, Nov 26, 2014

৯. The News Minute, Karnataka School text books say first text books says first test tube baby was Dronacharya, February 11, 2015.

১০. কাশীরাম দাস, মহাভারত আদিপর্ব, ১৩৩৫ বঙ্গাব্দ, পৃ: ১৭৪

১১. নিত্যগোপাল বসু টেস্ট টিউব বেবি, জ্ঞান ও বিজ্ঞান, ৪০তম বর্ষ, চতুর্থ সংখ্যা, এপ্রিল, ১৯৮৭

26

গীতা চন্দ্র : বাংলা তথা ভারতের প্রথম মহিলা প্যারাট্রুপার

ড. বিশ্বজিৎ গায়েন (সহকারী অধ্যাপক, রাষ্ট্র বিজ্ঞান বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
ছট্টু দাস (এস.এ.সি.টি., ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
বিজন মণ্ডল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

১৯৫৭ সালের ১৭ জুলাই উত্তর ভারতের মাঝ আকাশে উড়েছিল একটি ডাকোটা বিমান (Dakota aircraft)। বিমানের দরজা খোলা। সেই দরজার পাশেই চারজন প্যারাসুটার পাশাপাশি সারিবদ্ধভাবে দাঁড়িয়ে। তাঁদের মধ্যে প্রথম তিনজন ছিলেন প্রশিক্ষক এবং চতুর্থজন তখনও নিতান্তই শিক্ষানবিশ। সকলেই প্রস্তুত বিমান থেকে লাফ দেওয়ার জন্য। এহেন অবাক করা ঘটনাটি দেখতে স্বাভাবিকভাবেই লোকে লোকারণ্য। প্রকৃতপক্ষেই ঐতিহাসিক মুহূর্ত (Historic Moment) । সকলেই উদগ্রীব হয়ে তাকিয়ে রয়েছে এক দুঃসাহসী দৃশ্যের দিকে।

কোনো পুরুষ ডাক্তার স্বেচ্ছায় প্রশিক্ষণের প্রস্তাব গ্রহণ করেননি সেদিন এবং বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করে আপত্তির কথাও জানিয়েছিলেন। অথচ গীতা চন্দ্র ছিলেন একেবারেই ব্যতিক্রম। প্রস্তাব শোনা মাত্রই তা লুফে নেন তিনি। অবশেষে এলো সেই নির্ধারিত মুহূর্তটি। প্রাথমিক সংকেত শুনে প্রথমেই তিনজন প্রশিক্ষক লাফ দিয়ে বেরিয়ে পড়লো বিমান থেকে। তাদের ঠিক পিছন থেকে বিমানের দরজার একেবারে সামনে এগিয়ে এলো চতুর্থ প্রশিক্ষণার্থী প্যারাট্রুপার। অপেক্ষা করতে লাগলো পরবর্তী সংকেতের। পরবর্তী সংকেত শোনা মাত্র একইভাবে নিমগ্ন হলেন তিনিও। ভারতের ইতিহাসে বাংলার নাম উঠে এলো শীর্ষে। প্রথম ভারতীয় মহিলা প্যারাট্রুপার হিসাবে নাম লেখা হল তাঁর। লাফ দেওয়ার কয়েক সেকেণ্ড পরেই তিনি পিছনের দিকে একটি টান অনুভব করলেন। উপরে তাকাতেই তাঁর প্যারাসুটটি ততক্ষণে একটি বিশাল রঙিন ছাতার মতো স্ফীত হয়ে গিয়েছে। নিমেষে গতি কমে গেল অবতরণের, ধীরে ধীরে ঝাঁপিয়ে পড়ে নিচের দিকে তাকালেন তিনি।

কুড়ি সেকেণ্ডের মধ্যে দৃশ্যমান। হল নিচের জমিটি। এবং মাত্র চল্লিশ সেকেণ্ডের মাথায় নিরাপদে অবতরণ করলেন ভূমিতে। মাটি স্পর্শ করার সঙ্গে সঙ্গেই জয়োল্লাসে ফেটে পড়লো জনতামহল কিন্তু কে এই সাহসী মেয়েটি? প্রশ্নটা উকি দেওয়া যথার্থ। তাঁর নাম গীতা চন্দ্র (Gita Chandra)। সাধারণ বাঙালি ঘরের এক অসাধারণ মেয়েও। তাঁর শৈশব এবং কৈশোর কেটেছে রংপুরে। বাবা, হরেন্দ্র চন্দ্র ছিলেন কারমাইকেল কলেজের প্রভাষক। ছোটোবেলা থেকেই একজন মেধাবী দাত্রী হিসেবে

পরিচিত ছিলেন গীতা। পড়াশোনার পাশাপাশি বাইরের জগতের প্রতি তাঁর ছিল অকৃত্রিম টান। খেলাধুলা করতেও ভালোবাসতেন সেই সময় থেকেই। বড়ো হয়ে মেডিসিন নিয়ে পড়াশোনা শুরু করেন গীতা চন্দ্র। পড়াশুনা শেষ করে, ১৯৫৭ সালের নভেম্বর মাসে ভারতীয় বিমান বাহিনীতে। মেডিকেল অফিসার হিসাবে দেন তিনি। পশ্চিমবঙ্গেই পোস্টিং হয় তাঁর। এর ঠিক দুই বছর পর, ১৯৫৯ সালে ভারতীয় বিমান বাহিনীর সমস্ত চিকিৎসকদের প্যারা-টুপিং-এ প্রশিক্ষণ নেওয়ার প্রস্তাব উত্থাপিত হয়। সেইমতো সার্কুলার পাঠানো হয় সমস্ত বন্দরগুলিতে।

কোনো পুরুষ ডাক্তার স্বেচ্ছায় প্রশিক্ষণের প্রস্তাব গ্রহণ করেননি সেদিন এবং বিজ্ঞপ্তিতে স্বাক্ষর করে আপত্তির কথাও জানিয়েছিলেন। অথচ গীতা চন্দ্র ছিলেন একেবারেই ব্যতিক্রম। প্রস্তাব শোনা মাত্রই তা লুফে নেন তিনি। সহকর্মীরা তাঁকে সার্কুলারটিতে "প্রযোজ্য নয়" লিখতে অনুরোধ করলে সেই পরামর্শে রীতিমত ক্ষুব্ধ হয়ে যান গীতা। বরং অবিলম্বে এই প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আবেদন করেন। তাঁর সেদিনের সিদ্ধান্ত হতবাক করে দেয় সকলকে। কারণ সকলেরই বিশ্বাস ছিল প্যারাট্রুমিং একটি বিপজ্জনক কাজ সেটি শুধুমাত্র সৈন্যদের জন্যই প্রযোজ্য। ফলে, যাঁরা তাঁর বিরোধিতা করেছিল তাঁরা সকলেই গীতা চন্দ্রের দ্রুত পশ্চাদপসরণের জন্য দিন গুণতে থাকলেন।

কিন্তু গীতা চন্দ্র সফল হওয়ার লক্ষ্যে ছিলেন দৃঢ়সংকল্পবদ্ধ। এয়ার মার্শাল সুব্রত মুখার্জির তত্ত্বাবধানে চলতে থাকে প্রশিক্ষণ। সুব্রতবাবুর একনিষ্ঠ সমর্থন এবং উৎসাহ না থাকলে হয়তো মাঝপথেই ব্যর্থতায় পর্যবসিত হতো গীতার ইচ্ছে। সুব্রত মুখার্জি তখন ভারতীয় বিমানবাহিনীর প্রথম ভারতীয় কমাণ্ডার- ইন-চিহ্ন হিসেবে নিযুক্ত ছিলেন। নির্ধারিত কোর্সের জন্য নির্বাচিত হলে ১৯৫৯ সালের মে মাসে প্যারাট্রুপার স্কুলে যোগদান করেন গীতা। উত্তর ভারতে শুরু হয় তাঁর প্রশিক্ষণ। তিনিই ছিলেন একমাত্র শিক্ষানবিশ যিনি উত্তরের সমভূমির প্রচণ্ড উত্তাপের মধ্যেও স্কুলে প্রশিক্ষণ নিতে পিছ-পা হননি। প্রায় দেড় মাস ধরে পাঁচ মাইল স্প্রিন্ট করতে হয় তাঁকে। পাশাপাশি চলতে থাকে শারীরিক প্রশিক্ষণ এবং ফ্রি-হ্যাণ্ড ব্যায়াম। এরপর শুরু হয় তাঁর প্যারা-টুপিং -এর মাঠে নেমে লেখার কাজ।

একসময় শেষ হল প্রশিক্ষণ, এবং এগিয়ে এলো চূড়ান্ত পরীক্ষা দেওয়ার সময়। অবশেষে সেই দিন। ঠিক যেখান থেকে এ লেখাটা শুরু হয়েছিল। ১৯৫৯ সালের ১৭ জুলাই, একটি উড়ন্ত ডাকোটা বিমান থেকে লাফ দিলেন গীতা চন্দ্র। এবং অসম্ভব দক্ষতার সঙ্গে সম্পন্ন করলেন তাঁর সফর। তৎকালীন প্রতিরক্ষা মন্ত্রী ভি.কে. কৃষ্ণ মেনন (V.K. Krishna Menon) সেদিন। ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। অজস্র সাধারণ মানুষের সঙ্গে তিনিও সাক্ষী ছিলেন এই ঐতিহাসিক মুহূর্তের। চারিদিকে উচ্ছ্বসিত

জনতার ভিড় সেদিন আরও বাড়িয়ে দিয়েছিল গীতার আত্মবিশ্বাসকে। এই অনুষ্ঠানের মাত্র কয়েকদিনের মাথায় জীবনের দ্বিতীয় প্যারা-টুপিং ইভেন্টে অংশগ্রহণ করেন গীতা চন্দ্র। যদিও দুর্ভাগ্যবশত সেবার, প্রথমবারের মতো ততটা মসৃণ হয়নি সফরটি। বিমান থেকে লাফ দেওয়ার পরেই পেঁচিয়ে যায় প্যারাসুটটি। গিঁটের মধ্যে জট লেগে যায়, ফলে ঠিক যেভাবে খোলা বা স্ফীত হয় প্যারাসুটটি সেভাবে হতে পারে না। গীতা অবশ্য জানতেন এই মুহূর্তে তাঁকে ঠাণ্ডা মাথায় এবং খুব দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। তাঁর কাছে প্রতিটি সেকেণ্ড তখন মূল্যবান। তবুও লক্ষ্যভ্রষ্ট হননি তিনি। প্রতিমুহূর্তে প্রশিক্ষকদের বলা কথা গুলি স্মরণ করেছিলেন। লক্ষ্যে অবিচল থেকে নিপুণ দক্ষতায় চালিয়ে গিয়েছিলেন প্যারাসুটটি।

অবশেষে একসময় নিরাপদে পা রাখলেন মাটিত প্রশিক্ষণের অংশ হিসেবে গীতা চন্দ্র সাতবার প্যারা-টুপড হয়েছিলেন, যার মধ্যে একবার ছিল রাতের সফর। সফলভাবে সম্পূর্ন প্রশিক্ষণটি সম্পন্ন করার পর, এয়ার মার্শাল মুখার্জি ব্যক্তিগত ভাবে তাঁকে প্যারা-টুপারের ব্যাজ দিয়ে সম্মানিত করেন।

ভারতের প্রথম মহিলা প্যারাট্রুপার ছিলেন একজন বাঙালি মেয়ে, গীতা চন্দ্র। ভাবতে অবাক লাগে আজ আর সেদিনের সেই সাহসী বাঙালি মেয়েটিকে মনে রাখেনি বাঙালি। ইতিহাসের পাতা থেকে অচিরেই মুছে গিয়েছে তাঁর নাম।”

সহায়ক গ্রন্থপঞ্জী :

- ১।বিশ্বাস চিরঞ্জিত - "খেলাধুলার নেপথ্যে" (1978)
- সেনগুপ্ত শংকর - “বাঙালির খেলাধুলা (1972)
- দত্ত জয়ন্ত -“খেলাধুলার হাজার জিজ্ঞাস্যো" - (1983)
- মুকুল 'খেলাধুলায় বাংলার মেয়ে " - (1929)
- মিত্র সতীশচন্দ্র “যশোহর খুলনার ইতিহাস" (1914)
- রায় নীহাররঞ্জন - “বাঙ্গালির ইতিহাস # (1941)
- বন্দাপাধ্যায় শান্তিপ্রিয় - “খেলাধুলার নিয়ম কানুন" (2003)
- ভট্টাচার্য আশুতোষ - “বাংলা লোক সাহিত্যের ইতিহাস" (1999)
- সিদ্দিকী আশরাফ “লোকসাহিত্য" (1991)
- চৌধুরী সিনাকিনন্দন “দক্ষিণ-পশ্চিম অংশের লোকক্রীড়া (১৯৯৫)
- সেন শচীন, “খেলাধুলার বিচিত্র কাহিনী" (1989)
- সেন সুকুমার,- “বিচিত্র সাহিত্য” ২য় খণ্ড
- বন্দোপাধ্যায় কৌণিক “খেলা যখন ইতিহাস" - (2007)
- মজুমদার বোরিয়া -“ভারতবর্ষ আর অলিম্পিক” (2010)
- মজুমদার বরিয়া,- “শত শিল্পে আলোকিত ভারতের ক্রীড়া ইতিহাস (২০১১)
- “অমৃতবাজার পত্রিকা" (1940)
- আনন্দধারা পত্রিকা"

■ উইকিপিডিয়া.কম
■ রশিদ হায়দার,"বাংলাদেশের খেলাধুলা" (২০০০)
■ গুপ্ত অম্বিকাচরণ - "বাঙালির খেলাধুলা (1970)
■ আহম্মেদ ওয়াকিল - "বাংলার লোক সংস্কৃতি - (1990)
■ কৌশিক বন্দোপাধ্যয়:- খেলা যখন ইতিহাস: সমাজ, সংস্কৃতি, রাজনীতি (২০০৭)।
■ গুহ বুদ্ধদেব, "খেলা যখন" (১৯৮৭)
■ মজুমদার বোরিয়া
■"1971: the Beginning at Indians Crickeatin greatness."(2000)
■ ড. সৌমেন মিত্র "ঔপনিবেশিক বাংলায় ফুটবল ও জাতীয়তাবাদ" - (১৯৮৫)
■ PRamila pandit:- Treaditional Indian Games.
■ Avijit chatterger: "Sports and culture (1980)
■ গোস্বামী পরিমল, "খেলার মাঠে " (১৯৯১)
■ আলম ড. জিয়াউল, "লোকক্রীড়া: শরীর চর্চা ও সামাজিক মূল্য (২০০২)
■ চক্রবর্তী বরুণ কুমার "লোককথার সাতকাহন"- (২০১২)
■ চক্রবর্তী বরুণ কুমার "লোক-সংস্কৃতি নানা প্রসঙ্গ" - (২০১০)
■রায় রজতকান্ত -"পলাশীর ষড়যন্ত্র ও সেকালের সমাজ" (১৯৬৭)
■ চক্রবর্তী বরুণ কুমার "লোকউৎসব ও লোকদেবতা প্রসঙ্গ" - ২০০৭)
■ সেনগুপ্ত পল্লব "লোক সংস্কৃতির বিশ্বকোষ"- (২০১৪)

27

আদি ঐতিহাসিক যুগে জল ও নদীর গুরুত্ব

ড. অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
তামান্না বৈদ্য (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ঐতিহাসিক উন্নয়ন প্রক্রিয়ায় পরিবেশ একটি গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। আর এই পরিবেশ চিন্তায় জল ও নদীর গুরুত্ব ও অপরিসীম, কোনো সভ্যতার ক্রমবিস্তারের জন্য জলের গুরুত্বপূর্ণ ভুমিকা থাকে। কারণ, মানুষের দৈনন্দিন জীবনে জলের ব্যবহার সবথেকে উল্লেখযোগ্য। জল যে মানুষের শুধুমাত্র সামাজিক জীবনে প্রয়োজন হয়, তাই না মানুষের ধর্মীয় জীবনে, জীবিকা নির্বাহে, রাজনৈতিক জীবনেও পরিচিত। ভারতের প্রথম নগরায়ন হয়েছিল সিন্ধু নদকে কেন্দ্র করে। কিন্তু পরে প্রত্নতাত্বিক আবিস্কার ও গবেষণার ফলে এই ধারণার ও পরিবর্তন হয়েছে।[১] ঋগ্বেদে সিন্ধু বিধৌত অঞ্চলের নদীগুলির উল্লেখ সবচেয়ে বেশি পাওয়া যায়। আফগানিস্তান সীমান্ত থেকে পাঞ্জাবের সীমান্ত পর্যন্ত প্রসারিত বিস্তীর্ণ অঞ্চলকে সপ্তসিন্ধু আখ্যা দেওয়া হয়েছিল। সপ্তসিন্ধু বলতে পাঁচটি নদী বোঝাত। সরস্বতীকে ঋগ্বেদে নদীতমা বলা হয়েছে।[২] মহেঞ্জোদাড়োতে তৎকালীন যে প্রাপ্ত জলধারাটি নির্মাণ হয়েছিল যেটি শুধু ধর্মীয় বিশ্বাসকেই প্রতিফলিত করেনা, বরং এই সভ্যতার কারিগরি কৌশলকে উন্নয়ন করেছিল।[৩] বৈদিক সুত্র থেকে জলের বহুবিধ ব্যবহার সম্পর্কে জানা যায়। পরবর্তী পর্যায়ে বৈদিক সাহিত্যে ও জলের গুরুত্ব বিশেষভাবে লক্ষণীয়। বৈদিক সাহিত্যে উপস্থিত দশ রাজার যুদ্ধের অন্যতম কারণ হিসাবেও জল সম্পাদের উপর রাজনৈতিক কর্তৃত্ব আরোপ সংক্রান্ত বিবাদকেও চিহ্নিত করা হয়।[৪] ভারতীয় উপমহাদেশে গঙ্গা নদীকে কেন্দ্র করে দ্বিতীয় নগরায়নের সূচনা হয়, মধ্য গাঙ্গেয় উপত্যকাকে কেন্দ্র করে। এই সময় রাজকীয় শক্তির একক হিসাবে ষোড়শ মহাজন পদগুলির উত্থান পরিলক্ষিত হয়। যার বিস্তার উপমহাদেশের উত্তর পশ্চিম সীমান্ত থেকে দক্ষিণে গোদাবরী পর্যন্ত এবং পশ্চিমে উজ্জয়নী থেকে পূর্বে ভাগলপুর পর্যন্ত। এই মহাজন পদগুলির প্রধান প্রধান মহাজন পদগুলিই মধ্যগাঙ্গেয় উপত্যকায় অবস্থিত।

কৃষি অর্থনীতির সাফল্যের জন্য ভারতবর্ষে সব যুগেই জলসেচ ব্যবস্থার গুরুত্ব অনস্বীকার্য। মেগাস্থিনিসের বর্ণনায় এ্যাগোরানোময় নামক যে উচ্চপদস্থ রাজকর্মচারির কথা জানা যায়, তাঁরা মূলত গ্রামের তত্বাবধানে নিযুক্ত ছিল। তাঁদের অন্যতম কর্তব্য ছিল জলসেচ ব্যবস্থার তদারকি করা।[৫] ক্রান্তিয় জলবায়ু অধ্যুষিত ভারতীয় উপমহাদেশে প্রাচীনকাল থেকে আজও সেচনির্ভর কৃষিকার্য চলে আসছে। পলি সাহিত্যে দুই ধরনের

উৎস থেকে জলসেচের কথা বলা হয়েছে,প্রাকৃতিক ও কৃত্রিম।[৬] বৃষ্টি ও নদীর জলসেচ ব্যবস্থা হল প্রাকৃতিক বা প্রাথমিক উৎস, মধ্য গাঙ্গেয় উপত্যকার কৃষিকাজের নদী জলের প্রধান উৎস হল গঙ্গা নদী ও তার উপনদী। মানুষ্য নির্মিত কৃত্রিম সেচ ব্যবস্থা গুলির মধ্য হল সেচ খাল, বাধ, পুষ্করিণী জলাশয়, কুপ প্রভৃতি নির্মাণ।

অতিরিক্ত বৃষ্টি যেমন ফসলের ক্ষতি করত। তেমনি অন্য বৃষ্টি দুর্ভিক্ষের ফলে ফসলের ক্ষতি হত। বুদ্ধের সময় বেশ কিছু এলাকায় দুর্ভিক্ষের কথা জানা যায় বজ্জি,নালন্দা,শ্রাবস্তি প্রভৃতি স্থানে।[৭] জাতকের কাহিনী থেকে জানা যায় যে, কোনো অঞ্চলে খরা জাত দুর্ভিক্ষ প্রায় ৩ বছর পর্যন্ত থাকত। অঞ্চল ভেদে বৃষ্টির তারতম্য কৌটিল্যের অর্থশাস্ত্র থেকে জানা যায়। যেখানে বৃষ্টি হতনা সেখানে মূলত খাল এর মাধ্যমে জলসেচ ব্যবস্থা করা হত। এই খাল ব্যবস্থা মূলত করা হত, মধ্য গাঙ্গেয় উপত্যকায় বৃষ্টি এবং হিমালয়ের বরফ গলা পুষ্ট নদীর মাধ্যমে।

নদী ভিত্তিক বৃহৎ সেচ প্রকল্প নির্মাণের ক্ষেত্রে মৌর্য যুগকে একটি স্বতন্ত্র পর্ব হিসাবে চিহ্নিত করা যায়। আলচ্য পর্ব থেকে গাঙ্গেয় উপত্যকার তুলনায় কম বৃষ্টিপাত যুক্ত পশ্চিম ভারতের গুজরাট সুদর্শন হ্রদ নামক জলাধার নির্মাণের কথা জানা যায় রুদ্রদামনের জুনাগড় প্রশস্তি থেকে (আনুমানিক ১৫ খ্রিঃ)।[৮] এই একই প্রশস্তি থেকে জানা যায় যে অশোকের আমলে জলধারাটিতে কয়েকটি প্রনালী সংযুক্ত হয়। প্রণালীগুলি দিয়ে সেচের প্রয়োজনীয় জল কৃষিক্ষেত্রে সরবরাহ করা হয়।[৯] মধ্য প্রদেশের বেসনগরে উৎখনন চালিয়ে দেবদত্ত রামকৃষ্ণ ভাণ্ডারকর খ্রীঃ পূঃ ৩০০ নাগাদ একটি সেচখালের ধ্বংসাবশেষ উদ্ধার করেন।

মৌর্য যুগে সেচ ব্যবস্থায় শ্রেষ্ট ঐতিহাসিক দৃষ্টান্ত কাথিওয়াড অঞ্চলের সুদর্শন হ্রদ জানা যায় সে জলাশয়টি চন্দ্রগুপ্ত মৌর্যের আমলে তৈরি হয়েছিল।[১০] এবং অশোকের আমলে হ্রদটির যথাযথ রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন ঘটানোও হয়েছিল। গুজরাট ও কাথিয়াওয়াড় অঞ্চলে বৃষ্টি ও গাঙ্গেয় উপত্যকার মতো বেশী নয়। সেখানে হিমবাহ থেকে উতপন্ন নদীও নেই, ফলে বৃষ্টির জলই সেচের একমাত্র উপাদান এবং এই বৃষ্টির জলই সযত্নে সংরক্ষণ করে রাখা হত।

বিদিশার বেসনগর বা বেসগ্রামের খালটি বেসন দীর সঙ্গে যুক্ত ছিল। বেসনদী প্লাবিত হলে এই খালটির মাধ্যমে জল পরিবাহিত করা হত। প্রফেসর রামশরণ শর্মার মতে, বেসনগরের খালটি ছিল এমন এক ধরনের খাল যা বন্যার জলে পূর্ণ হত। মধ্য ভারতে নদী গুলি বর্ষায় প্লাবিত হয় এবং গ্রীষ্মে শুকিয়ে যায়।[১১] বেসনগরের খালটি সাতফুট চওড়া ও পাশের প্রাকারগুলি ছিল পাঁচ ফুট। এই বৃহদায়তন নদী ভিত্তিক সেচ প্রকল্পটি সম্ভবত মৌর্য আমলে রাষ্ট্রীয় উদ্দেগে নির্মিত হয়েছিল। কৌটিল্যের

অর্থশাস্ত্রেও বিভিন্ন সেচ প্রকল্পের পাশাপাশি জলকর ব্যবস্থা সম্পর্কে জানা যায়। সেচ প্রকল্প থেকে কর আদায়ের ব্যবস্থা থাকায় স্বাভাবিকভাবে মৌর্য রাষ্ট্র বৃহৎ সেচ প্রকল্প নির্মাণে উৎসাহী হত। কৃষির জন্য অনুপযুক্ত জমিতে, অর্থশাস্ত্রে জলের স্তর বাড়ানো১২ জন্য ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেয়, যা নির্দেশ করে যে এটিকে সম্মিলিত ব্যক্তিগন পন্য নয়, এবং মুল্যবান হিসাবে বিবেচনা করা হয়। এমন কাজ গুলির জন্য জরিমানাও নেওয়া হয়েছিল যা বিরূপভাবে প্রকাশিত হয়। জলাশয় যেমন জলধারায় বাধা দেওয়া বা সরানো বা বেড়ি বাধের ক্ষতিসাধন করে। তিনি কার্যকর জল ব্যবস্থার উপর জোর দেন।[১৩]

রাষ্ট্র কতৃক সেচ খালনির্মাণের আরও একটি নজির পাওয়া যায় পূর্ব-ভারতের কলিঙ্গ থেকে, কলিঙ্গের শাসক খারবেলের হাতিগুম্ফা প্রশস্তি[১৪] থেকে কলিঙ্গ নগরীর একটি খালের কথা জানা যায়। এই খালটি লেখাটি রচিত হওয়ার ১০০ বা ১০৩ বছর আগে নন্দরাজ কতৃক নির্মিত হয়েছিল এবং খরবেলে এই খালটির পুনঃসংস্কার করেন ও খালটিকে সম্প্রসারিত করেন বলে জানা যায়। খালটি খনন কার্যে লক্ষ্যত্ত্বন মুদ্রা ব্যায় হয়েছিল বলে জানা যায়। তাঁর পঞ্চম রাজ্যবর্ষে যাতায়াতের জন্য সেচের জন্য খালটি তাঁর রাজধানী পর্যন্ত সম্প্রসারিত করেছিল।[১৫] কলিঙ্গ নগরীর খালটি শুধুমাত্র কৃষিকার্যের জন্য নির্মাণ করা হয়নি তা মূলত জলসংযোগ বৃদ্ধি ও পরিবহন সুবিধার জন্য নির্মাণ করা হয়েছিল।

কৃষি যে সর্বভারতীয় চরিত্র পেল তার পিছনে সেচ ব্যবস্থার অবদান নিঃসন্দেহে স্বীকার করতে হয়। ধর্মশাস্ত্রে সেতু ও সেচ প্রকল্পের গুরুত্ব সম্বন্ধে যথাযথ সচেতনতা দেখা যায়। সেচ প্রকল্প বা সেতু[১৬] নষ্ট করলে শাস্তি বিধানের উল্লেখ আছে। মনুস্মৃতিতে সেতু ভঙ্গকারিদের মৃত্যুদণ্ড দেবার নির্দেশ দেখা যায়,দোষী ব্যক্তিকে জলে ডুবিয়ে বা শিরচ্ছেদ করে মৃত্যুদণ্ড হবে। তবে দোষী ব্যক্তি যদি সেচ প্রকল্প মেরামত করেছেন তাহলে মৃত্যুদণ্ড থেকে সে রক্ষা পাবে, এবং তাকে হাজার পন জরিমানা দিতে হবে। মনুর মতই অপর স্মৃতিগ্রন্থাকার বিষ্ণু সেতুভঙ্গকারীর জন্য মৃত্যুদণ্ডই নির্দিষ্ট করেছেন। এই শাস্তি ও বিধানগুলি তৎকালীন সমাজে সেচ ব্যবস্থার ক্ষেত্রে বিধিত ছিল।

বিভিন্ন তথ্য সুত্র থেকে জানা যায় যে তিন প্রকার জলসেচ প্রকল্প ছিল।[১৭] কূপ, জলাশয়,খালমারফৎ সেচব্যবস্থা,কূপখনন ঘটনা বেশ কিছু লেখ থেকে জানা যায়। এক ব্যক্তি উঃ-পশ্চিম সীমান্ত অঞ্চলে একটি কূপ খনন করেন। ঐরকম আর একটি কূপ খনন করার কতৃত্ব লেখতে কৃসা কবি নামক জনৈক ব্যক্তি দেওয়া হয়েছে,তবে ঐ কূপটি সেচ ব্যবস্থার জন্য ব্যবহার হতও না,কারণ লেখতে কূপটি প্রধানত পানীয় জলের ব্যবহারের জন্য চিহ্নিত করা হয়।

প্রত্নতাত্বিক উৎখননের ফলে উত্তর ভারতের ও দক্ষিণ ভারতের বিভিন্ন অঞ্চলে, হস্তিনাপুর, দিল্লি, মথুরা প্রভৃতি অঞ্চলে বেশ কিছু পোড়ামাটির কলসি পাওয়া গিয়েছে। এই পোড়ামাটি অনেকগুলি কলসি একসঙ্গে একটি ওপর একটি লম্বালম্বি বসানো হত এবং এই সারিগুলি ভূগর্ভে প্রোথিত থাকত।[১৮] এইগুলি সম্ভাবত পোড়া ইটের তৈরি কূপ গুলি সাধারণত নগর অঞ্চলে পানীয় জল সংরক্ষণের জন্য ব্যবহার হত। এই জলাশয়টি ইটে নির্মিত হওয়ায় বৃষ্টির জল দ্বারা পরিপূর্ণ থাকত। প্রয়োজনের সময় নগরের বাসিন্দাদের জলের চাহিদা মেটাত। আদি ঐতিহাসিক পর্বেও যে মানুষ পানীয় জলের জন্য বৃষ্টি জল সংরক্ষণ করার অনুভব করেছিল তা রোপারে আবিষ্কৃত জলাশয়টি তাঁর ধারণা। এই ব্যবস্থাটি নগরের মানুষের বিশেষভাবে পরিবারের একটি অপরিহার্য উপাদান হিসাবে চিহ্নিত করা যায়।

জল সংরক্ষণ, সরবরাহ ও নিকাশী ব্যবস্থা পরিবেশে ও পরিস্থিতিতে নেবার মত উপযুক্ত কারিগরি দক্ষতার অস্তিত্ব অনুমান করা যেতে পারে। যদিও এই জাতীয় কারিগরি কোনো প্রমান পাওয়া যায়নি। তবে নাসিক থেকে পাওয়া একটি লেখতে ওদযন্ত্রিক (উদকযন্ত্রিক) বাজল ব্যবহারের যন্ত্রবিদের কথা জানা যায়।[১৯] জল সরবারাহ করার জন্য ওপর একটি যন্ত্র ছিল রহট্টগডিয়া (অরহট্ট ঘটিকা)।এই যন্ত্রের উল্লেখ হালের গাথা সপ্ত শতীতে আছে। যন্ত্রটি চক্রাকার তার গায়ে ঘটিকা বসানো,বৃহৎ কূপ ও জলাশয়ের মধ্যে যন্ত্রটি বসানো থাকত, চক্রতি ঘুরলে ঘটিতে জল ভরে যেত। মনুস্মৃতি১৭ তে জল শোধন করার জন্য কিছু ভেষজ গুল্ম ও উদ্ভিদের কথা বলা হয়েছে। বিশেষত ধনী ব্যক্তিরা বর্ষাকালে পানীয় জল হিসাবে বা রান্নার কাজে বিশুদ্ধ বৃষ্টির জল ব্যবহার করত। আবার বর্ষাকালে বৃষ্টির জল ফুটিয়ে ব্যবহার করার কথা জানা যায়। শীতকালে হ্রদ ও জলাশয়ের জল ব্যবহার করা হত। জলপ্রপাত বা কূপের জল প্রধানত বসন্ত ও গ্রীষ্মকালে ব্যবহার হত। জলের ব্যবহার বৈচিত্র্য শুধুমাত্র যে দৈননিন্দ সচেতনাতার সম্পর্কে না বরং তাদের স্বাস্থ্য সম্পর্কে সচেতনাতার ইঙ্গিত দেয়।

প্রাচীন ভারতে তৎকালীন জল পথগুলির মাধ্যমে যোগাযোগ স্থাপন করা হয়েছিল। যেমন, বারানসী, বাচম্পা থেকে গঙ্গা। ভাগীরথী পথে তাম্রলিপ্ত আসা যেত। জাতকের কাহিনীতে উল্লেখ আছে। মেগাস্থিনিস উল্লেখ করেছেন যে, সমুদ্র বন্দর থেকে ভাগীরথী গঙ্গার পথে ও গঙ্গরিদির রাজধানী পাটলিপুত্রে যাওয়া যেত।[২০] হিউয়েন সাঙের বিবরনের ভিত্তিতে অনুমান করা যায় কামরুপ থেকে সমতট পর্যন্ত ব্রহ্মপুত্র -মেখনা-সুরমা প্রভৃতি নদীর পথে যাতায়াত করা হত। করতোয়া নদীপথে উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ মধ্যে যোগাযোগ রাখা হত।

নদীর জলের উপর নির্ভরশীল প্রকল্পের আর একটি নিদর্শন এলাহাবাদের নিকটবর্তী শৃঙ্গবের পুবের উৎখনন থেকে আবিষ্কৃত হয়েছে। শৃঙ্গবের পুবের চতুর্থ পর্বে একটি বৃহৎ জলাশয় নির্মাণ হয়েছিল।[২১] গঙ্গার জল প্রনালীর মারফৎ আনাহত। এই প্রকল্পে প্রথমে নদীর জল পৌঁছত দুটি পরিস্রবন কক্ষে। জল পরিস্রুত হলে একটি প্রণালীর মধ্যে দিয়ে তা পরস্পর দুটি পাকা ইটে তৈরি জলাশয়ে গিয়ে পৌঁছাত। প্রথম ও দ্বিতীয় জলাশয়ের মধ্যে সংযোগ রক্ষাকারী একটি নালি ছিল (৫.৩০ মিঃ×১.৩৫ মিঃ)। জলাশয় দুটি আকার এবং আয়তন এক ছিলনা। প্রথম জলাশয়টির দৈর্ঘ্য ছিল ৩৪ মিটার,প্রস্থে ১০ মিটার এবং গভীরতা ছিল ৪ মিটার। দ্বিতীয় জলাশয়টি ছিল প্রায় ১২০ মিটার দৈর্ঘ্য,প্রস্থে ছিল ২৬ মিটার এবং গভীরতা ছিল ৭ মিটার।[২২] এই প্রকল্পগুলি সরাসরি সেচের কাজে ব্যবহার হত কিনা তা বলা কঠিন। কারণ এই প্রতিষ্ঠানটি ধর্মীয় অনুষ্ঠানের সঙ্গে যুক্ত ছিল।

গুপ্ত পরবর্তীকালে সেচ ব্যবস্থার গতি প্রকৃতি অবশ্যই উল্লেখ দাবি রাখে। এই পর্বে কৃষির প্রভাব দেখা যায় বেশ লক্ষণীয়ভাবে। আর এই কৃষি সঙ্গে জড়িত হল সেই জুগের জলসেচ ব্যবস্থা। এই যুগে অন্যতম সেচ ব্যবস্থার প্রভাব দেখা যায় কাশ্মীরে,কলহনের রাজরঙ্গিনীতে এর নিখুঁত তথ্যভিত্তিক বিবরন পাওয়া যায়। ঐতিহাসিক আরেলস্টোন[২৩] এর মতে জল ও আড্ডার হ্রদ থেকে অনেক খাল শ্রীনগর শহরের মধ্য দিয়ে প্রবাহিত হত, রাজরঙ্গিনীতে তাঁর উল্লেখ আছে। কলহন খাল নির্মাণের এই পরম্পরার উল্লেখ করেছেন। রাজা মহারাজাদের নির্মিত সমস্ত খালের কথা কলহনের বিবরণী থেকে পাওয়া যায়। সেইরুপ আরেলস্টোন তাঁর গবেষণা এই খালের কথা উল্লেখ করেছেন। সেই খালের নাম ছিল ‘সুনমনিকুল’। এটি প্রাচীন ভারতে সেচখাল সমূহের মধ্য অন্যতম সেচখাল বলে মনে করা হয়।[২৪]

জল সম্পদের সঠিক ব্যবহার এবং জল সম্পদ রক্ষার বিষয়ে প্রাচীন শাস্ত্রকাররা যথেষ্ট সচেতন ছিল বলে মনে করা হয়। আর এই কারণেই রাষ্ট্রীয় আইন ব্যবস্থায় জল সংক্রান্ত আইনগুলি যুক্ত করা হয়েছিল। রাষ্ট্রের নিরাপত্তা ও সমৃদ্ধির সঙ্গে বাঁধগুলির সংযোগ থাকার ফলে বাঁধগুলিকে সুরক্ষিত রাখার জন্য বিভিন্ন আইন প্রনীত হতে থাকে। বাঁধ ধংসকারিদের কঠোর শাস্তির কথা উল্লেখ করেছে।[২৫] আর এই কারণেই যুদ্ধে সম্ভবত শত্রু পক্ষের জলাধার ধংস করে শত্রুর ভূমিকে প্লাবিত করার কথাও বলা হয়েছে। সাধারণ মানুষের ব্যবহারের জলাশয়গুলিকে কোনো অবৈধ কাজে ব্যবহার বা রাষ্ট্রের অনুমতি ছাড়া যদি কোনো জলাশয় থেকে নদীতে বাঁধ নিয়ন্ত্রণ করত তবে তা জরিমানা যোগ্য অপরাধ বলে গণনা করা হত।[২৬] আরও বলা হয়েছে যে কোনো ব্যক্তির অনুমতি ছাড়া তাঁর সম্পদ গ্রহন করে তবে তা চুরি বলে অনুমদিত

হতো, জলও এই সম্পদের মধ্যে একটি।[২৭] কিন্তু রাজাকে এই আইন থেকে সম্পূর্ণভাবে মুক্তি রাখা হয়েছে,তিনি যে কোনো স্থান থেকে জল আহরন করতে পারবে। এই ধরনের আইন বিধিত ছিল জল সম্পদের উপর।

প্রাচীন ভারতে পরিবেশে সচেতনতার আরো কিছু লক্ষ বা নিদর্শন দেখা যায় যে অশোক তার ২নং শিলা লেখতে[২৮] পশু চিকিৎসার পাশাপাশি পশুদের জলপানের ব্যবস্থা করেছিলেন। তাদের জলপানের জন্য বিভিন্ন ধরনের কূপ তিনি খনন করেছিলেন। এবং এর থেকে আরও জানা যায় যে মৎস্য চাষের জন্যও তারা জলাশয় নির্মাণ করত এবং সেগুলিকে তারা পরিস্কার পরিচ্ছন্ন করে রাখত। যে জলাশয়ে মাছ চাষ করা হত সেই সমস্ত জলাশয়ের পানি পান করা হতনা। পানীয় জল পান করার জন্য আলাদা জলাশয় ছিল।

নদী প্রবাহপথের গতিরোধ করে বাঁধ নির্মাণের কথাও জানা যায়।[২৯] আদি ঐতিহাসিক যুগে তারা এতটাই পরিবেশ সম্পর্কে সচেতন ছিল যে তারা কৃত্রিমভাবে বাঁধ নির্মাণ করত। সাধারণত তারা রাষ্ট্রকে পানীয় জলের অপব্যবহার রোধ এবং জলের মাধ্যমে ক্ষতি হাত থেকে রক্ষা পাওয়ার জন্য তারা বাঁধ নির্মাণ করত। কৌটিল্য সেতু কথাটি বাঁধ বা জলাধার অর্থে ব্যবহার করেছেন। তিনি দুই ধরনের সেতুর কথা বলেছেন-১) সহদক সেতু, ২)আহার্যদক সেতু। সহদক সেতু হল জলাধার কূপ নির্মাণে ইত্যাদি বোঝানো হত। আর সাধারণত বৃষ্টির জল সংগ্রহ করে ধরে রাখা জলধারাকে আহার্যদক সেতু।[৩০] এর কিছুকাল পরে চোল শাসক কারিকল খ্রিষ্টীয় প্রথম শতকে কাবেরী নদীর ওপর বাঁধ নির্মাণ করে কাবেরী দ্বীপ অঞ্চলকে বন্যার হাত থেকে রক্ষা করে বলে জানা যায়, এবং এরপরে এই বাঁধটির নাম হয় কল্লনই বাঁধ। এই বাঁধের মাধ্যমে কাবেরীর গতিপ্রবাহকে নিয়ন্ত্রিত করে চাষের জন্য জল সরবরাহে সুবিধা হয়েছিল।

ক্ষুদ্র প্রকল্প গুলি স্থানীয় সেচের প্রয়োজন যেমন মেটাত তেমনী বৃহত্তম অঞ্চলকে সেচ সেবিত করার জন্য খাল বা প্রনালীর গুরুত্ব অনস্বীকার্য। প্রত্নতান্ত্রিক গাঁদা ও জেন্টাল[৩১] জানিয়েছেন যে, আফগানিস্থান আই খানুমের উৎখনন থেকে সেচের জন্য প্রনালীর অস্তিত্ব বোঝা যায়। সেচ প্রনলী খনন করার অর্থনৈতিক গুরুত্ব সম্বন্ধে ধারাবাহিক সচেতনতা কুষাণ আমলেও উঃ পঃ সীমান্তে অঞ্চলে দেখা যায়। জারাভশান নদীর উপর দারগোম, বুলুঙ্গর, নরপাই ও শাহরুদ খাল খনন প্রত্নতাত্বিক বিচারে কুষাণ আমলেও ঘটেছিল। উঃ পঃ সীমান্ত অঞ্চলে বৃষ্টিপাত না হওয়া পর্যন্ত সেচের জল সংরক্ষণ ও তার যথাযত সরবারহ ব্যবস্থা করে রাখা হত।[৩২]

দক্ষিণ পশ্চিম ভারতে সাত বাহনদের সময়কালে বনিকদের দ্বারা মঠবাসী বৌদ্ধ ভিক্ষুদের বহু সংখ্যক জলকুণ্ড দানের উল্লেখ পাওয়া যায়। এইগুলি সম্ভবত ভিক্ষুরা

পানীয় জল সংগ্রহের উদ্দেশ্যে এবং স্নানের জন্য ব্যবহৃত হয়।[৩৩] কানহেরী লেখ (১২ নং) থেকে সোপরার একজন বনিক কর্তৃক সেখানকার মঠে একটি জলাধার দানের কথা জানা যায়। মহাভারতের রাজা মহারাজাদের কূপ খননের কথাও জানা যায়। ধর্মক্ষেত্রে বিভিন্ন ধরনের জলাশয় নির্মাণের কথা জানা যায়। জলের সঙ্গে ধর্মীয় সংযোগের ফলে মানুষের কাছে সর্বত্রয় গুরুত্বপূর্ণ ছিল।

আদি ঐতিহাসিক যুগের মানুষ যে পরিবেশের ভারসম্য বজায় রাখার জন্য জল ও নদীর উপর তারা সচেতন ছিল তা অর্থশাস্ত্র এবং অন্যান্য ধর্মশাস্ত্র গুলি থেকে জানা যায়। তারা যে শুধুমাত্র দৈনন্দিন জীবনে জলের প্রয়োজনে গুরুত্ব দিয়েছিল তা নয়,তাদের রাষ্ট্রীয় অর্থনৈতিক পৃষ্টপোষকতার মাধ্যমে জল ব্যবস্থাপনা কে গতিশীল রাখার প্রয়াস চালিয়েছিল। রাষ্ট্রীয় ব্যবস্থার সাথে সাথে তারা জলের সংরক্ষণ ও জলসম্পদের উপর রাজকীয় ব্যবস্থাপনাও করেছিল। তারা নগর পরিকল্পনার ক্ষেত্রে জলের উপর গুরুত্ব দিয়েছিল। আদি ঐতিহাসিক পর্বে জলের উপর তারা বিভিন্ন ধরনের আইন কানুন জারি করে রেখেছিল যাতে জল সম্পদের কোনো ক্ষতি না হয়। গ্রামীন অর্থনীতিতে জল সম্পদের যে প্রযুক্তি নির্ভর ব্যবহার এই সময় শুরু হয়েছিল তা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

সূত্র নির্দেশ :

১। প্রাচীন ভারতের ইতিহাস: সুনিল চট্টোপাধ্যায়, পৃ -২২

২। তদেব, পৃ -৬৩

৩। দিলীপ কুমার চক্রবর্তী : ভারতবর্ষের প্রগতিহাস, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা ১৯৯৯,পৃ -৮৯

৪। সুনীল চট্টোপাধ্যায় : প্রাগুক্ত, পৃ -২১০

৫। J.W. McCrindl: Ancient India as Described by Megasthenes and Arrian, Trubner and Co., London 1877.P -86-89

৬। H.S.Shukla, Agriculture as Reveated by the Pali literature in Lalllanil Gopal and v.c Srivastava(eds), History of Agriculture in India (upto C-1200 A.D) (D.P. Chattopadhyay (Gen. Ed) History of Science, Philosophy and culture in Indian civilization,Vo-5 Ptl) Centre for studies in Civilizations, New Delhi 2008, P-394

৭। তদেব: পৃ -৪১২

৮। রনবীর চক্রবর্তী : প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধানে, আনন্দ পাবলিশার্স, কলকাতা ২০০৪, পৃ -১২৩

৯। তদেব: পৃ -১২৪

১০। তদেব: পৃ -১২৫

১১। রামশরন শর্মা : প্রাচীন ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস, অনুবাদ:অঞ্জন গোস্বামী, ওরিয়েন্ট ব্ল্যাক সোয়ান প্রাইভেট লিমিটেড (পুনর্মুদ্রণ) কলকাতা ২০১৩,পৃ -১৯০

১২। সুনীল চট্টোপাধ্যায় : প্রাগুক্ত, পৃ -৬৫

১৩। K.P. Jayaswal and R.D.Banerji (eds) The Hatigum Pha Inspription of kharvela Epi graphia Indica Vol.20,1929-90, P.71-88

১৪। তদেব: পৃ -৮৮

১৫। Beni Madhab Barua : Old Brahmi Inseriptions in the Udaygii and Khandragiri Caves, university of Calcutta, Calcutta, 1929, P.43

১৬। রনবীর চক্রবর্তী প্রাগুক্ত -১২৪

১৭। তদেব: পৃ -১২৪

১৮। তদেব: পৃ -১২৬

১৯। তদেব: পৃ -১২৫

২০। D.R. Nilanjana Bhattacharya : History of Bengal territory and Bengali nation : article, P.2

২১। রনবীর চক্রবর্তী -প্রাগুক্ত -১২৬

২২। তদেব: পৃ -১২৬

২৩। Stein M.A Kalhana Rajataragini- Vol-11 Arehib old constable and company- P.134-413

২৪। তদেব: পৃ -১৩৪-৪১৩

২৫। অর্থশাস্ত্র -৩/৯/২৮

২৬। J. Jaley (ed.and Trans), Naradiya, Dharmashastra,Trubner and co., London, P.50-51

২৭। তদেব: পৃ -১১৪

২৮। রোমিলা থাপার, অশোক ও মৌর্যদের পতন, সুভাষ গঙ্গোপাধ্যায় (অনুমোদিত) কে পি বাগচী এণ্ড কোন., কলকাতা ২০০০, পৃ -১১৪

২৯। John Marshall, Taxido : an Illustrated Accounto Archacological Excavations. P. 155

৩০। অর্থশাস্ত্র -৯/১২/৫

৩১। রনবীর চক্রবর্তী :প্রাগুক্ত-১২৫

৩২। তদেব :পৃ -১২৫

৩৩। রামশরন শর্মা :প্রাগুক্ত- পৃ -১৮৯-১৯০

28

সত্তরের দশকে মৃণাল সেনের রাজনৈতিক চলচ্চিত্র

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সানু রায় (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারাংশ : রাজনৈতিক চলচ্চিত্র বলতে ঠিক কি বোঝায়? ছবিতে রাজনৈতিক মন্তব্য অথবা রাজনৈতিক দলগুলোর কার্যকলাপ নিয়ে আলোচনা করা কি রাজনৈতিক ছবি? নাকি রাজনৈতিক দলগুলোর বিভিন্ন সংকীর্ণতা তুলে ধরে তাই নিয়ে প্রশ্ন করা এবং এসবের পাশাপাশি সময়কালীন সমাজ, বেকারত্ব, দুর্নীতি ইত্যাদি নিয়ে ছবি করাকে রাজনৈতিক ছবি বলে? মৃণাল সেনের কলকাতা ট্রিলজির ছবিগুলো ভালো করে দেখলে এই ধরনের প্রশ্নগুলোই চলে আসে। ছবি গুলোকে কতটা রাজনৈতিক ছবি বলা যায় তাই নিয়ে বিভিন্ন জনের সমালোচনা থাকলেও এই ছবি গুলোর পেছনে যে রাজনৈতিক সচেতনতা ও সত্তরের দশকের রাজনীতির প্রভাব রয়েছে তা নিশ্চিত ভাবেই বলা যেতে পারে। স্বাধীনতার পরবর্তীকালের পশ্চিমবঙ্গের রাজনৈতিক ইতিহাস চার্চ করতে গেলে সত্তরের দশকের পশ্চিমবঙ্গের রাজনীতিকে বাদ দিয়ে চর্চা করা যায় না। কারণ এই সময়কালে পশ্চিমবঙ্গের রাজনীতিতে পালাবদল ঘটে, কংগ্রেস সরকারের পতন হয় এবং ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে বামপন্থী সরকার ক্ষমতায় আসে। স্বাধীনতার পর থেকেই পশ্চিমবঙ্গের রাজনৈতিক ক্ষমতা ছিল কংগ্রেস সরকারের হাতে, দীর্ঘদিনের শাসন ব্যবস্থায় সরকারের নানা রকমের সংকীর্ণতা ও প্রশাসনিক নিষ্ক্রিয়তা সামনে আসতে থাকে ষাটের দশক থেকেই, যার সুযোগ নিয়ে বামপন্থীরা বিরোধী রাজনৈতিক দল হিসেবে নেতৃত্বর স্থানে উঠে আসতে শুরু করে এবং ১৯৭৭ সালে গিয়ে বামপন্থী আন্দোলনের কাছে কংগ্রেস সরকারের পতন ঘটে। পরিচালক মৃণাল সেন একজন স্বঘোষিত বামপন্থী ছিলেন, ১৯৭০ দশকের পশ্চিমবঙ্গের যে রাজনৈতিক পরিস্থিতি ছিল তাতে তিনি প্রভাবিত হয়েছিলেন এবং ছবির মাধ্যমে তিনি তাঁর দৃষ্টিভঙ্গি তুলে ধরছিলেন। মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে সত্তরের দশকের নকশাল আন্দোলন, বেকারত্ব, বামপন্থী আন্দোলনের বিভিন্ন সংকীর্ণতা ও এর পাশাপাশি এসেছে তাঁর ঔপনিবেশিক বিরোধী দৃষ্টিভঙ্গি, তাঁর সমাজ সচেতন মনোভাব এবং ইতিহাসবোধ, একজন সচেতন পরিচালক হিসেবে তিনি এই বিষয় গুলোকে তাঁর সমসাময়িক অন্য পরিচালকদের মতো এড়িয়ে যেতে পারেন নি। এই প্রবন্ধে সত্তরের দশকের মৃণাল সেনর তিনটি রাজনৈতিক ছবি সম্পর্কে আলোচনা ও তাঁর রাজনৈতিকতা নিয়ে আলোচনা করা হবে।

সূচক শব্দ : চলচ্চিত্র, সিনেমা, ছবি, রাজনীতি, রাজনৈতিকতা

পরিচালক মৃণাল সেন তাঁর সমসাময়িক পরিচালকদের তুলনায় অনেক বেশি রাজনৈতিক ছিলেন। তাঁর ছবিতে রাজনীতি এড়িয়ে ব্যাক্তিগত জীবনসংগ্রাম শুধুমাত্র প্রধান বিষয়বস্তু হয়ে ওঠেনি, তার পাশাপাশি সময়কালীন রাজনীতিও উঠে এসেছে। মৃণাল সেন নিজে একজন স্বঘোষিত বামপন্থী ছিলেন। ছবি করার আসার আগে তাঁর একটা রাজনৈতিক জীবন ছিল। তিনি তাঁর লেখাতেই সে সম্পর্কে লিখেছেন, তিনি লিখেছেন,

"যখন ফরিদপুরে ছিলাম তখনই আমি সেখানে বামপন্থী ছাত্র আন্দোলনের দিকে ঝুঁকেছি। সেই তখনই আমি ফ্রাঙ্কো বিরোধি মিছিলে শ্লোগান দিয়েছি"[১]

বি.এসি পড়ার সময় থেকেই তিনি কলকাতায় থাকতে শুরু করেন। স্কটিশ চার্চ কলেজে পদার্থবিজ্ঞানে অনার্স নিয়ে ভর্তি হন। তখন তিনি কমিউনিস্ট পার্টির সাথে গভীরভাবে যুক্ত হয়ে যান, এই বিষয়ে তিনি লিখেছেন,

" ইউনিয়ন নিয়ে মেতে উঠলাম, এস.এফ.আই এর পলিটিক্যাল লিডাররা আসতেন, বক্তৃতা দিতেন, ক্লাস করাতেন। 'আমার চেতনার রঙে পান্না হলো সবুজ, চুনী উঠল রাঙা হয়ে' পদার্থবিদ্যার পাশে কবিতা, কবিতার পাশে রাজনীতি, কমিউনিস্ট পার্টি ছারা কিছু জানি না, আমার মাথার উপর উত্তর কলকাতার আকাশও লাল হয়ে উঠেছে, ছোটো ছোটো গোপন মিটিং মানুষের মুক্তির স্বপ্ন দেখছে"[২]

পরিচালক হয়ে ওঠার আগে থেকেই মৃনাল সেনের একটা রাজনৈতিক জীবন ছিল তাই তাঁর একটা নির্দিষ্ট রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ছিল। তাঁর ছবিতে রাজনীতি চলে আসাটা স্বাভাবিক, তবে তিনি তার রাজনৈতিক চেতনা অত্যন্ত নিরপেক্ষ ভাবে তাঁর ছবিতে ব্যবহার করেছেন। তিনি অনেক বেশি রাজনৈতিক সচেতন ব্যক্তি ছিলেন বলেই তাঁর ছবিতে রাজনীতি সরাসরি ভাবে এসেছে, ছবির কেন্দ্রীয় চরিত্র গুলি ছিল রাজনৈতিক চরিত্র আর এখানেই সত্যজিৎ রায়ের কলকাতা ট্রিলজির চরিত্র গুলোর থেকে মৃণাল সেনের কলকাতা ট্রিলজির চরিত্রগুলো আলাদা। মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে রাজনীতি ব্যাকড্রপে আসেনি সরাসরি ভাবেই এসেছে, ব্যক্তির ব্যক্তিগত জীবন সংগ্রাম এখানেও আছে তবে মৃণল সেনের ক্যামেরা রাজনৈতিক চরিত্র গুলোকেই বেশি তাড়া করেছে। এর পাশাপাশি মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে উঠে এসেছে রাজনৈতিক বক্তব্য, ভারতের ইতিহাস সম্পর্কিত আলোচনা ও সমাজবাস্তবতা। অধ্যাপক সঞ্জয় মুখোপাধ্যায় সত্যজিৎ রায়ের সময়কালীন সৌন্দর্যবোধ, ঋত্বিক ঘটকের উদ্বাস্তু সমস্যার পরিপ্রক্ষিতে মৃনাল সেনের ছবি গুলোর তুলনা করতে গিয়ে বলেছেন,

" মৃণাল সেনের প্রধান গুণ বা প্রধান বৈশিষ্ট্য হল মৃণাল এই পথের অনুসারী নন। তাঁর কাছে দৈনন্দিনতাই মুখ্য"[৩]

সত্তরের রাজনৈতিক বক্তব্য ছাড়া মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে দেখা যায় এমন এক ভারত যার একটা দীর্ঘ দিনের লাঞ্ছনা ও দারিদ্রতার ইতিহাস আছে। দীর্ঘ দিন সাম্রাজ্যবাদের অধীনে থাকার জন্য, মানুষের ঔপনিবেশিক মনস্কতার বিরুদ্ধে প্রতিবাদ তার কলকাতা ট্রিলজিতে উঠে এসেছে। তাই অধ্যাপক সঞ্জয় মুখোপাধ্যায় বলেছেন,

" মৃনাল সেনকে আমরা যখন সত্তরের দশকে আবিষ্কার করি, তখন আমরা আবিষ্কার করেছিলাম প্রতিবাদের ইস্তহার লেখক হিসেবে। ইন্টারভিউ, কলকাতা ৭১, পদাতিক এই যে তিনটে ছবি, যদি একে সত্যজিৎ রায়ের তিনটে ছবির সঙ্গে তুলনা করি প্রতিদ্বন্দ্বী, সীমাবদ্ধ, এবং জন অরণ্য একই সময়ে তোলা, যদি একে ঋত্বিক ঘটকের যুক্ত, তক্কো, আর গপ্পো সঙ্গে তুলনা করি ১৯৭৪ সাল, তাহলে আমরা আবারও দেখব যে, মানালির বৈশিষ্ট্য তিনি সারফেস লেয়ার, ভূমিতল থেকে রাজনৈতিক উচ্চারণ, তাঁকে উদ্ধার করেন এবং আমরা ১৯৬৯ সালে যে তাঁকে এতো প্রিয় ভেবেছিলাম তাঁর মূল কারণেই হল, তিনি যখন ম্যানিকুইনের হাত থেকে পোষাক ছিড়ে নিলেন, তখন আমরা বুঝতে পারলাম যে আসলে তিনি বলতে চাইছেন সাম্রাজ্যবাদ কাগজের বাঘ, তার অন্তরে সে নগ্ন এবং নপুংসক। এই যে যুবকের ক্রোধ, এই যে সামগ্রিকভাবে কলকাতা শহরের ঔপনিবেশিক স্মৃতিকে চ্যালেঞ্জ জানানোর জন্য তাঁর চলচ্চিত্রের যে চেষ্টা, যেটা বাইরে, খোলা মাঠে, বিশ্ববিদ্যালয় চত্বর, জনজীবনের আড্ডায় প্রতিফলিত হয়ে যাচ্ছে, যা জনজীবনে আলোচিত হচ্ছে, তাকেই মৃণাল সেন কলকাতা ৭১ এ দেখাতে চাইছেন অনন্তকাল ধরে একবার সমরেশ বসুর গল্পে, একবার প্রবোধ সান্যালের গল্পে, একবার মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পে"[৪]

মৃণাল সেন যখন তাঁর কলকাতা ট্রিলজির ছবিগুলো তৈরি করেছিলেন তখন বাংলায় নকশাল আন্দোলন চলছিল এবং সেই পরিস্থিতিতে দাঁড়িয়ে নকশালপন্থীদের নানা রকমের অভ্যন্তরীণ গণ্ডগোল ও কমিউনিস্ট পার্টির অভ্যন্তরীণ সমস্যা তাঁর কলকাতা ট্রিলজির ছবিতে উঠে এসেছে এই প্রসঙ্গে 'পদাতিক' ছবিটির কথা উল্লেখ করা যেতে পারে। এই ছবিগুলোতে রাজনীতির পাশাপাশি এই সময়ের মধ্যবিত্ত বাঙালি সমাজের উত্থানপত্তন উঠে এসেছে, যদিও তা অর্থনৈতিক বাস্তবতার সঙ্গে সংযুক্ত রেখে এবং সেই সঙ্গে কাজ করেছে তাঁর মার্কসবাদী চেতনা। অশোক কুমার মুখোপাধ্যায় এই প্রসঙ্গে বলেছেন,

" সমাজ ও সময়ের বাস্তবতাকে বুঝতে মৃণাল সেনের হাতিয়ার ছিল মার্ক্সবাদী বীক্ষণ। এক্ষেত্রে তাঁর সময়ের আরও অনেক স্রষ্টার সঙ্গে তিনি এক নৌকাতেই আছেন। স্বভাবতই জীবন জীবিকার দ্বন্দ্বে দিশাহারা চারপাশের মানুষের জীবনের বহু অপূর্ণতা, অ- প্রাপ্তি তাঁকে কষ্ট দিয়েছে, উদ্বিগ্ন করেছে, উত্তেজিত করেছে।"[৫]

মৃণাল সেনের রাজনৈতিকতায় যে সচেতনতা লক্ষ্য করা যায় তার প্রভাব তার ছবিতেও আসে। সত্তরের দশকে ঘটতে থাকা ঘটনাগুলির জন্য তিনি চিন্তিত ছিলেন যথেষ্ট, সেটা একজন রাজনৈতিক মানুষ হিসেবেও হতে পারে অথবা একজন সচেতন পরিচালক হিসেবেও। তাই অন্য ছবিতে যেমন রোমান্টিকতা প্রধান হয়ে উঠেছিল সত্তরের এইরকম অস্থিরতার মধ্যেও মৃণাল সেনের ছবিতে কিন্তু সেটা লক্ষ্য করা যায় না। ওই সময়ের মধ্যে থেকে তিনি নিজেকেই প্রশ্ন করেছিলেন একজন সচেতন মানুষ হিসেবে। সেই সচেতনতার জায়গা থেকেই তিনি বলেছেন,

" আমি নিশ্চয়ই কাশ্মীরে কিংবা অন্য কোনো শান্ত পরিবেশে আরো সুন্দর মিষ্টি ছবি করতে পারতাম। কিন্তু তখন সত্যি বলতে কি, কলকাতার এই ঘটনাগুলোতে আমি জড়িয়ে পরেছিলাম ভীষণভাবে। বিশ্বাস করুন আমি তখন ভেবেছি যে আমি কি করব? অথচ ছবি না করলে আমার সংসার চলবে না। আমি নিজেকে সে সময় ঠিক Organise করতে পারছিলাম না, ঠিক করতে পারছিলাম না যে আমি কি করব। তারপর আমি দেখলাম যে I must be given a choice as a film maker, আমি যদি এই কলকাতার এই অবস্থা অর্থাৎ কলকাতা ৭১ নিয়েই ছবি করি। কলকাতার এই অবস্থা একদিকে আমাকে Inspire করেছে, অন্যদিকে Left Movement এর ভেতরকার চেহারা বিভিন্ন ভাবে যা Shape নিচ্ছে তার দরুন আমি হয়তো Partisan হতে পারছি না।"[৬]

এখান থেকেই বোঝা যায় যে তিনি বারবার নিজেকে পুলিশি দৃষ্টিভঙ্গি দিয়ে প্রশ্ন করেছেন ও তাঁর উত্তর খুঁজেছেন। আর এখানেই মৃণাল সেনের রাজনৈতিকতা প্রকাশ পায় যার মধ্যে নিজেকে রাজনীতি থেকে এড়িয়ে চলার কোনো প্রচেষ্টা নেই বরং তাঁর সাথে যুক্ত থেকে তাঁকে বারবার প্রশ্ন করার প্রবণতাটাই বেশি। ছবিতে ব্যক্তির ব্যক্তিগত জীবনের প্রসঙ্গ কম আসলেও রাজনৈতিক ব্যাক্তির জীবন বারবার এসেছে। তাঁর কারণ তার মূল ভাবনা ছিল মানুষের ভাবনা, মানুষের জন্য ভাবা, তাঁর প্রধান প্রতিপাদ্য বিষয় ছিল মানুষ। তিনি মানুষকে ভেবেছেন সমাজ, ইতিহাসবোধ, রাজনীতি ও নৈতিকতার দিক থেকে, তাই তিনি যখন ছবি নিয়ে তাঁর প্রথম প্রবন্ধ লিখলেন তার নাম ছিল " Cinema And The People" এখানে তিনি বলেছেন, " People ছাড়া তখন কোনো কিছুই ভাবতে পারতাম না"।[৭] আবার ছবির নান্দনিকতা প্রশ্নের তিনি বলেছেন,

" আমার কাছে Human faces are very important, আমার কাছে landscapes without being punctuated by human faces অর্থহীন বলে মনে হয়"[৮]

তাই সবসময়ই মৃণাল সেন ছবির নান্দনিকতাকে কম গুরুত্বপূর্ণ বলে মনে করেছেন তাঁর কাছে মানুষের সংগ্রাম ছিল আসল। কলকাতাকে কেন্দ্র করে রাজনৈতিক ছবি নির্মানের সময় তিনি আন্তর্জাতিক পরিপ্রেক্ষিতের কথাটা মাথায় রেখেছিলেন। স্বাধীনতার সময়কালে ভারতের স্বাধীনতা সংগ্রামকে তিনি ফ্যাসিবাদের বিরুদ্ধে সংগ্রামের পক্ষেই মত দিয়েছিলেন। আর সেই জায়গা থেকেই তিনি এখনকার দিক্ষণপন্থী ও বামপন্থী আন্দোলনের সম্পর্ককে দেখেছেন। কলকাতার ট্রিলজির তৃতীয় ছবি পদাতিক এর প্রসঙ্গে বলতে গিয়ে বলেছেন,

"এই ছবিতে আমাদের focus বিন্দুমাত্র না হারিয়ে আমরা বলতে চেয়েছি দক্ষিনপন্থী প্রতিক্রিয়ার বিরুদ্ধে সংগ্রামের কথা এবং একথা বলতে গিয়ে আরো বলতে চেয়েছি যে এই লড়াই করতে গিয়ে আমরা যেন Left Establishment এর শিকার না হয়ে পড়ি। Left Establishment কথাটা আমি খুব জোড় দিয়েই বলেছি। সমস্ত রকম সংকীর্ণতা, সমস্ত রকম Sectarianism এর বিরুদ্ধে এই ছবি, বামপন্থী রাজনৈতিক আন্দোলনের ক্ষেত্রে সমস্ত রকম সংকীর্ণতার বিরুদ্ধ এই ছবি"[৯]

এখানে দেখা যায় মৃণাল সেন নিজেই একজন স্বঘোষিত বামপন্থী হওয়া সত্বেও, তিনি সত্তরের দশকের বামপন্থীদের নানা নীতি নিয়ে প্রশ্ন করেছেন, উত্তর খুঁজেছেন, এখানেই তাঁর সচেতন রাজনৈতিকতার পরিচয়। এর প্রভাব আমারা পদাতিক ছবিতে দেখতেও পাই আর ঠিক একই কারণ হয়তো বামপন্থীদের একাংশ তাঁর ছবিকে সমালোচনা করেছেন। শিলাদিত্য সেন এই প্রসঙ্গে বলেছেন,

"সত্তর দশকে মৃণাল সেনকে রাজনৈতিক চলচ্চিত্রকার হিসেবে ক্রমাগত দেগে দেওয়া হত, আর বামপন্থীরা তাঁর ছবিগুলি নিয়ে তুমুল কাটাছেঁড়া করতেন, সে তা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী বামপন্থী হোন, বা বিপ্লবে বিশ্বাসী"[১০]

মৃণাল সেনের সচেতন রাজনৈতিক বোধ ছবিতে প্রতিফলিত হয়েছে। যতটা পারা যায় তিনি ততটাই তাঁর ছবির মধ্যে সমসাময়িক সময়কে তুলে ধরতে চেষ্টা করেছেন। তাঁর রাজনৈতিকতা ও ইতিহাসবোধের জায়গা থেকে তিনি এই কাজটি করতে অনুপ্রাণিত হয়েছিলেন। সমসাময়িক পরিস্থিতির কথা ভেবে তাঁর ছবির কেন্দ্রবিন্দু হয়েছে কলকাতা ও কলকাতার মানুষের রাজনৈতিক অবস্থা, একই সাথে সামাজিক, অর্থনৈতিক দিক উঠে এসেছে খুব ভালো ভাবেই। তাই শুভেন্দুশেখর মুখোপাধ্যায় মৃণাল সেনের রাজনৈতিকতা ও তাঁর ছবির মেজাজ প্রসঙ্গে লিখেছেন,

"মৃণালবাবু অনন্যমানা হয় সমসাময়িক হবার চেষ্টা করেছেন। 'বাইশে শ্রাবণ' ই হোক 'ইন্টারভিউ', 'কলকাতার ৭১' এই হোক। 'পদাতিক', 'একদিন প্রতিদিন',

বা 'অকালের সন্ধানেই হোক মৃণাল সেন বর্তমান কালকে ধরতে চেষ্টা করেছেন প্রায় সর্বত্র"[১১]

সত্তরের দশকের বাস্তব চিত্র ফুটে উঠেছিল মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে। ট্রিলজির প্রথম ছবি ' ইন্টারভিউ ' ১৯৭১ সালে মুক্তি পায়। ট্রিলজির দ্বিতীয় ছবি ' কলকাতার ৭১' মুক্তি পায় ১৯৭২ সালে ও ট্রিলজির তৃতীয় ছবি ' পদাতিক ' মুক্তি পায় ১৯৭৩ সালে। মৃণাল সেনের এই রাজনৈতিক তিনটি ছবি সত্যজিৎ রায়ের রাজনৈতিক তিনটি ছবির থেকে আলাদা। সত্যজিৎ রায় ছবির ব্যাকরণ মেনেই কলকাতা ট্রিলজি বানিয়েছেন অন্যদিকে মৃণাল সেন বারবার তাঁর কলকাতা ট্রিলজিতে সিনেমার প্রথা ভাঙার চেষ্টা করেছেন। সত্যজিৎ রায় তাঁর রাজনৈতিক ছবিতে মধ্যবিত্ত বাঙালির ব্যক্তি জীবনের ঘটনা দেখিয়ে ছিলেন, এখানে চরিত্রগুলোর বেকারত্ব, বিচ্ছিন্নতাবোধ, রাজনীতির থেকে গা বাঁচিয়ে চলা, তাদের আত্মকেন্দ্রিকতাই মূল বিষয়বস্তু হয়ে উঠেছিল। মৃণাল সেন কিন্তু তা করলেন না। তাঁর ট্রিলজিতে ব্যক্তির ব্যক্তিগত জীবনের তুলনায় তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি বেশি গুরুত্ব পেয়েছে। তবে তাদের বেকারত্ব জীবন, সমাজিক জীবন যে নেই তা নয়, রয়েছে তবে তা অর্থনৈতিক বাস্তবতার সাথে সংযুক্ত হয়ে রয়েছে। তাঁর ট্রিলজিতে সরাসরি রাজনৈতিক বক্তব্য এসেছে, সমালোচনা এসেছে, সাধারণ মানুষের দায়িত্বের কথা, দারিদ্র্য, লাঞ্ছনার ইতিহাস, আর এসেছে ঔপনিবেশিক বিরোধিতার মনোভাব। রাজনৈতিক মতামত বা রাজনৈতিক চরিত্র এখানে কেন্দ্রীয় চরিত্র হয়ে উঠেছে সত্যজিৎ রায়ের কলকাতা ট্রিলজির মতো ব্যাকড্রপে থাকেনি। কলকাতা কেন্দ্রীয় ছবি তৈরি করতে গিয়ে মৃণাল সেনের কাছে নান্দনিকতা প্রধান হয়ে ওঠেনি প্রধান হয়ে উঠেছিল দৈনন্দিনতা, প্রতি মূহুর্তের কলকাতার পরিস্থিতি। প্রতি মূহুর্তের কলকাতার ছবি ক্যামেরার লেন্সে ধরতে গিয়ে তিনি রীতিমতো হাতে ক্যামেরা নিয়ে কলকাতার রাজপথে তাঁর ছবির চরিত্রগুলোকে ধাওয়া করে বেড়িয়েছেন। তাঁর ছবির দর্শন এর প্রতি বানী বসু মন্তব্য করেছেন,

"মৃণাল সেন একেবারেই গল্প বলতে চান না। তাঁর অনেক ছবিই প্রবন্ধ কিম্বা উঁচুমানের সাংবাদিকতা (কলকাতা ৭১, অকালের সন্ধানে), যে সব সাহিত্য গল্প নিয়ে ছবি করেছেন, ভুবন সোম, খণ্ডহর, একদিন প্রতিদিন, একদিন আচনক প্রত্যেকটি মানুষকে টেনেছে। কিন্তু ভুবন সোম ও খণ্ডহর ছাড়া অন্যগুলিতে নান্দনিক উদ্দেশ্য অনেকটাই গৌন হয়ে গেছে। গল্পের নির্বাচিনে আমাদের কতগুলি জ্বলন্ত সামাজিক বা চারিত্রিক প্রসঙ্গের ওপর ফোকাস থাকে। আর ঘনত্ব এতটাই যে দেখতে দেখতে আমাদের দম বন্ধ হয়ে আসে। উৎকন্ঠতায়, কষ্টে, প্রতিবাদে, এটাই তার অভীষ্ট। তিনি চলচ্চিত্রের সামাজিক রাজনৈতিক অন্যায়ের দর্পণ ও প্রতিবাদের হাতিয়ার

হিসেবে ব্যবহার করেন যদিও তাঁর মধ্যে একদেশদর্শিতা বা প্রচারমুখিতা থাকে না"[১২]

ইন্টারভিউ ছবিতে বাংলার রাজনৈতিক প্রসঙ্গ এসেছে, যুবসমাজের হতাশা ধরা পরেছে। তবে পরিচালকের সাম্রাজ্যবাদী মনোভাবের বিরুদ্ধে দৃষ্টিভঙ্গিও এখানে দেখা গেছে, তা আগে খানিকটা আলোচনাও করা হয়েছে। মৃণাল সেন এক কথোপকথনে ছবিতে ব্যবহার করা ঔপনিবেশিক বিরোধিতা প্রসঙ্গে বলেছেন,

"ইন্টারভিউতে আমরা বলতে চেয়েছিলাম যে আমাদের দেশে transfer of power হয়েছে। কিন্তু সেই Colonial legacy থেকেই গেছে, আর সেটা শুধু জামা কাপড়ের স্তরেই নেই। সেই legacy সর্বস্তরে কাজ করে চলেছে, Operate করে চলেছে, আর সেটা থেকেই নানারকম গোলমাল, Political, Social, Economic ইত্যাদি"[১৩]

ঔপনিবেশিতা যে সর্বস্তরে মানে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক স্তরের আছে এইটি ইন্টারভিউ সিনেমাতে বোঝাতে গিয়ে পরিচালক নানা রকমের মন্তব্য করেছেন। মাঝে মাঝে সে মন্তব্য তিনি গল্পের বাইরে গিয়ে করেছেন আবার কখনো তিনি গল্পের মধ্যে থেকে সে মন্তব্য করেছেন। কখনো হালকা হাসির মেজাজে ব্যঙ্গ করার ছলেই মন্তব্য রেখেছেন আবার কখনো গুরুত্বপূর্ণ মন্তব্যই করেছেন। তবে তাঁর কথা মতো বোঝা যায় ইন্টারভিউতে ভারতবর্ষের যে রাজনৈতিক চেহারা, যার সূচনা কলকাতা থেকে শুরু এবং যেটা পুরো দেশের পক্ষেই যায় তারই একটা সামাজিক চেহারার নানা রকমের উচিত পড়তি দেখাতে চেয়েছেন পরিচালক মৃনাল সেন।১৪ ইন্টারভিউ ছবি যখন মুক্তি পায় তখন বাংলায় নকশাল আন্দোলন এর বাড়বাড়ন্ত। মৃণাল সেনের কলকাতা ট্রিলজির অন্য দুটি ছবিতে নকশাল আন্দোলন যেমন প্রত্যক্ষ ভাবে এসেছে সেক্ষেত্রে ইন্টারভিউতে আসেনি। তবে যুব সমাজের হতাশা ধরা পরেছে, পুরো সিস্টেমের বিরুদ্ধে একটা ক্ষোভ লক্ষ্য করা গেছে। তবে ছবির সূচনায় যেহেতু বেশির ভাগ ছবির শুটিং কলকাতার পথে তাই চলমান দারিদ্র্য, ক্ষোভ, হরতাল, অনাহার এসব ছবি নায়ক রঞ্জিত মল্লিক প্রত্যক্ষ করলেও এসবের প্রতি উদাসীনতাই লক্ষ্য করা যায়, অনেকটা সত্যজিৎ রায়ের 'সীমাবদ্ধ' ছবির সিদ্ধার্থের মতো অথবা 'জন অরণ্য 'ছবির সোমনাথের মতো। তবে ছবির শেষে গিয়ে যখন রঞ্জিত মল্লিক মৃণাল সেনের প্রশ্নের সম্মুখীন হন তখন তার রাগ বহির্ভূত হয়। সেই রাগ তখন আর ব্যাক্তিগত থাকে না হয়ে ওঠে সমষ্টিগত। আসলে সমাজবাস্তবতাকে বাদ দিয়ে ব্যাক্তির মনস্তত্ত্ব নিয়ে কাজ করার বিরোধি স্বয়ং মৃণাল সেন রাজনীতিবিমুখ ঔদাসীন্য দেখাতে পারেন নি। তাই তিনি বলেছেন,

" রাজনৈতিক সংগ্রামে ১৯৬৭ সালের সেই সময়টা উত্তরবঙ্গের সেই অভূতপূর্ব অগ্নিঝড় সমগ্র দেশে ছড়িয়ে গেল। কৃষি উৎপাদনের জায়গায় চাষি, ভাগাভাগি যেখানে অর্থের সংস্থান নয়, সেখানে শুরু হয়ে গেল নকশাল আন্দোলন সেই দশক, ছিল প্রতিবাদের ভাষা ছিল হিংসা"[১৫]

ইন্টারভিউ ছবিতে এক নাগরিক জীবন, নাগরিক জীবনের চলমান দারিদ্র্য, মালিন্য, সমাজবোধ, ঔপনিবেশিক মনস্কতা, ইত্যাদিকে মৃণাল সেন নিওরিয়ালিস্টিক আদলে ছবিতে তুলে ধরেছিলেন।

মৃণাল সেন তাঁর কলকাতা ট্রিলজিতে যেমন একাত্তরের পশ্চিমবঙ্গের রাজনৈতিক চিত্রটা তুলে ধরেছিলেন তার পাশাপাশি এসেছিল তাঁর ঔপনিবেশিক বিরোধী মনোভাব এবং এক বিরাট ইতিহাসবোধ। ভারতের দারিদ্র্যের ইতিহাসটাকে ধরতে চেষ্টা করেছেন মৃণাল সেন তার 'কলকাতা ৭১ 'ছবিটির মাধ্যমে। ভারতের দারিদ্র্যের ইতিহাসের পরিধি যে কতো বড়ো তা কলকাতা ৭১ ছবিতে বেশ স্পষ্ট ভাবেই ফুটে উঠেছে। এই দারিদ্র্যের ইতিহাস যে একাত্তরের ভারতেও চলমান তা বোঝানোর চেষ্টা করেছেন মৃণাল সেন তাঁর এই ছবিতে। এই প্রসঙ্গে তিনি মন্তব্য করেছেন যে,

"কলকাতার এই অস্থিরতাকে বুঝতে গিয়ে আমি ভারতবর্ষের ইতিহাসটাকে ব্যাখ্যা করার চেষ্টা করি , করতে করতে আমরা আবার চলে আসি ১৯৭১ এ। এই ছবির left motif হচ্ছে আমাদের ইতিহাস হচ্ছে exploitation এর ইতিহাস , আমাদের ইতিহাস হচ্ছে বঞ্চনার ইতিহাস , আমাদের ইতিহাস হচ্ছে দারিদ্র্যের ইতিহাস। এবং দারিদ্র্যের চেহারা আমরা আমাদের শিল্পে - সাহিত্যে একটু অন্য ভাবে present করবার চেষ্টা করেছি। We have always made poverty respectable, আমরা সবসময়ই poverty কে dignified করে তুলেছি। কিন্তু poverty যে ugly, poverty যে ruthless, poverty যে unrelenting এই সত্য আমরা তেমন ভাবে বলতে পারিনি। খুব অল্প লোক ছাড়া। এই মূহুর্তে আমার একজনের কথাই মনে পড়ছে তিনি হলেন মানিক বন্দ্যোপাধ্যায়, আমি ভাবতে শুরু করলাম যে এখান থেকে অর্থাৎ কলকাতা ৭১ থেকে আমরা যদি পিছনে যেতে পারি তাহলে হয়তো এই যোগসূত্র খুঁজে পাব। এই ভাবেই কলকাতা ৭১ এর বিচিত্র অস্থিরতা দেখিয়ে তারই manifestation হিসাবে দেখাই ঐ ছেলেটিকে"[১৬]

মৃণাল সেন তাঁর কলকাতা ট্রিলজির তৃতীয় ছবি ' পদাতিক ' এ বামপন্থী আন্দোলনের বিভিন্ন সংকীর্ণতা নিয়ে আলোচনা করেছেন তাছাড়াও এই ছবিতে তাঁর আন্তর্জাতিকতাও ধরা পরেছে। শিলাদিত্য সেন এই প্রসঙ্গে লিখেছেন,

"বামপন্থী রাজনৈতিক সংগঠনকে কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়েছিলেন যে

মৃণালবাবু! ছেলেটি, সুমিত প্রশ্ন তুলেছিল নিজের অবস্থান সম্পর্কে, পালিয়েছিলাম, ধরা পড়লাম, আবার পালালাম, তার পর? নেতৃত্বের নির্দেশ তাকে এখন পালিয়েই থাকতে হবে, এ ধরনের লুকানো জীবনের চেয়ে দলের একটার পর একটা ভুল, ভুলের পুনরাবৃত্তি সম্পর্কে সংশয়ী হয়ে ওঠে ছেলেছি। আন্দোলনের বিচ্ছন্নতা সম্পর্কে, নেতৃত্বর অথরিটারিয়ানিজম সম্পর্কে পুনর্মূল্যায়ন প্রবৃত্ত হয়"[১৭]

সুমিত যে চিঠি লিখেছিল নিখিলদা কে সেখানে পার্টির অভ্যন্তরীণ বিষয় এসেছে যেমন পার্টির নিয়মনীতি, কর্মীদের গুরুত্ব, অল্প কিছু নেতার ওপর নির্ভরশীলতা, মনীষীদের মূর্তি ভাঙার ব্যাপারে এই রকম নানা দিক উঠে এসেছিল সেই চিঠিতে। মৃণাল সেন এই ছবির ব্যাপারে বলেছেন,

"আমার মনে হল এমন ছবি দরকার যেখানে একটি যুবক নিজেকে প্রশ্ন করবে। যে যুবকটি স্রোতের বিরুদ্ধে যাবে। আমি ও আশিস বর্মন একটি চিন্তাভাবনা খাড়া করলাম, নতুন ছবি পদাতিক এর আউট লাইন তৈরি হল"[১৮]

যেহেতু এই ছবিতে নকশাল দলের আত্মসমালোচনা করা হয়েছে তাই অনেক নকশালপন্থীর ছবিটা ভালো লাগেনি। মৃণাল সেনের এক নকশালপন্থী সাংবাদিক বন্ধু এই ছবিকে একটি পুলিশ রিপোর্ট বলে সমালোচনা করেছিলেন সেটা মৃণাল সেন লিখেছেন, তিনি লিখেছেন,

"সম্ভবত এই জন্যেই যে এ ছবিতে আত্মসমালোচনার একটা পর্ব ছিল। বিপ্লবী রাজনীতির কর্তৃত্ববাদী মানসিকতাকে প্রশ্ন করা হয়েছিল"[১৯]

এই কারণেই শিলাদিত্য সেন তাঁর লেখাতে লিখেছিলেন মৃণাল সেনের এই ছবি নিয়ে প্রচুর কাটাছেঁড়ার কথা, সেটা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাসী বামপন্থী হোক বা বিপ্লবে বিশ্বাসী।২০ পদাতিক ছবিটির আন্তর্জাতিকতা নিয়েও পরিচালক ভেবে ছিলেন, কারন তার মনে হয়েছিল সমগ্র ভারতের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক অবস্থা আরো জটিল হয়ে উঠেছে এবং তার সাথে Afro-Asian reality জড়িয়ে গেছে। এটা তাঁর বক্তব্যেই প্রতিফলিত হয়। তিনি বলেছেন,

"ইন্টারভিউ কলকাতা ওপর , কলকাতা ৭১ কলকাতা নিয়ে, পদাতিক ও কলকাতার ওপর। কিন্তু এটা শুধু কলকাতা নয়, এটা সারা ভারতবর্ষ এবং আরো broader Scale এ এর মধ্যে প্রতিফলিত হচ্ছে সমগ্র আফ্রো- এশীয় বাস্তবতা, এই ব্যাপারটা আমরা ধরবার চেষ্টা করেছি"[২১]

মৃণাল সেন ছবি করার আগের দিন গুলোতে এবং ছাত্র থাকাকালীন সক্রিয় ভাবে রাজনীতির সাথে যুক্ত ছিলেন। সত্তরের দশকে বামপন্থী দলের ও নকশালপন্থীদের

অভ্যন্তরের নানা সমস্যার বিষয় গুলি তিনি ছবিতে তুলে ধরেছিলেন। কলকাতা ট্রিলজির ইন্টারভিউ ছবিতে তিনি সময়কালীন রাজনীতি ছাড়াও ভারতীয়দের ঔপনিবেশিক মনোভাবকে সমালোচনা করেছিলেন। এছাড়া ইন্টারভিউ ছবিতে আরো গুরুত্বপূর্ণ বিষয়ে মন্তব্য করেছিলেন। আকাশ সাও ইন্টারভিউ ছবির বিষয়ে মন্তব্য করেছেন,

"More than two decades have passed since independence, but the legacy of colonialism continues. As we know, Naxalism is not only referring to political protest but also a cultural one; one where the traditional values, norms, rituals questioned. Ranjit's unwillingness to wear a coronet during the marriage is one such example. After the peasants, the youths identified the Movement with their realities. They went on to form the revolution in the cities. It was a form of colonial hangover that touched upon the diverse issues which led to the growth of the Naxal movement anti-establishment, middle-class cowardice and unemployment."[২২]

মৃণাল সেন চলচ্চিত্রের জাতীয় ধারাকে অস্বীকার করেছিলেন। তাঁর রাজনৈতিক ছবি করার উদ্যোগের পিছনে যেমন তাঁর কমিউনিস্ট ভাবনা ছিল তেমনিই ছিল চলচ্চিত্রের আন্তর্জাতিকতা। জাতীয় চলচ্চিত্রের ধারাকে তিনি এই প্রসঙ্গে অস্বীকার করে বলেছেন যে জাতীয় চলচ্চিত্রে তার আস্থা নেই। চলচ্চিত্রের বিষয় বা আঙ্গিকে জাতীয় সীমান্ত দ্বারা নির্ধারিত হতে পারে বলে তিনি মনে করতেন না, কারণ প্রযুক্তিনির্ভর এই শিল্পের অবস্থান এমন এক ব্যবস্থার মধ্যে যে তাঁর ভাষা আন্তর্জাতিক হতে একরকম বাধ্য।২৩ এই কারণেই হয়তো পদাতিক ছবিতে কলকাতার অস্থির রাজনৈতিক পরিবেশেও চলে এসেছিল আন্তর্জাতিক আলোচনা সুমিত ও শীলা মিত্রের কথাবার্তায়। মৈনাক বিশ্বাস এই প্রসঙ্গে লিখেছেন,

"পদাতিক এ দেখব সুমিত আর শীলা মিত্রের কথোপকথনের মধ্যে এসে পড়ছে ভিয়েতনাম , গেরিলা যুদ্ধের ফুটেজ। তারপর আবার অন্ধকার একটি মুখ। তাঁর উপর দিয়ে শোনা যায় সুমিতের কন্ঠে মাও জে দং এর ১৯২৬ এ লেখা একটি প্রবন্ধ থেকে কিছু কথা। নিজের দলের কার্যকলাপ নিয়ে সংশয় প্রকাশ করে সুমিত যে চিঠি লিখবে এই কথাগুলি তারই মুখবন্ধ"২৪

পদাতিক ছবিতে যেমন আন্তর্জাতিক বিষয় চলে এসেছিল তার সাথে আবার সত্তরের দশকের বাংলার বামপন্থী ও নকশালপন্থীদের অভ্যন্তরীণ সমস্যাগুলোও উঠে এসেছিল।

সত্যজিৎ রায় সত্তরের দশকে যেমন তাঁর কলকাতা ট্রিলজি তৈরি করছেন তখন তিনি বামপন্থী দলের প্রতি তাঁর হতাশার কথা সাক্ষাৎকারে বলেছেন, তবে তাঁর ছবিতে সেই দল গুলিকে নিয়ে কোনো রাজনৈতিক সমালোচনা দেখা যায় নি, যেটা মৃণাল সেনের কলকাতা ট্রিলজিতে দেখা গেছিল। বামপন্থী দলগুলোর তিনি সমালোচনা করেছিলেন তাঁর পদাতিক ছবিতে। তিনি নিজে একজন বামপন্থী ছিলেন সেই কারণেই হয়তো তার একটা দায়িত্ব এসেই গেছিল ছবিতে তাঁর রাজনৈতিক দলের সমস্যাগুলো নিয়ে কথা বলা। এই ক্ষেত্রে যে তিনি কেবলমাত্র বামপন্থীদের সমর্থন করে এই রাজনৈতিক ভুলভ্রান্তি গুলোর কথা বলেছেন তাই নয়, ছবিতে নকশালপন্থীদের সমালোচনাও ছিল। একটি সাক্ষাৎকারে এই বিষয়ে মৃণাল সেন মন্তব্য করেছেন,

"৭১ সালে বাস্তব জীবনে কলকাতা শহরে যা দেখেছি তা ভয়ংকর। ডিকেন্সর ভাষায় বলতে গেলে বলতে হয়, " Those were the best of days, those were the worst of day's", সেই period এ নানা ধরনের সাংঘাতিক political confusion অবশ্যই আছে কিন্তু যে সময় অত্যাচারের চেহারাও একটা চরম রূপ নিয়েছে। সেখানে আমি বিশেষ কোনো political party partisan না হয়েও দেখেছি, যা হয়তো আপনারাও দেখেছেন"[২৫]

যখন প্রতিক্রিয়ার আগুন তীব্র হচ্ছিল একাত্তরের কলকাতায় তখন বামপন্থী শিবিরের দুর্বলতাগুলো তুলে ধরা কতটা জরুরী ছিল সেই প্রশ্ন এক সাক্ষাৎকারে মৃণাল সেনকে জিজ্ঞেস করলে তিনি বলেন,

"পৃথিবীতে একটি মাত্র পার্টি আছে যে পার্টি অত্যন্ত জোরের সঙ্গে বুক ফুলিয়ে চিৎকার করে বলছে We have nothing to hide, জনগণের কাছে আমাদের গোপন করার কিছু নেই। সে পার্টি হল কমিউনিস্ট পার্টি। সেজন্য আজ কমিউনিস্ট আন্দোলনের ক্ষেত্রে কোনো কিছু গোপনীয়তা সর্বনাশের পথকে আরো প্রশস্ত করে দেয়। প্রতিক্রিয়াশীল শক্তি তখনই আরো জোরদার হয়ে ওঠে, আরো মারমুখী হয়ে ওঠে যখন বামপন্থী শক্তিগুলো ভেঙে তছনছ হয়ে যায় তাদের বিচ্ছিন্নতা বা তাদের Sectarianism এর দরুন। আমাদের ওপর তাই বেশি করে দায়িত্ব এসে পড়ছে যাতে আমরা আমাদের দুর্বলতাগুলো কাটিয়ে উঠতে পারি, আমাদের ত্রুটি গুলো মেরামত করে নিতে পারি, আরো বেশি করে সংঘবদ্ধ হতে পারি, যাতে প্রতিক্রিয়াশীল শক্তি আর মাথাচাড়া দিয়ে না উঠতে পারে। এটা এই মূহুর্তে সবচেয়ে বেশি প্রয়োজনীয়, আমাদের ভেতরের দুর্বলতা, আমাদের ক্লেদ গলদ সব কিছু প্রকাশ্যে বলা দরকার, বলা দরকার সেই কথা গুলো যেগুলি আমরা মুখ ফুটে বলতে পারছি না, বলতে পারছি না অনেক কিছুর ভয়ে, নেতৃত্বের ভয়ে, নানা রকম হুমকির চাপে"[২৬]

এই বক্তব্য ভালো করে লক্ষ্য করলে দেখা যাবে তিনি এখানে 'আমাদের' শব্দে জোর দিয়েছেন। সত্তরের দশকে বামপন্থী দলগুলোর সমস্যা সমাধানের জন্য তিনি নিজেকে দায়বদ্ধতা প্রয়োজন মনে করেছেন। আর এই বিষয়গুলো নিয়ে মানে বামপন্থী দলের বিষয় নিয়ে তিনি সরাসরি কথা বলেছেন তাঁর ছবিতে। তার কাজে রাজনীতির পাশাপাশি প্রথম থকেই মানুষ খুব গুরুত্বপূর্ণ। তাই আমরা দেখি তাঁর রাজনৈতিক ছবিতে রাজনৈতিক চরিত্র গুলোর সংগ্রাম। কলকাতা ট্রিলজিতে আমরা দেখেছি রাজনীতির সাথে মানুষের সংযোগের চেষ্টা করেছেন পরিচালক। কলকাতা ট্রিলজির ছবিতে রাজনৈতিক কেন্দ্রীয় চরিত্র এসেছে, রাজনীতির দ্বারা প্রভাবিত বিষয় কখনো ঔপনিবেশিক রাজনীতির দ্বারা প্রভাবিত আবার কখনো স্বাধীনতা পরের রাজনীতির দ্বারা প্রভাবিত নানা চিত্র এসেছে। এই প্রসঙ্গে সোমেশ্বর ভৌমিক বলেছেন,

"মৃণাল সেনের ইন্টারভিউ ছিল ভারতীয় সিনেমাতে সম্পূর্ণ এক অভিনব প্রচেষ্টা। সামাজিক অন্যায়ের প্রেক্ষিত থেকে শুরু করে পরিচালক পৌঁছাতে চাইছিলেন পরিবর্তিত এক রাজনৈতিক দর্শনের গভীরে। ইন্টারভিউ তে অনেক জায়গাতেই এসেছিল প্রোপাগাণ্ডার ঢং, ইন্টারভিউ টেনে তৈরি হলো, কলকাতা ৭১, এবং পদাতিক। স্পষ্টতই সমসাময়িক নকশালবাড়ির বিস্ফোরন এ ছবিগুলির অনুপ্রেরণা ছিল। শিল্পের জমিতে দাঁড়িয়ে সেই দামাল রাজনীতির আত্মাকে খুঁজেছেন মৃণাল সেন"[২৭]

রাজনীতির মধ্যে দিয়েই মানুষকে তাঁর কাজ। এর প্রমাণ আমরা দেখেছি ইন্টারভিউতে যখন ক্যামেরা সারাদিন ধরে রঞ্জিত মল্লিককে ধাওয়া করে। পদাতিক ছবিতে সুমিতকে ছবির কেন্দ্রীয় চরিত্র করে তোলা মধ্যে সেই প্রমাণ মেলে যে তাঁর কাছে মানুষ কতটা গুরুত্বপূর্ণ। এই কারনে হয়তো তাঁর ছবিতে নান্দনিকতা খুব একটা দেখা যায় না, ছবিতে দৈনন্দিনতা প্রধান। মৃণাল সেনের ক্যামেরায় মানুষের মুখ হয়ে উঠেছিল প্রধান। 'বাইশে শ্রাবণ 'ছবিতে প্রকৃতি ও সারল্য দেখা গেছিল তা পথের পাঁচালী থেকে প্রভাবিত হয়েছিল কিনা সেই প্রশ্নে উত্তর দিতে গিয়ে তিনি বলেছিলেন ছবিতে মানুষের কথা বলা তাঁর কাছে কতটা গুরুত্বপূর্ণ। তিনি বলেছিলেন,

"যিনি ছবিটা দেখছেন তিনি হয়তো বুঝবেন যে খুব জোর একটা বা দুটো Short ছাড়া গোটা ছবিতে এমন একটা Short ও ছিল না যেখানে মানুষের মুখ নেই। আমার কাছে human face are very important, আমার কাছে landscape without being punctuated by the faces of human beings অর্থহীন বলে মনে হয়, বাইশে শ্রাবণ করতে গিয়ে গ্রামের নৈসর্গিক দৃশ্য আমাকে একবারো টানেনি, টেনেছে গ্রামের মানুষ, গ্রামীন পরিবেশ। বাইশে শ্রাবণ ছবিতে মানুষের ওপরই focus রাখা হয়েছে"[২৮]

তাঁর ক্যামেরার ফোকাস যেহেতু মানুষের দিকে তাই আমরা দেখি কলকাতা ট্রিলজিতে কয়েকটা বাস্তব চিত্র ফুটে উঠতে। 'কলকাতা ৭১' ছবিতে দেখা যায় সাধারণ মানুষ রাস্তায় মিছিল করছে, শ্রমিকরা কারখানায় স্ট্রাইক করছে, এই সব চিত্র গুলো কিন্তু বাস্তব অভিনয় দিয়ে সৃষ্টি করা না। এখানে মৃণাল সেনের ফিল্ম মেকিং এর মধ্যে ডকুমেন্টারি করার টেকনিক এসে যায়। মৃণাল সেনের এই প্রক্রিয়ার বিষয়ে মৈনাক বিশ্বাস বলেছেন,

"ষাটের দশকের শেষ থেকে কলকাতা শহর যখন একের পর এক আন্দোলন উত্তপ্ত হয়ে উঠেছে, তখন মৃণাল সেন তাঁর ক্যামেরা চালককে নিয়ে রাস্তায় রাস্তায় মিছিল, জমায়েত, সমাবেশের ছবি তুলে রাখতেন। এই ফুটেজটাই ইন্টারভিউ থেকে কোরাস পর্যন্ত চারটে ছবিতে বারবার এসেছে, তার সাথে তাড়া খেয়ে দৌড়ে পালানো যুবককে।"[২৯]

সত্তরের দশকের মৃণাল সেনের কলকাতা ট্রিলজি দেখলে দেখা যাবে সেখানে একটা গোটা জাতির ইতিহাসের কথাও বলতে চেয়েছেন পরিচালক। যেই ইতিহাস হচ্ছে দারিদ্র্য ও বঞ্চনার ইতিহাস। ইতিহাসকে লুকিয়ে কিন্তু তিনি সত্তরের কলকাতা ট্রিলজি করেন নি। বারবার ইতিহাস ছবির স্ক্রিনে উঠে এসেছে। সায়নদেব চৌধুরী বলেছেন,

"শুরু থেকেই ইতিহাসের চোখে চোখ রাখার তাগিদ মৃণাল সেনের ছবিতে দেখা যায়, সেটা জোরালো হয় সত্তরের দশকের ছবিগুলোতে, পরবর্তীকালে মৃণাল ইতিহাসকে ঘাড় ধরে ঝাঁকানোর চেষ্টা থেকে বিরত থাকলেও ইতিহাসকে আড়াল হতে দেন নি কখনো। ইতিহাস সচেতনতার হাত ধরেই আর একটি ব্যাপার বলে দরকার , মৃণাল সেনের সিনেমার আত্ম সচেতনতা। ঋত্বিক ঘটকের মতো তিনিও সিনেমাকে শুধুমাত্র রিয়ালিজমের নিষ্ফল অনির্ণয় নিবেশক যন্ত্র হিসেবে দেখতেন না। বরং যে চোখ দিয়ে দেখা যাচ্ছে সেই gaze চাও তাঁর কাছে ছিল একটা Radical presences, সত্তরের দশকের অনেকটা জুড়েই ওঁকে আঁকড়ে থাকল এটা"[৩০]

এই ইতিহাস সচেতনতার জায়গায় থেকেই হয়তো 'কলকাতা ৭১' এ সেই যুবকটি চলে আসে যে কুড়ি বছর বয়স নিয়ে হাজির বছর ধরে দারিদ্র্য, মালিন্য, লাঞ্ছনা নিয়ে হেঁটে চলেছে। এই ব্যাপারে মৃণাল সেন মন্তব্য করেছেন,

"কলকাতা ৭১ এ শুরুতে একটা concept, ভীষণ youthful concept, ছেলেটির বয়স কুড়ি রেখেছি এ কারণে যে কুড়ি বছর মানেই হচ্ছে ভীষণ youthful, যে youthful যে সংগ্রামী , যে militant, যে কোনো কিছুর পরোয়া করে না , যে sensitive এবং যে পবিত্র। এইরকম একটা concept এর কথাই আমি ভেবেছি। সে হাজার বছর ধরে নানা যন্ত্রণার মধ্যে দিয়ে এসেছে এবং এই সিদ্ধান্তে এসে

দাঁড়িয়েছে যে আমাদের ইতিহাস হাজার বছর বা আরো বেশি সময় ধরে দারিদ্র্যের ইতিহাস, বঞ্চনার ইতিহাস, শোষণের ইতিহাস"[৩১]

মৃণাল সেন সেই সত্তরের দশকের বাংলার মাটিতে দাঁড়িয়ে ক্যামেরার লেন্সে যে ঘটনা তুলে ধরা উচিত বলে মনে করেছেন সেই ঘটনাই অনেক মানুষের আবেগের বিরুদ্ধে গিয়ে তুলে ধরেছিলেন। এখানেই তাঁর রাজনৈতিকতা যা মানুষের কথা বলে। পুনে ফিল্ম ইনস্টিটিউটের সমাবর্তন বক্তৃতায় মৃণাল সেন বলেছিলেন,

"Remember when you touch your multi faceted medium, you touch man. As you serve your medium you serve your conscience too"[৩২]

ক্যামেরার ফোকাস তাঁর সবসময় মানুষের দিকেই ছিল। কলকাতার ট্রিলজিতে তা হতে পারে রাজনৈতিক ভাবে প্রভাবিত ছিল তবে সেখানে কোনো সংকীর্ণতা ছিল না অথবা কোন partisan ছিল না। নিজে একজন বামপন্থী হয়েও বামপন্থী দল গুলোর সংকীর্ণতা ছবির পর্দায় তুলে ধরেছিলেন , কারণ তিনি মনে করতেন বামপন্থী দলগুলির জন্য তাদের বিচ্ছিন্নতা বা তাদের Sectarianism ভয়ংকর।[৩৩]

মৃণাল সেনের মানবাসুন্ধানকে নিয়ে চিন্ময় গুহ বলেছেন,

"মৃণাল সেন বারবার এলিও ভিত্তোরিনির উদ্ধৃতি দিয়েছেন যে, The problem with the fanatics among the members of the communist party is that have pocketed the truth, but the point is not to pocket the truth but to chase the truth"[৩৪] মৃণাল সেন এই Truth কেই Chase করেছেন তাঁর ক্যামেরায় আর সেখানেই উঠে এসেছে এক বৃহৎ রাজনৈতিক, সামাজিক প্রসঙ্গ যার কেন্দ্রে রয়েছে মানুষ ও মানুষের ইতিহাস।

সূত্র নির্দেশ :

১. মৃণাল সেন, তৃতীয় ভুবন, কলকাতা, আনন্দ পাবলিশার্স, ৫ম মুদ্রণ, ২০১৮, পৃ- ১৮

২. মৃণাল সেন, আমি ও আমরা সিনেমা, (ছবি কারার আগের দিনগুলি), কলকাতা, বাণীশিল্প পাবলিশার্স, ২০১৫, জানুয়ারি, পৃ-২২

৩. মৌসুমি বন্দ্যোপাধ্যায়, অন্যস্বর, সঞ্জয় মুখোপাধ্যায়, মৃণাল সেন একটি তুলনামূলক আলোচনা, ২৪ জুলাই,২০২১

৪. মৌসুমি বন্দ্যোপাধ্যায়, অন্যস্বর, সঞ্জয় মুখোপাধ্যায়ের প্রবন্ধ, মৃণাল সেন একটি তুলনামূলক আলোচনা, ২৪ জুলাই, ২০২১

৫. দেশ, ১৭ মে, ২০২৩, অশোক বন্দ্যোপাধ্যায় ' সিনেমা থিয়েটার ও মৃণাল সেন ', পৃ- ৩১

৬. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা ', ' রাতভোর থেকে পদাতিক : কথোপকথন ' ১৯৭২, বাণীশিল্প পাবলিশার্স, ২০১৫, জানুয়ারী, পৃ- ৫৭

৭. ঈশ্বর চক্রবর্তী, ' প্রসঙ্গ মৃণাল : বিশ্লষণ মূল্যায়ন অন্বেষণ ', বিভাস মুখোপাধ্যায় সম্পাদিত, চলচ্চিত্র চর্চা কলকাতা, নভেম্বর, ২০১৬, পৃ- ৩০০

৮. ঈশ্বর চক্রবর্তী, ' প্রসঙ্গ মৃণাল : বিশ্লষণ মূল্যায়ন অন্বেষণ ', বিভাস মুখোপাধ্যায় সম্পাদিত, (রচনা- ' কি খুঁজছেন, কোথায় চলেছেন মৃণাল সেন?), চলচ্চিত্র চর্চা কলকাতা, নভেম্বর, ২০১৬, পৃ- ৩০০

৯. মৃণাল সেন, ' আমি ও আমার সিনেমা ', ' (কথোপকথন : ক্যালকাটা ট্রিলজি, আলাদা করে আবারও, প্রথম প্রকাশ - ১৯৭৩), বাণীশিল্প পাবলিশার্স, ২০১৫, জানুয়ারী, পৃ-৮৫

১০. আনন্দবাজার পত্রিকা, রবিবার, ১৪ মে, ২০২৩, পৃ-৪

১১. শুভেন্দুশেখর মুখোপাধ্যায়, 'প্রসঙ্গ মৃণাল : বিশ্লষণ মূল্যায়ন অন্বেষণ ', বিভাস মুখোপাধ্যায় সম্পাদিত, (প্রবন্ধ- ' মৃণাল সেনের ছবির মেজাজ , প্রথম প্রকাশ-১৯৯২),চলচ্চিত্রচর্চা, কলকাতা, পৃ- ২৭৬

১২. বাণী বসু, সুবর্ণরেখাঃ অঙ্গাররেখা, চিত্রভাষ, ঋত্বিক ঘটক ও সুবর্ণরেখা বিশেষ সংখ্যা, বর্ষ ৩৯, বইমেলা ২০০৫, পৃ ৭৫

১৩. মৃণাল সেন, ' আমি ও চলচ্চিত্র, বানীশিল্প পাবলিশার্স , পৃ- ১৯ এবং ২০

১৪. মৃণাল সেন, ' আমি ও আমার সিনেমা ', ' রাতভোর থেকে পদাতিক : কথোপকথন ' ১৯৭২, বাণীশিল্প পাবলিশার্স , ২০১৫, জানুয়ারী, পৃ-৫৪

১৫. মৃণাল সেন,'তৃতীয় ভুবন, কলকাতা , আনন্দ পাবলিশার্স, ২০১৮, পৃ- ৯৪

১৬. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা ', ' রাতভোর থেকে পদাতিক : কথোপকথন ' ১৯৭২, বাণীশিল্প পাবলিশার্স, ২০১৫, জানুয়ারী, পৃ-৫৮

১৭. আনন্দবাজার পত্রিকা , রবিবার , ১৪ মে , ২০২৩ , পৃ-৪

১৮. মৃণাল সেন ,'তৃতীয় ভুবন , কলকাতা , আনন্দ পাবলিশার্স , ২০১৮, পৃ- ১০৮

১৯. মৃণাল সেন ,'তৃতীয় ভুবন , কলকাতা , আনন্দ পাবলিশার্স , ২০১৮, পৃ- ১০৭

২০. আনন্দবাজার পত্রিকা , রবিবার, ১৪ মে , ২০২৩ , পৃ-৪

২১. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা ', ' (কথোপকথন : ক্যালকাটা ট্রিলজি, আলাদা করে আবারও, প্রথম প্রকাশ - ১৯৭৩), বাণীশিল্প পাবলিশার্স, ২০১৫ , জানুয়ারী, পৃ- ৮৪

২২. Akash Shaw , ' Reflections of Radical Political Movements on the Silver Screen: An Analysis, Global Media Journal-Indian Edition; Volume 12 Issue1; June 2020, P - 9

২৩. "পশ্চোত্তর ২ ", মৃণাল সেন , " চলচ্চিত্রের ভূত বর্তমান ভবিষ্যৎ ", ১৯৭৭

২৪. দেশ , মৈনাক বিশ্বাস, " মৃণাল সেন ও সিনেমার আন্তর্জাতিকতা ", ১৭ মে ২০২৩ , পৃ-৩৬

২৫. মৃণাল সেন, ' আমি ও আমার সিনেমা ', ' রাতভোর থেকে পদাতিক : কথোপকথন ' ১৯৭২, বাণীশিল্প পাবলিশার্স , ২০১৫ , জানুয়ারী , পৃ- ৫৫

২৬. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা' (কথোপকথন : ক্যালকাটা ট্রিলজি, আলাদা করে আবারও, প্রথম প্রকাশ - ১৯৭৩), বাণীশিল্প পাবলিশার্স ২০১৫ , জানুয়ারী , পৃ- ৯৬

২৭. সোমেশ্বর ভৌমিক , ' প্রসঙ্গ মৃণাল : বিশ্লষণ মূল্যায়ন অন্বেষণ ', বিভাস মুখোপাধ্যায় সম্পাদিত, (প্রবন্ধ- রাজনীতি , সিনেমা ও মৃণাল সেন, প্রথম প্রকাশ- ১৯৭৯), চলচ্চিত্র চর্চা, কলকাতা, পৃ- ২০৮ এবং ২০৯

২৮. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা ', ' রাতভোর থেকে পদাতিক : কথোপকথন ' ১৯৭২, বাণীশিল্প পাবলিশার্স , ২০১৫ , জানুয়ারী , পৃ- ৭২ এবং৭৩

২৯. দেশ , ১৭ মে ২০২৩ , পৃ- ৩৬

৩০. দেশ , ১৭ মে ২০২৩ , পৃ- ৩৮

৩১. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা' (কথোপকথন : ক্যালকাটা ট্রিলজি, আলাদা করে আবারও, প্রথম প্রকাশ - ১৯৭৩), বাণীশিল্প পাবলিশার্স ২০১৫ , জানুয়ারী , পৃ- ৮৬

৩২. প্রতিদিন , ১৪ মে ২০২৩, রবিবার, পৃ- ২০

৩৩. মৃণাল সেন , ' আমি ও আমার সিনেমা' (কথোপকথন : ক্যালকাটা ট্রিলজি, আলাদা করে আবারও, প্রথম প্রকাশ - ১৯৭৩), বাণীশিল্প পাবলিশার্স ২০১৫ , জানুয়ারী , পৃ- ৯৬

৩৪. প্রতিদিন, ১৪ মে ২০২৩, রবিবার,পৃ- ২০

সহায়ক গ্রন্থপঞ্জি

১. সেনগুপ্ত নীলেন্দু, গণআন্দোলনের ইতিকথা(১৯৬৩- ১৯৬৭), একুশ শতক পাবলিশার্স, কলকাতা, ২০২১

২. রায় বাবু সিংহ, স্মৃতির সত্তর ও আরো কিছু গল্পসল্প, বেঙ্গল লোকমত প্রিন্টার্স পাবলিশার্স, ২০২১

৩. চট্টোপাধ্যায় অশোক, চারু মজুমদার এক ঝড়ো পাখির গান, চেতনা প্রকাশনী, ২০২৩

৪. বন্দ্যোপাধ্যায় পার্থপ্রতিম, প্রতিবাদের গল্প : নকশালবাড়ি, Radical Impression,২০১২

৫. সেন মৃণাল, তৃতীয় ভুবন, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ২০১৮

৬. সেন মৃণাল, আমি ও আমার সিনেমা, কলকাতা, বানীশিল্প পাবলিশার্স,২০১৫

৭. মুখোপাধ্যায় বিভাস, প্রসঙ্গ মৃণাল : বিশ্লষণ মূল্যায়ন অন্বেষণ, চলচ্চিত্র চর্চা, কলকাতা, ২০১৬

৮. বসু বানী, সুবর্ণরেখা : অঙ্গাররেখা, চিত্রভাষ, ঋত্বিক ঘটক, ২০০৫

৯. গোস্বামী পরিমল, ম্যাজিক লন্ঠণ

১০. সরকার কমলেন্দু, সিনেমা নিয়ে নানারকম, সিমিকা পাবলিশার্স, ২০২১

১১. আচার্য নির্মাল্য, শতবর্ষে চলচ্চিত্র, আনন্দ পাবলিশার্স, ১৯৯৮

১২. শূর প্রলয়, সিনেমার শতবর্ষে ভারতীয় সিনেমা, নন্দন কতৃক প্রকাশিত, ১৯৯৫

১৩. মুখোপাধ্যায় সঞ্জয়, আন্তর্জাতিক আঙ্গিক নির্বাচিত সংকলন, দেখ পাবলিশার্স, ২০২০

১৪. সেন মৃণাল, চলচ্চিত্রের ভূত বর্তমান ভবিষ্যতে, ১৯৭৭

১৫. সেন মৃণাল, সিনেমা ও আধুনিকতা, প্রতিক্ষণ পাবলিশার্স, ১৯৯২

১৬. সেন মৃণাল , চার্লি চ্যাপলিন, গ্রন্থপ্রকাশ সংস্কার, ১৯৮০

১৭. সেন মৃণাল, পদাতিক, খরী পাবলিশার্স, ২০১৮

১৮. সেন শিলাদিত্য, মৃণাল সেনের ফিল্মযাত্রা, প্রতিক্ষণ পাবলিশার্স, ২০১৫

29

উনিশবিংশ শতকে বাংলা ও উত্তর ভারতে ঠগী'র ত্রাসের রাজত্ব

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
তিয়াসা দাস (এম. এ ইতিহাস বিভাগ, স্নাতকোত্তর শিক্ষার্থী, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

ভূমিকা : ভারতবর্ষে গড়ে ওঠা অপরাধ জগতের তালিকায় অন্তর্ভুক্ত গোষ্ঠী বা সম্প্রদায়ের উল্লেখিত বিবরণ সংক্ষিপ্ত নয়। অপরাধ জগতের এই বৃহৎ পরিসরকে কেন্দ্র করে গড়ে ওঠা এই অপরাধ গোষ্ঠীদের নানা বৈচিত্র পরিলক্ষিত হয়। এক গোষ্ঠী অন্য গোষ্ঠীদের থেকে ভিন্ন, তাদের দক্ষতা হত্যা পদ্ধতি সহ তাদের সামগ্রিক কার্যকলাপ সম্পূর্ণ রূপেই ভিন্ন। বৈচিত্রের সমাহারে সমষ্টিগত বৃহৎ পরিসরে ব্যাপ্তি বিস্তার করা এই অপরাধী গোষ্ঠীদের মধ্যে অন্যতম দুর্ধর্ষ এক গোষ্ঠী ঠোগী,বা ঠগ। যাদের হাতে খুন হয়েছে নিরপরাধ বহু মানুষ। মিষ্টভাষা,সু-ব্যাবহার ও নিপুণ হাতের দক্ষতায় লক্ষ্যাধিক মানুষের প্রাণ কেড়ে নিয়েছে এই অপরাধ গোষ্ঠী। যাদের প্রতিহত করতে ইংরেজ সরকারকে ভীষণ রকম বেগ পেতে হয়েছিল। শুধুমাত্র ধর্মীয় কুসংস্কারকে কেন্দ্র করে পেশাগত অপরাধ ভিত্তিক এই গোষ্ঠী ঘটিয়েছিল একের পর এক নরহত্যা। ঠগ বা ঠোগি শব্দটির মধ্যেই লুকিয়ে আছে এক অমোঘ আকর্ষণ, শব্দটির উৎপত্তি সংস্কৃত শব্দ staga থেকে, যার অর্থ ধূর্ত প্রবঞ্চক বা প্রতারক। নামের সঙ্গে কার্যকলাপের দিক থেকেও সঙ্গতিপূর্ণ ছিল এই গোষ্ঠী। পথচারি হোক বা দূরদেশ থেকে আগত বণিকদের সঙ্গী হয়ে মিশে যাওয়া এই বিশ্বাস অর্জনকারী মানুষগুলোই এক সময় হয়ে উঠতো অচেনা। কোনো একটি নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট সময় "ঝিরনী" দিয়ে চিরতরে মাটিতে মিশিয়ে দিত লক্ষ্য লক্ষ্য প্রাণ। আত্মীয় পরিজন কিংবা সধারণ মানুষ মনে করতো গঙ্গাস্নানে গিয়ে গঙ্গা প্রাপ্তি হয়েছে বা পথে কোনো হিংস্র জীবজন্তুর হাতে প্রাণ খুইয়েছে তারা, খুঁজে পাওয়া যেতনা দেহ, যেন হাওয়ায় মিলিয়ে যেত তারা। অঞ্চল ভিত্তিক ভাবে ভূপাল, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ পরবর্তীতে গোটা হিন্দুস্তানেই ত্রাসের রাজত্ব কায়েম করেছিল এই "ঠগী", আজ কোথাও ঠগীদের দেখা মেলেনা, তারা আজ অতীত। গল্প কাহিনী অক্সফোর্ড ডিকশনারির পাতায় ঠগী একটি শব্দ মাত্র। আলোচনার প্রসঙ্গ সেই অপরাধ গোষ্ঠীর জানা-অজানা ইতিহাস।

সূচক শব্দ : ঠগী, গোষ্ঠী, সম্প্রদায়, হত্যা।

বর্তমানে ঠগী শব্দটি ইতিহাসের পাতায় গল্প কাহিনীতে নিছক একটি শব্দ মাত্র। ঠগীদের চিহ্ন মুছে গিয়েছে বহু বছর আগে। ইংরেজরা দেশ ছাড়ার আগেই ঠগীরা

ছেড়েছে তাদের দস্যুবিত্তি। ইংরেজ সরকারের কঠোর পরিশ্রম ও হেনরি স্লিম্যানের অসামান্য দক্ষতায় একের পর এক ধরা পরেছে ঠগী। তাদের মুখ থেকেই শোনা গিয়েছে সংগঠিত হওয়া হত্যাকাণ্ডের রোমহর্ষক বিবরণ। আধুনিক সমাজের অপরাধ গোষ্ঠীর অন্তর্ভুক্ত যেসব সম্প্রদায়ের কথা আমরা জানতে পারি তাদের থেকে এই সম্প্রদায় ছিল সম্পূর্ণরূপে ভিন্ন। তৎকালীন ১৮ এবং ১৯ শতকের সমাজে এমন অনেক গোষ্ঠী সম্প্রদায়ের উল্লেখ আমরা পাই যারা কিছুটা ঠগীদের মত কার্যকলাপে বিশ্বাসী ছিল এবং তারাও দস্যুবৃত্তি এবং নরহত্যা সংগঠিত করতো,কিন্তু তারা ঠগী নয়। ঠগীদের নিয়ে আলোচনা প্রসঙ্গে অপরাধ জগতের বৈচিত্র্যতা আঞ্চলিক ইতিহাস এবং তৎকালীন সমাজ ব্যবস্থার এক পরিস্ফুট চিত্র উঠে আসে।

ক্ষেত্রবিশেষে ও সম্প্রদায় ভিত্তিক দিক থেকে ঠগীদের নিয়ে পর্যালোচনা করলে জাতি ধর্ম নির্বিশেষে এরা একটি সমন্বয় গোষ্ঠী, যারা মূলত হিন্দু দেবী কালীকে নিজেদের আরাধ্যা হিসেবে মনে করতো এবং সেই আধ্যাত্মিকতায় অনুপ্রাণিত হয়ে একের পর হত্যাকাণ্ড সংঘটিত করতো। মূলত অসামাজিক কার্যকলাপে লিপ্ত অপরাধী যেমন ধুতারিয়া, ভাগিনা, ম্যকফানসা, তুস্মাবাজ প্রভিতি দলের সামগ্রিক ইতিহাসের বর্ণনা ঠোগীদের তুলনায় অনেক অংশেই ফিকে। তারও অবশ্য কিছু কারণ রয়েছে। ঠগী সম্প্রদায় ছিল স্বতন্ত্র। তাদের ছিল নিপুন হাতের দক্ষতা, ছিল মানুষের বিশ্বাস অর্জন করার অবিশ্বাস্য ক্ষমতা। তাদের ভাষা, বেশভূষা, প্রমাণ করতো তারা নিরপরাধ অতীব সাধারন মানুষ। তাদের অভিনয় দক্ষতা এতই উন্নতমানের যে মানুষের বিশ্বাস অর্জনে বিন্দু মাত্র কোনো ত্রুটি থাকতো না। আর এভাবেই ঠগ বা প্রতারকের হাতে প্রাণ খোয়াতো লক্ষ লক্ষ মানুষ। ঠগীদের এই নির্বিচারে সংঘঠিত নরহত্যার ক্ষেত্রেও কিছু বৈশিষ্ট্য লক্ষ্য করা যায়। প্রথমত হত্যার মূল অস্ত্র হিসেবে তারা যে রুমাল বা কাপড়ের টুকরো ব্যবহার করতো তার আয়তন ছিল তিরিশ ইঞ্চি, হলুদ কাপড়ের এই রুমালকে তারা বলতো পেলহু বা সিক্কা, এই রুমালটি খুলে রাখলে মনে হতো কোমর বন্ধনী হিসেবে ব্যবহৃত বা পাগড়ীর মতো কোনো বস্তু। অর্থাৎ সন্দেহের কোনো অবকাশ নেই। সেই ৩০ ইঞ্চি মাপের ভাঁজ করা রুমালের ১৮ ইঞ্চি অংশে থাকতো একটি গিঁট আর তাতে বাঁধা থাকতো একটি সিঁদুর মাখানো রুপোর টাকা বা তামার ডবল পয়সা। সেই রুমাল-ই ছিল মারণ অস্ত্র।[4]

ঠগী বা ঠগ সম্প্রদায়ের মানুষ নিরাপদে কার্যকলাপ চালিয়ে যাওয়ার জন্য তারা নিজেদের গোষ্ঠীর মধ্যে নির্বাচিত কিছু শব্দ ব্যাবহার করতো। বর্তমান সময়ে যাকে কোড ল্যাঙ্গোয়েজ বলা যেতে পারে। তারা তামিল,তেলেগু, আরবী,ফার্সি,হিন্দি উর্দু-তে নয় 'রামসী' ভাষায় ভাব আদান প্রদান করতো,[2] আর সেই ভাষার শব্দ ভাণ্ডারও

ছিল তেমনি, যেকোনো পোক্ত ঠগী তাদের ভাষা শুনে বলে দিতে পারতো সামনের আগত দলের মানুষরা ঠগী কিনা! তাদের সম্বোধন করা নামগুলো ছিল ভিন্ন। যিনি হত্যাকাণ্ডটি সংগঠিত করতেন তার নাম ছিল ভুকোত বা ভূরকোত, যে জায়গায় তারা খুনগুলো সম্পূর্ণ করতো সেই জায়গাকে তারা বিল বা বিয়াল বলে সম্মোধন করতো। পরিকল্পিতভাবে যে দলকে তারা হত্যা করবে তাদের সঙ্গে ভাব জমানোর পরমুহূর্তেই বিলহো অর্থাৎ দলপতি বলবে " যা কুত্তরী মাঞ্জ লেও" যার অর্থ বাসনটা পরিষ্কার করে নিয়ে এসো। তারমানে জায়গা ঠিক করে আসার কথা বলা হচ্ছে। যে কবর খুঁড়বে তাকে "লুগহা" বলা হতো, আদেশ পাওয়ার পরম মুহূর্তেই বিচরণক্ষেত্র থেকে দশ কিংবা কুড়ি মাইল দূরে বসে লুগহা নিঃশব্দে কবর খুঁড়বে। "সোথারা" বলা হতো যারা পথিককে ভুলিয়ে ভালিয়ে তাদের দলে এনে বিশ্বাস অর্জন করতো। তারা বিশেষ ধরনের শব্দ প্রয়োগ করে বেশিরভাগ সময় নিজেদের মধ্যে কথা বলতো, যে কারণে তাদের নিজ নিজ গোষ্ঠী সম্প্রদায়ের মানুষ ছাড়া সেই শব্দের অর্থ বণিক বা পথচারী মানুষের বোধগম্য হতোনা। টু শব্দটি করার আগেই জীবন্ত দেহগুলি শবদেহ হয়ে মাটিতে লুটিয়ে পরতো। সৌভাগ্যবশত ঠগীদের হাত থেকে রক্ষা পেয়েছে বা প্রাণ নিয়ে ফিরতে পেরেছে এমন মানুষ নেই বললেই চলে, কারণ এই ঠগীরা ছিল পরিকল্পিত খুনি, সমস্ত রকম পরিকল্পনা করে তারপরেই তারা শিকারের উপর আক্রমন করতো। এবং তারা মনে করত শিকার কে ছেড়ে দেওয়া মানে তাদের আরাধ্যদেবী ভবানীর আদেশ অমান্য করা তাই তাদের এই হত্যালীলায় কোনো মানুষকে ছেড়ে দেওয়ার নির্দেশ ছিলনা। অনেকে মনে করেন শিশু এবং মহিলারা হয়তো তাদের হাত থেকে রক্ষা পেয়েছেন! কিন্তু ভাবার বিষয় এখানেই যাদের মানসিকতা এরকম ধর্মান্ধ কুসংস্কারে আচ্ছন্ন তারা কিভাবে মানবিকতার খাতিরে মহিলা এবং শিশুদের ছেড়ে দেয়? এ বিষয়টি সম্পূর্ণরূপে সত্য নয়। তৎকালীন সমাজে এরকম অনেক ধরনের সম্প্রদায় থাকত যারা ঠগীদের সঙ্গে যোগাযোগ রাখতো শুধুমাত্র মানুষ পাচারের জন্য। অর্থাৎ মহিলা এবং শিশু পাচার। বর্তমান সময়ে গোটা ভারতের অপরাধ জগতের মধ্যে হিউম্যান ট্রাফিকিং একটা বড় ইস্যু। তখনো চলতো women and child trafficking. ঠগীরা দলের মধ্যে থাকা শিশুকে বিক্রি করে দিত বিঞ্জারদের কাছে।"সিংহের সঙ্গে যেমন শেয়াল ঘোরে উচ্ছিষ্ট খাবার আশায় তেমন এদের সঙ্গে ঘুরত বিঞ্জাররা, এদের কাছে ছোট শিশু বা বাচ্চা মেয়েদের বিক্রি করে দেওয়া হতো এই বাচ্চা মেয়েদের ঠগীরা বলতো খুন্তরী।[৩] যদিও কোনো মানুষ ঠগীদের হাত থেকে পালিয়ে যেত তাহলে তাদের বেঁচে থাকার আশা ছিল বড়ই কম। কারণ তৎকালীন সময়ে শুধু ঠগি নয় ধুতারিয়া,ভাগিনাদের মত দস্যুদের প্রভাবও কম ছিলনা। আসেপাশে লুকিয়ে থাকতো এরকম আরো গোষ্ঠী, ঠগীদের চোখে ধুলো দিয়ে সেই পালিয়ে

আসা মানুষটিকে সন্দর্পনে হত্যা করতো তারা। ধুতারিয়া এবং ভাগিনাদের সঙ্গে ঠগীদের সাদৃশ্য পাওয়া যায় বলে অনেকেই হয়ত গুলিয়ে ফেলেন, কিন্তু ঠগী,ভাগিনা,ধুতারিয়া প্রত্যেকটা গোষ্ঠী আলাদা আলাদা। এবং তাদের হত্যা করার বৈশিষ্ট্য আলাদা।

ঠগীদের হত্যা করার কৌশলটি সংঘঠিত হতো এক অভিনব পন্থায়, একটি মানুষকে হত্যা করার জন্য তিনজন ঠগী উপস্থিত হতেন, মূল হত্যাকারী পেলহু বা সিক্কা নামক একটি রেশমের রুমাল দিয়ে শ্বাসরোধ করতেন, অপরজন যাকে চুমিয়া বলা হতো সে আসহায় নির্যাতিত মানুষটির পা দুটো শক্ত করে ধরে রাখত যাতে কোনো রকম ভাবে পা দিয়ে প্রতিহত করতে না পারে, তৃতীয় আরেকজন চুমোসিয়া ওই নির্যাতিত ব্যক্তির হাত দুটো ধরে থাকতেন, এবং মূল শ্বাসরোধকারী হত্যাকারী ঠিক পিছন থেকে ক্রমশ হাঁটু দিয়ে চাপ দিয়ে নিরপরাধ মানুষটির মেরুদণ্ডটি ভেঙে দিতেন। হত্যা সম্পূর্ন হলে প্রমাণ নিশ্চিহ্ন করার পন্থা ছিল আরো ভয়ংকর। গোলগাপ্পা অর্থাৎ গোল করে খোঁড়া গর্ত বা চৌক করে কুরওবা তে ফেলে সেই মৃত দেহের হাতে পায়ের জয়েন্ট লিগ্যমেন্ট গুলো ভেঙে দেওয়া হতো যাতে মৃতদেহ পচে ফুলে না ওঠে। হাঁটু ভেঙ্গে থুতনি পর্যন্ত তুলে দিয়ে কবর দেওয়া হতো।[5]

ঠগীদের নরহত্যা সংগঠিত করার সঙ্গে বৃহৎ আকারের ধর্মীয় কারণ বা ধর্মীয় কুসংস্কারের আধিপত্য প্রবলভাবে লক্ষ্য করা যায়, ঠগী সম্প্রদায়ের মধ্যেও ঈশ্বরতত্ত্ব আধ্যাত্মিকতার নিবিড় সংযোগ পরিলক্ষিত হয়। ঠগী সম্প্রদায়ের মানুষ তারা মনে করতেন তারা ভবানীর আদেশ পালন করছেন।বলাই বাহুল্য এখানেও প্রবলভাবে আধ্যাত্মিকতার যোগ অবশ্যই রয়েছে। ইতিহাস সাক্ষী আছে, প্রাথমিক পর্যায়ে থেকেই ভারতবর্ষে কুসংস্কারচ্ছন্ন হয়ে সংগঠিত হত্যার পরিমাণ নেহাত কম নয় নানা কারণে কুসংস্কারের বশবর্তী হয়ে সাধারণ মানুষও নজিরবিহীন গণহত্যার সাক্ষ্য রেখে গিয়েছে। উনবিংশ শতকের জ্বলন্ত উদাহরণ সতীদাহ প্রথা গঙ্গাসাগরের সন্তান বিসর্জনের মতো ঘটনা সেদিন চোখে আঙুল দিয়ে প্রমাণ করে দিয়েছিল আধ্যাত্মিক কুসংস্কার ও ধর্মবিশ্বাসে মানুষ কতটা বিপথগামী হতে পারে।

ঠগীদের মধ্যে সর্বাধিক পরিমাণে ধর্মীয় কুসস্কারের আধিক্য লক্ষ্য করা যায়। তাদের বিশ্বাস তাদের আদর্শ এই দেবী ভবানী বা কালীকে কেন্দ্র করে। সাহেব খান নামক এক ঠগীকে স্লিম্যান একবার জিজ্ঞেস করেছিলেন তুমি তো মুসলমান তাহলে তোমার আরাধ্যা কে?? উত্তর এসেছিল ভবানী। নাসির জমাদারকে জিজ্ঞেস করলেও তার ও একই উত্তর, তিনি আমাদের দেবী। ঠগী সম্প্রদায়ের মুখে ভবানীর আদেশ নিয়ে পুরানের একটি কাহিনীর সম্পৃক্তিকরণ ঘটিয়ে একটা কাহিনী তৎকালীন প্রায় সকল

ঠগদের মুখেই শোনা যেত। পৃথিবীতে মহাদানব রক্তবীজের আক্রমণে দিশেহারা সমস্ত দেবতারা। চিন্তিত ভবানী, কারণ রক্তবীজের এক ফোঁটা রক্ত থেকে জন্ম নিচ্ছে হাজার হাজার রক্তবীজ এই অসহায় মুহুর্তে দেবীর শরীর থেকে উৎপন্ন হলো দুজন অনুচোর। যারা রক্তবীজকে ধ্বংস করেছিল। কিসের দ্বারা ধ্বংস করেছিল না ওই রুমালের দ্বারা। কারণ রক্তবীজ দের ধ্বংস করতে রক্তপাত নিষিদ্ধ তাই, বিষয়টি আরো মজার হয়ে ওঠে যখন মানুষকে হত্যা করার বিষয়টিকে ভবানীর আদেশ হিসেবে মানত্যা দেওয়া হয়। ঠগীদের বিশ্বাস রক্তবীজ ধ্বংস হওয়ার পর সেই দুই অনুচর দেবীকে হত্যা অস্ত্র সেই রুমাল ফিরিয়ে দিতে চেয়েছিলেন কিন্ত দেবী তা গ্রহণ না করেননি বরং আদেশ দিয়েছিলেন যারা ধর্মে বিপরীত,শত্রুকুলের সৃষ্টি করবে তাদের নিধন করা তাদের কাজ।[6]

সমগ্র ঠগী সম্প্রদায়ই ছিল কুসস্কারাচ্ছন্ন এক গোষ্ঠী, তাদের ধর্ম, বিশ্বাস সবকিছুর মধ্যেই অন্তর্নিহিত আছে অন্ধবিশ্বাস, অযৌক্তিক ধারণা, ঈশ্বর তত্ত্বএর ভ্রান্ত ব্যাখ্যা।

প্রথা ভিত্তিকভাবে সংগঠিত হওয়া নরহত্যার ক্ষেত্রেও তাহ ব্যতিক্রম ছিলনা। ঠগীদের আধ্যাত্মিকতা ও ভবানীকে ঘিরে রাখা চিন্তা চেতনায় উদ্বুদ্ধ হওয়া এই খুনীর দল মনে প্রাণে বিশ্বাস করতো তাদের এই হত্যা,পথিকের আগমন, সবই ভবানীর কৃপায় তারই আদেশে। এমনকি খুনের পর প্রমাণ লোপাটের বিষয় নিয়ে তাদের মধ্যে আরো একটি ঘটনার উল্লেখ পাওয়া গিয়েছিল। প্রথমে ঠগীরা মৃতদেহের কোনো সৎকার বা গতি করতো না যত্রতত্র ছড়ানো থাকতো মৃতদেহ। সেই দেহগুলি ভবানীর নামে ছেড়ে দিয়ে তারা নিজনিজ পথ ধরতো। হটাৎ একদিন নাকি কোন বেবাকুভ ঠগী নাকি পিছন ফিরে তাকাতেই দেখেছিল ভবানী মৃতদেহ গুলি প্রসাদ হিসেবে গ্রহণ করছে, এমত অবস্থায় ভবানী রীতিমত ক্রুদ্ধ হলেন। ভক্তের সঙ্গে চোখাচুখি হওয়ায় তিনি রুষ্ট হয়ে বললেন "এবারে মৃতদেহের দায়িত্ব তোমাদের" দেবীর পায়ে লুটিয়ে পড়লো ভক্তের দল, দেবী প্রসন্ন হয়ে নিজের দাঁত এবং পাঁজরের হাড় ভেঙে তাদের হাতে দিলেন যা যথাক্রমে একটি ছুরি এবং কাসসি (মন্ত্রপূত কোদাল) যা ব্যবহার করে দিনের পর দিন ঠগীরা নরহত্যা সংগঠিত করে এসেছে। তবে সব শুরুর তো একটা শেষ আছে, দিনের পর দিন ঘটে চলা অপরাধেরও একটা শেষ হয়, পাপ অরাজকতা যখন ছেয়ে যায় গোটা সমাজে তখনই উদীয়মান সূর্যের ন্যায় আগমন ঘটে উইলিয়াম হেনরী স্লিম্যান দের মতো মানুষের। যার ক্ষুরধার বুদ্ধি আর তৎপরতা দুর্ধর্ষ খুনি গোষ্ঠী দের আত্মসমর্পণ করতে বাধ্য করেছিল।

ভবানীর আদেশে নরহত্যা তো সংগঠিত হলো ঠগীরা পেলো চিসা শিকার। টাকা পয়সা ধন দৌলতে ভরে উঠলো তাদের ঝুলি। কিন্তু মৃতদেহ গুলো, যাদের নির্মমভাবে

হত্যা করল এই ঠগের দল! তাদের কি হবে? স্লিম্যান সাহেব ফিরিঙ্গিয়াকে যখন প্রশ্ন করেছিল যে তারা দেবীর আদেশ মেনেই কি সমগ্র হত্যাকাণ্ডটা সংঘটিত করে! তখন ফিরিঙ্গিয়া মূলত প্রমাণ লোপাট বা মৃতদেহ লোপাটের যে আশ্চর্য ঘটনা শোনায় তাহ শুনে সম্পূর্ন বিস্মিত হয়েছিলেন স্লিম্যান সাহেব। উপরিউক্ত আলোচনায় উল্লেখ করেছিলাম কিভাবে হত্যা সম্পূর্ন করা হয়েছে এবং সেই বিষয়টি পুরোপুরি ধর্মীয় কুসংস্কারএর সঙ্গে ওতপ্রোভাবে জড়িত। যে মানুষগুলো কে তারা নির্মম ভাবে হত্যা করছে তাদের পৃথিবী বাসের সময় শেষ হলে তাদের দেহ গুলো দলের দক্ষ একজন কর্মী যাকে "ভোজা" বলা হয় তার কাজ মৃতদেহ গুলি কবরের দিকে এগিয়ে নিয়ে যাওয়া। এবং যারা জয়েন্ট লিগামেন্টএর হাড় গুলো ভেঙ্গে দেবে, নিখুঁত ভাবে পাঁচ ফুট গর্ত খুঁড়ে সেই মৃতদেহ সেই গর্তে ফেলে মাটির সঙ্গে মিশিয়ে দেবে সে কোথাওয়া, তার হাতের ছোঁয়া এমন যে কেউ কল্পনা করতে পারতো না এখানে কোনো মানুষের কবর দেওয়া হয়েছে। কবরের মাটি দক্ষ কোথাওয়ার দ্বারা সম্পূর্ণ করার পর। সেই কবরের উপর চাদর বিছিয়ে বসতেন প্রধানত হত্যাকারী ঠগীরা। মন্ত্রপূতঃ তুপনির গুড় খেয়ে শুরু হতো নতুন করে পথচলা। এই তুপনির গুড়কে তারা খুবই পবিত্র বলে মনে করতো এবং এই গুড় খাওয়ার মাধ্যমে তারা নিজেদের পাপস্খালন হয়েছে বলে ধারণা করতো। প্রসঙ্গত উল্লেখ্য তুপনীর গুড় সব ঠগীদের গ্রহণ করার নিয়ম ছিলনা। শুধু মাত্র যারা হত্যার সঙ্গে সরাসরি যুক্ত থাকতো তারাই পেত এর স্বাদ। বাকিরাও গুড় পেত কিন্ত তুপনীর গুড় নয়। এই গুড়ের এমনই বিশেষত্ব যে একবার এই গুড় খেয়েছে সে ঠগী হয়ে গিয়েছে। ফিরিঙ্গিয়ার মুখেই স্লিম্যান শুনেছিলেন সে কাহিনী।

এই অপরাধ গোষ্ঠী সম্প্রদায় সম্পর্কে নানা জানা-অজানা কথা প্রচলিত রয়েছে যার সত্যতা তো রয়েছেই তাছাড়াও এমন অনেক বিষয় আপাত দৃষ্টিতে অবিশ্বাস্য মনে হলেও তাহ সত্যি। ঠোগীদের সম্পর্কে এরকমই একটা অবাক করা বিষয় লক্ষ্য করা যায় যে তারা অন্য অপরাধ গোষ্ঠী দের মত সারা বছর পথে পথে ঘুরতো না, বর্ষার শেষে শরৎএর শুরুতে দিনক্ষণ নির্ধারণ করে তারপর তারা পথে বেরোত। অনেক অংশেই দেখা গিয়েছে যে ঠগীর পরিবারের মানুষরা অনেক সময় জানতে পারতেন না যে বাড়ির পুরুষ তিনি কি কাজে বেরিয়েছেন বা আদতেই তারা কোন কাজের সঙ্গে যুক্ত আছেন। তবে যে সাচ্চা ঠগী হতো সে কখনোই তার পরিবারের কাছে কিছু গোপন করত না, এ বিষয়টি সম্পূর্ণ ব্যক্তিগত বিষয় অনেকে নিজের পরিবারের কাছে এই বিষয়ে কথা গোপন রাখতেন আবার অনেকে সমস্ত বিষয়টাই জানিয়ে দিতেন। আরেকটি আকর্ষণীয় বিষয় হল অনেক ক্ষেত্রে ঠগীর স্ত্রী তার সঙ্গে পথযাত্রায় শামিল হতেন এবং সাহায্য করতেন। এরকম একজনের উল্লেখ পাওয়া যায় যার নাম

বারুনী তিনি তার স্বামীর সঙ্গে পথে পথে ঘুরতেন এবং স্বামীকে সাহায্য করতেন। দক্ষিণ ভারতের একটি ঠগীদের দল ছিল যে দলটির পরিচালনা করত একজন মহিলা।[7] শুনতে অবিশ্বাস্য লাগলেও এটাই সত্যি। আর দল পরিচালনা করা বললেই তো পরিচালনা করা নয়। প্রথমত দলপতিবা জমাদার হওয়ার জন্য খানদানি পরিবারের লোক হওয়ার প্রয়োজন ছিল। দ্বিতীয়ত শুধু দল গঠন করার ব্যক্তিত্ব থাকলেই হতো না, পথে বেরোনোর আগে প্রায় ছয় মাসের খরপোষ প্রত্যেকটি ঠগীর বাড়িতে রেখে যেতে হতো।

এই প্রসঙ্গে আরেকটি কথা ভীষণভাবে জরুরী। দলপতি বা জমাদার হওয়ার যেমন কিছু বৈশিষ্ট্য ছিল তেমনভাবেই ধর্মীয় কুসংস্কার এর বশবর্তী হয়ে প্রথাগতভাবে তারা যে কাসসি বা কোদালটি ব্যবহার করতেন তার পূর্বেও একটি নির্মাণ কাহিনী বর্তমান। পথে বেরোনোর আগে একটি কোদাল তৈরি করতেন যাকে তারা কাসসি বলছেন, এই কোদাল সাধারণ কোদাল নয় এই কোদালের নির্মাণকার্য সংঘটিত হতো নানান প্রথাভিত্তিক আচার নিয়ম কানুন মেনে। প্রথমত একটি শুভ দিন দেখে অর্থাৎ ঠগীর পঞ্জিকা অনুসারে বুধ, শুক্র, মঙ্গল এই তিনটি বারের মধ্যে যেকোনো একটিতে কামার বাড়িতে গিয়ে দরজা জানালা বন্ধ করে সামনে থেকে দাঁড়িয়ে এই কোদাল নির্মাণ করার আদেশ দেওয়া হতো। এবং যিনি এই কোদাল নির্মাণ করছেন তিনি নির্মাণ কার্য চলাকালীন অন্য কিছুতে হাত দিতে পারবেন না যদি এর অন্যথা হয় তাহলে বিষয়টি আবার প্রথম থেকে শুরু করতে হবে এবং ঠগীদের মনে এই আশঙ্কার হবে যে ভবানী কোনভাবে রুষ্ট হয়েছেন এবং তারই ইঙ্গিত প্রদান করছেন।

পরবর্তী ধাপে সুষ্ঠুভাবে নির্মাণ করা কোদালটিকে মন্ত্রপুত করা হবে। সে অনুষ্ঠানেও অধিকতর নিয়ম কানুন বিধি-নিষেধ বর্তমান। বন্ধ ঘরের মেঝে খুঁড়ে শুরু হবে এক অদ্ভুত আচার বা অনুষ্ঠান। সে কক্ষের মধ্যে ঠোগী সম্প্রদায় ছাড়া অন্য সকলের প্রবেশ নিষেধ। একজন ঠগী কোদালটিকে গর্তের উপর ধরে থাকবেন অন্য একজন প্রথমে জল দিয়ে কোদাল দিকে ধুয়ে একে একে চিনির জল ঘোল এবং সবশেষে দেশি মদ দিয়ে ধুইয়ে ঘুঁটে এবং আমকাঠ সহযোগে তৈরি অগ্নিকুণ্ডে সাতবার সেঁকে

সাত সিঁদুরের ফোঁটা দিয়ে অগ্নিশুদ্ধ করা হবে। পরবর্তী ধাপ আরো গুরুতর। পশ্চিম দিকে মুখ করে এই পবিত্র অনুষ্ঠানে নায়ক যিনি তিনি উপস্থিত বাকি সমস্ত মানুষের অনুমতি নিয়ে একটি নারকেল ভাঙবেন ওই কোদালের সাহায্যে, নারকেলটি দ্বিখণ্ডিত হওয়ার সঙ্গে সঙ্গে বাকি সকলে জয়ধ্বনি দিয়ে উঠবে "জয় ভবানী" এবং ওই নারকেলের অংশ সকলে প্রসাদ হিসেবে গ্রহণ করবে। অবশিষ্ট অংশ ওই গর্তে ফেলে দেওয়া হবে, যাতে পবিত্র প্রসাদের টুকরো কারোর পায়ে না লাগে, তাহলেই দেবীর

অসম্মান। যদি দেখা যায় কোদালের সাহায্যে নারকেলটি ভাঙ্গা সম্ভব হয়নি তাহলে বুঝতে হবে কোথাও ত্রুটি থেকে গেছে যে কারণে দেবী পূজা গ্রহণ করেননি। এক্ষেত্রে ওইখানেই অনুষ্ঠান সমাপ্ত হবে নতুন করে আরেকদিন চেষ্টা করা হবে। অনুষ্ঠান যদি নির্বিঘ্নে সম্পন্ন হয় তাহলে এটি সাদা কাপড়ে জড়িয়ে কোদালটিকে দলের মনোনীত কোন এক ব্যক্তির হাতে তুলে দেওয়া হবে, এবার থেকে সেই কোদালের সব দায়িত্ব তার। এবারও তার মুখ থাকবে পশ্চিম দিকে এবং সকলে মনে মনে কোদালটিকে প্রণাম জানাবে। এই কোদাল ওদের কাছে ভীষণ সম্মানের রুমাল বা পেলহু যেমন ওদের প্রতীক তেমনি কোদাল ওদের নিশান। যার নাম হবে মাহি বা কাসসি।[৪]

কোদালের মেজারমেন্ট যদি আমরা দেখি তাহলে দেখতে পাবো যে এই কোদালের আয়তন ৬ থেকে ৮ ইঞ্চি এবং ওজনে দু থেকে তিন সের, যার কোনো হাতল নেই প্রত্যেক হত্যাকাণ্ড সংঘটিত করার পর হাতলটি বদলানো হয়। পথে বের হওয়ার আগেও নিয়মের বেড়াজালে আবদ্ধ থাকে সমস্ত বিষয়। উপরোক্ত সমস্ত আচার অনুষ্ঠানের পর অতি সংগোপনে মাটির তলায় লুকিয়ে রাখতে হয় এই কোদাল, এমন জায়গায় রাখতে হয় যেখানে মানুষ বা কোনো জন্তুর ছায়া যাতে না পড়ে প্রথামাফিক বেরোনোর আগের দিন তোলা হয় সেই মন্ত্রপূত কাসসি। এই কোদাল ঠগীর জীবনে হয়ে উঠেছিল ভীষণ গুরুত্বপূর্ণ একটা বস্তু। পথে পথে ঘোরার সময় কোদালের দিক নিদর্শন করেই তারা শুভ অশুভ কার্যকলাপ নির্ধারণ করতো। বারংবার ঠগীদের ধর্মান্ধতা ও কুসংস্কার নিয়ে আলোচনায় উঠে আসে এমন কিছু ঘটনা যা শুনলে রীতিমতো অবাক হয়ে যেতে হয়। ঠগীর দল পথে বেরোনোর পর যদি কারোর পাগড়ী মাটিতে পড়ে যায় বা অসাবধানতায় আগুন ধরে যায় তাহলে তাদের আবার ফিরে আসতে হবে চেনা সংসারে সাত দিন অপেক্ষা করে আবার নতুন করে যাত্রা শুরু করতে হবে। পথে ও নানান রকমের বিধি নিষেধ। যদি কোন টিকটিকি বা গাছের ডালে বসা ঘুঘু কিংবা কাকের ডাক কানে যায় তাহলে যাত্রা শুভ,শুধু শুভ নয় তারা মনে করতো শিকার অদূরেই রয়েছে। তেমনভাবেই রাস্তায় যদি কোন সাপ বা খরগোশ রাস্তা পার হয় তাহলে যাত্রা অশুভ। এরকম নানা কুসংস্কারাচ্ছন্ন বিধি নিষেধ মেনে তারা নির্বিচারে নরহত্যা সংগঠিত করতো।

ঊনবিংশ শতকের সূচনা লগ্নে হিন্দুস্তান এক তমসাছন্ন দেশ। তার পথে পথে খুন ঘরে ঘরে খুন। আর এই খুনিদের সম্পর্কে আলোচনা করতে গেলে এই বিষয়টিকে একেবারেই অস্বীকার করতে পারিনা যে তৎকালীন উল্লেখিত প্রতিটা অপরাধ গোষ্ঠী সম্পর্কে বিস্তারিত ভাবে খোঁজ পাওয়া গিয়েছিল ঠগীদের কাছ থেকে, কোনো অপরাধ গোষ্ঠী সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করেছিল কোনো এক ঠগী। নতুবা কোথাও

দেখা গিয়েছে ঠগীদের ধরতে গিয়ে নতুন অভিজ্ঞতা হয়েছিল ইস্ট ইণ্ডিয়া কোম্পানির প্রশাসনিক বিভাগের সাহেবদের। ভাবলে অবাক লাগে যে আজকের এই উন্নত ভারত সেই সময় কতোটা অসহায় ছিল। তমসাছন্ন হিন্দুস্তানের পথে পথে মিলত খুনিদের সাক্ষাৎ, প্রসঙ্গত উল্লেখ্য উইলিয়াম হেনরী স্লিমেন যখন ঠগীদের দমন করতে তৎপর ইতিমধ্যেই ধরা দেওয়া কয়েকজন বিশেষ ঠগদের কাছ থেকে তিনি এই বর্ননা শুনে যারপরনাই বিস্মিত হয়েছিলেন। ঘটনাটি কিছুটা এরকম। সালটা ১৮৩০ হেনরী স্লিম্যান জেলা পরিদর্শনে বেরিয়েছেন, সঙ্গে নববিবাহিতা স্ত্রী এমিলি। পথে সন্ধ্যা হয়ে যাওয়ায় তিনি সেই জায়গাতেই তাঁবু ফেলতে বলেন। গ্রামটি বর্ধিষ্ণু নাম সিলেদা, এই সিলেদা গ্রামের ঘটনাটি বোধকরি স্লিম্যানের সাহেবের জীবনে সবচেয়ে বিস্ময়কর একটি ঘটনা। তাঁবু বানিয়ে রাতারাতি সমস্ত রকম আয়োজন করেই গড়ে তোলা হল ব্যাবস্থা। পরেরদিন ভোর হতে না হতেই ফিরিঙ্গিয়া এসে খবরটা দিয়েছিলেন স্লিম্যানকে, জানিয়েছিল তাদের এই তাঁবুর নীচে হারিয়ে গেছে বেশ কয়েকজন মানুষ। ১৮১৮ সালে একজন পণ্ডিত এবং তার সাত জন সহচর এভাবেই হারিয়ে গিয়েছিল। উত্তর ভারত থেকে দক্ষিণে গঙ্গাজল বয়ে আনতে আনতে একজন নারী এবং চারজন ব্রাহ্মণের দল নর্মদা উপত্যকার তীরে এসে হারিয়ে গিয়েছিল। খুঁজে পাওয়া যায়নি তাদের, সেই ঘটনাও তো সেই সময়ের। হাবিলদার সহ সিপাই দের নিখোঁজ হওয়ার ঘটনা ১৮২৪, বিশ্বাস করতে চায়নি স্লিম্যান সাহেব এক যুগ আগে নিখোঁজ হয়ে হারিয়ে যাওয়া মানুষগুলো তার তাঁবুর এখানেই আছে? ফিরিঙ্গিয়া আঙ্গুল নির্দেশ করে দেখিয়েছিল, খোঁড়া হল সে জায়গা পাঁচফুট এর বেশি গভীর ভাবে খোঁড়া হল পাওয়া গেল লাশের পর লাশ।[9]

এই ঘটনার পরেও স্লিম্যান লিখেছিলেন ১৮২২ ২৩ এবং ২৪শে নরসিংহপুর জেলায় ছিলাম তখন সেখানকার কোন চুরি ডাকাতি খুন রাহাজানির খবর আমার কানে পৌঁছয়নি এমনটা হয়নি। প্রত্যেকটি খুঁটিনাটি বিষয়ে আমার কানে পৌঁছত, প্রতিটি বিষয় আমি নিজে পরখ করতাম। সেদিন যদি কেউ বলতো আমার কাছারি থেকে মাত্র ৪০০ গজ দূরে কুন্দলি গ্রামে এমন মানুষ আছেন যাদের হাতের ছোঁয়ায় হারিয়ে যায় অসংখ্য মানুষ। আমি সেদিন তাহ বিশ্বাস করতাম না।

স্লিম্যান সাহেব অবাক হয়েছিল, অবাক হয়েছিল বার্থ উইক দ্বিতীয় স্লিম্যান। অবাক হয়েছে সেই সমস্ত মানুষ যারা কখনো ভাবেনি ভ্রমনে বেরিয়ে তাদের আর ঘরে ফেরা হবে না। ঘরে ফেরা হয়নি ১৭৮০ থেকে ১৮৮০ সালের মধ্যে প্রায় ১০ লক্ষ মানুষের। নিষ্পাপ শিশু মায়ের নিথর শরীরের পাশে চিরতরে ঘুমিয়ে পড়েছে। বেহেরাম ৯৩১ জনকে নির্মমভাবে হত্যা করার পরও বলেছিল তার কোনো অনুশোচনা

নেই, এরাই ঠগী এদের কার্যকাল সম্পর্কে ধারণা পাওয়া মুশকিল। এরাই নির্বিশেষে শিশু ও মহিলাদের হত্যা করেছে আবার এদের মধ্যে কেউ কেউ রাজসাক্ষী হয়ে নিজের পাপ ক্ষয়ে সামিল হয়েছে। এরা ঠোগী এরা স্বতন্ত্র,এরাই নিষ্ঠুর, এরা আমনবিক এরা নৃশংস,অবার এদের মধ্যে অন্যতম দুর্ধর্ষ ঠগী ফিরিঙ্গিয়ার হাত থেকে বিনা বাধায় জীবন নিয়ে ফিরেছিল এক জেনানা। ঝিরনি ওঠেনি সেদিন, তিন দিন এক সঙ্গে পথে থেকেও ঝিরনি ওঠেনি, হাজার হাজার মানুষের হয়ে স্লীম্যান সাহেবের করা প্রশ্ন বোধয় বুকে বিঁধেছিল ফিরিঙ্গিয়ার। তাদেরও কি বুকের মধ্যে হৃদয় আছে! উত্তর দিয়েছিল দুর্ধর্ষ সেই খুনি " হ্যাঁ হুজুর," ঠগীদের ইতিহাস বড় বৈচিত্র্যময় এদের শুধু অপরাধ গোষ্ঠী বললে বোধয় সবটা বলা হয়না।

সূত্র নির্দেশ :

১. S.W.H Slleman, The thug or passenger of India P-30
২. W.H Slleman, The thug or passenger of India P-76
৩. অভিক সরকার, এবং ইনকুইজেসন, বুকফার্ম, কলকাতা পৃষ্ঠা-৩৩
৪. শ্রীপান্ত, ঠোগী, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, পৃষ্ঠা ৯২
৫. Kevin Rushby, The children of Kali, Walker and company,, 2003 P-63
৬. S.W.H Sleman, The thug or passenger of India P-63
৭. Major slleman,Report on the depretdations committed by 475 the thug gangs of upper and Central India, orphan press, Calcutta, 1850 P-475

গ্রন্থপঞ্জী :

১. S. Taylor, Meadows Philip, the confession of a thug, Richard Bentley, 1839 printed in 1873
২. Slleman,W.H. The thug or passenger of India .
৩. Crooke Willam, Things Indian, wentrow press, 2016,
৪. Major slleman, Report on the depretdations committed by 475 the thug gangs of upper and Central India, orphan press, Calcutta, 1850
৫. মুখোপাধ্যায় প্রিয়নাথ, ঠগী কাহিনী, অরুণা প্রকাশনী, বাংলাদেশ। 2017
৬. Rushby Kevin, The children of Kali, Walker and company,2003
৭. সরকার অভিক, এবং ইনকুইজিশন, বুকফার্ম , কলকাতা 2018
৮. শ্রীপান্থ, ঠোগী, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা।
৯. Parkes Fanny, Begums, Thugs and White Mughals, edited by Dalrymple William, Eland book, UK, 2002
১০. WAGNER.KIM A.THUGGEE Banditry and the British in Early Nineteenth-Century India, Primus books, Palgrave Macmillan, UK, 2007
১১. খান রবিন জামান, সপ্তরিপু, অন্যধারা, বাংলাদেশ 2018

30

মহাকাশ বিজ্ঞানের ইতিহাসে নভোচারীদের জীবন কথা (১৯৭৫-২০১০)

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
কার্ত্তিক মণ্ডল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

যে মহাকাশে বিজ্ঞানীরা অভিযান শুধু করেছেন, সেই মহাকাশ (স্পেস) বলতে আমরা ঠিক কোন জায়গাটা বোঝাচ্ছি তা গোড়াতেই বুঝে নেওয়া দরকার । পৃথিবীর ওপরে বায়ুমণ্ডলরূপী যে গ্যাসীয় আবরণটি রয়েছে, সেটি যতদূর পর্যন্ত বিস্তৃত। তারপর থেকেই মহাকাশ অঞ্চল শুরু হয়েছে বলা যায়। প্রথমে বায়ুমণ্ডলের সঙ্গে খানিকট পরিচয় আমরা গ্রহণ করব।

বায়ুমণ্ডল

বায়ুমণ্ডলের প্রথম স্তরটির নাম হল ট্রোপোফিয়ার। পৃথিবীর ওপর এই স্তরটির উচ্চতা মেরু অঞ্চলে ৮ কিলোমিটার, নিরক্ষীয় অঞ্চলে প্রায় ১৮ কিলোমিটার। বায়ুমণ্ডলের শতকরা ৭৫ ভাগ গ্যাসীয় উপাদান এই স্তরটির মধ্যেই রয়েছে। এই গ্যাসীয় বস্তুদের মধ্যে শতকরা ৭৮ ভাগ হল নাইট্রোজেন, শতকরা ২১ ভাগ হল অক্সিজেন এবং বাকি শতকরা ১ ভাগ হল কার্বন ডাই-অক্সাইড, আর্গন, নিয়ন, ক্লিপটন, জেনন ও হিলিয়াম।

বায়ুমণ্ডলের আবহাওয়ার কারখানাটা এই ট্রোপোস্ফিয়ার অঞ্চলেই । মেঘ, বৃষ্টি, ঝড় সব কিছু তৈরির উপাদান রয়েছে এখানে।

পৃথিবীপৃষ্ঠের ৮ কিলোমিটার ওপরেই বায়ুমণ্ডলের তাপমাত্রা হল ৩০ ডিগ্রি ফারেনহিট। সূর্যের তাপে পৃথিবী দিনের বেলা তপ্ত হয়ে ওঠে। সেই তাপ রাত্রিবেলা ওপরে ছড়িয়ে গিয়ে মিলিয়ে যায়। ট্রোপোস্ফিয়ারের কার্বন ডাই-অক্সাইড গ্যাসই সেই তাপকে মাটির কাছাকাছি ধরে রাখে বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তর হল স্ট্যাটোফিয়ার । এ স্তরটি পৃথিবীর জমির ওপর ১৬ থেকে ৫৬ কিলোমিটার দূর পর্যন্ত বিস্তৃত । ৩৯ কিলোমিটার ওপরে বায়ুমণ্ডলের তাপমাত্রা হল ৭০ ডিগ্রি ফারেনহিট। সূর্যদেহজাত বেগনিপারের (আলট্রাভায়োলেট) আলো পৃথিবীর ৩২ থেকে ৪০ কিলোমিটার দূরবর্তী বায়ুমণ্ডলের এলাকার সঙ্গে সঙ্ঘাতের ফলে সেখানকার অক্সিজেন পরমাণুদের জোন গ্যাসের অণুতে রূপান্তরিত করে। (একটি ওজোন গ্যাসের অনু গড়ে উঠেছে তিনটি অক্সিজেন পরামানুর সমবায়ে) ফলে ওই বেগুনিপাড়ের আলোর প্রাথমিক তেজ ও ক্ষমতা যা হারিয়ে। এরপর ঐ আলোর পৃথিবীর জমি পর্যন্ত এসে ছিটেফোটাই পৌঁছয়। তা

নাহলে এর প্রভাব আমাদের জীবদেহের ওপর খুবই মারাত্মক হয়ে দেখা দিত। চামড়ার দুরারোগ্য ক্যানসার ব্যাধিতে আক্রান্ত হতাম আমরা সবাই ।

বায়ুমণ্ডলের তৃতীয় স্তরটি হল আয়নসূফিয়ার, পৃথিবীর জমির ৮০ থেকে ৪৮০ কিলোমিটার দূর পর্যন্ত এ বিস্তৃত। সূর্যদেহজাত বেগনিপারের আলো, রঞ্জন রশ্মি ও সৌরকণিকাস্রোতের সংঘাতে এখানকার পরমাণুগুলোর স্বাভাবিক চেহারা বদলে গিয়ে আয়ন তৈরি হয়। আয়নেরা বিদ্যুৎ পরিবাহী। এই স্তরটির বেতার তরঙ্গ প্রতিফলনের ক্ষমতা রয়েছে, যার ফলে পৃথিবীর এক মহাদেশ থেকে আর এক মহাদেশ পর্যন্ত বেতার-বার্তার আদান-প্রদান ব্যবস্থা সম্ভবপর হতে পেরেছে।

আয়নমণ্ডলে বায়ুর ঘনত্ব অত্যন্ত পাও হওয়া সত্ত্বেও এখানকার তাপমাতা খুবই বেশি। পৃথিবীর ১৭৫ কিলোমিটার দূরে এই তাপমাত্রার পরিমাণ হল ৭৮০ ডিগ্রি ফারেনহিট, ০০০ কিলোমিটার দূরে এই তাপমাত্রা ১৩৮০ ডিগ্রি ফারেনহিটের কোঠায় এসে দাঁড়ায়। এই অঞ্চলে তাপমাত্রা বেশি হলেও তাপের পরিমাণ কিন্তু খুবই কম।

কোন মাধ্যমের তাপমাত্রা সেখানকার অণুদের গাঁজর ওপরই নির্ভর করে। মাধ্যমটির ঘনত্ব যত কম হবে, অণুদের পরস্পরের মধ্যে দূরত্বও ১১ বাড়বে। অর্থাৎ পরস্পরের সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়বার আগে ওরা অনেকটা লম্বা রাস্তা দৌড়তে পারছে।অনুদের দৌড়োবার রাস্তা যত ফাঁকা হচ্ছে, ওদের বেগও তত বাড়ছে। ফলে, যে অঞ্চলের ওরা বাসি, তার তাপমাত্রাকেও ওরা বাড়িয়ে তুলছে।

পৃথিবীর জেমিনা ওপর প্রতি বর্গ সেন্টিমিটার ক্ষেত্রে বায়ুর অণুর সংখ্যা যেখানে ৫০০ কোটির মত, আয়নমণ্ডলের উচ্চতার একই পরিমাণ ক্ষেত্রে সে সংখ্যা মাত্র ১৫ থেকে ৬০-র মধ্যে হওয়ার জন্যে বায়ুর অণুদের মধ্যে সংঘাত খুব অল্পই ঘটে থাকে। তাই ওখানকার তাপমাত্রা এত বেশি। কিন্তু ঐ অঞ্চলে তাপের পরিমাণ হবে খুবই কম। কারণ ওখানকার ঘনত্ব অতি অল্প বলে তাপ ধারণ বা শোষণ করবার মত বস্তুর পরিমাণও খুবই সামান্য । কোন মাধ্যমের তাপের পরিমাণ তার বস্তুর ঘনত্বের ওপরেই নির্ভর করে থাকে।

পৃথিবীর ৪৮০ কিলোমিটার দূর থেকে শুরু হল বায়ুমণ্ডলের চতুর্থ স্তর এক্সসফিরায়। এখানে বায়ুর ঘনত্ব কম এই অঞ্চলে তাপমাত্রা হলো ৫০০০ ডিগ্রি ফারেনাইটের মত এক্সসফিয়ার অঞ্চল থেকে বায়ু ক্রমে মিলিয়ে যেতে যেতে নিকষ কালো অসীম মহাকাশের বায়ুশূন্য প্রদেশের সঙ্গে গিয়ে মিশেছে।

মহাকাশ

পৃথিবীর জমির ৬০০ থেকে ৭০০ কিলোমিটার দূরে যে অঞ্চল শুরু হল, তাকে আমরা বায়ুহীন মহাকাশ অঞ্চল বলতে পারি । অবশ্য পৃথিবীর ২০০০ কিলোমিটার

দূরেও রকেটের আভ্যন্তরীণ যন্ত্রপাতির মাধ্যমে বায়ুর ছিটে- ফোঁটার সন্ধান নাকি পাওয়া গেছে ।

মানুষের পক্ষে মহাকাশ অঞ্চল পৃথিবীর জমির ৬ থেকে ৭ কিলোমিটার দূর থেকেই শুরু হয়েছে বলা যায়। এই দূরত্বে বায়ুমণ্ডলের ঘনত্ব এতটাই কমে আসে যে মানুষের পক্ষে আর স্বাভাবিকভাবে শ্বাসপ্রশ্বাসের কাজ চালানো সম্ভবপর হয় । ঐ অঞ্চলে পাড়ি জমাতে হলে তাকে কৃত্রিম ডাক্সিজেন সঙ্গে করে বয়ে নিয়ে যেতেই হবে।

মানুষের পক্ষে পুরোপুরি মহাকাশ অঞ্চল হল পৃথিবীর জমির 80 কিলোমিটার দূরবর্তী জায়গা থেকে। এখানে একটি ওজোন গ্যাসের পরিমণ্ডল রয়েছে । এটি পেরোলেই মানুষকে মহাকাশের এক মারাত্মক রশ্মি বেগনি- পারের আলোর শিকারে পরিণত হতে হবে। এরপর মানুষ যত দূরে যাবে তত সে রঞ্জন রশ্মি, গামা রশ্মি, মহাজাগতিক রশ্মি জাতীয় মারাত্মক মহাকাশ রশ্মিদের প্রভাবিত এলাকার মধ্যে এসে পড়বে। এদের সঙ্গে সরাসরি সংঘাতে মানুষের দেহের জীবকোষগুলোর কেন্দ্রক (নিউক্লিয়াস) ক্ষতিগ্রস্ত হয়ে জীবদেহকে তেজস্ক্রিয়া জনিত বিভিন্ন রোগে আক্রান্ত করে তুলবে । প্রতিরক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা ছাড়া মানুষের পক্ষে এখানে বাচাই সম্ভব ।

পৃথিবীর বায়ুমণ্ডল যেন মায়ের স্নেহের আঁচলের মত মহাকাশের বিভিন্ন প্রাণঘাতী রশ্মির সরাসরি সংঘাত থেকে পৃথিবীর মানব সমাজ ও অন্যান্য প্রাণী- কুলকে রক্ষা করে চলেছে ।

মহাকাশে কেন যাব ?

মহাকাশে কৃত্রিম উপগ্রহ প্রতিষ্ঠার প্রথম এবং প্রধান কারণ হল, যে পৃথিবীতে আমরা বাস করি তাকেই ভাল করে জানা এছাড়া সূর্য সম্বন্ধে গবেষণা এবং মহাকাশ মহড়া সম্বন্ধে বিভিন্ন বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ করা ছিল প্রধান কাজ।

কৃত্রিম উপগ্রহ পাঠাবার আগেই রকেটের উপরের দিকে হানা দিচ্ছিল তবে সেটা ছিল নিতান্তই বায়ুমণ্ডলের এলাকা । কিন্তু বৈজ্ঞানিক যন্ত্রপাতি নিয়ে উপরে ওঠা ও নেমে আসার সময় বায়ুর ঘনত্বের সংঘর্ষে জ্বলে পুড়ে নিঃশেষ হওয়া এরই মধ্যে সীমাবদ্ধ ছিল এই প্রাথমিক রকেট গুলোর জীবন । তারই ফাঁকে স্বয়ংক্রিয়া যন্ত্রপাতির কলকাঠির নাড়াচড়ার ওপর আকাশে বায়ুর ঘনত্ব, চাপা গঠন প্রকৃতি ও সূর্যদেহাত্ম বিভিন্ন রশ্মি চরিত্র সম্বন্ধে যতটুকু তথ্য সংগৃহীত হতো বেতার ঢেউয়ের মাধ্যমে সেগুলো এসে পৌঁছাতো বিজ্ঞানীদের গ্রাহক কেন্দ্রগুলিতে ।

এরকম ক্ষুদ্র প্রচেষ্টায় বিজ্ঞানীরা খুশি হতে পারছিল না । পৃথিবী সম্বন্ধে অনেক বড় প্রশ্ন উত্তর আজও তাদের জানা হয়নি । যেমন পৃথিবীর জলবায়ু সত্যি সত্যি বদলাচ্ছে

কি ? সূর্যের আলো ও তেজ পৃথিবীর বাতাসও সমুদ্র কিভাবে ভাগ করে নেয় নিজেদের মধ্যে । মেরু অঞ্চলের জমাট বাধা বরফের স্তুপ গলতে কি পারে কোনদিন বরবৃত্ত কুমেরু মহাদেশ বা আন্টার্টিকা পৃথিবীর আবহাওয়াকে প্রবাহিত করেছে কি ? সুমুদ্রিক ঝড়-ঝঞ্ঝা মহাদেশের উপকূলে এসে আছড়ে পরবার আগেই খবরটি জানা যায় কিভাবে? পৃথিবীর সব অঞ্চলের আবহাওয়ার খবর আগে থেকে বলে দেওয়া কি সম্ভব নয় । মহাকাশের গ্রহণ অভ্যন্তর থেকে অবিচ্ছন্ন ধারায় যে মহাজাগতিক রশ্মি পৃথিবীতে এসে পৌঁছাচ্ছে কোথা থেকে আসে তারা ? অতীতনু ঊর্ধ্ব কাশে আয়ন মণ্ডল গড়ে ওঠার পেছনে কি রহস্য লুকিয়ে আছে ? মহাদেশ গুলো কি আসলে মহাসাগরের বুকে ভেসে বেড়ায়। পৃথিবী কি সূর্যের করোনা বা কিরিটিকার গ্যাসীয় মণ্ডলের জালে বাধা পড়ে আছে ? প্রশ্নের যেন আর শেষ নেই।

বিজ্ঞানের বহু অগ্রগতি হয়েছে ঠিকই, কিন্তু পৃথিবীর জল, মাটি ও বায়ু- মণ্ডলের এলাকা সম্বন্ধে সঠিকভাবে অতি অল্প খবরই আমরা আয়ত্ত করতে পেরেছি । এ যেন বিরাট এক নাট্যমঞ্চ জুড়ে অগণিত ঘটনার সমাবেশ, আর পৃথিবীর মানুষ অবাক দৃষ্টিতে তারই দু-একটা টুকরো ছবি দেখে চলে। সে অল্প দেখায় তার তৃপ্তি নেই। মহাকাশের প্রাণঘাতী রশ্মিদের সংঘাতের বিরুদ্ধে বায়ুমণ্ডল এক রক্ষী-দুর্গের মত দাঁড়িয়ে আছে। কিন্তু বায়ুর তলায় পরম নিশ্চিন্ত যাচ্ছন্দে যে কালযাপন, সে যেন ঘরবন্দী জীবন । সেখানে বসে ঘরের বাইরের জীবনের সঙ্গে ঘরের সম্পর্ক আবিষ্কারের চেষ্টায় বড় কিছু প্রাপ্তির সম্ভাবনা নেই। জানলাটা তার যেন বড় ছোট, বাইরের খবর বেশি পৌঁছয় না। সেজন্য প্রয়োজন ঘরের ছাদরূপী এই বায়ুমণ্ডলটার বাইরে গিয়ে মহাকাশের পটভূমিতে বসে ঘর বা পৃথিবীকে পর্যবেক্ষণ করা । আর সে সন্ধানেই মিলবে মুক্তো। বিজ্ঞানীরা তাই মহাকাশে বৈজ্ঞানিক অনুসন্ধান কাজের জন্যে এত বেশি ব্যগ্র হয়ে উঠেছিলেন।

মহাকাশ ভ্রমণের প্রশিক্ষণ

দিল্লি, মুম্বই বা নিউইয়র্ক অথবা লণ্ডনের মতো মহাকাশে যাব ভাবলেই বা যাওয়ার জন্য নির্বাচিত হলেই যাওয়া যায় না। যাওয়ার আগে বেশ ভাল রকমের প্রস্তুতি দরকার। প্রথমেই প্রয়োজন প্রশিক্ষণের মাধ্যমে মহাকাশের অজানা পরিবেশের সঙ্গে মোকাবিলা করার ক্ষমতা অর্জন। মনে রাখা দরকার, মহাকাশে প্রতি পদক্ষেপে আছে অচেনা ও অজানা বিপদ। মহাকাশে গেলে একজন মহাকাশচারীর শরীরকে বিশেষভাবে প্রভাবিত করে তাপমাত্রা, চাপ, মাধ্যাকর্ষণ ও বিকিরণ। এ ছাড়া অপরিচিত পরিবেশে একাকীত্ব তো আছেই। মহাকাশে থাকাকালীন জীবনযাপনও অন্যরকম হয়। মহাকাশের অচেনা পরিবেশের সঙ্গে আগাম পরিচিত হতে সাহায্য করে প্রশিক্ষণ। মহাকাশের

ভারহীন পরিবেশে কাজকর্ম করা ও জীবনযাপনে অভ্যস্ত হওয়ার জন্যও প্রয়োজনীয় প্রশিক্ষণ জরুরি।

মহাকাশে যেতে হলে বয়স থাকা দরকার চল্লিশের নীচে। উচ্চতা ছয় ফুটের কম হওয়াই বাঞ্ছনীয়। স্বাস্থ্য হতে হবে চমৎকার। মহাকাশে যাওয়ার জন্য আগে যারা নির্বাচিত হতেন, তাঁদের প্রযুক্তিবিদ্যায় স্নাতক হতে হত। ১৫০০ ঘণ্টা বিমান চালানোর অভিজ্ঞতা এবং জেটবিমান চালানোর দক্ষতা অত্যন্ত জরুরি ছিল। আর-একটা বিশেষ ব্যাপার, শরীরের ওজন উচ্চতা অনুপাতে সঠিক হতে হবে। আজকাল অবশ্য মহাকাশ পর্যটকদের ক্ষেত্রে এসব ব্যাপার অতটা মানা হচ্ছে না।

মহাকাশচারীদের কম বয়স ও সুস্বাস্থ্য এই কারণে গুরুত্বপূর্ণ যে, দীর্ঘ সময় মহাকাশে থাকলে অনেক ধরনের অসুখ হতে পারে। এর মধ্যে আছে শারীরিক ক্রিয়ার স্থিতিস্থাপকতা নষ্ট হয়ে যাওয়া, কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের কর্মক্ষমতা হ্রাস, নিজস্ব চেতনা লোপ, অজ্ঞাত ভয়ে আক্রান্ত হওয়া এবং স্বাভাবিক সৌরক্রিয়ার অভাবে বিষণ্ণ বোধ করা। এ ছাড়া, মহাকাশে গেলে একজন মহাকাশচারীর আরও দু'টি অসুখ হতে পারে। অসুখ দু'টির নাম 'সলিপসিজম সিনড্রোম' ও 'ক্লোস্ট্রোফোবিয়া'। মহাকাশযানের একঘেয়ে রুদ্ধ যান্ত্রিক পরিবেশে একটানা বন্দি হয়ে থাকাই এসব অসুখের কারণ। মাধ্যাকর্ষণহীন অবস্থায় একটানা বেশিক্ষণ থাকলে অনেকে দুর্বল বোধ করেন। স্পেস শাটলে চাপলে অত্যন্ত দ্রুতগতির জন্য ঘুম ভাল না হওয়াও দুর্বলতার আর একটি কারণ। এই দুর্বলতা কাটাবার একমাত্র ওষুধ নিয়মিত ব্যায়াম করা।

এক সময় মহাকাশচারী বাছাইয়ের জন্য আগ্রহী প্রার্থীদের নিয়ে চলত অনেক ধরনের পরীক্ষানিরীক্ষা। শারীরিক যোগ্যতার পাশাপাশি ডাক্তারি পরীক্ষাও হত। বড় একটা চাকায় ওঁদের হাত-পা বেঁধে জোরে ঘোরানো হত অনেকক্ষণ। এক বিশেষ ধরনের টেবিলে শুইয়ে বারেবারে সোজা-উলটো করা হত দ্রুতগতিতে। একই সঙ্গে ডাক্তারি নিরীক্ষা করে দেখা হত শারীরিক প্রতিক্রিয়া। অন্ধকার শব্দহীন ঘরে বন্দি করে মনস্তত্ত্ববিদরা মানসিক প্রতিক্রিয়া লক্ষ করতেন।

মহাকাশ ভ্রমণের প্রশিক্ষণকে প্রধানত দু'ভাগে ভাগ করা হয়। প্রথম ভাগে পড়ে, মহাকাশে গিয়ে নিজের প্রচেষ্টায় শরীর ও স্বাস্থ্য ঠিক রাখার প্রয়োজনীয় পদ্ধতিগুলি শেখা। কারণ, মহাকাশে ডাক্তারখানা বা হাসপাতাল নেই। ওষুধ অবশ্য মহাকাশযানে থাকে। মহাকাশের মতো, প্রশিক্ষণ কেন্দ্রের কৃত্রিম ভারহীন পরিবেশে থেকে দৈনন্দিন জীবনযাপনে অভ্যস্ত হয়ে ওঠা, প্রশিক্ষণের দ্বিতীয় ভাগ।

আমাদের সৌরজগতের সব গ্রহ-উপগ্রহের মাধ্যাকর্ষণ সমান নয়। কোনও গ্রহ বা উপগ্রহে মাধ্যাকর্ষণ একেবারেই নেই, আবার কোনওটায় কম। পৃথিবীর মাধ্যাকর্ষণের

সঙ্গে মহাকাশচারীর শরীর অভ্যস্ত থাকায়, অন্য কোনও গ্রহ বা উপগ্রহে গেলে দেহের অঙ্গপ্রত্যঙ্গগুলি শিথিল হয়ে পড়বে। মনে হবে, শরীর অনেক লম্বা হয়ে গেছে। হালকা লাগবে। মাথা ভারী লাগায় কমে যাবে শরীরের ভারসাম্য। হাঁটতে গেলে উর্ধ্বাঙ্গ সামনে ঝুঁকে পড়বে। সোজা হয়ে হাঁটার চেষ্টা করলে পড়ে যাওয়ার সম্ভাবনাই বেশি। গ্রহ-উপগ্রহের পৃষ্ঠদেশ পাথুরে, উঁচুনিচু। চলাফেরার সময় হোঁচট খেলে সঙ্গে সঙ্গে ডিগবাজি খেতে হবে। মহাকাশে আলো ও আঁধারের পার্থক্য খুব বেশি। সূর্যের তীব্র আলোর রশ্মি সরাসরি চোখে লাগলে অন্ধ হয়ে যাওয়ারও আশঙ্কা থাকে। তাই মহাকাশে এসব সমস্যার মোকাবিলার জন্যেও প্রশিক্ষণ অত্যন্ত জরুরি।

আমেরিকা ও রাশিয়া এবং সম্প্রতি চিন পৃথিবী থেকে যাত্রার আগে কাজের প্রয়োজন বিচারে মহাকাশচারীদের (যারা পর্যটক নন) এক থেকে বারো বছর পর্যন্ত প্রশিক্ষণ দেয়। আমেরিকায় এই প্রশিক্ষণ হয় হিউসটনের জনসন স্পেস ফ্লাইট সেন্টারে। পুরো প্রশিক্ষণের শিক্ষাক্রমকে মোট পাঁচভাগে ভাগ করা হয়। প্রথম ভাগে থাকে, ক্লাসে বসে স্কুল-কলেজের মতো পড়াশোনা। বিষয় হিসেবে পড়তে হয় এরোডাইনামিক্স, ফিজিক্স, ফিজিওলজি, অ্যাস্ট্রোনমি, রকেট ইঞ্জিন, কমপিউটার থিয়োরি ও অপারেশন ইত্যাদি। চন্দ্রাভিযানের মহাকাশযাত্রীদের চাঁদের ভূতত্ত্ব নিয়েও পড়তে হয়েছিল। এ ছাড়া, মহাকাশে গিয়ে কীভাবে কথাবার্তা চালাতে হয়, ক্লাসে শিক্ষকরা তাও শেখান।

প্রশিক্ষণের দ্বিতীয় ভাগে থাকে ফ্লাইট ট্রেনিং। এই প্রশিক্ষণ হয় জেট প্লেনে। আপৎকালীন সুরক্ষা ব্যবস্থার অঙ্গ হিসাবে ইজেকশন সিট'-এর ব্যবহার এই সময় শিখে নেন ভবিষ্যতের মহাকাশযাত্রীরা। মাটি থেকে ৫০০০ ফুট ওপরে প্লেনকে রেখে শেখানো হয় বিভিন্ন ধরনের কসরত। প্রশিক্ষণের তৃতীয় পর্যায়ে থাকে সারভাইভাল ট্রেনিং। মহাকাশ থেকে ফিরে আসার সময় মহাকাশচারীদের যদি সমুদ্রে নামতে হয়, তা হলে কীভাবে ক্যাপসুল থেকে বেরিয়ে নিজেকে অক্ষত রাখতে হবে - এ পর্যায়ের প্রশিক্ষণে তাই শেখানো হয় মহাকাশচারীদের। সমুদ্র ছাড়াও, পরিবর্তিত পরিস্থিতিতে অরণ্য বা মরুভূমিতেও নামতে হতে পারে! হবু মহাকাশচারীরা এসময় স্কুবা ডাইভিংও শিখে নেন।

প্রশিক্ষণের চতুর্থ পর্বে থাকে মিশন ট্রেনিং। বিমানের ককপিটে বসে ফ্লাইট কন্ট্রোলের সব খুঁটিনাটি এই পর্যায়ে শিখে নেন মহাকাশচারীরা। এ ছাড়াও তাঁদের শিখতে হয় মহাকাশযান পরিচালনা এবং মহাকাশে গিয়ে যা কিছু করণীয়।

প্রশিক্ষণের শেষ পর্যায়েও চতুর্থ পর্যায়ের যোগসূত্র থাকে। মহাকাশে প্রতিটি অভিযানেই থাকে কাজকর্মের স্বাতন্ত্র্য। দু'টি অভিযানের উদ্দেশ্য পুরোপুরি এক থাকে না। যেমন ১৯৭৫-এর আমেরিকা ও রাশিয়ার যৌথ অ্যাপোলো-সায়ুজ অভিযানের প্রয়োজনে

আমেরিকার মহাকাশচারীরা রাশিয়ান এবং রাশিয়ার মহাকাশচারীরা ইংরেজিতে কথাবার্তা বলতে শিখেছিলেন, মহাকাশে গিয়ে পরস্পরের সঙ্গে কথাবার্তা চালাতে।

মহাকাশচারীদের প্রশিক্ষণে বিভিন্ন ধরনের 'সিমুলেটর'-এর গুরুত্ব অপরিসীম। সিমুলেটর দিয়ে প্রশিক্ষণকে বলা হয় 'সিমুলেশন'। বাংলায় একে বলা যেতে পারে, একই ধরনের পরিবেশ সৃষ্টিকরণ। সিমুলেটর দিয়ে মহাকাশের মতো পরিবেশ সৃষ্টি করে, সেই পরিবেশে মহাকাশচারীদের প্রশিক্ষণ দিয়ে মহাকাশে ভারহীন পরিবেশে বেঁচে থাকা এবং কাজকর্ম করার জন্য তৈরি করা হয়। চার ধরনের সিমুলেটর আছে। 'জিরো গ্র্যাভিটি', 'রিডিউসড গ্র্যাভিটি', 'হাই গ্র্যাভিটি' এবং 'ডিসওরিয়েনটেশন সিমুলেটর'। জিরো গ্র্যাভিটি বা অভিকর্ষহীন সিমুলেটরের আর এক নাম 'নিউট্রাল বায়োয়েন্সি সিমুলেটর'। আমেরিকার আলাবামায় নাসার মার্শাল ফ্লাইট সেন্টারে এই সিমুলেটরটি আছে।

জিরো গ্র্যাভিটি সিমুলেটর আসলে একটি বিশাল জলের ট্যাংক। প্রায় চোদ্দো লক্ষ গ্যালন জল ধরে এতে। প্রশিক্ষণের সময় ভবিষ্যতের মহাকাশচারীকে স্পেসসুট পরিয়ে ট্যাংকের জলের একটি নির্দিষ্ট গভীরতায় নামিয়ে দেওয়া হয়, যেখানে অনুভব করা যায় মহাকাশের মতো ভারহীন পরিবেশ। এরপর শেখানো হয় ওই ভারহীন পরিবেশে কাজকর্ম করার পদ্ধতি। অভিজ্ঞ স্কুবা ডাইভাররা এই কাজে সাহায্য করেন। নিয়ন্ত্রণ কক্ষে বসে, জলের নীচে লাগানো টেলিভিশন ক্যামেরার সাহায্যে প্রশিক্ষণের সবকিছু নজরে রাখেন প্রশিক্ষকরা। শোনা যায়, স্কাইল্যাবের মহাকাশচারীদের প্রশিক্ষণের সময় একটা স্কাইল্যাবের মডেল ওই ট্যাংকে ডোবানো হয়েছিল।

কম অভিকর্ষের পরিবেশে কাজকর্ম করার প্রশিক্ষণ যে যন্ত্রের সাহায্যে দেওয়া হয়, তার নাম 'সিক্স ডিগ্রিস অব অপারেশনাল ফ্রিডম সিমুলেটর। এই যন্ত্রে স্পেসসুট পরিয়ে বেল্ট বেঁধে ভবিষ্যতের মহাকাশচারীকে আটকে দেওয়া হয়। এরপর যন্ত্রটি ঘুরতে থাকে এবং মহাকাশচারীরা নির্দিষ্ট কাজকর্মগুলি করার কৌশল আয়ত্ত করতে মনোনিবেশ করেন। চাঁদে যেতে হলে এই প্রশিক্ষণটি অত্যন্ত জরুরি । মহাকাশযানের উৎক্ষেপণ ও অবতরণের সময় ওই যানের যাত্রীদের শরীরের ওপর উচ্চ অভিকর্ষের ক্রিয়া সহ্য করার ক্ষমতা অর্জনের জন্য প্রশিক্ষণ দেওয়া হয় সেন্ট্রিফিউজের সাহায্যে । মহাকাশের ভারহীন পরিবেশে চলাফেরা করার সময় মহাকাশচারীকে উলটোপালটা ডিগবাজি খেতে হতে পারে। ইংরেজিতে একে বলে 'ওয়াইল্ড টাম্বলিং'। এরকম পরিস্থিতিতে শরীরকে নিয়ন্ত্রণ করা শিখতে যে যন্ত্রের সাহায্যে প্রশিক্ষণ দেওয়া হয় তার নাম, 'মাল্টিপল অ্যাক্সিস স্পেস টেস্ট ইনারশিয়া ফেসিলিটি', সংক্ষেপে 'ম্যাস্টিস্ক'।

মহাকাশে গিয়ে কোন মহাকাশচারীকে কী ধরনের কাজ করতে হবে তার ওপর নির্ভর

করে তাঁর বিশেষ প্রশিক্ষণ। চাঁদের ওপর বা মহাশূন্যে যিনি হেঁটে বেড়াবেন তাঁর প্রশিক্ষণ মহাকাশযান চালকের থেকে আলাদা হবে। আবার মহাকাশযানের ভেতরে বসে 'রোবট আর্ম'-এর সাহায্যে বাইরে ঘূর্ণায়মান উপগ্রহকে যে মহাকাশচারী ধরবেন, তাঁর প্রশিক্ষণ হবে অন্যরকম। এইসব প্রশিক্ষণের কাজে অনেক সময় বিশেষ ধরনের বিমানের মধ্যে ভারহীন পরিবেশ তৈরি করে মহড়া দেন প্রশিক্ষণার্থীরা।

মহাকাশ পর্যটনে আজ পর্যন্ত যাঁরা গেছেন বা ভবিষ্যতে যাঁরা যাবেন, তাঁদের অবশ্য এত দীর্ঘদিনের কষ্টকর ও কঠিন প্রশিক্ষণ নিতে হয়নি এবং হবেও না।

মহাকাশে জীবনযাত্রা

অভিযাত্রীরা তাদের মহাকাশ অভিমানের বেশির ভাগ সময় জুড়েই সম্পূর্ণ ওজনবিহীন অবস্থার মধ্যে কাটিয়েছেন। ওজনবিহীন অবস্থায় সাধারণভাবে খাদ্য- গ্রহণ করার যথেষ্ট অসুবিধা ছিল। অভিযাত্রীদের বিভিন্ন সময়ে আহারের জন্যে খাবারের সামগ্রী ছিল প্রায় ৭০ থেকে ৭৫ রকমের। এই খাবার জিনিসগুলো থেকে জলীয় পদার্থ সম্পূর্ণরূপে বার করে নিয়ে সেগুলোকে বিভিন্ন প্যাকেটের মধ্যে সংরক্ষণ করে রাখা হয়েছিল। প্যাকেটগুলো ছিল অনেকটা টুথপেস্টের মত।

আহারের আগে, সেদিনের জন্যে যে অভিযাত্রী পাচকের কাজ করছেন। তিনি খাবারের প্যাকেটগুলোর মধ্যে জল ঢুকিয়ে নিয়ে মিনিট-ডিনেক ধরে সেগুলোকে ভাল করে নাড়বেন। ফলে থাবারগুলো খানিকটা ফুলে ফেঁপে উঠবে। এরপর খাবারের প্যাকেটের মাথাগুলো কেটে নিয়ে সোজা মুখের মধ্যে ঢুকিয়ে টিপে টিপে অভিযাত্রীরা খাদ্য গ্রহণ করবেন।

আাবার পর অভিযাত্রীরা খালি খাবারের প্যাকেটগুলোর মধ্যে জীবাণুনাশক ওষুধ রেখে দিতেন, যাতে খাবারের টুকরোগুলো পচে গিয়ে গ্যাস তৈরি না হয়ে বসে। প্যাকেটগুলোকে এরপর গুটিয়ে নিয়ে অপ্রয়োজনীয় জিনিষ রাখবার ছোটখাট একটা গুদামঘরের মধ্যে রেখে দেওয়া হত।

দাঁতমুখ পরিষ্কার রাখার জন্যে অভিযাত্রীদের সাধারণভাবে জল ব্যবহার করার কোন উপায় ছিল না। এ কাজটা তারা করেছেন চুয়িং গাম এবং এমন টুথপেষ্টের সাহায্যে যা খেয়ে ফেলা যায় ।

পান করার জন্যে এবং খাবারের সঙ্গে মেশানোর জন্যে জলের ব্যবস্থা পর্যাপ্ত পরিমাণেই ছিল। ব্যবহারের জন্যে কিছুটা জল পাওয়া যেত সার্ভিস মডিউলের কাছ থেকে সেখানে 'জ্বালানি সেলের (fuel cell) হাইড্রোজেন এবং অক্সিজেনের মধ্যে রাসায়নিক ক্রিয়া ঘটিয়ে একই সঙ্গে বিদ্যুৎশক্তি এবং জল পাবার ব্যবস্থা করা হয়েছিল।

মহাকাশযানে শরীরকে পরিচ্ছন্ন রাখাও ছিল এক সমস্যার ঝ্যাপার। অভিযাত্রীরা ভিজে তোয়ালের সাহায্যে এ কাজটা করতেন। - ক্ষৌরকর্মের ব্যাপারটা তাঁরা বেশ রপ্ত করে নিয়েছিলেন। বৈদ্যুতিক ক্ষুরের সঙ্গে ভ্যাকুয়াম রিনার লাগিয়ে তারা এই কাজটা সারতেন। নাহলে চুলগুলো ওজনবিহীন অবস্থায় ঘরময় ঘুরে বেড়াত ।

মহাকাশযানের মধ্যে জেনবিহীন অবস্থায় মলত্যাগ করাটা কোন কঠিন কাজ ছিল না। মলগুলো পূর্ণ প্লাস্টিকের ছোট ছোট থলির মধ্যে পুরে আলাদা কোন জায়গায় রেখে দেওয়া হত। অভিযানে সমাপ্তির পর সেগুলোকে জীববিজ্ঞানীরা পরীক্ষা করে দেখবেন। মুত্রপূর্ণ থলিগুলোকে কমাণ্ড মডিউলের তাজা ছিদ্রপথের মধ্য দিয়ে বাইরে ফেলে দেওয়া হত। ইতিপূর্বে কিছু কিছু মহাকাশ অভিযানের অভিযাত্রীরা সূর্যোদ এবং সূর্যাস্তের সময়টাকে এই কাজটা করার জন্যে বেছে নিয়েছিলেন । মূত্রের জলকণাগুলো সূর্যের আলোয় যে ফুলঝুরি সৃষ্টি করত, সেগুলো দেখতে তাদের খুব ভাল লাগত। যোগাযোগ কেন্দ্রের বিজ্ঞানীদের কাছে তাই এটা একটা বিস্ময়ের ব্যাপার বলে মনে হয়ে ছিল যে কিভাবে অভিযাত্রীরা ঠিক ১০ মিনিট বাদে বাদে মূত্র ত্যাগ করছেন । পৃথিবীকে একচক্কর ঘুরে আসাতে মহাকাশযানের ঠিক ৯০ মিনিট সময় লাগছিল বলে একটি সূর্যোদয় থেকে আর একটি সূর্যাস্তের সময়ের ব্যবধানও ছিল ৯০ মিনিট।

দাঁত ব্রাশ করার জন্য তারা যেকোনো ধরনের এবং পছন্দের ব্র্যাণ্ডের টুথপেস্ট ব্যবহার করতে পারেন। এক্ষেত্রে ধরাবাঁধা কোনো নিয়ম নেই। তবে খুব সীমিত পরিমাণে সেই টুথপেস্ট ব্যবহার করতে হয়। কারণ অতিরিক্ত টুথপেস্ট ফেনার সৃষ্টি করে এবং দাঁত ব্রাশ করার সময় মুখের ভেতরে জমা হয়ে থাকে, যা খুব অস্বস্তিকর পরিস্থিতি সৃষ্টি করে। তবে দাঁত ব্রাশের পর আমাদের মতো কুলকুচি করেন না তারা। ভেজা টিস্যু দিয়ে মুছে ফেলেন। মহাকাশচারীদের জন্য বিশেষ টয়লেট- 'স্পেস টয়লেট' বা 'জিরো গ্রাভিটি টয়লেটে'র ব্যবস্থা করা হয়।

জিরো গ্র্যাভিটি টয়লেট। ছবিসূত্র: reddit.com

এধরনের টয়লেট আমাদের টয়লেটের চেয়ে একদমই আলাদা। পৃথিবীতে অভিকর্ষ বল কাজ করে বলেই, আমরা আরামে ছেড়ে দিলেই তা নিচে চলে যায়, বাকিটা মিউনিসিপ্যালিটির চিন্তার বিষয়। কিন্তু মহাকাশে মাইক্রোগ্র্যাভিটির জন্য একধরনের ফ্যানযুক্ত ভ্যাকুয়াম ক্লিনার টাইপের কমোড ব্যবহার করা হয়।

এতে বায়ু প্রবাহের মাধ্যমে দূষিত বায়ু, কঠিন ও তরল বর্জ্য অপসারণ করা হয়। আমরা যেমন একই কমোডে কঠিন-তরল উভয় ধরনের বর্জ্য ছাড়ি, তাদের কিন্তু সেই ব্যবস্থা নয়। তারা প্রস্রাব করেন আলাদা ভ্যাকুয়াম টিউবে। মেয়েরা চাইলে সেটা মূত্রদ্বারেই লাগিয়ে নিতে পারেন। আর পুরুষদের ক্ষেত্রে বিশেষ সুবিধার কথা না-ই বা বললাম। এসব বর্জ্য রিসাইকেল বা পুনরায় ব্যবহার করা হয়।

এবার আসা যাক খাওয়া-দাওয়ার কথায়। মহাকাশচারীরা আমাদের মতো তিন বেলা খাবার খান। তবে তাদের ক্ষেত্রে ক্যালরি হিসাব করে খাবার-দাবারের ব্যবস্থা করা হয়। কারণ সেখানে সব কিছুই সীমিত। যেমন, একজন মোটা মানুষের প্রায় ৩,২০০ ক্যালরি খাবার লাগে, যেখানে একজন ছোটো খাটো পাতলা নারীর খাবার লাগে ১৮০০ ক্যালরি। মহাকাশচারীরা তাদের চাহিদামতো খাবার পছন্দ করে খেতে পারেন, যেমন- ফলমূল, মুরগি বা গরুর মাংস, সি ফুড, চকোলেট এবং বাদাম-বাটার ইত্যাদি। মহাকাশযান কিংবা স্টেশনে কোনো রেফ্রিজারেটর দেয়া হয় না। সুতরাং খাবার যা রাখার তা শুকনা করেই সংরক্ষণ করতে হয়। তাহলে কি তারা সব শুকনা খটখটে খাবার খান? না, তারা চাইলে খাবার গরম করে কিংবা সেদ্ধ করেও খেতে পারেন। যেমন- নুডলস, ম্যাকারনি এসব। রেফ্রিজারেটর না থাকলেও মহাকাশযানে মাইক্রোওয়েভ ওভেন দেয়া হয়, যাতে মহাকাশচারীগণ খাবার গরম করে খেতে পারেন। তবে খাবার তৈরিতে তারা যে লবণ আর মরিচ ব্যবহার করেন, তা দানাদার রুপে থাকে না, তরল রুপে থাকে। দানাদার লবণ কিংবা মরিচ দিলে তা মহাকাশে ভাসতে থাকবে, যা মহাকাশচারীর চোখে-মুখে লেগে ভয়ানক দুর্ঘটনা ঘটাতে পারে।

মহাকাশে খাবারে আয়োজন। ছবিসূত্র: pics-about-space.com

এবার দেখা যাক মহাকাশচারীরা স্পেস স্টেশন কিংবা মহাকাশযানে কীভাবে কাজ করেন এবং কী কাজ করেন। যারা স্পেস ক্রু এবং টেকনিশিয়ান, তারা অধিকাংশ সময়ে যন্ত্রপাতি ঠিক আছে কিনা কিংবা স্পেস স্টেশনের বাইরে যেকোনো ধরনের কাজ করে থাকেন। স্টেশনের বাইরের অংশে গেলে ক্রুকে Space Walk করতে হয় প্রায় ৭ ঘণ্টা।

একজন মহাকাশচারী। ছবিসূত্র: todayifoundout.com

প্রত্যেকে ক্রুকে নিয়মিত আপডেট পাঠাতে হয় পৃথিবীর নিয়ন্ত্রণ কক্ষে। অপরদিকে মহাকাশে নানা ধরনের গবেষণা করা হয়, যেমন- জিরো গ্র্যাভিটিতে মানবদেহ কীভাবে

কাজ করে এবং কীভাবে সেখানে টিকে থাকা যায়- এই সংক্রান্ত। এরকম আরো অনেক গবেষণাই স্পেস স্টেশনে চলমান রয়েছে। প্রত্যেক মহাকাশচারীকে নিয়মিত তার কাজের আপডেট কিংবা ভিডিও ইন্টারভিউ দিতে হয়।

মহাকাশে ব্যায়াম খুবই গুরুত্বপূর্ণ। মহাকাশচারী এই পৃথিবীরই মানুষ। পৃথিবীতে অর্থাৎ অভিকর্ষের মাঝে বাস করি বলে আমাদের দেহে ৩ ধরনের পেশী অভিকর্ষের বিপরীতে কাজ করে। এদেরকে আমরা অ্যান্টি গ্র্যাভিটি পেশী বলি। এরা হলো- মেরুদণ্ডের পেশী, উরুর সামনের পেশী এবং হাঁটুর পেছনের পেশী।

অ্যান্টি গ্র্যাভিটি পেশী। ছবিসূত্র: osteopatiafirenze.com

পৃথিবীতে চলাফেরা করতে এই পেশীগুলো খুব সক্রিয় ভূমিকা পালন করে। কিন্তু মহাকাশে জিরো গ্র্যাভিটিতে চলাফেরায় এই পেশীগুলোর সক্রিয়তার তেমন দরকার হয় না। নিয়মিত ব্যায়াম না করলে এই পেশীগুলো ধীরে ধীরে কর্মক্ষমতা হারিয়ে ফেলে। একে মাসল অ্যাট্রফি (Muscle Atrophy) বলে। ফলে মহাকাশচারী যখন পৃথিবীতে ফিরে আসেন, তখন অভিকর্ষের কারণে প্রচণ্ড পেশী টান (Muscle Strain) অনুভব করেন। তাই মহাকাশচারীদের দৈনিক প্রায় ২.৫ ঘন্টা সময় ব্যায়াম করতে হয়।

একজন ব্যায়ামরত মহাকাশচারী। ছবিসূত্র: phys.org

মহাকাশচারীরা শুধু কাজই করেন না, তারা আমাদের মতোই সহকর্মীদের সাথে হাসি-ঠাট্টা-আনন্দে মেতে উঠেন। তারা অবসর সময় কাটান গান শুনে, সিনেমা দেখে, কার্ড-দাবা খেলে কিংবা বই পড়ে। তবে তাদের সবচেয়ে জনপ্রিয় বিনোদন বা আনন্দের উৎস হলো মহাকাশযানের ছোটো ছোটো জানালা দিয়ে পৃথিবীটাকে দেখা। International Space Station পৃথিবীকে ৪৫ মিনিট পর পর ঘুরে আসে বলে সেখানকার মহাকাশচারীরা ২৪ ঘণ্টায় ১৬ টি সূর্যাস্ত দেখেন! এই ব্যাপারটা তাদের অনেক ভালো লাগে। রঙ-বেরঙের আলোয় না জানি কতটা মায়াবী লাগে এই নীল গ্রহটাকে! আমাদের মতো তাদেরও সপ্তাহে দু'দিন ছুটি থাকে। ছুটিতে তারা পরিবারের সাথে যোগাযোগ করেন।

মহাকাশচারীরাও অবসর সময় কাটান গান গেয়ে, সিনেমা দেখে এবং বই পড়ে। ছবিসূত্র: formulalubvi.com

সারাদিনের কাজ তো শেষ হলো, এবার ঘুমানোর পালা। মহাকাশে কোনো 'উপর' এবং 'নিচ' নেই বলে একজন মহাকাশচারী যেভাবে ইচ্ছা সেভাবে ঘুমাতে পারেন। তবে ঘুমানোর আগে নিজেকে বেঁধে নিতে হয়, যাতে ওজনহীনতার দরুন মহাকাশচারী

ভেসে গিয়ে কোনো কিছুতে আঘাত না করেন বা নিজে আঘাতপ্রাপ্ত না হন। সাধারণত কেবিনগুলোতে ল্যাপটপ, গান শোনার ব্যবস্থা এবং হালকা আলোর ব্যবস্থা থাকে।

কর্মক্লান্ত চোখে ঘুম নেমেছে একজন মহাকাশচারীর। ছবিসূত্র: orbiterchspacenews.blogspot.com

মহাকাশচারীদের দৈনিক ৮ ঘণ্টা করে ঘুমানো বাধ্যতামূলক। এখন প্রশ্ন আসতেই পারে, মহাকাশে দিন-রাত বলে কিছুই নেই, তাহলে তারা কীভাবে ঘুমায়? আসলে সবারই ঘুমানোর একটা নির্দিষ্ট সময় বাঁধা থাকে। ঘুম থেকে ওঠার সময় হলে অটোমেটিক অ্যালার্ম বাজে। অনেকেই মহাকাশে থাকার উত্তেজনাবশত এবং মহাকাশযানের ঘূর্ণনের কারণে দুঃস্বপ্ন দেখেন, কেউ বা নাক ডাকেন বলেও জানা যায়।[4]

মহাকাশে নভোচারীরা কী খায় ? এবং কী ভাবে খায় ?

মহাকাশে খাদ্য ও পানীয়

আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে একজন নভোচারীর জন্য প্রায় ৮৩০ গ্রাম (২৯ আউন্স) প্রয়োজন প্রতিদিন খাবার প্রতি ভর (প্রায় ১২০ গ্রাম (৪.২ আউন্স) সহখাবার প্রতি প্যাকেজিং ভর)।

স্পেস শাটল নভোচারীরা পুষ্টিবিদদের সাথে কাজ করেছেন মেনু নির্বাচন করতে যা তাদের স্বতন্ত্র স্বাদের জন্য আবেদন করে। ফ্লাইটের পাঁচ মাস আগে, শাটল ডায়েটিশিয়ান দ্বারা পুষ্টি বিষয়বস্তুর জন্য মেনুগুলি নির্বাচন এবং বিশ্লেষণ করা হয়েছিল। খাদ্যগুলিকে পরীক্ষা করা হয় যে তারা হ্রাসকৃত মাধ্যাকর্ষণ পরিবেশে কীভাবে প্রতিক্রিয়া দেখাবে। ক্যালরির প্রয়োজনীয়তা একটি বেসাল এনার্জি এক্সপেণ্ডিচার (BEE) সূত্র

ব্যবহার করে নির্ধারিত হয়। পৃথিবীতে, গড় আমেরিকান প্রায় ৩৫ ইউএস গ্যালন (১৩০ লি) প্রতিদিন জল। বোর্ডে আইএসএস মহাকাশচারীরা জল ব্যবহার সীমিত করে মাত্র তিন ইউএস গ্যালন (১১ লি) প্রতিদিন।

মহাকাশে নভোচারীরা কী খান, মাধ্যাকর্ষণের অভাবে ভেসে বেড়ানো খাবার কীভাবে মুখে তোলেন, মহাকাশে নভোচারীরা কেমন জীবন কাটান, এসব নিয়েও নানা প্রশ্ন তুলছেন বহু সাধারণ মানুষ।

কিন্তু ওই খাওয়াদাওয়ার বিষয়গুলো? সেগুলো কীভাবে হবে? বিবিসির ফুড চেইন রেডিও অনুষ্ঠান এ নিয়ে কথা বলেছিল নাসার অবসরপ্রাপ্ত নভোচারী নিকোল স্টটের সঙ্গে। কী বলছেন তিনি? নিকোল স্টট বলছেন মহাকাশ স্টেশেন তার খুব পিৎজা খেতে ইচ্ছা করত "সারাক্ষণ পিৎজার কথা ভাবতাম," স্বীকার করলেন নিকোল স্টট। তার দীর্ঘ মহাকাশ কেরিয়ারে তিনি আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে দুটি আলাদা মিশনে ১০০ দিনের বেশি সময় কাটিয়েছেন। সেসময় তাকে বিশেষভাবে তৈরি খাবার খেতে হয়েছে। "দেখুন, পিৎজা মানেই ময়দার তৈরি রুটির বেসের ওপরে বেশ ঝুরঝুরে রুটির কিছু অংশ, যা চিবাতে মজা, সেইসাথে ওপরে গলা পনির আর গরম সস!" বললেন তিনি। কিন্তু মহাকাশে খাবার তৈরি করতে হয় শূন্য মাধ্যাকর্ষণ শক্তির কথা মাথায় রেখে। অর্থাৎ সেখানে রুটি থাকবে না, রুটির গুঁড়ো থাকবে না, থাকলে রুটির গুঁড়ো তো বাতাসে ভেসে বেড়াবে। কাজেই পিৎজা হবে নরম ময়দার বেস দিয়ে।

"প্রাতঃরাশে অবশ্য বিশেষ ভাবে তৈরি ডিম খাওয়া যায়, ছোট সাইজের ডিম ভাজা বা ওমলেটও দেওয়া হয়।" মহাকাশে নভোচারীরা প্রায়ই স্কুলের বাচ্চাদের মত এ ওর খাবারে ভাগ বসান।"লাঞ্চে আমাদের দেয়া হত স্যুপ। আর অন্য কিছু খাবার। তবে সব কিছু মোড়া থাকত ময়দার পাতলা রুটি দিয়ে। আর রাতে জাপানি কারি, যা খুবই সুস্বাদু আর আমার খুব পছন্দের।"

ভাসমান খাবার

শূন্য মাধ্যাকর্ষণের কারণে মহাকাশে খাওয়া বেশ কঠিন ব্যাপার, যেমনটা ভেসে বেড়ানো চকলেট খাবার চেষ্টা করছেন নভোচারী লোরেন শ্রিভার আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে কোন থালা বাটি ব্যবহার করা যায় না, কারণ সেখানে সবই শূন্যে ভেসে বেড়ায়।নভোচারীরা যেসব খাবার খায়, তা খুবই প্রক্রিয়াজাত এবং খাবারের ওজন কমানোর জন্য খাবার থেকে সব পানি শুষে বের করে নেওয়া হয়। এরপর নভোচারীরা খাবার আগে তাদের ইচ্ছা অনুযায়ী তাতে গরম বা ঠাণ্ডা পানি মিশিয়ে নরম করে নেয়।সব খাবার প্যাকেট করা থাকে, নভোচারীদের সেই প্যাকেট থালা হিসাবে ব্যবহার করতে হয় আর খাওয়ার জন্য তাদের দেয়া হয় বিশেষ চামচ।সেই চামচে হাতল

থাকে খুব লম্বা। লম্বা হাতল দিয়ে প্যাকেটের ভেতর থেকে ভাত টেনে বের করে কারির ওপর রাখতে হয়। তবে তার জন্য বেশ কসরৎ করতে হয়। ভাতের সাথে কারি মেশাতে গেলে কারির ফোঁটাগুলো ভেসে বেড়ায়," মিজ স্টট বললেন।

কিন্তু ভেসে বেড়ানো খাবার খাওয়া তো কঠিন। নিকোলা স্টট কীভাবে খাওয়াটা রপ্ত করেছিলেন? "ভাসমান খাবার খাওয়া কিন্তু বেশ মজার ব্যাপার। আমরা চামচে খাবার নিয়ে একে অপরের দিকে ছুঁড়ে দিতাম কিংবা চামচে করে খাবার শূন্যে ছুঁড়ে দিয়ে তা মুখের ভেতর লুফে নিতাম। বেশ মজাই লাগত।"

মহাকাশে জল

মহাকাশ স্টেশনে নভোচারীদের জন্য খাবার পাঠানোর আগে খাবারের ওজন কমানোর জন্য খাবার থেকে জল বের করে সেগুলো শুকনো করে ফেলা হয় মহাকাশে নিজের শরীরকে আর্দ্র রাখা খুবই জরুরি। কিন্তু মহাকাশে জল আসবে কোথা থেকে ? নভোচারীরা পৃথিবী থেকে অবশ্যই কিছু জল সঙ্গে নিয়ে যান। আর বাকিটা আসে পুনর্ব্যবহারযোগ্য করে তোলা জল থেকে।

মহাকাশযানের জ্বালানি কক্ষ থেকে, বাতাসের আর্দ্রতা থেকে এমনকি প্রস্রাব থেকেও পুনরায় ব্যবহারযোগ্য জল তৈরি করা হয় । শুনলে হয়ত নাক সিঁটকাতে ইচ্ছা হবে, কিন্তু নাসা দাবি করছে এই রিসাইকেল করা জল আমরা পৃথিবীতে যে জল খাই তার থেকেও অনেক পরিষ্কার।

মহাকাশে স্বাস্থ্য চ্যালেঞ্জ

নভোচারীদের খাদ্য গ্রহণ এবং তাদের পুষ্টির বিষয়টা অবশ্যই কঠিন একটা চ্যালেঞ্জ। মহাকাশ ভ্রমণ নভোচারীর শরীরে যে বড়ধরনের প্রভাব ফেলে তা মোকাবেলা করতে তাদের পুষ্টিযুক্ত খাবারের ভারসাম্য বজায় রাখা উচিত।"আমাদের শরীর দ্রুত বুড়িয়ে যায় মহাকাশ যাত্রায়," বলছেন নাসার প্রধান পুষ্টিবিদ স্কট স্মিথ। তিনি বলছেন মহাকাশ ভ্রমণে ওজন হ্রাস এবং হাড়ের ক্ষয় স্বাস্থ্যের জন্য বড় সমস্যা।"আমরা জানি ফ্লাইটে মানুষের ওজন কমে যায়। আমরা জানি পৃথিবীতে খাবার খেলে সেটা পেটে যেভাবে স্থায়ী হয়, অর্থাৎ পেট ভরার যে অনুভূতিটা হয়, মহাকাশে সেটা হয় না। তারা বুঝতে পারে না কতটা খেয়েছে বা পেট কতটা ভরেছে। তাই নভোচারীদের আইপ্যাড অ্যাপ দেয়া হয় যাতে তারা কী খাচ্ছে, কী পরিমাণ খাচ্ছে তার হিসাব রাখতে পারে।"

মহাকাশে অন্য বড় স্বাস্থ্য সমস্যা হতে পারে হাড়ের ক্ষয়জনিত।"নারীদের মেনোপজ বা রজোনিবৃত্তির পর হাড়ের যে ক্ষয় হয়, মহাকাশ ভ্রমণে নভোচারীদের হাড়ের ক্ষয় হয় তার দশ গুণ বেশি হারে," বলেন মি. স্মিথ।ফলে শরীর সুস্থ রাখার জন্য

নভোচারীদের সঠিক পরিমাণে পুষ্টিকর উপাদান, শর্করা, প্রোটিন, ভিটামিন এবং খনিজ খাওয়া খুবই জরুরি। এতে শারীরিক স্বাস্থ্যের পাশাপাশি মানসিক স্বাস্থ্যও ভাল থাকে।"যখনই কোন মহাকাশযান স্পেস স্টেশনে যায়, আমরা ছোট প্যাকেট করে তাজা ফল, সব্জি, কমলা, আপেল, বেরি জাতীয় ফল এসব পাঠাই। সেগুলো বেশিদিন তাজা থাকে না। কিন্তু সেগুলো হাতে পেলে নভোচারীরা মানসিকভাবে ভাল বোধ করেন।"

রুশ নভোচারী আলেক্সি অভচিনিন ২০১৬য় মহাকাশ মিশন শেষ করে পৃথিবীর সাটি স্পর্শ করার পরই তার হাতে তরমুজ তুলে দেয়া হয়। মহাকাশে তিনি তরমুজ মিস করছিলেন । মি. স্মিথ বলছেন, আমাদের ধারণা যাই থাকুক না কেন, মহাকাশে কিন্তু নভোচারীরা ভালই খাবারদাবার পান।"আমার মনে পড়ে না মহাকাশে খাবার নিয়ে আমি কখনও মন খারাপ করেছি।"

স্পেস স্টেশনে যখন খাবারের সরবরাহ নিয়ে মহাকাশযান যায়, তখন নভোচারীদের পরিবাররাও খাবার দাবার পাঠান।নিকোলা স্টটের স্বামী তাকে চকলেট পাঠিয়েছিলেন। অন্য নভোচারীরাও তাদের পরিবারের কাছ থেকে ওয়াইন, বিশেষ মাছ পেয়েছিলেন। এসব তারা ভাগাভাগি করে খেয়েছেন।আর নভোচারীরা যদি কোন একটা খাবার বিশেষভাবে খেতে চান, সেটা মিস করেন, তারা ফেরত আসার সাথে সাথেই তাদের সেই খাবার দেবার ব্যবস্থা করা হয়।

রুশ নভোচারী আলেক্সি অভচিনিন ২০১৬ সালে মহাকাশ অভিযান শেষ করে পৃথিবীতে পা রাখার সাথে সাথেই তাকে তরমুজ খেতে দেয়া হয়েছিল।নাসা ভবিষ্যতের মহাকাশ অভিযানে নতুন খাবারের প্যাকেজ উদ্ভাবনের জন্য যৌথভাবে কাজ শুরু করে দিয়েছে কানাডার মহাকাশ সংস্থার সাথে।মি. স্কট বলছেন এই যৌথ প্রকল্প মহাকাশে খাওয়ার চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন মাত্রা যোগ করবে বলে তারা আশা করছেন।

মহাকাশে পোশাক

মহাকাশে যেতে হলে মহাকাশের পরিবেশের সঙ্গে খাপ খাওয়ানো মহাকাশের পোশাক 'স্পেস সুট' পরতেই হবে। পৃথিবীর বুকে আমরা যে পোশাক পরে ঘুরি ফিরি, মহাকাশে তা চলবে না। পৃথিবী থেকে যাত্রা শুরুর পর রকেট যখন দ্রুতগতিতে ওপরে ওঠে, মহাকাশযানের প্রকোষ্ঠে বসে থাকা মহাকাশচারীর শরীর ভারী হয়ে যায় তিনগুণ। তখন মাধ্যাকর্ষণ বেড়ে হয় '৩ জি'। '১জি' সমান ভূপৃষ্ঠের মাধ্যাকর্ষণে একটি বস্তুর যা ওজন তাই। মাধ্যাকর্ষণ বেড়ে যাওয়া ছাড়াও মহাকাশে মানবদেহকে বিশেষভাবে প্রভাবিত করে তাপমাত্রা, চাপ ও বিকিরণ।

মহাকাশে শরীরের ওপর এইসব প্রতিকূল প্রতিক্রিয়ার মোকাবিলা করতে হলে স্পেস

সুট-এর বিকল্প নেই। দীর্ঘ মহাকাশ পর্যটনের একমাত্র এই পোশাক যাত্রা শুরুর পর থেকে ফিরে না আসা পর্যন্ত শরীরকে একটা নির্দিষ্ট চাপে একটানা এমনভাবে রাখবে, যাতে মহাকাশযানের ভেতরে থাকতে অস্বস্তি না হয় এবং স্বাভাবিক কাজকর্ম করা যায়। এ ছাড়া স্পেস সুটে থাকে শ্বাসপ্রশ্বাসের জন্য অক্সিজেনের সরবরাহ, শরীরের প্রয়োজনীয় তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ এবং মহাজাগতিক বিকিরণ থেকে শরীরকে রক্ষা করার ব্যবস্থা।

সাধারণত, ছ'টি স্তরে নমনীয় পদার্থ জুড়ে স্পেস সুট তৈরি হয় । প্রথম দুই স্তরে থাকে 'বিটা ক্লথ' যা কাচতন্তু দিয়ে বোনা। এই কাপড় আগুনে পোড়ে না। তবে আগুনের উত্তাপ ৮০০ ডিগ্রি সেন্টিগ্রেড ছাড়িয়ে গেলে গলে যায়। তৃতীয় স্তরে থাকে উচ্চতাপ সহনশীল নাইলন। চতুর্থ স্তরও নাইলনের। বিশেষ ধরনের এই নাইলনের স্তরের জন্য স্পেস সুট কখনও ফুলে থাকে না। পঞ্চম ও ষষ্ঠ স্তরও নাইলন দিয়ে তৈরি। পঞ্চম স্তরের নাইলনে থাকে রবারের আস্তরণ। ষষ্ঠ স্তরের নাইলন গুণগত বিচারে তৃতীয় স্তরের মতোই হয়।

স্পেস সুটে অক্সিজেন সরবরাহের ব্যবস্থা থাকে পিঠের দিকে লাগানো 'ব্যাক প্যাক'-এ। অনেক মহাকাশযানে আবার সরাসরি অক্সিজেন ট্যাঙ্ক থেকে মহাকাশচারীদের থাকার বা কাজ করার ঘরে অক্সিজেন সরবরাহ করা হয়। তাপমাত্রা নিয়ন্ত্রণ করা হয় স্পেস সুটের দুই স্তরের মধ্য দিয়ে জল প্রবাহিত করে। সুটের হেলমেট এমন ধাতব আস্তরণ দিয়ে তৈরি যা সৌরতাপ ও সৌরবিকিরণকে প্রতিফলিত করতে সক্ষম। আর, জোড়া লাগানো ছ'টি স্তর দেহকে রক্ষা করে মহাজাগতিক বিকিরণ থেকে। এ ছাড়া, স্পেস সুটে থাকে শরীরের ওপর চাপ কমানো বা বাড়ানোর ব্যবস্থা, কার্বন ডাইঅক্সাইড নির্গমনের নল ও শরীরের জলীয় বর্জ্য পদার্থ বের করার ব্যবস্থা।

এতক্ষণ যে স্পেস সুটের কথা বলা হল, তা হ্যামিলটন স্ট্যাণ্ডার্ড মেনে তৈরি স্ট্যাণ্ডার্ড প্রেসার সুট। অ্যাপোলো অভিযানের মহাকাশচারীদের জন্য এরকম একটা স্পেস সুটের তখন দাম পড়েছিল চার লক্ষ ডলার। পরে এর আরও উন্নতি হয়। স্ট্যাণ্ডার্ড প্রেসার সুটের বদলে মহাকাশযাত্রীদের পরবর্তী সময়ে পোশাক হয়েছে 'প্ল্যানেটরি ইভা সুট'।

নতুন ধরনের এই স্পেস সুট আরও শক্তপোক্ত। এই সুটের সঙ্গে লাগানো ব্যাকপ্যাক মহাকাশচারীকে অক্সিজেন সরবরাহ করা ছাড়াও, দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ এবং কথাবার্তার মাধ্যমে যোগাযোগ রক্ষায় সাহায্য করে। এক কথায় এই ব্যাকপ্যাকে থাকে ' পোর্টেবল লাইফ সাপোর্ট সিস্টেম '। ইভা সুট পরার আগে বিশেষ ধরনের একটি পোশাক পরে নিতে হয়। এই পোশাকের নাম, 'লিকুইড কুলিং গার্মেন্ট'। শরীর ঠাণ্ডা

রাখার বিশেষ ব্যবস্থা আছে এই পোশাকে। ইভা সুটের জুতো পরে ১২০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় উত্তপ্ত বস্তুর ওপর দিয়ে অনায়াসে হাঁটা যাবে। এই সুটের দস্তানা পরে হাত দিয়ে ধরা যাবে যে কোনও উত্তপ্ত বস্তু। হাত পুড়বে না। কথার মাধ্যমে যোগাযোগ রাখার জন্য মাইক্রোফোন লাগানো থাকবে সুটের হেলমেটে। এভাবেই যত দিন যাচ্ছে, মহাকাশের পোশাক হয়ে উঠছে আরও আধুনিক, প্রযুক্তির বিচারে আরও উন্নত। পোশাকের বাহুল্য ও ওজনও কমছে।

প্রযুক্তির ব্যবহারে অত্যাধুনিক স্পেস সুট অনেক সময় প্রাণসংশয়ও করে তোলে। কিছুদিন আগে এরকম একটি ঘটনা আন্তর্জাতিক স্পেস স্টেশনে ঘটেছিল। ইতালির মহাকাশবিজ্ঞানী লুকা পারমিতানো স্পেস স্টেশনের একটি সমস্যা সমাধানে স্টেশনের বাইরে এসে কাজ করছিলেন। সঙ্গে ছিলেন আর এক বিজ্ঞানী ক্রিস্টোফার ক্যাসিডি। কাজ করতে করতে হঠাৎ লুকা দেখেন, চোখের সামনে ভেসে যাচ্ছে জলের বিন্দু। অনুভব করেন, মাথার পেছনটা ভেজা ভেজা লাগছে। চোখের পলকে নাকে মুখে জল ঢুকে তৈরি হয় দমবন্ধকর পরিস্থিতি। জলের জন্য বিচ্ছিন্ন হয়ে যায় বেতার যোগাযোগ। এদিকে, হেলমেট খোলার উপায় নেই। শ্বাস নিতে পারবেন না। ক্যাসিডি অবস্থাটা আঁচ করে স্পেস স্টেশনের অন্দরমহলে খবর পাঠিয়ে কোনওক্রমে লুকাকে স্টেশনের ভেতরে নিয়ে গিয়ে স্পেস সুট ও হেলমেট খুলে সুস্থ করে তোলেন। স্পেস সুটের ভেতরে লাগানো 'ওয়াটার ব্যাগ' হঠাৎ ফুটো হয়ে যাওয়াতেই এই বিপত্তি।[7]

আমেরিকার নভোচারীরা বর্তমানে মহাকাশ অভিযানের জন্য যে পোশাক পরেন, ১৯৮১ সালের পর নতুন করে পুরোপুরি তার ডিজাইন আর বদল করা হয়নি। এখন নতুন স্পেসস্যুটের যে ডিজাইন দেওয়া হয়েছে, তা নারী নভোচারীদেরও পরতে সুবিধা হবে বলে বলা হচ্ছে। এই পোশাক যদি ছাড়পত্র পেয়ে যায়, তাহলে আর্টেমিস থ্রি মহাকাশ মিশনে নভোচারীরা যাবেন এই পোশাক পরেই।

মহাকাশে আবর্জনা

মহাকাশ আবর্জনা কি?

মহাশূন্যে পৃথিবীর কক্ষপথে মানুষের প্রেরিত কোন মহাকাশযান বা উপগ্রহের ধ্বংসাবশেষ অথবা ইচ্ছা বা আনিচ্ছাকৃতভাবে মানুষের রেখে আসা যন্ত্রাংশই স্পেস জাঙ্ক, বা মহাকাশ আবর্জনা। এটি যেমন উপগ্রহের মত বিশাল আকৃতির কয়েকশো কেজি ভরের একটি বস্তু হতে পারে তেমনি একটি সাধারণ ক্ষুদ্র স্ক্রু, নাট-বোল্ট, কাঁচের টুকরাও হতে পারে। বিজ্ঞানীরা এই অব্যবস্থাপনাকে মহাকাশ দূষণ বলে আখ্যায়িত করেছেন।[9]

চিত্র - পৃথিবীর চারপাশে জালের মতো ছড়িয়ে (আবর্জনা) অকেজ স্যাটেলাইট ও রকেটের টুকরোগুলি

চমকে উঠলেন নাকি? চমকে ওঠার মতই একটি খবর জানালেন বিজ্ঞানীরা, তাঁরা বলছেন যে মহাকাশে আবর্জনার পরিমাণ দিন দিন বাড়ছে। অসংখ্য অকেজ কৃত্রিম উপগ্রহ, ভাঙ্গা বাতিল অকেজ স্যাটেলাইট ও রকেটের টুকরোগুলি ক্রমাগত পৃথিবীর চারপাশে ঘুরছে আর সেই সঙ্গে বাড়ছে মহাকাশের আবর্জনার পরিমাণও। আন্তর্জাতিক মাহাকাশ কেন্দ্রের "আই.এস.এস" গত ১৪ বছর ধরে ভূপৃষ্ঠ থেকে ৪০০ কিলোমিটার উচ্চতায় ঘণ্টায় ২৮০০ কিলোমিটার গতিতে পৃথিবীকে পরিক্রমণ করে চলেছে। এই সব মহাকাশযান বা স্যাটেলাইটের সব থেকে বড় বিপদের কারন হল মহাকাশের "ডেব্রিস" অর্থাৎ বাতিল বা অকেজ স্যাটেলাইটের টুকরো। এই সব টুকরোগুলি ক্রমাগত মহাকাশে ঘুরপাক খাচ্ছে কারন এদের গতি রোধ করার মত মহাকাশে কোনো বাতাস নেই। অতি ছোটো ধাতব টুকরো গুলিও মহাকাশযানের বহিঃআবরনকে ফুটো করে দিতে পারে এবং ঘটাতে পারে বড়ো বিপদ। বিজ্ঞানীদের মতে যদি এই সমস্ত অকেজ কৃত্রিম উপগ্রহ, ভাঙ্গা বাতিল অকেজ স্যাটেলাইট ও রকেটের টুকরোগুলিকে মহাকাশ থেকে না সরানো যায় তাহলে মহাকাশে আবর্জনার পরিমাণ মারাত্মক রকমের বেড়ে যাবে এবং সক্রিয় স্যাটেলাইগুলির নিজের কক্ষপথে থাকা কঠিন হয়ে পড়বে কারন এই ভাঙ্গা বাতিল ডাকেজ স্যাটেলাইট ও রকেটের টুকরোগুলি পৃথিবীকে জনের মত জড়িয়ে রেখেছে।

তবে বিজ্ঞানীরা এই অকেজ স্যাটেলাইট ও রকেটের টুকরোগুলিকে সরিয়ে আনার একটি উপায়ের কথা জানিয়েছেন, "ডেওস অভিযানে এই ডেওস হল একটি সাঁড়াশি, এই সাঁড়াশির হাত দিয়ে নড়বড়ে স্যাটেলাইগুলিকে ধরে আগে ডাকে স্থিতিশীল

করতে হবে তারপর তাকে ভূপৃষ্ঠে পতনের ব্যাবস্থা করতে হবে। যদি কোনো মহাকাশে দুর্ঘটনায় পড়ে তবে তাকেও এভাবে ধরা ও মোরামত করা যাবে এবং কক্ষপথ থেকে সরিয়ে নিয়ে আসা সম্ভ হবে।" এর ফলে মহাকাশ বিজ্ঞানীরাও নিশ্চিন্তে কাজ করতে পারবেন।

চাদে প্রথম আধঘণ্টা

চাঁদের জমিকে নিয়ে বিজ্ঞানীদের কত যুগ ধরে কত প্রশ্ন, কত জিজ্ঞা স্বভাবতই পৃথিবীর বিজ্ঞানীরা চাঁদে প্রথম অভিযাত্রীদের মুখ থেকে তাদের জমি সম্বন্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতার বর্ণনা শোনার জন্যে উন্মুখ হয়ে ছিলেন ।

আর্মস্ট্রং বেভারে জানাতে থাকেন, চাঁদের যে জমির ওপর তিনি পা রেখেছেন, তার ওপরটায় খুব মিহি এবং পাউডারজাতীয় বস্তু ছড়ানো রয়েছে। তাঁর জুতোর গোড়ালির সাহায্যে তিনি সেই বস্তুকে খুব আলতোভাবে তুলেও নিতে পারছেন। জুতোর শুকতলায় এবং দুপাশে কয়লার গুড়োর মত চাঁদের মৃত্তিকার মিহি গুর জমে উঠছে। ভিজে বালির মধ্যে পা যেভাবে বসে যায়, ঠিক তেমনি তাঁর পা চাঁদের জমিতে আধ সেন্টিমিটারের মত বসে যাচ্ছে। তাঁর জুতোর ছাপটা তিনি স্পষ্টভাবে দেখতে পাচ্ছেন। চাঁদের অভিকর্ষ-পৃথিবীর অভিকর্ষ বলের ১/৮ ভাগ হওয়া সত্ত্বেও হাঁটাচলা করতে তাঁর কোন অসুবিধা হচ্ছে না। যেন মাঝে মাঝে পিছলে পড়ার উপক্রম হচ্ছে। তবে পা-টা

আর্মস্ট্রং এবারে চন্দ্রযানকে পরীক্ষা করেন। দেখা গেল, চন্দ্রযান নামার সময় কোনরকমভাবে ক্ষতিগ্রস্ত হয়নি এবং নামার জায়গাতে জ্বলন্ত গ্যাসের স্রোতের ঝাপটায় কোন গভীর গর্তও তৈরি হয়ে বসে নি। চন্দ্রযান চাঁদের জমিতে নামার সময় যদি জমির ওপর লম্ব অবস্থা থেকে পনের ডিগ্রির চেয়ে বেশি হেলে নামত, তাহলে চন্দ্রযান চাঁদ থেকে আর কখনোই উঠে আসতে পারত না। অভিযাত্রীরা চাঁদের মাটিতেই বন্দী হয়ে পড়তেন। চন্দ্রযান চাঁদের মাটিতে লম্ব অবস্থা থেকে ৪ ডিগ্রি হেলে নেমেছিল।

চাঁদে নামার পরেই পাছে কোন আকস্মিক দুর্ঘটনার জন্যে চন্দ্রযানকে চাঁদ ছেড়ে উঠে আসতে হয়, তাই চাঁদে নেমেই চাঁদের কিছু পাথর এবং মৃত্তিকার নমুনা সংগ্রহ করে নেবার নির্দেশ ছিল আর্মস্ট্রং-এর ওপরে।

মহাকাশে আইন-কানুন (space law)

মহাকাশ আইন, আন্তর্জা তিক আইনের প্রবিধানের অংশ যা পৃথিবীর নিম্ন বায়ুমণ্ডলের উপরে স্থানের ক্ষেত্রগুলিতে এবং সম্পর্কিত আচার পরিচালনা করে।

মহাকাশ আইনের বিবর্তন শুরু হয়েছিল মার্কিন প্রেসিডেন্ট ডোয়াইট ডি.

আইজেনহাওয়ারের ধারণার প্রবর্তনের মাধ্যমে।জাতিসংঘ 1957 সালে, নিরস্ত্রীকরণ আলোচনার সাথে সম্পর্কিত । 1957 সালে সোভিয়েত স্যাটেলাইট স্পুটনিক 1 এবং 1958 সালে ইউএস স্যাটেলাইট এক্সপ্লোরার 1 এর সফল উৎক্ষেপণের পর , মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউএসএসআর উভয়ই আন্তর্জাতিক মহাকাশ নীতির উন্নয়নে সক্রিয় আগ্রহ নিয়েছিল। এটা প্রতিষ্ঠিত হয় যে ঐতিহ্যগত আইনসার্বভৌমত্ব যে কোনও জাতিকে নিজের জন্য জনবসতিহীন এবং অসভ্য জমি দাবি করার অনুমতি দেয় মহাকাশ অঞ্চলগুলিতে কার্যকর নয় এবং যে দেশগুলি তাদের আধিপত্যের সীমানা তাদের উপরের মহাকাশ অঞ্চলগুলিতে অনির্দিষ্টকালের জন্য প্রসারিত করতে পারে না। 1959 সালে একটি স্থায়ীমহাকাশে জাতিসংঘের সনদ এবং অন্যান্য আন্তর্জাতিক আইন বজায় রাখার উদ্দেশ্যে আউটার স্পেস কমটি গঠিত হয়েছিল, যা শান্তিপূর্ণ অনুসন্ধানের পথ খুলে দিয়েছিল।1963 সালেপারমাণবিক পরীক্ষা নিষেধাজ্ঞা চুক্তি স্বাক্ষরিত হয়, এর পরে মহাকাশে পারমাণবিক অস্ত্র পরীক্ষা নিষিদ্ধ করার জন্য আউটার স্পেস কমিটির রেজুলেজু শনের মাধ্যমে। পরবর্তীতে একই বছর জাতিসংঘের সাধারণ পরিষদের ঘোষণাপত্রে মহাকাশ উন্নয়নে একটি অবাধ আন্তর্জাতিক আগ্রহের স্বীকৃতি দেওয়া হয় এবং আন্তর্জাতিক আইনের লঙ্ঘন এবং এর ফলে যে কোনো ধ্বংসের মোকাবিলা করার জন্য প্রতিটি জাতিকে স্বতন্ত্র দায়িত্ব অর্পণ করার নিয়মগুলিকে রূপরেখা দেওয়া হয়। সংকট পরিস্থিতিতে সমস্ত মহাকাশচারীদের সুরক্ষার জন্য আন্তর্জাতিক সহযোগিতার সুপারিশ করা হয়েছিল।

1967 সালে একটিমহাকাশ চুক্তিজাতিসংঘে 63 জন অংশগ্রহণকারী দ্বারা অনুমোদিত হয়েছিল। এই চুক্তিটি আন্তর্জা তিক মহাকাশ পরিচালনার জন্য পূর্ববর্তী সমস্ত নির্দেশিকা পুনরুদ্ধার করেছে। উপরন্তু, এটি কিছু সামরিক কার্যকলাপ নিষিদ্ধ করেছে, যেমন মহাকাশে এবং মহাকাশীয় বস্তু গুলিতে গণবিধ্বংসী অস্ত্র স্থাপন; প্রতিটি রাষ্ট্রের মালিকানা এবং তার স্পেস প্রজেক্টাইল এবং উপাদানগুলির জন্য দায়িত্ব প্রতিষ্ঠা করে; স্থান এবং পার্থিব পরিবেশ সুরক্ষায় সাধারণ অংশগ্রহণের আহ্বান জানান; এবং অন্যদের দ্বারা প্রতিটি রাষ্ট্রের কার্যকলাপ এবং ইনস্টলেশনের খোলা পর্যবেক্ষণ এবং পরিদর্শনের জন্য প্রদান করা হয়েছে। এই নথিটি আন্তর্জা তিক মহাকাশ আইনের উন্নয়নে একটি যুগান্তকারী হিসাবে উল্লেখ করা হয়েছে; জাতিসংঘ কর্তৃক উত্পন্ন পরবর্তী অধিকাংশ মহাকাশ-আইন চুক্তির মতো, এটি আজও অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে কার্যকর রয়েছে। এই চুক্তিটি 1968 সালে একটি দ্বারা অনুসরণ করা হয়েছিলমহাকাশচারীদের উদ্ধার ও প্রত্যাবর্তনের চুক্তি এবং মহাকাশে উৎক্ষেপিত বস্তুর প্রত্যাবর্তন, যা মহাকাশে মানুষের সুরক্ষার জন্য আন্তর্জা তিক অঙ্গীকারকে শক্তিশালী করেছে, প্রতিটি দেশকে তার সরঞ্জাম পুনরুদ্ধারের জন্য অর্থনৈতিক দায়িত্ব অর্পণ করেছে এবং প্রতিটি মহাকাশ

শক্তির নিয়ন্ত্রণ নিশ্চিত করেছে। এটি চালুকরা যানবাহনের উপর। আরেকটি গুরুত্বপূর্ণ চুক্তি, 1972 মহাকাশ বস্তু দ্বারা সৃষ্ট ক্ষয়ক্ষতির জন্য আন্তর্জাতিক দায়বদ্ধতার কনভেনশন, মহাকাশ বস্তুর দ্বারা সৃষ্ট ক্ষতির জন্য ক্ষতি পুনরুদ্ধারের বিষয়ে বিস্তারিত নিয়ম নির্ধারণ করে।

যদিও আন্তর্জা তিক কূটনীতি গ্রহণযোগ্য স্থান আচরণের কোডিফিকেশনে সক্রিয় ভূমিকা পালন করে চলেছে, বেশ কয়েকটি বিষয় বিতর্কের বিষয়বস্তু রয়ে গেছে। যেহেতু জাতিগুলিকে মহাকাশ অঞ্চলগুলিতে দাবি করা নিষিদ্ধ করা হয়েছে, উদাহরণস্বরূপ, ব্যবহারযোগ্য সংস্থানগুলির বন্টন নিয়ন্ত্রণকারী নিয়মগুলি প্রতিষ্ঠা করার প্রয়োজন রয়েছে যা স্থান শেষ পর্যন্ত সরবরাহ করতে পারে। উপরোক্ত বায়ুর উপর প্রতিটি দেশের নিয়ন্ত্রণের পরিমাণ নির্ধারণের জন্য একটি পদ্ধতিতে একমত হতে হব।

সরকারী ও বেসরকারী ক্রিয়াকলাপের ক্রমবর্ধমান অ্যারের জন্য মহাকাশের বিকাশও মহাকাশ আইনের জন্য উল্লেখযোগ্য চ্যালেঞ্জ তৈরি করে। মহাকাশ আইনের উপর ভিত্তি করে চুক্তিগুলি এমন এক সময়ে প্রণয়ন করা হয়েছিল যখন সরকারগুলি মহাকাশের কার্যকলাপে আধিপত্য বিস্তার করেছিল এবং বাণিজ্যিক মহাকাশ উদ্যোগগুলি সবেমাত্র শুরু হয়েছিল। এই চুক্তিগুলি 21 শতকের জন্য পর্যাপ্ত এবং উপযুক্ত কিনা তা পর্যালোচনার প্রয়োজন।

বর্তমান মহাকাশ আইনের বিভিন্ন বিধান মহাকাশে সামরিক ক্রিয়াকলাপকে সীমিত করে, তবে এখনও মহাকাশের সামরিক ব্যবহার নিয়ন্ত্রণ করার সামগ্রিক কাঠামো নেই। মহাকাশ অস্ত্রের বিকাশ বা বিকল্পভাবে, মহাকাশকে অস্ত্রমুক্ত পরিবেশ রাখার জ্ঞান আলোচনার জন্য আরেকটি বিষয়।

মহাকাশ অভিযানে বিপদ

মহাকাশ এক প্রচণ্ড বিপজ্জনক জায়গা। আর, মহাকাশ অভিযানে প্রতি পদক্ষেপেই আছে বিপদের আশঙ্কা। মানুষ নিজের বুদ্ধি ও দক্ষতা দিয়ে যতই চেষ্টা করুক না কেন, প্রতিটি অভিযানের যে কোনও পর্যায়ে বিপদের মুখোমুখি হবার সম্ভাবনা থাকে। এই বিপদের ফলে হয় দুর্ভাগ্যজনক দুর্ঘটনা।

কতরকমের কারণে যে দুর্ঘটনা ঘটে। কখনও মহাকাশযান রকেট থেকে ঠিক সময়ে বিচ্ছিন্ন হয় না। কখনও উৎক্ষেপণের পর যন্ত্রপাতি বিগড়ে যায়। আবার, অবতরণের সময়ে জলে ডুবে যায় 'ল্যাণ্ডিং ক্যাপসুল'। এ ছাড়া অভিযানের প্রস্তুতির সময়েও দুর্ঘটনা হয়। এরকম একটা দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল পৃথিবীর প্রথম মহাকাশচারী ইউরি গ্যাগারিনের।

ঘটনাটা খুবই হৃদয়বিদারক। দ্বিতীয়বার মহাকাশে যাবার জন্য গ্যাগারিন তখন প্রশিক্ষণ নিচ্ছিলেন। কথা ছিল, 'সায়ুজ-৩' মিশনে যাবেন। এর জন্য প্রশিক্ষণ চলছিল 'মিগ-১৫' জেট ট্রেনারে চড়ে। একদিন আচমকা প্লেনটা উড়ন্ত অবস্থায় ভেঙে পড়ে।

মহাকাশ অভিযানের ইতিহাসে প্রথম মহাকাশচারীর মৃত্যু কিন্তু মহাকাশে হয়নি। হয়েছিল, আমেরিকার কেপ কেনাভেরাল উৎক্ষেপণ কেন্দ্রে। 'স্যাটার্ন-২০৪' রকেট দিয়ে 'অ্যাপোলো-১' মিশনের জন্য লঞ্চিং প্যাডে মহড়া চলছিল। হঠাৎ সেখানে আগুন ধরে যায়। আগুনে পুড়ে মারা যান তিন মহাকাশচারী। তারিখ ছিল ১৯৬৭-র ২৭ জানুয়ারি। এর তিন মাস পর ২৩ এপ্রিল অভিযান চলাকালীন মহাকাশে প্রথম মৃত্যু হয় এক মহাকাশচারীর। অভিযানটি ছিল রাশিয়ার।

আজ পর্যন্ত মহাকাশ অভিযানে যেসব মর্মান্তিক দুর্ঘটনা ঘটেছে এবং প্রাণহানি রয়েছে মহাকাশচারীর, তার মধ্যে স্পেস শাটল 'চ্যালেঞ্জার'-এর দুর্ঘটনা সারা পৃথিবীর নজর কেড়েছিল।

দিনটি ছিল ১৯৮৬-র ২৮ জানুয়ারি। ভোরবেলা। পরিষ্কার দিন। ঝকঝকে আকাশ। কনকনে ঠাণ্ডা চারদিকে। আমেরিকার স্পেস শাটল চ্যালেঞ্জার-কে মহাকাশে পাঠানো হবে। উৎক্ষেপণ কেন্দ্রে জমায়েত হয়েছেন সাংবাদিক, ক্যামেরাম্যান, উৎসাহী দর্শক, মহাকাশবিজ্ঞানী ও প্রযুক্তিবিদরা। কাউন্টডাউন শেষ হতেই মাটি কাঁপিয়ে প্রচণ্ড গর্জনে কমলা রঙের ধোঁয়া ছাড়তে ছাড়তে চ্যালেঞ্জারকে নিয়ে ঊর্ধ্বাকাশে উঠে গেল শক্তিশালী রকেট। কিন্তু উৎক্ষেপণের ৭৩ সেকেণ্ড পর মেঘের আড়ালে যাওয়ার আগেই এক প্রচণ্ড বিস্ফোরণে টুকরো টুকরো হয়ে সমুদ্রের বুকে ভেঙে পড়ল স্পেস শাটলটি। প্রাণ হারালেন আমেরিকার সাত মহাকাশচারী।

উৎক্ষেপণের পর-মুহূর্তেই চ্যালেঞ্জারের এই দুর্ঘটনার সংবাদ শুনে স্তম্ভিত হয়ে গিয়েছিল সারা পৃথিবীর মানুষ। তদন্ত করে দেখা যায়, চ্যালেঞ্জারের ডানদিকের কঠিন জ্বালানির বুস্টার রকেটের একটি জোড় খুলে যাওয়াই এই দুর্ঘটনার কারণ।

খতিয়ে দেখলে নজরে আসে, সেই স্পুটনিক উৎক্ষেপণের পর থেকে আজ পর্যন্ত যত মহাকাশ অভিযান হয়েছে, তাতে দুর্ঘটনা হয়েছে অজস্রবার। তাও তো তৎকালীন সোভিয়েত রাশিয়ায়, যখন আমেরিকার সঙ্গে ঠাণ্ডা যুদ্ধ। চলছিল, অনেক দুর্ঘটনা ঘটার পর দ্রুত ধামাচাপা দেওয়া হত। এসব দুর্ঘটনার বিশদ বিবরণ অন্য কোনও দেশকে রুশ সরকার জানতে দেয়নি। খুব সম্ভবত আমেরিকার কাছে মর্যাদাহানি হওয়ার ভয়েই এই গোপনতা।

পরিসংখ্যান বলে, ২০০৪ সালের নভেম্বর মাস পর্যন্ত পৃথিবীর ৪৩৯ জন মানুষ মহাকাশে গিয়েছিলেন। এর মধ্যে ২৭৭ জন আমেরিকার। রাশিয়ার ৯৬ জন। অন্যান্য

সব দেশ মিলিয়ে সংখ্যাটা ৬৬। এর মধ্যে ২২ জন মহাকাশচারীর মৃত্যু হয়েছে বিভিন্ন অভিযানের বিভিন্ন পর্যায়ে। বেশি সংখ্যায় মৃত্যু হয়েছে আমেরিকার মহাকাশচারীর।

অনেক ক্ষেত্রে অভিযান চলাকালীন বিপদের মোকাবিলা করে নিশ্চিত মৃত্যুর মুখোমুখি হয়ে বেঁচে ফিরে এসেছেন মহাকাশচারীরা। যেমন হয়েছিল, মহাকাশে যাত্রীবিহীন রকেট 'এজেনা'র সঙ্গে 'জেমিনি-৮' ডকিং করানোর পর।

মহাকাশে যখন দু'টি রকেট বা মহাকাশযানের ডকিং করার মহড়া শুরু হয় তখন ঘটেছিল এটা। ১৯৬৬-র মার্চে আমেরিকার দুই মহাকাশচারী জেমিনি-৮এ চেপে মহাকাশে যান। ওদের ওপর দায়িত্ব ছিল মহাকাশে আগে পাঠানো যাত্রীবিহীন রকেট এজেনার সঙ্গে জেমিনি-৮-এর ডকিং করানোর। পরিকল্পনা অনুযায়ী সাফল্যের সঙ্গে ডকিং করানোর পর হঠাৎ সংযুক্ত অবস্থায় দু'টি মহাকাশযান নিয়ন্ত্রণ হারিয়ে লাটুর মতো ঘুরতে শুরু করে। ওই ভয়ংকর বিপদের মুখোমুখি হয়ে সেদিন দুই মহাকাশচারী নিজেদের বুদ্ধি না হারিয়ে মাথা ঠাণ্ডা রেখে সঙ্গে সঙ্গে দু'টি রকেটের ডকিং ছিন্ন করে দেওয়ায় বেঁচে যান এবং জরুরি অবস্থার মোকাবিলা করার ব্যবস্থার সাহায্যে পৃথিবীতে ফিরে আসেন।

এরকম আর একটি দুর্ঘটনার মুখোমুখি হয়ে স্রেফ উপস্থিত বুদ্ধির জোরে বেঁচে ফিরে এসেছিলেন 'অ্যাপোলো-১৩'র তিন মহাকাশচারী। পৃথিবী থেকে চাদের উদ্দেশে যাত্রা শুরু করার দু'দিন পর ১৯৭১-এর ১৩ এপ্রিল এই তিন মহাকাশচারী হঠাৎ অনুভব করলেন, এক আচমকা বিস্ফোরণে কেঁপে উঠল ওদের মহাকাশযান। এই মুহূর্তে কী করা উচিত?

মহাকাশচারীরা কালবিলম্ব না করে বিপদের কথা জানালেন নাসার ফ্লাইট কন্ট্রোলে। তারপর ফ্লাইট কন্ট্রোলের নির্দেশমতো অবতরণ রকেট চালু করে মূল মহাকাশযানের গতি কমিয়ে নিরাপদে পৃথিবীতে নেমে আসেন।

মহাকাশে বিপদের মুখোমুখি হয়ে রুশ মহাকাশচারীরাও এভাবে কয়েকবার বেঁচে ফিরে এসেছেন। প্রথম ঘটনাটি ঘটেছিল ১৯৬৫-র মার্চে। 'ভোসখোদ-২' মহাকাশযানে চেপে কক্ষপথে ঘুরছিলেন দুই রুশ মহাকাশচারী। পরিকল্পনা অনুযায়ী দু'জনেরই স্পেস ওয়াক করার কথা ছিল। কিন্তু একজনের মহাকাশে হাঁটা শেষ হতেই মহাকাশযানের স্বয়ংক্রিয় অবতরণ ব্যবস্থায় গোলযোগ দেখা দেয়। তখন দ্বিতীয়জন দ্রুত সিদ্ধান্ত নিয়ে নিজেই অবতরণযানের রকেটে অগ্নিসংযোগ করে পৃথিবীতে ফেরার উদ্যোগ নেন। এই সিদ্ধান্ত নিতে আর একটু দেরি হলেই এঁদের অবতরণ মর্মান্তিক হত। কারণ, মহাকাশযানটি কাজাকস্তানের নির্ধারিত অবতরণক্ষেত্র থেকে কয়েকশো মাইল দূরে আছড়ে পড়ত আচমকা।

অবতরণের সময় এক দুর্ঘটনায় ১৯৭১-এর ৩০ জুন তিন রুশ মহাকাশচারী প্রাণ হারিয়েছিলেন। সায়ুজ মহাকাশ স্টেশনে কাজ সেরে এঁরা সাম্বুজ-১১ মহাকাশযানে চেপে ফিরছিলেন মহানন্দে। কিন্তু পৃথিবীর বায়ুমণ্ডলে ঢোকার আগে যানে হঠাৎ যান্ত্রিক গোলযোগ দেখা দেয়। যানের ভেতরে মহাকাশচারীদের থাকার প্রকোষ্ঠের থেকে বেরিয়ে যায় সব বাতাস। অভাব হয় শ্বাসক্রিয়ার জন্য প্রয়োজনীয় অক্সিজেনের। দমবন্ধ হয়ে প্রাণ হারান তিন হতভাগ্য মহাকাশচারী। আবার, ভাগ্য সহায় হওয়ায় নিশ্চিত মৃত্যুর হাত থেকে ফিরে এসেছিলেন একজন রুশ ও আফগান মহাকাশচারী। মির মহাকাশ স্টেশন থেকে 'সায়ুজ টি এম-৫' মহাকাশযানে চেপে পৃথিবীতে প্রত্যাবর্তনের সময় ঘটনাটা ঘটেছিল। পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করার পর যানের অবলোহিত রশ্মি অনুভবী যন্ত্রটি গণ্ডগোল করে এবং কমপিউটারকে জানায় যে, নির্দিষ্ট জায়গায় মহাকাশযান অবতরণ করছে না। দুই মহাকাশচারী যখন এই বিপদ বুঝতে পারেন, ততক্ষণে ওদের মহাকাশযান কাজাকস্তানের বদলে চিনের ঊর্ধ্বাকাশে চলে গেছে। যা হোক, মিশন কন্ট্রোলের সাহায্য নিয়ে ওরা নিরাপদে পৃথিবীতে অবতরণ করে।

মহাকাশে অভিযান চলাকালীন যেসব দুর্ঘটনা আজ পর্যন্ত ঘটেছে, তার মধ্যে ভারতীয়দের কাছে সবচেয়ে মর্মান্তিক কল্পনা চাওলার মৃত্যু। পঞ্জাবের কার্নাল শহরের মেয়ে কল্পনা ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান মহাকাশচারী ছিলেন। ১৯৮৮-তে নাসার এমস রিসার্চ সেন্টারে কাজে যোগ দেন কল্পনা। নাসা ১৯৯৪-তে ওকে ভবিষ্যতের মহাকাশচারী হিসেবে নির্বাচিত করে। কল্পনা প্রথম মহাকাশে যান স্পেস শাটল কলম্বিয়া-র এসটিএস-৮৭ নম্বর উড়ানে। ১৯৯৬-র নভেম্বরের এই মহাকাশ অভিযানে কল্পনা ছিলেন মিশন স্পেশালিস্ট ও রোবোটিক আর্ম অপারেটর। কলম্বিয়ায় চড়ে ৩৭৬ ঘণ্টা ৩৪ মিনিটে কল্পনা পৃথিবীর কক্ষপথে ঘুরেছিলেন ২৫২ বার এবং সব মিলিয়ে ৬.৫ মিলিয়ন মাইল ভ্রমণ করেছিলেন।

ওই কলম্বিয়া স্পেস শাটলেরই উড়ান এসটিএস-১০৭-এ চড়ে দ্বিতীয়বার মহাকাশে গিয়েছিলেন কল্পনা ২০০৩-এর ১৬ জানুয়ারি। সঙ্গী ছিলেন আরও ছয়জন মহাকাশচারী। মহাকাশে থাকাকালীন ওরা ৮০টি পরীক্ষানিরীক্ষার কাজ করেন। সব কাজ শেষ করে ১ ফেব্রুয়ারি, ২০০৩-এ মহাকাশ থেকে পৃথিবীতে ফেরার সময়, অবতরণের নির্ধারিত ১৬ মিনিট আগে, ঊর্ধ্বাকাশে কলম্বিয়া ধ্বংস হয়ে যায়। মৃত্যু হয় কল্পনা ও তার সহযাত্রীদের। পরে অনুসন্ধান করে জানা গিয়েছিল, অবতরণযানের বাইরের কাঠামো থেকে উত্তাপনিরোধক কিছু টালি এক অজ্ঞাত কারণে হঠাৎ খসে পড়ায়, বাতাসের ঘর্ষণে সৃষ্টি হওয়া প্রচণ্ড উত্তাপে আগুন ধরে যায় কলম্বিয়ায়। নাসার মহাকাশ

অভিযানের ৪২তম বছরে এই প্রথম অবতরণের সময় মহাকাশচারীদের মৃত্যু হল। মহাকাশে প্রতি পদক্ষেপেই বিপদ ওত পেতে থাকে। আর, এই বিপদকে জয় করতে হয় বলে মহাকাশ অভিযান এত রোমাঞ্চকর।

আন্তর্জাতিক মহাকাশ স্টেশন

মহাকাশ স্টেশন বা স্পেস স্টেশন বলতে অনেকেরই মনে কোনও স্বচ্ছ ধারণা নেই। পৃথিবী থেকে অনেক কাল আগে থেকেই মহাকাশ সংক্রান্ত গবেষণা, পৃথিবী ব্যতীত অন্য গ্রহে প্রাণের অস্তিত্ব সম্পর্কে অনুসন্ধান ইত্যাদির জন্য নানা সময় নানা মহাকাশযান পাঠানো হয়েছে। সেগুলি নির্দিষ্ট কাজ সমাধা করে আবার ফিরে এসেছে পৃথিবীর মাটিতে, কিন্তু পৃথিবী থেকে ২৫০ মাইল উপরে এমন এক বিশালাকায় মহাকাশযান রয়েছে যা সর্বদা আমাদের পৃথিবীর চারপাশে নির্দিষ্ট কক্ষপথে ঘুরে চলেছে। এটিকে একটি কৃত্রিম উপগ্রহও বলা চলে, এর ভিতরে মহাকাশ বিজ্ঞানীরা নির্দিষ্ট গবেষণাগারে নানাবিধ পরীক্ষা-নিরীক্ষাও করে থাকেন। এই বাসযোগ্য কৃত্রিম উপগ্রহ তথা মহাকাশ গবেষণাকেন্দ্রই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন বা ইন্টারন্যাশনাল স্পেস স্টেশন (International Space Station)।

মহাকাশ স্টেশন আসলে একটা বিশালাকায় মহাকাশযান (Spacecraft) যা সবসময় আমাদের এই পৃথিবীর চারদিকে ঘোরে। এর মধ্যেই রয়েছে গবেষণাগার, মহাকাশবিজ্ঞানীরা অনেকেই এই গবেষণাগারে থেকে নানাবিধ পরীক্ষা-নিরীক্ষা করেন। পৃথিবীর বহু দেশ একত্রিত হয়ে সম্মিলিতভাবে যেহেতু এই মহাকাশ স্টেশনটি গড়ে তুলেছে তাই এর নাম আন্তর্জাতিক মহাকাশ স্টেশন। মহাকাশে স্বল্পকালের জন্য বসবাস এবং সেখানকার বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা সম্পর্কিত তথ্য জানার জন্য নাসা (NASA) এই মহাকাশ স্টেশনটি ব্যবহার করে থাকে। একে একপ্রকার বাসযোগ্য কৃত্রিম উপগ্রহ বলা চলে। এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন আসলে একটি বহুজাতিক সহযোগিতামূলক প্রকল্প যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণাকেন্দ্র হিসেবে নাসার পাশাপাশি রাশিয়ার রসকসমস' (Roscosmos), জাপানের 'জাক্সা' (JAXA), ইউরোপের 'ইএসএ' (ESA) এবং কানাডার 'সিএসএ' (CSA) ইত্যাদি মহাকাশ গবেষণা সংস্থাও অংশগ্রহণ করেছে। আদপে এই মহাকাশ স্টেশন একটি মাইক্রো-গ্র্যাভিটি ও মহাকাশীয় পরিমণ্ডলে অবস্থিত গবেষণাগার হিসেবে কাজ করে। পৃথিবী থেকে প্রায় ২৫০ মাইল অর্থাৎ ৪০০ কিলোমিটার উপরে রয়েছে এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের কক্ষপথ।

১৯৮০-এর দশকের শুরুর দিকে সোভিয়েত রাশিয়ার 'স্যালুট' (Salyut) এবং 'মীর (Mir) মহাকাশ স্টেশনের একটি বর্ধিতাংশ হিসেবে নাসা 'ফ্রিডম' (Freedom) নামে

একটি মড্যুলার মহাকাশ স্টেশন চালু করার কথা ভাবে। ১৯৮৪ সালে 'ফ্রিডম' মহাকাশ স্টেশনে যুক্ত হওয়ার জন্য ইউরোপিয়ান স্পেস এজেন্সিকে (European Space Agency) আহ্বান জানানো হয় এবং ইএসএ-র অনুমোদনে ১৯৮৭ সালে এই মহাকাশ স্টেশনে চালু হয়। কলম্বাস গবেষণাগার। ১৯৮৫ সালে ফ্রিডম মহাকাশ স্টেশনের অংশ হিসেবে 'জাপানিজ এক্সপেরিমেন্ট মডিউল' (JEM) বা কিবো' (Kibo) যুক্ত হয়। ১৯৮৫ সালের গোড়ার দিকে 'ইএসএ' কলম্বাস প্রকল্পকে অনুমোদন দেয়। মূলত জার্মানি এবং ইতালিই এই প্রকল্পের প্রধান পরিকল্পক ছিল এবং তাঁদের পরিকল্পনামাফিক ফ্রিডমকে একটি স্বয়ংসম্পূর্ণ ইউরোপীয় কক্ষীয় আউটপোস্ট (Orbital Outpost) হিসেবে বিকশিত করার কথা ভাবা হয়। ১৯৯৩ সালের সেপ্টেম্বর মাসে আমেরিকান উপরাষ্ট্রপতি আল গোর এবং রাশিয়ান প্রধানমন্ত্রী ভিক্টর চেরনোমাইরদিন একটি নতুন মহাকাশ স্টেশনের পরিকল্পনার কথা ঘোষণা করেন আর এই মহাকাশ স্টেশনটিই শেষ পর্যন্ত আন্তর্জাতিক মহাকাশ স্টেশন হিসেবে পূর্ণতা পায়। ১৯৯৮ সালে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনের প্রথম অংশটি একটি রাশিয়ান রকেটের সাহায্যে সফলভাবে উৎক্ষেপণ করা হয়েছিল। এরপরে আরও কতগুলি টুকরো এর সঙ্গে যুক্ত হয় এবং ২০০০ সাল নাগাদ এখানে মানুষের বাস করা বা কাজ করার উপযোগী পরিবেশ তৈরি হয়। ২০১১ সালে নাসা এবং তার সহযোগীরা একত্রে এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন নির্মাণের কাজ সম্পন্ন করে।

ঠিক কেমন এই মহাকাশ স্টেশনের চেহারাটা? সংক্ষেপে ও সহজে বোঝাতে গেলে বলতে হয় একটি পাঁচ কামরার বাড়ির মতোই বড়ো এই মহাকাশ স্টেশনটি। এখানে দুটি বাথরুম, একটি জিমন্যাসিয়াম ও একটি বড়ো বে জানালা (Bay Window) রয়েছে। ছয়জন মানুষ এই মহাকাশ স্টেশনে থাকতে পারেন। সমগ্র মহাকাশ স্টেশনের ওজন আনুমানিক দশ লক্ষ পাউণ্ড অর্থাৎ ৪ লক্ষ ৫৩ হাজার ৫৯২ কিলোগ্রাম। প্রতি ঘন্টায় ২৮ হাজার কিলোমিটার গতিবেগে এই মহাকাশ স্টেশনটি পৃথিবীকে প্রদক্ষিণ করছে। ঔজ্জ্বল্যের দিক থেকে পৃথিবীর নিকটতম গ্রহ শুক্রকেও হার মানায় এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন। রাতের আকাশে তৃতীয় সর্বোচ্চ উজ্জ্বল বস্তু এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন যা কিনা খালি চোখেই দেখা যায়। ইন্টারন্যাশনাল স্পেস স্টেশন ওরফে আইএসএস (ISS) আকারে একটি প্রামাণ্য ফুটবল মাঠকে ঢেকে দিতে পারে। সাধারণভাবে এর মধ্যে সাতজন নভোশ্চারীর একটি দল থাকে। যদিও পরিস্থিতি অনুযায়ী এই সংখ্যা পালটে যায়। ২০০৯ সালে আইএসএস-এ মোট ১৩ জন ক্রু সদস্য ছিল।

মহাকাশচারীরা একটি রাশিয়ান সয়্যুজ (Soywuj) ক্যাপসুলের মাধ্যমে মহাকাশ স্টেশনে পৌঁছায়। ১৯৬৭ সাল থেকে দীর্ঘকাল পর্যন্ত এই ক্যাপসুলের মাধ্যমেই মহাকাশচারীরা মহাকাশ স্টেশনে এসেছে। তবে ২০২০ সালে এলন মাস্ক কর্তৃক নির্মিত ও পরিকল্পিত স্পেস এক্সের মাধ্যমে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে মানুষদের পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এই ক্যাপসুলটিই এখনও পর্যন্ত একমাত্র ব্যক্তি মালিকানাধীন ক্যাপসুল। প্রায় ৬ মাস ধরে নানাবিধ বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা চালায় মহাকাশচারীরা এই মহাকাশ স্টেশনের মধ্যেই। পরীক্ষা পরিচালনা, মহাকাশ স্টেশন রক্ষণাবেক্ষণ এবং মেরামতির জন্য বহু সময় ব্যয় করেন তাঁরা এবং তার মাঝেই ঘন্টা দুয়েক সময় তাঁরা ঘুমান এবং নিজের শরীরের যত্ন নেন। কোনও কোনও সময় মহাকাশচারীরা মহাশূন্যে ভ্রমণ করেন, হেঁটে চলে বেড়ান যাকে বিজ্ঞানের ভাষায় 'স্পেসওয়াক' (Spacewalk) বলা হয়। এমনকি সেই মহাকাশ স্টেশনের ভিতরে থেকে প্রচারমূলক মাধ্যম কিংবা সমাজ-মাধ্যমেও যুক্ত থাকেন। মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া, জাপান এবং ইউরোপের নিজস্ব পৃথক পৃথক গবেষণাগার রয়েছে এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে। এই মহাকাশ স্টেশনের অনেকগুলি অংশ রয়েছে যেগুলিকে একেকটি মডিউল (Module) বলা হয়।

প্রথম দিকের মডিউলগুলি মূলত এই মহাকাশ স্টেশনটিকে সক্রিয় রাখতে ব্যবহৃত হত। সেই মডিউলগুলিতে মহাকাশচারীরাও থাকতেন। কিছু বিশেষ প্রকারের মডিউল যেগুলি একটি অংশের সঙ্গে অপর অংশকে সংযুক্ত করে, তাদের বলা হয় 'নোডস' (Nodes)। এই মহাকাশ স্টেশনের মধ্যেই মহাকাশচারীদের জন্য নির্দিষ্ট গবেষণাগার রয়েছে। এই স্টেশনের পাশেই রয়েছে একটি সোলার অ্যারে (Solar Array) যা কিনা সূর্য থেকে শক্তি সংগ্রহ করে এবং সূর্যালোক থেকে বিদ্যুৎ উৎপাদন করে। এর বাইরে 'রোবট বাহু' (Robot Arms) যুক্ত থাকে যা কিনা এই মহাকাশ স্টেশনটি গড়ে তুলতে সহায়তা করে। মহাকাশচারীদের আশেপাশে ঘুরে বেড়াতে এবং বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করার জন্য এই রোবট বাহুগুলি অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করে। মহাকাশ স্টেশনে দরজার মতোই কতগুলি 'এয়ার লক' (Air Lock) রয়েছে। এই এয়ার লকগুলি সাধারণত স্পেস ওয়ার্কের সময় মহাকাশচারীদের বাইরে বেরোতে কাজে লাগে। নতুন সদস্য এবং মহাকাশ স্টেশনের দর্শনার্থীরা ডকিং বন্দরের মাধ্যমে এই স্টেশনে প্রবেশ করেন। মহাকাশ স্টেশনের যে মডিউলগুলির কথা বলা হল সেগুলি টুকরো অবস্থাতেই মহাকাশে নিয়ে যাওয়া হয়েছিল এবং তারপরে সেখানেই দক্ষ মহাকাশচারীরা সেগুলি একটির সঙ্গে একটি জুড়ে এই মহাকাশ স্টেশন তৈরি হয়েছে। বেশিরভাগ সময় নাসার স্পেস শাটলই ব্যবহৃত হত এই মডিউলগুলিকে

নিয়ে যাওয়ার জন্য, কিন্তু অনেকক্ষেত্রে আবার কিছু কিছু মডিউলকে একক ব্যবহারযোগ্য রকেটে করে নিয়ে যাওয়া হয়েছিল মহাকাশে।

১৯৯৮ সালের ২০ নভেম্বর প্রথম মডিউল রাশিয়া জারিয়া (Russia Zarya) মহাকাশে উৎক্ষেপিত হয়। এর কয়েক সপ্তাহ পরেই নাসার স্পেশ শাটলে করে মহাকাশে পাঠানো হয় 'নোড-১' অংশটি। এছাড়া মহাকাশ স্টেশনের অন্যান্য মডিউলগুলির মধ্যে উল্লেখযোগ্য হল ডেস্টিনি ল্যাবরেটরি মডিউল, হারমোনি বা নোড-২, কলম্বাস অরবিটাল ফেসিলিটি, ট্র্যাঙ্কুইলিটি বা নোড-৩ ইত্যাদি। খুব সম্প্রতি ২০২১ সালে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে উৎক্ষেপিত হয়েছে মাল্টিপারপাস ল্যাবরেটরি মডিউল।

কয়েক বছর ধরে মহাকাশে বেশ কিছু উল্লেখযোগ্য কাজকর্ম করেছে এই আন্তর্জাতিক মহাকাশ স্টেশন ওরফে আইএসএস (ISS)। ২০১৫-১৬ সালে মার্কিন মহাকাশচারী স্কট কেলি প্রথম দীর্ঘ ৩৪০ দিন এই মহাকাশ স্টেশনে কাটিয়ে রেকর্ড গড়েছেন। আবার পেগি হুইটসন নামে এক মহিলা নভোশ্চর মহাকাশ স্টেশনে মোট ৬৬৫ দিন সময় কাটিয়ে নজির গড়েছেন। আইএসএসের একটি অ্যান্টেনা সারানোর জন্য ৫৪তম অভিযানের মাধ্যমে দীর্ঘতম স্পেস ওয়াক করে নজির গড়েছিলেন রাশিয়ান নভোশ্চর আলেকজাণ্ডার মিসুরকিন (Alexandar Misurkin) এবং আন্তন স্খাপ্লেরভ (Anton Skhaplerov)। ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান নভশ্চর সুনীতা উইলিয়ামস আইএসএস-এ প্রথম মহিলা হিসেবে ১৯৪ দিন কাটিয়ে রেকর্ড গড়েছিলেন।

তবে আন্তর্জাতিক মহাকাশ স্টেশন নিয়ে কৌতুহলের শেষ নেই মানুষের। এই অসীম মহাকাশে ঘটে চলা নিত্যদিনের ঘটনা এবং নতুন নতুন আবিষ্কারের পথে পরিকল্পনা করা আর নিত্য নব গবেষণা নিয়ে মহাকাশচারীরা ব্যস্ত থাকেন এই মহাকাশ স্টেশনেই। একেই সম্ভবত পৃথিবীর একমাত্র বাসযোগ্য কৃত্রিম উপগ্রহ বলা চলে।[14]

মহাকাশ নিয়ে ব্যাবসা

মহাকাশে ব্যাবসা বা 'স্পেস বিজনেস'-এর পরিধি এবং পরিমাণ সারা পৃথিবী জুড়ে প্রতিদিনই প্রসারিত হচ্ছে। 'মেকিং মানি ইন স্পেস' এখন পৃথিবীর সব উন্নত এবং ভারতের মতো উন্নয়নশীল দেশের শিল্প ও ব্যবসায়ী মহলের অন্যতম প্রয়াস। বর্তমানে বিশ্বব্যাপী মহাকাশ নিয়ে ব্যাবসার পরিমাণ টাকার হিসেবে প্রায় ২০,০০০ কোটি। ডলারে ৫০ বিলিয়ন। অন্য অনেক সামগ্রীর ব্যাবসার পরিপ্রেক্ষিতে এই পরিমাণ হয়তো নগণ্য, কিন্তু মহাকাশবিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের ধারণা, মহাকাশ ব্যাবসায় আগামীদিনে আছে সীমাহীন সম্ভাবনা। এক্ষেত্রে ব্যাবসা বলতে রপ্তানি ব্যাবসার প্রসঙ্গেই বলছি।

মহাকাশে ব্যাবসা মহাকাশে হয় না। হয় পৃথিবীতে। এই ব্যাবসা কী ধরনের হয়, জানার জন্য আমাদের দেশকেই উদাহরণ হিসেবে তুলে ধরছি। আমেরিকার এক উপগ্রহ নির্মাতা সংস্থার জন্য হায়দরাবাদের এক ভারতীয় কোম্পানি যন্ত্রাংশ নির্মাণ করেছে। ক্যালিফোর্নিয়ার একটি জল সরবরাহ সংস্থা ওদেশের একাধিক শহরে জল সরবরাহের পাইপলাইন বসানোর জন্য ভারতের দূরসংবেদী উপগ্রহ মারফত মহাকাশ থেকে তোলা ছবি (ইমেজ) কিনেছে। পৃথিবী থেকে মহাকাশে উপগ্রহ নিয়ন্ত্রণের জন্য 'মিশন কন্ট্রোল সফটওয়ার' তৈরিতে ভারতীয় প্রযুক্তিবিদরা কোরিয়ার মহাকাশ সংস্থাকে কনসালটেন্সি দিচ্ছে। আমেরিকার 'অ্যাটলাস-৫' রকেটের ইঞ্জিন বানিয়ে দিচ্ছে রাশিয়া। আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্রে রাশিয়ার সায়ুজ মহাকাশযানে চড়িয়ে একজন আমেরিকার নভশ্চরকে পাঠাতে আমেরিকা রাশিয়াকে দিচ্ছে। প্রায় সাত কোটি ডলার।

আমাদের দেশের রকেট অনেক বছর ধরেই বিভিন্ন দেশের উপগ্রহ মহাকাশের কক্ষপথে স্থাপন করে চলেছে। অর্ডারমতো অনেক দেশের জন্য উপগ্রহ বানিয়েও দিচ্ছে ভারত। আমেরিকার বিশ্ববিখ্যাত উপগ্রহ যোগাযোগ সংস্থা 'ইন্টেলস্যাট' ৪০ কোটি টাকার চুক্তি করেছে ভারতের ইনস্যাট ২ই উপগ্রহের ট্রান্সপণ্ডার ব্যবহার করার জন্য। এরকম চুক্তির আরও অনেক বিবরণ দেওয়া যেতে পারে।

টাকার অঙ্কে ভারতের বিশ্বজোড়া মহাকাশ ব্যাবসা থেকে রোজগার এই মুহূর্তে সেরকম উল্লেখযোগ্য না হলেও, বড় কথা এই যে, আমাদের দেশ মহাকাশ প্রযুক্তিতে পৃথিবীর অন্যতম উন্নত দেশ হিসেবে স্বীকৃতি পেয়েছে। এই স্বীকৃতির মধ্যেই লুকিয়ে আছে মহাকাশ নিয়ে ব্যাবসায় ভারতের অনন্ত সম্ভাবনা।

আমাদের দেশে 'স্পেস বিজনেস'-কে নিয়ন্ত্রণ করতে ইসরোর সহায়তায় গড়া হয়েছে অ্যান্টিক্স কর্পোরেশন। এই কর্পোরেশনের সঙ্গে কাজের সম্পর্কে আছে গোদরেজ, লারসেন অ্যাণ্ড টুবরো ও ওয়ালচাদনগরের মতো বড়, ছোট এবং মাঝারি মিলিয়ে প্রায় ৫০০ শিল্পসংস্থা। মহাকাশ নিয়ে ব্যাবসায়। সবচেয়ে এগিয়ে থাকা দেশ আমেরিকায় কিন্তু সম্পূর্ণ ব্যাবসাটাই নিয়ন্ত্রণ করছে বেসরকারি সংস্থাগুলি। মহাকাশ নিয়ে এখন যে ব্যাবসাটা সবচেয়ে বেশি হয়, তা হল উপগ্রহ মারফত যোগাযোগের ব্যাবসা। 'স্যাটেলাইট কমিউনিকেশন বিজনেস'-এর দুই বিখ্যাত সংস্থা 'মোটোরোলা' ও 'লোরাল স্পেস অ্যাণ্ড কমিউনিকেশনস, বেসরকারি উদ্যোগ। এই দুই সংস্থা সারা পৃথিবী জুড়ে নিখুঁত সেলুলার ফোন মারফত যোগাযোগব্যবস্থা গড়ে তুলতে বিলিয়ন বিলিয়ন ডলার খরচ করে পৃথিবীর ওপরে নিচু কক্ষপথে উপগ্রহের জাল তৈরি করেছে। ইতিমধ্যে ব্যক্তিগত যোগাযোগের জন্য নতুন ধরনের উপগ্রহ ভাড়া দিতেও শুরু করেছে একটি সংস্থা। মহাকাশ ব্যাবসার জন্য আমেরিকায় গড়ে উঠেছে এক নতুন প্রজন্মের বেসরকারি

সংস্থা, যার মধ্যে ইউনিভার্সাল স্পেস লাইন্স, পাইওনিয়ার রকেট প্লেন, স্পেস ডেভ ও লুনা কর্পোরেশন উল্লেখযোগ্য।

মহাকাশ ব্যাবসায় বর্তমানে যুক্ত সংস্থাগুলির ধারণা, ভবিষ্যতে মহাকাশে পর্যটন বা 'স্পেস ট্যুরিজম' হবে মহাকাশ নিয়ে প্রধান ব্যাবসা। অ্যাপোলো অভিযানের অন্যতম অভিযাত্রী ব্যাজ অলড্রিন জুনিয়র এই ধারণার সঙ্গে একমত। নাসা-র মতে আগামী কয়েক দশকের মধ্যে মহাকাশ পর্যটন ব্যাবসার পরিমাণ কয়েক হাজার কোটি টাকায় দাঁড়াবে। আমেরিকার দুই পর্যটন সংস্থা ইতিমধ্যে অগ্রিম বুকিংও শুরু করে দিয়েছে। 'স্পেস ট্যুরিজম সোসাইটি'-র অনুমান ২০৪০ নাগাদ মহাকাশ পর্যটকদের জন্য কক্ষপথে হোটেল তৈরি হয়ে যাবে। সেই হোটেলে থেকে মহাকাশের রোমাঞ্চ উপভোগ করবেন পৃথিবীর পর্যটকরা।

ভবিষ্যতের মহাকাশ ব্যাবসায় আর একটি সম্ভাবনাময় দিক উন্মোচিত করবে মহাকাশে বিদ্যুৎ উৎপাদন, যে বিদ্যুৎ ব্যবহার করবে পৃথিবীর মানুষ। এই বিদ্যুৎ উৎপাদনের জন্য মহাকাশে পৃথিবীর ওপর ভূসমলয় কক্ষপথে বসানো হবে সৌরশক্তি সংগ্রাহক বা 'সোলার কালেক্টর'। মহাকাশে ২৪ ঘণ্টাই সূর্যের আলো প্রতিফলিত হবে এই সৌরশক্তি সংগ্রাহকে। সংগ্রাহকের সঙ্গে থাকবে সৌরকোষ যা সূর্যের আলোকে বিদ্যুৎশক্তিতে রূপান্তরিত করবে। এই বিদ্যুৎকে এরপর মাইক্রোওয়েভ বিম-এ রূপান্তরিত করে পাঠানো হবে মহাকাশ থেকে পৃথিবীতে। ভূপৃষ্ঠে বসানো বিশেষভাবে নির্মিত শক্তিশালী অ্যান্টেনা এই মাইক্রোওয়েভ বিম-কে ধরে পাঠাবে এমন একটি যন্ত্রে যা বিমকে আবার রূপান্তরিত করবে বিদ্যুতে। মহাকাশ প্রযুক্তিবিদরা পর্যালোচনা করে দেখেছেন, একটি বড় 'সোলার পাওয়ারড স্যাটেলাইট'- এর সাহায্যে মহাকাশে ৫০ কোটি ওয়াট বিদ্যুৎ উৎপাদন করে পৃথিবীতে পাঠানো সম্ভব। তবে একাজ বেসরকারি উদ্যোগ পারবে না। মহাকাশে বিদ্যুৎ উৎপাদন করে পৃথিবীতে পাঠাতে যে পরিমাণ বিনিয়োগ ও গবেষণা প্রয়োজন, তা একমাত্র সরকারের উদ্যোগেই সফল হতে পারে। বেসরকারি সংস্থাগুলি এই কাজে নামলে থই পাবে না।

বিদ্যুৎ উৎপাদনের মতো খনিজ পদার্থ উত্তোলনের ব্যাবসাতেও মহাকাশ খুলে দিতে পারে অনন্ত সম্ভাবনার দুয়ার। পৃথিবীর কাছাকাছি যে গ্রহাণুপুঞ্জ ঘুরে বেড়াচ্ছে সেগুলি লোহা, নিকেল, কোবাল্ট ও প্ল্যাটিনামে সমৃদ্ধ। পৃথিবী থেকে সরাসরি বা চাঁদ হয়ে ওই গ্রহাণুপুঞ্জে মহাকাশযান পাঠানো খুব কঠিন কাজ নয়। ওই মহাকাশযানে রোবট খনি শ্রমিক পাঠিয়ে গ্রহাণুর বুক থেকে মূল্যবান আকরিক ধাতু উত্তোলনও সম্ভব। কিন্তু সমস্যা হবে বিপুল পরিমাণ খনিজপদার্থকে মহাকাশ থেকে পৃথিবীতে নিয়ে আসা। সেজন্য মহাকাশবিজ্ঞানী ও প্রযুক্তিবিদরা ভাবছেন, মহাকাশের খনিজ পদার্থ

কীভাবে মহাকাশের বিভিন্ন নির্মাণকার্যে এবং শিল্পোৎপাদনে ব্যবহার করা যায়। খনিজ পদার্থ ছাড়াও অনেক গ্রহাণুতে নাকি জল ও বরফ পাওয়ার সম্ভাবনা আছে। মহাকাশবিজ্ঞানীদের ধারণা, এই বরফ ও জল মহাকাশে ভবিষ্যতের মহাকাশযানকে জ্বালানি সংগ্রহে সাহায্য করবে। মহাকাশে খনিজ পদার্থের উত্তোলন ও জ্বালানি প্রস্তুতের প্রাথমিক কাজ শুরু হয়ে গেছে ইতিমধ্যে। আমেরিকার কয়েকটি বেসরকারি সংস্থা মহাকাশ গবেষণার কাজেও হাত দিয়েছে। এর মধ্যে 'প্রোক্টর অ্যাণ্ড গ্যাম্বল', 'মার্ক' ও 'মিটসুবিশি হেভি ইণ্ডাস্ট্রিজ'-এর নাম উল্লেখযোগ্য। বিভিন্ন রাসায়নিক পদার্থ, ওষুধ ও চিকিৎসার যন্ত্রপাতি মহাকাশের মাইক্রোগ্র্যাভিটির পরিবেশে আরও সূক্ষ ও কার্যকরী করে বানানো যায় কি না, উপরোক্ত সংস্থার বিজ্ঞানীরা তাই গবেষণা করে দেখছেন। ইতিমধ্যে দেখা গেছে, মহাকাশে 'স্টেম সেল'-এর বৃদ্ধি খুব দ্রুত হয়। এসব গবেষণার জন্য বিজ্ঞানীরা আন্তর্জাতিক গবেষণা কেন্দ্রের পরিবর্তে পৃথিবীর ঊর্ধ্বাকাশে নিচু কক্ষপথে বাণিজ্যিক সংস্থার স্পেস ফ্লাইটগুলি বেশি পছন্দ করছেন বলে জানা গেছে। সব সংস্থারই পরিকল্পনা, গবেষণার ফলাফল লাভ রেখে পৃথিবীর বিভিন্ন দেশকে বিক্রি করবে। আমেরিকার আর একটি সংস্থা আবার চাঁদ থেকে ধুলোমাটি ও পাথরের টুকরো এনে পৃথিবীর মানুষের কাছে 'শোপিস' বা 'স্যুভেনির' হিসেবে বিক্রি করতে চায়।

মহাকাশ নিয়ে ব্যাবসায় বিরাট সম্ভাবনা দেখা দিয়েছে, মহাকাশের জন্য আবিষ্কৃত প্রযুক্তি আমাদের দৈনন্দিন জীবনে কাজে লাগানোর ক্ষেত্রে। এর জন্য তৈরি হচ্ছে নতুন শিল্পোৎপাদন সংস্থা। পশ্চিম ইউরোপের দেশগুলিতে এ ধরনের সংস্থার কাছে 'টেকনোলজি ট্রান্সফার' করার জন্য ইউরোপিয়ান স্পেস এজেন্সি এক কর্মসূচি নিয়েছে, যার নাম 'ইউরোপিয়ান স্পেস ইনকিউবেটর'। এ ছাড়াও, মহাকাশে পর্যটনের জন্য ইচ্ছুক পর্যটকদের 'সাব- অরবিটাল ফ্লাইট ট্রেনিং' দিতে আমেরিকায় গড়ে উঠেছে প্রশিক্ষণের সংস্থা। ৩০,০০০ আমেরিকান ডলার খরচ করলে এই সংস্থা যুদ্ধবিমান 'ম্যাক ২ এফ-১০৪ স্টারফাইটার'-এ চড়িয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে পর্যটককে মহাকাশে যাওয়ার জন্য তৈরি করে দেবে। মহাকাশ কর্মসূচি হাতে নেওয়ার পর এই কর্মসূচিতে যেসব দেশ সাফল্য লাভ করেছে, সেখানে কর্মসূচি রূপায়ণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উৎপাদন এবং উপকরণ সরবরাহ ক্রমবর্ধমান নতুন ধরনের ব্যাবসা তৈরি করছে।

মহাকাশ নিয়ে পৃথিবী জুড়ে তৈরি হওয়া ব্যাবসার বিশাল বাজারকে সঠিক দিশায় নিয়ে যেতে ইতিমধ্যে তৈরি হয়েছে ইন্টারন্যাশনাল স্পেস বিজনেস কাউন্সিল। কারণ, মহাকাশ নিয়ে ব্যাবসায় ক্রমশ প্রতিদ্বন্দ্বিতার পরিবেশ সৃষ্টি হচ্ছে। আন্তর্জাতিক রাজনীতি

ঢুকে পড়ছে এর মধ্যে। রাজনৈতিক চাল চেলে ভারত ও জাপানকে কোণঠাসা করতে চিন সম্প্রতি গড়ে তুলেছে 'এশিয়া প্যাসিফিক স্পেস কোঅপারেশন অর্গানাইজেশন।' চিন ছাড়াও এই সংস্থার অন্যান্য সদস্য দেশ হল পাকিস্তান, ইরান, বাংলাদেশ, থাইল্যাণ্ড, ইন্দোনেশিয়া, তুরস্ক, মঙ্গোলিয়া ও পেরু। চুক্তি অনুযায়ী সদস্য দেশগুলির মহাকাশ-সংক্রান্ত যা কিছু কাজ, চিন করবে। ফলে মহাকাশ নিয়ে ব্যাবসা বাড়বে চিনের। আমেরিকা ও ইউরোপিয়ান স্পেস অর্গানাইজেশনের সদস্য দেশগুলি চিনের এই উদ্যোগে খুবই উদ্বিগ্ন।[15]

মহাকাশে পর্যটন

মহাকাশ পর্যটন , বিনোদনমূলক মহাকাশ ভ্রমণ, হয় প্রতিষ্ঠিত সরকারি মালিকানাধীন যানবাহনে যেমন রাশিয়ান সয়ুজ এবং আন্তর্জাতিক মহাকাশ স্টেশন (আইএসএস) অথবা বেসরকারি কোম্পানির ফিল্ড করা যানবাহনে। ফ্লাইটের পর থেকে বিশ্বের প্রথম মহাকাশ পর্যটক আমেরিকান ব্যবসায়ী ডডেনিস টিটো , 28শে এপ্রিল, 2001-এ, মহাকাশ পর্যটন নতুন প্রাধান্য পেয়েছে কারণ আরও উপকূলীয় এবং অরবিটাল পর্যটনের সুযোগ পাওয়া গেছে।

অরবিটাল স্পেস ট্যুরিজম

মহাকাশ পর্যটনের আবির্ভাব ঘটেছিল 1990 এর দশকের শেষের দিকে রাশিয়ান কোম্পানির মধ্যে একটি চুক্তির মাধ্যমেমিরকর্প এবং আমেরিকান কোম্পানিস্পেস অ্যাডভেঞ্চারস লিমিটেড। মিরকর্প একটি ব্যক্তিগত উদ্যোগ ছিল স্পেস স্টেশন মিরের দায়িত্বে ছিল। বার্ধক্যজনিত মহাকাশ স্টেশনের রক্ষণাবেক্ষণের জন্য আয়ের জন্য, মিরকর্প মীরের কাছে একটি ট্রিপ বিক্রি করার সিদ্ধান্ত নেয় এবং টিটো তার প্রথম অর্থ প্রদানকারী যাত্রী হয়ে ওঠে। যাইহোক, টিটো তার ট্রিপ করার আগে, মীরকে ডিঅরবিট করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল এবং স্পেস অ্যাডভেঞ্চারস লিমিটেডের হস্তক্ষেপের পর মিশনটিকে আইএসএস-এ সরিয়ে দেওয়া হয়েছিল। টিটো, যিনি রাশিয়ান মহাকাশযান Soyuz TM-32-এ তার ফ্লাইটের জন্য $20 মিলিয়ন প্রদান করেছিলেন, ISS-এ সাত দিন কাটিয়েছিলেন এবং বিশ্বের প্রথম মহাকাশ পর্যটক হিসাবে বিবেচিত হন। যাইহোক, তার মিশনের জন্য প্রয়োজনীয় কঠিন প্রশিক্ষণের পরিপ্রেক্ষিতে, টিটো ট্যুরিস্ট শব্দটি ব্যবহারে আপত্তি জানিয়েছিলেন এবং তার ফ্লাইটের পর থেকে এই শব্দটিস্পেসফ্লাইট অংশগ্রহণকারীকে প্রায়শই বাণিজ্যিক মহাকাশ ভ্রমণকারীদের ক্যারিয়ার মহাকাশচারীদের থেকে আলাদা করতে ব্যবহার করা হয়েছে।

টিটোর মিশন অনুসরণ করে কক্ষপথে মহাকাশ পর্যটন বাড়তে থাকে, দক্ষিণ আফ্রিকার কম্পিউটার কোটিপতির আইএসএস-এ ফ্লাইট সহমার্ক শাটলওয়ার্থ 2002 এবং

আমেরিকান ব্যবসায়ী 2005 সালে গ্রেগরি ওলসেন। এই ভ্রমণকারীদের অনুসরণ করেছিলেন ইরানি বংশোদ্ভূত আমেরিকান উদ্যোক্তা আনুশেহ আনসারি , যিনি 2006 সালের সেপ্টেম্বরে আইএসএস পরিদর্শন করার সময় চতুর্থ স্পেসফ্লাইট অংশগ্রহণকারী এবং প্রথম মহিলা ফি প্রদানকারী মহাকাশ ভ্রমণকারী হয়েছিলেন। পরের বছর আমেরিকান বিলিয়নেয়ারচার্লস সিমোনি স্পেসফ্লাইট অংশগ্রহণকারীদের র‍্যাঙ্কে যোগ দিয়েছিলেন যখন তিনি বোর্ডে দুই মহাকাশচারীর সাথে একটি রাইড শেয়ার করেছিলেনISS-এ 10 দিনের থাকার জন্য Soyuz TMA-10, এবং সিমোনি 2009 সালে দ্বিতীয় ফ্লাইট করেছিলেন। ষষ্ঠ মহাকাশযান অংশগ্রহণকারী, আমেরিকান ভিডিও গেম ডেভেলপাররিচার্ড গ্যারিয়ট, অক্টোবর 2008 সালে চালু করা হয়েছিল। তার ফ্লাইট করার সময়, গ্যারিয়ট মহাকাশে প্রথম দ্বিতীয় প্রজন্মের আমেরিকান হয়ে ওঠেন, যেহেতু তার বাবা, ওয়েন গ্যারিয়ট ছিলেন একজন প্রাক্তন মহাকাশচারী । (মহাকাশচারী আলেকজাণ্ডার ভলকভ এবং তার ছেলে সের্গেই ছিলেন প্রথম পিতা-পুত্র মহাকাশ ভ্রমণকারী।গ্যারিয়ট আসার সময় সের্গেই ভলকভ আইএসএস-এ ছিলেন।) 2009 সালে কানাডিয়ান উদ্যোক্তা গাই লালিবার্টের পর থেকে কোনও স্পেসফ্লাইট অংশগ্রহণকারী আইএসএস-এ উড়েনি, তবে 2021 সালে স্পেস অ্যাডভেঞ্চার আইএসএস-এ দুই যাত্রী, জাপানি উদ্যোক্তা এবং মায়েজাওয়ারা ইয়োকুইজাওয়ারা, ইয়োকুয়েরা, স্পেস ফ্লাইট যিনি মায়েজাওয়ার অভিজ্ঞতার নথিভুক্ত করবেন। 2007 সাল থেকে স্পেস অ্যাডভেঞ্চারস 100 মিলিয়ন ডলারের বিনিময়ে একটি সয়ুজ মহাকাশযানে চাঁদের চারপাশে একটি মহাকাশযাত্রার প্রস্তাব দিয়েছে।

আমেরিকান স্পেসফ্লাইট কর্পোরেশন স্পেসএক্স তার ক্রু ড্রাগন মহাকাশযানকে অরবিটাল ফ্লাইটের জন্য চার্টারের অনুমতি দিয়েছে । এই ধরনের প্রথম মিশন, Inspiration4, 2021 সালের সেপ্টেম্বরে চারটি ব্যক্তিগত নাগরিক-আমেরিকান জ্যারেড আইজ্যাকম্যান, সিয়ান প্রক্টর, হেইলি আর্সেনিউক্স এবং ক্রিস সেমব্রোস্কি-কে তিন দিনের জন্য পৃথিবীর কক্ষপথে নিয়ে গিয়েছিল। আরেকটি মিশন আমেরিকান স্পেসফ্লাইট কোম্পানি অ্যাক্সিওম স্পেস দ্বারা চার্ট করা হয়েছে এবং এটি করবে একজন মহাকাশচারী এবং তিনজন পর্যটককে আইএসএসে নিয়ে যান।

উপকূলীয় মহাকাশ পর্যটন

যদিও অরবিটাল স্পেস ট্যুরিজম ইণ্ডাস্ট্রি টিটোর ফ্লাইটের পরে মিডিয়ার অনেক মনোযোগ আকর্ষণ করেছিল, অন্যান্য কোম্পানিগুলিও 100 কিলোমিটার (62 মাইল) উচ্চতায় যাত্রীদের নিয়ে যাওয়ার জন্য ডিজাইন করা সাবঅরবিটাল যানবাহন তৈরি করে মহাকাশ পর্যটনকে একটি লাভজনক প্রস্তাব করার জন্য কঠোর পরিশ্রম করেছিল।

মহাকাশ পর্যটনকে বাণিজ্যিকভাবে কার্যকর করার লক্ষ্যের পাশাপাশি কোম্পানিগুলো প্রতিযোগিতায় নেমেছিল আনসারী এক্স প্রাইজ , X প্রাইজ ফাউণ্ডেশন কর্তৃক প্রথম বেসরকারী সংস্থাকে $10 মিলিয়ন পুরষ্কার দেওয়া হয়েছে যা দুই সপ্তাহের মধ্যে দুবার মহাকাশে পুনরায় ব্যবহারযোগ্য ক্রুযুক্ত মহাকাশযান চালু করার জন্য। (পুরস্কারের অর্থের একটি অংশ আনুশেহ আনসারি এবং তার শ্যালক, ইরানী বংশোদ্ভূত আমেরিকান উদ্যোক্তা আমির আনসারি দান করেছিলেন।) 4 অক্টোবর, 2004 সালে, SpaceShip One, ভার্জিন গ্যালাকটিক দ্বারা অর্থায়ন করা এবং আমেরিকান ইঞ্জিনিয়ার দ্বারা ডিজাইন করা হয়েছে স্কেলড কম্পোজিটসের বার্ট রুটান, এক্স পুরস্কার জিতেছেন এবং এটি করার মাধ্যমে, বাণিজ্যিক ক্রুড স্পেসফ্লাইট এবং স্পেস ট্যুরিজমের একটি নতুন যুগের সূচনা করেছেন।

2004 সালে মার্কিন কমার্শিয়াল স্পেস লঞ্চ অ্যামেণ্ডমেন্টস অ্যাক্ট (সিএসএলএএ) এর পৃষ্ঠপোষকতায় মার্কিন যুক্তরাষ্ট্রে বাণিজ্যিক মানব স্পেসফ্লাইটের নিরাপত্তা নিয়ন্ত্রণের জন্য নির্দেশিকা প্রদান করেছে । ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (FAA)। CSLAA এর অধীনে, FAA প্রতিনিধিরা প্রতিটি লঞ্চে উপস্থিত থাকবেন, প্রতিটি অবতরণ মূল্যায়ন করবেন এবং মহাকাশ পর্যটন অপারেটরদের সাথে কাজ করবেন; যাইহোক, FAA 2023 সাল পর্যন্ত কোনো নিরাপত্তা প্রবিধান আরোপ করার অনুমতি পাবে না যদি না কোনো গুরুতর ঘটনা ঘটে। নির্দেশিকাগুলির জন্য স্পেস ট্যুরিজম অপারেটরদের স্পেসফ্লাইট অংশগ্রহণকারীদের লঞ্চ এবং পুনঃপ্রবেশের ঝুঁকি এবং লঞ্চ যানের নিরাপত্তা রেকর্ড সম্পর্কে লিখিতভাবে অবহিত করতে হবে। CSLAA নির্দেশিকাগুলির জন্য স্পেসফ্লাইট অংশগ্রহণকারীদের লঞ্চ এবং পুনঃপ্রবেশে অংশগ্রহণের জন্য অবহিত সম্মতি প্রদান করতে হবে।

সাবঅরবিটাল স্পেস ট্যুরিজম ইণ্ডাস্ট্রির বিকাশের এই প্রাথমিক পর্যায়ে, FAA-এর পক্ষে কোম্পানিগুলি কীভাবে তাদের যানবাহন ডিজাইন করে তা নিয়ন্ত্রণ করা বা মহাকাশে স্পেসফ্লাইট অংশগ্রহণকারীদের মহাকাশে পাঠানোর নিরাপত্তা মূল্যায়ন করা কঠিন। নিরাপত্তার উদ্বেগ এবং 2014 সালের একটি পরীক্ষামূলক ফ্লাইটের সময় একটি ক্র্যাশ হওয়া সত্ত্বেও যা সহপাইলট মাইকেল অ্যালসবারির জীবন ব্যয় করেছিল, ব্রিটিশ উদ্যোক্তা রিচার্ড ব্র্যানসনের ভার্জিন গ্যালাকটিক তার সাবঅরবিটাল স্পেস ট্যুরিজম ফ্লাইটের জন্য $300,000 প্রতিটিতে শত শত আসন বিক্রি করেছে। ভার্জিন গ্যালাক্টিকের স্পেসফ্লাইট অংশগ্রহণকারীদের মহাকাশে নিয়ে যাওয়াস্পেসশিপটু , ভিএসএস ইউনিটি নামে পরিচিত, যা নিউ মেক্সিকোর উপহামের কাছে একটি স্থায়ী স্পেসপোর্ট থেকে চালু করা হয়েছে । ইউনিটি 11 জুলাই, 2021-এ পাইলট ডেভিড ম্যাকে এবং মাইকেল

মাসুকি এবং চারজন যাত্রী, ব্র্যানসন এবং ভার্জিন গ্যালাকটিক কর্মচারী সিরিশা বন্দলা, বেথ মোসেস এবং কলিন বেনেট সহ তার প্রথম সম্পূর্ণ ক্রুযুক্ত ফ্লাইট করেছিল।

ভার্জিন গ্যালাকটিক মহাকাশ পর্যটনে তার আগ্রহের ক্ষেত্রে একা নয়, এমন একটি শিল্প যা 21 শতকে বিশেষভাবে লাভজনক হতে পারে। টেক্সাসে _ ব্লু অরিজিন , Amazon.com প্রতিষ্ঠাতা দ্বারা প্রতিষ্ঠিত একটি বেসরকারীভাবে অর্থায়িত মহাকাশ কোম্পানিজেফ বেজোস , এটির বিকাশ করেছেননিউ শেপার্ড মহাকাশযান (আমেরিকান মহাকাশচারীর জন্য নামকরণ করা হয়েছেঅ্যালান শেপার্ড)। স্পেসশিপ টু-এর মাদার-শিপ স্থাপনের বিপরীতে, এর বুলেট-আকৃতির ফিউজলেজ সহ, নিউ শেপার্ড উল্লম্বভাবে ল্যাণ্ড করে। নিউ শেপার্ড তার প্রথম ফ্লাইট 20 জুলাই, 2021-এ বেজোসের একজন ক্রু নিয়ে করেছিল; তার ভাই মার্ক; আমেরিকান পাইলটওয়ালি ফাঙ্ক, 82 বছর বয়সে মহাকাশে তৎকালীন সবচেয়ে বয়স্ক ব্যক্তি; এবং ডাচ ছাত্র অলিভার ডেমেন, 18 বছর বয়সে মহাকাশে সবচেয়ে কম বয়সী ব্যক্তি। নিউ শেপার্ডের দ্বিতীয় ফ্লাইট, 13 অক্টোবর, 2021-এ, অভিনেতা থাকার জন্য ব্যাপক মনোযোগ আকর্ষণ করেছিল উইলিয়াম শ্যাটনার , 90 বছর বয়সে মহাকাশের সবচেয়ে বয়স্ক ব্যক্তি, একজন ক্রু সদস্য হিসাবে।

মহাকাশ পর্যটন শিল্পের বিকশিত হওয়ার সাথে সাথে মহাকাশ ফ্লাইট অংশগ্রহণ কারীদের পদমর্যাদা বৃদ্ধি পাবে, এবং অরবিটাল এবং অরবিটাল ফ্লাইটগুলি অনিবার্যভাবে চন্দ্র ভ্রমণ এবং মঙ্গল গ্রহে এবং তার বাইরে ভ্রমণের পথ দেবে , যে সময়ের মধ্যে মহাকাশ পর্যটন একটি পূর্ণাঙ্গ শিল্প হিসাবে কাজ করবে সত্যিই মহাকাশের সীমানা উন্মোচন।

শান্তির জন্যে মহাকাশ

মহাকাশযুগের সূচনা পৃথিবীর মানুষের জীবনে যে কল্যাণকর ভূমিকা গ্রহণ করেছে সে বিষয়ে বিস্তৃত আলোচনা ইতিপূর্বেই করা হয়েছে । মহাকাশকে সম্পূর্ণভাবে শান্তির জন্যেই ব্যবহার করা হোক স্বভাবতই পৃথিবীর সব মানুষই তা চাইবেন। মহাকাশে যুদ্ধের মহড়ার (স্টার ওয়ার) যে পরিকল্পনার কথা আমরা শুনছি, স্বভাবতই আমাদের তা দুশ্চিন্তাগ্রস্ত করেছে। এই যুদ্ধের মূল নিমন্ত্রণের দায়িত্ব থাকবে যে সুপার কম্পিউটারদের হাতে, ওদের কার্যকারিতার জ্বলন্ত নিদর্শন স্পেস সাল চ্যালেঞ্জারের বিয়োগান্ত পরিণতির মধ্যেই আমরা দেখেছি।

মহাকাশে গোয়েন্দারূপী কৃত্রিম উপগ্রহেরা পৃথিবীকে পরিক্রমা করছে, তা আমরা জানি । পারস্পরিক শক্তিসামর্থ্য সমন্ধে সঠিক ধারণা বজায় রাখার জন্যেই দুই তরফ থেকে এই ব্যবস্থাকে যে কার্যকরী করা হয়েছে তা বোঝা যায় । এজাতীয় প্রচেষ্টা আরো বেশ কিছুকাল ধরেই চলতে থাকবে । আমরা কিন্তু অ্যাপোলো-সইয়ুজ জাতীয়

মহাকাশে যুক্ত বৈজ্ঞানিক কর্মপ্রচেষ্টার পুনরাবৃত্তি দেখতে চাই আরো ব্যাপক বিস্তৃততর কর্মসূচীর পরিপ্রেক্ষিতে। গোটা পৃথিবীর শান্তিকামী মানুষের সেটাই হল আন্তরিক আকাংখা ।

মহাকাশ বিজ্ঞানের ক্ষেত্রে বর্তমানে আরো কয়েকটি দেশ অগ্রণী ভূমিকা গ্রহণ করেছে। এদের মধ্যে রয়েছে গ্রেট ব্রিটেন, ফ্রান্স, পশ্চিম জার্মানী, চাঁন, জাপান প্রভৃতি। এরা প্রত্যেকেই কিছু কিছু কৃত্রিম উপগ্রহকে মহাকাশে প্রতিষ্ঠাও করেছে।

ইয়োরোপের এগারটি দেশ মিলিএভাবে গঠন করেছে ইয়োরোপীয় মহাকাশ সংস্থা (ইয়োরোপীয়ান স্পেস এজেন্সী)। এরা বাহক রকেটের ভাড়ার বিনিময়ে বিভিন্ন দেশের কৃত্রিম উপগ্রহকে মহাকাশে প্রতিষ্ঠার কাজও শুরু করেছে। আমেরিকার ন্যাসার এক প্রতিবন্দ্বী হয়ে উঠেছে এরা। স্পেস সার্টালের মাল রাখার কক্ষে (কার্গো (ব) কৃত্রিম উপগ্রহকে পুরে নিয়ে মহাকাশে প্রতিষ্ঠার জন্যে ন্যাসা যে টাকা নিয়ে থাকে, একই কাজের জন্যে ইয়োরোপীয় মহাকাশ সংস্থার ভাড়ার পরিমাণটা অনেক কম। সে যাই হোক, মহাকাশে এজাতীয় শান্তিপূর্ণ প্রতিযোগিতায় আমাদের কোন আপত্তি নেই।

আরো সুদূরে

পৃথিবী ছাড়িয়েও মহাকাশ বিজ্ঞানের কর্মক্ষেত্র আজ সুদূরে প্রসারিত সোভিয়েট ইউনিয়ন এবং আমেরিকার বিজ্ঞানীরা শুরু এবং মঙ্গলগ্রহের জমিতে স্বয়ংক্রিয় মহাকাশযানেদের নামিয়েছেন। ঐ দুটি গ্রহ সম্বন্ধে বহু প্রয়োজনীয় বৈজ্ঞানিক তথ্য আজ আমাদের আয়ত্তে এসেছে।

আমেরিকার বিজ্ঞানীদের পাঠানো পায়োনীয়ার ও ভয়েজার পর্যায়ের স্বয়ংক্রিয় মহাকাশযানেরা আরো সুদূরের গ্রহজগত বৃহস্পতি, শনি ও ইউরেনাসের বহু অজানা রহস্যের অবগুণ্ঠনকে মোচন করেছে । এই শতাব্দীর শেষাশেষি পৃথিবীর বিজ্ঞানীদের এই দূতেরা সৌরজগতের সীমানাকে পেরিয়ে যাবে।

ছায়াপথরূপী যে তারাজগতের আমরা বাসিন্দা এবং এই মহাবিশ্ব গড়ে উঠেছে যে অসংখ্য কোটি তারাজগতের সমবায়ে, সেখানে আমরা যে নিঃসঙ্গ নই, আমাদের মত বুদ্ধিমান সভ্যতা যে আরো অগণিত রয়েছে, বেশির ভাগ বিজ্ঞানীই তা দৃঢ়ভাবে বিশ্বাস করেনা। সেই সব অজানা সভ্যতার অধিকারীদের উদ্দেশ্যে তাঁরা বেতার সংকেত পাঠিয়ে চলেছেন, যদি কোনদিন তার জবাব পাওয়া যায় এই ভরসায়। কবে তাঁদের সে আকাংখা পূরণ হবে জানা নেই। পায়োনীয়ার ও ভয়েজারেরা হল পৃথিবীর বিজ্ঞানীদের এই আশা আকাংখারই প্রতিমূর্তি।

মহাকাশ বিজ্ঞানের কর্মক্ষেত্রে পৃথিবীর বিজ্ঞানীরা যে সাফল্যকে ইতিমধ্যেই অর্জন করেছেন তা আমাদের সবাইকে অনুপ্রাণিত করেছে। আগামী ভবিষ্যতে মহাকাশ বিজ্ঞানের ক্ষেত্রে আরো বড় মাপের শান্তিপূর্ণ প্রয়োগকে আমরা প্রত্যক্ষ করব এবং বিভিন্ন দেশের যুক্ত বৈজ্ঞানিক কর্ম প্রচেষ্টাকে ফলবতী হতে দেখব, এ বিশ্বাস আমাদের আছে।

সহায়ক গ্রন্থ :

1. চক্রবর্তী শংকর, মহাকাশের কথা, পৃষ্ঠা - 4,5,6,7
2. বসু প্রদীপচন্দ্র, মহাকাশে মানুষ, পৃষ্ঠা - 69,70,71,72,73
3. চক্রবর্তী শংকর, মহাকাশের কথা, পৃষ্ঠা - 112,113
4. Nahar Shamsun, মহাকাশের জীবনযাত্রা:কেমন থাকেন মহাকাশচারীরা? roarmedia (বাংলা আর্টিকেল), 26 July 2017, (ই-সোর্স সংগ্রহের তারিখ 20 Jun 2023)
5. Allen Bob, Human Needs : Sustaining life During Exploration, www.nasa.gov, 30 November 2007 (ই-সোর্স সংগ্রহের তারিখ 21 Jun 2023)
6. BBC NEWS বাংলা, 24 March 2023, (ই-সোর্স সংগ্রহের তারিখ 22 Jun 2023)
7. বসু প্রদীপচন্দ্র, মহাকাশে মানুষ, পৃষ্ঠা-66,67,68
8. BBC NEWS বাংলা, 24 March 2023 (ই-সোর্স সংগ্রহের তারিখ 23 Jun 2023)
9. ফোরকান, মহাকাশে আবর্জনা : ঝুঁকি ও ভবিষ্যৎ, বিজ্ঞান ব্লগ, 07 December 2022, (ই-সোর্স সংগ্রহের তারিখ 24 Jun 2023)
10. দত্ত ভেঙ্কটেশ প্রতাপ, "মহাকাশে আবর্জনা/SPACE TRASH"(বাংলা আর্টিকেল), (ই-সোর্স সংগ্রহের তারিখ 25 Jun 2023)
11. চক্রবর্তী শংকর, মহাকাশের কথা, পৃষ্ঠা-120
12. নিবন্ধের শিরোনাম : মহাকাশে আই, ওয়েবসাইটের নাম : এনসাইক্লোপিডিয়া বিটানিকা, প্রকাশক : Encyclopaedia Britannica,Inc., প্রকাশের তারিখ : 19 April 2021, (ই-সোর্স সংগ্রহের তারিখ 26 Jun 2023)
13. বসু প্রদীপ চন্দ্র, মহাকাশে মানুষ, পৃষ্ঠা-245,246,247,248,249
14. আন্তর্জাতিক মহাকাশ স্টেশন, সব বাংলায় প্রতিবেদন, www.nasa.gov / www.britannica.com / www.space.com / www.esa.int, (ই-সোর্স সংগ্রহের তারিখ 27 Jun 2023)
15. বসু প্রদীপচন্দ্র, মহাকাশে মানুষ, পৃষ্ঠা-273, 274, 275, 276, 277
16. নিবন্ধের শিরোনাম : মহাকাশ আইন, ওয়েবসাইটের নাম : এনসাইক্লোপিডিয়া বিটানিকা, প্রকাশক : Encyclopaedia Britannica,Inc., প্রকাশের তারিখ : 15 June 2023, (ই-সোর্স সংগ্রহের তারিখ 28 Jun 2023) /// হক জাহিদুল, DW এর প্রতিবেদন, সম্পাদনা-বন্দোপাধ্যায় সুপ্রিয়া, 19 March 2012, (ই-সোর্স সংগ্রহের তারিখ 29 Jun 2023)
17. চক্রবর্তী শংকর, মহাকাশের কথা, পৃষ্ঠা-227, 228

31

চিকিৎসা বিজ্ঞানে রক্তদানের ইতিহাস; উদ্ভব, বিকাশ ও তাঁর বিবর্তন

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সিদ্ধার্থ সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

চিকিৎসা বিজ্ঞানীরা বলেন **"মানুষের মৃত্যু বিস্ময়কর ব্যাপার নয়'মানুষের বেঁচে থাকাটাই বিস্ময়ের"। "রক্তদান"** কথাটির সাথে আমরা সবাই পরিচিত। বিভিন্ন রোগ-শোক , দুর্ঘটনা জনিত কারণে রক্তের প্রয়োজন লেগেই থাকে তাই আমরা অনেকেই রক্ত দিয়ে অন্যের জীবন বাঁচিয়ে থাকি। রক্ত সঞ্চালন প্রক্রিয়া ও রক্তদানের ইতিহাস সুপ্রাচীন। প্রায় **খ্রিস্টপূর্বাব্দ ৩৫০০ বছর** আগে প্রাচীন মিশরে চিকিৎসা বিজ্ঞানের যথেষ্ট্য উন্নত ছিল। এবং মনে করা হয় চিকিৎসা বিজ্ঞানের শুরু প্রাচীন মিশর থেকেই। আধুনিক যুগের উন্নতমানের চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার দীর্ঘ সফরে প্রাচীন মিশরীয় চিকিৎসা ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল। মিশরীর সভ্যতা যে চিকিৎসা পদ্ধতির গোড়াপত্তন করেছিল তা শত শত বছর পরে ভূমধ্যসাগর পেরিয়ে ইউরোপের অন্যান্য দেশ ও প্রাচীন গ্রিসের প্রাণকেন্দ্রে পৌঁছে যায়। এবং গ্রিসের মহান চিকিৎসক **হিপোক্রেটিস** (৪৬০-৩৭৫ খ্রিস্টপূর্বাব্দ) ও **গ্যালেন** (১২৯-২১৬ খ্রিষ্টাব্দ) এর হাত ধরেই আধুনিক চিকিৎসার জন্ম হয়। তবে আমাদের প্রাচীন ভারতবর্ষও চিকিৎসা বিজ্ঞানে যথেষ্ট উন্নত ছিল- **আত্রেয়, চরক** (২০০ খ্রীস্টাব্দ), **শুশ্রুত** (৮০০ খ্রীস্টপূর্ব) ও **জীবক** (৫৪০ খ্রিস্টপূর্ব) এর মতো মহান চিকিৎসকের হাত ধরে প্রাচীন ভারতীয় চিকিৎসা বিদ্যা এক উন্নততরশিখরে পৌঁছে গিয়েছিল।

তবে যাই হোক চিকিৎসার সাথে রক্তের সম্পর্ক সেই সুপ্রাচীনকাল থেকে লক্ষ্য করা যায় প্রাচীন মিশরীয়রা মনে করতো কালো রক্ত বা দূষিত রক্ত হচ্ছে রোগের বাহক তাই তারা শরীরের বিভিন্ন স্থান থেকে রক্তক্ষরণ করিয়ে **"ক্ষরণ চিকিৎসা"** প্রণয়ন করেন। এবং পরবর্তী সময়ে সমগ্র মধ্যযুগ ধরে ও প্রথম শিল্প বিপ্লবের আগ পর্যন্ত ইউরোপে এই ক্ষরণ চিকিৎসা পদ্ধতি ব্যাপক প্রসার লক্ষ্য করা যায় এবং এই ভ্রান্ত চিকিৎসায় বলি হতে হয় শত শত মানুষকে তাদের মধ্যে উল্লেখযোগ্য নাম হচ্ছে আমেরিকার প্রথম প্রেসিডেন্ট **জর্জ ওয়াশিংটন**। তবে আমরা প্রথম রক্ত সঞ্চালনের প্রচেষ্টার নথি লক্ষ্য করি **১৪৯২ খ্রিস্টাব্দে যখন পোপ অষ্টম ইনোসেন্ট** কোমায় ছিলেন তখন তার চিকিৎসক তাকে সুস্থ করার উদ্দেশ্যে তিনটি দশ বছর বয়সী ছেলের রক্ত

থাকে পান করান কিন্তু পোপসহ ওই তিনটি ছেলেই মারা যায়। তখন মানুষের মনে এই ভ্রান্ত ধারণা ছিল যে কোন বৃদ্ধ কোন যুবকের রক্ত পান করলে তার দেহে যৌবন শক্তি ফিরে আসবে। তবে তখনো পর্যন্ত মানুষের শরীরে কিভাবে রক্ত প্রবাহিত হয় তার সঠিক কোন ধারণা ছিল না। রক্তদানের ইতিহাস জানার আগে রক্ত সঞ্চালনের ইতিহাসটি আগে জানা দরকার। চিকিৎসা বিজ্ঞানী **উইলিয়াম হার্ভে** প্রথম মানব শরীরে সঠিক রক্ত প্রবাহের ধারণা দেয়। ১৬২৮ সালের ৫০ বছর বয়সে হার্ভে তাঁর অবিস্মরণীয় গ্রন্থ **"Exercitatio Anatomica De Moto Cordis Er Sanguinis In Animalibus"** বাংলা করলে দাড়ায় প্রাণী জগতের রক্ত এবং হৃদপিণ্ডের গতি সম্বন্ধীয় পর্যবেক্ষণ, যা সূচনা করলো এক বৈপ্লবিক চেতনা। হার্ভে প্রথম সঠিক এবং বিস্তারিতভাবে ব্যাখ্যা করলেন যে রক্ত হৃৎপিণ্ড থেকে ফুসফুসে যায় এবং পরে ফুসফুস থেকে হৃৎপিণ্ডে ফিরে আসে তা আবার সাড়া দেহে ছড়িয়ে পড়ে এটি একটি চক্রাকার প্রক্রিয়া। উইলিয়াম হার্ভের এই আবিষ্কারের পর থেকেই রক্ত সঞ্চালন প্রক্রিয়ার বিষয় নিয়ে বিভিন্ন গবেষণা শুরু হয়ে যায়। (তবে উইলিয়াম হার্ভের ৪০০ বছর আগে ১৩ শতাব্দীতে ইবনে আল নাফিস (১২১০-১২৮৮) নামের একজন প্রতিভাবান মুসলিম ইউনানী চিকিৎসা বিজ্ঞানী "আল-কানুন":গ্রন্থের ব্যাখ্যা গ্রন্থ লিখতে গিয়ে প্রচণ্ড দৃঢ়তার সাথে গ্যালেন ও ইবনে সিনহা র বক্তব্য বিরোধিতা করে এবং মানব শরীরে রক্ত প্রবাহের একটি সঠিক ধারণাও প্রদান করেন, (এই তথ্যটি হঠাৎ করেই ১৯২৪ সালে বার্লিনের একটি লাইব্রেরীতে "শরহু তাশরীহিল কানুন" এর একটি পাণ্ডুলিপিতে পাওয়া যায়।) পরে মাইকেল সার্ভেদো নামে এক ব্যক্তি হাতে এই পাণ্ডুলিপিটি আসে তিনিও গ্যালেনের বিরোধিতা করতে থাকেন কিন্তু তিনি সঠিক ভাবে এই তত্ত্ব প্রমাণ করতে না পারায় শুধুমাত্র বিরোধিতা করার কারণে তাকে জ্যান্ত পুড়িয়ে মারা হয় কারণ চিকিৎসা বিজ্ঞানে গ্যালেনের ব্যাখ্যায় ছিল তখন সর্বেসর্বা।) তবে যাই হোক আধুনিক বিশ্বে রক্ত সঞ্চালন প্রক্রিয়ার উদ্ভাবনের জনক উইলিয়াম হার্ভেকেই বলা হয়।

প্রাণী দেহে প্রথম রক্ত সঞ্চালন :

১৬৫৯ খ্রিস্টাব্দে ক্রিস্টোফার রেন (wren) এরপরে সঠিকভাবে, ১৬৬৫ খ্রিস্টাব্দে রিচার্ড লোয়ার নামে এক চিকিৎসা বিজ্ঞানী প্রথম প্রাণী দেহের মধ্যে রক্ত স্থানান্তরের কথা জানায়। তিনি প্রথম কুকুরের দেহের রক্ত নিয়ে কুকুরের দেহে রক্ত সঞ্চালন ঘটান। (প্রথম কুকুরটি রক্তক্ষরনে মারা যাচ্ছিল এবং তিনি কুকুরটাকে বাঁচাতে আরেকটি কুকুরের ধমনী থেকে সরাসরি রক্ত সঞ্চালন করেন।) এরপর ১৬৬৭ থেকে ১৬৭০ মধ্যে চিকিৎসক জিন ব্যাপটিস্ট ডেনিস প্রথম মানবদেহের রক্ত সঞ্চালন ঘটান। তিনি

মূলত প্রথম প্রাণী দেহ থেকে রক্ত নিয়ে মানব দেহে রক্ত সঞ্চালন করেন। তিনি মোট পাঁচবার এই প্রক্রিয়া করেন তার মধ্যে তিনবার সফল হন এবং তিনি একই ব্যক্তির উপর দুবার রক্ত সঞ্চালনের পরীক্ষা চালান যার মধ্যে শেষবার ওই লোকটির দেহে রক্ত সঞ্চালন করতে গিয়ে লোকটি মারা যায় লোকটির নাম ছিল অ্যান্টনি মৌরিয়া। ফলে তাঁর পরিবার ডেনিস এবং ট্রান্সফিউশন প্রক্রিয়ার বিরুদ্ধ ব্যক্তিবর্গ তাঁর বিরুদ্ধে হত্যার অভিযোগ আনে এবং এই ঘটনার ফলে তৎকালীন ফরাসি পার্লামেন্ট, ক্যাথলিক চার্চ ও রয়েল সোসাইটি এই ট্রান্সফিউশন প্রক্রিয়া অনির্দিষ্টকাল পর্যন্ত বন্ধ করে দেয়। তবে গোপনে কিছু জায়গায় ট্রান্সফিউশন চলতে থাকে।

মানব শরীরে প্রথম রক্ত সঞ্চালন :

এরপর প্রায় দেড়শ বছর পর ১৮১৮ খ্রিস্টাব্দে এই রক্ত পরিসঞ্চালনের ইতিহাসে আসে এক নতুন মাইলফলক। এই দীর্ঘ বিরতির সময় গোপনে নানা ছোটখাটো গবেষণা হলেও ১৮১৮ সালে জেমস ব্লুণ্ডের নামে এক চিকিৎসা বিজ্ঞানীর গবেষণার মধ্য দিয়ে প্রথম মানব দেহ থেকে মানব দেহে রক্ত সঞ্চালনের পদ্ধতি উঠে আসে। এবং তিনি মানুষের রক্ত নিয়ে কুকুরের রক্তে, কুকুরের রক্ত নিয়ে মানুষের রক্তে, কুকুরের রক্ত নিয়ে ভেড়ার রক্তে ও ভেড়া রক্ত নিয়ে কুকুরের রক্তে প্রবেশ করিয়ে এই সমস্ত নানান পরীক্ষা-নিরীক্ষা মাধ্যমে এই সিদ্ধান্তে উপনীত হন যে একমাত্র মানব দেহের রক্ত নিয়ে মানবদেহে রক্ত ট্রান্সফিউশন করানো সম্ভব। তিনি ট্রান্সফিউশন এর উদ্দেশ্যে দুটি যন্ত্র আবিষ্কার করেন ইম্পেলর এবং গ্যাভিটেটর। ইম্পেলর ছিল একটি কাপ, টিউব ও সিরিঞ্জ সমন্বিত একটি জটিল উদ্ভাবন, আর গ্যাভিটেটর ছিল এটি ব্যবহার করার সময় রোগীর উপরে থাকা একটি পাত্র থেকে ঝুলিয়ে দেওয়া একটি টিউব যার মাধ্যমে রক্ত রোগীর মধ্যে প্রবেশ করানোর একটি যন্ত্র বিশেষ। এবং এই আবিষ্কারের পরেই বিভিন্ন যুদ্ধ-বিগ্রহ, চিকিৎসার জন্য ও বিভিন্ন পরীক্ষার জন্য এই ট্রান্সফিউশন প্রক্রিয়া চালানো হয় কিন্তু তার মধ্যে হাতে গোনা গুটি কয়েক ক্ষেত্রই সফল হয়। ১৯০১ সালে যে ঐতিহাসিক ঘটনা ঘটে তার মাধ্যমে সমগ্র চিকিৎসা বিজ্ঞান ও রক্ত সঞ্চালন প্রক্রিয়ার আমূল পরিবর্তন ঘটে। অস্ট্রিয়ার চিকিৎসক কার্ল ল্যাণ্ডস্টাইনার সর্বপ্রথম রক্তের A B.O গ্রুপ আবিস্কার করেন। আরও এক বছর পর তিনি ও তাঁর সহকর্মীগণ চতুর্থ ধরন AB গ্রুপ নির্ণয় করতে সক্ষম হন। এই মহান আবিষ্কারের পর চিকিৎসা বিজ্ঞানে রক্ত সঞ্চালন আর বাধা নয় বরং সম্ভাবনা হিসেবে উন্মোচিত হলো এবং ১৯০৩ সালে সর্বপ্রথম এই রক্তের গ্রুপের বাস্তবিক প্রয়োগ সম্পন্ন হয়। এছাড়াও ল্যাণ্ডস্টাইনার এবং ম্যাক্স রিখটার নামক গবেষক অপরাধী নির্নয়ের জন্য রক্ত পরীক্ষা করেন এরপর থেকেই অপরাধ জগতে রক্ত পরীক্ষা বেশ

প্রভাবশালী পরীক্ষা হিসেবে অন্তর্ভুক্ত হয়। কার্ল ল্যাণ্ডস্টাইনার এই আবিষ্কারের জন্য ১৯৩০ খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার পান। এরপর ১৯০৭ সালে রুবেন ওটেনবার্গ নামে এক চিকিৎসক রক্তের টাইপিং এবং ক্রস ম্যাচিং করে রক্তের গ্রুপের পর্যবেক্ষণ করে গ্রুপ O কে সর্বজনীন ব্যবহৃত স্বীকৃতি দেন। কিন্তু সমস্যা তারপরেও ছিল কারণ রক্তকে সংরক্ষণ করে রাখার মত কোন উপাদান তখনও আবিষ্কৃত হয়নি। কিন্তু 1914 খ্রিস্টাব্দে বেলজিয়ামের ডঃ আলবার্ট হাস্টিন নামে এক বিজ্ঞানী প্রথম সোডিয়াম সাইট্রেট এর সাহায্য রক্তকে সংরক্ষণ করে রাখার পদ্ধতি আবিষ্কার করেন।

প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে রক্তদান :

এর এক বছর পরে অর্থাৎ ১৯১৫ খ্রিস্টাব্দে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়ে যায় এবং এই প্রথম বিশ্বযুদ্ধ থেকেই রক্তদানের কনসেপ্টটা সারা বিশ্বে ছড়িয়ে পড়তে থাকে। তৎকালীন রাষ্ট্র নেতারা যুদ্ধ সম্পর্কে এমন কিছু মিথ ও জনসম্মুখে এমনভাবে প্রচার চালিয়েছিলেন যা তরুণ প্রজন্মকে যুদ্ধে অংশগ্রহণ করতে আগ্রহী করেছিল। এবং তারা দলে দলে যুদ্ধে অংশগ্রহণ করতে থাকে কিন্তু সমস্যা হল যখন তারা যুদ্ধক্ষেত্রের মরল না, যুদ্ধে গিয়েও আহত ক্ষতবিক্ষত শরীর নিয়ে ফিরে আসতে লাগলো তাদের বাঁচানোর জন্য প্রয়োজন পরতে লাগলো প্রচুর পরিমাণ রক্তের। তখনো রক্ত দেওয়ার নীতিও সমাজ চালু হয়নি। তবে যে সমস্ত সৈন্যরা বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে যুদ্ধ ময়দানে যেতে পারেনি, পারেনি ময়দানে রক্তপাত করে বীরের তকমা নিতে, তারা আহত সৈন্যদের রক্তদান করে এই তকমা পেতে লাগলো এবং যুদ্ধ শেষে সৈন্যরা যখন দেশে ফিরল তখন সমাজে রক্তদানের মাধ্যমে বীরপুরুষ হয়ে ওঠার কনসেপ্টটা ছড়িয়ে পড়তে লাগলো পরবর্তী প্রজন্মের মধ্যে। এই প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকান, ব্রিটিশ ও সর্বোপরি কানাডিয়ানরা সরকার ও চিকিৎসকরা রক্ত সঞ্চালন প্রক্রিয়া ও রক্তদানে জন্য বিশেষ ভূমিকা রেখেছিল। এই সমস্ত চিকিৎসকের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ছিলেন ব্রিটিশ চিকিৎসক জিওফ্রে কেইনস, আমেরিকার অসওয়াল্ড হোপ রবার্টসন ও কানাডিয়ান লরেন্স ব্রুস রোবটসন তারা যুদ্ধক্ষেত্রে দ্রুত ঔষধ ও রক্ত ট্রান্সফিউশন এর পাশাপাশি রক্তদানের গুরুত্ব সম্পর্কে প্রচার করতে থাকেন। এবং অসওয়াল্ড হোপ রবার্টসন প্রথম রক্তকে সংরক্ষণ করে রাখার জন্য কাঁচের বোতলে সাইট্রেট রক্তের ব্যবহার প্রত্যাবর্তন করেন। এই নতুন চিকিৎসা প্রণালী বিশেষত যুদ্ধ ও যুদ্ধের পরবর্তী সময়ে ব্যাপকভাবে সাড়া দিয়ে ওঠে। প্রথম বিশ্বযুদ্ধের শেষে আমেরিকার রেড ক্রস সোসাইটির সদস্যরা সর্বপ্রথম রক্ত দান করেন এটিই বিশ্বের প্রথম স্বেচ্ছায় রক্তদানের নজির। ১৯২১ থেকে ১৯২২ ব্রিটিশ রেড ক্রসের সচিব পার্সি অলিভার একটি স্বেচ্ছাসেবক দল গঠন করে তাদের রক্তের গ্রুপ ও

শারীরিক পরীক্ষা করে তালিকাভুক্ত করে। এই পরিষেবার কথা শীঘ্রই সারা দেশে ছড়িয়ে পড়েছিল। এবং এর পরবর্তী সময়ে 1932 খ্রিস্টাব্দে রাশিয়ায় লেলিন গ্র্যাণ্ড হসপিটালে প্রথম রক্তের ডিপো চালু হয় তখনও পর্যন্ত ব্লাড ব্যাংক শব্দটির উদ্ভব হয়নি এরা মূলত মৃত শরীর থেকে রক্ত সংগ্রহ করত। 1937 খ্রিস্টাব্দে ১৫ই মার্চ আমেরিকা যুক্তরাষ্ট্রের শিকাগোর কুক কাউন্টি হসপিটালে তৎকালীন ঔষধ বিজ্ঞানী ও চিকিৎসা বিভাগের পরিচালক বার্নার্ট ফ্যান্টাসে প্রথম হাসপাতালে ব্লাড ব্যাংক প্রতিষ্ঠিত করেন এবং নামটি তারই দেওয়া। এর দু'বছর পর 1939 খ্রিস্টাব্দে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে যায় ততদিন রক্তদানের কনসেপ্টটা সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে এবং এই দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমগ্র বিশ্ব কে নিয়ে জড়িয়ে পড়েছিল তাই রক্ত সঞ্চালন ও রক্তদান চিকিৎসার একটি প্রধান উপাদানের পরিণত হয়। এই দ্বিতীয় বিশ্বযুদ্ধ প্রাক্কালে এমন এক ডাক্তারের উদ্ভব হয় যাকে "ফাদার অব ব্লাড ব্যাংকার" বলা হয় যার নাম চার্লস ড্রিউ। তিনি রক্তের কণিকা গুলি আলাদা এবং সংরক্ষণ করতে সক্ষম হন। যার ফলে যুদ্ধক্ষেত্রে এগুলি প্রেরন এবং ট্রান্সফিউশন আরো সহজতর হয়ে ওঠে ও এগুলি জমাট বাধ্য কম। তিনি বেশ কিছু হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক প্রতিষ্ঠিত করেন এবং আজকের ভ্রাম্যমাণ রক্তদান শিবিরের ও মোবাইল ব্লাড ব্যাংকস এর কনসেপ্টের প্রতিষ্ঠাতাও তিনিই।

ভারতে রক্তদান ও তাঁর আন্দোলন:

ভারতীয় ইতিহাসে এই দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেকেই রক্তদানের কনসেপ্ট টি ছড়িয়ে পড়ে। তবে 1925 খ্রিস্টাব্দ থেকে ইম্পেরিয়াল সেরোলজিস্টরা কলকাতা ট্রপিকাল মেডিসিন স্কুলে একটি রক্ত ট্রান্সফিউশন সেন্টার কেন্দ্র শুরু করে। এখানে ডোনারের দেহ থেকে সিরিঞ্জ এর মাধ্যমে রক্ত নিয়ে সরাসরি গ্রহীতার দেহে প্রবেশ করানো হতো। রক্ত সংরক্ষণের কোন ব্যবস্থা এ সময় ছিল না। এরপর ১৯৩৯ সালে ইণ্ডিয়ান রেড ক্রস সোসাইটির উদ্যোগে একটি ব্লাড ব্যাংক কমিটি গঠিত হয় যার উদ্দেশ্য ছিল প্রয়োজনীয় যন্ত্রপাতি ও ডোনার দিয়ে এই ট্রান্সফিউশন সেন্টারকে সহায়তা করা এবং দাতাদের সংঘটিত করার চেষ্টা। ততদিন রক্ত সংরক্ষণ করে রাখার ব্যবস্থায় কিছু অগ্রগতিও হয়েছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আরো বেশি সময়ের জন্য রক্ত সংরক্ষণের প্রয়োজন দেখা দিল। ফলে তৎকালীন বেঙ্গল গভরমেন্টের সার্জন জেনারেল ডাব্লিউ সি প্যাটেন এর নির্দেশে ব্রিটিশ ভারতের প্রথম ব্লাড ব্যাংকটি স্থাপিত হয় কলকাতার অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন এণ্ড পাবলিক হেলথ এ স্থাপিত হয় এবং রেড ক্রস পরিচালিত হয়। এই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যুদ্ধাহত ব্রিটিশ সৈন্যদের সাহায্যার্থে এগিয়ে আসে ভারতের বসবাসরত ব্রিটিশ কমিউনিটি। এদের মধ্যে সরকারি কর্মকর্তা

কর্মচারী থেকে শুরু করে ইংরেজ মালিকানাধীন প্রতিষ্ঠানের কর্মী ও অ্যাংলো ইণ্ডিয়ানরাও ছিলেন। এদেরই সহযোগিতায় ১৯৪২ সালের ৬ মার্চ থেকে ১৯৪৩ সালের ১৫ই মে পর্যন্ত ১৪ মাসে মোট ৩৯০৫০ ব্যাগ রক্ত সংগৃহীত হয়। ৫৪৫৮ ব্যাগ রক্ত সংগৃহীত হয়েছিল ব্লাড ব্যাংকে বাকি সব রক্ত আসে কলকাতা, নাগপুর, আসাম এবং দার্জিলিংয়ের চা বাগান থেকে। যুদ্ধের পর ব্লাড ব্যাংকের দায়িত্ব প্রাদেশিক সরকারের হাতে নাস্তা করা হলে স্বেচ্ছায় রক্তদানে মানুষকে উদ্বুদ্ধ করা উদ্যোগ কিছুটা ঝিমিয়ে পড়ে। ফলে পেশাদার রক্ত বিক্রেতারাই হয়ে ওঠেন রক্তের প্রধান যোগানদাতা এই সমস্ত রক্ত বিক্রেতাদের মধ্যে বেশিরভাগই ছিল সমাজের খেটে খাওয়া মানুষ অর্থাৎ শ্রমিকরা তারা সামান্য কিছু টাকার বিনিময় রক্ত বিক্রি করতো এবং দীর্ঘদিন অনাহারের ফলে এবং রক্ত দেওয়ার ফলে অনেকে মারাও পর্যন্ত যেত। এবং দেশজুড়ে বাণিজ্যিকভাবেও ব্লাড ব্যাঙ্ক স্থাপিত হতে থাকে।

কিন্তু ভারতের ইতিহাসে প্রথম রক্তদান আন্দোলন শুরু হয় ১৯৫৪ সাল থেকে শিল্প প্রতিষ্ঠান টাটা পরিবারের একজন গৃহবধূ লীলা মুরগাঁওকার হাত ধরে। এনার ছেলে মুম্বাইতে এক মোটর দুর্ঘটনার আহত হলে তাকে বাঁচাতে রক্তের প্রয়োজন হয় এগিয়ে আসেন হাসপাতাল কর্মী ও টাটা কর্মকর্তার কর্মচারীবৃন্দ। এই ঘটনা লীলা মুরগাঁওকারের মনে গভীরভাবে রেখাপাত করে এবং তিনি অনুভব করেন একটি সংঘঠিত রক্তদান কার্যক্রমের। তখন থেকে ১৯৯২ সাল মৃত্যুর আগ পর্যন্ত এই কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। এরকম একটি ব্যক্তির উদ্যোগের উদাহরণ আমেদাবাদের সার্জন ডক্টর ভি জি মভালংকার। ১৯৬০ এর দশকে কলকাতায় তখন ড: বিধানচন্দ্র রায় মুখ্যমন্ত্রী ছিলেন সে সময় ডঃ রায় খুব সমস্যায় পড়েছিলেন কারণ রক্তের আকাল কলকাতার সব হসপিটাল গুলিতেই ছিল। (এই সময় পশ্চিমবাংলায় উদ্বাস্তু, সম্প্রদায়িক দাঙ্গা, রাজনৈতিক আন্দোলন, দুর্ঘটনা জনিত কারণে রক্তের প্রয়োজন লেগেই থাকতো) তখন তাঁর সরকার বিভিন্ন বিজ্ঞাপন দিয়ে বেশ প্রচার চালিয়েছিলেন। তৎকালীন সরকারি কয়েকটা কালো রং এর ভ্যান টাইপের গাড়ি, আর বেশ কিছু কর্মী বরাদ্দ হয়েছিল ঘুরে ঘুরে রক্ত সংগ্রহ ও প্রচার চালানোর জন্য। কিন্তু বিভিন্ন সরকারি উদ্যোগ নেওয়ার পরেও কিছুতে স্বেচ্ছায় রক্তদান সম্পর্কে মানুষের মনে সন্দেহ আর কুসংস্কার ভাঙ্গা যাচ্ছিল না। কেউই রক্তদানের রাজি নন কর্মীরা পাড়ায় পাড়ায় রক্তদানের প্রচারে গেলেই লোকে "রক্তচোষা এসেছে" বলে পালাতো। তবে 1962 সালে কলকাতায় প্রথম যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ত্রিগুনা সেন কিছু ছাত্রর উদ্যোগে রক্তদান শিবিরের আয়োজন করে। এবং এর প্রচার চালানোর জন্য শুরু হলো ক্লাসে ক্লাসে লিফলেট বিলি এবং বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিসহ বিখ্যাত রবীন্দ্র সংগীত গায়ক

দেবব্রত বিশ্বাস রক্তদানের উৎসাহিত করার উদ্দেশ্যে বিনা পয়সায় গান গাইলেন। এবং ১৩ দিনব্যাপী এই রক্তদান শিবিরে ৩০১ জন রক্ত দিয়েছিলেন। এবং এদেরই কয়েকজনের উদ্যোগে পরবর্তীতে অ্যাসোসিয়েশন অফ ভলেন্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গল গঠিত হয়েছিল। ভারতীয় ইতিহাসের বিখ্যাত একজন আন্দোলনকারীর নাম পাওয়া যায় যিনি শুধু ভারতে নয় আন্তর্জাতিকভাবে রক্তদান আন্দোলনের জন্য বিখ্যাত তার নাম ডাঃ জয় গোপাল জলি, ডাঃ জে জি জলি নামে বিখ্যাত । তিনি ভারতে স্বেচ্ছায় রক্তদান আন্দোলনের পথপ্রদর্শক ছিলেন, এবং তাকে "ভারতে ট্রান্সফিউশন মেডিসিনের জনক" হিসাবে বিবেচনা করা হয়। তিনি ভারতে পেশাদার দাতাদের রক্ত বিক্রি ও ক্রয় নিষিদ্ধ করার প্রচারণার নেতৃত্ব দেন, যা পরে ভারতের জাতীয় রক্ত নীতিতে অন্তর্ভুক্ত করে ভারত সরকার। তিনি ১ অক্টোবর 'রক্তদান দিবস' পালন করে রক্তদান কর্মসূচির তাৎপর্য সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করেছেন। তিনি ভারতে প্রথমবারের মতো ট্রান্সফিউশন মেডিসিনে স্নাতকোত্তর ডিগ্রি চালু করেন। এই ক্ষেত্রে তার অগণিত অবদানের ফলস্বরূপ ডঃ জলি ভারতে ব্লাড ব্যাঙ্কিংয়ের নেতা হিসাবে স্বীকৃত। ড. জলির প্রদত্ত বিশিষ্ট গবেষণা ও অবদানের জন্য অসংখ্য সম্মানে ভূষিত করা হয়েছে। তাঁর নিবেদিত কাজটি ভারতে ট্রান্সফিউশন মেডিসিনের ক্ষেত্রে পেশাদার পরিষেবা, গবেষণা এবং শিক্ষাদানে উন্নয়ন এবং শ্রেষ্ঠত্বের জন্য দুর্দান্তভাবে অবদান রেখেছে। এনার সাথে আর একজন বিশিষ্ট মহিলা নাম উঠে আসে তার নাম মিসেস কান্তা স্বরূপ কিষান। ৬০ এর দশকের গোড়ার দিকে কান্তা স্বরূপ কিষণ চণ্ডিগড়ে স্বেচ্ছায় রক্তদান আন্দোলনের প্রধান প্রবর্তক হয়ে উঠেছিলেন। ১৯৬২ সালে ভারত-চীন যুদ্ধে ব্যাপক ক্ষয়ক্ষতি তে রক্তের চাহিদাকে আরও তীব্র করে তোলে। কান্তা তার ডানা মেলে রক্তদানের বার্তা প্রচার করতে থাকে। চণ্ডিগড়ে আন্দোলন শুরু হওয়ার পর কান্তা প্রতিবেশী রাজ্যগুলিতে ক্যাম্প করতে শুরু করেন। ১৯৭২ সালে তিনি পদ্মশ্রী পুরস্কারে ভূষিত হন এবং একই বছর তিনি ইণ্ডিয়ান সোসাইটি অফ ট্রান্সফিউশন এণ্ড ইমিউনোহেমাটোলজির সেক্রেটারি জেনারেল নির্বাচিত হন দীর্ঘ 16 বছর ধরে। এরপরে তিনি ২০০৪ সালে রোটারি ক্লাবের সাথে যৌথভাবে ৩৭ সেক্টরে একটি ব্লাড ব্যাংক স্থাপন করেন। রোটারি এবং ব্লাড ব্যাংক সোসাইটি রিসোর্স সেন্টার নামে পরিচিত, এটি ১০০ % স্বেচ্ছায় রক্তদানের ধারনায় উপর চলে এবং অভাবী রোগীদের এবং ক্যান্সার এবং থ্যালাসেমিয়া এবং হিমোফিলিয়ার মত রোগে আক্রান্ত ব্যক্তিদের বিনামূল্যে রক্ত ও রক্তের উপাদান প্রদান করে। এছাড়াও তিনি ভারতের সুপ্রিম কোর্টে একটি পিটিশন দাখিল করেন বাণিজ্যিক রক্তদান নিষিদ্ধ করার জন্য। এছাড়াও তিনি বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি সম্পাদন করেন। ১৯৭১ সালে ইণ্ডিয়ান সোসাইটি অফ ব্লাড ট্রান্সফিউশন এণ্ড ইমিউনোহাইমোটলজির প্রতিষ্ঠাতা

এবং সভাপতি জে.জি. জলি আন্দোলনকে আরো উচ্চতায় নিয়ে যান ও তাঁর তত্ত্বাবধানে সোসাইটি ১ অক্টোবর কে জাতীয় স্বেচ্ছায় রক্তদান দিবস হিসেবে ঘোষণা করেন যা পরে সরকার দাঁড়াও গৃহীত হয়েছিল। এবং ১৯৭৫ সালে উদযাপিত হয় অল ইণ্ডিয়া ভলেন্টারি ব্লাড ডোনেশন ডে। স্বেচ্ছায় রক্তদান আন্দোলনকে জনপ্রিয় করার মানসে এরপর থেকে প্রতিবছরই এই দিনটি উদযাপিত হয়। ও স্বেচ্ছায় রক্তদানের মহৎ উদ্দেশ্যে সমর্থনে দেশের বিভিন্ন অঞ্চলে অনেক রক্তদাতা সংগঠনে এগিয়ে এসেছে। এছাড়াও টাটা পরিবারের উদ্যোগে বিভিন্ন ব্লাড ব্যাংক ও রক্তদান শিবির আয়োজনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এছাড়ও বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গের উদ্যোগে এই আন্দোলন আজ জন্মুখী হয়ে উঠেছে।

সুপ্রিম কোর্টের রায় :

রক্ত বিক্রির প্রথা বাদল করার জন্য ১৯৯৬ সালে সুপ্রিম কোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছিল এবং জনস্বার্থে এই মর্মে ঐতিহাসিক রায় প্রধান করে ভারতের সুপ্রিম কোর্ট। যা ১৯৯৮ সালের ১লা জানুয়ারি থেকে পেশাদার রক্ত বিক্রেতাদের কাছ থেকে আর কোনো রক্ত কেনা যাবে না। এছাড়াও স্বেচ্ছায় রক্তদান কার্যক্রমকে বিস্তৃত করার লক্ষ্যে জাতীয় ও প্রদেশিক পর্যায়ে ব্লাড ট্রান্সফিউশন কাউন্সিল গঠনেরও নির্দেশ দেয় আদালত। সুপ্রিম কোর্টের নির্দেশে ন্যাশনাল এণ্ড স্টেট ব্লাড কাউন্সিল প্রতিষ্ঠিত হয় ১৯৯৬ সালের জুলাইয়ে। এবং ত্রিপুরায় একটি শিবিরও আয়োজন করা হয়েছিল। এরপর ২০০৭ সালের ন্যাশনাল ব্ল্যাড ট্রান্সফিউশন সার্ভিসেস এর একটা অ্যাক্ট এ বলা হয় টাকার বিনিময়ে রক্ত বিক্রি বা দান করা বেআইনি,যদি দোষী প্রমাণিত হয় তবে দোষী সাব্যস্ত ব্যক্তিদের জরিমানা সহ তিন মাস পর্যন্ত জেল হতে পারে। ও ২০২১ সালের মার্চ মাসে রক্তদানের নির্দেশিকাকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে একটি পিটিশন দাখিল করা হয়েছিল যেখানে হিজড়া ব্যক্তি, সমকামী, এবং যৌনকর্মীদের রক্তদান থেকে নিষিদ্ধ করে। এছাড়াও প্রয়োজনীয়তা সম্পর্কিত সমস্ত স্কিমগুলির মধ্যে স্বেচ্ছায় রক্তদানকে উদ্দীপিত করার জন্য কার্যকর অনুপ্রেরণামূলক প্রচারাভিযান শুরু করা, রক্তদানের কর্মসূচি চালু করা এবং এর কর্মীদের প্রশিক্ষণ দেওয়া কথাও বলেছেন।

ভারতে প্রতিবছর প্রায় ১১ মিলিয়ন মানুষের চেয়ে বেশি রক্ত দান করে থাকে। রক্তদান করাকে সবচেয়ে বড় সেবা বলে মনে করা হয় যা একজনের জীবনে অন্যের জীবন বাঁচানোর মাধ্যমে করা যায়। দান করা রক্ত পরবর্তিতে ব্যবহারের জন্য প্রায়ই ব্লাড ব্যাংকে রাখা হয়। 'ড্রাগ এণ্ড কসমেটিকস অ্যাক্ট' ১৯৪০- এর অধীনে রক্তকে ওষুধ হিসাবে বিবেচনা করা হয় যার কারনে ব্লাড ব্যাংকগুলি কে ভারতের ড্রাগস

কন্ট্রোলার জেনারেল এর কাছ থেকে রক্ত সঞ্চয় করার জন্য একটি লাইসেন্স পেতে হয়। ন্যাশনাল ব্ল্যাক ট্রান্সফিউশন কাউন্সিল হলো একটি নীতি প্রণয়নকারী কেন্দ্রীয় শীর্ষ সংস্থা। যার লক্ষ্য হলো রক্ত সঞ্চালন পরিষেবা ও বিভিন্ন সংস্থান এবং এর রক্ত কেন্দ্র গুলির অপারেশন সম্পর্কিত অন্যান্য সমস্ত বিষয়ে তথ্য প্রদান করা। এটি S.B.T.C 'স্টেট ব্লাডট্রান্সফিউশন কাউন্সিল' এর সাথেও সমন্বয় করে এবং নিশ্চিত করে যে অন্যান্য সমস্ত মন্ত্রণালয় এবং স্বাস্থ্য প্রোগ্রামগুলি রক্ত সঞ্চালন পরিষেবার সাথে সম্পর্কিত কার্যক্রমের সাথে জড়িত। কাউন্সিল প্রশাসনিক কার্যসম্পাদন করে যেমন দুর্যোগের সময় রক্ত সরবরাহ ব্যবস্থাপনার জন্য নির্দেশিকা প্রণয়ন। এন.বি. টি.সি জাতীয় ও আন্তর্জাতিক সংযোগ, গুনমান ব্যবস্থাপনা এবং গুনমান নিশ্চিতকরণ পরিষেবা, ওষুধ পরিদর্শক, প্রযুক্তিবিদ, মেডিকেল অফিসার ইত্যাদির জন্য প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রম সরবরাহ। এর আওতায় বিভিন্ন ব্লাড ব্যাংক গঠিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য রোটারি ব্লাড ব্যাংক, সংকল্প ইণ্ডিয়া ফাউণ্ডেশন, লায়ন্স ব্লাড ব্যাংক, আথার ব্লাড ব্যাংক, থিঙ্ক ফাউণ্ডেশন, হিরোস, রক্তিম ও অ্যাসেসিয়েশন অফ ভলান্টিয়ারি ব্লাড ডোনার ওয়েস্ট বেঙ্গল প্রভৃতি ব্লাড ব্যাংক গুলি এই ন্যাশনাল ব্লাড কাউন্সিলের সাথে সমন্বয়ভাবে প্রতিনিয়ত কাজ করে চলেছে।

"দেহের একটু রক্ত দিলে যদি বাঁচে প্রাণ
ধন্য হবে জনম তোমার, মহৎ তোমার দান"।

রক্তেই মানুষের প্রাণের বিকল্প তাই মুমূর্ষ রোগীর প্রাণ বাঁচাতে আজ শত শত ছাত্র, যুব জনতা স্বতঃপ্রবৃত্ত হয়ে রক্তদান করতে এগিয়ে আসছে। তবু আজও কিছু মানুষের ভ্রান্ত ধারণা রক্তদান করলে শরীরের ক্ষতি হবে অথবা শরীর অসুস্থ হয়ে মৃত্যু ঘটতে পারে। কিন্তু এ ধারণা কুসংস্কার মাত্র। কারণ যে পরিমাণ রক্ত "ব্লাড ব্যাংক" শরীর থেকে গ্রহণ করে তার জন্য শরীরের কোন ক্ষতি হয় না বরং এই রক্তদান নিজের সুস্থা, থেকে বাঁচিয়ে তুলতে পারে আর একটি অমূল্য জীবন। ভারতের পঞ্চম রাষ্ট্রপতি ফখরুদ্দিন আলী আহমেদ বলেছেন,"সমাজ জাতীয় আন্দোলনের কর্মকর্তাদের কর্তব্য হচ্ছে জনগণের বিবেক জাগ্রত করে স্বেচ্ছায় রক্তদানে অনুপ্রাণিত করা।'রক্তদানের আদর্শকে সারা বিশ্বের আদর্শ রূপে প্রতিষ্ঠিত করতে হবে। রক্তদানে মানুষের ক্ষতির চেয়ে বরং শ্রীবৃদ্ধি সাধনই ঘটে তা মানুষকে বোঝানোর সময় এসে গেছে। তাই স্বেচ্ছায় রক্তদানের মাধ্যমে অমূল্য জীবন বাঁচানো অত্যন্ত জরুরী"। তাই বর্তমানে শুধু ব্লাড ব্যাংকের সংখ্যায় বাড়েনি বেড়েছে রক্তদাদের সংখ্যাও। তাই আজ স্বতঃস্ফূর্তভাবে রক্তদানে এগিয়ে আসে স্কুল-কলেজের ছাত্রছাত্রী, বিভিন্ন ক্লাব, বিভিন্ন সংঘ, অফিস-কাছারি এবং রাজনৈতিক দলের অসংখ্য যুবক-যুবতী।

পরিশেষে এ কথা বলা যায় যে চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস যেমন সুপ্রাচীন ঠিক তেমনই রক্তের সাথে চিকিৎসার সম্পর্ক সেই প্রাচীনকাল থেকেই চলে আসছে। আমরা দেখেছি যে মধ্যযুগ থেকেই রক্ত ট্রান্সফিউশন এর প্রক্রিয়া শুরু হয়ে গেছিল। এবং এই আধুনিক ট্রান্সফিউশন প্রক্রিয়া সুপ্রতিষ্ঠিত হতে প্রায় 500 বছর লেগে গেছে। এই ৫০০ বছর ধরে বিভিন্ন চিকিৎসা বিজ্ঞানী কঠোর অধ্যাবসা ও অধ্যায়ন করে সর্বোপরি তখনকার সমাজব্যবস্থার সঙ্গে তারা রীতিমতো লড়াই করে তাদের জীবনের মূল্য দিয়ে আমাদের জীবনকে রক্ষা করার সঠিক উপায় বাতলে দিয়ে গেছে। এইসব চিকিৎসা বিজ্ঞানীদের মধ্যে উল্লেখযোগ্য বিজ্ঞানীগণ হলো উইলিয়াম হার্ভে, রিচার্ড লোয়ার, ক্রিস্টোফার রেন, জিন ব্যাপটিস্ট ডেনিস, জেমস ব্লুডেল, জোসেফ লিস্টার, কার্ল ল্যাণ্ডস্টাইনার, জর্জ ওয়াশিংটন ক্রাইল, রুবেন ওটেনবার্গ, অ্যালেক্সিস ক্যারেল, অ্যালেক্সিস হাস্টিন, জিওফ্রে কেইনস, অসওয়াল্ড হোপ রবার্টসন, লরেন্স ব্রুস রবার্টসন, বার্নার্ট ফ্যান্টাস, চার্লস রিচার্ড ড্রউ, কার্ল ডব্লিউ ওয়াল্টার প্রভৃতি বিজ্ঞানীগণের প্রচেষ্টা এটি সম্ভব হয়েছে। এবং এই রক্তদানের আন্দোলন প্রথম বিশ্বযুদ্ধ থেকে শুরু হয়েছিল ও প্রথম বিশ্বযুদ্ধে পরবর্তী সময়ে আমেরিকান রেডক্রসের সদস্যদের দ্বারা প্রথম স্বেচ্ছায় রক্তদানের নজির গড়ে উঠেছিল। এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় এটি একটি প্রধান চিকিৎসায় পরিণত হয়ে সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়েছিল।

ভারতের ক্ষেত্রে আমরা দেখতে পাই যে দ্বিতীয় বিশ্বযুদ্ধ সময় থেকেই স্বেচ্ছায় রক্তদান শুরু হয়েছিল। রক্তদানের আন্দোলন প্রথম শুরু করেন লীলা মূলগাওকার একজন মহিলা যিনি টাটা পরিবারের গৃহবধূ এছাড়া আর একজন মহিলার নাম পাওয়া যায় চণ্ডিগড়ের গৃহবধূ কান্তা স্বরূপ কিষাণ। এই থেকে বোঝা যায় যে এই আন্দোলনে নারীদের অবদান অনস্বীকার্য। এছাড়াও জয় গোপাল জলি, ত্রিগুনা সেন, পি ভি মাভালঙ্কার, প্রভৃতি আন্দোলনকারীদের উদ্যোগে এবং ভারতীয় সুপ্রিম কোর্টের সহযোগিতায় এই আন্দোলনের একটা রূপ পরিগণিত হয়েছে। এই রক্তদান নিয়ে প্রথমদিকে মানুষের মনে বিরুপ ধারনা ছিল কিন্তু বিভিন্ন আন্দোলনকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের দ্বারা এই বিরুপ ধারণা অনেকটা লাঘব হয়েছে। এবং আজ সমাজে বিভিন্ন প্রতিষ্ঠানে স্কুল কলেজ অফিস আদালত ক্লাব রাজনৈতিক দল ও বিভিন্ন ছোটখাটো প্রতিষ্ঠানে উদ্যোগে রক্তদান শিবিরের আহ্বানে একাধিক যুবক-যুবতী সাড়া দিচ্ছে যার ফলে এই মহৎ কাজ আরো এগিয়ে চলেছে। তাই আমাদের সকলেরই উচিত জাতি ধর্ম নির্বিশেষে এই মহান কাজকে আরো এগিয়ে নিয়ে যাওয়া। পরিশেষে এই প্রসঙ্গে রতন টাটার একটি কথা বলা যায় (এই আন্দোলনে টাটা পরিবারে একটি গুরুত্বপূর্ণ অবদান রয়েছে) ভারতে টাটা গ্রুপের প্রায় প্রতিটি ফ্যাক্টরিতে রক্তদানের আন্দোলনকে উৎসাহিত করার জন্য একটি নিয়ম প্রচলিত ছিল এবং এখনো আছে। যদি তুমি

রক্তদান করো তাহলে সেদিনের মতো তোমার অফিস ছুটি এবং সেই সপ্তাহে তুমি রেগুলার ছুটি ছাড়াও আরো একদিন অতিরিক্ত ছুটি ভোগ করতে পারবে। কারখানায় এই সুবিধাটি ভোগ করার জন্য প্রায়শই দেখা যেত কাজ কাম বাদ দিয়ে ব্যাপক আগ্রহ উদ্দীপনা নিয়ে রক্তদানে মনোনিবেশ করছে। তাতে টাটা কোম্পানির বিপুল পরিমাণে আর্থিক ক্ষতি সাধন হচ্ছে বলে মনে করতেন টাটা কোম্পানির একজন সিনিয়র কর্মকর্তা। সেই সিনিয়র কর্মকর্তা রতন টাটার কাছে জানতে চাইলেন স্যার আমরা হিসেব কষে দেখেছি যেহেতু রক্ত দেওয়ার পর একজন মানুষ সম্পূর্ণ সুস্থই থাকেন এবং যেহেতু রক্ত দেওয়ার পর শ্রমিকদের শরীরে তেমন কোনো ক্ষতি সাধনও হয় না তাই একদিন কাজে ফাঁকি এবং সপ্তাহে একদিন অতিরিক ছুটি উপভোগ করার উদ্দেশ্যে শ্রমিকদের এহেন কাজে ঘন ঘন লিপ্ত হবার কারণে কোম্পানির কোটি কোটি টাকা লস হচ্ছে তাহলে কেনই বা বেহুদা এই মহামূল্যবান শ্রমের বাজারে হাজার হাজার শ্রমঘণ্টা নষ্ট করছি আমরা? রতন টাটা স্মিত হেসে জবাব দিয়েছিলেন 'কাউকে কাজে উৎসাহিত করা একদম অন্য একটি ব্যাপার, এই বিষয়ে আপাতত তোমার কাছে নতুন করে কিছু শিখতে চাই না আমি। যারা রক্তদান করেন, তাদের ছুটির প্রয়োজন আছে বলেই তারা সেটি করেন, আর ব্যাপারটি আইন বহির্ভূত কোন ঘটনা নয়। কিন্তু কথা হচ্ছে, শুধুমাত্র কয়েকটি মানুষের শ্রমঘন্টা যোগ দিলে একটি মানুষের জীবন বাঁচানো যায়, অতি প্রয়োজনের সময় শুধুমাত্র শ্রমঘন্টা বিনিময়ে অর্জিত রক্তে সেই মানুষটি মৃত্যুর হাত থেকে বেঁচে উঠতে পারেন'। এটিও সম্ভব, আমরা কি কখনও তা ভেবে দেখেছিলাম।

সহায়ক গ্রন্থ :

1. চক্রবর্তী অরুণ কুমার - "চিকিৎসা বিজ্ঞানে বাঙালি", প্রকাশিকা অরুন বাগচী, অরুণ প্রকাশনী ১৯৫৯, ৭ যুগলকিশোর দাস লেন কলকাতা ৬।
2. চৌধুরী শুভাগত - "চিকিৎসা বিজ্ঞানের আবিষ্কারের কাহিনী", মুক্তবীর ঢাকা ১৯৭৮-১৯৮৮।
3. চক্রবর্তী তপন - "চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস", অনুপম প্রকাশনী আগস্ট ২০১৪।
4. ডক্টর সারজানি রাগিব, অনুবাদ-রহমান আশিকুর ও বাকি আবদুল্লাহিল,--- "ইসলামী সভ্যতায় চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস", প্রথম প্রকাশ: আগস্ট ২০২২, প্রকাশনায়_মাকতাবাতুল হাসান, গিয়াস গার্ডেন কমপ্লেক্স।
5. ডা: রায় বিশ্বনাথ - "বিজ্ঞান রথের সারথি" শ্রীযুগল কিশোর রায়, শ্রী সত্যনারায়ণ প্রেস ৫২ কৈলাস বসু স্টীট কলকাতা ৬, প্রকাশক_কান্তি রঞ্জন ঘোষ বর্ণালী ৭৩ মহাত্মা গান্ধী রোড কলকাতা ৯, মার্চ 1985।
6. Leo.M.Zimmerman and Katharine. M.Howell__Annals Of Medical History -"History of Blood Transfusion" New Series Volume-4, September 1930 ,Chicago.

7. Boel Berner - "STRANGE BLOOD"The Rise and Fall of Lamb Blood Transfusion in 19th Century Medicine and Beyond (2020,VL-5) published by the Deutsche nationalbibliothek.
8. Satish Gupta - "The Test Book of Blood Bank and Transfusion Medicine"(2006), publisher-Jaypee Brothers medical pub(p) Ltd.

জার্নাল

1. প্রাচীন মিশরের অভিনব স্বাস্থ্য জ্ঞান"_৩০ শে নভেম্বর ২০১৬। আর্টিকেল।
2. Eulogy of Dr John Show Billing - "Annals Of Medical History"; Ann med Hist 1917 July 109_110 V.L.
3. Article - history of medicine.
4. Paterson GR,Neilson JB,Roland CG(November 1982)"history of medicine"Canadian Medical Association Journal .
5. রায় ডি.পি - "প্রাচীন ভারতীয় বিজ্ঞানের উত্থান ও পতন: আয়ুর্বেদ",২৯ মে ২০১৭ আর্টিকেল
6. মণ্ডল উত্তম - " প্রাচীন ভারতের চিকিৎসা ব্যবস্থায় চড়ক ও সুশ্রুত" ৩১/০১/২০২২,৭:৩২ pm আর্টিকেল।
7. অরণ্য অমিতাভ - "মহর্ষি সুশ্রুত: প্লাস্টিক সার্জারির জনক" ফেব্রুয়ারি -২৪ -২০১৪ আর্টিকেল।
8. ডক্টর সারজানি রাগিব, অনুবাদ-রহমান আশিকুর ও বাকি আবদুল্লাহিল,--- "ইসলামী সভ্যতায় চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস", প্রথম প্রকাশ: আগস্ট ২০২২, প্রকাশনায়_মাকতাবাতুল হাসান, গিয়াস গার্ডেন কমপ্লেক্স।
9. চৌধুরী রাহমান - "মধ্যযুগে ইসলামদের জ্ঞান-বিজ্ঞান চর্চার অবদান", ২৩ নভেম্বর ২০২২,০১:৩৫pm আর্টিকেল।
10. মনিরুল ইসলাম - "উপনিবেশ: আমাদের চিকিৎসা ব্যবস্থার জন্মক্ষত" আর্টিকেল।
11. Dr. মুখার্জি কাঞ্চন - "রক্ত সঞ্চালনের ইতিহাস: মেডিসিন না মার্ডার?" পর্ব-১, আর্টিকেল (ডক্টরস ডায়ালগ)।
12. হাসান রিদওয়ান - "রক্তসংবহন তন্ত্রের আবিষ্কারক কে? উইলিয়াম হার্ভে নাকি ইবানুন নফিস? একটি ঐতিহাসিক প্রমাণ" ১৫ এপ্রিল ২০২০ আর্টিকেল ।
13. সুন্দর সাগ্নিক - "উইলিয়াম হার্ভে: এক বিপ্লবের নাম", ০৪/০৪/২০১৭(বিজ্ঞান হোক আনন্দে উৎস_বিজ্ঞান যাত্রা)।
14. Highlights of Transfusion Medicine History (aabb.org)
15. Gentili. E.Marc (Centre Hospitalier De Fougères)--" Christopher wren: From Early Transfusion to Saint_Paul Cathedral", November 2014, Transfusion Clinique et Biologique 21(6) article.
16. "The strange Grisly History of the First Blood Transfusion"--(Encyclopaedia Britannica)

17. Giangrande L.F Paul (Oxford Haemophilia Centre Churchill Hospital)--"The History of Blood Transfusion",_British Journal of Hematology, Volume 110, 24 December 2001 (Wiley Online Library).
18. Garcia Kristin - "A Brief History of Blood Transfusion Through The Years", March 10 2016 (Stanford Blood Center)
19. Dr.Mandal Ananya - "History of Blood Transfusion" (News Medical and Life Sciences).
20. Franklin K.J_Section of The History Medicine--" The Work of Richard Lower(1632-1691)", December 2 1931, (Tutor and Lecturer in Physiology Oriel College Oxford)
21. Lawler Dorothy Sylvia and Berkman M Eugene Blood Group,Also Known as : Blood Type . April 5 2023 article history (Encyclopaedia Britannica).
22. থারম্যান পল - " রক্ত সঞ্চালন:৩৫০ বছর"।
23. Baskett F Thomas - "James Blundell:The First Transfusion of Human Blood " 2002 March (National library of medicine).
24. M.D Khan Fahim - "কার্ল ল্যাণ্ডস্টাইনার: রক্তের গ্রুপ আবিষ্কারক এবং অগণিত প্রাণের ঋণ", ফেব্রুয়ারি ৫ ২০২০ (Roar media)
25. পিয়ার্স আর স্টিভেন, এসবিবি (এএসসিপি)--"প্রথম বিশ্বযুদ্ধে রক্ত সঞ্চালন"
26. Pierce R.Steven, SBB(ASCP)--"Blood Transfusion in the First World War", (Medicine in the First World War).
27. Maxwell Amanda - "Dr. Lawrence Bruce Robertson and Blood Transfusion in the Trenches of World War 1"(Transfusion Blood) Wednesday, June 14 2017.
28. Stansbury G.Lynn and Hess R.John -"Blood Transfusion in World 1 : Theroles of Lawrence Brusce Robertson and Oswald Hope Robertson in the Most Important Medical Advance of The War" (200g Elsevier inc.All Rights Reserved)
29. "Blood Transfusion During World War 1 (1914-1918)", Article in English, French - Jean Pierre Aymard et al.Hist .Sci med.2016 July (Pub med.NIH).
30. Waxman B.Olivia -"The Creepy Source of the Blood in the First Blood Bank", January 2 2018 Article.
31. Education and Early Medical Career, 1922-938__"Becoming the Father of the Blood Bank 1938-1941", 'My Chief Interest Was and is Surgery'- Howard University,1941-1950.
32. Boel Berner - "STRANGE BLOOD"The Rise and Fall of Lamb Blood Transfusion in 19th Century Medicine and Beyond (2020,VL-5) published by the Deutsche nationalbibliothek.

33. মারওয়াহা নীলন- "ভারতের স্বেচ্ছায় রক্তদান; অর্জন, প্রত্যাশা এবং চ্যালেঞ্জ", ০৯/০৪/২০১৫_ এশিয়ান জার্নাল অফ ট্রান্সফিউশন বিজ্ঞান (Pubmed central)।
34. উদ্দিন হেলাল মুহাম্মদ- "মেডিকেল পুস্তকের ইতিহাস", ০৫/০৩/২০১৮(bdnews24.com)।
35. দস্তিদার ঘোষ ইন্দ্রনীল- "ভারতের পটভূমিতে চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস; সংক্ষিপ্ত পর্যালোচনা" ১৬/০২/২০১০।
36. Bacon Roger- "the spread of New Learning (History of medicine-Britannica)

পত্র-পত্রিকা

1. ডা: হাকিম নিম - "প্রকৃতিক চিকিৎসা বিজ্ঞানের ইতিহাস"_নভেম্বর, ৫, ২০২২ (আগামী নিউজ)
2. Dr.Mandal Ananya- "History of Blood Transfusion" (News Medical and Life Sciences).
3. পাল সুকন্যা-"রক্তদানের বং মাইলস্টোন; কিছু প্রশ্ন কিছু উত্তর", ০৮/০৪/২০২০(The Offnews)।
4. বিশ্বাস সুব্রত-"স্বেচ্ছায় রক্তদান একটি মহৎ কাজ", ১৪/০৬/২০২২(টাইমস)।
5. Sharma Grewal Manraj -"meet kanta saroop an octogenarian with decades of social service in her blood" 24/01/2018. (Hindustan times, Chandigarh)
6. Siwach sukhbir -"chandigarh;woman who campaigned against sale, purchase of blood in 60s, still has the same zeul coursing through her veins" 01/10/2020 (The India Express-Journalism of courage)

সরকারি প্রতিবেদন

1. জাতীয় স্বাস্থ্য মন্ত্রক (ভারত সরকার)
2. বিশ্বব্যাপী সংকল্প ইণ্ডিয়া ফাউণ্ডেশন-ব্যাঙ্গালোর, কর্ণাটক
3. Save life India -"Blood Donors Database" (volunteer for a Better India) 11/09/2014.
4. Ghosh Shreesha -" Here's how this 20 years olds NGO khoon is saving lives by making sure blood reaches a patient at the right time"03/01/2020.
5. Vicky-"1962; when CPI said donating blood to jawans was anti-party activity"15/06/2017(one India)
6. A Report on the "Assessment of Blood Banks in India"
7. Ministry of Health and Family welfare, Government of India (NACO/NBTC)

32

বাংলার রামকথায় নিম্নবর্গ ও নিম্নবর্গীয় দৃষ্টিতে রামকথা

ড. অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পার্থ সরকার (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারসংক্ষেপ : আধুনিককালে নিম্নবর্গীয় ইতিহাস চর্চা গুরুত্বপূর্ণ স্থান অধিকার করেছে। ভারতবর্ষে এই নিম্নবর্গীয় ইতিহাস চর্চার সূত্রপাত হয় ১৮৮২ খ্রিস্টাব্দে রণজিৎ গুহর 'সাবল্টার্ন স্টাডিজের' প্রথম খণ্ড প্রকাশিত হওয়ার মধ্য দিয়ে। যিনি ইতালিয় মার্কসবাদী পণ্ডিত আন্তোনিয় গ্রামশির লেখনী থেকে অনুপ্রাণিত হয়ে, গ্রামশির ব্যবহৃত 'subaltern' শ্রেণীকে 'নিম্নবর্গ' শ্রেণীর সমর্থক হিসেবে তুলে ধরেছেন। দীর্ঘ সময় ধরে চলে আসা রামকথা বাংলার মানুষের বৌদ্ধিক ও চিন্তন জগতে গভীর প্রভাব ফেলেছিল। সুদীর্ঘ কাল ধরে চলে আসার ফলে রামকথার মধ্য দিয়ে বিভিন্ন সামাজিক রাজনৈতিক অর্থনৈতিক দিকগুলি প্রতিফলিত হয়েছিল। নিম্নবর্গ এই সমস্ত ক্ষেত্র থেকে বিচ্যুত হয়নি। এ রামকথার মধ্য দিয়ে নিম্নবর্গের অবস্থান যেমন ফুটে উঠেছিল তেমনি তাদের দৃষ্টিভঙ্গির পরিচয় প্রতিফলিত হয়। এছাড়া এই সমস্ত মানুষরা রামকথাকে অবলম্বন করে নিজেদেরকে বৃহত্তর সংস্কৃতির সঙ্গে সংযুক্তিকরণের পাশাপাশি পরিচয়ভিত্তিক রাজনীতিতে অংশগ্রহণ এবং জীবন জীবিকা নির্বাহের চেষ্টা চালিয়েছিল। এই প্রবন্ধটির মধ্য দিয়ে ইতিহাসের পাতায় চির উপেক্ষিত এই শ্রেণীর বাংলার রামকথায় তাদের অবস্থান, রামকথার প্রতি তাদের দৃষ্টিভঙ্গি ও নিম্নবর্গের মানুষের বৌদ্ধিক ও চিন্তন জগতে তার প্রভাবের নির্ণয়ের প্রচেষ্টা করা হয়েছে।

সূচক শব্দ : নিম্নবর্গ, পিতৃতন্ত্র, ব্রাহ্মনায়ন, উচ্চবর্গ, কর্তৃত্ব, বিচ্যুতি, দৃষ্টিভঙ্গি, বৈষম্য, প্রাধান্য

ভূমিকা : বাংলার বিস্তৃত রামকথায় বাংলা জনজীবনে নানা দিক প্রস্ফুটিত হয়েছে। বাংলা রামকথার রচয়িতাও যুগ যুগ ধরে চলে আসা এই রামকথাকে যেমন নিজস্ব দৃষ্টিতে দেখেছে তেমনি সাধারণ মানুষের সামনে রামকথাকে নতুন দৃষ্টাঙ্গনে মেলে ধরেছে। অভিনন্দন, সন্ধ্যাকার নন্দী, কৃত্তিবাস থেকে শুরু করে সকলের মধ্যে এই ভাবধারা লক্ষ্য করা গেছে। যার ফলে রামকথা প্রকৃত রামকথার ধরন থেকে যেমন বিচ্যুত হয়েছে তেমনি যুগচাহিদার নিরিখে নতুন নতুন দিক পুনরায় মাথা চাড়া দিয়েছে। অনেক সময় আবার নতুন নতুন সংযোজন হয়েছে। ঐতিহাসিক ঘটনা থেকে ঐতিহাসিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনের প্রেক্ষিতে মার্ক ব্লক একটি গুরুত্বপূর্ণ উক্তি করেছেন তিনি

বলেন-"Change is a constant feature. It is a feature occur all the time and every where".[১] এই সংযোজন ও বিয়োজনের মধ্যদিয়ে নিম্নবর্গীয় মানুষের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও ধর্ম বিশ্বাসের মতো দিকগুলি ফুটে উঠেছে। আধুনিক যুগে নিম্নবর্গের ইতিহাস চর্চা প্রাধান্যলাভ করায় সুদীর্ঘকাল জনজীবনে প্রভাব বিস্তারকারী রামকথায় নিম্নবর্গের অবস্থান নির্ধারণ করা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

তথ্য বিশ্লেষণ : বাংলা রামকথা পর্যালোচনা করলে দেখা যায় বাংলা রামকথায় কতগুলি বিশেষ বৈশিষ্ট্য আছে। যেখানে একাধারে নারীর প্রতি পক্ষপাতিত্ব, বর্ণভিত্তিক বৈষম্যের নমনীয়তা, তেমনি বীর অপেক্ষা ভক্তিভিত্তিক প্রেম কাহিনী প্রাধান্য লাভ করেছে। রামায়ণের অন্যতম গুরুত্বপূর্ণ কাহিনী গড়ে উঠেছে নারী চরিত্রগুলিকে নিয়ে যেখানে সীতাকে রামের মতো অধিক প্রাধান্য দেয়া হচ্ছে। রাম সীতার প্রেমকাহিনী সর্বাধিক প্রাধান্য লাভ করে সর্বাংশেই তাদের উপস্থিতি জাহির করেছে। যে কারণে মন্দাক্রান্ত বোস পূর্বভারতে রামায়ণ প্রসঙ্গে বলেছেন-"Whereas the alternative Ramayana from eastern India commonly emphasize the plight of women within the power relations authorized by the mainstream Rama tales"।[২] কিন্তু পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করলে দেখা যায় বাস্তবের সঙ্গে এই কথাটি সম্পূর্ণরূপে খাপ খায় না।

বাংলার সর্বাপেক্ষা জনপ্রিয় রামকথা প্রচারক কৃত্তিবাসের 'রাম পাঁচালী' বা রামায়ণে তার প্রভাব ফুটে উঠেছে। রাম-রাবণের যুদ্ধের শেষে সীতাকে উদ্ধার করার পর রামচন্দ্র তাঁর সতীত্বের পরীক্ষায় অবতীর্ণ না হওয়া পর্যন্ত তাঁকে মানতে রাজি হননি। তিনি আরো বলেন-

"আমার না ছিল কেহ সীতা তব পাশে।
ব্যবহার তোমার না জানি দশমাস।।...
তোমায় হইতে পুনঃশঙ্কা হয় মনে।"[৩]

শুধুমাত্র রামচন্দ্র নয় কৃত্তিবাসের রক্ষণশীল দিকটিও তাঁর রচিত রামকথায় ফুটে উঠেছে। তাঁর নিজস্ব সংযোজিত রাম কথার মধ্যে, যেখানে কৃত্তিবাস হরধনু ভঙ্গের সময় সীতাকে স্বয়ংবরেনা এনে মাত্র একবার বাড়ির ছাদে উঠতে দিয়েছিলেন। যেখানে বাঙালি মেয়ের আশঙ্কা নিয়ে সীতা প্রার্থনা করে বলছেন-"পাছেবা বিরিঞ্চ করে বঞ্চিত এ ধনে।"৪ পূর্বে উল্লেখিত রামচন্দ্রের সীতার প্রতি অবিচার সত্ত্বেও সীতা বলছেন

" তুমি হেন স্বামী বর্জ্জ বৃথা জীবন।।
.. আমার কি এই ছিল লিখন কপালে।[৫]

এর মধ্য দিয়ে নৃসিংহপ্রসাদ ভাদুড়ী তার 'বাল্মীকির রাম ও রামায়ণ' গ্রন্থে বাল্মিকির উদ্ধৃতি দিয়ে দেখান রামচন্দ্র মূলত নিজের সম্মান রক্ষার্থেই রাবণকে বধ করেছিল সীতার জন্য নয়৬ সেই বিষয়টি প্রতিফলিত হয়েছে। এই সমস্ত দিকটি কৃত্তিবাস সহ বাঙালি রামকথার প্রবর্তকরা এড়িয়ে যাওয়ার চেষ্টা করলেও তাদের রক্ষণশীলতা এক্ষেত্রে বাধা সৃষ্টি করেছে। এর পাশাপাশি মহিলাদের প্রতি পুরুষতান্ত্রিক কর্তৃত্ব বা "Patriarchal Hegemony'এর বৈধতাকে স্বীকৃতি প্রদান করে।

সীতার পরবর্তী পুরুষতন্ত্রের শিকার হওয়া নারী ছিলেন সুর্পনখা। সুর্পানাখা ছিলেন রাবণের ছোট বোন বাল্য বিধবা ও অভাগী সুর্পনখা রামচন্দ্রের বনবাসকালীন অবস্থায় তাঁর প্রতি আকৃষ্ট হয়েছিলেন। বিবাহিত হওয়ায় কারণে রামচন্দ্র এবং তার ভাই লক্ষণ দাদার প্রতি বাৎসল্যের কারণে সুর্পনখাকে বিয়ে করতে রাজি হননি। ক্ষুদ্র বিষয় নিয়ে বাকবিদণ্ডার জন্য রামচন্দ্রের নির্দেশে লক্ষণ তার নাক কান কেটে দেয়।

"শ্রীরাম বলেন ভাই! ছাড় উপহাস।
... ক্রধিতে লক্ষণ বীর মারিলেন বান।
এক বাণে তাহার কাটিল নাক-কান।।"[৭]

সুর্পনাখাদের সমাজে বিধবা বিবাহ প্রচলিত থাকলেও এক্ষেত্রে তার বিবাহ ও গুণির প্রতি গুণের আশা ব্যর্থ হয়। বাংলার সমাজে এই দুর্দশা গ্রস্থ নারী চরিত্র এমনভাবে ফুটিয়ে তোলা হয়েছিল যা তাকে পরিণত করেছিল এক অপকর্মকর নারী, তার প্রমাণ মেলে ১৯৫৯ খ্রিস্টাব্দে বিশু চক্রবর্তী পরিচালিত উত্তম কুমার অভিনীত অবাক পৃথিবী সিনেমার 'সূর্পনাখার নাক কাটা যায়' গানের মধ্যে।যেখানে তাকে স্বাভাবিক বলে ন্যায্যতা প্রদান এর চেষ্টা করা হয়েছে। এই দিক থেকে বিচার করলে গায়ত্রী চক্রবর্তী স্পিভাকের একটি উক্তি বিশেষভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে সেটি হল-"In the context of colonial production the subaltern has no history and cannot speak,the subaltern as a female even more deeply in shadow.to spivak,subaltern women,are subjected to oppression more than subaltern men the donot have proper representation and are not able to voice their opinion".[৮]

সীতা, সুর্পনখার মত রামায়ণে অপর নিম্নবর্গীয় নারী ছিলেন তারা যিনি বালির স্ত্রী ছিলেন রামচন্দ্রের সাথে যুদ্ধে বালি নিহত হলে বালির ভাতা সুগ্রীব তাকে ভোগ করতে থাকে। যেখানে তাঁর সম্মতি ছিল না।Sarah Joseph মূলত দক্ষিণ ভারতের রামকথা নিয়ে গবেষণাকালে এই বিষয়টি তাঁর গবেষণা তুলে ধরেছেন। তিনি লিখেছেন- "Even though it was not my decision, I was divided between two people."[৯] বাংলার ক্ষেত্রেও এই বিষয়টি লক্ষ্য করা যায়। কৃত্তিবাসী রামায়ণে তার

ইচ্ছা ও অনিচ্ছার পরিবর্তে রাজার স্ত্রী অপর রাজার কাছে গিয়েছে এটাই বড় হয়ে উঠেছে।

"রাজপত্নী রাজা লবে ইহাতে কি দোষ?
তারা পেয়ে সুগ্রীবের বড়ই সন্তোষ।।"[১০]

এখানে তারাকে একখণ্ড জমি বা সম্পদের মতো দেখা হয়েছিল যাকে ইচ্ছামতো হস্তান্তর করা যায়। এর মধ্য দিয়ে নারীদের সম্পর্কে করা মহেশ্বেতা দেবীর-"They plough and plough their bodies land."উক্তিটির প্রতিফলন ঘটেছে।

উপরিউক্ত ব্যতীত আরো যে নিম্নবর্গীয় দিকগুলি দেখা যায় রাবণ মাতা নিকষা,রামচন্দ্রের মাতা কৌশল্যা ও রামচন্দ্রের বাসনায়। নিকষার কুকর্ম থেকে রাবণকে দূরে থাকার পরামর্শ উপেক্ষা করেছিল রাবণ। তেমনি মায়ের আদেশ রক্ষার পরিবর্তে বোনের সম্ভ্রম রক্ষার অজুহাতে যুদ্ধ ঘোষণা বড় হয়ে দেখা দিয়েছিল। স্বয়ং রামচন্দ্র তাঁর মায়ের কৃতকর্মে প্রশ্ন তুলে বলেছিলেন-"স্বামী বিনা স্ত্রীলোকের নাহি অন্য গতি। বিমা তার সেবায় পিতার প্রীতি অতি, তুমি যদি সেবামাতা করিতে পিতার তবে কেন তাপ ঘটিবে তোমার।"[১২] কৃত্তিবাসী রামায়ণের রামচন্দ্র বলেন-

"পুত্র না হইলে তার গতি নাহি আর।
পিণ্ডদেয় গয়ায়সে করয়ে তর্পণ।
সংসারের মধ্যে তাই পুত্র বড়ধন।।"[১৩]

এর মধ্য দিয়ে তৎকালীন হিন্দু সমাজের পুত্র ও কন্যার মধ্যে বৈষম্য এবং পুত্রের সমাধিক প্রাধান্য প্রতিফলিত হয়। যা ছিল মনুস্মৃতি বর্ণিত নারীর অবস্থার সমর্থক। বাংলা নিম্ন বর্গীয় জনজাতির ক্ষেত্রে স্বল্প ব্যতিক্রম লক্ষ্য করা যায়। কারণ তাদের মধ্যে মাতৃতান্ত্রিক তার রেশ কিছুটা ছিল কিন্তু সার্বিক দিক থেকে রামকথায় মহিলারা পুরুষের পদতলে থেকে যায়।

উপরিউক্ত লিঙ্গভিত্তিক নিম্নবর্গের সাথে বর্ণ-ভিত্তিক নিম্নবর্গের বিষয়টি যুক্ত হয়েছে মন্থরা কাহিনীতে। তিনি পূর্বজন্মে অপ্সরা ছিলেন। ভরতের ধাত্রী মাতা হবার সুবাদে তিনি রামচন্দ্রের পরিবর্তে ভারতকে রাজা করতে চেয়েছিলেন, এ জন্য তিনি কই কৈকেয়ীকে দশরথের পূর্ব শর্ত স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন-

"ভারতের রাজা কর রাখ নিজ পন।
রাজারে কইয়া রামে পাঠাও কানন"।।[১৪]

এখানে দশরথের কৈকেয়ী পুত্রের রাজা করা শর্ত এবং কৈকেয়ীর বাসনা তুচ্ছ হয়ে গেছিল মন্থরার পরামর্শের কাছে। তেমনি বয়স জেষ্টা হওয়া সত্বেও রামচন্দ্রের কাছে

তিনি নিগৃহীত হয়েছিলেন। অপরদিকে শবরী যিনি নিম্নবর্গের মহিলা ছিলেন তিনি রামকে সেবা করার মধ্য দিয়ে স্বর্গ লাভ করেন। আসলে এই দ্বান্দ্বিক দিকটির মধ্য দিয়ে কতৃত্ব শিকারের বিষয়টি ফুটে উঠেছে-

"আসিবেন এখানে অবশ্য রঘুপতি।।
শবরী! যখন পাবে রাম-দরশন।
তখনই হইবে তার পাপ বিমোচন।।"[১৫]

বাংলার রামকথার অপর একটি বিশেষ দিক হলো শাক্ত প্রভাব এবং এর মধ্যে বিভিন্ন নিম্নবর্গীয় দেবতা ব্রাহ্মণ্য তথা উচ্চবর্গীয় সংস্কৃতিতে উন্নয়ন। যোগাদ্যা, ধর্ম ঠাকুর, শিব সকলেই এই সংস্কৃতিতে স্থান করে নিয়েছেন। মহীরাবণ রাম ও লক্ষণকে বলি দেওয়ার জন্য মহাদেবীর কাছে আনলে, সুগ্রীব দীর্ঘ খোঁজাখুঁজির পর তাদের উদ্ধারের জন্য মাক্ষী রূপে পাতালপুরী প্রবেশ করে মহাদেবীর কাছে তাদের উদ্ধারের উপায় বলে দেওয়ার কথা বললে তিনি বলেন।-

"যখন আনিবে রাম দিতে বলিদান
রামের কইবে কর দেবীরে প্রণাম।।"[১৬]

গবেষক স্বপনকুমার ঠাকুরের মতে এই বাংলার প্রসিদ্ধ লোক-দেবতা মহাদেবী 'যোগাদ্যা' ছাড়া আর কেউ নন।[১৭] যোগাদ্যার মতোই রামচন্দ্রের বাংলার লোক রামকথায় রামকে বধ করার জন্য দুর্গাপূজা করার মধ্য দিয়ে নিম্নবর্গীয় দেবতা শিবের অবস্থান উন্নয়ন ঘটে উচ্চবর্গীয় সংস্কৃতিতে।-

"তোমার লাগি দশভূজা, তোমার লাগি জগতে পূজা।
শিবের ধারণা, সীতাকে রাখিলে গো হরনে দয়া কর
দেবঘনপতি।।"[১৮]

এই সমস্ত নিম্নবর্গের দেবতা যারা আদি মধ্যযুগের অন্যতম প্রক্রিয়া 'সংস্কৃতায়ন'ও 'ব্রাহ্মনায়ণ'এর মত প্রক্রিয়ার মাধ্যমে উচ্চবর্গস্থিত সংস্কৃতিতে জায়গা করে নেয়। এর মধ্য দিয়ে সাধারণ দৃষ্টিতে 'সামাজিক উত্তরণ' বা 'social upliftment'দেখা গেলেও তেমনটা হয়নি। মুচি, বাগদি, ডোম, চণ্ডালরা সেই নিম্ন জাতির পর্যায়ে থেকে গেছে তারা বর্তমানেও এস. সি বা এস.টি পর্যায় ভুক্ত মানুষ যাদের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি হেয় মানের। এক্ষেত্রে যে বিষয়টি কাজ করেছিল সেটি হল পরিবর্তিত পরিস্থিতি ও ব্রাহ্মণ ও সংস্কৃতির বিস্তারের দরুন বৃহত্তর আঙ্গিকে 'Brahamanical hegemony' বা বর্ণ ভিত্তিক কর্তৃত্ববাদ।ভক্তিবাদ এক্ষেত্রে কিছুটা শিথিলতা এনেছিল ঠিকই কিন্তু পুরোপুরি এই কর্তৃত্ববাদী ব্যবস্থার অবসান ঘটাতে পারেনি। সেটির প্রতিফলন দেখা

যায় বিংশ ও একবিংশ শতকের পরিচয় ভিত্তিক রাজনীতি বা 'আইডেন্টিটি পলিটিক্সে'। এর ক্ষেত্রে যেখানে সমকালীন ভারতের হিন্দুত্ববাদীদের ধারণায় হিন্দুরাই যে ভারতীয় বাকিরা বিদেশী সেই ক্ষেত্রে জায়গা করে নিয়েছিল। শুধুমাত্র বাংলাতে নয় ইন্দিরা গোস্বামীর গবেষণার সূত্র ধরে Dhurjjati Sarma দেখান আসামের ক্ষেত্রেও এই বিষয়টি লক্ষ্য করা গেছিল। প্রমাণ ভিত্তিক গবেষণা পরিপ্রেক্ষিতে বলেন-"20th century response to regional variation of epic had attained particularly significance for increasingly coming to be a associated with question of identity and nationalism."[১৯]

রামকথায় লিঙ্গভিত্তিক নিম্নবর্গের সাথে সাথে বর্গভিত্তিক বা ক্ষমতাভিত্তিক নিম্নবর্গের বিষয়টি লক্ষ্য করা যায় মারীচের কাহিনীতে। মারীচ হলেন রাজার অনুগত লংকাবাসী কর্মচারী, যারা বংশ পরম্পরায় রাজাকে সেবা করে আসছে। রাবণ মারীচকে দিয়ে সীতাহরণের মতো জঘন্যতম কার্যের স্বাভাবিকি কারণে তাকে বাধ্য করেন। তিনি হাতজোড় করে এই কাজ থেকে বিরত থাকার জন্য অনুমতি চাইলেও সেটি কার্যকরী হয়নি। কৃত্তিবাসের রামায়ণের রাবণ বলেন-

"নরের গৌরব রাখ মন্দ বল মরে।
আমি তোকে মারিলে কে কী করিতে পারে।।"[২০]

এর মধ্য দিয়ে ক্ষমতার শীর্ষে থাকা রাজার সর্বময় কর্তৃত্বের বিষয়টি প্রতিফলিত হয়েছে। যেখানে নিম্নবর্গের ইচ্ছা-অনিচ্ছার কোন মূল্য নেই।

রামকথায় নিম্নবর্গের অপর যে দিকগুলির ফুটে উঠেছে সেটি হল রাম কথা রচনার ক্ষেত্রে। এদের মধ্যে অন্যতম হলো রামানন্দ ঘোষ যিনি নিজেকে শূদ্র বলে বর্ণনা করেছেন।-"শূদ্র কূলে রামানন্দ জন্ম লয়েছিল।"[২১] সুকুমার সেন আরো বিস্তারিত ব্যাখ্যা দিয়ে দেখান তিনি ছিলেন নিম্নবর্গীয় আগুরি সম্প্রদায়ের লোক।পরবর্তী লেখকটি হলেন দাশু রায় বা দশরথ রায়। যিনি গানের মাধ্যমে, আবৃত্তি করেও রামকথার বিস্তার ঘটিয়েছিলেন তার লেখনীর রসবোধ ও সুরের মাধুর্য তাকে কৃত্তিবাসের পরবর্তী অন্যতম জনপ্রিয় করে তুলেছিল। মন্দাক্রান্ত বোস তাকে নিম্ন জাতিভুক্ত বলেছেন- "After KrittiVasa, it was perhaps Dasu Roy who enjoyed the greatest popularity especially among the lower strata of Bengali society.[২২] রামকথা রচনার পাশাপাশি রামকথাভিত্তিক পুঁথিগুলি নিম্নবর্গীয় মানুষের ঘরেও সংরক্ষিত থাকতো তার বর্ণনা দিয়েছেন মুগ্ধ মজুমদার তাঁর গবেষণা।[২৩]

নিম্নবর্গ শুধুমাত্র রামকথা রচনায় অংশ নেয়নি তারা একে জীবনের অঙ্গ হিসেবে গ্রহণ করেছিল। তেমনি এর বিস্তার ঘটিয়েছিল। ঝুমুর, রাবণকাটা নাচ, ভাদু গান, টুসু গান,

বোলান গান, বারোমাসি গান ও পটুয়া গানে রামকথার উপস্থিতি লক্ষ্য করা যায়। এই ধরনের গায়ক ও দর্শক এবং নিত্য পরিবেশকরা একাধারে যেমন অর্থ ও ক্ষমতার দিক থেকে নিম্নবর্গ ছিল। তেমনি অধিকাংশ ক্ষেত্রে তারা ছিল নিম্ন বর্ণভুক্ত লোক। এগুলো তাদের আনন্দদানের পাশাপাশি আকর্ষিত করেছিল।বীরভূম, বাঁকুড়া সীমান্ত অঞ্চলে আদিবাসী সমাজের মধ্যে প্রচলিত ঝুমুর নাচে রাম কথার উপস্থিতি লক্ষ্য করা যায়।-

"রামর মুখে দুধের বাটি
ফেলে দেয় যে বিমাতা।
কার কিবা দোষ বোঝাও গো বিধাতা...।"[২৪]

বাঁকুড়া- বিষ্ণুপুর অঞ্চলে দূর্গা পূজার শেষ লগ্নে মুখোশ ও বিশেষ পোশাক পরিহিত রামকথা নির্ভর রাবণকাটা নৃত্যে নিম্নবর্গের উপস্থিতি লক্ষ্য করা যায়। গবেষক সুমন কুমার গাইন 'রাবণকাটা নাচ' প্রবন্ধে বলেন-"বিষ্ণুপুরের অন্ত্যজ সম্প্রদায়ের শ্রমজীবী লোকেরা এই ধরনের লোকনৃত্যে বংশ পরম্পরায় অংশগ্রহণ করে। যাদের হাত ধরে এই লোকনৃত্য শিল্প বেঁচে আছে।"[২৫]

ভাদুঘরের প্রচলন লক্ষ্য করা যায় বীরভূম,মানভূম অঞ্চলে। যেখানে এই রামকথার অস্তিত্ব লক্ষ্য করা যায় ভাদুগানের মতো টুসুগান ও বোলান গানের মধ্যে। ভাদু গানে যে রামকথার পরিচয় পাওয়া যায় সেটি হল-

"রামের মা কৌশল্যা রানী লক্ষণের মা সুমিত্রা।
দুই বহিনে বনে যায়েঁ ঘুরাই আনবে রাম সীতা।।[২৬]

এই ভাদু, টুসু, বোলান গান সবগুলোই মূলত আদিবাসী সম্প্রদায়ের মধ্যে প্রচলিত গান। এই সমস্ত আদিবাসীরা উচ্চ বর্গীয় সংস্কৃতি বা রেড ফিল্ড বর্ণিত 'Great Tradition' এদিকে ধাবিত হয়েছে। বিশ্বজিৎ হালদার 'রামকথা চর্চার ধারায় ২৪ পরগনার রামায়ণ গান প্রবন্ধে' যে তথ্য তুলে ধরেছেন সেক্ষেত্রেও নিম্নবর্গের প্রাধান্য লক্ষ্য করা যায়। উত্তর ২৪ পরগনা জেলার পৌন্ড্র সম্প্রদায়ের মধ্যে এই গানের বহুল প্রচলন আছে। এই সমস্ত গায়কদের নাম হল কমলাকান্ত বর্মন, তাপসী মণ্ডল, শ্রী চঞ্চল গায়েন, শ্রী মনোরঞ্জন মণ্ডল এক্ষেত্রে সকল রামায়ণ গানের পরিচালক ছিল নিম্ন বর্ণের মানুষ।[২৭]

উপনিবেশিক ভারতের রঙ্গমঞ্চে প্রদর্শিত কাহিনীগুলো দেখলে দেখা যায় এখানে মহাকাব্য ভিত্তিক কাহিনী প্রাধান্য পেয়েছিল। বাংলার রঙ্গমঞ্চে প্রবেশকারী খ্যাতনামা মহিলা অভিনেত্রী বিনোদিনী দাসী মেঘনাদবধ নাটকে অভিনয় করেছিলেন যেটি

রামকথার অংশ ছিল। গবেষক Saswati Saha দেখান ১৯৬০ খ্রিস্টাব্দের পর থিয়েটারে যে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয় সেখানে নিম্নবর্গের মানুষের লাঞ্ছনা ও যন্ত্রণা, রাম কথাভিত্তিক রঙ্গমঞ্চে বৃহত্তর আকারে ফুটে ওঠে এবং নিম্নবর্গ এই জনপ্রিয় রীতির বিরুদ্ধে প্রশ্ন তোলে।২৮ উপনিবেশিক ভারতের রামকথা প্রচারের বিশেষ মাধ্যম ছিল পটুয়া চিত্র, যেগুলি সাধারণত নিম্নবর্গের মানুষ প্রদর্শিত করিয়ে চাল পয়সা আদায় করত। পটচিত্রের পাশাপাশি রামকথা নির্ভর চিত্রকরদের মধ্যে অসিতকুমার হালদার ও ক্ষিতিমোহন মজুমদার ছিল নিম্ন বর্ণের মানুষ।২৯ মন্দির অলংকরণ ও টেরাকোটার কাজে যে সমস্ত লোকজন কাজ করেছিল তারা ছিল নিম্ন শ্রেণি ভুক্ত মাহিশ্য, হাড়ি, বাগদী, কর্মকার, কুমোর ইত্যাদি। মহামায়া শিকদার 'রামায়নী কাঁথা শিল্প ও সৌন্দর্যের আলোকে'প্রবন্ধ যে তথ্য তুলে ধরেছেন সেই কাঁথা শিল্পেও ছিল গ্রামীণ নিম্ন বর্গীয় মহিলাদের একাধিপত্য।

রামকথাকে নিম্নবর্গ সর্বদা এবং সকলে সমান চোখে দেখেননি। কেউ তাকে সাদরে গ্রহণ করে পরিণত করেছিল জীবনের অঙ্গে। তারা রামকথার মধ্যে জীবন জীবিকার পরিচালনার চেষ্টা করেছিল, পেয়েছিল চিন্তা চেতনা ও আধ্যাত্মিক আরাধনার উৎস। অপরদিকে কেউ কেউ প্রশ্ন তুলেছিল, কৃত্তিবাসী রামায়ণের পর এক্ষেত্রে অগ্রগতি লক্ষ্য করা যায়। মন্দাক্রান্ত বোসের উপরিউক্ত এ বিষয়ে বিশেষ উল্লেখযোগ্য মন্তব্যটি হল-"the beginning of a tradition of looking at the epic from below, from the view point of the victims rather than that of the victors"৩০ চন্দ্রাবতী এক্ষেত্রে অগ্রগণ্য, তিনি তার রামকথায় কুকুয়া নামক ভরতের বোনের কাল্পনিক চরিত্র তৈরি করে সীতার দুঃখের জন্য তাকে দায়ী করেন। যেখানে কুকুয়া সীতাকে পাখায় পরপুরুষ রাবণ আঁকতে বাধ্য করে রামচন্দ্রের কাছে তাকে হীন প্রতিপন্ন করার জন্য।-

""এড়াতে না পারি সীতা গো পাখার উপর।
আঁকিলেন দশমুণ্ড গো রাজা লঙ্কেশ্বর।।
শ্রমেতে কাতর সীতা গো নিদ্রায় ঢলিল।
কুকুয়া তালের পাখা গো বুকে তুলে দিল।।"[৩১]

আসলে চন্দ্রাবতী এর মধ্য দিয়ে বাঙালি গার্হস্থ্য জীবনে ননদের কর্তৃত্ব ও মহিলার প্রতি মহিলার হিংসার বিষয়টি ফুটিয়ে তুলেছেন। তিনি পুরুষতন্ত্রের কর্তৃত্ব থেকে বেরিয়ে আসতে না পেরে সীতার দুঃখ কষ্টের জন্য কৈকেয়ী, কৌশল্যার মত মহিলা ও কপালকে দায়ী করেছেন। দাশুরায় বা দশরথ রায় এ বিষয়ে আরো একধাপ এগিয়ে যান তিনি রামচন্দ্রের সীতা পরীক্ষার ঘটনাটি ব্যাঙ্গাত্মকভাবে ফুটিয়ে তুলেছেন

-"দেখিলাম এইতো কার্য
যেদিন হবে রাম রাজ্য
দিনের প্রতি তো এমনি বিচার "[32]

এর মধ্য দিয়ে তিনি রামরাজত্বে নিম্নবর্গের অবস্থা নিয়ে শঙ্কা বোধ করেছেন।

গবেষক পিকা ঘোষ তার উনিশ শতকের শেষের দিকের বাংলার শিল্পকলাভিত্তিক গবেষণায় একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়টির দিকে আলোকপাত করেন, যেখানে রাম কথাভিত্তিক শিল্পীরা তাদের পরিচয় হিসেবে চতুর বর্ণের বাইরে রামচন্দ্র ও বিশ্বকর্মার বংশধর হিসেবে বর্ণনা করছেন।[৩২] আসলে এটি ছিল নিম্নবর্গের মানুষের উচ্চ সংস্কৃতিতে অংশগ্রহণের মাধ্যমে সামাজিক উত্তরণ সুনিশ্চিতকরণ। যেগুলি পরবর্তীকালে এই সমস্ত নিম্নবর্গের মানুষের পাশাপাশি উপজাতীয় শ্রেণীর মানুষের নতুন পরিচয় গঠন করে যার হাত ধরে পরবর্তীকালে 'identity politics' এর মতো বিষয়গুলি জন্ম নিয়েছিল। যার ফলে তারা উপনিবেশিক আমলের শেষের দিকে এবং সাম্প্রদায়িক রাজনীতির সময়কালে নিজেদেরকে সুদীর্ঘকাল ধরে উন্নত সংস্কৃতির ধারক হিন্দু ধর্মের গণ্ডিরমধ্যে এসে নিজেদেরকে ভারতবর্ষে থাকার ন্যায্যতা প্রতিপন্ন করে। এবং বর্তমান দিনে অন্য সম্প্রদায় থেকে নিজেদেরকে অনেক সময় শ্রেষ্ঠতর বলে পরিচয় দেয়। এর পাশাপাশি রনজিত গুহ পার্থ চট্টোপাধ্যায় এর মতো পণ্ডিতরা দেখান নিম্নবর্গের মানুষের চিন্তা চেতনার উৎস যেহেতু পুরাতনী কাহিনী রীতিনীতি এবং ধর্ম বিশ্বাস থেকে আসে। সেহেতু রামকথা ভারতীয় ধর্মবিশ্বাস এর অন্যতম অঙ্গে পরিণত হওয়ায় তোদের উপর নিশ্চিত প্রভাব পড়েছিল এটা বলা যায়। ভারতীয় স্বাধীনতা আন্দোলনের মূল চালিকাশক্তি সাধারণ জনগণ এর দ্বারা অবশ্যই প্রভাবিত হয়েছিল হয়েছিল, এমনকি তথাকথিত উচ্চবর্গস্তিত স্বামী বিবেকানন্দ, অরবিন্দ ঘোষ নিজেদের অনুপ্রেরণাও এই রামকথা থেকে কিছু অংশে গ্রহণ করেছিল।

সর্বোপরি তথ্যের বিচারে যে বিষয়টি উঠে আসে সেটি আমাদেরকে রণজিৎ গুহর রাশিয়ার জারতন্ত্রের বিরুদ্ধে জনতার বিদ্রোহ সম্পর্কিত উদ্ধৃতিকে স্মরণ করিয়ে দেয়। যেখানে তিনি দেখান "ক্ষমতার পিরামিডের তলায় যারা একেবারেই মাটির কাছাকাছি সেই নিম্নবর্গের কাছে পিরামিডের শীর্ষস্থ রাজশক্তিকে দেবশক্তি বলে মনে হয়। তাই জারের অধীন রাশিয়ার জারেরই কসাক বাহিনীর হামলায় পর্যুদস্ত জনতা জারের কাছেই সুবিচার প্রার্থনা করে, এমনকি বিদ্রোহ করে জারের নাম নিয়েই।"[৩৩] রাম কথাতেও সেই দিকটি স্পষ্ট। বেদ পাঠের জন্য শূদ্র হত্যার ঘটনাতেও রামচন্দ্রের জনসমর্থন লাভ সেটাকেই দর্শায়। বাংলা নিম্নবর্গীয় মানুষের কাছে এই রাম কথা পরিণত হয়েছিল প্রত্যহিক জীবনের সঙ্গী। যার পিছনে কাজ করেছিল গ্রামসির বর্ণিত

'Hegemony' যেখানে উচ্চ বর্গ তাদের স্বার্থ চরিতার্থ করার জন্য রাজনৈতিক ক্ষেত্রের পাশাপাশি ধর্ম ও সাংস্কৃতিক ক্ষেত্রকে একাধারে অস্ত্র এবং ঢাল হিসেবে ব্যবহার করে। নিজেদের এই স্বার্থ পূরণের জন্য তারা এ ক্ষেত্রেও বিকৃতি করে বাংলাতেও এর প্রমাণ মেলে, যার অবগুন্ঠণ থেকে নিম্নবর্গ বেরিয়ে আসতে পারে না বাংলা রামকথার ক্ষেত্রটিও এর ব্যতিক্রম নয়।

তথ্যসূত্র :

১. Harbans Mukhia,The Hostorian's craft: Historiography and the practice of History in India(leacture),Karwaan,youtube,14september,2021.

২. Mandakranta Bose(ed),The Ramayana Revisited,OxfordUniversity press, Newyork,2004,p-11.

৩. আশুতোষ ভট্টাচার্য, কৃত্তিবাসী রামায়ণ, তরুণ প্রিন্টার্স, কলকাতা, ১৩৪৭, পৃঃ১৬৮

৪. নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, বাল্মিকীর রাম ও রামায়ণ, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ২০২২, পৃঃ২৪

৫. আশুতোষ ভট্টাচার্য, প্রাগুক্ত, পৃঃ৪৬৯

৬. নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, প্রাগুক্ত, পৃঃ ৫৮

৭. তদেব, পৃঃ ১৫১

৮. Smt.Bharat Narayan Adkoli, Shifting paradigm in subaltern literature:Women as a subaltern,Joutnal of English,vol.6,No81,2018,Ap-101-2.

৯. Ms.Geethu Baby,Feministcriticque of traditional narrative: A subalternreading of sarah Joseph's Ramayana stories; CMC college,kottayam.

১০. আশুতোষ ভট্টাচার্য, প্রাগুক্ত, পৃষ্ঠা ১৯২

১১. তদেব

১২. নৃসিংহপ্রসাদ ভাদুড়ী, প্রাগুক্ত, পৃঃ ৩১

১৩. আশুতোষ ভট্টাচার্য, প্রাগুক্ত, পৃঃ ১৯৩

১৪. তদেব, পৃঃ ১০২

১৫. তদেব, পৃঃ ১৭১-১৭৩

১৬. তদেব, পৃঃ ৪৩২

১৭. স্বপনকুমার ঠাকুর, বঙ্গে রামপুজা ও রামায়ণ সংস্কৃতি, কারিগর, কলকাতা, ২০২২, পৃঃ১৯

১৮. আশুতোষ ভট্টাচার্য, বঙ্গীয় লোকসঙ্গীত রত্নাকার, প্রথম খণ্ড, অ-ছ, কলিকাতা, মুখার্জি অ্যাণ্ড কোম্পানি প্রাইভেট লিমিটেড, ১৩৮৩ বঙ্গাব্দ, পৃঃ ৫০৭

১৯. Dhurjjati Sarma, The story of Rama in the critical intellectual imagination of Indira Goswami,Namrata Pathak (ed),Indira Goswami Margin and beyond,p111

২০. আশুতোষ ভট্টাচার্য, প্রাগুক্ত, পৃঃ ১৫৬

২১. সুকুমার সেন, (বাংলা সাহিত্যের ইতিহাস, প্রথম খণ্ড অপরাধ), কলিকাতা, ১৯৬৩, পৃঃ৪৯৯, পদটীকা-১

২২. Manda kranta Bose (edt),The Ramayana revisited, Oxford University press, Newyork,2004,p 109

২৩. মুগ্ধ মজুমদার, বাংলা রামায়ন ও রামকথা কেন্দ্রীক নানা পালার পুথির পুষ্পিকায় লিপিকারদের কথা, স্বপনকুমার ঠাকুর (সম্পাঃ), প্রাগুক্ত, পৃঃ ৩০৩

২৪. মাধব মণ্ডল, ঝুমুরে রামায়ণের প্রভাব, স্বপন কুমার ঠাকুর (সম্পাঃ), প্রাগুক্ত, পৃঃ ২৮৯

২৫. সুমনকুমার গাইন, রাবণকাটা নাচ, স্বপনকুমার ঠাকুর, প্রাগুক্ত, পৃঃ ২৯৬

২৬. নব্যেন্দু রায় চৌধুরী, বাংলা লোকসাহিত্যে রামকথা, অনিতা বোস (সম্পাঃ), প্রাগুক্ত, পৃঃ ২৩৭

২৭. বিশ্বজিৎ হালদার, রামকথা চর্চার ধারায় চব্বিশ পরগনার রামায়ণ গান, অনিতা বোস (সম্পাঃ), প্রাগুক্ত, পৃঃ ১৬৩-১৮৩

২৮. Sarswati Saha, performing alternative Ramayana: a study of the (re) reading of the Epic in modern Bengali theatre, Bhartiya pragna; interdisciplinary journal of Indian studies, 2017

২৯. সমিলেন্দু বিকাশ সিনহা, পশ্চিমবঙ্গের রামায়ণ চর্চার একটি নান্দনিক পর্যালোচনা, অনিতা বোস (সম্পা), প্রাগুক্ত, পৃঃ ৭৬

৩০. Mandakranta Bose and sarika priyadarshini Bose(translated), Awoman's Ramayana,Routledge, Newyourk, 2013, P-4

৩১. আশুতোষ ভট্টাচার্য, প্রাগুক্ত, পৃঃ ছাব্বিশ

৩২. Pika Ghosh, Untrolling a narrative scroll: Artistic practice and Identity in Late-Nineteeth Century Bengal, Association for Asian studies, 2011

৩৩. রনজিত গুহ, নিম্নবর্গের ইতিহাস, গৌতম ভদ্র (সম্পাঃ), প্রাগুক্ত, পৃঃ ৪৪

33

বাংলায় প্রাচীন কালপর্বে বিনোদনের মাধ্যম

ড. অদিতি রায় (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
তানজিলা পারভীন (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সারাংশ :

বাংলার দৈনন্দিন জীবনের একটি আকর্ষণীয় দিক হল বিনোদন। বাংলার মানুষের জীবনে বিনোদন এবং অবসর মুহূর্তের প্রথম মাধ্যমই ছিল সঙ্গীত। প্রারম্ভিক ঐতিহাসিক স্থান থেকে শুরু করে আদি- মধ্য যুগীয় সন্ন্যাসী স্থান পর্যন্ত সঙ্গীতজ্ঞরা তাদের বাদ্যযন্ত্র সহ স্পষ্টভাবে ফুটে উঠেছিল।[১] যার প্রমাণ দেখতে যায় পোড়ামাটির ফলকগুলিতে। তারা সমাজের একটি অন্যতম অংশ হিসাবে পরিচিতি লাভ করে। ড্রামবাদক, পুরুষ ও মহিলা বাঁশীবাদক, বীণাবাদক এবং নর্তকীদের প্রমাণ পাওয়া গেছে বিভিন্ন জায়গা থেকে। চন্দ্রকেতুগড়ের নিদর্শন থেকে পুরুষ সঙ্গীতশিল্পী এবং মহিলা নৃত্যশিল্পীর সমন্বয়কারী একটি ফলকের সন্ধান পাওয়া গেছে। সেখানে একজন পুরুষ সঙ্গীতশিল্পীকে বীণা বাজানো এবং তাঁর সঙ্গে একজন মহিলা নর্তকী কে দেখানো হয়েছে। এছাড়াও তমলুক থেকেও একটি ফলক উদ্ধার করা হয়েছে সেখানেও নর্তকী ও সঙ্গীতশিল্পীর সমন্বয়ের এক শৈল্পিক ধারা ফুটে উঠেছে। সেখানে একজন মহিলা ড্রাম বাদক তাঁর লম্বা চুলে রত্নখচিত এবং তার সামনে রাখা ড্রামটি সে বাজাচ্ছে এবং চারিদিকে ড্রাম দিয়ে সাজানো রয়েছে। এই চিত্রণ থেকে সেটির প্রাণবন্ত চরিত্র স্পষ্টভাবে ফুটে উঠেছে। ছোট ফলকগুলিতেও পৃথক পুরুষ এবং মহিলা নর্তকীদের ও চিত্রণ রয়েছে।[২] তবে সেগুলি ভীষণ শৈল্পিক ধারার সহিত চিত্রিত হয়নি। বৈদিক যুগে সামবেদের মন্ত্র গুলিকে স্বর যোজনা করে নানা ভঙ্গিতে ও ধারায় গাওয়া হত। সেখানে গাওয়া হত গীতিমূলক গাথা ও নারাশংসি।[৩] তাছাড়া অর্থশাস্ত্রে[৪] এমন কিছু স্ত্রী লোকের কথাও উল্লেখ পাওয়া গেছে যারা নৃত্য, কণ্ঠ ও যন্ত্র সঙ্গীতে অধ্যাপনা করে জীবিকা নির্বাহ করত। যোগীমারা গুহালেখে[৫] সুতানুকা নামে জনৈক দেবদাসীর উল্লেখ আছে। দেবদিন নামে বারানসির এক নাগরিক তাঁর প্রতি অনুরুক্ত ছিলেন। অনেকে মনে করেন, প্রাকৃত ভাষায় এই লেখটি খ্রিষ্ট পূর্ব তৃতীয় শতকে উৎকীর্ণ হয়েছিল। সেক্ষেত্রে যোগীমারা গুহালেখ তে যেসব দেবদাসীর উল্লেখ আছে তারা ছিল কুমারি মেয়ে, তারা মন্দিরে দেবদেবীর পূজাঅর্চনার কাজে সাহায্য ও নৃত্য-গীত পরিবেশনের জন্য নিযুক্ত হতেন। সেই সময়কালে চর্যাগীতিগুলি[৬], জয়দেবের গীতগোবিন্দ[৭], এবং লোচন পণ্ডিতের রাজতরঙ্গিণী[৮] গ্রন্থে এমন সব রাগ ও তালের উল্লেখ পাওয়া যায়, যা দেখে মনে

হয় প্রাচীন বাংলা দেশে বহু আগে থেকেই ভারতীয় সঙ্গীতের ধারাস্রোতের সাথে যুক্ত হয়ে গিয়েছিল এবং সর্ব ভারতে প্রচলিত অনেক রাগ ও তাল বাংলাদেশে বিস্তার লাভ করেছিল। নৃত্য-গীত-বাদ্যের প্রচলন ও প্রসার সম্বন্ধে প্রমান প্রচুর। রামচরিত, পবনদূত প্রভৃতি কাব্যে, নানা লিপিতে, সদুক্তিকর্নামৃতের প্রকীর্ণ শ্লোকে, চর্যাগীতি ও দেহাকোষের নানা জায়গায় নানা সুত্রে নৃত্য-গীত- বাদ্যের উল্লেখ দেখতে পাওয়া যায়।[৯] সমাজে উচ্চ ও নিম্ন উভয় স্তরেই এই দুই বিদ্যা ও ব্যসনের যথেষ্ট সমাদর ছিল। বাররামা ও দেবদাসীদের সকলকেই নৃত্য-গীত-বাদ্য পটীয়সী হতে হত। তাঁরা যে কলা নিপুনা ছিলেন একথার ইঙ্গিত সেন লিপিতে এবং পবনদূতেও পাওয়া গেছে।[১০]

কী- ওয়ার্ড : দৈনন্দিন, নৃত্য, গীত, ফলক, অংশ, পারঙ্গম, খেলাধুলা, শিকার ইত্যাদি

নৃত্য- গীত :

প্রাচীনকালে নৃত্যগীত বিদ্যায় কবি পণ্ডিতেরাও বিমুখ ছিলেন না। যারা নট বৃত্তি করতেন তাঁদেরও সমাজে প্রতিষ্ঠা ছিল। নটদের বৃত্তি ছিল নাচ , গান ও অভিনয়। স্বয়ং জয়দেব সঙ্গীত কলায় পারঙ্গম ছিলেন, তাঁর পত্নী পদ্মাবতী নৃত্য গীতে লব্ধ প্রতিষ্ঠ ছিলেন।[১১] জয়দেবের পত্নী প্রথম জীবনে দেবদাসী নটি ছিলেন এরুপ জনশ্রুতি আছে।[১২] পদ্মাবতী চরনচারণ চক্রবর্তি - জয়দেবের এই উক্তি থেকে অনেকে অনুমান করে থাকেন যে গীত গোবিন্দ গাইবার জন্য জয়দেবের দল ছিল। সেই দলে পদ্মাবতী নাচতেন ও গাইতেন আর জয়দেব মৃদঙ্গ বাজাতেন বা দোহারের কাজ করতেন। তখন কার দিনে নাট্য গীতিতে পুরুষেরা গান করত এবং মেয়েরা নাচ করত। সেকালের গোঁড়ার দিকে পুতুল নাচের সঙ্গে হত বলে এর সাধারণ নাম হয়েছিল পাঁচালি ।[১৩] পাঁচালি শব্দটি এসেছে পঞ্চালিকা থেকে। পঞ্চালিকা মানে পুতুল। কোষকার অমরসিংহের সময়ে পঞ্চালিকার প্রধান উপাদান ছিল বস্ত্র ও হাতির দাঁত।[১৪] সর্বনন্দের সময়ে বাংলাদেশে কাঠ ও পশুর শিং ব্যবহার করা হত।

প্রাচীন বাংলায় সঙ্গীত শাস্ত্রালোচনার একমাত্র নিদর্শন হিসাবে উঠে আসে লোচনের রাজতরঙ্গিণী। তাঁর এই গ্রন্থে দেশী ভাষায় গানের নমুনা হিসাবে মৈথিলী অপভ্রংশে রচিত শ্রী বিদ্যাপতির মৈথিল গীতি উদ্ধার করা হয়েছে। রাজ তরঙ্গিণী গ্রন্থে দেখতে পাওয়া যায়, পুণ্ড্রবর্ধনের কার্তিকেয় মন্দিরে যে নৃত্য গীত হত তা ভরতের নাট্য শাস্ত্রানুযায়ী এবং নৃত্য গীতমুগ্ধ জয়ন্ত স্বয়ং ভরতানুমোদিত নৃত্য গীত শাস্ত্রে সুপণ্ডিত ছিলেন।[১৫] পাহাড়পুর ও ময়নামতি এই সকল পোড়ামাটির ফলকগুলির বৈশিষ্ট্য সম্পূর্ণ লৌকিক এবং সাধারণ লোকায়ত মানবজীবনের

রুপ পরিগ্রহ করেছে। এই সকল ফলক গুলিতে দৈনন্দিন জীবন থেকে শুরু করে বস্তু ও প্রাণী জগতের সকল জিনিসকে সহজ সহজ আবেগময় দৃষ্টিতে দেখা এবং বিচিত্র ভাব ও ভঙ্গি তে তাঁর নিছক বস্তু ব্যঞ্জনার প্রকাশ করা, এটিই যেন ছিল এই মৃৎশিল্পীদের শিল্পাদর্শ। এই ফলকে নানান ভঙ্গিমায় নারী ও শিশু, কুস্তিকসরত ও নানা শারীরক্রিয়ারত মল্লবীর, মৎস্য বাহিনী ও মৎস্য কর্তনরতা নারী, নানা ভঙ্গি তে নৃত্যপর পুরুষ ও নারীর প্রতিকৃতি, সঙ্গীতরতা নারী, শিকারবাহি ব্যাধ, গীত বাদ্যরত পুরুষ, মোরগ ও ষাঁড়ের লড়াই প্রভৃতি জীবনের অসংখ্য বিচিত্ররুপ।[১৬] পশ্চিম বাংলার পাণ্ড রাজার ঢিবি ও প্রাক মৌর্য যুগের প্রত্নস্থল হরিনারায়ণ পুরে কিছু প্রত্ন নিদর্শন পাওয়া গেলেও পোড়ামাটির ভাস্কর্যের যথার্থ ইতিহাস মৌর্যযুগ থেকেই শুরু। মনে করা হয় মৌর্য পূর্ববর্তী যুগে মাতৃকা মূর্তিরই প্রাধান্য ছিল। মৌর্য যুগের ভাস্কর্যের উপস্থাপনা ও নান্দনিক মান দেখে সহজেই অনুমান করা যায় যে, এর একটি ধারাবাহিক ঐতিহ্য ছিল। তমলুক এবং চন্দ্রকেতুগড়ে প্রাপ্ত খ্রিষ্ট পূর্ব তিন শতকের ভাস্কর্যের মুখ ভঙ্গি, কেশ বিন্যাস, মস্তকাভরণ, পোশাক ও অলঙ্কার ছিল মার্জিত রুচি এবং সৌন্দর্য বোধের পরিচায়ক। এসময়কার ভাস্কর্য গুলির মুখাবয়ব ছাঁচে তৈরি করে হাতে গড়া দেহের সঙ্গে যুক্ত করা হত। শুঙ্গ ও কুষাণ যুগে খ্রিষ্ট পূর্ব দুই শতক থেকে তিন শতক পর্যন্ত সমগ্র গঙ্গা-যমুনা উপত্যকা ও মধ্য ভারত, বাংলাদেশের মহাস্থান এবং পশ্চিমবঙ্গের তমলুক, চন্দ্রকেতুগড়, পোখরান প্রভৃতি স্থানে এ ধারার সম্পূর্ণ ছাঁচে তৈরি ফলকচিত্র পাওয়া গিয়েছে। এগুলির অধিকাংশই ছিল যৌবন সমৃদ্ধ নরনারীর মূর্তি। মূর্তি গুলির সর্বাঙ্গে বিচিত্র আকৃতির ও নকশার অলঙ্কার এবং নানা ভঙ্গির কেশ বিন্যাস রয়েছে। সুতা দিয়ে দেওয়ালে ঝোলানো শুঙ্গ যুগের ফলক চিত্র ও পাওয়া গিয়েছে।[১৭] বৃহদ্ধর্ম ও ব্রহ্মবৈবর্ত উভয়ই পুরাণেই নট পৃথক বর্ণ হিসাবেই উল্লেখিত হয়েছেন, সমাজের নিম্ন স্তরে।[১৮] বাঙালি সমাজের নিম্ন স্তরে এক ধরনের গায়ক গায়িকা দেখতে পাওয়া যায় যারা গান গেয়ে এবং নৃত্য পরিবেশন করে জীবিকা নির্বাহ করেন, তাদের বর্ণনাও পাওয়া গেছে উভয় পুরাণে। পাহাড়পুর ও ময়নামতির ফলক গুলিতে কোনো কোনো প্রস্তর চিত্রে, নানা প্রকারের বাদ্যযন্ত্রের কথা জানতে পাওয়া গেছে, যেমন- কাঁসর, করতাল, ঢাক, বীণা, বাঁশি, মৃদঙ্গ, মৃৎ ভাণ্ড প্রভৃতি রামচরিতে উল্লেখ আছে।[১৯] বরেন্দ্রি তে বিশেষ এক ধরনের মুরজ বাদ্য প্রচলিত ছিল, প্রাচীন কালে পুষ্কর বাদ্য আবিস্কারক ছিলেন স্বাতী মুনি। এই পুষ্কর বাদ্য দুই প্রকারের ছিল - মৃৎ অঙ্গের ও কাষ্ঠ অঙ্গের। মাটির অবয়ব যুক্ত খোলের দুই দিকে চামড়া দিয়ে ঢাকা বাদ্য যন্ত্রকেই মুরজ বা মৃদঙ্গ বলা হত। প্রাচীন গ্রন্থাদি পড়লে বোঝা যায় যে, মৃদঙ্গ বাদ্যটি স্বাতী মুনির বহু আগেই ছিল। স্বাতী কেবল

মৃদঙ্গের রুপ পরিবর্তন করে 'মুরজ' সৃষ্টি করেছিলেন। মুরজের তিনটি ভেদ ছিল - ঊর্ধ্বক, আলিঙ্গ এবং আঙ্কিকা। মুরজ জাতীয় বাদ্য প্রাচীন নাটকের বৃন্দ বাদ্যে ব্যবহার করা হত। পরবর্তী কালে প্রাচীন গান্ধর্ব নাটক যখন লোপ পেলো তখন মুরজ শব্দটির ব্যবহার ও লুপ্ত হল, কিন্তু 'মৃদঙ্গ' শব্দটি প্রচলিত ছিল। বাংলার অন্যত্র বোধহয় অন্য প্রকার মুরজের প্রচলন ছিল। তবে সে সময় কিছু কিছু জায়গায় তুম্ববীণার উল্লেখ পাওয়া গেছে । তবে সর্বাপেক্ষা ঘনিষ্ঠ ও বিস্তৃত বিবরণ পাওয়া গেছে চর্যাগীতিতে। সেখানে কণ্ঠ ও যন্ত্র সঙ্গীত উভয়েরই, নানা প্রকার বাদ্য যন্ত্রের এবং গীতাভিনয়ের বিবরণ পাওয়া গেছে। চর্যাগীতি তে দেখা গেছে, ডোম্বীরা সাধারণত খুব নৃত্যগীতি পরায়ণা ছিলেন।

এক সো পদ্ম চৌষঠি পাখুড়ী।
তহি চড়ি নাচআ ডোম্বি বাপুড়ী।[২০]

একটি পদ্ম, তাহার চৌষঠি পাপড়ি, তাহাতে চড়িয়া নাচে ডোম্বী।

লাউ এর খোলা আর বাঁশের ডাঁট বা দন্তে লাগিয়ে বীণা জাতীয় এক প্রকার যন্ত্র এঁরা প্রস্তুত করতেন, আর গান গেয়ে গেয়ে গ্রামে গ্রামান্তরে ঘুরে বেড়াতেন। সেটি দেখতে অনেকটা এক তারার মতো, তবে সেটিকেই একতারা বলা হয় কিনা, সে কথা জানা যায় না। নৃত্য ও গীতের সাহায্যে এক ধরনের নাট্যাভিনয় প্রাচীন বাংলায় সু প্রচলিত ছিল, যাকে বুদ্ধ নাটক বলা হত। এই নাটকে নাচ-গানের ভিতর দিয়ে কোন বিশেষ ঘটনাকে রুপদান করা হত। লোকায়ত সমাজে এবং সামাজিক ধর্মগত উৎসবানুষ্ঠান উপলক্ষে, নানা ক্রিয়াকর্মে নৃত্য গীতের প্রমান সমসাময়িক শিল্প - সাহিত্যে সুস্পষ্ট। চর্যাগীতিতে একটি গীতে সমসাময়িক বিবাহযাত্রার একটি সুন্দর বর্ণনা আছে এবং সেই প্রসঙ্গে কয়েকটি বাদ্য যন্ত্রেরও উল্লেখ আছে, যেমন - মাদল, করণ্ডক শালা। নৃত্যের নানা লোকায়ত রুঁপের পরিচয় পাওয়া যায় পাহাড়পুর এবং ময়নামতিতে প্রাপ্ত পোড়ামাটির ফলক গুলিতে। এছাড়া উচ্চ স্তরের লোক সমাজে যে ধরনের নৃত্য প্রচলিত ছিল তার কিছুটা আভাস পাওয়া যায় সম সাময়িক প্রস্তর ফলকে উৎকীর্ণ নৃত্যপর ও নৃত্যপরা নানা দেবদেবী, অপ্সরা গন্ধর্ব নারী, মন্দির নর্তকী প্রভৃতি নৃত্যের গতিতে ও ভঙ্গিমায়। [২১]

প্রথম থেকে তৃতীয় শতাব্দীর মধ্যে যে সকল স্তরগুলি থেকে তথ্য উদ্ধার করা হয়েছিল যখন গাঙ্গেয় উপত্যকায় দ্বিতীয় নগরায়ণ তার উচ্চতায় পৌঁছেছিল এবং বাংলার ও গৌণ নগরায়ণের আকারে শহুরে অভিজ্ঞতার

অংশ ছিল।[২২] কৃষির সম্প্রসারনের সাথে বানিজ্যের প্রানবন্ততা অনুভূত হয়েছিল। নিম্ন বঙ্গ ও চন্দ্রকেতুগড় এর জায়গা গুলিতে বস্তুগত সংস্কৃতির সাথে সম্পর্কিত বস্তুর বৃহত্তম ভাণ্ডার নিয়ে এসেছিল এবং চন্দ্রকেতুগড় এর পোড়ামাটিগুলি অন্যান্য স্থানের তুলনায় তার গতিপথকে এগিয়ে নিয়ে গেছে। নৃত্য ও সঙ্গীত বিষয়ক একটি ফলক ছিল উল্লেখযোগ্য। এটি তিলপি থেকে পিয়ালি নদীর তীরে দক্ষিন ২৪ পরগনার একটি জায়গা, সেখান কার ফলক টিতে একটি পুরুষ চিত্র কে বীণা বাদনরত অবস্থায় চিত্রিত করা হয়েছে। তিনি একটি পাগড়ি, কানের দুল, কণ্ঠ হার, কঙ্কন এবং একটি পুরু উত্তরীয় সহ নীচের পোশাক পরে আছেন। মহিলা মূর্তি টিকে তার বামদিকে নাচতে দেখা যায়। তার পরনে একটি পাকানো কণ্ঠ হার, কানের দুল, হাতের বালা, কোমর বন্ধনী। তার পিছনে একটি কুঁড়ে ঘরের মতো অবয়ব রয়েছে যা একটি গ্রামীণ পরিবেশের ইঙ্গিত বহন করে। দুটি বানর ও এই আখ্যানের অংশ ছিল।[২৩] পাহাড়পুরের সন্ন্যাসী স্থান থেকে পোড়ামাটির ফলক থেকে জানা গেছে বাদ্যযন্ত্র সহ পুরুষ-মহিলা উভয়েই তাদের যন্ত্রের সাথে ঢোল, কাঁসর, কলশি বাজানো, বাঁশি ধারন করা, নাট্য শালার অভিনয় এর মত একটি অংশ।[২৪] এই ফলক গুলিতে নর্তকী দের ও চিত্রণ চিত্রিত করা হয়েছে। চর্যাপদে হেরুকা বীণা নামে এক ধরনের যন্ত্রের কথা উল্লেখ করা হয়েছে। যখন মহিলারা নাচত এবং পুরুষরা গান গাইত ও বাদ্য যন্ত্র বাজাত তখন মনে হত গানগুলি যেন বাদ্যযন্ত্র গুলির সাথে কথা বলছে।

খেলাধুলাঃ

বাংলার মানুষের জীবনে গান-বাজনার পাশাপাশি খেলাধুলার দিক থেকেও দেখা যায় যে দাবা এবং পাশা বেশিরভাগই শহুরে পুরুষদের জীবনের অংশ ছিল। পাশা প্রাথমিক মধ্য যুগীয় বাংলায় বেশ জনপ্রিয় ছিল এবং এটি মুলত বিবাহের সময় খেলা হত। পাশা খেলাটি বিবাহ উতসবের একটি প্রধান অঙ্গ বলে বিবেচিত হত।[২৫] দাবা খেলার প্রচলন বাংলাদেশে কবে হয়েছিল সেটি বলা কঠিন, তবে চর্যাগীতি[২৬] তে ঠাকুর অর্থাৎ রাজা, মন্ত্রী, গজবর এবং বড়ে এই চার ধরনের গুটি, খেলার দান এবং ছকের চৌষট্টি কোঠার বা ঘরের উল্লেখ সহজভাবে পাওয়া গেছে তা দেখে মনে হয় দশম-একাদশ শতকের আগেই এই খেলা বাংলাদেশে সুপ্রচলিত হয়ে গিয়েছিল। তপনাথ চক্রবর্তী জানিয়েছেন যে বাংলাদেশের দক্ষিণ পূর্বাঞ্চলের ময়নামতি তে এই খেলার চাতুরঙ্গ বোর্ডের একটি ক্ষুদ্র চিত্র আবিষ্কৃত হয়েছে।[২৭]

মধ্য যুগের প্রথম দিকের বাংলায় খেলাটির জনপ্রিয়তা নিয়ে কাহ্ন পদের একটি রচনায় নির্দেশিত রয়েছে যে, করুণার পিড়িতে নবদল (দোবা) খেলি, সদ্‌গুরুবধে ভব বল জিতিলাম। দুই নষ্ট হল, রাজাকে দিও না, উপকারীর উপদেশে কাহ্ন র নিকটে জিনপুর। প্রথমে বড়িয়ার চাল দিলাম তারপরে হাতি দিয়ে পাঁচ জন কে ঘায়েল করলাম । মন্ত্রী কে দিয়ে রাজাকে প্রতি নিবৃত্ত করলাম, অবশ করে ভব বল জিতলাম। কাহ্ন বলে দান আমি ভালোই দিই, চৌষট্টি কোঠা গুনে নিই।[২৮]

বাংলার প্রেক্ষাপটে দেখা যাচ্ছে যে বহিরাঙ্গন খেলায় দ্রুত গতিতে চলমান ঘোড়ার পিঠে চড়ে (গাজাতুরাঙ্গা) বা একটি দ্রুত চলমান হাতি পিঠে আরোহণ ছিল রাজ পরিবারের একটি প্রিয় খেলা। কৈলান তাম্র শাসনে সপ্তম শতাব্দি তে বলা হয়েছে যে শ্রীধরন রাতার শরীর পেশিবহুল হয়ে উঠেছিল এবং তিনি দেখতেও সুন্দর হয়েছিলেন কারন তিনি এই ধরনের বহিরাঙ্গন খেলায় নিযুক্ত ছিলেন।[২৯] পাহাড়পুর ও ময়নামতির ফলক গুলিতে দেখা গেছে কুস্তী বা মল্ল যুদ্ধ এবং নানা প্রকারের দুঃসাধ্য শারীরক্রিয়া ছিল নিম্ন শ্রেনীর মানুষ দের অন্যতম বিনোদনের অংশ। পবনদূতে নারীদের জল ক্রীড়া এবং উদ্যান রচনার উল্লেখ পাওয়া গেছে, এই দুটিই হয়তো ছিল তাদের প্রধান শারীর ক্রীড়া। তাছাড়াও সেই ফলক গুলিতে শ্রমসাধ্য শারীরিক অনুশীলন, দুই বা ততোধিক ব্যাক্তির মধ্যে দ্বন্দের মতো শারীরিক প্রতিযোগিতা ছিল সাধারণ মানুষের প্রিয় বিনোদন। কবি গোবর্ধন আচার্য তাঁর আর্য সপ্তশতী থেকে আমরা একটি চমকপ্রদ প্রমাণ দেখতে পাই যে, একটি খোলা আঙ্গিনায় গৃহস্থ মহিলাদের উপস্থিতি তে এক সাপুড়ে সাপের ওপর নিয়ন্ত্রন প্রদর্শন করছেন।[৩০] সর্বানন্দ এর টিকা সর্বস্ব থেকে দ্বাদশ শতাব্দীর বাংলায় পাঁচটি বিভিন্ন ধরনের অশ্বারোহী খেলার উল্লেখ পাওয়া গেছে সেইগুলি হল 'নামপারা'; 'ভিরাভা' ; 'থ্রেডু'; 'পাউলিনা'; এবং 'মারজা'।[৩১] এছাড়াও সর্বানন্দ এর টিকা সর্বস্ব গ্রন্থ থেকে জানা যায়, 'অডঢ' বা 'আঢ' অর্থাৎ বাজি রেখে তখন কার দিনের লোকেরা জুয়া খেলতেও অভ্যস্ত ছিল। তাছাড়াও লোকেরা বাজি রেখে ভেড়া ও মুরগির লড়াই খেলত এবং খেলাত। নিম্ন স্তরে ও নারীদের মধ্যে কড়ির সাহায্যে নানা প্রকার খেলা যথা গুঁটি বা ঘুণ্টি খেলা, বাঘবন্দি, যোল ঘর, দশপঁচিশ , আড়াই ঘর প্রভৃতি তখন থেকেই সুপ্রচলিত ছিল, এমন অনুমানে কিছু মাত্র বাধা নেই ! সাংস্কৃতিক জনতত্ত্বের অনুসন্ধানে বহুদিন আগে ধরা পড়েছিল যে, এই সমস্ত খেলা সমগ্র পূর্ব-দক্ষিন এশিয়া ও প্রশান্ত মহাসাগার বদ্ধ দেশ ও দ্বীপ গুলির সুপ্রাচীন কৌম সমাজের একেবারে মৌলিক গৃহ

ক্রীড়া।[৩২] নারীদের মধ্যে দোলনার দারুন আকর্ষণ ছিল। ধোয়ি পবনদূতে বলা হয়েছে যে সুন্দরি যুবতীরা বাগানে দোলনায় বসে এদিক ওদিক দোল খেতে পছন্দ করে (দোলাঃ কেলিব্যসনরসিকঃ সুন্দরীনাম সমুহাঃ)। ধোয়ি লিখেছেন যে বাগান করা বা রোপণ করা এবং সুপারি এবং অনান্য গাছপালা ও বাড়ির উঠানে জল দেওয়া। বাগান ছিল প্রথম দিকের বাংলার নারী সমাজের একটি প্রিয় বিনোদন।[৩৩] এটি আমাদের সামনে শহুরে পরিবেশের চিত্র কে তুলে ধরেছে। ধোয়ি আরও বলেছেন যে সুহমা দেশের কৌতুকপূর্ণ মহিলারা সাঁতার এবং অনান্য ধরনের জলজ খেলায় লিপ্ত ছিল। দশকুমারচরিতে[৩৪] আমরা তাম্র লিপ্ত শহরের কন্দুকা নামে একটি উৎসবে বল খেলার আকর্ষণীয় বর্ণনা পাই। দেবী বিন্ধ্য বাসিনীকে (দুর্গা) প্রশ্রয় দেওয়ার জন্য সুহমা রাজকন্যা কন্দুকাবতি জনসমক্ষে এই খেলা খেলেছিলেন। বর্ণনা অনুসারে তিনি বল টিকে মৃদু আগ্রহের সাথে মাটিতে পরতে দেন এবং তাঁর কোমল হাতের সাহায্যে সেটিকে ধীরে ধীরে ওপরের দিকে ওঠার সাথে সাথে আবার তাঁর পিছনের অংশ দিয়ে এটিকে ছুঁড়ে ফেলার পর মাঝপথে বলটিকে ধরে ফেলে তারপরে সে বলটিকে পুনরায় পড়তে দেয়। সে বলের খেলার মাধ্যমে তার দক্ষতা দেখায়, সে এটিকে পাখির মতন মহাকাশে ওড়াতে থাকে, ডান বা বাম হাত দিয়ে পর্যায়ক্রমে আঘাত করতে থাকে, যখন এটি খুব উপরে উঠে যায় তখন সে এটিকে নিয়ন্ত্রণ করে। অবশেষে তিনি বলটিকে তাঁর আসল দিকে নিয়ে আসেন এবং দর্শক দের দ্বারা ব্যাপকভাবে প্রশংসা পান। বল নিয়ে খেলাটি ছিল সবচেয়ে জনপ্রিয় শহুরেকেন্দ্রিক খেলা। এইভাবে এই ধরনের খেলা একটি নগরকেন্দ্রের সাথে আরও বেশি সম্পর্কযুক্ত এবং এই ক্ষেত্রে তাম্রলিপ্ত অবশ্যই বন্দর শহরের অদ্ভত পরিবেশের কথা বলা হয়েছে। দামলিপ্ত (তাম্রলিপ্ত) বন্দরে ইয়াভান দের নিয়ে একটি জাহাজের আগমন সম্পর্কে দণ্ডিন এর বর্ণনা দ্বারাও এটি সমর্থিত।[৩৫]

সেসময়কার আরেকটি আকর্ষণীয় খেলা যা সম্ভবত কদম্ব ফুলের নরম বল দিয়ে খেলা হয়। তাকে কদম্বযুদ্ধ বলা হয়ে থাকে।[৩৬] কাম সুত্রে একটি ভাষ্য থেকে উল্লেখ করা যায় যে পুণ্ড্রদেশে এটি লাঠি এবং পাথর দ্বারা খেলা হত। এই খেলার বর্ণনা টির সাথেও একটি শহুরে প্রেক্ষাটের সম্পর্কিত। চতুরতার সাথে তৈরি ফাঁদ এবং পরিকল্পনার মাধ্যমে বন্য হাতি ধরা ছিল একটি প্রিয় বিনোদন। পাহাড়পুরের সোমপুরা মহাবিহার একটি বৌদ্ধ সন্ন্যাসী স্থান যা অষ্টম শতাব্দীর শেষের দিকে ধর্ম পাল দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।[৩৭]

মন্দিরের দেওয়াল সাজানোর পরিকল্পনায় পোড়ামাটির ফলক একটি প্রধান ভুমিকা পালন করে। বিভিন্ন অঙ্গ ভঙ্গি, নড়া চড়া বা অনুশীলনের আকর্ষণীয় কৃতিত্ব এর বিভিন্ন পুরুষ ও মহিলাদের চিত্রিত করা হয়েছিল। সেই সকল ফলক গুলি থেকে বোঝা যায় মল্ল বিদ্যাও একটি আকর্ষণীয় বিনোদন হয়ে উঠেছিল কারন পোড়ামাটির সারি সারি মল্ল বিদরা তাদের শরীরের হাতের ওপর ভারসাম্য রক্ষা করে বা বুকের কাছে হাত জোড়া দিয়ে উভয়ই কাঁধে পা দিয়ে ভারসাম্য রাখার মতো এক অসামান্য কৃতিত্ব এর ছবি ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে।[৩৮] ময়নামতি তে কুস্তীগির দের ছবিকেও চিত্রিত করা হয়েছিল। মল্ল বিদ্যা মূলত ছিল শহুরে মানুষের বিনোদনের অন্যতম অংশ হিসাবে কাজ করত।

শিকারঃ

বিনোদনের আর একটি অন্যতম দিক ছিল, সেটি হল শিকার। পৃথিবীর নানা দেশের মতো ভারতীয় উপমহাদেশের আদিম মানুষের অর্থনৈতিক জীবনের গোঁড়া পত্তন হয়েছিল শিকারি ও খাদ্য সংগ্রাহক হিসাবে।[৩৯] রাজা-মহারাজা - সামন্ত - মহাসামন্ত - প্রভৃতি দের প্রধান বিনোদনের মাধ্যমই ছিল মৃগয়া। এছাড়াও অন্ত্যজ, ম্লেচ্ছ, শবর, পুলিন্দ, চণ্ডাল, ব্যাধ প্রভৃতি অরন্যচারী কোমদের শিকার ই ছিল প্রধান উপজীব্য। তারা কোন অনুষ্ঠান বা ধর্মচারে আচার হিসেবে যেমন শিকার করতেন, ঠিক তেমনি এই আচার ভিত্তিক শিকারকে বিনোদনের রূপ ও দিতেন। শবর শ্রেণীর লোকেরা শর ধনুক নিয়ে শিকারে যেতেন শিকার ই ছিল তাদের প্রধান জীবিকা। এদের কিছু কিছু শিকারের ছবি পাহাড়পুর ও ময়নামতি ফলকগুলিতেও দেখতে পাওয়া যায়।[৪০] ৩৩০০-১৩০০ খ্রি ঃ পুঃ মধ্যে ভারতের উত্তর পশ্চিম অঞ্চলে গড়ে ওঠা সিন্ধু সভ্যতার মতন সমাজ। মাংসের জন্য প্রাণীদের শিকার করত। প্রত্নতাত্ত্বিক খননে হাড়, মাটির ফলক ও সিল পাওয়া গেছে। যা বড় সিংহ, এক শিং ওয়ালা গণ্ডার, বাঘের মতো বন্য প্রাণীর উপস্থিতি নিশ্চিত করে। আর্যদের আগমনের সাথে সাথে খেলার জন্য শিকার জনপ্রিয় হয়ে ওঠে। প্রাথমিক বৈদিক যুগে মাংস খাওয়ার প্রথা অস্বাভাবিক ছিল না, তাই হরিণের মতো প্রাণী নিয়মিত শিকার করা হত। একইভাবে রামায়ণ ও মহাভারতের মতো সাহিত্য রচনা গুলিতেও শিকারের প্রচুর বিবরণ পাওয়া যায়। অনেক সময় শিকার ধর্মের মাধ্যমে অনুমোদন লাভ করে। পশু বলি সেসময়কার একটি প্রচলিত প্রথা ছিল। কৃষ্ণসার ও সম্বর হরিণ সেযুগে

দেবতার উদ্দেশ্যে বলিদান করা হত। অশ্বমেধ যজ্ঞের মতো আচার-অনুষ্ঠান থেকে কেবল ঘোড়া নয়, ১৭টি অন্যান্য প্রাণীকে হত্যা করার দাবি করেছিল, যার মধ্যে বন্য এবং বন্য প্রজাতি অন্তর্ভুক্ত ছিল। শিকার মূলত রাজপরিবারের বিশেষাধিকার এবং নিম্ন বর্গের অন্যতম প্রধান জীবিকা হয়ে উঠেছিল। ব্রাহ্মণ এবং অন্যান্য শ্রেনীর শিকার করা এবং মাংস খাওয়া নিষিদ্ধ ছিল। তবে পরবর্তীতে মনুস্মৃতি থেকে এই ধারনা পোষণ করে যে খেলাধুলার জন্য শিকার ব্যাক্তির চরিত্র এবং ব্যাক্তিত্ব কে অবমাননা করে কিন্তু পবিত্র জল দিয়ে বিশুদ্ধ করা মাংস খাওয়ার অনুমতি দেয়। তাছাড়াও চরক সংহিতা, সুশ্রুত থেকেও প্রানির মাংস খাওয়া কে সমর্থন করে।[৪১]

চতুরতার সাথে তৈরি ফাঁদ এবং পরিকল্পনা ব্যবহার করে বন্য হাতি ধরা একটি প্রিয় বিনোদন ছিল বলে মনে করা হয়। শিকার একজন বনবাসীর প্রয়োজনীয় পেশা, এছাড়াও শহুরে অভিজাতদের একটি প্রিয় খেলা ছিল। চন্দ্রকেতুগড়ের পোড়ামাটি শিকারের দৃশ্য চিত্রিত করে। মৌর্য দের শাসন কালে বন সংরক্ষণ এবং বনজ পন্যের ব্যবহার সরকারী ভাবে নিয়ন্ত্রিত হয়। কৌটিল্যের অর্থশাস্ত্র এই সময়কালে রচিত হয়েছিল, বন সংরক্ষণের দায়িত্বে থাকা বন রক্ষাকারীর শেষ দায়িত্ব সম্পর্কে বাগ্মিতা করে। যুদ্ধ ক্ষেত্রে তাদের মূল্যের কারণে, হাতিদের সবথেকে বেশি সুরক্ষা দেওয়া হয়েছিল এবং যারা তাদের ক্ষতি করার সাহস করেছিল তাদের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। সম্রাট অশোক পাখি এবং প্রাণীকে সুরক্ষা প্রদান করেছিলেন।[৪২] যেগুলি উপযোগী বা ভোজ্য ছিল না, যদিও তিনি মাংস খাওয়ার অভ্যাস নিষিদ্ধ করেন নি, তিনি শিকার এবং চোরাচালানের পাশাপাশি পশু বলি নিষিদ্ধ করেছিলেন। মৌর্য যুগে মেগাস্থিনিস শিকারি ও পশু পালকদের একটি গোষ্ঠীতে বিভক্ত করেছিলেন। তিনি বলেছেন যে বনে-জঙ্গলে পশু পাখি শিকার করে আর গবাদি পশুর রক্ষণাবেক্ষন করে তাঁরা জীবিকা নির্বাহ করতেন। অনিষ্ঠকারী পশু-পাখির হাত থেকে খেতের ফসল রক্ষা করতেন বলে সরকার পক্ষ থেকে তাদের পারিশ্রমিক দেওয়া হত। যাযাবরের জীবনযাপনে অভ্যস্ত এইসব পশুপালক ও শিকারিরা তাঁবুতেই বসবাস করতেন।[৪৩]

ঋগ্বেদে সিংহ, ভালুক, মহিষ, কৃষ্ণসার মৃগ প্রভৃতি পশু শিকারের বর্ণনা আছে। কিছু লোক কসাই এর কাজ করতেন। যাগ-যজ্ঞ পশু বলি দেওয়া বা অনুষ্ঠান উপলক্ষে পশু হত্যা করা ছিল তাঁদের কাজ। মধ্যপ্রদেশের হোসাঙ্গাবাদ জেলার আদমগড় এ আবিষ্কৃত হয়েছে বন্য পশু যেমন - সজারু, চিতল হরিন, সম্বর,

ও খরগোশ এবং গবাদি গৃহপালিত পশু যেমন - কুকুর, মহিষ, ভেড়া, ছাগল, বরাহ প্রভৃতি পশুর অস্থি পাওয়া গেছে। বাগড়ের মানুষ ভেড়া, ছাগল, শূকর, মহিষ, কৃষ্ণসার মৃগ, সম্বর হরিণ, খরগোশ, বেজি ও কুজ বিশিষ্ট গবাদি পশু শিকার করত। গুহার গায়ে ও শিলাস্রয়ের দেওয়ালে নৃত্য রত মানুষ, শিকারি, বাইসন, হাতি, বাঘ, গণ্ডার, ভালুক প্রভৃতি জীবজন্তুর ছবির নিদর্শন পাওয়া গেছে।[৪৪] বাংলা তথা গাঙ্গেয় উপত্যকার অঞ্চল ভেদে সমকালিন সমাজের মানুষের প্রয়োজনের বা চাহিদার নিরিখে মঙ্গল চেতনাকেন্দ্রিক বেশ কিছু বিষয়ের বিকাশ ঘটেছিল আদি - ঐতিহাসিক পর্বে মৃৎশিল্পের প্রসার বহু বিস্তৃত, একাধিক বিচিত্র বিষয় যথা - পশু পাখির অবয়ব, শিকার, সামাজিক লোক-অনুষ্ঠান, গীতবাদ্য কর প্রভৃতির উপস্থাপনা লক্ষ্য করা যায়। কেউ বলেন এগুলি সমাজচিত্রের উপস্থাপনা অর্থাৎ মানুষের দৈনন্দিন জীবনের অংশ বিশেষ আবার কারও মতে এগুলি প্রজননসত্তা ও উর্বরতার প্রতীক।[৪৫]

তাছাড়াও অন্ত্যজ বর্ণের যাযাবর ডোম-শবর-পুলিন্দ-নিষাদ-বেদে প্রভৃতিদের অন্যতম বৃত্তি ছিল সাপ খেলানো, যাদু বিদ্যার নানা খেলা দেখানো ইত্যাদি। সাপের উপদ্রব খুবই ছিল, মনসা পুজাই ছিল তার অন্যতম সাক্ষ্য। রাজসভায় জাঙ্গলিক বা বিষবৈদ্য অন্যতম রাজপুরুষ ছিলেন, জাঙ্গুলি সাপেরই অন্য নাম। সাপের কামড়ে অনেক কেই প্রাণ দিতে হত, সেই জন্য ওঝা বা বিষবৈদ্য দের সমাজে একটা স্থান ছিল তাঁরাই ছিলেন সাপুড়ে। উমাপতি ধর, গোবর্ধন আচার্য এর শ্লোকে সাপ খেলানর সুন্দর বর্ণনা আছে। সর্বানন্দ বলেছেন, বেলিয়ারা সাপ খেলা দেখিয়ে ভিক্ষা করে বেড়াত।[৪৬] প্রাচীন বৌদ্ধ ও জৈন সাহিত্য, পাণিনির অষ্টধ্যায়ী ও ধর্ম গ্রন্থগুলি থেকে জানা যায় যে বৌদ্ধ ও জৈন ধর্ম জনপ্রিয় হয়ে ওঠার কারনে নির্বিচারে পশু হত্যার প্রবণতা হ্রাস পায়, গবাদি পশুর সংরক্ষন ও প্রতিপালন সমাজে বিশেষ গুরুত্ব লাভ করেছে। সিংহ, বাঘ, বিড়াল, পেঁচা প্রভৃতি পশু পাখিগুলিকে নিধন করে তাদের চামড়া দিয়ে পাদুকা তৈরির কাজে লাগানো হত। হাতির দাঁত বনাঞ্চল থেকে সংগৃহীত করা হত। কৌটিল্যের অর্থশাস্ত্র থেকে হাড় ও শিঙের তৈরি তির-ধনুক, মহিষ ও গণ্ডারের শিং, হাতির দাঁতের হাতল ওয়ালা বিভিন্ন ধরনের তরবারি, চামড়ার তৈরি বিভিন্ন ধরনের অস্ত্র-সস্ত্রের উল্লেখ পাওয়া যায়। বিভিন্ন জীবজন্তু বিশেষ করে বাঘ, সিংহ, উল্লুক, তোতাপাখি স্থলপথে বিদেশে পাঠানো হত। মনুসংহিতা থেকে নিষাদের বৃত্তি মৃগয়া, দাশদের জীবিকা মৎস্য শিকারের কথা জানতে পারি।[৪৭] বর্তমানে বাংলার বিভিন্ন অরণ্যচারী মানুষের মধ্যে শিকার

উৎসবের কথা পাওয়া যায় তার একটি প্রাচীন ভিত্তি ছিল। কোয়েম্বাটুরে জাল্লিকাট্ট নামক উৎসবের মধ্যে দিয়ে ক্ষতিগ্রস্থ বন্যপ্রাণীদের তীব্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়। তাই শুধুমাত্র শিকার নয়, বাংলার দক্ষিণ-পশ্চিম গ্রামীন অংশে শিকার উৎসব অনুষ্ঠিত হয়। তাই প্রতি বছর গ্রীষ্মকালে বা বাংলা ক্যালেণ্ডার অনুযায়ী বৈশাখ মাসে পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া (অযোধ্যা পাহাড়), বাঁকুড়া এবং মুর্শিদাবাদে অনুষ্ঠিত হয় । এটি মূলত 'দিসুম সেন্দ্রা' অথবা 'শিকার পরব' (শোমিক, ২০০১) নামে পরিচিত।[৪৮] এই শিকার উৎসবের ধরন ছিল মূলত 'আচারভিত্তিক' এবং এটি প্রতি বছর বুদ্ধ পূর্ণিমায় নির্বোধ সহিংসতার সাথে অনুষ্ঠিত হয়। জৈষ্ঠ্য অমাবস্যা উদযাপনের জন্য এই শিকার উৎসব আয়োজিত হয়। কিছু মানুষ বলেন যে এই শিকার উৎসব প্রধানত চর্চা করা হয় বিভিন্ন আদিবাসী সম্প্রদায়ের মধ্যে, যথা - সাঁওতাল, লোধা, শবর প্রভৃতি। সাঁওতালরা হল বাংলার বৃহত্তম আদিবাসী সম্প্রদায় যারা ৫০ % অঞ্চল দখল করে আছে। তবে এটি নয় যে শুধুমাত্র আদিবাসী সম্প্রদায়ের অন্তর্ভুক্ত, কারন ভিডিও ফুটেজ থেকে দেখা যায় যে অনেক সাধারণ মানুষ ইতিমধ্যে শিকারীর দলে অন্তর্ভুক্ত রয়েছে। তাঁরা মজা করা বা বিনোদনের উদ্দেশ্যে এবং তথাকথিত বীরত্ব দেখানোর জন্য এটি করে। হত্যা করার পরে তাঁরা সেই মাংস খায় আর সেই পশুর চামড়া নিয়ে বিভিন্ন ধরনের ব্যাগ, কাপড় ইত্যাদি তৈরি করেন।[৪৯] প্রাচীনকাল থেকেই যুদ্ধ এবং যাতায়াতের মাধ্যম হিসাবে হাতি পরিচিত ছিল। হাতি মূলত কষ্টসাধ্য কাজের জন্য ব্যবহৃত হত। ধর্মপালের নালন্দা তাম্রফলকে সেনাবাহিনীর ঐতিহ্যবাহী চারভাগের একটি হাতির কথা উল্লিখিত আছে। হাতির দাঁতের কাজ যেগুলি গজদন্ত থেকে তৈরি করা হত, যা বাজারে চড়া দামে বিক্রি করা হত আর এই লাভজনক ব্যবসার সাথে যুক্ত জনসংখ্যার একটি অংশ যারা 'দন্তকরষ' নামে পরিচিত ছিল।[৫০] পাহাড়পুর ও ময়নামতির পোড়ামাটির ফলকে বিভিন্ন ভঙ্গিতে হাতির অনেক ভাস্কর্য রয়েছে।[৫১] উট প্রাচীন বাংলায় পরিচিত ছিল এবং বিভিন্ন সূত্রে এটির উল্লেখ রয়েছে। বাংলার চর্যাপদে উটের নির্দেশ রয়েছে।[৫২] পাহাড়পুরের ফলকে উটকে চিত্রিত করা হয়েছে যার লম্বা গলা এবং দ্বিগুন কুজ রয়েছে।[৫৩] এমনকি প্রাচীনকালে শিকারের পর্যায়ে, বিশেষত সমস্ত অর্থনৈতিক লেনদেন শিকারের অস্ত্র বা শিকার করা পশুর চামড়ার মাধ্যমে পরিচালিত হত। কিন্তু শিকারের পর্যায়টি পশুপালকদের হাতে চলে যাওয়ার ফলে পশুরা গৃহপালিত হয়ে উঠেছিল এবং পশু নিজেই মূল্যের বস্তু হয়ে ওঠে। সঙ্গীত, নৃত্য, বিভিন্ন খেলাধুলা, কুস্তী, মল্ল

বিদ্যা, শিকার বাঙ্গালীর দৈনন্দিন জীবনে বিনোদনের অংশ হিসাবে কাজ করত, যা প্রাচীন বাংলার মানুষের জীবনের এক অবিচ্ছেদ্য অঙ্গ রুপে পরিগণিত হয়।

সহায়ক গ্রন্থপঞ্জী :

১। Suchandra Ghosh; Sayanti Pal; Everyday life in early Bengal, this article published 2010; Icfai University journal of history and culture; P - 06

২। তদেব পৃ-১৬

৩। মানুষের উদ্দেশ্যে রচিত প্রশস্তিবাচক মন্ত্র বা গীত। নিরুক্তকার যাস্ক বলেছেন - যেন নরাঃ প্রশস্যন্তে স নারাশংস মন্ত্রঃ। ৯.৯।

৪। দিলীপ কুমার গঙ্গোপাধ্যায়; ভারত ইতিহাসের সন্ধানে; সাহিত্যলোক; ৫৭-এ কারবালা ট্যাঙ্ক লেন; কলকাতা-৬; প্রকাশকাল - অক্টোবর ২০০০; পৃ-৩৩৫

৫। Altekar; A : S : position of woman in hindu civilization; Luder's list No . 921; Epigraphica Indica, vol - x ; Appendix; Benaras; 1958; P - 93

৬। নীহার রঞ্জন রায়; বাঙ্গালীর ইতিহাস আদিপর্ব; দে'জ পাবলিশিং; প্রথম প্রকাশ ১৩৫৬; পৃ - ৬৩৭

৭। তদেব; পৃ - ৬৩৭

৮। তদেব; পৃ-৬৩৭

৯। তদেব; পৃ-৫৭৯

১০। তদেব; পৃ-৪৫০

১১। সুকুমার সেন; প্রাচীন বাংলা ও বাঙালী; পৃ-৪৬

১২। তদেব; পৃ-৪৭

১৩। তদেব; পৃ - ৪৮

১৪। তদেব; পৃ-৪৮

১৫। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত-৪৫০

১৬। তদেব; পৃ-৬৫৪

১৭। পাহাড়পুর; বাংলাপিডিয়া নিবন্ধ; লেখক- মোঃ শাফিকুল আলম

১৮। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত-৫৭৯

১৯। সুকুমার সেন; প্রাগুক্ত - ৫০

২০। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত; পৃ - ৮০১

২১। তদেব; পৃ - ৮০২

২২। B.D Chattapadhaya; Urban centers in early Bengal : archaeological perspective in studying early India ; archaeology texts and historical issues; Delhi 2003; P- 66

২৩। সেনগুপ্ত; চন্দ্রকেতুগড়; ২০০১ - পৃ-২১২

২৪। Paharpur; P 154 F (L 11, 126); 54C (LV, 134); 54 a (Lv 135)

২৫। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত-৪৪৯

২৬। তদেব; পৃ-৪৪৯

২৭। Suchandra Ghosh; Sayanti Pal; above named ; P-17

২৮। Kanad Sinha; sporting with kama ; amusements, games , sports and festivities in early Indian urban culture , carya song no . 12, journal of the Asiatic society LV (2), 2013 : P-19

২৯। D.C Sircar ; 'the kaillan copper - plate inscriptions of king Sridharana Rata of samatata Indian historical quatrly, vol-23 ; issue - 3; 1947 : 221 - 241

৩০। Taponath chakravarti ; 'some information about sports , indoor games and pastimes in ancient literature and early inscriptions of Bengal and Assam; East and West, vol-7, no-1, April, 1956 : 58

৩১। তদেব; পৃ-৫৮

৩২। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত-৪৫০

৩৩। Taponath chakravarti; above named; Pabandut sloke - 42

৩৪। Dandin ; The Dasakumaracarita, translated by M.R. Kade, delhi, 1966, 4rth edition : P - 151-152, for further discussions on kandukavati, see Kanad Sinha , 'The city kama culture and Dandin : shades and varieties of urban life in the Dasakumarcarita, journal of the Asiatic society, 2013

৩৫। তদেব-১৫৫ (uchchhvasa vi)

৩৬। Suchandra Ghosh; Sayanti Pal; above named; P-19

৩৭। তদেব; পৃ-১৯

৩৮। K.N Dikshit; excavations of Paharpur Bengal, MASI, no-55, New Delhi 1938 : 1-94, reprinted in Paharpur alias Sompura Mahavihara : A world cultural heritage site, Dhaka, 2014 : 192

৩৯। রনবীর চক্রবর্তি; প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধানে ; কলকাতা ; আনন্দ পাবলিশার্স; ১৪১৯ বঙ্গাব্দ; পৃষ্ঠা-২৩

৪০। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত-৫৭৮

৪১। দিলীপ কুমার গঙ্গোপাধ্যায়; প্রাগুক্ত ; পৃ - ৩০০

৪২। Kavya Chimalgi; A history of hunting in the Indian sub-continental; April-2010; last wilderness media Pvt . Ltd, P-02

৪৩। দিলীপ কুমার গঙ্গোপাধ্যায়; প্রাগুক্ত-৩৩১

৪৪। Upinder Singh; A history of ancient and Early Medieval India; Delhi; 2008; P - 73

৪৫। S . S . Biswas; Terracotta art of Bengal; Agamkala Prokashani ; Delhi; 1981; P-137

৪৬। নীহার রঞ্জন রায়; প্রাগুক্ত - ৪৭২

৪৭। Upinder Singh; above named; p-150

৪৮। Debolina Banerjee; An unrevealed truth of wildlife hunting in West Bengal; 13 november, 2021 ; this article published on this site : http //www.Researchgate.net/publication/356186708

৪৯। তদেব, পৃ-৭২

৫০। Kamrunnesa Islam; Economic history of Bengal; university of London, 1966; p-70

৫১। F. A Khan; Maynamati a pliniminary report on the recent archaeological excavation in east Pakistan; department of archaeology ministry of education and information; 1963 ; p-38

৫২। MASI (55-57); P-68

৫৩। Kamrunnesa Islam; above named; p-70

34

নিম্নবর্গীয় সমাজে গুরুচাঁদের শিক্ষা দর্শন - একটি পর্যালোচনা

কৃষ্ণ কান্ত ঢালী (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

সুজল পাল (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

গুরুচাঁদ ঠাকুর বুঝেছিলেন যে এই নমঃশূদ্র তথ্য নিম্নবর্গীয় সমাজ সংখ্যায় এরা বেশী হলেও শুধু বিদ্যাহীন বলে এদেরকে লোমহীন পশুর মত চরিয়ে খায় উচ্চ বর্ণের মানুষজনরা। তাই ১৮৮১ খৃষ্টাব্দে দত্ত ভাঙ্গা সভায় শিক্ষা আন্দোলনের যে ডাক গুরুচাঁদ ঠাকুর দিয়েছিলেন সেই সময়ে- ভকত সুজন, যত তার কাছে আসে। শিক্ষা আন্দোলন গুরুচাঁদ ঠাকুর করে দেশে দেশে নমঃশূদ্র তেলী মালী আর কুম্ভকার। কাপালী মাহিষ দাস, চামার কামার পোদ আসে তাঁতী আসে আসে মালাকার কতই মুসলমান আগে ঠিক নাহি তার। সবাকে ডাকিয়া প্রভু বলে এই বানী শুন সবে ভক্ত-গন আমি যাহা জানি। নমশূদ্র কুলে জন্ম হয়েছে আমার তবু বলি আমি নহি- নমঃর একার দলিত পীড়িত যারা দুঃখে কাটে কাল ছুঁসনে ছুঁসনে বলে যত জল-চল। শিক্ষা-হারা দীক্ষা হারা ঘরে নাহি ধন, এই সবে জানি আমি আপনারজন। শ্রীশ্রীগুরুচাঁদ ঠাকুর উপলব্ধি করিয়া ছিলেন যে এই তপশীলি সম্প্রদায় সমূহ অর্থাভাবে কতই নিঃস্ব। অর্থনৈতিক জীবনে ইহারা উন্নতি লাভ করিতে না পারিলে সমাজে এদের ঠাঁই নাই। তাই তিনি নিজে আদর্শ গৃহী রূপে সৎভাবে অর্থ উপার্জন করিয়া দেখাইলো সৎভাবে করিলে লক্ষ্মীর কৃপা থেকে কেহই বঞ্চিত হয় না। এই উপদেশ তিনি ভক্তদের দিয়াছেন। গুরুচাঁদ ঠাকুর তার সুদীর্ঘ কর্ম জীবনে চির নিদ্রিত চিরবঞ্চিত বৃহত্তম মানব গোষ্টিকে সমাজে প্রতিষ্ঠিত করার জন্য তিনি সারা জীবন দীন দুঃখীর দ্বারে দ্বারে ঘুরে বেড়িয়েছেন। গৃহবাসীদের গার্হস্থ্য ধর্মের পক্ষে যা প্রয়োজন তিনি তা শিক্ষা দিতেন। নিম্ন নিপিড়ীত জাতির বিদ্যাধনের সঙ্গে সঙ্গে অর্থ উপার্জন সমান অধিকার প্রয়োজন। তাই তিনি বলতেন।

আগে বিদ্যা আন ঘরে, আন ধন মান।
আচরণে সৎ হও ডাকো ভগবান।।

প্রতিদিন শত শত আতপ্রাণ দলিত মানুষ গুরুচাঁদ ঠাকুরের নিকট ছুটে আসত, নানা পরামর্শ নিতে। তিনি তাঁদেরকে ধর্মের কথা শোনানোর চেয়ে বাস্তব জীবনে উন্নতির কথা প্রায়ই বলতেন। স্ব-সমাজের দোষ ত্রুটি তুলে ধরতেন। এইভাবে ওড়াকান্দি এবং

আশপাশের গ্রামগুলি পর্যায়ক্রমে প্রচার চলতে থাকে স্কুল' গড়ার বা শিক্ষা দর্শন ছড়িয়ে দেবার এবং গুরুচাঁদ ঠাকুর স্কুল- নিয়ে ব্যস্ত চলছে প্রস্তুতি পর্ব। এবং বিগত দিন গুলির দীর্ঘ সংগ্রামের মধ্যে দিয়ে ১৯০৮ সালে গুরুচাঁদ এবং মীডের চেষ্টায় ওড়া কান্দিতে হাইস্কুল স্থাপিত হল। ঘৃতকান্দি এবং ওড়াকান্দির মানুষ স্কুল তৈরীকরার জন্য রাত দিন চেষ্টা চালিয়ে যেতে লাগলেন। তার পর কাঠামো সহ স্কুল ঘর উঠলো গিয়ে গুরুচাঁদ ঠাকুরের ভিটে বাড়ির উপর অনুন্নত শ্রেনির শিক্ষা বিস্তার ও জীবন যাত্রার মনোন্নয়নের ওপর বিশেষভাবে জোর দেন গুরুচাঁদ ঠাকুর। সামাজিক ও বর্ণ হিন্দুদের বাঁধা অতিক্রম করে ১৮৮০ সালে ওড়াকান্দিতে প্রথম বিদ্যালয় স্থাপন করেন। তার উৎসাহে ১৮ বছরের মধ্যে এটি প্রাথমিক স্তর হতে উচ্চ বিদ্যালয়ে উন্নিত হয়। অস্পৃশ্যতা দুরীকরণ ও শিক্ষা বিস্তারের ক্ষেত্রে গণ আন্দোলন সূচনা করেছিলেন তিনি। ৯০ বছরের জীবনে ৩৯৫২ টি স্কুল প্রতিষ্ঠা করেন। বাংলা দেশের গ্রামাঞ্চলে। ১৮৮১ সালে গুরুচাঁদ ঠাকুর নিজ উদ্যোগে কর্মসূচীর মাধ্যেমে, খুলনার দত্তডাঙায় সভাপতিত্বে প্রথম নমঃশূদ্র মহাসম্মেলন হয়।

চণ্ডাল জাতিকে নমশুদ্র জাতিতে উত্তরনের আন্দোলনে নেতৃত্ব দেন। তার চেষ্টার একটি প্রতিনিধিদল ১৯০৭ সালে বাংলা ও আসামের গভর্নর জেনারেলের কাছে এই মর্মে প্রতিবেদন পেশ করেন। যার সাফল্য স্বরূপ ১৯১১ সালের জনগননায় নমশূদ্র পরিচিতি লাভ করেছিল। অদৃশতা দূরীকরণ ও শিক্ষা বিস্তারের ক্ষেত্রে গণ আন্দোলনের সূচনা করে ছিলেন তিনি। ৯০ বছরের জীবনে ৩৯৫২ টি স্কুল প্রতিষ্ঠা করেন। এবং চণ্ডাল জাতিকে নমশুদ্র জাতিতে উত্তরণে আন্দোলনে নেতৃত্ব দেন।

বাংলার অধিকাংশ অনুন্নত শ্রেণীর মানুষ কৃষিজীবী। তাদের বেশির ভাগের আবার নিজস্ব চাষাবাদ যোগ্য জমি ছিল না। বর্ণহিন্দুর জমিদার জোতদার ও গাতিদারদের জমি তারা ভাগ চাষ করত। পূর্ব বাংলায় এই ভাগচাষী আন্দোলন কারীরা অধিকাংশই যশোর খুলনা ও ফরিদপুরের নমঃশূদ্র। আর এরা ছিল বেশির ভাগ ধর্মবলম্বী। এই অনুন্নত শ্রেণীর মানুষদের নিয়ে গুরুচাঁদ- ঠাকুর সামাজিক আন্দোলন শুরু করেছিলেন তিনি মতুয়াদের ধর্মীয় সংগঠনের পাশাপাশি সামাজিক পরিবর্তনের জন্য এই কাজ শুরু করেন। যশোর খুলনাও ফরিদপুর জেলার বিস্তীর্ণ অঞ্চলে কৃষকদের জমির সেস কর ধার্য করা হয়। যার ফলে - "নগদে খাজনা আদায় প্রথা এবং বা প্রথা চালু হওয়ার পর তার ফলে জমির খাজনা বৃদ্ধি পায়। অন্যদিকে জমির বর্গাদারকে জমি চাষাবাদের জন্য কম ধান দেওয়া হত তাই জমি ভাগচাষী বর্গাদারকে ফসলের কম ভাগ দেওয়া হত। ফলে কৃষকদের মধ্যে গভীর অসমের দেখা দেয়। এবং বাংলার এই সর্বহারা কৃষকদের দুর্দশা দেখে তাদের পাশে গিয়ে দাড়িয়ে ছিলেন। ১৯০০ সালের প্রথম

দিকে তাঁর নেতৃত্বে কৃষকেরা তেভাগা আন্দোলন শুরু করে। এই প্রথার প্রতিবাদে ক্ষিপ্ত হয়ে মাঝে মধ্যেই তারা জমিদারদের হাটবাজার লুট ও ভাঙচুর করত। পুলিশ এসে তাদের উপর ও আক্রমণ করত। এই ভাবে ক্রমে ক্রমে ফরিদপুর জেলার গোপাল গঞ্জের নমঃশূদ্ররা ইংরেজ প্রশাসনের কাছে আতঙ্ক হয়ে ওঠে। মুসলিম কৃষকদের সহায়তায় বর্গা জমি চাষের ক্ষেত্রেও আবার তারা নতুন দাবি তুলে আনে। জমিদারদের জানিয়ে দেয় যে, উৎপন্ন ফসলের দুই তৃতীয়াংশ ভাগ না দিলে তারা আর জমি চাষ করবে না। তেভাগা আন্দোলনের বিস্তৃত বিবরণ খুঁজে পাওয়া যায় তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রাক্তন মন্ত্রী শরৎচন্দ্র মজুমদারের রাইচরণ চরিত্র গুণের যশোরের অন্যতম অস্পৃশ্য প্রতি নমঃ কৃষক নেতা রাইচরন বাবু ছিলেন এই তেভাগা আন্দোলনের পুরোভাগে ছিল পরবর্তীতে ১৯১১ সালে চণ্ডাল গালি- মোচন পরিবর্তে নমঃশূদ্র নাম সরকারী নথীতে অন্তর্ভুক্ত করান গুরুচাঁদ ঠাকুর। লোক গণনায় বাংলায় চণ্ডালদের নমঃশূদ্র সম্প্রদায় হিসাবে চিহ্নিত করা হয়, এবং তাদের হাজার বছরের চণ্ডাল গালি মোচন করা হয়।

১৯১৩ খ্রীষ্টাব্দে শিক্ষা বিভাগের অধিকতার ঘোষনা অনুযায়ী পূর্ববঙ্গের তপশিল জাতি সমূহের ছাত্রদের পড়াশুনার সুবিধার্থে কিছু সরকারী হোস্টেলের ব্যবস্থা করা হয়। ১৯১৫ খ্রীস্টাব্দের মধ্যে পূর্ববাংলার পিরোজপুর বরিশাল এবং ঢাকার সরকারী অফিসে অনুন্নত শ্রেণীর মানুষের জন্য জন সংরক্ষন ব্যবস্থা পুরোপুরি চালু হয়ে যায়। ১৯১৫ খ্রীষ্টাব্দের মধ্যে পূর্ব বাংলার পিরোজপুর বরিশাল এবং ঢাকার সরকারী অফিসে- অনুন্নত শ্রেণীর মানুষের জন্য জন সংরক্ষণ ব্যবস্থা পুরপুরি চালু হয়ে যায়।

১৯১৮ সালে কোলকাতায় অনুরূপ একটি হোস্টেল খোলা হয় এবং তার পরিচালনার ভার কোলকাতা বিশ্ব বিদ্যালয়ের উপর ন্যস্ত হয়। ১৯১৯ সালে মন্টেগু চেমসফোর্ড সংস্কার আইনে অনুন্নত শ্রেণীর এই সংরক্ষনের ব্যবস্থা ভারত বর্ষের অন্যান্য প্রেসিডেন্সীরা প্রদেশে ছড়িয়ে দেওয়ার কথা ঘোষনা করা হয়। এই ভাবে যুগ নায়ক গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে মতুয়া আন্দোলনের ফলে সমগ্র ভারতবর্ষের শিক্ষা চাকরি ও আইন সভায় সংরক্ষন সৃষ্টি হয়। ১৯২১ সালে গান্ধীজীর নির্দেশে চিত্তরঞ্জন দাস গুরুচাঁদ ঠাকুরকে অসহযোগ আন্দোলনে অংশ গ্রহন করার জন্য অনুরোধ জানিয়ে চিঠি দেন। গুরুচাঁদ ঠাকুর এর যোগ্য জবাব দেন এ আন্দোলনে যোগ না দেবার জন্য। ১৯২৩ সালে খুলনা জেলায় অনুন্নত মানুষের উন্নয়নের জন্য যে সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল গুরুচাঁদ ঠাকুর সেই সম্মেলনে সভাপতিত্ব করেন ও দীর্ঘ ভাষণ দেন। এবং সাল নাগাদ ঢাকা ডিভিশনে মূলত নমঃশূদ্র ছেলে মেয়েদের পঠন পাঠনের নির্মিত গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে ১০৬৭টি বিশেষ বিদ্যালয় গড়া সম্ভব হয়েছিল।

১৯৩১ সাল নাগাদ পিছিয়ে পরা সন্তানদের শিক্ষার জন্য প্রেসিডেন্সি ডিভিশনে ৫৬৯টি, সাঁওতাল বা আদিবাসী ছেলে মেয়েদের শিক্ষার জন্য বর্ধমান ডিভিশনে ২৪৬টি এবং নমঃশূদ্রছেলেমেয়েদের লেখা পড়া শেখানোরজন্য ঢাকা ডিভিশনে ১০৬৭টি স্কুল স্থাপন তো দেখা যায় সর্ব মোট ১৮৮ ২টি স্কুল স্থাপন করেন। আর ডঃ সি. এস. মিডের সহায়তায় বৃটিশ সরকার দ্বারা এই স্কুলগুলিকে প্রথমে ছাত্রবৃত্তি পরীক্ষার স্কুল এবং পরে মিডল ইংলিশ স্কুলে অনুমোদন করান আর পরবর্তীতে এর মধ্যে থেকে কিছু স্কুল উচ্চ ইংরাজী ১৯৩২ সালে ওড়াকান্দীতে হরি গুরুচাঁদ মিশন প্রতিষ্ঠা করে সেই মিশনের সহায়তায় ওড়াকান্দীর তালতলায় নারী শিক্ষার জন্য স্কুল প্রতিষ্ঠিত হয়।

১৮৮১ সালে দত্ত ডাঙ্গা গুরুচাঁদ ঠাকুর জাতির জন্য যে ভাষন- দিয়েছিলেন তার পর থেকে পিছিয়ে রাখা শ্রেণীর আন্দোলনের যে জোয়ার বইতে শুরু করে। আর দিকে দিকে যে পাঠশালা তৈরী হতে থাকে সেই সব পাঠশালার মধ্যে বহু পাঠশালা ১৮৯০ সালের মধ্যে ইংরাজী ও উচ্চ ইংরাজী বিদ্যালয়ে পরিনত হয়। আর এই সব বিদ্যালয়ে নারী শিক্ষার জন্য ও ব্যবস্থা গ্রহণ করা হয়। এর পর পরই ১৯৩৭সালে ৯১ বছর বয়সে ২৭ শে মার্চ গুরুচাঁদ ঠাকুরের মহাপরিনির্বাণ হয়। ১৯৩৭ সালে ২৭শে মার্চ শিক্ষা আন্দোলনের অগ্রদূতের মহাপরিনির্বানের কোলকাতার এলবার্ট হলে গুরুচাঁদ ঠাকুরের স্মৃঙ্গিভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন 1 সুরেন্দ্রনাথ ব্যানার্জী, নেতাজী সুভাষচন্দ্র ও অন্যান্য ব্যক্তিবর্গ। এই স্মৃতিসভার নেতাজী সুভাষচন্দ্র বসু গুরুচাঁদঠাকুরে মহামানব হিসাবে শ্রদ্ধা নিবেদন করেছিলেন।

সহজ কথায় বলতে গেলে বলা যায় যে বাঙালি সমাজ সংস্কারক ও তিনি মতুয়া সম্প্রদায়ের উন্নয়ন, হিন্দুদের শিক্ষা ও সামাজিক উন্নয়নের পৃথিক। তৎকালীন- "ব্রাহ্মণ কতৃক চণ্ডাল তথা নিচু জাতের প্রতি নিপীরন ও শিক্ষার অধিকার থেকে বঞ্চিত করা সহ সকল প্রতিবন্ধকতা দূর করে নমশূদ্র নাম করন করেন।

তিনি নিজেকে প্রতিষ্ঠা করেছিলেন নমঃশূদ্র মানুষদের মুক্তির অগ্রদূত রুপে। গুরুচাঁদ ঠাকুর তাঁর দুরদর্শিতা ও তীক্ষ্ণ বাস্তববুদ্ধিঃ -স্পষ্টতায়, সঠিকভাবেই উপলব্ধি করেছিলেন। যে নারী শিক্ষা হল সামগ্রিক প্রক্রিয়ার এক অপরিহার্য অঙ্গ। আর গনতান্ত্রিক শিক্ষানীতির আদর্শ জনগণের মানসিক বুদ্ধির বিকাশে এবং চরিত্র গঠনে উন্নততর সহায়ক। তাই ব্যক্তি মানুষের- শিক্ষার উপর সবিশেষ গুরুত্ব আরোপের অর্থ হল স্ব-নিয়ন্ত্রন ও ঋ নির্দেশনায় শিক্ষাদান উপনিবেশিক ভারত বর্ষে এই সুযোগের আদর্শে গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থার অভাব ছিল অত্যন্ত প্রকট। বলাই বাহুল্য গুরুচাঁদ ঠাকুর অত্যন্ত সচেতন প্রয়াসে শিক্ষার বৈষম্যকে আরও স্পষ্টভাবে বলতে গেলে লিঙ্গ বৈষম্যকে বিদূরীত

করনের ভাবনায় পাংগঠনিক সিদ্ধান মাধ্যেমে সকলের জন্য শিক্ষা আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে ছিলেন। নারীর স্বাধি- কারের প্রশ্নে নারী শিক্ষার প্রয়োজনীয়তা তিনি উপলব্ধি করেছিলেন তীব্রভাবে। বস্তুতঃ গুরুচাঁদ ঠাকুর পরিচালিত আধ্যাত্বিক ও ব্যবহারিক জীবনগত সর্বাত্মক সংস্কার ও শিক্ষা আন্দোলনের অঙ্গ হিসাবেই স্বাধিকার আন্দোলন- এক বিশিষ্ট তাৎপর্য ও গুরুত্ব লাভ করেছিল। গুরুচাঁদ ঠাকুর পিতার নির্দেশকে স্মরণ করেই নিজ মুখে বলে ছিলেন "শুনেছি পিতার কাছে আমি বহুবার নারী ও পুরুস্কার পাবে সম অধিকার তিনি তাঁর দীর্ঘ জীবনের অর্জিত গভীর অভিজ্ঞতাও নিবির মানবিক সংবেদনশীলতার অনুভব করেছিলেন। পুরুষতান্ত্রিক সমাজে স্বেচ্ছাচারীর উপর নারীদের মাত্রাতিরিক্ত "নির্ভর শীলতার পরিমাণ কি মারাত্মক এবং কতখানি নিগ্রহাত্মক হতে পারে। দূর দুরদর্শ প্রজ্ঞায় তিনি হৃদয়ঙ্গম করতে সক্ষম হয়েছিলেন। যে, কোন সমাজ সংস্কৃতিতে শিক্ষার মূল্যবোধ কতটা নির্ভেজাল বা খাঁটি তা স্থির ধারা সম্ভব পর হয়। নারীকে শিক্ষার আওতাধীন করা হয়েছে কিনা তা যথাযথ ভাবে অনুসমাধানের মধে দিতে। নারী শিক্ষার বিস্তারঋকে তিনি কতখানি আগ্রহান্বিত ছিলেন তা নিম্নোক্ত পদ্যাংশে সুস্পষ্টরূপে পরিস্ফুটিত 'নারীশিক্ষা তবে প্রভু আপন আলয় শান্তিসত্যভাষা নামে স্কুল গড়ি দেয় এ প্রসঙ্গে মহারাষ্ট্রের দলিত নেতা জ্যোরিয়ার গোবিন্দ রাজ ফুলের কথা উল্লেখ্যা নারীশিক্ষার ক্ষেত্রে তাঁর অবদান ছিল অসামান্য। জ্যোতিরাও ফুলে ১৮৪৮ খ্রীস্টাব্দের আগস্ট মাসে নিজগৃহে প্রতিষ্ঠা করেছিলেন প্রথম বালিকা বিদ্যালয়। পরে ১৮৫১-৫২ খ্রীষ্টাব্দে বহু বাধাবিপত্তি অতিক্রম করে তিনি আরও দুটি বালিকা বিদ্যালয় গড়ে তুলেছিলেন। ১৮৮২ খ্রীষ্টাব্দে যখন ভারতীয় শিক্ষা কমিশন (আমির কমিশন গঠিত হয়েছিল তখন জ্যোতিরাও ফুলে কমিশনের কাছে সুস্পষ্ট ভাষায় ব্যক্ত করেছিলেন তাঁর শিক্ষার বিস্তার সম্পর্কিত গৃহীত পদক্ষেপ হিসাবে দেশীয় মানুষ বলতে নিম্নবর্গীয়দেরই বুঝিয়েছেন। ফুলে যেমন মাহার, মাঙ্গদের মতো অধঃপতিত মানুষদের শিক্ষা উন্নয়নের কাজে আত্মনিয়োগ করেছিলেন তেমনি বাংলায় গুরুচাঁদ ঠাকুর চাণ্ডাল নামধারী মানুষদের ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দেওয়ার কাজে ব্রতী হয়েছিলেন।

গুরুচাঁদ ঠাকুর শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে বলেছিলেন, বিদ্যাই মনুষ্য বিকাশের সর্বোত্তম সহায়ক। সমগোত্রীয় বক্তব্যের অনুসরন ডঃ আম্বেদকারের মন্তব্যে তিনি বলেছিলেন শিক্ষা মানুষের শোষন মুক্তির শক্তি শালী হাতিয়ার। তাই একমাত্র ব্যাপক ভাবে শিক্ষা দানের দ্বারা জনগণকে রাজনৈতিক চেতনা সম্পন্ন করে সত্যিকারের গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা গেড়ে তোলা সম্ভব। শিক্ষাই শক্তির মূল উৎস। জনই শক্তি। জনবান ব্যক্তিরাই সমাজে নেতৃত্ব দান করে থাকেন।

গুরুচাঁদ ঠাকুর ভেবেছিলেন। শিক্ষার সঙ্গে যুব সম্প্রদায়ের চাকুরির প্রয়োজনীয়তাও আপরিহার্য। হতাশার অন্যতম প্রধান কারণ হল বেকারত্ব। তদুপরি শাসন ব্যবস্থার সঙ্গে সংযোগ স্থাপিত হলে দেশও রাষ্ট্রের প্রতি আনুগত্য বুদ্ধিপেয়ে থাকে স্বাভাবিক কারণেই। ডঃ আম্বেদকার ও সরকারী চাকুরির দাবীতে প্রথম থেকেই ছিলেন সরকতিনি বলেছিকেন। তপসিলী ও আদিবাসী জাতিসমূহের সংখ্যানুপাতে কেন্দ্র ও রাজ্য সরকারের চাকুরিতে ন্যায্য ব্যবস্থা আইনানুগ করতে হবে। গুরুচাঁদ ঠাকুর প্রথমাবধি এই মর্মে সচেতন ছিলেন যে, সমাজ সংস্কার কর্মসূচীকে বাস্তবায়িত করতে গেলে মানুষকে সচেতন করার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। শিক্ষাদানে সঙ্গে সঙ্গে সংগঠন ও আন্দোলনের মাধ্যেমে জনমত গঠন সম্ভবপর সভা-সমিতি আলোচনা, সমাবেশ সংগঠনের মধ্যে দিয়ে পশ্চাদপদ মানুষদের মধ্যে জাগরন সৃষ্টি করতে হবে। সুপ্ত চেতনা। জাগ্রত হলেই বিপ্লবের অনুকূল পরিস্থিতির উদ্ভব ঘটবে। আর বিপ্লব বাস্তব রূপ লাভ করলেই সমাজের পরিবর্তন অনিবাস ও অবশ্যম্ভাবী হয়ে উঠবে। ঠিক একই ভাবে শিক্ষা, সংগঠন ও আন্দোলন ছিল ডঃ আনো করের তিনটি মাত্র। তিনি বলতেন: সংগ্রামই শক্তির উৎস। অন্তহীন নিরবিচ্ছিন্ন সংগ্রামের মধ্যে দিয়েই রাজনৈতিক ঋাধীনতা অর্জন সম্ভবপর। শিক্ষা, সংহতি ও সংগ্রামী ঐক্যই কেবল মাত্র দলিত ও শোষিত মানুষদের মুক্তি আনতে পারে। আর্থিক উন্নতি অপেক্ষা আত্ম মর্যাদা অধিকতর মূল্যবান। তাই অধঃপতিত মানুষের সংগ্রাম আত্ম মর্যাদা অর্জন ও মনুষ্যত্ব বিকাশের সংগ্রাম গুরুচাঁদ ঠাকুর সুদীর্ঘ সময় কালব্যাপী লক্ষ্য করেছিলেন। নিরক্ষর, দরিদ্র, নমশূদ্র সম্প্রদায়ভুক্ত মানুষেরা রাশণ্যবাদী- সংস্কারের বেড়াজালে আবদ্ধ হয় মেয়ের বিয়ে। পিতামাতার শ্রাদ্ধো সাধ্যের অতীত ব্যয় করে অর্থ নৈতিক ভাবে বিপর্যন্ত হয়ে পড়ে এর ফলে সংসারে দারিদ্রতা দেখা দেয় শিক্ষায় পিছিয়ে পরে। তাই- গুরুচাঁদ ঠাকুর বলেছিলেন। যে জাতি হাজার বছর ধরে সমাজ-সংস্কৃতি-ধর্ম ও রাজনৈতিক দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ সেই জাতির মুক্তির জন্য ত্যাগ স্বীকার অবশ্য পালনীয় কর্তব্য। জীবন অপেক্ষা জাতিকে ভালো বাসতে হবে অধি পরিমাণে। তাইডঃ আম্বেদকর অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলেছিলেন আমার কাছে আমার জীবন আমার দেশের স্বার্থ অনেক বড়। আমার অসহায় ও নির্যাতিত অস্পৃশ্য সমাজের স্বার্থ তার চেয়েও বড়। তিনি যে সমাজে জন্ম গ্রহন করেছেন। এবং তার উন্নতির জন্য শ্রম, সময় ও অর্থদান মানব সমাজের গৌরবান্বিত। গুরুচাঁদ ঠাকুর নমঃশূদ্রদের উন্নতির জন্য শ্রম, সময় ও অর্থ দান করেছেন। তাঁর জন্ম এবং তাঁর দীর্ঘ জীবনের অভিজ্ঞতার এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন যে সম্প্রদায়ভুক্ত মানুষদের মুক্তি এবং তার বন্ধু -গত জীবনে যে সমস্ত সমস্যা জগদ্দল- পাথরের মতো দণ্ডায়মান সেই সব সমস্যার এক মাত্র পথা হল রাজনৈতিক ক্ষমতা রাজনৈতিক ক্ষমতা দখলের প্রশ্নেও গুরুচাঁদ ঠাকুরের বক্তব্যের

সঙ্গে আম্বেদকারের বক্তব্যের ব্যাপক সাদৃশ্য লক্ষ্যনীয়। যে সমাজে এই দুই যুগনায়কের ভাবনা চিন্তার কেন্দ্রবিন্দু একই ধারায় প্রবাহিত। বাংলা তথা ভারতবর্ষের- দলিত, পতিত, অনগ্রসর পশ্চাদমুখীকা সর্বস্ব সমাজের মুক্তি ও অগ্রগতির লক্ষ্যে গুরুচাঁদ ঠাকুর ও ডঃ আম্বেদকরের ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক আন্দোলনের স্বার্থকতা অবশ্য স্বীকার্য্য তাই একথা বলতে বাধা নেই যে উভয়েই অন্ত্যজ শ্রেণীর মানুষদের সুশিক্ষিত করে দাবী আদায়ের জন্য তাদের সংগঠিত করতে চেয়েছিলেন। এ ব্যাপারে তারা উভয়েই আংশিকভাবে সফল। তাই গুরুচাঁদ ঠাকুর পরিচালিত মতুয়া আন্দোলনকে কেবল মাত্র নিম্ন- বর্গীয় সমাজের মানুষদের অগ্রগতিতে এটি ছিল দলিত মুক্তি আন্দোলনের সোপান।

গুরুচাঁদ ঠাকুর পরিচালিত শিক্ষা আন্দোলনের মধ্যে দিয়ে নমঃশূদ্রগোষ্ঠী ভুক্ত মানুষদের জন্য রাজনৈতিক বহিঃপ্রকাশ বিশেষ ভাবে লক্ষ্যনীয়। সারা ভারত অনুন্নত শ্রেণী সংস্থা বা কি অনগ্রসরও অধঃপতিত মানুষদের নিয়ে প্রথম- আন্দোলন আরম্ভ করেছিলেন। বলা যায় হয় যে বাংলা তথা ভারতবর্ষের যুগযুগ ধরে অবহেলিত, শোষিত ও বঞ্চিত মানুষদের জাগরনের অভিব্যক্তি প্রকাশ পেয়েছিল। এই আন্দোলনের মধ্যে দিয়ে। এক্ষেত্রে ইংরেজী শিক্ষার প্রভাবের কথাটিও উল্লেখের দাবী রাখে। বাংলায় নমঃশূদ্র সম্প্রদায়ভুক্ত মানুষেরা যারা ইংরেজী শিক্ষার প্রভাবের কথাটি অচিরেই উপলব্ধি করেন যে তারা সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অন্যায় অবিচারের শিকার। অর্থনৈতিক দিক দিয়ে তাঁদের পশ্চাদগামীতার কারণ বর্ণ- হিন্দুদের নিরবিচ্ছিন্ন শোষন। তাঁরা সমগ্র ভারতবর্ষের অনগ্রসর মানুষদের অর্থনৈতিক সামাজিক রাজনৈতিক, সাংস্কৃতিক ও শিক্ষাঙ্গ উন্নয়নের ব্যাপারে চিন্তা ভাবনা আরম্ভ করেছিলেন গভীর ভাবে, অধঃপতিত থেকে তাঁরা কিভাবে মুক্তিলাভ করতে পারবে এবং তাঁদের সম্মুখে যে সমস্ত সমস্যা জগদ্দল পাথরের মতো দাণ্ডায়মান সেগুলির সমাধানের উপায় অনুসাধান করে ছিলেন সচেতন ভাবে। এইভাবে নিম্নবর্গীয় বানসমূদ্র জনগোষ্ঠীর নেতৃবৃন্দ কোন কোন ক্ষেত্রে নিজেদের সামাজিক সাংস্কৃতি রাজনৈতিক অধিকার অর্জনের জন্য বাংলার নিম্নবর্গীয় সমাজ চেতনায় গুরুচাঁদ ঠাকুরের শিক্ষা দর্শন অতুলনীয়।

গ্রন্থপঞ্জী :

(1) রসময় বাইন- শিক্ষার আন্দোলনে গুরুচাঁদ, জীবন সংগ্রামে গুরুচাঁদ ঠাকুর, মতুয়া বার্তা প্রকাশনী, ঠাকুরনগর, প্রকাশকাল- ২০২২, পৃঃ ৫, ৬, ৭, ৮, ১৪,১৫,১৭,১৮,১৯,২০,২১

(2) স্বপন কুমার মণ্ডল- গুরুচাঁদ ঠাকুরের বাণী, মতুয়া বার্তা প্রকাশনী, শ্রীধাম ঠাকুর নগর,প্রকাশকাল- ২০১৭, পৃঃ ১২, ১৩, ১৪, ১৫

(3) মহানন্দ হালদার- শ্রীশ্রীগুরুচাঁদ চরিত, কোলকাতা, ১৯৮২, পৃঃ ১০২, ১০৮

(4) ডঃ করুনা সিন্ধু দাস- গুরুচাঁদের শিক্ষাসমাজ ও ভাবনা প্রসঙ্গে ঐ, পৃঃ ৩, ৪, ৫

(5) ডঃ নন্দদুলাল মোহান্ত- মতুয়া ধর্ম তত্ত্ব ও দর্শনে, সম্পাদীত দুর্গাপুর, ২০১১, পৃঃ ২৫,২৬

(6) অনন্ত কুমার মণ্ডল- নমঃশূদ্র জাগরণ ও গুরুচাঁদ ঠাকুরের মতুয়া আন্দোলন

(7) শ্রীমৎ বিচরণ পাগল বিরচিত- শ্রীশ্রীহরি-গুরুচাঁদ চরিত্র সুধা, পৃঃ ৬৫

(8) মনোশান্ত বিশ্বাস- বাংলার মতুয়া আন্দোলন বা গুরুচাঁদ ঠাকুর ও মতুয়া আন্দোলন

(9) ডঃ বিরাট বৈরাগ্য- মতুয়া সাময়িক পত্র প্রতিকা মতুয়া স্মরণিকার ইতিহাস।

(10) মনিমোহন বৈরাগী- অস্পৃশ্য ও অনগ্রসর জাতির মুক্তি আন্দোলনে হরি-গুরুচাঁদ ঠাকুর ও মতুয়া ধর্ম

(11) ব্রজমোহন ঠাকুর- শিক্ষা আন্দোলনে গুরুচাঁদ ঠাকুর ও সরকারি চাকুরিতে গুরুচাঁদ ঠাকুরের অবদান। পৃঃ ২৩,২৪,২৮

(12) সাক্ষাৎকার- তন্ময় মালাকার, সাক্ষাৎকার গ্রহন- গোবরডাঙ্গা, 10.12.22.

(13) সাক্ষাৎকার- রসময় বাইন, সাক্ষাৎকার গ্রহণ- মানিকহীরা, 10.12.22.

(14) সাক্ষাৎকার- গৌরি বাইন। সাক্ষাৎকার গ্রহণ- মানিকহীরা, 10.12.22.

(15) সাক্ষাৎকার- সুনীল কুমার হালদার, সাক্ষাৎকার- হুগলি, চণ্ডিতলা, 10.12.22.

(16) সাক্ষাৎকার- প্রকাশ বিশ্বাস, সাক্ষাৎকার গ্রহণ- সুকান্ত পল্লি, 10.12.22.

(17) সাক্ষাংকার- অমরেন্দ্র নাথ বিশ্বাস, সাক্ষাৎকার গ্রহণ- বাবুপাড়া, 14.12.22.

(18) সাক্ষাৎকার- আশিষ হালদার, সাক্ষাৎকার গ্রহণ- নদীয়া, 14.12.22.

(19) সাক্ষাৎকার- পথিক মালাকার, বনগাঁ, 15.12.22.

(20) সাক্ষাৎকার- তপন হালদার, হেলেঞ্চা, 15.12.22.

(21) সাক্ষাৎকার- হেমন্ত মালি, ঠাকুরনগর, 15.12.22

(22) সাক্ষাৎকার- ভবানী শঙ্কর রায়, ঠাকুরনগর, 16.12.22.

(23) সাক্ষাৎকার- অনিল সরকার, নদীয়া, 16.12.22.

(24) সাক্ষাৎকার- কৃষ্ণেন্দু পাল, ঠাকুরনগর, 16.12.22.

(25) সাক্ষাৎকার- শ্রীমত্যা মমতা ঠাকুর, ঠাকুরনগর, 17.12.22.

35

গঙ্গারিডি রাজ্য ও হস্তি - একটি পর্যালোচনা

বিশ্বজিৎ সাহা (সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সাহিনা পারভীন (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

স্থলভাগে বিচরণ করে এমন প্রাণীর মধ্যে বৃহত্তম হল হস্তী। বিশাল দেহ, স্তম্ভের মতো চারটি পা, মাথা থেকে পায়ের পাতা পর্যন্ত ঝুলে থাকা অসাধারণ একটি শুঁড়, অপূর্ব সুন্দর গজদন্ত - সব মিলিয়ে তুলনাহীন প্রাণী। পরিবেশ সচেতন মানুষের কাছে হস্তী আজও আনন্দ ও গৌরবের বিষয়। চতুর্থ শতকে আলেকজাণ্ডারের ভারত আক্রমণ, সমসাময়িক প্রাসী ও গঙ্গারাষ্ট্রের অভ্যুত্থান মগধ সাম্রাজ্যের উদ্ভব ইত্যাদি বিচিত্র ঘটনার কালপর্বে পূর্ব ভারতের হস্তী গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। ধ্রুপদী গ্রীক ও রোমক লেখকদের রচনায় এর পরিচয় পাওয়া যায়। মেগাস্থিনিসের ইণ্ডিকায় ভারতীয় হস্তী সম্পর্কে কৌতূহলো দ্রেককারী বর্ণনা রয়েছে। প্রাচীন গ্রিক ও রোমকদের কাছে হস্তী ছিল একটি বিশেষ আকর্ষনীয় প্রাণী। এর কারণ হস্তীর গুন ও বৈশিষ্ট্যাবলী হস্তীকে বশ করা ছিল সহজ, প্রানীটি সাধারণত ভদ্র এবং নরম স্বভাবের এবং প্রায় মানুষের মতোই বুদ্ধিমান।

যুদ্ধ করতে গিয়ে ভূমিশায়ী যোদ্ধাকে তুলে নিয়ে হাতি নিরাপদ আশ্রয়ে নিয়ে গেছে এমন দৃশ্য ও বহুবার দেখা গেছে। প্রভুর হয়ে হাতি যুদ্ধ করেছে এবং প্রভুর প্রাণ রক্ষা করেছে। এমন ঘটনাও বিরল নয়। নির্দিষ্ট লক্ষ্যে 'শিলাখণ্ড নিক্ষেপ করতে, যুদ্ধাস্ত্র ব্যবহার করতেও তাদের দেখা গেছে। তাদের সন্তরণ পটুতা তো সুবিদিত। নিয়ারকাস লিখেছেন, প্রেমিকের কাছ থেকে যে নারী হস্তী উপহার পেত তাকে অতিশয় মর্যাদার চোখে দেখা হতো, এই উপহার লাভ করার জন্য কোনো নারী তার সতীত্ব বিসর্জন করলেও তাকে দোষী মনে করা হতো না। গ্রীকদের বিস্মিত করেছিল ভারতবর্ষের অগণ্য প্রকাণ্ড কায় হস্তী। ভারতীয় জীবজন্তুর মধ্যে এই জীবটিই প্রত্যক্ষদর্শী গ্রীকদের সব থেকে বেশি মনোযোগ আকর্ষণ করেছিল। আফ্রিকার হস্তী অপেক্ষা ভারতীয় হস্তী যে আকারে বড় এবং বেশি শক্তিশালী এই বিষয়েও তাঁরা অবহিত ছিলেন। মনে করেছিলেন এর কারণ ভারতীয় মাটিতে উৎপন্ন হস্তীর খাদ্যের প্রতুলতা (The Indian soil supplying food in unsparing profusion)। সিংহলের হস্তী ছিল আরও বৃহদাকার। হস্তীর দীর্ঘায়ু সম্পর্কেও ধারণা ছিল; যদিও ওনেসিক্রিটাস এই বিষয়ে অতিরঞ্জিত তথ্য পরিবেশন করেছেন। হাতি ধরার পদ্ধতি নিয়ারকাস সংক্ষেপে এবং মেগাস্থিনিস বিশদভাবে আলোচনা করেছেন। এখনকার খেদা পদ্ধতির সঙ্গে তার

যথেষ্ট মিল আছে। স্ট্রাবোর মতে, বশীভূত করা কঠিন, এমন হস্তীর সংখ্যা অত্যয়, কারন তারা স্বভাবতই এমন শান্ত ও নিরীহ যে তাদেরকে জ্ঞানবান প্রাণীদের নিকটবর্তী বলা যেতে পারে। হস্তীপক যুদ্ধকালে পতিত হলে, কোনও কোনও হস্তীকে তাঁকে তুলে রণক্ষেত্রের বাইরে নিয়ে গিয়ে তার প্রাণ রক্ষা করে। এরপরও দেখা যে, হস্তীকে হস্তীর সম্মুখের পদদ্বনের মধ্যে লুকিয়ে আছেন এবং হস্তী যুদ্ধ করে তাকে রক্ষা করছে। যারা হস্তী গুলিকে খাবার দেন, কিংবা যারা তাদের শিক্ষা দেন তাদের কাউকে কাকে হঠাৎ ক্রোধের বশীভূত হয়ে হত্যা করলে এরা তাঁদের জন্যই এমনই আকুল হয় যে শোকে আহার পরিত্যাগ করে ও কখনো কখনো অনাহারে মৃত্যুবরণ করে। KA. Nilakanta Sastri লিখেছেন: "The chariot and the Elephant Played an important role in Indian warfare" । কিন্তু আরোহীর সংখ্যার চাইতে রথের নিরীখে হস্তীর সুবিধা ছিল বেশি। প্রত্যেক রখে, সারথির পাশে দুজন করে যোদ্ধা দণ্ডায়মান থাকতেন। হস্তীপৃষ্ঠে থাকতেন চারজন লোক, একজন মাহুত, অবশিষ্ট তিনজন ছিলেন তীরন্দাজ।

রথ বা ঘোড়া চলাচলের জন্য ভালো ও মসৃনঃ পথের প্রয়োজন। কিন্তু নদীবহুল জঙ্গলা কীর্ণ নিম্নবঙ্গে সেই ধরনের আদর্শ পথ ছিল না কিংবা অপ্রতুল ছিল কিনা সেই প্রশ্ন থেকেই যায়। বরং সেখানে হস্তীর পক্ষে জলে সাঁতার কেটে, হিংস্র পশুকে অগ্রাহ্য করে এবং সরীসৃপদের পদদলিত করে ঘন ঘন জঙ্গলের মধ্য দিয়েও চলাচল করা সহজসাধ্য ছিল। নৌকা এবং হস্তীই ছিল নিম্নবঙ্গের পরিবর্তনের প্রধানতম মাধ্যম এমনটি মনে করার মতো যথেষ্ট প্রত্ননিদর্শন রয়েছে। হস্তীর উচ্চতাও ছিল পরিবহনের উপায়রুপে এর একটি বড় গুণ। স্ট্রাবো রাজকীয় হস্তীশালার উল্লেখ করেছেন । এখানে প্রত্যেক সৈন্যকে হস্তী প্রত্যর্পণ করতে হতো। উল্লিখিত গ্রিক লেখকের মতে, প্রজা সাধারণ ঘোটক কিংবা হস্তীর প্রতিপালন করতে পারে না। এগুলি রাজার সম্পত্তি বলে গণ্য এবং এদের জন্য পরিচারক নিযুক্ত হয়ে থাকে। কিন্তু ঘোড়া বা হস্তীর উপরে রাজার একচেটিয়া অধিকার ছিল। এই গ্রীক লেখকের এই উক্তিটি সঠিক বলে মনে হয় না। "The Elefant crops was a great asset in war".

সব সাধারণভাবে না বলে, সুনির্দিষ্টভাবেই বলা যায়, অতিকায়, শক্তিশালী অসংখ্য হস্তী নিয়ে গঠিত বাহিনী ছিল গঙ্গারিডিগনের পরাক্রমের মূলে এবং এই বাহিনী ছিল ভারতের অন্যান্য রাজ্যর বা রাষ্ট্রের পক্ষে আতঙ্কের কারণ। "The elephant crops was a great assest in war and the Passession of a vast force of the largest sized elephants by Gangaridai made them most dreaded of all the Indian states". এলিয়ন লিখেছেন, এক একটি রথ দুইজন লোক বহন করে, তারা সারথির পাশে দণ্ডায়মান থাকেন। যুদ্ধহস্তী, হাওদাতে কিংবা অনাবৃত ও উন্মুক্ত

পৃষ্ঠে, তিনজন যোদ্ধা বহন করে, দুইজন দুই পাশে ও একজন পিছন থেকে শর নিক্ষেপ করেন। চতুর্থ এক ব্যক্তি হাতে অঙ্কুশ নিয়ে উপবিষ্ট থাকেন, ও তার সাহায্যে পশুটিকে চালান।

আলেকজাণ্ডার শুনেছিলেন, 'গঙ্গারিডি বা 'গঙ্গারিড়াই, এমন একটি জাতি খাদের অধীনে আছে প্রচুর সংখ্যক বিশালাকায় হাতি, ফলতঃ তারা কখনোই চাইবে না যে তাদের অঞ্চল কোনো বিদেশী রাজার শাসনাধীন হোক। ঐ বিপুল জনসংখ্যা, ভার সঙ্গে প্রকৃত পরিমাণ হাতির উপস্থিতি দুইয়ে মিলে আক্রমণকারীদের চক্ষুস্থির পক্ষে ছিল যথেষ্ট। গ্রীক ঐতিহাসিকদের বিবরণ থেকে জানা যায়, গঙ্গারাষ্ট্রের সম্রাট ঔগ্রসেনের সামরিক শক্তি অনেকটা হস্তীর উপর নির্ভর করত। নন্দবংশীয় রাজগণের শাসনকালেই বাংলার মানুষ, হস্তী, বাহিনী গড়ে ভোলার দক্ষতা অর্জন করেন। খ্রী: পূর্ব চতুর্থ শতকে ভারতে যুদ্ধে হাতি ব্যবহারের মুদ্রাগত সাক্ষ্য মিলেছে। খ্রীঃ পূর্ব ৩২৬ অব্দে যে ঝিলামের যুদ্ধ অনুষ্ঠিত হয় সেই ঐতিহাসিক যুদ্ধের স্মারক রুপে প্রকাশিত সুবিখ্যাত একটি মুদ্রায় দেখা যায় অশ্বপৃষ্ঠে আলেকজাণ্ডার হস্তী আরোহী আক্রমণ করেছেন। পুরুরাজকে ইতিহাস পূর্ব যুগ থেকেই পূর্ব ভারত বন্য হস্তী বশীভূত করার দক্ষতা অর্জন করে। এই অঞ্চলে হস্তী আয়ুর্বেদ নামে এক বিশেষ বিদ্যা এবং শাস্ত্রেম উদ্ভব ঘটে। হরপ্রসাদ শাস্ত্রী লিখেছেন, "হস্তীর পরিচর্যার জন্যই "হস্তী আয়ূর্বেদ' নামক বিশেষ বিদ্যা ও শাস্ত্রের উদ্ভব ঘটেছিল।

প্রাগৈতিহাসিক মানুষজন দলবেঁধে শিকার করতেন। প্রাচীন গুহাচিত্রে দেখা যায় গুহামানবেরা বেশ যত্ন ম্যামথের ছবি এঁকে রেখেছেন। এখন থেকে এক লক্ষ বছর আগে শুড় বিশিষ্ট ছয়-রকম প্রাণীর আবির্ভাব ঘটেছিল, কালক্রমে তাদের পাঁচটিই বিলুপ্ত হয়ে গেছে। শুঁড়ওয়ালা ম্যামথই শুধুমাত্র প্রকৃতির সাথে লড়াই করে টিকে থাকতে পেরেছিল । এদের গোত্রের নাম দেওয়া হয়েছে Elephantidael আধুনিক ভারতীয় হাতিও এদেরই বংশধর। প্রচণ্ড শীত সহ্য করতে না পেরে ম্যামথেরা ক্রমশ উষ্ণতর অঞ্চলে ছড়িয়ে পড়েছিল। অনেক দল ছড়িয়ে পড়েছিল। ভারতে, ব্রহ্মদেশে, মালয়ে এমনকি চীন দেশে। এরাই এশীয় হাতি। নিম্ন পুরা-প্রস্তা যুগের শেষদিকে পৃথিবীর আবহাওয়া ঠাণ্ডা হতে শুরু করে। ক্রমাগত এই ঠাণ্ডা হাওয়ার তীব্রতা বাড়তে থাকায় পৃথিবীর বুকে নেমে আসে হিমযুগ। বহু বিস্তৃত এই হিমযুগের নাম ঊর্ম। ফলে পৃথিবীর জলবায়ুতে প্রচণ্ড শৈত্যভাব দেখা দিয়েছিল। তৎকালীন মানবগোষ্ঠী বাইরের অত্যাধিক ঠাণ্ডা সহ্য করতে না পেরে গুহার মধ্যে আশ্রয় গ্রহণ করেছিলেন। এই সময়কারপ্রধান জীবজন্ত গুলি ছিল বিপুল সংখ্যাক, বিরাটাকায় ও বর্তমানে অবলুপ্ত। এদের মধ্যে আছে লোমশ গণ্ডার, গুহাবাসী সিংহ, গুহাবাসী চিতা, গুহাবাসী ভালুক, এবং ম্যামথ।

জীবজন্তুর দেহ ঘন লোমে আবৃত ছিল। উপরিলিখিত যুগের একটি সবিশেষ গুরুত্বপূর্ণ প্রাণী ছিল ম্যামথ। এঁদের মাথাটা ছিল খুব উঁচু এবং এতে ছিল খুব ঘন ও বড়ো বড়ো লোম । পিঠে ছিল বিরাট একটি কুঁজ। মাথার পিছনেই বিরাট একটি খাঁজের সাহায্যে কুজটি ছিল পৃথকীকৃত। প্রাণীটির পশ্চাদদেশ ঢালু হয়ে পড়েছিল। লেজটি খুব ছোট। মাথা ও পিঠের কুঁজগুলি চর্বির আধার হিসাবে কাজ করত। কৌটিল্যের অর্থশাস্ত্রে হস্তীপালন বিষয়ে নানা মূল্যবান তথ্য ও নির্দেশ আছে। কোন কোন অঞ্চল থেকে হস্তী সংগ্রহ করা হতো তার হদিশ পাওয়া যায় কৌটিল্যের অর্থশাস্ত্র থেকে। কৌটিল্য আটটি হস্তীবনের উল্লেখ করেছেন। এই আটটি বন হল-

1. প্রাচ্য বন
2. কলিঙ্গ বন
3. করুন বন
4. দর্শান বন
5. অঙ্গ বন
6. অপরান্ত বন
7. সৌরাষ্ট্র বন
8. পঞ্চনদ বন

প্রত্ন প্রান্তর চন্দ্রকেতুগড়ের ধ্বংসাবশেষ থেকে আবিষ্কৃত হয়েছে অসংখ্য টেরাকোটা নির্মিত হয়ী মূর্তি, অন্তত একটি প্রস্তরনির্মিত ভগ্ন হস্তীমূর্তি, আরোহীসহ হস্তীমূর্তি, হস্তীমূর্তি অঙ্কিত মৃৎপাত্র, প্রদীপ ও সীলমোহর বা অভিজ্ঞানমূদ্রা। এছাড়াও পাওয়া গেছে গোলাকার বেদীর উপরে তিনটি দণ্ডায়মান হস্তী। পদ্মের উপরে দণ্ডায়মান হস্তী ইত্যাদি। মনে হয় হস্তী ছিল গঙ্গারিডি রাজ্যের রাজকীয় জাতীয় প্রতীক। এই অঞ্চলের অধিবাসীদের কাছে হস্তীর যে অসাধারণ ছিল উপরোক্ত প্রত্নবস্তুগুলি গুরুত্ব নির্ভুল নিদর্শন।

খ্রীস্টপূর্ব চতুর্থ শতকের প্রথমদিকে মগধের তা মহাপদ্ম নন্দ অঙ্গ অধিকার করেন। কৌশিকী নদীর দক্ষিণে ও গঙ্গার পূর্বে অবস্থিত এই অঙ্গদেশ। রাজধানী ছিল চম্পা। খ্রীষ্টপূর্ব পঞ্চম ও ষষ্ঠ শতকে ষোড়শ মহাজনপদের মধ্যে অঙ্গ ছিল অন্যতম। পু দেশে অবস্থিত ছিল বিখ্যাত অঙ্গীরীয় মহা অরণ্য। এখান থেকে বনজ সম্পদ সংগ্রহ করে বহু সংখ্যক মানুষ জীবিকা নির্বাহ করতেন।

প্রাচীনকালে সব দেশেই যুদ্ধে পদাতিক, রাখী আর অশ্বারোহী বাহিনীর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। ভারতে এদের সাথে সাথে, সে শাখাটির বিশেষ গুরুত্ব ছিল সেটি হলো হস্তী বাহিনী। এই বাহিনী ছিল কার্যকারিতায় আধুনিক ট্যাংক বাহিনীর মতো। আবার নৌসুদ্ধেও গঙ্গারিডি বা গাঙ্গেয় নিম্নবঙ্গের মানুষ সর্বাধিক পারদর্শী ছিলেন। বরিষ্ঠ প্লিনির প্রদত্ত বিবরণ থেকে জানা যায়, বন্য হস্তীকে পোষ মানিয়ে কৃষি ও পরিবহনের কাজে ব্যবহার করা হয়েছিল এবং গৃহপালিত জীবজন্তুর মধ্যে হস্তীর স্থান ছিল প্রধান। বৃহদাকার, দীর্ঘজীবী ও কর্মক্ষমতার গুণেঃ যুদ্ধেও ছিল হস্তীর মুখ্য ভূমিকা। গ্রিকরাজ সেলুকাসের প্রতিনীধি রুপে পাটলিপুত্রে চন্দ্রগুপ্ত মৌর্যের রাজ দরবারে আগমন করেন

'ইণ্ডিকা' গ্রন্থে গঙ্গারিডি রাজ্যের অবস্থান বিষয়ে সামান্য কিছু তথ্য পাওয়া যায়। মেগাস্থিনিসের পূর্বে এই অস্তিত্বের কোনো উল্লেখ পাওয়া যায়নি।

খ্রীস্টিয় দ্বিতীয় শতকে ভৌগলিক টলেমির "Treatise on Geography" গ্রন্থে এই রাজ্যের সর্বশেষ পরিচয় বর্ণিত আছে। এর অর্থ গঙ্গারিডি রাজ্যে অস্তিত্বকাল ছিল প্রায় ৪০০ থেকে ৫০০ বছর। ভারতবর্ষের ঐতিহাসিক ভূগোলে এটি একটি অভ্যশ্চর্য ব্যাপার। ডিওডোরাসের উদ্ধৃতিতে মেগাস্থিনিসের বর্ণনাঃ এখন এই স্থানে নদী ৩০ স্টেডিয়া প্রশস্ত, যার গতিপথ উত্তর থেকে দক্ষিণে এবং সাগরে মিলিত হবার পূর্বে গঙ্গারিডি জনপদের পূর্বসীমা রচনা করেছে। গোস্থিনিসকে অনুসরণ করে ঐতিহাসিক ডিওডোরাস লিখেছেন: "গঙ্গারিডি রাজ্যের বহুতর ভীষণাকার রণ কুণ্ডুর আকায়, কোনো বৈদেশিক নৃপতি তাঁর রাজ্য অধিকার করতে সমর্থ হননি।" মেগাস্থিনিসের 'ইণ্ডিকা থেকে এবং এবং সুগান জাং এর Si Yu Ki' এবং বিভিন্ন বৈদেশিক বিবরণ থেকে একথা জানা যায়।

আলেকজাণ্ডারের আক্রমণ প্রতিরোধের উদ্দেশ্যে দূরদর্শী ঔগ্রসেন গঙ্গা নদীর তীর বরাবর অসংখ্য পদাতিক, অশ্বারোহী ও হস্তীবাহিনী মোতায়েন রেখেছিলেন। এদের মধ্যে গাঙ্গেয় নিম্নবঙ্গের মোহনা অঞ্চলের দুর্ধর্ষ যোদ্ধাগণ এবং তাদের রনকুঞ্জের খ্যাতি ছিল সমস্ত বিশ্বে। গ্রীস রোম আর মিশরে এঁদের পরিচিত ছিল গঙ্গারিডি নামে। স্বদেশ ও বিদেশে বিশেষ বিশেষ রণক্ষেত্রে ডাক পড়ত গঙ্গাবিভিন্ন সেনাদের। এই কারণেই বিদেশি লেখকদের রচনায় গঙ্গারিডি যোদ্ধাদের এত প্রশস্তি।

ভারতের অন্যান্য জাতিকে পরাজিত করে সমগ্র সেনাবলসহ গঙ্গাতীরে উপস্থিত হয়ে জানতে পারেন, গায়েগণের যুদ্ধার্থে সজ্জিত সংগ্রামনিপুন চার সহস্র হস্তী আছে, একথা শুনেই তিনি তাদের সাথে যুদ্ধ করার সংকল্প ত্যাগ করলেন। কার্ডিয়াস রুফাস, টলেমির বিবরণের উপর লিখেছেনঃ সম্রাট আলেকজাণ্ডার গঙ্গার প্রবল বেগের কথা ভেবে বিচলিত হয়েছিলেন। বলা বাহুল্য, গড়না যত পূর্ণ দিয়ে এসেছে ততই তার স্রোতধারা দুর্বার হয়ে উঠেছে। শুধু একটি গঙ্গা নয়, বহু নদীর স্রোত ধারার কথা গ্রীকরা চিন্তা করেছিল।

এই অঞ্চলের মূদ্রার মুখ্যপৃষ্ঠে হস্তী প্রতিকৃতি লক্ষ্য করা যায়। হস্তীচিত্র এই অঞ্চলের অর্থনীতির পর্যালোচনার ক্ষেত্রে বিশেষ ইঙ্গিত বহন করে। অন্যান্য তথ্য ও মুদ্রার মুখ্যপৃষ্ঠে হস্তী প্রতিকৃতি থেকে ধারণা হয় যে, প্রাচীনকালে এই অঞ্চলটি ছিল হস্তী অধ্যুষিত। এর অকাট্য প্রমাণ স্বরুপ উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর মহাকুমার অন্তর্ভুক্ত বড় কাঠালিয়ায় প্রায় অবলুপ্ত সোনাই নদীর কূলে একটি সুগভীর পুস্করিণী খননকালে আবিষ্কৃত একটি প্রাচীন ম্যামথ জাতীয় অবলুপ্ত হস্তীর জীবাশ্মটির কথা সবিশেষ উল্লেখনীয়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ব বিভাগের বৈজ্ঞানিকগণ এবং আশুতোষ সংগ্রহশালার অধ্যাপক জীবাশ্মটি কয়েক লক্ষ বছরের পুরাতত্ত্ববিদদের প্রাচীন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নৃতত্ব বিভাগের তৎকালীন প্রধান অধ্যাপক ড. শশঙ্কিশেখর সরকার - ঘোষণা করেছিলেন জীবাশ্মটি চেলিয়ান সময়কালের অর্থাৎ প্রায় ১৩ লক্ষ বছরের প্রাচীন। সংবাদপত্রের বিবরণ পাঠ করে বরাহনগর স্ট্যাটিসটিক্যাল ইন্সস্টিটিউটের বিশ্ববিখ্যাত পরিসংখ্যানতত্ত্ববিদ ড. প্রশান্ত কুমার মহলানবীশ মন্তব্য করেন, নর্মদা ভ্যালিতে যদি ফসিল আবিষ্কার করা সম্ভবপর হয়ে থাকে, সেক্ষেত্রে গঙ্গা ভ্যালিতে কেন পাওয়া যাবে না।

নানাবিধ রাজোপকরণের মধ্যে প্রসাধনী, থাকে বলা হয় চিরুনি ছিল অন্যতম। প্রসাধনী শব্দটি থেকেই বোঝা যায় এটি ছিল বিলাসোপকরণ, সাধারণের ব্যবহার্য হলেও রাজাদের ব্যবহার্য ছিল। চন্দ্রকেতুগড়ের ধ্বংসাবশেষ থেকে বেশ কিছু সংখ্যক চিরুনি পাওয়া গেছে। এদের মধ্যে কাষ্টজাত এবং গজদন্ত নির্মিত চিনি দূর দু' সপ্তম নিদর্শনই মিলেছে। কাঠের চিরুনিগুলি সম্ভবত সাধারণ লোক ব্যবহার করতেন। আর কারুকার্য শোভিত 'প্রসাধনী' ছিল সম্ভবত রাজোপকরন । এগুলি অবশ্যই ছিল দুর্মূল্য ও বিলাস সামগ্রী। চন্দ্রকেতুগড়ে প্রাপ্ত কোনো কোনো গজদন্ত নির্মিত চিরুনি তক্ষণ কাজ ও শিল্প উৎকর্ষের নিরীথে তক্ষশিলা ও বেগ্রামে আবিষ্কৃত গজদন্ত নির্মিত চিরুনির সমকক্ষতা ও সমান গুরুত্ব দাবি করতে পারে গজদন্ত সামগ্রী গুলি চন্দ্রকেতুগড়েরই যে প্রস্তুত করা হত তারও প্রমাণ মিলেছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- রিচার্ড ক্যারিংটন: এলিফ্যান্টস, এডিনবরা, ১৯৫৮
- তদেব
- তদেব
- আয়ান কারাডাইস: গ্রীক কয়েন্স, লণ্ডন, ১৯৯৫, পৃঃ ৬৪
- আর সি মজুমদার: দি ক্ল্যাসিকাল অ্যাকাউন্টস অফ ইণ্ডিয়া, কলকাতা, ১৯৮১
- এস. এন. মুখার্জি, ইণ্ডিয়াঃ হিস্ট্রি এণ্ড খটঃ এসেজ ইন অনার অফ এ. এল. ব্যাসাম, কলকাতা, ১৯৮২, টি আর ট্রটম্যানস আর্টিকেল 'এলিফ্যান্ট এণ্ড দি মৌরিয়ান্স',
- তদেব, পৃঃ 269
- তদেব
- তদেব
- তদেব
- তদেব, পৃঃ 273
- তদেব, তদেব, পৃঃ ৭

- সুকুমার সিকদার: কৌটিল্যের অর্থশাস্ত্র, কলকাতা, ২০০৫, পৃঃ ১০৮
- ইরফান হাবিব এবং বিবেকানন্দ ঝা: মৌর্য যুগের ভারতবর্ষ, কলকাতা, ২০০৬, পৃঃ
- তদেব।
- তদেব, খৃঃ ৯৯
- মহেশ রঙ্গরাজনঃ তদেব, পৃঃ ২৭৩
- তদেব
- এস. এন. মুখার্জি: তদেব, পৃঃ ২৭৩
- জার্নাল অফ বেঙ্গল আর্ট, ৫ খণ্ড, ঢাকা, 2000, পৃঃ ২৯২
- সৈয়দ আমীরুল ইসলাম: বাংলা অঞ্চলের ইতিহাস, ঢাকা, ১৯৯৬, পৃঃ ১৮১
- রমেশচন্দ্র মজুমদার: বাংলাদেশের ইতিহাস, ১ম খণ্ড, কলকাতা, ২০০২, ১০ম সংস্করণ, পৃঃ ২১-২২
- নীলকান্ত শাস্ত্রীঃ এজ অফ দি নন্দস অ্যাণ্ড মৌর্যস, বারাণসী, ১৯৫২, পৃঃ ৯৬
- সতীশচন্দ্র মিত্রঃ যশোহর খুলনার ইতিহাস, কলকাতা ১৯৬৩, পৃঃ ৪৬৭
- গৌরিঙ্কাকির দেঃ মৌর্যকালীন চন্দ্রকেতুগড়, ইতিহাস অনুসন্ধান - ১৭, ২০০৩, খৃঃ
- দামোদর ধর্মানন্দ কোসাম্বী: ভারত ইতিহাসচর্চার ভূমিকা, কলকাতা, ২০০২, পৃঃ ১৯৬
- গৌরিশঙ্কর দে চন্দ্রকেতুগড়ের মুদ্রা, ইতিহাস অনুসন্ধান-৪, ১৯৮৯, পৃঃ ৯১
- গৌরিশঙ্কর দেঃ চন্দ্রকেতুগড়ের গজদন্ত শিল্প, ইতিহাস অনুসন্ধান - ১৩, কলকাতা,১৯৯৯, পৃঃ ১, ১০৯
- গৌরিশঙ্কর দে ও শুভ্রদীপ দেঃ ভারতবর্ষের ইতিহাস: প্রাগৈতিহাসিক কাল থেকে আদি মধ্যযুগ, প্রগতিশীল প্রকাশক, কলকাতা, ২০১০, পৃঃ ৬৪৫-৪৭

36

হিন্দু-মুসুলমান সমন্বয়ে সাধনে বাংলার পীর সংস্কৃতি

ড. ত্রিদিব মণ্ডল (সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রহমাতুল্লা সরিফ (স্নাতকোত্তর শিক্ষার্থী, ইতিহাস বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)

লোক সমাজের ইতিহাসে বাংলার গাঁর সংস্কৃতি এক সমন্বয়ী চিন্তা ও সম্প্রীতির বার্তা বহন করে। উনিশ শতকের বাংলার বিভিন্ন স্থানে লোকাচার ও ধর্মবিশ্বাসকে কেন্দ্র করে গ্রামীন সমাজে পীর সংস্কৃতি বা পীর কেন্দ্র গড়ে ওঠে। এই পীর চিন্তা-ভাবনাকে নির্ভর করে মানুষের মনে এক ধরনের ধর্মবিশ্বাস তৈরী হয়, যা হিন্দু-মুসলিম উভয় ধর্মের মধ্যে প্রভাব বিস্তার করেছিল। বঙ্গদেশে যিনি হিন্দু-সমাজে সতা ঠাকুর বা সত্য নারায়ণ নামে পরিচিত, তিনিই আবার মুসলিম জনমানসে সত্যপীর রূপে পূজিত। অনুরূপভাবে যিনি হিন্দু সমাজে মানিক ঠাকুর তিনিই মুসলিম সমাজে মানকি পীর নামে পরিচিত। যিনি হিন্দু সমাজে ওলাইচণ্ডী, তিনিই আবার মুসলিম সমাজে ওলাবিবি। আবার সুন্দরবন অঞ্চলে রক্ষাকারী দেবী হিসাবে বনবিধি বা বনদেবী। হিন্দু-মুসলিমের মধ্যে এক সম্প্রীতি এক সমন্বয় সৃষ্টি করেছে। এছাড়াও খুঁড়ি বিবি,পাগলাপীর-ত্রৈলোক্য পীর এইসব দরগাহে হিন্দু-মুসলিম সমন্বয় লক্ষ্য করা যায়।

আলোচ্য প্রবন্ধের মূল বিষয় হল পীর সংস্কৃতিকে কেন্দ্র করে হিন্দু-মুসলমানের মধ্যে কীভাবে সম্প্রীতি এবং সমন্বয় তৈরী হয়েছে তা আলোচনা করা, বিশ্লেষণ করে বাংলার জনজীবনে পীর প্রথাকে কেন্দ্র করে। একটা কসমেটিক কালচারের উদ্ভব ও বিকাশ কিভাব হয়েছিল সেটি অনুসন্ধানমূলক দৃষ্টিভঙ্গি থেকে আলোচনা করা। কিংবদন্তী অনুসারে বাংলার সুলতান আলাউদ্দীন হোসেন শাহের কোন এক কন্যার গর্ভে সত্যপীর জন্মগ্রহণ করেছিলেন।, কারো মতে, বাগদাদের বিখ্যাত সূফী-সাধক মনসুর আল হাল্লাজ যিনি নির্দিধায় আমিই সত্য ঘোষনা করে, কিছু মুসলিমের হাতে মৃত্যুবরণ করেছিলেন, তিনিই নাকি মূল সত্যপীর, আবার কেউ কেউ মনে করে সত্যপীরের ধারনাটা হিন্দুরাই আবিষ্কার করেন এবং কখন সত্য নারায়ণ কখন সত্যপীরের মিত্র নামে প্রচার করা হয়। অনেকে মনে করেন সত্য নারায়ণের পূজা আদি মধ্যযুগে পরিকল্পিত হয় এবং এদেশের হিন্দু সমাজের মধ্যে প্রচলিত হতে থাকে। পরে ভারতে মুসলমান অধিকারের পর, সে পূজার্চনা পরীর ধর্মান্তরিত মুসলমান সমাজের লোকেরা জন্মগত বা বংশগত সংস্কারের প্রভাবে গ্রহণ করেন; কিন্তু তারা অত্যাধীক নিষ্ঠাবান মোল্লাদের আপত্তির আশায় সত্য নারায়ণের পরিবর্তে পীর শব্দ যুক্ত করে সত্য পীর নাম করে নেন।পীর শব্দ যুক্ত করে সত্য পীর নাম করে নেন।

ডঃ দীনেশ চন্দ্র সেন লিখছেন - বহুদিন একত্র বাস নিবন্ধন হেতু হিন্দু ও মুসলমানগণ পরস্পরের ধর্ম সম্বন্ধে কতকটা উদারতার ভাব অবলম্বন করেছিলেন। সত্যপীর নামক মিশ্র দেবতার আবির্ভাব সেই উদারতার ফল। হরিঠাকুর এই উপলক্ষে ফকিরি আলখাল্লা গায়ে পরেছেন ও উর্দু জবানে বক্তৃতা দিতেছেন বিশ্বনাথ বিশ্বাসে বুঝায়ে বলে বাছা। দুনিয়ামেম এসাভি আদমি রহে সাঁচা জাওত সত্যপীর মেরা জাওত সত্যপীর। তেরা দুঃখ দূর করতণ্ডা হাম ফরির। সত্যপীর কোন মুসলমান পীর ছিলেন, পরে সমাজের স্বীকৃতির পরে তিনি নারায়ণের সঙ্গে একাকার হয়ে সত্য নারায়ণের রূপ পরিচিত হন।

হিন্দু ও মুসলমানের মধ্যে সমন্বয়ের সূত্রপাত করে আরম্ভ হয়েছিল তা যেমন নির্দিষ্ট করে বলা যায় না, সত্যপীরের উদ্ভবও পূজা প্রচলনের সূত্রপাত করে হয়েছিল তা নির্দিষ্ট করে বলা যায় না। কেহ বলেন আলাউদ্দিন হোসেন শাহ; হিন্দু-মুসলমানকে সমভাবে দেখতেন। তার উদারতা ন্যায়পরায়নতা ইতিহাসে চির প্রসিদ্ধ। সম্ভবতঃ হিন্দু ও মুসলমানের মধ্যে একতা স্থাপনের উদ্দেশ্যে তারই উদ্দেশ্যে সত্যনারায়ণের পূজা প্রবর্তিত হয়। এবং বলা হচ্ছে আলাউদ্দিন হোসেন শাহ কোন এক সময় সত্যপীরের শিরনি দিয়েছিলেন তা পরবর্তী সাহিত্য ও লৌকিক বিভিন্ন কাহিনীতে স্থান পেয়েছে। রজনীকান্ত চক্রবর্তী তার 'গৌড়ের ইতিহাস' গ্রন্থে লিখেছেন যে, রাজা গনেশ বাংলাদেশে সত্যপীরের শিরনি প্রথা প্রবর্তন করেন। মূলতঃ 'সত্য' শব্দ এখানে আরবী 'হক' এর প্রতিশব্দ। সুফী গুরুর ইশ্বরকে এই নামে নির্দেশ করতেন। সপ্তদশ শতাব্দীর শেষ দুই দশক হতে পীর ও নারায়ণের একাত্ম মূর্তি... পশ্চিম ও উত্তরবঙ্গে নতুন দেবতা সত্যনারায়ণ অথবা সত্যপীর আবির্ভূত হন।

কৃষ্ণহরি দাসের গ্রন্থে সত্যপীরকে ঐতিহাসিক ব্যক্তিরূপে উপস্থাপিত করা হয়েছে। কৃষ্ণহরি দাসের কারো একস্থানে সত্যপীর আত্মপরিচয় দিতে গিয়ে যে, কথা বলেছেন, তা উল্লেখযোগ্য। তিনি বলেছেন- হিন্দুর দেবতা। আমি মুসলমানের পীর। যে যারা কামনা করে তাহারে হাসিল।রামেশ্বর ভট্টাচার্য্যের সত্য পীরের কথা (কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৩৩৬ পৃষ্ঠা ১৯) সম্পাদনা করে নগেন্দ্রনাথ গুপ্ত মন্তব্য করেছেন ব্রাহ্মাণ সন্তান রামেশ্বর মুসলমান ফকিরের আকৃতিতে বিষ্ণুমূর্তি দেখতে পেলেন। ইহা অষ্টাদশ শতাব্দীর উদার ধর্মমতের প্রতিফলন। তুর্কগণ শাসন ক্ষমতায় আসলে দেখা গেল অন্য কিছু। ডঃ সুকুমার সেন লিখছেন, সপ্তদশ শতাব্দের কোন কোন ধর্মমঙ্গল কবি ধর্ম ঠাকুরকে পীরের বেশে দেখেছিলেন। ফকিরবেশী ধর্ম ঠাকুর পশ্চিমবঙ্গে সপ্তদশ শতাব্দীর শেষভাগ হতে ধীরে ধীরে সত্যপীরে বা সত্যনারায়ণে গেছেন।

বস্তুতঃ সত্যপীর বা সত্য নারায়ণের কোন মূর্তি স্থাপন বা পূজা করা হয় না। তার নামে দরগাহও সেরকম দেখা যায় না। গ্রামের হিন্দু গৃহস্থগণ সাধারণতঃ বাটীর উঠানে লেপন করা জায়গায় যান নির্দিষ্ট করেন ও পূজা করেন। পূজারীরা সত্যপীরের নামে

দুধ, আটা, মিষ্টি এবং কলা একত্রে সংমিশ্রিত করে পীরের নাে অর্পন করেন। ভক্তবৃন্দের অনেকে ফল, মূল, সন্দেশাদিও প্রদান করেন। এখানে সত্যপীরের পাঁচালী পাঠ একটি অবশ্যকরণীয় অনুষ্ঠান। চব্বিশ পরগানার বারাসত মহকুমার অন্তর্গত বারাসাত মহাকুমাধীন কালসর নামক গ্রামে সেইরূপ একটি দরগাহ অবস্থিত। দরগাহটি তিন বিঘা জমির উপর অবস্থিত। বজবজ থানার অন্তর্গত বাওয়ালী গ্রামেও সত্যপীরের স্থান আছে। বাংলার দক্ষিনবঙ্গে অনেকে তার পূজা করেন।

ডঃ আশুতোষ ভট্টাচার্য মনে করেন যে, হিন্দু পৌরানিক সত্যনারায়ণ মুসলমান কোন ঐতিহাসিক পীরের ছায়াবলম্বনে সত্যপীর রূপে পরিকল্পিত ও রূপায়িত হতে পারেন, তিনি হিন্দু-মুসলমান কর্তৃক সমানভাবে পুজিত হয়েছেন। সত্যপীরের দরগাহে রোগমুক্তি কামনায় এবং মঙ্গলের জন্য হিন্দু ও মুসলমান ভক্তগণ শিরনি দেন ও মানত করেন। সত্যপীরের দরগাহে ভক্তগণ প্রত্যহ ধূপবাতি দেন। ফুল, ফল বাতাসা প্রদত্ত হয়। প্রতি বছর ১৬ই ফাধন তারিখে এখানে এক বিশেষ উৎসব অনুষ্ঠান হয়। এখানে হিন্দু-মুসলিম ধর্মের মানুষ একত্রে উৎসবে থাকে।

সত্যপীর যেমন জোড়াতালি দেবতা, মানিক পীর ঠিক তেমন নয়। মানিক সুফীদের স্বীকৃত পীর। ইনি ইরানের লোক ছিলেন এবং খৃষ্টীয় দ্বিতীয় অথবী তৃতীয় শতাব্দে ধর্মমত প্রবর্তন করেছিলেন। সুফীরা মানিককে পীর বলে এবং যীশুর মত দয়ালু ও ব্যধিবিধারক মহাপুরুষ বলে গ্রহণ করেছিলেন। ১৯১ আবার কেহ বলেন মানিক পীর হিন্দু সম্প্রদায়ভুক্ত। তার পিতার নাম মনোহর সত্তদাসর বসিরহাট উত্তরাঞ্চলের কারো কারো মুখে প্রচলিত আছে যে মানিক ও মাদার নামে দুই ভাই আল্লাহর নির্দেশে তাঁর মাহাত্ম্য প্রচার করতে ফকির বেশে বেরিয়েছিলেন। তিনি কল্পিত নানান কাহিনীর মাধ্যমে বাঙালীর মানসে বিশেষ স্থান লাভ করেন যা ঊনবিংশ শতাব্দে চব্বিশ পরগানা ও যশোহর জেলার পশ্চিমভাগে প্রচলিত ছড়াগানে

ধুয়া মানিকপীর ভবপারে যাবার না।
জয়নাল ফকির নেলে, ফেনি খালে না।।

মানিক পীর বঙ্গে একজন লৌকিক দেবতা মানিক পীরের মূর্তি সেরকম দেখা যায় না। তার সমাধিই বেশি দেখা যায়। মানিক পীরের আকৃতি অতি সুন্দর। দেহের বর্ণ শ্বেত, দু-এক স্থানে মেঘের মতো। মাথায় বাবরী চুলের উপর ছোট তাজ পাগড়ি। চোখ দুটি বড়। পোষাক পরিচ্ছদ কোনো কোনো স্থানে হিন্দু পৌরনিক দেবতার মত। দু-এক জায়গাতে কালো রঙের আলখাল্লা ও টুপি দেখা যায়। তবে উভয় জায়াগাতেই তাঁর এক হাতে আশাদণ্ড ও অপর হাতে তজবি জপমালা থাকে।

মানিক পীর সাধারণভাবেই গোসম্পদ বা পশু সম্পদ রক্ষক দেবতা বলে মনে করা হয়। মানিক পীরের দরগাহে ভক্তগণ নিয়মিত ধূপ বাতি প্রদান করেন, হাজত, মানত

ও শিরনি দেন। অন্যান্য পীরের দরগাহের মতো তাঁর দরগাহতেও এসব দেখা যায়। ... দাদপুর গ্রামে তার একটি দরগা দেখা যায়। গাভীর প্রথম দুধ প্রায় ক্ষেত্রেই প্রথমে মানিক পীরের দরগাহে প্রদান করা হয়। এছাড়াও অনেক জায়গায় দুধ, ফল, পাটালী, গুড় প্রভৃতি ভক্তগণ দিয়ে থাকেন। মানিক পীরের নামে অনেকে গরু উৎসর্গ করে মাঠে ছেড়ে দেন। চব্বিশ পরগানার বারাসাত মহাকুমার কয়েকটি গ্রামে মানিক পীরের দরগাহ আছে। যথা- ওটনডাঙ্গা, বামনগাছি, সিরাজপুর, শিমুলগাছি, কলম্বগাছি-ইছাপুর, ছোটজাসুলিয়া প্রভৃতি স্থানে তার দরগাহ আছে। গ্রামে সোমড়ক দেখা দিলে, পীরের সেবকগণ বিভিন্ন ঔষধ দিয়ে থাকে।

হিন্দু-মুসলিম উভয়ধর্মের মানুষ তাকে বিশ্বাস করে ও মানত, শিরনি প্রদান করেন। যেসব ফকির মানিক পীরের গান গায় তারা পীরের অলৌকিক সব কীর্তি আলোর লোকগানের মাধ্যমে জনমানসে প্রচার করে বেড়ান। পল্লীসমাজে গোরক্ষনাথই গোরক্ষক দেবতারূপে পূজা নথভূক্ত বৌদ্ধরা ইসলাম ধর্মে দীক্ষা লাভের পর গোরক্ষনাথের ছায়ায় মানিক পীরের কল্পনা করতে পারেন বলে কেউ মানিক পীরের সঙ্গে গোরক্ষনাথের সম্পর্ক স্থাপন করার চেষ্টা করেছেন। কিন্তু তা অবাস্তব কল্পনা। গোরক্ষনাথ প্রাচীন কালের লোক। মুসলমানদের আগমনের পর পীর সম্পর্কে ধারনা গড়ে ওঠে। আবার জাপানে মানিক পীরকে সোনার পীরের সহোদর ভাই বলা হয়েছে। ডঃ হক বলেছেন, মানিক পীরের উদ্দেশ্যে গ্রামবাসীরা দুধ, ফল ফলারি ভোগ দিয়ে থাকেন। তার মতে, উত্তর, দক্ষিণ ও পশ্চিমবঙ্গে মানিক পীরের প্রভাব আছে। গোপালকৃষ্ণ বাবু বলেছেন খুলনা, ২৪ পরগণা, হুগলী, নদীয়া প্রভৃতি জেলায় মানিক পীরের দরগাহ আছে। হরিনঘাটার কাঠভাঙ্গা গ্রামে প্রতি বছর মানিক পীরের উৎসব হয়। পল্লীবাসীদের বিশ্বাস মানিক পীরের নামে দোহাই ও ফুলী জাহির করলে তাদের গৃহপালিত পশুপাখী মড়কের প্রকোপ থেকে রক্ষা পায়।

ওলাবিবি একজন কাল্পনিক পীরানী। হিন্দু-মুসলিম সকল ভক্ত তাকে শ্রদ্ধা করেন, অর্ধ নিবেদন করেন। পীরকে যেভাবে মানুষ মান্য করেন, হাজত, মানত বা শিরনি প্রদান করেন। ওলাবিবিও অনুরূপভাবে সাধারণ মানুষের মানসিক অস্তস্থল থেকে ভক্তি-অর্থ পেয়ে থাকেন। ওলাবিবি হিন্দুদের নিকট এক লৌকিক দেবী বিশেষ। শুধু চব্বিশ পরগানা নয়, কলিকাতা, নদীয়া, বর্ধমান, বাঁকুড়া, হাওড়া, বীরভূম প্রভৃতি স্থানেও ওলাবিবি পূজিত হন। আহমদ শরীফ বলেন যে, ওলাবিবি মূলতঃ হিন্দু দেবতারই প্রতিরূপ। তাঁর মতে, ওলাদেবী থেকে ওলাবিবি হয়েছে। শাসক-শাসিতের তথা হিন্দু-মুসলমানের সামাজিক ও সাংস্কৃতিক মিলন, সদ্ভাব ও প্রীতির ভিত্তিতে এসব লৌকিক তথা কাল্পনিক পীর সৃষ্ট। জীবন ও জীবিকার এবং পীড়ন ও নিরাপত্তার অভিন্নতাবোধ থেকেই এই প্রীতি ও মিলন প্রয়াসের জন্ম।

যিনি ওলাবিবি তিনিই ওলাইচণ্ডী নামে অভিহিত। ওলাবিবি মুসলিম সংস্করণ এবং ওলাইচণ্ডী হিন্দু সংস্করণ মাত্র। গ্রামের সাধারণ ভক্তগণ তাঁকে বিবিসা বলে থাকেন। ওলাবিবি বলতে ওলাউঠা বা কলেরার অধিষ্ঠাত্রীকে বুঝায়। "ওলাবিবির মূর্তি আছে। মূর্তি দুই প্রকার। সুদর্শন ওলাবিবির মূর্তি হিন্দু প্রধান অঞ্চলে একরকম আবার মুসলিম প্রধান অঞ্চলে অন্যরকম। হিন্দুপ্রধান অঞ্চলে দেবীর আকৃতি লক্ষ্মী-সরস্বতীর মত। তাঁর রং ঘ হলুদ, চোখ দুটি টানা টানা, নাক, কান, ঠোঁট বেশ সুন্দর। হাত দুটি প্রসারিত দণ্ডায়মান, কখনও শিশু সন্তান কোলে করে আসনে উপবিষ্ট। সারা দেহে নানারকম গহনা, মাথায় মুকুট পরা এবং সাধারণত নীল শাড়ী পরিহিত অবস্থায় দেখা যায়। আবার মুসলিম প্রধান অঞ্চলে ওলাবিবির মূর্তি খানদানী ঘরের মুসলমান মতন। গায়ে পিরান, পাজামা, টুপি, ওড়না নানারকম গহনা পায়ে নাগরা জুতো, কোনো কোনো ক্ষেত্রে মোজাও পড়েন। এক হাতে থাকে আশাদও।

দক্ষিনবঙ্গের বিভিন্ন স্থানে ওলাবিবির খান আছে। অশ্বত্থ, বট, নিম প্রভৃতি বৃক্ষতলে গ্রামাঞ্চলের মানুষ ওলাবিবির থানে হাজত, মানত করে থাকেন। কোথায় মাটির মূর্তি, কেহ মূর্তি স্থাপন করে হাজত, মানত, শিরনি প্রদান করেন। ইস্টক নির্মিত মন্দিরেও তিনি পূজিত হন। অনেক স্থানে তার মূর্তির সাথে তাঁর সাত ভগিনীর মূর্তিও দেখা যায়। ওইসব দেবীগণ দক্ষিণবঙ্গে মুসলমান আমলে সতবিধি নামে অভিহিত বলে শ্রী বিনয় ঘোষ অভিমত প্রকাশ করেছেন। কোনো কোনো স্থানে ওলাবিবির নিত্য পুজো হয়। এখানে অনেকে রোগমুক্তির জন্য মানত করেন। তার মন্দিরের পাশের গাছে ইটের টুকরো বেঁধে দেন। ওলাবিবির পূজায় আতপ চাল, পাটালী, পান-সুপারি, সান্দেশ, বাতাসা প্রভৃতি দেওয়া হয়। ফুল, ফল, দুধ, পয়সা প্রভৃতিও দেওয়া হয়। গ্রামে কলেরার প্রাদুর্ভাব দেখা দিলে গ্রামবাসীরা বিশেষভাবে ওলাবিবির পূজো দিয়ে থাকেন। প্রতি বৎসর নির্দিষ্ট দিনে বিশেষ পুজা, মেলা, গান প্রভৃতি হয়ে থাকে। বারাসাত মহাকুমার হাবড়া থানাধীন সৈপুর গ্রামের খালের ধারের ওলাবিবির মন্দিরে তা দেখা যায়। প্রতি বছর পয়লা চৈত্র হিন্দু-মুসলিম ভক্তগণ সেখানে বিশেষ ভক্তি নিবেদন করত। হিন্দু-মুসলিম ভক্তগণ হাজত, মানত শিরনি প্রদান করে।

ওলাবিবি সর্বসাধারণের শিরানী বা দেবী। গ্রামের সকলে মিলে ওলাবিবির পূজার ব্যবস্থা করে থাকেন। এখানে নারীগণ ও পূজায় অংশগ্রহণ করেন। ধর্মীয় আচার-আচারণের ওপর সংস্কৃতির প্রভাব যে কতখানি প্রবল হতে পারে তার এক অত্যাশ্চর্য নিদর্শন পাওয়া যায় জয়নগরের রক্তখা পল্লীর ওলাবিবির বিবরণে। শ্রী গোপেন্দ্র কৃষ্ণ বসু লিখছেন - ঐখানে ওলাবিবির কোন মূর্তি নেই। পূজা কক্ষের মধ্যে দুটি ক্ষুদ্রাকৃতি সমাধি আছে। তন্মধ্যে একটি ওলাবিবির প্রতিকিরূপে পূজিত হয়, ওপর সমাধিটি ওহাবি আন্দোলনের অন্যতম রক্তখা গাজীর অনুমিত হয়।

মুনসী মহম্মদ খাতের সাহেব তাঁর বোন বিবি জহুরা নামক গ্রন্থে লিখেছেন বেরাহিম বা ইব্রাহিম নামত জনৈক ফকির মক্কা শহরে বাস করতেন। তার উরসে গোলাম বিবির সর্তে এক বনে বনবিবি এবং মা জঙ্গলির জন্ম হয়। বনবিবি এবং শাজঙ্গলির জন্ম হয়। বনবিবি এবং মাজঙ্গলি বয়ঃপ্রাপ্ত হয়ে মদিনা শরিফে এলেন এবং সেখানে হোসেনের আওলাদের কাছে মুরিদ হয়ে মদিনা শরিফে এলেন এবং সেখান থেকে হিন্দুস্থানে এলেন। আরব থেকে তাঁরা হলেন বঙ্গের দক্ষিণ অঞ্চলে ভাঙ্গড় পাড়ের নিকট। কহেন ভাঙ্গড় শাহা শুন শুন দিয়া মন। এই যে ভাটির দেশ আইলে এখন।। তাঁদের মত অনুযায়ী বনবিবিকে ঐতিহাসিক ব্যক্তি বলে গ্রহণ করতে হয়। তবে তাঁদের বক্তব্যের সাথে কোনো ঐতিহাসিক তথ্য প্রমাণ পাওয়া যায় না। অধিকাংশ গবেষক মনে করেন, এই যে বনবিবি মূলতঃ হিন্দু দেবী বনদেবীর মুসলিম সংস্করণ। বনবিবি হিন্দু-মুসলিম ধর্মচিন্তার সমন্বিত অরণ্যদেবী। আদিমযুগে মানুষ হিংস্র জীবজন্তুর ভায়ে ভীত ছিল। পরবর্তীকালে মানুষ এইসব হিংস্র জীবজন্তুর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য কল্পিত অধিষ্ঠাত্রী দেবীর প্রজা প্রবর্তিত হওয়ায় স্বাভাবিক। বনবিবি বনের জীব জন্তুর এমনই এক অধিষ্ঠাত্রী দেবী। সুতরাং তাকে লৌকিক দেবী বলা যায়। বনবিবি যদিও হিন্দুর, বনদেবীর মুসলমান সংস্করণ বলে কথিত। কিন্তু আধুনিক বনবিবি কেবল মুসলিমের নন, তিনি হিন্দু-মুসলিম সকলের। বনবিবির প্রভাব প্রধানতঃ সমগ্র দক্ষিণবঙ্গের সুন্দরবন অঞ্চলে ব্যাপ্ত। সুন্দরবন অঞ্চলের মানুষ যখন তাঁরা হিংস্র জীবজন্তুর কবল থেকে মুক্তি পাবার জন্য তারা বনবিবির নিকট প্রার্থনা করেন। বনবিবির থানে পূজা অর্পণ করেন, মানত করেন। সুন্দরবনে প্রবেশকারী প্রধানতঃ কাঠ সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, শিকারী তারা তাকে স্মরণ করেন। সাধারণের ধারণা বনবিবি দয়াশীল। একধরণের ফকির দেখা যায় যারা মন্ত্রের সাহায্যে বাঘকে নাকি বশীভূত করতে পারেন। তারা যেখানে ওঝা বলে পরিচিত।

বনবিবির দুরকম মূর্তি দেখা যায়। মুসলমান প্রধান অঞ্চলে বনবিবি হন কিশোরী মুসলিম বালিকার ন্যায়। মাথায় লতাপাতা আঁকা, টুপি। মাথার চুলের বিনুনি, টিকলি। গলায় নানারকম হার, বনফুলের মালা। পরণে শিরাগ বা ঘাঘরা পাজামা, পায়ে জুতা, মোজা, গায়ে পাতলা ওড়না। কোনো কোনো স্থানে তাঁর হাতে আশাদণ্ড এবং কাণ্ডা। তাঁর বাহন মুরগী বা বাঘ। তার কোলে বালক মূর্তি। অনেকের ধারণা সেটি দক্ষিণ রায়। মতান্বয়ে বনবিবি প্যাঁচালিতে বর্ণিত দুঃখে কাঠুরিয়া বালক। বনবিবির জায়গায় মুসলিম ফকিরগণ শিরনী, হাজত, মানত প্রদান করে থাকেন। সেখানে মুরগী জবাই করা হয় কিন্তু মন্ত্র পাঠ করা হয় না। কেহ কেহ কোরাণের দু-একটি বায়েত মনে মনে আবৃত্তি করেন।

অন্যদিকে হিন্দু প্রধান অঞ্চলে বনবিবির গলায় হার, বনফুলের মালা। মাথায় মুকুট, সর্বাঙ্গে নানারকম অলঙ্কার, হাতে আশাদণ্ড থাকে না কোলে একটি শিশু বাঘের উপর

উপবিষ্ট। অনুন্ন সমাজের হিন্দুরা এখানে পূজা করে থাকেন। পুরোহিতগণ বনবিবিকে বনচণ্ডী জ্ঞানে নিরামিষ নৈবদ্যে পূজা করেন, তবে বলি প্রদত্ত হয় না। বনবিবি যে অদিতে বনদেবী ছিলেন তা তাঁর মূর্তি ভালোভাবে বোঝা যায়। এখন অরণ্য বনবিবির বৈশিষ্ট্য লোপ পায়নি। বনবিবির নামে দরগাহে হাজত করা হয়, কোথাও মুরগি দেওয়া হয় এবং তা অনেক অঞ্চলে জবাই করা হয়, অনেক অঞ্চলে আবার ছেড়ে দেওয়া হয় তাঁর নাম করে। বনবিবির ধান সাধারণতঃ নদ-নদী, খাল-বিলের গ্রাম পার্শ্বস্থ মাঠের ধারে, অশ্বত্থ বা অন্য কোনো বৃক্ষের তলায় অবস্থিত। সেখানে সাধারনত ঘট বা চিত্রিত ঘট থাকে। তবে থানের সম্মুখভাগ খোলা থাকে, লোকের বিশ্বাস গভীর রাতে বাঘ তাকে সালাম জানাতে আসে। বসিরহাট মহাকুমার হাসনাবাদ থানার অন্তর্গত ভাকুণ্ডা নামক স্থানে। বনবিবির একটি ধান বা দরগাহ আছে। ধানটি ইছাবতী নদীর ধারে অবস্থি। সেখানে নাকি বনবিবির আপনার আসন। বহুদেখে বনবিবি রওয়ানা হইল, ভরকুণ্ডায় আপনার আসনে বসিল ।।

দক্ষিণ চব্বিশ পরগণা জেলার বারুইপুর থানার অঞ্চলে বেসমপুরে বনবিবির একটি মেলা হয়। বহু হিন্দু-মুসলিম ভক্ত সেখানে আসেন এবং পূজা করেন। ধোপগাছিতে ১ মাস বনবিবির পূজা বা মেলা অনুষ্ঠিত হয়। এই মেলাটি বিবিমার মেলা নামে পরিচিত। হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের মানুষ এই উৎসবে যোগ দেয়। যা বাংলার হিন্দু-মুসলিম সমন্বয় সাধনে সাহায্য করেছিল বা এখন করছে।

সহায়ক গ্রন্থপঞ্জী :

- শতরূপ (৩য় বর্ষ, ৩য় সংখ্যা ১৩৫৯ , রচনা মুখোপাধ্যায় শ্রী অমিতাভ। কলিকাতা।
- বঙ্গীয় সাহিত্য পরিষদ পত্রিকা ১৩২২। কলিকাতা।
- ড. ভট্টাচার্য্য আশুতোষ, বাংলা মঙ্গল কাব্যের ইতিহাস, ১৩৪৬, কলিকাতা, কলিকাতা বুক হাউস।
- বসু নগেন্দ্রনাথ, বিশ্বকোষ, কলিকাতা, বিশ্বকোষ প্রেস।
- মুখোপাধ্যায় শ্রী সুখময়, বাংলার ইতিহাসের দশ বছর। কলিকাতা, ভারতী বুক স্টল।
- চক্রবর্তী রজনীকান্ত, গৌড়ের ইতিহাস, ১৩১৭ বঙ্গাব্দ, কলিকাতা, মেটকাফ প্রেস।
- সেন সুকুমার, ইসলামি বাংলা সাহিত্য, কলিকাতা, আনন্দ পাবলিশার্স পৃষ্ঠা ১০৬, ৮০।
- হালদার গোপাল, বাংলা সাহিত্যের রূপকথা, কলিকাতা ১২, এ. মুখার্জী অ্যাণ্ড কোং প্রাইভেট
- ডঃ সেন সুকুমার, বাংলা সাহিত্যের ইতিহাস (প্রথম খণ্ড অপরাধঃ কলিকাতা ৯, আনন্দ পাবলিশার্স।
- Bengal Settlement Record- 1929-31
- সেন সুকুমার, বাংলা সাহিত্যের ইতিহাস, (প্রথম খণ্ড অপরাধ) কলিকাতা ৯, আনন্দ পাবলিশার্স।
- দেবী হাশিরাশি, কুমদাহের ইতিহাস, দাস যোগীন্দ্রনাথ কুণ্ডু সম্পাদিত, কলিকাতা।
- জামাই বারিক, দীনবন্ধু মিত্র (৩য় খণ্ড) কলিকাতা।
- বসু শ্রী গোপেন্দ্র কৃষ্ণ, বাংলার লৌকিক দেবতা, ১৯৬৬, কলিকাতা, দেজ পাবলিশার্স।
- শরীফ আহমদ, পুঁথির ফসল, ১৯৬৬, ঢাকা।
- বসু শ্রী গোপেন্দ্রকৃষ্ণ, বাংলার লৌকিক দেবতা, ১৯৬৬, কলিকাতা দেজ পাবলিশার্স।
- বসু শ্রী গোপেন্দ্রকৃষ্ণ, বাংলার লৌকিক দেবতা, ১৯৬৬, কলিকাতা, দেজ পাবলিশার্স, পৃষ্ঠা -801

- বসু শ্রী গোপেন্দ্রকৃষ্ণ, বাংলার লৌকিক দেবতা, ১৯৬৬, কলিকাতা দেজ পাবলিশার্স।
- বসু শ্রী গোপেন্দ্রকৃষ্ণ, বাংলার লৌকিক দেবতা, ১৯৬৬, কলিকাতা দেজ পাবলিশার্স।
- ডঃ গিরীন্দ্রনাথ, বাংলা পীর সাহিত্যের কথা, ১৯৭৬, চব্বিশ পরগানা, শহিদ লাইব্রেরী।
- ডঃ বন্দ্যোপাধ্যায় অসিত কুমার, বাংলা সাহিত্যের ইতিবৃত্ত, কলিকাতা, মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিঃ। ১৩১৮, পৃষ্ঠা ৩৬০-৬২।
- Social and Cultural History of Bengal, Vol-11, PP-387,88
- জ্বাচার্য্য শ্রী আশুতোষ, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, পৃষ্ঠা-৩১, কলিকাতা, ১৩৪৬, কলিকাতা বুক হাউস।
- শরীফ আহমদ, পুথির ফসল, ঢাকা, ১৯৬৬, পৃষ্ঠা নং - স (ভূমিকা), পাকিস্তান পাবলিকেশনস।
- ডঃ ভট্টাচার্য আশুতোষ, বাংলার লোকশ্রুতি, ১৯৬০, পৃষ্ঠা-৫১, কলিকাতা পুরোসামী প্রকাশনী।
- সেন সুকুমার, বাংলা সাহিত্যের ইতিহাস, ১ম খণ্ড, পৃষ্ঠা ৮০৫, কলিকাতা।

সমাজ-শিল্প-সংস্কৃতি ঃ
প্রসঙ্গ বাংলা সাহিত্য

সমাজ-শিল্প-সংস্কৃতি ঃ
প্রসঙ্গ বাংলা সাহিত্য

সম্পাদক

ড. অন্বেষা মল্লিক

ও

সুদেব বিশ্বাস

গোবরডাঙ্গা হিন্দু কলেজ

Samaj Shilpa Sanskriti : Prasanga Bangla Sahitya
By Annesha Mallika & Sudeb Biswas

ISBN : 978-93-84550-16-5

প্রথম সংস্করণ ঃ 10th April, 2022

গ্রন্থস্বত্ব ঃ গোবরডাঙ্গা হিন্দু কলেজ

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশেরই কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনো যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেক্ট্রনিক বা অন্য কোনো) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনো ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনো তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে। বিজ্ঞাপন ও সমালোচনার ক্ষেত্রে এই ব্যবস্থা শিথিল যোগ্য।

প্রকাশক ঃ

আলপনা এন্টারপ্রাইজ

৯, বীর অনন্ত রাম মণ্ডল লেন, সিঁথি, কলকাতা-৭০০০৫০

মোবাইল ঃ ৯৮০৪১৩৫৭২৫/৯৮৩৬৮২১১২৫

alpanaenterprise05@gmail.com

প্রকাশক ঃ

গোবরডাঙ্গা হিন্দু কলেজ

পোঃ খাঁটুরা

২৪ পরগনা (নর্থ), পশ্চিমবঙ্গ

পিন-৭৪৩২৭৩

Price : 560.00

সম্পাদকের কথা

যুগ ভাগে। যুগ গড়ে। সময়ের বহমানতাকে স্বীকার করে কাল এগিয়ে চলে অন্তহীনভাবে। সেই সঙ্গে চলতে চায় জীবনও। আর এই জীবনকেই কেন্দ্র করে গড়ে ওঠে সাহিত্য। কথিত আছে সাহিত্য সমাজের দর্পণ। সাহিত্যে বিম্বিত হয় সমাজ, শিল্প, সংস্কৃতির রংধনু। ব্যক্তি মানুষ ভালোবাসার উপর ভর দিয়ে সীমাহীন মুক্ত নীলাকাশ স্পর্শ করতে চেয়েছে বা জীবনের টিলার উপর দাঁড়িয়ে পুবের সূর্যোদয় দেখার সাধ প্রকাশ করেছে। মনের পেয়ালায় পান করতে চেয়েছে মুক্ত জীবনের রস সুধা। কখনো সে সফল হয়েছে আবার কখনো ব্যর্থ। এভাবে বাংলা সাহিত্য তার সজীব প্রাণ-প্রবাহে বাঁকবদল করেছে। ফলে চলমান সময়ের ছিন্নপত্রে মেধা, মননের ভাবকল্পে প্রতীয়মান হয় সমাজ, শিল্প-সংস্কৃতির বহুধারা। অর্থাৎ বৈচিত্র্যের মধ্যে ঐক্য এর ভাবনায় গোষ্ঠীবদ্ধ মানুষ পরস্পর পরস্পরের জীবন, শিল্প, সংস্কৃতি চর্চার প্রতি আকর্ষণ অনুভব করে। আলোচ্য গ্রন্থটি সেই অনুভবেরই সারবত্তাকে সূচিত করে। লেখার উদ্দেশ্য একটিই তা হল উন্মোচন। পরিচ্ছন্ন কালজ্ঞান নিয়ে সময়ের দাবিকে, সমাজের চিত্রকে সুচারুভাবে চিত্রিত করেছেন সাহিত্যিকেরা। মুক্তধারার স্রোতে বয়ে চলা সাহিত্যে ফুটে উঠেছে মানুষের জীবন আখ্যান। উত্তর আধুনিক মানুষের চালচিত্র, জীবন সংস্কৃতির পরিচয়ও অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে ওঠে আলোচ্য গ্রন্থে।

গোবরডাঙ্গা হিন্দু কলেজের স্নাতকোত্তর (P.G.) বাংলা বিভাগের শিক্ষার্থীরা অনু-গবেষণা পত্র তৈরির সময় থেকেই বিভিন্ন গবেষণামূলক ভাবনার প্রতি আকর্ষণ অনুভব করে। আলোচ্য গ্রন্থটিতে শিক্ষার্থীদের পরিশ্রমলব্ধ চিন্তা, চেতনার ছাপ বিশেষ দৃষ্টি আকর্ষণ করে। ভাবনার গভীরতাকে প্রসারিত করে। বহুমাত্রিক ভাষ্যকে মলাট বন্দী করতে বিশেষ উৎসাহ, প্রেরণা ও সহায়তা করেছেন গোবরডাঙ্গা হিন্দু কলেজের অধ্যক্ষ মাননীয় ড. হরে কৃষ্ণ মণ্ডল মহাশয়, IQAC কো-অর্ডিনেটর মাননীয়া পারমিতা দত্ত ও বাংলা বিভাগের সকল অধ্যাপক-অধ্যাপিকা বৃন্দ। সর্বোপরি বিশেষ ধন্যবাদ জানাই আলপনা পাবলিশার্সকে।

বিনীত

ড. অন্বেষা মল্লিক ও সুদেব বিশ্বাস

সূচীপত্র

1. জীবন দর্শন ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প 9
2. প্রসঙ্গ প্রহসন : উনবিংশ ও বিংশ শতক 21
3. বাংলা ছোট গল্প ও নদী 28
4. বাংলা ছোটগল্প : প্রসঙ্গ পণপ্রথা 46
5. সুবোধ ঘোষের গল্পে মধ্যবিত্ত সমাজ 56
6. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে অন্ত্যজ জীবন 71
7. মধ্যবিত্ত জীবনের সাতকাহন ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্প 82
8. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসে নারী 96
9. মল্লিকা সেনগুপ্তের কবিতায় নারী ভাবনা 110
10. বাংলা ছোটগল্পে শ্রমিক জীবন 121
11. শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পে অস্তিত্বের সংকট 137
12. নারীর প্রতিবাদী সত্তা: প্রসঙ্গ আশাপূর্ণা দেবীর ছোটগল্প 146
13. পতিতা জীবন ও বাংলা ছোটগল্প 156
14. নারী ভাবনা: প্রসঙ্গ রবীন্দ্র উপন্যাস 165
15. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের নির্বাচিত কয়েকটি গল্পে মাতৃত্বের স্বরূপ সন্ধানে 178
16. উপন্যাসে জেলে জীবন: প্রসঙ্গ পদ্মা নদীর মাঝি, তিতাস একটি নদীর নাম 188
17. বিনয় মজুমদারের কবিতায় নারী ভাবনার বৈচিত্র্য 198
18. 'বিষবৃক্ষ' ও 'চোখের বালি' : দাম্পত্য সম্পর্কের বিবর্তন 208
19. ত্রয়ী বন্দ্যোপাধ্যায় এর উপন্যাসে নদী কেন্দ্রিক জীবন (নির্বাচিত) 217
20. বঙ্কিমচন্দ্রের উপন্যাসে চিঠি-পত্রের ভূমিকা (নির্বাচিত) 223

21. বাংলার লোককথা ও ঠাকুমার ঝুলি 239

22. রবীন্দ্র ছোটগল্পের চলচ্চিত্রায়ন : তপন সিংহ (নির্বাচিত) 245

23. শক্তি চট্টোপাধ্যায়ের কবিতা : নানা মাত্রিক জীবন দর্শনের উদ্ভাস 259

24. মধ্যবিত্ত বাঙালিয়ানা ও গোয়েন্দা চরিত্র : ব্যোমকেশ বক্সী (নির্বাচিত কাহিনির প্রেক্ষিতে) 266

25. রবীন্দ্র ছোটগল্পে অতিলৌকিক ও মনস্তাত্ত্বিক বিশ্লেষণ 270

26. নজরুল ইসলামের প্রেম ভাবনা : বাংলা কবিতায় এক ভিন্ন পথের যাত্রী 289

27. গোয়েন্দা সাহিত্যের চলচ্চিত্রায়ন : সত্যজিৎ রায় 300

28. মাইকেল মধুসূদন দত্ত: প্রসঙ্গ জীবন ও সাহিত্য 321

29. আখ্যান বৈচিত্র্যে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প 328

30. রবীন্দ্র ছোটগল্পে কিশোর চরিত্র 340

31. মৃত্যু চেতনা : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ঠাকুর 348

32. তিলোত্তমা মজুমদারের 'শর': প্রেম দেহ ও মননে 360

33. তিলোত্তমা মজুমদারের কথাসাহিত্যে বিপন্নবোধ ও অস্তিত্বের সংকট 366

1

জীবন দর্শন ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
অঙ্কিতা সরকার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১।।

মানিক বন্দ্যোপাধ্যায় মধ্যবিত্ত পরিবারের সন্তান ছিলেন। তিনি দেখেছেন অর্থলিপ্সা ও সহকারী পদমোহ কীভাবে একটি মধ্যবিত্ত সংসারে পিতৃভক্তি, ভ্রাতৃস্নেহ, পারিবারিক সহানুভূতি, শ্রদ্ধা প্রভৃতি প্রতিষ্ঠিত মূল্যবোধসমূহ। মানিকের নিজ পারিবারিক পরিমণ্ডলই হয়ে ওঠে তার উত্তম উদাহরণ। আর তারই অনিবার্য পরিণতি হিসেবে মানিক বন্দ্যোপাধ্যায়ের সংবেদনশীল হৃদয়ে মধ্যবিত্ত ভদ্রলোকের সম্পর্কে জাগ্রত হয় তীব্র ঘৃণা, বিদ্বেষ, বিরূপতা ও তীব্র অবজ্ঞা।

শ্রমঘনিষ্ঠতা জীবন থেকে বিচ্ছিন্ন ও উৎপাদনশীল গ্রাম সমাজ থেকে উন্মীলিত হয়ে ভোগ পরায়ন শহর জীবনে অভ্যস্ত এদেশের ভদ্রলোক-মধ্যবিত্ত শ্রেণি ঔপনিবেশিক শিক্ষায় শিক্ষিত হয়ে এমন ঐতিহ্য বিচ্ছিন্ন ও সাংস্কৃতিক অভিরুচি সম্পন্ন হয়, যার পরিণতিতে নিজস্ব পারিবারিক পরিবেশ ও সংস্কৃতির প্রতি তাদের মনে জন্মলাভ করে এক তীব্র অস্বীকৃতিমূলক নেতিবাচক মনোভাব। মানিক বন্দ্যোপাধ্যায়ের পারিবারিক ইতিহাস ও পটভূমির বিশ্লেষণ করলেও আমরা তার স্পষ্ট আভাস পাই। আর এরূপ বিকাশ প্রক্রিয়ার কারণে মধ্যবিত্ত সংসার আবহ সৃষ্টি হয় যে হীনমন্য স্বার্থপরতা, অনাচার অবিচার, বিকারগ্রস্থ সংস্কারপ্রিয়তা, ভণ্ডামি, মিথ্যাচার ও যান্ত্রিকতা অতিসতর্ক সংবেদনশীল মানিকের পক্ষে তার সম্পূর্ণ অনুধাবনে বিশেষ কষ্ট হয়নি। ফলে স্বাভাবিকভাবে তার মন বিষিয়ে ওঠে। ওইরূপে আত্মকেন্দ্রিক পরার্থপর বিমুখ মধ্যবিত্ত পরিবারের সদস্য হিসাবে ভাবাবেগের অধিকারী হয়ে তাঁর অভ্যন্তরীণ ক্লেদ ও বিকারের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে ওঠে পারিপার্শ্বিক সজাক মানিকের অনিসন্ধিৎসু মন।

মানিকের নিজের ভাষায়, ভদ্রলোক কাকে বলে জানো না? চাষা মজুরকে যারা ঘেন্না করে, বড়োলোকের পা চাটে, ন্যাকা ন্যাকা কথা কয়, আধপেটা দামী দামী জামা কাপড় পরে, আরাম চেয়ে চেয়ে ব্যারামে ভোগে, খালি নিজের সুখ খোঁজে, মান অপমান বোধ থাকে টনটনে কিন্তু যত বড়ো অপমান হোক দিব্যি সয়ে যায়, কিছু না জেনে সবজান্তা হয়।

মানিক বন্দ্যোপাধ্যায়ের যে সব ছোটোগল্পে মধ্যবিত্ত জীবন বাস্তবতা প্রকাশ পেয়েছে আমি আমার অনু গবেষনা পত্রে আলোচনা করেছি সেগুলি হল -

'অতসী মামী' ছোটোগল্পে মধ্যবিত্ত নর-নারীর জীবন ও চরিত্র নিয়ে গড়ে উঠেছে। সমগ্র গল্পটি রসসিক্ত হয়ে আছে মধ্যবিত্তের করুন প্রেম চেতনায়।

'অতসী মামী' ছোটোগল্পে মধ্যবিত্ত নর-নারীর জীবন ও চরিত্র নিয়ে গড়ে উঠেছে। সমগ্র গল্পটি রসসিক্ত হয়ে আছে মধ্যবিত্তের করুন (প্রেম চেতনায়।

এই গল্পে দেখানো হয়েছে, সুরেশ তার পরিচয় পত্র নিয়ে যতীন মামা ও অতসী মামির বাড়িতে এসেছে। সেখানে সুরেশ, যতীন মামার বাঁশির সুর শুনতে তার আসা। কিন্তু যতীন মামার বাড়িতে এসে যে বাড়ির চিত্র দেখতে পেরেছিল তা অবশ্যই মধ্যবিত্ততার ছাপ রাখে।

'বাড়িটা যে গলিতে সেটার কথাই না হয় ছেড়েই দিলাম, এ যে ইট বার করা তিন কালের বুড়োর মতো নড়বড়ে একটা ইটের খাঁচা।'[১]

এরপরে যতীন মামার স্ত্রী অতসী মামির সাথে সুরেশের যে পরিচয় পাওয়া যায় তাতে একজন মধ্যবিত্ত পরিবারে গৃহ গিন্নির স্বরূপ ফুটে ওঠে।

সুরেশের সঙ্গে অতসী মামির কথোপকথনে যতীন মামাকে নিয়ে কথা হয়েছে। তার চরিত্রে বলা হয়েছে, যতীন সহজ-সরল একজন ব্যক্তি। তার মধ্যবিত্ত জীবনে টাকা-পয়সার অভাব, কিন্তু রাস্তায় ভুবনবাবু তার কাছ থেকে দুটো টাকা চাইতেই সে টাকা দুটি ভুবনবাবুর হাতে দিয়ে খালি হাতে ফিরে আসে।

গল্পে ভাগ্নে সুরেশ তাকে কি খেতে দেবে তা নিয়েও এই মধ্যবিত্ত পরিবারের একটা চিন্তার বিষয়। কারণ যতীন যখন দোকানে সুজি কিনতে যায়, তার কাছে টাকা না থাকায় তাকে ফিরিয়ে দেওয়া হয়। কিন্তু অতসী মামি কিছুটা সময় নিয়ে সুজি দিয়ে রসগোল্লা আকারে করে দেয় সুরেশকে। কিন্তু মধ্যবিত্ত সংসারে জটিল মামা ও অতসী মামি চোখের জল আটকে রাখতে পারল না।

যতীন মামা, যিনি বাঁশি বাজাতে ভালোবাসেন। গলায় রক্ত বেরোলেও সে বাঁশি বাজাতে ছাড়ে না। কিন্তু যতীন মামাকে বাঁশি ছাড়তে হয়েছিল নিজের জন্য নয়, তার স্ত্রী অতসী মামির

জন্য। এই গল্পে যতীন মামা মধ্যবিত্ত হলেও, মধ্যবিত্ত পরিবারে মানুষের অর্থ কম থাকলেও, যে আত্মসম্মান থাকে সেটি ফুটে উঠেছে।

'মেজোমামা কতবার কত বিপদে যতীন মামাকে টাকা দিয়ে সাহায্য করতে চেয়েছেন, (যতীন মামা পয়সা নেন নি।'[২]

অতসী মামির অসুখ সারানোর জন্য যতীন মামা তার প্রিয় শখের বাঁশিটা বিক্রি করে

দিয়েছিলেন। ও কেবল মধ্যবিত্ত পরিবারের সম্ভব। এক বাক্যেই তিনি টাইফয়েডে অসুস্থ স্ত্রী অতসীকে বাঁচাবার জন্য বাঁশিকেই ছেড়ে দিয়েছিলেন-

'তুমি ভালো হয়ে ওঠ।
আমি আর বাঁশি ছোব না।'[৩]

গল্পের ক্রমবিকাশে সুরেশ জানতে পারে যে, মামির অসুখের জন্য কেবলমাত্র মামা বাঁশিই না, বাড়িও বিক্রি করেন।

'অতসী মামী' ছোটোগল্প মধ্যবিত্ত পরিবারের দাম্পত্য জীবন, বাঁশি বাজায় এক শিল্পী ও তার স্ত্রীর দাম্পত্য প্রেম এক করুণ আবেশ ছড়ায়।

'সিড়ি' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় মধ্যবিত্ত সমাজের অন্তঃসারশূন্যতা, নগ্নতার উদ্ঘাটিত করেছেন। এই গল্পে দেখা যায় ভদ্র মধ্যবিত্ত মানব চরিত্রের মধ্যে দিয়ে মধ্যবিত্ত সমাজের ভণ্ডামি, প্রতারণা, ছলনা, গরীব ঘরের ভাঁড়াটিয়া মেয়ে ইতির প্রতি বাড়িওয়ালা মানবের সেই ভণ্ডামির রূপ প্রকাশ পেয়েছে।

শুধু তাই নয়, যুবতী, খোড়া ও গরিব ঘরের মেয়ে হওয়ায় ইতি এবং তার পরিবার ঠিকমতো ভাড়া দিতে পারে না। তাইতো চল্লিশ বছরের মানবের মধ্য দিয়ে ইতি চার-পাঁচ মাসের বাকি ভাঁড়া বিব্রতকর অবস্থা কাটিয়ে মানবের কাছ থেকে ঋণের নামে আরও অর্থ আদায়ের ব্যবস্থা করে। আর এই সুযোগে মানব তার লালসা চরিতার্থ করার সুযোগ পায়।

'মানব খুশি হয়ে বলে, সেই ভালো,
আজ একা একা তারা শুনে অভিমান করবো,'[৪]

কাল তুমি এসে আমার অভিমান ভাঙবে। আমার এমন ছেলেমানুষি করতে ইচ্ছে করছে ইতি! কিরকম যে লাগছে আমার কি বলবো!'

'সিড়ি' গল্পে মধ্যবিত্ত ঘরের খোঁড়া এক মেয়ে ইতি। সে তার মধ্যবিত্ত পরিবারের যাতে ঘরের ভাড়া দিতে না লাগে তাই প্রতিনিয়ত মানবের ডাকে সাড়া দেয়। তার কোন পরিনাম নেই। ইতির একমাত্র উদ্দেশ্য বিনা ভাড়ায় বাস করার সুযোগ এবং প্রয়োজনে ঋণের দায়ে মানবের কাছ থেকে অর্থ নেওয়া।

'মা যে দশ টাকা ধার চেয়েছে? ভাড়ার টাকাটা পেলে,'[৫]

তাই থেকে দাও না? মানব মৃদু হেসে কোমরের গোঁজা টাকা বার করে ইতিকে দশটা টাকা দেয়।'

এই গল্পের ইতি- এই মেয়েটির মধ্যে দিয়ে মধ্যবিত্ত পরিবারের অসহায় নারীর চিত্র ফুটিয়ে তুলেছেন মানিক বন্দ্যোপাধ্যায়।

।।২।।

মানিক বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত ছোটোগল্পে ফ্রয়েডীয় যৌন চেতনার ক্ষেত্রগুলি সিগমুণ্ড ফ্রয়েড চিকিৎসা ও মনোবিজ্ঞান চর্চার জগতে তাঁর মনোবিকলন তত্ত্বের দ্বারা এক নতুন দিগন্তের উন্মোচন করেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর ফ্রয়েডীয় ভাবনাকে তাঁর রচনাতে গ্রহণ না করলেও মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর রচনার ক্ষেত্রে ফ্রয়েডীয় ভাবনা চিন্তাকে তাঁর ভাবনা ও জীবনদর্শনের সঙ্গে মিলিয়ে মিশিয়ে একাকার করে দিয়েছেন। ফ্রয়েডীয় দর্শনের মূল কথা ছিল এই যে, যে কোনো মানুষ তার বহিরাঙ্গে যে আচরণ করে থাকে তা অবশ্যই তার অন্তরঙ্গের দ্বারা পরিচালিত। সেক্ষেত্রে মানুষের প্রতিটি আচরণের নেপথ্যে যৌনতার একটা বিশেষ ভূমিকা থাকে। বুদ্ধদেব বসু তাঁর একটি লেখায় জানিয়েছিলেন, ফ্রয়েডকে জানবার পর তাঁর মনে হয়েছে পৃথিবীতে এমন কোনো সমস্যা নেই যা ফ্রয়েডের তত্ত্ব ব্যাখ্যা করা চলে না।

সেক্ষেত্রে মানিক বন্দ্যোপাধ্যায়ের জীবনদর্শনের ফ্রয়েডীয় যৌন চেতনার প্রভাব প্রকাশ পেয়েছে তা আমি আমার অনুগবেষনা পত্রে আলোচনা করেছি এই নির্বাচিত ছোট গল্পগুলি- (ক) 'প্রাগৈতিহাসিক' (খ) 'কুষ্ঠরোগীর বউ' গল্পটি আলোচনা করা যেতে পারে।

'প্রাগৈতিহাসিক' গল্পে দেখা গেছে, ভিখু সে পেশায় ডাকাতি করে। ডাকাতি করে মানুষের সর্বস্ব লুট করে, গয়না লুট করে রাতারাতি উধাও হয়ে যেত স্ত্রির সামনে স্বামীকে বেঁধে মারতো। কিন্তু একদা ভিখু বসন্তপুরের বৈঠক সাহার গদিতে ডাকাতি করতে গিয়ে খুন করে বসে, দলের সকলের ধরা পড়লেও কাঁধে একটা বর্শার খোঁচা খেয়ে ভিখু একা পালিয়ে বন্ধু পেহ্লাদের কাছে আশ্রয় নেয়। কিন্তু পেহ্লাদ তাকে আশ্রয় না দিয়ে তাকে বাইরে উঠানে মাচার ওপর একাকী রেখে দেয়।

কিন্তু সেখানে কখনও বৃষ্টি, রোদ ও ভিখুর কাঁধের ঘা, জ্বর আসলে তার মাচায় থাকাটা অসহা হয়ে ওঠে। এমতাবস্থায় পেহ্লাদ ভিখুর অবস্থা দেখে তাকে বাড়িতে নিয়ে যায়। কিন্তু ভিখুর একটু বল হতেই সে তার আগের রূপে ফিরে যায়। ভিখুর নজর পড়ে পেহ্লাদের বউয়ের ওপর।

সিগমুণ্ড ফ্রয়েডের গ্রন্থ সমূহের নিষ্ঠাশীল পাঠক রূপে নর-নারীর সম্বন্ধ নির্ণয়ে মানিক বন্দ্যোপাধ্যায় লক্ষ্য করে মানিক বন্দ্যোপাধ্যায় 'প্রাগৈতিহাসিক' ছোটোগল্প রচনা করেন। ফ্রয়েডীয় দর্শনের মূল কথা মানুষের প্রতিটি আচরণের নেপথ্যে যৌনতার একটি বিশেষ ভূমিকা আছে। তাইতো ভিখু পেহ্লাদের বাড়িতে আগুন জ্বালিয়ে ডিঙি চুরি করে সে পালিয়ে যায়। কিন্তু ডাকাত দল থেকে ছুট হয়ে যাওয়ার কারণে পূর্বের

জীবনে ফিরে আসা ভিখুর সম্ভব ছিল না। তাই সে ভিক্ষা আদায়ের কলা কৌশল রপ্ত করে।

'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখুর জীবন দ্বিস্তরীয়। একদিকে ভিক্ষাজীবী জীবন ও নর-নারীর সমাজ। ভিখু ভিক্ষা আদায়ের কৌশল রপ্ত করে নিলেও, দ্বিতীয় পর্যায়ে তার নারী সঙ্গহীন জীবন তার কাছে নিরামিষ জীবন মনে হয়, আর ভালো লাগে না। ফ্রয়েডীয় দর্শনের যৌন চেতনার দ্বারা মানিক বন্দ্যোপাধ্যায় অনুপ্রাণিত হয়ে পৃথিবীর আদিমতম সত্ত্বাগুলিকে 'প্রাগৈতিহাসিক' গল্প লিখেছেন।

'এক-একদিন বিনুর ঘরে আগুন ধরাইয়া দিবার জন্য মন ছটফট করিয়া ওঠে। নদীর ধারে ক্ষ্যাপার মতো ঘুরিতে ঘুরিতে তাহার মন হয় পৃথিবীর যত খাদ্য, যত পানীয় ও নারী আছে একা সব দখল করিতে না পারিলে তাহার তৃপ্তি হইবে না। ফ্রয়েডীয় যৌন মনোবিকলন তত্ত্বের দ্বারা অনুপ্রাণিত হয়ে 'প্রাগৈতিহাসিক' ছোটোগল্পে সভ্যতার নিরাবরণ নগ্ন মূর্তি তুলে ধরেছেন।

'কুষ্ঠরোগীর বউ' ছোটোগল্পে মানিক বন্দ্যোপাধ্যায় ফ্রয়েডীয় যৌন চেতনায় আবার ফিরে গেছেন।

'কুষ্ঠরোগীর বউ' ছোটোগল্পটি 'বউ' নামক ছোটোগল্পটিই মূল কাহিনি। এই গল্পটিতে মাত্র দুটি চরিত্র আছে। নায়িকা মহাশ্বেতা এবং নায়ক যতীনের মধ্যে সীমাবদ্ধ। দুরারোগ্য কুষ্ঠ দেহ ব্যাধির প্রভাবে যতীনের মন কীভাবে আক্রান্ত হয় এবং যতীনের রোগে মহাশ্বেতা নিজের কপালকে দোষ দিয়ে বলল, এই বোঝাটা ছ'মাস আগে বোঝা যদি যেত। নিজের বাড়িতেই যতীন আত্মীয়- পরিজনদের কাছে অস্পৃশ্য হয়ে গেল।

পৃথিবীর সমস্ত মানুষকে বর্জন করলেও মহাশ্বেতা কিন্তু যতীনকে পারল না। যতীন ধনীর ঘরের সন্তান তার বাবার প্রচুর অর্থ সম্পদের সে মালিক। অর্থের প্রাচুর্য থাকায় স্ত্রী তাকে নিয়ে তার সংসার জীবন সুখের হওয়ার কথা ছিল, কিন্তু তা হয়নি কারণ, যতীন কুষ্ঠ রোগে আক্রান্ত হওয়ার কারনে যতীনের মনে হয় বৈবাহিক যে সুখ মহাশ্বেতার প্রাপ্য সেটি সে পাচ্ছে না। যতিনের এই ভাবনা আসলেই যৌনতার ইঙ্গিত দেয়।

'দিনরাত তুমি অমন করো কেন?

কেমন করি?

কিছু করি না তো! এমনিতেই আমি মরে আছি, তারপর তুমিও যদি আমাকে মনে কষ্ট দাও।'[৬]

ফ্রয়েডীয় দর্শনের মূলকথা যে, মানুষের বহিরাঙ্গের যে আচরণ করে থাকে তা আবশ্যকতার অন্তরঙ্গের দ্বারা পরিচালিত। প্রতিটি আচরণেরই নেপথ্যে যৌনতার ভূমিকা আছে। যতীনের রোগ যত সুস্থ স্বামীকে একদিন সে ভালোবাসতো আর ঘৃণা করত পথের কুষ্ঠ রোগীদের। কিন্তু আজ তার নিজের স্বামীই একজন কুষ্ঠরোগী, এবং মতাশ্বেতা কুষ্ঠ রোগীদের ঘৃণা করতো এখন পথের কুষ্ঠ রোগা ক্রান্ত গুলিকে ভালোবাসে যতীন কাঁদতে কাঁদতে বলে-

'তুমি খালি ওদেরই সেবা করো শ্বেতা আমার দিকে তাকিয়ে দেখো না। মহাশ্বেতা দেবী তো নয়? সে শুধু কুষ্ঠরোগীর বউ।'[৭]

এই গল্পে যতীনের বহিরাঙ্গের যে রোগ হয়েছিল তাতে তার অন্তরঙ্গ বিধ্বস্ত হয়েছিল। তার মনে হয় তার কুষ্ঠ রোগের জন্য মহাশ্বেতা তাকে ঘৃণা করে। কিন্তু গল্পের শেষাংশে দেখা যায়, একজন কুষ্ঠরোগীর বউ আসলেই কালীঘাটে যাওয়ার পথে রাস্তার পাশে থাকা কুষ্ঠরোগাক্রান্ত ভিখারীদের সেবায় মগ্ন থাকে।

।।৩।।

মানিক বন্দ্যোপাদ্যায়ের জীবনদর্শনের মূলকথা এই যে, হাজার বিপদ আসলেও মানুষ মাথা উঁচু করে তার বিরুদ্ধে ক্রমাগত লড়াই করে যাবে। কিন্তু কোন কোন গল্পে দেখা গেছে মানুষের এই বেঁচে ওঠার চেষ্টাটা মৃত্যুর মধ্য দিয়েই পূর্ণতাপ্রাপ্ত হয়েছে। এক্ষেত্রে কোন কোন গবেষক মানিক বন্দ্যোপাদ্যায়ের জীবনদর্শনের ক্ষেত্রে বেঁচে থাকা এবং মৃত্যুর মধ্যে একটা বৈপরীত্য নির্দেশ করেছে।

মেহনতি মানুষ বলতে বোঝায় সমাজে যারা নীচু শ্রেণির মানুষ। সমাজের নিম্নস্তরে যাদের অবস্থান। মেহনতি শ্রেণির মানুষ চরম অর্থসংকটে নিপতিত। সাধ ও সাধ্যের মধ্যে রয়েছে বিস্তর অমিল। অর্থাৎ এই শ্রেণির 'নুন আনতে পান্তা ফুরোয়' প্রবাদের সঙ্গে তাদের সঙ্গতিপূর্ণ। জীবনের বড়ো অংশ জুড়ে থাকে ব্যর্থতার হাহাকার দীর্ঘশ্বাস। শহর ও গ্রামবাসীর অর্থনৈতিক সংকট একইরকম। দ্রুত বড়ো অংশই শত সংকটের মূল্যবোধ ধরে চায়। তবে গ্রামে অর্থনৈতিক এই নিরেট শ্রেণির বাইরেও অন্য একটি শ্রেণি কাঠামো বিদ্যমান। তা যেমন ছিল হিন্দু সমাজে, তেমন মুসলমান সমাজে। বিনয় ঘোষ এই মেহনতের শ্রেণিকরণকে দেখেছেন এভাবে, আসলে গ্রাম সমাজের প্রভাব প্রতিপত্তি বিত্তনির্ভর ছিল না, কুলবৃত্তিগত ছিল, ব্রাহ্মণ তার কূলবৃত্তির জন্য ব্রাহ্মসমাজে অখণ্ড প্রতিপত্তিশালী ছিলেন, বিত্তর জন্য নয়। বিত্তহীন দরিদ্র ব্রাহ্মণের সামাজিক প্রভাব বিত্তমাণ বণিক কারিগর ও কৃষকের চেয়ে শতগুণ বেশি ছিল গ্রাম্যসমাজে।

মানিক বন্দ্যোপাধ্যায়ের জীবনদর্শনে মেহনতি মানুষ অর্থাৎ নিম্নবিত্ত মানুষের বেঁচে লড়াই, বস্তু সংকট এবং শত কষ্টেও নিজের আত্মসম্মাকে হত্যা করার বিষয় যে নির্বাচিত গল্পগুলিতে ফুটে উঠেছে সেই গল্পগুলি আলোচনা করবো আমার অনুগবেষনা পত্রে-

(ক) 'আত্মহত্যার অধিকার

(খ) 'কে বাঁচায়, কে বাঁচে

(গ) 'দুঃশাসনীয়'

এই গল্প তিনটিকেই আমি আমার আলোচনায় রেখেছি।

'আত্মহত্যার অধিকার' গল্প দরিদ্র, নিম্নবিত্ত নীলমণির জীবনযাপনের কোনো ব্যবস্থা নেই বা সুযোগ নেই। নীলমণির দারিদ্র্যে জর্জরিত এক নিম্নবিত্ত মর্মান্তিক দুর্গতি ও হতাশার চিত্র উপস্থাপিত হয়েছে প্রাকৃতিক দুর্যোগের পটভূমিকায়। বর্ষাকালে চালের নারকেল ও তাল পাতার মান সম্মান বজায় রেখেও কোন লাভ হয় নি।

এমতাবস্থায় নীলমণি নিভা ছোটো ছেলেটাকে বুকে আঁকড়ে ধরে এদিক ওদিক করে। বর্ষার অত্যাচারের মুখে নীলমণি নিঃস্ব পরিবার।

নীলমণি, সে আমার কাছে তামাক চাওয়ায় শ্যামা বলে, তামাক নেই। তখন নীলমণি চিন্তা করে তামাক ব্যতীত গভীর রাত্রে লড়াই করবে কেমন করে? "আত্মহত্যার অধিকার' গল্পে এই সমাজের কাছে নীলমণির প্রশ্ন, 'বাঁচিয়া থাকাটা শুধু আজ এবং কাল নয়, মুহূর্তে নিষ্প্রয়োজন সকলে যেখানে বাঁচিতে চায়, লাখো মানুষের জীবিকা একা জমাইতে চায়, কিন্তু কাহাকেও বাঁচাইতে চায় না সেখানে সে বাঁচিবে কীসের জোরে?'[৭]

কিন্তু নীলমণি দরিদ্র হলেও তার মান-অপমানের জ্ঞান ছিল তীক্ষ্ণ। মাঝে মাঝে নীলমণি পরিস্থিতির চাপে মেয়ে শ্যামার ওপর সব রাগ উগ্রে দেয় তামাক নেই এই ছুতোয়-

'তামাক নেই বিকেলে বলিসনি কেন? আমি দেখিনি বাবা। দেখিনি বাবা !

কেন দেখ নি বাবা? চোখের মাথা খেয়েছিলে?[৮]

স্ত্রী নিভা যখন নীলমণি কে সরকার বাড়িতে ঠাঁই নিতে বলে তখন নীলমণি আত্মসম্মানে লাগে। মেহনতী মানুষের আত্মসম্মান একমাত্র সম্বল। কিন্তু স্ত্রী নিভা আর সইতে না পেরে বলে,

"ছেলে মেয়ে বউকে বর্ষা বাদলের মাথাগোঁজার ঠাঁই দিতে পারে না, অত মান অপমান জ্ঞান কীজনো? আজ বাদে কাল ভিক্ষে করতে হবে না?"[৯]

নিভার এমন কথাই নীলমণি তীব্র ক্ষেপে গিয়ে তার দিকে ঘটি ছুড়ে মারে। কিন্তু প্রত্যহ প্রকৃতির সঙ্গে লড়াই, ক্ষুধা কষ্ট, স্ত্রীর ভৎসনা ইত্যাদির চাপে মেহনতি মানুষের

আত্মসম্মান তা যেন কোথায় হারিয়ে যায়। তাই বাধ্য হয়ে সম্মান বিসর্জন দিয়ে নীলমণি তার পরিবার নিয়ে সরকারদের বৈঠকখানায় ঠাঁই নিয়েছিল। যেখানে সরকারের বড়ো ছেলের কাছে অপমানিত হলেও চারদিক চেয়ে নীলমণির খুশির পরিমাণ বৃদ্ধি পায়।

'সুখ শয্যা না জুটুক, নিবাত, শুষ্ক, মনোরম আশ্রয় তো জুটিয়াছে।' তখন সে মেয়ে বউয়ের সাথে ভালো ব্যবহার করে। সরকারদের বাড়িতে আশ্রিত পিসা হাঁপানি রোগীকে সান্তনা দেয়।

দরিদ্র নিম্নবিত্ত নীলমণির অপমানবোধ শেষ পর্যন্ত টিকবে না তা মানিক বন্দ্যোপাধ্যায় জানতেন। লেখক ধাপে ধাপে নীলমণিকে নৈরাশ্য থেকে সংগ্রামের স্তরে তুলে এনেছেন। এই দুর্যোগের রাতে নীলমণি ভেবেছে এসব অপরাধ তার। 'আত্মহত্যার অধিকার' গল্পে আসলে নীলমণি নিম্নবিত্ত মেহনতি মানুষ হওয়ায় নিজের আত্মসম্মানটাকেও শেষ পর্যন্ত বাঁচাতে পারেনি।

শেষ পর্যন্ততার নিজের আত্মসম্মানটাকেও হত্যা করতে হয়েছিল। গল্প শেষ হয়েছে এই উপলব্ধিতে যে, বেঁচে থাকার লড়াই কোনোদিন শেষ হয় না।

'কে বাঁচায়, কে বাঁচে' গল্পটি রচিত হয়েছে মৃত্যুঞ্জয়ের অত্যন্ত সাদামাটা জীবন কাহিনি অবলম্বনে। কিন্তু একদিন অফিস যাওয়ার পথে সমাজের মেহনতি মানুষের অনাহারের মৃত্যুমিছিল সে দেখতে পেল। এতদিন শুধু শুনেছিল এই মেহনতী মানুষ সম্পর্কে, কিন্তু সেই মেহনতি মানুষের ফুটপাতে মৃত্যুর দৃশ্য তার প্রথম চোখে পড়ল। কারণ অফিস যাওয়ার সময় সে দু'পা হেঁটেই ট্রামে ওঠে আর নামে গিয়ে অফিসের সামনের দরজায়।

কিন্তু সেদিন অফিসে যাওয়ার পথে ফুটপাতে মেহনতি মানুষের মৃত্যু দেখে সে একটি অপরাধবোধে পিরিত হয়। মৃত্যু মিছিল দেখার পরে বাড়ি থেকে খেয়ে আসা সমস্ত কিছু অফিসে এসে অগ্রিম দিল। এই গল্পে মৃত্যুঞ্জয় এর পাশাপাশি অপর একটি চরিত্র হলো নিখিল। সেও মৃত্যুঞ্জয়ের বন্ধু। মৃত্যুঞ্জয়ের কাছের বন্ধু হওয়ায় নিখিল বুঝতে পারে মৃত্যুঞ্জয়ের সমস্যার সঙ্গে সংঘর্ষ হয়েছে। নিখিল সে কারণে সন্তর্পনে মৃত্যুঞ্জয় কে প্রশ্ন করে,

'কী হল হে তোমার? মরে গেল! না খেয়ে মরে গেল! ফুটপাতের ওই বীভৎসতা ক্ষুধা অথবা মৃত্যু রূপ?

না খেয়ে মরা, কী ও কেমন? কত কষ্ট হয় না খেয়ে মরতে, কী কষ্ট? ক্ষুধার যাতনা বেশি না মৃত্যুযন্ত্রণা বেশি ভয়ংকর ?[১০]

এই অপরাধ বোধ জাগ্রত হয়ে মৃত্যুঞ্জয় স্বস্ত্রীক একবেলা খাওয়া কমিয়ে সেই খাবার অভুক্তদের বিলিয়ে দিতে শুরু করে। এমনকি একটা সময় পুরো মাইনেটা সহকর্মী বন্ধু নিখিলের হাত মারফত ত্রাণ তহবিলে পাঠিয়ে দেয়।

'ভাবছি আমি বেঁচে থাকতে যে লোকটা না খেয়ে মরে গেল, এই অপরাধের প্রায়শ্চিত্ত কী?

জেনেশুনেও এতকাল চারবেলা করে খেয়েছি পেট ভরে।'[১১]

শেষ পর্যন্ত মৃত্যুঞ্জয়কে দেখা গেছে তার গা থেকে ধূলিমলিন সিল্কের জামা অদৃশ্য হয়ে যায়। এবং সেও ফুটপাতের মেহনতি মানুষের মতো মগ হাতে করে লঙ্গরখানায় কাড়াকাড়ি মারামারি করে খিচুড়ি খায়।

সেই দিক থেকে মানিক বন্দ্যোপাধ্যায়ের এই গল্পে দেখান হয়েছে, এই মেহনতি মানুষ যারা থাকার জন্য লড়াই করছে, পাশে এসে দাঁড়িয়েছে এই গল্পের নায়ক মৃত্যুঞ্জয়। 'দুঃশাসনীয়' গল্প মেহনতি অর্থাৎ নিম্নবিত্ত মানুষের বেঁচে থাকার লড়ায়ের সঙ্গে সঙ্গে বস্ত্রসংকট অর্থাৎ বস্ত্রের জন্য লড়াই এই গল্পের মুখ্য বিষয় হয়ে উঠেছে।

এই গল্পটি হাতিপুর গ্রামের। একসময় সেখানে গেলে লোকালয়ের বাস্তব অনুভূতিতে স্বস্তি মিলত। কিন্তু সেই হাতিপুর গ্রামে আজ এলে সবাই ভয় পাবে।

দুর্ভিক্ষে এই গাঁয়ের অধিকাংশের অপমৃত্যুর- নিরুপদ্ধার, এ জ্ঞান জন্ম থেকেই আছে। তারপর সেই গ্রামের মানুষদের বস্ত্র সংকটের ছায়ামূর্তি সকলের চোখে পড়ে। এই গাঁয়ের বস্ত্রসংকট এতটাই তীক্ষ্ণ হয়ে ওঠে যে, কোন কোন মেয়ে একেবারে অন্ধকার ঘরের মধ্যে লুকিয়ে থাকে। বাপ-ভাই- স্বামী-শশুরের সামনে হাসতে পারে না।

ভোলা নন্দী কোমরের ঘুনসির সঙ্গে দুই আঙ্গুল চওড়া পট্টি এঁটে তার পাঁচহাতি ধুতিখানা বাড়ির মেয়েদের দান করেছে। কিন্তু স্ত্রীলোকেদের সেই কাপড় পড়লে সারাক্ষণ কাঁধে হাত দিয়ে রাখতে হয়, নইলে বিপদ। এই বস্ত্রসংকটের লড়াই হাতিপুর গ্রামে এই বস্ত্র সংকটের লড়াই এতটাই শোচনীয় হয়ে ওঠে যে ভৃতি নামে একজন মা তার ছেলের সামনে উলঙ্গ অবস্থায় আসতে বাধ্য হয়।

"ভূতি দিশেহারা হয়ে ভাবে, যাবো? ছেলে মাকে ন্যাংটো দেখলে কী আসে যায়? মা কালীও তো ন্যাংটো। ও মা কালী, তুইই বল মা, যাবো? বল মা, মোর হিদয়ে থেকে একটা কিছু বল!"[১২]

এই গল্পে অন্যতম একটি চরিত্র রাবেয়া, সে আনোয়ারকে বলে আজ যদি সে কাপড় আনতে না পারে তাহলে সে পুকুরে ঝাঁপ দেবে। কারণ সে তার বিবর্ণ মুখ, রুক্ষ চুল নিয়ে দুর্ভিক্ষের দিনগুলি ধুঁকতে ধুঁকতে লড়াই করে কাটিয়ে দিয়েছে, কিন্তু সে

নিজের লজ্জা নিবারণের জন্য, ট্রেড জন্য আর লড়াই করতে পারছে না।

"আজ কাপড়ের জন্য সে কামনা করছে মরণ?

খেতে দিতে না পারার দোষ ও গ্রাহ্য করে নি, পরতে দিতে না পারার দোষ ও সইতে নারাজ।

বিবিকে যে পরনের কাপড় দিতে পারে না সে কেমন মরদ, তার আবার শাদি করা কেন?"[১৩]

শেষঅবধি বস্ত্রের আশায় থাকতে থাকতে ও লড়াই করতে করতে রাবেয়ার পরনে এসে জোটে একটি ছেঁড়া চারটের পর্দা। গ্রামের সমস্ত নারীই বিবস্ত্র। এই বস্ত্রসংকটের লড়াই আর চালাতে পারে না তাঁর শেষ পরিণতি হয় মৃত্যু।

'আনোয়ারকে খাইয়ে নিজে খেয়ে সানকি আর কলসি নিয়ে রাবেয়া ঘাটে গেল, আর ফিরল না। ?'[১৪]

মানিক বন্দ্যোপাধ্যায় এই গল্পের মধ্য দিয়ে মেহনতি নিম্নবিত্ত মানুষদের খাদ্যের জন্য, অস্তিত্বের জন্য ও সর্বোপরি বস্ত্রের জন্য লড়াইকে তুলে ধরেছেন।

।।৪ ।।

মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পে জীবনদর্শনের বহুমাত্রিকতায় একদিকে যেমন এসেছে অসঙ্গতি, ভণ্ডামি, অসারতা ও অন্তঃসারশূন্যতা, অন্যদিকে তাঁর অন্তর্ভেদী দৃষ্টি পৌঁছেছে 'বিকাশের মোহে মূর্ছাহত' নর-নারীর মনের অস্বাভাবিক রুগ্ন জটিলতায়। যার পেছনে আছে অন্ধ যৌন অবচেতনার এক কূটিল অন্ধকার জগৎ। সুতরাং মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর লেখার মধ্যে দিয়ে তাঁর জীবনের জন্য কিছুই চান নি। তিনি শুধু তাঁর সহ নাগরিকদের তাঁর উপলব্ধির ভাগ দিতে চেয়েছেন। এই নিঃস্বার্থ সাওয়ার মধ্যে দিয়েই গড়ে উঠেছে মানিকের গল্পের নেপথ্যে কাজ করে যাওয়া খুব বলিষ্ঠ একটি জীবনদর্শন। যে জীবনদর্শনের দ্বারা চালিত হয়ে মানিক যেখানেই মানুষের প্রতি নেমে আসা অপমান, অবিচার, ক্ষুধা, মধ্যবিত্ত পরিবারের আত্মসম্মান, মেহনতি মানুষদের বেঁচে থাকার জন্য জীবন সংগ্রাম দেখেছেন, সেখানেই তাঁর কলম ঝলসে উঠেছে। সেক্ষেত্রে মানিক বন্দ্যোপাধ্যায় শুধুমাত্র যে এক প্রতিবাদী গল্পকার তা নয়, তিনি জীবনের নানা মাত্রিক শেডেরও রূপকার। তাঁর প্রত্যেকটি গল্পের মধ্যে রয়েছে যেমন মানুষের সঙ্গে মানুষের সম্পর্কের নানা ওঠাপড়া; ঠিক তেমনি জীবনকে সঠিকভাবে উন্মোচিত করবার দুর্বার সাহস। সে সাহস মানিকের চরম অভাবের মধ্যেও তার এক উন্নত জীবনদর্শনের স্বাভাবিক ফল।

কোনো কোনো গবেষক মনে করেন মানিকের বিশ্বাস ছিল সমাজ ব্যবস্থার একটি সুদৃঢ় স্বপ্নে। তিনি সেই বিশ্বাসের দ্বারা চালিত হয়ে আভিজাত্য নয়, মিশে যেতে চেয়েছিলেন

সেই সব মানুষের মিছিলে যারা দু'বেলা খাবার ও বেঁচে থাকবার নূন্যতম রসদ জোগাড় করতে প্রতিনিয়ত মাথার ঘাম পায়ে ফেলে চলেছে।

এই মানুষই ছিল মানিকের সাহস ও তাঁর এগোনোর শক্তি। যে সাহসের শক্তিতে মানিক তাঁর গল্পে একটা উত্তাল সময়ের প্রক্ষাপটে জীবনকে দায়িত্বশীল একজন আদর্শ নাগরিক হিসাবে নানা মাত্রিক দৃষ্টির আলোক দিয়ে বিচার ও বিশ্লেষণ করে চলেছেন। এই সংক্ষিপ্ত সময়ের মধ্যে আমার অণুগবেষণার সুবিধার্থে আমি মানিক ছোটোগল্পগুলি নির্বাচন করেছি। এই আমার কাজের সীমাবদ্ধতা। তবে এর বাইরেও অনেক সাহিত্য সম্ভার রয়েছে, অনেক উপন্যাস ধারা রয়েছে। সেই বিষয়গুলো নিয়ে পরবর্তী গবেষক গবেষণা করতে পারেন।

তথ্যসূত্র :

১) বন্দ্যোপাধ্যায় মানিক, 'শ্রেষ্ট গল্প/অতসি মামি', শুভম পাবলিশার্স, শুভ ১লা বৈশাখ, ১৪২৪, কলকাতা ৭০০০৭৩, পৃষ্ঠা- ২৫৪

২) তদেব, পৃষ্ঠা- ২৬২

৩) তদেব, পৃষ্ঠা- ২৬৫

৪) বন্দ্যোপাধ্যায় মানিক, 'শ্রেষ্ট গল্প/সিড়ি', শুভম পাবলিশার্স, শুভ ১লা বৈশাখ, ১৪২৪, কলকাতা ৭০০০৭৩, পৃষ্ঠা- ২৯৫

৫) তদেব, পৃষ্ঠা- ৩০১

৬) বন্দ্যোপাধ্যায় মানিক, 'শ্রেষ্ট গল্প/আত্মহত্যার অধিকার', শুভম পাবলিশার্স, শুভ ১লা বৈশাখ, ১৪২৪, কলকাতা ৭০০০৭৩, পৃষ্ঠা-৭৮

৭) তদেব, পৃষ্ঠা-৭৯

৮) তদেব, পৃষ্ঠা- ৮০

৯) তদেব, পৃষ্ঠা- ৮৫

১০) বন্দ্যোপাধ্যায় মানিক, 'শ্রেষ্ট গল্প/কে বাঁচায়, কে বাঁচে', শুভম পাবলিশার্স, শুভ ১লা বৈশাখ, ১৪২৪, কলকাতা ৭০০০৭৩, পৃষ্ঠা-৯৫

১১) তদেব, পৃষ্ঠা-৯৬

১২) বন্দ্যোপাধ্যায় মানিক, 'শ্রেষ্ট গল্প/দুঃশাসনীয়', শুভম পাবলিশার্স, শুভ ১লা বৈশাখ, ১৪২৪, কলকাতা ৭০০০৭৩, পৃষ্ঠা- ১০১

১৩) তদেব, পৃষ্ঠা- ১০২

১৪) তদেব, পৃষ্ঠা- ১০৫

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:

(১) বন্দ্যোপাধ্যায় মানিক। 'শ্রেষ্ঠ গল্প'। শুবম পাবলিশার্স। ১৪২৪ বঙ্গাব্দ। কলকাতা,৭০০০৭৩।

সহায়ক গ্রন্থঃ

(১) বন্দ্যোপাধ্যায় মানিক। নির্বাচিত ছোটোগল্প'। ঘরে-বাইরে পাবলিশার্স। জানুয়ারি, 2022। কলকাতা - ৭০০০৩১।

(২) বন্দ্যোপাধ্যায় অসিতকুমার। 'বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত'। তৃতীয় খণ্ড। মডার্ন বুক এজেন্সি। ২০১৬। কলকাতা- ৭০০০৭৩।

(৩) গঙ্গোপাধ্যায় সুনীল। 'ছোটোগল্প সমগ্র'। প্রথম খণ্ড। নন্দিতা পাবলিশার্স। মার্চ- ২০১৯। কলকাতা- ৭০০০৭৩।

(৪) চক্রবর্তী সুমিতা। 'ছোটোগল্প বিষয়-আশয়। ২০১৬। পুস্তক বিপণি। কলকাতা

(৫) মিশ্র অশোককুমার। 'বাংলা ছোটোগল্পের 2016। জয়দুর্গা লাইব্রেরি। কলকাতা

১৫. অতুল সুর, বাংলা ও বাঙালীর সমাজ ও সংস্কৃতি, কলিকাতাঃ জ্যোৎস্নালোক,১৯৯০, পৃঃ ২৩৫।

১৬. ইরফান হবিব, মুঘল ভারতের কৃষি ব্যবস্থা (১৫৫৬-১৭০৭), কলকাতাঃ কে পি বাগচী অ্যাণ্ড কোম্পানি, ১৯৯৯।

১৭. Infar Habib, Technology In Medievel India, c. 656-1750, New

১৮. Delhi: Tulika Book, 2009.

১৯. অনিরুদ্ধ দাস, দীর্ঘস্থায়ী কৃষি বিকাশঃ ঐতিহাসিক পটভূমি ও আধুনিক সভ্যতার দায়, কলকাতা, গাঙচিল, ২০১০, পৃঃ ১৫৫-১৫৬।

২০. এবনে গোলাম সামাদ, বাংলাদেশঃ মানুষ ও ঐতিহ্য, রাজশাহীঃ লেখক,১৯৭৭, পৃঃ ৭৮।

২১. কাজী মোজাম্মেল পানি ব্যবস্থাপনা ও পরিবেশঃ প্রেক্ষিত কৃষি বাংলাদেশ পরিবেশ ও কৃষি কনসালটেশন, ২০০২, ঢাকাঃ বাপা।

২২. হরিচরন বন্দ্যোপাধ্যায়, বঙ্গীয় শব্দকোষ (১ম খণ্ড), নিউ দিল্লীঃ সাহিত্য আকাদেমী, ১৯৬৬।

২৩. নজরুল ইসলাম, বাংলাদেশের গ্রামঃ অতীত ও ভবিষৎ, ঢাকা, প্রথমা, ২০১১,পৃঃ ১৬৭।

২৪. জাহারাবী রিপন, মধ্যযুগের পাঁচালি নাট্য বাংলার কৃষি-প্রসঙ্গ, ঢাকাঃ বাংলাএকাডেমী, ২০১০।

২৫. দেশী বাংলা শব্দের অভিধান (সংকলন সুধীরচন্দ্র সরকার), কলকাতা, সি.সরকার অ্যাণ্ড সন্স প্রা. লি., ১৪১২ বঙ্গাব্দ।

২৬. অমরকোষ (গুরুনাথ বিদ্যানিধি ভট্টাচার্য স.) কলিকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার।

২৭. www.irrigationmuseum.com, 03-02-2022.

২৮. মুহম্মদ আবদুল জলিল, 'লোকবিজ্ঞান ও লোকপ্রযুক্ত', পৃঃ ১১৬-১১৭। ওয়াকিল আহমদ, বাংলাদেশ সাংস্কৃতিক সমীক্ষামালা--৭, লোকসংস্কৃতি, পৃঃ ১৩২

২৯. ওয়াকিল আহমদ, বাংলাদেশ সংস্কৃতিক সমীক্ষামালা-সাত, লোকোসংস্কৃতি, পৃষ্ঠা ১৩২

2

প্রসঙ্গ প্রহসন : উনবিংশ ও বিংশ শতক

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
অসিত বাকচী (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

মাইকেল মধুসুদন দত্তের উল্লেখ যোগ্য প্রহসন

' একেই কি বলে সভ্যতা' (১৮৬০) প্রহসনটিতে তৎকালীন শিক্ষিত শহরে বাঙালী জীবনের দ্বিধা ও সংকটের ছবি প্রতিফলিত হয়েছে। আলোচ্য প্রহসনের পরিবেশ ও পটভূমিকা নেওয়া হয়েছে শহর কলকাতার প্রত্যক্ষ বাস্তব পরিবেশ থেকে। এই বাস্তব পরিবেশকে দুটি ভাগে ভাগ করা হয়েছে।

এক সিকদার পাড়ার খণ্ড খণ্ড দৃশ্য। দুই সভাগৃহের নবকুমারের উক্তি।

এছাড়া প্রহসনের শেষ গর্ভাঙ্কে গৃহিনীর সংলাপে রামমোহনের কথা উঠে আসে কালীনাথের উক্তিতে। তাতে কয়েকটি প্রাথমিক তথ্য পাই। কালীনাথের সংলাপে কলকাতার তৎকালীন জীবনযাত্রার বাস্তবচিত্র প্রতিফলিত হয়েছে । আমাদের আলোচ্য প্রহসনের মূল চরিত্র কর্তামাশায়, বৈষ্ণবীয় মূল্যবোধজাত ধর্মাচরণের সঙ্গে কর্তা মনায় কলকাতাকে "পাপ নগর' বলে অভিহিত করেছেন। তিনি এই পাপ ও ধর্মের কারণ যানেন কিন্তু পরবর্তী প্রজন্মের প্রতিনিধি নবকুমারের স্ত্রী হরকামিনী এর কারণ বোঝে না তাই তার উক্তি -

"হে বিধাতা । তুমি আমাদের উপর এত বাম হলে কেনা ?"[১]

যুগের এই ধর্মাচারণ ও অধর্মচারণের দ্বন্দ্ব প্রাচীন কর্তামশায় ও নবীন হরকামিনীর প্রজননগত স্বপ্নের মধ্য বিস্তারিত হয়েছে বৈদ্য বাবাজীর মধ্যেও তা দেখা যায়। বলাবাহুল্য নাট্যকার মধুসূদনের উদ্দেশ্য হল সমকালের সংকট পূর্ণ এই তিন লক্ষের চিত্রকে তুলে ধরা। তা দেখতে গিয়ে নাট্যকার একটি কাহিনিকে আশ্রয় নিয়েছে।

তৎকালিন শিক্ষিত যুবকেরা যে ইয়ংবেঙ্গল দল গড়ে তোলেন তার গলদ কোথায় প্রাচীনদের সঙ্গে এদের দ্বন্দ্ব কিসের। যুগের প্রভাবে প্রাচীননের মধ্য গলদ কোথায় এসব বিষয়কে স্পষ্ট করার জন্য নাট্যকার উদ্দেশ্য মূলকভাবে ব্যাঙ্গের কথামাত করতে ছাড়েননি ব্যাঙ্গ বিদ্রূপের মধ্য দিরে সমাজের সমালোচনা যখন প্রহসনের উদ্দেশ্য হয়ে ওঠে। প্রসঙ্গত একথাও স্মরণ করতে হয়। সমালোচক আশুতোষ ভট্টাচার্যের অভিমত

"একেই কি বলে সভ্যতার একটি প্রধান খন এই যে উদ্দেশ্য মূলক রচনা হওয়ায় ইহার মধ্য মতবাদ প্রাধান্য লাভ করে নাই, কাহিনি প্রাধান্য লাভ করিয়াছে।"[২] আমাদের দেখাতে হবে নাট্যকার এখানে কলকাতার বাস্তব পরিবেশকে কি ভাবে এঁকেছেন । আমরা জানি এই প্রহসনের মূল উদ্দেশ্য হল প্রত্যক্ষ সমাজ পরিবেশকে তুলে ধরা। এই প্রহসনে বাস্তব পরিবেশ দুভাবে উঠে এসেছে

"এক সিকদার পাড়ার খণ্ড খণ্ড দৃশ্যের মধ

দুই সভাগৃহে নবকুমারের উক্তিতে

তিন. গৃহিনীর মুখে রামমোহনের নাম উচ্চারণে

চার. কালীনাথের কথায় কলকাতার চিত্রের মধ্য দিয়ে।"[৩]

এই প্রত্যক্ষ সমাজ পরিবেশটি নাটকে অত্যন্ত প্রয়োজনীয় ছিল কাহিনির মূল বহুবাকে স্পষ্ট করে তোলার জন্য।

এই প্রহসনে মধুসূদন জীবন্ত পরিবেশের দ্বারা নিয়ন্ত্রত করেছেন বিশেষত কালিনাথ ও নবকুমারকে চৈতন্য বলাই বা মহেশ এদের পরিচয় মধ্যযুগে মেলে। পয়োধারী বা নিতম্বিননিদের মধ্য যখন মান অভিমান দেখা দেয় তখন তারা হয়ে উঠে একটি বিশেষ কালের প্রতিনিধি। কাজেই সমকালের পরিবেশের প্রয়োজনীয়তা প্রহসনে আছে।

* জানতরঙ্গিনী সভার ভাষণে নবকুমার এই বিষয় গুলি স্পর্শ করে -

১। বিদ্যাবলে কুসংস্কার কি হওয়া ।

২। পুলিকা দেখে হাটু নাওয়াতে স্বীকার না করা ।

৩। দেশের সোসাল রিফমশনের চেষ্টা করা।

৪। মেয়েদের শিক্ষিত করা ও স্বাধীনতা দেওয়া।।

৫। জাতি ভেদ তফাৎ করা ।

নবকুমারের পিতার সঙ্গে কালীনাথের সংস্কৃত বিদ্যা ও ধর্ম নিয়ে আলোচনা ভারত বিদ্যার অন্তর্গত । নবকুমার ও কালীনাথের আচরণে ইয়ংবেঙ্গল দলের প্রতিরূপ মেলে।

প্রথমত : যদি সমকালিন পরিবেশটিকে নাটিকার পক্ষে একান্ত প্রয়োজনীয় বলে প্রমান করা যায়। তাহলেই এর শিল্পমূল্য প্রমানিত হয় । এ বিষয়ে সমালোচক নির্মেলেন্দু ভৌমিক বলেন-

-" সমকালীন জীবন্ত পরিবেশটিকে একটি নিছক পটভূমিকা বলা চলে না, বলা চলে একটি নাট্যিক প্রসঙ্গ হয়ে উঠেছে।"[৪]

দ্বিতীয়ত: বিভিন্ন বৃত্তি, সামাজিক স্তর নাট্যিক পরিস্থিতি অনুযায়ী প্রাণময় সংলাপ রচনা করে নাটা কার অসাধারণ দেখিয়েছেন ।

এই সব কারণে উদ্দেশ্য মূলকতাকে ছড়িয়ে প্রহসনটির শিল্পমূল্য অসাধারণ, ডঃ নির্মেলেন্দু ভৌমিকের কথায় --

"...প্রহসন যে কালজয়ী বিশুদ্ধ সাহিত্য পরিণতি হতে পারে নানা সুক্ষ্ম ব্যাঞ্জনামণ্ডিত হয়ে উঠতে পারে আলোচা প্রহসনটি দুর্লভ নিদর্শন।"[৫]

।।খ।।

নাটক সৃষ্টির ক্ষেত্রে শিল্পরীতির ভিত্ততে নাটকের প্রধান কটি অঙ্গ আছে। কাহিনি, চরিত্র, ঘটনা সমাবেশ ও সংলাপ, বলা বাহুলা নাটক সৃষ্টির ক্ষেত্রে এই অঙ্গগুলি সঠিক ভাবে বিচরণ না করলে তা যথার্থ নাটক হয়ে উঠতে পারে না। সুতরাং বলা যায় নাটক বা প্রহসন যাই বলিনা কেন, কোন শিল্প রীতির ক্ষেত্রে সংলাপ একটি প্রধান অঙ্গ কারণ সংলাপ নাটকের প্রাণ।

চরিত্রগুলির সমাবেশ ইত্যাদির মত সংলাপ ছাড়া নাটক গুরুত্বপায় না।

নাট্যসংলাপের প্রধান বৈশিষ্ট্য হিসাবে দেখতে পাই

এক. সংলাপের সঙ্গে অচ্ছেদ্য ভাবে যোগ থাকবে নাটকের Plot character এর অবাস্তব কোন সংলাপ থাকবে না মুলত নাটকের প্লটের অগ্রগতি ও চরিত্র গুলির ভাষা রুপেই সংলাপ নাটকেই থাকবে। সংলাপ হবে সর্বদা বাস্তব সম্মত, স্বাভাবিক ও যথোপযুক্ত এবং গতিগর্ভ সংলাপের মূল কাজ ।

তিন. সংলাপ আদি থেকে অন্তপর্যন্ত নাটকিয় হবে, কখন কখন বাক্যগত সুরের উত্থান পতন, কখন বা একাধিক শব্দের প্রয়োগ অথবা কখন ধুনি গম্ভীরবর্ণ সমাবেশ করতে হবে বাকা ও শব্দের নাট্যশেষের প্রয়োগ বিবিধ অলংকারের সন্নিবেশ নানা বিধ রূপ কল্পের সৃজন সংলাপে প্রশংসনীয় করে তোলে ।

চার... সংলাপের পার কোন নাট্যবৃত্তের পরিবেশ তৈরী হয়।

প্রসঙ্গত বলতে হয় সংলাপ রচনার সার্থকতার আর একটা বড় দিক হল উচিত বোধ অর্থাৎ যথাযথ স্থানে শব্দ যা কিনা একই সঙ্গে কাহিনির রস উদ্দেশ্যকে স্বার্থক করে তোলা তাই সংলাপ বিচারের বিশেষ কয়েটি দিক। তুলে ধরা হল।

এক. বিভিন্ন বৃত্তির মানুষের মুখের ভাষা (বারবিলাসিনি)

দুই. বিশেষ ধর্মের মানুষের মুখের ভাষা (বৈষ্ণব ধর্মের)

তিন বিশেষ পরিস্থিতির ভাষা (মাতালদের ভাষা)

চার নারীর মুখের ভাষা (হরকামিনী, পয়োধরী)

একেই কি বলে সভ্যতায় কিছু সংলাপ তুলে ধরার চেষ্টা করলাম সারজেন্ট বাবলীকে মুক্তি দিয়ে দিলে তার ধর্মীয় সংলাপ শোনা যায়

" জয় মহাপ্রভু

প্রভু

যখন হোটেলে বাস্ত নিয়ে মুটেরা এল তখন এ বাবাজীর ধর্মীয় সংলাপের ব্যবহার

:: রাধে কৃষ্ণ কি পূর্ণাঙ্গ মুসলমান মুটেদের মধ্য একজনের মন্তব্য =

"ও হারামখোর বেটারগো কি আর দীন আছে ?

ওরা না মানে আন্না না মানে দেবতা।

পুত্রের মাতাল অবস্থা দেখে গৃহিনী সংযত থাকতে পারে না। তাই নবকুমারকে অবলম্বন করে গৃহিনী বলে ওঠে-

" একি একি ? আমার সোনার চাঁদ যে মাটিতে গড়াচ্ছে ওমা, কি হল ? ওঠো বাবা ওঠো পুয়ের মুখ থেকে যখন মদের গন্ধ বেরয় । ভীত সন্তস্ত অনভিজ্ঞ সরল মমতার সংলাপ -

"ওমা, এ কি সর্বনাশ আমার দুধের বাচ্চাকে কি কেউ বিয টিস খাইয়ে দিয়েছে নাকি?

আবার বুড়ো সালিকের ঘাড়ে রোঁ সংলাপে দেখি

ক. "হানিফ। বলিস কি ? পঞ্চাশ টাকা যাতে । মুই কি আর ঝুঁটি কথা বলছি ।

হানিফ। (সরোষে) এমন গরুপোর হারাম জাদা কি হেদুদের বিচে আর দুজন আছে?

আসতেছে । আবার পুটি ও ফতেমার সংলাপে দেখি

খ. ফতে। আর মিছে গোসা কর কেন ? ঐ দেখ যে কুটনি মাগিকে মোর কাছে পেটয়ে ছ্যাল সে ফের এই দিকে পুটি। আর কি বলবি ? সোনার পরবি না এখানে বাদী হয়ে থাকবি ? ফাতেমা । তা ভাই যার যেমন নসিব। তুই মোকে জওয়ান খসম ছেড়ে একটা বুড়োর কাছে যাতি বলিস তা সে বুড়ো মলি আমার কি হবে?

জ্যোতিরিন্দ্রনাথ তাঁর 'অলীকবাবু " নাটকে সমকালিন সমাজ জীবনেরই প্রতিচ্ছবি তুলে ধরেছেন । কৃত্রিম সমাজের প্রতি লেখকের এক ধরনের বিদ্বেষে-ই প্রকাশ পেয়েছে । সে কালে অতি আধুনিক হবার বাসনায় প্রকাশের ক্ষেত্রে হেমাঙ্গিনী নায়িকার প্রতিরুপ অঙ্কন করেছেন । হেমাঙ্গিনী গ্রাম ভাবনা এ ভাষাকে মিশিয়ে দিয়ে হাস্যরস সৃজনে ও সংলাপে অবশ্যই হাস্যরসের অনুকূলেই রায় দেয়।

অলীক আর সত্যসিন্ধুর সংলাপে দেখি। -

অলীক ।"(স্বগত) এ বেটা খেতে রাজি হল - তবেই তো দেখছি মুশকিল। (সত্যসিন্ধুর প্রতি) কড়ায়ের ডাল আর ভাত ভাল লাগবে মশায় ?

সত্য। তুমি যে বাপু পোলাও কালিয়ে হুকুম দিলে তার কি হল ?

অলীক। কালিয়ে পোলাও ।

সত্য । তোমার বন্ধুরা তো কেউ এলনা বাপু সে সব খাবার খাইয়ে দাও ।

অলীক । হাঁ হাঁ বটে বটে এখন চাকর গুলো এলে যে হয়।

এরকম ভাবে কিছু কিছু বাস্তবতার ব্যবহার অধীক প্রহসনে ব্যাকরণগত দিক ধ্বনি পরিবর্তন, ইত্যাদির প্রয়োগ দেখা যায়।

।।গ।।

প্রহসন হল হাস্যরসাত্মক স্বল্পাকৃতির নাট্যরচনা । 'নাট্যদর্পণ' প্রনেতা রামচন্দ্র প্রহসণের সংজ্ঞায় বলেছেন।

'কর্ষেণ হুসাতে যত্র ইতি প্রহসনম্"

আসলে হাস্যরস সৃষ্টি প্রহসনের মূল লক্ষ্য। সে ক্ষেত্রে ব্যক্তি চরিত্রের অসংগতি কিংবা সংসারের স্বাভাবিক ব্যতিক্রম বা অসংগতিই অথবা একই আধারে ভিন্নধর্মী গুণের সহাবস্থানে হাস্যরসের আধার। প্রহসন হল সাহিত্য কুটিরে হাসারসের নির্দিষ্ট ভাড়ার । ব্যক্তি চরিত্রে বা সামাজিক জীবনের অসংগতিকে অবলম্বন করে । প্রহসন রচয়িতাগণ হাস্যরসের বিভিন্নরূপ পরিগ্রহ করে- i) Humour ii) Wit iii) Satire iv) Fun এর মধ্যে Humour হল নির্মল হাস্যরস । এর প্রধান উপাদান গৃহীত হয় মূলত ব্যক্তিচরিত্রের অসঙ্গতি থেকে এর উদ্দেশ্য হল সমাজের নানা অসঙ্গতি অনাচারকে নির্লিপ্তভাবে তুলে ধরে নির্মল কৌতুক পরিবেশন করা । সমালোচক বলেন " Humour is the kindly treatment of the ludicrous.

Wit হল মার্জিত বৃদ্ধির বাক চাতুর্য্যা এর আবেদন বুদ্ধিদীপ্ত পাঠক দর্শক মনে এতে লেখকের তীবৃদ্ধি ও শব্দ নৈপুন্যের প্রয়োজন হয়। Satire মধ্য নিহত থাকে তাঁর বিদ্রুপ। অন্যদিকে Fun হল লঘু হাসারস যেখানে নিছক কৌতুক করাই লেখকের উদ্দেশ্য সেখানে তিনি Fun কে আশ্রয় করেণ।

মধুসূদন দত্ত * একেই কি বলে সভ্যতা' ও 'বুড়ো সালিকের ঘড়ে রোঁ' প্রহসন দুটিতে একদিকে ভণ্ড ইয়ং বেঙ্গল 4 সমাজের কুকর্মকে ব্যাঙ্গ বিদ্রুপ করেছেন । অন্যদিকে দেশীয় হিন্দুয়ানীর ভণ্ডামিকে কষাঘাত করেছেন । "একেই কি বলে সভ্যতা' প্রহসনটির প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কের কর্তামশায়ের সঙ্গে কালীনাথের পরিচয় দৃশ্যটি নির্মল হাস্যরস সৃষ্টি করেছে -

প্রথম: "বাবাজী বলেন কি ? চল আমরা বাবাজিকে হরিবোল দিয়ে নিয়ে যাই। বল হরি হরিবোল ।

বাবাজী ঃ (স্বাগত) কি বিপদ! রাধে কৃষ্ণ (প্রকাশে) না বাছা তোমারা যাও, আমার ঘাট হয়েছে ।

দ্বিতীয়: ও হো আমরা যাব বই কি ? তোমার সেই তরঙ্গিনী বই আমার মনে উঠবে না ? তা আমরা যাই আর তুমি এখানে দাড়িয়ে কাঁদ"।

প্রহসনের একেবারে শেষ দৃশ্যে নেশাগ্রস্ত নবকুমার নিজের স্ত্রীকে পয়োধারী সম্বোধন করেছে। মাতাল নবকুমারের এই আলাপ দর্শককে হাসিয়েছে । শুধু তাই নয় কর্তামশায় নেশাগ্রস্থ নবকুমারকে বেহায়া, বানর কুলাঙ্গার বলে গালি দিলে এবং মদ্যপ নবকুমার নিজের অজ্ঞাতেই "হিয়ার হিজর, আই সেকেণ্ড দি রেজোলুয়ন" বলে উঠলে পাঠক বা দর্শক হাসিতে ফেটে পড়ে আবার 'বুড়ো সালিকের ঘাড়ে রোঁ' হাস্য রসে দেখি-

(স্বাগত) আঃ বেলাটাকি আজ ফুরবেনা ? (হাই তুলিয়া) দিনবন্ধো তোমার ইচ্ছা । পুঁটি বলে যে পঞ্চী ভুড়িকে পাওয়া দুস্তর, কি দুঃখের বিষয় । এমন কনক পদ্মটি তুলতে পারলাম না হে । কথোপকথনের মধ্য হাসির উপাদান রয়েছে এরকম -

ভক্ত : " 'স্বাগত' ইঃ আজ কি সন্ধ্যা হবেনা না কি (প্রকাশ্যে) ভাল আনন্দ। শুনেছি কলকাতায় নাকি বড় বড় হিন্দু সকল মুসলমান বাবুর্চি রাখে ?

আন খুখু বলকি ? হিন্দু হয়ে নাড়ের ভাত খায় ? রাম ! রাম! খু

গলা : (স্বাগত) নেড়েদের ভাত খেলে জাত যায় । কিন্তু তাদের মেয়েদের নিলে কিছু হয় না।

বাবা !"

জ্যোতিরিন্দ্রনাথের 'অলীকবাবু' প্রহসনে আগাগোড়া রয়েছে এক সরল অথচ উদ্ভট কল্পনার দ্বারা সৃষ্ট উজ্জল হাসা রসের যোতা প্রবাহ। প্রতিটি চরিত্রের সংলাপেই রয়েছে হাস্যরসের অজস্র যোগান মিথ্যাবাদী ভক্ত অলীক প্রকাশ ও বার বার নাজেহাল হয়েছে তার মুখের কথা খসতে না বসতে সেই সেই কাল্পনিক চরিত্রের উপস্থিতি হওয়া যায়। "অলীক : (স্বগত) এ বেটার মতন মিথ্যেবাদী তো আমি দুনিয়ায় দেখি নি। এক সময় চীনমানের ভূমিকায় অভিনয় করেছিলেন স্বয়ং নাট্যকার হেমাঙ্গিনী একটা ভোঁতা বটি হাতে স্টেজে এসেছে এবং সকলের সামনে গ্রন্থের নায়িকার মত বলেছে -

*"'হেমা ঃ আমি পিতার সমক্ষে, সমস্ত জগতের সমক্ষে মুক্তকণ্ঠে বলছি এই বন্দীই আমার প্রাণেশ্বর আমার করত। ইনি ভিন্ন আর কাহাকেও আমি পতিত্বে বরন করব না। যদি এর সঙ্গে আমার বিবাহ না হয় তাহলে এই দণ্ডেই প্রান বিসর্জন করব।"

রামনারায়ণ তর্করত্নের 'কুলিনকুল-সর্বস্বের' হাস্যরস এক হৃদয় গৃহিতার অন্যতম কারণ। বিতর্ক বিষয়ে এমন অস্বাদ্য উপায়ে রামনারায়ণ পরিবেশন করেছেন যে তা তৎকালে কেবলমাত্র তার দ্বারাই সম্ভব ছিল । রামনারায়ণের sহাস্যরসের মধ্যছিল।

১। লৌকিক হাস্যরসের অনুকরণ । ২। সংস্কৃত হাস্যরসের উজ্জ্বল উত্তরাধিকার ।

দীনবন্ধু মিত্রের 'সাধবার একাদশী' প্রহসনে অঙ্গীরস হাসা । জীবনের এক বিশেষ অবস্থার স্বাভাবিক অভিব্যক্তি হাসা। জীবন ও সংসারের গভীর কথাটি সমস্যার পর সমস্যাগুলি একের পর এক চলে আসে । সাধবার একাদশী'র হাস্যরস শিক্ষিত অভিজাত সমাজে একটু পাক গোছের । তাদের অভিযোগ প্রধানত দুটি

১। চরিত্রগুলির আচার আচরণ অত্যান্ত অভব্য এবং গ্রামা ।

২। চরিত্রগুলির ভাষার মধ্য রয়েছে গ্রামতা দোষ । তাই বলতে পারি হাস্যরস প্রহসনের অন্যতম প্রাণ।

তথ্যসূত্র :

১। মধুসুদন দত্তর, 'একেই কি বলে সভ্যতা প্রকাশনী বঙ্গীয় সাহিত্য সংসদ প্রকাশ কাল ২০১০ ,পৃষ্ঠা নং - ৪৮

২। তদেব, পৃষ্টা নং- ৫০.

৩ । তপন মণ্ডল (সম্পাদিত) মধুসূদনের প্রহসন ও কালের দর্পণ, প্রকাশনী বঙ্গীয় সাহিত্য সংসদ,প্রথম প্রকাশ- ২০১০

৪। তদেব, পৃষ্ঠা নং -২৫

৫। তদেব,পৃষ্ঠা নং -২৯

ঃ গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ:

১ । মধুসূদন দত্ত ।বুড়শালিকের ঘাড়ে রো।গ্রন্থ বিকাশ প্রকাশনী।প্রথম প্রকাশ আগস্ট

২ । মধুসূদন দত্ত । 'একেই কি বলে সভ্যতা"। বঙ্গীয় সাহিত্য সংসদ । প্রথম প্রকাশ - ২০১০ ।

৩। জ্যোতিরিন্দ্র নাথ ! অলীক বাবু' । অন্নাপূর্ণা প্রকাশনী ,প্রকাশ ২০১০

৪। দীনবন্ধু মিত্র । সাধবার একাদশী"। মডার্ন বুক এজেন্সি প্রকাশনী । প্রথম প্রকাশ অক্টোবর ৫। রামনারায়ণ 'কুলিনকুল সর্বস্ব'! মডার্ন বুক এজেন্সি প্রকাশনী। প্রথম প্রকাশ - ১৯৮৮ ।

৫। রামনারায়ণ 'কুলি নকুল সর্বস্ব'। মডার্ন বুক এজেন্সি প্রকাশনী। প্রথম প্রকাশ- ১৯৮৮

সহায়ক গ্রন্থ -

১। অশোক কুমার মিশ্র। 'বাংলা প্রহসনের ইতিহাস' । প্রকাশনী মডার্ন বুক এজেন্সি। ৭ ই কার্ত্তিক১৩৯৫ ।

২। বাসুদেব মোশেল (সম্পাদিত)। 'অলীকবাবু'। 'অন্নাপূর্ণা প্রকাশনী। প্রথম প্রকাশ সেপ্টেম্বর

৩। অনিরুদ্ধ আলি আকতার (সম্পাদিত) 'নাটকের দর্পণে প্রতিবিম্বিত জীবন ও কিছু ভাবনা'। প্রকাশনী প্রজ্ঞাবিকাশ। প্রথম প্রকাশ আগস্ট ২০০৭।

৪। তপন মণ্ডল। 'মধুসূদনের প্রহসন কালের দর্পণ' । প্রকাশনী বঙ্গীয় সাহিত্য সংসদ। প্রকাশ২০১০ আগস্ট।

3

বাংলা ছোট গল্প ও নদী

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রেশমিনা খাতুন (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১।।

নিয়তির সঙ্গে মানুষের জীবন অঙ্গাঙ্গিভাবে জড়িত। নিয়তি মানুষের ভাগ্য নির্ধারণ করে। ভাগ্যের মাধ্যমে মানুষের অনেক আশা-আকাঙ্ক্ষা, জীবনে উত্থান পতন সবকিছুই নিয়তির কারণেই হয়ে থাকে। একটি মানুষের জীবনের ওঠা-নামা, ভাঙা-গড়া মৃত্যুর ক্ষেত্রে নদী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নদীর সংহার রূপ সবকিছু গ্রাস করে নিয়ে এগিয়ে চলেছে যার কারণে কোন জনপদ, কোন জনজীবন ধ্বংস হয়ে যাচ্ছে। অনেক মানুষ তার কাছের মানুষকে হারিয়ে ফেলছে। তাদের জীবনে এক ট্র্যাজিক অবক্ষয় দেখা দিয়েছে। নদী এই ধ্বংসের মূল কারণ। যাকে মানুষ নিয়তি বলে মেনে নিয়েছে। বলা যায় একটি সভ্যতার বিপর্যয় এই নদীর কারণে হয়েছে। নদীর নিষ্ঠুর পরিণতি বা নিয়তি মানব জীবনে বারবার ফিরে ফিরে এসেছে। নদীকেন্দ্রিক বাংলা ছোটগল্পে (নির্বাচিত) নদীর সাথে মানুষের নিয়তির চিত্র বিশেষভাবে ফুটে উঠেছে। নদীর রূঢ় প্রতিচ্ছবি যেসব গল্পে ফুটে উঠেছে সেগুলি হল-

- রবীন্দ্রনাথ ঠাকুর -'খোকাবাবুর প্রত্যাবর্তন',
- জগদীশ গুপ্ত - দিবসের শেষে', 'সবার শেষে গয়া',
- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় -তারিণী মাঝি ।

রবীন্দ্রনাথ ঠাকুরের 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পে নদী একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই গল্পে নদীর উত্তাল অবস্থা দেখা যায়। গল্পটিতে পদ্মা নদী (পদ্মা বাংলাদেশের প্রধান নদী। এটি হিমালয় উৎপন্ন গঙ্গা নদীর প্রধান শাখা এবং বাংলাদেশের দ্বিতীয় দীর্ঘতম নদী বাংলাদেশে নদীটির দৈর্ঘ্য ১২০ কিলোমিটার, গড় প্রস্থ ১০ কিলোমিটার এবং নদীটির প্রকৃতি সর্পিলাকার। রাজা রাজবল্লভের কীর্তি পদ্মার ভাঙ্গনের মুখে পড়ে ধ্বংস হয় বলে পদ্মার আরেক নাম কৃত্তিনাশা)-র প্রসঙ্গ এসেছে। পদ্মা নদী একে একে গ্রাম, কাশবন, ঝাউবন সবকিছুই তার জলের উচ্ছ্বাসে গ্রাস করে নিয়েছে। গল্পের একটি প্রধান - চরিত্র রাইচরণ। তার যখন বারো বছর বয়স তখন সে একটি শিশুকে রক্ষণাবেক্ষণ ও পালনের চাকরি পাই।অনুকূল বাবুর গৃহভৃতা ছিলেন তিনি। পরে তার পুত্র খোকাবাবুকে লালনপালনের দায়িত্ব নেন রাইচরণ। খোকাবাবুকে নিয়ে

রাইচরণ একদিন অপরাহে পদ্মার তীরে বেড়াতে যায়। বর্ষার পদ্মা জলে পরিপূর্ণ। নদীর তীরে একটি কদম্ব গাছে কদম্ব ফুল দেখে তা পেড়ে দেওয়ার কথা বালে খোকাবাবু। অনেক চেষ্টা সত্ত্বেও খোকাবাবুকে নিবৃত্ত করতে না পেরে রাইচরণ খোকাবাবুকে নীচে রেখে কদম গাছে ফুল পাড়তে ওঠে। যাবার সময় সে খোকাবাবুকে বলেন -

"তবে তুমি গাড়িতে বসে থাকো, আমি চট্ করে ফুল তুলে আনছি।

খবরদার, জলের ধারে যেয়ো না।"[১]

কিন্তু শিশুমন নিষেধের কথা না মেনে জলের কাছে যায় এবং পরবর্তীতে পদ্মার আমোদ জলরাশির মধ্যে ভেসে যায়।

গল্পকারের ভাষায়

" গাড়ি হইতে আস্তে আস্তে নামিয়া জলের ধারে গেল- একটা দীর্ঘ তৃণ কুড়াইয়া লইয়া তাহাকে ছিপ কল্পনা করিয়া ঝুঁকিয়া মাছ ধরিতে লাগিল দুরন্ত জলরাশি অস্ফুট কলভাষায় শিশুকে বারবার আপনাদের খেলা ঘরে আহ্বান করিল।"[২]

-রাইচরণকে নিয়তির অনিবার্যতা ভোগ করতে হয়েছে এই নদীর কারণেই তার চাকরি চলে যায় এবং গল্পের শেষে সে তার একমাত্র পুত্র ফেলনাকে খোকাবাবু জ্ঞানে বড় করে পরবর্তীতে অনুকুল বাবু ও তার স্ত্রীর হাতে তুলে দেয়। যার কারণে। ফেলনাও তাকে অবিশ্বাস করে। ফেলনার মুখে শোনা যায়-

" বাবা, উহাকে মাফ করো।বাড়িতে থাকিতে না দাও, উহার মাসিক কিছু টাকা বরাদ্দ করিয়া দাও।"[৩]

- রাইচরণ চলে যায়। তার নামে টাকা পাঠানো হয়েছিল কিন্তু সে টাকা ফিরে আসে। নদীর দ্বারা মানুষের এই নির্মম পরিস্থিতি গল্পটিতে অঙ্কিত হয়েছে এই পদ্মা নদীই রাইচরণের স্বাভাবিক জীবনকে অস্বাভাবিক ও আত্মদ্বন্দ্বের সৃষ্টি করেছিল। অনুকূল বাবু ও তার স্ত্রী হয়তো তাদের ছেলেকে ফিরে পেয়েছে কিন্তু রাইচরণকে তার সবকিছুই বিসর্জন দিতে হয়েছে। নদীর ভয়ংকর আগ্রাসী মূর্তির কারণে রাইচরণের এই করুণ পরিণতি।

দিবসের শেষে গল্পটি জগদীশ গুপ্তের অদৃষ্ট নির্ভর জন কাঙ্ক্ষিত মৃত্যুকে কেন্দ্র করে সুলিখিত একটি ছোটগল্প গল্পটির মধ্যে নিয়তির এক কঠোর রূপ প্রকাশিত হতে দেখা যায়।নদী এখানে মুখ্য ভূমিকা গ্রহণ করেছে। নদীর সংহারি অর্থাৎ করাল রূপ গল্পটিতে পরিস্ফুট। গল্পের প্রথমে দেখা যায় -

" রতি নাপিতের বাড়িটার অবস্থান ক্ষেত্র বড় চমৎকার - বাড়ীর পূর্বে নদী কালদা, পশ্চিমে বাগান; উত্তরে বেনুবন; দক্ষিণে যতদূর দৃষ্টি চলে ততদূর বিস্তৃত শস্যক্ষেত্র।"[৪]

-নদীকে কেন্দ্র করে প্রকৃতির এক সুন্দর বর্ণনা গল্পকার গল্পো শুরুতে উত্থাপিত করেছেন। রতি ভোর হতে জেগে ওঠো তার বাড়ির কাছে যাদব দাসের আম-কাঁঠালের বাগান। আম-কাঁঠালের সময় রতিকে দুক্রোশ দূরে রামচন্দ্রপুর হাটে আন কাঁঠাল বিক্রি করতে দেখা যায়। কিন্তু তবুও রতিকে কেউই খারাপ লোক বলতে পারে না।

রতির খুব ছোট একটি সংসার। তার স্ত্রী নারাণী এবং পুত্র পাঁচ নারাণী তার তিন পুত্রকে কামদা নদীর জলে ভাসিয়েছে পাচুরে নিয়েই সে দিনাতিপাত করে সেই পাঁচু একদিন সকালে ঘুম থেকে উঠে মাঝে বলে-

"মা, আজ আমায় কুমিরে নেবে।"[৫]

মারাণীর বুক সেদিন ভয়ে কেঁপে উঠেছিল কামদা নদীর কাছে অত্যন্ত পরিচিত তারা। এ যাবৎকাল তারা সেখানে কোনোদিন কোনো কুমির দেখেনি। এ নদী তাদের কাছে মমতাময়ী স্বরূপ পাঁচুর মুখে নারাণী অনেক অসংলগ্ন কথা শুনেছিল। নারাণী রতিকে ছেলের ওই কথা বলাই রতি ছেলেকে শাসিয়ে ধমক দিয়েছিল। আর যেন দ্বিতীয় বার সে ও মুখে তা নে। এমনি করে আষাঢ় মাসের প্রথম ভাগে লেখক কামদা নদীর এক দারুণ বর্ণনা দিয়েছেন -

"নদী, কামদা, তার দুই তীর, আর তার জল তাহাদের চিরপরিচিত; এ নদী নরঘাতিনী রাক্ষসী নহে, স্তনদায়িনী জননীর মত মমতাময়ী-চিরদিন সে গিরিগৃহের সুপেয় শীতল নীর তাদের পল্লী কুঠিরে দুয়ার পর্যন্ত বহিয়া আনিয়া দিতেছে।"[৬]

- এই নদীকে কারোর ভয় করার দরকার নেই। রতি পাঁচুকে ডেকে নিয়ে নদীতে স্নান করতে যায়। পাঁচুর ইচ্ছা না থাকা সত্বেও সে স্থানে যেতে বাধ্য হয়।

রতি গ্রামের বাবু চৌধুরী মহাশয়ের কাছে পাঁচুর এই উত্তর উক্তিটি বলে তিনি হেসে কথাটি উড়িয়ে দেন।আরো অনেকে সেই কথা শুনে হাস্যকর মন্তব্য করে। বলে 'কুমিরে যদি নেয় তা তোকেই নেবে পাঁচু নির্বিবাদে তেল মেখে স্নান করতে যায়। অ্যানার্থিদের সুবিধার জন্য পাড় কেটে জল পর্যন্ত ঢালু করে দেওয়া হয়েছিল। রতি প্রথমে নদীতে নামতে গিয়ে থমকে দাঁড় তার আজ কেমন যেন ভয় করছে। রতির প্রকৃতির রূপ দেখে মনে হয়েছিল --

" নিস্তরঙ্গ বিস্তৃর্ণ আবিল জলরাশি যেন ভয়ংকর নিঃশব্দে মধ্যাহ্নরোদ্রে শাণিত মন্ত্রের মতো ঝঝক্ ঝক্ করিতেছে।দুর্লঙ্ঘ্য তীব্র স্রোত ছুটিয়া চলিয়াছে - এত বড় একটা গতিবেগ, অথচ তার শব্দ নাই, অবয়ব নাই ভাল করিয়া সে যেন চোখে পড়ে না; যেন গঙ্গাধরের সমস্ত দুঃশাসিত নির্মম শক্তি এই নিঃশব্দ গম্ভীর গতির অনির্দেশ্য বহির্বয়ব স্তম্ভিত হইয়া আছে।[৭]

তারপরে রতি পাঁচকে নিয়ে নির্বিঘ্নে রুপুর বেলা স্নান করে ঘরে ফেরে। সেদিন বিকালে পাঁচু তার সঙ্গীদের সাথে লুকিয়ে কাঁঠাল খেয়ে তার সারা গায়ে রসে ভিজে থাকায় সে তার বাবা রতির সঙ্গে নদীতে গা পরিষ্কার করতে যায়। ফিরে আসার সময় পাঁচ খেয়াল করে তার ঘাটটি সে নদীর পাড়ে ফেলে রেখে এসেছে। সেই ঘট ফিরিয়ে আনতে আবার সে নদীতে যায় এবং তখনই সে কুমিরের মুখে পড়ে। জগদীশ গুপ্তের গল্পে নিয়তির কাছে মানুষ অসহায় গল্পের সূচনায় পাঁচুর মনে যে সম্ভাবনার সৃষ্টি হয়েছিল তা ঘটলো সে যদিও নদীর সংস্পর্শ থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা করেছিল। তবুও অমোঘ শক্তির বলে নিরতি তাকে পরাভূত করলো নিয়তির এই প্রভাব এবং এর কার্যকারিতা মানুষের জ্ঞানের বাইরে।

তাই দুপুরের স্নান কিংবা বাবার সাথে বিকেলে নদীতে যাওয়া, কোন ক্ষেত্রেই তার কাছে নদী কিংবা কুমির সম্পর্কিত ভয়ের তবে বিশ্বাসযোগ্য হয়নি। কিন্তু পাড়ে ঘট রেখে আসা এবং তার প্রতি পাঁচুর এগিয়ে যাওয়া যেন মানুষের জীবনে নিয়তি তাড়িত রূপটিকে প্রতিষ্ঠিত করে।

জগদীশ গুপ্তের 'সবার শেষে গয়া' গল্পটিতে নিয়তির অনোম চিত্র চিত্রিত হয়েছে। এই গল্পে ফুলরা নদীর কথা বলা হয়েছে। আলোচ্য গ্রন্থটিতে প্রথমেই লেখক তিনটি চরিত্রের কথা বলেন গয়ামণি, রাম এবং রামের পুত্র দেব। নাম দিনমজুরের কাজ করতো। রাম একদিন গাছ থেকে পড়ে হাড়, পাজর ভেঙ্গে জ্বরের মুখে পড়ে এবং পরবর্তীতে মারা যায়। গল্পকার বলেন-

"তাহার চিতাভস্ম বর্ষাস্ফীত ফুমরার স্রোতে ভাসিয়া গেল।"[৮]

-রামের চিতাভস্ম ফুল্লরা নদীতে ভেসে যায়। লব যেদিন জন্মগ্রহণ করে সেই দিনটির কথা রাম এবং গয়ামণির কাছে চিরস্মরণীয়। রান মারা যাবার পর গরামণি তার ছেলে লবকে নিয়ে দিনাতিপাত করতে থাকে। লব দিন দিন বাড়তে লাগলো। সে এখন সাত বৎসরের লব ছিল মাতৃ বৎসলাসে মায়ের খুটিনাটি সব কাজ করে দিত গয়ার থেকে সে খিদে চুরি করে। তার জন্য রেখে দেওয়া ভাত সে মাকে খেতে বলে। এভাবেই চলছিল। হঠাৎ একদিন রাতে লবের মাথায় সাপে কামড় দেয়াগায়া কাণ্ডজ্ঞান হারিয়ে এদিক সেদিক ছুটতে থাকে। সে ভুলে গিয়েছিল সাপে কাটলে বেঁধে দিতে হয়। পাড়ার থেকে লোকজন ছুটে আসে, কিন্তু ততক্ষণে লব নিস্তেজ হয়ে পড়েছোলবের সারা দেহ নীল হয়ে গেছে, নাক দিয়ে রক্ত পড়ছে। দেহ অবশ হয়ে গেছে। লন প্রাণ ভাপা করে। লবের দেহ

"ভেলার উপর তুলিয়া শোয়াইয়া লোকে খরস্রোতা ফুল্লরার অগাধ ভালে লবের দেহ ভাসাইয়া দিল।"[৯]

- পরবর্তীতে দেখা যায় গয়ামনি উন্মত্ত প্রায় হয়ে ফুল্লরা নদীর ধারে বসে থাকে। আর ভাবতে থাকে জালের বেগে এচলাটা কত পল্লীর কত নগর অতিক্রম করে ভেসে চলেছে। সে আরও ভাবে একদিন হয়তো সেই ভেলাটা কোনো এক গুণী চোখে পড়বে এবং সে তার ছেলেকে বাঁচিয়ে তুলবে। এই ভেবে নদীর ধার বরাবর হাঁটতে থাকে। গ্রামের একজন তাকে দেহে। বাড়ি ফিরিয়ে দেয়ানদীর ধারে বসে নৌকাযাত্রীদের দেখে বলে তাকে নিয়ে যাওয়ার জন্য, কিন্তু তারা নেয় না।তখন সে সিদ্ধান্ত নেয় জলেই ভেসে যাবে। এই বলে সে জলে ঝাঁপ দেয় খানিকটা এগিয়ে যাওয়ার পর--

"আষাঢ়ের বেগবতী ফুল্লরা অগাধ জলরাশি অবিশ্রান্ত সে দিকেই বহিতে লাগিল যে দিকে রামের চিতাভসা, আর যেদিকে লবকে লইয়া সেই ভেলা গিয়াছে।"[১০]

নিয়তি মানুষকে তার দাস বানিয়ে রেখেছে। গয়ামণি স্বামী ও সন্তানকে নিয়ে সুখেথাকতে চেয়েছিল। কিন্তু প্রকৃতির কঠোর নিয়মের কাছে শেষপর্যন্ত তাকে পরাজিত হতে হয়। স্বামী ও পুত্রের মতো আগ্রাসিনী ফুলরার নদীতে ভেসে যেতে হয়েছে গয়ামণিকোনদী যেমন জীবন দান করে তেমনি জীবনকে কেড়ে নিতেও জানে। নিয়তির কাছে পরাজিত মানুষের জীবন ঘটনা গল্পটিতে গল্পকার খুবই স্পষ্ট রূপে চিত্রিত করেছেন। নদীর দ্বারাই এই কাজ সাধিত হয়েছে।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় 'তারিণী মাঝি' গল্পে জীব ধর্মের জয় ঘোষিত হয়েছে। তারিণী মাঝি ময়ূরাক্ষী ; নদীর (ময়ূরাক্ষী নদী ঝাড়খণ্ডের ত্রিকূট পাহাড়ের থেকে উৎপত্তি হয়েছে এরপর নদীটি পূর্ববাহিনী হয়ে ঝাড়খণ্ডের দেওঘর খেলা ও দুমকা জেলা অতিক্রম করে ঝাড়খণ্ড পশ্চিমবঙ্গ সীমান্ত দিয়ে বীরভূম জেলায় প্রবেশ করেছে। শেষে নদীটি মুর্শিদাবাদ জেলার মধ্যে দিয়ে প্রবাহিত হুগলি নদীতে মিলিত হয়েছে। এর প্রবাহ পথ জুড়ে বহু উপনদী রয়েছোনদীটির মোট প্রবাহ পথ ২৫০ কিমি।) গনুটিয়ার ঘাটে খেয়া পারাপার করে আলোচা গল্পে লেখক নয়ূরাক্ষীর বর্ণনা প্রসঙ্গে বলেছেন -

দেড় মাইল প্রশস্ত বালুকারাশি ধু-ধু করে।কিন্তু বর্ষার প্রারম্ভে সে রাক্ষসীর মত ভয়ংকরী।দুই পার্শ্বে চার

" ময়ূরাক্ষীর খরস্রোতই বিশেষত্ব বারো মাসের মধ্যে সাত-আট মাস ময়ূরাক্ষী মরুভূমি, এক মাইল পাঁচ মাইল গাঢ় পিঙ্গলবর্ণ জলস্রোতে পরিব্যপ্ত করিয়া বিপুল স্রোতে তখন সে ছুটিয়া চলে।"[১১] তারিণী মাঝির বউ সুখী। সে ছাড়াও তারা আরও একজন আছে, সে হল ময়ূরাক্ষী নদী তারিণীর গোটা জীবনের সঙ্গে ময়ূরাক্ষীর ভূমিকা জড়িত আছে।ময়ূরাক্ষী শুধু তারিণীর জীবিকার সংস্থানই করেনা, তার জীবন ছন্দকেও নিয়ন্ত্রিত করে। এমনকি দুর্গা নিয়তির সঙ্গে ময়ূরাক্ষীর অমোঘ টানে তারিণীর জীবন, পরিমাণ

অভিমুখে ছুটে চলে। তারিণী শুধু খেয়া পারাপার করেনা, জল তলে কোথায় কোন মানব এলিয়ে যাচ্ছে তা অবলীলায় খরস্রোতে ঝাঁপিয়ে পড়ে অবার্থ লক্ষ্যে তাকে তুলে আনে। নদীর করালগ্রাস থেকে ঘোসদের বধূ উদ্ধারের বিনিময়ে তারিণী প্রথমে এক হাড়ি মদের নাম আট ভালা' দাবি করলেও, পরমহুর্তে সে চাইতে ভোলেনি 'ফাঁদি নতা এবং দশহারার পার্বণে চাদরের পরিবর্তে শাড়ি সুখীকে সে খুব ভালোবাসতো ভাষার মাস চলে গেলে নদীতে বান আসেনি। খরার আগাম বার্তায় গ্রামের অনেকেই খাদ্যের অন্বেষণে গ্রাম ত্যাগ করে চলে যায়।তারিণীও সেই সিদ্ধান্ত নেয়া তিনদিন পথ চলার পর অভিজ্ঞ মাঝি তারিণী গামছা উড়িয়ে বুঝতে পারে পশ্চিমে বাতাস রইছে। নিয়তি রূপিণী ময়ূরাক্ষীর অমোঘ টানেই সে দ্রুত গ্রামে ফিরে এসেছে, বউ সুখী কে সঙ্গে নিয়ো পরে সন্ধ্যার মধ্যে বানের জল গ্রামে প্রবেশ করে মুহুর্তের মধ্যেই ঘরবাড়ি রাস্তাঘাট সব ভেসে গেল। পশুপাখি, মানুষের প্রবল চিৎকারের সঙ্গে ময়ূরাক্ষীর প্রবল গর্জন মিলেমিশে এক ভয়াল পরিবেশ সৃষ্টি করে। তারিণী সুখীকে পিঠে করে নিয়ে বানের জলে সাঁতার দিতে থাকে। বন্যার উত্তাল জলে ভাসতে ভাসতেও আরিণী সুখী কে সান্তনা দেয়। তাকে অভয় দেয় তারিণী বুঝতে পারে নদীর প্রবল ঘূর্ণির মধ্যে পড়েছে তারা পরক্ষণে বুঝতে পারেন-

"অতল জলের তলে ঘুড়িতে ঘুড়িতে তাহারা ডুবিয়া চলিতেছে।"[১২] তারিণী : অনুভব করে সুখী যেন তাকে নাগপাশের মতো জড়িয়ে ধরেছে। একদিকে প্রিয়তমা স্ত্রী, অন্যদিকে নিজের প্রাণ রক্ষার তাগিদ। শৈল্পিক নিপুনতায় গল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় নির্মম সেই পরিণতিকে গল্পে ফুটিয়ে তুলেছেন এভাবে-

"তারিণী সুখীর দৃঢ়বন্ধন শিথিল করিবার চেষ্টা করিল কিন্তু সে আরও জোরে জরাইয়া ধরিল। বাতাস-বাতাস।যন্ত্রণায় তারিণী জল খামচাইয়া ধরিতে লাগিল।পরমুহূর্তে হাত পড়িল সুগীর গলায়। দুই হাতে প্রবাল আক্রোশ সে সুখীর গলা পেষণ করিয়া ধরিল।"[১৩] সুখীর প্রতি এমন খাঁটি মানবিক প্রেম তুপ্ত হয়ে গেল তার আদিম জৈব জীবনতৃষ্ণার কাছে। তারিণী মাঝির একদিকে প্রিয়তমা, স্ত্রী অনাদিকে নিজের প্রাণ রক্ষার তাগিদ। অনন্যসাধারণ, শৈল্পিক নিপুনতায় 'তারিণী মাঝি গর্ভের পরিণাম ভয়াবহ তর হলেও, লেখকের বক্তব্যের অন্তর্নিহিত তাৎপর্য এর মধ্যে নিহিত চরম মুহূর্তে মানুষের কাছে নিজের জীবন ছাড়া আর কিছুই প্রিয় নয় কর্তব্যবোধ, ভালোবাসা কিছুই ন্যাতারিণী যে সুখীকে শ্বাসরুদ্ধ করে হত্যা করেছে, তা তার সচেতন ইচ্ছাড়াও নয়। তার জীবন পিপাসার অনুসারী 'আলো ও মাটি'র স্পর্শ প্রাপ্তির চরম আর্তিই প্রকাশিত হয়েছে তার অভিব্যক্তিতে - আঃ বুক ভরিয়া বাতাস টানিয়া লইয়া আকুল ভাবে কামনা করিল, আলো ও মাটি' । মানব জীবনের অস্তিত্ব রক্ষার যে তিনটি বৈশিষ্ট্য আছে।

তার মধ্যে অন্যতম হল আত্মরক্ষার তাগিদ তারিণী এই তাগিদের কারণে তার জীবন ব্রত থেকে বিচ্যুত হতে পারেনি। সুতরাং গল্পের অন্তিমে জীবন রক্ষা বা অস্তিত্ব রক্ষার তাগিদে প্রিয়তমা স্ত্রী সুখীকে গলা টিপে হত্যা করে, জীবনদাতার ভূমিকা থেকে বিচ্যুত হয়েছে। এখানেই তার তারিণী নামের ট্র্যাজেডি নদীর হিংসতা তাকে এ কাজ করতে বাধ্য করেছে। তবে ট্র্যাজেডিতে পাম শেষ হয়নি তারিণীর বেঁচে ওঠার মধ্যে, তার জীবন পিপাসা প্রকাশিত হয়েছে। আর অন্যদিকে সুখীর মৃত্যু ভাগ্যের নিষ্ঠুর পরিহাস হিসেবে মেনে নিতে হয়। লেখক গল্পের শেষে এক চমকপ্রদ অনিবার্যতার মধ্যে তার অপূর্ব সৃষ্টিকে তুলে ধরেছেন।

পরিশেষে বলা যায় নিয়তি মানুষকে স্থির থাকতে দেয় না, সর্বদায়ই তাড়া করে বেড়ায়। নিয়তি মানুষের জীবনের ট্র্যাজেডি সংঘটিত করে। রবীন্দ্রনাথ ঠাকুরের 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পে রাইচরণকে নদীর কারণে নিয়তির অনিবার্যতা ভোগ করতে হয়েছে। নিজের ছেলেকে অন্যের হাতে তুলে দিতে হয় এবং সেই ছেলেই তাকে অবিশ্বাস করে। নদীর ভয়ংকর মূর্তির কারণে। রাইচরদোর এই পরিণতি। নদী ও তেমনি 'দিবসের শেষে গল্পে পাঁচুকে গ্রাস করে নিয়ে পাঁচুর বাবা ও মায়ের জীবনে ট্র্যাজেডি সংঘটিত করেছে। আবার জগদীশ গুপ্তের' সবার শেষে গয়া গল্পে একটি পরিবারের পতন নিয়তির কারণেই ঘটেছে। এছাড়া তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'তারাণী মাঝি' গল্পে জীব ধর্মের জয় ঘোষিত হলেও তারিণীর স্ত্রী সুখীর মৃত্যুর কারণে নিয়তির নিষ্ঠুর চিত্র দেখা গেছে। নদীর উত্তাল পরিস্থিতি থেকে নিজেকে বাঁচাতে তারিণী স্ত্রীকে হত্যা করতে বাধ্য হয়েছে নদীই এই গরে নিয়তির কাজ করেছে। অর্থাৎ একটি সভ্যতার বিপর্যয় নদীর কারণেই হয়েছে। তারা কাছের মানুষকে হারিয়ে ফেলেছে এবং তাদের জীবনে ট্র্যাজিক অবক্ষয় সংগঠিত হয়েছে। নদী এই সমস্ত গল্পে নিয়তির ভূমিকা গ্রহণ করেছে।

।।২ ।।

নদীর সাথে মানুষের সম্পর্ক বহু প্রাচীনানদী যেমন এগিয়ে চলেছে, তেমনি মানুষের জীবন নদীর সঙ্গে সঙ্গে এগিয়ে চলেছো কখনো-কখনো নদী, নদী স্রোত, নদীর ভাসমানতা, নদীর উপাদান বিভিন্ন ক্ষেত্রে মানুষের বেঁচে থাকার অবলম্বন হয়ে উঠেছে। নদী এসব কারণে হয়ে উঠেছে মানুষের প্রধান জীবিকা, যার জন্য মানুষ পৃথিবীতে বেঁচে আছে। সভ্যতার বিকাশ ঘটেছে নাকে কেন্দ্র করে। প্রাচীনকালে নদীকে কেন্দ্র করে একাধিক সভ্যতা গড়ে উঠেছে। যেমন-

মেহেরগড় সভ্যতা

মেসোপটেমীয় সভ্যতা,

মিশরীয় সভ্যতা,

সিন্ধু সভ্যতা ইত্যাদি।

- নদ নদী মানুষ ছাড়াও জীব বৈচিত্র্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

নদীকে কেন্দ্র করে একাধিক গল্প উপন্যাস রচিত হয়েছে মানুষের জীবন জীবিকা কে কেন্দ্র করে বাংলা সাহিত্যে যেসব ছোটগল্প রচিত হয়েছে সেগুলি হল --

সমরেশ বসু - 'পাড়ি',

-দেবেশ রায় অনৈতিহাসিক', 'মৃত জংশন ও বিপজ্জনক ঘাট',-

বরেন গঙ্গোপাধ্যায় -ক্ষুধা,সমরেশ বসুর 'পাড়ি' গল্পটি সেরকম একটি রচনা। অর্থনৈতিক সংকট, সমাজের নীচু তলার মানুষ, যাদের মাথার ওপর ছাদ নেই,পেটে ভাত নেই, লজ্জা নিবারণের এক টুকরো কাপড় নেই,সেই দুর্ভাগ্য পীড়িত অসহায়, অবলা পশুর মত মানুষ তাদের বেঁচে থাকার জন্য চলা নিরন্তন সংগ্রাম সমরেশ বসুর গল্পে প্রাধান্য পেয়েছে। আশা, আকাঙ্ক্ষা, ব্যর্থতান হাহাকার, স্বপ্নভঙ্গের যন্ত্রণা, মানুষ হিসেবে পরিপূর্ণ বিকাশের অভাব, জীবনকে বাজি লাগিয়ে টিকে থাকার লড়াই সবই প্রাধান্য পেয়েছে। তেমনি একটি গল্প 'পাড়ি'। গল্পে প্রবেশ করে ভেতরে একটা বুক চাপা কান্না বলক দিয়ে ওঠে। মনে হয়। গল্পের পাত্র পাত্রীর সঙ্গে গভীর বেদনায় পাঠকও নিমজ্জিত হন। হৃদয়ভার হয়ে ওঠে দ্বিতীয় বিশ্বযুদ্ধের দামামার পর দুর্ভিক্ষ পীড়িত দেশে নিম্ন শ্রেণীর জীবন আরও কতটা শোষিত হতে থাকে তা এই গল্প পাঠে উপলব্ধি করা যায়। একদিকে সমাজে নিম্ন শ্রেণীর মানুষের অভাব, অভিযোগ, অসহায়তা, ক্ষুধার জ্বালা অন্যদিকে উচ্চবিত্তের শোষণ-নিপীড়ন।

গল্পের পাত্র-পাত্রী নতুন বিবাহিত দম্পতি বিহারের প্রত্যন্ত অঞ্চলের এক নট জাতীয় দম্পতি) দুটি খেয়ে বেঁচে থাকার তাগিদে জীবনের ঝুঁকি নিয়ে আষাঢ় মাসের গঙ্গায় এক ব্যবসায়ীর ঊনত্রিশ টি শুয়োর পার করে দিতে রাজি হয়।তারা বিহার থেকে ঝাড়ুদারের কাজ করতে আসে।তাদের গ্রামের ননরু হল ঝাড়ুদারের সর্বরতার কথায় আশ্বস্ত হয়ে গ্রাম হারে এ সম্পতি। যদিও গ্রামে অত্যন্ত দুটি ভাত ছুটে যেত।কিন্তু ঝাড়ুর কাজ করলে দুজনে নিলে ৬০ টাকার রোজগার হবে সেই আশ্বাস গ্রাম হাড়ে, কিন্তু ক্রম ছেড়ে এসে প্রথম দিকে দুজনে মাত্র ৩২ টাকা রোজগার করে দেড় মাস সাফাই কাজ করার পর মিউনিসিপালিটির দরজা বন্ধ হয়ে যায়। শুধু বস্তিতে কোন রকমে মাথা গোঁজার একটু ঠাঁই হয়। নট দম্পতির কাজ না থাকায় তাদের খাবার জোটে না।সাত দিন বস্তির মানুষগুলি তাদের খাবার জোগালেও আর দুদিন তাদের খাবার জোটেনি। শেষ পর্যন্ত কাজ পায় গঙ্গার ওধারে শুয়োরের দলকে নিয়ে যেতে হবে ঠিক হয় উনত্রিশ আনা মজুরি। উপরি পাওনা হিসাবে গায়ে মা তেল। পয়সা

বাঁচানোর জন্য ব্যবসায়ীটি মাত্র দুটি লোককে দিয়ে এত ঝুঁকির মত কাজ করাচ্ছে কিন্তু নট দম্পতির পেটের ক্ষুধার বাংলা তাদের এত বাহুবচার করলে চলবে না।তাই খরস্রোতা গঙ্গার স্রোতে শুয়োর নিয়ে যেতেই হবে। যতক্ষণ তারা গন্তবো না পৌঁছাতে পারবে ততক্ষণে তাদের দাঁতে দাঁত চেপে ক্ষুধা সইতে হবে পেটে ক্ষিদের জ্বালা নিয়ে তারা মনে মনে বলে-

" হ্যাঁ আমরা ভুখা। সেইজন্য আমাদের পার হতে দাও। সোনার মাকড়িটা কারবারি। ও আষাঢ় মাসে জানোয়ার পার করাচ্ছে বিনা নৌকায়। উনত্রিশটা জানোয়ার, আরে বাপা দুটো মানুষ।"

এরপর শুরু হয় ওদের কঠিন সংগ্রাম । গঙ্গার বর্ণনায় লেখক বলেন-

" আষাঢ়ের গঙ্গা অম্বুবাচীর পর রক্ত ঢল নেমেছে তার বুকে মেয়ে গঙ্গা মা হয়েছে। ভারি হয়েছে, বাড় লেগেছে, টান লেগেছে, দুলছে, নাচছে, আছড়ে আছড়ে পড়ছে। ফুলছে, ফাঁপছে, যেন আর ধরে রাখতে পারছে না নিজেকে। বোঝা যাচ্ছে আরো পুরুষটি পশুগুলোকে বাঁচাবার জন্য চলে যায়। মেয়েটি মরিয়া হয়ে উঠেছে তার পুরুষটিকে বাঁচাবার জন্য। তার পরনের কে পড় ছিনিয়ে নেয় নদীর স্রোতের জল জীবন-মৃত্যুর টানাপোড়ানে প্রত্যেকটা সময়ে প্রাণ হারানোর ভয় থাকা সত্ত্বেও তারা অবলা প্রাণীগুলোর নিরাপত্তার জন্য ব্যাকুল-

ক্ষুধার কথা ভুলে গেছে দুজনেই অনেকক্ষণ ভুলে গেছে পার হতে হবে শুয়োরগুলিকে নিয়ে, সেইটেই একমাত্র কথা, একমাত্র ভাবনা। " প্রকৃতির টালমাটাল পরিস্থিতির মধ্যে প্রতিকূলতার সঙ্গে লড়াই করে ওরা দুজনে নদীর পাড়ে পৌঁছতে পারে।খাবার পায়। মেয়েটির চোখে জল।তার সঙ্গী পুরুষ তাকে সান্তনা দেয় তার লজ্জা ছোট এক টুকরো কাপড় জলের স্রোতে নিয়ে গিয়েছে। তারপরে দুজনে রক্তে রক্তে যোগ করে অনুভব করতে লাগল বাঁচাটা।

লেখক সমরেশ বসু মানুষের জীবনের দুট প্রবৃত্তিকে একই সূত্রে গাঁথতে সক্ষম হয়েছেন।মানব জীবনের প্রধানতম চাহিদা পেটের ক্ষুধা এবং শরীরের ক্ষুধা। এই ক্ষুধার নিবৃত্তির সঙ্গে সঙ্গে মানুষের জীবনের অনেকটা পাওয়া হয়ে যায় নিম্নবর্গের এসব মানুষের জীবনের প্রধান চাহিদা দুবেলা দু'মুঠো ভাতাসঙ্গীর ছোঁয়া। এর বাইরে অধিকার তাদের নেই। তাই দেখা যায় পেটের এবং দেহের ক্ষিদে মিটিয়ে পুরুষটি একসময় গুনগুন করে গান গেয়ে ওঠে।।

অর্থনৈতিক সংকট মানুষের জীবনকে কতটা নীচে নামিয়ে আনতে পারে তার সার্থক একটি গল্প 'পাড়ি। শুধু নি করার জন্য ক্ষুরধার গঙ্গার মাইরকে মাইল স্রোত ঠেলে পশুকে পাড়ি দিয়ে পৌঁছে দেয় গন্তব্যে।নট দম্পত্তির মধ্যে ক্ষুধার জ্বালা থাকলেও

ভালোবাসার ঘাটতি নেই।স্বামীর কথা মেনে সেও সংগ্রামে নেমেছে গঙ্গার যে বর্ণনা লেখক দিয়েছে তাতে গঙ্গা নিজেই এই গল্পের প্রধান চরিত্র হয়ে উঠেছে। গল্পের শুরুতে একেবারে আষাঢ়ের গঙ্গা ও দুই উপসী মানুষের ছবি এঁকেছেন। দুরন্ত প্রকৃতির সঙ্গে লড়াই করে দুজন ক্ষুধিত মানুষ কীভাবে নিজেদের দুঃখকে জয় করতে সক্ষম হয়েছে, একটু খাবারের আশায় কীভাবে জীবন সংগ্রামে লিপ্ত হয়েছে তার পরিপূর্ণ রূপায়ণ এই গল্পটি।

দেবেশ রায় রচিত 'অনৈতিহাসিক গল্পে এক পুরুষ চরিত্র ভাসিন্দির এবং তার পরিবারে অনাহার ক্লিষ্ট জীবনের - প্রতিচ্ছবি দেখা যায়।নদীর সঙ্গে তার জীবন যুদ্ধ গল্পে প্রকাশিত হতে দেখা যায়।পরিবারের অনাহার দূর করার জন্য জীবিকা সংগ্রহের আশায় জীবন বাজি রেখে নদীতে কাঠ সংগ্রহের জন্য নামে। আলোচ্য গল্পে জলপাইগুড়ির কথা আছে।জলপাইগুড়ি শহরের উপর দিয়ে প্রবাহিত তিস্তা নদীর ধারে ভাসিন্দিরকে বসে থাকতে দেখা যায়। তিস্তার এক বানার মুখে তার জন্মতার নাম ছিল ভাসা ক্রমে ক্রমে লোক মুখে মুখে ভাসান, ভাসেন, অবশেষে ভোটের খাতায় ভাসিন্দির।তার একটি দুই বছরের ছেলে আাছে। একটি মেয়েও ছিল সে মারা যায়। গল্প পাঠে জানা যায় যে সে আর বাবা হতে পারবেনা এবং তার স্ত্রীও মা হতে পারবে না গত বছরের ভাদ্রে তার এবং আশ্বিনে তার স্ত্রীর অপারেশন হয়েছে। এই গল্পের কেন্দ্রীয় চরিত্র সে। তার স্ত্রী পুত্র একমাস হাসপাতালে রাখার পর ডাক্তার তার ছেলের কোনো অসুখ না থাকায় বাড়ি আনতে বলে। বাড়ি আসার পর ভাসা রবিবার দুটো চাল কুমড়ো বিক্রি করে এক টাকা পঞ্চান্ন পয়সায়। সেই টাকায় আধ কেজি চাল কেনে।সেই চাল ফুটিয়ে ভাত রান্না করে তারা তিনজনে খেয়েছে, ছেলেটা সকালেও খেয়েছে, বিকালে মুড়ি কিনে ছেলেটাকে খাইয়েছে।তারপর সোমবার পুরো রাত ও মঙ্গলবার সারাদিন তার ছেলেটা কি খিদের জন্য কেঁদেছে মঙ্গলবার সন্ধ্যা থেকে সে আর কোনো কান্নাকাটি করেনি। তারপর সে রাত্রিবেলা বাড়ি থেকে বেরিয়ে এসেছে দুটো খাবারের জোগাড়ের আশায়।

এহেন গল্পকার বলেন-

" ওপর-তিস্তায় বৃষ্টি নেমেছে। ওপরে পাহাড়ে জঙ্গলে বান ডেকেছে।পাহাড় থেকে স্তূপ তুল্য" পাথর তিস্তার অগভীর প্রখর খাত বেয়ে গড় গড় শব্দে নেমে আসছে। জঙ্গলের কাঠ, চরভূমির জঙ্গল ভেসে আসছে সেই কাঠ ধরার জন্য সেই শেষরাত থেকে ভার্সিন্দির তিস্তার পাড়ে বসে।

ভাসিন্দির দেখে নদীর ওপর দিয়ে একটা কাঠ ভেসে আসছে শিকারীর মতো সময় নষ্ট না করে চোখ মুখ মুছে সে সেই কার্য টাকে খেয়াল রাখার চেষ্টা করে নাহলে

কাঠটি হারিয়ে যাবে। সে একপা দুপা' করতে করতে এগিয়ে যায়, তারপর হঠাৎ বালির পাড় ভেঙ্গে সে তিস্তা নদীর প্রবল জলরাশির মধ্যে পড়ে যায়। মাথা, হাতের পাঞ্জ দুটো আর পায়ের পাতা দুটো ভাসিয়ে রেখে সে। তিস্তার প্রোতের তলায় ডোবা পাথরে আর খরস্রোতে ভাসা শাল গাছ থেকে মাথা বাড়িয়ে এদিক ওদিক করতে করতে এগিয়ে। মায়ানদীর ভিতরে বৃষ্টির উৎপাত কম, কিন্তু নদীর ভিতরে তার চোখ আটকে আনে। এত প্রতিকূলতা সত্ত্বেও সে এগিয়ে এ যায়। পরবর্তীতে দেখা যায় সে কাঠটিকে দেখে, খুটি হলে আনন্দ পেত, কিন্তু তবুও সে দুঃখিত হয় না বালুবাড়ি গিয়ে শেষ হয়েছে। ভ মনিবাড়িতে। ভাসা সেই পোড়া কাঠ নিয়ে ভামনিবনের ভিতর ঢুকে যায়। সে এবার কাঠটি মাথায় নিয়েছোযার ফলে জলে। তার মাথা ভিজছে না।সে কাঠ ধরার জন্য দুই মাইল অতিক্রম করেছে তারপর কাঠটি নিয়ে সে হেঁটে চলেছে কাঠ দিয়ে তার মাতা ঢাকা সে চোখ তুলেও চারপাশ দেখতে পায় না।আসলে তার-

"যাওয়ার ভিতর কোন হিসেব নেই।সে নদী, নালা, বন ভেঙে সোজা যাচ্ছে নদীর ধার ধরে ধরে যে-জায়গাটায় সে বসে ছিল সেখানে সে নিশ্চয়ই কোন হিলের ছাড়া পৌঁছে যাবে। তিস্তার বা তিস্তার চরের কোন হিশেব ত আর রাখা যায় না"

-কেননা তিস্তার জল বা চড়ের মাটি সম্পর্কে কোন পূর্বজ্ঞানের মানে নেই।প্রতিনিয়ত ভূগোল বদলায় সেখানে। আর বাদলায়।

মানুষের জীবনযাত্রা।

ভাষানিক্স শেষে ধান খেতে এসে পড়ে আল বরাবর সে হাঁটতে থাকে। সে-

"গেল বছরের আগের বছর রাজবাড়ির পাশে, ব্লক অফিসের পাশের জমিতে বিলাতি ধানের রোয়া কাজ পেয়েছিল।"

-এবছর আর পায়নি সে আগে থাকত ডিস্তার পাড়ে, শহরের পাশোণীধের জন্য তাদের জমি দিয়ে দিতে হয়। এরপরই সে এখনে ওখানে ঘুরছে। অবশেষে ভাসা তার জায়গায় পৌঁছায় কাঠের পাছার মধ্যে সে কতটা ফেলে দেয়াজুল থামার কোনো লক্ষণ না দেখে কাঠের নীচে চাপা দেওয়া তামাক পাতা বার করো, সেট কচুপাতার মোড়া ছিল। হাত ভিজে থাকায় কাঠের ওপর হাতটা ঘষে নেয়াকাঠের গুঁড়ো লাগায় কচু পাতা দিয়ে হাতটা ঝেড়ে নেয় তার পরনে পরা আণ্ডার ওয়্যারটি জন্য লোকের কাছ থেকে চেয়ে নেওয়া। আসলে এটি তার নিম্নবিত্তের পরিচয়। গল্পের পরবর্তী পর্যায়ে দেখা যায় বৃষ্টি থেমে যাওয়ার কারণে সে কাঠ গুলো শুকিয়ে নেওয়ার জন্য ছড়াতে থাকে। অনেক কাঠই সে ধরেছে। শুকানোর পর সে বেঁধে নিয়ে শহরে যাবে সেখানে বিক্রি করবে, সেভাবে তার যদি কুভাল থাকত তাহলে সে ফেঁড়ে আটি করে

বিক্রি করতে পারতো। এছাড়াও গরু গাড়ি থাকলে বড় কাঠ শহরে নিয়ে ঘুরে ঘুরে বিক্রি করতে পারতো সে যে কাঠ গুলি ধরেছে তাতে হয়তো কড়ি টাকা অথবা বড়জোর ত্রিশ টাকা হতে পারে। স্রোতের প্রতিরোধ হঠাৎ কমে যায় সেই সানম তার চোখে পড়ে আর একটি কাঠ এবং সেটি ধরার পিছনে একটি লোক আসছে।

ভাসা কাঠটি নেওয়ার জন্য তার পিছনে যায় এবং লোকটির সঙ্গে তার কাঠ ধরা নিয়ে লড়াই বাঁধোলোকটি জানায় তাকে ঝাঠট দিতে কারণ আর বাড়িতে পোয়াতি বউ আসে ভাসা লোকটির সাথে আত্মীয়তা বোধ করে ফেলেছিল কিন্তু তবুও সে কাঠটা না এদওয়ার জন্য জালের মধ্যে সজোরে লাথি মারে, নিজের লাথির সমান আর একটি লাখি তার মাথায় এসে পড়ে। সেই আঘাতে কে ডুবে যায়। তারপর হঠাৎ সে কঠিন কিছু একটা ধরে ফেলে একসময় সে জলের উপর উঠে আসে। দেখে কার্যটি তার হাতেই আছে। গল্পের শেষে দেখা যায়-

" বিরতবৃষ্টি আকাশে বার্নেশের ওপর থেকে ওঠা চাঁদ মণ্ডলঘাটের দিকে সরে যখন তিভার স্রোত আর চরকে নির্জনতর আলোকিত করে তোলে আঁ আঁ আঁ শব্দে ভাসার ঘুম ভেঙে যায় সে উঠে বাড়ির দিকে ছুড়তে থাকে তারপর বালুবাড়িতে নামে ভাসার বাড়ির আঙিনা, ছেলেকে ডাকোত্তার বৌ ছেলে। কোলে নিয়ে দাঁড়িয়োবেটি আকাশের দিকে তাকিয়ে কেঁদে ওঠে। আসলে তার ছেলে মারা গেছো বৌয়ের কোল থেকে ছেলেটা পড়ে যাচ্ছিল ভাষা ধরে ফেলে নদীর সঙ্গে মানুষের লড়াই বহুপ্রাচীন কাল থেকোভাসিন্দিরের পরিবারে অনাহার রি বিভার ছবি দেখা যায়। তার নদীর সাথে জীবনযুদ্ধ, জীবিকা অর্জনের আশায় গভীর রাতে বের হওয়ার ছবি তার সমাজে অবস্থানের দিকট ফুটে ওঠে নদীর স্রোতের সঙ্গে লড়াই করে কাঠ তুলতে সক্ষম হয়েছে কিন্তু ছেলেটিকে দুটি খাওয়ার দিতে পারেনি নবীর কারণে ভিটেমাটি ছাড়া হয়েছে কিন্তু এই নদীর স্রোতই তাকে জীবিকার সংস্থান করে দিয়েছে।নদী মূলত তার প্রধান জীবিকা হয়ে উঠেছে। এভাবেই তাকে সারাজীবন বেঁচে থাকতে হবে। খাবারের আশায় জীবনের তোয়াক্কা না করে নদীর স্রোতে নিজেকে ভাসিয়ে দেওয়ার মধ্যে তার সাহসিকতার পরিচয় ফুটে উঠেছে দেবেশ রায় রচিত 'অনৈতিহাসিক' গল্পটি আসলেই না অসাধারণ স্রষ্টা কেন্দ্রীয় চরিত্র ভাসিন্দিরকে তার সৃষ্টির নিখুঁত তুলি দিয়ে অম্লন করে তার জীবনের ওঠাপড়ার দিক এবং পাহাড়ি মানুষের জীবনযাত্রার বাস্তবচিত্র ফুটিয়ে তুলেছেন। এখানেই তার শ্রেষ্ঠত্ব।

এহেন অই দেবেশ রায় রচিত আর একটি গল্প 'মৃত জংশন ও বিপজ্জনক ঘাট। এই গরটিতে মন্ত্রী কীভাবে মানুষের জীবন জীবিকা হয়ে উঠেছে সেদিকে আলোকপাত করার চেষ্টা করবো। বার্নেশ ঘাট নামে একটি জায়গা ছিল, আগে সেখানে মালবাজার

থেকে রেলপথ কুচবিহার জেলার দিকে চলে যায়। তার জন্য বার্নেশ জংশনও বলা হতো। আর তিস্তা নদী । পার করে জলপাইগুড়িতে যেতে হতো বলে ঘাট বলতো লাটাগুড়ি, ধূপগুড়ি ইত্যাদি জায়গা থেকে অনেক মানুষজন নিয়ে বাস আসত। কালক্রমে জংশন উঠে গেলেও সেই বার্নেশ ঘাটটি হিলার পাঠে জানা যায় -

"সেই ঘাটে সকাল থেকে সন্ধ্যা সারা ডুয়ার্সের মানুষেরা আসে বাসে করে, জলপাইগুড়ি যায়, আবার ফোরে। এখন মরচে ধরা রেল-লাইন, দু-একটা ভাঙ্গা গুদামঘর, পোড়ো আমটি মৃত জংশনের সাক্ষ্য।

-সরকারি ঘাট দশনয়া পাসায় জলপাইগুড়ি সদরে যাওয়ার ব্যবস্থা আছে।রেল কোম্পানির সময় থেকে সেখানে পশ্চিমী মাঝির বংশানুক্রমে নৌকা চালায় ট্যাক্স দেওয়ার জন্য প্রতিবছর তাদের সরকারি দুয়ারে যেতে হয়।আসলে তাদের একটি বিপদ আছে।

সেটি হল জলপাইগুড়ির মাঝখানে একটি স্থায়ী চর, দেড় মাইলের সেই চরাবার্নেশ ঘাট থেকে যাত্রী নৌকা সেই চরে নামিয়ে দেয় তারপর ট্যাক্সি চড়ে, অধিকাংশই পায়ে হেঁটে চরটা পার হয়ে জলপাইগুড়ির কাছে আবার একটু নৌকায় চড়ে পার হয়।শীতকালে চরে জল থাকে না। বর্ষাকালে বুক জল, গলা জল তখন ট্যাক্সি থাকে না।জলপাইগুড়ি শহরে তাদের না এলে চলেনা। কারণ অসুখ হলে জলপাইগুড়ি ডাক্তার দেখাতে হাসপাতালে আসতে হয়। প্রসঙ্গত উল্লেখ্য, তিস্তা তাদের কাছে বিপদজ্জনক ও পরিত্যাক্ত বলে সরকার কর্তৃক ঘোষিত হলেন রাজবংশীরা ঘাট আর নদীর উপর ঝাঁপ দিয়ে পড়োসরকারি নৌকায় যখন লাল নিশান ওড়ে তখন বেসরকারি নৌকা গুলি যাত্রী পারাপার করে। তাদের প্রতিনিয়ত ঘটে চলা কাহিনীও দেখা যায়। ভাদুই নামের একটি ব্যক্তি সে বাসের প্যাসেঞ্জারকে সংগ্রহ করে। উভার সিং এবং রাকা দুজনের নৌকায় ভর্তি হয়। উভার সিং এর নৌকা মহাজনের। তার নৌকার মালিক জলপাইগুড়ি শহরে থাকে। সে-

" বর্ষার সময় যাত্রী পারাপার করছে, অন্য সময় মাল নিয়ে যাতায়াত করে। রাবনের মহল্লা লোকজনই তার নৌকায় খাটতে এসেছোতাড়াতাড়ি বর্ষা নামায় খেতে জল জমে গিয়েছে এবং যাদের জমি আছে তারা পাট কাটতে নেমে গেছে। ফলে নৌকার মাঝির সংখ্যা এবার কম।"

- এভাবেই তারা জীবন যাপন করে থাকে।রাবণের রাগটা একটু বেশি। সে ধারকর্য করে ও জমি বিক্রি করে নৌকা কিনেছে। এরপর নদীতে তারা যখন নৌকা চালায় তখন যুদ্ধ চলে উভারসিং আর রাবণের। তখন ভাদুই অদৃশ্য হয়ে যায়।সবার পরনে। নেংটাস্রোতের মুখে

যৌথভাবে প্রতিযোগিতা শুরু হয়। উভার সিং এর নৌকা আগে চলে, রাবণের নৌকা তার গা লাগোয়া।দুই নৌকার উনিশ জান মাঝির নেংটি পরা গায়ে জলে ভিজে জপ জপে দেখে মনে হয় তারা তিস্তার ভিতরে গিয়ে নৌকা টানছোনদীর মধ্যে এভাবেই তাদের ঠাণ্ডা যুদ্ধ চলতে থাকে।রাবণ জানে সামনে থেকে স্রোত আসলে সামনের নৌকাটি তার নৌকার উপর আছে পড়বে।

তবুও সে সেই ভাবেই চলে।

গল্পের শেষে দেখা যায়-

"সেই প্রতিযোগিতায় জয়লাভ নিশ্চিত করার জন্য তারা নীচের জলস্রোতের অনুকূলতা কাজে লাগাচ্ছে, কিন্তু সে অনুকূপতা প্রতিটি মুহূর্তে মাপা।"এ" K - তারপরেই জলপাইগুড়ির ঘাটে নৌকা এসে থামল। এভাবেই নদীর স্রোতের সঙ্গে এবং একে অপরজনের সঙ্গে লড়াই করতে। করতে তাদের অবশেষে জয়লাভ আর সে কারণে আকাশটাকে তারা পতাকা হিসেবে মেনে নিয়েছে জীবন ও জীবিকাকে একসূত্রে গঠিত করে লেখক এক অনন্যতার পরিচয় দিয়েছেন নদীর স্রোতের সাথে তাদের জীবন সমান্তরাল। প্রতিনিয়তই তারা প্রতিযোগিতা করে চলেছে জীবনের সঙ্গে ও নদীর সঙ্গে, যার কারণে নদীর সঙ্গে একাত্ম হতে পেরেছে। এ লড়াই চিরকালীন নৌকার মাঝিদের বেঁচে থাকার লড়াই।শুধু উভার সিং ও রাবণ নয়, সকল মাঝি এবং এদের সঙ্গে জড়িয়ে থাকা ভাইও জীবন সংগ্রামে লিপ্ত হয়েছে। আর তাদের সংগ্রামের পিছনে থেকে গেছে নদী, তাদের বেঁচে থাকার একমাত্র অবলম্বন।

বরেন গঙ্গোপাধ্যায়ের 'ক্ষুধা' গল্পটিতে নদী মানুষের বেঁচে থাকার অবলম্বন হয়ে উঠেছে। গল্পটির প্রথমে। বুড়ো শকুনের মতো পরাণ মুচিকে আঁকাবাঁকা ভেড়ির উপর, যেখানে আঠারোবাঁকি নদী বাঁক নিয়েছে সেখানে বসে থাকতে দেখা যায়। পরাগ মুচি সে আঠারোবাঁকি নদীতে ভেসে যাওয়া গরু, মোষ, ছাগল-ভেড়া, বেড়াল-কুকুর ইত্যাদির পচা মাংস থেকে জীবিকা অর্জন করে। গত সাতদিন সে কোনকিছুই পায়নি। যার কারণে তাকে উপোস থাকতে হয়েছে। গল্পকার নদীর প্রসঙ্গে:

দেখেন-

"নামেও আঠারোবাঁকি, রঙ্গেও আঠারো।কখনো ফুঁসছে, কখনো চুপসে এইটুকুন হরদম সাপের মতো জিভ মেলে ছোবলায় ডাঙার মাটি চেটে-পুটে যোগ বানায় ভেড়ির গায়।পুরো ডাঙাটা না গিলে যেন শান্তি নেই রাক্ষুসীর চাটছিস, চাটা শকুনের মতো একজোড়া জুলজুলে চোখে তাকিয়ে থাকে পরান।

-পরাদ শুধু নদীকে বারবার বলছে একটা কালো মোষ জুটিয়ে দিতোতার ক্ষুধার জ্বালায় ঝিম ধরা ভাব চলে এসেছিল।সে তার আঙুল দিয়ে ভেড়ির মাটি তোলে তার

কাছে মাটি নুনের জেলার মত মনে হয়, কারণ তা তুলতেই গুঁড়ো হয়ে যায়।

পরান তবুও আঠারোবাঁকি নদীকে মা সম্বোধন করেতার কাছে ভিক্ষা চেয়ে যাচ্ছে। আঠারোবাঁকি নদীর গর্জন শুনে পরান চমকে ওঠে। বাটালির পাত থেকে আলো ঠিকরে তার চোখে পড়ছে।সে ভাবছে আঠারোবাঁকি নদীর জল যেন তীরের কুচি। নদীতে ছেয়ে আছে কামটে। আরও আছে সমুদ্রের বিষাক্ত কীট কত নৌকা যেতে দেখে নদীর ওপর দিয়ে হঠাৎ ভূত দেখার মতো চমকে ওঠে পরাণ একটি নৌকা ভাসতে ভাসতে তার দিকে এগিয়ে আসছে হাল নেই, নৌকায় ছিল খুশিয়ার স্বামী মাৰি ছিল।তারপর অন্ধ হয়ে মারা যায়। স্বামীর নাম করে রিলিফের পাওয়া ধুতি পড়েছে খুশি।পরাণ বলে ডোম জাতের কলা সোকারণ সে পেটের জ্বালায় ঘর ছেড়ে পথে নেমেছে। পরাণের গা ঘেঁষে একটি কুকুর বসে আছে। কুকুরটির জিভ থেকে লালা কারে পরছে। পরশ বলে তারা খেলে কুকুরটি কাঁইকুঁই করে আর আদর দিলে মাথায় ওঠে দুর্ভিকের সময় সকলে মরছে, তবুও কুকুরটির মরণ নেই।সারা জগতের উপরে ঘেন্না পরাণের। পরাণ সাতদিন গো-মোষের চামড়া পায়নি।তাই খুশি পরাণকে দুটো মাহ দিতে চায়।কিন্তু পরাণ খুশির উপর রেগে যায়। একদিন এই পরাণ। খুশির কত আপন ছিল কিন্তু এখন সে খুশিকে দুরছাই করে।জাত কুল সব ছিল খুশির অক্ষ স্বামী ছিল সতিনও ছিল খুশির স্বামীর নাম মোনা মাঝি। মোনা মাঝি মারা যাতাযানীর জমিজমা সব নিঃশেষ হয়ে যাওয়ার পর সতীন দশ নম্বর পানা সর্দারের ঘেরিতে পালিয়ে যায় তার ছেলে দুটোকে রেখে যায় খুশির কাছে খুশিও চলে যেতে পারতো কিন্তু যেতে গিয়েও পারেনা।

নদী গর্জন করে চলেছে। হঠাৎ কুকুরটি জলের তলায় কী একটা যেন আবিষ্কার করেছে। পরাণ উঠে দাঁড়ায় জন্তুটা ডুবছে আর ভাসছে, জলে ফুলে কি বীভৎস আকৃতি হয়েছে জন্তুটার ঠিক কী বুঝতে পারছে না খুশি চেঁচিয়ে উঠে বলে মোষ পরাণ। গুণ চেলে দেয় কিন্তু ঘোষটা নদীর মাঝ বরাবর ভেসে যাওয়ায় আঁকশীটা জলের তলায় তলিয়ে যাচ্ছে। খুশি পরশকে বলে নৌকায় উঠতে, কিন্তু পরাণ ঝাঁপিয়ে পড়ে নদীতে সাত দিনের উপসী পরাণ যে করে হোক জন্তুটাকে ধরবে -"আঠারোবাঁকি ফুঁসছে নোনা জলের আস্তরণের নীচে লুকিয়ে রাখা বিভীষিকা লাফিয়ে লাফিয়ে উঠছে কি এক ক্ষুব্ধ আক্রোশ কি বীভৎস্য সেই আক্রোশের প্রকাশ।।

পরাণ নদীর মুখের গ্রাস ছিনিয়ে নেবো নদীর অথৈ জলে চেঁচিয়ে উঠতে গিয়ে থেমে যায় পরাণ তার কোমরে একটি সাপ পেচিয়ে ধরেছে কিন্তু সাপের গর্জন করার ক্ষমতা নদী যেন কেড়ে নিয়েছে। পরাণ সাপটাকে ছুড়ে ফেলে দেয় এগিয়ে যায়।

মেয়েটার দিকে গল্পকার বলেন-

"আঠারোবাঁকির ভয়ংকর গর্জন কানে তীরের মত আঘাত করছে লোহার মতো শক্ত হাত মেলে জল কাটতে কাটতে পরাণ বুঝলো রাক্ষসী নদীরও দাঁতের গোড়ায় বুভুক্ষার ঝিলিক আবহমান কাল ধরে চিবিয়ে চিবিয়ে খেয়েছে রাক্ষসী। খেয়েছে জনপদ, মানুষের সাধ- অখাদ্য।"

আহ্লাদ, খেয়েছে বন-বনান্তর, গোগ্রাসে গিলতে চেয়েছে বিশ্বসংসারের প্রতিটি খাদ্য-
--পরান আকাশের দিকে তাকিয়ে দেখে শকুন ছেয়ে গেছে সবারই যেন ওটা সম্পত্তি। পরাণ রাগ করে না। পরাণের ডাঙায়। এসে পড়ে থাকতে ইচ্ছে হয়। এলিয়ে পড়ে নরম কাদায় পরাণ তবুও উঠে রসে নদীর জল ছলকে পড়ছে মোষটার গায়ের উপর খুশির আস্ফালন থেকে পরাণ বলে সে ডোমজাতের কলঙ্ক চামড়া থেকে পচা মাংস ছাড়ায় পরাণ খুশি নৌকা থেকে নেমেই এল সে পরাণকে বলে দুজন মিলে ঝটপটা চামড়া ছাড়িয়ে ফেলার কথা কিন্তু পরাণ চেঁচিয়ে উঠে তাকে হাত দিতে বারণ কারে খুশি কান্নায় ফোঁপাতে থাকে।খুশি বলে-

"কি করবো বলো? কি করলে বাঁচব? খেতে দে, পরতে দে, ঘর ছেড়ে ধরে বসব নি'ঘরের বউ হয়ে থাকবো।

-এই বলে সে ঝাঁপিয়ে পড়ে পরাণের উপর বাটালিটা ছিনিয়ে নেয় স্তাধবস্তিতে পরনের কাপড় খুলে পড়ে খুশির গরু মোষের গায়ে যেমন করে বাটালি বসায় পরাণ তেমনি সে তার গায়ে বসিয়ে দেয়।ফিনকি দিয়ে রক্ত বেরোতে থাকে। তারপর বিবস্ত্র খুসি হাটখোলার দিকে চলে যায়। পরাণ অবাক হয়ে তাকিয়ে থাকে। অসহা ক্ষুধার জ্বালায় যেন ডানাভাঙ্গা শকুনের মত সে আনাচে কানাচে পচা, নোংরা জঙ্গলে কোথায় তার খাদ্য আছে খুঁজতে চলেছে। পরাণ তারপরই খাবলা খাবলা মাংস তুলে ছুড়ে ফেলে কারণ তার চামড়া চায় শকুন গুলোও তাড়াতাড়ি থাকে সে।কুকুরটাও একটানা চিৎকার করে চলেছে। আসলে খিদের জ্বালায় যা খুশি তাই করতে বাধ্য হয়।যার কারণে পরাণ ও খুশি তাদের জীবন চালাতে পথে নেমেছে।নদীর জলে আমৃত্যু লড়াই করে মোষটাকে উপরে ডাঙায় তুলতে সমর্থ হয়েছে পরাণ জীবন চালানোর জন্য খুশিকেও রাস্তায় নামতে হয়েছোয়ার জন্য। সে কলঙ্কিনী হয়ে উঠেছে সমাজের কাছে নদীই তাদের বেঁচে থাকার অবলম্বন হয়ে উঠেছে। হয়ে উঠেছে তাদের জীবন জীবিকা। এছাড়াও শকুন ও কুকুরের জীবন বাঁচাতে নদীর দণ্ডায়মান থেকেছে। নদীতে ভেসে আসা জন্তুটার মাংস মেয়েই তাদের জীবন অতিবাহিত করছে। নদীর আগ্রাসিনী মূর্তি যেমন দেখা যায়, তেমনি নদী তেমনি নদী জীবনদায়িনীও বটো মানুষ ও অন্যান্য প্রাণীর জীবন বাঁচানোয় নদী সাহায্য করে চলেছে।আর এই ভার নদী সারাজীবন বহন করে চলবে।

প্রসঙ্গত বলা যায়, নদী ও মানুষের জীবিকা অধ্যায়ের প্রতিটি গল্পে মানুষের নদীর সঙ্গে সংগ্রাম মুখরতার চিত্র ফুটে উঠেছে। সমরেশ বসুর 'পাড়ি' গল্পে নট দম্পতির জীবনসংগ্রাম বিশেষ লক্ষণীয়। সমস্ত প্রতিকূলতা সত্ত্বেও তাদের পাড়ে ওঠা সাহসিকতার দৃষ্টান্ত স্বরূপ।এছাড়াও গল্পের শেষে দেহের ক্লান্তি ভুলে তারা কামনায় লিপ্ত হয়েছে যা প্রাগৈতিহাসিক কাল থেকেই চলে আসছে।দেবেশ রায়ের 'অনৈতিহাসিক' ও 'মৃত জংশন ও বিপজ্জনক ঘাট' গল্পেও প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়ে জীবনযুদ্ধ এক ভিন্নতর সৃষ্টি।খরস্রোতা তিস্তা নদীর মধ্যে ভাসিন্দিরের কাঠ সংগ্রহ এবং নৌকার মাঝিদের স্রোতের বিপরীতে নৌকা বাওয়া যেন একই সংগ্রামের চিত্র ফুটিয়ে তোলে।তাছাড়া গঙ্গোপাধ্যায়ের 'ক্ষুধা' গল্পে পরাণের নদীর দিকে চেয়ে বসে থাকা এবং খুশির নৌকা নিয়ে পথে নামা শুধুমাত্র জীবিকার উদ্দেশ্যেমরা পশুর গা থেকে চামড়া ছাড়িয়ে জীবিকা অর্জন পরাণের একমাত্র কাজ। এটির জন্য সে খেতে পারোয়া নদীর দ্বারা হয়ে থাকে। আসলে নদীর স্রোতের সঙ্গে তাদের প্রত্যেকের জীবন জড়িত, নদী যেমন ভয়াবহ তেমনি সাহায্যকারী। এইভাবে চিরকাল নদী মানুষের জীবনের সঙ্গে অতপ্রোতভাবে জড়িত হয়ে থাকবে।

তথ্যসূত্র :

১। ঠাকুর রবীন্দ্রনাথ, 'গল্পগুচ্ছ', প্রথম মালঞ্চ সংস্করণ, মালফ, কলকাতা ৭৩, ২০১৭, পৃ.-৩৯

২। ঠাকুর রবীন্দ্রনাথ, 'গল্পগুচ্ছ', প্রথম মালঞ্চ সংস্করণ, মালঞ্চ, কলকাতা ৭৩, ২০১৭, পৃ.-৩৯

৩। ঠাকুর রবীন্দ্রনাথ, 'গল্পগুচ্ছ', প্রথম মালঞ্চ সংস্করণ, মালঞ্চ, কলকাতা ৭৩, ২০১৭, পৃ.-42

৪। গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্ত রচনাবলী প্রথম খণ্ড', গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা ৭৩,১৩৬৫, পৃ.-৪৩৭

৫। গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্ত রচনাবলী প্রথম হস্ত', গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা ৭৩,১৩৬৫, পৃ.-৪৩৭

৬। গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্ত রচনাবলী প্রথম খণ্ড', গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা ৭৩, ১৩৬৫, পৃ.-438

৮। গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্ত রচনাবলী দ্বিতীয় খণ্ড', গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা 73, 1965, পৃ.-449

৯। গুপ্ত জগদীশ, জগদীশ গুপ্ত রচনাবলী দ্বিতীয় খণ্ড', গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা 73,1365, পৃ.-457

১০। বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, তারাশঙ্কর বন্দ্যেপাধ্যায়ের বাছাই গল্প', মণ্ডল বুক হাউস, কলকাতা-৯, জুলাই ১৯৯৬ সন, পৃ.-142

১১ । বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বাছাই গল্প', মণ্ডল বুক হাউস, কলকাতা -৯, জুলাই ১৯৯৬ সন, পৃ.-142

১২। বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বাছাই গল্প', মণ্ডল বুক হাউস, কলকাতা -৯, জুলাই ১৯৯৬ সন, পৃ.-153

১৩। রায় অসীম গল্প সমগ্র' প্রথম পরিমার্জিত রাজ সংস্করণ দে'জ পাবলিশিং, কলকাতা ৭৩,১৯৯৪, পৃ.-154

গ্রন্থপঞ্জি:

আকরগ্রন্থ :

১। রায় অসীম।গল্প সমগ্র।প্রথম নির্বাচিত রাজ সংস্করণ। দে'জপাবলিশিং, কলকাতা ৭৩, ১৯৯৪

২। আমেদ আফসার সেরা ৫০টি গল্প। দে'জ পাবলিশিং, কলকাতা,73,2022

৩। গুপ্ত জগদীশ 'জগদীশ গুপ্ত রচনাবলী প্রথম খণ্ড, গ্রন্থালয় প্রাইভেট লিমিটেড, কলকাতা ৭৩, ১৩৬৫।

৪। বন্দ্যোপাধ্যায় তারাশঙ্করা তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বাছাই গল্প। মণ্ডল বুক হাউস, কলকাতা ৯,১৯৯৬

৫। রায় দেবেশী, গল্প সমগ্র, দে'জ পাবলিশিং, কলকাতা ৭৩,২০২২

৬। গঙ্গোপাধ্যায় বরেন। গল্প সমগ্র'। প্রথম অখণ্ড সংস্করণ। করুণা প্রকাশনী, কলকাতা ৯, ১৯৬৫

৭। মিশ্র ভগীরথ। শ্রেষ্ঠ গল্প'। মৌসুমী সাহিত্য মন্দির, কলকাতা ৯,১৯৬৫

৮। ঠাকুর রবীন্দ্রনাথ। গল্পগুচ্ছ'। প্রথম মালঞ্চ সংস্করণ মালঞ্চ, কলকাতা ৭৩, ২০১৭।

৯। বসু সমরেশ। শ্রেষ্ঠ গল্প। প্রমা প্রকাশনী, কলকাতা ১৭, ১৯৬১ ।।

১০। চট্টোপাধ্যায় সাধন। শ্রেষ্ঠ গল্প'। দ্বিতীয় পরিবর্ধিত সংস্করণ করা প্রকাশনী, কলকাতা ৯, ২০০৭

সহায়ক গ্রন্থ:

১। মুখোপাধ্যায় অরুণকুমার 'কালের পুত্তলিকা বাংলা ছোটোগল্পের একশো দশ বছর (১৮৯১-২০০০) তৃতীয় সংস্করণ।দে'জ পাবলিশিং, কলকাতা -৭৩, এপ্রিল ২০০৪

২। চৌধুরী শ্রীভুদেবা বাংলা ছোটগল্প ও গল্পকার' পূণমুদ্রণ। মডার্ন বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, কলকাতা -৭৩, ২০১১

4

বাংলা ছোটগল্প : প্রসঙ্গ পণপ্রথা

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
শিউলি মোড়ল (এম. এ.(বাংলা), শিক্ষার্থী)

।।১।।

পণপ্রথা ও বহুবিবাহ সমস্যা আমাদের সমাজের অভিশাপ স্বরূপ। পণপ্রথা বলতে এক ঘৃণ্য প্রথাকে বোঝায়। এই পণ আবার দুই প্রকারের। যথা- কন্যাপণ ও বরপণ। এই প্রথা সমাজে সমস্ত স্তরের মানুষের মধ্যে দেখা যায়। শিক্ষিত, অভিজাত, বিত্তমান পরিবারও টাকার লোভে এই প্রথায় শামিল হয়ে যায়। পণপ্রথা প্রাচীনকাল থেকেই আমাদের সমাজে প্রচলিত ছিল। তবে আগেকার দিনে এই প্রথার রূপ অন্যরকম ছিল। পূর্বে বরপক্ষ কন্যাকে নানা রকম অলংকারে সজ্জিত করবার পাশাপাশি, নগদ অর্থ প্রদান করত। কিন্তু কালক্রমে এই নিয়মের উল্টো প্রয়োগ ঘটেছে। ফলে বর্তমানে কন্যা পক্ষকেই যৌতুক বা পণ দিতে হয়।

পৃথিবীর ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, জমিদার প্রথা ও বংশগত ভূমি ভোগের কথা অর্থাৎ কোন জমিদারের মৃত্যু হলে তার সমস্ত সম্পত্তি উত্তরাধিকার সূত্রে পাবে তার পুত্র। সেই সম্পত্তির কোন কিছুই তার কন্যা পাবে না। ফলে কন্যার বিবাহের পর তার স্বামী বা শশুর বাড়ির লোকজনেরা তার ওপর বিশেষভাবে চাপ সৃষ্টি করতে থাকে, তার পিতার সম্পত্তির জন্য। এরপর থেকে কন্যারাও পিতার সম্পত্তির অংশীদার হতে থাকে। এই লোভ আস্তে আস্তে এই প্রথায় পরিণত হয়। এভাবেই পণ প্রথার উৎপত্তি হয়।

আমাদের পুরুষ শাসিত সমাজে পণপ্রথা কে ঘিরে নারী নির্যাতন নিত্য নৈমিত্তিক ঘটনা হিসেবে পরিলক্ষিত হয়। প্রাচীনযুগ, মধ্যযুগ ও আধুনিক যুগেও এই পণপ্রথা লক্ষ্য করা যায়। এছাড়া মধ্যযুগের রাজা বল্লাল সেন কৌলিন্য প্রথা প্রবর্তন করেন। কৌলিন্য প্রথা অনুযায়ী সমাজের সম্ভ্রান্ত ও উচ্চ বংশীয়রা বিশেষ সম্মান ও মর্যাদা ভোগ করত। সে যুগে তারা কুলীন বংশ হিসেবে পরিচিত ছিল। কুলীন ব্রাহ্মণ এর সাথে মেয়ের বিয়ে দিতে নানা উপঢৌকন দিয়ে বরকে প্রলুব্ধ করতে চাইতেন বাবা-মা। এই কৌলিন্য প্রথা ও ধীরে ধীরে পণপ্রথাতে রুপান্তরিত হয়েছে। চুক্তিতে বরপণ দিতে অপারক কন্যার শ্বশুরবাড়িতে অপরিসীম নির্যাতন ভোগ করতে হতো।

আমাদের মুসলমান সমাজে শরীয়ত অনুযায়ী তালাক বা বিবাহ বিচ্ছেদের সময় কন্যাকে

'পণ' বা 'মোহরানা' হিসাবে ক্ষতিপূরণ দিতে হয়। এছাড়া কন্যার পিতাকে পণ না দিয়ে পাত্র বিবাহ করতে পারেনা। হিন্দু সমাজের উচ্চ বর্ণে বর পণ দিতে হতো। এই প্রথার সাথে যেহেতু অর্থ সম্পদ প্রাপ্তির বিষয় জড়িত তাই, স্ত্রীকে নির্যাতনের মাধ্যমে যৌতুক আদায়ের প্রবণতা দিন দিন বেড়েই চলেছে। এই প্রথার ফলে অনেক পরিবার সর্বস্বান্ত হয়ে যায় এবং বহু নারী ধীরে ধীরে মানসিক ও শারীরিক অত্যাচার সহ্য করতে না পেরে মৃত্যুর দিকে এগিয়ে গেছে।

।।২।।

পণপ্রথাকে কেন্দ্র করে বহু ছোট গল্প রচিত হয়েছে। পণপ্রথা আবার দুই ধরনের। যথা - বরপণ ও কন্যাপণ। বরমণ হল- পাত্রীপক্ষ কর্তৃক পাত্রকে প্রদত্ত পণ। বরপণকে কেন্দ্র করে বাংলা সাহিত্যে যে সময় ছোটগল্প গুলি রচিত হয়েছে তার মধ্যে কয়েকটি

১. রবীন্দ্রনাথ ঠাকুর' দেনাপাওনা', 'হৈমন্তী', 'অপরিচিতা'।

২. জগদীশ গুপ্ত পরোমুখম ।

এই বরণন কেন্দ্রিক ছোটগল্প গুলি সম্পর্কে নিম্নে আলোচনা করা যেতে পারে-

রবীন্দ্রনাথ ঠাকুর-' দেনাপাওনা':'দেনাপাওনা 'গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত পণপ্রথা বিষয়ক একটি উল্লেখযোগ্য ছোট গর। এই প্রথার ফলে নববধূ বা তার ধীরে ধীরে মৃত্যুর দিকে এগিয়ে যায়। শিক্ষিত, অভিজাত, বিওমান পরিবারও টাকার লোভে এই কুপথে সামিল হয়ে যায়। এইরকমই ঘটনার প্রতিচ্ছবি দেখা যায় 'দেনা পাওনা' ছোটগল্পে। গল্পের প্রধান চরিত্র নিরুপমা। নিরুপমা এবং তার ঋণরে পিতার অসহায় দিকটা যেন আমাদের সমাজে কথা হিসেবে তুলে ধরা হয়েছে আলোচ্য গরে।

আলোচ্য গল্পটি পাঠে জানা যায়- রামসুন্দর মিত্র অনেক খোঁজ করে নিরুপমার বিবাহ ঠিক করেন মস্ত এক রায় বাহাদুরের পরের ছেলের সাথে। বরপক্ষ মণ হিসাবে দাবি করেন, ১০ হাজার টাকা এবং বহুল দান সামগ্রী। কিন্তু পণের টাকা তিনি দিতে পারেন না।ফলে বিবাহ সভায় একটা গোলযোগ শুরু হয়ে যায়। তারপর কোন মতে নিরুপমার বিবাহ হয়। রামসুন্দর বাবু প্রায়ই মেয়েকে যেতেন বিহাই বাড়িতে। কিন্তু কুটুমবাড়ির অপমান সহ্য করতে পারেন না তিনি। আর অপরদিকে নিরুপামার ওপর মানসিক ও শারীরিক নির্যাতন চলতো। নিরুপমা তার বাবাকে বলেন তাকে যেন একবার বাড়ি নিয়ে যায়। এরপর রামসুন্দর বাবু ২০০০ টাকা কোনমতে জোগাড় করে, রায়বাহাদুরকে দিতে গেলে সেই সামান্য টাকা দেখে, রায়বাহাদুর তাকে অপমান করেন। এই আপনাদে মেয়েকে নিয়ে আসার কথা তিনি আর বলতে পারলেন না। রামসুন্দর বাবু মনে মনে ঠিক করেন পুজোর সময় সমস্ত দণের অর্থ শোধ করে মেয়েকে নিজের বাড়ি নিয়ে আসবে। দৈন্যপীড়িত বাড়ির কান্নার আওয়াজ তিনি কানে

নিয়েই বেয়াই বাড়িতে গেলেন। আর তিনি মেয়েকে বাড়ি নিয়েই আসবেন। তার মধ্যে সেদিন কোনো লজ্জা ভয় ছিল না। কারণ তিনি পণের বাকি টাকাটা সাঙ্গা নিয়ে এসেছেন। নিরূপমা বুঝতে পারে যে - তার বাবা বাড়ি বিক্রয় করে পনের টাকা জোগাড় করেছেন। তখন নিরুপমা - রতিবাদের সূরে বাল ওঠে-

'বাবা, তুমি যদি আর এক পয়সা আমার শ্বশুরকে দাও তাহলে আর তোমার মেয়েকে দেখতে পাবে না এই তোমার গা ছুঁয়ে বললুম।'[১]

নিরুপমা আর বলেন-'টাকা যদি দাও তবেই অসমান। তোমার মেয়ের কি কোন মর্যাদা নেই। আমি কি কেবল একটা টাকার থলি, যতক্ষণ টাকা আছে ততক্ষণ আমার দাম না বাবা এক টাকা দিয়ে তুমি আমাকে অপমান করোনা।'[২]

রামসুন্দর বাবু যে বাকি পদের টাকার পরিশোধ করার জন্য এসেছিলেন, সে কথা চাপা রইল না ওর থেকে নিরুপমার ওপর নানা রকম মানসিক অত্যাচার চলতে থাকে। মানসিক পীড়ার ফলে নিরুপমার এক গুরুতর অসুখ হয়। এরপর নিরুপমা মৃত্যুর মুখে পতিত হয়। তার আন্ত্যেষ্টিক্রিয়া তার শ্বশুরবাড়ির লোকজনেরা খুব ধূমধাম করে করেছিল। সবশেষে জানা যায়, নিরুপমার স্বামীর বিবাহের জন্য আবার সম্বন্ধ দেখা হচ্ছে। এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায় । এইভাবে সমাপ্ত হয়েছে।

আর নিরুপমা যেন হয়ে উঠেছে আমাদের সমাজে অসহায় মেয়েদের চিত্র। সেইসব মেয়েদের প্রতিচ্ছবি ফুটে উঠেছে আলোচ্য গরাতে। আমাদের সমাজের অসহায় পিতার দুরাবস্থার কথাও দেখা যায় গল্পে। নিরুপমা আর মৃত্যু প্রমাণ করে দেয় যে এই গণপ্রথা একটি ঘৃণ্য প্রথা।

রবীন্দ্রনাথ ঠাকুর- হৈমন্তী হৈ গল্পের ঘটনাবলী তৎকালীন সমাজ ব্যবস্থার এমন কিছু চিত্র রয়েছে, যা আজও আমাদের সমাজ ব্যবস্থায় সমানভাবে বিদ্যমান। আমাদের সমাজে এখনো প্রচলিত আছে যে পাত্রীর বয়স যত বেশি হবে, তত বেশি হবে পণের টাকা। ঠিক এই ঘটনাই দেখা যায় 'হৈমন্তী' গল্পে।

'কন্যার বাপ সবুর করিতে পারিতেন, কিন্তু বরের বাপ সবুর করিতে চাইলেন না। তিনি দেখিলেন, মেয়েটির বিবাহের বয়স পার হইয়া গেছে,কিন্তু তার কিছুদিন গেলে সেটাকে ভদ্র বা অভদ্র কোন রকমের চাপা দিবার সময়টাও পার হইয়া যাইবে।'[৩]

এমনই এক উক্তি দিয়ে শুরু হয়েছে গল্প। গল্পটিতে পাত্রের বাবা বললেন - পনের টাকার আপেক্ষিক গুরুত্ব এখনো তাহার চেয়ে কিঞ্চিং উপরে আছে, সেই জলাই তারা।' অর্থাৎ আমাদের সমাজে নববধূর ভূলনায় পণের মূল্য বেশি। হৈমন্তী ভার বরের থেকে মাত্র দুই বছরের ছোট। তবুও তার শ্বশুরমশাই বিয়েতে রাজি হয়েছেন।

কারণ মেয়ের বয়স বেশি বলে পণের টাকাটাও বেশি পাওয়া যাবে। হৈমন্তী তার পিতার একমাত্র কন্যা। আর হৈমন্তী শ্বশুরবাড়ির লোকজনেরা জানতেন, হৈমন্তী অর্থবান পরিবারের মেয়ে। সুতরাং তাদের ধারণা জন্মায় যে, তার বাবার সমস্ত সম্পত্তি কন্যা হিসেবে হৈমন্তী পারে। এই ধারণা নিয়েই হৈমন্তাকে পুত্রবধ হিসাবে মেনে নেয় তার শ্বশুরবাড়ির লোকজনেরা। এই রূপ নিম্ন মানসিকতার পরিচয় আজও আমাদের সমাজের সচরাচর দেখা যায়। অর্থের লোভে হৈমন্তী শ্বশুরবাড়ির লোকজনেরা তার সাথে ভালো ব্যবহার করত। হৈমন্তীর বাবা কর্মস্থানে যাওয়ার আগে হেমনা স্বামীকে বললেন-

' বাবা আমার মেয়েটিকে আমি সতেরো বছর ধরিয়া জানি,
আর তোমাকে এই ক'টি দিন মাত্র জানিনাম,
তবু তোমার হাতেই ও রহিল।যে ধন দিলাম,
তাহার মূল্য যেন বুঝিতেপাার,
ইহার বেশি আশীর্বাদ আর নাই।'

হৈমন্তী শ্বশুরমশাই বললেন সে এখানে একজন মাঝে পেয়েছে। হৈমন্তীর বাবা তার জামাইকে বলেন যে, হৈমন্তী বই পড়তে ভালোবাসেন। সেজন্য তিনি মাঝে মাঝে টাকা পাঠাবেন। তিনি আরো বললেন তোমার বাবা যদি এ কথা শুনে রাগ ভাবে এই কথাগুলো বলেননি। এরপর হৈমন্তীর স্বামী মনে মনে ভাবলেন, সংসারে কোন একটা দিক থেকে যদি অর্থ আসে তাহলে ওনার বাবা কোনভাবেই রাগ করবেন না। তাদের বিবাহে পণ হিসাবে দাবি করেছিলেন পনেরো হাজার টাকা নগদ এবং হাজার টাকার সোনার গয়না। এযাবৎকাল হৈমন্তী শ্বশুরবাড়িতে বেশ ভালোই কাটছিল। কিন্তু যখন তার শ্বশুর বাড়ির লোকজনেরা জানতে পারলো তার বাবা মেয়ের বিবাহ দিতে ঋণগ্রস্ত হয়েছেন এবং রাজ সংসারে চাকরি করেন না, তিনি একজন স্কুল মাস্টার। তখন থেকে হৈমন্তীর ওপর চলতে থাকে নির্মম মানসিক অত্যাচার। এই মানসিক অত্যাচারের ফলে হৈমন্তী ধীরে ধীরে রোগাচ্ছন্ন হয়ে পড়ে। এর পরের ঘটনা নরকথা কার বলেননি সে, হৈমন্তীর শেষ পর্যন্ত ঠিক কি পরিণতি হল। শুধু জানা যায় হৈমন্তী শাশুড়ি তার ছেলের জন্য।

হৈমন্তী গল্পে হৈমবীর বয়স বেশি হওয়াটা যেমন মেয়েটির সবচেয়ে বড় দোষ ছিল। সেই রকমই বর্তমানে মেয়েরাও এই দোষের শিকার হয়। তাই শুধু সময় বদলেছে পরিস্থিতি একই আছে।

পাত্রীর সন্ধান করছেন।

রবীন্দ্রনাথ ঠাকুর- 'অপরিচিতা'

পণপ্রথার পরিপ্রেক্ষিতে রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা আরেকটি উল্লেখযোগ্য ছোটগল্প হল- 'অপরিচিতা'। 'অপরিচিতা গল্পটি পণপ্রথার বিরুদ্ধে প্রতিবাদী বিষয়ক গল্প। পণপ্রথার বশবর্তী কন্যাদায়গ্রস্ত পিতা, কন্যার বিবাহ দিতে গিয়ে পাত্রপক্ষের পণবিষয়ক সমস্ত শর্ত মাথা নিচু করে মেনে নিয়েছেন, সামাজিক বিভিন্ন কারণে। এহেন ঘটনা বর্তমান সমাজে প্রচলিত। অপরিচিতা 'পরে আমরা এই ঘটনার বিপরীতদিকটা লক্ষ্য করি। তৎকালীন সময়ে এই প্রথার বিরুদ্ধে যে প্রতিবাদ ধ্বনিত হয়েছে তার থেকে বোঝা যায় যে, আমরা একটু জলও ধীরে ধীরে কিছুটা হলেও নিস্তার পাচ্ছি। যা আমাদের ভবিষ্যৎ অগ্রগতির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে। এই গল্পের মাকে অনুপম। তিনি তার মামার অঙ্গুলীহেলনে পরিচালিত হয়। আলোচ্য গল্পটি পাঠে জানা যায় যে, অনুসমের অভিভাবক হল তার মামা। তার মামার কোন ধনী পরিবারের মেয়ে পছন্দ ছিল না। কারণ তিনি চাইতেন তাদের ঘরে যে মেয়ে আসবে সে যেন মাথা নিচু করে থাকবে। মামা ও হরিশের কথোপকথন থেকে জানা যায়-

'বাপ কোথাও তার মেয়ের যোগ্য বর খুঁজিয়া পান না। একে তো ববেরহাট মহার্ঘ, তাহার পরে ধনুক ভাগা পণ কাজেই বাস কেবলই সবুর করিতেছেন কিন্তু মেয়ের বয়স সবুর করিতেছে না।'[৪]

এই কথোপকথনের মধ্য দিয়ে ভৎকালীন সমাজের কুরুচির পরিচয় পাওয়া যায়। যাই হোক বন্ধু হরিশের অনুপমের বিবাহ ঠিক হয় কল্যানীর সাথে। এরপর বিবাহের দিন উপস্থিত হলে ব্যাণ্ড, বাঁশি প্রভৃতি যতরকমের উচ্চশব্দ আছে, তা বাজিয়ে বিবাহ করতে গেলেন অনুপম। আরো বললেন- হবু জামাই এর মূল্য কত তা বোঝানোর জন্য মূল্যবান গহনা পরলেন। অনুপমের মামা পারীর বাড়িতে গিয়ে খুশি হলেন না। কারণ বিবাহের আয়োজন ছিল নির্ভার সাধারণা আর শম্ভুনাথ বাবুর ব্যবহারটাও মামার ভালো লাগেনি কারণ তিনি অজস্রবার বিনয় জানাননি। শম্ভুনাথবাবু অনুসমকে বলেন, তোমার মামা বিবাহ শুরু হওয়ার আগে কণের সমস্ত গয়না যাচাই করে চান। এ ব্যাপারে তুমি কি বলো। এই প্রশ্নের উত্তরে অনুপম কোন প্রতিবাদ করলেন। না। স্যাকরার দ্বারা গয়না গুলি পরীক্ষা করার সময় অনুপমের মামা গয়নাগুলির একটা ফর্দ করে নিলেন। যাতে গয়নাগুলি পরবর্তীতে কম না হয়। হিসাব করে দেখা গেল যৌতুক হিসাবে যে পরিমাণ সোনা চাওয়া হয়েছিল তার থেকে অনেক পরিমাণ বেশি। সোনা দিল। শম্ভুনাথ বাবু এই ঘটনায় অপমানিত বোধ করেন। এরপর তিনি বললেন, তিনি মেয়ের বিবাহ দেবেন না।

পণপ্রথার বিরুদ্ধে যে প্রতিবাদ আমরা আলোচ্য গল্পে, কল্যাণী এবং তার পিতা শম্ভুনাথ

বাবুর মাধ্যমে প্রকাশ এক উল্লেখযোগ্য ঘটনা। বর্তমান সমাজ ব্যবস্থায় দাঁড়িয়েও, আমরা অনেক সময় এই প্রতিবাদ পারি না। কিন্তু তৎকালীন সমাজ ব্যবস্থায় দাঁড়িয়ে,তাদের এই প্রতিবাদ প্রশংসার দাবিদার। আর গল্পের শেষ অংশে আমরা দেখি অনুপমের পণপ্রথা নিয়ে ভুল ধারণা ভাঙ্গার মধ্যে দিয়ে আমরা যে সংস্কারের ছবি দেখি তা থেকে বোঝা যায় আমাদের সমাজ এই কু-প্রথা থেকে ধীরে ধীরে মুক্তি পাচ্ছে।

জগদীশচন্দ্র গুপ্ত-'পয়োমুখম'

গরটিতে রয়েছে -বিষয় কামন, বিকট অর্থলিপ্সা। এই গল্পের প্রধান চরিত্র হলো- শ্রীকৃষ্ণকান্ত সেনগুপ্ত। তিনি অত্যন্ত চতুর, অর্থলোভী প্রকৃতির মানুষ। অর্থের লোভে মানুষ খুন করতেও তিনি পিছুপা হন না। তাই তিনি ঘৃণ্য পণ প্রথাকে আশ্রয় করে এক ব্যবসা শুরু করেছিলেন। আর এই ব্যবসাকে সাকার করতে তিনি তার পুত্রবধূদেরকেও হত্যা করতে দ্বিধাবোধ করেননি। এই ধরনের মানসিকতা লোক আজও আমাদের সমাজে বিদ্যমান। এই গল্পে একদিকে রয়েছে পণ প্রথার খারাপ দিক। ঠিক সেই রকমই অন্যদিকে, ধ্বনিত হয়েছে পণপ্রথার বিরুদ্ধে প্রতিবাদ। এই গল্প যেন হয়ে উঠেছে আমাদের সমাজ বাস্তবতার রূপচিত্র।

আলোচ্য গল্পটি পাঠে জানা যায় যে গল্পের প্রধান চরিত্র কৃষ্ণকান্ত বাবু বিকৃত মানসিকতার অধিকারী, কৃষ্ণকান্ত বাবু সম্পর্কে বলা যায়- তার মুখে মধু বুকে বিষ।কৃষ্ণকান্ত বাবু মেলে ভূতনাথ আয়ুর্বেদ শাস্ত্র অধ্যায়ন করছে। তার প্রখর বুদ্ধি ও হৃদয়ের স্বাভাবিক মানবিক অনুভূতির চেয়েও আর্থিক স্বার্থ যে তার বেশ কাছে বড় তা সহজেই বোঝা যায়। সর্বকালেই এমন অনেক অর্থ লাভা নাতি জ্ঞানহীন পিতাকে দেখা যায় পুত্রের বিবাহ দেওয়া যেন তাদের কাছে একটা ব্যবসায়িক লেনদেন ব্যাপার মাত্র।

'ভূতনাথ কলিকাতার বিখ্যাত প্রবীণ কবিরাজি গোপালকৃষ্ণ দাশগুপ্ত মহাশয়ের প্রিয়তম মাত্র ব্যাকরণ ও সাহিত্য প্রভৃতি সমাপ্ত করিয়া মূলশাস্ত্র অধ্যায়ন করিতেছে। আরো বলিলেন-দু তিনটে পাশ করা ছেলের মূল্য এখন মাসিক এখন বিশ বাইশ টাকার অধিক নয়;আয়ুর্বেদের দিকে দেশের নাড়ীর টান যথার্থই ফিরিয়াছে; সুতরাং পশার দাঁড়াইয়া যাইতে বিলম্ব হইবে না; দু-তিন বছরেই ইত্যাদি।'[৫]

অর্থাৎ এই মিথ্যা ভাষণ করে ছেলের বাজারদর বাড়িয়ে পথের পরিমাণ বাড়াবার চেষ্টা করেন তিনি। এরুপ ঘটনা আমরা বর্তমান সমাজেও বহুবার দেখতে পাই। ভূতনাথের বিবাহ ঠিক হয় মনির সাথে আর পর হিসেবে প্রায় ৭০০ টাকা। মনির সাথে ভূতনাথের বেশ ভালো সম্পর্ক ছিল। এরপর একদিন মনির হঠাৎ করে জ্বর

হয়। কিন্তু দেখা যায় মনির বমি হয়ে মারা যাওয়ার ঘটনা। মনির শোক কাটতে না কাটাতেই কৃষ্ণকায় ভূতনাথকে পুনরায় বিবাহ দিলেন। এই বিবাহে পণ হিসেবে পেলেন টাকা। হঠাৎই দেখা যায় অনুপমার জ্বর হয়েছে এবং অজীর্ণ রোগে অতিরিক্ত গুরুপাক দ্রব্য উদরাস্ত করে তার মৃত্যু হয়।

ভূতনাথ কিছুতেই তৃতীয় বিবাহ করতে রাজি হন না। তিনি বলেন বিবাহে আর তার রুচি নেই। তখন কৃষ্ণকান্ত বাবু বলেন বড় ভাই অবিবাহিত থাকা অবস্থায় ছোট ভাইয়ের বিবাহ এটি একটি দৃষ্টিকটু বিষয়। তিনি আরো বলেন-

'পাত্রের বয়স খুবই অল্প হইলেও, কন্যার দিক হইতে বয়স সম্বন্ধেই সন্দেহের একটা কথা উঠিতে পারে। দুইটি স্ত্রী মারা গিয়াছে, তারপর কনিষ্ঠের বিবাহ হইয়া গেছে, তারপর জ্যেষ্ঠের জন্য এই উদ্যোগ বয়স বেশি না হইয়া যায় না; এই সূত্র ধরিয়া পণকে আরো খাটো করিবার জন্য একটা টানাটানি চলিতে পারিবে।'[৬]

এই কথায় প্রমাণিত হয় অর্থলোভী কৃষ্ণকান্তের মানসিকতার দিকটি। তৃতীয় বার ভূতনাথ এর বিবাহ হয় বীণাপানীর সাথে। এবারে পণ হিসাবে দাবি করা হয় ৮০০ টাকা। পূর্বের দুটি বিবাহের তুলনায় এবারে পণের টাকার পরিমান বেশি দিল।কারণ বীণাপানির গায়ের রং ছিল কালো। মাঝে মাঝে কৃষ্ণকান্তের নামে মানি অর্ডারে টাকা আসত। কে পাঠায়া কেন পাঠায় এ বিষয়ে কারণ কোন ধারণা দিল না। এরপর এই রহস্যের উন্মোচন হয়। বীণাপাণির বাবা মাসে দশটি করে টাকা দিতেন কৃষ্ণকান্তের কাছে। কারণ তার মেয়ের একটি অপরাধ ছিল। সেটি হলো তার গায়ের রং কালো। এই ঘটনার প্রতিবাদ করে ভূতনাথ। তিনি তারশশুরমশাইকে বারণ করে দেন এই টাকাটি দেয়ার জন্য। এই ঘটনার কিছুদিন পরই দেখা যায় বীণাপাণীর জ্বর হয়েছে, কৃষ্ণকান্ত বীণাপাণীর ঘরে আসে তার খোঁজ নেয়ার জন্য। আর বলে তার জ্বর যদি না কমে তাহলে ওষুধ খেয়ে নেওয়ার কথা। এই ওষুধ কৃষ্ণকান্ত নিজেই এনেছিলেন। আরো বললেন কাউকে কিছু না বলে নিজে খেয়ে নিও। তিনি এভাবেই পূর্বের দুটি পুত্রবধূকে হত্যা করেছিলেন। কৃষ্ণকান্তের জীবনের পরম আঘাত আসে তার পুত্রের কাছ থেকে। ভূতনাথ এই হত্যার ব্যাপারটা বুঝে তাকে শুধু অপমান করেন না, নিজের হাতে তারই দেওয়া যন্ত্রণাদায়ক বিষ থাকে তুলে দেন। অর্থের লোভে কৃষ্ণকান্ত বাবু এই দুটি পুত্রবধূকে বিষ প্রযোগের হত্যা করেছেন। কিন্তু তৃতীয় পুত্রবধূকে হত্যা করতে চেয়েছেন কিন্তু পারেননি।

এই রকমের নির্মম ঘটনা আমরা অতীতেও দেখেছি এবং বর্তমানেও এই নিজ মানসিকতার মানুষকে আমরা দেখতে পাই।

।।৩।।

পণ প্রথা কে দুই ভাগে ভাগ করা হয়। যথা-

১. বরপণ অর্থাৎ পাত্রীপক্ষ কর্তৃক পাত্রকে প্রদত্ত পণ,

২. কন্যাপণ অর্থাৎ পাত্রপক্ষ কর্তৃক পাত্রীকে প্রদত্ত পণ।

'পণ ' যেকোনো ধরনের হোক না কেন এটি একটি কুপ্রথা।সমাজ ও পরিবারে এই প্রথা বিষাক্ত ক্ষত সৃষ্টি করে।পুরুষতান্ত্রিক সমাজে পাত্রীকে বিবাহ করবার জন্য পাত্রকে একপ্রকার যৌতুক দিতে হতো। আর এই প্রথাকেই কন্যাপন বলা হয়। এই ব্যাপারে নারীরা পুরুষদের থেকে পিছিয়ে নেই। সুপ্রাচীন কাল থেকে আমাদের সমাজে কন্যাপণ প্রথা প্রচলিত ছিল। তার প্রমাণ আমরা মহাভারত ও বৈদিক সংস্কৃতিতে পেয়ে থাকি। আবার বৈদিক সংস্কৃতিতেও আমরা এই কন্যা দেখতে পাই।

এছাড়া আমাদের মুসলিম সমাজের বিবাহ আসরে একটি প্রথা চালু আছে। সেটি হল- দেনমোহর। বিয়ের একটি গুরুত্বপূর্ণ বিধি। দেনমোহর ধার্য করা ছাড়া বিয়ে সম্পন্ন হয় না। এটি স্ত্রীর প্রাপ্য। বিয়েতে ধার্য দেনমোহর স্বামীকে অবশ্যই পরিষদ করতে হয়। কোরান হাদিসের নিয়মে এটি বিবাহের আবশ্যিক একটি শর্ত। দেনমোহর বার্তীত মুসলিম কোন বিবাহ সম্পন্ন হয় না। কন্যাপণকে কেন্দ্র করে বহু ছোটগল্প রচিত হয়েছে। তার মধ্যে একটি উল্লেখযোগ্য ছোটগল্প হল- নরেন্দ্রনাথ মিত্রের 'রস'। রস গল্পটিতে পূর্ববঙ্গে শিউলি সমাজের দুই নারী পুরুষের মধ্যেকার প্রেম অপ্রেমের কথা জীবন্ত হয়ে উঠেছে। তার বাহক হল কন্যাপণ। কন্যাপণ এখানে সামাজিক ব্যবস্থার গায়ে কালি ছিটিয়ে দিয়েছে। আলোচ্য গল্পটি পাঠে আমরা জানতে পারি যে, এই গল্পের নায়ক মোতালেফ, রস ও গুড়ের কারবারি। স্বার্থসিদ্ধির জন্য একটা মানুষ কতটা ছলনার আশ্রয় নিতে পারে তারই উল্লেখ আছে গল্পটিতে। মোতালেফ সম্পর্কে লেখক বলেন-

'চাউনিটা একটু তেরছা তেরছা মোতালেফ এর। বেছে বেছে সুন্দর মুখের দিকে তাকায়। সুন্দর মুখের খোঁজ করে ঘোরে তার চোখ। অল্প বয়সী খুবসুরাত চেহারার একটি বউ আনবে ঘরে। এতদিন ধরে সেই চেষ্টাই সে করে এসেছে। কিন্তু দরে পটেনি কারো সঙ্গে। যারই ঘরে একটু ডাগর গোছের সুন্দর মেয়ে আছে সেই হেঁকে বসেছে পাঁচ কুড়ি-সাত কুড়ি।'[৭]

আর্থাৎ এই কন্যাপণ বিষয়টিকে কেন্দ্র করে দাম দর চলতো সেই সময় সমাজ ব্যবস্থায়। মোতালেফ আপন করে পেতে বাবা এলেম শেখ পুনরায় বিবাহ দেওয়ার জন্য কন্যাপণ হিসাবে দাবি করেন পাঁচ কুড়ি টাকা। আসলে মেয়েকে তালাক দেওয়ার জন্য। যে টাকা তার খরচ হয়েছে তা তিনি সুদে আসলে উসুল করে নিতে চান।

মোতালেফ বিবাহের প্রস্তাব দেন এলেম শেখের কাছে। কিন্তু চেয়েছিল ফুলবানুকে। ফুলবানুর পূর্বে বিবাহ হয়েছিল কই ডুবির গফুর সিকদারের সাথে। কিন্তু তাদের তালাক হয়ে যায়। ফুলবানুর টাকার পরিমাণ যথেষ্ট থাকায় সে কিছু সময় চেয়ে নেয়। মোতালেফ ফুলবানুকে বিবাহ করার জন্য একটা ভয়ংকর ছলনার আশ্রয় নেয়। মাজু খাতুন ভালো গুড়ো পাটানি তৈরি করতে পারতেন। অর্থ সংগ্রহের জন্য মোতালেব মাথুর খাতুন কে বিবাহ করে। তারই হাতে তৈরি উন্নত মানের গুড় বেশি দামে বেঁচে। তিনি ধীরে ধীরে পয়সা গোছাতে লাগলেন। প্রয়োজন মত পয়সা জমানোর পর মোতালেফ মাজু খাতুনকে বদনাম দিয়ে ডালাক দিয়ে দেয় মোতালেফ। কিন্তু যে জন্য এড প্রতারণা, সেটা আশানুরূপ হলো না মোতালেফের। কারণ ফুলবানুর কোন গুণ ছিল না। মোতালেফের এনে দেওয়া খেজুরের রস থেকে তিনি যে গুড বানান তা অভ্যন্তখারাপ হয়। ফলে কোন ক্রেতাই তার হাতে তৈরি গুড় কিনতো না। ফলে মোতালেব আর্থিক দিক থেকে এবং সুনামের দিক থেকে অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়। তখনই মোতালেফের মনে পড়ে মাঝো খাতুনের গুনের কথা। আর এই অবস্থার কথা মাজো খাতুন কে জানানোর জন্য, নাদির শেখের কাছে অবিক্রিত গুড় উপহারস্বরূপ পাঠান। আর মোতালেব কিছুটা হলেও অনুশোচনায় দগ্ধ হয়।

বিবাহ হলে একটি পবিত্র বন্ধন। আর এই বিবাহ শব্দটির সাথে, পণপ্রথা ও বহুবিবাহ এই শব্দ দুটি অনেক ক্ষেত্রে ওতপ্রোতভাবে জড়িত থাকে। এর ফলে ব্যক্তি ও পারিবারিক মণ্ডলে শান্তি ও শৃঙ্খলা ব্যাহত হয়। আমাদের পুরুষ শাসিত সমাজে পণপ্রথাকে ঘিরে নারী নির্যাতন নিত্য নৈমিত্তিক ঘটনা হিসেবে পরিলক্ষিত হয়। প্রাচীন যুগ, মধ্যযুগ ও বর্তমান সময়েও আমরা পণপ্রথা ও বহুবিবাহ সমস্যা লক্ষ্য থাকি। আমার অনু-গবেষণা পত্রটিতে রয়েছে পণ প্রথা ও বহুবিবাহ সমস্যার ফলে, নারী পুরুষের মনস্তাত্বিক দিক, তাদের অত্যাচারিত হওয়ার ঘটনা মানুষের লোভ-লালসা, অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ। কিছু শ্রেণির মানুষ অর্থের লোভে বিবাহ এই বন্ধনটিকে ব্যবসায়িক পন্থাতে রূপান্তরিত করেছে। আবার কখনো আমরা দেখি নির্ধারিত পণের অর্থ সঠিক সময়ের মধ্যে পরিশোধ করতে না পেরে, সেই মেয়েটি বা তার ঋণগ্রস্ত পিতার করুন পরিণতির কথা। আবার পণ প্রথার বশবর্তি হয়ে, কন্যাদায়াস্ত পিতা কন্যার বিবাহ দিতে গিয়ে, পাত্রপক্ষের পণ বিষয়ক সমস্ত শর্ত মাথা নিচু করে মেনে নেয় সামাজিক বিভিন্ন কারণে। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে আমরা এই ঘটনার ব্যতিক্রমী রূপও দেখতে পাই। তৎকালীন সমাজে দাঁড়িয়ে এই প্রথার বিরুদ্ধে প্রতিবাদ যেন ভবিষ্যতে আলো দেখায়।

আমাদের সমাজে কন্যাপণও প্রচলিত ছিল। কন্যার পিতা পাত্রপক্ষ থেকে অর্থ আদায় করতেন এর প্রমাণ আমরা সাহিত্যে বহু ক্ষেত্রে পেয়েছি। এছাড়া সমাজে বহুবিবাহ

প্রচলন আছে। পুরুষ বা নারীর বিভিন্ন কারণে বিবাহ করে থাকে। কেউ পুত্র সন্তান কামনার জন্য, কেউ বা অধিক মাত্রায় গণ লাভের জন্য সামাজিক, কেউ বা নারী দেহকে ভোগ করার জন্য। আর এই ঘটনাগুলির প্রমাণ আমি বিভিন্ন লেখকের বিভিন্ন লেখনীতে পেয়েছি। বিভিন্ন ছোটগল্পকারের লেখা বিভিন্ন ছোটগল্পে ফুটে উঠেছে। এই সমস্ত ঘটনাগুলি আমরা বাস্তবেও দেখে থাকি। এই কুলখা দুটির ফলে বহু নারী ও পুরুষ আত্মহত্যা করতে বাধ্য হয়। এই ছোট গল্পগুলি আমাদের বাস্তব জীবনে অনেক সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

তথ্যসূত্র :

1. ঠাকুর রবীন্দ্রনাথ, 'গল্পগুচ্ছ/ দেনা পাওনা', দশম সংস্করণ: ২০১৭, ঐশানী সাহা শুভম, ৭ নং শ্যামাচরণ দে স্ট্রিট কলকাতা-৬, পৃষ্ঠা নং -১৭
2. তদেব
3. ঠাকুর রবীন্দ্রনাথ,' গল্পগুচ্ছ/ 'হৈমন্তী', দশম সংস্করণ: 2017, ঐশানী সাহা শুভম, ৭ নং শ্যামাচরণ দে স্ট্রিট কলকাতা ৭৩, পৃষ্ঠা নং-৫৪১
4. তদেব, পৃষ্ঠা নং-৫৫০
5. ঠাকুর রবীন্দ্রনাথ, 'গল্পগুচ্ছ/ অপরিচিতা', দশম সংস্করণ: ২০১৭, ঐশানী সাহা শুভম, ৭ নং শ্যামাচরণ দে স্ট্রিট কলকাতা-৬, পৃষ্ঠা নং -৫৯৫-৫৯
6. গুপ্ত ,জগদীশচন্দ্র, স্বাধীনতার পূর্ববর্তী ও পরবর্তী ছোট গল্প/পয়োমুখম,পৃষ্ঠা-৪
7. তদেব, পৃষ্ঠা নং -৯

গ্রন্থপঞ্জি

আকর গ্রন্থ

1. গুপ্ত জগদীশচন্দ্র। 'জগদীশ গুপ্তর গল্প । দে'জ পাবলিশিং। কলকাতা-৭০০০৭৩।
2. গুপ্ত জগদীশচন্দ্র। ' স্বাধীনতার পূর্ববর্তী ও পরবর্তী বাংলা ছোট গল্প '।
3. ঠাকুর রবীন্দ্রনাথ। ' গল্পগুচ্ছ'। দশম সংস্করণ: ২০১৭। ঐশানী সাহা শুভম্।৭ নং শ্যামাচরণ দে স্ট্রিট কলকাতা - ৭৩।

সহায়ক গ্রন্থ

1. মুখোপাধ্যায় অরুণ কুমার।' কালের পুত্তলিকা : বাংলা ছোটগল্পের ১১০ বছর (১৮৯১-২০০০)'। তৃতীয় সংস্করণ।
2. চৌধুরী ভূদেব।' বাংলা ছোটগল্প ও গল্পকার'। পুণ:মুদ্রণ, মর্ডান বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, কলকাতা-৭৩, ২০১১।

5

সুবোধ ঘোষের গল্পে মধ্যবিত্ত সমাজ

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পায়েল মণ্ডল (এম. এ.বাংলা, শিক্ষার্থী)

।।১।।

সমাজে অনেক মানুষের সমাগম দেখা যায়। এবং তাদের মধ্যে নানারকম পার্থক্য থাকে। মানুষের মধ্যে এই নানারকম পার্থক্যের কারণে তাদের মধ্যে দ্বন্দ্বের সৃষ্টি। এবং একসময় এই বন্ধ সৃষ্টির কারণে তাদের মধ্যে শ্রেণি সংগ্রামের চিত্র ফুটে ওঠে। আর এই দু কালের দ্বন্দ্ব বলতে আমরা বুঝি সমাজের পুরোনো কাল ও নবীন কালকে। আর এই পুরোনো ও নবীন কালের মধ্যে পড়ে রাজা, প্রজা, মহারাজা, মন্ত্রী, ব্যবসায়ী চাকরীজীবি ইত্যাদি শ্রেণির মানুষ। আর শ্রেণি সংগ্রাম সাধারণত দেখা যায় মালিক শ্রেণি ও শ্রমিক শ্রেণির মধ্যে। আর সমাজের এই সব চিত্র ফুটে উঠেছে সুবোধ ঘোষের কয়েকটি গল্পে। যেখানে দেখা যায় মালিক ও শ্রমিক শ্রেণির মধ্যে ঝগড়াঝাটি, হানাহানি, মারামারি। যার কারণে কে উঁচু শ্রেণির মানুষ, কে নিচু শ্রেণির মানুষ সেগুলি সমাজের চোখে একান্ত ভাবে ফুটে উঠেছে এবং এইসব কারণের জন্যই তাদের মধ্যে এক সময় শ্রেণি সংগ্রাম দেখা গেছে। আর এই দু কালের দ্বন্দ্ব ও শ্রেণিসংগ্রাম দেখা যায় এমন দুটি গল্প হল - ফসিল ও গোত্রান্তর।

ফসিল :-সুবোধ ঘোষের লেখা অন্যতম একটি গল্প 'ফসিল'। আর ফসিল বলতে সাধারণত যারা শহিদ হয়েছে, তাদেরকে যাদুঘরে রাখা। এই 'ফসিল' গল্পটিতে দেখা যায় স্বাধীনতার আগের কাহিনী। যেখানে নেটিভ স্টেট দেশীয় করদ রাজা অঞ্চনগড়ের কাহিনী। এখানে দ্বন্দ্ব ও শ্রেণিসংগ্রাম দেখা যায়। দ্বন্দ্ব বলতে বোঝায় একটি দলের মধ্যে একাধিক মতভেদ আর শ্রেণিসংগ্রাম বলতে সাধারণত শ্রমজীবি মানুষের উপর সৃষ্টি। আর এই 'ফসিল' গল্পে অজনগড়ের রাজা, মহারাজা, সেরেজা অধিপতি বিলাসের সাথে দিনপাত করছে। কিন্তু তাদের মধ্যে একাধিক মতভেদ রয়েছে। অন্যদিকে রাজার প্রজারা শ্রমজীবি মানুষদের উপর তারা তাদের শাসন চালিয়ে যাচ্ছে। এবং এই অঞ্জন গড়ে দু পুরুষ আগে নাকি দেখা যেত অপরাধীদেরকে শুলে চড়ানো হত, কিন্তু এখন আর সেটা হয় না। কিন্তু তাই বলে অপরাধিদের ছেড়ে দেওয়া হয়। না। এখনকার সময় অপরাধিদের উলঙ্গ করে তাদের পিছনে মৌমাছি ছেড়ে দেওয়া হয়। অঞ্জনগড়ের রাজা মহারাজা ক্ষত্রিয় আর মোগল এই দু জাতের আমলাদের সাহায্য

নিয়ে প্রজাদের শাসন করত। আর এই শাসনে অনেক প্রজা অতিষ্ট হবে রাজা ছেড়ে কুলির কাজ করে মরিসাসের চিনির কারখানায়। আর এই কুর্মী ও ভীল প্রজারা দু-মাইল দূরের পথ হেঁটে পাহাড়ের গায়ে লুকানো জলকুণ্ড থেকে জল আনে মোষের চামড়া থলিতে করে এবং সেই জল দিয়ে তারা জমিতে জল দেয় এবং ভুট্টা ও জনার ফসল ফলায়।

কিন্তু প্রত্যেক বছর এই রাজ্যে ভীল ও কুর্মী প্রজাদের মধ্যে সংঘর্ষ বাধে, কেবলমাত্র এই রাজ্যের রাজার কারণে। কিন্তু শ্রমিকরা তাদের কষ্টের ফসল কিছুতেই দিতে রাজি হয় না। কিন্তু মহারাজার সুগঠিত পোলো টিম চলে আসে ফসল আদায়ের জন্য। এবং রাজপুত বীরের বাম আর লাঠির মারে ক্ষাত্রবীর্যের স্ফুলিঙ্গ বৃষ্টি হয়। আর তখন সে শ্রমিকদের পাশে এসে দাঁড়ায় চিনিকলের শ্রমিক দুলাল মাহাত। কিন্তু কোনো লাভ হয় না। কিছুক্ষনের মধ্যে সব প্রতিবাদ স্তব্ধ, সব বিদ্রোহ প্রশমিত হয়ে পড়ে, আর এই দ্বন্দ্বে ফলে -

'পরাজিত ভীলেদের অপরিমেয় জংলী, সহিষ্ণুতাও ভেঙে পরে, তারা দলে দলে রাজ্য ছেড়ে গিয়ে ভর্তি হয় সোজা, ধাঙড় রিক্রুটারের ক্যাম্পে। মেয়ে মরন শিশু নিয়ে কেউ যায় নয়াদিল্লী, কেউ কলকাতা, কেউ শিলং।'[১]

কেবলমাত্র কুমী প্রজারা নড়তে চাই না। কারণ এদেশে তাদের সাত পুরুষের বসবাস। এবং তারা পাশে পেয়েছে দুলাল মাহাতোকে এবং অর্জনগড়ের রাজার দয়া ধর্ম শেষে হয়ে যায় না। প্রতি রবিবার রাজা তাদের জন্য রাজ দরবারে চিড়ে আর শুঁড় বিতরণ করে শ্রমিক ও প্রজাদের জন্য। মহারাজার জন্মদিনে কেয়ার আঙিনায় রামলীলা গান হত কিন্তু রাজা রাজ্যের সমস্ত প্রজা ও শ্রমিক নেমন্ত্রন পাঠাতো। কিন্তু এই অঞ্চনগড়ের ল-এজেন্টের পদে আনা হল একজন ইংরেজী আইনজীবি মুখার্জী। আর এই মুখার্জী ছিল অঞ্জনগড়ের রাজা মহারাজার পক্ষে। এই দেশীয় রাজ্যে শাসন চলে লাঠির দাপটে। এখানে কুর্মী শ্রেণিরা বিদ্রোহ করে এবং তাদেরকে সাহস যোগায় দুলাল মাহাত। কিন্তু তাদেরকে দমিয়ে রাখা হয় লাঠির দাপটে। আর এই দুলাল মাহাতোর জন্য কর্মীরা শিখেছে নগদ মজুরী কী? এবং সবসময় দুলাল মাহাত তাদের কে সাহস, বিশ্বাস, কীভাবে উঁচু স্বরে কথা বলতে হয় সব শিখিয়েছে। এবং একটা সময় এই দুলাল মাহাতোর জন্য রাজাদের বিরুদ্ধে কথা বলে এবং তাদের ফসলের সঠিক দাম দিতে হবে, তা না হলে তারা ফসল, দেবে না। কিন্তু শ্রমিকদের এসব ব্যাপারে কে সাহস জোগাচ্ছে সেটা মুখার্জী বুঝতে পারে। এবং এসবের জন্য শ্রমিক ও মহারাজা, রাজাদের মধ্যে সংঘাত বাঁধে মুখার্জী তাই মহারাজা, রাজাকে বোঝায়। এবং রাজা মুখার্জীকে বলে তুমি কিছু করো। সে কোনো রকম ভাবে দ্বন্দ্ব ও শ্রেণিসংগ্রাম দেখতে

চাই না। যদি ভালোভাবে তাদের বুঝিয়ে কিছু আদায় করা যায়। তারপর মুখার্জী যায় দুলাল মাহাত-র কাছে এবং তাকে বোঝায় এবং বলে তুমি শ্রমিকদের বলো তারা যেন রাজার কথা এমন দ্বন্দ্ব ও শ্রেণীসংগ্রাম তারা চাই না। এবং সে মাহাতোকে বলে তোমরা ঘরের ছেলে, যদি বাবা দোষ করে তো ছেলেকে মাপ করে দেওয়া উচিত। এসব কথা শুনে সে নরম হয়ে যায়। এবং সে মুখার্জীকে বলে আমি তোমার কথা রাখব।

এরপর সেখান থেকে মুখার্জী সোজা মিঃ গিবসনের কাছে যায় এবং তাদের বলে রাজা প্রজাদের মধ্যে আপনারা নাক গলাবেন না। এসব শুনে গিবসন মুখার্জীকে বলে ওঠে-

"মিষ্টার মুখার্জী, আমরা মানিমেকার নই, আমাদের একটা মিশনও আছে, নির্যাতিত মানুষের পক্ষে নিয়ে আমরা চিরকাল লড়ে এসেছি। দরকার হলে, আরো লড়বো।"[২]

আপনার সব প্রজাদের লোভ দেখিয়ে কুলি করে ফেলেছেন। আমরা চাই তারা তাদের সঠিক জিনিসটা আদায় করুক। এরপর হঠাৎ এক সময় দেখা যায় বিনা টিকিটে কুর্মীরা কাঠ কাটছিল। জঙ্গলের রেঞ্জার বাধা দেয় কিন্তু তারা কোনো কথা শোনে না। বরং তাদের মারধোর করে তাড়িয়ে দেয়। এসব কথা জানার পর মহারাজা ফৌজদার দিয়ে গুলি চালায় এর ফলে

"মরেছে বাইশজন আর ঘায়েল হয়ে পঞ্চাশের ওপর। মোড়ানিমের জঙ্গলে সব লাশ এখনো ছড়িয়ে পড়ে আছে।।"[৩]

এরা কীভাবে সাধারণ মানুষদের উপর অত্যাচার করে চলেছে। শুধুমাত্র নিজেদের স্বার্থসিদ্ধির জন্য। এরপর দেখা যায় ফৌজদারি গাড়ি করে কম্বলে প্যাঁচানো লাশ নিয়ে আসা হয়, এবং সেখানে, সাধারণ শ্রমিকের নেতা দুলাল মাহাতোর লাশও নামানো হল এবং তার সাথে আরো অনেকের লাশ নামানো হয়। এসব দেখে মুখার্জীর চোখটা ছল ছল করছিল। কিন্তু কিছু করার নেই। তাদেরকে থামাতে এটা করতেই হত। আর এই প্রতিবাদের কারণে দুলাল মাহাতোকে প্রাণ দিতে হয়েছে। এবং এসব মানুষের হত্যা চাপা দিতে গিয়ে সিণ্ডিকেট ও মহারাজা এক টেবিলে। ওই লাশগুলো এবং উভয় ঘটনার সাক্ষী দুলাল মাহাতর লাশটিকেও খনির গর্ভে ফেলে দেওয়া হয়েছে। সমাজের পাপের একমাত্র সাক্ষী দুলালকে তুলে এনে খুন করা হয়েছে।

সামন্ততন্ত্রের অবক্ষয় ও অস্তিত্ব রক্ষার তীব্র প্রয়াস, ধনতন্ত্রের শ্রীবৃদ্ধি ও নির্মম আগ্রাসন, শ্রেণিদ্বন্দ্বের নিষ্ঠুর চিত্র, কৃষিজীবীর শ্রমজীবীতে রূপান্তর, মধ্যবিত্তের স্বপ্ন ভঙ্গ, শ্রেণি সংগ্রাম সুকৌশল ভাবে অঙ্কিত হয়েছে এই 'ফসিল' গল্পটির মাধ্যমে।

গোত্রান্তর : সুবোধ ঘোষের লেখা আর একটি অন্যতম শ্রেষ্ঠ গল্প গোত্রান্তর। গোত্রান্তর

বলতে সাধারণত এক জায়গা থেকে অন্য জায়গায় যাওয়া। আর এই গল্পে গোত্রান্তর করেছে সঞ্জয়। গল্পের শুরুতে দেখা যায় মতকপুর সড়কের উপর একটা কাঁচা বাড়ি। আর এই ঘরে রয়েছে একপাল মানুষ বাচ্চা কাচ্চা, ছেড়া কাথা নোংরা লেপ তোষকের জঞ্জাল। "তবুও এই বাড়িটার নাম সঞ্জয়ের কাছে 'সুইট হোম'। বড়বার সামান্য ইনকামে তাঁদের সংসার চলে। কিন্তু ধীরে ধীরে লোকসংখ্যা বাড়তে থাকায় তাঁর কাছে সংসার চালানোটা কষ্টকর হয়ে ওঠে। তাই বড়দা বলতে থাকে যে যার পথ দেখো। কিন্তু তাদের পরিবার ছিল মধ্যবিত্ত। একসময় এই বড়দা সঞ্জয়ের স্কুলের বাইরের গেটে দাঁড়িয়ে থাকত টিফিন হাতে করে। কিন্তু এখনও সঞ্জয়ের কোনো চাকরী হয়নি। অনেক দিন ধরে চেষ্টা করছে। তবুও হচ্ছে না। তাই তাঁর মা তাঁর সাথে ঠিক করে কথা বলে না। আর পরিবারের বাকি সকলের একই অবস্থা। তাই সঞ্জয় ভাবে যে টাকার জন্য। পরিবারের সকলের ভালোবাসা কমে তাই সে মনে মনে ঠিক করে তাকে গোত্রান্তর করতে হবে। আর এই গোত্রান্তরের মধ্যে মধ্যেবিত্তের ভণ্ডামী, আত্মপ্রতারনা, অন্যায়ের সঙ্গে আপোষহীন সুবিধাবাদী প্রবণতাকে দেখা যায়। আর সঞ্জয় গোত্রান্তর করেছে রতনলাল সুগার মিলে। সে সেখানে চাকরী করছে মাইনে ত্রিশ টাকা। মিল এলাকার নাম ছিল রতনগঞ্জ। এবং মিলের মালিক ছিল রতনলাল অতি সংজন ব্যক্তি। এবং সে সঞ্জয়কে বলে আজ থেকে এই মিল তোমার তুমি যেভাবে পারো এই মিলের উন্নতি করো। তাতে তোমারই লাভ হবে।

কিন্তু অদ্ভুত চরিত্রের একটা লোক সঞ্জয়কে খুবই ভাবিয়ে তুলেছে। তার নাম নেমিয়ার। এছাড়া আছে রুক্মিনী। মিলের সকলেই সঞ্জয়কে সাবধান করে যে এই দুই ভাইবোনের থেকে দুরে থাকায় জন্য। কারণ সবাই জানে যে এই দুই ভাই বোন খুবই সুবিধাবাদী লোক।

হঠাৎ একসময় দেখা যায় ওলন্দাজের বাজারের অভিশাপ এসে লেগেছে রতনলালের মিলে। আর চুরাশী পরগণার আখক্ষেতে। প্রত্যেক মিলের ঘরে ঘরে নোটিশ পড়ে যায় এবং মাইনে ও মজুরী শতকরা একই হবে। এর ফলে চাষীরা ফটকের সামনে ভিড় করেছে। কারণ সরকার রেট বেঁধে দিয়েছে। এবং এই ভীড় সরাতে রায় বাহাদুর তাদের কাছে আসে এবং তাদের বোঝানোর চেষ্টা করে। কিন্তু তারা বুঝতে চাই না। এর ফলে তাদের মধ্যে ধস্তাধস্তি হয়। তবুও তারা তাদের ফসল বেঁচতে রাজি নয়। তাই কর্মচারী ও কিষানদের জনতারা চুপ করে বসে থাকে। কিষাণদের মধ্যে ছিল। একজন জবরদস্ত। সে একমাত্র কাউকে ভয় পায় না। এবং এই কিষাণ ও কর্মচারীদের মনে সাহস জোগায় সঞ্জয়। এবং তাদের বলে যত দিন না কোনো কিছুর মিমাংসা হবে তোমরা কেউ ফসল দেবে না। এর ফলে রতনলালের মিল বন্ধ হয়ে পড়ে থাকে। এই ভাবে মালিক ও কিষান ও কর্মচারীদের মধ্যে দ্বন্দ্ব বাঁধে। ফলে চুরাশী

পরগণার মাঠে মাঠে ফসল শুকাচ্ছে। ফলে কিষানদের ও কর্মচারীদের হাতে টাকা পয়সা নেই। একমাত্র তারা মালিকের বিরুদ্ধে গেছে। আর এর ফলে একসময় দেখা যায়

"চুরাশী পরগণার উপর শকুন উড়ছে ক'দিন থেকে। গো মোড়ক লেগেছে।
মুনিরামের একটা ছেলেও মারা গেছে বসন্তে।"[৪]

তবুও ফসল দেবেনা। প্রায় এক মাস হতে চলেছে তাদের এই দাবি। রায়বাহাদুর এজেন্টদের গালাগালি করছে: এবং বলে যেমন করে হোক মাল আনো। এসবের জন্য মেশিন গুলিতে মরচে ধরেছে। কিষানেরা কসম খায় যে

"কেউ বেচবে না ফসল, ক্ষেতে ক্ষেতে শুকিয়ে যাবে, পুড়িয়ে ছাই করে দেওয়া হবে।"[৫]

এসব দেখে সঞ্জয় একসময় নেতিয়ে পড়ে এবং মালিক-শ্রমিকের একটা সামান্য দলাদলির যে এমন রুদ্র পরিণাম হবে সে কথা কল্পনা করতে পারেনি। এইসব গোত্রহীন মানুষের বিদ্রোহ রূপ দেখে আঁতকে ওঠে গোত্র ভ্রষ্ট মধ্যবিত্তের সন্তান সঞ্জয়। একমাত্র তার সহযোগে কিষান ও কর্মীরা বিদ্রোহ করে। এবং তাদের মধ্যে দ্বন্দ্ব বাধে। আর এই ভাবেই মালিক শ্রেণি, শ্রমিক শ্রেণি, কর্মীশ্রেণির মধ্যে সংগ্রাম দেখা যায়। কিন্তু সঞ্জয় এক সময় শ্রমিক শ্রেণি, কর্মী শ্রেণিদের সাথে বিশ্বাস ঘাতকতা করে। আসলে মধ্যবিত্তরা নিজেদের কথা ভাবে, নিজের ভালো চায়, তাতে অন্যের ক্ষতি হলেও তাদের কোনো কিছু যায় আসে না। তাই বিশ্বাসঘাতকা করে রাতে অন্ধকারে ছুটে যায় সঞ্জয় রতনলালে কাছে। সেখান থেকে সে টাকা নিয়ে পালিয়ে যায়। এবং দিনের আলো ফুটতেই দেখা যায় কিষাণেরা তাদের জমিতে আগুন লাগিয়ে দিয়েছে। তাতে সঞ্জয়ের কোনো লাভও হয়নি ক্ষতিও হয়নি। বরং এইভাবে গোত্রান্তর গল্পের অন্যতম চরিত্র সঞ্জয়ের মাধ্যমে দুই শ্রেণির মধ্যে দ্বন্দ্ব ও শ্রেণিসংগ্রামের চিত্র ফুটে উঠেছে।

।।২।।

সমাজে বহু শ্রেণির মানুষ বসবাস করে। উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও নিম্নবিত্ত। এখানে উচ্চবিত্ত বলতে বোঝায়। সমাজের চোখে যাদের প্রচুর পরিমানে টাকা পয়সা, ধন-দৌলত জমি জায়গা কোনো কিছুর কোনো অভাব নেই। আর মধ্যবিত্ত বলতে যাদের খুব বেশি পরিমানে কোনো কিছু নেই। যা আছে অল্প এবং তাই দিয়ে তারা জীবন যাপন করে। এবং সমাজের চোখে এই উচ্চবিত্ত ও মধ্যবিত্ত কীভাবে ভালোমানুষের অভিনয় করে চলেছে প্রতিনিয়ত। কিন্তু তারাই সমাজের মানুষের চোখের আড়ালে অপরাধী, সাধারণ মানুষের সাথে ভণ্ডামী এবং কাদের উপর কীভাবে অন্যায় করা

যায় তাই নিয়ে ভেবে চলেছে। আর এই উচ্চবিত্ত ও মধ্যবিত্তের মুখোশ উন্মোচন কীভাবে সমাজের চোখে ধরা পড়েছে সেগুলি সুবোধ ঘোষের গল্পে দেখা যায়। যথা- সুন্দরম,বারবধূ।

সুন্দরম : সুবোধ ঘোষের লেখা 'সুন্দরম' গল্পটিতে 'সুন্দরম' বলতে বোঝায় সমাজের মানুষের চোখে যে জিনিসটি সবচেয়ে বেশি সুন্দর'। সেটা মানুষ, কিংবা কোনো বস্তু বা প্রাণী ইত্যাদি। তেমনি দেখা যায় এই 'সুন্দরম' গল্পে সুন্দর জিনিসের প্রতি সবার একটা আলাদা নজর। আর এই গল্পের অন্যতম চরিত্র সুকুমারের পাত্রী দেখা নিয়ে রয়েছে একটা সৌন্দর্য্যের ভাব। আর এই সুকুমার পড়াশোনা ছাড়া কোনোদিন কোনো বিষয়ে ধ্যান দেয়নি। সুকুমারের মন ছিল ঋষি বালক ও ব্রহ্মচারী। কিন্তু সুকুমার যখন একটু বয়স হয় তখন সবাই তাকে বিবাহ দেওয়ার জন্য ব্যস্ত হয়। কিন্তু সুকুমারকে কেউ পাত্রী পছন্দ করাতে পারে না। সুকুমার কাবা পড়ে। গল্প পড়ে, উপন্যাস ইত্যাদি পড়ে এবং অনেক বার আখড়ায় গিয়ে মাথুর শুনে এসেছে। এবং প্রায় সময় তার মন চাইলে সে সিনেমা দেখতে যেত। এসব নিয়ে সে ব্যাস্ত থাকে নিজের মতো করে। সে বিয়ে করতে চাই না। এবং তার বাবা কৈলাস ডাক্তার যেসব পাত্রী দেখে তার মা, পিসিমা এবং বোন কারো পছন্দ হয় না। তারা পাত্রী মধ্যে যেকোনো রকম বাজে দিক খুঁজে বের করে। তার সুন্দর পাত্রী চাই। এবং এই সুকুমার কোনো পাত্রীর মধ্যে কোনো রকম মঙ্গোলীনীকে দেখতে পায় না। কিন্তু এই ভদ্র মধ্যবিত্ত ঘরের সন্তান সুকুমারের পছন্দ যে এত বাজে সেটা দেখা যায় এক ভিখারিনীর প্রতি সে যখন আকৃষ্ট হয়। এই ভিখারিনীর নাম তুলসী। এই তুলসীকে দেখতে একটুও ভালো ছিল না। দেহের রং ছিল কালিমাথা, কোনোসময় পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে থাকত না তুলসী। কিন্তু অনেক সুন্দরী মেয়েকে সে পছন্দ করেনি। কিন্তু এই তুলসীর প্রতি সে এত আকৃষ্ট হয় যে সুকুমার তার সাথে পরকীয়ায় জড়িয়ে পড়ে। আর এই পরকীয়ার ফলে তুলসীর গর্ভে সুকুমারের সন্তান আসে। সুকুমারের মন তুলসীকে কেবলমাত্র ভোগ করার নেশায় তার চোখে লালসার ছায়া থাকে। আর এই ভোগকরার জন্য সে তুলসীর গর্ভে নিজের সন্তানকে অস্বীকার করে। কারণ একথা জানার পরে সমাজে সুকুমারকে বিতাড়িত করবে। এ জন্য সে তার নিজের কলঙ্ক ঢাকার জন্য এ কথা বলতে চাই না। যদি কেউ একথা জানতে পারে সে এক মধ্যবিত্ত ভদ্রঘরের সন্তান, তাকে সবাই ছি ছি করবে। সে সমাজের চোখের আড়ালে তাকে ভোগ করছে, কিন্তু তুলসীকে স্ত্রীর মর্যাদা দিতে রাজি নয়। তাই সে নিজের সন্তান তুলসীর গর্ভে থাকা সত্বেও সন্তানসহ তাকে হত্যা করতে তার বুক কেপে ওঠেনি।

অন্যদিকে হঠাৎ একজন ভদ্রলোক কানাই বাবু এসে বলে একটি সুন্দরী পাত্রী পাওয়া গেছে কৈলাস ডাক্তার। এ পাত্রী সুকুমার ও বাড়ির অন্যদের পছন্দ হবে। এবং তারা

তাকে দেখতে ও আশির্বাদ করার জন্য রাত্রে যাবে বলে ঠিক। করে। এবং তখনই যদু, ডোম এসে বলে

"তিনটে লাশ এনেছে ময়না তদন্তের জন্য।

কৈলাশ ডাক্তার বলে চল যদু, এখনি সেরে রাখি।

রাত্রে আমার নানা কাজ আছে।'

তারপর ময়নাতদন্তের জন্য যেসব যন্ত্রপাতি লাগে সেগুলি নিয়ে কৈলাস ডাক্তার যদুকে জিজ্ঞাসা করে রাত হবে। নাকি যদু। এর যদু কৈলাস ডাক্তারকে জানায় -

"আজ্ঞে না। দুটো আগুনে পোড়া লাশ।

পচা পাঁক হয়ে গেছে, আর বাকি একটা. . . "

তারপর কৈলাস ডাক্তার লাশগুলো তদন্তের পর যখন শেষের লাশটি দেখে তখন সে চমকে ওঠে। তারপর সে হতভম্ব হয়ে যদুকে জিজ্ঞাসা করে এ কে যদু। যদু তখন তাকে বলে তুলসী। তারপর কিছুক্ষন যে অবাক হয়ে তাকিয়ে থাকে, এবং যখন সে তুলসীর দেহ কাটাকাটি করে তখন কৈলাসবাবু মনে মনে ভাবে মানুষের একদিন দৃষ্টিভঙ্গির পরিবর্তন হবে। কিন্তু সুকুমার ও তার বাড়ির লোকের এমন মনে হয় না। এবং কেন জানি না তুলসীর প্রতি কৈলাস ডাক্তারের একটা অদ্ভুত স্নেহময়ী মর্মস্পর্শী করুনা ফুটে ওঠে এবং মৃত্যুর কারণ সন্ধান করার জন্য যখন তলপেটে থেকে। পরিশেষে ঢাকা সুডৌল সুকোমল পেটি কাটির সন্ধান পায় তখন সে বুঝতে পারে তুলসী গর্ভবতী এবং তার মধ্যে মাতৃত্বের ছায়া দেখা গিয়েছে। এসব দেখে কৈলাস ডাক্তার আবারও হতভম্ব হয় যায়। এবং যদু তাকে ডাকলে সাড়া দেয় না। তারপর নিতাই-এর কাছে যদু এসে বসে এবং নিতাই জিজ্ঞাসা করে এত দেরি হচ্ছে কেন? একথার উত্তরে যদু নিতাইকে বলে -"শালা বুড়ো লাতির মুখ দেখছে।

আর এভাবেই সুন্দরম' গল্পের মাধ্যমে সুকুমার চরিত্রের মধ্যে দিয়ে কীভাবে মধ্যবিত্ত ও উচ্চবিত্ত শ্রেণির মানুষ সমাজের চোখে ভালো মানুষের মুখোশ পড়ে ঘুরে বেড়াচ্ছে। আর এরাই আসলে চরিত্রহীন, ভণ্ডামী, লালসাবাদী হয়ে উঠেছে। এবং প্রয়োজনে সে মানুষকে হত্যা পর্যন্ত পিছু পা হয় না। আর এ ভাবেই সমাজের চোখে তার আসলরূপটি ধীরে ধীরে ধরা পড়ে।

বারবধূ :-সুবোধ ঘোষের লেখা অন্যতম একটি শ্রেষ্ঠ গল্প 'বারবধূ'। যেখানে দেখা যায় কীভাবে একজন নারী বাইরের রমনী হয়েও গৃহের রমনী হয়ে উঠেছে সমাজের চোখে। এখানে সেই রমনী হল 'লতা'। যে প্রসাদ নামে একজন ব্যক্তির সাথে স্বামী-স্ত্রীর অভিনয় করে চলেছে সমাজের চোখে। আর এই প্রসাদ ছিল ভালো উচ্চ বংশের সন্তান। এবং তার পূর্ব পুরুষেরা ছিল জমিদার। তাই সবাই তাকে জমিদার প্রসাদ

নামে চেনে। তারকেশ্বরের পতী বিবিকে নিয়ে কলোনীর একান্তে সে মধুনীড় রচনা করে। এবং সে কলোনীর মধু নীড়ের বধু সাজে লতা। হঠাৎ তাদের ঘরের সামনে অনেকগুলি শব্দ শোনা যায়। এবং তারা অনুভব করে যে এগুলি পায়ের শব্দ। কারা যেন হাসাহাসি করছে। এবং লতা আর প্রসাদের সাথে আলাপ করতে এসেছে এবং আড্ডা দিতে এসেছে। সেই মেয়ে ও ছেলেগুলি বাইরে থেকে তাদের ডাকাডাকি করছে এবং ঘরের দরজায় হাত দিয়ে কড়া নাড়ছে।

এইসব-এর জন্য প্রসাদ চমকে ওঠে এবং সে মনে মনে বলতে থাকে যে ভয়টা পাচ্ছিলাম আজকে সেটাই ঘটে যাবে বুঝাতে পারেনি। তাই সে তাড়াতাড়ি লতাকে উঠতে বলে। এবং একথা শোনার পর লতা প্রসাদের প্রতি বিরক্তি বোধ করে বলে "আমাকে মিছে ভোগাও কেন? আমি ওসবের ধার ধারি না। তাকিয়ার ওপর এলিয়ে লতা তেমনি নিবিষ্ট মনে সিগারেট টেনে চলল।

তারপর লতা মনে গলোযোগ নিয়ে প্রসাদের স্ত্রী রূপে সবার সামনে আসে। আর এই লতাকে প্রসাদ সমাজে সামনে স্ত্রী বলে পরিচয় দেয়। কিন্তু তারা দু-জনে ভালো করেই জানে তারা স্বামী স্ত্রী নয়। প্রসাদ কেবল তার প্রয়োজনে লতাকে ব্যবহার করে চলেছে। তার তাকে নিত্যদিনের প্রয়োজন। কিন্তু সমাজের কাছে এই মিথ্যা পরিচয়ে লতা প্রচুর পরিমানে সম্মান, ভালোবাসা, শ্রদ্ধা, আদর পেয়েছে। আর এইসব এর জন্যেই লতা সমাজের চোখে গৃহিনী হবার ভাব প্রকাশ করেছে এবং সে মনে মনে চাই একজন গৃহবধূ রূপে সংসার করতে। কিন্তু এই নিষিদ্ধ এলাকায় চিরস্থায়ী ভাবে কোনো উপায় খুঁজে পায় না লতা। কারণ সেখানে নোংরা চরিত্রের মেয়েরা ঘরের দরজা খুলে বসে থাকে। এবং এই প্রসাদ কেবলমাত্র লতার সাথে নয়, সে আরো অনেক মেয়ে মানুষের সাথে মেলামেশা করেছে। এবং প্রসাদের জীবনে লতা থাকা সত্বেও একজন বিধবা নারী আভার সাথে তার মেলামেশা। কারণ তার জীবনে লতাকে আর প্রয়োজন মনে করে না। কিন্তু লতা প্রসদের পরিচিত অনেকের বাড়িতেই গেছে এবং তাদের সাথে সময় কাটিয়েছে। কিন্তু এই বিধবা বাড়িতে যাইনি। এবং পরবর্তীতে সাথে সম্পর্ক হওয়ার পরও লতার যাওয়া হয়ে ওঠেনি। অনেক বারই সে তার বাড়িতে যাওয়ার জন্য আমন্ত্রণ পেয়েছে। কিন্তু নানা বার নানা কারণে তার যাওয়া সম্ভব হয়নি। কিন্তু এই বিধবা আভা জানে লতা ও প্রসাদ স্বামী-স্ত্রী। তবুও সে লতার স্বামী প্রসাদের প্রতি আকৃষ্ট হয়। এবং প্রসাদও আভার নোংরা প্রস্তাবে রাজি হয় লতাকে ভুলে গিয়ে। এবং এক সময় ধীরে ধীরে প্রসাদ আভার প্রতি গভীর ভাবেআকৃষ্ট হয়। প্রসাদের চোখে লতার প্রতি যেমন লালসার ছায়া দেখা গিয়েছিল ঠিক তেমনি ভাবে আভার প্রতি তার চোখে লালসার ছাপ দেখা যায়। কিন্তু সমাজের চোখে সে একজন ভালো

মানুষের মুখোস পড়ে ঘুরে বেড়ায়। সে মনে মনে ভাবে এবং সমাজের চোখের সামনে এক। কিন্তু সে উচ্চ বংশজাত। কিন্তু সবার সামনে লতাকে স্ত্রী বলে পরিচয় দেয় কিন্তু লতার। প্রতি তার আর আকর্ষন নেই। সে এখন অন্য নারী আভার প্রতি আকৃষ্ট। এবং এই সত্যিটি যদি সবার সামনে এসে পড়ে এবং সমাজের চোখে ধরা পড়ে তবে তার মান সম্মান সবকিছু চলে যাবে, একারণে প্রসাদ লতাকে তার আগের জায়গায় ফিরিয়ে দিতে চায়। তাই লতাকে প্রসাদ কিছু টাকা দিতে চায় এবং প্রসাদ লতাকে বলে তোমাকে আমার আর প্রয়োজন নেই। তখন নিজেকে খুব অসহায় মনে করে লতা। তবুও প্রসাদের টাকা লতা নেয় না। কারণ যে মানুষটা আর নেই তার টাকার কোনো প্রয়োজন নেই। এবং আভার কথা লতার মনে পড়লে সে মনে মনে হেসে ফেলে। এবং মনে মনে বলতে থাকে -

"তার একটা মেকি আধুলি চুরি করে আভার যদি কিছু লাভ হয়, হোক। তারা কিছুই হারাচ্ছে না। কেউ তার কিছু কেড়ে নিতে পারবে না।

এমনকি প্রসাদেরও ক্ষমতা নেই। লতার নামের দাবী সবাকার স্বীকৃতির জোরে সব ছাপিয়ে গেছে। এবং লতা আভাকে তাচ্ছিল্য করে। এবং লতা ফিরে যাওয়ার আগে পঞ্চীবিবি সেজে সমাজের সবার সামনে। প্রসাদের মুখোশ খুলে দিয়ে যাবে। সে প্রতিশোধ নিতে চায়।

হঠাৎ কিছুদিন পর আভার জ্বর আসে। একথা শুনে প্রসাদের মনের ভিতর অস্থিরতা কাজ করে। এবং ঘরের ভিতর সে পাইচাড়ি করতে থাকে। এই অস্থিরতা দেখে লতার ভালো লাগে না। তাই সে আভার নামে নিন্দে করে প্রসাদের কাছে। কিন্তু প্রসাদ বিশ্বাস করে না। তাই সে শেষ বারের মতো লতাকে চলে যেতে বলে। কারণ আভার প্রতি কেউ বাজে কথা বললে এটা কখনো সে মেনে নেবে না। এবং কিছুক্ষন যাওয়ার পর প্রসাদ ভাবে-

"আহত সাপ পালিয়ে গেলেও কোন না কোন দিন ফিরে এসে কামড়ায়।

প্রসাদের মন হঠাৎ এই ধরনের একটা শঙ্কায় ভরে উঠলো। রাগানো উচিত নয়,

বরং বেশি খুশি করে ভুলিয়ে ভুলিয়ে দেওয়া উচিত।"k

এরপর এক বাণ্ডিল টাকা বের করে এনে সে লতাকে দিতে চায় এবং লতা হাতে সে জোড় করে টাকার বাণ্ডিলটা।

দেয় এবং লতাকে সে বলে

"আমার ওপর মনে মনে রাগ পুষে রাখলে না তো লতা? আমি তো তোমাকে কখনো ঠকাইনি - ক্ষতি করিনি।"

লতা একথা শোনার পর চুপ করে থাকে। এবং সে মনে মনে বলে তুমি আমার কোনো ক্ষতি করোনি প্রসাদ। যা ক্ষতি করেছে সে ওই বিধবা মেয়ে আভা। আজ আভার জন্য আমার প্রয়োজন তোমার কাছে শেষ, তাই আমাকে চলে যেতে বাধ্য করলে।

আসলে সমাজে যারা উচ্চবিত্ত ও মধ্যবিত্ত মানুষ, তারা সব কিছুর আড়ালে অনেক নোংরামী, ভণ্ডামী করে চলেছে। এবং সেটা এক সময় সমাজের চোখে ধরা পড়েছে, কারো না কারো মাধ্যমে। আর এখানে লতার মাধ্যমে সমাজের ভালো বংশজাত ঘরের সন্তান প্রসাদের চরিত্রের লালসা, ভণ্ডামী, নোংরামী ধরা পড়েছে এই বারবধূ গল্পের মাধ্যমে। এবং এই ভাবেই মধ্য ও উচ্চবিত্তের মুখোশ ধীরে ধীরে সকলের সামনে প্রকাশ পেয়েছে।

।।৩।।

বৃত্তি ও বিত্ত বলতে আমরা সাধারণত মানুষের টাকা পয়সা ও পেশাকে বুঝি। মানুষ কীভাবে টাকা পয়সার জন্য নিজের বংশ ও জাতপাত, ধর্ম ভুলে গিয়ে এক ধরনের নিম্ন পেশাকে বেঁছে নিয়েছে। পেশাটা বাজে হলেও তারা এটা করবে। কারণ এখনকার সমাজে টাকা পয়সা ছাড়া কোনো কিছুর কোনো দাম নেই। আর এই বৃত্তি ও বিত্ত বিভাজনের মানদণ্ড দেখা যায় সুবোধ ঘোষের শ্রেষ্ঠ কয়েকটি গল্পের মধ্যে। যেমন- কাঞ্চনসংসর্গাৎ ও তিন অধ্যায়।

কাঞ্চনসংসর্গাৎ:সুবোধ ঘোষের 'কাঞ্চনসংসর্গাৎ' গল্পে দেখা যায় অর্থনীতির জন্য মানুষের পেশা বা জীবিকা কীভাবে নিম্নস্তরের হতে পারে তার পরিচয় পাওয়া যায় অটলনাথ চৌধুরীর চরিত্রের মাধ্যমে। যে সামান্য কিছু পয়সা রোজগারের জন্য এবং দু পয়সার কমিশনের লোভে গিরমিটিয়া কুলি রিফ্রুট কাজ করেন। অটলবাবুর স্ত্রী ও দুই মেয়ে ছিল। এবং অটলবাবুর স্ত্রী মনিমালা তাকে এই পাপ কাজ করতে অনেকবার মানা করেছে। তবুও কখনও সে তার স্ত্রীর কথা শোনেনি। বরং বরাবর একথা বলায় সে তার স্ত্রীর ওপর রাগা রাগি করেছে। এরপর ধীরে ধীরে একাজ করাই সে অনেক টাকা-পয়সার মালিক হয়ে যায়। কিন্তু সে তার দুই মেয়ের বিয়ে দেওয়ার সময় একটা পয়সাও খরচ করেনি। যা খরচ করেছে সবই মনিমালা। এবং মনিমালা নিজে কাজ করে বিয়ের ধার দেনা সব শোধ করেছে। এবং অটলনাথ একসময় টাকা রোজগারের জন্যা বাড়ি আসা প্রায় ছেড়ে দেয়। এরপর হঠাৎ মনিমালা অসুস্থ হওয়ায় তার স্বামী অটলনাথকে প্রায় খুঁজে নিয়ে আসতে হয়। এবং সে যখন বাড়ি এসে দেখে তার স্ত্রী অসুস্থ সে টাকা-পয়সা কোনো মতে খরচ করতে রাজি নয়। তাই তার কাছের সব টাকা সে তার বন্ধুর ছেলে কান্তিকুমারের কাছে রেখে দেয়। এরপর বিনা চিকিৎসায়

মনিমালা মারা। যায়। কিন্তু স্ত্রী মারা যাওয়ায় তার মনে কোনো শোকের ছায়া দেখা যায় না।

এরপর হঠাৎ দেখা যায় অটলনাথ বাবু অনেক টাকার মালিক হয়। তার এই পাপের পথের আর্থিক উপার্জনের জন্য তাকে সহায়তা করেন কান্তিকুমার। কিন্তু এই কান্তিকুমার ছিল খুবই ভালো। সে সৎ পথে ছাড়া কখনও কোনো কাজ করত না। এবং এই কান্তি কুমার দরিদ্র প্রতাপ বাবুর একমাত্র মেয়ে জয়াকে ভালোবাসে এবং বিয়ে করতে চায়। এবং জয়ার আপন বলে কেউ নেই তার বাবা ছাড়া। কিন্তু প্রতাপবাবু কোনো কাজ করে না, তবুও দু-বেলা তাদের ভালোভাবে চলে যায়। কিন্তু এই কান্তিকুমার- "দু বেলা ছেলে পড়িয়ে আট ঘন্টা হাজারিমলের অটোমোবিল স্টোরে কলম পিষে, কান্তিকুমার যা রোজগার করে, তার উত্তমাংস সবই প্রতাপবাবুর সংসারে শতরকম দাবির যোগান দিতে ফুরিয়ে যায়।"

কিন্তু একসময় এই প্রতাপ বাবুর অবস্থা নাকি খুবই ভালো ছিল। তার বাড়িতে পুকুর ছিল, জমি-জায়গা ছিল। কিন্তু আজ কিছুই নেই। এরপর হঠাৎ করে প্রতাপবাবু একদিন বাড়ি না থাকায় জয়া কান্তির সাথে দেখা করে, এবং বলে কান্তিদা তুমি যেকোনো উপায়ে বড়ো হও। না হলে বাবা তোমাকে একদিন ফুতুর করে দেবে। এবং জয়াকে কান্তিকুমার বলে আমার কাছে হাজার টাকা আছে সেটা অটলনাথবাবুর। তখন জয়া হেসে বলে ওকে এখন ওই টাকা ফেরত না দিয়ে তুমি কিছু করো। তখন কান্তিকুমার জয়াকে বলে এটা করা অন্যায় হবে, এবং যদি টাকাটা মার যায়, তখন তার দায় কে নেবে জয়া। কিছু দিন যাওয়ার পর অটলনাথের কাছে চাকরী করে কান্তিকুমার। প্রতিমাসে কান্তিকুমার তার থেকে পনেরো টাকা করে পায়। একথা জানতে পারে। এবং জয়াকে কান্তিকুমার বলে চাকরী করাই সবচেয়ে ভালো, কারণ অটলবাবুর যেসব কেলেঙ্কারী তার ভাগ সে নিতে চায় এবং কোনো কিছুতে কোনোরকম ভাবে সে জড়াতে চায় না। অটলবাবুর কাজের জন্য তাকে পুলিশেও ধরতে পারে? সে মনে মনে ভাবে অটলনাথবাবুর বাজে কাজটা যদি বন্ধ করা যেত তবে খুবই ভালে হতো কিন্তু কোনো কিছুতেই সে করতে পারবে না, এবং জয়া কান্তিকুমারকে বলে তুমি আমার বাবাকে ঠকিয়ে আমাকে নিয়ে যেতে পারবে। তখন কান্তিকুমার বলে আমি একাজ জীবনে করতে পারব না জয়া।

হঠাৎ কিছুদিন যাওয়ার পর জয়ার খুব জ্বর আসে এবং এর জন্য প্রতাপবাবু কান্তিকুমারের কাছে টাকা চাইতে যায়। কিন্তু তার কাছে টাকা না থাকায় সে প্রতাপবাবুকে ফিরিয়ে দেয়। এবং এর জন্য সে নিজের কাছে নিজেই লজ্জায় পড়ে যায় এবং তার মনের মধ্যে অস্বস্তি হয়। এরপর প্রায় সপ্তাহের প্রতিদিন কান্তিকুমার

অটলবাবুর লাইব্রেরীতে যায়। কিন্তু অটলনাথের লাইব্রেরীর কথা শুনে কারো মনে আজ কোনো সংশয়ে হয় না। কিন্তু এই লাইব্রেরীতে সে তার দু-নম্বরের কাজ করে টাকা পয়সার জন্য। গ্রামের বাইরের প্রায় সকলেই জানে কান্তিকুমার তার একমাত্র বিশ্বাসযোগ্য কর্মচারী। লাইব্রেরীর মধ্যে দু-জন দু জনের মুখের দিকে তাকিয়ে বসে থাকে। অটলনাথ কান্তিকে বলে তুমি আমাকে কিছু একটা পড়ে শোনাও তো দেখি। টেবিলের পাশ থেকে একটা বই নিয়ে সে পড়া শুরু করে এবং সেই বইতে লেখা ছিল -

"জন স্টুয়ার্ট মিল বলিয়াছেন যে স্ত্রী জাতি সর্বতোভাবে পুরুষের তুলা, অতএব একসময় দেখা যায় কান্তিকুমার মনে মনে ভাবে তার পায়ের তলার মাটি যেন চোরা বালির মতো হয়ে যাচ্ছে। সে জয়ার কাছে মুখ দেখাতে লজ্জা পাচ্ছে। তবুও তার কিছু করার নেই। তাই সে রাত জেগে অটলনাথ বাবুর জীবনী লেখা শুরু করে। শুধুমাত্র টাকার জন্য। কিন্তু সে কারো কাছে টাকা ধার করতে রাজি নয়। বিশেষ করে অটলনাথ বাবুর কাছে। কারণ অটলনাথ বাবুর যা টাকা-পয়সা আছে সবই অসৎ পথের টাকা। আর তার থেকে ধার নেওয়া মানে নিজেকে অসৎ মনে করা। এখানে অটলনাথবাবু অসৎভাবে টাকার জন্য এত নিম্নমানের কাজ করে চলেছে নিজের ধর্ম অভিজাত সবকিছুকে ভুলে গিয়ে। তারই প্রমান মেলে সুবোধ ঘোষের এই 'কাঞ্চনসংসর্গাৎ' শ্রেষ্ঠ গল্পে। কিন্তু আমাদের সমাজ অটলবাবুকে ঘৃণা করে। না, ঘৃণা করে তার কাজকে। আর এ সবের জন্য সমাজের মানুষের মধ্যে বৃত্তি ও বিত্ত বিভাজনের মানদণ্ড দেখা যায়।

তিন অধ্যায় : এই 'তিন অধ্যায়' গল্পটি সুবোধ ঘোষের লেখা অন্যতম শ্রেষ্ঠ গল্প। এখানে দেখা যায় অহিভূষণ, পুলিনবাবু ও বন্দনা চরিত্র নিয়ে গল্পটির নামকরণ করা হয়েছে। এরা সমাজের ভিন্ন ভিন্ন শ্রেণির মানুষ। আর এই গল্পটিতে প্রথমেই আমরা অহিভূষণ চরিত্র সম্পর্কে পড়ব। যে কিনা ছোটোবেলা থেকে পড়াশোনায় এটুকুও ভালো না। তাই তার বন্ধুরা তাকে নিয়ে প্রচুর পরিমানে হাসাহাসি করত। এবং এই পড়াশোনায় ভালো না হওয়ার জন্য জীবনে প্রথম অধ্যায় চতুর্থ শ্রেণি তার দ্বারা। পাশ করা সম্ভব হয়নি। কিন্তু এই অহিভূষণ ছিল একজন ভদ্র পরিবারের ছেলে। কিন্তু পড়াশোনা না করায় তার কপালে। একটা ভালো চাকরী জোটেনি। তাই সে একটা ছোটো শহরের মিউনিসিপ্যালিটির চাকরী করে। বলতে গেলে সাধারন কর্মচারী। তার কাজ দিনের আলোয় নয়, তার কাজের মানুষ ঘুম থেকে ওঠার আগেই শেষ হয়ে যায়। আর অন্য মানুষ যখন কাজ করে তখন সে বিশ্রাম নেয়। আর যারা খুব ভোরে ঘুম থেকে ওঠে তারাই একমাত্র অহিভূষণের কাজের কথা জানে। সে ভোর হতে না হতেই বেড়িয়ে পড়ে তার কাজের জন্য, সে যখন কাজে যায় তখন রাস্তায়

যেতে যেতে তার চোখে পড়ে

'মেথরেরা শহরের ময়লা পরিষ্কার করে,

এক একটা দল বের হয় ঝাড়ু হাতে রাস্তা ঝাঁট দিতে, পুরীষবাহি বড়ো

কয়েক দল বের হয় মাথার ওপর বড়ো টিনের টব নিয়ে আর এই অহিভূষণের কাজ হল এদের দেখাশোনা করা। আর সব দেখাশোনা করার জন্য সে প্রত্যেক মাসের শেষে বাইশ টাকা করে পায়। সে তার জাত-পাত বংশ-পরিচয়, জাতি-ধর্ম, ভুলে গিয়ে কেবলমাত্র টাকা রোজগারের জন্য এমন কাজ করছে। এবং সে প্রায় সময় বলে ওঠে এমন চাকরী তার না করলেও দিন চলে যাবে। এবং সে গর্বে প্রায় চিৎকার করে বলে ওঠে-

"কী ভেবেছে মিউনিসিপ্যালিটি, বাইশ টাকা মাইনে দেয় বলেই বামুনের ছেলেকে দিয়ে যাচ্ছে তাই করিয়ে নেবে"

এই অহিভূষণ তার বংশ পরিচয়, জাত-ধর্ম, জাত-পাত নিয়ে সমাজের চোখে খুবই নিজেকে উচ্চ মানের মানুষ বলে জাহির করে। এরপর এই গল্পের আরে দু-জনের চরিত্রের কথা জানা যায়। যারা হলেন পুলিনবাবু ও বন্দনা। যারা অহির মতো বংশ, জাত-পাত, আভিজাত্য সমস্ত কিছু গিয়েছে কেবলমাত্র তাদের প্রয়োজন। আর তাদের প্রয়োজন শুধু টাকা। টাকা ছাড়া তার আর কিছু আর এই টাকা জন্য তারা যেকোনো কাজ করতে রাজি এবং তারা কাজ করে চলেছে। আর এই জন্য তারা চোখে যেনো সবচেয়ে নিচু স্তরের মানুষের মতো হয়ে গেছে। পুলিনবাবু তার বংশের গৌরব, জাত-পাত সব কিছু নষ্ট করে জুতোর দোকান দিয়েছে। এবং সে তার দোকানের টেবিলের পাশে একটা রঙিন পর্দা টানিয়ে রেখেছে। কারণ সে ওই পর্দার আড়ালে বসলে তাকে কেউ ঠিক করে দেখতে পাবে না। সে সমাজের মানুষের কাছে তার কাজের কথা লুকিয়ে রাখতে চাই। তার দোকানে তিনজন কর্মচারী কাজ করে এবং তাদের মধ্যে একজনকে সে মিস্ত্রী বলে ডাকে। তার জুতোর দোকান থাকলেও সে জুতোর সঙ্গে সম্পর্ক রাখে না, তার সম্পর্ক কেবলমাত্র দোকানের সঙ্গে। জুতো দোকানে কেউ আসলে তার তিনজন কর্মচারী সামলাতো এবং যা টাকা হতো তা দিয়ে তার ঠিক চলে যেতো। এবং কর্মচারীদের সে সামান্য কিছু বেতন দিতে হবে। যাতে তার লাভ থাকে। আর এই পুলিনবাবুর মেয়ে বন্দনা। যে কিনা পড়াশোনায় খুব ভালো হব, তাই সে স্কুলে পড়শোনা করেছে। প্রায় তার নিজের গ্রামের সব মেয়েদের সাথে মেলামেশা করেছে। অভিনয় খুবই ভালো করত পড়াশোনা করার ফাঁকে। একে একে বন্দনার সব বান্ধবীদের বিয়ে হয়ে যায়, তারপর সে একা হয়ে যায়। এবং তার বান্ধবীরা যখন আসত তার সাথে সময় কাটাতো। কেবলমাত্র বন্দনার বিয়ে হয়নি।

বিয়ে না হওয়ার জন্য তাকে নিয়ে খুবই চিন্তা তার পরিবারের লোকের। কিন্তু বিয়ে না ঠি হওয়ার জন্য তার কোনো অসুবিধা হয় না। কারণ সে একটা হাসপাতালে কাজ করে। কিন্তু হাসপাতালের কী কাজ কেউ জানে না। কিন্তু কেউ জিজ্ঞাসা করলে বন্দনার মা বলে সে নাকি নার্সের কাজ করে। কিন্তু কখনও সে নার্স নিয়ে পড়াশোনা করেনি। এমনকি শেখেনি। কিন্তু কেবলমাত্র টাকার প্রয়োজনে পুলিন ও তার মেয়ে বন্দনা এসব করবে এটা সমাজের চোখে খুব খারাপ দেখায়। তাই তার সবার আড়ালে থেকে এমন কাজ করতে চায়। কিন্তু সকলের সামনে একদিন আসল সত্যটা ধরা পড়ে। কিন্তু এই পুলিনবাবু ও তার মেয়ে বন্দনার মন মানসিকতা বলে কিছুই নেই। তারা কেবলমাত্র টাকাকে জীবনের শ্রেষ্ঠ উপহার বলে ভেবে বসে আছে। কিন্তু পুলিনবাবু খুবই গরিব। তাই বলে তার মেয়েকে দিয়ে এমন কাজ করাবে এটা কেউ আশা করেনি তার থেকে।

হঠাৎ একসময় সতু নামে একজন ভদ্রলোক তাদের বাড়ির চাকরকে হাসপাতালে ভর্তি করতে গিয়েছিল। সেখানে হাসপাতালের কম্পাউণ্ডার তার থেকে টাকা ঘুস নেয়, এমন সময় হঠাৎ করে হাজির হয়ে বন্দনা টাকা চায় তার থেকে। এরপর হঠাৎ একসময় শশীদের বাড়িতে যখন একজন মহিলা ডাক্তার আসে এবং তার সাথে আসে বন্দনা, রোগী দেখা শেষে ডাক্তার তার ফিজ নিয়েছিল আট টাকা এবং বন্দনা পায় এক টাকা। তারপর আবার বন্দনাকে দেখা যায়- "ন্যায্য পাওনা ছাড়া অক্লেশে হাত পেতে বকসিস দাবী করে বন্দনা, আর কিছু দিতে হবে। "

এই মানুষগুলিকে বন্দনা চেনে। তবুও তাদের কাছ থেকে সে তার প্রয়োজনে টাকা চাই। এই সমাজের কোনো কিছুতেই তার কোনো অনুশোচনা নেই।

আর এই সমাজের মানুষ অহিভূষণ বন্দনা ও পুলিনবাবুর মতো মানুষদেরকে ঘৃণা করে তারা নিজেদের জাত- পাত বংশ গৌরব সব কিছু ভুলে গিয়েছে তাদের প্রয়োজনীয় সম্পদ টাকার জন্য। কিন্তু সর্দার স্ক্যাভেঞ্জার, জমাদারনী ও চামারকে কেউ ঘৃণা করে না। আর এই সমাজে এই সব কারণের জন্য সমাজের মানুষের মধ্যে বৃত্তি ও বিত্ত বিভাজনের মানদণ্ড ফুটো উঠেছে সুবোধ ঘোষের এই তিন অধ্যায়' গল্পটির মাধ্যমে।

তথ্যসূত্র :

1. ঘোষ সুবোধ, "শ্রেষ্ঠ গল্প/ফসিল," প্রথম করুণা সংস্করণ, করুণা প্রকাশনী, টেমার লেন, কলকাতা, জানুয়ারী ২০২০, পৃষ্ঠা - ২৭-২৮
2. তদেব, পৃষ্ঠা- ৩৩
3. তদেব, পৃষ্ঠা - ৩৬

4. ঘোষ সুবোধ, "শ্রেষ্ঠ গল্প/গোত্রান্তর," প্রথম করুণা সংস্করণ, করুণা প্রকাশনী, টেমার লেন, কলকাতা, জানুয়ারী ২০২০, পৃষ্ঠা- ৫৭
5. তদেব, পৃষ্ঠা - ৫৯.

গ্রন্থপঞ্জী:

আকর গ্রন্থ:

১. ঘোষ সুবোধ। 'শ্রেষ্ঠ গল্প'। প্রথম করুণা সংস্করণ। করুণা প্রকাশনী, ১৮এ, টেমার লেন, কলকাতা - ৭০০ ০০৯

সহায়ক গ্রন্থ:

1. মুখোপাধ্যায় অরুণ কুমার। 'কালের পুত্তলিকা : বাংলা ছোটোগল্পের একশো দশ বছর (১৮৯১-২০০০) । তৃতীয় সংস্করণ। দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩, এপ্রিল ২০০৪।
2. চৌধুরী শ্রীভূদেব। 'বাংলা ছোটগল্প ও গল্পকার'। পূণঃমূদ্রণ। মডার্ণ বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, কলকাতা - ৭৩, ২০১১

6

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে অন্ত্যজ জীবন

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সুস্মিতা কর্মকার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

সাহিত্যকে সমাজের দর্পণ বলা হয়। আর সেই দর্শনে প্রতিবিম্বিত হয় তৎকালীন মানুষের জীবনচিত্র। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদ থেকে শুরু করে বর্তমানকাল পর্যন্ত সমস্ত রকম সাহিত্যে আমরা উচ্চবিত্ত মানুষদের পাশাপাশি অন্ত্যজ মানুষদেরও পরিচয় পাই।চর্যাপদের চর্যাকারগণ যেমন-ডোম, শবর, জেলে, মাঝি ইত্যাদি দলিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত ছিলেন, তেমনি তাদের রচনাতেও উঠে এসেছে ডোম্বী, শবরী, জেলে প্রভৃতি অস্পৃশ্য শ্রেণিভুক্ত মানুষদের কথা। শবরপাদের ২৬নং গানে এই শবর-শবরীদের পার্বত্য জীবনযাত্রার উল্লেখ আছে-

উষ্ণা উষ্ণা পাবত তঁহি বসই সবরী বালী।

মোরঙ্গি পীচ্ছ পরহিন সবরী গিবত গুঞ্জরী মালী।

এইসব তথাকথিত অন্ত্যজ শ্রেণির মানুষদের স্পর্শে ব্রাহ্মণদের সমাজ কলুষিত হবে বলে তাদের জায়গা হত নগরের বাইরে বা পাহাড়ের উপর।

আমরা জানি মধ্যযুগের সাহিত্য মূলত ধর্মকেন্দ্রিক। কিন্তু এই ধর্মকেন্দ্রিক আখ্যানের পাশাপাশি মানবচরিত্রের কথা নিম্নবর্গীয় মানুষদের উপস্থিতিও লক্ষ্য করা যায়। শ্রীকৃষ্ণকীর্তন, মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, নাথ সাহিত্য প্রভৃতির কার্যে নিম্নবর্গীয় চরিত্রের পরিচয় লক্ষ্যনীয়। মধ্যযুগের মঙ্গলকাব্যগুলিতে দেব মাহাত্ম্য প্রচার করা মূল উদ্দেশ্য হলেও অন্ত্যজ শ্রেণির মানুষের জীবনকে অস্বীকার করে কোনো মঙ্গলকাব্য রচিত হতে পারেনি।।

উন্নবিংশ শতাব্দী তথা আধুনিক যুগের বাংলা সাহিত্য গড়ে কলকাতার নগর জীবনকে কেন্দ্র করে। পাশ্চাত্য শিক্ষা-সংস্কৃতি এই সময়কে আচ্ছন্ন করে রেখেছিল। বাংলা সাহিত্যের সার্থক উপন্যাস স্রস্টা বঙ্কিমচন্দ্রের উপন্যাসে নিম্নবর্গের মানুষের চিত্র মেলে। পরবর্তীতে রবীন্দ্র সাহিত্যের ছোটগল্পগুলিতে অবাজ মানুষের বিশেষ অবস্থান লক্ষ্য করা যায়। এই অন্ত্যজ মানুষেরা হলেন-শ্রমিক, কৃষিজীবী, পতিতা, কামার-কুমোর, ভাঁতি, সাঁওভাল শবর প্রভৃতি। রবীন্দ্রনাথ ঠাকুরের "ত্যাগ", "শাস্তি', 'দুর্বুদ্ধি প্রভৃতি ছোটগল্পে আমরা অন্ত্যজ মানুষের পরিচয় পাই। 'শাস্তি' পরটিতে রবি ঠাকুর

অরাজ মানুষের জীবন সংগ্রামের চিত্রের পাশাপাশি এরা যে মানুষ তার মনস্তাত্বিক বিশ্লেষণের দিকটি তুলে ধরেছেন।কই পরিবারের দুই ভাই এবং দুই যা রাধা ও চন্দরা। চন্দরার সন্তান নেই। স্বামীর ভালোবাসা সে পায়নি। তারা দুই যা নিত্য ঝগড়া করে। পুরুষতান্ত্রিক সমাজে সমাজের সে দাসী হয়েছে। কিন্তু সে সেই দাসীত্ব মেনে নিতে পারেনি, তাই দিদামের 'মুষ্টিমেয় স্ত্রীটুকু সকলকে জব্দ করে, ফাঁসির দড়ি গলায় পরেছে। অন্ত্যজ শ্রেণির মধ্যে থেকে উঠে আসা অশিক্ষিত গ্রাম্য বধূটির অসীম কৌতূহল জানার পিপাসা তার মধ্যে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'অভাগীর স্বর্গ, বিলাসী প্রভৃতি গড়ে জাত-পাতের সমস্যা প্রাধান্য মধ্যে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'অভাগীর স্বর্গ, বিলাসী প্রভৃতি গল্পে জাভ-পাড়ের সমস্যা প্রাধান্য পেয়েছে। অভাগীর স্বর্গ গল্পের বিষয় হয়েছে দুলে বধূ, কাঙ্গালীর মায়ের বিশ্বাস কেন্দ্রিক মৃত্যু- চিন্তার কথা। গল্পে দেখা যায় কাঙানীর মা অভাগীর মনের বড় সাধ তাদের সমাজ প্রথানুযায়ী মুখে লুডো খেলে মাটিতে না পুঁতে, তাকে যেন মুখুজে গিন্নির মতো দাহ করা হয়। কিন্তু সে মারা যাবার পর তাকে দাহ করবার জন্য কাঠ তাঁর স্বামী, সন্তান জোগাড় করতে পারেনি। সামন্ততান্ত্রিক শোষণের অত্যাচারে নিজেদের জমিতে পোঁতা গাছের কাঠ কাটতে গিয়ে তারা লাঞ্ছিত হল- অপমানিত হল। অভাগী কে তাই পোড়ানো গেল না!

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের পরবর্তীকালেও বিভিন্ন সাহিত্যিক তাদের সাহিত্য কর্মের মধ্য দিয়ে অন্ত্যজ জীবনের কথা তুলে ধরেছেন। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'প্রাগৈতিহাসিক' গল্পটির মধ্য দিয়ে আমরা অন্ত্যজ আদিম প্রবৃত্তির পরিচয় পাই। গল্পটিতে মানুষ যে তার আদিম প্রবৃত্তির কাছে বারে বারে হার মেনেছে এ পরে নতুন করে আর একবার তা প্রমাণিত হয়েছে। পাঁচীও ভিখুর জীবনের মাধ্যমে মানিক বন্দ্যোপাধ্যায় আদিম জৈবিক প্রবৃত্তি তাড়িত মানুষের অন্ধকারাচ্ছন্ন দিকটি দেখিয়েছেন। জীবনের মাধ্যমে এছাড়াও নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'রেকর্ড', 'টোপ'; সন্তোষ কুমার ঘোষের 'কানাকড়ি', 'ভেবেছিলাম রমাপদ চৌধুরীর 'করুণ কন্যা', শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের 'ঘুণপোকা', দেবেশ রায়ের 'দুই দশক', 'স্মৃতিহীন বিস্মৃতিহীন; স্বপ্নময় চক্রবর্তীর 'অষ্টচরণ ষোলো হাটু', 'ভিডিও ভগবান নকুল দানা প্রভৃতি পরে অন্ত্যজ জীবনের পরিচয় পাওয়া যায়। ঘুনপোকা' গল্পের নায়ক শ্যাম আমাদের মধ্যবিত্ত অস্তিত্বের সংকটকে নগ্নভাবে দেখিয়ে দিয়েছে। 'টোপ' গল্পটিতে জীবনের ক্ষতি ও ক্ষতই শেষ কথা নয়, জীবনকে ভালোবাসাই একমাত্র সত্য এমন কথা বলেছেন নারায়ণ গঙ্গোপাধ্যায়। এই ঘরে তিনি সেই জীবনকে ভালোবেসেই মহারাজার শিকারের সঙ্গী হয়েছিলেন। কিন্তু বাঘ শিকার করার টোপ হিসেবে জমিদার ছোট ছোট বাচ্চাদের ব্যবহার করেন, এই কাজে তার বিন্দুমাত্র হাত কাপে না।রাজা বাহাদুরের অমানবিক শিকার পদ্ধতি সামন্ততান্ত্রিক জমিদার শ্রেণির

চরিত্রকেই অনুভবগম্য করে তুলেছে পাঠক-পাঠিকার কাছে। অষ্টচরণ যোলো হাঁটু গল্পে জমিদারি শোষণ-শাসনের ফলে অন্ত্যজ শ্রেণি তথা বাগদী সম্প্রদায়ের জীবনের করুণ কাহিনি লিপিবদ্ধ হয়েছে। বংশপরম্পরায় তাদের শোষণ করবার জন্য দেবী সিংহবাহিনীর নামে একটি ঘরাদেশ রটনা করে অভিরাম বাগদী নামক এক বাগদী পরিবার তথা সমগ্র বাগদী সমাজকে কুক্ষিগত করে রাখার ঘটনা এই গল্প রয়েছে। এই জমিদারি শোষণের ফলে অভিরামের মতো সৎ, নিষ্ঠাপরায়ন মানুষকে প্রাণ দিতে হয়েছে। অসংখ্য সাহিত্যিক তাদের সাহিত্য সৃষ্টিতে অন্ত্যজ শ্রেণির জীবনচর্যার বিভিন্ন দিক তুলে ধরেছেন। আর এই ধারা প্রবাহমান থাকবে নব নব রূপ উদ্‌ঘাটনের মধ্য দিয়ে।

।।খ।।

ব্যক্তি জীবনাশ্রিত অন্ত্যজ জীবনের ছবি তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কোনো কোনো গল্পের বিষয় হয়ে উঠেছে এবং তা অন্ত্যজ শ্রেণির মানুষদের অন্ধবিশ্বাস ও প্রথাকে কেন্দ্র করে। এসব ক্ষেত্রে সামাজিক প্রথা ও আচার অনুষ্ঠানের চাপে পিষ্ট হয়েছে অন্ত্যজ শ্রেণির মানুষ। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'ডাইনী' গল্পটি এই ধারারই এক উৎকৃষ্ট নিদর্শন। গ্রাম্য কুসংস্কার এবং অভি প্রাকৃতের উপর বিশ্বাসে এক সাধারণ ঘামা অন্ত্যজ শ্রেণির নারী নিজেকে দেহ রসলোলুপ রাক্ষসী ডাইনী ভেবেছে।

'ডাইনী' শব্দটি এসেছে 'ডাকিনী' শব্দ থেকে। কেবলমাত্র অতীতের দিনগুলি নয়, আজও গ্রামের অশিক্ষিত' অন্ত্যজ শ্রেণির মানুষের মনে ডাইনী ভীতি থেকে গেছে। ডাইনী বড়ো বড়ো চোখে তাকালে শিশুর রক্ত ঘাম হয়ে শরীর থেকে বেরিয়ে যায়, তলপেটে যন্ত্রণা শুরু হয় ইত্যাদি। কুসংস্কার থেকে আজও খবরের পাতা খুললেই দেখা যায় ডাইনী হত্যার খবর।

'ডাইনী' গল্পে সোরধনী ওরফে সরা নামের এক ডোম রমণীর জীবনের করুন কাহিনি লিপিকৃত হয়েছে। ছাতিফাটা মাঠের ধারে যে বৃদ্ধা ডাইনী নানা লৌকিক জনশ্রুতির কেন্দ্র হয়ে বসে বসে আয়নায় নিজের মুখ দেখে তার স্মৃতি রোমন্থনে গল্পটি শুরু হয়েছে। ডাইনীর পরিচয় কারও জানা নেই। গল্পে দেখা যায় সে সারাদিন ভিক্ষা করেই দিনাতিপাত করত। ক্ষুধার্ত পেটে অন্ন দ্রব্যের দিকে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকিয়ে থাকত। এই ডাকানো দেখে গৃহস্থেরা বলতো সরা খাবারে নজর দিচ্ছে। বৃদ্ধা তার ডাইনী সত্তার প্রথম অনুভূতির অনুভব করেছিল তার বান্ধবী সাবিত্রীর সন্তানের প্রতি লোভ হওয়ার মধ্যে 'বুকে চাপিয়া ধরিয়া ময়দার তাদের মতো ঠাসিয়া ঠোঁটে ঠোঁট দিয়া চুমায় চুমায় চুষিয়া তাহাকে খাইয়া ফেলে।'[১]

একটি একদিনের শিশুকে নিয়ে রোদে বসবার ফলে তাপমাত্রাজনিত কোনো কারণেও

সাবিত্রীর সন্তানটির মৃত্যু হতে পারে, এখানে একটি শিশুকে জড়িয়ে ধরে আদর করবার বাসনাই প্রকাশিত হয়েছে। কিন্তু সাবিত্রীর সন্তান মারা গেলে প্রত্যেকের মতো সেও নিজেকে ডাইনী ভারতে শুরু করে। এরপর গ্রামবাসীরা তাকে মেরে গ্রাম থেকে ভাড়িয়ে দিয়েছিল। চারদিকে রটে গেল সে। ডাইনী। অথচ তার আকুতি ছিল মানুষের মতো বাঁচার। মানুষের মতো মানুষের সঙ্গে বাঁচার চেষ্টায় সে বোলপুরে এসে কারখানা শ্রমিকের সঙ্গে ঘর বেঁধেছিল। কিন্তু সেই জোয়ান পুরুষটিও একদিন মারা গেল।

ভালোবাসা ও মানবিকতার টানে সে প্রণয় ব্যর্থ এক বাউরি যুবককে নিজের অলঙ্কারগুলো দান করতে চেয়েছিল কিন্তু ভয়ে যুবকটি রুদ্ধশ্বাসে পালাতে গিয়ে পায়ে হাড় ফুটে আহত ও নিহত হল। এরপর লোকবিশ্বাসে তা হয়ে উঠেছিল ডাইনীর বাণে নিক্ষিপ্ত মন্ত্রপুড় হাড়। কাজেই বাণ ছাড়াতে গুনিন প্রহার শুরু করেছিল যুবকটির ওপর। ওই হাড়টি টেনে বের করে ফেলার পর রক্তপাত শুরু হয় এবং প্রবল জ্বরে যুবকটি মারা যায়।

তারপর সন্ধ্যার মুখে যখন সে ঘর ছেড়ে পালাতে শুরু করেছে তখন ছাতিফাটা মাঠের দুর্দান্ত ঘূর্ণিঝড়ে সে অদৃশ্য হয়ে যাবার আগে একটিমাত্র বাক্যই তার মুখে বসানো হয়েছে -

"অকস্মাৎ আজ বহুকাল পরে তার নিজেরই শোষণে মৃত স্বামীর জন্যে বুক ফাটাইয়া সে কাঁদিয়া উঠিল ওগো, তুমি ফিরে এসো গো।"[২]

এই বাক্যটিতে নিজের চাপা অথচ দুর্বার শক্তির ভয় জের অসহায় নিঃসঙ্গতা এবং সে যে কারও প্রাণ নিতে চায়না, সে যে ডাইনী নয় তা প্রমাণ করবার জন্য তার মৃত স্বামীকে ফিরে আসার করুণ প্রার্থনা জানিয়েছে।

সম্পূর্ণ গল্পটিতে দেখা যায় সোরধনী তার নারীত্বের সদগুণ নিয়ে বর্তমান ছিল। প্রচলিত কুসংস্কার অনুযায়ী তার দৃষ্টির ফলে হারু সরকারের ছেলে অসুস্থ হয়ে পরায় সে গেছে হারুর বাড়ি, ঈশ্বরের কাছে হারুর ছেলের জন্য রোগমুক্তির প্রার্থনা করেছে। সে মানুষের কোনো ক্ষতি চায়না।শিবভলায় ঠাকুরের কাছে গিয়ে বলেছে তার চোখ যেন অন্ধ হয়ে যায়। আজও শিশু দেখলে তার হৃদয়ে মায়া-মমতা-স্নেহ-ভালোবাসা উছলে ওঠে। সাবিত্রীর নবজাতককে দেখে যে লোভ হয়েছিল সে তো স্নেহ-ভালোবাসারই স্বাভাবিক রূপ । প্রণয়ে ব্যর্থ যুবকটির প্রতি সহমর্মী হয়ে সে ভো ডাকে সাহায্য করতেই গিয়েছিল কিন্তু অশিক্ষিত কুসংস্কারাচ্ছন্ন মানুষ তাকে ভার নরুন চেরা ক্ষুদ্র চোখের খয়েরী রঙের দৃষ্টির জন্য, মানুষের আকস্মিক মৃত্যুর জন্য তাকেই দায়ী করেছে। ডাইনী অপবাদ দিয়ে তার স্বাভাবিক জীবনযাপন করেছে। অন্ত্যেবাসী মধ্যে যদি বিজ্ঞানসম্মত জ্ঞান, বোধ, শিক্ষা থাকত, যদি তারা তা বাস্তবে প্রযোগ জানত তবে হয়তো সুরোধনীর মতো মেয়েদের ডাইনী অপবাদ নিয়ে মরতে হত না।

।।গ।।

সামন্ততান্ত্রিক জমিদারি ব্যবস্থায় জমিদারদের অত্যাচার ও ভোগবিলাসিতার সঙ্গে ঔদার্যের বিচিত্র মিশ্রণের সারণীয় ছবি তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অনেকগুলো গল্পের মৌলিক আকর্ষণ। তিনি রাঢ় ভূমির জমিদারবর্গের অন্তরঙ্গ ইতিহাস বলেছেন। তাঁর রচনায় জমিদার-সম্প্রদায়ের সমৃদ্ধি ও ঐশ্বর্যের মুখ যেমন মধ্যাহ্ন দীপ্তিতে উদ্ভাসিত হয়েছে, তেমনি তার বিলীয়মান শেষরশ্মির অপরাহিক গ্লানিমা দীর্ঘশ্বাসে ভরে উঠেছে। 'রায়বাড়ি' ও 'জলসাঘর' এই দুই পর্যায়ের শ্রেষ্ঠ গল্প।

'রায়বাড়ি' গল্পে রাজারামপুরের রায় পরিবারের গৌরবোজ্জ্বল দিনের ছবি আঁকা হয়েছে। চারিত্রিক আভিজাত্য, সমুন্নত মহিমা, ভেজোদীপ্ত ব্যক্তিত্ব, আভিথ্যনিষ্ঠা, নির্মম প্রতিহিংসা- পরায়ণতা, বজ্রকঠোর দৃঢ়তা, নিদারুণ শোকের মধ্যেও অবিচলিত ধৈর্য-এই সকল বিচিত্র দোষগুণের সমন্বয়ে রাবণেশ্বরের চরিত্র অসাধারণ মহিমায় উদ্ভাসিত হয়েছে। প্রজাদের সেবার ক্ষেত্রে তার একটি উদ্ধৃতি উল্লেখ করা যায়:

"কর্তা বলিলেন কি হে, হুদ্দা-শ্যামপুরের সব বড় বড়
বীরের কথা শুনেছি, কিন্তু কই আহার কই সব? খাদ কই তোমরা?"[৩]

যে জমিদার একসময় প্রজাদের আহারের ব্যবস্থা নিজে দাঁড়িয়ে থেকে করতেন তিনিই একসময় তাঁর লাটের মুসলমান, বাগদী ও হাড়ি প্রজারা গোমস্তাকে পুড়িয়ে মেরেছে বলে লাটসুদ্ধ পুড়িয়ে ছাড়থার করে দেবার হুকুম দেন

'ছত্রিশ মৌজা কালো করে দিয়ে আসতে হবে। একখানা চালা
বাঁচবে না বুঝলি? কেউ যেন এক ফোঁটা জল আগুনে দিতে না পারে।'

রাবণেশ্বরের স্ত্রী ব্রজরাণী তখন বলেছিলেন-

"লোকের দীর্ঘশ্বাসকে তুমি ভয় করো না।"[৪]

যদিও এসব কর্ম তিনি তার বংশ পরম্পরায় প্রজাশাসনের রীতি বলেই ব্যাখ্যা করেছেন। এরপর গল্পে দেখা যায় রাবণেশ্বরের স্ত্রী-পুত্র নৌকাডুবিতে মারা যায়। তিনি উদাসী হয়ে সংসার ছেড়ে চলে যাওয়ার সময় বিপন্ন এক প্রজার মেয়ের বিয়ে পণ্ড হতে দেখে পুনরায় প্রজাকল্যাণের কাজে ব্রতী হয়ে কন্যাটির বিবাহের ব্যবস্থা করেছেন। এই গল্পে রাবণেশ্বরের নিষ্ঠুরতা ও ঔদার্যের স্ববিরোধিতার চিত্র ফুটে উঠেছে।

'জলসাঘর' গল্পে আছে সামন্ততন্ত্রের সঙ্গে বণিকতন্ত্রের দ্বন্ধ, পুরাতনের সঙ্গে নতুনের দ্বন্ধ। ভেঙে পড়া জমিদারতন্ত্রের প্রতীক হলেন বিশ্বশ্বর রায়। বর্তমানের শ্রীহীনতা ও দারিদ্র্যের জীর্ণ ছবির পাশে অতীত - গৌরবের স্মৃতি বিশ্বম্ভর রায়ের চিত্র আলোড়িত করে। সভ্যতার হৃত গৌরব শ্রী ভ্রষ্ট বিশঙ্কর রায়ের নামই এ অঞ্চলে রায় হুজুর। তথাপি তার সভ্যতার মহিমা আজ অস্তমিত। পিয়ারী বাঈ-এর সঙ্গীতে এখন তিনি

বিরক্ত হন। নূতন ধনী মহিম গাঙ্গুলির উদ্ধৃত অর্থ কৌলিন্যের সঙ্গে প্রতিযোগিতায় নামার সাধ থাকলেও সাধ্য নেই। আভিজাত্যের গৌরব ধরে রাখতে আপ্রাণ চেষ্টা করেন বিশ্বম্ভরা রায়বংশের অধস্তন সপ্তম পুরুষ তিনি জমিদারি আভিজাত্যের শেষ বংশধর। ধনী গাঙ্গুলিবাবুদের সঙ্গে প্রতিযোগিতা করতে গিয়ে এক বসন্তবিহ্বল জ্যোৎস্নামও রাত্রিতে সুরা ও বাঈজীর যৌবন মজিলার মোহে কিছুক্ষণের জন্য যেন অভীতবৈভব ও বিগত যৌবনকে ফিরে পেয়েছিলেন বিশ্বশ্বর।

অতীত ঐতিহ্য ও প্রতিহিংসার বশবর্তী হয়ে ধূলিসাৎ হয়ে যাওয়া বংশ গৌরব নিয়ে নূতন ধনী গাঙ্গুলীবাবুর সঙ্গে প্রতিযোগিতায় নেমেছেন বিশ্বম্বর রায়ারায় বংশের মাঙ্গলিক সিথিখানি বিক্রি করে বাঈজীদের নিয়ে জলসা বসিয়েছেন। সন্ধ্যায় জলসা সংঘটিত হয়, মান্য ব্যক্তিরা এসে সভা উজ্জ্বল করে বসেন। কৃষ্ণাবাঈ এর মধ্যে হারিয়ে যাওয়া অতীতের চন্দ্রাবাঈকে দেখে উন্মাদ হয়ে যান তিনি। ভোরে তার বৃদ্ধ ঘোড়া ডুফানকে নিয়ে অতীত দিনের মতো পুরোনো পাগড়ির চাঁদর, সওয়ারের পোশাক পরে বহুদূরে ঘোড়ার পিঠে চাবুক মেরে মেরে তাকে রক্তাক্ত করে সম্মুখের দিকে এগিয়ে যান নেশার ঘোরে। শেষপর্যন্ত চারপাশের মানুষজনের কথাবার্তায় ভার সম্বিত ফিরে আসে এবং তিনি দেখেন তিনি অতীতের রায় বংশের আভিজাত্যে,নেশার উন্মত্তভায় এতসব কাজ করেছেন, যা বর্তমানে আর কিছুই অবশিষ্ট নেই-

'হাতের চাবুকটা শুধু সশব্দে আসিয়া জলসাঘরের
দরজায় আছড়াইয়া পড়িল।'[৫]

সাত পুরুষের মোহমত্ততা যে অভিশপ্ত আবহাওয়ার সৃষ্টি করেছিল, তারই নিগূঢ় সংকেত উপলব্ধি করেন বিশ্বম্ভর। বাতি নিভিয়ে দিয়ে জলসাঘর বন্ধ করার হুকুম দেন। আর-

"সহসা মনে হইল, দর্শনে নিজের প্রতিবিম্ব দেখিয়াছেন - মোহ।
কেবল তাহার নহে, সাত রায়ের মোহ এই ঘরে জমিয়া আছে।"[৬]

মানব ইতিহাসের লক্ষণই হল, পুরাভনের সঙ্গে নতুনের দ্বন্দ্ব। প্রাগৈতিহাসিক যুগে জীব আর রক্ষার জন্য এই সংগ্রামে লিপ্ত ছিল। 'জলসাঘর' গল্পে ইতিহাসের এই ব্যাখ্যা দিয়েছেন ভারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।সেই ক্ষয়িষ্ণু অতীতের বেদনাকে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তাঁর হৃদয় দিয়ে অনুভব করেছিলেন।

।।ঘ।।

জৈবিক তাড়নার বশবর্তী হয়ে অন্ত্যজ অশিক্ষিত মানুষদের জীবনে কীভাবে দুঃখ নেমে এসেছে তা ভারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তাঁর বিভিন্ন ছোটগল্পে উপস্থাপন করেছেন। এই পর্বের 'বেদেনী', 'নারী ও নাগিনী' ও 'কামধেনু' গল্পগুলি আলোচনার মধ্য দিয়ে

জৈবিক তাড়নার বশবর্তী অন্ত্যজ জীবনের ট্র্যাজিক পরিণতির দিকগুলি আলোচনা করব। 'বেদেনী' গল্পে দেখা যায় বেদেদের কথা যারা ভোজবাজি-সার্কাস' দেখায়। এরা 'জাতিতে বেদে, ধর্মে মুসলমান, আচারে পুরো হিন্দু. . . ।'[৭]

গল্পের নায়িকা রাধিকা তার বর্তমান স্বামী শম্ভুর সাথে মেলায় ভোজবাজির খেলা দেখায়। কিন্তু সেখানে এবার নতুন বাজিকর কেষ্টো তাঁবু ফেলেছে দেখে তারা হিংসায়, রাগে জ্বলতে থাকে। কেননা তাদের সার্কাসের বাঘটির তুলনায়, উপকরণগুলির তুলনায় কেষ্টোর মার্কাসের বাঘ 3 অন্যান্য উপকরণগুলি অনেক উৎকৃষ্টমানের। ফলে একই জায়গায় দুটি সার্কাস দেখানো হলে দর্শক কেষ্টোর ডাঁবুতেই যারে সার্কাস দেখতে এই আশঙ্কার বশবর্তী হয়ে তারা বিভিন্ন পরিকল্পনা করে কেষ্টোর ক্ষতি করতে চায়। বলা বাহুল্য, যৌবনাদীপ্ত সতেরো বছরের রাধিকার সাথে শান্ত প্রকৃতির শিবসদর বিবাহ হয়েছিল। কিন্তু রাধিকার বন্য উদ্দাম, যৌবনকে ধারণ করবার মতো ক্ষমতা শিবপদর ছিল না।সে শিবপদকে ছেড়ে শম্ভুর হাত ধরে ঘর ছেড়ে পালিয়ে এসেছিল। কিন্তু কেষ্টোকে দেখার পর শম্ভুও তার কাছে অসহ্য হয়ে উঠেছিল। রাধিকার কাছে বুড়ো বাঘের মতোই শঙ্কু বাতিল হয়ে গিয়েছিল ভার কাছে। শম্ভুর সাথে যুক্তি করে ভারা স্থির করেছিল কেষ্টোর তাঁবুতে কেরোসিন তেল দিয়ে আগুন ধরিয়ে দেবে। কিন্তু রাতে কেষ্টোর তাঁবুতে ঢুকে দেশলাই কাঠির আলোয় কেষ্টোর সুন্দর মুখ দেখে রাধিকার মনে হয়েছে -

'কিষ্টোর কঠিন সুশ্রী মুখে কি সাহস। উঃ বুকখানা কি চওড়া,
হাতের পেশীগুলো কি নিটোল।'

কেষ্টো তার মনের রাজা। বুড়ো শঙ্কুকেই সে পুড়িয়ে মারার সংকল্প করেছিল। এরপর কেষ্টোকে নিয়ে নতুন খেলায় মত্ত হয়ে উঠল রাধিকা বেদেনী আবার। রাধিকার মধ্যে আদিম বন্য যৌন কামনাই পরিস্ফূট হয়েছে এবং তার সংস্পর্শে থেকে বিভিন্ন পুরুষের জীবন বিপন্ন হয়েছে।

'নারী ও নাগিনী' গল্পেও জৈর আসক্তির অসামান্য পরিচয় উদ্‌ঘাটিত হয়েছে। সাপের ওঝা খোঁড়া শেখের জৈব আসক্তি বিস্ময়কর। তার জীবনের একদিকে স্ত্রী জোবেদা ও অন্যদিকে এক সঙ্গিনী। কদাচারী খোঁড়া শেখ কিশোরী সঙ্গিনীর রূপে মুগ্ধ হয়ে সঙ্গিনীর নাকে মিনি পড়িয়ে কপালে সিঁদুরের চিহ্ন দিয়ে তাকে বিয়ে করেছে। সে তাকে গলায় জড়িয়ে রাখে, চুমু খায়। আবার তার স্ত্রী জোবেদার প্রতিও তার আসক্তি কম নয়।ভাকেও সে ভাবাবেগের প্রাবল্যে চুমু খেয়ে বলে-

'তোর জোবেই তো বেঁচে বইছি জোবেদা।
তু হামার জানের চেয়ে বেশি।'

এরপর খোঁড়ার স্ত্রী জোবেদা ঈর্ষান্বিত হয়েছিল ছুঁড়ে সঙ্গিনীকে তাড়িয়ে দিয়েছে। সঙ্গিনীও জোবেদা কে দংশন করে তার প্রতিহিংসা চরিতার্থ করেছে। জোবেদার প্রাণ সংশয়ের সময় শেখ বলেছে-

'জোবেদা যদি না বাঁচে তবে তোকেও শেষ করব আমি।' জোবেদা তার কাছে প্রাণের চেয়েও বেশি। তবু সাপটিকে শেষপর্যন্ত সে মারেনি।ভার এটি স্বাভাবিক ঘটনা বলেই মনে হয়েছে। সে বলেছে-

'তোর দোষ কি । মেয়ে জাতের ওই
জোবেদাও তোকে দেখতে পারত না।"

এই বক্তব্যটির মধ্য দিয়ে খোঁড়া তার অসংস্কৃত স্থূল জৈববৃত্তির দিকটি তুলে ধরেছেন। 'কামধেনু' গল্পটির মধ্য দিয়ে পশুর প্রতি মানুষের আসক্তি যেমন পরিস্ফূটিত হয়েছে ঠিক তেমনি নারীর দেহ লালসার প্রতি মোহে পুরুষের জীবনে যে মর্মান্তিক পরিণতি ঘটে তা দেখানো হয়েছে।

পটুয়াদের ছেলে নাথুর কামধেনু ছিল যে কিনা গর্ভবতী না হয়েও দুগ্ধবতী। এর ফলে সে ধনী হয়ে উঠেছিল।সে তার কামধেনু সুরভীকে নিয়ে গ্রাম থেকে গ্রামান্তরে যেত ভিক্ষা করতে, গো চিকিৎসা করতে। গোরুটিকে সে অভ্যন্ত ভালোবাসত, যত্ন করতে। একদা গ্রামে মড়ক আসার ফলে ভিক্ষাও তেমন জুটত না, সুরভী দুধ দেওয়া বন্ধ করে দিয়েছিল, তার চেহারাও ভেঙে যায়। এরপর একদিন ফুলমণিকে দেখে নাথুর জৈব প্রবৃত্তি জাগ্রত হয় এবং সে তার কামনার ফুলমণিকে পাওয়ার জন্য ফুলমণির দেওয়া শর্তস্বরূপ আড়াইশো টাকা জোগাড়ের জন্য তার প্রিয় সুরভীকে বেঁচে দেয়। তাতে তার কোনো আপশোসও হয় না।এরপর যখন ফুলমণির প্রতি তার আগ্রহ কমে যায় তখন সে আবার ভার সুরভীকে পেতে চেয়েছে কিন্তু সেটা বাস্তবে আর সম্ভব ছিল না বলে গোপনে সে সুরভীর খাবারে বিষ দিয়ে তাকে মেরে ফেলেছিল এবং তার বিবাহিত স্ত্রী ফুলমণিকে এক চামড়া ব্যবসায়ীর হাতে তুলে দিয়েছিল দুশো টাকার বিনিময়ে।আর সেই বিক্রির টাকায় সে চামড়ার ব্যবসা শুরু করেছিল। কারণ তার মনে হয়েছিল সমস্ত ফুলমণির। ফুলমণিই তাকে বিপথে চালনা করেছে।

একদিন তার দোকানে এক গোহত্যাকারী ব্যক্তি প্রায়শ্চিত্ত করার জন্য কোনো কথা না বলে মুখে শুধুমাত্র ব্যাব্যা শব্দ করে তার দোকানের সামনে এসে দাঁড়ালে সে আক্রোশে তাকে গলা টিপে হত্যা করে এবং অবশেষে তাঁর ফাঁসির হয়।

এই গল্পটির মধ্য দিয়েও জৈবিক তাড়নাকে নিয়ন্ত্রণ করতে না পারলে মানুষ বিশেষত অন্ত্যজ শ্রেণির যাদের মধ্যে শিক্ষার আলো অতটা প্রবেশ করতে পারেনি তাদের জীবনে যে ট্র্যাজিক পরিণতি নেমে আসে তা সুন্দরভাবে উপস্থাপন করেছেন গল্পকার।

।।৩।।

'নারী' ও 'সুরতহাল রিপোর্ট 'গল্পের মধ্য দিয়ে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় নারী মনস্তত্ত্বের জটিল দিকগুলিই উপস্থাপন করেছেন।

'নারী' গল্পে বিচিত্ররূপিণী নির্মলার জটিল চরিত্র অঙ্কন করেছেন গল্পকার। বিধবা নির্মলা রমেনের রুমা মাকে সাহায্য করতে এসে রমেনের সাথে অবৈধ সম্পর্কে জড়িয়ে সন্তানসম্ভবা হে পরে। রমেন তাকে বস্তির একটি ঘরে রেখে যথাসাধ্য চিকিৎসা করিয়েছিল। এই সূত্রেই ডাক্তারবাবুর সাথে তার পরিচয়। দীর্ঘকাল পরে সে যখন ডাক্তারের কাছে এল তখন সে বেশ্যা- রক্তে তার উপদংশের বিষ।যে ধনবান ব্যক্তির সে রক্ষিতা তার অর্থানুকূল্যেই নির্মলা রোগ থেকে পায়। কিন্তু তার খেয়াল খুশি মেটাতে গিয়ে নির্মলাও মদ্যপানে অভ্যস্ত হয়ে পরে। নির্মলা একসময় এইসব কিছু থেকে নিষ্কৃতি পেতে চেয়েছে।

এরপর গল্পে দেখা যায় কয়েক লক্ষ টাকা প্রবঞ্চনার অভিযোগে কন্ট্রাক্টার লোকটির জেল হয়। এই অবকাশে নির্মলা সেই জীবন থেকে মুক্তি পেয়েছিল এবং পরবর্তীতে সে হাসপাতালের নার্সের কাজ করে। কিন্তু কিছুকাল পরে জানা গেল সে বিষ খেয়ে আত্মহত্যা করেছে এবং মৃত্যুর আগে ভার সমস্ত অর্থ সে ডাক্তারের নামে লিখে দিয়ে গেছে মেয়েদের কোনো কল্যাণকর কাজে ব্যবহার করবার জন্য।

এই দোলাচলবৃত্তির নির্মলা কোনো একটি বিশেষ আশ্রয়ে দীর্ঘদিন থাকতে পারেনি। তার অর্থ এই নয় যে মেয়েটি স্বভাবে বহুবল্লভ, বরং তার ব্যক্তিত্ব ও চরিত্রধর্ম একটি মৌলিক ও দৃঢ় প্রত্যয়ের ওপর প্রতিষ্ঠিতাসে বৈচিত্র্যবিলাসিনী নয়, প্রেমসন্ধানী। প্রেমই তার প্রার্থিত বস্তু। বহু পুরুষকে আশ্রয় করেও সে প্রেম পায়নি। কখনো কখনো ভালো লাগলেও ভালোবাসতে পারেনি কাউকেই। এই নির্মলা যদি শিক্ষিত হত তবে হয়তো সে প্রথমেই রমেনের সন্তানের মা হিসেবে দাবী জানাতে পারত। কিন্তু সে তা করেনি। শিক্ষা মানুষকে বুদ্ধির বিকাশে সহায়তা করার পাশাপাশি সাহসও জোগায়। যা আমরা গল্পের প্রথমে নির্মলা চরিত্রের মধ্যে খুঁজে পাই না।

'সুরতহাল রিপোর্ট' গল্পে এক বাউড়ী দম্পতিকে আমরা পাই। এখানে দেখা যায় কড়ি বাউড়ী তার স্বামী ভোলা বাউড়ীর মৃত্যুর মাস দেড়েকের মধ্যে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে।

ভোলা বাউড়ী ছিল চৌকিদার। সকলে তাকে খুব ভালোবাসত। কিন্তু কড়ি ছিল সতী, তবে সে পাকা নামজাদা চোর। তার স্বামীর জন্য সে বারবার চুরি করে ধরা পরা সত্ত্বেও লোকে তাকে মাপ করে দিয়েছে। কড়ির নজরকাড়া দেহসৌষ্ঠবের কারণে অনেকে তাকে কুপ্রস্তাব দিয়েছে। কিন্তু সে 'সতী',সে কেবল ভোলাকেই ভালোবাসে।

ভোলা তাকে অনেকবার চুরি করা ছেড়ে দিতে বলেছে কিন্তু সে সেই প্রবৃত্তি থেকে কিছুতেই বিরত থাকতে পারেনি। তারপর ভোলা তাকে বলেছিল -

যাকে দশে বলে ছি, তার জীবনে কাজ কি?

তু মর মর মর তু মর। মরণ যদি না হয়ত গলায় দড়ি দিয়ে মর। জলে ডুবে মর। বিষ খেয়ে মর।'

ভোলার মৃত্যুর পর সত্যিই কড়ি আর চুরি করেনি। নানা প্রলোভনজনিত জিনিস সামনে পরে থাকলেও সে চুরি করতে পারেনি।সে ভিতর থেকে আমূল বদলে গিয়েছিল।সে সবাইকে বোঝাতে চেয়েছিল যে সে চুরি করা ছেড়ে দিয়েছে। তবে একদিন ভোলার শত্রু জেল থেকে ছাড়া পেয়ে ভোলাকে না পেয়ে কড়িকে চৌর্য বৃত্তিতে তাদের দলকে সাহায্য করার প্রস্তাব পাঠালে পরেরদিন কড়ি গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে।

আসলে ভোলা বেঁচে থাকাকালীন যে কড়ি চৌর্য বৃত্তি থেকে বিরত থাকতে পারেনি সেই কড়ি তার স্বামীর মৃত্যুর পর চুরি করা ছেড়ে দিয়েছে এবং তার স্বামী যখন তাকে বলেছিল চুরি করা ছাড়তে না পারলে গলায় দড়ি দিয়ে মরতে, জলে ডুবে, বিষ খেয়ে মরতে বললেও সে মরেনি। কিন্তু ভোলার মৃত্যুর পর সে তার পছন্দের চৌর্য বৃত্তির প্রস্তাব পেলেও সে নিজেকে শেষ করে ফেলে। এর মধ্য দিয়ে আমরা কড়ি চরিত্রের তার স্বামীর প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার দিকটিই। প্রকাশিত হতে দেখি।

তথ্যসূত্র :

১. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "গল্প-পঞ্চাশৎ / ডাইনী", প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, কলকাতা- ৪, ১৯৬০, পৃষ্ঠা ৩৭১

২. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "গল্প-পঞ্চাশৎ / ডাইনী", প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, কলকাতা- ৪, ১৯৬০, পৃষ্ঠা ৩৮১

৩. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "গল্প-পঞ্চাশৎ / রায়বাড়ি", প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, কলকাতা- ৪,১৯৬০, পৃষ্ঠা - ১১২

৪. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "গল্প-পঞ্চাশৎ / রায়বাড়ি", প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, কলকাতা- ৪, ১৯৬০, পৃষ্ঠা -১১৪

৫. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "গল্প-পঞ্চাশৎ রায়বাড়ি", প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, কলকাতা- ৪,১৯৬০, পৃষ্ঠা - ১১৫

৬. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "তারাশঙ্কর রচনাবলী (৩য়খণ্ড) / জলসাঘর", মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা - ৭৩, ১৩৯৩, পৃষ্ঠা -৪৬১

৭. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, "তারাশঙ্কর রচনাবলী (৩য় খণ্ড)/জলসাঘর", মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা -৭৩, ১৩৯৩, পৃষ্ঠা - ৪৬১

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:

১. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর। 'গল্প-পঞ্চাশৎ । প্রথম সংস্করণ। মুকুন্দ পাবলিশার্স, কলকাতা-৪,১৯৬০।

২. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর। "তারাশঙ্কর-রচনাবলী (৩য় খণ্ড)"। মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা - ৭৩, ১৩৯৩।

৩. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর। "তারাশঙ্কর-রচনাবলী (৮ ম খণ্ড)"। মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা -৭৩, ১৩৯২।

সহায়ক গ্রন্থ:

১. ড.দাশ নির্মল। 'চর্যাগীতি পরিক্রমা । নবম সংস্করণ।দে'জ পাবলিশার্স, কলকাতা ৭০০০৭৩, জানুয়ারি ২০১৪।

২. চট্টোপাধ্যায় তপন কুমার। আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস'। চতুর্থ সংস্করণ। প্রজ্ঞা বিকাশ পাবলিশার্স, কলকাতা - ৭০০০০৯, পুনর্মুদ্রণ জানুয়ারি, ২০১৯।

৩. ড.আচার্য্য দেবেশ। 'বাংলা সাহিত্যের ইতিহাস' (আধুনিক যুগ)। তৃতীয় পরিবর্ধিত সংস্করণ। ইউনাইটেড বুক এজেন্সি, কলকাতা- ৯, পুনর্মুদ্রণ - আগষ্ট, ২০১৬।

৪. চৌধুরী সত্যজিৎ (সম্পা.)। 'ভারাশঙ্কর শততম বর্ষাসন। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কলকাতা - ৭০০০০৭, ফেব্রুয়ারি, ২০০১।

৫. ড.বন্দ্যোপাধ্যায় অসিত কুমার। 'বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত ' । দশম পরিবর্ধিত সংস্করণ। মডার্ণ বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড, কলকাতা - ৭০০০৭৩, পুনর্মুদ্রণ - ২০১৫-২০১৬।

পত্র-পত্রিকা:

১. দাস শঙ্করী। 'সময় তোমাকে' (বাংলা কথাসাহিত্যে নিম্নবর্গ)। বিশেষ সংখ্যা - ১৩। ক্রমিক সংখ্যা - ২১।দে বুক স্টোর, কলকাতা বইমেলা ২০১৯।

7

মধ্যবিত্ত জীবনের সাতকাহন ও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্প

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
স্নিগ্ধা সরকার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

শরৎচন্দ্র ছোটগল্প বোঝাতে চেয়েছেন ছোটগল্প শুধু উপন্যাস নয়। তার চেয়ে অনেক বেশি ছোটগল্প জীবনের কথা বলে জীবনের নানা সমস্যা নানা সুখ-দুঃখ, নানা জীবন যন্ত্রণার কথা বলে। তাঁর হাতে ছোটগল্প শুধু জীবনের সমালোচনা নয়, জীবনের দর্পণ হয়ে উঠেছে। তিনি তার ছোটগল্পে উৎপীড়িত মানুষদের চোখের জলের সংবাদ পাঠকের কাছে পৌঁছে গিয়েছে।

শরৎচন্দ্র তাঁর সমকালে বাঙালির সামাজিক সমস্যাগুলিকে উপলব্ধি করেছিলেন খুব কাছ থেকে।

শরৎচন্দ্র তাঁর রচনায় সমাজের অবহেলিত লাঞ্ছিত সাধারণ স্তরের ক্ষুদ্র মান-অভিমান-ভালোবাসার পরিপূর্ণ বাঙালির সুখ ও দুঃখের জীবনযাত্রা ফুটিয়ে তুলেছেন ছোটমাপের জীবনের ক্ষুদ্র মান-অভিমান-ভালোবাসার ব্যর্থতা ও বিনষ্ট এবং পারস্পরিক সম্পর্ককে শরৎচন্দ্র নিপুণভাবে চিত্রিত করেছেন, শরৎচন্দ্র তাঁর ছোটগল্পে। বাঙালির সুখ ও দুঃখের জীবন কাহিনীর যে মনস্তত্ত্বের দিকটি সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন। কোনো কোনো ছোটগল্পে তিনি দেখিয়েছেন প্রেমের ব্যর্থতার দিক।

আবার কোনো কোনো ছোটগল্পে দেখিয়েছেন মিলনের পরিপূর্ণ আনন্দ। শরৎচন্দ্র ছোটগল্পে দেখিয়েছেন সুখ-দুঃখের মধ্য দিয়ে, পারিবারিক সংঘর্ষের মধ্যে দিয়েও মিলনের পরিপূর্ণতাকে আনন্দ হিসাবে গৃহীত করেছেন।

আমরা আধুনিক বাংলা কথাসাহিত্যে শরৎচন্দ্রের মধ্যেই প্রথম সেই দায়িত্ববোধ প্রত্যক্ষ করি। ছোটবেলায় আমরা শরৎচন্দ্রের সাহিত্যের সঙ্গে পরিচিত। তাঁর গল্প, উপন্যাস, প্রবন্ধ শামাদের খুবই প্রিয় যতবার পড়ি ততবারই যেন নতুন নতুন চিন্তা এবং নতুন উপলব্ধি আমাদের অনুপ্রাণিত করে। সেজন্য শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উল্লেখযোগ্য ছোটগল্পগুলি হল-

শরৎচন্দ্রের উল্লেখযোগ্য গল্পসমূহ-

১) রামের সুমতি (১৩৩৯)

২) পথনির্দেশ (১৩২০)

৩) বিন্দুর ছেলে (১৩২০)

৪) হরিলক্ষী (১৩৩২)

৫) মহেশ (১৩২৯)

৬) অভাগীর স্বর্গ (১৩২৯)

৭) ছবি (১৩২৪)

৮) বিলাসী (১৩২৫)

৯) মামলার ফল (১৩২৫)

বারোটি গল্প কেবল শরৎচন্দ্র নয়, বাংলা ছোটগল্পের ক্রম-পরিণতির নিখুঁত পরিচয়স্থল। শরৎচন্দ্রের ছোটগল্পের আলোচনায় স্মর্তব্য, রবীন্দ্রনাথের ছোটগল্প শরৎগল্প প্রকাশের পূর্বেই বিকল্পসমৃদ্ধ রূপ নিয়ে দেখা দিয়েছে। গত শতকের শেষ দশকে রবীন্দ্রনাথের গল্পের যে সমৃদ্ধি ও বৈচিত্র্য দেখা দিয়েছে তার পাশে শরৎচন্দ্রের গল্পকে রাখলে শরৎচন্দ্রের স্বকীয়তা অনুধাবন করা যায়। মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত বাঙালির ঘরোয়া সুখ-দুঃখের কাহিনী রচনায় শরৎচন্দ্র সিদ্ধ হস্ত। 'পোস্টমাস্টার' গল্পের করুণ নৈপুণ্য বা 'সমাপ্তি' গল্পে নিস্বর্গের পটভূমিতে মতে রমণী চরিত্রের বিকাশ-মাধুর্য্য বা কাবুলিওয়ালা গল্পের সর্বজনীন পিতৃহৃদয়ের বেদনাশিল্প যে উচ্চগ্রাসে উপনীত, সেখানে শরৎচন্দ্র তাঁর নিজস্ব ক্ষেত্রে সম্রাট ছোটমাপের জীবনে নিগূঢ় মান-অভিমান, ভালোবাসার সার্থকতা ও জীবনের অপচয়জনিত বেদনাকে তিনি নিপুণভাবে উন্মোচন ও পরিবেশন করেছেন।

আলোচ্যমান বারোটি প্রেমের গল্পে লেখক সমান সার্থকতা লাভ করতে পারেননি। তবে এগুলির আলোচনায় ধরা পড়ে একটি ক্রমপরিণতিশীল লেখকমনের শিল্প-পরিচয়। প্রথমস্তরের প্রেমের গল্পের সংখ্যা পাঁচ। ‘কাশীনাথ” শরৎচন্দ্রের প্রথম রচনা বলে কথিত। গল্পের পরিচ্ছেদসংখ্যা দশ। গল্পের বিন্যাসরীতি লক্ষ্য করলে বোঝা যায়- রবীন্দ্র গল্পের বিন্যাসরীতি এখানে অনুসৃত। গল্পগুচ্ছের প্রথম দুখণ্ডের বেশকিছু গল্পে যে ধরণের পরিচ্ছেদ বিভাজন, কালব্যাপ্তি ও বর্ণনাভঙ্গী আছে, তা এখানে এবং আরো কয়েকটি শরৎ গল্পের অনুসৃত।

জমিদার প্রিয়বাবু দরিদ্র মেধাবী রূপবান কাশীনাথকে ঘরজামাই করে এনেছিলেন। তাঁর মেয়ে কমলা রূপবতী, ধনবতী ও অভিমানিনী। স্বামী-স্ত্রীর মধ্যে বোঝাপড়ার সুযোগ ঘটেনি। কাশীনাথ স্বভাবে নির্লিপ্ত, উদাসীন, অন্তর্মুখী। জমিদার বাড়িতে পদে পদে তার স্বাধীনতা খর্ব হয়। আসল কথা, দুজনের মধ্যে কোনো মানসিক সম্পর্ক বা যোগাযোগ স্থাপিত হয়নি। কমলা তার স্বামী কাশীনাথকে ভালো করে বুঝতে পারেনি। জমিদার প্রিয়বাবু মৃত্যুর পূর্বে যে উইল করলেন, তাতে সব সম্পত্তি মেয়ে ও জামাইকে

সমান সমান না দিয়ে সমস্ত সম্পত্তি মেয়ের নামে লিখে দিলেন। তার ফলে কাশীনাথ ও কমলার মধ্যে ব্যবধান বেড়ে চলল। আসল কথা, কাশীনাথের মনের আবরণ উন্মোচন করে তাকে নিজের করে নেবার মতো মানসিক ধৈর্য্য ও অনুকূলতার পরিচয় কমলা দেখাতে পারেনি। সু'একবার সে সম্ভাবনা দেখা দিয়েছে, কিন্তু কমলার অবহেলায় সে সুযোগ নষ্ট হয়ে গিয়েছে।

শরৎচন্দ্র গল্পেই মনস্তাত্ত্বিক জটিলতা উন্মোচনের দিকে ঝুঁকেছেন। ছাই চাপা আগুন বা মোম ঢাকা মধুকে তুলে ধরার কৌশলটা জানা ছিল না বলে স্বামীর নম্র নিবেদনে একটি রুদ্ধদ্বার হৃদয় উন্মোচিত হয় - এই সত্য কমলার জানা ছিল না।

কি করে উদাসীন স্বামীটিকে জয় করবে কমলা? নত হয়ে, না উপেক্ষা করে। দুটোই করে দেখেছে, কোনো ফল হয়নি। কাশীনাথকে একবিন্দু টলাতে পারেনি। কাশীনাথ উদাসীন, একান্ত, গম্ভীর, অবিচল। কমলা কি ভালোবাসে না? বাসে, কিন্তু সে ভালোবাসা অত্যন্ত অতলস্পর্শী নয়, সীমাবদ্ধ। কমলা অভিমানী, আত্মসচেতন। তাই সে কাশীনাথকে জয় করতে পারেনি।

কমলা এই সত্য উপলব্ধি করতে পারেনি বলেই বারবার কাশীনাথকে আঘাত করেছে। নতুন ম্যানেজারকে দিয়ে কমলা স্বামীকে অপমান করিয়েছে, নিজে অপমান করেছে, বলেছে -

"যে স্ত্রীর অন্নে প্রতিপালিত, তাতে তেজশোভা পায় না। তোমার দিন দিন যে রকম ব্যবহার হচ্ছে, তাতে চক্ষুলজ্জা না থাকলে বাড়ি থেকে বের করে দিতাম।

উদাসীন পার্থর কাশীনাথের ধৈর্য্যের বাঁধ এখানেই ভেঙ্গে গেছে। স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটে গেছে। কাশীনাথ সে রাতেই গৃহত্যাগ করেছে। এবং সে রাতেই কমলা নিযুক্ত লোক তাকে আধমরা করে পথে ফেলে গেছে। অচৈতন্য রক্তাক্ত কাশীনাথকে বাড়িতে ফিরিয়ে আনা হয়েছে। মাঝে জ্ঞান হলে আর্ত জ্বর তপ্ত কাশীনাথ কমলাভ্রমে তার বোন বিন্দুবাসিনীর গলা জড়িয়ে চিৎকার করে শুধিয়েছে-

"বল কমলা, এক তুমি করনি? আমি মরেও পাবনা কমলা, শুধু কেবার বল, এমন কাজ তোমার দ্বারা হয়নি?[১] 'কাশীনাথ' গল্পটিতে শরৎচন্দ্র প্রেমের দিকটি ফুটিয়ে তুলেছেন, আর প্রেমের সাথে সাথে অনেক সুখ-দুঃখের জিনিস জড়িয়ে আছে।

এছাড়া প্রাথমিক গল্পরূপে বিচার্য ১ম স্তরের বাকি চারটি গল্প 'আলো ও ছায়া, "মন্দির', 'বোঝা', অনুপমার প্রেম' এই চারটি গল্পেই রবীন্দ্র গল্পানুসারী পরিচ্ছেদ বিন্যাস। গল্পগুচ্ছের প্রথম খণ্ডভুক্ত গল্পের প্রভাব এগুলিতে 'কাশীনাথ'-এর মতই অনারাস লক্ষ্যণীয়। 'আলো ও ছায়া' গল্পের কথন সাহিত্যটি অপরিণত, কিন্তু বক্তব্যে শরৎচন্দ্রে নিজস্বতার স্বাক্ষর মুদ্রিত।

দুই তরুণ তরুণী, সামাজিক বিধানে তাদের মধ্যে ভালোবাসা ও মিলন অন্যায় বলে তিরস্কৃত, তাই শত ইচ্ছা সত্ত্বেও তারা মনোবাসনা দমন করে। তারপর ফিরে আসে বধূ। প্রেমিকা নিজের দুঃখ ভুলে নববধূকে সাজায়। দুই-প্রেমিকের মধ্যে ভুল বোঝাবুঝি চলে। এদিকে নববধূ তিলে তিলে আত্মক্ষয় করে। শেষপর্যন্ত একজন বা দু'জনের মৃত্যুতে ভেঙ্গে যায় সংসার।

শরৎচন্দ্র এই ছকটি গল্পে বারবার ব্যবহার করেছেন। "আলো ও ছায়া' গল্পে 'আলো (যজ্ঞদত্ত) আর ছায়া (সুষমা) পরস্পরকে ভালোবাসে, কিন্তু তাদের মধ্যে সামাজিক কারণে বিবাহ ও মিলন নিষিদ্ধ। কিন্তু মনে মনে ভালোবাসাকে নিষেধ করা যায় না। মাঝখান থেকে দু'জনের মধ্যে এসে পড়ে নববধূ কিন্তু যজ্ঞদত্ত তাকে মরেও মনে নিতে চায় না। এদিকে সুরমা জ্বলে পুড়ে মরে। শেষ পর্যন্ত বধূর মৃত্যুতে, সুরমার অপ্রকৃতিস্থতায় ও যজ্ঞদত্তের অন্তর্ধানে গল্পে নেমে আসে ট্রাজিক পরিণতি। এই গল্পের ধরণটি অতি নাটকীয়, ঘটনার বিন্যাসে ও পরিণতিতে, চরিত্র চিত্রণেও সংলাপে কাঁচা হাতের ছাপ আছে। পরবর্তী পর্যায়ে শরৎচন্দ্র এইসব ত্রুটি কাটিয়ে উঠেছেন।

আলো ও ছায়ার পরিচ্ছেদ সংখ্যা নয়, মন্দির গল্পে তের। এ গল্পেও কাঁচা হাতের ছাপ আছে। শরৎচন্দ্রের কাহিনী রচনায় আরেকটি প্যাটার্ন এখানে অনুসৃত। গল্পের উপস্থাপনা, সূচনা ও পরিণতিতে প্রাথমিক অনিশ্চয়তার ছাপ আছে। কিন্তু শরৎচন্দ্রের বেশ কিছু পরিণত উপন্যাস ও গল্পের প্রাথমিক খসড়া রূপে এটিতে গ্রহণ করা যায়। বাল্যবিধবা (অপর্ণা) পিতৃগৃহে মদনমোহন বিগ্রহের একনিষ্ঠ পূজারিণী। তরুণ পুরোহিত (শক্তিনাথ) কেবল মদনমোহনের আরতি গ্রহণ করে না, মনে মনে অপর্ণার আরতিও করে। অনভিজ্ঞ তরুণ প্রেমিকের অর্থরূপে দুটি শিশি শক্তিনাথ অপর্ণাকে উপহার দেয়, অপর্ণা তা প্রত্যাখ্যান করে। তিনদিনের জ্বরে মৃত্যুমুখে পতিত হয় শক্তিনাথ। অপর্ণার নয়নবারি বাধা মানে না - সেই ফেলে দেওয়া প্রেমের দান শিশিদুটি তুলে নিয়ে আসে, কেঁদে ঠাকুরকে বলে-

"ঠাকুর, আমি যা নিতে পারি নাই-
তা তুমি নাও।"[২]

মন্দির গল্পে দ্বিতীয় একটি প্লট আছে - অপর্ণার বিবাহিত জীবন। অপর্ণা শৈশব থেকেই মদনমোহনদেবের মন্দিরের প্রতি আকৃষ্ট। ছোটবেলা থেকেই তার শোনিতে শিরায় মজ্জায় ঈশ্বরের ধারণা মিশ্রিত। অপর্ণার দেবসেবাপরায়ণতা সীমাতিক্রমী। অপর্ণার বিবাহ হয়, স্বামীগৃহে যায়, কিন্তু স্বামী অমরনাথের জীবন ব্যর্থ, অমরনাথের আকস্মিক মৃত্যুতে তাতে ছেদ পড়ে গেছে। অপর্ণা ফিরে এসেছে বাপের বাড়ি, বিশ্বাস করেছে মদনমোহন ঠাকুর তাকে ডেকে পাঠিয়েছেন। অপর্ণা মুক্তি পেয়েছে।

"মন্দির' গল্পে লেখক এই দুটি প্লটকে এক সূত্রে মেলাতে পারেননি। অমরনাথের জন্য অপর্ণার শোক অগভীর, লক্ষণীয়। শক্তিনাথের জন্য তার শোক গভীর, আন্তরিক। স্বল্পকালীন বিবাহিত জীবনানাতে ঠাকুরের ডাকেই তার পিতৃগৃহে প্রত্যাবর্তন, আসল কথা যে মেয়ে বিশ্বাস করে, সেই মেয়েই তরুণ ভক্তের প্রত্যাখ্যাত উপহার কুড়িয়ে নিয়ে এসে ঠাকুরের চরণে দেয় বলে নিজে যা নিতে পারিনি, তা তুমি নাও। একদিকে অপর্ণার বিবাহিত জীবনের শুরু ও শেষের মধ্যে অপরদিকে অপর্ণার প্রতি শক্তিনাথের প্রেমের উন্মেষ ও পরিণতিতে ঘটনাগত আকস্মিকতা প্রশ্রয় পেয়েছে। এই ছোট গল্পটিতে দুটি মৃত্যুর প্রয়োজন হয়েছে বলে প্রেমের গল্প হিসাবে মন্দির গল্পটিতে সুখ ও দুঃখের ছবি পাওয়া গেছে।

ঠিক তেমনি, 'বোঝা' গল্পটি কাঁচা হাতের রচনা। এই গল্পে ঘটনারই প্রাধান্য। সাগরপুরে জমিদার পুত্র সত্যেন্দ্র পরপর তিনটি বিবাহ করেছে - প্রথমবার সরলাকে, দ্বিতীয়বার নলিনীকে, তৃতীয়বার বিধুকে। সরলা ছিল তার সঙ্গে সত্যেন্দ্রর প্রণয়ের অভাব হয়নি, কিন্তু নিষ্ঠুর মৃত্যু এসে তাকে ছিনিয়ে নিয়ে গেল। নলিনী বুদ্ধিমতী, স্থানীয় ভালোবাসা আদায় করে নিতে জানে, নিয়েওছে, সত্যেন্দ্র একটা সামান্য ঘটনায় তাকে ভুল বুঝল, অবহেলা করল, নলিনী ও অভিমান করে পিতৃগৃহে গেল। সত্যেন্দ্র আর তাকে ফিরিয়ে আনল না, বরং নিলনীকে কুলটা অপবাদ দিয়ে দু'মাস পরে নলিনীর দাদা নরেন্দ্রনাথের একটি পত্র সত্যেন্দ্র পেল, মৃত্যুর পূর্বে সত্যেন্দ্র প্রদত অঙ্গুরীয় নলিনী ফেরৎ পাঠিয়েছে, বলে গেছে যেন সে নতুন বৌকে যত্ন করে।

ডেপুটি সত্যেন্দ্র কালকের নয়, যুবার অভিমান করে আপন সুখপ্রতিমাকে বিসর্জন দিয়েছে, মাঝে তার মনে হয় - জীবন একটা বোঝা। বাকি জীবন সত্যেন্দ্র এই অপরাধবোধ থেকে নিষ্কৃতি পায়নি। 'বোঝা' গল্পটি শরৎচন্দ্রের প্রেমের গল্প হিসাবে সার্থকতা প্রকাশ লাভ করেছে।

'কাশীনাথ' ও 'অনুপমার প্রেম' গল্পদুটি মিলনাত্মক গল্প, বাকি তিনটি মৃত্যুবিচ্ছেদ সমাপ্ত। 'কাশীনাথ'-এ দাম্পত্য ভুল বোঝাবুঝির শেষে স্বামী-স্ত্রীর মিলন, 'অনুপমার প্রেম'-এ বিধবা অনুপমার জীবনে উদ্ধারকর্তা হয়ে এলো প্রেমে নবজীবনপ্রাপ্ত ললিতমোহন। নিষ্ঠুর সামাজিক বিধান কিভাবে বাঙালি মেয়েদের জীবনকে নষ্ট ও অপচিত করে তা শরৎচন্দ্র গল্পগুলিতে দেখিয়েছেন।

শরৎচন্দ্র দ্বিতীয় স্তরে প্রেমের গল্প হিসাবে পথনির্দেশ, দর্পচূর্ণ, আঁধারে আলো গল্পটিতে জীবনের সুখ দুঃখের জটিলতা, রহস্য ও স্ববিরোধিতার রক্তাক্ত ছবি পাওয়া যায়। 'পথনির্দেশ' গল্পটি হেমনলিনী আর গুণেন্দ্রকে নিয়ে গড়ে উঠেছে। বস্তুতঃ শরৎচন্দ্রের প্রথম সিরিয়াস প্রেমের গল্প হিসাবে এই গল্প আমাদের যে শ্রদ্ধা ও মনোযোগ দাবি

করে তা আমরা একে দিইনি। অগেন্দ্রের সই মা সুলোচনা তাকে তার অল্প বয়সে মারা যাবার পর মানুষ করেছিলেন। আজ সুলোচনা স্বামীর মৃত্যুর পর মেয়ে হেমনলিনীর হাত ধরে সেই গুণেন্দ্র-র আশ্রয়ে এসেছেন। গল্পটি প্রবেশ করেছে মানের জগতে। হেম আর ওলীন পরস্পরকে ভালোবেসেছে, সুলোচনার সম্মতি বা অসম্মতিতে কিছু যায় আসে না। গল্পের শুরুতে সংঘাতের আভাস পায়। হেমকে প্রথম দেখে গুণেন্দ্র হতবুদ্ধি হয়েছে। সুলোচনা বলেছে-

"গুণী, হেমকে তোর হাতেই দিতাম, যদি না দেশাচারে নিষেধ থাকত।"[৩]

লেখক আরো ভেতরে প্রবেশ করে বলেছেন যে.-

"হেম, আমাকে তুমি লজ্জা কর। কিন্তু আমি তোমাকে একটুও লজ্জা করি নে।

গুণী- 'কেন কর না, করা উচিৎ।'[৪]

হেম-'তোমাকে আবার লজ্জা করতে যাব কি? তুমি কি পর?

সুলোচনার তাগিদের শেষ পর্যন্ত গুণী হেমের বিবাহ ঠিক করেছেন নবদ্বীপের এক বড়লোকের ঘরে। ঠিক এক বছর পরে বিধবা হয়ে হেম ফিরে এলো গুণীনের কাছে। বিধবা হেমকে দেখে সুলোচনা তার ভুল বুঝতে পারল। গুণীনের কাছে স্বীকার করলেন-

"গুণী, আমি অত নির্বোধ নই বাবা। আমি জেনে শুনে যে পাপ করেছি, সেই পাপ আমাকে যেন ভেতর থেকে পলে পলে ভস্ম করে আনবে। আমি বেশ জানি, একদিন তুই আমার হেমকে স্নেহ করতিস, আরো একবার চেষ্টা করলে কি তাকে আবার স্নেহ করতে পারিস নে?"[৫]

সুলোচনার মৃত্যুর পূর্বে মেয়ের কাছেও স্বীকার করে গেলেন অন্যত্র হেমের বিয়ে দেওয়া তার ভুল হয়েছিল। মেয়েকে শেষবারের মত বললেন-

"ওরে (গুণী) যা ধর্ম, তোর ধর্মও তাই।"[৬]

শেষে সুলোচনা ভুল স্বীকার করে দু জনকে মিলনে অনুমতি দিয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। একদিন পরস্পরের খুব কাছাকাছি এসেছিল, মায়ের অসম্মতি ও হেমের বিবাহ- দুই বাধাই আজ অপসারিত। তবু হেম আজ তার ভালোবাসার জনকে গ্রহণ করতে পারছে না। কি তার বাধা ? সহস্রাদের হিন্দু নর-নারীর সংস্কার না আপন মনে দ্বিধা ও ত্রাস কোনটা বড়? বৈধবা কঠোরতা অত্যন্ত নিষ্ঠার সঙ্গে হেম পালন করে, গুণীর সঙ্গে দেখাই করে না, আকস্মিক গ্রস্ত পলায়নে দ্বারা প্রমাণ রেখে যায় সে গুণীকে ভয় করে, শেষ পর্যন্ত জানায় সে মন্ত্র নেবে, দীক্ষা নেবে কিন্তু কার কাছে? হেম গুণীকে জানায়-

"তোমার কাছ থেকে দীক্ষা নেব। মা বলেছিলেন, তোমার যা ধর্ম আমারও তাই ধর্ম, এক কথায় একথার অর্থ কী ?"

গুণীর পক্ষে এ প্রশ্নের উত্তর দেওয়া কঠিন। শেষ তিন পরিচ্ছেদ জুড়ে হেমের অর্ন্তদ্বন্দ্বের আশ্চর্য পরিচয় পাই। তারপর গুণী হেমকে নিয়ে যায় কলকাতা থেকে কাশীতে, কাশী ছেড়ে কলকাতায় আবার প্রত্যাবর্তন। বিধবা বিবাহ নিয়ে গুণীর তার গুণীর হৃদয়ের আবেদনে নিষ্ঠুর প্রত্যাখ্যান, গুণীকে অপমান, শ্বশুর চলে যাওয়া, ফের পীড়িত গুণী দাদার কাছে ফিরে আসা, কিন্তু গুণীর মুখে 'ভগিনী'- এই সম্পর্কের কথা শুনে শিউরে ওঠা ও মাথা হেঁট করা, শেষপর্যন্ত গুণীর কাছে আত্মসমর্পণ এতদিনে জোর করে অস্বীকার করা ভালোবাসার নিজ মুখে স্বীকৃতি-বড় নিষ্ঠুর, বড় মধুর পরিণতি। গুণীর হেমকে কাশীতে নিয়ে গিয়ে বোঝাতে চেয়েছে-

"ভালোবাসাকে মহিমান্বিত করবার জন্য বিচ্ছেদ শুধু তোমার মত অতুল ঐশ্বর্যশালিনীর দ্বারে এসেই হাত পেতেছে।"[৭]

দ্বিতীয় স্তরভূক্ত অপরদুটি গল্প- 'দর্পচূর্ণ' ও 'আঁধারে আলো' শিল্প উৎকর্ষে পথনির্দেশ গল্পে কাছাকাছি পৌঁছাতে পারেনি। দাম্পত্য জীবনে ভুল বোঝাবুঝি শোচনীয় পরিণাম শরৎচন্দ্র কাশীনাথ গল্পে দেখিয়েছেন, দর্পচূর্ণ গল্পে বিষয়বস্তু একই। কমলার (কাশীনাথ) পক্ষে স্বামীকে জয় করার পথে যে বাধা, তা তারই সৃষ্টি। ইন্দুমতি (দর্পচূর্ণ) সম্পর্কে একই মন্তব্য প্রযোজ্য। উদাসীন স্বামী কাশীনাথকে জয় করার মঞ্চ কমলার যেমন ছিল না, ইন্দুমতিরও তেমনি অজানা ছিল। দু'জনকেই অনেক বেদনার মূল্যে তা জানতে হয়েছে। দু'জনকেই দর্প, অভিমান বিসর্জন দিয়ে স্বামীর কাছে হার মানতে হয়েছে, এই হার মানাতেই শেষ। নরেন্দ্র-র শান্ত, উদাসীন অন্তর্মুখী স্বভাবের যথার্থ পরিচয় জানতে চায়নি বলে গর্বিতা ইন্দুমতি বারবার তাকে আঘাত করেছে। তারই বিপরীত চরিত্র নরেন্দ্র-র মামাতো ভগিনী বিমলা। স্বামীর কাছে নত হওয়ায় তার লজ্জা-অপমানবোধ নেই। ইন্দুমতির পিতৃগরবে গর্বিনী, বিমলা স্বামী গরবে গর্বিনী। দুজনের জীবনে দুটি সমান্তরাল ধারা চিত্রণের মধ্য দিয়ে শরৎচন্দ্র এই গল্পটি ইন্দুমতির পচূর্ণ হবার কাহিনী বলেছেন।

ছয় পরিচ্ছেদ বিশিষ্ট 'আধারে আলো' গল্পটির আকস্মিকতা, অবিশ্বাসতা আক্রান্ত প্রথম বিশ্বসমর কালের কলকাতার গঙ্গার ঘাটে সকালে স্নানার্থিনী অষ্টাদশী বাঙালী যুবতীর নিত্য হাজিরা আর তাকে দেখে স্নানার্থি এম.এ পরীক্ষার্থী যুবকের ঘাড় মাথা গুঁজে উন্মাদের মত প্রেমে পড়া বিশ্বাসযোগ্য নয়। এর মধ্যে যে বিশ্বাসযোগ্যতার অভাব আছে সে সম্পর্কে লেখক নিজেও সচেতন ছিলেন। সত্যেন্দ্রর প্রতি বাঙালির তীব্র ব্যাঙ্গে তা উদ্‌ঘাটিত-

"মাথা খাস গাবু, সত্যি বলতো ভাই, কি আমাকে তুই ভেবেছিলি ? নিত্য গঙ্গাস্নানে যাই, কাজেই ব্রাহ্মা নই, মোছলমান, খ্রীষ্টানও নই। হিন্দুর ঘরে এত বড় ধাড়ি মেয়ে, হয় বিধবা, নয় সধবা কি মতলবে চুটিয়ে পীরিত করছিলি বলতো ? বিয়ে করবি বলে, না, ভুলিয়ে নিয়ে লম্বা দিবি বলে"-[৮]

সত্যেন্দ্র-র কাণ্ডজ্ঞানহীতার চেয়ে নির্মম সমালোচনা আর হতে পারে না। নর্তকী বিজলীর ব্যবহারে যথার্থ এ পর্যন্ত রক্ষিত। তার পরেই আকস্মিকতা এসে গল্পের বাস্তবতাকে গ্রাস করেছে। সত্যেন্দ্র নিজের ভুল আর বোকামি বুঝতে পেরেছে-

"আমার ভুল যে কত বড়, তা সবাই টের পেয়েছে: কিন্তু আপনারও ভুল হচ্ছে। আজ নয়, আগামী জন্মে

নয়-কোনকালেই আপনার ছোঁয়া খাব না। অনুমতি করুন, আমি যাই- আপনার নিঃশ্বাসে আমার রক্ত শুকিয়ে সত্যেন্দ্রের নির্মম প্রত্যাখ্যানে উত্তরে বিজলীর নম্র প্রেম নিবেদন ও অনুনয় কোনও কাজেই লাগেনি। সত্যেন্দ্রের প্রস্থানের ঘন্টাখানেকের মধ্যে বিজলীর নবজন্ম হয়েছে। তাই আমাদের বিশ্বাস করতে বলেছেন- "বিজলী নর্তকী, তথাপি সে যে নারী।""

ঘন্টাখানেক পরে যখন সে এভাবে ফিরে এল, তখন তার লাঞ্ছিত অর্ধমৃত নারীপ্রকৃতির অমৃত স্পর্শে জেগে বসেছে। সেই বিজলী তার পুরোনো জীবন পিছনে ফেলে গেছে। ভুল কেবল বিজলীর হয়নি, সত্যেন্দ্রেরও হয়েছে। চারবছর পরে নবজাত পুত্রের অন্নপ্রাশন উপলক্ষে নর্তকী বিজলীকে বেশি টাকা দিয়ে ডেকে আনিয়ে সত্যেন্দ্র তাকে অপমান করতে চেয়েছে। সত্যেন্দ্রর স্ত্রী রাধারানী বিজলীকে ডেকে পাঠিয়ে তার কোলে নবজাতককে তুলে দিয়ে শুধিয়েছে, 'চিনতে পেরেছ দিদি ? 'বিজলী চোখের জলে ভেসে বিদায় নেবার আগে রাধারানীকে বলেছে-

"তারও ভুল হয়েছে। তার পায়ে আমার শতকোটি প্রণাম জানিয়ে বোলো সে হবার নয়। আমার নিজের বলে আর কিছু নেই। অপমান করলে সমস্ত অপমান তার গায়ে লাগবে। অসম্ভব্যতার চরম দৃশ্য। তবে শরৎসাহিত্যে বেশিরভাগ পতিতা নারীপ্রেম পাগলিনী সাধিকা হয়ে ওঠে আধারে 'আলো' তারই নিদর্শন।

'ছবি' গল্পে অভিনবত্বে কেবল পটভূমিতে ও পাত্র-পাত্রীর ব্যক্তিপরিচয়ে প্রাক ইংরেজ যুগে বর্মার পটভূমি। লেখকের ব্যক্তিগত অভিজ্ঞতা এখানে কাজে লেগেছে। জমিদার কন্য মা-শোয়ে ভালোবাসত দরিদ্র্য চিত্রশিল্পী-বা-থিন কে। উত্তরাধিকার সূত্রে মা-শোয়ে তার একমাত্র মহাজন। বাকিটা শরৎসাহিত্যের পরিচিত ছক। বা-থিনের প্রতি মা-শো-এর ভালোবাসার অভাব ছিল না, প্রচুর সম্পত্তি, প্রবল অভিমান ও আত্মগর্ব এবং বা-থিনের উদাসীনতা এইসব বাধা দু'জনকে পরস্পরের থেকে বিচ্ছিন্ন করে দিয়েছে।

শেষপর্যন্ত প্রবল আঘাতে মা-শো-এর ব অভিমান দূর হয়েছে। প্রেমিকা তার আপন অধিকার প্রতিষ্ঠা করতে এগিয়ে এসেছে, উদাসীন পুরুষ নিঃশব্দে সে অধিকার মেনে নিয়েছে। এই গল্পের বিন্যাসে পুরোনো রীতি ফিরে এসেছে। গল্পটি পরিচ্ছেদে বিভক্ত। 'ছবি' গল্পটির মধ্য দিয়ে জীবনের সুখ-দুঃখের পরিচয় পাওয়া যায়।

'বিলাসী' গল্পটি ব্যঙ্গ-বিদ্রুপে তিক্ত ও তীব্র। গ্রামীন হিন্দু সমাজের নিষ্ঠুর হৃদয়হীনতার পটভূমিতে রচিত এই গল্পে শরৎচন্দ্র নীচুতলার মানুষের হৃদয়ের ঔদার্য দেখিয়েছেন। উচ্চবর্ণের মৃত্যুঞ্জয়কে চিকিৎসা করে বাঁচিয়েছিল মালপাড়ার এক বুড়া মাল ও তার মেয়ে বিলাসী। এই বিলাসীকে মৃত্যুঞ্জয় বিবাহ করে। মৃত্যুঞ্জয়ের জ্ঞাতিখুড়া লোকজন জুটিয়ে অসুস্থ মৃত্যুঞ্জয় আর বিলাসীকে মারধর করে গ্রাম থেকে তাড়িয়ে দিয়ে সমাজের পবিত্রতা রক্ষা করে। সাপুড়ে মৃত্যুঞ্জয়কে সমাজে সবাই 'একঘরে করে দেয়। সে সাপ ধরে, খেলিয়ে আর শিকড় বিক্রি করে দিন গুজরান করত। শেষপর্যন্ত সাপ ধরতে গিয়েই সাপের কামড়ে তার মৃত্যু ঘটে, আর কিমাশ্চর্যমতঃ বিলাসীও সাতদিনের মধ্যে আত্মহত্যা করে। বিলাসীর গ্রামের মানুষের কাছে পরিহাসের বিষয় হয়ে দাঁড়াল। গল্পের কথক মৃত্যুঞ্জয়ের বন্ধু-শিষ্য ন্যাড়া এই সাপুড়ে মেয়ে বিলাসীর হৃদয় মাধুর্য্য, ঔদার্য্য ও আত্মত্যাগের মাহাত্ম ঘোষণা করে হৃদয়হীন সমাজকে তীব্র ব্যঙ্গ করেছে। এই গল্পে ব্যঙ্গবিদ্রুপ এত তীব্র ও তিক্ত যে গল্পের রসহানি ঘটেছে। লেখক সে সম্পর্কে সচেতন থাকেননি। ফলে গল্পটি নষ্ট হয়েছে। শরৎচন্দ্র প্রেমের গল্পে জীবনে সুখ-দুঃখ সবকিছুকে নিয়েই আলোচনার এখানেই সমাপ্তি।

।।খ।।

শরৎ গল্পের তৃতীয় প্রধান ধারা- স্নেহ বাৎসল্যের তীর্যকগতি সম্পন্ন গলন। এই ধারার অন্তর্ভুক্ত গল্পের সংখ্যা আট। ১ম স্তরে (ভাগলপুরের রচনা)। এই ধরণের কোনো গল্প নেই, পরবর্তী তিন স্তরে যথাক্রমে তিনটি (রামের সুমতি, বিন্দুর ছেলে, মেজদিদি), দুটি (নিষ্কৃতি, একাদশী বৈরাগী) ও তিনটি (মামলার ফল, অভাগীর স্বর্গ, পরেশ, একুশে আটটি গল্প পাওয়া যায়। শরৎচন্দ্র বাংলা সাহিত্য ক্ষেত্রে পৌঁছেছিলেন ও ক্ষণকালের মধ্যেই পাঠকসমাজকে অভিভূত করে তাঁর খ্যাতি প্রতিষ্ঠিত করেছিলেন - সে খ্যাতি পরবর্তী অর্ধ-শতাব্দেও অম্লান।

শরৎচন্দ্রের এটি নিজস্ব ক্ষেত্র। স্নেহ-বাৎসল্যের স্বাভাবিক গতি নয়, তীর্যক গতি, নানা বাধা পেরিয়ে এগিয়ে যাবার প্রয়াস শরৎচন্দ্রের লেখনী মুখে খোলে ভাল। বলা যায়, এক্ষেত্রে তিনি অদ্বিতীয়। বস্তুত, রামের সুমতি, বিন্দুর ছেলে, মেজদিদি (প্রকাশ ১৯১৩-১৪) লিখেই তিনি বাঙালি পাঠকের মনোহরণ করেছিলেন। ভাষার স্বচ্ছন্দগতি, উপস্থাপকের অন্তরঙ্গ ভঙ্গী, শিল্পরূপায়ণের অনায়াস নৈপুণ্য, মানবিক অনুভূতির

চমৎকার ব্যবহার, গল্পত্রয়ীর শিল্প সাফল্যের মূলে সক্রিয়। বাঙালি পাঠকের অতি পরিচিত যৌথ মধ্যবিত্ত পরিবারের নানা টানাপোড়েনের পটভূমিতে এগুলি রচিত। যাদব মুখ্যুয্যে ও মাধব মুখুজ্যে সহোদর হন, অথচ সে কথা সবাই বিস্মৃত হয়েছিল, এমনি দু ভাইয়ের ভালোবাসা ও পারস্পরিক নির্ভরতা। যাদব মুখুয্যে নিতান্ত দরিদ্র অবস্থায় থেকেও ছোট ভাইকে নিতান্ত দরিদ্র অবস্থায় থেকেও ছোট ভাইকে মানুষ করেছেন, লেখাপড়া শিখিয়েছেন, বিয়ে দিয়েছেন। বড় বৌ একটিমাত্র পুত্র সন্তান অমূল্য, ছোট বৌ বিন্দুবাসিনী সন্তানহীনা, অমূল্যকে সেই মানুষ করেছে। অমূল্যর উপর বিন্দুর অধিকার সুবিস্তৃত ও গভীর। অমূল্য একদিন বড় হবে, দশের একজন হবে, দেশের লোকে তাকে দেখিয়ে বলবে, ঐ অমূল্যর মা-এই আশা নিয়েই বিন্দু বেঁচে আছে।

"ঐ আশায় যদি কোনেদিন মা পড়ে ত আমি পাগল হয়ে যাব। অন্নপূর্ণা নিস্তব্ধ হইয়া রহিলেন। তিনি ছোট জায়ের মনের কথাটা যে জানিতেন না, তাহা নহে, কিন্তু তাহার আশা আকাঙ্খার এমন উগ্র প্রতিচ্ছবি কোনোদিন নিজের মধ্যে এমন স্পষ্ট করিয়া উপলব্ধি করেন নাই। আজ তাঁহার চৈতন্য হইল, কেন বিন্দু অমূল্য সম্বন্ধে মেন যন্ত্রের মত সজাগ, এমন প্রেতের মত সতর্ক - বিন্দুবাসিনীর এই অন্তরঙ্গ ছবিটিই লেখক আমাদের কাছে তুলে ধরেছেন- তার জড় জায়ের ছেলেকে নিয়ে মাতৃস্নেহের প্রাবল্য বিন্দুকে কোন মানসিক পরিস্থিতিতে উন্নীত করেছে তা দেখিয়েছে। বিন্দুর রূপ যৌবন আছে, সেই আছে চতুর্গুণ অহঙ্কার অভিমান। তার সবকিছু কেন্দ্রীকৃত হয়েছে অমূল্যে। যেদিন বিন্দুর এই আশায় মা বলে গেছে, সেদিন বিন্দু মাতৃসমা বড়জা অন্নপূর্ণাকে নিষ্ঠুরভাবে অপমান করেছে, - বড়জাও ভাসুরকে অনেক খোঁটা দিয়েছে। দুই ভাই ও জা-এর মধ্যে বিচ্ছেদ ঘটে গেছে। সদ্য তৈরি নতুন বাড়িতে বিন্দু ও তার স্বামী উঠে গেছে, যাননি যাদব, তাঁর স্ত্রী অন্নপূর্ণা আর অমূল্য। বিন্দু সব পারে কিন্তু বড় জায়ের কাছে নত হয়ে ক্ষমা চাইতে পারে। না। সুগভীর অভিমান এসে বাধা হয়ে দাঁড়িয়েছে। অমূল্যর জন্য তার মাতৃস্নেহ উজ্জ্বল হয়ে উঠেছে। কিন্তু অভিমান পুনর্মিলনের বাধা হয়েছে। অভিবানিনী বিন্দু অসুস্থা হয়ে মরতে চলেছে, তবু সে ক্ষমা চেয়ে বড় জাকে আর অমূল্যকে আনবে না। শেষপর্যন্ত কীভাবে মৃত্যুপথযাত্রী বিন্দুর সঙ্গে অন্নপূর্ণা আর অমূল্যর মিলন হল, তারই হৃদয় গলানো কাহিনী 'বিন্দুর ছেলে'। এই গল্পের শিল্প বেদনাকে ছাপিয়ে গেছে হৃদয়বেদনা।[৯]

'রামের সুমতি' গল্পে শ্যামলাল ও রামলাল বৈমাত্রেয় ভাই। দুজনের বয়সের অনেক ব্যবধান। শ্যামলালের পত্নী নারায়নী তের বছর আগে ঘর করতে আসে। সে বছরে রামের বিধবা জননী আড়াই বছরের শিশু রামকে নারায়ণীর হাতে তুলে দিয়ে চির বিদায় গ্রহণ করেন। নারায়ণী রামের বৌদি মাত্র নয়, মা। এই নারায়ণী রামের মধ্যে

যে স্নেহমধুর সম্পর্কে ভাঙন ধরাতে দেখা দিলেন নারায়ণীর বিধবা মা দিগম্বরী। শুরু থেকেই রামলাল ও দিগম্বরীর মধ্যে বিদ্বেষ সৃষ্টি হল, দিনে দিনে তা বড়তে থাকে। শেষ পর্যন্ত শ্যামলাল বসত বাটি ভাগ করে বেড়া তুলে দিয়ে পনেরো বছরের রামলালকে আলাদা করে দিলেন। কিন্তু এভাবে নারায়ণী ও রামের মধ্যে বেড়া তুলে দেওয়া যায় না। অশ্রু আর হাসিতে দুজনের পুনর্মিলন ঘটল। লেখক এখানেও হৃদয় বেদনের উপর নির্ভর করেছেন। এত নিপুণভাবে তিনি তাঁর উদ্দেশ্য সিদ্ধ করেছেন যে পাঠক বা সমালোচক খুঁত ধরার সুযোগ পায় না।

'মেজদিদি' গল্পে বড় জা কাদম্বিনীর বৈমাত্রেয় ভাই চোদ্দ বছরের অনাথ কেষ্টর প্রতি হেমাঙ্গিনীর স্নেহ বাৎসল্য সমস্ত বাধা অতিক্রম করে শেষ পর্যন্ত জয়লাভ করেছে। বৈমাত্রেয় ভাই কেষ্টকে দিয়ে ভূতা ও দোকানের কর্মচারীর কাজ করিয়ে নিয়েছে কাদম্বিনী ও তার স্বামী। প্রচণ্ড খাটুনির পর আধপেটা খাওয়া জুটত কেষ্টর। পাশের বাড়ির জানালা থেকে এ দৃশ্য দেখে হেমাঙ্গিনী স্থির থাকতে না পেরে এসেছে, স্নেহ ভরে কেষ্টর হাত ধরে নিজের ঘরে। নিয়ে গেছে, খাইয়েছে, আদর করেছে। অনাথ অপমানিত কিশোর পেয়েছে স্নেহাশ্রয়, জেনেছে যে।াজ তার কেউ না থাকলেও আছে মেজদি। এই মেজদির প্রতি কেষ্টর টান আর কেষ্টর প্রতি হেমাঙ্গিনীর প্রবল ভালবাসা কিভাবে সমস্ত অতিক্রম জয়লাভ করল, 'মেজদিদি' গল্পে লেখক তারই আবেগমথিত দৃশ্যাবলী রচনা করেছেন। আমরা তাই ভেসে যাই আবেগের স্রোতে।

'নিষ্কৃতি' গল্পটিতেও পারিবারিক মর্মে মর্মে স্নেহ বাৎসল্যের পরিচয় পাওয়া যায় শরৎচন্দ্রে অমোঘ জনপ্রিয়তার অন্যতম কারণ - বাঙালি যৌথ পরিবারের চিত্রাঙ্কনে তাঁর দক্ষতা। যতিদিন যাচ্ছে ততই এ ধরণের গল্প-উপন্যাস শরৎসাহিত্যানুরাগী হয়ে উঠেছে। বাঙালি যৌথ পরিবার আজ বিলু প্রপ্রায়, তারই জন্য বামালির মমতা 'নিষ্কৃতি' গল্পে এই বিলুপ্তপ্রায় যৌথ পরিবারের অন্তরঙ্গ ছবি আঁকা হয়েছে।

"ভবানীপুরের চাটুজ্যেরা একান্নবর্তী পরিবার। দুই সহোদার গিরীশ ও হরিশ এবং খুড়তুতো ছোটভাই -- রমেশ এই বর্ণনা দিয়ে নয়টি পরিচ্ছেদে বিভক্ত গল্পের শুরু। এবং প্রায় সঙ্গে সঙ্গেই যৌথ পরিবারের ভাঙনের বর্ণনা পাই। গিরীশের স্ত্রী সিদ্ধেশ্বরী (বড় বৌ), হরিশের স্ত্রী নয়নতারা (মেজবৌ), রমেশের স্ত্রী শৈলজা (ছোট বৌ)। চাটুজ্যেদের একান্নবর্তী পরিবার এখন ভাঙনের মুখে কারণ মেজ বৌ আর ছোট বৌ-এ কিছুতেই আর বনিবনা হয় না। এই অতি সাধারণ পটভূমিতে লেখক একটি স্বাদু গল্প গড়ে তুলেছেন। শৈলর প্রতি মাতৃসমা বড়জা সিদ্ধেশ্বরীর স্নেহ, সিদ্ধেশ্বরীর প্রতি শৈলর ভালবাসা, বাড়ির সবকটি ছেলেমেয়ের ছোট কাকী শৈলর প্রতি টান, ভালবাসা ও আনুগত্য, বড়কর্তা গিরীশের আপনভোলা শিবতুলা প্রকৃতি কিভাবে মেজভাই হরিশ

ও মেজ বৌ নয়নতারার কটু চক্রান্তকে ব্যর্থ করেছিল, তারই করুণ মধুর হাসি অশ্রু মিশ্রিত গল্প 'নিষ্কৃতি'। এই গল্প বারবার পড়েও পুরানো হয় না, পরিবেশন নৈপুণ্য। এক হার্দ্য অন্তরঙ্গ পরিবেশে লেখক মান-অভিমান ঈর্ষা বিদ্বেষ কলহ-চক্রান্ত বেষ্টিত যৌথ পরিবারে স্নেহ-বাৎসল্যকে জিতিয়ে দিয়েছেন। খুড়তুতো ছোটভাই রমেশ, তার স্ত্রী শৈলজা ছেলেমেয়ে কানাই ও পটলের প্রতি বড় ভাই গিরীশের স্নেহ মেজ ভাই হরিশ ও মেজ বৌ নয়নতারার সমস্ত চক্রান্তকে ব্যর্থ করে জয়ী হয়েছে। এই বিষয় এমনভাবে সাধিত হয়েছে যে পাঠকের চোখে অশ্রী অপর চোখে হাসি দেখা দেয়। স্নেহ বাৎসল্য মান-অভিমান-ক্ষমা- ভালোবাসার কারবারী শরৎচন্দ্র এখানে নিপুণ রূপকার হিসাবে দেখা দিয়েছেন।

এই তীর্যক স্নেহের আর এক পরিচয়স্থল 'একাদশী বৈরাগী' গল্প। সদ্গোপের ছেলে একাদশী বৈরাগীর একমাত্র বাল্যবিধবা ভগিনী গৌরী প্রলোভনে পড়ে কুলের বার হয়ে গেলে, একাদশী অনেক দুঃখ অনুসন্ধান তাকে ঘরে ফিরিয়ে আনে। এই কদাচারে গ্রামের লোক ক্রুদ্ধ হয়ে বোনকে ত্যাগ করতে বলায় সে রাজি হয় না এবং 'একঘরে' হয়ে নিজ গ্রামে না থেকে অন্য গ্রামে বোনকে নিয়ে উঠে যায়। বয়স ও বুদ্ধির দোষে বাল্যবিধবার পদস্খলনে একাদশী কেঁদেছে। কিন্তু বোনকে তাড়িয়ে রাজি হয়নি। একাদশী এই এক পরিচয়। অপর পরিচয় সে অতিশয় কৃপণ কুসীদজীবী। দুটো পয়সা সে ছাড় দেয় না। অথচ বিনা হাত চিটায় জমা রাখা পাঁচশত টাকা সুদ সমেত জমাকারী বিধবাকে ফেরত দেয়। একাদশীর এই নতুন পরিচয়ের অপূর্বের মতো সকলে অবাক হয়ে যায়। ভগিনী গৌরীর প্রতি একাদশীর স্নেহ তার বাইরে কার পরিচয়কে ছাপিয়ে উঠেছে।

'মামলার ফল' গল্পটিও স্নেহ-বাৎসল্যের গল্প। এই গল্পটিতে গঙ্গামণির স্নেহ বর্ষিত হয়েছিল দেবর পুত্র মা হারা জয়রামের প্রতি। সমস্ত বাধা বিপত্তি পেরিয়ে শেষ পর্যন্ত এই স্নেহ কীভাবে জয়লাভ করেছে, তার পরিচয় পাই। সেদিক থেকে এ গল্প বিন্দু ছেলে, রামের সুমতি, জেদিদির সহধর্মী। এ ধরণের গলেপ শরৎচন্দ্র একটা স্বভাবগত প্রবণতা আছে, সেই সঙ্গে যুক্ত হয়েছে শিল্পনৈপুণ্য। এই ধরণের প্রয়াসে তিনি কখনই ব্যর্থ হননি। গঙ্গামনি জয়রামের গল্পে তা পুনঃ প্রমাণিত। স্বভাবে ও প্রকৃতিতে এটি প্রকৃতই ছোটগল্প ।

"অভাগীর স্বর্গ' গল্পটি স্নেহের তীর্যক গতি নয়, সরলগতি রূপায়িত হয়েছে। এ ধরণের গল্পে শরৎ রচনায় বিরল। স্বামী পরিত্যক্তা অভাগীর একমাত্র সন্তান কাঙালী। অভাগী সার্থকানাম্নী তার ইহ জীবনে কোন প্রত্যাশা নেই, আছে কেবল পারলৌকিক সদ্গতির আশা। বর্ষীয়সী মুখুজ্যে গিন্নীর যেভাবে সৎকার হয়েছে সেভাবে যেন তার অন্তিম

সৎকার হয় - এটাই অভাগীর প্রার্থনা, মা ও ছেলে, অভাগী ও কাঙালীর নিবিড় অন্তরঙ্গ সম্পর্কটুকু চমৎকার রূপায়িত । কাঙালি মায়ের কোলে শুয়ে রূপকথা যেখানে। অভাগী রূপকথা বলতে গিয়ে যাতে মৃত্যুর পর সৎকার ধূম্রজালের মধ্যে স্বর্গ থেকে নেমে আসা - রথ স্বর্গযাত্রার বিবরণ থাকে। ছেলের হাতের আগুন পেলে স্বর্গ থেকে রথ আসবেই - অভাগীর এই বিশ্বাস কাঙালী মনপ্রাণ দিয়ে বিশ্বাস করেছে। অভাগীর মৃতদেহকে মাটি চাপা দিতে ব্যস্ত। তখন অভাগীর ছেলে যে খড়ের আঁটি মায়ের মুখে ছুঁইয়েছিল, সেই পোড়া আঁটি থেকে সে স্বল্প ধোঁয়াটুকু আকাশে উঠছিল তার প্রতি পলকহীন দৃষ্টিতে তাকিয়েছিল যদি স্বর্গ থেকে রথ নেমে আসে তার মাকে নিয়ে যাবার জন্য। এই স্নেহ বাৎসল্যের আকাঙ্খা ও তার ব্যর্থতাকে দেখিয়েছেন শরৎচন্দ্র এই 'অভাগীর স্বর্গ' নামক ছোট গল্পটিতে।

'পরেশ গল্পটিতেও বাৎসল্যের লাঞ্ছণা ও অপমানের ছবি আঁকা হয়েছে। মজুমদাররা দু'ভাই - বড় গুরুচরণ, ছোট হরিচরণ। গুরুচরণ সত্যবাদী যুধিষ্ঠির, ভাগ্যের পরিহাসে তার ছেলে বিমল সর্বদোষের আকর। অপরদিকে হরিচরণ লোভী, স্বার্থপর, ইতর। আর তার ছেলে পরেশ গুরুচরণের অনুরক্ত, গুরুচরণের সব স্নেহ বর্ধিত তার উপরে। হরিচরণের চক্রান্তে যখন গুরুচরণ ভিটে-মাটি ছাড়া, অপমানিত, লাঞ্ছিত, তখন গুরুচরণের ভরসা ছিল পরেশের উপর। কিন্তু পরেশ জ্যাঠামশায়কে না দেখে কুচক্রী বাপের সঙ্গে হাত মিলিয়েছে। শেষ পর্যন্ত পরেশ আর পারেনি। গ্রামের সবকিছু বিষয়-আশয় পিছনে ফেলে জ্যাঠামশায়ের হাত দরে কাশীযাত্রা করেছে। যে স্নেহ-ভালোবাসাকে পরেশ অস্বীকার করেছিল, তাকে স্বীকৃতি দিয়ে সে জীবনের সার্থকতাকে খুঁজে পেয়েছে।

তথ্যসূত্র :

(১) কাশীনাথ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, শরৎ রচনাবলী সমগ্র, ১ম খণ্ড, ১লা জানুয়ারি (কল্পতরু উৎসব) ২০০৯, ২য় সংস্করণ বইমেলা ২০১১, শুভম-এর পক্ষে ঐশানী সাহা, পৃষ্ঠা নং- ৯৬৯।

২) কাশীনাথ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, শরৎ রচনাবলী সমগ্র, ১ম খণ্ড, ১লা জানুয়ারি (কল্পতরু উৎসব), ২০০৯, ২য় সংস্করণ বইমেলা ২০১১, শুভম-এর পক্ষে ঐশানী সাহা, পৃষ্ঠা নং-৯৭১

৩) 'মন্দির', শররচনাবলী সমগ্র, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, পৃষ্ঠা নং-৯৯৪

৪) পথনির্দেশ, শররচনাবলী সমগ্র, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, পৃষ্ঠা নং-৮৮২

৫) পথনির্দেশ, শররচনাবলী সমগ্র, পৃষ্ঠা নং-৮৮৯

৬) পথনির্দেশ, শরচনাবলী সমগ্র, পৃষ্ঠা নং-৮৯১

৭) পথনির্দেশ, শররচনাবলী সমগ্র, পৃষ্ঠা নং-৮৯২

৮) আধারে আলো, শররচনাবলী সমগ্র, শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়, পৃষ্ঠা নং- ৯৪৭

৯) আধারে আলো, শররচনাবলী সমগ্র, শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়, পৃষ্ঠা নং-৯৫১

গ্রন্থপঞ্জি:

আকরগ্রন্থঃ

১) 'শররচনা সমগ্র' (প্রথম খণ্ড)।

শুভম-এর পক্ষে ঐশানী সাহা।

১লা জানুয়ারি ২০০৯ (কল্পতরু উৎসব) ২য় সংস্করণ বইমেলা ২০১১।

২) "শরৎ রচনা সমগ্র' (দ্বিতীয় খণ্ড)। শুভম-এর পক্ষে ঐশানী সাহা। ১লা জানুয়ারি ২০০৯ (কল্পতরু উৎসব) ২য় সংস্করণ বইমেলা ২০১১।

৩) 'শর রচনা সমগ্র' (তৃতীয় খণ্ড)। শুভম-এর পক্ষে ঐশানী সাহা। ১লা জানুয়ারি ২০০৯ (কল্পতরু উৎসব) ২য় সংস্করণ বইমেলা ২০১১।

সহায়ক গ্রন্থঃ

১) কালের পুত্তলিকা, অরুণকুমার মুখোপাধ্যায়, বাংলা ছোটগল্পের একশ' বিশ বছর, ১৮৯১-২০১০, দে'জ পাবলিশিং, কলকাতা ৭০০০৭৩

২) বাংলা সাহিত্যের ছোটগল্প ও গল্পকার, শ্রী ভূদেব চৌধুরী,মডার্ন বুক এজেন্সী প্রাইবেট লিমিটেড, ১০ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রিট, কলকাতা - ৭০□□□

৪

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসে নারী

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
বৈশাখী মিত্র (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১।।

'গৃহদাহ' উপন্যাসটি গড়ে উঠেছে অচলা সুরেশ ও মহিমকে কেন্দ্র করে। অচলার সমস্যা এই উপন্যাসে গভীর হয়ে দেখা দিয়েছে। সে হিন্দু সমাজের মেয়েই নয়, সে ব্রাহ্ম সমাজের বিধি নিষেধ দিয়ে সকল নারীর মন বেঁধে রাখা যায় না।

অচলার জীবনের ব্যর্থতার কারন হল -সে যাকে শ্রদ্ধা করেছে তাকে সমস্ত হৃদয় দিয়ে ভালোবাসতে পারেনি। আর থাকে কখন ও শ্রদ্ধা করতে পারেনি তার অলক্ষ্যে তারই প্রতি তার মন আকৃষ্ট হয়েচিল । অচলা জেদ করে মহিমের সঙ্গে সুদূর পল্লীগ্রামে প্রতিকূল পরিবেশ গৃহ রচনা করতে চেয়েছিল । মহিমের সঙ্গে অচলার বিবাহের সময় অচলার মনের মধ্যে যে বিপ্লব চলছিল তা শান্ত হয়ে গেল । শুভদৃষ্টির সময় মহিমের গাম্ভীর্যপূর্ণ মুখ দেখেই সে মনে মনে বলল-

'প্রভু আর আমি ভয় করিনে তোমার সঙ্গে যেখানে যে অবস্থায় থকিনে কেন সেই আমার স্বর্গ,আজ থেকে চিরদিন তোমার কুটিরই আমার রাজ প্রাসাদ।"[১]

অচলা বাঙ্গালী ঘরের অধিকাংশ মেয়ের মতই পরিবারের প্রয়োজনে নিজেকে লুপ্ত করে দিয়েছে । তাই তার কোন আশা নেই, চাওয়া নেই, দাবী নেই সে শুধু সংসারের কাজে গুরুজনের সেবায় এবং দৈনন্দিন কতব্য পালনে নিজেকে হারিয়ে ফেলেছে। গৃহদাহের পর অচলা যথার্থ স্ত্রী ধর্ম পালন করতে চেয়েছে শরৎচন্দ্র এখানে দেখাতে চেয়েছেন আধুনিক মন অনেক বেশি যুক্তিসিদ্ধ। কোন সংস্কার বা ধর্মমত তাকে আছন্ন করে রাখতে পারে না। আক্ষরিক অর্থে এই উপন্যাসে একবার গৃহদাহ হয়েছিল। মহিমের বিবাহের পর সুরেশের উপস্থিতিতেই মহিমের গৃহ একরাত্রে আগুন লেগে ভস্মীভূত হয়ে যায়। মহিমের আচরনে অচলাও আবাক হয়ে যায়। রাত্রে যখন করল-

"সুরেশ কতদিন এখানে থাকবে তোমাকে বললে"[২]

তখন মহিমের এই বিদ্রূপে অচলা অপমানিত বোধ করলো। সুরেশের আগমনকে কেন্দ্র করেই শুরু হয় গৃহদাহ। গৃহদাহের পর অচলা মহিমের সঙ্গে বোঝাপড়া করে এমনকি অন্য কোথাও গিয়ে বসবাসের প্রস্তাবও করেছিল কিন্তু মহিম সেই সুযোগ গ্রহন করেনি। ফলে তাদের মধ্যে বিভেদের প্রাচীর গড়ে উঠেছে । মহিমের কঠিন

নিমোনিয়া এবং সুরেশের বাড়িতে মহিমের সেবা শুশ্রুষার মধ্য দিয়ে অচলা মহিমের অনেক কাছাকাছি এসেছিল। মহিমও তা স্বীকার করেছিল। কিন্তু তাদের ইচ্ছার মধ্যে কোন জোর ছিল না। শেষ পর্যন্ত অচলার ঘর বাঁধা আর হল না। উপন্যাসে গৃহ বলতে যা বোঝায় তা নেই বললেই চলে । আছে শুধু দহন এখানে পরিবার গঠনের মধ্যে আছে বিড়ম্বনা মহিম অচলাকে নিয়ে একদিনের জন্য ও সুখের নীড় রচনা করতে পারেনি। তাদের মধ্যে স্বামী স্ত্রীর সম্পর্কই গড়ে ওঠেনি এই উপন্যাস পাঠ করে ১৯১৮ সালে 'দি টাইমস' লিটাটারী সাপ্লিমেন্ট' শরৎ চন্দ্র সম্পর্কে যে মন্তব্য করেছিল তাকেই যথার্থ মনে হয় তাতে বলা হয়েছিল-

"সামাজিক রাজনৈতিক সমস্যা সমূহ মি: চ্যাটার্জীর সাহত্যিক দৃষ্টি অতটুকু অচ্ছন্য করতে পারেনি ।মনে হয়,তিনি সংস্কার মুক্ত ও বিচার বুদ্ধি শুদ্ধ এক রক্ষন শীল শিল্পী। মনে প্রানে তিনি একজন খাটি এবং হিন্দু সংস্কৃতির উপর গভীর শ্রদ্ধাশীল"[3]

'দেনাপাওনা' উপন্যাসের পটভূমি সামন্ত তান্ত্রিক গ্রাম বাংলা এই উপন্যাসে প্রথম বিরোধ বাধে ভৈরবীকে নিয়ে চণ্ডিগড়ের ভৈরবি এখন ষোড়শীর । ষোড়শীর চরিত্রে কোন আপবাদ ছিল না কিন্তু তার ব্যক্তিত্ব শিক্ষা ছিল ষোড়শীর আরেক জায়গায় জোর ছিল সেযেমন এই গ্রামের দরিদ্র প্রজাদের ভালো বাসতো তেমনি তারাও তাকে মাতৃজ্ঞানে শ্রদ্ধা করত। তার বিপদে পাশে দাঁড়াত এই উপন্যাসের প্রধান বিরোধ তাই ষোড়শী এবং তার প্রজাদের সঙ্গে। উপন্যাসের প্রথমেই শরৎচন্দ্র সেই কথা পাঠককে জানিয়ে দিয়ে সচেতন করেছেন।ষোড়শীকে ভৈরবীর পদ থেকে অপসারিত করার চক্রান্তের মধ্যে গ্রাম জীবনের স্বার্থময় সমাজ পতিদের তেমনি উৎসবের ঐতিহ্য, দরিদ্র অসহায় মানুষের দাবীর উদ্দেশ্যে প্রার্থনা প্রভৃতির মধ্য দিয়ে গ্রামীন ধর্ম চেতনার সুন্দর পরিচয় দিয়েছেন।

চণ্ডিগড়ের অত্যাচারী জমিদার জীবানন্দ স্বামী। জীবানন্দ ষোড়শীর পিতাকে। উৎপীড়ন করে টাকা আদায় চেষ্টা করেছিল এবং তারই বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য ষোড়শীকে একটা নির্জন ঘরে আবদ্ধ রাখবার । ম্যাজিস্ট্রেট যখন ষোড়শীকে বল পূর্বক আটকে রাখার অভিযোগ করে। তখন ষোড়শী বলে সে স্বেচ্ছায় জীবানন্দের গৃহে এসেছে এবং রাত্রি যাপন করেছে এই উপন্যাসের শরৎচন্দ্র বঞ্চিত অবহেলিতদের কথা দরদী ভাষায় বর্ননা করেছেন। এখানে বঞ্চিত অবহেলিত বলতে শরৎ চন্দ্র ষোড়শীকে ও বুঝিয়েছেন। জমিদারের আত্যাচার,লুণ্ঠন শোষনের কথা নতুন নয়, কিন্তু মন্দির কে কেন্দ্রকরে যে আবিচার আনাচার চলে আসছিল তার মধ্যে যে আমানবিক পীড়ন আছে ষোড়শী ভৈরবীর জীবন কে কেন্দ্র করে তা ফুটিয়ে তুলেছেন ।ভৈরবী হলও তারা যে মানুষ,তাদের ও যে স্বাভাবিক জীবন তৃষ্ণা আছে তারাও যে কারুর না

কারুর স্ত্রী এই সত্য কে আমাদের সামাজিক মানুষেরা কখনো উপলব্ধি করেনি । শরৎচন্দ্র এই উপন্যাসের ভৈরবীদের জীবন পরিচয় আপেক্ষা তার নারীত্বকেই বেশি আকর্ষনীয় করে তুলেছেন। শরৎচন্দ্র কেবল এই উপন্যাসের দূর আবস্থার চিত্র আল্পন করেছেন। এর বিরুদ্ধে প্রতিবাদের কাহিনি ওরচনা করেছেন একদিন গ্রামের সকলে জমিদার জনার্দনের কুচক্রের হাত থেকে বাঁচবার জন্য ষোড়শীরকাছে এসে ছিল তারা ভেবেছিল ষড়শী হবে তাদের অধিকার রক্ষার সংগ্রামের সাথী। ষড়োশীর প্রতিবাদির দৃঢ় চরিত্র কে প্রতিষ্ঠিত করে শরৎচন্দ্র এক আসাধারন দৃষ্টান্ত স্থাপন করেছেন। শরৎচন্দ্র লিখেছেন-

"যদি কোন দেশে রমনী যথার্থ শ্রদ্ধা সম্মান লাভ করিয়া থাকে সে শুধু চেষ্টাতে লাভ করিয়াছে।"[৩]

সমাজের বিধি নিষেধ ও শাস্তি বিধান নারী সম্পর্কে বেশি সক্রিয় ছিল। তাই একটু আধটু দুর্বলতা নারী চরিত্রে প্রকাশ পেলেই তাকে কলঙ্কিত হতে হত। "শ্রীকান্ত' উপন্যাসের অন্নদা দিদি রাজলক্ষীর কথা এ প্রসঙ্গে স্মরন করা যেতে পারে। গ্রাম্য সমাজে গরীব কি রুপ অবস্থায় ছিল তা সহজেই অনুধাবন করা যায় অন্নদা দিদি চরিত্রটির মধ্যে দিয়ে। অন্নদা দিদি ছিলেন বামুনের মেয়ে।শাহজী ও ছিলেন ব্রাম্মন, শাহজী ছিলেন অন্নদার দিদির স্বামী।

নিরুদ্দেশ হয়ে শাহজী মুসলিম ধর্ম গ্রহন করেন এবং সাপুড়ে বৃত্তি গ্রহন করেন। হিন্দু শাস্ত্রে বলে স্বামীর অনুগামিনী হবে।স্বামীর সঙ্গে নরকে গমন ও স্ত্রীর পক্ষে স্বর্গবাস স্ত্রীলোকের সবচেয়ে বড় ধর্ম পাতিব্রতা, অন্নদা দিদি সেই দিক দিয়ে কোন অন্যায় করেননি পালন করতে তিনি স্বামীর সঙ্গে গৃহত্যাগ করেছিল স্বামীকেঅনুসরন করা ছাড়া তিনি নিজে থেকে কোন জাত দেননি কোনদিন কোন অনাচার করেননিতার দুঃখ আর কষ্ট অত্যাচারের কোন সীমা ছিল না । মুখ ফুটবে তবু তিনি কোন প্রতিবাদ করেননি। নীরবে সমস্ত অত্যাচার লাঞ্ছনা,কলঙ্ক সহ্য করেছেন । তার কোন অসুবিধা ছিল না । কিন্তু স্বামী বর্তমানে পিতৃগৃহে থাকা সমাজবিরুদ্ধ কাজ।

তাই তিনি আজীবন স্বামীকেই অনুসরন করে গিয়েছেন। অন্নদা দিদির মতো অনেক নারী আছে সমাজ তাদের প্রকৃত ব্যাপার না জেনে ইতাদের কুলটা এবং পতিতা বলে চিহ্নিত করে রেখেছে আমাদের এই 'সতী-সাবিত্রীর দেশে স্বামীর জন্য সহধর্মিনীকে যে কী অপরিসীম দুঃখ ও বিড়ম্বনা সহ্য করতে হয় অন্নদা দিদি তার বিশিষ্ট প্রমান ।নারী যে কত সহনশীলা, ক্ষমা পরায়না ও পতিব্রতা হতে পারে তার দৃষ্টান্ত শরৎ চন্দ্র অন্নদাদিদি চরিত্রের মধ্যে দেখিয়েছেন। অথচ সমাজের চোখে সে কুলত্যাগিনী ভ্রষ্টা নারীছাড়া আর কিছু নয়। সমাজের বিচার যে কতখানি ভ্রান্ত,সতী অসতীর ধারনা

কতখানি যে অসঙ্গত তা এই চরিত্র চিত্রনের মধ্য দিয়ে স্পষ্ট হয়ে উঠেছে ।শাহজীর মৃত্যুর পর অন্নদা দিদি কোথায় যেন চলে গেল। একটা চিঠি শ্রীকান্তকে দিয়ে গিয়েছিল। "আমার কথা ভাবিয়া তোমার মন খারাপ করিও না । মনে করিও তোমার দিদি যেখানেই থাকুক .ভালি থাকিবে কেননা দুঃখ সহিয়া সহিয়া এখন কোন দুঃখি আর তার গায়ে লাগে না।"

শরৎ সাহিত্যে এক শ্রেনীর তথাকথিত পতিতা চরিত্র আছে যারা পতিতাবৃত্তি অবলম্বন। করেনি,কিন্তু সমাজের চোখে তারা পতিতা ছাড়া আর কিছুই নয়। রাজলক্ষী এদের মধ্যে অন্যতম। শরৎচন্দ্র দেখালেন এদের বিচারে সমাজ কতখানি ভ্রান্ত, অন্ধ হৃদয়হীন। আসলে পতিতার কলঙ্ক এদের কপালে লেপে দেওয়া একটা বাহ্য চিহ্ন মাত্র। দেওয়া কলঙ্কের বোঝা বয়ে বেড়াবার আগে তারা যে সামাজিক জীবনযাপন কর। তার বিশ্বাস,সংস্কার, বেদনা ও যন্ত্রণাই তাদের মনকে অধিকার করে থাকে। রাজলক্ষীর ইতিহাস বড়োই করুন ও মর্মান্তিক ।বাংলাদেশে অবশ্য এ রকম কাহিনী ব্যাতিক্রম নয়, বরং সাধারন । রাজলক্ষীর কাহিনী আরও তাৎপর্য মূলক।রাজলক্ষী পুরাতন নারী।শরৎ সাহিত্য এই নতুন যুগের মানবীয় পরিচয় নেই বললেই চলে। নারীর মানকে শরৎচন্দ্র দেখেছেন একটা সংঘাতের মধ্যে দিয়ে তার স্বতঃস্ফূর্ত আকাঙ্খার ধারা বাধা পেয়েছে চিরাগত সংস্কারের পাষান প্রাচীরে। শরৎচন্দ্রের প্রতিভার বিকাশ হয়েছে। হৃদয়া বেগের সঙ্গে বুদ্ধির সংগ্রামের চিত্র অঙ্কনে।

'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় পর্বের চরিত্র হল অভয়া আনেক ঘাত প্রতিঘাতের মধ্যে দিয়ে তাকে যেতে হয়েছে। ঘটনাচক্রে অভয়ের জিবনে অনেক তিক্ত অভিজ্ঞতা হয়েছে। বর্মাদেশে এসে তার মনে নানা প্রশ্ন জেগেছে। গ্রামের পুরুষততান্ত্রিক সমাজের অত্যাচারের কথা সে জানে। স্ত্রী স্বাধীনতার দেশ বর্মার এসেও তার ব্যাতিক্রম ঘটেনি তার জীবনে। তাই সে শ্রীকান্তকে জিজ্ঞাসা করেছিল-

"স্বামী যখন শুধুমাত্র একগাছা বেতের জোরে স্ত্রী সমস্ত অধিকার কেরে নিয়েছে তাকে অন্ধকার রাত্রে একাকী ঘরের বার করে দেন তার পরেও বিবাহের বৈদিক মন্ত্রের জোরে স্ত্রীর কতব দায়িত্ব বজায় থাকে কী?"[৪]

অভয়ার কাছে কোন মহু কোন আচার বড় কথা নয়, বড় কথা হল জীবন মনুষ্যত্ববোধ। রাজলক্ষীর গুরুদের স্বীকার করেছেন অভায়ার মধ্যে একটা সত্যি কারের আগুনই আছে। সে আগুনই তাকে প্রচলিত সমাজ সংস্কার কে পরাজিত করে নতুন পথে এগিয়ে নিয়ে যাবার প্রত্যয় সৃষ্টি করেছে। শরৎচন্দ্র এমন কয়েকটি নারী চরিত্রের সৌন্দর্য বর্ননা করেছেন যা অন্তরের মধ্যে শ্রদ্ধা ও সম্ভ্রম উদ্রেগ করে। নারীর ক্যালানী ও মাতৃমূর্তি তার সৌন্দযের মধ্য দিয়ে কী অপরুপ হয়ে উঠতে পরে তার নিদর্শন

পাওয়া যায় পল্লীসমাজেরর জ্যাঠাইমা বিশ্বেশ্বরীর মধ্যে। পঞ্চাশের নিকটবর্তী এই নারীর সৌন্দর্য তার নিটোল পরিপূর্ন দেহটিকি বর্জন করে দূরে যেতে পারেনি।

এই মহীয়সী নারী সকল দ্বন্দ্ব কোলাহল দমন করের যেন রমেশকে ত্রান করবার জন্য অবতীর্ণ হয়েছেন। অনেক আশা নিয়ে পিতৃশ্রাদ্ধ করতে এসে রমেশ যখন তার আপনজনদের কাছ থেকে অপমানিত ও মর্মাহত হয়ে নিজে বাড়িতে গোবিন্দ গাঙ্গুলি এবং ধর্ম দাস চাটুয্যের ইতরতা প্রত্যক্ষ করছিল তখন বিশ্বশ্বরী মধ্যে। পঞ্চাশের নিকটবর্তী এই নারী সকল দ্বন্দ্ব কোলাহল দমন করে যেন রমেশকে ত্রান করবার জন্য অবতীন হয়েছেন। অনেক আশা নিয়ে পিতৃশ্রাদ্ধ করতে এসে রমেশ যখন তার আপনজনদের কাছ থেকে অপমানিত ও মর্মাহত হয়ে নিজে বাড়িতে গোবিন্দ গাঙ্গুলি এবং ধর্মদাস চাটুয্যের ইতরতা প্রত্যক্ষ করেছিল তখন বিশ্বশ্বরী নিজেই এসে রমেশের ভাঁড়ার ঘর সামাল দিয়ে ছিলেন। যখন সকলে রমেশকে ত্যাগ করেছিল তখন জ্যাঠাইমার এই আবির্ভাব রমেশকে বিশ্ময় এবং আনন্দে অভিভূত করেছিল। সকল নিচতা ক্ষুদ্রতার ঊর্ধ্বে এই জ্যোতিময়ী দেবীর মহিমা তাঁর বিস্ময়কর সৌন্দর্যরে মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে।

সামাজিক দিক থেকে রমার চরিত্র চিত্রনেও শরৎচন্দ্র তাঁর সবটুকু সহানুভূতি উজাড় করে দিয়েছেন এবং তাঁর সাহিত্য শিল্পের শ্রেষ্টতার পরিচয় দিয়েছেন এক জায়গায় তিনি বলেছেন---

"সমাজ জিনিস টাকে আমি মানি কিন্তু দেবতা বলে আমি মানিলে বহু কুসংস্কার বহু উপদ্রব এর মধ্যে এক হয়ে মিলে আছে। মানুষের খাওয়া পরা থাকার মধ্যে এর শাসনদণ্ড অতি সতর্ক নয়।কিন্তু এর একান্ত নির্দয়মূর্তি দেখা দেয় কেবল নরনারীর ভালোবাসার সামাজিক উৎপীড়ন সব চেয়ে সিতে হয় এইখানে পুরুষের তত মুশকিল নয়, তার ফাঁকি দেবের রাস্তা খোলা আছে, কিন্তু কোন সূত্রেই যার নিষ্কৃতির পথ নেই সে শুধু নারী।" (সাহিত্যে আর্ট ও দুর্নীতি)

রমার ছিল ব্যক্তিসত্তা এবং সমাজসত্তার মধ্যে প্রবল দ্বন্দ। সমাজ পতিদের ভয়ে তাকে নিজের ইচ্ছার বিরুদ্ধে ও রমেশের বিরুদ্ধতা করতে হয়েছিল। কিন্তু এত করে ও রমা আত্মরক্ষা করতে পারেনি। দুই কুল রাখতে গিয়ে রমা শেষ পর্যন্ত কোন কুলই রক্ষা করতে পারেনি। অন্তর স্বত্বে এবং গভীর মর্ম যন্ত্রনায় সে কাশী বাস করার সিদ্ধান্ত নিয়েছিল। 'পরীসনমাজ' উপন্যসের শরৎচন্দ্র সামাজিক চিত্র ফুটিয়ে তুলতে যেমন ছোট বড় চরিত্রের সন্নিবেশ ঘটিয়েছেন সেই রকম ছোট বড় নানা ঘটনার সন্নিবেশ ঘটিয়েছেন।

।।২।।

নারীর প্রেম মনস্তত্ত্ব:'গৃহদাহ' উপন্যাসটিতে লেখক মনস্তত্ত্বের সূক্ষ্ম জাল বিস্তার করেছেন অচলা চরিত্রের মধ্য দিয়ে। এই উপন্যাসে তিনি দেখাতে চেয়েছেন আদর্শ প্রেমের সঙ্গে নীচচ্যুত প্রেমের দ্বন্দ্ব। উপন্যাসের শুরু হয়েছে মহিম- অচলার বিবাহ সংবাদ দিয়ে। অচলা সুরেশের মুখে মহিমের সব নিন্দাই গ্রহন করেছিল। অচলা সুরেশকে বলেছিল যে মহিমের সাংসারিক অবস্থা প্রভৃতি সম্পর্কে যা যা বলেছিল তা প্রায় সবই অচলা অবগত আছে। সুরেশের সঙ্গে প্রথম ব্যবহারেই অচলা ছিল ভদ্র, বিনয়ী এবং আন্তরিক। অচলার প্রতি এক দুর্নিবার আকর্ষনে সুরেশ তাদের বাড়ি যাতায়াত শুরু করেছিল। আবেগ প্রবণ সুরেশ অতি অল্প সময়ের মধ্যেই যখন অচলার ঘনিষ্ঠ হয়ে উঠল তখন অচলার আপত্তি ততটা জোরালো ছিল না। শুধু ছেড়ে দিন বাবা আসছেন বলে সে নিজেকে মুক্ত করে নিয়েছিল। সুরেশ হিন্দু সমাজের হলেও বিবাহের ক্ষেত্রে সেও অচলার মতামতের উপরেই বেশি গুরুত্ব দিয়েছিল। অচলা দোলাচলের মধ্যে পড়ে গেল। তার নিজের সমস্যা গুরুতর হয়ে দেখা দিল। সুরেশ এবং মহিম দুজনের মধ্যে তাকে একজনকে গ্রহন করতে হবে এবং আর একজনকে বিদায় দিতে হবে। সুরেশের প্রতি আকর্ষনের কারন স্পষ্ট। লেখকের বর্ননায় অচলার মনে মহিমের একটি সুন্দর ছবি পাওয়া গেল।

মহিম সম্পর্কে তার ধারনা যে সবই ভাবাবেগ জাত। তার কল্পনার মধ্য দিয়ে লেখক এখানে মহিমকে মহিমাময় করে তুলেছেন। নবম পরিচ্ছেদে দেখা যায় দিন দশ বারো সুরেশের সঙ্গে কেদারবাবু এবং অচলা খুব আনন্দে ঘুরে বেড়াচ্ছেন। অচলা সম্পূর্নভাবে না হলেও সুরেশকেই স্বামী হিসাবে মেনে নিয়েছে। অচলাকে সুরেশ যে ভালোবেসে ছিল। তা প্রতিহত হওয়ায় সে রেগে অগ্নিশর্মা হয়ে উঠলো। সে অত্যন্ত অশালীন ভাষায় অচলা এবং কেদারবাবুকে অভিযুক্ত করেছে। শেষ পর্যন্ত মহিমের সঙ্গে অচলার বিবাহের দিন স্থির করে ফেলেছেন। সুরেশ কিন্তু অচলার জীবন থেকে মুছে গেল না।

মহৎপ্রাণ সুরেশ অসুস্থ অবস্থায় কেবলমাত্র মহিমের বিয়ে বলেই চলে এসেছিল। স্থির হয়েছিল মহিমের বিবাহ সুরেশের বাড়ি থেকেই হবে। অচলাকে কেন্দ্র করে আবার সুরেশ অচলার সম্পর্ক গড়ে উঠল।যে অচলা সুরেশ কে কসাই এবং অতি নীচ বলে এক সময় মনে করেছিল সেই অচলাই আবার তাকে মহৎ প্রান বলে অবিহিত করল। অচলার প্রতি মহিমের কোন আচরণ বিবাহের পূর্বে দেখা যায়নি কিন্তু অচলা যে মহিম কে গভির ভাবে ভালোবাসে তা তার তাৎক্ষণিক আংটি পরিয়ে দেবার ঘটনায় যানা যায়। তার পর সুরেশের খবর পেয়ে সে আবার বিচলিত হলো।সুরেশের উপর

একদিনের জন্য তার রাগ হয়নি আকুল ভাবে সুরেশের সংবাদ গ্রহন এসবিই সুরেশের প্রতি অচলার অনুরাগেরই পরিচয়।

যাই হোক মহিমের সঙ্গে অচলার বিবাহ হয়ে গেল। অচলার মনের মধ্যে যে বিপ্লব চলছিল তা শান্ত হয়ে গেল। কিন্তু শ্বশুর বাড়ি আসার পরই তার নব বিবাহের অর্ধেক সৌন্দর্য নষ্ট হয়ে যায়। তার কল্পনার সঙ্গে বাস্তবের কোন মিল হল না। তার উপর নব বধূ দেখে গ্রাম্য মহিলাদের আচরন 'বন্ধ' মেলেচ্ছ' প্রভৃতি মন্তব্য অচলার জীবনের সব স্বাদ গন্ধকে নষ্ট করে দিয়েছিল। অচলার মহিমে দাম্পত্য কলহে মাঝে আবার সুরেশের অগমন ঘটল । সুরেশের আগমনে মহিম প্রসন্ন হতে পারলো না। মহিমের সংসারে মহিম অচলার কথাবার্তা এবং আচরন দেখে সকলে মনে করবে অচলা এই বিবাহে সুখী হয়নি। সুরেশ স্পষ্টই অচলার অবস্থা উপলব্ধি করে ছিল,কিন্তু অচলা কিছু তে সুরেশ কে তার মনের অবস্থা বলতে চাইনি সে তার দুঃখের কথা কারুকাছে প্রকাশ করতে পারছিল না।

অষ্টাদশ পরিচ্ছেদে রাত্রে অচলা মহিমের যে দাম্পত্যালাপ আমরা দেখি তাতে অচলা মহিমের মধ্য যে আর যে আর কোন সম্পর্ক আছে তা মনে হয় না। অচলা মহিমকে বলেছিল---

"যে ভুল আমরা দুজনেই করেছি, যার কুফল গোড়া থেকেই শুরু হয়েছে, তার শেষ কথাটা কি রকম দাড়াবে, তুমি আন্দাজ করতে পার?

অচলা সেদিন কতগুলো রূঢ় সত্য কথা বলেছিল। অচলা এবং মহিমের মধ্য ব্যক্তিগত তিক্ততা জাই হোক না কেন এটাই ছিল সমস্য। মহিমের একটা মস্ত চিঠি পড়ে অচলার মনের মধ্যে আগুন জ্বলে উঠল। সেদিন তার মনে হয়েছিল সব মিথ্যা। অচলার যে আবেগ তা আমরা দেখতে পাই কখনো মহিমের প্রতি,আবার কখনো সুরেশের প্রতি। গৃহদাহের পরে মহিম অচলা দুজনেই দুজনের প্রতি যে কথা বলেছিল তাতে মনে হয়েছিল এবার হয়তো অভিজ্ঞতার মধ্য দিয়ে তারা নতুন সংসার গড়ে তুলবে। বলেছিল---

"লাভ লোকসান দেখবার ভার আজ থেকে আমি নেব।তোমার শুভানুধ্যায়ী এখানে বেশি নেই, সে আমি জানতে পেরেছি।"

অচলা যখন তার সব দিয়েও মহিমের পাশে দাড়াতে চেয়ে ছিল তখন মহিম আরো দূরে সরে গেল। একজন নারীর জীবনে এর চেয়ে বড় বিড়ম্বনা আর কি হতে পারে? অবশেষে অচলার পিতার কাছে ফিরে এল। অচলার দাসী কেদার বাবুকে স্পষ্টই জানিয়েছিল, ওদের দুজনের মধ্যে বনিবনা একদিনের তরেও হয়নি। অচলা কোন দিকে এতটুকুও স্নেহ প্রেম সান্ত্বনা পায়নি। একমাত্র অবলম্বন তখন সুরেশ, যে তাকে

ভালোবেসে তার দুঃখের বোঝা নিতে চেয়েছিল। কিন্তু তাকে নৈতিক কারনেই প্রশ্রয় দেওয়া যায় না। যাই হোক সুরেশের বাড়িতে অসুস্থ স্বামীর সেবা শুশ্রুষার মধ্যে দিয়ে অচলা আবার মহিমের একান্ত সান্নিধ্য লাভের সুযোগ পেয়েছিল। কিন্তু দেখা গেল এখানে ও তার সহজ হতে পারেনি।

দ্বাত্রিংশ পররিচ্ছেদে অচলার মনস্তাত্ত্বিক বিশ্লেষনের পরিচয় পাওয়া যায়। বীনাপানির সঙ্গে কথাবার্তা বলতে বলতে অচলার অভিশপ্ত, হতভাগ্য জীবনের সব কথাই মনে পড়ল। এর জন্য সে তার ভাগ্য বিধাতাকেই দোষী করেছে। অচলা মহিমের সম্পর্কটাই এমন ধোঁয়াশার উপর প্রতিষ্ঠিত ছিল যে তাকে জোর করে আঁকড়ে ধরবার কোনো সঙ্গত কারন ছিল না। এখানে অচলা বলেছে যাকে সে কোনদিন ভালোবাসেনি সেই তার প্রাণাধিক সবাই এই মিথ্যেটাকে জেনে রাখলো। আসলে অচলা ও কী বুঝতে পেরেছিল সে কাকে সত্যি ভালোবাসে? এই উপন্যাসে কিন্তু অচলার চরিত্র স্বাভাবিক গতিতে গড়ে ওঠেনি। একের পর এক আকস্মিক ঘটনায় তাকে সৃষ্টি করা হয়েছে লেখকের অভিপ্রায় অনুযায়ী।

শরৎচন্দ্রের অধিকাংশ প্রনয়-কাহিনীর মূলে রয়েছে একটা ব্যর্থতা,প্রেমের অপরিতৃপ্তি। দেনাপাওনা উপন্যাসে ষোড়শীর ক্ষেত্রেই এই একই ব্যর্থতা দেখতে পাওয়া যায়। ষোড়শীর হাত ধরে জীবানন্দ তার নতুন জীবন আরম্ভ করেছিল, কিন্তু এই সব মিলনে পরিপূর্ন আনন্দ নেই। একশ টাকার লোভে অলকাকে বিবাহ করে জীবানন্দ নব-পরিনীতা স্ত্রীকে ত্যাগ করে বিবাহরাত্রেই পলায়ন করেছিল ষোড়শির কুটিরে এসে উপস্থিত হয়েছিল ।ষোড়শীর মনের দোদুল্যমান অবস্থায় স্বয়ং জীবানন্দ রাত্রে ষোড়শীর কুটিরে এসে উপস্থিত হয়েছিল।

ষোড়শীর সঙ্গে জীবানন্দের যে পূর্ব সম্পর্ক ছিল সেই সম্পর্ক ধরে জীবানন্দ আলাপ জমাতে চাইল। কিন্তু নির্মলের উদ্দেশ্যে লেখা চিঠির একটা অংশ দেখি ক্ষিপ্ত হয়ে জীবানন্দ নিজের অধিকারের কথা সোচ্চারে বলতে লাগল। এদের আচার আচরণে ষোড়শীর যেন অরুচি ধরে গেল।মনে হল হৈম তার সংসার, এই দেব-মন্দির,তার নিজের ভবিষ্যৎ কিছুরই আর তার কাজ নাই---- সকল বন্ধন থেকে অব্যাহতি পেয়ে অজানা কোথাও গিয়ে লুকাতে পারলে যেন বাঃচে।ষোড়শীর আহ্বানে পত্র পেয়েই নির্মল ছুটে এসেছে।

কিন্তু ততদিনে ষোড়শীর মনের পরিবর্তন হয়েছে।কে সাহেবের হাতে পড়ে জীবানন্দ যখন ষোড়শীর কাছে। কাতর অনুনয় করেছিল তখন ষোড়শীর কথায় বোঝা যায়নি সে শেষ পর্যন্ত কী করবে।শেষ পর্যন্ত দেখা যায় সে কোনোদিকে ভ্রূক্ষেপ না করেই সেদিন জীবানন্দকে জেলের হাত থেকে রক্ষা করেছিল। ষোড়শী ছিল। চণ্ডীগড়ের

ভেরবী হিসাবে সম্মানিত গরীয়সী নারী। কিন্তু তার মনে হলো জীবনে এতো বড়ো ফাকি আর নেই।জীবানন্দের মুখে অলকা নামে সম্বোধন ষোড়শীর জীবনে বড়ো চাঞ্চল্য সৃষ্টি করে। জীবানন্দ যখন বলে, 'হয়ত আজও সময় আছে হয়তো এখনো বাঁচতে পারি-নেবে আমার ভার 'অলকা ।

ষোড়শী তখন অন্তরে কেঁপে উঠেছিল। জীবানন্দ যখন বলল- আমার সমস্ত ভার তুমি নাও "অলকা তখন আত্মসমর্পনের এই আশ্চর্য কন্ঠস্বর ষোড়শীকে চমকাইয়া ছিল।এ জীবনে এমন করিয়া কেহ তাহাকে ডাকে নাই ইহা একেবারে নূতন। বহুদিনের নিদ্রিত অলকা আবার নতুন করে জেগে উঠেছিল।সে সন্ন্যাসিনী কিন্তু সে নারী।ধীরে ধীরে আদান-প্রদানের মধ্যে দিয়ে তার হৃদয়ে প্রেম সঞ্চার হবার কোন সম্ভাবনা ছিল না। সমস্ত সম্ভোগ থেকে সে জোর করে নিজেকে ছিনিয়ে নিয়েছে। তাই তার হৃদয়বৃত্তি জেগে উঠলো পুরনো স্মৃতির সঙ্গলাভ তার ভাগ্যে জোটেনি। উচ্ছৃঙ্খল অসংযত প্রবৃত্তি চরিতার্থ করতে তাকে আবদ্ধ করে রাখা হয়েছিল,। স্বামীর প্রতি ঘৃনা ও বিতৃষ্ণা হওয়াই স্বাভাবিক। কিন্তু মানবমনের গতি বিচিত্র। প্রত্যেকের জীবনের গতি একটা বিশেষ গণ্ডীর মধ্যে সীমাব্ধ।অলকা হিন্দু রমনী। স্বামীর সঙ্গে যে সম্বন্ধ হয়েছে তাকে তারা ভগবানের বন্ধন বলে গ্রহন করেছে। কাজেই এইসব নারীদের প্রেমাকাঙ্খা স্বামীকেই জড়িয়ে ধরবে তাতে কোন সন্দেহ নেই। নিজেই জীবানন্দ কে বলেছিল-- --- "'যিনি গুরু তিনি হাতে রেখে কিছু দান করেন না,তাই আজ তারই পায়ে নিজেকে এমন করে বলি দিতেও আমার বাধল না?

শ্রীকান্ত-রাজলক্ষীর কাহিনীতে মান অভিমান আছে, কিন্তু ট্রাজেডির মূল রয়েছে হৃদয়ের অন্তরতম অন্তস্থলে অতীত। অভিমান ও ঈর্ষায় ইয়ার সঞ্চিত মাধুর্য উপচে পড়ে মাত্র। রাজলক্ষীর বাড়ি এসে শ্রীকান্ত দেখল যে দ্বারভাঙ্গার মহারাজের কুটুম্ব পূর্ণিয়া জেলায় জমিদার রামচন্দ্র সিংহ মহাশয় সেখানে। দলবল নিয়ে উপস্থিত।শ্রীকান্তের আকস্মিক অভাগমে রাজলক্ষী চকিত হয়ে উঠল। শ্রীকান্ত সাত্যি ভালোবাসে কিনা তা যাচাই করার জন্য তার মনে একটা প্রবল ঈর্ষার ভাব জাগিয়ে তুলতে চেষ্টা করল।ঈর্ষা তো ভালবাসার কষ্টি- পাথর। তার এই চেষ্টার ভিতর দিয়ে ফুটে উঠল তার শঙ্কা, ভালোবাসা, করল যে সে শ্রীকান্তকে সাধারন অতিথি বই অন্য কিছুই মনে করেনা, তার অজ্ঞাতসারে তার কথাবার্তায়, তার শত ক্ষুদ্র আচরনে তার নিজের হৃদয়ের গোপন কথা বাহির হয়ে পড়ল।

তার ঔদাসীন্যের আড়ালে ছিল করুন আগ্রহ তার আঘাতের অন্তরালে ছিল একান্ত দীন প্রেমভিক্ষা। মিথ্যা দুর্নামের ভয়ে শ্রীকান্ত তাকে নিয়ে প্রয়াগে যেতে রাজি নয় দেখে রাজলক্ষী রোষে ও অভিমানে প্রতিশোধ নেওয়ার জন্য সেদিন জুড়িগাড়ি কপরে

বেরিয়ে পড়েছিল। শ্রীকান্তকে সে দেখআতে চেয়েছিল যে একটা ঐশ্বর্যময় জীবন সে শ্রীকান্তের জন্যি ত্যাগ করেছিল এবং ইচ্ছা করলেই সে আবার তা আরম্ভ করতে পারে। কিন্তু এই অভিমানের মধ্যে দিয়ে তার একান্ত দুর্বলতা বাহির হয়ে পড়ে।সে কারো কেনা দাসী নয় একথা শ্রীকান্তের কাছে তার সমস্ত অভিমান, সমস্ত দর্প নিঃশেষে মিলিয়ে গেল।

রাজলক্ষী শ্রীকান্তের একান্ত শুভানুধ্যায়ী-তার বিবাহের প্রস্তাবে সে আগ্রহ প্রকাশ করে অগ্রনী হবে এটাই স্বাভাবিক।সে উৎসাহের সঙ্গে বলে উঠল------- ইহাতে আমি সুখী না হইলে কে সুখী হইবে?কিন্তু সে গ্রীকান্তের শুভানুধ্যায়ী অপেক্ষা অনেক বেশী। তার সমস্ত মন প্রান উন্মুখ হয়ে রয়েছে শ্রীকান্তকে পাবার জন্য আর বলে শ্রীকান্তের হৃদয়ে সে চায় অচলকর্তৃত। তাই শ্রীকান্তের বিবাহে তার বুদ্ধি সায় দিতে পারে, কিন্তু তার অন্তরাত্ম সম্মত হবে কী করে? শুভানুধ্যায়িনীর অন্তরাল ভেদ করে প্রনয়িনীর হৃদয়ের বেদনা ফুটে উঠল। এই সংবাদ প্রথমে সে অগ্রাহ্য করে উড়িয়ে ছিল পরের চিঠি পড়বে না বলে উপেক্ষা করে রেখে দেবার চেষ্টা করল,কিন্তু শেষ পর্যন্ত চিঠি নিজের হাতের মুঠোর মধ্যে ধরে রাখল।

কিছুক্ষন পর চিঠি পড়ে সে নিতান্ত নিরেপেক্ষভাবে পাত্রী সম্বন্ধে মত প্রকাশ করার চেষ্টা করল,যে বিবাহের সঙ্গে জড়িয়ে আছে তার সমস্ত আশা আকাঙ্খা তার সম্পর্কে নির্বিকার হবে সে কী করে? বাইরে সে যতই উদ্যাসীন্যের ভান করতে লাগল, তা মন ততই আশঙ্কায় কন্টকি হয়ে উঠল,মুখে সে যতই উৎসাহ আপন করতে লাগল হৃদয় তার ততই বিষাদে পরিপূর্ন হতে লাগল। অবশেষে সে বুঝতে পারল সে শুধু ভালোবাসা দেয়নি, পেয়েছেও তার নিন্দিত জীবনের সঞ্চিত কালিমা সত্ত্বেও তার প্রনয়াস্পদ। তার সমস্ত সন্দেহ আশঙ্কা কেটে গেল, তার কলগুলিপ্ত জীবন অপূর্ব গৌরবে ভরে উঠল, হত ভাগিনীর সমস্ত দুর্ভাগ্য ভেদ করে আনন্দের বান ডেকে গেল। এর বর্ণনা দিতে গিয়ে শ্রীকান্ত বলেছে- পলকের জন্য দুজনে চোখাচোখি হইল এবং পরক্ষনেই সে বালিশের উপর মুখ গুঁজিয়া উপুড় হইয়া পড়িল।

শুধু উচ্ছ্বসিত ক্রন্দনের আবেগে তাহার সমস্ত শরীরটা কাঁপিয়া কাঁপিয়া ফুলিয়া উঠতে লাগিল। রাজলক্ষীর উদ্দেশ্যে বলা যায় যে প্রেম আত্মস্বার্থ চরিতার্থতার ঊর্দ্ধে নিজের আসন লাভ করে সেটাই আদর্শ প্রেম।সেজন্য রাজলক্ষীর জনাই রাজলক্ষীকে ত্যাগ করে নাটকীয়ভাবে শ্রীকান্তকে তার বাড়ি ছেড়ে যেতে রাজি হল।ভালোবাসার অভাব ঘটল না।সেজন্যই বলা যায় রাজলক্ষীর বড়ো প্রেম শুধু কাছেই টানে না, দূরেও ঠেলিয়া দেয়। এই দূরত্ব,আকর্ষনের দূরত্ব নয়।শ্রীকান্তের প্রেমের স্বীকৃতিই রাজলক্ষীর প্রেমের বড়ো সার্থকতা। অন্নদা-দিদি পাতিব্রতাকেই পরম ধর্মরূপে গ্রহন করেছে, স্বামী

এদের কাছে জীবনের অংশিদার নয় আরাধ্য দেবতা;এদের উৎসর্গীকৃত। অন্নদাদিদির জীবন আত্ম বিলোপী স্বামী ভক্তির মহিমায় প্রদীপ্ত কিন্তু পাযন্ত নারীযাত্রী স্বামীর জন্য তার সর্বত্যাগী ভালোবাসার মূল্য কোথায় এ প্রশ্ন মনের মধ্যে দেখা দেয়। নারী যে কতখানি সহনশীলা,পতিব্রতা হতে পারে তার দৃষ্টান্ত শরৎচন্দ্র অপদাচারিত্রের মধ্যে দেখিয়েছেন।

অন্নদাদিদি ছিলেন বামুনের মেয়ে। তার বিধবা বোন পিতৃগৃহেই ছিলেন। তাকেই একদিন হত্যা করে অন্নদাদিদির স্বামী নিরুদ্দেশ হন,তারপর শাহজী মুসলমান ধর্ম গ্রহন করেন। এই স্বামীর জন্যই একদিন গভীর রাত্রে খিড়কির দ্বার খুলে অন্নদা স্বামীর সঙ্গে গৃহত্যাগ করেছিল।স্ত্রী লোকের সবচেয়ে বড়ো ধর্ম পাতিব্রতা। স্বামীকে অনুসরন করা ছাড়া তিনি অনাচার করেননি।নারীর সতীত্বের কথা আছে।তার মধ্যে অন্যতম হল অন্নদাদিদি। বাল্যকালে দেবদাস ও পার্বতী পাঠশালায় পড়ত এবং তখন তাদের মধ্যে গভীর ভালোবাসার সঞ্চার হয়েছিল। পার্বতী এখনে দেবদাসকে পেয়েছিল।সে যা হোক পার্বতী ও দেবদাসের মধ্যে বিয়ে হতে পারেনি।কারন পার্বতীর থেকে দেবদাসের বংশ গৌরব বেশী। কিন্তু পার্বতীর কাছে এইসব মান মর্যাদার মূল্য কম, সে দেবদাসকে বলল--- উত্তরে বলল "দোষ কী পার্বতীর মধ্যে একটা সাহস আছে। পরে মনোরমার পত্র পেয়ে সে যখন

""বাপ মায়ের অবাধ্য হইব।"

দেবদাসকে নিতে আসল,সে মনোরমার আপত্তিকে জোরের সহিত নিরস্ত করল। মনো বলল---

পারু তার উত্তরে বলল----

"পারু কি দেবদাসকে দেখতে এসেছিলে?

"না,সঙ্গে করে নিতে এসেছিলাম।এখানে আর আপনার লোক তো কেউ নাই।"মনোরমা অবাক হয়ে গেল। সে বলল-বলিস কি?লজ্জা করত না,পারু বলেছিল -লজ্জা আবার কাকে?নিজের জিনিষ নিজে নিয়ে যাব তাতে লজ্জা কি?এই কথা শুনে মনোরমা বলেছিল- একটা সম্পর্ক পর্যন্ত নেই -অমল কথা মুখে এনো না।পার্বতী ম্লান হেসে বলল ---

"মনোদিদি জ্ঞান হওয়া পর্যন্ত যে কথা বুকের মাঝে বাসা করে আছে,এক আধবার তা মুখ দিয়ে যার হয়ে আসে" পার্বতীর এই সাহস ছিল নিজের জিনিসকে নিজের বলে দাবী করবার। তবুও সে পেরে উঠেনি। প্রথম অন্তরায়

হয়েছিল তার অভিমান।সে সদর্পে দেবদাসকে আমার নেই ?তাদের মতা মতের প্রয়োজন নেই?

তার পর সে হিন্দুর ঘরের বউ, তার পক্ষে সমাজ ত্যাগ করার কথা বলা যত সহজ তা কার্যে পরিনত করা তত সহজ কাজ নয়। পার্বতীর চরিত্র বিশ্লেষনে শরৎচন্দ্র এইসব কারনের যথোপযুক্ত আলোচনা করেন নি।যে গভীর সংস্কারের দুরতিক্রমনীয় শক্তির কাছে হৃদয়ের সমস্ত আকাক্ষখা বিসর্জন দিতে হয় তা পার্বতীর মনে কতদূর প্রভাব বিস্তার করেছিল তার সম্যক বিচার হয় নি।শরৎ চন্দ্রের প্রথম বয়সের রচনার মধ্যে এই উপন্যাসখানি শ্রেষ্ট।

পল্লীবাংলার অবক্ষয়ী সমাজের নানা অযৌক্তিক অন্যায় এবং কুসংস্কারাচ্ছন্ন রীতি নীতির বিরুদ্ধে প্রতিবাদ জ্ঞাপনই পল্লীসমাজ উপন্যাসের আসল উদ্দেশ্য হলেও নর-নারীর প্রেমের ক্ষেত্রে ও এর হৃদয়হীন আচরনও কম গুরুত্বপূর্ন নয়।যে কোন গল্প উপন্যাসের প্রেমেই প্রধান উপজীব্য মধ্যেই কাহিনী রস সহজে জমাট বাঁধে,রমা ও রমেশের মধ্যে নানা বিরোধ থাকা সত্ত্বেও এদের মধ্যে আন্তর সম্পর্ক ছিল গভীর প্রথম প্রশ্নের উত্তরে রমা। সলজ্জভাবে স্বীকার করলো রমেশের কথা তার বেশ মনে পড়ে। বলে---

"সে তো আমার চেয়ে বেশী বড়ো নয় তা ছাড়া শীতলতলার পাঠশালে দুজনে পড়তাম যে।---খুড়ীমা আমাকে বড়ো ভালোবাসতেন।"[৫]

বেনীর চক্রান্তে ডাকাতির অভিযোগে রমেশের ভূতা ভজুয়াকে পুলিশ গ্রেপ্তার করে হাজতে পুরেছিল। এর মূলে ও ছিল মাছ ধরার দিনে ভজুয়ার বিরুদ্ধে রমার খানয় অভিযোগ। এমনকি রমেশকে বিপদে ফেলতেও রমা অগ্রনী হয়েছিল।রমা জানত বেনীরা পদে পদে রমেশকে বিপদে ফেলার চক্রান্ত করেছে। সেজন্য সে একবার রমেশকে দেশ ছেড়ে চলে যাওয়ার জন্য ও অনুরোধ করেছিল। রমাকে একবার নিজের ইচ্ছের বিরুদ্ধে মোকদ্দমায় রমাকে সাক্ষ্য দিতে হয়েছিল। সকলেই জানালো রমা রমেশের ভীষন শত্রু। রমেশ ও সেটা বিশ্বাস করলো। রমার সম্পর্কে তার যে দুর্বলতা ছিল,যে বিশ্বাস ছিল তা নষ্ট হয়ে গেল। কিন্তু দেওয়ালের আর একটা পিঠ আছে ।

সেখানে রমা একান্ত অসহায়। নিজের ব্যাথা,দুঃখ কাউকে সে প্রকাশ করতে পারে না। যে বেদনা বাইরে প্রকাশ করা যায় না সেটা যে তিলে নিজেকে ক্ষয় করে দিয়ে যায়। রমা ধীরে ধীরে অসুস্থ হয়ে পড়লো। রমা কখনো ভুলতে পারেনি রমেশের প্রতি তার দূর্বলতা প্রতি তার দূর্বলতা এবং শ্রেদ্ধার কথা। নিজের মনোভাব গোপন করার জন্য রমাকে অন্যদের সঙ্গে সায় শুধু জেনে রাখল রমেশ তার শত্রু। এটা যে কত বড় মিথ্যা সে কথা রমার পক্ষে প্রকাশ করা সম্ভব নয়।শুধু জ্যাঠাইমাকে রমা বলেছিল--

"আমার এই একটা সান্ত্বনা জ্যাঠাইমা তিনি ফিরে এসে দেখবেন তার সুখের ক্ষেত্র প্রস্তুত হয়ে আছে। যা তিনি চেয়েছিলেন, তাঁর সেই দেশের চাষাভূষারা এবার ঘুম থেকে উঠে বসেছে তাঁকে চিনেছে, তাকে ভালোবেসেছে এই ভালোবার আনন্দে তিনি আমার অপরাধ কী ভুলতে পারবেন না জ্যাঠাইমা?[৬]

শরৎ চন্দ্রের উপন্যাসে তাঁর বিধবা নায়িকারা সচেতন সংস্কার ও অবচেতন হৃদয়ের দূর্বল প্রেমের দ্বন্দ্বে অসহায় ভাবে পীড়িত। রমেশের প্রতি রমার যে শ্রদ্ধা তা তার প্রেমেরই পরিচয়ক। বিধবা নারী হিসাবে রমা কেবল আত্মবঞ্চনাই করে গেল। কিন্তু এই আত্মবঞ্চনা ও রমেশের প্রতি তার প্রেমেরই এক প্রকার স্বীকৃতি।

তথ্যসূত্র :

১) ডঃ সুবোধ চন্দ্র সেনগুপ্ত,ড:দেবীপদ ভট্টাচার্য,শ্রী গোপাল চন্দ্র রায়, শরৎ রচনা বলী (চতুর্থ খণ্ড) "গৃহদাহ জন্মশত বার্ষিক সংস্করন, নাথ পাবলিশিং, কার্ত্তিক ১৪০০,পৃ:২৭৪

২) তাদের পৃ:২৮৭

২) ড: সরোজ মহোন মিত্র শরৎচন্দ্রের উপন্যাস" 'গৃহদাহ', প্রজ্ঞা বিকাশ প্রকাশনী, প্রথম প্রকাশ বই মেলা, জানুয়ারি ২০১১, পৃ: ৭৫

৩) ড: সরোজ মহোন মিত্র, 'শরৎচন্দ্রের উপন্যাস 'দেনা পাওনা প্রজ্ঞা বিকাশ প্রকাশনী, প্রথম প্রকাশ বই মেলা, জানুয়ারি ২০১১, পৃ: ১০৭

৪) 'শরৎ রচনা সমগ্র,'শ্রীকান্ত (প্রথম পর্ব), প্রথম সংস্করন ১৯৮৫, কামিনী প্রকাশনী,পৃ: ৩৮৫

৫) শরৎ রচনা সমগ্র, 'শ্রীকান্ত (দ্বিতীয় পর্ব), প্রথম সংস্করন ১৯৮৫, কামিনী প্রকাশনী পৃ: ৪৭১

৬) ড: অজিত কুমার ঘোষ, জীবন শিল্পী শরৎচন্দ্র সাহিত্য লোক প্রকাশনী, প্রথম প্রকাশ ফেব্রুয়ারি ১৯৮৪, পৃষ্টা 80

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ :

১) 'শরৎ রচনা সমগ্র । প্রথম সংস্করণ ১৯৮৫ । কামিনী প্রকাশনী।

২) ড. সুবোধচন্দ্র সেনগুপ্ত । ড. দেবীপদ ভট্টাচার্য । শ্রী গোপাল চন্দ্র রায়। শরৎ রচনাবলী (দ্বিতীয় খণ্ড)। প্রথম নাথ পাবলিশিং পুনমুদ্রণ। নাথ পাবলিশিং। কার্ত্তিক ১৪০০

৩) ড. সুবোধচন্দ্র সেনগুপ্ত । ড. দেবীপদ ভট্টাচার্য । শ্রী গোপাল চন্দ্র রায় । শরৎ রচনাবলী (চতুর্থ খণ্ড)। প্রথম নাথ পাবলিশিং পুনমুদ্রণ। নাথ পাবলিশিং। কার্ত্তিক ১৪০০।

সহায়ক গ্রন্থ :

১) ড. অজিত কুমার ঘোষ। 'জীবন শিল্পী শরৎচন্দ্র। প্রথম প্রকাশ ফেব্রুয়ারি ১৯৮৪। সাহিত্য লোক প্রকাশনী।

২) উজ্জ্বল কুমার মজুমদার। 'শরৎচন্দ্রের শ্রীকান্ত। প্রজ্ঞাবিকাশ প্রকাশনী। ২০১২।

৩) দেবেশ কুমার আচার্য্য। 'শরৎচন্দ্রের গৃহদাহ । সাহিত্য সঙ্গী প্রকাশনী। ২০০৯।

৪) ধ্রুবকুমার মুখোপাধ্যায়। 'শরৎচন্দ্রের দেনাপাওনা । সাহিত্য সঙ্গী প্রকাশনী। ২০১২।

৫) ড. সনাতন গোস্বামী। 'পল্লীসমাজ। প্রজ্ঞাবিকাশ প্রকাশনী। ২০১১। ৬) শ্রী সুভেদ চন্দ্র সেনগুপ্ত। 'শরৎ সমালোচনা সাহিত্য । চতুর্থ সংস্করণ। দে'জ ২০১১

৭) ড. মিত্র। 'শরৎ চন্দ্রের উপন্যাস। প্রথম প্রকাশ বইমেলা জানুয়ারি ২০১১। প্রজ্ঞাবিকাশ প্রকাশনী।

9

মল্লিকা সেনগুপ্তের কবিতায় নারী ভাবনা

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
নিপা বিশ্বাস (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

প্রবল গতির একবিংশ শতাব্দীতে পরিসরের চর্চার মাঝে দৈনন্দিন খবরের কাগজ তুলে আনে নারী অবমাননার লাঞ্চিত দিনলিপি। খবরের আড়ালে রয়ে যায় লাঞ্চনা অপমানের বিস্তৃত ভূগোল। নারীর শ্রমের মুল্য কেউ কখনো স্বীকার করে না, আবার চেতন-অচেতনে নারীকে পণ্য করে তোলার পুরুষতন্ত্রের ষড়যন্ত্রের শেষ নেই। নারীকে একাধারে কল্যাণময়ী মাতৃসত্তা রুপীনি বলেছে আবার তাকেই শোষন করতে উদ্ধত হচ্ছে।

কবি মল্লিকা সেনগুপ্তের কবিতায় দেখা যাবে ভুলে যাওয়া, উপেক্ষিত, ইতিহাস বিলুপ্ত এই সব মেয়েদের সুখ-দুঃখ, আশা-আকাঙ্ক্ষা, বিশ্বাস ভঙ্গ নিগ্রহ যন্ত্রনার অভিব্যক্তি। কবির কবিতায় নারীর জীবন চিত্রের অনুসন্ধান করাই আমার গবেষণার প্রধান কাজ। মল্লিকা সেনগুপ্তের কবিতায় আমরা দেখব সকল নারীবাদী ভাবনার প্রতিফলন। তাঁর লেখনি সম্পর্কে তিনি নিজেই মন্তব্য করে জানালেন-

"ইতিহাসের ছাই এবং ভস্মের মধ্যে নারী নামক যে আগুন চাপা পড়ে আছে, আমি তার ভাস্যকার, আমি আগুনের আত্মকথন, আমি কান্না পড়ি, আগুন লিখি, নিগ্রহ দেখি, অঙ্গার খাই, লাঞ্চিত হই, আগুন লিখি, আগুনের কথা কেউ সহজে মেনে নিতে পারে না, আমাকে ও পারেনা,মেয়েদের মুখ থেকে কঠিন কথা শুনতে অনেকে অস্বস্তিতে পড়েন, তাদের সঙ্গে প্রায়ই দেখা হয়।" (শ্রেষ্ঠ কবিতা মল্লিকা সেনগুপ্ত)

মল্লিকা সেনগুপ্তের কবিতায় নারী হৃদয়ের আর্তি দেখা যাবে, নারীর জীবন চিত্রের নানা বর্ননা পাব যা প্রতিটি নারী হৃদয়ের অভিব্যক্তি, যা আমাকে তাঁর কবিতার প্রতি উৎসাহী করে তোলে। আর তাই আমার এই ভাবনাকে কাজে লাগিয়ে আমি আমার অনুগবেষনার কাজটি করবার সাহস দেখিয়েছি।

নারীর সামাজিক জীবন বৃত্তান্ত:বাংলা সাহিত্যের এক অসামান্যা নরীবাদী লেখিকা মল্লিকা সেনগুপ্ত। পুরুষ তান্ত্রিক সমাজে নারীর অবস্থান, তার জীবন বৃত্তান্ত কে তুলে ধরতেই যেন লেখিকা কলম ধরলেন। কবির কবিতা ভুলে যাওয়া উপেক্ষিত, ইতিহাস বিলুপ্ত এইসব মেয়েদের সুখ-দুঃখ, আশা-আকাঙ্ক্ষা বিশ্বাস ভঙ্গ নিগ্রহ যন্ত্রনার অভিব্যক্তি। এছাড়া পুরুষতন্ত্রের হাতে লাঞ্চিত হয়ে এসেছে মেয়েরা যুগে যুগে এদেশে

কিংবা বিদেশে। বীর ভোগ্যা বসুন্ধরা এই পিতৃতান্ত্রিক আপ্তবাক্যটি আর আজকের দিনেও খুব একটা পাল্টায়নি।নারী আজও আপনা মাংসে আপনা বৈরী।

পুরুষ তান্ত্রিক অহং এর জন্যই বিপর্যস্ত হচ্ছে নারী জীবন। নারীর সহনশীলতাকে গুরুত্ব না দিয়ে নারীমেধ যজ্ঞে নেমেছে পুরুষ তান্ত্রিক সমাজ। পুরুষের ভোগের বৃত্তে আনার তাগিতে নারীর গায়ে নষ্ট মেয়ের ছাপ, ডাইনি অপবাদ গনধর্ষন-এর প্রেক্ষিতেই বিশ শতকের আটের দশকে বাংলা কবিতার ক্ষেত্রে নারীর এই আশা-আকাঙক্ষা স্বপ্ন আর স্বপ্ন ভঙ্গের সাতকাহন নিয়ে কবি মল্লিকা সেনগুপ্তের আবির্ভাব । জীবনের প্রথম বর্নমালা 'মেয়েদের অ আ ক খ তে মেয়ে জীবনকে কোন ঠাসা করে রাখে পুরুষ সমাজের কাঠামো।"[১]

পিতৃতান্ত্রিক সমাজে নারীর স্থান নির্দেশ প্রসঙ্গে কলির ধর্মশাস্ত্র হিসাবে নির্দিষ্ট 'মনু সংহিতা-য় বলা হয়েছে-

"নাস্তি মীনাং ক্রিয়া মন্ত্রৈরিতি দর্মে ব্যবস্থাতিঃ নিরস্ত্রিয়া হ্যামগ্রাণ্ড থ্রিয়োহনুত মিতি স্থিতি:।"[২]

কবি দেখিয়েছেন ভারতবর্ষে পুরুষ সমাজে নারীর স্থান রূপকথার দুয়োরানির ন্যায়, 'মেদেয়ের অ আ ক খ' কাব্যগ্রন্থের 'দুয়োরানি' কবিতায় আমরা দেখি কবি ইংল্যাণ্ডের রাজকুমারী ডায়নার মর্মান্তিক মৃত্যুর ঘটনার অনুসঙ্গে সমাজের পিতৃতান্ত্রিক তার কুফলটিকে চিনিয়ে দিতে চেয়েছেন। ডায়না রাজপরিবারের অনেক অর্থ প্রতিপত্তির মধ্যে থেকেও বহু জনতার মাঝে যেন সে একা। তাঁর বিবাহ ছিল বিচ্ছেদের দয়িত ছিল অন্যের স্বজন পরিজন কে আঁকড়ে ধরতে চাইলেও মনে দুস্তর ব্যবধান রেখে তারা দূরে সরে গেছেন।রূপের হাটে পুরুষের বর্বরতা কেবল মূল ধনী মানসিকতায় কেনা বেচা করেছে তাঁকে। তাই বেড়েছে একাকিত্ব আর তিমির বিলাসী দুঃখ

"যতই তার রুপের খ্যাতি পণ্যযশ বাড়ে ততই মেয়ে একলা হয়,দুঃখি বারে বারে"।[৩]

কিন্তু বিশ শতকীয় নারী হিসাবে শেষ পর্যন্ত জীবনের সমস্তটাকেই ভবিতব্য বলে মানতে চায়নি ডায়না। জীবনের অতীতকে পিছনে ফেলে বাঁচতে চেয়েছে সে। অতৃপ্ত প্রেমের জন্য হন্যে হয়ে খুঁজে বেড়িয়েছে,

কখনো মানুষের সেবায় নিজেকে বিলীন করে দুঃখকে ভুলতে চেয়েছে। আবার কখনো পনা দুনিয়ার হৃদয়হীন মিডিয়া ট্যাবলয়েড এ কাটানো সময়। কিন্তু এই বিদ্ধ বিহগুগীর এ যন্ত্রনা কে বোঝেনি পুরুষ তান্ত্রিক সমাজ বোঝেনি কেউ কখনো,তাইতো তাঁর সামাজিক পরিচিতি 'পুরুষ ধরা'[৪] এই সমাজের চোখে সে উৎশৃঙ্খল। এই পিতৃতান্ত্রিক সমাজ আজও মানতে চায়না নারীর সমকামিতাকে প্রেমের দাবিকে অকপট যৌন স্বাধীনতাকে, আজও অসবর্নে কিংবা নিজের স্বাধীন পছন্দে বিয়ে করলে নেমে আসে

শান্তির করাল খাঁড়া, তবে ডায়না এ সবের বিরুদ্ধে যেন এক বিদ্রোহের প্রতীক স্বরূপ। পুরুষ তান্ত্রিক সমাজের স্বার্থের পরিপন্থি ছিল ডায়নার সকল কথা ও কাজ, তাই তো--

"দুয়োরানির ছবির নাম মৃত্যু কিনে নিল মেয়েটি শুধু নিজের যত বাচতে চাইছিল।[৫]

এ মৃত্যু আত্মহনন নয়, এক প্রতিবাদী কণ্ঠস্বরকে দামিয়ে রাখবার রাষ্ট্রীয় তথা পরিবার প্রয়াস মাত্র। কিন্তু যেহেতু আজকের দিনে ভেঙেও ভাঙে না নারী। নারীর মধ্যে এভাবেই ঘটে যায় ব্যক্তিদের এক উদবর্তন। অবলা থেকে সবলা ঘরের মেয়ে থেকে 'বিশ্বের মেয়ে' হিসেবে তার আত্মপ্রকাশ ঘটে। সে কেবলমাত্র পুরুষের আদিম রূপকথার নায়িকা হয়ে থাকতে চায়নি। সে কেবল মাত্র পুরুষের যৌন কাতরতার আশ্রয় হয়ে থাকতে চায়নি।নারীর সহনশীলতাকে পুরুষতান্ত্রিক সমাজ কখনোই মূল্য দেয়নি। বরং রাষ্ট্র ব্যবস্থাকে হাতিয়ার করে। নারীমেধ যজ্ঞে মেতেছে তারা। তাইতো কবি ব্যাগ করে 'আগুন' কবিতায় লিখছেন-

"ডেকাচিতে ঢিমে আঁচে তরুনীর মাংস করুন দাউদাউ আগুনের মধ্যে থেকে সিঁদুরের টিপ একটি কাজল চোখ ভাসলেও টাকার বাণ্ডিল ছুঁড়ে রুখে দিল পুলিশের জিপ"।[৬]

একুশ শতকীয় পণ্য সভ্যতার মেয়েরা আজও পণ্যের নামান্তর মাত্র, কালো মেয়েকে পাত্রস্ত করতে লাগে মোটা টাকা পণ, আর সেই পণের বলী হতে হয় আমাদের সমাজের মেয়েদের । আর এটাই হল ভবিতব্য আর তখন ঠাকুর ঘরে বসে পিতৃতন্ত্রের প্রতিভু লেখেন ----

"এ মেয়েকে জলজ্যান্ত রাখা খুব মুশকিল ছিল। ভাগ্যবান ছেলে তাই বউটাকে আগুনে সঁপিল।"[৭]

আমাদের দেশের নারীরা এভাবেই প্রতিনিয়ত প্রতিমুহুর্তে নানা অন্তর্ঘাতের শিকার হয়ে চলে। আর আমাদের দেশের আইন ব্যবস্থা যেখানে নিশ্চল। যেখানে রক্ষক হয়ে দাড়ায় ভক্ষক বিচারকে যেন এক বাণ্ডিল টাকা ছুঁড়ে মুখ বন্ধ করে রাখা হয়। এটাই তো আমাদের দেশের নিয়ম শৃঙ্খলা যাই বলুন।

'মেয়েদের অ আ ক খ য়' কবি দেখিয়েছেন পিতৃতান্ত্রিক সমাজের শিক্ষিত মানুষেরা পাঠ করছে নারীর জীবনের বর্নমালা। আর এখানে ছোট বেলার আওড়ানো বর্নমালার থেকে সম্পূর্ন অংশে ভিন্ন। যেখানে অহংপূর্ন পুরুষ তান্ত্রিকসমাজে পুরুষের চেতনার বোধবুদ্ধি বিচার করেছে নারী জীবনের অর্থ কী-

"অ-অর অজগর আসছে তেড়ে
ছোট মেয়ের স্বপ্ন ঘোরে ।
আ-আমার তোমার সবার চোখে

মহালসাপের মতন ও কে?
ই- ইঁদুর ছানা ভয়েই মরে
ধর্ষিত সে ভীষন ঝড়ে ।
ই- ঈগল পাখি দ্বিতীয় ভয়
থানা পুলিশ কোর্টে রয়
ঋতু বেলায় অশুচি নারী
অন্য সময় ঠেলবে হাঁড়ি
৯-৯ ন কার কেমন ডিগবাজি খায়
লুপ্ত হওয়ার লাজ শঙ্কায়;
ক-কন্যাশিশুর বিপদ বাড়ছে
যৌতুক যত সীমানা ছাড়ছে
খ- খনার জিভ বাতাসে নড়ে
মুখ ফোটেনা সাতাশ চড়ে
গ-গণিকালয় কারা বানায়
ভিয়েত নামে হাড়কাটায়?
জ-জরায়ু যার বাচ্ছা তার
আধাফসল থাক পিতার
ধ-ধর্মের কল পুরুষ নাড়ে
ধর্ম ছুঁড়ে ভীষন মারে
ন-নারীবাদের একুশ শতক
মেয়েরা চায় নিজস্ব হক
ব-বিবাহ মানে সারাজীবন
ভাঙাগড়ায় অবগাহন
য-যোনি আমার উপনিবেশ
শিব ঠাকুরের আপন দেশ
ং-ং টি ক্লোনিং শাবক
জনক হীনের জনাক
ঁ- চন্দ্রবিন্দুর সংবিধান
অর্ধনারীশ্বরের গান"

এখানে পিতৃতান্ত্রিক সমাজে নারীর অবস্থান সুস্পষ্ট হয় 'ডাইনি' কবিতাতেও আমরা দেখি নারী মাংস লোভী পুরুষের ঈর্ষা হিংসার হাত থেকে বাঁচতে নারীকে ডাইনি অপবাদ নিয়ে দেশান্তরী হতে হয়েছে, কিম্বা মৃত্যু কে বেছে নিতে হয়েছে। অসহায় নারীকে এই বিপর্যয়ে সাহায্যের হাত বাড়িয়ে দেবে তেমন মানুষের সাহস কজনেরই বা থাকে তাই-

"ঈর্ষা হিংসা লোভের চিহ্নে
কে তোকে খারাপ গড়ল
রূপকথার ঐ বুড়োটা
নাকি ও গায়ের মুখিয়া-
এক ঘরে করো পিটিয়ে তাড়াও
বিষভরা ওর নজরে
বাচ্ছা মরল ফসল গুলো
চিৎকার ওঠে সজোরে
কার কাছে মেয়ে বিচার চাইবে
পার্টি পুলিশ জনতা
মহাশ্বেতা বা মেধা পাটকর
কতটুকুই বা ক্ষমতা।"[৮]

আর তাই আজও রক্ষকই হয়ে ওঠে ভক্ষক। বীরভূমের সালিশি সভায় মোড়লেরই নির্দেশে আদিবাসী তরুনীর উপর সারারাত চলে গনধর্ষন। আর সত্যিই তো যে সমাজে টিউবলাইটের মতো জ্বলে দৈত্যদের দাঁত, সেই কামড় থেকে পালিয়ে যওয়া ছাড়া উপায় থাকে না।

কারন সন্তানের প্রতি স্নেহ, ভলোবাসা মমত্বের বন্ধনকে ছিঁড়ে ফেলার নির্মমতাকে মায়ের প্রাণ প্রশ্রয় দিতে পারে না, পরিবার তন্ত্রের মোহ তার সত্তার গভীরে, তার জালকে ছিন্ন করা অত সহজ নয়। আর আজও আমাদের কত মেয়েকে এই কে ডাইনি অপবাদ দিয়ে পিটিয়ে মারা হয়, গ্রামছাড়া করা হয় এই তো আমাদের সমাজের চিত্র। মল্লিকা সেনগুপ্তের নারীরা পারেন না সন্তান স্নেহের মোহকে কাটিয়ে ভিনগ্রহে বসতি বানাতে। তারই উদাহরন- 'মা বলল শিশুকে' কবিতার মধ্যে পাই। মাতৃ স্নেহ কি রকম হয় তার প্রমানও আমরা পাই। আবার কোথাও সন্তান, স্বামীর ভলোবাসাই যেন নারীকে সকল অত্যাচারকে সহ্য করবার রশদ জোগায়। আর শত অত্যাচারকে সহ্য করেই বেঁচে থাকতে চেয়েছে মল্লিকা সেনগুপ্তের নারীরা। কিন্তু একটাই প্রশ্ন এই নারীরা কিছু পেয়েছে? কী পেয়েছে তার উত্তর সূরিরা?

"সে দেখত সারারাত রক্ত ঝরে পড়া
পাশের জানলা থেকে রাত্তিরের চোখ
জ্বলজ্বল করে ওঠে লোকটা দড়াম লাথি মেরে।
বন্ধ করে দিয়ে বলে প্রাইভেসি
চাই প্রাইভেসি বউকে মারছ কেন? জানলা চেচায়, আমার ছাগল আমি আগা কাটবনা পাছা আমাকে ভাবতে দিন লোকটা বলল"[৯]

আর এই সমাজে বিচার চাইতে গেলে বলে নিজের ঘরের ঝামেলা নিজের ঘরে গিয়ে মেটান। আবার বাড়ির আত্মীয় স্বজন কে জানালে বলে-সহা করো স্বামীর ঘরই মেয়েদের আসল জায়গা। তখন কোথায় যাবে সে? এটাই তো আমাদের বাস্তব সমাজের করুন চিত্র।

মল্লিকা সেনগুপ্তের 'মেয়েদের অ আ ক খ' কাব্য গ্রন্থটি বিষয় ও আঙ্গিকের এক অনবন্ধ মেলবন্ধন হয়ে উঠেছে, পুরুষতান্ত্রিক সমাজের বিরুদ্ধে প্রতিবাদী নারী কণ্ঠের জাগরন ঘটেছে এই কাব্য মধ্যে। তবে এখানে পুরুষকে শত্রু রূপে নয় বন্ধু রূপে পাশে পেতে চেয়েছে।

।।২ ।।

পুরাণ-ইতিহাসের প্রতিবাদী নারীকণ্ঠ:মল্লিকা সেনগুপ্তের কথামানবী' এক অনবদ্ধ সৃষ্টি। যেখানে নারীর অধিকার বঞ্চনা, ইত্যাদির বিষয়। আবার কোথাও একটা স্বাতন্ত্র্য ও স্বাধীনতার লড়াই কখনো তা এসেছে পুরান ইতিহাসের অনুসঙ্গে আবার কখনো তা সমকালীন ঘটনার অনুসঙ্গে, 'কথামানবী' তে 1200 লাইনের আত্মকথন। কিন্তু এই আত্মকথন কাদের? মল্লিকা লিখলেন শৌর্যবীর্যের গল্পে ভরা ইতিহাস বইয়ের তলায় মেয়েদের যে গহন কাহিনি চাপা পড়ে আছে কথামানবী তারই ভাষ্যকার। কথামানবী সেই নারী যে যুগান্তের অপমান আর অবহেলার পরেও ভালবাসতে পারে করতে পারে যে নতুন জন্ম নিয়ে ফিরে ফিরে আসে দ্রোপদী, গঙ্গা, সুলতানা, রিজিয়া, মাধবী, মেধা, পাটকার মালতী মুদি, শাহবানু বা খনার মধ্য দিয়ে যে হেঁটে চলে যুগ থেকে যুগান্তরে মিশে থাকে প্রতিটি ভারত কন্যার রক্তে, যে ইতিহাস এবং অনাগত, একক এবং সহস্র অশ্রু, এবং আগুন, যার শেষ কোথায় তা কেউ জানে না।

নারীর বেদনা ও বঞ্চনার ইতিবৃত্তের কোলাজে এই নারীরা হলেন কখনো পৌরানিক 'দ্রৌপদী জন্ম কখনো সমকালীন 'শাহবানুর জন্য' আবার কখনো বা 'মেধাজ্য' 'খনাজন্ম'। ব্যক্তিগত পর্যবেক্ষন থেকে পুরুষ তন্ত্রের বিরুদ্ধে নারীর লড়াই দখাতে চান তিনি। 'দ্রৌপদী জন্ম' কবিতায় প্রতিবাদী নারী কণ্ঠ দ্রৌপদীর তেজস্বিনী প্রতিবাদ মুখর শব্দধ্বনি।

"স্ত্রী কে পণ রাখবার অধিকার কে দিল স্বামীকে"

পুরুষ শাষিত সমাজে নারীকে সব সময়ই অত্যাচারের শিকার হতে হয়েছে । যেটি যুগ থেকে যুগান্তরে ধাবিত হয়েছে। দ্রৌপদীর ন্যায় আজও কত নারীর শাড়ী খুলে নেওয়া হয় প্রকাশ্যে । তাই সমাজের দ্রৌপদীদের ও প্রশ্ন তারা কি চিরকাল এই অধর্মের বিরুদ্ধে প্রতিবাদ মুখর হয়ে উঠবে না তাই কবি লিখেছেন---

"তোমরা পুরুষ জন বাঁ হাতে নারীকে ঠেলে অন্তরে পাঠাও ডান হাতে তোমারাই গা থেকে কাপড় টেনে খুলে নাও উন্মুক্ত বাজারে

তোমরা বিধান দাও, তোমরাই বোবা হয়ে থাকো।

পুরুষে পুরুষে যুদ্ধ প্রতিশোধ রমনীর শ্লীতাহানিতে

খলিত বসনে সভা ঢেকে গেল, ----- ধিক কুরু বৃদ্ধ গন ধিক ঠুটো জগন্নাথ ভারতবাসীকে ১০ আপনারা চুপচাপ বসে দেখলেন এই অধর্মের জয়।"[১০]

পুরাণ - ইতিহাসের পথ বেয়ে নারী ও নারীত্বের সব অপমান ভারের বিরুদ্ধে মল্লিকার বিজয় কেতন পুরুষের প্রতি ধিক্কার দিয়ে দ্রৌপদী বলেন- হে পুরুষ গন তোমরা নারীর রূপ দেখলেই কেন তোমরা তাকে পেতে চাও ? কেন তার শাড়ী খুলতে চাও? তার মুখ কেন কালো করতে চাও? আবার তোমরাই বলো দ্রৌপদী বেশ্যা কারন তার বহু পতি তবে তুমি কী? তুমি ও পুরুষ বেশ্যা। তোমার বিছানায়ও তো আছে বহু স্ত্রী লোক। তাহলে তোমার ক্ষেত্রে এক নিয়ম আর আমার ক্ষেত্রে আরেক নিয়ম কেন? তবে একটা কথা শোন তোমাদের ওই ছাইপাশ বিধি নিষেধের যার আমি ধারিনা। আমি যখন তোমাদের কে প্রশ্ন করি তোমরা কেন মুখ লুকাও হে পুরুষ গণ কোনো উত্তর কি আছে তোমাদের কাছে? পৌরানিক কাহিনী অনুসারে রচিত কবিতাখানি।

তৎকালীন সমাজ ব্যবস্থা আর বর্তমান যুগের সমাজ ব্যবস্থার মধ্যে বহু সাদৃশ্য লক্ষ্য করা যায়। সকল অন্যায় অত্যাচারের বিরুদ্ধে দ্রৌপদী যেমন রুখে দাঁড়িয়ে ছিল তেমনই দ্রৌপদী দাঁড়িয়ে ছিল তার অপমান মোচনের জন্য, শেষে আসরে নামেন ধৃতরাষ্ট্র। তিনি বলেন কৃষ্ণা তুমি কী বর চাও বল। তারপর দ্রৌপদী দুটি মাত্র বর চাইল। প্রথম সর্বধর্মাচারী যুধিষ্ঠির যেন দাসত্ব থেকে মুক্ত হন। দ্বিতীয় বরে দাসত্ব মুক্ত হোক বীর শ্রেষ্ঠ ভীমসেন, অর্জুন, নকুল ও সহদেব। শুধুমাত্র কর্ন বললেন দ্রৌপদী দুঃখ সাগরে ডুবে থাকা পাণ্ডবদের নৌকোর মত পার করলেন। এর আগে কোন নারী এরকম কাজ করেছে বলে শুনিনি। দ্রৌপদীর স্বামীরা মাথা নিচু করে বসে থাকলেন।

দ্রৌপদীর ক্রোধ বিস্ফরিত হয়ে উঠল। দ্রৌপদী বলল, হে প্রভু হে কৃষ্ণ তুমি এসেছ

শোন আমার কথা আমার কোনও যুধিষ্ঠির ভীমার্জুন নেই, আমার জীবনে কোন পুরুষ নেই, বন্ধু নেই, পিতা নেই, ভ্রাতা নেই, আমার কোন সমাজ নেই আমার পায়ের মাটি টুকু নেই। হে মধুসূদন তখন তুমিও আমার পাশে ছিলে না, আর যারা নষ্ট হাতে স্পর্শ করেছিল এখনও তারা পৃথিবী জুড়ে দাপটে ঘুরে বেড়াচ্ছে। আমার অপমানে আমার স্বামীরা ঠুটো হয়ে বসেছিল। আমার বেঁচে থাকার দুঃখ ইতিহাসে

আর সেই দিনই হে কৃষ্ণ তোমার স্পর্শে যেন আমার ক্ষতে প্রথম মলম পড়েছিল। হে প্রভু তুমি সেইদিন প্রথম আমার বন্ধু হয়েছিল। সেই প্রথম তুমিই আমার মরুভূমির বালির ন্যায়, তোমার পায়ে আমার সহস্র প্রণাম । আর সেই দিন থেকেই শ্রীকৃষ্ণ দ্রৌপদীর চোখে রীতিমত হিরো হয়ে উঠল। কিন্তু ভাববার এই যে শ্রীরাধিকার জন্য এত ব্যাকুলতা বা ভাবনা তো ছিল না। যেভাবে সখী দ্রৌপদীর জন্য জান লড়িয়ে দিয়েছিলেন কৃষ্ণ সে রকম রাধার জন্য তো করেননি।

ঠিক এই জন্যই তো মুশকিল। বন্ধুরা হুটহাট করে প্রেম নিবেদন করে তা গ্রহন করলেও বিপদ, উল্কার মতো জ্বালিয়ে দেবে আর প্রেম গ্রহন না করলেও তো আরও বিপদ। যাকে ফিরিয়ে দেবে তার পুরুষ তান্ত্রিক ইগো জেগে উঠবে অ্যাসিড বালব ছুঁড়বে। আর এটাই হল সমাজের নিয়ম--- 'নান্দীমুখ' কবিতায় কেবল মাত্র বাংলা প্রথম মহিলার জীভ কেটে নেওয়ার ইতিবৃত্ত শোনা যায়।

"আমি জিভ কেটে নেওয়া খনার বচন
সাগরে পাহাড়ে আকাশে
যুগ যুগ ধরে পথে পথে আমি হাঁটছি
আমি কল্পনা চাওলার থেকে কুন্তী
সীতা থেকে রূপ কানোয়ারে আমি"[১১]

আমি নারী আমি সেই আনারকলির কান্না স্বরসতীর তীর থেকে আমি মেধা পাটকর হয়ে লড়ছি। আমি সেই আদি মানবীর নাভি কুণ্ডলি থেকে সারোগেট জননী, আমিই দ্রৌপদী, আমারই বস্ত্রহরণ চলছে হস্তিনাপুর, হাওড়ায় এখনো আমার মত মেয়েদের বুক ফাটে তবু মুখ ফোটে না। এখনও আমারই গর্ভে কন্যা ভ্রুণ হত্যার রক্ত। আমি সেই যে বুকের ভিতর ভীষন জ্বালা সহ্যকরে আমার দুঃখের কাহিনী শোনাতে এসেছি এই জনতার সভাকক্ষে।

হ্যাঁ আমিই সেই কথামানবী। ইতিহাসের ছাই এবং ভস্মের মধ্যে নারী নামক যে আগুন চাপা পড়ে আছে হে পুরুষ, হে আবহমানের সঙ্গী, যদি তুমি জিজ্ঞেস কর তোমার কাছে কী ব্যবহার আমি আশা করি? তা হলে আমি বলব মানুষের সঙ্গে মানুষের ব্যবহার। আবার 'শাহবানু জন্ম' কবিতায় দেখি আধুনিক নারীর ধর্মতন্ত্র দ্বারা

অত্যাচারের দ্বারা গরিব শোষনের কথামালা। পুরুষ তান্ত্রিক সমাজর চিত্রটি প্রস্ফুটিত হয়--

"শারিয়েতের চাবুক এসে আছড়ে পড়ে আমার ওপর"[১২]

স্বামীর হাতে নির্যাতিতা শাহবানু যে শাহবানু বাইশ বছর ধরে অত্যাচার সহ্য করেছে যার জন্য পুত্র প্রসব আর আজ তার কাছেই জুটেছে লাথি আর তালাক কালশিটে সেই চাবুকের মার। তার কথাই ভাবতে ভাবতে নিজের পায়ে কুড়ুল মারে। তার জন্য কি এত কিছু সহ্য করবার পর কি পেয়েছে শাহবানু ? পেয়েছে বটে সেটি হল তালাক শাহবানু দীর্ঘ বাইশ বছর বোরখা পরে অত্যাচার সহ্য করে শামুক হয়ে ভেতরে গুমরে মরে কাটিয়েছে। কিন্তু হঠাৎ রোদের আলোয় ঝলকানি তে তার অন্ধ চোখ খুলে গেছে। আর সহ্য করা নয় এবার প্রতিবাদের পালা তাই সে কোর্টের দারস্ত হয় খোরপোশের দাবিতে।

কিন্তু তার মুসলিম সমাজ তাকে পরিত্যাগ করে কারন তালাকের পর স্ত্রীর খোরপোশ দেওয়া বা কোর্টে যাওয়া ধর্মবিরুদ্ধ সুতারাং তাকে ধর্মচ্যুত করা হবে। এছাড়া তালাক সুদাবিবি শাহবানুকে খোরপোশ দেওয়আই হাইকোর্ট অর্ডারের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপিল করলেন মহম্মদ আহমেদ খান। তার যুক্তি অনুসারে ইদ্দতের পর তালাক দেওয়া বিবিকে খোরপোশ দেওয়া শরিয়ত বিরোধী। সুতরাং মুসলিম পারসোনাল ল-এর বিরুদ্ধে গিয়ে হাইকোর্ট কোনও মুসলিম পুরুষকে খোরপোষ দিতে বাধ্য করতে পারেনা।

সুপ্রিম কোর্ট বললেন তালাক দেওয়া বিবির যদি নিজের খরচ চালানোর সংস্থান থাকে তা হলে প্রাক্তন স্বামীর খোরপোশ দেওয়ার কোনও দায় থাকবে না। কিন্তু বিবির যদি নিজের খরচ চালানোর সংস্থান না। থাকে, তাহলে হাই কোর্টের আদেশ মত প্রিভি কাউন্সিল, সেকশন ১২৫ অনুসারে বিবিকে খোরপোশ দিতে বাধ্য। থাকবেন মুসলিম পুরুষ।

এরপরই দেশ জুড়ে প্রবল বিরোধীতায় আগুন জ্বলে উঠল মুসলিম সমাজে মোল্লাতন্ত্র ঝাঁপিয়ে পড়ল খেপে উঠল পুরুষ তান্ত্রিক সমাজ, কিছুতেই দেব না আমরা কিন্তু শেষ পর্যন্ত জয়ী হতে পারেনি তারা। জয়ী হয়েছিল শাহবানু। তার মুখ থেকে আমরা শুনি।

"সুপ্রিম কোর্ট তোমাকে সালাম
 আমার লড়াইয়ে পাশে দাঁড়িয়েছে"[১৩]

মেয়েদের চরিতার্থতা শুধুমাত্র পুরুষের সেবায় নয়, সন্তান পালনে নয় সে সত্য সমাজ আর কবে বুঝবে? নারীর পরিচয় তার স্বতন্ত্র অভিজ্ঞান ও আত্মমর্যাদায়। তাইতো

শাহবানু খোলশ প্রতিবাদী সত্ত্বা নিয়ে উঠে আসে মল্লিকা সেনগুপ্তের কবিতায়।

ভারতবর্ষের মেয়েরা কখনো কোনদিন রাজা হয়নি। প্রজাও হয়নি। হয়েছে তবে কি রাজার বউ আর প্রজার বউ। কখনো সে সুয়োরানী দুয়োরানী আবার কখনো সে ঘুঁটে কুড়ানি। শুধু একবার রাজা হয়েছিলেন। মাত্র কয়েকদিনের জন্য সুলতানা রাজিয়া। সমাজ কি তাকে মেনে নিয়েছিল? না মেনে নেয়নি মেনে নিলে হয়ত ভারতবর্ষের ইতিহাস একটু অন্যরকম ভাবে লেখা হত। আজ দেশ স্বাধীন হওয়ার বহু বছর কেটে যাওয়ার পরও এ সমাজে নারীদের অন্য রকম দেখা হয়। আজ দেশ স্বাধীন হওয়ার বহু বছর পরও এ সমাজে নারীদের কি পুরুষের ন্যায় সর্বক্ষেত্রে সমান অধিকার আছে? যেমনটি দেখা যায় 'রাজিয়া জন্মে'।

পুরুষেরা দিন শুনতে থাকে রাজিয়া কাকে বিবাহ করবে। কে পাবে রাজত্ব, কে হবে মালিক এ সকল চিন্তায় বিভোর হয়ে ওঠে পুরুষ সমাজ। একদিন খাস দরবারে আলো করে দাঁড়ায় ইয়াকুত জালাউদ্দিন তার সঙ্গে বাধা পড়ে রাজিয়ার মন। রাজিয়ার খাস বাদী ধর্ষিত হয় এবং সে মারাও যায়। শেষ পর্যন্ত ছড়ায় বিদ্রোহ, ইতিমধ্যে ইয়াকুতকে আলতুনিয়া আঘাত করে নিবেদন করে প্রনয় তার একমাত্র লক্ষ্য ছিল সিংহাসন যেখানে রাজিয়া প্রতারিত হয়ে সিংহাসন চ্যুত হয়। এ কোন সমাজ যেখানে মানুষকে সুস্থ ভাবে বাঁচবার বোধহয়। অধিকার নেই । তাই রাজিয়ার প্রশ্ন-

"বাপজান এ কোন দেশে
রেখে গেল এই বেটিকে"[১৪]

পুরান-ইতিহাসের পথ বেয়ে নারীও নারীত্বের সব অপমান ভারের বিরুদ্ধে মল্লিকার বিজয় কেতন 'কথামানবী' কাব্যটি মহাকাব্য ইতিহাসের গর্বিত সড়ক থেকে মল্লিকা চরন করেছন সেই সব নারীদের যারা বিভিন্ন সময়ে শোষিত, অপমানিত হয়ে তার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। আর আগুনে বারুদ হয়ে উঠল মেধা, সীতা রূপ কানোয়ার আনারকলি, মেধা পাটেকর, দ্রৌপদী, রূপায়ন নারী প্রমুখরা। কবি পৌরানিক কাল থেকে সমকালের নারীর যন্ত্রনার যাপিত চিত্র একটা সংগীতের সুরের সংহতির মতো ছড়িয়ে আছে কবিতা গুলির মধ্য।

তথ্যসূত্র :

১। অষ্টাদশ শ্লোক, সপ্তম অধ্যায়, মনুসংহিতা, তুলিকলম ১৯৯৯,

২। মল্লিকা সেনগুপ্ত, 'দুয়েরানি, মৈয়েদের অ আ ক খ, কবিতা সমগ্র, অন্যান্য; ২০১৩, পৃষ্ঠা সংখ্যা- ৫৪,

৩। তদেব, পৃষ্ঠা সংখ্যা- ৫৪,

৪। মল্লিকা সেনগুপ্ত, আগুন, মেয়েদের অ আ ক খ কবিতা সমগ্র' আনন্দ, ২০১৩, পৃষ্ঠা সংখ্যা-৫৮

৫ ।তদেব, পৃষ্ঠা সংখ্যা-৫৮

৬। মল্লিকা সেনগুপ্ত, "মেয়েদের অ আ ক খ, মেয়েদের অ আ ক খ, "কবিতা সমগ্র: আনন্দ, ২০১৩, পৃষ্ঠা সংখ্যা-৭৬

৭। মল্লিকা সেনগুপ্ত, ডাইনি, মেয়েদের অ আ ক খ, কবিতা সমগ্র' আনন্দ, ২০১৩, পৃষ্ঠা সংখ্যা - ৬৭

৮। মল্লিকা সেনগুপ্ত, 'মেয়েটির রোদের পথে, মেয়েদের অ আ ক খ, কবিতা সমগ্র, আনন্দ, ২০১৩, পৃষ্ঠা সংখ্যা-৬৭

৯। মল্লিকা সেনগুপ্ত, 'দ্রৌপদী জন্য, কথামানবী, আনন্দ, পৃষ্ঠা সংখ্যা- ৮৩,

১০। তদেব, পৃষ্ঠা সংখ্যা- ৮৫

১১। মল্লিকা সেনগুপ্ত,'নান্দীমুখ,"কথামানবী, আনন্দ, পৃষ্ঠা সংখ্যা- ৮১

১২। মল্লিকা সেনগুপ্ত শাহবানু জন্য, 'কথামানবী, আনন্দ, পৃষ্ঠা সংখ্যা- ১০২

১৫। তদেব, পৃষ্ঠা সংখ্যা- ১০৫

১৪। মল্লিকা সেনগুপ্ত, 'রাজিয়া জন্য, কথামানবী, আনন্দ, পৃষ্ঠা সংখ্যা- ১২,

ঋণ স্বীকার:

আকরগ্রন্থ

১) মল্লিকা সেনগুপ্ত। কবিতা সমগ্র। আনন্দ পাবলিসার্স কলকাতা। ২০১৩।

২) মল্লিকা সেনগুপ্ত। 'শ্রেষ্ঠ কবিতা দেজ পাবলিশিং কলকাতা। ২০০৩ মাঘ। ১৪০১ পরিবর্ধিত নতুন সংস্করন। আগস্ট ২০১২ শ্রাবন ১৪১৯।

সহায়ক গ্রন্থ

১) সিমোন দ্যা কেভেয়ার ।"দ্বিতীয় লিঙ্গ অনুবাদঃ কঙকর সিংহ। র‍্যাডিক্যাল। কলকাতা ২০১১।

২) তপোধীর ভট্টাচার্য। নারীচেতনা মননে ও সাহিত্যো পুস্তক বিপনি। কলকাতা। জানুয়ারি ২০০৭।

৩) মল্লিকা সেনগুপ্ত। স্ত্রী লিঙ্গ নির্মা প্রথম সংস্করন। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড কলকাতা। ১৯৯৪।

৪) রবীন্দ্রনাথ ঠাকুর। কাব্যঃ 'স্পষ্ট ও অস্পষ্ট' সাহিত্য। 'জন্মশতবার্ষিকী সংস্করন খণ্ড ১৩। পশ্চিমবঙ্গ সরকার। ২৫ শে বৈশাখ।১৩৬৮

৫) সুদীপ বিশ্বাস। সম্পাদক। কবিতা এই সময় প্রিয়কথা প্রকাশনী কলকাতা। ২০১৫

10

বাংলা ছোটগল্পে শ্রমিক জীবন

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রিথী রায় (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

নিপীড়িত শ্রমিকদের জীবনচিত্র-শ্রমিকদের অতিস্বল্প বেতনে নানা দুঃসহ পরিস্থিতিতে চরম দুর্দশার মধ্যে কাজ করতে হত । তারা ছিল নানা ধরনের অত্যাচার, নিপীড়ন ও শোষণের শিকার । উনিশ শতকের দ্বিতীয় ভাগে বিভিন্ন শিল্পে নিয়োজিত শ্রমিকদের দৈনিক ১৫-১৬ ঘন্টা কাজ করতে হত । মাঝে মাঝে তা ১৮ ঘন্টাও হতো । তাদের বাসস্থান ছিল অস্বাস্থ্যকর এবং জীবনযাত্রার মানও অত্যন্ত নিচু শিশু বা নারী শ্রমিকদেরও মুক্তি ছিল না । ১৪ বছরের কমবয়সী শিশুদেরও ১০ ১৪ ঘন্টা খাটানো হতো এমনকি ৭ বছরের কমবয়সী শিশুদেরও এ ধরনের পরিশ্রম করতে হতো। শ্রমিকদের মজুরি অতি সামান্য পরিমাণে দেওয়া হতো।

নিপীড়িত শ্রমিকদের অবহেলিত জীবনচিত্র, বলা ভালো নিয়তির অমোঘ নিয়মে আক্রান্ত শ্রমিকদের জীবনচিত্রের কথা যেসব নির্বাচিত ছোটগল্পকারের গল্পে ফুঁটে উঠেছে-

১. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় - 'ঘাসের ফুল'

২. কমলকুমার মজুমদার - 'বাগান কেয়ারি'

৩. সমরেশ বসু- 'জলসাা'

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় : ' ঘাসের ফুল'-

প্রথমেই আলোচনার দাবি রাখে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ঘাসের ফুল। গল্পটি ছোটগল্পের পটভূমি রাণীগঞ্জের কয়লাখনি অঞ্চল । কয়লাখনির শ্রমিকেরা যে অত্যাচার ঘাসের ফুল নিপীড়নের শিকার হয়েছে তার অতুলনীয় নিদর্শন ' ঘাসের ফুল' ছোটগল্পটি। বিলাশপুর অঞ্চলের সাঁওতাল গোত্রের কুলি কামিন চুড়কীর ঘটনা ও অগ্নিগর্ভে অন্ধকারে শ্রমিকদের রুদ্ধশ্বাস সংগ্রাম। অসহায় জীবনচিত্রের কথা ফুটে উঠেছে শুরুতেই জানা যায়। রাণীগঞ্জ টাইলে ছাওয়া উত্তর- দক্ষিণে - লম্বা বাংলোটা কলিয়ারীর আপিস। কলিয়ারীর অফিসের লেবার রেজিস্টার বিনোদ সুগায়ক । কলিয়ারীর মেয়ে চুড়কী সাঁওতাল তাকে ভালোবাসে হঠাৎ একদিন কলিয়ারীর খনির খাদে আগুন লাগে। যে কোনো মুহূর্তে সমস্ত কলিয়ারি চিরদিনের জন্য ধ্বংস হতে পারে । একমাত্র উপায়

পনেরো নং গ্যালারির মুখ বন্ধ করা। ম্যানেজার অতুলকে বলে পনেরো নং গ্যালারির মুখ বন্ধ করার জন্য যাতে আগুন বেশিমাত্রায় ছড়াতে না পারে । একজন বড় মাপের ইঞ্জিনিয়ার যা নেয় অতুলও সেই বিনিময়ে রাজি হয় । কিন্তু কুলিরা কেউ নামতে চায় না। বলে-

" বিনা দম নিয়ে আমরা মরে

যাব বাবু। উ আমরা লারব।"[১]

তখন অতুল তুলি শ্রমিকদের বলে দুটাকা করে হাজরী দেওয়া হবে, চার ঘণ্টা কাজ। তারা যেনো কাজ করে। কুলিরা খনিগর্ভে নামে এবং একটানা কেজ ওঠানামা করতে থাকে। ধোঁয়ার পরিমান বৃদ্ধি পেতে থাকে, ফলে -

"একজন বাবু একটি কুলি ও একজন কামিনকে লইয়া নামিল। মেয়েটির বুকে বাধা ধরিয়া শ্বাস লইতে কষ্ট হইতেছে। অক্সিজেন সিলিণ্ডারের চাবি আলগা করিয়া দিয়া টিউবটা মেয়েটির নাকের কাছে ধরিয়া ডাক্তার বলিল - ভয় নাই।"[২]

ধোঁয়ার পরিমাণ প্রচণ্ড বৃদ্ধি পাওয়ায় বিনোদের কষ্ট হয়। এই গ্যালারির মুখ থেকে একটু সরে দাঁড়াতেই চূড়কী বিনোদের চোখ চেপে ধরে এবং বিনোদ তাকে দূরে ঠেলে দিয়ে নিজেকে মুক্ত করে। কাজ প্রায় শেষ হয়ে আসে এবং কেজ ওঠানামা করতে থাকে। এমন সময় কেজ ছিঁড়ে যায় এবং কেউ একজন বলে -

"ঘন্টি মারো টালোয়ান, ঘন্টি মারো জলদি। পাঁচ আদমি গির গিয়া।[৩]

সবশেষে পনেরো নং গ্যালারির মুখ বন্ধ করা হচ্ছিল তখন বিনোদ অতুলকে বলে গাঁথনি ভাঙো ভিতরে লোক আছে। সেই সময় অতুল বিনোদের মুখ চেপে ধরে। বলে 'গেট আউট' - এই ঘটনায় চুড়কীর মর্মান্তিক, নিপীড়িত হবার জীবনচিত্র ফুটে উঠেছে। বিনোদকে তখন সেখান থেকে ওপরে চলে যাওয়ার নির্দেশ দেয় অতুল । ইংরেজিতে একটি চিরকুট লিখে ক্যাশিয়ারকে দিতে বলে সেটা। ক্যাশিয়ার কাগজটি পড়ে কুড়িটি টাকা বিনোদকে দেয় এবং একঘন্টার মধ্যে কলিয়ারী ছেড়ে দিতে বলে। অর্থাৎ যেখানে অন্যান্য কুলি - কামিনকে দুটাকা করে দেওয়া হচ্ছিল সেখানে বিনোদকে মুখ বন্ধ করার জন্য দেওয়া হল কুড়ি টাকা। অগ্নিগর্ভে চিরদিনের মতো ধ্বংস হয় ঘাসের ফুল চুড়কী। কয়লাখনির শ্রমিকেরা যে অনবরত নিপীড়ন ও শোষণের শিকার হচ্ছে তার অতুলনীয় নিদর্শন ' ঘাসের ফুল ' ছোটগল্পটি।

কমলকুমার মজুমদার: ' বাগান কেয়ারি'-

কমলকুমার মজুমদারের লেখা ' বাগান কেয়ারি ' ছোটো গল্পে গল্পকার মূলত নিপীড়িত অত্যাচারিত শোষিত শ্রমিকদের অবহেলিত অসহায় জীবনচিত্রকেই প্রাধান্য দিয়েছেন। অনুভবের উপর ক্রিয়া - প্রতিক্রিয়ার প্রলেপ দিয়ে শৈল্পীক অভিব্যক্তি দিয়েছেন

গল্পকার। স্বস্তিচরণ কিংবা রামকৃষ্ণ কালীর ইত্যাদি দেব দেবীর নাম গ্রহণ করে কমলকুমার লেখা শুরু করলেও একটি শ্রমিকের মৃত্যুকে কেন্দ্র করে গল্পটি গড়ে উঠেছে। শ্রমিকরা যে সমাজে অবহেলিত, লাঞ্চিত মানুষ হিসেবে তাদের জীবনের যে কোনো দাম নেই সমাজের উঁচুতলার মানুষদের কাছে, এমনকি তাদের মৃত্যুতেও কোনো যায় আসে না তাদের তার এক নির্মম করুণ চিত্র ফুটে উঠেছে গল্পে । বাঃস্থলীর উচ্ছেদ করে বিশাল বড়ো শিল্প নগরী গড়ে তোলার জন্য শ্রমিকদের দিয়ে ঠিকাদাররা খুব সামান্য বেতনে দীর্ঘ সময় ধরে কঠোর পরিশ্রম করিয়ে নেয় । এমনকি অতিরিক্ত পরিশ্রমে শ্রমিকরা অসুস্থ হয়ে পড়লেও তাদের চিকিৎসা করার কোনো ব্যবস্থা থাকে অনেকসময় বিনা চিকিৎসাতে তাদের মৃত্যুও হয়। এবং তাই নিয়ে বাঁকী শ্রমিকরা কাজ বন্ধ রেখে প্রতিবাদ করলে তাদের পারিশ্রমিক কাটার হুমকি দেওয়া হয় । এইভাবে সমাজের উঁচুতলার, ক্ষমতাশালী, মানুষদের দ্বারা অসহায়, অবহেলিত শ্রমিকদের জীবন দুর্বোধ্য এবং দুরূহ হয়ে উঠেছে গল্পে মৃত্যুর স্বরূপ যে কী সেটাই যেন শ্রমিকদের মাধ্যমে ফুটিয়ে তোলা হয়েছে গল্পে জানা যায়

" এক বিশাল শিল্প নগরীর গোড়া লাগিতেছে ।

এখানে একটিতে মরিয়াছে ।

এই তুমুল অতিকায় দারুণ ক্ষিপ্র কর্ম্মপদ্ধতির মধ্যে

ঐ দেহখানি পড়িয়া আছে...

ঐ বেচারার মরদেহ পত্তনটির একান্তে পড়িয়াছিল...."[৪]

কমলকুমার মজুমদার তার বাগান কেয়ারি গল্পে নিম্নবর্গের শ্রেণী হিসেবে শ্রমিকরা যে সমাজের বুকে অসহায়, অবহেলিত, সমাজের ক্ষমতাশালী উঁচুতলার মানুষদের দ্বারা অত্যাচারিত, নিপীড়িত তার এক নির্মম চিত্র তুলে ধরেছেন । গল্পটি মূলত এক বিশাল শিল্প নগরী গড়ে তোলার কাজে এক অসহায় শ্রমিকের মৃত্যুকে কেন্দ্র করে রচিত । গল্পে বন জঙ্গল কেটে বড় শিল্প নগরী গড়ে তোলার কাজ চলছে যার জন্য বিভিন্ন বড় বড় যন্ত্রপাতির আওয়াজ শোনা যাচ্ছে চারিদিকে। চারিদিকে নানা প্রকার পত্তন কার্য চলছে । হটাৎ একজন ব্যক্তি পিছলে পড়ল মনে হল যেন সে তার নিজের দেহের ভার বহনে অসমর্থ হয়েছে। তার শরীর দুলে উঠল এবং প্রথমে সে বসে পড়লো ও ক্রমে নেভিয়ে শুয়ে পড়লো । ঐ অসহায় ব্যক্তিটির খুব কাছে যে কয়েকজন ছিল তারা সঠিকভাবে বলতে পারলো না যে ঐ ব্যক্তি কেমন করে মাটিতে এলিয়ে পড়েছিল এই নিয়ে তাদের মধ্যে ধন্ধ উপস্থিত হল এবং কে যে সত্য তা নিয়ে তর্ক হতে থাকলো। এইসব শ্রমিকরা বেচে থেকেও কোনো পরিচয় পায় না। মৃত্যুও হয় তাদের গোত্রহীনভাবে মৃত অবস্থায় মৃত বলেও প্রত্যাখ্যাত হয় । যাহার প্রতি ছটাক

জমিতে কর্ম্মকুশলতা গোয়ার-

" ঐ সাড়হীন দেহের পাশ দিয়া

লৌহ শিকল দ্রুতবেগে চলিয়াছে"[৫]

ঐ ব্যক্তি আমার নিকটেই ছিল এই বলে একজন পতিত ব্যক্তি ঠিক ঐ স্থানের আগে যেখানে ছিল সেই স্থানটিতে দৃষ্টি স্থির রেখে হটাৎ চমকে উঠল কারণ সে দেখলো কোথাও সেই নেই পায়ে চলা জমির মধ্যে কোথাও এটির চিহ্ন পর্যন্ত নেই। আশ্চর্যভাবে সেই যথার্থ স্থানটি হারিয়ে গেল । এখনকার যারা ঐ পতিত লোকটির কাছে ছিল তারা ঠিকাদার এর কাছ থেকে উত্তেজিত কথাতে পুনরায় নিজেদের কর্তব্যনির্ধারণে উদ্যোগী হল । তাদের আলোচনায় উঠে আসে উইলিংডন সেতু যখন তৈরী হয়। তখন কলিকাতা থেকে সব মুচি দেশে চলে যেতে লাগে খবর চারিদিকে ছড়ায় যে দু হাজার মুচির মাধার উপর ঐ সেতুর ভিত গাঁথতে হবে কারণ প্রথম বারের গাঁথনি জলে ধ্বসে যায়। এই প্রসঙ্গে বলেছে -

" মুচিদের চাই । না জানি এ নগর

কত নিম্নশ্রেণীর লোক চাহিবে।"[৬]

ঠিকাদার বললো ঐ সব মেয়েলী বুজরুকি । তোমাদের যদি তাই মনে হয়, তাহলে কাজ ছেড়ে তোমরা যেখানে ইচ্ছা চলে যাও, কাজ না সম্পূর্ণ করলে কোনো হিসাব মিলবে না। এরপর ঠিকাদার নিজের সরকারকে ডাকলেন এবং আদেশ দিলেন।

" যাও ঐ কুলীজনের নামে চৌদ্দ আনা রোজ কাটিয়া লও। উহার খেল দুরমুশ করিয়া দাও এবং যাও দেখ লোকটা কতদূর বজ্জাতি জানে, মানুষে এমন বজ্জাতি, করিলে পাখীর পাখনা টিম হইয়া যাইবে!"[৭]

সরকার বিনীত স্বরে জানায় যে ঐ কুলীজন মরেছে। একথা শুনে ঠিকাদার বলে যে - অনেকক্ষণ ধরে একথা শুনেছি। যাও দেখো হয়তো নেশাতে বেহুস হয়ে আছে বা ক্ষুধাতে অচৈতন্য হয়ে আছে। এই সময় একটা রোলস এই মৃত কুলীজনের কিছুদূরে থামলো, ডাক্তারসহ ছত্রধর ও ব্যাগবাহক নামলো ডাক্তার বিজ্ঞানসম্মত পরীক্ষা করে দেখলেন সত্যিই মৃত মৃত লোকটির নাম প্রসঙ্গে ঠিকাদারের কাছ থেকে উত্তর না পেয়ে পুলিশ দারোগা নিজের মনে বললেন - এখানে একটা ফাঁড়ি হওয়া দরকার। কতগুলি নতুন শয়তান বেপরোয়া হয়ে উঠেছে। ঠিকাদার বললো - হারামজাদা নিশ্চয় দুষমনের একজন । পুলিশ দারোগা অত্যন্ত বিনয়ের সাথে একজন অতি প্রাচীন বৃদ্ধের নিকট হাত জোড় করে বললেন - কর্ত্তামহাশয় আপনি নিশ্চিত হন, তার সৎকার হয় তার সব চেষ্টা। অন্যান্য স্থানে প্রায় সর্বত্রই খবর হয়েছে যে মরেছে সে শত্রু।

- পৃথিবী থেকে শ্রমিক বলেও সে স্বীকৃত হয় না। দারোগা তাকে ক্রিমিনাল' বলে

চিহ্নিত করে । এইসব শ্রমিক মানুষের মৃতদেহকে কেন্দ্র করে পুণালোভীরা আবার পণ্য সঞ্চয় করে । আর বিজ্ঞজনেররা দার্শনিকতা পূর্ণ মন্তব্য রেখে তাদের বিজ্ঞতার পরিচয় দেয় । শ্রমিকদের নিপীড়িত হবার জীবনচিত্রই এখানে দেখা যায়। অভিস্বল্প বেতনে নানা দুঃসহ পরিস্থিতিতে চরম দুর্দশার দিয়ে কাজ করলেও শ্রমিকরা অত্যাচার, নিপীড়নের শিকার। তবুও সর্বত্রই খবর হয়-

" যে মরিয়াছে সে দুষমন"[৮]

কাজের ত্রুটি, যন্ত্রপাতি নষ্ট করা প্রভৃতি অজুহাতে তাদের বেতন কেটে নেওয়া হত। সমাজের বুকে শ্রমিকদের জীবন যে কতটা অসহায়ের দুর্দশার তা কেউ ভেবেও দেখে না। শ্রমিকদের নিপীড়িত, অত্যাচারিত জীবনচিত্রের কথা শোষণের কথা এই গল্পে অনন্য হয়ে উঠেছে। সেইজনা বাগান কেয়ারি' গল্পটি এক ব্যতিক্রমী সৃষ্টি।

সমরেশ বসু:'জলসা'-

সমরেশ বসুর ' জলসা ছোটগল্পে শ্রমিকদের নিপীড়িত, অত্যাচারিত হবার চিত্রই ফুটে উঠেছে। দেখা যায় জৌলুসময় জলনার বিপরীতে তীব্র শ্রমিক অসন্তোষ ও শ্রমিক ছাঁটাইয়ের করুণ পরিণতি । জলসাকে কেন্দ্র করে কাহিনি এগিয়ে যাওয়ার সাথে সাথে জানা যায় জলসার আগের দিনের সন্ধ্যার কথা । কুলি কামিনেরা অর্থাৎ শ্রমিকের দল ম্যানেজার সাহেবকে ঘেরাও করে । কারণ ইতিমধ্যে ম্যানেজার সাহেব প্রায় এগারোশো শ্রমিককে ছাঁটাই করেছে । শ্রমিকেরা জানায়-

" লিখা পড়ি নেই, বাত, পুছু নেই হাজারো
আদমিকে বুঢ়ক বানিয়ে দিয়ে হটাৎ মালিক
লোটিশ ছেড়ে দিল, এগারোশো আদমি ছাঁটাই হল"[৯]

- এরপর মালিক তাদের বোঝাবার চেষ্টা করলেও শ্রমিকেরা সে কথা মানতে নারাজ ফলে। জটিল হতে থাকে এবং ম্যানেজার ফোন করে পুলিশকে । একটি কালো গাড়ি এসে পৌঁছায় ভরা।

পরিস্থিতি জলসার মাঝেই এবং পুলিশ খুব দ্রুত পদক্ষেপ নেয়। যেসব কুলি শ্রমিকরা ম্যানেজারকে ঘিরে প্রতিবাদ। করছিল তাদের একে একে ঐ কালো গাড়িতে তোলে পুলিশ -

' চন্দ্রিকা হীরালাল, ফুলমহম্মদ, বৈষ্ণু
আপ্পারাও হাখিজ - বাইকে ঠেলে ঠেলে
ওঠাতে লাগল সিপাহি সেই গাড়িটার।"[১০]

- জলসা তার নিজের নিয়মেই চলছিল। সাথে শ্রমিকদের গাড়িতে তোলার কাজও চলছিল, পুলিশের । যেসব মানুষেরা জলসা দেখতে এসেছিল তারা -' এমনি বড়

বড় ভয়ার্ত চোখে একবার জলসামঞ্চ আর একবার কালো দেখতে থাকে' জলসা গল্পে মূলত জৌলুসময় জলসার বিপরীতে তীব্র শ্রমিক অসন্তোষ শ্রমিকেরা অত্যাচারিত . শোষণের শিকার হয়েছে । শ্রমিক ছাঁটাইয়ের করুন পরিণতির মধ্য দিয়ে তাদের নিপীড়িত, জীবনের চিত্র ফুটে ওঠে। সমরেশ বসুর লেখায় শুধুমাত্র শ্রমিকদের জীবনযুদ্ধের কথায় উঠে আসেনি : উঠেএসেছে তাদের চাওয়া পাওয়া, ব্যথা, বেদনা প্রেম প্রীতির কথাও। কারখানার একজন শ্রমিকের জীবন কিভাবে অতিবাহিত হয় তাদের জীবনের ক্ষুধা তিক্ততার ইতিবৃত্ত কি রকম হয় তা সুন্দরভাবে আলোচা গল্পে ফুটে উঠেছে। ফুটে উঠেছে শ্রমিকদের নিদারুণ বঞ্চনা, শোষণ ও সহায়তা করুন প্রতিচ্ছবি।

।।খ।।

সংঘবদ্ধ শ্রমিকদের প্রতিবাদ প্রতিরোধ তৃতীয় অধ্যায়

নিম্নবিত্ত মানুষদের আছে বেঁচে থাকার অধিকার শ্রমের অধিকার । বন্ধ কলকারখানার তালিকা দীর্ঘতর হচ্ছে । দ্রুত বাড়ছে বেকার শ্রমিকের সংখ্যা। বিভিন্ন শিল্পাঞ্চলে সার সার বন্ধ কারখানাগুলো যেন নিকষ অন্ধকারে অন্ধকার ভবিষ্যতের দিকে আঙুল তুলে দাঁড়িয়ে আছে । বন্ধ কারখানার শ্রমিক এবং তাদের মজদুর লাইন ঘুরে দেখলেই কিছুটা বোঝা যায় তাদের জীবনের গভীরতা। শুধুই অনাহার মৃত্যু আর আত্মহত্যার বিবরণ যেন সব মিলিয়ে এক ভয়ংকর চিত্র ফুটে ওঠে । ফলে শ্রমিকেরা সংঘবদ্ধ হয় ফলস্বরূপ প্রকৃতিতে কাজে ও উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটে । সংঘবদ্ধ শ্রমিকদের সংগ্রামের হাতিয়ার, অন্যায় অবিচার ও শোষণের হাত থেকে মুক্তির পথ তাই সংঘবদ্ধ শ্রমিকদের প্রতিবাদ প্রতিরোধের ফলে তাদের মধ্যে আত্মবিশ্বাস, চেতনা ও রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি পেতে সক্ষম হয়েছে । যে সমস্ত গল্পকারের গল্পে সংঘবদ্ধ শ্রমিকদের প্রতিবাদ প্রতিরোধ ফুটে ওঠে। সেগুলি হল-

১. মানিক বন্দ্যোপাধ্যায় - ছোট বকুলপুরের যাত্রী'

২. মানিক বন্দ্যোপাধ্যায় - শিল্পী

৩. সুবোধ ঘোষ -ফসিল

৪. চিত্র ঘোষাল- লখাই পাহাড়ের কার্য

মানিক বন্দ্যোপাধ্যায় : ছোট বকুলপুরের যাত্রী-প্রথমেই আলোচনার দাবি রাখে মানিক বন্দ্যোপাধ্যায়ের ' ছোট বকুলপুরের যাত্রী' গল্পটি ' ছোট বকুলপুরের যাত্রী ' গল্পে শ্রমজীবী মানুষের সংগ্রাম প্রতিবাদ প্রতিরোধের কথায় ফুটে উঠেছে । এটি স্বাধীনতা উত্তরকালীন পশ্চিমবঙ্গে ভারতীয় কমিউনিস্ট পার্টির তৎকালীন সরকার বিরোধী আন্দোলনের অব্যবহিত ফসল । এখানে দেখা যায় গ্রামে গ্রামে তেভাগা' র জন্য

কৃষকদের সংগ্রাম দুর্বার হয়ে উঠেছে। তার সঙ্গে যুক্ত হয়েছে ছোট বকুলপুরের শ্রমিকেরা। শ্রমিক ও কৃষকদের মিলিত সংগ্রামে ছোট বকুলপুরে একটা যুদ্ধক্ষেত্রের মতো অবস্থা সৃষ্টি হয়েছিল। জানা যায়।

" কারখানার ধর্মঘট নিয়ে কাল স্টেশনে হয়েছে হাঙ্গামা। তিন জন

নেতাকে ধরে ট্রেনে চালান দেবার সময় কয়েকশ মজুর তাদের ছিনিয়ে নিতে এসেছিল। তখন গুলি চলে, রক্তপাত ঘটে । যেজন্য সৈনাপুলিশ গ্রাম ঘিরে আছে রীতিমতো লড়াই চলছে ।"[১১]

ছোট বকুলপুর নামক একটি প্রডাক্ষ গ্রামে ঘটে যাওয়া, পুলিসি সন্ত্রাসের প্রতিক্রিয়ায় হাওড়ার কারখানার মঞ্জুর দিবাকর, তার স্ত্রী আন্না ও শিশু সন্তানের চরম লাঞ্ছনাকেই বর্ণনা করেছেন গল্পকার ।। আমার বাপের বাড়ির দেশ ছোট বকুলপুর । সেখানকার গোলোযোগের খবর পেয়েই বাবা ভাইয়ের খবর নিতে তারা এসেছিল । কিন্তু গ্রামে ঢোকার মুখেই পাহারাদারদের প্রশ্নবান তাদের বিস্ত করে তোলে । তাদের মনে হয়-

"যে তাণ্ডব চলছে ছোট নকুলপুরে কদিন ধরে, তাতে

সত্যিকারের কোনো ভীরু মুখ্য ছোটলোক মাগছেলে

সঙ্গে নিয়ে সাধ করে কখনো তার মধ্যে আসতে চায় ?

তাও আবার হাঙ্গামার খবর জানবার পরে "[১২]

- সবিনয় স্পষ্ট সহজ সরল ভাষায় দিবাকর তাদের আগমনের কারণ ও বিবরণ দেয়। কাঁদাকাটা করে না দেখে তারা ভেবে নেয় যে এরা কোনো সাধারণ মানুষ নয়। নিশ্চয় কোনো ডেঞ্জারাস লোক ছদ্মবেশে এসেছে । তাই তারা সার্চ করে সন্দেহজনক কিছু পাওয়া না গেলেও দিবাকরের শার্টের পকেট থেকে পাওয়া যায় তিনটি সাজা পান মুড়ে দেওয়া একটি কাগজ। আর কাগজটি দেখেই সমস্ত সন্দেহ দূরীভূত হয় । কাগজটি হল একটি ইশতেহার যদিও সেটা পানের রসে ভিজে গেছে তবুও সেটি বিপদজনক ইশতেহার। সেখানে বড় বড় অক্ষরে লেখা ছিল-' ছোট বকুলপুরের সংগ্রামী বীরদের প্রতি।

- এই একটুকরো কাগজ নির্দোষ দিবাকরকে দোষী সাব্যস্ত করার জন্য যথেষ্ট ছিল। অর্থাৎ শুভ মূল্যবোধ ও বলিষ্ট ন্যায় ধর্মে উজ্জীবিত এক সংঘবদ্ধ সংগ্রামী প্রতিবাদ প্রতিরোধের চিত্র ফুটে - উঠেছে।' বড় কমলাপুরই ছোট বকুলপুরে পরিণত হয়েছে। এখানে প্রত্যক্ষভাবে কোনো রক্তপাত না থাকলেও স্বাধীনতা পরবর্তীতে এই অঞ্চলে তেভাগার দাবীতে কৃষক ও শ্রমিকদের সংঘবদ্ধ প্রতিবাদ প্রতিরোধের কথায় মূলত প্রাধান্য পেয়েছে।

মানিক বন্দ্যোপাধ্যায়: :শিল্পী'-

দ্বিতীয় গল্প হিসাবে আলোচনায় আসবে মানিক বন্দ্যোপাধ্যায়ের গুরুত্বপূর্ণ গল্প 'শিল্পী শিল্পী । গল্পে শিল্পীর মর্যাদা রক্ষায় নীরব প্রতিবাদকে মানিক বন্দ্যোপাধ্যায় হাতিয়ার করেছেন । সোচ্চার আন্দোলন দাবি আদায়ের শ্রেষ্ঠ পথ হতে পারে, কিন্তু নীরব প্রতিবাদ শ্রেষ্ঠতর। মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলনের মাধ্যমে নীরব প্রতিবাদকেই অন্যতম পন্থারূপে বেছে নিয়েছিলেন ভিন্নমাত্রার এই প্রতিবাদ প্রতিরোধ মার্কসবাদী আন্দোলনের এক নতুন রূপ। বলা ভালো, সামাজিক শোষণ ও বঞ্চনার বিরুদ্ধাচরণে যে নিম্নশ্রেণির মানুষদেরও সমান অধিকার আছে তারই যেন প্রকাশ সোচ্চার হয়েছে। এছাড়া সংগ্রামী এক মানুষের শিল্পসত্ত্বাকে বাঁচিয়ে রাখার টানাপোড়েনের কথা ফুটে উঠেছে।

মদন এক প্রতিবাদী শিল্পী । গল্পের নায়ক মদন তাঁতি পেশায় সে তাঁতি, এটা তাদের জাতিগত ব্যবসা । পুরুষানুক্রমে মদন তাঁতি কাপড় বোনে। এর ফলে সে এমন এক শিল্পদক্ষতা লাভ করেছে যা সাধরন তাঁতি সমাজে একান্তই দুর্লভ শিল্পদক্ষতা অর্জনের ফলে সে শিল্পী পর্যায়ে উন্নীত শিল্পের মর্যাদা রক্ষার দায়িত্ব তেমন তার অতি সমাজের অন্যান্যরাও মদনকে তার মর্যাদার সমাসীন দেখতে চায়। অবশ্য দু - একজন এর ব্যতিক্রম। গামছা বা ওঁচা কাপড় বোনার মত সাধারন কাজ মদন তাঁতি কখনোই করবে না মদন তাঁতির কাজে বাবার নামডাক বজায় রেখেছে। সেরা জিনিস তৈরির বায়না পায় মদন তাঁতি। আকালের বাজারে বায়না নেই, ভালো সুতো নেই, মদন তাঁত বন্ধ করে বসে আছে, প্রতিজ্ঞা তার সে আর পাঁচজন সাধারণ তাঁতির মত ওঁচা কাপড় বুনবে না ।

মদনের তাঁত বন্ধ দেখাদেখি এ পাড়ার অনেকেই তাঁতের কাজ বন্ধ করেছে । সুতোর অভাবে সব তাঁত বন্ধ হলেও তাঁত চলছে কেশব আর বৃন্দাবনের । এদের পুরোনো জীর্ণ ছোট তাঁতে কেবল গামছা ও আটহাতি কাপড় বোনা যায় । এরা সমগ্র তাঁতিপাড়ার বাতিক্রম । ভুবনের মারফত মিহির বাবুর সুতো নিয়ে এরা ফরমায়েসি গামছা ও ছোট কাপড় বোনে । এরা কেউই মদনের সমকক্ষ নয় মদনের বুননের মত শিল্পদক্ষতা এদের নেই । এরা ইচ্ছে করলেই বৃন্দাবনের ছেলে রসিকের মত মিহির বাবুর সুতোয় তাঁত চালাতে পারে । হয়তো লাভ তেমন হবে না - কিন্তু উদয়াস্ত পরিশ্রম করে সংসারকে উপোষের হাত থেকে বাঁচাতে পারবে । কিন্তু তা এরা করেনি, কারণ প্রথমত মদনের প্রতি তাদের ভালোবাসা - দ্বিতীয়ত ... ভুবনের অসম্মানজনক শর্তে রাজী হতে চাওয়া। এই অসম্মানজনক শর্তটি মদন ভুবনের কাছে ব্যাখ্যা করেছে -

" পোষায় না ওদের। সুতো কি সবাই কেনে না কিনতে পারে ? আপনি তো জানেন,

বেশিরভাগ দাদন কজে তাঁত চালায়। পড়তা রাখে দিবারাত্রির তাঁত চালিয়ে, মুখে রক্ত তুলে । আপনি তাও আদ্দেক করতে চান পারব কেন মোরা ?"[১৩]

- তাঁতিপাড়ার মানি তাঁতি এ গল্পের কেন্দ্রীয় চরিত্র । বস্তুত সে একজন শিল্পী । কেন ? সে হাজার অভাবেও সম্ভার কাপড় বোনার কথা স্বপ্নেও ভাবতে পারে না। এখানেই তার শিল্পী মন - মানসিকভাবে তার শিল্পী হয়ে ওঠা । তাই কিছুতেই মদন তাঁতি ভুবন বা মিহিরবাবুর কাছ থেকে বেশি দামে সন্ত্য কাপড়ের সুতো কিনতে রাজী নয়। মদন তাঁতি অনায়াসে তাঁতি সমাজের আপোষহীন শ্রেণিসংগ্রামের নায়ক হয়ে ওঠে। তাকে নিয়ে প্রবাদ তৈরি হয়। মদন যখন গামছা বুনবে. . . '।

মদন শিল্পী, তাঁত বোনা তার শিল্প সাধনা । সেই ভুবনবাবুর কথায় রাজী হলেই আবার তাঁতিপাড়ার তাঁতের শব্দ পূর্বের মতই চলবে। ভুবনের কথায় মদনও চিন্তান্বিত হয়ে উঠেছে । একদিকে গাছে মিহিরবাবুর মতধনী সে সমস্ত সুতো সুদামজাত করে কৃত্রিম অনটন সৃষ্টি করেছে সর্বশেষ অবস্থায় তাতিদের তাঁত বাঁধা বা বেচতে হলে ভুবনবাবু মারফত মিহিরবাবুই তা কিনবে যাই হোক না কেন । সে তার প্রতিজ্ঞায় অটুট থাকবে। বাবুর আমলে মদনের বাপকে যেমন বেনারসী বোনার বায়না দিয়েছিল এবারেও বাবুরা সেই প্রথার অমান্য করবে না । মা ও বৌকে সেই কারণেই বাবুদের বাড়ি পাঠিয়েছিল। বায়না পেলে সুতোর ব্যবস্থা বাবুরাই করে দেবে। বুড়ি মা ও আসন্ন প্রসবা বৌ ধুঁকতে ধুঁকতে ব্যর্থ মনোরথ হয়ে ফিরে এল । শুধু বায়না যে পায়নি তাই নয়, উপরন্তু অপমান করেছে বাবুর বাড়ির মেয়েরা । এয়োতি বশীকরণ বসন্ত শাড়ির কথা শুনে তারা হেসেছে, টিটকারি দিয়ে বলেছে ওসব ঠাকুমা দিদিমারা ঝিরা আর চাষার মেয়েরা পড়ে। আজকাল ওসব চলে না । মদনকে বাঙ্গ করে বলেছে' বনগাঁয় শ্যাল রাজা মদন তাঁতি'। বুড়ি মা কাণ্ডজ্ঞানহীনের মত ভুবনের সামনেই সব কথা বলে। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় মদন তাঁতি ক্ষুব্ধ হয় । বলে- ' বেড়েছে বাবুরা, অতিবাড় হয়েছে বাবুদের মরবে এবার"

মদনের শিল্পীসত্ত্বায় আঘাত লাগলেও কিছু করার নেই তাই ভুবনের সান্ত্বনাবাক্য তার শোনিত প্রবাহকে উত্তাল করলেও চুপ করে থাকে মদন । ভুবনকে শুনিয়ে যেন নিজেকে সান্ত্বনা দিয়ে বলে যে মা, বৌ, বাবুদের বাড়ির মেয়েরা তাকে বিদ্রূপ ও দোষারোপ করলেও সব মেয়েই তা করে না। বিশেষ করে তাঁতিপাড়ার অন্যান্য মেয়েরা গর্ব করেই নিজের অহংকারকে প্রকাশ করে যা ভুবনকেও রাগ ও হিংসায় ম্রিয়মান করে তোলে । ভাবে লোকটা কী ? বড় খামখেয়ালী একগুঁয়ে, এই হাহুতাশ করে আবার পরক্ষণেই লম্বা চওড়া রাজা মহারাজার মত কথা বলে। মদনকে সে ঠিক বুঝতে পারে না।

ইতিমধ্যে মদনের বৌ এর প্রসব বেদনা শুরু হয়েছে । খুবই ভয়ের বিষয় উদির কথায় প্রকাশ পেয়েছে যে একবেলা এক মুঠো ভাত পায় তো তিনবেলা উপোষ এমনি চলছে দুমাস । কিন্তু মদনের এসব নিয়ে যেন কোনো চিন্তাভাবনা নেই দ্বিতীয়বার ভুবন তার শান্ত ও নিশ্চিন্তভাব দেখে রীতিমতো ভড়কে যায়। মদন সংসারী লোক। সংসারের আপদ বিপদ, দায়দায়িত্ব সম্পর্কে তার এই নিশ্চিন্ত উদাসীনতা তার সম্পর্কে পাঠকের মনকে সংশয়সম্পন্ন ও বেদনাক্লান্ত করে তোলে । যেহেতু সে শিল্পী, তাই শিল্পীর মর্যাদা রক্ষায় সে যেন সংসার স্ত্রী পুত্র কন্যা এসবের বন্ধনে আবদ্ধ থাকতে চায় না। -

ইতিপূর্বে এই ভুবনের সঙ্গেই সে পেশাদার সংগঠনের নেতার মতই কথা বলেছে । ভুবন বলেছে তোমার গাঁয়ের তাঁতিরা বড় বোকা । ভুবনকে মদন তাঁতি বলেছে, ভাল কিছু বোনান না একটু দামি কিছু ? সুতো নেই বুঝি ? " - এরপরই মদনের জীবনে এসেছে সেই অন্তিম লগ্ন সেখানে তার মানসিক যন্ত্রণার রূপ নিয়েছে শারীরিক যন্ত্রণা রূপ নিয়েছে শারীরিক যন্ত্রণায় । ভুবনের দেওয়া দাদনের দু টাকা তার ট্যাকে চোখের সামনে সুতোর বাণ্ডিল যাতে শুধু ওঁচা কাপড়ই বোনা যায় । কি করবে মদন তাঁতি সে কি তার প্রতিজ্ঞা ভাঙবে শিল্পীর মর্যাদাকে ধুলিস্মাৎ করে ঘর সংসার ও স্বাচ্ছন্দ্যের জন্য সাধারণের পর্যায়ে নেমে আসা গামছা ও ওঁচা ধুতি বুনবে । অন্যদিকে তাঁত না চালিয়ে সর্বাঙ্গে আড়ষ্ট ব্যাথা খিদের জ্বালায় পরিবারের সকলে উপবাসী । বৌটা গোঙাচ্ছে একটানা । তার কোনো একটা ব্যবস্থা তৎক্ষণাত করা দরকার । নচেৎ হয়তো বৌটা মরেই যাবে গভীর রাত পর্যন্ত ভাক ভাবল । যে কোনো

একটা পথ তাঁকে বেছে নিতেই হবে হয় স্বাচ্ছন্দ্য, সাংসারিক প্রয়োজনের জন্য ভুবনের শর্তে রাজী হয়ে যাওয়া, নয়তো নিজে উপবাসী থেকে পরিবারের সকলকে উপবাসী রেখে, আসন্ন প্রসবা বৌ এর কথা নান ভেবে তার শিল্পীর মর্যাদা অক্ষুণ্ণ রাখা কোনটা? কোন পথ নেবে সে।

শীতের চাঁদের ম্লান আলোয় গাঁ ঘুমিয়ে পড়ল । মদন উঠল সে পথের দিশা পেয়েছে? দূরে শিয়াল কুকুরের ডাক আর তার সঙ্গে মদনের তাঁতের শব্দ রাত্রির নিঃশব্দতাকে খান খান করে একটানা একঘেয়ে বেজে উঠলো ' ঠকাঠক ঠকঠক ।। সে শব্দ সকলেরই কানে গেছে, বৃন্দাবনের কথায় কেশব টিটকারি দিয়েছে মদনকে । সকাল হতে না হতেই ছুটে এসে শুটিয়েছে । কতটা বুনলে তাঁতি ? । এরপরেই শুনা তাঁত দেখে স্তব্ধ হয়ে গেছে । সুতোর বাণ্ডিল আর দুটো টাকা উদিকে দিয়ে ফেরত পাঠিয়েছে ভুবনের কাছে । গর্ব করে বলেছে । মদন তাঁতি যেদিন গামছা বুনবে...। । পাড়ার সকলেই এসে হাজির হয়েছে । ক্ষোভে রোধে অভিমানে তারা নির্বাক তাদের চোখে

জল । মদনের এই পতন যেন তারা মেনে নিতে পারছে না । এক্ষতি তাদের জীবিকার মদনের পতনের । যে মদনকে তারা ভালবাসে, শ্রদ্ধা করে তার এই পতনে তারা যেনো স্তব্ধ হয়ে গেছে । এক্ষুনি ব্যক্তি প্রত্যাখ্যানের প্রতিবাদের কথা বলা হয়নি - এ প্রতিবাদ সমস্ত শ্রেণি সংগ্রামী মানুষের প্রতিবাদ প্রতিরোধ মদন তাঁতি তাইতো বলতে পেরেছে -

" চালিয়েছি । খালি তাঁত। তাঁত না চালিয়ে খিঁচ ধরল পায়ে।
রাতে তাই খালি তাঁত চালালাম এটটু ভুবনের সুতো নিয়ে
তাঁত বুনব ? বেইমানি করব তোমাদের সাথে কথা দিয়ে ?
মদন তাতি যেদিন কথা খেলাপ করবে..." [১৪]

- মদন কথা শেষ করে না । কিন্তু শিল্পীর মর্যাদাকে সে যে অক্ষুন্ন রাখতে পেরেছে, তাতেই যেন কথাটা সম্পূর্ণ হয়ে যায়। শিল্পী গল্পের মধ্যে দিয়ে মানিক বন্দ্যোপাধ্যায় দেখালেন আত্মহত্যা বা নৈরাশ্য মানুষের জীবনের শেষ কথা নয় তাই হাজার অভাব অতিক্রম করে শিল্পীর শিল্পসত্ত্বাই শেষ পর্যন্ত বেঁচে যায়। । অর্থাৎ সংঘবদ্ধ শ্রমিকেরা হয় চিরঅপরাজেয় । মদন তাঁতি কোন আন্দোলনের নেতা নয়। তবুও তার প্রতিবাদ প্রতিরোধ জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে মিশে যায় । এই আন্দোলন সংঘশক্তির সোচ্চার নামান্তর আর তাইতো শিল্পী গল্পটি মদন ভাঁতির ভিন্নমাত্রার প্রতিবাদ প্রতিরোধ। যা মার্কসবাদী আন্দোলনের এক নতুন রূপ।

সুবোধ ঘোষ: 'ফসিল'-সংঘবদ্ধ শ্রমিকদের প্রতিবাদ প্রতিরোধের চিত্রাঙ্কনে আর একজন উল্লেখযোগ্য গল্পকার সুবোধ ঘোষ । তার গুরুত্বপূর্ণ গল্প ' ফসিল 'ফসিল' গল্পের মধ্যে সহিষ্ণু সামন্ততন্ত্রের এবং উদীয়মান ধনতন্ত্রের সংঘর্ষ দেখানো হলেও কাহিনির পরিসমাপ্তিতে শোষক ও শোষিতের দ্বন্দ্ব যেন প্রবল হয়ে উঠেছে । কৃমী শ্রমিকদের দ্বিধাদীর্ণ মানসিকতার রূপ এখানে ফুটে উঠেছে জীবজন্তু ফসিল হতে পারে প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে পড়ে কিন্তু মানুষেরই সৃষ্ট মৃত্যুতে আরেক শ্রেণির মানুস ফসিল হবে আজ থেকে কয়েক লক্ষ বছর পরেই এ তো কল্পনাতীত। কিন্তু সাড়ে আটষট্টি বর্গমাইল আয়তনের দেশীয় রাজ্য অঞ্জন - যেখানে লাঠির দাপটে চলে রাজ্যশাসন খনিগর্ভে ধ্বসে পড়া পিঠের তলায় বিপ্লবী মানুষের গণআন্দোলন চাপা পড়ে ফসিলে পরিণত হয়েছে। যা মানব সভ্যতার ইতিহাসে কলঙ্ক ।

ফসিল গল্পের মাধ্যমে সুবোধ ঘোষ কেবলমাত্র আর্থ সামাজিক সত্যকেই সুস্পষ্ট করে তোলেননি। শোষক শোষিতের দ্বন্দ্বের সঙ্গে সঙ্গে কৃমী শ্রমিকদের জীবন যন্ত্রণার বাস্তব হৃদয়গ্রাহী চিত্রও ফুটিয়ে তুলেছেন । মাইনিং সিণ্ডিকেটের টাকায় ঝাঁ চকচকে হলে অঞ্জনগড়, সেই টাকায় কৃষিতে শিল্পে শিক্ষায় নতুন অঞ্জনগড় গড়ার স্বপ্ন দেখে

মি. মুখার্জী । যিনি প, এজেন্ট । বলে -

" শিল্পীর তুলির আঁচড়ের মত এক একটা পরিকল্পনায়
সে অঞ্জনগড়ের রূপ ফিরিয়ে দেবে। সে দেখিয়ে
দেবে রাজ্যশাসন লাঠিবাজি নয় এও একটা আর্ট।"[১৫]

আয়তনের চেয়ে অহমিকায় আকারের চেয়ে প্রকারেও বহরে ভারি রাজতন্ত্রের কথা প্রথমে আসে। নেটিভ স্টেট অজনগড়ের রাজার অত্যাচার সীমাহীন । অত্যাচারের চোটে অর্ধেক প্রজা দেশছাড়া। কূর্মীরা বিদ্রোহ করে মাঝে মাঝে ফৌজদাররা লাঠি, গুলিতে দমিয়ে দেয় কুর্মী শ্রমিকদের । এরপর আসে অভ্রখনির হাত ধরে বণিকশ্রেণি। গিবসন তাদের মাথা। তারা পর্দার আড়ালে থেকে শক্তিকে নিজেদের হাতে আনতে চাইলো। দুলাল মাহাতোকে হাতিয়ার করে প্রজাদের রাজ বিদ্রোহী করার পথে নামালো। আপাত দৃষ্টিতে একে প্রজা কল্যাণ মনে হয়, কিন্তু তাদের এ ছিল কূটকৌশল। অর্থাৎ কাজে এক নজর সবসময় অন্যদিকে । গল্পে রাজা বনিক আর কর্মী শ্রমিক - তিনটি শ্রেণির জন্য গল্পটি হয়েছে প্রাণকাড়া । রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি। শুধু তাই-ই নয় অন্তনগড়ের রাজা লাঠির জোড়ে একনায়কতন্ত্র কায়েম বণিকেরা তাদের মানদণ্ডরূপে দেখা দিতে চেয়ে রাজদণ্ডরূপে প্রকাশিত হয়েছে । মাঝে রইল শ্রমিক কূর্মী আদিবাসীরা । তারা চিরকাল শোষিত হয় মূর্খতার জন্য মনুষ্যত্বের উদ্বোধনের অভাবে । তাই শেষ পর্যন্ত বণিকযুগের হাতে বেমানান প্রস্তরযুগের কর্মীদের পতন ঘটে । ঘটলো। এমন ঘটনা কেননা দুলাল মাহাতোরা অস্ত্র নিয়ে বিদ্রোহ করতে জানে না, তাদের শিক্ষা নেই পরিবর্তনের সাথে মানিয়ে নেবার। দুলাল মাহাতো নিঃস্ব খেটে খাওয়া বঞ্চিত কৃষক ও শ্রমিক প্রতিনিধি । আধুনিক সভ্যতার মারপ্যাঁচ তার রাজনীতির কাছে এই সাবেক কালের পুরাতন সভ্যতার বুদ্ধিহীন মানুষরা অচল । এবং সহজেই তাদের লোক ঠকায় । মাহাতো তাই কূর্মী শ্রমিকদের উদ্দেশ্যে বলেছে- 'এবার আর কাউকে বিশ্বাস নয় । ' আসলে পশুর মত তারা দাসত্বে অভ্যস্ত। মাহাতো পুতুলমাত্র, বণিকের দ্বারা পরিচালিত । তাইতো যতই সে বলুক-

"পেট আর ইজ্জত এর ওপর যে ছুরি চালাতে
আসবে তাকে আর কোনো মতেই ক্ষমা নয়।"[১৬]

- অর্থাৎ, প্রতিবাদ করলেও শেষ পর্যন্ত মাহাতোর মতো শ্রমিকদের ধনতন্ত্রের নির্মম শোষনে ব্যবহৃত হতে হতে ছিবড়ে হতে হয় । কিন্তু চেতনাপ্রাপ্ত শ্রমজীবী সমাজ সংঘবদ্ধ হয়ে বাঁচার ন্যায্য দাবি আদায়ের জন্য প্রতিবাদ করে । কূর্মী শ্রমিকেরা মাহাতোর ডাকে সাড়া দিয়ে একসঙ্গে লাঠি তুলে নেয়, বলে - ' মাহাতোর জন্য ঢাকঢোল পিটিয়ে একটা নিশান পর্যন্ত উড়িয়ে দিল তারা।

- আগে রাজা শোষণ করত এখন করে খনি মালিক। দুলাল মাহাতো সামান্য কেরোসিন ও কয়লা ' র স্বপ্ন দেখায় । রাজার বিরুদ্ধে মূর্খ কূর্মী শ্রমিকদের খেপানো হয় । আর এ ঘটনার পরই তৈরি করা হয় জটিল রসায়ন । প্রথমে খনি দুর্ঘটনায় মারা যায় নব্বইজন কুলি । অন্যদিকে রাজার ফৌজদারের মুঙ্গেরী বুলেটে মরে ২২ জন আদিবাসী। মূলত বিপদের অভাস পেয়েই সামন্ত্রতন্ত্র ও ধনতন্ত্র মিলিত হয় । আর সেই বিপদের সম্মুখীন হয়ে স্বার্থপরায়ন শোষক শ্রেণিই পরস্পরের সঙ্গে হাত মেলায় এবং নিজেদের বাঁচানোর তাগিদে যে কোনো মূল্যে প্রতিবাদী শ্রমিকদের কণ্ঠ চিরকালের জন্য নীরব করে দেয় ।

ব্যঞ্জনায় আভাসিত হয়েছে দুই শোষকশ্রেণি এই মিত্রতা নিতান্তই সাময়িক পূর্বে আভাসিত দ্বন্দ্ব নিরন্তর বর্তমান এবং শ্রমজীবী শ্রেণিকেও তাদের প্রয়োজন । কী জমিতে ফসল উৎপাদন করতে, কী কারখানার পণ্যসামগ্রী উৎপাদনে । শুধুমাত্র নিজেদের বাঁচানোর জন্য যে কোনো মূল্যে কূর্মী শ্রমিকদের কণ্ঠ চিরদিনের মতো নীরব করে দেয় স্বার্থান্বেষীরা । সংঘবদ্ধ কূর্মী শ্রমিকদের প্রতিবাদ প্রতিরোধের কথা এখানে ফুঁটে উঠেছে । রূঢ় বাস্তবলোক যা সুবোধ ঘোষের একান্ত আবিস্কার ।

।।গ।।

সমাজের নিম্নবর্গ শ্রেণি হিসেবে শ্রমিকশ্রেণির উপর হওয়া নিপীড়ন অত্যাচার নানাবিধ ষড়যন্ত্রের প্রকাশ পেয়েছে নির্বাচিত গল্পকারদের বিভিন্ন গল্পে । নিপীড়িত শ্রমিকদের অবহেলিত জীবনচিত্র ও কয়লাখনিতে শ্রমিকদের উপর হওয়া অত্যাচারের এক অতুলনীয় নিদর্শন উল্লেখিত গল্পগুলি। - শোষণ ও তার সাথে সাথে পাতালপুরীর অগ্নিগর্ভে অন্ধকারে শ্রমিকদের রুদ্ধশ্বাস সংগ্রাম ও অসহায় জীবনচিত্রের কথাও ফুটে উঠেছে । উনিশ শতকের দ্বিতীয় ভাগে শ্রমিকদের অতি স্বল্প বেতনে দীর্ঘ সময় ধরে (১৫ - ১৬ ঘণ্টা, কখনো কখনো ১৮ ঘণ্টা) অস্বাস্থ্যকর পরিবেশে দুঃসহ পরিস্থিতিতে কাজ করতে হত । এমনকি নারী ও শিশু শ্রমিকদেরও মুক্তি ছিল না বিভিন্ন দেবদেবীর নাম নিয়ে লেখা শুরু করা হলেও গল্পে শ্রমিকের মৃত্যুকে কেন্দ্র করে, শ্রমিকদের জীবন যে দুর্বোধ্য ও দুরূহ তারই চিত্র ফুটে উঠেছে । শ্রমিক ছাঁটাইয়ের করুন পরিস্থিতির মধ্য দিয়ে তাদের তীব্র অসন্তোষ ও নিপীড়িত জীবনের চিত্র ফুটে ওঠে নানাবিধ উপায়ে । ক্রমাগত বন্ধ হতে থাকে কলকারখানা যার ফলে বাড়তে থাকে শ্রমিকদের অনাহার। মৃত্যু । যার ফলে শ্রমিকেরা সংঘবদ্ধ হয় এবং তারা প্রতিবাদী হয়ে ওঠে ও প্রতিবাদ করতে থাকে । সংগ্রামে সামিল হওয়া কিছু শ্রমিকদের মধ্যে একটা সময় লোভ - লালসা জেগে ওঠে এবং তারা তাদের ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার জন্য মালিক শ্রেণির সাথে হাত মিলিয়ে নিজেদের সম্প্রদায়ের শ্রমিকদের সাথে বিশ্বাসঘাতকতা করে । তথাপি সংগ্রামমুখর শ্রমিক আন্দোলনে স্বার্থান্বেষী শ্রমিকদের

এই বিশ্বাসঘাতকতার কথা ও অধঃপতনের শোচনীয় অবস্থার কথাও ব্যক্ত করেছেন গল্পকার । সংগ্রামী প্রতিবাদী নিপীড়িত শ্রমিক শ্রেণির বেদনায় ব্যাথিত হয়ে সমাজের কিছু মানুষের মধ্যে ওই সমস্ত শ্রমিকদের প্রতি চেতনা ও সমমর্মিতা জাগে ও তারাও মন থেকে শ্রমিকদের ব্যাথায় ব্যাথিত হয় এবং মনে মনে শ্রমিক হয়ে ওঠে । কিন্তু প্রকৃত অর্থে তারা শ্রমিক নয় । এইভাবে শ্রমিক শ্রেণির বিপর্যয়, দুঃখ দুর্দশা গল্পকারেরা তাদের গল্পে উল্লেখ করেছেন । অসহায় অবস্থা ও প্রতিবাদীমুখর সংগ্রামের কথা তাদের গল্পে উল্লেখ করেছেন।

বিভিন্ন ছোট গল্পকারের লেখা বিভিন্ন গল্পতে ফুটে ওঠা চিত্র থেকে বোঝা যায় গল্পকারেরা তাদের প্রতিটি গল্পে নিম্নবর্গশ্রেণি হিসেবে শ্রমিকশ্রেণির উপর হওয়া অত্যাচার ও নিপীড়নকে ফুটিয়ে তুলেছেন সমাজের কিছু শ্রেণির মানুষের দ্বারা শ্রমিকশ্রেণি শোষণের শিকার কিন্তু এই শ্রমিকশ্রেণি না থাকলে না চলবে কলকারখানা, না তৈরী হবে সমাজের মানুষের ব্যবহৃত নানা সরঞ্জাম না থাকবে সমাজের উঁচুতলার মানুষের বিলাসবহুল জীবন। শ্রমিকশ্রেণি সমাজের মানুষের উন্নতি প্রকল্পে নিজেদের ঘরবাড়ি ছেড়ে দিনরাত পরিশ্রম করে চলেছে। কিন্তু তার পরিবর্তে ন্যায্য পারিশ্রমিক না পেয়ে ক্রমাগত অনাহারের শিকার হচ্ছে। এই নিম্নবর্গের শ্রেণি অর্থাৎ শ্রমিকশ্রেণি সমাজের প্রকৃত বন্ধু হলেও তাদের অবস্থা করুণ ও শোচনীয় হয়ে পড়ে। এমনকি তাদের আত্মহত্যার পথও বেছে নিতে হয়। সাহিত্যে শ্রমিকদের এই বিচ্ছিন্ন এবং অবহেলিত জীবনচিত্রের কথা ফুটে উঠলেও, সাহিত্যের বাইরে বাস্তবের পটভূমিতে তাদের এই অবস্থার পরিবর্তন হয়নি সমাজের মানুষ হিসেবে যোগা অধিকার ও সম্মান তারা পায়নি। সমাজের মানুষের কাছে নিম্নশ্রেণির মানুষ হিসেবে অবহেলিত হয়েছে চিরকাল।

তথ্যসূত্র :

1. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর , ' গল্প - পঞ্চাশৎ ', প্রথম সংস্করণ, মুকুন্দ পাবলিশার্স, ৮৮, বিধান সরণি,কলিকাতা ৪, ১৯৬০, পৃঃ ৩৬০
2. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর ' গল্প - পঞ্চাশৎ । প্রথম সংস্করণ মুকুন্দ পাবলিশার্স, ৮৮, বিধান সরণি কলিকাতা - ৪. ১৯৬০, পৃঃ ৩৬২
3. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর, ' গল্প - পঞ্চাশৎ প্রথম সংস্করণ মুকুন্দ পাবলিশার্স, ৮৮, বিধান সরণি, কলিকাতা - ৪., ১৯৬০, পৃঃ ৩৬৪.
4. মজুমদার কমলকুমার পল্প সমগ্র নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা -৭০০০৭৩ ১৯৬৫ পৃঃ ২৮০
5. মজুমদার কমলকুমার পল্প সমগ্র নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা -৭০০০৭৩ ১৯৬৫, ঐ
6. মজুমদার কমলকুমার গল্প সমগ্র, নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা৭০০ ০৭৩, ১৯৬৫ পৃঃ ২৮৩

7. মজুমদার কমলকুমার । গল্প সমগ্র', নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা-৭০০০৭৩ ১৯৬৫ , পৃঃ ২৮৬
8. মজুমদার কমলকুমার । গল্প সমগ্র', নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা-৭০০০৭৩ ১৯৬৫ , পৃঃ ২৯৮
9. বসু সমরেশ , বাছাই গল্প ', প্রথম নিউ লতিকা সংস্করণ নিউ লতিকা প্রকাশনী, ১০/১, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা - ৭০০০০৯, ১ লা বৈশাখ ১৪২৯, পৃঃ ১৮৯
10. বসু সমরেশ , বাছাই গল্প ', প্রথম নিউ লতিকা সংস্করণ নিউ লতিকা প্রকাশনী, ১০/১, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা ৭০০০০১, ১ লা বৈশাখ ১৪২৯, পৃঃ ১৯০
11. বন্দ্যোপাধ্যায় মানিক, ' শ্রেষ্ঠ গল্প ', করুণা প্রকাশনী, ১৯৫০, পৃ: ১৪৭
12. তদেব, পৃ: ১৫০
13. বন্দ্যোপাধ্যায় মানিক, ' শ্রেষ্ঠ গল্প', করুণা প্রকাশনী, ১৯৫০, পৃ: ৫
14. তদেব, পৃ: ১১
15. ঘোষ সুবোধ, ' শ্রেষ্ঠ গল্প ' প্রথম সংস্করণ, করুণা প্রকাশনী, টেমার লেন, কলকাতা ৯, জ্যৈষ্ঠ,১৩৫৬, পৃ : ২৯
16. তদেব, পৃ : ৩১

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ :

1. মজুমদার কমলকুমার। গল্প সমগ্র নিউ মহামাতা প্রেস ৬৫ / ৭ কলেজ স্ট্রিট, কলিকাতা,৭০০ ০৭৩, ১৯৬৫
2. রায় কিন্নর । ' শ্রেষ্ঠ গল্প । প্রথম সংস্করণ । দে'জ পাবলিশিং, ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭৩, জানুয়ারি ২০০৩ ।
3. বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর । ' গল্প - পঞ্চাশৎ ' । প্রথম সংস্করণ । মুকুন্দ পাবলিশার্স, ৮৮ বিধান সরণি 1 কলিকাতা - ৪. ১৯৬০ ।
4. মিত্র নরেন্দ্রনাথ । গল্পমালা । প্রথম সংস্করণ । আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বেনিয়াটোলা লেন, কলকাতা- ৯, ডিসেম্বর ১৯৫৬ ।
5. মিশ্র ভগীরথ । ' সেরা ১০ টি গল্প । প্রথম সংস্করণ । দে'জ পাবলিশিং, ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট কলকাতা - ৭০০ ০৭৩, মাঘ ১৪১৬ ।
6. বন্দ্যোপাধ্যায় মানিক । শ্রেষ্ঠ গল্প । করুণা প্রকাশনী, টেমার লেন, কলকাতা-৯, ১৯৫০
7. বসু সমরেশ । বাছাই গল্প । প্রথম নিউ লতিকা সংস্করণ । নিউ লতিকা প্রকাশনী, ১০/১,রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা - ৭০০০০৯, ১ লা বৈশাখ ১৪২৯ ।
8. চট্টোপাধ্যায় সাধন । শ্রেষ্ঠ গল্প । দ্বিতীয় পরিবর্ধিত সংস্করণ । করুণা প্রকাশনী, কলকাতা ৯, ২০০৭।
9. ঘোষ সুবোধ। শ্রেষ্ঠ গল্প । প্রথম সংস্করণ । করুণা প্রকাশনী, টেমার লেন, কলকাতা - ৭০০ ০০৯, জ্যৈষ্ঠ, ১৩৫৬

সহায়ক গ্রন্থ:

1. চৌধুরী শ্রী ভূদেব । বাংলা সাহিত্যের ছোটগল্প ও গল্পকার । । পুনর্মুদ্রণ মর্ডান বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড । কলকাতা ৭২, ২০১১।
2. দত্ত বীরেন্দ্র । বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ । প্রথম খণ্ড ষষ্ঠ পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ পুস্তক বিপনী কলকাতা ৯ জানুয়ারি ২০০৯।
3. মুখোপাধ্যায় অরুনকুমার । কালের পুত্তলিকা : বাংলা ছোটগল্পের ১১০ বছর (১৮৯১ - ২০০০)'। তৃতীয় সংস্করণ । দে'জ পাবলিশিং ৭৩ এপ্রিল ২০০৪
4. মজুমদার উজ্জ্বলকুমার। গল্প পাঠকের ডায়েরী । বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা ৯, ২০০৫

11

শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পে অস্তিত্বের সংকট

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
দীপান্বিতা ঘোষ (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

শ্যামল গঙ্গোপাধ্যায় নাগরিক জীবনের মেকি মোহ ও জটিলতা ত্যাগ করে আকৃষ্ট হয়েছেন জীবনের মৌল উপাদান গুলির দিকে । তাঁর ব্যবহৃত শব্দ ও ভাষা আমাদের অপরিচিত নয়, কিন্তু পরিচিত ও ব্যবহৃত শব্দের মধ্যে থেকে তিনি জীবন প্রবাহকে হাত বাড়িয়ে এমন ভাবে আপন করে নিয়েছেন যে, পরিচিত ও ব্যবহৃত শব্দের সমব্যায়ে গড়ে ওঠা বাক্যের অর্থ ও বদলে যেতে থাকে। তাঁর সাহিত্যে পেয়ালায় চুমুক দিয়ে যেকোন সময়েই পাঠক নতুন জীবন রস আস্বদন করতে করতে চললাম জীবনের গভীরে অবগাহন করার সৌভাগ্যে অর্জন করে নিতে পারে । দুর্দমনীয় জীবন অন্বেষা নিয়ে এই দরদী মানুষটা আজীবন খুঁজে বেড়িয়েছেন জীবনের আপাত তুচ্ছ ঘটনা, মানুষও তার অনালৌকিত দিককে -- বলা বাহুল্য, জীবনকে এই নতুনভাবে দেখার দৃষ্টিভঙ্গিই তাঁকে বাংলা সাহিত্যে একটি স্বতন্ত্র পরিসরে নিয়ে। গেছে।

ও জীবনের সংকট বহন ও করে সাহিত্য। ঊনবিংশ শতকের শেষে লগ্ন থেকে বাঙালির সামাজিক, রাজনৈতিক জীবন চর্চায় ব্যাপক পরিবর্তন হয়েছে এবং বিংশ শতকের সূচনা লগ্ন থেকে এই পরিবর্তন এক মহাঅসুখে পরিণত হয়েছে। গ্রাম বাংলার সাধারন মানুষের জীবন এই পরিবর্তনে নানাবিধ সংকটের রূপই নজরে আসে শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পে । অর্থ সামাজিক সংকটে বিপন্ন হয় মানতআত্ম । সামন্ততন্ত্রের সাথে ধনতন্ত্রের অসুভ সন্ধির ফলে নিষ্পেষিত হয় দীন দরিদ্র মানুষ । সব হারানো মানুষগুলো আবার ঘুরে দাড়ানোর চেষ্টা করে, অন্ন-বস্ত্র-বাসস্থান-শিক্ষা এই রকম মৌলিক চাহিদা গুলির অভাবে সাধারন মানুষের নৈতিক অবনমন ঘটে । অস্থির সেই সময়ের আবর্তে নারীর আত্মিক ও সামাজিক সংকট আরো তীব্রতর হয় । অবক্ষয়িত নারীর মানসিকতা ও জীবন চর্চায় পরিবর্তন আনে। অভাবের অঙ্গারে পড়ে যায় তথাকথিত দৈহিক সূচিতা। সব মিলিয়ে এক অস্তিত্ব রক্ষার সংকট ও তার জন্য লড়ায়ের চিত্র ফুটে উঠেছে লেখকের গল্পে। এই বিষয়টিকেই লেখক শ্যামল গঙ্গোপাধ্যায়ের কিছু নির্বাচিত গল্পের মধ্যে দিয়ে আলোচনা করার চেষ্টা করছি এই অনুগবেষণা পত্রটিতে।

।।ক।।

অস্তিত্ব টিকিয়ে রাখার লড়াই ও পেশা পরিবর্তন:এই পর্বে দেখব, নিজের জীবন অস্তিত্ব টিকিয়ে রাখতে মানুষ কীভাবে প্রনান্তকর লড়াই করে। এই পর্বের লেখা গল্পগুলি গ্রামকেন্দ্রিক, তবে পাশাপাশি হয়েছে শহুরে ব্যবসার ফাঁদ। বিংশ শতাব্দির ছয়-সাতের দশকের প্রেক্ষাপটে গ্রামীন আর্থ সামাজিক পরিস্থিতির পরিচিত চেহারা একটু করে বদলাতে থাকে। এই পরিবর্তিত পরিস্থিতির পরিচিত চেহারা একটু একটু করে বদলাতে তাকে। এই পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য গ্রামীন মানুষজন নিজেদের জীবনরীতি বদলাতে তাকে, ফলে অস্তিত্ব রক্ষার তাগিদে বদলাদে তাদের জীবিকা বা পেশা । ফলে একরকম বাধ্য হয়েই তারা বেছে নেয় নতুন পেশা। বলা বাহুল্য, শহুরে আধুনিক সময়ের প্রয়োজন-চাহিদা ও ইচ্ছের যোগান দিতে এবাবে একটি করে পেশা হারিয়ে যেতে আর তৈরি হয় নতুন একটি পেমা। এই বিষয়টি আলোচনার জন্য আমি শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্প সংগ্রহ ১ম খণ্ড থেকে- ১) যুদ্ধ, ২) পরামর্শ, ৩) কে আসেনি।

গল্প তিনটি নির্বাচন করেছি। উক্ত গল্পগুলিতে দেখা বিষয় হল গ্রামের মানুষগুলি জীবন বাচাতে কীভাবে অন্য পেশায় নিযুক্ত হয় আর নতুন পেশার সঙ্গে নিজেদের খাপ খাওয়াতে শুরু হয় তাদের জীবনের লড়াই। প্রথমে ভাগচাষী হয়ে জীবন যাপন, কিন্তু পরে পরিস্থিতির চাপে চাষ বন্ধ করে শহুরে প্রয়োজনে মাছধরা, ব্যঙধরা, সাপের চামড়া বিক্রি করে পরিবর্তিত পেশায় বেঁচে থাকার কঠিন সংগ্রাম করে।

এই আলোচনাই প্রথমেই দাবি রাখে 'যুদ্ধ' (শ্যামল গঙ্গোপাধ্যায় গল্পসংগ্রহ ১ম খণ্ড, তিনসঙ্গী, প্রথম প্রকাশ ১৯৮০) গল্পটি। গল্পের মূল বিষয় জীবন সংগ্রামে টিকে ঢাকার জন্য পেশাগত পরিবর্তনে নিজেকে মানিয়ে বেঁচে থাকার লড়াই। সেই জীবনযুদ্ধে অবতীর্ণ হয়েছে এই গল্পের দ্বারিকপোতার হাজরা নস্কর। শুধুমাত্র সে নয়, সে একটা শ্রেণী একটা সময়ের প্রতিনিধি মাত্র। তার জ্ঞান হওয়ার বহু আগেই কোন এক দ্বারিকবাবু নামে একজন বিস্তির্ণ জঙ্গল চাষ আবাদের জন্য পত্তন করেন। সেই থেকে বংশ পরম্পরায় দ্বারিকপোতায় চলছে চাষবাসের পেশা। সেকানকার ভূ-প্রকৃতি ও ভৌগলিক পরিবেশ অদ্ভুত রকমের। যার বর্ণনা দেখি গল্পের শুরুতেই,-

"দ্বারিকপোতার জমি বড় আশ্চর্য, পৌষ ধান ওঠার পর সেখানটা খা খা করে। কারণ, কাছাকাছি কোথাও জল নেই। উপরন্তু ছাড়া গরুও উপদ্রব। বর্ষাকালে আরও কাহিল অবস্থা। কষ্টে সৃষ্টে ধান লাগাবার মাসকানেক পরে বৃষ্টি একটু জোর নামলেই আগগোড়া ডুবে সমুদ্র হয়ে যাবে।"[১]

-এহেন পরিস্থিতিতে হাজার নস্কর তার পূর্বে পুরুষের পেশা অনুযায়ী ভাগচাষী হয়ে মালিক জলিল গাজির জমি চাষ করে। তবে এক্ষেত্রে মালিক হাজরা উপর কোন অত্যাচার অবশ্য রয়েছে মালিকের গোপন আসলে বাগচাষী বোর্ডে হাজরাকে অকর্মন্য, চাষে মন নেই, ফসলের ভাগ দিতে অসমন্য প্রমান করতে পারলে তাকে জমি থেকে চিরতরে উচ্ছেদ করতে পারবে। এইভাবেই দ্বারিকপোতার মালিকরা জমিথেকে ভাগচাষীদের উচ্ছেদ করে নিজেদের বসবাসের কাজে রাগাতে নাই। হাজরাকে তার মালিক প্রস্তাব করে,-

"ও ধান তুমি রাকো। আরও দু'বস্তা ধান নিয়ে গিয়ে ছেলে পুলে নিয়ে এই বর্ষাটা পেট ভরে খাওয়া-দাওয়া কর। গায়ে তাগদ করে আমার রাস্তার কাজে লেগে যাও। দিন গেলি চার টাকা কোমরে গুঁজে বাড়ি ফেরবা।"[২]

দুই ছেলে মেয়ে আর স্ত্রীকে নিয়ে দরিদ্রের সঙ্গে লড়াই করে হাজরা ধুকতে থাকলেও গাজির এ ছাড়তে রাজি নয়। তবে গাজির দেখানো পেশায় না গেলেও দারিদ্রের জ্বালায়, পেটের জ্বালায় বেঁচে তাকতে হাজরা তার বন্ধু পরামর্শমত ব্যাঙ ধরে বিক্রি করার পেশায় যুক্ত হয়। এখন ব্যাঙ ধরা বড় নেশা, বলা যায় পয়সার নেশা। এক কলসী ব্যাঙ ধরে ফিরতে পারলেই রোজ ১২-১৪টাকা আয় হতে পারে,

"বেশ কিছুকাল এখানকার দু'চারজন ব্যাঙের আড়ত করেছে। সেখানে সকাল বেলা জ্যান্ত ব্যাঙের পেছনের দ'খানা পা কেটে রেখে বাকিটা ফেলে দেওয়া হয়। তারপর ধোওয়া ধুয়ি, করে ঠ্যাগুগুলো বরফ চাপা দিয়ে কলকাতায় চালান যায় ।"[৩]

-এই পেশা শুধু বর্ষাকালের সময়ের ক্রমশই বৃদ্ধি পাচ্ছে। কারন শহুরে সাহেব মেমসাহেবদের খাওয়ার ইচ্ছের উপর ভর করে তা বৃদ্দি পাচ্ছে। শহুরে প্রয়োজনই এই পেশার উদ্ভব। এই পরিবর্তিত পেশায় আসার জন্য হাজরা-র প্রচলিত জীবনের ধারা পালটে যায়।

এভাবেই চলতে তাকে দরিদ্র হাজরার জীবনযুদ্ধ। অবশ্য 'যুদ্ধ' গল্পে যুদ্ধ নামটা বহুমাত্রা বহন করে। কেননা একদিক থেকে হাজরাদের যুদ্ধ করতে হয় দারিদ্রের সাথে, নিজের জীবন বাঁচিয়ে রাখতে। অন্যদিকে সাপের সঙ্গেও চলে যুদ্ধ। কারণ হাজরা ও সাপ দুজনকেই বেঁচে থাকতে হবে ব্যাঙের উপর নির্ভর করে।

এই ধারায় দ্বিতীয় স্থানে আলোচনার দাবি রাখে 'পরামর্শ' (শ্যামল গঙ্গোপাধ্যায় গল্পসংগ্রহ-১ম খণ্ড, তিন সঙ্গী, ১৯৮০) গল্পটি। গল্পে চুনিও সিন্ধুমনির জীবন সংগ্রামের কথা বলা হয়েছে। চুনির পেশাগত জীবনে বাটা পরে তার মাছ ধরা বন্ধ হয়ে যাওয়ার পর। ফলে সে মহা দারিদ্রের মুখোমুখি হয়ে লড়াই করতে শুরু করে। পিচ রাস্তার গায়ে সরকারি জমিতে টিনের ছাপরা চড়ানো মেটে ঘরে তাদের সন্তান-সন্ততি নিয়ে

বাস। তবে চুনি যখন মাছ ধরত তখন তাদের বেশ চলত। লেখকের বর্ণনা গল্পে জানতে পারি এ বিষয়ে,

"সন্ধ্যে রাত থেকে আটল বসিয়ে লক্ষ আগলে চৌকি দিত। ভোর ভোর মাছের বোঝা কাঁধে গেলে বাড়ি ফিরত, বউ সিন্ধুমনি সাত সকালে মাছ ভেজে দিত। টাটকা তাড়ির সঙ্গে তারিয়ে তারিয়ে ভাজা মাছ খেয়ে দিয়ে চুনি চরতে বেরোতো।"[৪]

চুনির এই স্বপ্নময় জীবনে ভাটা পড়ে মাছ ধরা বন্ধ হয়। তখন গ্রামের প্রায় সকলেরই পেশা ছিল মাছ ধরা এবং প্রয়োজনীয় কেরোসিন কেনার জন্য সামান্য কিছু মাছ বিক্রি করা। তাদের সকলেরই বন্ধ হয় এই পেশা। কারন তারা যে ভাসা জমিতে মাছ ধরত তা সরকারী পাম্পের সাহায্যে সেই জল শুকিয়ে দেওয়া হয়। তবে তা অবশ্য চাষবাসের জন্য। কিন্তু চুনির কোন জমি জায়গা না থাকায় সে চাষ করতেও পারে না আর নতুন পেশার সাথে সে মানিয়ে নিতে ও পারে না। ওর মন পড়ে থাকে মাছের প্রতি, মাছের জন্য সে প্রায় পাগল হয়ে যায়। অভাবে দীর্ণ-জীর্ণ সংসাওে মাতাল হয়ে চুনি তার স্ত্রীকে মারধর করে, বড় ছেলেকে পাঠায় মুখুজ্যেদের আড়ত মাছ দিতে। নিজের ব্যর্থতা অপরকে দিয়ে ঢাকতে চাই সে।

চুনির অভাবী সংসারের এতগুলো পেট চালাতে তার স্ত্রী সিন্ধু অন্যের বাড়িতে কাজ করে তাকে সাহায্য করে। তবে অভাবের সংসারে হাড় জ্বালানো দাড়িদ্র, স্বামীর অত্যাচার আর এতগুলো পেট চালানোর তাগিদে শেষ পর্যন্ত চুনির স্ত্রী সিন্ধুমনি পতিত মিত্তিরের বাড়িতে রক্ষিতা হতে দ্বিমত করেনি। নিজেকে ও নিজের পরিবারকে বাচাতে সে এই সিদ্ধান্ত নিতে দ্বিধা বোধ করেনি। তার পতিত মিত্তিরের কাছে শর্ত দিল,

"কোলের ছেলে মেয়ে দুটো ঘরে ফেলে যেতে পারবনা কিন্তু আর নগদ কী দেবে।'[৫]

-পতিত মিত্তিরের হয়তো সিন্ধুকে পেটেভাতে খেতে দেবে আর নগদ কিছু টাকা দেবে। বাড়ির চওড়া রক বড়বড় ঘর, শান বাধানো পুকুর দেখে সিন্ধুর বড় সুখ হচ্ছিল। এহেন কারনে পতিত মিত্তি কে মনে ধরে, কারণ পতিত মিত্তির তাকে বলেছিল,

"তোমার ছোট ছেলেটাকে পাঠিয়ে দেবে রোজ। পাস্তা গরম যা জোটে খেয়ে যাবে।'[৬]

-জীবন বাঁচানোর পেশা বন্ধ হলে, নতুন পেশাও পরিবর্তিত পেশায় মানাতে না পেরেই হয়তো চুনি সিন্ধুদের জীবন এভাবেই ধুকতে থাকে।

এই ধারার তৃতীয় গল্প "কে আসেনি' (শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্প সংগ্রহ-১ম খণ্ড, তিনসঙ্গী, ১৯৮০) আলোচনার দাবি রাখে। গল্পটিতে জীবন সংগ্রাম চলেছে, খগেন ও তার পরিবার নিয়ে। স্ত্রী বেস্পতি, তিনছেলে-হাজরা, বজরা, ঘটি। এই নিয়েই

খগেনের সংসার। এই পরিবারটি অনেকটা স্বচ্ছল, তার কারণ প্রত্যেকেই অস্তিত্ব রক্ষার জন্য লড়াই করে চলেছে স্ব-স্ব ক্ষেত্রে। খগেন মাছ ধরে মাছ বিক্রি করে আর এই কাজে তাকে সাহায্য করে তার ছোট চেলে ঘটি। তার এই পেশায় ভাটা পরে কেননা, বাপ ঠাকুরদার আমলে খালে-বিলে যত মাছ ছিল তা ক্রমশই কমে আসছে। ফলে খগেনের মতো মাছ ধরার পরিবারের ক্রমশই আসছে কঠিন জীবন সংগ্রাম। গ্রামে কাজও কমে আসছে, তাই খগেন নিজে জড়ো করে সরকারী খালে মাছ ধরার কাজে। গল্পের প্রথমেই দেখি জলসেচ করে মাছ ধরার প্রস্তুতি।

"বৈশাখ মাসের প্রথম পূর্ণিমা হবে। খাল থেকে মাছ ধরছিল সবাই। জলসেচা মেশিন চলছে আজ তিন দিন। জল যত কমে আসে- খগেনের ধারনা, এবার না-জানি বড় বড় মাছ বাতাসের অভাবে ওপরে ভেসে উঠবেই জলে খাই দেবে।"[৭]

- তবে গ্রামের অনেকেই মাছ ধরার পেশা ত্যাগ করে অন্য পেমাই নিযুক্ত হয়েছে। গলে খগেনের সাথে অনেকেই মাছ ধরতে আসেনি যেমন, শরৎ মিস্ত্রি রগাল রাগিয়ে অবস্থা গিয়েছে, কিমোরী দাস ফুরোন - ইট কাটে লালজীর ইটখোলায়।

খগেন অতীত জীবনের কথা মনে করে, যা ছিল তার কাছে স্বর্গের জীবনের সমান। তার আত্মকথন থেকে জানা যায়, সে বিধাব কনক মণ্ডলের জমিতে মুজুরী কেটেছে, পরে কনকের ভাগচাষী হয়েছে, কিন্তু মালিক কনক ও খগেনের বেশি বেশি মেলামেশা খগেনের স্ত্রী বেস্পতির নজর এরায়না। সেটা যে রীতিমত অপছন্দ করে তা খগেনের আত্মকথন থেকে জানতে পারি,

"বেস্পতি এমনিতেই দোবেলা তার মরন চাইতো, মুখে বলত, ফরসা মানুষির মনে যত কুবুদ্ধি থাকে,"[৮]

ফলে তারপর থেকেই খগেন খালের ডোবার মাছ ধরার কাজে যুক্ত। মাছের সাথে সাপ ও ধরে চামরা ও বিষ বিক্রি করে, কখনো আবার গৃহস্থবাড়ির নারকেল গাছের মাথা ও পরিস্কার করে। এভাবেই খগেনের জীবনের তাগিদে পেশার অদল-বদল ঘটতে থাকে অস্তিত্ব রক্ষার লড়াইয়ে সামিল হয়ে।

।।খ।।

জীবন বাঁচানোর যুদ্ধ ঃ জীবন মৃত্যুর মাঝামাঝি সহাবস্থান-এই অধ্যায়ে আলোচনার বিষয় মৃত্যুর পথযাত্রী হয়েও মৃত্যুকে জয় করে মৃত্যুঞ্জয়ী হওয়ার লড়াই। মৃত্যুর সম্মুখে দাঁড়িয়ে জীবন মৃত্যুও মাঝামাঝি অবস্থায় এসেও প্রিয় জীবনকে বাঁচিয়ে রাখার আপ্রান চেষ্টা করে। মানুষ। বিংশ শতকের প্রেক্ষাপটে লেখা গল্পগুলিতে শহুরে লোভী হওয়া আবহাওয়া গ্রাস করে চলেছে গ্রাম্য জীবনকে, এই পরিবেশ পরিস্থিতির মধ্যে মানুষ প্রতিনিয়ত লড়াই করে চলেছে মৃত্যুর সঙ্গে লড়ে চলেছে। জীবনের যুদ্ধ এই পর্বে

আলোচনার দাবী রাখে শ্যামল গঙ্গোপাধ্যায়ের- যুদ্ধ, কালকেপুরের রেল পুকুর গল্প দুটি ।এই গল্প দুটিতে সাপ নামে একটি সরীসৃপ প্রানীটি নানাভাবে ঘুরে ফিরে এসেছে। এই ভিষন সুন্দর ভয়ংকর সরীসৃপটি নানা ভাবে জড়িয়ে মানুষগুলির জীবনের সাথে, কোন এক অতলস্পর্শী রহস্য জীবন মৃত্যুর রূপ ধরে একবার দূরে যায় আর এবার কাছে আসে। এই নিয়ে তাদের জীবনের বেঁচে থাকার লড়াইকে চিহ্নিত। করা হয়েছে। এই গল্পে দুটিতে গ্রামীন পরিবেশে সহজ সরল মানুষগুলি নিজেদের প্রয়োজনীয় চাহিদা মেটাতে যারা টিকে থাকতে কীভাবে জীবনের ঝুকি নিয়েছে এবং মৃত্যুর সম্মুখীন হয়েছে আর শেষ পর্যন্ত লড়াইয়ে যে টিকে থেকে তারা ফিরে এসেছে মৃত্যুকে জয় করে।

এই পর্বের আলোচনাতে প্রথম দাবীরাখে 'কালকেপুরের রেলপুকুর' (শ্যামল গঙ্গোপাধ্যায়, গল্প সংগ্রহ ১ম খণ্ড তিনসখী ১৯৮০) নামক গল্পটি হয়েছে দুলাল নামের এক ব্যক্তিকে নিয়ে ছেলে রাঘু আর তার ছোট শিশুটিকেও স্ত্রীকে নিয়ে তার পরিবার। সে মাছ ধরতে যায় কালকেপুরের রেল পুকুরে সেখানেই মাছ ও সাপের সাথে তার লড়াই এই লড়াই নিজেকে বাঁচানোর লড়াই। জীবন মৃত্যুর মাঝামাঝি দাঁড়িয়ে প্রানপনে পাঞ্জালড়ে যাচ্ছে ভয়ংকর মৃত্যুদূত বিষাক্ত সাপের সাঙ্গে তাই এই জীবন অভিজ্ঞতা ও তার অবস্থানগত তাৎপর্য নির্নয় আলোচ্য গল্পের সারকথা।

গল্পের শুরুতেই দেখি

"যোল পাউণ্ডের দুশোফুট নাইলনকর্ড, আধ ডজন আঁড় বড়শি, এক কেজি পিঁপড়ের ডিম আর হরলিকসের শিশি ভর্তি কেঁচো নিয়ে দুলালে ভেণ্ডারদের গাড়ি পার হয়ে ছোট মত একটা কামড়য়ে উঠল; কোনে কোচ সুগ্ধ ছিপ

দুখানা দাঁড় কড়িয়ে দিয়ে একটা বিড়ি বের করল,"[৯]

-এই সকল মাছ ধরার সরঞ্জাম নিয়ে খুব ভোরেই মাছ ধরতে যায় দুলাল। বাড়িতে থাকে তার স্ত্রী ও দুই পুত্র তার এই মৎস অভিযানের একমাত্র সঙ্গী এই যন্ত্রপাতি গুলি। দীর্ঘ দিনের মাছ ধরার অভিজ্ঞতার দরুন বেগমপুর, সীতাকুণ্ডু মত জায়গার স্বাদহীন মাছের থেকে কালকেপুরের রেল পুকুর তার কাছে ঢের ভালো খালের চেয়ে বেশ চওড়া ও লম্বা পুকুরটি হঠাৎ তার নজরে ধরে,"গত ফাল্গুনে ইন্দুর সঙ্গে রাখুকে জাগুলের বাসে মামাবাড়ি পাঠিয়া দুলাল দেখল, অফিস যাওয়ার আর সময় নেই। ফিরতি পথে একা একা শেয়ালদার ট্রেনে উঠে বসল। কালকেপুরে ট্রেন থামলে টিকিটঘর, মাষ্টার বাবুর কোয়ার্টার রিক্সার আড্ডা মায় বাউণ্ডারি বাঁধ ঘেঁষে টলটলে বলে দেখে এত ভাল লাগল- গার্ড, সাহেবের বাঁশি শুনেই নেমে পড়ল"[১০]

-ভাবনাগত অবস্থান থেকে বাস্তবের মাটিতে পদার্পন করে দ্রুতো দুলাল, তার থেকেও

দ্রুত গতিতে ফিকে অন্ধকার ভেদ করে স্টেশনে নামিয়ে দিয়ে ট্রেন চলে গেল। রেল পুকুরের গা ঘেঁষে ইট খোলার পোড়া দ সব জলে একাকার সে আবার ভারী বিপদের, ইট খোলার পোড়া দ' সম্পর্কে তার স্মৃতিতে রয়েছে একটি ঘটনা সে বহুদিন আগে শুনেছিল ইন্দুদের বাড়ির বড়মিত্তির বড়শিতে গাথা মাছ তুলতে দ'এ ঝাপ দেয়, মাছ ওঠেনা তবেপর দিন তার মরা দেহ ভেসে ওঠে। তাই এই জায়গাই একটু সাবধানতা অবলম্বন করে চলে দুলাল।

সব গুছিয়ে ছিপ ফেলে বসতে সকাল হয়ে যায়। পা মুছে চৌকিতে বসতে গিয়ে দেখে রক্তজলে পড়ে ফ্যাকাসে হয়ে গেছে। সাবধানে শামুকের কুচি টেনে বের করে ফেলে দেয় দুলাল। জলে ভেজা লম্বা লম্বা ঘাসের ভেতর অনবরত পোকা উড়ছে আর ফড়িং পাক খাচ্ছে দেখেই সে বুঝল এ জায়গায় সাপের আনাগোনা আছে। বেলা দশটা নাগাদ একসের একটি মৃগেল পেল তাও দুলাল মুঠ করে জলে ছুড়ে দিল। সে বসে আছে বড় শিকারের লোভে। অপেক্ষা করতে করতে শেষ পর্যন্ত বেলা তিনটের নাগাত বড়রকমের একটি মাছ বেধেছে । হ্যাঁচকা টানে সুতো যাওয়ার আগেই আলগা দিয়ে দিল অনেকটা সুতো মাছটকে কিছুটা দৌড় করিয়ে ধরা অনেক সহজ ছিল কিছু মাছটা খুব চতুর। এই ধরনের বড় চতুর মাছের জন্য অনেক প্রানেকে প্রান হারিয়েছে তা দুলালের অজনা নয়। জলে নেমে পড়ে মাছটি তোলার জন্য এবং অনুভব করে তা দু পায়ের মাঝখান দিয়ে মাছটা গলে বেরিয়ে যাচ্ছিল। মাছটা তার সর্বস্ব শক্তি দিয়ে ছিটকে যেতে চাইলেও সুবিধে করতে পারল না। দুলাল দু' হাত দিয়ে বুকের কাছে চেপে ধরল মাছটিকে। দুলালের চুল ভিজে গিয়ে জলের ফোঁটা কোমরের নীচ নীচ দিয়ে পিঠ বেয়ে নামছে। কোমরে পিঠে কাঁটা দিয়ে উঠছে, তাতে তার মন দেওয়ার সময় নেই মাছের জন্য। প্রায় ১৪ কেজির কাতলা। মাছটাকে বুকে করে সতর্কভাবে ডাঙায় উঠতে গিয়ে তখনই চোখে পড়ে তার সামনের সবুজ কচুপাতায় ধেনো গোখরো । আতর্কিত মৃত্যু মুখে দাঁড়িয়ে দুলালের ভিন্ন ভিন্ন স্মৃতি মনে হাজির হতে থাকলো,-

"রাখুর ছোট ভাইকে কোলে নিয়েছে- এই ভাবে কনুই দিয়ে মাথা সুদ্ধ চেপে ধরল। ভাগ্যিস কাঁদে না। কানকোয় ফ্যাকাসেরক্ত। এই বার বুঝল, নাইলন কর্ড গায়ে কেটে বসেছে। নড়বার কথা দূরে থাক জোরে নিশ্বাস ফেলারও উপায় নেই এখন"[১১]

এরই মধ্যে হুইসেল দিল ট্রেন তবে তার সেদিকে তাকানোর উপায় নেই । তার মনে এখন দুটিই আশঙ্কা-।।১।। ট্রেন থেকে কেউ চায়ের খুড়ি ফেললে লাগলে, পাতা নড়ে গেলেই সাপটি জলে নেমে আসবে।

।।২।। মাছটা তার বুকে কাটা পাখনা চেপে বসে আছে, ব্যাথা সহ্য করতে না পেরে

আলগা হলেই মাছ জলে ঝাপ দিলেই কচু পাতা নড়ে গোখরোটি তার দিকে ধেয়ে আসবে।

সময় ধরে খেলা চলতে থাকে। মনে হল গোঘরো যেন দুলালের ধৈর্যের পরীক্ষা নিচ্ছে। আর সেই পরীক্ষায় উত্তীর্ন হয়েছে দুলাল। জীবন-মৃত্যুর এই পরীক্ষায় কৃতকার্য দুলাল। অর্থাৎ সাপটি ফনা নামিয়ে আসতে আসতে দূরে চলে গেল।

এভাবেই জীভন-মৃত্যুর সহাবস্থানে থেকে লড়াই করে ০৬.১০ এর ট্রেনে তার পরিচিত পৃথিবীও তার পরিবারের কাছে তার বাবুমশাই এর কাছে ফিরে গেল।

রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর একটি গানের মধ্যে বলেছেন ; আপনাকে এই জানা আমার ফুরোবে না/ সেই জানার সঙ্গে সঙ্গে তোমায় চেনা । অর্থাৎ প্রায় প্রতিটি মানুষই নিজেকে বা নিজের জীবনকে যেমন ভালো ভাবে বা পূর্ণ ভাবে চেনে না জানে না, তেমনি অন্যের জীবন কেও সঠিকভাবে জেনে উঠতে পারে না ।

ফলে জীবনে সৃষ্টি হয় অস্পষ্টতা; অপূর্ণতা আর রহস্যের মায়াজাল। শ্যামল গঙ্গোপাধ্যায় জীবন নিয়ে প্রচুর Experiment করেছেন; জীবনের কক্ষ থেকে কক্ষান্তরে গহীন রহস্যের অন্ধকারেও বৈজ্ঞানিক Search Light ফেলে আবিষ্কার করেছেন জীবনের বিভিন্ন রহস্য। জীবনের যে ভিন্ন ভিন্ন রকমের যে রহস্য তাকে তিনি দেখিয়েছেন ভিন্ন ভিন্ন মাত্রার ও ভাবনার দৃষ্টি কোণ থেকে ।

১৯৩৯ সালের দ্বিতীয় বিশ্বযুদ্ধের পটভূমিকায় অপরিসীম মূল্য বৃদ্ধি; মধ্যবিত্ত, নিম্নবিত্ত জীবনের সমস্যা ও সংকট ; পুরনো মূল্যবোধের দ্রুত অবলুপ্তি; নৈতিক অবক্ষয়, নীতিহীন বিবেক বর্জিত পন্থা ও কৌশল এই সর্বাত্মক বিপর্যয়ের মধ্য দিয়ে এক ও মনুযুগের অন্তম লগ্নকে নিপুণ ভাবে তুলেধরেছেন সাহিত্যিকেরা । একজন সচেতনত সহিত্যিক তাঁর সাহিত্য কর্মের মাধ্যমে এই অবক্ষয়িত সময়ের ক্ষত গুলি চিহ্নিত করে, শুধরে দিতে চেয়েছেন ------ শুধরানোর ভাবনাটা ছড়িয়ে দিতে চেয়েছেন সাধারণ মানুষের মধ্যে । এ ক্ষেত্রে অবশ্যই ব্যাতিক্রম নন শ্যামল গঙ্গোপাধ্যায় । তিনি ও আজীবন তাঁর সাহিত্য কর্মের মাধ্যমে পাঠক সম্প্রদায়কে ও সাধারণ মানুষকে এই বার্তাই প্রেরণ করেছেন ।

স্বাধীনতার পর কেটে গেছে অনেক গুলো বছর । মানুষের জীবন চর্চা ও জীবন চর্চার পটচিত্র বা রীতি প্রকৃতি বদলেছে অনেকটাই । তবে থেকে গেছে আধুনিক সময় আধুনিক মানুষের মানসিকতায় ও রক্তে খুব স্বাভাবিকভাবে ঢুকে গেছে ভোগবাসনা, বিত্তলালসা, লোভ, আত্মকেন্দ্রিকতার ব্যাধি । এই সংক্রামক ব্যাধি এখন ছড়িয়ে পড়েছে সমাজের প্রতিটি স্তরে প্রতিটি কোণে। সামাজিক উপযোগিতার কথা ভেবেই এই সংক্রামক ব্যাধির উপশমের উপায় উপহার হিসেবে দিয়েছেন লেখক শ্যামল

গঙ্গোপাধ্যায় নিজের গল্পের মধ্য দিয়ে। তবে চারিদিকে যত ধরনের মারাত্মক পচনশীল ব্যাধির উৎপাতই থাকুক না কেন, তা ভুলে সমাজে সচেতনভাবে ব জায় রাখতে হবে সম্প্রিতি, ভালোবাসতে হবে জীবনকে। শ্যামল গঙ্গোপাধ্যায়ের গল্পবিশ্ব থেকে এই পাঠই নিতে হবে সকলে।

তথ্যসূত্র :

১) শ্যামল গঙ্গোপাধ্যায় 'যুদ্ধ' গল্প সংগ্রহ ১ম খণ্ড; তিনসঙ্গী, ১৯৮০, পৃঃ ৯৮

২) 'তদেব',পৃঃ-৯৬

৩) 'তদেব, পৃঃ-৯৭

৪) শ্যামল গঙ্গোপাধ্যায় 'পরামর্শ' গল্পসংগ্রহ -১ম খণ্ড, তিনসঙ্গী; ১৯৮০, পৃঃ-২২১।

৫) 'তদেব',পৃঃ-২২৫

৬) 'তদেব',পৃঃ-২৩০

৭) শ্যামল গঙ্গোপাধ্যায়, কেআসেনি' 'গল্পসংগ্রহ-১ম খণ্ড; 'তিনসঙ্গী' ১৯৮০, পৃঃ ২৩৩

৮) 'তদেব', পৃঃ-২৩৭

৯) শ্যামল গঙ্গোপাধ্যায় 'কালকেপুরের রেল পুকুর' গল্প সংগ্রহ ১ম খণ্ড; তিনসঙ্গী পৃঃ -২৪৪

১০) 'তদেব', পৃঃ ২৪৭

১১) 'তদেব', পৃঃ ২৫৬

গ্রন্থঋণ:

আকর গ্রন্থ সমূহ :

১) 'শ্যামল গঙ্গোপাধ্যায় গল্প সমগ্র । ১ম খণ্ড; '।১৯৯৪। দে'জ পাবলিশার্স কল-৭৩ ।

২) 'শ্যামল গঙ্গোপাধ্যায় গল্প সমগ্র । ২য় খণ্ড', ১৯৯৪ । দে'জ পাবলিশিং, কল-৭৩ ।

৩) শ্যামল গঙ্গোপাধ্যায় গল্প সমগ্র ; ৪র্থ খণ্ড, ১৯৯৫ দে'জ পাবলিশিং ; কল-৭৩ ।

৪) 'শ্যামল গঙ্গোপাধ্যায় গল্প সংগ্রহ; ১ম খণ্ড ১৯৮০। তিন সঙ্গী, কল-৭৩ ।

সহায়ক গ্রন্থ :

১) অরুণ কুমার মুখোপাধ্যায়।'কালের পুত্তলিকা': বাংলা ছোট গল্পের একাদশ বছর (১৮৯১-২০০০)। ন ৩য় সংস্করণ। ২০০৮। দে'জ পাবলিশিং, কল-৭৩, প্রথম ১৯৮২।

২) ইতি গঙ্গোপাধ্যায় । 'আমার শ্যামল'। অভিযান পাবলিশার্স । কল- ১২৮, ২০১৪।

12

নারীর প্রতিবাদী সত্তা: প্রসঙ্গ আশাপূর্ণা দেবীর ছোটগল্প

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
কাকলী ঘোষ (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১।।

সাহিত্য সমাজের দর্পণ - সমাজে যা কিছু ঘটনা সবই সাহিত্যের পাতায় ফুটিয়ে তোলেন সাহিত্যিকবিদরা তাদের উপন্যাস তথ্য কবিতা ও ছোট ঘরের আঙিনায়। ইতিপূর্বে নানা লেখনিতে নারী প্রতিবাদী সবার জাগরণ ঘটলেও ঊনবিংশ তথা বিংশ শতাব্দীতে নারী সমাজের মর্যাদা বৃদ্ধির প্রয়োজনে লেখনী ধারণ করেছিলেন নানা সাহিত্যিকগণ তাদের মধ্যে অন্যতম ছিলেন আশাপূর্ণা দেবী। তাঁর লেখনিতে ফুটে উঠেছে নারী জাগরণের ভিন্ন ভিন্ন সত্তায়নি। তিনি কোনো কোনো গল্পের আঙিনায় নারীকে দিয়েছেন আত্মমর্যাদার আস্বাদন,আবার কখনও কোনো কোনো গরে স্বাধীনতার পরিপূর্ণতায় ভরিয়ে তুলেছেন আবার কখনও পুরুষ শাসিত সমাজের বিরুদ্ধে রুখে দাড়ানোর সমন্বয়ে গঠিত করেছেন নারীকে। আবার কখনওবা সামাজিক পীড়নে নারীকে প্রতিবাদী মুখর করে তুলেছেন ভিন্ন ভিন্ন চরিত্রের দ্বারা। এ সবই খেলো নারী জাগরণের এক নতুন দিকের সূচনা করে সমাজে। আশাপূর্ণা দেবী যেনো নারীর চিত্র অঙ্কন করেছেন। একদম নিজস্ব পারিপার্শ্বিকতার সমন্বয়ে।

এর পাশাপাশি দেখা যায় ধীরে ধীরে বিভিন্ন পত্র পত্রিকায় নারী মুক্তির বিষয়গুলি নারী সমাজকে সচেতন করে তোলে। 'বিদ্যাদর্শন', 'তত্ববোধনী', 'ভারতী' প্রভৃতি পত্রিকা গুলির লক্ষ্য ছিল মহিলাদের অবস্থার উন্নতি সাধন। তারই ফলস্বরূপ- সৌদামিনী দেবী, মধুমতী গাঙ্গুলী স্বর্ণকুমারী দেবী মহাশ্বেতা দেবী, নবনীতা দেবসেন, সাবিত্রী রায়, আশাপূর্ণা দেবী প্রমুখ নারী ব্যক্তিত্ব লেখনী ধারণ করেছিলেন। এবং তাদের লেখনিতে বারবার ফুটে উঠেছে নারী মুক্তি তথা নিজ অধিকারে প্রতিবাদী জাগরণের সত্তা।

লিঙ্গ বিভাজিত সমাজে জন্মগ্রহণ করে নারীরা বুঝতে পেরেছে তাদের নিজস্ব কোনো সত্তা নেই, তাদের দেহটাই সম্বল। তারা সন্তান ধারণ করে, তাদের লালন পালন করে। এই রকম গতানুগতিক জীবনধারায় তারা অভ্যস্ত। অথচ নারী সমাজ বহির্ভূত অংশ নয়। তাদের আত্মিক মুক্তি একান্ত প্রয়োজন। আর সেই আত্মিক মুক্তির চেতনায় সরব হয়েছিলেন অন্যান্য লেখিকার মতোই লেখিকা আশাপূর্ণা দেবী। তাঁর লেখনিতে

ফুটে উঠেছে নারীর আত্মিক মুক্তির জাগরণ। সমাজ তথা পুরুষ শাসিত অত্যাচারের বিরুদ্ধে নারীর প্রতিবাদী সত্তার জাগরণ ঘটিয়েছেন আশাপূর্ণা দেবী তাঁর ছোট গল্পের আঙ্গিকে।

।।২।।

আশাপূর্ণা দেবী আজীবন যা রচনা করে গেছেন তা আমাদের বৈচিত্রপূর্ণ অভিজ্ঞতার জগত থেকে তুলে আনা দুর্লভময় কিছু অনুভূতি, যাকে অন্তরের দরদ দিয়ে উপলব্ধি করেছেন এবং সত্যের নিরিখে বিশ্লেষণ করে ছোটগল্পের আকারে আমাদের সামনে প্রস্ফুটিত করেছেন। নারীবাদ এই শব্দটি মূলত ফরাসি শব্দ থেকে এসেছে। নারীবাদ ওই সব নারী পুরুষকে বোঝায়, যাঁরা নারীর পক্ষালম্বন করেন। অবশ্যই যুক্তির মাধ্যমে। ইতিপূর্বে জুডিথ আস্টেলারা তার বইতে নারীবাদ বিষয়ে নানা তথ্য উপস্থাপন করেছেন। এর পাশাপাশি দেখা যায় উনবিংশ শতাব্দীতে নারী সমাজের মর্যাদা বৃদ্ধির প্রয়োজনে লেখনী ধারণ করেছিলেন - রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর প্রমুখ ব্যাক্তিবর্গ।

সম্প্রতি নারীবাদ সত্তার চূড়ান্ত প্রকাশ লক্ষ্য করা গেলেও এর বীজ রোপিত হয়েছিল সুদূর অতীতে। পুরুষ সমাজ ব্যবস্থায় পুরুষের স্বার্থ প্রাধান্য পাওয়ায় নারীরা ব্রাহ্মণ্য শাসনের ফলে দীর্ঘদিন ধরে উপেক্ষিত হয়ে এসেছে। হিন্দু সমাজ ব্যবস্থার কঠোর অনুশাসনগুলি নারী প্রগতির অন্তরায় সৃষ্টি করেছে। উনবিংশ শতাব্দীর প্রারম্ভে বাঙালি নারীরা কোনো প্রতিষ্ঠা পায়নি। তাদের ইতিহাস ছিলো মূলত লাঞ্ছনার ইতিহাস, তারা ছিলো পুরুষ তথা সমাজ ব্যবস্থার ভোগ্য সম্পত্তির একটা অংশমাত্র। এই নারীরা ছিলো অজ্ঞ, শিক্ষার আলো থেকে বঞ্চিত, কুসংস্কারে আচ্ছন্ন, ঘোমটা বন্দী ও বোরখা পরিহিতা। নারীরা ছিলো জরুর মতো, নিজেদের অনুভূতিকে প্রকাশ করার কোনো ক্ষমতা তাদের ছিল না । ইতিপূর্বে প্রাচীন ও মধ্যযুগের ধারাতেও নারীদের অবস্থার চূড়ান্ত প্রকাশ লক্ষা করা যায়। আশাপূর্ণা দেবী তাঁর সাহিত্যে তুলে ধরেছেন বিংশ শতাব্দীর প্রান্তে নারী স্বাধীনতার চিত্রটিকে, কিভাবে নারীজাতি ধীরে ধীরে অর্গল ভেঙ্গে বাইরের জগতে বেরিয়ে এল, এবং কিভাবে তাদের প্রতিবাদী মুখ গুলি তথা সত্তাটি প্রথর হয়ে উঠলো তার চিত্র অঙ্কন করেছেন তাঁর নানা ছোট গল্পের পাতায় পাতায়। আশাপূর্ণা দেবী তাঁর ছোট গল্পের পাতায় নানা নারীর নানা প্রতিবাদী রূপের চিত্রটিকে একক ভাবে তুলে ধরেছেন।

কখনও কোনো কোনো গল্পে নারী হয়ে উঠেছে নিজ স্বাধীনতা দখলে প্রতিবাদী রূপ। আবার কখনও কোনো কোনো গল্পে সমাজের অসহ্য পীড়ন কে মেনে নিতে না পেরে বেরিয়ে পড়েছে তাদের আধার প্রথর সত্তাখানি। আবার কখনও কোনো গল্পের আকারে

আত্মসম্মান বোধে ধরেছে তাদের প্রতিবাদী রূপ। এরূপ আবার নানা গল্পে পুরুষ শ্রেণির শোষণে তথা স্বামী পুত্রের শোষণের মাত্রায় মুখর হয়েছে তাদের প্রতিবাদী সত্তখানি। আর সেই প্রতিবাদী সত্তাথানি ফুটিয়ে তুলেছেন নিখাদা, 'দেশলাই বাক্স', 'আত্মহত্যা','অনুপমার ঘর' 'সর্পশিশু' - এরূপ নানা গল্পের আঙিনায়।

সমস্ত ক্ষেত্রে সুদীর্ঘকাল ধরে নারীকে অন্ধকার জগতে ফেলে রাখা হয়েছে। এক কুসংস্কারের বেড়াজালে তাদেরকে আচ্ছন্ন করে রাখা হয়েছে, আর সেই বেড়াজাল ভাঙনে সরব হয়েছেন লেখিকা আশাপূর্ণা দেবী। নারী প্রতিবাদী সত্তা জাগরণে তাঁর কলম বরাবরই নিপুণ দক্ষতার দাবী রেখেছে, সেটি উপন্যাস হোক বা ছোটার উভয় ক্ষেত্রেই তিনি সরব হয়েছেন নানা সাহিত্য রূপের লেখনির মাধ্যমে।

।।৩।।

সামাজিক পীড়নে নারীরা তাদের ভিন্ন রুমের পরিচয় দিয়েছেন বারেবারে। কোনো নারী নীরবে সমাজের বিরুদ্ধে প্রতিবাদ করে গুটিয়ে নিয়েছে নিজেকে আবার কোনো নারী সমাজ শোষণের বিরুদ্ধে মুখরা হয়ে দাঁড়িয়েছে। আর সেই সামাজিক পীড়নে নারীরা প্রতিবাদী রূপচিত্র আমরা খুঁজে পায় আশাপূর্ণা দেবীর 'আত্মহত্যা' গল্পে। এই গল্পে আমরা দেখি গল্পের কেন্দ্রীয় চরিত্র জয়ন্তী সমাজের যে অন্যায়, অবিচার তার বিরুদ্ধে তীব্র ভীষন ব্যাঙ্গের কষাঘাত হেনেছেন। বলা বাহুল্য নিম্ন মধ্যবিত্ত সমাজের নানারকম দুর্বলতা, আত্মপ্রবঞ্চক ও মানবিকতা বোধের অবমাননার বিরুদ্ধে লেখিকার কলম সর্বদায় প্রতিবাদী। আর সেই প্রতিবাদে বেশির ভাগ ভূমিকা নারীর আত্মহত্যা' গল্পেও তেমনি দেখি নারীরই সোচ্চার প্রতিবাদ।

"বিছানাটা ময়লা, বালিশটা তেলচিটে, তোশক থেকে বিশ্রী একটা ভ্যাপসা গন্ধ উঠেছে। সারা বর্ষা রোদে পড়েছে কিনা সন্দেহ।"[১]

এই রকম গৃহগভ পরিবেশে গল্পের পটভূমিকা। মুখরা জয়ন্তী পৃতিহীন, দাদা ভাইবোন আর বিধবা মাকে নিয়ে সংসার। রাতে অসুস্থ মায়ের সংসারে দাসিবৃত্তি করা যার একমাত্র কাজ। আর কাজের শেষে একটা মাত্র ঘরে সকলে মিলে রাত্রিযাপন। যে বয়সে স্বামী পুত্র নিয়ে রঙিন জগতে বাস করার কথা,সে বয়সে অসুস্থ রুম দরিদ্র ক্লিষ্ট পরিবারের সদস্য হয়ে শুধুই একঘেয়ে কর্মক্লান্ত দিন অতিবাহিত করে জয়ন্তী এতো মুখরা হয়ে উঠেছে। রাতে পাখার বাতাসকে কেন্দ্র করে যে তর্ক ঘনীভূত হয় ভার ফলে প্রতি বিতৃষ্ণায় নিজের বেঁচে থাকবার প্রতি একঘেয়েমিতে ক্লান্ত ও হতাশ হয়ে জয়ন্তী আত্মঘাতী হয়। মোহন যখন ঘৃণায় মায়ের মুখে শুনতে পায় -

" বাছা আমার মনের ঘেন্নায় আত্মঘাতী হল রে মোহন।"[২]

সমাজের নোংরা আবর্জনা ও জঞ্জালের পাশে বাস করে অভ্যস্থ জয়ন্তীরও যে সামাজিক

ক্ষতে আত্মসম্মান বোধ এতটা প্রবল থাকতে পারে তা যেনো সকলকে অবাক করে দেয়। এই গল্পে বিদ্রোহ প্রকাশে কোন মেযেলিয়ানা নেই, নেই কোনো মেয়েলি ন্যাকামো, আছে প্রতিবাদের বলিষ্ঠ প্রকাশ। এই প্রতিবাদ সমাজের বুকে আবর্জনার মতো বেঁচে থাকার বিরুদ্ধে প্রতিবাদ।

এই ধরনেরই অপর একটি গল্প 'তোমার মুখে আয়নায় ছায়া। এখানেও ভাই-বোনের বচসা এবং কলহের উৎপত্তিস্থল হল দারিদ্র্য পীড়িত সংসার জীবন। দাদা তপন ও বোন ঝুন্টি এবং তাদের বাবা - মা,পঙ্গু হয়ে দুজনেই বিছানায় শয্যাশায়ী অবস্থায়। সমস্ত সংসারের কাজ কর্ম ঝুন্টি একাই নিজের হাতে সামলায়। অসুস্থ মা বাবাকে সেবা শুশ্রুষা করে করে মুখরা ঝুটি সম্পূর্ণ ভাবে রূপ - রসের জগৎ থেকে নির্বাসিত। কিন্তু আগের গল্পের চাইতে এখানকার প্রতিবাদ একটু অন্যরকম। এই গল্পে ঝুন্টি দাদার ভালোলাগা, দাদার স্বাধীনতার বিষয়ে প্রতিবাদ করেছে যতটা, তার চেয়ে বেশি প্রতিবাদী। হয়ে উঠেছে বাবা মার বিরুদ্ধে। ছেলে ঘুরতে যাওয়ায় তাকে চক্ষুলজ্জাহীন নির্মম বলে যখন অভিযোগ করেছে বাবা - মা, তখনই মেয়ে ঝুন্টি ভয়ানক ব্যাকবানটি নিক্ষেপ করে বাবা মায়ের দিকে -

"স্বার্থপর চক্ষু লজ্জাহীন? ও ছাড়া আর কি হবে মা? আমরা গাছে কি ল্যাংড়া ফলবে?"[৩]

তার সমস্ত তীর বাবা মায়ের ভাবনাকে বিদ্ধ করে। নিজেরা অসুস্থ হয়ে আছে বলে সর্বক্ষণ চাইছে ছেলে মেয়ে দুটোও যেন ওদের ঘিরেই থাকে। কিন্তু ঝুন্টির অভিযোগ হল- তাদেরও জীবনে সাধ আহ্লাদ আছে, কেন সর্বদা রুগীর সঙ্গে রুগী হয়েই থাকতে হবে ? দাদার প্রতি তার রাগ থাকলেও বাবা মার চাওয়া টাকেই তার বেশী স্বার্থপর মনে হয়েছে। তারই ফলস্বরূপ প্রতিবাদে গর্জে ওঠে ঝুন্টি।

তৎকালীন আমাদের সমাজ ব্যাবস্থা একটি অসহায় মেয়েকে সুস্থভাবে বাঁচতে দিতে নারাজ। অফুরন্ত কাজের বিনিময়ে সে পায় ভালোবাসাহীন ও স্নেহহীন দুমুঠো নিম্নমানের খাবার। অথচ সামান্য একটু স্নেহ ও একটু সুযোগ সুবিধা পেলে হয়তো এরা অন্যের জন্য প্রাণও প্রয়োজনে দিতে পারে। সামাজিক শোষণ তথা পীড়নময় যন্ত্রণা তাদেরকে ক্ষত বিক্ষত করত। সমাজ তাদের থেকে অনেক কিছু আকাঙ্খা করে কিন্তু সমাজ তাদের কি দেয় এটাই বোঝাবার বা বুঝবার বিষয়। সামাজিক পীড়নে নারীর প্রতিবাদী রূপ আশাপূর্ণা দেবীর আর যে যে গল্পে ফুটে উঠেছে সেগুলি হলো - 'সর্গশিশু' গল্পে ফেনীর জীবন চিত্রে সামাজিক ছবি পাওয়া যায়। এছাড়াও 'অনাচার' গল্পটিতেও আমাদের হিন্দু সমাজের সংস্কার, প্রথা, আচার বিধির বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছেন গরের মুখ্য চরিত্র সুভাষকাকীমা। ব্যক্তি স্বার্থকে উপেক্ষা করে বৃহত্তর মানবিকতা বোধের স্বার্থে হিন্দুয়ানীর সংকীর্ণতাকে জয় করেছেন। এছাড়াও 'অঙ্গার' গল্পটিতে

নতুন বৌদি সমাজ প্রচলিত নীতির বিরুদ্ধে তীব্র প্রতিবাদে সোচ্চার হয়েছে। আবার 'বন্দিনী' গল্পটিতেও হিন্দু বাঙ্গালী নারী সমাজের আর এক প্রতিবাদী চিত্র দেখা যায়। এরূপ সামাজিক পীড়নে নারীর প্রতিবাদী মুখ গুলি সাহিত্য পাতায় চিরন্তন সভ্য করে রেখেছেন অসামান্য লেখিকা আশাপূর্ণা দেবী।

।।৪।।

প্রত্যেক মানুষের এক নিজস্ব বোধ নিজ নিজ জাগ্রত ভগা সমৃদ্ধি হয় সেটি হল আত্মসম্মান বোধ। পুরুষ মহলে তাদের বেজায় সম্মানবোধ বজায় থাকে তারা যে সুপুরুষ রূপে পৃথিবীতে জন্ম গ্রহণ করেছে এটাই তাদের আত্মসম্মান। সমাজে যে নারীদেরও সম্মান বোধ থাকতে পারে সেটা তারা ভুলে যায়। প্রত্যেক মানুষের তথা নারী পুরুষ উভয়েই সমান সম্মান থাকা উচিত সেটা এ সমাজ ভুলে যায়। আর নারী সম্মান বোধের প্রতিবাদী কলমের রূপরেখা হয়ে দাঁড়ায় আশাপূর্ণা দেবী। তাঁর "দেশলাই বাক্স' গল্পটিতে দেখা যায় মেয়েদের আত্মসম্মান বোধের এক অপূর্ব চিত্র। এই গল্পে দেখা যায় নমিতা স্বামীর ব্যবহারে বারুদের মতো জ্বলে উঠেছিল। দেশলাই কাঠি জ্বালিয়ে ধরিয়ে দিয়েছিল। নিজের শাড়িটা। নমিতার প্রতিবাদে জাগ্রত হতে দেখা যায় নিজস্ব আত্মসম্মানকে। গল্পে নমিতার মা নমিতাকে বড়োলোক বাড়ি বিয়ে দিয়ে থান্ত। প্রতিমাসে চিঠি আসে মণিঅর্ডারের জন্য। নমিতার মায়ের চিঠি আসতে দেখলেই অজিত মুচকে হেসে বলে -

"ও আর পড়ে কি হবে ? মণিঅর্ডারের কুপন একখানা লিখে ফেলি গে।"[৪]

আর এখানেই যেনো তীব্র আত্মসম্মানের ক্ষতে দগ্ধ হয় নমিতা।

ইতিপূর্বে জানা যায় একান্নবর্তী পরিবারের বাহার থানা হাতের ফাঁক থেকে লেটার বাক্সের চাবিটি অজিত নিজের হাতে রাখত। আর নমিতার জন্য যতো গুলি চিঠি আসতো সব সে নিজে আগে পড়ে তারপর নমিতাকে দিত, এখানেও যেনো নমিতা তার আত্মসম্মান বোধে ক্ষুব্ধ হয়। সে তীব্র ক্ষোভে ফেটে পড়ে, কিসের এতো সন্দেও সেটা ভেবেও সে ক্রোধে ফেটে পড়ে। মায়ের চিঠিটা আসা মাত্রই নমিতাকে না দেওয়া এও যেন নমিতার পক্ষে এক অপমানকর পরিস্থিতি তৈরি করে। যা তার আত্মসম্মানে আঘাত আনে।

"দশ করে একটা আগুন জ্বলে উঠল নমিতার সমস্ত স্নায়ু - শিরায়।"[৫]

এরপর শুরু হয় দুজনের মধ্যে ঝগড়া বিবাদ। নমিতা অজিতকে বলে ওঠে -

"থামো ! ইতর ছোটলোক কোথাকার।"[৬]

এই কথার প্রেক্ষিতে অজিত আরও ক্রোধে ফেটে পড়ে এবং নিজের পুরুষত্ব জাহির রাখতে বলে ওঠে

"কিসের চুপ? বেশ করব বলব। বেশ করব চিঠি খুলবো। আমার ইচ্ছা,আমার খুশি। করবে কি? পারবে কিছু করতে ?"

প্রায় হাঁপাতে হাঁপাতে উচ্চারণ করে নমিতা

"পারি কিনা দেখবে ?"[৭]

সঙ্গে সঙ্গে অদ্ভুত একটা কাজ করে বসলো সে, টেবিলের উপর থেকে খপ করে অজিতের সিগারেটের দেশলাইটা তুলে নিয়ে ফস করে একটা কাঠি জ্বালিয়ে ধরিয়ে দেয় নিজের শাড়িতে। অবশ্য পরমূহুর্তেঅজিত সেই আগুন দু - হাতে থাবড়া মেরে নিভিয়ে নিয়মে তাদের সংসার জীবন চললেও নমিতার ভিতরে যেন চিরকালের ন্যায় আত্মসম্মানের জাগরণ ঘটে যায়।

'আগুন নিয়ে এই গরেও দেখা যায় প্রতিমার আত্মসম্মান বোধের এক প্রতিবাদী কাহিনি। এক মেয়ে প্রতিমার আত্মসম্মান জাগরণের কাহিনি। অমূল্যবাবু আর শেখরবাবুর পরিবার চেয়ে গিয়ে বন্ধুত্ব সূত্রে আবদ্ধ হয়। দীর্ঘকাল পরে আবার দুই কর্তাতে দেখা হয় বাজারে। মধুপুরের শেখরবাবু উঠে এসেছেন অমূল্যবাবুদের পাড়ার নিকটে। আর তাতেই জানতে পারেন শেখরবাবুর স্ত্রী গত হয়েছেন, ছেলেটি বিয়ে করে আলাদা হয়ে গিয়েছে এবং বিবাহের যৎসামান্য কাল পরেই তার কন্যা বিষয়া হয়েছেন। সদ্য বিবাহিতা কন্যা হিমানী, পুত্র ধ্রুব ও স্ত্রী সুকুমারীকে নিয়ে অমূল্যবাবুর সংসার বেশ ভালোই চলছিলো। পুত্র ধ্রুব ও হিমনীকে নিয়ে তাদের মা একদিন শেখরবাবুর বিধবা মেয়ে প্রতিমাকে দেখতে যান,তারা ঐ অসহায় মেয়েটিকে সান্তনা দেবার মুখ্য উদ্দেশ্য নিয়ে যান। কিন্তু, গিয়ে দেখেন লালডুরে শাড়ি ও গয়নায় সেজে অথিতি অভ্যর্থনা করতে সে ছুটে আসে। তা দেখে এদের গাড়ী ভাড়া দিয়ে এখানে আসাটাই যেন ব্যর্থ বলে মনে হয়। এরপর ধ্রুব নিজেই একদিন ঘোষণা করে বসে প্রতিমাকে সে বিয়ে করবে। কিন্তু প্রতিমা রাজি নয়। সে আর এক জাগায় বাঁধা পড়ে নিজের জীবনটাকে অবহেলায় বাঁচতে চায়না, অবহেলা যে আত্মমর্যাদার পক্ষে হানিকর বিষয় তা প্রতিমা বোঝে, আর তাই বিধবা হয়ে এবারে সে সম্মানের সঙ্গে বাঁচতে চায়। সমাজে নারীর অবস্থান কিরুপ তা বারবার ধরা পড়েছে লেখিকার কলমে। কিন্তু তা প্রতিবাদীর রূপ হিসেবে ভিন্ন ভিন্ন রূপে ধরা দিয়েছে সাহিত্য পাঠে। কিন্তু প্রতিমার আত্মসম্মান বোধ যেন প্রথম থেকে শেষ পর্যন্ত অটুট রেখেছেন লেখিকা এখানে প্রতিমা চরিত্রখানি আরও জীবন্ত হয়ে উঠেছে সাহিত্য পাতায় তথা সমাজ বাস্তবতায়।

।।৫।।

স্বাধীন জীবন যাপনে সবারই অধিকার চিরকালীন। কারোর জীবনের স্বাধীনতার একাগ্র মনন সুতো কে নিজ কাজে ব্যবহার করা কারোর অধিকার নেই। আর যদি সেই

স্বাধীনতা হয়ে থাকে নারী মহলে তাহলে তো কথায় নেই সুতোর টান ধরার মতো মানুষের অভাব সেই সমাজে। বালো পিতা,যৌবনে স্বামী ও বার্ধক্যে সন্তান একই নিয়মের বেড়াজালে চলে তাদের জীবন। স্বাধীনতার চিরকালীন সুখ থেকে তারা বরাবরই বঞ্চিত। ভাই তো আশাপূর্ণা দেবীর লেখায় বঞ্চিত চিত্র গুলি তাদের প্রতিবাদী সত্ত্বা নিয়ে একাগ্রভাবে ফুটে উঠেছে। 'নিখাদ গল্পে তেমনি এক নারী স্বাধীনতার সত্তা ফুটিয়ে তুলেছেন আশাপূর্ণা দেবী। গল্পের মূল চরিত্র সমিতা যে প্রতিবাদে মুখর হয়ে স্বাধীনতার একাগ্রতায় স্বামী, সংসার এমনকি শ্বশুরকুল পর্যন্ত ত্যাগ করেছে। শ্বশুরবাড়ি আসার পর থেকে সে সকলের থেকে আলাদা করে নিজেকে চিহ্নিত করতে পেরেছে।তার বড় জয়েরা স্বাভাবিক ভাবেই অন্তঃপুরের চিরাচরিত নারীদের মত জীবনস্রোতেই চলতে অভ্যস্থ ছিল। কিন্তু সমিতা শিক্ষাদীক্ষার জগতে একটা ভালো জায়গাতে গিয়েও উপযুক্ততা অনুযায়ী যথাস্থানে সৌছাতে পারেনি, কারণ দৃষ্টি শক্তি রহিত হবার সম্ভাবনা তার শিক্ষার পথকে অবরুদ্ধ করে দিয়েছে।

সমিতার ননদেরা বি.এস.সি.করে এম.এস.সি. তে ভর্তি হলেও সমিতার পক্ষে তা সম্ভব হয় নি গৃহবধূ বলে। সমাজ তখনও ঘরের মেনে এবং বউয়ের ব্যাপারে আলাদা করে গণ্ডী টেনে রেখেছিল। সে শুধু পারত না অন্তঃপুরিকাদের সঙ্গে বসে পরচর্চা করতে। সে সময়টা বরং প্রাজ্ঞ মামাশ্বশুর নীলকন্ঠ আমার সঙ্গে নানা পুস্তকাদি 3 অন্যান্য বিষয়ে আলোচনা করত। কারণ,শ্বশুরবাড়িতে একমাত্র নীলকন্ঠ মামাই সমিতাকে বুঝতে পারত, যা তার স্বামীও পারেনি।

বাড়ির ছোটদের গৃহশিক্ষককে প্রায় অকারণে অপমান করে এবং সমিতার স্বামী প্রেমরঞ্জন চাবুকের ঘা মেরে যেদিন তাকে বাড়ি থেকে তাড়িয়ে দেয় সেদিন গল্পের মূল চিত্রটি প্রকাশ সায়। গৃহশিক্ষকের সঙ্গে সমিতার কথোপকথন তার শ্বশুরবাড়ির অন্যান্য নারীদের নিকট এমনকি তার স্বামীর নিকটও কদর্য বলে পরিগণিত হয়। আর শিক্ষিতা, উদারমনের অধিকারী সমিতার এখানেই প্রচণ্ড আপত্তি। সেজন্য গৃহশিক্ষকের অপমানজনক বিতাড়ন সমিতার নিজেরই অপমান বলে মনে হয়েছে। স্বামীর অন্যায় কাজে ক্ষুব্ধ সমিতা তাই ছাত্ররপি ভাসুরপোকে বলে ওঠে -

"তোরা এত জন দিলি,কেড়ে নিয়ে ফিরিয়ে মারতে পারলি না ?"

মিনিট খানেক চুপ করে বসে থেকে সমিতা উঠে দাঁড়ায় এবং স্থির স্বরে বলে -

"নাঃ তোরা পারবি না। পারলেও সে চাবুকের দাগ ধরা পড়বে না। আমিই মারব। হ্যাঁ।আর সে দাগ লুকিয়ে ফেলতে পারবে না।"

এরপরেই ঘটে সেই ঘটনা নিজ স্বাধীনতার পরিপূর্ণতায় তার প্রতিবাদ গর্জে ওঠে। নীলকন্ঠ মামাকে সমিতা বলে ওঠে -

"নীলকন্ঠ মামা আপনি শুধু আমাকে একটা ট্যাক্সী ডেকে দিল তো।"[৮]

এরপরই নীলকন্ঠ মামার সাহায্যে ট্যাক্সি ডেকে সমিতা গৃহ ত্যাগ করার সময় নিজের আত্মসম্ভ্রমকেই সম্মান জানিয়েছে, জীবনের পরিণতির কথা সে চিন্তা করেনি।

তাঁর 'ব্যাবধান' গল্পে অন্য এক নারীর ঘটেছে। স্বর্ণময়ীর স্বাধীনচেতা মনোভাব এই গল্পে ফুটে উঠেছে। সে ভেবেছে পুত্রবধূর সংসারে শাশুড়ি হয়ে থাকার চাইতে নিজের সংসারে কষ্টে কালাতিপাত করাকে তার অনেক বেশি সঙ্গত মনে হয়েছে। তিনি এবং তার স্বামী দুজনকেই তাদের সন্তান তার কাছে এনেছিল পরম যত্নে রাখবে বলে প্রত্যেকে যেনো তাদের দুজনকে দেবতার মত ভক্তি শ্রদ্ধা করে রাখছিল। হঠাৎ একদিন স্বর্ণময়ী বাড়ি যাবার কথা বলেন কোনো এক ঝিয়ের কাছে।সে কথা সে যথারীতি মনিব গিন্নীর কানে গিয়ে তোলে। এখানেই ঘটে আসল কারণ, পুত্রবধূ শাশুড়ির সংসারের মাটির হাঁড়ি কুড়ি নিয়ে ব্যঙ্গ করে এবং তা শাশুড়ী অন্তরালবর্তী হয়ে নিজে কানে শোনে। এই যে অবমাননার উক্তি, যা স্বর্নময়ীর ভেতরের চেতনাকে জাগ্রত করে, তার ব্যক্তিত্ববোধকে বাড়িয়ে তোলে আর তার ফলেই এত আদর যত্ন সত্ত্বেও ছেলের সংসার মায়ের কাছে অসহ্য হয়। পুত্রবধূর কাছে সুখে থাকবার চেয়ে নিজের সংসারে স্বস্তিতে থাকাটা অনেক বেশি শ্রেয় বলে মনে হয় তার। সামাজিক পরিকাঠামোর অগ্রগতির ফলে এবং নারীদের ধীরে ধীরে স্বাধীনতা লাভের ফলে হয়তো আর কোনো নারীই বর্তমান সময়ে অন্য কারো অধীনে থাকতে চায় না। নিজের সংসারেই যেন বেশি স্বস্তিতে থাকতে চান। আশাপূর্ণা দেবী স্বর্ণময়ীর মধ্য দিয়ে এই বোধটাকেই ফুটিয়ে তুলতে চেয়েছেন।

'অনুপমার ঘর' ছোট গল্পটিতেও নারী স্বাধীনতার এক অন্যতম চিত্র ফুটে উঠেছে। এই গল্পে দেখা যায় ছোট্ট একটি নিজস্ব বাড়ি ও ছিমছাম পরিবেশের স্বপ্ন অনুপমাকে তাড়িয়ে নিয়ে বেড়ায়। এই গল্পে অনুপমা প্রথম থেকে শেষ পর্যন্ত সংসারের মধ্যে আবদ্ধ থেকেও স্বাধীনতা লড়ায়ে সোচ্চার হয়েছে এবং শেষ পর্যন্ত সে তার নিজ চেতনাকে বজায় রেখেছে। এইভাবে নানা চরিত্রের মধ্য দিয়ে আশাপূর্ণা দেবী নারীদের স্বাধীনভাকে টিকিয়ে রাখার সংগ্রামী চিত্রকে রূপায়িত করেছেন সাহিত্যের পাতায় পাতায়। যা বর্তমান সমাজে অনুপ্রেনাদায়ক তথা শিক্ষণীয়।

সাহিত্যে যে পরিবর্তন আসে তার প্রায় সিংহভাগটাই নির্ভর করে সমাজের বিবর্তনের উপর বিংশ শতাব্দীর প্রথমার্ধে যখন নারীদের শিক্ষার পথ সুপ্রশস্ত নয় সেই সময়েই আশাপূর্ণা দেবীর আত্মপ্রকাশ ঘটে। ধীরে ধীরে শুরু হয় সাহিত্যঙ্গনে তাঁর বলিষ্ঠ সদচারণা। আশাপূর্ণা দেবীর গল্প বিভিন্ন ধারা থাকলেও আলোচনার মূল পর্বে রয়েছে গল্পের মধ্যে অন্তর্নিহিত অবস্থায় যে জীবন দেখা যায়, তারই বিশ্লেষণ। আমাদের

চোখের সামনে প্রতিনিয়ত ঘটে চলা ঘটনার মাধ্যমে নারীদের প্রতি মানুষের মনোভাব এবং নারীদের নিজেদের কোন দিকটি সমস্যা কন্টকিত সেদিকেই মূলত আলোকপাতের রেখা চিত্রিত হয়েছে। আর সেই আলোকপাতের রেখা সূত্রে উঠে এসেছে নারী প্রতিবাদী সত্তার ভিন্ন ভিন্ন দিক। উঠে এসেছে জয়ন্তীর জীবন আহুতি, সামাজিক পীড়নে প্রতিবাদী মুখর হয়ে শেষ পর্যন্ত নিজের জীবনকে বিসর্জন দিতে হয়েছে জয়ন্তীর। দেখা যায় ফেলির প্রতিবাদী রূপ চিত্র। উঠে এসেছে প্রতিমার আত্মসম্মান বোধের এক জাগ্রত দিক, পাশাপাশি ফুটে উঠেছে নমিতার আত্মজাগরণের চিত্রটিও। অনুপমার স্বাধীনচেতা মনোভাব জাগ্রত থেকেছে গল্পের শুরু ও শেষ পর্যন্ত। দেখা যায় সমিতা নিজের শ্বশুরকুল ত্যাগ করে এক স্বাধীনচেতা জীবন ধারনে অগ্রসর হয়। এছাড়াও স্বর্ণময়ীর এক স্বাধীনচেতা জীবন বোধও ফুটে উঠেছে গল্পের আঙিনায়। এ সবই যেনো সাধারন জীবনের এক গতানুগতিক চিত্র সেই চিত্র সমান্বয়ে আবর্তিত খেলো নানা চরিত্র।

আশাপূর্ণা দেবী যে রক্ষণশীলতার মধ্যে জন্মেছিলেন এবং জীবন-যাপন করেছিলেন সেই জালে আবদ্ধ নারীদের বন্ধনদশা থেকে মুক্তির চিন্তায় তাঁর জীবনের সমস্ত বোধকে নাড়া দিয়েছিল। তাই ঘরের ভেতরে বন্দী দুর্দশাগ্রস্ত নারীদের কথা, আর চোখের সামনে ঘটে যাওয়া চলমান জীবনের ছবিই আশাপূর্ণা দেবী চিত্রিত করে গিয়েছেন। আর সেই চিত্রণের পরিস্ফুটন রূপ যেনো আমার চারপাশকে কেন্দ্র করেই অঙ্কিত।

আশাপূর্ণা দেবী সমসাময়িক লেখক লেখিকাদের মতো নানা ধরনের ফর্ম নিয়ে গবেষণা না করে চারিদিকের ক্ষুদ্র ক্ষুদ্র সুখ, দুঃখ, হাসি, অশ্রুকেই সাধারণ মানুষের মনে নানা রঙে চিত্রিত করেছেন। আর সেই চিত্রাঙ্কনের নানা দিকের মধ্যে প্রতিবাদী নারী সত্তার দিকটি আমার আলোচনার বিষয়। আর এই আলোচনার বিষয়টি উপস্থাপনে আমার ভালোলাগা আমার চারিপাশের মানুষজনকেই যেন ঘিরে গল্পগুলির রূপ চিত্রিত হয়েছে। এবং আমার গবেষণার বিষয়টি নতুন ইতিপূর্বে বিষয়টি নিয়ে কোনো কাজ হয়েছে বলে আমি অজ্ঞাত। আর আমার এই নব সংযোজন পরবর্তী সাহিত্য পাঠের পাঠক পাঠিকাকে এক নর আস্বাদন দেবে সে বিষয়ে কোনো দ্বিমত নেই।

আশাপূর্ণা দেবী যেনো এই ঘর গৃহস্থলী, বৈঠকখানার আড্ডাতেই নিজের দৃষ্টিকে ছড়িয়ে দিয়েছেন। পুরাতন জীর্ণ সংস্কারের বিরুদ্ধে তিনি এবং তাঁর সৃষ্টি নারীদের বিদ্রোহিনী মূর্তি সাহিত্যজগতে অম্লানবদনে বিরাজিত। পাণ্ডিত্যের কোনরকম প্রকাশ না ঘটিয়ে সহজজ কথাকে অভ্যন্ত সহজে বলে আশাপূর্ণা আজ সকল পাঠক সমাজ, সাহিত্যপ্রেমীদের কাছে একান্ত আপনার জন, প্রাণের মানুষ হয়ে উঠেছেন।

তথ্যসূত্র :

১. দেবী আশাপূর্ণা,(দ্বিতীয় খণ্ড) গল্প সমগ্র/আত্মহত্যা', প্রথম সংস্করণ, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা-৭৩, শ্রাবণ ১৩৯৯, পৃষ্ঠা - ৩৮৬

২. দেবী আশাপূর্ণা, (দ্বিতীয় খণ্ড) গল্প সমগ্র/আত্মহত্যা', প্রথম সংস্করণ,মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা - ৭৩, শ্রাবণ পৃষ্ঠা- ৩৯১

৩. দেবী আশাপূর্ণা, 'নির্বাচিত গল্প গুচ্ছ/তোমার মুখে আয়নায় ছায়া', শ্যামাচরণ দে স্ট্রীট,কলকাতা ৭০০০৭৩, আগস্ট ১৯৯৩

৪. দেবী আশাপূর্ণা,'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প/দেশলাই বাক্স', অঞ্জলী প্রকাশনী, কলকাতা-৭০০০৭৩, জানুয়ারী - ২০০৯, পৃষ্ঠা - ২০১

৫. দেবী আশাপূর্ণা, 'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প/দেশলাই বাক্স',অঞ্জলী প্রকাশনী, কলকাতা জানুয়ারী - ২০০৯, পৃষ্ঠা - ২০০

৬. ড. দেবী আশাপূর্ণা, 'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প/দেশলাই বাক্স',অঞ্জলী প্রকাশনী, কলকাতা ,জানুয়ারী ২০০৯, পৃষ্ঠা - ২০২

৭. দেবী আশাপূর্ণা, 'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প/দেশলাই বাক্স',অঞ্জলী প্রকাশনী,কলকাতা ,জানুয়ারী - ২০০৯, পৃষ্ঠা - ২০২ 900090.

৮. দেবী আশাপূর্ণা,'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প/দেশলাই বাক্স',অঞ্জলী প্রকাশনী,কলকাতা ,জানুয়ারী - ২০০৯, পৃষ্ঠা

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:

১. দেবী আশাপূর্ণা। 'স্মরণীয় শ্রেষ্ঠ গল্প'। অঞ্জলী প্রকাশনী, কলকাতা - ৭০০০৭৩, জানুয়ারী-২০০৯।

২. দেবী আশাপূর্ণা। 'নির্বাচিত গল্পগুচ্ছ'। শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা - ৭০০০৭৩, আগস্ট - ১৯৯৩।

৩. দেবী আশাপূর্ণা। 'গল্প সমগ্র - দ্বিতীয় খণ্ড'। প্রথম সংস্করণ। মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা -৭৩, শ্রাবণ - ১৩৯৯।

সহায়ক গ্রন্থ:

১. ড.আচার্য্য দেবেশ কুমার। 'বাংলা সাহিত্যের ইতিহাস'। তৃতীয় পরিবর্ধিত সংস্করণ। ইউনাইটেড বুক এজেন্সি, কলকাতা - ৯ মে ২০১২।

২. চট্টোপাধ্যায় তপন কুমার। আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস । চতুর্থ সংস্করণ। প্রজ্ঞা বিকাশ পাবলিশার্স, কলকাতা - ৭০০০০৯, পুনমুদ্রণ - জানুয়ারি ২০১৯।

৩. ড.বন্দোপাধ্যায় দেবদ্যুতি। 'গদ্য সাহিত্যের নানা রূপ'সারদা প্রিন্ট লেসার সেটিং, কলকাতা -৭০০০৭৩ জানুয়ারি - 2000

৪. ভট্টাচার্য তপোধীর। 'ছোট গল্পের প্রতিবেদন'। বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা - ৭০০০০,কলকাতা বইমেলা - ২০১১।

13

পতিতা জীবন ও বাংলা ছোটগল্প

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
চিত্রা সেন (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১।।

বাংলা ছোটগল্পের একজন স্বার্থক স্রষ্টা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর লেখনীতে বাঙালীর জীবন যাপন, সংস্কৃতিকে যেমন তুলে ধরেছেন, তেমনি বাঙালীর চিরদিনের হাসি, কান্না, আনন্দ, বেদনার ও রূপকার তিনি। জগতের সকল বিষয় কে তিনি তার লেখায় ধারণ করেছেন। এমন কোনো মানবিক অনুভূতি নেই যা তার পাওয়া যায় না। তাঁর রচিত ছোটগল্পগুলির মধ্যে রয়েছে ' ভিখারিনী 'দেনাপাওনা 'শান্তি', 'সমাপ্তি', ' বিচারক ' ' ক্ষুধিত পাষাণ ', ' অতিথি ', ' মণিহারা পত্র', 'নষ্টনীড় ' ইত্যাদি। এছাড়াও বহু ছোটগল্প তিনি রচনা করেছেন। বর্তমানে যে বিষয়টি আলোচনা করবো সেটি হলে রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পে পতিতা নারীর জীবন । এই প্রসঙ্গে তাঁর রচিত ছোটগল্পগুলির মধ্যে 'বিচারক' গল্পটি বিশেষ উল্লেখযোগ্য ।

বিচারক "গল্পটিতে দেখা যায় গত যৌবনা ক্ষীরোদা অনেক অবস্থান্তরের পর যে পুরুষের আশ্রয় নিয়েছিল সেও তাকে ত্যাগ করে চলে গেছে। একদিন সকালে উঠে ক্ষীরোদা দেখলো তার প্রণয়ী তার সমস্ত অলংকার ও অর্থ চুরি করে পালিয়ে গেছে। বাড়িভাড়া দেওয়ার মতো সঞ্চয় ও ক্ষীরোদার কাছে নেই, এমনকি তিন বছরের শিশুপুত্রটিকে দুধ এনে খাওয়াবে সেই ক্ষমতাও নেই। ক্ষীরোদা তখন ভাবলো যে, সে তার আটত্রিশ বছরের জীবনে একটি লোককেও আপন করতে পারেনি, অনেক পুরুষের আশ্রয় সে নিয়েছে, কিন্তু কোনো ঘরেই সে নিজের বাঁচার ও মরার অধিকার অর্জন করতে পারেনি। যখন তার মনে হলো।

"আবার আজ অনুজল মুছিয়া দুই চক্ষে অঞ্জন পরিতে হইবে, অধরে ও কপোলে অলক্তরাগ চিত্রিত করিতে হইবে, জীর্ন যৌবনকে বিচিত্র আচ্ছন্ন করিয়া হাস্যমুখে অসীম ধৈর্য্য সহকারে নুতন হৃদয় হরণের জন্য নূতন মায়াপাশ বিস্তার করিতে হইবে - তখন সে ঘরের দ্বার রূদ্ধ করিয়া ভূমিতে লুটাইয়া বারংবার কঠিন মেঝের উপর মাথা খুঁড়িতে লাগিল -"[১]

সেদিন সারাদিন অনাহারে কাটালো ক্ষীরোদা ও তার শিশুপুত্র । ইতিমধ্যে ক্ষীরোদার একজন পুরানো প্রণয়ী এসে তাকে ডাকতে থাকে । ক্ষীরোদা দরজা খুলে ঝাঁটা হাতে

গর্জন করতে করতে তার দিকে ছুটে গেল । যুবকটি এর মধ্যে পালিয়ে যায় । ক্ষিষের জ্বালায় ছোট ছেলেটি মা মা বলে কাঁদতে থাকে । তখন ক্ষীরোদা নিরুপায় হয়ে শিশুটিকে বুকে চেপে ধরে ছুটে গিয়ে কুপের মধ্যে ঝাঁপ দেয়। প্রতি বেশীরা এসে তাদের কে উদ্ধার করে, ক্ষীরোদা বেঁচে যায় কিন্তু শিশুটি মারা যায় ।

জল মোহিতমোহন দত্ত স্ট্যাট্যুটরি সিভিলিয়ান । হত্যাপরাধে তার কঠিন বিচারে ক্ষীরোদার ফাঁসির হুকুম হয় । হতভাগিনী ক্ষীয়াদার অবস্থা বিবেচনা করে উকিলরা তাকে বাঁচাবার চেষ্টা করলেও, জঙ্গ তাকে তিলমাত্র দয়ার পাত্রী বলে মনে করলেন না, কারন স্ত্রী জাতির প্রতি ছিল তার অবিশ্বাস। তার মতে-

" রমনীগন কুলবন্ধন ছেদন করিবার জনা উন্মুখ হইয়া আছে শাসন তিলমাত্র শিথিল হইলেই সমাজ পিঞ্জরে একটি কুলনারীও অবশিষ্ট থাকিবে না।"[২]

-এই মোহিত মোহন দত্তের যৌবন ইতিহাস সম্পর্কে জানা যায়, মোহিত যখন কলেজে সেকেণ্ড ইয়ারে পড়তেন তখন সম্পূর্ন স্বতন্ত্র প্রকারের মানুষ ছিলেন। বেশভূষায় বিশেষ মনোযোগ ছিল, মদ্যমাংসে অরুচি ছিল না। কাছেই এক গৃহস্থ বাড়িতে হেমশশী নামে এক বিধবা কন্যা ছিল। তার বয়স চৌদ্দ থেকে পনেরো হবে । বাড়িতে তার বাবা, মা ও দুটি ভাই ছাড়া আর কেউ ছিল না। বৈধব্যের কারনে হেমশশী ও সংসারের মধ্যে দূরত্ব ছিল অনেকটা। তাই সংসারটা তার কাছে পরমরহস্যময় প্রমোদ ভবনের মতো। সে জানতো না এই জগতটা কতটো জটিল ও কঠিন ।

কাজের অবসরে হেম নির্জন ঘরে এসে বসতো এবং রাজপথের লোকচলাচল দেখতো, তার কাছে মনে হতো পথিকরা সুখী, ভিক্ষুকেরা স্বাধীন । আর সে সকাল বিকালে পরিপাটি বেশধারী, গর্বোদ্ধত, স্ফীতবক্ষ মোহিতমোহনকে দেখতে পেত। তাকে দেখে হেমশশীর মনে হতো সর্বসৌভাগ্য সম্পন্ন, পুরুষশ্রেষ্ঠ মহেন্দ্রের মতো এবং মনে হতো এই সুবেশ সুন্দর যুবকটির কাছে সব আছে, তাকে সব দেওয়া যেতে পারে । মোহিতকে সে মনে মনে দেবতা মনে করে খেলা করতো । মাঝে মাঝে সে সন্ধ্যার সময় মোহিতের ঘরে উজ্জ্বল আলো . নর্তকীর নুপুরনিক্কন এবং সংগীত ধ্বনি শুনতে পেত । হেমশশী এই কৃত্রিম দেবতাটির বিলাস মত্ততার জন্য ভৎসনা করতো মনে মনে তা নয় ।

"অগ্নি যেমন পতঙ্গকে নক্ষত্রলোকের প্রলোভন দেখাইয়া আকর্ষন করে, মোহিতের সেই আলোকিত গীতবাদ্যবিক্ষুব্ধ প্রমোদমদিরোচ্ছ্বসিত কক্ষটি হেমশশীকে সেইরূপ স্বর্ণমরীচিকা দেখাইয়া আকর্ষন করিত।"[৩]

এরমধ্যে হেমশণীর প্রতি মোহিতের লালায়িত দৃষ্টি পড়লো, সে হেমশশীকে 'বিনোদচন্দ্র ছদ্দনামে বার বার পত্র লিখতে থাকে। ফলস্বরূপ একদিন গভীর রাতে হেমাশী সমস্ত

সংসারচক্র থেকে বিচ্ছিন্ন হয়ে বাড়ি ছেড়ে বিনোদচন্দ্র ছদ্দনামধারী মোহিতের সাথে হিমশী এক গাড়িতে উঠে বসলো। হেমশশী তখন তার কৃত্রিম দেবতার স্বরূপ দেখতে পায়, তখন গাড়ি ছেড়ে দিল, তখন হেম মোহিতের পায়ে ধরে কাঁদতে কাঁদতে তাকে বাড়ি রেখে আসতে অনুরোধ করে। মোহিত তখন তার মুখ চেপে ধরে। জলনিমগ্ন মরণাপন্ন ব্যক্তির যেমন মুহূর্তের মধ্যে জীবনের সমস্ত ঘটনা মনে পড়ে। হেমশশীর ও জীবনের প্রতি দিনকার ঘটনা মনে পড়তে লাগল, এই সমস্তই তখন তার কাছে পরম শান্তিপূর্ণ দুর্লভ সুখের মতো মনে হতে লাগলো । হেমশশী সকরুন অনুনয় সহকারে মোহিতকে বললো -

"এখনো রাত আছে। আমার মা, আমার দুটি ভাই, এখনো জাগে নাই আমাকে ফিরাইয়া রাখিয়া আইস"[৪]

- তার দেবতা এই কথায় কর্নপাত করলো না। বরং তাকে জোর করে নিয়ে যায়। সেই বহুদিনের আকাঙ্খিত আলোক উজ্জ্বল ঘরটিতে। এরপর

" ইহার অনতিকাল পরেই দেবতা ও স্বর্গ পুনশ্চ আর একটি দ্বিতীয় শ্রেনীর জীর্ণ রথে চড়িয়া আর এক পথে প্রস্থান করিলেন- রমনী আকণ্ঠ পঙ্কের মধ্যে নিমজ্জিত হইয়া রহিল।"[৫]

এখন মোহিত শুদ্ধাচারী হয়েছেন । কিন্তু এককালে যৌবনে তিনি একাধিক রমনীর প্রতি অপরাধ করেছেন। ক্ষীরোদা তার পতিত জীবনের অপরাধের জন্য অনুতপ্ত হয়েছে কিনা তা জানার জন্য। মোহিত বন্দিনীশালায় গেলেন। গিয়ে দেখলেন ক্ষীরোদা প্রহরীর সাথে ঝগড়া বাধিয়েছে, তাকে দেখে ক্ষীরোদা করজোড়ে বললো জজ বাবু আমার আংটি ফিরিয়ে দিতে বলো। মোহিত প্রহরীর কাছে থেকে আংটিটি হাতে নিতেই তিনি যেন মনে হলো জ্বলন্ত অঙ্গার হাতে নিয়েছেন। তিনি চমকে উঠলেন আংটির একদিকে হাতির দাঁতের উপর তেলের রঙে আঁকা একটি ওমফশাশুশোভিত যুবকের অতিক্ষুদ্র ছবি বসানো এবং অপরদিকে সোনার গায়ে খোদাই করা রয়েছে বিনোদচন্দ্র। মোহিত একবার ক্ষীরোদার মুখের দিকে ভালো করে তাকালেন, চব্বিশ বছর পূর্বের এক অশ্রুসজল মুখ মনে পড়ল তার। তখন-

"তাঁহার সম্মুখে কলঙ্কিনী পতিতা রমনী একটি ক্ষুদ্র স্বর্নাঙ্গুরীয়কের উজ্জ্বল প্রভায় স্বর্ণময়ী দেবীপ্রতিমার মতো ৬ উদ্ভাসিত হইয়া উঠিত।"[৬]

অন্নমুষ্টির জন্য ক্ষীরোদা তার জীবনে অনেক পুরুষের আশ্রয় নিয়েছে, কিন্তু কাউকে সে আপন করতে পারেনি। সবাই তাকে অবশেষে পরিত্যাগ করে চলে গেছে। তাই অনেক অবস্থান্তরের পর আবার আশ্রয়ের অন্বেষনের চেষ্টা করতে তার অত্যন্ত ধিক্কার বোধ হয়েছে। তাই সে মৃত্যুর পথ বেছে নিতে চেয়েছে। অল্পের জন্য সমাজে ক্ষীরোদার

মতো এমন অনেক রমনীই আছে যারা পতিতাবৃত্তি গ্রহন করে । ক্ষিরোদা তাদেরই এক প্রতিনিধি স্বরূপ হয়ে উঠেছে এই 'বিচারক' গল্পে।

।।২ ।।

বাংলা ছোটগল্পের জগতে প্রেমেন্দ্র মিত্র এক অন্যতম প্রতিভা। তার রচিত ছোটগল্পগুলির মধ্যে রয়েছে ' শুধু কেবনী ', ' পুজাম', 'সংসার সীমান্তে ' ' শৃঙ্খল ', ' মহানগর ' ' তেলেনাপোতা আবিষ্কার ', 'স্টোভ', 'লেভেল ক্রসিং ইত্যাদি। প্রেমেন্দ্র মিত্রের রচিত ছোটগল্প গুলি বাংলা সাহিত্যে এক আলাদা মাত্রা লাভ করেছে । বর্তমানে আলোচিত বিষয় প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্পে পতিতাদের জীবন সম্পর্কে। এ প্রসঙ্গে প্রেমেন্দ্র মিত্রের ছোটগল্প গুলির মধ্যে সংসার সীমান্তে ও মহানগর গল্প দুটি উল্লেখযোগ্য ।

সংসার সীমান্তে:রজনী এক পতিতা নারী হয়েও সে অঘোর দাসের সাথে একসাথে সংসার বাঁধার স্বপ্ন দেখেছে, কিন্তু শেষ পর্যন্ত তার এই সংসার বাঁধার স্বপ্ন পুরন হয়নি, তাকে পতিতা জীবনযাপনই করতে হয়েছে, তা এই গল্প পাঠে স্পষ্ট হয়ে উঠেছে। বর্ষায় এক গভীর রাতে রাস্তাঘাট নির্জন হয়ে এসেছে। আলোর ব্যবস্থা ভালো নেই । এমনি এক বর্ষনমুখর অন্ধকারে রাতে কেরাসিনের ডিবিয়া জ্বেলে একটা চালার সামনে বসে থাকে রজনী । প্রতিদিনের অভ্যাসবশতই সে ক্লান্ত হতাশ চোখে বাঘ প্রতীক্ষায় সে বসে থাকে দরজার ধারে। তাকে দেখে তার দেহে ও মুখে প্রানের শিখার দ্যুতি ছিল বলে সন্দেহ হয় ।

"নারীত্ব ও যৌবনের সে একটা কুৎসিত বিকৃতি মাত্র।"[৭]

আরো ঘন্টাখানেক এই ভাবেই কেটে যায়, রজনী নিরাশ হয়ে বসে থাকে ভাবে এই জলবৃষ্টির ভেতর কেউ হইতো তার ঘরে আশ্রয় নিতে আসবে । হঠাৎ অন্ধকারে রজনীর ঘরের দরজার সামনে এসে একজন দাঁড়ায়। সে রজনীর কাছে এসে চাপা গলায় তাড়াতাড়ি বলে - "চ, তোর ধরে চ"[৮]

- রজনী এই অদ্ভুত ব্যবহারে ভীত হয়ে চিৎকার করতে গেলে লোকটি তার মুখে হাত চেপে ধরে এবং বলে ভয় নেই চেচাসনা, এইখানেই দাঁড়িয়ে থাকবো সারারাত ? লোকটাকে রজনীর মনে মনে ভয় করতে লাগলেও

মৃদুস্বরে সে আপত্তি জানিয়ে বলে - " আমি দরজা খুলে দিচ্ছি। তুমি যাও আজ আমার শরীর খারাপ ।"[৯]

- লোকটা তার কথা হেসে উড়িয়ে দিয়ে বলে তোর শরীর যখন এতই খারাপ তখন বর্ষার রাতে রাস্তায় দাঁড়িয়ে হাওয়া খাচ্ছিলি ? বলে রজনীর ঘর কোথায় জিজ্ঞাসা করে। নিরুপায় হয়ে রজনী বলে -

" দাও টাকা দাও তাহলে আগে ।

অন্ধকারে তাহার হাতের মধ্যে সত্যই একটা টাকা গুঁজিয়া
দিয়া লোকটা বলিল, 'নে হল তো ।"[১০]

- পয়সার লোভে ও পীড়নের ভয়ে লোকটিকে আশ্রয় দেয় রজনী। এই উগ্রপ্রকৃতির অপরিচিত লোকটার সাথে তাকে সারারাত এক সাথে কাটাতে হবে ভেবে সে ভীত হয় সারারাত কাটানোর পর ভোরবেলা যখন সবাই বেইস হয়ে ঘুমাচ্ছে, তখন লোকটি রজনীর আঁচল থেকে টাকা চুরি করে পালায় । এই নিদারুন প্রবঞ্চনার কথা রজনী কাউকে বললো না। দুপুরবেলা লোকটা আবার হঠাৎ এসে দাঁড়ায় রজনীর দরজায় এবং হাসতে হাসতে বলে কি গো চিনতে পার ? ঘৃনায় রাগে রজনীর শরীর রি রি করে উঠলো । রজনী সকলকে ডেকে জানায় যে সে তার টাকা চুরি করেছে তাকে যেন পুলিশে দেওয়া হোক। সকলে লোকটিকে একা পেয়ে তাকে মারতে থাকে মাররামারির সংবাদ পেয়ে পুলিশ আসার খবর পায়। পুলিশের ভয়ে রজনী লোকটিকে শুশ্রুষার জন্য তার ঘরে নিয়ে যায়। লোকটির নাম অঘোর দাস যন্দ্রনাবিকৃত মুখে হেসে লোকটি বলে ভয় নেই সে পুলিশের কাছে যাবে না । রজনী তার শুশ্রুষার আয়োজন করে কয়দিন ধরে লোকটি রজনীর ঘরেই থাকে । এমন করেই লোকটির সাথে রজনী পরিচিত হতে থাকে । একদিন রজনী অঘোরের সাথে ঝগড়া করায়, সে চলে যায়। ফিরে এসে অঘোর অনেকগুলো টাকা রজনীর হাতে দিতে গেলে রজনী বলে তুই চুরি করেছিস অঘোর স্বীকার করে রজনী তাকে আর চুরি করতে বারণ করে, অন্য কাজ কর্ম খুঁজতে বলে, নাহলে আর এখানে আসতে বারণ করে, অঘোর জানায় যে তার দলের লোকেরা তার পেছনে লেগে অস্থির করে দেবে চুরি করা ছেড়ে দিলে, এদেশে থাকতে তার এই কাজ ছাড়া হবেনা রজনী তাকে এদেশ ছেড়ে চলে যেতে বলে । তখন অঘোর রজনীকে তার সাথে যাওয়ার জন্য বলে, বাড়িওয়ালীর কাছে কিস্তিদারের কাছে রজনীর অনেক দেনা আছে তাই সে যেতে পারবে না । অঘোর হঠাৎ বলে যে সে তার সব দেনা শোধ করে দেবে। আর শেষ বারের মতো একবার চুরি করবে বলে স্থির করে । তারপর চুক্তি করা সে ছেড়ে দেবে ইতিমধ্যেই অঘোর ও রজনী দুজনেই তাদের অতীত জীবন ভুলে গিয়ে এদেশ থেকে চলে গিয়ে সংসার বাঁধবে স্বপ্ন দেখে । অন্যের অনেক জিনিস পত্র কিনে আনে। ভাবী সংসার সম্বন্ধে দুইজনের মধ্যেই মধুর আলাপ হয় । এরই মধ্যে গ্লানির অন্ধকারে যেন তাদের অতীত লুপ্ত হয়ে গিয়েছে । পৃথিবীর ভাগ্যবান নরনারীর জীবন অনুকরন করতে তাদেরও সাধ হয়। কিন্তু, তাদের সেই সাধ পুরন হয় না । শেষ বারের মতো চুরি করতে গিয়ে ধরা পড়ে অঘোর। কাঠগড়ায় কাঁদতে কাঁদতে সে মিনতি করে তাকে যেন একটিবার মাফ করে দেওয়া হয় । সে এই কাজ আর করবে না। বিচারে আমোরের জেল হয় তবুও । তাই বর্ষার রাতে আবার সেই ম্লান আলোয়

পথের ধারে দাঁড়াতে হয় রজনীকে একরাত্রের অতিথির প্রতীক্ষা করে ।

রজনী পতিতা নারী হওয়া সত্ত্বেও সমাজের বাকি মেয়েদের মতোই সেও স্বপ্ন দেখেছিল সংসার বাঁধার । সে চেয়েছিল অঘোরের সাথে সংসার করতে মানুষের কাছ থেকে আশঙ্কা করার তার আর কিছু নেই। তার জীবনের চরম ক্ষতি তার হয়েই গিয়েছে তবুও সে নতুন করে বাঁচতে চেয়েছিল কিন্তু পরিস্থিতিই তাকে দাঁড় করিয়ে দেয় সেই কলকাতার পুরানো নোংরা কুৎসিত পথের ধারে। তাই-

"ডিবিয়ার ধূমবহুল শিখাকে শীর্ণ হাতে সযত্নে

বৃষ্টির ঝাপটা হইতে আড়াল করিয়া গভীর রাত্রি পর্যন্ত এখানো নিশ্চয় বিগত যৌবনা রূপহীনা রজনী একরাত্রের অতিথির জন্য হতাশ নয়নে পথের দিকে চাহিয়া প্রতীক্ষা করে। "[১১]

মহানগর:প্রেমেন্দ্র মিত্রের 'মহানগর গল্পে রতন শহরে আসে তার দিদিকে খুঁজতে। তার দিদিকে কারা ধরে নিয়ে গেছে শহরে, সেখান থেকে তার দিদি আর বাড়ি ফিরে আসেনি কোনোদিন । তাই রতন তার দিদির সন্ধানে শহরে যেতে চায় ।

রতন মহানগর দেখবে, কিন্তু তার বাবা তাকে নিয়ে যেতে চায়নি । অনেক কাকুতি মিনতি- করে কেঁদে কেটে রতন তার বাবাকে নিমরাজি করিয়েছে। নৌকায় করে সে তার বাবার সাথে তখনা হয় মহানগরের দিকে । বর্ষার রাতে আকাশে তারা ছিল না। নৌকা যখন মহানগরের নাগাল পেয়েছে । সুখরে জাহাজ, স্টীমার, গাধাবোট আর বড়ো বড়ো কারখানার সব গেট দেখতে পাওয়া যাচ্ছে। রতন তার বাবার সাথে শহরে এসে পৌছায়।

মহানগরের বিশাল অরন্যে কত মানুষ আসে কত কিছুর খোঁজে, কেউ অর্থ, কেউ যশ, কেউ উত্তেজনা কে বা বিস্তৃতি, কিন্তু মৃত্তিকার স্নেহের মতো শ্যামল একটি অসহায় ছেলে সেখানে এসেছে তার দিদিকে ঘুটতে ।

"এই অরন্য নিজের নিজের আকাঙ্খিতকে সে খুঁজে পাবার আশা রাখে তার দুঃসাহস তো কম নয় ।"[১২]

--এখানে থাকবার জন্যে কাকুতি মিনতি করে রতন শহরে আসেনি সারা পথ সে মনের কথা মনেই চেপে রেখেছে যে, সে দিদিকে খুঁজতে এসেছে। রতন একাই সাহস করে বেরিয়ে পড়ে খুঁজতে। ল কাকাকে চুপিচুপি জীজ্ঞাসা করেছিল পোনাঘাটের কাছেই উল্টাডিঙি কিনা । কিন্তু সে জানায় যে উল্টাভিত্তি অনেকদূর। অনেকদূর গিয়ে রতন উল্টাভিত্তির পথ জীজ্ঞাসা করে এক লোকের কাছে। লোকটি জীজ্ঞাসা করে সেখানে কার কাছে যাচ্ছ ? রতন ভয়ে ভয়ে বলে সেখানে আমার দিদি থাকে রতনের দিদিকে কারা ধরে নিয়ে গেছে, কোথায় ধরে নিয়ে গেছে কেউ জানে না। তারপর

একদিন রতন শুনেছে যে তার দিদিকে নাকি পাওয়া গেছে। দারোগা সাহেব পুলিশ নিয়ে গিয়ে তাকে নাকি কোন দূর দেশ থেকে খুঁজে বার করেছে। কিন্তু তার দিদিকে বাড়ি ফিরিয়ে আনতে যায়নি কেউ। তাই সে দিদির সন্ধানে মহানগরে এসেছে। দিদির কথা রতন তার বাবাকে জীজ্ঞাসা করতেই তার বাবা তাকে ধমকে দেয় । তার দিদি নাকি আর আসবে না ।।

" কেউ যে তাকে দিদির কথা বলে না । দিদির কথাই যে বলতে নেই ।"[১৩]

-কোথা থেকে রতন শুনেছে উল্টাডিভির নাম, তার দিদি নাকি সেখানে থাকে। দিদিকে খুজতে খুঁজতে সে শেষপর্যন্ত সন্ধান পেয়েছে দিদির । রতনকে দেখে চপলা দরজার কাছে এসে থমকে পীড়ায় । রতনের মুখেও কথা ফোটে না। দিদি কে চিনতে তার কষ্ট হয় পিপি যেন কেমন হয়ে গেছে। চপলা হঠাৎ ছুটে গিয়ে রতনকে বুকে চেপে ধরে । তারপর তাকে ঘরে নিয়ে যায় ঘরে সুন্দর জিনিস দিয়ে সব সাজানো দেখে রতন অবাক হয়ে জীজ্ঞাসা করে এসব তোমার দিদি ? চপলা বলে হ্যাঁ ভাই। রতন চপলাকে বলে তোমাকে বাড়ি যেতে হবে নিদি চপলা চমকে ওঠে চপলা কাতর মুখে বলে -

" আমার যে যাবার উপায় নেই ভাই ।"[১৪]

- চপলার চোখে জল । রতন জানে বাড়িতে তার দিদির নাম উচ্চারন করা নিষেধ। তবুও সে দিদিকে না নিয়ে ফিরবেনা। চপলা মাথা নীচু করে ধরা গলায় বলে -

" এখানে যে তোমার থাকতে নেই ভাই।"[১৫]

- শেষ পর্যন্ত রতনকে অভিমান করে একাই ফিরে যেতে হয় বাড়িতে চপলা যায় না। কিন্তু চালে আসার সময় রতন চপলাকে বলে যে-

"বড়ো হয়ে আমি তোমায় নিয়ে যাব দিদি ।
কারুর কথা শুনব না ।"[১৬]

চপলাকে ধরে নিয়ে যাওয়া হয়েছিল। তাকে ধরে নিয়ে গিয়ে তাকে পতিতাপল্লীতে। বিক্রি করে দেওয়া হয়। চপলাকে পতিতায় পরিনত করা হয়েছে। সমাজে এই পতিতা নারীদের কেউ ভালো চোখে দেখে না । তাই চপলা জানে যে এখন আর তার বাড়ি ও শ্বশুড়বাড়ি কোথাও তার স্থান হবে না । তাই বাড়িতেও তার নাম উচ্চারন করা নিষেধ। এখন আর সে সমাজের বাকি পাঁচটা মেয়ের মতো থাকতে পারব না । তাই সে আর রতনের সাথে বাড়ি ফিরে যেতে পারবে না বলেছে ।

ডঃ সরোজ মোহনমিত্র তার 'বাংলা ছোটগল্প বিচিত্রা মননে ও বিশ্লেষনে ' গ্রন্থে এই 'মহানগর' গল্প সম্বন্ধে বলেছেন-

"মহানগর এর ওপর যে বিস্মৃতির মহানগরের একদিকে অলোঝলমল বিলাস আর অন্যদিকে সন্ধ্যার অন্ধকারের মহানগরোচিত সান্ধ্য সুকর্ম চাল তার ইঙ্গিত। কিন্তু বিস্মৃতি চলায় বোঝা যায় রতন বাড়ি ফিরে সব ভুলে যাবে - সময় সব বিস্মৃতির অতলে তলিয়ে দেবে। মহানগর তাই করে।"[১৭]

তথ্যসূত্র :

১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'গল্পগুচ্ছ' ,সপ্তম সংস্করণ নভেম্বর ২০১৫ দে'জ কলকাতা, পৃষ্ঠা- ১২৪

২. তদেব,পৃঃ ২১৩

৩. তদেব, পৃঃ২১৪

৪. তদেব, পৃঃ ২১৫

৫. তদেব, পৃঃ ২১৫

৬. তদেব, পৃঃ ২১৬

৭. প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প, সপ্তম নভেম্বর ২০১৫, দেজ কলকাতা, পৃঃ ১২৪

৮. তদেব, পৃঃ ১২৫

৯. তদেব, পৃঃ ১২৬

১০. তদেব, পৃঃ ১২৬

১১. তদেব, পৃঃ ১৩৬

১২. তদেব, পৃঃ ৯৫

১৩. তদেব, পৃঃ ৯৭

১৪. তদেব, পৃঃ ৯৮

১৫. তদেব, পৃঃ ৯৮

১৬. তদেব, পৃঃ ৯৯

১৭. তদেব, পৃঃ ৯৯

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:

১. গল্পগুচ্ছ রবীন্দ্রনাথ ঠাকুর । কলকাতা পুস্তকমেলা ২০০৭

২. প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প, দেজ পাবলিশিং কলকাতা (সপ্তম সংস্করন নভেম্বর ২০১৫)

সহায়ক গ্রন্থ :

১. অরুন কুমার মুখোপাধ্যায়। 'কালের পুত্তলিকা : বাংলা ছোটগল্পের এক শ'দশ বছর (১৮৯১ - ২০০০)', তৃতীয় সংস্করণ ২০০৪ । দে'জ পাবলিশিং কলকাতা -৭৩। প্রথম প্রকাশ, আগস্ট ১৯৮২।

২. গোপিকানাথ রায়চৌধুরী । 'দুই বিশ্বযুদ্ধের মধ্যকালীন বাংলা কথা সাহিত্য । তৃতীয় সংস্করণ, আগস্ট,২০১০। দে'জ পাবলিশিং কলকাতা ৭৩।

৩. চিত্রা সরকার । ' সামাজিক সংকট আত্মিক সংকট : প্রেক্ষিত বাংলা কথা সাহিত্য । প্রথম প্রকাশ,বড়দিন ২০১২। বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা -৯।

৪. বীরেন্দ্র দত্ত । ' বাংলা ছোটগল্প : প্রসঙ্গ ও প্রকরণ (১ম খণ্ড)। ৬ষ্ঠ পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ, জানুয়ারি ২০০৯। পুস্তক বিপনি, কলকাতা -৯।

৫. সোহরাব হোসেন । 'বাংলা ছোটগল্প ও গতি প্রকৃতি (৯ম খণ্ড) । প্রথম প্রকাশ জানুয়ারি ২০১০, করুনা প্রকাশনী, কলকাতা -৯ ।

14

নারী ভাবনা: প্রসঙ্গ রবীন্দ্র উপন্যাস

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
শতরূপা চক্রবর্তী (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

নারীর বিদ্রোহী ও ব্যক্তিত্বময়ী মনোভাবের মূল্যায়ন বাংলা উপন্যাস জগতের এক বিস্ময় হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। বিশ শতকের শুরু থেকে বাংলাদেশের সমাজ জীবনে ও নারী জীবনের নতুন নতুন জটিলতা, বিভিন্ন ভাব ও চিন্তাধারার গতি ও প্রকৃতি রবীন্দ্রধ্যান ধারনার অন্তর্ভূক্ত হয়েছিল। তাই রবীন্দ্রনাথ তার রচিত বিভিন্ন উপন্যাসে নারীর জীবন সংগ্রাম নিজের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য নারীর বিদ্রোহী ও ব্যক্তিত্বময়ী মনোভাবের সঠিক দিক গুলি চমৎকার ভাবে তুলে ধরেছেন। নারীর এরূপ মনোভাবের যথাযথ আমরা দেখতে পাই রবীন্দ্রনাথের রচিত চোখের বালি উপন্যাসের বিনোদিনী চরিত্রের মধ্যে। ব্যক্তিত্বময়ী মনোভাবের দিক থেকে বিনোদিনী সর্বগুনশালিনী। সে যেমন গৃহ কর্মে নিপুনা, তেমনি সে বিলিত মেম এর কাছে করে নিজেকে অক্ষর জ্ঞান সম্পন্না ও করে তুলেছে। কিন্তু বিবাহের অল্প দিনের মধ্যে বিধবা হয়ে সে জীবন সুখ থেকে বঞ্চিত হয়েছে। এরপর রাজলক্ষীদেবীর সঙ্গে বিনোদনী তার বাড়িতে আসার পর আশালতা ও মহেন্দ্রের দাম্পত্য সম্পর্কের মধুরতা প্রত্যক্ষ করে তার মনে বয়স ধর্মের নিয়মে যৌন প্রবৃত্তি জাগ্রত হয়। সে ভালোবাসা পাওয়ার আশায় আকুল হয়ে ওঠে। অতঃ পর বিধবা বিনোদিনী তার জৈবিক প্রবৃত্তিকে পাথেয় করে মহেন্দ্রকে নিয়ে প্রণয় কলার নতুন পন্থা উদ্ভাবন করেছে। কিন্তু মহেন্দ্রের মধ্যে প্রেমের পরিবর্তে ভোগাঙ্খার তীব্রতা লক্ষ্য করে বিনোদিনী মহেন্দ্রের কাছ থেকে নিজেকে স্বতন্ত্র করে নিয়েছে। পরবর্তীতে বিনোদিনী উদার ও মহৎ চরিত্রের অধিকারী বিহারীর কাছে আত্ম সমর্পন করতে চেয়েছে। বিভিন্ন উপায়ে বিহারীর কাছে নিজেকে নিবেদন করার পর অত্যন্ত আত্মসচেতন এই রমনী বুঝেছিল যে বিহারী অত্যন্ত উদাস চরিত্রের পুরুষ। এই উদার চেতা বিহারীর মধ্যে তার প্রতি যতখানি অনুকম্পা আছে ততখানি প্রেম নেই। তাইত একপর্যায়ে বিহারী এই ভাগ্যবিড়ম্বিত রমনী বিনোদিনীর কাছে নিজের প্রেমের কথা স্বীকার করেছে এবং যখন তাকে বিবাহের প্রস্তাব দিয়েছে, তখন সে তা অস্বীকার করেছে এবং তখন বিনোদিনী অনায়াসে বলেছে -

"ভুল করিয়ো না - আমাকে বিবাহ করিলে তুমি
সুখী হইবে না, তোমার গৌরব যাইবে।
আমি ও সমস্ত গৌরব হারাইব। তুমি চিরদিন
নির্লিপ্ত, প্রসন্ন। আজ ও তুমি তাই থাকো -
আমি দূরে থাকিয়া তোমার কর্ম করি। তুমি
প্রসন্ন হও, তুমি সুখী হও।"[১]

বিনোদিনী বিদ্রোহী ও ব্যক্তিস্বাতন্ত্র্য বোধের দিক থেকে নিজেকে উজ্জ্বল দৃষ্টান্ত রূপে প্রতিষ্ঠিত করেছে। তাইতো বিনেদিনীকে বিহারী সমস্ত অধিকার প্রদান করলেও বিনোদিনী কাঙালের মতো তা গ্রহন করেনি। বিনোদিনী অত্যন্ত বিদ্রোহী ও ব্যক্তিস্বাতন্ত্র্য বোধের পরিচায়ক। আর এই ব্যক্তিস্বাতন্ত্র্য বোধের অনিবার্য প্রকাশ নারীর যৌন স্বাধীনতা বোধ। আর এই বোধ সামজে যে জটিল সমস্যার সৃষ্টি করেছে, সেই জটিলতার মধ্য দিয়ে যেতে গিয়ে বিনোদিনী মানসিক যন্ত্রনায় ক্ষতবিক্ষত হয়েছে। তাইতো বিনোদিনী প্রথমে জীবন সুখ থেকে বঞ্চিত হয়েও পরবর্তীতে নিজেকে আপন মানবিক দিপ্তীতে উজ্জ্বল করে তুলেছে। তাইত বিনোদিনী সম্পর্কে বলা হয় -

"সে শয়তানী নয়, তাহার অবরুদ্ধ কামনার
অতৃপ্ত যৌন বাসনার আগুনে সংসার পোড়ায়
নাই, নিজেকে শুধু সে দিপ্তীময়ী করিয়াছে।"[২]

এক্ষনে বলা যেতে পারে রবীন্দ্র নারীর বিদ্রোহী ও ব্যক্তিত্বময়ী মনোভাবের দিক থেকে 'চোখের বালি' উপন্যাসের অন্যতম নারী চরিত্র বিনোদিনী যথার্থ রূপে আত্মপ্রকাশ করেছে। রবীন্দ্র উপন্যাসে নারীর চরিত্রে বিদ্রোহী ও ব্যক্তিত্বময়ী মনোভাবের আর এক উজ্জ্বল দৃষ্টান্ত হল চতুরঙ্গ উপন্যাসের দামিনী চরিত্র। দামিনী চোখের বালি উপন্যাসের বিনোদিনীরই উত্তরসূরী। সে ও বিবাহের অল্পদিনের মধ্যে বিধবা হয়ে জীবন সুখ থেকে বিচ্যুত হয়েছে। কিন্তু বিহারীকে বিবাহ করার ক্ষেত্রে বিনোদিনীর যে দ্বিধা ছিল দামিনী তা অনায়াসে কাটিয়ে উঠতে পেরেছে। দামিনী জীবন রসে রসিক। বাইরে সে পুঞ্জ পুঞ্জ যৌবনে পরিপূর্ণ কিন্তু অন্তরে তার চঞ্চল আগুন সর্বদা ঝিকমিক করে। বসন্তের পুষ্প উদ্যানের মতো সে সর্বদা ভরপুর হয়ে থাকে। দামিনী জীবন সতো বিশ্বাসী। তাইতো সে গুরুর কাছে ঘেষত না, গুরুর উপর তার রাগ ছিল, কারণ গুরুর মানসিক প্রবৃত্তি তার পছন্দ ছিল না । তাইত দামিনীর স্বামী শিবতোষ দামিনীর বাবার দেওয়া গয়না গুলো গুরুকে দিলে সে আপত্তি প্রকাশ করে এবং বাধা দেয়। অবশেষে তার স্বামী শিবতোষ মৃত্যুর আগে সম্পত্তি ও দামিনীকে গুরুর হাতে সমর্পন করে যায়। অগত্যা গুরুর কাছে থাকতে থাকতে গুরুর সেবা

করতে করতে গুরুর একনিষ্ঠ ভক্ত শচীশের প্রতি দামিনী আকৃষ্ট হয়ে পড়ে। দামিনী জীবন রসে পরিপূর্ণ হলেও ভাগা তাকে বঞ্চনা করে প্রতিনিয়ত। তাইতো শচীশের প্রতি আকৃষ্ট হয়ে চঞ্চল দামিনী যখন স্থির সৌদামিনী হয়ে উঠেছে তখন শচীশ শুধু দামিনীর সেই শোভা দেখেছে কিন্তু দামিনীর ভালোবাসার রূপটি প্রতক্ষ্য করেনি। তাইতো এই ভাগ্যবিড়ম্বিত দামিনী শচীশের সম্বন্ধে উল্টো রকম পরিচয় পেয়ে তাকে এড়িয়ে চলতে শুরু করে। কিন্তু শ্রীবিলাসের সঙ্গে দামিনীর সম্পর্ক বরাবরই বন্ধুত্ব পূর্ণ ছিল। তাই দামিনী অবশেষে শচীশকে অপ্রাপনীয় জেনেও শচীশ -এর বন্ধু শ্রীবিলাসকে বিবাহ করে। দামিনীর বিদ্রোহিনী রূপ ও জৈব প্রবৃত্তি তাকে আধুনিক নারীতে রূপান্তরিত করেছে। দামিনী চরিত্রে বিদ্রোহী মনোভাবের চিত্র ফুটে ওঠে তখন, যখন দেখা যায় দামিনী শচীশের পায়ে অকুণ্ঠ আত্ম নিবেদনে ব্যর্থ হয়ে ফিরে আসার পর একদিন শচীশ শান্তিলাভের আশায় দামিনীকে গুরুর সেবায় ব্রতী হতে বললে দামিনী জ্বলে উঠে বলে -

"তোমরা আমাকে শাস্তি দিবে? দিন রাত্রি মনের মধ্যে কেবলই ঢেউ তুলিয়া পাগল হইয়া আছ, তোমাদের শান্তি কোথায়? জোড় হাত

করি তোমাদের, রক্ষা করো আমাকে

আমি শান্তিতেই ছিলাম। আমি শান্তিতেই থাকিব।"[৩]

গুরুর প্রতি দামিনীর ভক্তি ছিল না। কিন্তু তবুও সে এক পর্যায়ে গুরুর কাছে এলে শচীশ দামিনীকে এখানে আসার প্রয়োজনীয়তার কারণ জানতে চাইলে রাগে ক্ষোভে দামিনীর চোখ দপ করে জ্বলে ওঠে। সে বলে-

" কেন আছি ! আমি কি সাধ করিয়া আছি! তোমাদের ভক্তরা যে এই ভক্তিহীনাকে ভক্তির গারদে পায়ে

বেড়ি দিয়া রাখিয়াছে। তোমরা কি

আমার আর কোনো রাস্তা রাখিয়াছো?"[৪]

এই কথায় শচীশ দামিনীর মনোভাবনা উপলবদ্ধি করে দামিনীকে কোনো আত্মীয়ের বাড়িতে গিয়ে থাকতে উপদেশ দেয়। এছাড়া সে আরও জানায় যে সেখানে দামিনীর খরচ পত্রের ব্যায়ভার তারাই বহন করবে। শচীশের এই সিদ্ধান্তের কথা শুনে দামিনী আরও জ্বলে উঠে বলে -

" তোমাদের কোনো ভক্ত এক মতলবে এক বন্দোবস্ত করিবেন, কোনো ভক্তরা আর এক মতলবে আর

এক বন্দোবস্ত করিবেন মাঝখানে আমি কি

তোমাদের দশ পাচিশের খুঁটি ? আমাকে তোমাদের ভালো লাগিবে বলিয়া নিজের

ইচ্ছায় তোমাদের মধ্যে
আমি আসি নাই। আমাকে তোমাদের ভালো লাগিতেছে।
না বলিয়া তোমাদের ইচ্ছায় আমি নড়িব না।"[৫]

এখান থেকে আমরা রবীন্দ্র উপন্যাসে দামিনী চরিত্রের মধ্যে নারীর বিদ্রোহিনী রূপ ও ব্যক্তিত্বময়ী মনোভাবের পরিচয় পেয়ে থাকি।

।।খ।।

সূক্ষ্ম রুচিবোধ ও আত্মস্বাতন্ত্র্যবাদী নারী চরিত্র চিত্রায়ন:রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর জীবনকালে যে কয়টি উপন্যাস রচনা করেছেন তার সেই সব উপন্যাসে নারীর সূক্ষ্মরুচি বোধ, আত্মা স্বাতন্ত্র্যবোধ, কতৃত্বশক্তি ও স্বাধীন চিন্তা শক্তির পরিচয় প্রকাশিত হয়েছিল। আর এই সমস্ত চারিত্রিক বৈশিষ্ট্যের উজ্জ্বল নমুনা পাওয়া যায় রবীন্দ্রনাথের রচিত গোরা উপন্যাসে আনন্দময়ী, ললিতা, চার অধ্যায় উপন্যাসের এলালতা প্রমুখ চরিত্রের মধ্যে। "গোরা" উপন্যাসে আনন্দময়ী হল গোরার মা। সে নিষ্ঠাবান ঘরের আচার পরায়না মেয়ে। আনন্দময়ীর পিতা সার্বভৌমের ঘরে থাকাকালীন আনন্দময়ী সমস্ত সংস্কার মেনে চলত। কিন্তু স্বামীর গৃহে ফেরবার পর স্বামী কৃষ্ণদয়াল বিভিন্ন সময়ে বিভিন্ন লোক নিয়ে বাড়িতে আসতেন এবং আনন্দময়ীকে নিয়েও যেতেন তার সেই সব বন্ধুদের মধ্যে। স্বামীর এরূপ নানা প্রতিবন্ধকতায় আনন্দময়ীকে সেই শিশুকালের সংস্কার ত্যাগ করতে হয়। জাতপাতের বেড়াজাল আনন্দময়ীর মন থেকে চিরতরে উঠে যায়। ইতিমধ্যে তার স্বামী কৃষ্ণদয়াল হঠাৎ করে তার মত বদলে একজন আচার নিষ্ট, সংস্কারবান মানুষ রূপে নিজেকে গড়ে তোলেন। কিন্তু আনন্দময়ী আর এই সংস্কারের পথে যায়নি। আনন্দময়ী তখন একজন সূরুচিবোধ সম্পন্না আদর্শবান নারী চরিত্র রূপে নিজেকে প্রতিষ্ঠিত করে । তাই তো স্বামীর আপত্তি থাকা সত্ত্বেও স্বামীকে লুকিয়ে আনন্দময়ী সেই দুর্বিষহ রাতে এক সন্তান সম্ভবা মেমকে আশ্রয় দেয়। রাতে সেই মেম এক পুত্র সন্তান প্রসব করে মারা যায়। এই সন্তানই হল গোরা। তখন আনন্দময়ী পিতৃ মাতৃহীন শিশুপুত্র গোরা কে বুকে তুলে নিয়ে অনুভব করল যে জাত নিয়ে কেউ পৃথিবীতে জন্মায় না। খ্রীষ্টান বলে বা ছোট জাত বলে কেউকে অবজ্ঞা করলে ঈশ্বর রুষ্ট হন। তাইত আনন্দময়ী গোরা ও নিজের দেখাশোনা করবার জন্য এক খ্রীষ্টান মেয়ে লছমিয়াকে নিজের ঘরে রাখে। ফল স্বরূপ তিনি পতিগৃহে বা পতির কোন প্রকার সেবা থেকে বঞ্চিত হয়। কিন্তু তবুও এই আত্মস্বাতন্ত্র্যবাদী নারী গরীব দাসী লছমিয়াকে নিজের কাছেই রাখে এবং নিজেই নিজেকে স্বতন্ত্র করে রাখে। কিন্তু এক পর্যায়ে গোরা ও হয়ে ওঠে সংস্কার পন্থী সে আনন্দময়ীর সূক্ষ্ম মানবিকতার দিকটি প্রতক্ষ্য না করে তার হাতের জল খাওয়া পর্যন্ত দেয়। আনন্দময়ী মনে করতো পৃথিবীর

সব মানুষই সমান সে উঁচু জাতই হোক বা নীচু জাতই হোক। প্রতিটি মানুষের মধ্যেই স্বয়ং ঈশ্বরের অবস্থান। আর এই ভাবনা থেকেই সুচরিতার সঙ্গে গোরার বিয়ে দিতে চাইলে ব্রাহ্ম ঘরে বিবাহ সম্বন্ধে বিনয় দ্বিধা প্রকাশ করলে আনন্দময়ী বিনয়কে অকপটে বলেছে -

" বাবা ব্রাহ্মই বা কে, আর হিন্দুই বা কে? মানুষের হৃদয়ের তো কোনো জাত নেই সেই খানেই ভগবান"[৬]

সকলকে মেলান এবং নিজে এসেও মেলেন। তাকে

ঠেলে দিয়ে মন্তর আর মতের উপরেই মেলবার ভার দিলে চলে কি?"[৭]

আনন্দময়ী হলো এরূপ সূদ্ধারুচি বোধ সম্পন্ন মুক্তমনা নারী। তাইত স্বামী কৃষ্ণ দয়াল ও পুত্র গোরার সংসারে আনন্দময়ী ছিল আসামী শ্রেণীভুক্ত। পরবর্তীতে গোৰা যখন তার জন্য বৃত্তান্ত জানতে পারে এবং উপলব্ধি করতে পারে যে অন্য জাতের সন্তান হওয়া সত্ত্বেও আনন্দমরীহ পরন সেহে, আদরে, যত্নে তাকে মানুষ করেছে তখন গোরা আনন্দময়ীর মাতৃ হৃদয়ের মহিমা অনুধাবন করতে পারে। তাইত আনন্দময়ীর সূক্ষ্ম রুচি বোধের কাছে নতজানু হয়ে গোরা অবশেষে বলেছে-

"মা, তুমিই আমার মা। যে মাকে খুঁজে বেড়াচ্ছিলুম

তিনিই আমার ঘরের মধ্যে এসে বসেছিলেন। তোমার জাত নেই, বিচার নেই, ঘৃণা নেই, শুধু তুমি কল্যাণের প্রতিমা! তুমিই আমার ভারতবর্ষ।"[৮]

আদর্শবাদীতা ও আত্মস্বাতন্ত্র্যবাদীতার প্রসঙ্গে আমরা রবীন্দ্র উপন্যাসে আনন্দময়ী চরিত্রের পাশাপাশি আর একটি নারী চরিত্রের স্পষ্ট পরিচয় পাই তা হল ললিতা চরিত্র। ললিতার চেহারায় যে সৌন্দর্য ছিল, তা তার রঙের সৌন্দর্য বা গড়নের সৌন্দর্য নয়। তা হল তার অন্তরের গভীর সৌন্দর্য। ললিতার মধ্যে কেবল ললিতা নয়, স্বাতন্ত্র্যের তেজ এবং শক্তির দৃঢ়তা বর্তমান। তাইত সে গোরার গোঁড়ামি আর রক্ষনশীলতাকে যেমন পছন্দ করেনি তেমনি গোরার মতকে সুন্দর ভাবে প্রতিষ্ঠা করার জন্য বিনয়ের প্রয়াসকে ও মেনে নিতে পারেনি। সত্য কথা স্পষ্ট ভাবে ঘোষনা করতে সমগ্র উপন্যাসে ললিতা কখনই ইতস্তত করেনি। তাইতো ম্যাজিস্ট্রেটের সম্মানের পরিবর্তে অনুগ্রহ প্রত্যক্ষ করে বিনয়কে নিয়ে সেখান থেকে ললিতা চলে এলে ব্রাহ্ম সমাজের শ্রেষ্ঠ হারাধন বাবু ললিতার ঔদ্ধত্যের কড়া জবাব দিতে তার বড়িতে গেলে, গলিতা তাকে বলে -

" এতদিন আপনার শ্রেষ্ঠতা আমরা অনেক সহা করেছি, কিন্তু আপনি যদি বাবার চেয়ে বড়ো হতে চান তা হলে এবাড়িতে আপনাকে কেউ সহ্য করতে পারবে না - আমাদের বেয়ারাটা পর্যন্ত না।"[৯]

ললিতার চরিত্রে দুর্জয় খামখেয়ালিপনার পাশাপাশি ছিল সমাজ সেবা তথা মানব সেবার অনুষ্ঠ প্রয়াস। তাইতো ব্রাহ্ম সমাজে মেয়ে বলে বিনয়ের সঙ্গে বিবাহের আপাত অসম্ভাব্যতার কথা মাধ্যর রেখে বিয়ের চিন্তা ক্ষনস্থায়ী রূপে পরিত্যাগ করে, সমাজের উন্নতি সাধনের আশায় স্ত্রী শিক্ষা প্রসারের উদ্দেশ্যে মেয়ে স্থুল স্থাপনের চিন্তা করে। তার এই কাজে হিন্দু সমাজ বিরুপ হয়ে উঠলে সে যথাযথ প্রতিবাদ ও করেছে। এছাড়া ললিতার মনে জাত ধর্মের সংকীর্ণতা কখনও স্থান পায়নি। তাইত আনন্দময়ী যখন ললিতাকে বলে যে সে বিনয়কে জাত ধর্ম ত্যাগ করা উচিত নয় তা বোঝাতে চেষ্টা করেছে অনেকবার। তবে এই কথা ললিতা ঠিক মনে করে কিনা? এছাড়া বিনয় জাত ধর্ম ত্যাগ না করলে ললিতা ব্রাহ্ম সমাজের সংস্কার ছিন্ন করে তাকে বিবাহ করবে কি না? এই কথা লজ্জা না করে স্বীকার করতে বললে - জাত ধর্ম প্রসঙ্গে ললিতা জানায়-

"মা, তোমার কাছে আমি কিছুই লজ্জা করব না আমি তোমাকে বলছি, আমি এ-সব মানিনে। আমি খুব ভালো করেই ভেবে দেখেছি, মানুষের ধর্ম বিশ্বাস সমাজ যাই থাক না, সে সমস্ত লোপ করে দিয়েই তবে মানুষের পরস্পরের সঙ্গে যোগ হবে এ কখনো হতেই পারে না। তা হলে তো হিন্দুতে খৃষ্টানে বন্ধুত্বও হতে পারে না। তা হলে তো বড়ো বড়ো পাঁচিল। তুলে দিয়ে এক এক সম্প্রদায়কে এক এক বেড়ার মাধ্যে রেখে দেওয়া উচিত।"[১০]

পরবর্তীতে বিনয়ের সঙ্গে ললিতার সম্পর্ককে কেন্দ্র করে ব্রাহ্ম সমাজের মধ্যে কদর্য ব্যাপার ঘটে চলেছিল। ললিতা তাকে তার ভাগ্যের মার বলে মেনে নিতে পারেনি। ললিতা প্রতিবাদ করেছে, পরাভব স্বীকার করে নেয়নি। এই খানেই ললিতার স্বাতন্ত্র্য, তার বৈশিষ্ট্যে স্পষ্ট।

আবার চার অধ্যায় উপন্যাসেও এলালতার চরিত্রে উদ্দীপ্ত প্রতিবাদের ঘনঘটা, সূক্ষ্ম অনুভূতি আর আদর্শনিষ্ঠা ও আত্ম সংযমের দৃঢ়তা স্বল্প পরিসরের মধ্যে ও দীপ্যমান হয়ে উঠেছে। এলার জীবনের প্রথম সূচনা বিদ্রোহের মধ্যে। তার মা মায়াময়ীর ছিল বাতিকের ধাত। তার ব্যবহার বিচার বিবেচনার পথে চলতো না। বিভিন্ন অস্বাস্থ্যকর অবস্থায় প্রতিক্রিয়া রূপেই এলার মনে অল্প বয়স থেকে স্বাধীনতার ইচ্ছা দুর্দাম হয়ে উঠেছিল। এলার মন তার্কিক, তর্ক না করে সে থাকতে পারে না তাই তো একদিন কোনো মুসলমান তাদের বাড়িতে এসে মাদুরে বসলে তার মা পরে ওই মাদুরটি ফেলে দেন। তখন এলা বলে।

"আচ্ছা, এই সব ছোঁয়াছুঁয়ি নাওয়া খাওয়া নিয়ে কট্ কেনা মেয়েদের কেই কেন পেয়ে বসে।

এতে হৃদয়ের তো স্থান নেই, বরং বিরুদ্ধতা আছে; এতো কেবল যন্ত্রের মতো অন্ধভাবে মেনে চলা।"[১]

এলা বিবাহ বিমুখ। অবিমিশ্র সত্য বলা তার বাসন ছিল। তার মনে সত্যবাদীতা ও স্বাধীনতার আকাঙ্খা দেখে ইন্দ্রনাথ বাবু বলেন-

"আমি লোক চিনি। তোমাকে বিশ্বাস করতে আমার মুহুর্ত কাল বিলম্ব হয়নি। তোমাকে দেখবা মাত্রই মনে হয়েছে তুমি নব যুগের দূতী, নবযুগের আহ্বান তোমার মধ্যে।[১১]

এ প্রসঙ্গে আত্মসংযমী এলা ইন্দ্রনাথকে বলে-

"আপনার কথায় আমার ভয় হয়।, ভুল করে আমাকে বাড়াবেন না। আপনার ধারনার যোগ্য হবার জন্য দুঃসাধ্য চেষ্টা করতে গেলে ভেঙে পড়ব। আমার শক্তির সীমার যতটা পারি বাঁচিয়ে চলব আপনার আদর্শ, কিন্তু ভান করতে পারব না। "[১২]

যৌবনের স্ব ধর্মে মন কখনো চঞ্চল হলেও সেই চঞ্চলতাকে জয় করে সে অনুভব করেছে নিজের শক্তির গর্ব। তাই বটু, পুলিসের সঙ্গে চক্রান্ত করে এলাকে বিবাহ করার প্রস্তাব পাঠালে এলা তার পত্রের উপর 'পিশাচ' কথাটি লিখে দিতেও পিছপা হয়নি।

।।গ।।

দাম্পত্য সম্পর্কের ভিত্তিতে নারীর জটিল মনস্তত্ব বরীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসে নারী চরিত্রের আর একটি অন্যতম দিক হল দাম্পত্য সম্পর্কের ভিত্তিতে নারীর জটিল মনস্তত্বের দিক। প্রাকৃতিক নিয়মে নারী পুরুষ একে অপরের ভালোবাসার মধ্য দিয়ে জীবনে বেঁচে থাকার তাৎপর্য খুঁজে পায়। কিন্তু বিপরীত ধর্মী মানসিক বৈশিষ্ট্য যুক্ত নর নারীর মধ্যে প্রেমের সেই নিবিড় সান্নিধ্যে বাধা ঘটে। এমনই দাম্পত্য সম্পর্কের সংকট দেখা যায় "যোগাযোগ' উপন্যাসে কুমুদিনী ও মধুসূদন এর মধ্যে। আধ্যাত্মবাদী কুমুদিনীর কাছে স্বামী স্ত্রী সম্পর্ক নিছক চাওয়া পাওয়ার উপর নির্ভর করে না। তার মতে স্বামী স্ত্রীর সম্পর্ক ভালোবাসাকে কেন্দ্র করে টিকে কিন্তু এই চরিত্রিক নম্রতা ও উন্নত রুচি মধুসূদনের ছিল না। কুমুর স্বভাবের মধ্যে যেমন আছে অপার সৌন্দর্যময়তা তেমনি আছে আত্মস্বাতন্ত্র্যবোধ। কুমু চাটুজ্জ্যে পরিবারে অভাব অনটনের মধ্যে জন্ম নিলেও পিতা মাতার মৃত্যুর পর দাদা বিপ্রদাস কুমুকে অতিআদরে, যত্নে, শিক্ষা-দীক্ষা, কাজকর্ম, উন্নত রুচি বোধ সবদিক থেকে একটি পরিণত মানুষ হিসাবে গড়ে তোলে। এহেন কোন শিক্ষিত, মার্জিত, সংস্কৃতি মনস্ক নারী নিজস্বতাকে বিকিয়ে দিতে চায়না। তাইত মধুসূদন ঘোষালের দাম্ভিক, নীচ ও পৈশাচিক আচরন দেখে কুমুর হৃদয় সংকুচিত ও ভীতি বিহ্বল হয়ে পড়েছে। ধনগরী, দাম্ভিক মধুসূদন এর কাছে কোনো মানুষের ইচ্ছা বা অনিচ্ছার কোনো মূল্য নেই। এক পর্যায়ে কুমুদিনীর হাতে তার

দাদার দেওয়া নীলার আংটিকে কেন্দ্র করে কুমু ও মধুসূদন এর দাম্পত্য সম্পর্কে চির ধরে। কুমুর কাছে এই আংটি তার দাদার দেওয়া আশীর্বাদ স্বরূপ। কিন্তু এটি মধুসূদন কর্কশ কণ্ঠে খুলে ফেলতে বললে 'কুমুদিনীর সারা শরীর রী রী করে ওঠে। মধুসূদন ছিল ধনগরী পুরুষ। সে বাড়ির ছোট বড় সকলকেই নিজের ভূত্যের মতো চালনা করত। একারনেই মধুসূদন স্বামী স্ত্রীর সহজ সম্পর্ক কাণ্ডজ্ঞান হীনের মতো নষ্ট করেছে। কুমু স্বামীর এহেন ব্যবহার ন্যায় সংগত বলে মেনে নিতে পারেনি। মধুসূদনের এহেন আঘাতের কোনো প্রত্যাঘাত না করেই কুমু স্বামীর শয্যা গৃহ ত্যগ করে নীচের বাতিঘরে নিজের স্থান করে নিয়েছে। মধুসূদনের কাছে মানবিক সম্পর্কের কোনো মূল্য নেই। সে মনে করে সংসারের সবাই ভৃত্য আর সে নিজে সকলের প্রভু। তাই আত্মাভিমানী কুমু মোতির মাকে বলেছে - "দেখো ভাই, নিজেকে দেব বলেই তৈরী হয়ে এসেছিলুম কিন্তু ও কিছুতেই দিতে দিলে না। এখন দাসী নিয়েই থাকুক। আমাকে পাবে না।"

স্বামী স্ত্রীর সম্পর্ক যেখানে সহজ সাবলীল ছন্দ পরিত্যাগ করে শাসক শাসিতের রূপ নেয় তখন সেই দাম্পত্য প্রেম ভেঙে যেতে বাধ্য। কুমু দাম্পত্য সম্পর্কের জন্য সাধারণ পাঁচটা বাঙালী নারীর মতো নিজের আত্মমর্যাদা বোধকে বিসর্জন দিতে পারে নি। সে নারী জাতির আপন স্বাধীনতা ও স্বাতন্ত্র্য বোধ বজায় রেখেছে। তাই সে তার দাদার কাছে অকপটে স্বীকার করেছে -

" মিথ্যে হয়ে মিথ্যের মধ্যে থাকতে পারব না। আমি ওদের বড়ো বউ, তার কি কোন মানে আছে।

যদি আমি কুমু না হই?'" দাম্পত্য সম্পর্কের আর একটি জটিল দিক ছিল ত্রিকোণ প্রেমের সমস্যা। রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত মালঞ্চ, ঘরে বাইরে প্রভৃতি উপন্যাসে আমরা দেখতে পাই ত্রিকোণ প্রেমের সমস্যাকে কেন্দ্র করে নাবীর জটিল মনস্তত্বকে। মালঞ্চ উপন্যাসে নীরজা হল আদিত্যের স্ত্রী। আদিত্যের ও আদিত্যের বাগানের প্রতি আছে তার গভীর ভালোবাসা। আদিতা ও নীরজাকে ভালোবাসে। তার এই ভালোবাসায় ছেদ পড়ে নীরজার অসুস্থতায়। বাগানে ও আদিত্যের জীবনে সরলার উপস্থিতিতে তাদের দাম্পত্য প্রেমের মধ্যে সৃষ্টি হয়েছে ত্রিকোণ প্রমের সংঘাত। নীরজার অসুস্থতায় আদিত্য সরলামুখী হয়ে উঠলে, নীরজার প্রতি আদিত্যের প্রতারণা বুঝতে পেরেও নীরজা স্বামীর প্রেম ফিরে পাবার জন্য করুন প্রচেষ্টা চালিয়ে গেছে। বারংবার স্বামীর কাছে প্রতিশ্রুতি আদায়ের চেষ্টা করেছে।

আদিত্যের সরলার প্রতি আসক্তি দেখে প্রচণ্ড অস্থিরতায় সে বলেছে -

"তোমাদের বই যারা লেখে, ভারি তো পণ্ডিত

তারা, কিছু জানে না, আমি নিশ্চয় জানি।
আমার কথা বিশ্বাস করো। আমি থাকব, আমি
এখানেই থাকব, আমি তোমারই কাছে থাকব,
একেবারে স্পষ্ট দেখতে পাচ্ছি। এই তোমাকে বলেযাচ্ছি,
কথা দিয়ে যাচ্ছি। তোমার বাগানের গাছপালা সমস্তই
আমি দেখব, যেমন আগে দেখতুম। তার চেয়ে আনেক ভালো দেখব। কাউকে দরকার হবে না, কাউকে না।'

পরবর্তীতে রমেনের উপদেশে ঠাকুর ঘরে গিয়ে প্রার্থনা করে সে চেষ্টা করেছে, নিজের মনকে শান্ত স্নিগ্ধ করে সহজ ভাবে আদিত্যের জীবনে সরলা কে মেনে নিতে। কিন্তু সেখানেও সে ব্যার্থ হয়েছে। এমনকি মৃত্যুর মুখে পা দিয়ে ও সচেতন মনের একান্ত কামনা সত্ত্বে সে সরলাকে গ্রহন করতে পারেনি। তীব্র কন্ঠে সে বলেছে-

" পারলুমনা, পারলুম না, দিতে পারব না। পারব না, জায়গা হবে না তোর রাক্ষসী, জায়গা হবে না। আমি থাকব, থাকব, থাকব।
পালা, পালা, পালা এখনই নইলে দিনে দিনে শেল বিধব তোর বুকে, শুকিয়ে ফেলব তোর রক্ত।"

অস্থি মজ্জায় নীরজা প্রেম সচেতন। প্রেম বঞ্চিত হবার আশঙ্কাতেই তার মনে দুঃখ, বেদনা, ও ঈর্ষার সৃষ্টি হয়েছে।

।।ঘ।।

প্রেম সৌন্দর্যময়ী রূপে নারী চরিত্র রূপায়ণ রবীন্দ্র উপন্যাসে প্রতিটি নারী চরিত্রই আত্মস্বাতন্ত্র্যবাদী, ব্যক্তিত্বময়ী এবং সূক্ষ্মরুচিবোধ সম্পন্না। তার পাশাপাশি প্রেমময়ী ও সৌন্দর্যময়ী নারী চরিত্র ও রবীন্দ্র উপন্যাসে বর্তমান। রবীন্দ্রনাথের রচিত বিখ্যাত উপন্যাস 'শেষের কবিতা' তে উল্লেখিত নারী চরিত্র লাবন্য, প্রেম ও সৌন্দর্যময়তার বিচারে অনন্যা। লাবন্যের চেহারা শ্যামবর্ণ, টানা চোখ ঘন পক্ষছায়ায় নিবিড় স্নিগ্ধ, প্রশস্ত ললাট, চিবুক ঘিরে সুকুমার মুখের ডৌলট একটি অনিতপক্ক ফলের মতো রমনীয় । এছাড়া লাবনোর বাবা অবনীশ দত্ত মেয়ে লাবনাকে শিক্ষা দীক্ষায় এতটা পারদর্শী করে তুলেছে, যে বহু পরীক্ষার ঘষাঘষিতে লাবনোর বিদ্যাবুদ্ধিতে কোনো প্রকার লোকসান হয়নি । তার মনে স্বামী সেবা - আবাদের যোগ্য নরম জমিটুকু বাদে বাকিটা এমন ভাবে গণিতে ইতিহাসে সিমেন্ট করে গাথা হয়েছে যে, লাবন্যের বিয়ে না হলেও পাণ্ডিত্যের সঙ্গেই চিরদিন তার গাঁট বাধা হয়ে থাকবে। লাবন্যের সৌন্দর্য ও পাণ্ডিত্যের মহিমা প্রতক্ষ্য করে অমিতের ভাষায় বলা যায় - " লাবণ্যের সৌন্দর্য সকাল বেলার মতো, তাতে

অস্পষ্টতার মোহ নেই, তার সমস্তটা
বুদ্ধিতে পরিব্যপ্ত। তাকে মেয়ে করে
গড়বার সময় বিধাতা পুরুষ তার মধ্যে
পুরুষের একটা ভাগ মিশিয়ে দিয়েছেন; তাকে দেখলেই বোঝা যায় তার মধ্যে
কেবল বেদনার শক্তি নয়, সেই সঙ্গে আছে মননের শক্তি।"

শিলন্ত পাহাড়ের অমিতের সঙ্গে লাবণ্যের প্রথম দেখা হয়। সেই থেকে অমিত লাবণোর মুখে ও মনে এমন একটি শান্তির আভাস পেয়েছিল যা তার হৃদয়ের তৃপ্তি থেকে নয় তার বিবেচনা শক্তির গভীরতায় অচঞ্চল। পরবর্তীতে শিলও পাহাড়ে থাকা কালীন অমিতের আহ্বানে লাবণ্যের মধ্যে প্রেমের সঞ্চার হয়। মুক্তি লাভ করে লাবণ্যের মনের স্বাতন্ত্র্যবোধ। তখন লাবণ্য অমিত কে বলে "জন্ম জন্মান্তরে আমি তোমার' কিন্তু পরবর্তীতে লাবণা বুঝতে পারে অমিতের মনের গড়নটা সাহিত্যেকের মতো। অমিত লাবণাকে নিজের মনের মধ্যে একটা ভাবে গড়ে তুলেছে। লাবন্য, যেন তার গড়া মূর্তি। কিন্তু সাধারণ মেয়ে অর্থাৎ প্রকৃত মেয়ে লাবণ্য অমিতের মানসলোকের বাইরে অবস্থান করে। এই লাবণ্য অমিতের সৃষ্টি নয়। তাই এক সময় অমিতকে লাবণা বলে -

" মিতা তুমিই আমাকে সত্য বলবার জোর দিয়েছিলে আজ তোমাকে যা বলছি তুমি নিজেও তা ভিতরে
ভিতরে জান। মানতে চাও না, পাছে যে রস এখন
ভোগ করছ তাতে একটুও খটকা বাধে। তুমি তো
সংসার কাদবার মানুষ নও, তুমি রুচির তৃষ্ণা
মেটাবার জন্য ফের, সাহিত্যে সাহিত্যে তাই
তোমার বিহার, আমার কাছেও সেই জন্যেই তুমি এসেছ।"

লাবণ্যের কথায় অমিত আশ্চর্য হল। তারপর লাবণ্যকে সে বিভিন্ন প্রকারে বোঝানের চেষ্টা করলে এবং তাকে বারংবার বিবাহের জন্য অনুরোধ করলে লাবণ্য মন শক্ত করে জানায় -

" মিতা, ভালোবাসার জোরে চিরদিন যেন কঠিন
থাকতেই পারি, তোমাকে ভোলাতে গিয়ে একটুও ফাঁকি যেন না দিই। তুমি যা আছ ঠিক তাই থাকো। তোমার রুচিতে আমাকে যত টুকু ভালো লাগে ততটুকু লাগুক, কিন্তু একটুও তুমি দায়িত্ব নিয়ে না - তাতেই আমি খুশি থাকব।"

এ থেকে লাবণ্যর মধ্যে প্রেমের জন্য নিজেকে উৎসর্গ করার মনোভাব প্রকাশ পেয়েছে। লাবণ্য আলোয় জীবনের সমস্ত কিছুই স্পষ্ট করে জানতে চায়। সাধারণ মানুষ যে ভাবে নিজেকে ভোলাতে চায় লাবণ্য সেখানেও নিজেকে সেভাবে ভোলাতে পারে না। অবশেষে সকল দ্বিধা দ্বন্দ্ব কাটিয়ে অমিতের প্রতি অকুণ্ঠ ভালোবাসার বশবর্তী হয়ে লাবণ্য এক পর্যায়ে অমিতকে বিবাহ করতে সম্মত হয়। এমতাবস্থায় যোগমায়া দেবী লাবণ্যের কাছে এসে জানতে চায় যে সে অমিতকেই সত্যই মন থেকে ভলোবাসতে পেরেছে কিনা। এ প্রশ্নের উত্তরে লাবণ্য যোগমায়া দেবীকে জানায় -

"আমার ভালোবাসার কথা জিজ্ঞাসা করছ কর্তামা ? আমিতো ভেবে পাই নে, আমার চেয়ে ভালবাসতে পারে এমন কেউ আছে। ভালোবাসায় আমি যে মরতে পারি, এতদিন যা ছিলুম সব যে আমার লুপ্ত হয়ে গেছে। এখন থেকে আমার আর এক আরম্ভ : এ আরম্ভের শেষ নেই।

আমার মধ্যে এ যে কত আশ্চর্য সে আমি কাউকে কেমন করে জানাব ?আর কেউ কি এমন করে জেনেছে?"

এক পর্যায়ে অমিতের সঙ্গে লাবন্যের বিবাহের সংকল্প হয়ে যায়। ঠিক সেই সময়ে অমিতের পূর্ব প্রেমের দাবী দিয়ে লাবন্যের সামনে উপস্থিত হয় কেতকী মিত্র বা কেটি মিটার। আবার সেই একই সময়ে লাবন্যের পূর্বে প্রত্যাখাত প্রেমের ডালি নিয়ে শিলও পাহাড়ে আবির্ভাব ঘটে শোভনলাল এর। অবশষে এক সময় অমিত বিয়ে করে কেতকী মিত্রকে এবং লাবন্য পূর্বে যে শোভনলাল এর ভালোবাসাকে দুর্বলতা মনে করে ধিক্কার দিয়েছে তাকে প্রত্যাখ্যান করেছে, সেই প্রকৃত ভালোবাসাকে চিনে নিয়ে লাবন্য বিবাহ করে শোভনলালকে। কিন্তু তা হলেও অমিতের বন্ধুত্ব পূর্ণ ভালোবাসাকে লাবনা অস্বীকার করতে পারেনি । তাই শিলও পাহাড় থেকে বিদায় কালে অমিতকে উদ্দেশ্য করে লাবনা কবিতার ভাষায় বলে -

" হে ঐশ্বর্যবান

তোমারে যা দিয়ে ছিনু সে তোমারি দান : গ্রহন করেছ যত ঋণী তত করেছ আমায় হে বন্ধু, বিদায় ।"

এইভাবে 'শেষের কবিতা' উপন্যাসে ঔপন্যাসিক রবীন্দ্রনাথ ঠাকুর তার সৃষ্ঠ নারী চরিত্র লাবনার মধ্যে যথার্থ প্রেমময়ী ব্যাক্তিত্বের বিকাশ ঘটিয়েছেন।

তথ্যসূত্র :

১. রবীন্দ্রনাথ ঠাকুর 'রবীন্দ্ররচনাবলী দ্বিতীয় খণ্ড' সংস্করণ অগ্রহায়ণ বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা - ১৭, পৃঃ ৫০৯

২. নীহার রঞ্জনরায়, 'রবীন্দ্র সাহিত্যের ভূমিকা', পঞ্চম সংস্করণ ২২ শ্রাবণ ১৩৬৯, নিউ এজ পাবলিশার্স, কোলকাতা, পৃঃ ৪০৩

৩. রবীন্দ্রনাথ ঠাকর 'রবীন্দ্র রচনাবলী' চতুর্থ খণ্ড', সংস্করণ ভাদ্র ১৩৯৪, বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোল : ১৭, পৃঃ ৪৪৬

৪. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী চতুর্থ খণ্ড', সংস্করণ ভাদ্র ১৩৯৪ বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা - ১৭, পৃঃ ৪৪৯

৫. রবীন্দ্রনাথ ঠাকুর, 'রবীন্দ্র রচনাবলী চতুর্থ খণ্ড', সংস্করণ ১৩৯৪, বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা - ১৭, পৃঃ ৪৫০

৬. রবীন্দ্রনাথ ঠাকুর, 'গোরা', চতুর্থ প্রকাশ জুলাই ২০০৮, ইউনাইটেড পাবলিশার্স ৭৭, এ পটলডাঙা স্ট্রিট, কোলকাতা - ০১, পৃঃ ১৩৯

৭. রবীন্দ্রনাথ ঠাকুর, 'গোরা', চতুর্থ প্রকাশ জুলাই ২০০৮, ইউনাইটেড পাবলিশার্স ৭৭, এ পটলডাঙা স্ট্রিট, কোলকাতা - ০৯, পৃঃ ২৮৮

৮. 'গোরা', চতুর্থ প্রকাশ জুলাই ২০০৮, ইউনাইটেড পাবলিশার্স ৭৭, এ পটলডাঙা স্ট্রিট, কোলকাতা - ০৯, পৃঃ ১৩০

৯. রবীন্দ্রনাথ ঠাকুর, 'গোরা', চতুর্থ প্রকাশ জুলাই ২০০৮, ইউনাইটেড পাবলিশার্স ৭৭, এ পটলডাঙা স্ট্রিট, কোলকাতা - ০৯, পৃঃ ২২২

১০. রবীন্দ্রনাথ ঠাকুর, 'চার অধ্যায়', সংস্করণ আষাঢ় ১৩৪২, বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা - ১৭, পৃঃ ৮

১১. রবীন্দ্রনাথ ঠাকুর, 'চার অধ্যায়', সংস্করণ আষাঢ় ১৩৪২, বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা - ১৭, পৃঃ ১২

১২. রবীন্দ্রনাথ ঠাকুর, 'চার অধ্যায়', সংস্করণ আষাঢ় ১৩৪২, বিশ্বভারতী ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, কোলকাতা ১৭, পৃঃ ১৩

-: গ্রন্থপঞ্জি :-

আকর গ্রন্থ:

১. রবীন্দ্রনাথ ঠাকুর। 'রবীন্দ্ররচনাবলী দ্বিতীয় খণ্ড'। অগ্রহায়ণ ১৩৯৩ । বিশ্বভারতী, ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড কোলকাতা ১৭।

২. রবীন্দ্রনাথ ঠাকুর। 'রবীন্দ্ররচনাবলী চতুর্থ খণ্ড'। ভাদ্র ১৩৯৪। বিশ্বভারতী, ৬ আচার্য জগদীশচন্দ্র বসু রোড কোলকাতা - ১৭

৩. রবীন্দ্রনাথ ঠাকুর। 'যোগাযোগ'। আষাঢ় ১৩৩৬। বিশ্বভারতী, ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু চন্দ্র বসু রোড কোলকাতা - ১৭

৪. রবীন্দ্রনাথ ঠাকুর । 'মালঞ্চ'। চৈত্র ১৩৪০ । বিশ্বভারতী, ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড কোলকাতা - ১৭ ।

৫. রবীন্দ্রনাথ ঠাকুর। 'গোরা । চতুর্থ প্রকাশ জুলাই ২০০৮ । ইউনাইটেড পাবলিশার্স, ৭৭/এ, পটল ডাঙ্গা স্ট্রিট কোলকাতা ৭০০০০৯।

৬. রবীন্দ্রনাথ ঠাকুর। 'শেষের কবিতা'। আষাঢ় ১৩৭৬। বিশ্বভারতী, ৬ আচার্য জগদীশ চন্দ্র বসু রোড কোলকাতা - ১৭।

সহায়ক গ্রন্থ:

১. ঊর্মি রায়চৌধুরী । 'ছিন্ন শিকল পায়ে নিয়ে' । প্রকাশ ১০ ফেব্রুয়ারি ২০১০। মনন প্রকাশন কলকাতা ।

২. গোপীমোহন সিংহরায় । 'রবীন্দ্রসাহিত্যের নরনারী প্রথমখণ্ড উপন্যাস । তৃতীয় সংস্করণ মাঘ ১৪০৩। ভারবি। ১৩/১ বঙ্কিম চাটুজ্যে স্ট্রিট কোলকাতা -৭৩।

৩. গোপীকানাথ রায়চৌধুরী । 'রবীন্দ্র উপন্যাসের নির্মান শিল্প' । তৃতীয় সংস্করণ ডিসেম্বর ২০১০। দে'জ পাবলিশিং কোলকাতা ৭০০০৭৩।

৪. গোপীকানাথ রায়চৌধুরী । 'দুই বিশ্বযুদ্ধের মধ্যকালীন বাংলা কথা সাহিত্য । তৃতীয় সংস্করণ আগষ্ট ২০১০, দে'জ পাবলিশিং, কলকাতা - ৭৩ ।

৫. চিত্রা সরকার । সামাজিক সংকট আত্মিক সংকট : প্রেক্ষিতে বাংলা কথা সাহিত্য । প্রথম প্রকাশ বড়দিন ২০১২। বঙ্গীয় সাহিত্য সংসদ কলকাতা -৯।

৬. তপোধীর ভট্টাচার্য । " আখ্যানের সাতকাহন । প্রথম প্রকাশ কলকাতা বইমেলা । বঙ্গীয় সাহিত্য সংসদ কলকাতা - ৯।

৭ নীহারঞ্জন রায় । রবীন্দ্র সাহিত্যের ভূমিকা । পঞ্চম সংস্করণ ২২ শ্রাবন ১৩৬৯। নিউ এজ পাবলিশার্স কলকাতা ।

৮. রামী চক্রবর্ত্তী। কথা সাহিত্যে নারী পরিচয় ও অন্যান্য । প্রথম প্রকাশ কলকাতা বইমেলা ২০১৩। বঙ্গীয় সাহিত্য সংসদ কলকাতা - ৯।

৯. শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়। 'বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা'। সপ্তম সংস্করণ ১৯৮৪ বঙ্গাব্দ । মডার্ণ বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড।

15

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের নির্বাচিত কয়েকটি গল্পে মাতৃত্বের স্বরূপ সন্ধানে

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
নিশিতা দাস (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

বাংলা কথাসাহিত্যের ইতিহাসে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় মূলতঃ ঔপন্যাসিক হিসেবে দারুণ জনপ্রিয়তা পেয়েছেন। কিন্তু বাংলা ছোটগল্পের জগতেও তিনি বিপুল মহিমায় প্রসারিত। ১৯০৩ সালে তিনি তার 'মন্দির' গল্পটির জন্যে কুন্তলীন পুরস্কার লাভ করেছিলেন। এবং তার সূত্রেই শরৎচন্দ্রের বাংলা সাহিত্যের জগতে আবির্ভাব ও ক্রমশ আরো ভালো গল্পকার হয়ে ওঠার যাত্রা শুরু।

এই প্রসঙ্গে অধ্যাপক সুব্রত কুমার দে লিখেছেন-

"শরৎচন্দ্র চট্টোপাধ্যায় শিল্প-নিপুণতার চরম দাবী না রাখলেও তার ছোটগল্পের বিষয় হয়েছে দাম্পত্য প্রেম, সামাজিক-পারিবারিক সমস্যা.... সংসারে যারা শুধু দিলে, পেলে না কিছুই সেই বঞ্চিত, নিপীড়িত, অসহায় ও অবহেলিত মানুষদের কথাই বলতে চেয়েছেন তার কথাসাহিত্যে। "[1]

সুতরাং সারা জীবনব্যাপী শরৎচন্দ্র যে সকল গল্পগুলি লিখেছেন, তা শুধুমাত্র কোন একটি বিষয়কে নিয়ে অগ্রসর হয়েছে তা নয়। তার গল্পের বিষয় বৈচিত্র্য অনুপম এবং বহুমাত্রিক। তার গল্পের বিষয় সবসময়েই নাগরিক জীবনের উদ্দেশ্যে যাত্রা করেনি। শরৎচন্দ্রের গল্পের মৌলিক ভিত্তিভূমি রচিত হয়েছে, পল্লীগ্রামের সাধারণ মানব-মানবীর সম্পর্কের পটে। সেখানে যেমন প্রকৃতি এসেছে, এসেছে প্রেম, তেমনি এসেছে অবলা প্রাণীর সংগে মানুষের অবাক করা সম্পর্কের ছবি।

কোনো কোনো ক্ষেত্রে শরৎচন্দ্রের গল্পে মাতৃত্বের মহিমাও বড়ো হয়ে উঠেছে। গবেষণা পত্রে শরৎচন্দ্রের গল্পের সেইসব দিকগুলিকে খুঁজে নিতে-

ক) সহায়তা নেওয়া হয়েছে, শরৎচন্দ্রের নির্বাচিত বেশ কয়েকটি গল্প।

খ) কিছু বাংলা সাহিত্যের ইতিহাস সংক্রান্ত তথ্য, যা ছোটগল্পের ক্ষেত্রে শরৎচন্দ্রের স্থান নির্দেশ করে।

গ) বেশ কয়েকটি সাহিত্যতত্ত্ব বিষয়ক বইপত্র

ঘ) গল্পগুলির উপর বিভিন্ন জনের আলোচনা ও সমালোচনা গ্রন্থ

ঙ) বেশ কিছু সাহিত্য পত্রিকা এবং বিভিন্ন সূত্র থেকে শরৎচন্দ্রের জীবন।

উপরোক্ত বিষয়গুলি থেকে প্রাপ্ত নানা তথ্য ও আলোচনা এবং বিচার বিশ্লেষণ থেকে আশা করা যায় নিশ্চিত শরৎচন্দ্রের গল্পের বিষয় বৈচিত্র্য ও মাতৃত্বের একটা নতুন ধারণা পাওয়া যেতে পারে।

শরৎচন্দ্রের ছোটগল্প লেখবার প্রবণতা ঠিক ঠিক গল্পের ছোট অবয়বকে অনুসরণ করেছে তা নয়। তার গল্পগুলি অবয়বের প্রশ্নে বেশ বিস্তারিত বলেই মনে হয়। সারাজীবনব্যাপী শরৎচন্দ্র যতগুলি গল্প লিখেছেন, তাদেরকে "তুলি কলম' প্রকাশনীর তিনটি খণ্ডে সংকলিত করা হয়েছে। তবে অধ্যাপক পার্থ চট্টোপাধ্যায় তার সাহিত্যের ইতিহাসে শরৎচন্দ্রের বিখ্যাত কয়েকটি গল্পের নামোল্লেখ করেছেন। সেগুলির মধ্যে উল্লেখ্য-

ক) বড়দিদি

খ) বিন্দুর ছেলে

গ)রামের সুমতি এবং

ঘ) অন্তগীর স্বর্গ - যে গল্পগুলিতে সেকালের সমাজ. বাস্তবতার সংগে মাতৃত্বের একটা অসাধারণ অসিত কুমার বন্দ্যোপাধ্যায় বড়দিদি'কে শরৎচন্দ্রের প্রথম মুদ্রিত গল্প রূপে চিহ্নিত করেছেন। কোনো গবেষক অবশ্য একে উপন্যাস বলতে চেয়েছেন। ইতিহাস বলে -

"শরৎচন্দ্র রেঙ্গুনে থাকাকালে ১৩১৪ সালে তার 'বড়দিদি' উপন্যাস রূপে ভারতী পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। শরৎচন্দ্রের মাতুল ও বাল্যবন্ধু সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বলেছেন, শরৎচন্দ্র প্রথমে একে প্রবাসীতে প্রকাশের জন্যে পাঠিয়েছিলেন। কিন্তু তা প্রকাশিত হয়নি। ভারতীতে 'বড়দিদি প্রকাশিত হবার কয়েক বছর পরে ১৯১৩ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে 'বড়দিদি' বই আকারে প্রকাশিত হয়। প্রকাশ করেন 'যমুনা' সম্পাদক ফণীন্দ্রনাথ পাল।"[2]

বিষয় বস্তুর বিচারে 'বড়দিদি'কে একটি প্রেমের গল্প বলা যেতে পারে। যেখানে দেখা গেল সুরেন্দ্রের পিতা সুদূর পশ্চিম অঞ্চলে ওকালতি করেন। কিন্তু সুরেন্দ্র প্রতিপালিত হয়েছেন তার বিমাতার কাছে। শরৎচন্দ্র সেখানে প্রমাণ করেছেন, বায়োলজিকাল মায়ের চেয়ে বিমাতাও কিভাবে স্নেহ-যত্ন ও আদরে একটি সন্তানকে উপযুক্ত করে তুলতে পারেন। তিনি লিখলেন -"সুরেন্দ্রের উপর তাহার আন্তরিক যত্নের এতটুকু ত্রুটি ছিলো না। তিরস্কার-লাঞ্ছনার পর-মুহূর্তে যদি তাহার চোখ-মুখ ছলছল করিত, রায়গৃহিণী সেটি জ্বরের পূর্বলক্ষণ নিশ্চিত বুঝিয়া, তিন দিনের জন্য তাহার সাগু ব্যবস্থা করিয়া দিতেন। মানসিক উন্নতি এবং শিক্ষাকল্পে তাহার আরো তীক্ষ্ণ দৃষ্টি ছিলো। সুরেন্দ্রের অঙ্গে পরিস্কার কিম্বা আধুনিক রুচি-অনুমোদিত বস্ত্রাদি দেখিলেই

তাহার শখ এবং বাবুয়ানা করিবার গুপ্ত ইচ্ছা তাহার চক্ষে স্পষ্ট ধরা পড়িয়া যাইত, এবং সেই মূহুর্তেই দুই-তিন সপ্তাহের জন্য.....এমনিভাবে সুরেন্দ্রের দিন কাটিতেছিল।[3] শরৎচন্দ্রের যে কোনো গল্পের বিশেষত্ব এই যে, সেখানে একটি দারুণ সুস্পষ্ট কাহিনী বা আখ্যান থাকে।

"বড়দিদি' গল্পে তার কোন অন্যথা হয় নি। এখানে একটি আখ্যান অবশ্যই আছে; কিন্তু যে মাতৃত্বের ছবি এখানে চিত্রিত সেখানে জন্মদাত্রী মা অপেক্ষা সুরেন্দ্রের পালিত মাতার শাসন বড়ো হয়ে উঠেছে। সেই মায়ের শাসনে সুরেন্দ্র আর যাই শিখুক, বাস্তব জীবনের সংগে লড়াই করবার শক্তি অর্জন করতে পারেনি। আসলে একটি শিশুর উপর তার মায়ের প্রভাব পরবর্তীকালে কি সুদূরপ্রসারী প্রভাব ফেলতে পারে, অত্যন্ত বাস্তবতা ও এক মনস্তাত্ত্বিক পরম্পরায় শরৎচন্দ্র তাকে উদ্ভাসিত করে তুলেছেন।

বয়ঃপ্রাপ্ত হলে সুরেন্দ্র, প্রমীলাকে পড়ানো দায়িত্ব নিয়ে বিধবা মাধবীদের বাড়িতে গৃহশিক্ষকতা করতে আসেন। এবং কখনো সুরেন্দ্রের চশমা নিয়ে কৌতুক কিম্বা কখনো প্রমীলাকে পড়ানোর ব্যাপারে টুকরো টুকরো কথার সূত্রে মাধবী একদিন অনুভব করলো সে সুরেন্দ্রকে ভালোবাসে।

সংসারে মাধবীর ভূমিকা, বিশেষতঃ প্রমীলার উপর তার আদর-যত্ন আসল মায়ের যত্নকেও স্নান করে দিতে পারে। সুতরাং মাতৃত্বের মহত্ব শুধু রক্তের সম্পর্কের উপর নির্ভর করে না, শরৎচন্দ্র এগল্পে তা প্রমাণ করেছে।

শুধু ভারতীয় বিশ্বাসে কেন, সারা পৃথিবীতে প্রায় সকল মানুষেরাই বিশ্বাস করেন, নারীর মুক্তি তার মাতৃত্বের ভিতর দিয়েই পূর্ণতা প্রাপ্ত হয়। সেক্ষেত্রে মাতৃত্বের একটা গৌরব নিয়ে সারা পৃথিবীতেই লেখা হয়েছে কত কবিতা, গল্প, উপন্যাসসহ বিভিন্ন ধারার সৃষ্টি। বাংলা সাহিত্য শরৎচন্দ্রের বেশ কিছু গল্পে সেই মাতৃত্বের গৌরব ঘোষণা করা হয়েছে। এই বিষয়ের উপর লেখা 'বিন্দুর ছেলে' ঠিক তেমনি একটি গল্প যেখানে মাতৃত্বের মহিমা উচ্চকিত হয়ে উঠেছে।

গল্পের শুরুতে দেখা গেল, যাদব মুখার্জি ও মাধব মুখার্জি এক মায়ের পেটের ভাই নন। কিন্তু যাদব বাবু চরম স্নেহে মাধবকে পড়াশোনা শেখান এবং বিন্দুবাসিনীর সংগে তার বিবাহ দেন। কিন্তু মাধব ও বিন্দুবাসিনী নিঃসন্তান। তাইতো মা হবার একটা তীব্র যন্ত্রণা বিন্দুর ভিতর কাজ করে চলে। কিন্তু একটা সময়ে বড়ো বউ তার ছেলে অমূল্যকে বিন্দুর হাতে মানুষ করবার জন্যে দিলে বিন্দুর সন্তান স্নেহের পূর্ণতা পেতে থাকে। ওর আসল মা অন্নপূর্ণা তাতে বরং একটা স্বস্তি ও আনন্দে দিন কাটায়। শরৎচন্দ্র সেখানে লিখেছেন-"ইহার বছর-চারেক পরে যেদিন খুব ঘটা করিয়া অমূল্যের হাতেখড়ি হইয়া গেল.....অন্নপূর্ণা বাহিরে আসিয়া অমূল্যের সাজগোজ দেখিয়া অবাক

হইয়া গেলেন। তাহার চোখে কাজল, কপালে টিপ, গলায় সোনার হার, মাথার উপর ঝুটি করিয়া চুল বাঁধা, পরনে একখানি হলদে রঙের ছোপান কাপড়। এক হাতে দড়ি বাঁধা মাটির দোয়াত, বগলে ক্ষুদ্র একখানি মাদুর জড়ানো গুটিকয়েক তালপাতা। বিন্দু বলিল, দিদিকে প্রণাম করতো বাবা। অমূল্য জননীকে প্রণাম করিল।"

কিন্তু পারিবারিক নানা ওঠাপড়ায় একটা সময়ে কাহিনীর বৃত্তে এলোকেশী ও তার ছেলে নরেনের আবির্ভাব। নরেনের পাল্লায় পড়ে যখন বিন্দু দেখে অমূল্য বিগড়ে যাচ্ছে, তখন তাকে ফিরিয়ে দিয়ে আলাদা হয়ে যেতে চেয়েছে। বিন্দু অমূল্যের জন্মদাত্রী মা নয়। কিন্তু প্রতিমুহূর্তে সে অমূল্যের জীবনের নানা ওঠাপড়ার আবর্তে আবর্তিত হয়েছে। চরম পারিবারিক বিবাদের কালে বিন্দু তার মায়ের কাছে আশ্রয় নিয়েছে। এলোকেশী বিবাদের সুযোগ নিয়ে তার ছেলে নরেন্দ্রকে বিন্দুর কোলে চালিয়ে দিতে চায়। কিন্তু বিন্দু বিশ্বাস করে এ বিবাদ সাময়িক। অমূল্যতার নিজের ছেলে না হলেও তার সাথে অমূল্যের সম্পর্ক চিরন্তন। মাতৃ হৃদয়ের এ ওঠাপড়া একেবারেই অবাস্তব বলে মনে হয় না।

বিন্দু নিঃশব্দে তার মায়ের মুখের দিকে চেয়ে রইলো। এলোকেশীকে বিন্দু জবাব দিতে না পারলেও বিন্দুর মা জমিদারের মেয়ে, জীবন ও জগত সম্পর্কে অনেকখানি সচেতন; তিনি বিন্দুর হয়ে এলোকেশীকে বললেন

'ও কি একটা কথা গা! অমূল্য ওর হাড়েমাসে জড়িয়ে আছে। না না ওকে তোমরা অমন করে উতলা করে দিও না। বিন্দু তোদের ঝগড়া দু'দিনের মা। তাই বলে ছেলে কি তোর পর হয়ে যাবে!'

পরিণামে অবশ্য 'বিন্দুর ছেলে' একটা ইচ্ছে পূরণের কাহিনী হয়ে উঠেছে। অসুস্থ বিন্দু ফিরে পেয়েছে অমূল্যকে। আর যেভাবে নিজের ছেলে না হলেও অমূল্যের প্রতি বিন্দুর যে ব্যবহার ও টানাপোড়েন, তা চিরন্তন মাতৃত্বের গৌরবকে চিহ্নিত করেছে, এ কথা বলা যেতেই পারে।

সমাজ, বাৎসল্য ও শরৎচন্দ্র মাতা-সন্তানের সম্পর্কের মধ্যেকার সম্পর্কটাকে অনেকেই বাৎসল্যের আধারে দেখতে চেয়েছেন। কিন্তু মাতা এবং সন্তানের ভিতর স্নেহেরও একটা তীব্র বন্ধন রয়েছে। শরৎচন্দ্র তার যে সব গল্পে মাতৃত্ব এসেছে, সেখানে তিনি মায়ের বাৎসল্যের সংগে স্নেহকে একাকার করে দিয়েছেন।

'রামের সুমতি' ঠিক তেমনি একটি গল্প। রামলালের মা মারা গেলে, শ্যামলালের বউ নারায়ণীর হাতে তার লালন পালনের দায়িত্ব এসে পড়ে। এই প্রসঙ্গে ড. দিলীপ কুমার মিত্র লিখেছেন-

"নারীচরিত্র চিত্রণে শরৎচন্দ্র আশ্চর্যভাবেই হৃদয়বান ও সফল। ভারতীয় সমাজে নারীদের অবস্থা কি দুঃসহ কি বেদনাময়..... শরৎ সাহিত্যে নারীত্বের সেই পরম পরিচয় যে কল্যাণী নারী জননীরূপে জায়ারূপে কিম্বা কন্যারূপে আমাদের গৃহকে আমাদের সমাজকে মঙ্গলময় আনন্দ সমুজ্জ্বল করে রাখে। কখনো নারী জননীর মতো আপন পরনির্বিশেষে সবাইকে ভালোবেসে চিরন্তনী মাতৃত্বের প্রতীক হয়ে উঠেছে। যেমন রামের সুমতি'র নারায়ণী... হৃদয় গৌরব ও চরিত্র- মাহাত্ম্যকে উজ্জ্বল করে তুলেছে।"

সম্পর্কে নারায়ণী, রামলালের বৌদি সম্পর্ক যুক্ত হলেও রামলালের উপর শাসন-গর্জন করে, তিনি রামপালকে মানুষ করে তোলবার চেষ্টা করেন। কখনোবা রামলাল স্কুলে যেতে না চাইলে তার মাথায় নারায়ণী হাত বুলিয়ে বলে, এবেলা রাম খেয়ে নিলে পরের বেলা তিনি। রামকে খাইয়ে দেবেন। এমন স্নেহের পরশ পেয়ে রাম ভাত খেয়ে জামা পরে ইস্কুলে চলে যায়। কিন্তু রামলাল যে প্রচণ্ড দুরন্ত। নৃত্যকালী তার জন্যে নারায়ণীকে দায়ী করে বলে, তার আদরের রামলাল ডানপিটে হয়ে যাচ্ছে উত্তরে তখন নারায়ণী বলেন, তারা শুধু আদরটাই দেখে। তার ভিতর স্নেহ এবং বাৎসল্যটা কেউ দেখলো না!

বাৎসল্য এমন একটি অনুভব যার সাথে সন্তানের প্রতি পিতা-মাতার সুগভীর টানের গভীরতার একটি ক্ষেত্র সেই বাৎসল্য আমরা লক্ষ্য করেছি বৈষ্ণব পদাবলীতে মাতা যশোদা ও বালক শ্রীকৃষ্ণের সম্পর্কের ভিতর। সেখানেও পুরাণ মতে জানা গেছে, শ্রীকৃষ্ণ আসলে মাতা দেবকীর সন্তান। কিন্তু তিনি লালিত পালিত হয়েছিলেন মাত্রা যশোদার গৃহে। সেখানে সমাজ বাস্তবতা যা ছিলো, শরৎচন্দ্রের 'রামের সুমতি'র কালের সমাজ বাস্তবতা তা থেকে অনেক দূরবর্তী। তবে একথা অস্বীকার করা চলে না যে, নারায়ণী ঠিক ঠিক যশোদা নয় কিন্তু বাৎসল্যের প্রশ্নে সে বৈষ্ণব পদাবলীর যশোদার অনুরূপিনী। কারণ, পরের পুত্রের জন্যে যশোদার যে উৎকণ্ঠা ও হৃদয়ের নানা আলোড়ন, তা যেন সে যুগ বদলে গেলে, সময় বদলে গেলেও একেবারে কোন এক অবিকৃত সত্তায় নারায়ণী চরিত্রে আরোপিত হয়েছে।

শরৎচন্দ্রের এই জাতীয় গল্পগুলি অবশ্যই পারিবারিক নানা জটিলতার টানাপোড়েনের ভিতর দিয়ে এগিয়ে চলেছে। 'রামের সুমতি' গল্পে যার অন্যথা হয়নি। রামলাল একটা সময়ে আলাদা হয়ে যেতে চায়। নিজে রান্না করে খায়। আর সেখানে রামের কি পরিমাণ কষ্ট হচ্ছে সেটা ভেবেই নারায়ণী সম্পর্কে শরৎচন্দ্র লিখেছেন-

'গোপনে কাঁদিয়াছে বোধ করি গতরাত্রে নারায়ণীর জ্বর আসিয়াছিল .... উদ্বেগে উঠিয়া বসিয়া কাঁদিয়া ফেলিয়া বলিলেন, লক্ষ্মী মা আমার, দেখে আয় সে ঘরে আছে কিনা??"

কিন্তু পরিণামে নারায়ণীর স্নেহ ও মমতার কাছে রাম হার মানে। তার সুমতি জাগে। যার নেপথ্য মা নয়, রামলালের মাতৃস্বরূপা নারায়ণী তার স্নেহের শক্তিতে ভাস্বর।ইতিপূর্বে যে মাতৃত্বের গল্পগুলি আলোচনা করা হয়েছে সেখানে যে সব সন্তানের কথা বলা হয়েছে, তারা কেউ-ই সেই মায়ের নিজেদের সন্তান নয়। বিভিন্ন পরিস্থিতি ও পরিবেশে তারা তাদের মায়ের কাছে এসেছে। কিন্তু সেদিক থেকে বিচার করলে দেখা যায় শরৎচন্দ্রের "অভাগীর স্বর্গ' গল্পটি বেশ ব্যতিক্রমী।

শরৎচন্দ্র যে গ্রাম বাংলার ছবি এঁকেছেন সেই গ্রাম বাংলা কোনো সমৃদ্ধ ও অভিজাত বাংলা যেখানে হ্যাভস ও হ্যাভনটস্ -এর পার্থক্যটা বড়ো বেশি করে চোখে পড়ে। এই প্রসঙ্গে অধ্যাপক দীনবন্ধু কুণ্ডু লিখেছেন-

'অভাগীরা স্বর্গ' গল্পটিতে লেখক সেই সমাজ বাস্তবতার নিষ্ঠুর ও ভয়ংকর রূপটিকে সমাজের সামনে উদ্‌ঘাটিত করেছেন অসাধারণ দক্ষতায়। এই গল্পে বঞ্চিত, অবহেলিত, নিপীড়ত, অসহায় চরিত্র দুটি হলো অভাগী ও তার পুত্র কাঙালিচরণ।

গ্রাম্য দলাদলি ও জাতপাতের কারণে নিম্ন (দলিত) সম্প্রদায়ের মানুষের চরম দূরবস্থার কথা বর্ণিত হয়েছে আলোচো গল্পে। সমাজে তথাকথিত উচ্চবর্ণের মানুষদের ভদ্রবেশী মুখোশের আড়ালে লুকিয়ে থাকা চূড়ান্ত অভদ্র ও অমানবিক রূপটিকে উদ্‌ঘাটিত করে তুলেছেন লেখক আলোচ্য গল্পকাহিনীর মধ্য দিয়ে। অভাগী জীবনে বেঁচে থাকতে চাইলেও নিষ্ঠুর সমাজ ব্যবস্থা তাকে কিছু পেতে দেয়নি।'

এগল্পের মা হলো অভাগী। আর তার নিজের সন্তান কাঙালী।

একদা ঠাকুরদাস মুখার্জির স্ত্রীর সাড়ম্বর দাহ কাজ দেখে অভাগীর বড়ো স্বপ্ন জেগে ছিলো যে, তার মরণ হলে তার ছেলে কাঙালী নিশ্চিত নিজে হাতে তার মুখে আগুন দেবে। এবং সে লকলকে আগুনের শিখার উপর যে ধোঁয়ার রাশি, তার ভিতর দিয়ে কোনো এক স্বর্গীয় রথে চেপে স্বর্গারোহনে যাবে।

কিন্তু যখন অভাগী অসুস্থ হলো। কাঙালী ওষুধ নিয়ে এলেও সে বাঁচলো না। কিন্তু সে যে আশা ও স্বপ্ন নিয়ে মরে ছিলো। গল্পের পরিণামে তা একেবারেই পূরণ হলো না। কারণ,বাড়ির উঠানের গাছটাকে কোপ মারতেই জমিদারের প্রহরী এসে কাঙালীকে চড় মারলো। দেখা গেল, অভাগীর জীবনে একটা চরম ট্রাজেডি। কাঙালী মাত্র এই কয় ঘন্টায় সমাজ- সংসার থেকে প্রাপ্ত অভিজ্ঞতায় যেন বুড়ো হয়ে গিয়েছিলো। অবশেষে সে ধীরে ধীরে তার মরা মায়ের কাছে এসে দাঁড়ালো। শরৎচন্দ্র লিখলেন "নদীর চরে গর্ত খুঁড়িয়া অভাগীকে শোয়ানো হইলো। রাখালের মা কাঙালীর হাতে একটা খড়ের আঁটি জ্বালাইয়া দিয়া তাহারই হাত ধরিয়া মায়ের মুখ স্পর্শ করাইয়া

ফেলিয়া দিলো। তারপরে সকলে মিলিয়া মাটি চাপা দিয়া কাঙালীর মায়ের শেষ চিহ্ন বিলুপ্ত করিয়া দিল।।

তখন সবাই সবার কাজে ব্যস্ত। কিন্তু তখনও কাঙালী দেখলো সেই খড়ের আঁটি থেকে স্বল্প ধোঁয়াটুকু ঘুরে ঘুরে আকাশে উঠছে। এ এক মন কেমন করা আবেশ, মাতা ও অসহায় পুত্রের নিদারুণ সম্পর্কের ইতিকথা। কোনো মায়ের এমন স্বপ্নভঙ্গ হতে পারে, শরৎচন্দ্রের সে যুগ ও জীবনদর্শনের স্বাভাবিক ফল।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ছোটগল্পগুলি ভালো করে লক্ষ্য করলে দেখা যায় যে, তিনি তার গল্পগুলিকে করে তুলেছেন চরিত্র প্রধান। আর সেই চরিত্রগুলির ভিতর যে চরিত্রটি শরৎচন্দ্রকে দিয়েছে একটা অনন্য মৌলিকতা, সেটি তার মা চরিত্র নির্মাণ। ভারতীয় সাহিত্যে প্রাচীনকাল থেকেই মাতৃত্বের জয়গান নানা রূপে নানা ভাবে মহিমান্বিত করে তোলবার একটা প্রবণতা রয়েছে।

কিন্তু শরৎচন্দ্রের ছোটগল্পে যে মাতা ও মাতৃত্বের ছবি এসেছে, সেখানে কোনো উধাও লোকের আদর্শবাদ নয়, এসে পড়েছে একটা সীমাহীন বাস্তবতা। তাইতো 'বড়দিদি' গল্পে দেখা গেল যে মাধবী, সারা গল্পটি জুড়ে 'দিদি' সম্বোধন পেয়ে গেল কিন্তু সে দিদি হয়েও প্রমীলাকে যে ভাবে স্নেহ, প্রীতি ও ভালোবাসা দিয়ে আগলে রেখেছিলো, সেখানে যে সম্পর্ক-জনিত রসের উদ্ভাসন, তা এক অনায়াস সাবলীলতায় বাৎসল্যকে অনুসরণ করেছে। অপরপক্ষে প্রকৃত মা হয়ে ওঠার লক্ষ্যে সুরেন্দ্রের বিমাতার যত্নের স্বরূপ ও তার ফলাফল উদ্‌ঘাটনে শরৎচন্দ্র লিখেছেন -'সুরেন্দ্র তাহার কুড়ি বৎসর বয়সে এম.এ. পাশ করে, কতকটা তাহার নিজের গুণে কতকটা বিমাতার গুণে। এই বিমাতাটি এমন অধ্যবসায়ের সহিত তাহার পিছনে লাগিয়া থাকিতেন যে, সে অনেক সময় বুঝিতে পারিত না যে, তাহার নিজের স্বাধীন সত্তা কিছু আছে কিনা। সুরেন্দ্র বলিয়া কোনো স্বতন্ত্র জীব এজগতে বাস করে, না এই বিমাতার ইচ্ছাই একটি মানুষের আকার ধরিয়া কাজকর্ম, শোয়া-বসা, পড়াশুনা, পাশ প্রভৃতি সারিয়া লয়। এই বিমাতাটি নিজের সন্তানের প্রতি কতকটা উদাসীন হইলেও সুরেন্দ্রের হেফাজতের সীমা ছিলো না।'[1]

'রামের সুমতি'র নারায়ণী, ও 'বিন্দুর ছেলে'র বিন্দুবাসিনী চরিত্রে সেই একই ধারার অনুসরণ। এই প্রসঙ্গে অধ্যাপক অশোক কুমার মিশ্র লিখেছেন ---

'শরৎচন্দ্র ছিলেন পল্লীজীবনের কথাকার। তার বহু ছোটগল্পে এদেশের পারিবারিক জীবনের ছবি ফুটে উঠেছে। সামাজিক সমস্যা, পারস্পরিক সম্পর্ক শরৎচন্দ্রের ছেটগল্পগুলিতে আকর্ষণীয় ভাষায় রূপ পেয়েছে। বাংলার জীবনের ছবি ফুটে উঠেছে

'রামের সুমতি' প্রভৃতি গল্পে। নারায়ণীর বালক দেওর রামের প্রতি স্নেহ গল্পটিকে অন্য মাত্রা দিয়েছে।'[11]

এ মাত্রাটি অবশ্যই বিশেষ এবং তা স্নেহজনিত চিরন্তন মাতৃত্বকে উদ্ভাসিত করে দিয়েছে।

যারা নিজের রক্তের ছেলে নয়, পরের ছেলেকে যেভাবে আপন করে নিয়েছে, তা যে কোনো স্বাভাবিক মায়ের স্নেহ ও বাৎসল্যকে অনেকখানি ছাড়িয়ে গেছে বলেই মনে হয়। সে কারণেই বলা চলে, আমাদের সমাজে প্রচলিত মাতৃত্বের ধারণাটিকে টিকিয়ে রেখেই শরৎচন্দ্র তার ছোটগল্পে একটা অন্য মাতৃত্বেরও ছবি এঁকেছেন বলা যেতে পারে।

শরৎচন্দ্রের গল্পগুলিকে যদি তাত্ত্বিক বিচারের দিক দিয়ে মূল্যায়ন করা যায়, তবে দেখা যাবে ছোটগল্প নির্মাণের ক্ষেত্রে তিনি প্রথাগত গঠন-রীতিকে অনুসরণ করেননি। আসলে, শরৎচন্দ্র লেখবার আগে কতগুলি চরিত্র ঠিক করে নিতেন। তারপর সেই চরিত্রনুযায়ী তার গল্পএগিয়ে চলেছে তার পরিণতির পথে। তার মা বিষয়ক গল্পগুলি সম্পর্কে একথা প্রযোজ্য।

যেখানে দেখা গেল --

ক) শরৎচন্দ্রের মা বিষয়ক গল্পগুলি অবশ্যই চরিত্র নির্ভর।

খ) অবয়বের প্রশ্নে সেই গল্পগুলি বেশ দীর্ঘ। কোনো কোনো ক্ষেত্রে তা অবশ্যই বর্ণনামূলক রীতিকে অতিক্রম করে মায়ের সংগে ছেলের কথোপকথনে এসেছে নাটকীয় সংলাপের ব্যবহার। যেমন ---

"মা ছেলেকে দুই হাতে বুকে চাপিয়া ধরিল... কহিল,

-কাঙালী, আজ তোর আর কাজে গিয়ে কাজ নেই। কাজ কামাই করিবার প্রস্তাব কাঙালীর খুব ভালো লাগিল। কিন্তু কহিল,

-জল-পানির পয়সা দুটো ত তা হলে দেবে না মা!

-না দিক গে- আয় তোকে রূপকথা বলি। আর প্রলুব্ধ করিতে হইলো না। কাঙালী তৎক্ষণাৎ মায়ের বুক ঘেঁষিয়া শুইয়া পড়িয়া কহিল, বল্ তা হলে। রাজপুত্তুর, কোটালপুত্তুর আর সেই পক্ষীরাজ ঘোড়া....."[12]

গ) অভাগী, কাঙালীর নিজের মা হলেও, গবেষণাপত্রে আলোচিত অন্য মায়েরা যথাক্রমে- সুরেন্দ্রের বিমাতা, বিন্দুবাসিনী এবং নারায়ণী - এরা কেউ ই তাদের লালিত সন্তানের জন্মদাত্রী মা নয়। স্বাভাবিক কারণেই মনে হয়, শরৎচন্দ্র তার মাতৃচরিত্র নির্মাণে বায়োলজিকাল মায়ের বিষয়টাকে একেবারেই গুরুত্ব দিতে চাননি।

অতএব, মা হতে গেলে শুধু জৈবিক সত্তা নয়, তার বাইরেও এমন অনেক কিছু গুণাবলী আছে, যার মহিমায় যে কোনো নারী তার স্নেহ, বাৎসল্য এবং চরম সহনশক্তির গুণে হয়ে উঠতে পারেন প্রকৃত মায়ের সার্থক প্রতিচ্ছবি। যা তৎকালীন সমাজ বাস্তবতা, নারী - মনস্তত্ত্ব এবং মানবিক সম্পর্কের নানা ওঠাপড়ায় একটা এমন মাত্রা পেয়ে গেছে যে, শুধু বাংলা সাহিত্য কেন, বিশ্বসাহিত্যের ইতিহাসে মা না হয়েও এমন মায়েদের চরিত্রাঙ্কনে শরৎচন্দ্র তুলনা-রহিত। তাইতো একদা 'দি টাইমস লিটারারি সাপ্লিমেন্ট'-এ বলা হয়েছিলো, শুধু উপন্যাস নয়; ছোটগল্পের ক্ষেত্রে তিনি যে অপূর্ব সামর্থের পরিচয় দিয়েছেন, তা শুধু বাংলা সাহিত্য কেন, পৃথিবীর যে কোনো সাহিত্যেই দুর্লভ।

উল্লেখপঞ্জী :

১. সুব্রত কুমার দে ও দীনবন্ধু কুণ্ডু, বিশ শতকের বাংলা ছোটগল্প : শিকড়ের সন্ধানে, (সম্পাদিত) ২০২১, অঞ্জলি প্রকাশনী, পৃ - ভূমিকাংশ।
২. সুধাংশুরঞ্জন ঘোষ, শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২, তুলি কলম, পৃ - গ্রন্থ-পরিচিতি অংশ।
৩. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বড়দিদি, শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২,তুলি কলম, পৃ-১৫।
৪. তদেব,বিন্দুর ছেলে, শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২, কলম, পৃ-৭৩২।
৫. তদেব,পৃ - ৭৫২।
৬. দিলীপ কুমার মিত্র,বাংলা সাহিত্যের সম্পূর্ণ পরিচয়, ২০১৬, দিশারী,পৃ-৩৪৬।
৭. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়,রামের সুমতি, শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২, তুলি কলম, পৃ- ৭৮২-৭৮৩।
৮. সুব্রত কুমার দে ও দীনবন্ধু কুণ্ডু,বিশ শতকের বাংলা ছোটগল্প : শিকড়ের সন্ধানে,(সম্পাদিত) ২০২১, অঞ্জলি প্রকাশনী,পৃ - ভূমিকাংশ।
৯. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়,অভাগীর স্বর্গ, শরৎ রচনাবলী (৩য় খণ্ড) ১৯১২, তুলি কলম, পৃ -৬৯৩।
১০. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়,বড়দিদি, শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২, তুলি কলম, পৃ-১৫।
১১. অশোককুমার মিশ্র,বাংলা ছোটগল্পের রূপরেখা, ২০১৭, জয়দুর্গা লাইব্রেরী, পৃ - ৭৮ ।
১২. অভাগীর স্বর্গ, শরৎ রচনাবলী (৩য় খণ্ড) ১৯১২, তুলি কলম, পৃ-৬৮৯।

আকর গ্রন্থ :

১. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় : শরৎ রচনাবলী (প্রথম খণ্ড) ১৯১২, তুলি কলম।
২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় : রচনাবলী (দ্বিতীয় খণ্ড) ১৯১২, তুলি কলম।
৩. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় : শরৎ রচনাবলী (তৃতীয় খণ্ড) ১৯১২, তুলি কলম।

সহায়ক গ্রন্থ :

১. অসিতকুমার বন্দ্যোপাধ্যায়,বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, ২০১৬, মডার্ণ বুক এজেন্সি।
২. অরুণ কুমার মুখোপাধ্যায়,শরৎচন্দ্র, পুনর্বিচার, ১৯৯৬, দে'জ।
৩. অশোক চৌধুরী,শরৎস্মৃতি, ১৯৯০, দে'জ বাংলা ছোটগল্পের রূপরেখা, ২০১৭, জয়দুর্গা লাইব্রেরী।

৪. অশোককুমার মিশ্র,বাংলা ছোটগল্পের রূপরেখা, ২০১৭, জয়দুর্গা লাইব্রেরী। প্রবন্ধ মালা, ২০১৭, গ্রন্থ বিকাশ।

৫. মমতাদাস শর্মা,প্রবন্ধ মালা, ২০১৭, গ্রন্থ বিকাশ।

৬. সুব্রত কুমার দে ও দীনবন্ধু কুণ্ডু ,বিশ শতকের বাংলা ছোটগল্প : শিকড়ের সন্ধানে (সম্পাদিত), ২০২১, অঞ্জলি প্রকাশনী।

৭. সুমিতা চক্রবর্তী, ছোটগল্পের বিষয়-আশয়, ২০১২, পুস্তক বিপণি

৮. সুনীল গঙ্গোপাধ্যায় (সম্পাদিত),বাংলা গল্প সংকলন, চতুর্থ খণ্ড, ২০১৬, সাহিত্য অকাদেমি।

৯. সুকুমার সেন,বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, প্রথম খণ্ড, ১৯৯৯,আনন্দ।

১০. পার্থ চট্টোপাধ্যায় ,বাংলা সাহিত্য পরিচয়, ২০১২, তুলসী প্রকাশনী।

১১. দেবেশ কুমার আচার্য,বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১৫,ইউনাইটেড বুক এজেন্সি।

১২. শ্রীমন্ত জানা,বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১৬,ওরিয়েন্টাল বুক কোম্পানি।

১৩. শীতল চৌধুরী,বাংলা ছোট গল্পের তিন নক্ষত্র, ২০১০, প্রজ্ঞা বিকাশ।

১৪. পীরুপদ মল্লিক,বিশ শতকের কথাসাহিত্য চর্চা, ২০২১, প্রজ্ঞাবিকাশ।

পত্র-পত্রিকা:

১. শারদ সংখ্যা ভিস, ২০১৮, সম্পাদক : চন্দন বাঙ্গাল ও অভীক প্রধান।

২. নতুন গল্পপত্র, ২০২১, সম্পাদক : শঙ্কর চক্রবর্তী।

৩. এবং মহুয়া, ২০১৯, সম্পাদক : মদন মোহন বেরা!

৪. চান্দ্রভাষ, ২০১৭, সম্পাদক : অজিত ত্রিবেদী।

৫. কবিতীর্থ, ২০২১, সম্পাদক : উৎপল ভট্টাচার্য।

৬. এবং মুশায়েরা (ফ্রয়েড সংখ্যা), ২০২০, সম্পাদক : সুবল সামন্ত ।

16

উপন্যাসে জেলে জীবন: প্রসঙ্গ পদ্মা নদীর মাঝি, তিতাস একটি নদীর নাম

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রিয়া ঢালী (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

'অন্ত্যজ' শব্দটির যথার্থ অর্থ উদার করা বেশ কষ্ট সাধ্যকর বিষয় হয়ে উঠেছে। তবে মোটামুটি) ভাবে যেটা জানা যায় অন্ত্যজ সমাজের নিম্নস্তরের অস্পৃশ্য অবজ্ঞাত মূলত: দরিদ্র। সমাজের তথাকথিত নিম্নবর্ণের অন্ত্যজদের অন্তেবাসী বলা হয়। যারা কোন গ্রাম বা নগরের প্রান্তে বাস করেন কিংবা নদীতীরবর্তী অঞ্চলে বাস করেন। মধ্যযুগীয় বাংলা সাহিত্যে তথাকথিত নিম্নশ্রেণীর মানুষদের কথা থাকলেও তাদের সুখ দুঃখ ও জীবনকথা সেভাবে উচ্চবর্ণীয় কবিগন খুব কমই বলেছেন। পরবর্তীকালে শ্রীকৃষ্ণকীর্তন মৈমনসিংহ গীতিকা ও মঙ্গলকাব্যের মধ্যে - অন্ত্যজ শ্রেণীর পরিচয় মেলে। বাংলা উপন্যাসের প্রথম শিল্পী যেমন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কিন্তু তার উপন্যাসে আমরা অন্ত্যজ শ্রেণীর পরিচয় তেমন পাইনি। তবে রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটো গল্প থেকে শুরু করে, শরৎচন্দ্র তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, বনফুল প্রভৃতি লেখকের সাহিত্যে অন্ত্যজ শ্রেণীর জীবনসংগ্রামের পরিচয় মেলে। এরকমই সমাজের নিম্নস্তরের বসবাসকারী মানুষদের নিয়ে লেখা সাহিত্যিক মানিক বন্দোপাধ্যায় ও অদ্বৈত মল্লবর্মণেরর ভীন্ন দুটি উপন্যাসে নদী তীরবর্তী অঞ্চলের মাঝি ও জেলেদের বিশস্ত জীবনালেখ্য চিত্রিত হয়েছে। জেলেপাড়ায় মাঝি ও জেলেদের সুখ দুঃখ হাসি কান্না অভাব অভিযোগ অসহায় দারিদ্রতার জীবনের চিত্র ফুটে উঠেছে। এছাড়া জেলেদের বাস্তব ও জীবন সংগ্রাম অঙ্কিত হয়েছে। পদ্মানদীর মাঝি উপন্যাসে পদ্মার তীর সংলগ্ন কেতুপুর গ্রামের মাঝি, জেলে কুবের ও অনান্য জেলেদের যে অন্তেবাসী জীবনযাত্রা আর তিতাস একটি নদীর নাম' উপন্যাসে যারা প্রকৃতির সঙ্গে নিত্য সংগ্রাম করে বেঁচে থাকে, তিতাসকে কেন্দ্র করে যাদের জীবনজীবিকা গড়ে ওঠে আর তিতাসেই শেষ হয় সেই অন্ত্যজশ্রেণীর দুঃখ দুর্দশার কাহিনী চিত্র তুলে ধরা হয়েছে, অণু-গবেষণার বিষয় হিসাবে সেগুলি বেছে নেওয়া হয়েছে।

প্রথম বিশ্বযুদ্ধের পর পৃথিবীজুড়ে এক গভীর মূল্যবোধের সংকট সৃষ্টি হয়েছিল , সেই মূল্যবোধের সংকট থেকে বেরিয়ে আসার জন্য বাংলা কথাসাহিত্যে যারা যারা কলম ধরেছিলেন তাদের মধ্যে অন্যতম হলেন মানিক বন্দ্যোপাধ্যায়। তার গল্প ও উপন্যাসে দেখা যায় শহুরে জীবনের পাশাপাশি গ্রাম্য জীবনের নানা বাস্তব ঘটনা ও সমস্যার

কথা। যেখানে তিনি অন্ত্যজ, শ্রমজীবি মানুষদের লড়াই ও জীবন সংগ্রামকে সূক্ষভাবে পর্যবেক্ষন করে নিপুণ শিল্পীর ন্যায় জীবন্ত করে তুলে ধরেছেন। এমনই একটি উপন্যাস হল পদ্মানদীর মাঝি । যেখানে প্রান্তিক বা অন্ত্যজ ধীবর শ্রেনীর মানুষের সুখ দুঃখের হাসিকান্নার কথা ফুঠে উঠেছে। এবং স্পষ্টভাবে ধরা পড়েছে শ্রেণীচেতনা ও সমাজ মনস্তত্ত্বের দৃষ্টিভঙ্গি নিছক শিল্পের জন্য শিল্প নয়, শিল্প মানুষের জন্য, শিল্প জীবনের জন্য তার নিছক প্রতিফলন ঘটেছে পদ্মানদীর মাঝি' উপন্যাসে। উপন্যাসের প্লট রচনার ক্ষেত্রে কল্পনার থেকে বাস্তবতাবোধ বেশী গুরুত্ব পেয়েছে। প্লটের বিকাশ ঘটেছে ' পদ্মানদীর মাঝি উপন্যাসের প্রেক্ষাপটে, যেখানে কেতুপুর ও তার সংলগ্ন গ্রামে জেলেদের জীবনের সুখ দুঃখ পাওয়া না পাওয়া, আনন্দ, বিস্ময় হতাশার ব্যঞ্জনার চিত্র স্পষ্ট হয়েছে। এই নদীকে কেন্দ্র করে এখানকার বেশিরভাগ মানুষের জীবন জীবিকা নির্বাহ হয়। অর্থাৎ পদ্মায় হল তাদের বেঁচে থাকার একমাত্র আশ্রয় জীবন যাপনের প্রধান সহযোগী। নদীর ভালোমন্দের সাথে জড়িয়ে থাকে তাদের ভবিতব্য। কেতুপুরের উপজাতি ধীবরেরা তাদের উপার্জিত ফসলের মূল্য পায় না। তার ফলে বেঁচে থাকতে গিয়ে যে সংগ্রাম করতে হয় তা নাড়িয়ে দেয় তাদের অস্তিত্বকে। তাই গোটা উপন্যাস জুড়ে দেখা যায় অস্তিত্ব রক্ষার জন্য কঠোর জীবন সংগ্রাম অন্ত্যজশ্রেণীর মানুষদের নিয়ে লেখা উপন্যাসগুলির মধ্যে অদ্বৈত মল্লবর্মণের 'তিতাস একটি নদীর নাম অন্যতম একটি উপন্যাস । একটি বিশেষ অঞ্চলের জীবনচিত্র এখানে ধরা পড়েছে, এই তিতাস নদীর কোলেই অন্ত্যজ জেলে জাতি লালিত, এদের পেটের খোরাক জোগায়। নদীর স্রোতের জোয়ার ভাটার মতোই এদের জীবনে সুখ দুঃখের জোয়ার ভাটা। তিতাসের কূলে বেচে থাকা মালোদের নদীর সঙ্গে নারীর টান। নদী অনুকূল্যে জীবন আর নদীর প্রতিকূলতায় মরণ। জন্ম, মৃত্যু-বিবাহকে কেন্দ্র করে মানুষের সাধারন জীবন। দুই পল্লীবালক ও তাদের জীবনের ক্ষুদ্র ক্ষুদ্র কাহিনী নিয়ে গড়ে উঠেছে সমগ্র উপন্যাসটি। ‘ তিতাস একটি নদীর নাম ' শুধু অনন্যতাই দাবি না, অন্ত্যজ মানুষের অন্তরের ছবিটিকেও স্পষ্ট করে তোলে । উপন্যাসের অগ্রতির সাথে সাথে এদের হৃদয়স্পন্দন শোনা যায়। একটি মানবগোষ্ঠীর জীবন যাত্রার স্বয়ং সম্পূর্ন চিত্র । তাদের জীবনের ট্রাজিক পরিনতি সবমিলিয়ে উপন্যাসটিকে একটি আলাদা মাত্রা এনে দিয়েছে। আলাদা করে কোনো চরিত্র নয় একটি সম্প্রদায়ের সুখ দুঃখের রোজনামচা যা থেকে আমরা এই সম্প্রদায়ের 1 প্রতিটি মানুষের কথা জানতে পারি কিশোর, সুবল, অনন্ত, বনমালী প্রভৃতি চরিত্রের মধ্যে তার কলমের মাধ্যমে বাংলা মালো জীবনের যে ছবি এঁকেছেন তা সত্যিই অসাধারন।

নদী তীরবর্তী বা উপকূলের মৎসজীবি জেলেদের জীবন খুবই ঝুঁকিপূর্ন । তারা নদী থেকে সারাবছর মাছ ধরে এবং তা পাশ্ববর্তী কোনো বাজারে বিক্রি করে সেই অর্থের

দ্বারা তাদের জীবন জীবিকা নির্বাহ করে। ঝড়, জল, তুফান সমস্ত প্রতিকূল পরিবেশে নিজেদের জীবনকে বাজি রেখে নদীতে মাছ ধরতে যেতে হয়। তাদের সহায় সম্বল বলতে থাকে একটা নৌকা আর জাল যা আবার কখনো কখনো অন্য মাঝিদের মধ্যেও ভাগাভাগি করে নিতে হয়। আর এমনই দৃশ্য দেখা যায় 'পদ্মানদীর মাঝি' আর 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে।

পদ্মানদীর মাঝি উপন্যাসে আমরা পদ্মা সংলগ্ন মাঝিদের জীবন জীবিকার যে স্বরূপ দেখতে পাই কুবের ও ধনঞ্জয় দেবীগঞ্জের মাইল দেড়েক উজানে মাছ ধরতে যায়। মাছ ধরার জন্য তাদের উপযুক্ত সাজসরঞ্জাম ও নেই। ঝড় তুফান যাই হোক সমস্ত ঝড় তুফানকে পিছনে ফেলে, রোগ শোক দূরে রেখে নদীতে মাছ ধরতে যায়। কারন সে জানায় -

" এতবড় পদ্মার বুকে জীবিকা অর্জন করা তার মতো গরীব জেলের পক্ষে দুঃসাধ্য ব্যাপার। ধনঞ্জয় যদুর জোড়াতালি দেওয়া ব্যবস্থায় যে মাছ পড়ে তার দু-তিন আনা ভাগে কারো সংসার চলে না। উপার্জান যা হয় এই ইলিশের মরসুমে। শরীর থাক আর যাক এই সময় একটি রাতও ঘরে বসে থাকিলে চলবে না।

অর্থাৎ পদ্মাপারের জেলে পাড়ার মানুষগুলির জীবিকা হল মাছ ধরা, মাঝিগিরি করা। কোনো মতে সংকীর্ন পরিধির মধ্যে মাথা গুজে থাকতে হয় তাদের। খাদ্যের চাহিদা মেটাতেই তাদের জীবন দুঃসহ হয়ে ওঠে। আর সেই জীবন জীবিকার দুঃসহ চিত্র এখানে রূপায়িত । উপন্যাসটিতে একটি বিশেষ অঞ্চলে বসবাসকারী জেলেদের জীবন জীবিকা সংগ্রামের কাহিনী পদ্মার মাছ ধরা নতুবা পদ্মার বুকে নৌকা চালানো এদের ঐতিহ্যবাহী জীবিকা। নিম্নবর্গের হিন্দু ও বেশ কিছু মুসলমান নিয়ে এই বৃত্তিজীবি গড়ে উঠেছে। এদের অর্থ উপার্জনের প্রধান মাধ্যম হল নদী থেকে মাছ সংগ্রহ করে তা স্থানীয় বাজারে বিক্রি করা। যেমন এই ৪উপন্যাসে ধনঞ্জয় নৌকার মালিক হওয়াই সে কুবের আর গনেশের ধরা মাছের অর্ধেকটা ভাগ পেত তারা। সেই মাছ দেবীগঞ্জের বাজারে বিক্রি করত তারা। আর নৌকা চালাতে শুধু ছেলেরা নয় মেয়েরাও একাজে জড়িত। সুতারাং উপন্যাসে জীবন জীবিকার এক নির্মম চিত্র আমরা এখানে উপলব্ধি করি।

এদিকে অদ্বৈত মল্লবর্মণের 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসেপাই তিতাস একটি মাঝারি নদী যা কখনো শুকিয়ে যায় না। এই তিতাসের পাড়েই জেলেদের বাস সেখানেই ছিল কিশোর আর সুবল নামে দুই বালক। কিশোর বেশ সচ্ছল জেলে, তার নৌকা আছে জাল আছে। কিন্তু সুবলদের অবস্থা তেমন ভাল না। তার নিজের একটা নৌকা নেই, কিশোরের নৌকাতে কাজ করত সুবল। বড়ো গাঙ্গের মধ্যে মাছ

ধরতে যেত তারা। এই তিতাস থেকে কিছুটা দূরে আরেকটি ছোটো নদী আছে বিজয় যে নদীতে চৈত্র মাসে জল প্রায় শুকিয়ে যায়। তখন-

"কটা চুনোপুটি ছাড়া কিছুই জোটে না"

তখন সেখানকার জেলেরা বড়ই বিপদে পড়ে। তারা মাছ ধরে যা উপার্জন করে তাতে তাদের সঠিকভাবে জীবন অতিবাহিত হয় না। সুবলের বউ সুবলকে নানাভাবে জীবিকা অর্জনের পথ দেখিয়েছিল। কোনো একসময় দেখা যায় বুড়ো পিতার মাছ ধরে যা উপার্জন করে তাতে পেট না চলায় অনন্তকে বাড়ি থেকে বের করে দিতে বাধ্য হয় বাসন্তী। সমগ্র উপন্যাস পাঠে জানা যায় জেলেদের জীবনের একমাত্র জীবন জীবিকা মাছ ধরা। এটাই তাদের জীবনের বেঁচে থাকার একমাত্র পন্থা।

এই অন্ত্যজ জেলে সম্প্রদায়ের জীবন অনেক দুঃখ কষ্টের মধ্য দিয়ে কাটে । দারিদ্রতা যেন প্রতি মুহূর্তে গ্রাস করেছে এদের। উপন্যাসে দেখা যায় কুবের তার প্রচণ্ড অসুস্থতা নিয়েও বর্ষার সময় পদ্মার বুকে মাছ ধরতে যায়। আর তা থেকে উপার্জিত অর্থ নিয়ে ঘরে ফেরে, ঘরে তার স্ত্রী মালা ও এক পিসিমা আছেন। চাল, খুদ এসব খেয়ে কোনোক্রমে দিন কাটে তাদের। গনেশ যখন সেই কুবেরের কাছে বলে -

" হীরু জ্যাঠা ছন দিব ? জ্যাঠারে তুই চিনস না কুবির বিহানে ঘরে ফির, যা শমু, বউ কয় চাল বাড়ন্ত ! খাও আইঠা কলা, ভর রাতে জাইগা ঘুমের লাইগা চক্ষু আধার দ্যাহে চাল বাড়ন্ত !" ...

এ অংশেই অনুমেয় যে তারা দুবেলা দুটো খাবারের জন্য প্রতি মুহূর্তে লড়াই করে চলেছে। বর্ষার সময় যখন নদীর দুকূল ছাপিয়ে যায় তখন এই জেলেদের জীবন অতি কষ্টকর হয়ে ওঠে। একে তাদের ঘরের ছাউনি ঠিক নেই আর তার মধ্যে বর্ষার জলে সারা মাস ওই ভিজে স্থানে বসবাস করার জন্য বিভিন্ন রোগ শোকে পড়ে তারা। কুবেরের একটি ছেলে সন্তান হওয়ায় সে খুশি হবার বদলে তাকে কী খাওয়াবে সেই চিন্তায় মশগুল হয়ে ওঠে। কারন বর্ষার এই একটি- দুটি মাস বাদে সারাবছর তাদের রুজি রোজগারের তেমন কোনো মধ্যাম নেই নৌকা চালানো আর জাল বোনা ছাড়া। পদ্মানদীর মাঝির গ্রাম্য জীবনের চরত্রগুলি সুখে দুঃখে পাশাপাশি থাকলেও কেউ কাউকে আর্থিক সাহায্যেরহাত বাড়িয়ে দেয় না। একমাত্র হোসেন মিয়া আর অনন্ত ছাড়া কেউ বড়লোক নয়। তবে গ্রামের হিন্দু মুসলমানের ধর্ম যতই পৃথক হোক সবথেকে একটা বড়ো অধর্ম সকলেই তারা সমভাবে পালন করে তা হল দারিদ্র। মাছ ধরার সংগ্রাম, পুত্রলাভের আনন্দ বেদনা, রথের উৎসব, বর্ষার বন্যা, শরতের আগমন, আশ্বিনের ঝড়ের বিপর্যয় এসবের প্রেক্ষিতে উপন্যাসিক কেতুপুর গ্রামের মালিন্যময় দারিদ্র জীবনের বাস্তবতাকে বিশ্বাসযোগ্য করে তোলেন। উপন্যাসের পঞ্চম

পরিচ্ছেদে দেখা যায় -

"ঝড় শুরু হল তার সঙ্গে টিপি টিপি বৃষ্টি বড়ো বড়ো মড় মড় শব্দে মটকে জেলেপাড়ার অর্ধেক ঘরের চাল ভেঙ্গে পড়ল জেলেপাড়ার মানুষজন এভাবেই ঘেষাঘেষি করে তাদের জীবন অতিবাহিত করে। জেলেপাড়ার ঘরে ঘরে শিশুর কান্না কখনো বন্ধ হয় না। বেঁচে থাকা নয় টিকে থাকাটাই এদের কাছে চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়।

অন্ত্যজ মালোদের সংস্কৃতির পরিবর্তন ঘটার সঙ্গে সঙ্গে তিতাসের বুকে চর দেখা দিল। এই দুটি বিপর্যয়কে কেন্দ্র কররে এদের পরিবর্তনের স্রোত বয়ে গেল । মালো সম্প্রদায়ের বিপর্যয়কে আরো ঘনীভূত করে তোলে দারিদ্র । তিতাসের তীরবর্তী জেলে সম্প্রদায়ের জীবন তিতাসের উপর নির্ভরশীল । তাদের জীবনে অভাব দারিদ্র গাছের বাকলের মতো। দুমুটো অন্যের জন্য তাদের নিত্য সংগ্রাম । উপন্যাস পাঠে দেখা যায় সুবলের মতো অনন্ত নয়, সে আর পাঁচটামালোজেলের থেকে আলাদা। প্রতিকূলতার মধ্যে তার জন্ম এবং মায়ের মৃতুর পর প্রতিকূলতার সাথে লড়াই করে তার বেঁচে থাকা-বেড়ে ওঠা। বলা যায় কল্পনা প্রবন, সুদূরের প্রয়াসী ভাবে মালোদের জীবন থেমে থাকে না। নদীর ধারার মতো তা বইতে থাকে। কোনো মালিন্য তাকে স্পর্শ করতে পারে না। এই জেলেদের প্রতিটি পদক্ষেপে দারিদ্রের কঠিন বাস্তবের সম্মুখীন হতে হয়েছে আর উপলব্ধি করেছে দারিদ্রের প্রভাবে পাওয়া না পাওয়ার বেদনাকে। আর এই জেলেদের দারিদ্রমুখর। বা দারিদ্র পিড়িত জীবন প্রতিমুহূর্তে বাস্তবতার কঠিন বেড়াজালে আবদ্ধ হয়েছে। উপন্যাসে যখন সুবল বলেছেন-

"ভাগিদার হিসাবে নেও

আর তার বউ বলে -

"হাতের টাকাকড়ি খরচ হইয়া গিয়েছে। সামনে দুরন্ত আষাঢ় মাস সে নিজে কী খাইবে? বউকে কি খাওয়াইবে সুতারাং এই জেলে জীবনের একটাই রোজগারের পথ তা হল মাছ ধরা, নৌকা চালানো, বা কেউ কেউ চাষ বাস করে থাকে। তবে তাদের প্রধান জীবিকা মাছ ধরা, আর শুধু মাত্র মাছের উপর ভরসা করে থাকা। এই জেলে জাতির জীবন অধিকাংশ সময়ই দারিদ্রের ঘন কালো অন্ধকারে নেমে আসে।

তিতাস নদীর জোয়ার ভাটার মতোই এদের জীবনে ঘটে সুখ দুঃখের জোয়ার ভাটা। এদের বলতে জেলে সম্প্রদায়ের মানুষের কথা বলা হয়েছে। তিতাস নদীর জলস্রোত তিতাস পারের মালোদের রক্ত স্রোতের সাথে মিশে আছে। তাই তিতাসের মরণের অর্থ এদেরও মরণ। উপন্যাসের অংশে দেখা যায় তিতাস এদের সুখ দুঃখের সঙ্গী। এখানে সুখও যেমন আছে দুঃখও আছে। আবার দুঃখকে অতিক্রম করার উপায়ও আছে। কিন্তু প্রকৃতি প্রতিকূল হলে তিতাসও তখন অসহায় হয়ে পড়ে। তখন দুঃখকে

অতিক্রম করার আর কোনো উপায় থাকে না, মালোদের বেঁচে থাকার আশ্বাসটুকু থাকে না। তিতাসের প্রানস্পন্দন তিতাস তীরের মানুষকে এই ভাবেই বাঁচিয়ে রাখার চেষ্টা করেছে। ঔপন্যাসিক এখানে মানুষের সঙ্গে নদীর এক অচ্ছেদ্য সম্পর্ক গড়ে তুলেছেন। তিতাসের এই চরিত্র তিতাসপারের মানুষগুলির মতোই। তিতাস মাঝারি নদী, মেঘনা পদ্মার বিভিষিকা তার মধ্যে না থাকলেও -

" তার কূল জোড়া জল বুকভরা ঢেউ, প্রানভরা উচ্ছ্বাস দুষ্ট পল্লীবালক তাকে সাঁতরাইয়া পার হইতে পারে না। আবার ছোটো ...

নৌকায় ছোটো বউ নিয়া মাঝি কোনওদিন ওপারে যাইতে ভয় পায় না তিতাস আবার নিষ্ঠুরও নয়। তাই তিতাস পারের মালোরা রাত বিরেতে যখন জাল নিয়ে নদীতে যায় তখন মালো বউদের কোনো চিন্তা থাকে না। এই নদীর সাথে তিতাস পাড়ের যে হৃদয়াত্মিক বন্ধন তৈরি হয়েছে টা দেখানো হয়েছে আলোচ্যে 'তিতাস একটি নদীর নাম ' উপন্যাসে।

অপরদিকে উপন্যাসে প্রেম ও পারস্পারিক সংঘাতের এক চিত্র রূপায়িত হয়েছে। তিতাসের পাড়ে মালোদের মধ্যে একজন ছিল।দীননাথ মালোর কমবয়সী মেয়ে বাসন্তী। আর বাসন্তীর গ্রামেই ছিল কিশোর আর সুবল নামে দুজন ডানপিঠে কমবয়সী ছেলে। এরা দুজনে মিলে বাসন্তীর ব্রতর জন্য চৌয়ারির বানিয়ে দেয়। চৈত্র মাসের মাঝামাঝি সময়ে দোল খেলার সময় বাঁশিরাম মোড়লের গাঙের রায়ত হিসাবে কিশোর সুবলরাও ডাক পায় । দোল খেলতে গিয়ে এক তরুনী কিশোরীর সাথে সুবলের চোখাচোখি হয়, কিশোরকে রং মাখাতে গিয়ে। এরপর বাঁশিরাম মোড়লের বউয়ের পৌরাহিত্যে কিশোর ও ওই মেয়েটির মালা বদল হয়। তার বাবা মা তাকে নৌকায় তুলে দেয় । মাঝ পথে নৌকায় ডাকাতি হয়, আর তাদের নৌকা যখন তিতাসের মোহনায় পৌঁছায় তখন কিশোর তার বউকে চিনতে পারে। কিশোরের চোখ লাল হয়ে ওঠে ও তিলক সুবলকে বলে কিশোর পাগল হয়ে গেছে। অর্থাৎ উপন্যাসের ঘটনা ধারার মধ্যে প্রেমের যে বাতাবরন ঘটেছে একই সঙ্গে পারস্পারিক দ্বন্দ ও সংঘাতও আমরা দেখতে পাই।

এরপর পদ্মানদীর মাঝি উপন্যাসে বিচিত্র দাম্পত্য,অবৈধ প্রেম, মানিকের উপন্যাস গুলির অন্যতম বিষয়। উপন্যাসে মানিক - কপিলা, কুবেরের অবৈধ প্রেমকে পরিনতির দিকে এগিয়ে দিয়েছেন। আর এই কুবের মাঝির জীবনে কপিলা পদ্মার মতোই চঞ্চল মুক্তির আশ্রয়। সে বলে বা মানিক জানিয়েছেন " নদীকে সে বড় ভালোবাসে, নদীর বুকে ভাসিয়া চলার মত সুখ আর নাই এমনই আকর্ষন সে পায় কপিলার মধ্যে। কারন অবশ্যই কেবল কপিলার স্বভাব নয়, মালার পঙ্গুতাও তার প্রধান কারন। আশ্চর্য

গতিশীলতায় যে কুবের চাঞ্চল্য অনুভব করে, পদ্মার বুকের প্রতি যে অমোঘ আকর্ষণ তা মালা দিতে পারে না। কৌতুকময়ী কপিলার প্রতিই তাই তার অমোঘ আকর্ষণ-

" দেহ যেন উথলিয়া উঠিয়াছে কপিলার, বর্ষার পদ্মার মতো "

বস্তুত কপিলার প্রতি তার যে মনোভাব তা ঠিক অবৈধ আসক্তি নয়।

তা মুক্ত প্রমত্তা পদ্মার সঙ্গে কুবেরের গূঢ় সম্পর্কেরই এক মানবিক প্রতিফলন ।

* পদ্মা নদীর মাঝি' উপন্যাসে মূখ্য বিষয় নদীর প্রতি এক ঐকান্তিক আবেগ ও প্রীতি, এছাড়া কপিলা - কুবেরের সাথে প্রেমের সম্পর্ক এবং হোসেন মিয়ার সাথে সংঘাত। ময়নাদ্বীপকে কেন্দ্র করে হোসেন মিয়ার প্রভুত্ব বিস্তার বা ময়নাদ্বীপকে তার উপনিবেশ করে তোলার প্রয়াস মনে হলেও মুখ্যত এখানে প্রতিফলিত হয়েছে- প্রকৃতির বিরুদ্ধে মানুষের অবিরাম লড়াইয়ের প্রচেষ্টা। বারংবার এই হোসেন মিয়ার সাথে উপন্যাসের বিভিন্ন চরিত্রের সংঘাত দেখা দিয়েছে । বস্তত ময়নাদ্বীপ থেকে রাসুর পালিয়ে আসার ঘটনাকে কেন্দ্র করে কেতুপুরের মানুষের চাঞ্চল্য এবং পীতম মাঝি নকুল, রাসু, কুবের এদের সাথে হোসেন মিয়ার দ্বন্দের দৃশ্য দেখা যায়। এছাড়া উপন্যাসের বিভিন্ন ছত্রেও আমরা এমন দৃশ্য দেখতে পাই।

প্রকৃতি ও মানুষের অবিরাম সংগ্রামের কাহিনী যা বাংলা সাহিত্যে প্রায় বিরল। 'তিতাস একটি নদীর নাম', 'গঙ্গা', তিস্তা পারের বৃতান্ত ইত্যাদি হাতে গোনা উপন্যাসে ময়নাদ্বীপকে কেন্দ্র করে পদ্মা তীরবর্তী অঞ্চলের জীবন যাত্রা ও প্রেমভাবনার এক স্বতন্ত্রতার বীজ নিহিত রেখেছেন। উপন্যাসে বলা হয়েছে-

"নৌকা ভাসমান কচুরিপানা, আকাশের পাখি মেঘ ভাসিয়া চলিয়াছে তবু নদী ছাড়া সবই বাহুল্য।"

পদ্মার নায়ের মতোই কপিলা ভেসে এসেছিল কুবেরের সংসারে। আর হোসেন মিয়ার সাথে ময়নাদ্বীপে বসবাস আর সংঘাত মুখর পরিবেশে অনন্য হয়ে উঠেছে সমগ্র উপন্যাসের কাহিনী বৃত্তে।

সমাজের এক প্রান্তে অর্থাৎ নদী তীরবর্তী অঞ্চলে বসবাসকারী এই সমস্ত অন্তেবাসী মানুষ চিরকালই সমাজের উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হয়ে আসছে। এদের মধ্যে শিক্ষার প্রবনতা খুবই কম দেখতে পাওয়া যায় । অন্ন আর বেঁচে থাকার রসদ টুকু জোগাড় করাতেই তাদের জীবনে দারিদ্র দুঃখ কষ্টের যে তীব্র দূর্যোগ নেমে আসে তাতে শিক্ষা এক দুষ্প্রাপ্য বিষয় হয়ে ওঠে। এমনই জেলেমাঝি বা অন্তেবাসী মানুষদের দৃষ্টান্ত যায় 'পদ্মানদীর মাঝি' আর 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে।

অতিপ্রাকৃত শক্তির প্রতি বিশ্বাস ভয় ও আনুগত্য থেকে বিশ্বাস - সংস্কার ও লোকাচারের জন্ম হয়। পদ্মা তীরবর্তী মাঝিদের জীবন এই ধারনা থেকে ব্যতিক্রম নয় । কাঙ্খিত

বস্তুকে কাছে পাওয়া এবং অনাকাঙ্খিতকে দূরে সরিয়ে রাখার জন্য তারা বিশ্বাস সংস্কার মেনে চলে । তাই এই উপন্যাসে দেখা যায় জন্ম সংক্রান্ত বিশ্বাসের বশবতী হয়ে আশ্রয় নিয়েছে, মালা আতুড়ে ঘরে। এদের সংসারে মেয়েরা অমঙ্গল হবে বলে নেই বা না শব্দের পরিবর্তে হ্যাঁ সূচক শব্দ ব্যবহার করে। যেমন - গনেশের বউয়ের মুখ থেকে শোনা গেছে ' চাল বাড়ন্ত। আবার বৃহস্পতি বার বা লক্ষীবারে কাউকে চাল দিতে নেই সেই সংস্কার তারা মেনে চলে। আবার কোনো মুসলমান ব্যক্তি কোনো পাত্রে জল খেলে তা ধুয়ে রাখিতে হবে এমন কথাও শোনা যায়। এছাড়া দেখা যায় ঝড় বৃষ্টি বন্ধের জন্য মেয়েদের ঘরে ঘরে পিঁড়ি পেতে দেওয়া সংস্কার পালন এর উদ্দেশ্য বৃষ্টির দেবতাকে সন্তুষ্ট করা। এখানে 'হরিলুট ' প্রথার কথাও বলা হয়েছে।

উপন্যাসেজেলেপাড়ায় মাঝিদের মধ্যে রথযাত্রা, দূর্গাপূজা, দোল উৎসব উৎযাপনের পরিচয় মেলে। ছোটো ছোটো মেয়েরা মাটির পুতুল নিয়ে এবং বাঁশি বাজিয়ে আনন্দ উপভোগ করে । দূর্গাপূজাকে উপলক্ষ করে গ্রামের সকলে ঠাকুর দেখতে যায়। রং না থাকলে রং এর বদলে মাটি দিয়ে তারা রং খেলা করে। এছাড়া সঠিক লেখাপড়া না শেখায় তাদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা থাকে না। তাই তাই রোগ শোক মৃত্যুর কবলে বারংবার পড়তে হয় । কিন্তু তাদের বিশ্বাস - সংস্কার এক গভীর ছাপ ফেলে তাদের প্রাত্যহিক জনজীবনে । শরীরে কোনো স্থানে ব্যাথা পেলে তারা চুন আর হলুদ মিশিয়ে ওই স্থানে লেপ দেয়। আবার ব্যাথা কমাতে তারা তামাক পাতার ব্যাবহারও করে। সমগ্র উপন্যাস জুড়ে সমাজের একটা কুসংস্কারের দিক পরিলিক্ষিত হয়েছে যার একমাত্র কারন শিক্ষা । তিতাস একটি নদীর নাম : উপন্যাসে তিতাস তীরের জীবন যাত্রার উচ্চ-নিম্ন ভেদাভেদ থাকলেও জেলে, কৃষক, অন্ত্যজ মানুষদের মধ্যে একদা সৌহাদ্যপূর্ন সম্পর্ক তুলে ধরা হয়েছে। এমনকি হিন্দু মুসলমানের ভেদাভেদ ও যেন এখানে মুছে গেছে আন্তরিকতার ছোয়াই । এমন দৃশ্য দেখা যায় কাদির ও বনমালির আচরণের মধ্যে। উপন্যাসে দেখা যায়-

"কাদির তার নাতিকে বিদ্যালয়ে পাঠাবে না - পাচন হাতে গরুর পিছন পিছন মাঠে পাঠাবে। তার অভ্রান্ত ধারণা, লেখাপড়া শিখলে অর্থলোভী, ঘুষখোর, সুযোগ সন্ধানী মানুষ তৈরী হবে তার নাতি।

কিন্তু ছাদির বলে -

" তারে কিতাব হাতে দিয়ে মক্তবে পাঠাইবো'

শেষে সে পড়াশোনা করাতে রাজি হয়। ছাদির বুঝেছে যে লেখাপড়া না শিখলে দুনিয়ার হাল অবস্থা কিছুই জানিতে পারিবে না। মানুষহইতে পারিবে না "। জেলেদের সুদীর্ঘ সাংস্কৃতিক ঐতিহ্যের মাঝে এমন কিছু প্রচলিত বিশ্বাস ও মূল্যবোধ রয়েছে যা

তাদের জীবন নির্বাহের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে আচার অনুষ্ঠান ও উৎসব আয়োজনের সাথে একাত্ম হয়ে আছে। যেহেতু তাদের ওপর হিন্দু জনগনকে সেবা করার পবিত্র দায়িত্ব অর্পিত তাই তাদের পেশা থেকে কোনোরকম বিচুত্যি এক ধরনের পাপ । এই ধরনের আচার অনুষ্ঠানের ঐতিহ্য গড়ে ওঠে বিভিন্ন ধর্মীয় বিশ্বাসকে কেন্দ্র করে । পল্লীগীতি, বাউল ভাটিয়ালী এই সমস্ত বিষয়সমূহ দৈনন্দিন জীবনে তাদের ঐক্য ও সংহতিকে এমনভাবে দৃঢ় করেছে যা তাদেরকে অন্যদের তুলনায় আলাদা সত্তা হিসাবে প্রতীকায়িত করে।অণু-গবেষণার শিরোনামটি হল - উপন্যাসে জেলে জীবন : প্রসঙ্গ - 'পদ্মা নদীর মাঝি', 'তিতাস একটি নদীর নাম'। স্বভাবত কারনেই এই শিরোনামটিকে সামনে রেখে এবং এর বিষয়বস্তুর সঠিক মূল্যায়ণ করার চেষ্টা করেছি । অন্ত্যজ জীবন বা জেলেজীবন নিয়ে কাজ করতে গিয়ে পদ্মানদী ও তিতাস তীরবর্তী মাঝিদের জীবনকে ঘনিষ্ঠভাবে জেনেছি, তুলে ধরার চেষ্টা করেছি এই জেলেদের মাছ ধরা মাছ চালান দেওয়া, বাজারে বিক্রি, ফড়েদের অত্যাচার, মাঝিদের অর্থনৈতিক পরাধীনতা, মাঝিদের বস্তি জীবন সারা বছর রোগের সঙ্গে তাদের যে লড়াই তার বাস্তবচিত্র। অন্ত্যজজীবন নিয়ে আলোচনা করা খুব একটা সহজ কাজ নয়, আমাদের এই বিশ্বসংসারে কোনো কিছুর অন্ত নেই, যা কিছু আছে তা হল পথ পরিক্রমা অথবা গতিময় জীবন । সে জীবন উচ্চশ্রেণীর অন্তর্গত হোক আর নিম্নশ্রেণীর হোক না কেন তার মূল্যায়ণ করা খুব একটা সহজ নয়। এ মহাবিশ্বে যদি উচ্চশ্রেনীর অন্তর্গত জীবনের মূল্য থাকে, তাহলে অনুন্নত অথবা জেলে জীবনের মূল্যবোধকেও অস্বীকার করা যায় না।

আলোচনা প্রসঙ্গে জেলে শ্রেণীর সম্বন্ধে তত্ত্ব ও তথ্য ভিত্তিক আলচনা করা হয়েছে তথাকথিত শিরোনামের প্রয়োজনে এবং স্বভাবতই সেই প্রয়োজনের তাগিদে বিভিন্ন কথা সাহিত্যিকের নাম এবং তাদের সৃষ্ট গ্রন্থের নাম উল্লেখ করেই আলোচনা পর্বটি শেষ হয়েছে। কিন্তু এই আলোচনায় শেষ নয় ভবিষ্যৎ আগামীকালে এই জেলে জীবনের উপর আরো কত বিচিত্র আলোচনা তা বলা যায় না। কিন্তু উক্ত বিষয়ক আলোচনা কর্ম চলতেই থাকবে। নতুন দৃষ্টিভঙ্গিতে অতিসহজভাবে যে আলোচনা করেছি সেদিক থেকে বর্তমান অণু গবেষণা পত্রটি কতখানি স্বার্থক হয়েছে তা বলা সম্ভব না হলেও অণু গবেষণা কর্মটি যে মৌলিক তা দাবি রাখে। উপসংহারের পরিবর্তে পূর্বোক্ত বিষয়টিকে মনের মনিকোঠায় আবদ্ধ রেখে আলোচনা অংশ শেষ করছি।

গ্রন্থপঞ্জি: :

আকর গ্রন্থ :

1. 'পদ্মানদীর মাঝি' ।। মানিক বন্দ্যোপাধ্যায় । করুনা প্রকাশনীম কলকাতা ৯ ।। প্রথম করুণা প্রকাশ : আগষ্ট ২০১৭ ।। ISBN : 978-81-8437-352-3

2. 'তিতাস একটি নদীর নাম' ।। অদ্বৈত মল্লবর্মণ ।। সুন্দর প্রকাশনী ।কলকাতা।বই মেলা ২০১৯,৭০০০৭৩ ।। দ্বিতীয় সুন্দর সংস্করণ : বইমেলা ২০১৯

সহায়ক গ্রন্থ :-

১. 'কালের প্রতিমা' অরুণ কুমার মুখোপাধ্যায় (বাংলা উপন্যাসে পচাত্তর বছর ১৯২৩-১৯৯৭) দে'জ পাবলিশিং কলকাতা ।। ISBN 81-7612-427-3

২. বাংলা সাহিত্য পরিচয়।। ডঃ পার্থ চট্টোপাধ্যায় ।। তুলসী প্রকাশনী ।।

৩. 'মানিক বন্দ্যোপাধ্যায় সংখ্যা' ।। ফুয়াদ । মানসী প্রেস ।। চম্পাহাটি,দক্ষিণ ২৪ পরগনা ।।

17

বিনয় মজুমদারের কবিতায় নারী ভাবনার বৈচিত্র্য

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পিয়ালী মণ্ডল (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

শুধু বাংলাদেশ কেন, সারা পৃথিবীতে এমন কোনো কবিকে খুঁজে পাওয়া মুশকিল, যিনি নারীকে নিয়ে কোনো না কোনো সময়ে একটি কবিতা রচনা করেননি। এই নারী সেইসব কবিদের সঙ্গে একটু খতিয়ে দেখলেই অনুভব করা যায় কোনো না কোনো মানবিক সম্পর্কের জ্যামিতির আধারে আধারিত। কিংবা সে নারী হতে পারে কবির কাছে একেবারেই অচেনা কোনো কল্পনারী, যাকে নিয়ে কল্পনালোকেই নানামাত্রিক স্বপ্ন এবং একটা স্বস্তির আবর্তে আবর্তিত হওয়া চলে। কিন্তু যে কোনো কবির কবিতায় উদ্ভাসিত হয়ে ওঠা সেই নারীর এই কল্পনা এবং বাস্তব দুটি সত্তাই অত্যন্ত রকমের সত্য।

বাংলাদেশে জীবনানন্দের অন্যতম উত্তরাধিকারী বিনয় মজুমদারের সারা জীবনব্যাপী কাব্য সাধনায় এমন কত কল্পনারী এবং বাস্তবের পথে চলা নারীর আনাগোনা। বিভিন্ন বিভিন্ন নামে কিংবা বিভিন্ন অনুভবে তারা বিনয়ের সৃষ্টিশীল মননের দ্বারা এমন ভাবে উচ্চকিত হয়ে উঠেছে যে, আধুনিক বাংলা কাব্য কবিতাচর্চার ক্ষেত্রে সেইসব নারীদের উপেক্ষা করতে পারে এমন সাধ্য কার!

তবে বিনয়ের চিত্তে যে নারীর জন্যে একটা অপেক্ষা বা কল্পনা ছিলো তা একটা পরিণত বয়সে এসে গায়ত্রী চক্রবর্তী রূপে আত্মপ্রকাশ করেছে। আর তাকে ঘিরেই বিনয়ের নারী বিষয়ক নানা ভাবনার উচ্ছ্বাস, কখনো তা স্বপ্ন কিম্বা কখনো তা এক ব্যথাতুর করুণ আবেশ এনেছে বিনয়ের জীবনে। নারী বিষয়ক সেই সব স্বপ্ন ও ব্যথার দিকগুলি খুঁজে নিতে গবেষণা পত্র প্রস্তুত করতে সহায়তা নেওয়া হয়েছে :

ক) বিনয় মজুমদারের কাব্য সমগ্র (দুই খণ্ড), খ) বিনয় জীবনী 'অশ্বিনী তারার কবি'গ) বিভিন্ন জনকে লেখা বিনয়ের পত্র-সম্ভার, ঘ) বিভিন্ন জনকে দেওয়া বিনয়ের সাক্ষাৎকার এবং ঙ) আরো সহায়তা নেওয়া হয়েছে বিনয় মজুমদারের উপর নির্মিত একটি তথ্যচিত্র এবং বিনয় জীবন' শীর্ষক একটি নাটকের।

উপরোক্ত উপাদানগুলি থেকে প্রাপ্ত নানা তথ্যের বিচার-বিশ্লেষণ ও আলোচনা-সমালোচনার ভিতর দিয়ে আমরা এক নতুন বিনয় মজুদারকে চিনে নিতে পারবো, যিনি তার কবিতায় নারীকে আবিষ্কার করতে চেয়েছিলেন, শুধু আনন্দ নয়, স্বপ্ন ও ব্যথার সমন্বয়ে।

সেখানে যেমন জীবনের স্বাভাবিক ধর্মবশত জৈবিকতা আছে, তেমনি তার পাশাপাশি আরো আছে কখনো সেই নারীর সান্নিধ্যে এসে কবির চেতনায় ফুটে ওঠা আনন্দ, কিংবা বিষাদের নানা টুকরো টুকরো ক্ষেত্রগুলি। বিনয়ের প্রথম কাব্যগ্রন্থ 'নক্ষত্রের আলোয়। জীবনানন্দের প্রভাব এ কাব্যের কবিতাগুলির অন্দরে অন্দরে যেন আবহসংগীতের মতো বেজে চলেছে। তবে এ কাব্যে বিনয় মজুমদার যে নারীদের ছবি এঁকেছেন, তাদের সঙ্গে জীবনানন্দের বনলতা সেনের একটা মূলগত পার্থক্য আছে।

সাহিত্যের ইতিহাস বলে, জীবনানন্দের যিনি বনলতা সেন, বাস্তবে তার একটা অস্তিত্ব ছিল। কিন্তু নক্ষত্রের আলোয়'-এর অন্তর্গত কবিতাগুলিতে যে নারীদেরকে -

(ক) 'তুমি' (উন্মোচনের গান)

(খ) 'দূরাগতা' (চিরদিন একাএকা)

(গ) 'তাকে' (সে), এবং

(ঘ) 'মনোলীনা' (কেন মনোলীনা) প্রভৃতি সম্বোধনে চিত্রিত করেছেন।

বাস্তবে তাদের কোনো অস্তিত্ব আছে বলে এমন কোনো নির্দিষ্ট তথ্য কোথাও পাওয়া যায় না। কিন্তু এইসব কল্পনারীদের সঙ্গে কবি বিনয়ের যে মানবিক সম্পর্কের বহুমাত্রিক ওঠাপড়া তা পাঠককে খুব সহজেই বিস্মিত করে। 'উন্মোচনের গান' কবিতায় দেখা গেল যাকে বিনয় 'তুমি' বলে সম্বোধন করেছেন সে নারী কোনো উধাগুলোকের বাসিন্দা নন। কল্পনারী হলেও তিনি বাস্তবের রূঢ় পথে হেঁটে চলেন। বিষয়ী উৎপাত যেখানে সত্য। কবি লিখেছেন -

"তুমি তো কথা বলো, জীবন প্রত্যহ
সকাল বিকেলের যে চেনা গদ্যে
লিখিত এপ্রথমকরূপে, তুমি তো অহরহ
হাঁটছো রূঢ় সেই ভিড়ের মধ্যে।
সকাল চুমু খেলে যে সাড়া উদ্বেল,
সে থমথমে বোধ আনে দিনান্ত,
যাদের নির্মম বিষয়ী উৎপাতে
দীর্ঘ গুরুপাকে হৃদয় ক্লান্ত।"[১]

জীবনানন্দের সঙ্গে তার নারীদের যে সম্পর্ক, সেখানে ঘৃণা ছিল; ভালোবাসা ছিল। ছিল আরো কত অনুভবের আনাগোনা। আর বিনয়ের 'চিরদিন একা একা' শীর্ষক কবিতায় দেখা গেল একাকীত্বের কোনো অবরোধে থেকে তিনি কোনো এক দূরাগতা

নারীর ডাকে সাড়া দিয়ে, তার দিকে নতমুখে তাকিয়েছেন। যার সান্নিধ্যে কবি নিজের অতীত মনে মনে খেলা করেছেন অবিরত-

'দূরাগতা, ভুল বুঝোনাকো।
তুমি যদি পাশে ব'সে থাকো,
মনে নেমে আসে তবে জীবনের সব ব্যর্থতা,
সব গ্লানি, সব অপরাধ;
নিজের অতীত নিয়ে কেন যেন মনে মনে খেলি, দূরাগতা।[২]

বিনয়ের কবিতায় কখনোবা রূপকথার সূত্রে এসেছেন সেইসব নারী কঙ্কাবতী, পদ্মমালা, শঙ্খিনীমালার মতো তরুণীরা। কল্পরাজ্যে কবি শুনেছেন পৃথিবীর সব স্বপ্ন তখন সেইসব কুমারীর মুখের আশ্রয়ে পূর্ণতা পেতে চায়।

মনোবিজ্ঞান বলে, পুরুষের জীবনে নারীর ভূমিকা তাকে ক্রমশ পূর্ণ করে তোলে। শৈশবে মায়ের স্নেহ, যৌবনে নারীর প্রেমের মধ্যে যে সৌন্দর্য ও রহস্যময়তা রয়েছে, তা স্বাভাবিক কারণেই যে কোনো কবির কবিতায় মূর্ত হয়ে উঠতে পারে কখনোবা রোমান্টিক আবেশের আধারে। বিনয় তার যৌবনের প্রথমলগ্নে কি এক রোমান্টিক আবেশে ভেসে তার ডাক শুনেছেন, তার কোনো স্বপ্নের মাঝে। তিনি লিখেছেন-

"হয়তো অনেক বার ডেকেছে স্বপ্নের মাঝে,
কেবল ঘুমের ঘোরে ডাকে সে, ডেকেছে।
একদিন চুপি চুপি কাছে যদি যেতে পারি জেগে থাকা অবসরে নয়-
জ্যোৎস্নার নিচে তার ঘুমের সময়!"[৩]

কবির কল্পলোকে জেগে ওঠা সেই নারী ক্রমশ রূপ পেতে থাকে কোনো এক রহস্যময়ীর অবয়বে। যার দিকে কবি সোজাসুজি তাকিয়ে থাকতে চান, ব্যাকুল আশায় তাকে খোঁজেন। তিনি তখন কবির কাছে এক পরম বিস্ময়। ক্রমে সেই নারী 'কেন মনোলীনা' কবিতায় মনোলীনা নামের উদ্ভাসে উদ্ভাসিত হয়ে উঠেছে। তাকে দেখে কবির মনে জেগে উঠেছে এক প্রশ্ন মনোলীনা অমন দুললে-

'আনমনা এক কুসুমকে তুমি জাগিয়ে তুললে
শুধু কৌতুকে কেন মনোলীনা অমন দুললে।'

এমন কত অনুভবে বিনয় মজুমদারের কল্পনারীর ভাবনার সঙ্গে যুক্ত হয়ে গেছে প্রতীক্ষা, শরীরে ইন্ধন; কখনোবা স্বাভাবিক সব আকাঙ্ক্ষা পেরিয়ে তাদের সঙ্গেও এসেছে কবির বিচ্ছেদের সময়। আসলে যে প্রেমের গর্ভ থেকে বিনয় মজুমদারের 'নক্ষত্রের আলোয়'-এর কল্পনারীদের উদ্ভাস, সেখানে মিলন অপেক্ষা হয়তো বিচ্ছেদ

সত্য। তাইতো কবি বিচ্ছেদের ক্ষণে একে অপরের দিকে বিকল বিমর্ষ হয়ে চেয়ে থাকেন। আর কোমল করুণ সুরে কোনো এক পাখি তখন গিয়ে যায় তাদের প্রণয়ের, সোহাগের দ্রুত কাহিনীকে।

১৯৬১ সালে বিনয়ের মাত্র চোদ্দোটি কবিতা নিয়ে প্রকাশিত হয়েছিল একটি ক্ষুদ্র কাব্যগ্রন্থ। তার নামকরণ করা হয়েছিল 'গায়ত্রীকে'। কিন্তু ১৯৬২তে সেই চোদ্দোটি কবিতার সঙ্গে আরো তেষট্টিটি কবিতা যুক্ত করে মোট সাতাত্তরটি কবিতা নিয়ে আত্মপ্রকাশ করে বিনয়ের যুগান্তকারী কাব্যখানি ফিরে এসো, চাকা'। এই গ্রন্থটি তিনি সেকালের প্রেসিডেন্সির ইংরেজির ছাত্রী গায়ত্রী চক্রবর্তীকে উৎসর্গ করেছিলেন।

ষাট-সত্তরের দশকে এই গায়ত্রী এবং বিনয়কে নিয়ে সারা বাংলার কাব্য- -কবিতাচর্চার জগতে এমন একটা মিথ তৈরি হয়ে গিয়েছিল যে, তার সাথে নানা সত্য-মিথ্যার নানান উপকাহিনী যুক্ত হয়ে গিয়ে বিনয়ের সঙ্গে আদৌ গায়ত্রীর কোনো সম্পর্ক ছিল কিনা সেই বিষয়টি নির্ণয় করা দুষ্কর হয়ে পড়েছে। বিনয় জীবনীকার অমলকুমার মণ্ডল লিখেছেন-

'বিনয়ের তখন ঘোরদশা চলছে। সেসময় ১৯৬১ সালে এম এ-তে ফার্স্ট ক্লাস ফার্স্ট হয়ে আমেরিকা থেকে বিশেষ এক বৃত্তি পেয়ে গায়ত্রী ১৯৬২ সালে বিদেশে পাড়ি দেন। তখন তিনি ফিরে এসো, চাকা' কাব্য লিখে ঢাকা তথা গায়ত্রীকে ফিরে আসতে বলেছেন।

আমেরিকায় গিয়ে গায়ত্রী লব্ধ প্রতিষ্ঠিত হন। অধ্যাপিকা হিসেবে কাজ করেন। এদেশের ডাকসাইটে সুন্দরী হয়ে উঠেন ওদেশের ডাকসাইটে পণ্ডিত। গায়ত্রীও আজ জ্ঞানের জগতে বিশ্বনন্দিত এক নাম। দেরিদার 'গ্রামাটোলজি' গ্রন্থটির অনুবাদ করে পণ্ডিত মহলে সাড়া ফেলে দেন। দেরিদার মূল্যায়নে তিনি যেন ক্রিস্টোফার নরিসদের সমকক্ষ...।"[৫]

পায়ত্রীকে এই কাব্যটি উৎসর্গ করবার একটা জবাব বিনয়ের কাছ থেকে পাওয়া। গিয়েছিল এই যে, তিনি মনে করেছিলেন গায়ত্রী ছিলেন ইংরেজি সাহিত্যের ফার্স্ট ক্লাস ফার্স্ট। তিনিই হয়তো বিনয়ের এই কবিতাগুলির প্রকৃতমর্ম বুঝবেন। কিন্তু অরুণেশ ঘোষ লিখেছেন-

"একটা গুজব ছড়িয়ে পড়েছিল যে, প্রেমে ব্যর্থ হয়ে বিনয় পাগল হয়ে গেছে আর সেই উন্মত্ত অবস্থার মধ্যে লেখা হয়েছে ফিরে এসো, চাকা'র কবিতাগুচ্ছ। আরও গুজব ছিল, এমন একটি অভিজাত, উঁচু বংশীয় আর সুন্দরী মেয়েকে সে দূর থেকে ভালবাসত - যে ঘুণাক্ষরেও নাকি ধারণা করতে পারেনি কোনো উন্মাদপ্রায় কবি তাকে ভালোবেসে লিখে ফেলেছে শতাব্দীর শ্রেষ্ঠ কবিতাবলি।'[৬]

"ফিরে এসো, চাকা'র কবিতাগুলি যখন লেখা হচ্ছে তখন বিনয় মজুমদার মনোবিকলনের শিকার হয়ে পড়েন।"[৭] সেক্ষেত্রে চিকিৎসা বিজ্ঞানের ভাষায় তার সেই অসুখটি ছিল সিজোফ্রেনিয়া। এই সিজোফ্রেনিয়ার একটা বৈশিষ্ট্য এই যে তার শিকার হয়ে বিনয় মজুমদার আদৌ বাস্তবে যা ঘটেনি সেইসব বিষয়গুলির আবর্তে ক্রমাগত আবর্তিত হয়ে চলেছিলেন। সেক্ষেত্রে বলা যেতে পারে গায়ত্রীকে নিয়ে বিনয়ের যে কল্পনার নানামাত্রিক বিচ্ছুরণ তা আসলে সিজোফ্রেনিয়ার স্বাভাবিক ফল। তিনি একাব্যের সূচনায় লিখেছেন যুগান্তকারী চারটি পঙক্তি-

'একটি উজ্জ্বল মাছ একবার উড়ে
দৃশ্যত সুনীল কিন্তু প্রকৃত প্রস্তাবে স্বচ্ছ জলে
পুনরায় ডুবে গেলো এই স্মিত দৃশ্য দেখে নিয়ে
বেদনার গাঢ় রসে আপক রক্তিম হলো ফল।"[৮]

বিনয় তার নিজের জীবন ও অভিজ্ঞতার সঙ্গে গায়ত্রীকে একাকার করে নিয়ে ভেবেছিলেন তিনি ছিলেন ইঞ্জিনিয়ারিং কলেজের ফার্স্ট ক্লাস ফার্স্ট। একবার উজ্জ্বল হয়ে তিনি যেমন পুনরায় ডুবে গিয়েছিলেন, গায়ত্রীও তেমনি ফার্স্ট ক্লাস ফার্স্ট। কবি ভেবেছিলেন হয়তো গায়ত্রীরও তার মতো দশা হবে।

এরপর কাব্যটি যত এগিয়েছে গায়ত্রীর প্রতি বিনয়ের আবেগ নানা রঙে, রসে, রূপে, বর্ণে, ছন্দ ও অলংকারের দ্যুতিতে একটু একটু করে আরো উজ্জ্বল, ভাস্বর হয়ে উঠেছে। গায়ত্রী বিদেশে চলে গেলে বিনয়, গায়ত্রীর প্রতি ভালোবাসাকে অকপটে প্রকাশ করেছেন। এবং কি একটা ব্যথা এবং বিরহের আবর্ত থেকে তিনি লিখেছেন-

"বেশ কিছুকাল হলো চ'লে গেছো, প্লাবনের মতো একবারে এসো ফের; চতুর্দিকে সরস পাতার মাঝে থাকা শিরীষের বিশুষ্ক ফলের মতো আমি জীবনযাপন করি; কদাচিৎ কখনো পুরোনো দেয়ালে তাকালে বহু বিশৃঙ্খল রেখা থেকে কোনো মানুষীর আকৃতির মতো তুমি দেখা দিয়েছিলে। পালিত পায়রাদের হাঁটা, ওড়া, কূজনের মতো তোমাকে বেসেছি ভালো; তুমি পুনরায় চ'লে গেছো।"[৯]

কেউ কেউ এই গায়ত্রী চক্রবর্তীকে জীবনানন্দের কবিতার বনলতা সেন কিংবা সুনীল গঙ্গোপাধ্যায়ের নীরার সঙ্গে তুলনা করেছেন। কিন্তু একথা অস্বীকার করা চলে না যে, জীবনানন্দের জীবনে যে অস্থিরতা ছিল সেই অস্থিরতা থেকে মুক্তি পেতে তিনি আশ্রয় নিয়েছিলেন তার বনলতা সেনের কাছে। কিন্তু জীবনানন্দের জীবন-যন্ত্রণার চেয়ে বিনয় মজুমদারের জীবন-যন্ত্রণা অনেক বেশি গভীরতর ছিল।

তাইতো জীবনানন্দের বনলতা কিংবা সুনীলের নীরা তাদের কাছে ঈশ্বরী হয়ে ওঠেননি। সেক্ষেত্রে ঈশ্বরী এবং গায়ত্রী চক্রবর্তী এমন এক নারী, যাকে কবি তার মন-প্রাণ,

চিন্তা-চেতনা এককথায় সমস্ত সত্তাকে সঁপে দিয়েছিলেন। কারণ সেই সময়ে বিনয় আর্থিক, সামাজিক, পারিবারিক ও রাজনৈতিক জীবনে এমন একটা অস্থিরতার অবস্থায় পড়েছিলেন যে, তিনি বাধ্য হয়েছিলেন ঈশ্বরীর স্মরণাপন্ন হতে। নিজেকে তার হাতে সমর্পণ করেছিলেন বাঁচবার জন্যে।

এক্ষেত্রে উল্লেখ্য তখন গায়ত্রীময় জীবন বিনয় মজুমদারের।

তিনি যেদিকেই তাকান সবকিছুই কেমন যেন অস্পষ্ট ছবির মতো। যেন কোনো দেওয়ালে আঁকা অস্পষ্ট রেখার ন্যায়। যার কিছুই বিনয় বুঝতে পারেন না। কিন্তু তিনি হঠাৎ উপলব্ধি করলেন ঐসব অস্পষ্ট রেখার মধ্য দিয়ে ফুটে উঠেছে একটি নারীর মুখ। যার মধ্যে কবি আবিষ্কার করেছেন তার গায়ত্রী, ঈশ্বরীকে। যাকে একটা আবিষ্কার রূপে চিহ্নিত করে রতন কুমার বিশ্বাস লিখেছেন-

"গায়ত্রী আচ্ছন্ন কবি নিঃশ্বাস-প্রশ্বাসে সর্বদা যাঁকে নিজের মনোজগতে অনুভব করেছেন। তাঁর পক্ষেই সম্ভব দেয়ালে বিচিত্র বিশৃঙ্খল কিছু রেখার সামগ্রিকতায় কাব্য-ঈশ্বরীকে আবিষ্কার করা। কবি কল্পনার গভীর আত্মরতি থেকেই অস্পষ্ট কিছু রেখা ধরা দেয় বিশেষ 'মানুষী' রূপে - যাঁর সরস অভিব্যক্তি বিচিত্র পঙক্তিমালা। কবি সেখানে অর্ধনারীশ্বর। বিশ্বজনীন আবেদনে নিজের সৃষ্টিশীলতার মাধ্যমে প্রত্যেক মানুষের সৃষ্টি সত্তার অন্তঃস্থলে ডুব দিয়েছেন তিনি।

গায়ত্রীর প্রতি প্রেম একতরফা। বিনয়ের গায়ত্রীর প্রতি যে ভালোবাসা বাইরের সবাই জানত, তা কখনোই গায়ত্রীর কাছে পৌঁছে যায়নি। এই প্রসঙ্গে উল্লেখ্য একদা সুনীল গঙ্গোপাধ্যায় গায়ত্রীর কাছে জানতে চেয়েছিলেন, তিনি বিনয়কে চেনেন কিনা! তার উত্তরে গায়ত্রী জানিয়েছিলেন, তিনি বিনয়কে জানেন না, চেনেন না।

যে গায়ত্রীকে বিনয় কোনোদিন পেলেন না, যে গায়ত্রী বিনয়ের ঈশ্বরী তার সঙ্গে চলেছে কল্পলোকেই বিনয়ের লীলাখেলা। তিনি 'ঈশ্বরীর' কাব্যগ্রন্থের একটি কবিতায় লিখেছেন-

"আমি ঈশ্বরীর স্বামী - এইটুকু জেনেই আমি খুসি। ভবিষ্যৎ চিন্তা এসে আমাদের বর্তমান কাজ,

চিন্তাধারা প্রভৃতিকে অনেক পরিবর্তিত করে। প্রলোভন, প্রয়োজন পূর্বাহ্নে বিদিত আছে ব'লে দ্যাখো, সময়োপযোগী ব্যবস্থাপনার ফলস্বরূপে -

আমরা মিলিত হই তারার আলোর সুবিস্তারে,

আমরা মিলিত হই রোমশ গভীর অন্ধকারে,

আমরা মিলিত হই ওষ্ঠাধর সুলভ আলোকে।"[১০]

কোনো কোনো গবেষক এখানে বিনয়ের ভিতরকার প্রেমের সঙ্গে কোথায় যেন একটা স্বাভাবিক যৌনতার ক্ষেত্র এসে যুক্ত হয়ে গেছে বলে মনে করেন। একাব্যের শেষে কবি। লিখেছেন তার সেইসব বোধগুলি খেলা করে তার অবচেতনায়। তারপর তিনি আরো লিখে চলেছেন-

"নিজ মনে ভালোবাসা উদ্রেকের নিমিত্ত, ঈশ্বরী,

সকল চিন্তাই শুধু দয়িতের সঙ্গে প্রেমালাপের মতোন -

মনে মনে উভয়ের কথোপকথন রূপে করা অভিপ্রেত। যদি অবচেতনায় রমণাশ্চর্য অনন্তখচিত হয়ে যেতা![1]

বিষয়টি বাস্তবে কখনো ঘটেনি। কবি নিজেই নিজেকে একই সত্তার অন্তর্গত কখনো ঈশ্বরী কিংবা ঈশ্বর বলে ভাবছেন। মনোবিজ্ঞানের ভাষায় এই ভাবনা এবং একটি নারীর সঙ্গে তার কথা শোনা এবং উত্তর করাটা আসলে একটা হ্যালিউসিনেশন। এই প্রসঙ্গে ডা. সুমিত দাশ লিখেছেন-

"বাইরের কোনো উদ্দীপনা ছাড়াই যে অনুভূতি হয় তাকে অলীক অনুভূতি বলে। পঞ্চ ইন্দ্রিয়ের যেকোনোটাতেই এই অনুভূতি হতে পারে, তবে সবথেকে বেশি হয় শ্রবণ অলীক অনুভূতি বা অডিটর হ্যালিউসিনেশন। আক্রান্ত মানুষটার মনে হয় তাঁর কানে কানে এক বা একাধিক মানুষ বলছেন.... সিজোফ্রেনিয়ারোগী আপন মনে বিড়বিড় করেন; আসলে তিনি এই অলীক শ্রবণের উত্তর দেন। অনেকক্ষেত্রে তাঁর মনে হয় তাঁর প্রতিটা কাজকে ধারাবিবরণীর মতো বলে যাচ্ছেন এই অদেখা মানুষগুলো।[১১]

সুতরাং কবির 'নক্ষত্রের আলোয়' কাব্যগ্রন্থে কল্পনারীর সঙ্গে কবির যে বিচ্ছেদ বিরহের অনুভব তা 'ফিরে এসো, চাকায় গায়ত্রীকে অবলম্বন করে যাত্রা করেছে আরো একটা প্রসারিত লোকে। যেখানে বিরহের সঙ্গে যৌনতা মিশে গেছে কবির 'ঈশ্বরীর' কাব্যগ্রন্থের কবিতাগুলিতে।

বাস্তবে যে নারীদের বিনয় মজুমদার তার সমস্ত শরীরীসত্তা দিয়ে কাছে পেয়েছেন, তাদের কেউই গায়ত্রীর মতো উচ্চশিক্ষিত নারী নন। যারা যৌনপল্লীর বাসিন্দা। যাদেরকে কবিতার 'বাল্মিকীর কবিতা' কাব্যগ্রন্থে কখনো ফুল, কখনো চাঁদ কিংবা নদীর সঙ্গে তুলনা করেছেন। তিনি সেই ফুলের সঙ্গে তার সম্পর্কের কথা লিখেছেন একেবারেই অকপটে-

'এখন ফুলকে খাই প্রায়শই কলকাতা গিয়ে। কয়েক বছর ধ'রে খাওয়া হলো, ছেলেও হয়েছে।

আরো ছেলেমেয়ে চাই এই কথা ফুলকে বলেছি, খাওয়ার সময়ে আমি ধাক্কা দিতে

দিতে এই কথাই বলেছি।

ফুল তাতে রাজি আছে, এই ভাবে দুজনের জীবন চলেছে।
ফুলের ঘরের পাশে আরো বহু ঘর আছে, প্রতিটি ঘরেই
নদী আছে...![১২]

সুতরাং বলা যেতে পারে এই ফুল যে নারীটির সঙ্গে বিনয়ের সরাসরি যৌন সংসর্গের সম্পর্ক সংঘটিত হয়েছে, সেই নারীটি কলকাতায় বসবাস করেন। তাকে ঘিরে বিনয় যে কবিতার উচ্ছ্বাস ছুটিয়েছেন, তাতে করে অধ্যাপক আকাশ বিশ্বাস লিখেছেন-

'বিনয় অকপটে বুঝিয়ে দিচ্ছেন ঠিক কোন শ্রেণীর নারীর সঙ্গে লিও আছেন তিনি। বাংলা কবিতায় গণিকাসঙ্গমের দিকটা প্রায় অনুচ্চারিতই। বিনয়ের আগে ও পরে এত প্রকাশ্যে, এত তীব্রভাবে কখনোই উঠে আসেনি বাংলা কবিতায় ... স্বীকারোক্তি বিনয়ের আজীবনের অকপট স্বভাব। এই কারণেই তিনি কবিতা লিখে; সর্বভুক কালের হাত এড়িয়ে - অবিনশ্বর করে রেখে যেতে চান, ব্যক্তিগত সেইসব সত্য, যা হয়তো অন্য কেউ পাথর চাপা দিয়ে, কবর দিয়ে রাখতে চাইত মাটির তলায়।'[১৩]

"আমাকেও মনে রেখো কাব্যগ্রন্থের একটি কবিতায় বিনয় মজুমদার লিখেছেন-

"আমার সারাজীবনে একটি নারীও আমাকে তো
ভালোই বাসেনি যথা হরিদাস পালকে বাসেনি,
কাঁচি দিয়ে ছেঁটে ফেলে হরিদাস পালকে নারীরা।"[১৪]

পরিণত বয়সে এসে কবি বিনয় তার প্রতি নারীদের আচরণকে যে ভাষায় প্রকাশ করেছেন, তা হয়তো হতে পারে একটা চরম আক্ষেপের গর্ভ থেকে উঠে আসা দীর্ঘশ্বাস। কিন্তু সারা জীবনব্যাপী তিনি গায়ত্রীকে তার মনের মাঝে স্থান দিয়ে রেখেছেন।

একটি বিষয় উল্লেখ্য এই যে, গায়ত্রীকে প্রচলিত বাজার চলতি গ্রন্থগুলিতে অধ্যাপক জনার্দন চক্রবর্তীর কন্যা হিসেবে চিহ্নিত করা হয়েছে। কিন্তু 'বইয়ের দেশ'-এর একটি সাক্ষাৎকারে গায়ত্রী জানিয়েছেন, তিনি পরেশচন্দ্র চক্রবর্তীর কন্যা। পরেশবাবু ময়মনসিংহের ছেলে, পেশায় ছিলেন ডাক্তার। গায়ত্রী ভেবেছিলেন কেউ হয়তো বিষয়টা সংশোধন করে দেবেন। কিন্তু কেউ তা করেননি।

তবে বিনয়ের কাব্য ও কবিতায় যে কল্পনারী কিংবা গায়ত্রী কিংবা ফুল অথবা নদী তাদের প্রতি কবির যে সীমাহীন আকর্ষণ তা আসলে তার জীবনাসক্তির স্বাভাবিক ফল, একথা বলা যেতেই পারে।

উল্লেখপঞ্জী :

১. বিনয় মজুমদার:উন্মোচনের গান, নক্ষত্রের আলোয়, কাব্যসমগ্র ১ম খণ্ড,প্রতিভাস, জানুয়ারি ২০১৪, পৃ - ২৭
২. তদেব:চিরদিন একাএকা, পৃ- ২৮
৩. তদেব:রৌদ্রে, পৃ- ৩০।
৪. অমলকুমার মণ্ডল:অশ্বিনী তারার কবি, কবিতীর্থ, জানুয়ারি ২০০৯,পৃষ্ঠা-৮৬
৫. অরুণেশ ঘোষ:মহান মৃতের প্রতি একজন নগণ্য জীবিত, বিনয় মজুমদার: অনুধ্যানে অনুভবে, সম্পাদনা-অমল কুমার মণ্ডল, কবিতীর্থ, জানুয়ারি ২০০৭ পৃ-১১৯
৬. বিনয় মজুমদার:ফিরে এসো, ঢাকা (১নং কবিতা), কাব্যসমগ্র ১ম খণ্ড,প্রতিভাস, জানুয়ারি ২০১৪, পৃ - ৪২
৭. তদেব:১৮নং কবিতা, পৃ - ৫০
৮. রতন কুমার বিশ্বাস:ভালোবেসে শুয়ে আছে ঈশ্বরী ও সময়, পুঁইমাচা,প্রতিভাস, জানুয়ারি ২০১৪, পৃ - ২৭
৯. বিনয় মজুমদার:আমি ঈশ্বরীর স্বামী, ঈশ্বরীর কাব্যসমগ্র - ২য় খণ্ড,প্রতিভাস, জানুয়ারি ২০১৪, পৃ - ২৪
১০. তদেব:তোমার আমার মানসিক, পৃ-৩৮।
১১. ডা. সুমিত দাশ:রোগ যখন মনে, কথা শিল্প, জানুয়ারি ২০১১, পৃ-১৮
১২. বিনয় মজুমদার :যৌবন কাহিনী, বাল্মিকীর কবিতা, কাব্যসমগ্র, দ্বিতীয় খণ্ড, প্রতিভাশ,২০১৪,পৃষ্ঠা-৬৬-৬৭
১৩. আকাশ বিশ্বাস: পঞ্চাশের প্রবণতা ও বিনয় মজুমদার, বঙ্গীয় সাহিত্য সংসদ, ২০১২, পৃষ্ঠা-২৮০-৮১
১৪. বিনয় মজুমদার: কাব্য সমগ্র, দ্বিতীয় খণ্ড ,প্রতিভাস, জানুয়ারি 2014, পৃষ্ঠা-৬৬

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ :

১. বিনয় মজুমদার, কাব্য সমগ্র, প্রথম খণ্ড, জানুয়ারি 2014, প্রতিভাস
২. বিনয় মজুমদার, কাব্য সমগ্র, দ্বিতীয় খণ্ড ,জানুয়ারি ২০১৪, প্রতিভাস

সহায়ক গ্রন্থ :

১. অমল কুমার মণ্ডল ,অশ্বিনী তারার কবি ,জানুয়ারি 2009, কবিতীর্থ
২. অমলকুমার মণ্ডল, বিনয় মজুমদার অন্ধানে অনুভবে(সম্পাদনা),জানুয়ারি 2017 ,কবিতীর্থ
৩. অমরেন্দ্র চক্রবর্তী ,কবিতা পরিচয় ,১৯৯৮, স্বর্ণাক্ষর
৪. অরুণেশ ঘোষ, কবিতার অন্ধকার যাত্রা, কবিতীর্থ
৫. আকাশ বিশ্বাস, পঞ্চাশের প্রবণতা ,বিনয় মজুমদার,২০১২, বঙ্গীয় সাহিত্য সংসদ
৬ কুন্তল চট্টোপাধ্যায়, কবিতা ও আধুনিকতা, ২০০৩ ,রত্নাবলী
৭. তরুণ মুখোপাধ্যায়, কবি বিনয় মজুমদার, ২০১০, পাখির আকাশ

৮. দীপ্তি ত্রিপাঠী, আধুনিক বাংলা কাব্য পরিচয়, ২০১০, দে'জ

৯. ধ্রুবকুমার মুখোপাধ্যায়, বাংলা কবিতা পর্ব-পর্বান্তরে, ২০১০, প্রজ্ঞা বিকাশ

১০. বিমল কৃষ্ণ সরকার, কবিতার কথা, 1997, নয়া উদ্যোগ

১১. ড. সুমিত দাস, রোগ যখন মনে, জানুয়ারি২০১৯, কথা শিল্প

পত্র-পত্রিকা :

১. এবং মহুয়া, ২০১৯, সম্পাদক- মদনমোহন বেরা

২. কবিতীর্থ, 2021, সম্পাদক- উৎপল ভট্টাচার্য

৩. চন্দ্রভাষ,২০১৭ ,সম্পাদক-অজিত ত্রিবেদী

৪. নতুন গল্প, ২০২১, সম্পাদক- শংকর চক্রবর্তী

৫. শারদ সংখ্যা ভিস,২০১৮,সম্পাদক- চন্দন বাঙাল ও অভিক প্রধান

18

'বিষবৃক্ষ' ও 'চোখের বালি' : দাম্পত্য সম্পর্কের বিবর্তন

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
মৌসুমী প্রামানিক (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

ঊনবিংশ শতাব্দীতে সমাজ সংস্কারের প্রশ্নে যে বিষয়গুলি সেকালে বিপুল আলোড়ন। তুলেছিল, তাদের মধ্যে বিদ্যাসাগরের বিধবা বিবাহের বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি ক্ষেত্র। ইতিহাস বলে, ইতিপূর্বেই রামমোহন রায়, উইলিয়াম বেন্টিঙ্কের সহায়তায় ভারতের বুকে জগদ্দল পাথরের মতো বসে থাকা সতীদাহ প্রথাকে নির্মূল করেছিলেন। সেক্ষেত্রে সতীদাহ থেকে বেঁচে যাওয়া নারীদের সেকালের সমাজে সম্মানজনক একটা পুনর্বাসনের প্রয়োজন ছিল। সেক্ষেত্রে বিদ্যাসাগর, যারা বিধবা তাদেরকে লেখাপড়া শেখাবার পাশাপাশি পুনর্বার বিবাহের সূত্রে একটা নতুন জীবন দিতে চেয়েছিলেন।

তাইতো বহুবিবাহের বিরুদ্ধে বিদ্যাসাগর ক্রমাগত এক বলিষ্ঠ আন্দোলন গড়ে তোলবার পাশাপাশি বিধবা বিবাহের পক্ষে গণস্বাক্ষর সংগ্রহ করতে শুরু করেন। এই প্রসঙ্গে বিশিষ্ট প্রাবন্ধিক পাঁচুগোপাল বক্সি লিখেছেন-

'বিধবা বিবাহের বিরোধিতায় এক দল পণ্ডিত তাদের বক্তব্যের সমর্থনে শাস্ত্রীয় প্রমাণ খুঁজে না পেয়ে বিদ্যাসাগরকে ব্যক্তিগত আক্রমণ ও কটূক্তি করে নিজেদের বিদ্যে বুদ্ধির দৌঁড় বুঝিয়ে দিলেন... বিধবা বিবাহ যদিও শাস্ত্রসম্মত হয়, তবুও দেশাচার বিরুদ্ধ বলে প্রচলিত হওয়া উচিত নয়।'[১]

শুধুমাত্র মূর্খ পণ্ডিতদের দল নয়, সেখানে লেখাপড়া জানা বিশিষ্ট কবি ও সাহিত্যিক ঈশ্বর গুপ্তকেও দেখা গিয়েছিল বিদ্যাসাগরের বিধবা বিবাহের বিরোধিতা করতে। বিদ্যাসাগর বিধবা বিবাহের পক্ষে যেমন কলম ধরেছিলেন; তেমনি ঈশ্বর গুপ্তের শিষ্য বঙ্কিমচন্দ্র তার দুটি সামাজিক উপন্যাসে বিদ্যাসাগর প্রবর্তিত বিধবা বিবাহের বিরোধিতা করেন। সেই উপন্যাস দুটি যথাক্রমে একটি, 'বিষবৃক্ষ' এবং অপরটি, 'কৃষ্ণকান্তের উইল'।

গবেষণাপত্রটি প্রস্তুত করা হয়েছে বিশ্লেষণাত্মক পদ্ধতিতে। এক্ষেত্রে আগে মূলগ্রন্থ দুটির পাঠ এবং তারপর রেফারেন্স সহযোগে তার বিশ্লেষণ করা হয়েছে। এক্ষেত্রে বঙ্কিন রবীন্দ্রনাথের এই উপন্যাসগুলিতে দাম্পত্য সম্পর্কের সমস্যাগুলিকে নির্দেশ করতে সহায়তা নেওয়া হয়েছে

ক) বঙ্কিম ও রবীন্দ্রনাথের মূল উপন্যাসগুলি,

খ) তার উপর লেখা নানা আলোচনা ও সমালোচনা গ্রন্থ।

গ) বঙ্কিম ও রবীন্দ্রনাথের জীবনী, কিছু সাহিত্যের ইতিহাস,

ঘ) উপন্যাসগুলি থেকে নির্মিত কয়েকটি চলচ্চিত্র এবং

ঙ) প্রাসঙ্গিক বেশ কিছু পত্র-পত্রিকা।

তবে বঙ্কিমের পথ এবং রীতি মেনে রবীন্দ্রনাথ ঠাকুর তার উপন্যাস রচনা শুরু করলেও তিনি বিধবার পুরুষাসক্তির জন্যে তার 'চোখের বালি'র নায়িকা বিনোদিনীকে মৃত্যুদণ্ড দেন নি বরং তার প্রেমকে তিনি স্বীকৃতি দিয়েছেন।

উপন্যাসে দাম্পত্য সম্পর্ক -চোখের বালি, বিষবৃক্ষ : বঙ্কিমচন্দ্রের উপন্যাসের জগতে প্রথম পদক্ষেপ ছিল 'দুর্গেশনন্দিনী', এক ঐতিহাসিক উপন্যাস রচনার সূত্রে। তারপর ঐতিহাসিক উপন্যাস রচনার পাশাপাশি বঙ্কিম দেশপ্রেম ও রোমান্সধর্মী বেশ কয়েকটি উপন্যাস লিখেছেন। কিন্তু কোনো ঔপন্যাসিক সচেতন ভাবে তার কালকে উপেক্ষা করতে পারেন না। তাইতো বঙ্কিম সারা জীবনব্যাপী মোট চারটি পারিবারিক তথা সামাজিক উপন্যাস লিখেছিলেন।

ইতিপূর্বে 'বিষবৃক্ষ' ও 'কৃষ্ণকান্তের উইল' উল্লেখ করা হয়েছে। এছাড়াও বঙ্কিমের অপর দুটি সামাজিক ও পারিবারিক উপন্যাস যথাক্রমে 'ইন্দিরা' ও 'রজনী'। তবে অধ্যাপক ক্ষেত্র গুপ্ত, বঙ্কিমের 'ইন্দিরা' ও 'রজনী' উপন্যাস দুটিকে ঠিক ঠিক উপন্যাস বলে মানতে চাননি। তিনি এই দুটি রচনাকে বড়ো গল্প বলে চিহ্নিত করেছেন। এই উপন্যাস দুটিতে প্রেম এবং মানবিক নানা টানাপোড়েন থাকলেও বিধবা বিবাহ কিংবা দাম্পত্যের এমন কোনো জটিলতা সেখানে চোখে পড়ে না। তবে 'বিষবৃক্ষ' উপন্যাসটি সম্পর্কে অধ্যাপক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় লিখেছেন -

'বিষবৃক্ষে কৃষ্ণমন্দিনী নামের প্রতি আকৃষ্ট হয়ে চিত্তের দুর্নিবার প্রবৃত্তির কাছে নিজেকে সঁপে দিলেন ধর্নাঢ্য ভূস্বামী নগেন্দ্রনাথ। এবং সাধ্বী পত্নী সূর্যমুখীর প্রতি উদাসীন হলেন।'[২]

জীবন মানেই নানাবিধ সম্পর্কের ওঠাপড়া, নানা সম্পর্কের আসা-যাওয়া। এই বহুধা বিস্তৃত ও ব্যাপ্ত সম্পর্কের মধ্যে সবচেয়ে জটিল, সবচেয়ে দ্বান্দ্বিক অথচ প্রায় অপরিহার্য সম্পর্কসম্ভবত দাম্পত্য সম্পর্ক। মনস্তত্ত্বের আলোকে বঙ্কিমচন্দ্র-রবীন্দ্রনাথের বাংলা উপন্যাসেও এসেছে দাম্পত্য সম্পর্কের নানা ওঠাপড়ার দিক।

বঙ্কিম উপন্যাসের দাম্পত্য সংকটের মূলে রয়েছে নায়কের রূপল মোহ এবং গুরুতর সামাজিক সমস্যা। আর রবীন্দ্রনাথের উপন্যাসে এই সংকটের চেহারা বিবর্তিত হয়ে দাঁড়ালো ব্যাক্তিত্ব ও রুচিবোধের দ্বন্দ্বে। সামাজিক নিয়ম মেনে দুইজন অনাত্মীয় নারী-পুরুষ অনেক আশা, অনেক স্বপ্ন ও হৃদয়ভরা আবেগ নিয়ে দাম্পত্য সম্পর্কের বন্ধনে আবদ্ধ হয়। কিন্তু নরনারীর সম্পর্ক কখনো তাদের জীবনকে সুখ সমৃদ্ধিতে ভরিয়ে

তোলে তাদের অকৃত্রিম বন্ধুত্বের বন্ধনে, কখনো বা ঐ সম্পর্কের বন্ধন জীবনকে করে তোলে দুর্বিষহ।

সুখী দাম্পত্য জীবন পারস্পরিক ছন্দ মিল, একটু সহানুভূতি, সহমর্মিতা এবং কিছুটা ধৈর্য্য ও যত্ন প্রত্যাশা করে। বঙ্কিমের বিষবৃক্ষ' উপন্যাসে পাঁচটি দাম্পত্য সম্পর্কের প্রসঙ্গ আছে -

(ক) তারাচরণ-কুন্দনন্দিনী,

(খ) সূর্যমুখী-নগেন্দ্র,

(গ) শ্রীশচন্দ্র কমলমণি,

(ঘ) হৈমবতী দেবেন্দ্র এবং

(ঙ) নগেন্দ্র-কুন্দনন্দিনী।

এরমধ্যে সূর্যমুখী ও নগেন্দ্রের দাম্পত্যই লেখকের মূল অন্বিষ্ট।

সেখানে কুন্দনন্দিনীর প্রবেশ দুই দম্পতির মধ্যে আত্মবিচ্ছেদ ঘটিয়েছে। শুধুমাত্র 'বিষবৃক্ষ' নয় 'চন্দ্রশেখর', 'কৃষ্ণকান্তের উইল'-এর মধ্যেও লক্ষ্য করা গিয়েছে রূপজ মোহকে অবলম্বন করে দাম্পত্য সম্পর্কের ভাঙন।

রবীন্দ্রনাথের 'চোখের বালি' উপন্যাস রচনায় 'বিষবৃক্ষ' ও 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের কথা স্মরণে রেখেও বলা যায়, রবীন্দ্র উপন্যাস সম্পূর্ণ স্বতন্ত্র। 'চোখের বালি উপন্যাসটিতে যে সুস্পষ্ট একটি দাম্পত্য সম্পর্ক এসেছে তা মহেন্দ্রনাথ ও আশার। বিনোদিনীর প্রবেশ এবং মহেন্দ্রের সুখী দাম্পত্য সম্পর্কে একটা অবসাদ, উপন্যাসটিতে মনস্তাত্ত্বিক ও তৎকালীন নানা সামাজিক রীতিনীতির দিককে তুলে ধরেছে।

বিষবৃক্ষ - বীজ বপন:'বিষবৃক্ষ' উপন্যাসের অষ্টম পরিচ্ছেদে এসে দেখা গেল তারাচরণের মৃত্যু হয়েছে। এবং কুন্দনন্দিনী অসহায় হয়ে পড়লে নগেন্দ্রনাথ আবার তাকে নিজের গৃহে ফিরিয়ে এনেছেন। তখন কুন্দনন্দিনীর পরিপূর্ণ যৌবনের ঢল চারিদিকে ছড়িয়ে পড়েছে। তার দিকে চেয়ে মাঝে মাঝেই নগেন্দ্র কেমন উদাস হয়ে পড়েন। আর তার বাড়িতে কুন্দনন্দিনীর পুনর্গমন সম্পর্কে বঙ্কিমচন্দ্র লিখলেন- 'সূর্যমুখী কুন্দকে আপন বাড়ীতে আনিয়া রাখিলেন। তারাচরণকে যে বাড়ী করিয়া দিয়াছিলেন, তাহা বেচিয়া কুন্দকে কাগজ করিয়া দিলেন। পাঠক মহাশয় বড় বিরক্ত হইলেন সত্য, কিন্তু এতদূরে আখ্যায়িকা আরম্ভ হইল। এতদূরে বিষবৃক্ষের বীজ বপন হইল।'[৩]

কুন্দের প্রতি নগেন্দ্রের সীমাহীন আকর্ষণ যখন নগেন্দ্র ও সূর্যমুখীর দাম্পত্য সম্পর্কে নেতিবাচক ফল দিতে শুরু করল তখন সূর্যমুখীর মধ্যে ফুটে উঠেছিল একটা চূড়ান্ত বিষজ্বালা। সেই জ্বালার স্বাভাবিক ফলস্বরূপ সূর্যমুখী, কমলমণিকে একের পর এক

পত্র লিখেছেন। তিনি জানিয়েছেন, তার জীবনের একমাত্র অবলম্বন যে স্বামী তাকে কুন্দনন্দিনী জোর করে দখল করে নিতে অগ্রসর।

অপরপক্ষে নগেন্দ্রের মধ্যে লক্ষ্য করা গেল একটা চরম ঔদ্ধত্য। তিনি সূর্যমুখীর প্রতি বিরক্তি প্রকাশ করতে একটি ভৃত্যকে চরমভাবে প্রহার করলেন। সেই প্রহার সূর্যমুখীর অঙ্গে ভীষণভাবে বাজলো। তিনি বুঝতে পারলেন নগেন্দ্রের কাছে তার প্রয়োজন ফুরিয়েছে।

নগেন্দ্র তখন কুন্দনন্দিনীকে লাভ করতে মরিয়া। তাইতো তিনি বিধবা কুন্দনন্দিনীকে বিবাহ করতে উঠে পড়ে লাগলেন। তিনি এক্ষেত্রে বিধবা বিবাহের পক্ষে শাস্ত্রের উল্লেখ করে বলেছেন, তিনি অপুত্রক। সুতরাং পুত্র লাভের উদ্দেশ্যে তার বিবাহ অমূলক নয়; বরং সংগত। তাছাড়া নগেন্দ্র বিধবা বিবাহ সম্পর্কে বিদ্যাসাগরের নাম নিতেও দ্বিধা করেননি। কারণ-

বিদ্যাসাগরের মত কখনোই ভ্রান্ত হতে পারে না। সেক্ষেত্রে যখন সমাজের প্রশ্ন উঠল, তখন নগেন্দ্র গর্ব-উদ্ধত ভঙ্গিতে বলেন - "আমিই সমাজ!'

সূর্যমুখীগত প্রাণ নগেন্দ্রের চিত্তপরিবর্তনের কারণ সূর্যমুখীই একপ্রকার ব্যাখ্যা করেছে। উনিশ শতকে দাম্পত্য জীবনে নারী স্বাতন্ত্র্য ব্যক্তিগতভাবে স্বীকৃত হয়নি। পুরুষের বহুবিবাহ ছিল সেই সময়ে সমাজ-স্বীকৃত। তাই নগেন্দ্র বিধবা বিবাহের জন্য ঈশ্বরচন্দ্রের নাম করে কুন্দনন্দিনীকে বিয়ে করতে উদ্যত হয়ে ওঠে।

বিরক্ত সূর্যমুখী তখন নিজে সক্রিয় হয়ে কুন্দ এবং নগেন্দ্রের বিবাহ দিলেন।

নগেন্দ্র-মহেন্দ্র অনুশোচনা পর্ব:আসলে তৎকালীন যে অর্থনীতি এবং বিধবা বিবাহকে কেন্দ্র করে যে সকল সমস্যা ঘনিয়ে উঠেছিল তা একমাত্র তৎকালীন জমিদার বাড়িগুলিতেই সহজলভ্য ছিল। 'বিষবৃক্ষ উপন্যাসে দেখা গেল কুন্দের সঙ্গে নগেন্দ্রের বিবাহ দেবার পর সূর্যমুখী গৃহত্যাগী হয়েছেন। তিনি আশ্রয় নিয়ে ছিলেন এক সন্ন্যাসীর কাছে কিন্তু কিছুদিন যাবার পর কুন্দের প্রতি নগেন্দ্রের রূপজ মোহ ধীরে ধীরে কেটে যেতে থাকে। তখন গোছানো সূর্যমুখীর জন্যে নগেন্দ্রের মন তীব্র হাহাকার করে ওঠে। তিনি উপলব্ধি করেন, সূর্যের মতো স্ত্রী পাওয়া তার পক্ষে ছিল অত্যন্ত ভাগ্যের ব্যাপার।

সুতরাং বিধবা কুন্দনন্দিনীকে ঘিরে নগেন্দ্রের দাম্পত্য জীবনে যে সংকট ঘনিয়ে এসেছিল বা এক তীব্র সমস্যার সৃষ্টি হয়েছিল, কুন্দের প্রতি নগেন্দ্রের রূপজ মোহ একটু একটু করে কাটতে শুরু করতেই উপন্যাস তার পরিণতির দিকে যাত্রা করেছে।

অন্যদিকে 'চোখের বালি' উপন্যাসের অগ্রগতির সঙ্গে সঙ্গে দেখা গেল আশার প্রতি মহেন্দ্রের যতখানি বিরক্তি তৈরি হয়েছিল, একটা সময় তা বহুগুণ হয়ে বিনোদিনীর

প্রতি তীব্র রূপজ মোহ হয়ে উঠল। উপন্যাসের একান্ন পরিচ্ছেদে রবীন্দ্রনাথ লিখেছেন-

'মহেন্দ্রের মোহ দ্বিগুণ হইয়া উঠিল। সে অবরুদ্ধ কণ্ঠে বলিয়া উঠিল, বিনোদ আমি যমুনার ধারে অপেক্ষা করিয়া বসিয়া ছিলাম। তুমি যে এখানে অপেক্ষা করিয়া আছো আকাশের চাঁদ আমাকে সেই সংবাদ দিল, তাই আমি চলিয়া আসিলাম।'[৪]

অকস্মাৎ বিনোদিনীকে অধিকার করতে মহেজ, বিনোদিনীর দিকে অগ্রসর হলেন। বিনোদিনী চকিতে সরে এসে দাঁড়াল। তখন তাদের পারস্পরিক কথোপকথনে রবীন্দ্রনাথ লিখলেন -

মহেন্দ্র কহিল, তবে তুমি কাহার জন্যে সাজিয়াছ। কাহার জন্যে অপেক্ষা করিতেছ। বিনোদিনী আপন বুক চাপিয়া ধরিয়া কহিল, যাহার জন্যে সাজিয়াছি সে আমার অন্তরের ভিতরে আছে। 'মহেন্দ্র কহিল, সে কে। সে বিহারী?'

রূপজ মোহ ক্ষণিকের। সূর্যমুখীর গৃহত্যাগে নগেন্দ্রের সেই মোহ থেকে মুক্তি ঘটে। সূর্যমুখীর সঙ্গে তার পূর্ব প্রেমের স্মৃতি জাগ্রত হওয়ায় কুন্দনন্দিনীর প্রতি তার মনে ভয়ংকর বিরূপতার সৃষ্টি হয়। নগেন্দ্রনাথ, সূর্যমুখীর অনুসন্ধানে বেরিয়ে পড়ে।

বঙ্কিমচন্দ্রের মধ্যে সমাজ হিতের আকাঙ্ক্ষা ও ন্যায়-নীতিবোধের আদর্শ বড়। প্রবৃত্তির অসংযম ও রূপজ মোহ তাঁর কাছে অপরাধ মনে হয়েছে। তিনি বলেছেন। নিগেন্দ্রের যে - দোষ নাই, এমত বলি না। তাঁহার দোষ গুরুতর; প্রায়শ্চিত্তও গুরুতর আরম্ভ হইল।'[৫]

মহেন্দ্র-বিনোদিনী-বিহারী-আশালতা এদের চতুষ্কোণ প্রেমকে রবীন্দ্রনাথ একে অপরের পরিপূরক হিসেবে তুলে ধরেছেন। আশালতা ও মহেন্দ্রনাথের দাম্পত্য সম্পর্কের মাঝে বিনোদিনীর কর্মপটুরতা, শিক্ষা, সুনিপুণতা ও রূপজ মোহ এসে সম্পর্ককে নষ্ট করে। মহেন্দ্রনাথ বিনোদিনীর কাছে প্রায় একপ্রকার কাঠের পুতুল হয়ে নানা জায়গায় ঘুরে বেড়িয়েছে। কিন্তু বিনোদিনীর মনে কোনো প্রকার আধিপত্য বিস্তার করতে পারেনি।

মানবী হয়ে ওঠার গল্প - কুন্দ, বিনোদিনী:সাহিত্যের ইতিহাস বলে, সামাজিক উপন্যাসের ক্ষেত্রে বঙ্কিমচন্দ্র যে একটি সুনির্দিষ্ট পথ নির্দেশ করেছিলেন, সেই পথ ধরে বঙ্কিম পরবর্তীকালে যাঁরা সামাজিক উপন্যাস লিখতে এসেছেন, সেখানে দেখা গেছে সেইসব উপন্যাসের বিষয় হিসেবে নারীর স্বাতন্ত্র্য প্রণয় ও তার সতীত্বের নানামাত্রিক বিচার বিশ্লেষণের পাশাপাশি কৌলিন্য প্রথা ও বহুবিবাহের বিরুদ্ধতাসহযৌথ পরিবারের ভাঙন যেমন গুরুত্ব পেয়েছে; তেমনি করে কোনো কোনো উপন্যাসে উদ্ভাসিত হয়ে উঠেছে বিধবার পুনর্বিবাহের পক্ষে একটা তীব্র সমর্থন।

সেক্ষেত্রে রবীন্দ্রনাথ যখন ১৯০৩ সালে তার 'চোখের বালি' রচনা করলেন, তখন তাতে স্পষ্ট করেই 'বিষবৃক্ষ'-এর ছাপ লক্ষ্য করা গেছে। এই প্রসঙ্গে 'চোখের বালি'র

ভূমিকায় রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন

'আমরা একদা বঙ্গদর্শনে বিষবৃক্ষ উপন্যাসের রস সম্ভোগ করেছি। তখনকার দিনে সে রস ছিল নতুন। পরে সেই বঙ্গদর্শনকে নবপর্যায়ে টেনে আনা যেতে পারে। কিন্তু সেই প্রথম পালার পুনরাবৃত্তি হতে পারে না...শয়তানের হাতে বিষবৃক্ষের চাষ তখনও হতো, এখনো হয়। তবে কিনা তার ক্ষেত্র আলাদা। অন্তত গল্পের এলাকার মধ্যে।'

ফ্রয়েডীয় মনস্তত্ত্বের বিভিন্ন তত্ত্বাবলীর মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য হল স্বপ্ন। কুন্দনন্দিনী তার মায়ের স্বপ্নাদেশ মেনে চলতে পারেনি। প্রাণসংশয়ের কথা জেনেও অবুঝ থাকার মতোই একপ্রকার থেকেছে এবং ঘটনাচক্রে নগেন্দ্রের গৃহে প্রবেশ করেছে। তৎকালীন সময়ে সমাজে বিধবাদের নানারকম আচার-আচরণের পালনে সীমাবদ্ধ থাকার নিয়ম ছিল। কিন্তু যৌবনের দীপ্ততায় বিধবা হয়েও কুন্দনন্দিনীর নগেন্দ্রের প্রতি যে আকর্ষণ জনিত টান অনুভব হত সেই সূত্রেই উপন্যাসটিতে এসেছে একটা টানাপোড়েন।

নগেন্দ্র যখন প্রথমা পত্নী সূর্যমুখীর গৃহত্যাগের পর কুন্দকে তুচ্ছ-তাচ্ছিল্য করে বেরিয়ে যায় তখন থেকে দিনের পর দিন অবোধ বালিকা থেকে কুন্দের উত্তোরণ ঘটেছে। একটা সময় দেখা যায় পরিণত বুদ্ধিপ্রাপ্ত হয়ে সে উপলব্ধি করেছে নগেন্দ্রের কাছে তার রূপজ মোহ ক্ষীণ হয়ে সূর্যমুখীর পবিত্র ভালবাসা বড় হয়ে উঠেছে। তাই এই অবস্থায় আত্মত্যাগ ছাড়া তার আর কোনো পন্থা থাকে না।

রবীন্দ্রনাথ তাঁর 'চোখের বালি' উপন্যাসে যে বিনোদিনী চরিত্র নির্মাণ করেছেন সেই বিনোদিনীর সঙ্গে প্রথমে মহেন্দ্রের বিয়ে হওয়ার কথা ছিল ঠিকই কিন্তু ঘটনাক্রমে কুন্দের মতো সেও বিধবা হয়। মহেন্দ্রপত্নী আশাকে দেখে নারীসুলভ একটা ঈর্ষা তার মধ্যে একসময় আসে।

তার মনে হয় ঐশ্বর্যময় সুখের সংসার, সাজানো-গোছানো ঘরকন্না, এমন সোহাগের স্বামী সব তার হতে পারতো। শিক্ষিত, মার্জিত রূপ ও ব্যবহার দেখে মহেন্দ্র, বিনোদিনীর প্রতিআকৃষ্ট হয়ে পড়ে কিন্তু বিহারী আসার পর থেকে বিনোদিনীর এক অন্যরূপ প্রকাশ পায়। মহেন্দ্রকে উপেক্ষা করে একটা সময় তাকে সংসারে ফিরিয়ে দেয় এবং কাশীতে চলে যায়।

কুন্দনন্দিনী ও বিনোদিনীর এই আত্মত্যাগে উপন্যাসদুটিতে তাদেরকে মহত্তর করে তোলা হয়েছে। তবে এ প্রসঙ্গে বলা যায় বঙ্কিমের মতো রবীন্দ্রনাথ বিনোদিনীকে আত্মহননের পথে নিয়ে যাননি।

তিনি একটা নতুন আদর্শগত দিক থেকে বিনোদিনীকে নতুন একটা জীবন দান করেছেন।

চোখের বালি হল বিষবৃক্ষ:রবীন্দ্রনাথ 'চোখের বালি'র আলোচনা প্রসঙ্গে জানিয়েছিলেন, এই উপন্যাসটিতে তিনি সাহিত্যের একটি নবপর্যায়ের রীতি অনুসরণ করেছেন।

একালের ভাষায় যাকে বলা যেতে পারে সেই রীতিটি ছিল বিনোদিনীর আঁতের কথা বের করে আনতে একটা মনস্তত্ত্ব সম্মত বিশ্লেষণ পদ্ধতি। বাংলা সামাজিক উপন্যাসে বিধবা বিবাহ ঘটিত সমস্যার আলোচনায় অধ্যাপক পার্থ চট্টোপাধ্যায় লিখেছেন -

"বঙ্কিম পরবর্তী বাংলা সামাজিক উপন্যাসে বাঙালি জীবনের স্থিতি ও গতির দ্বন্দ্বকে প্রকাশ করতে গিয়ে বিধবা বিবাহ জনিত সামাজিক সমস্যা একসময় মুখ্য বিষয় হয়ে উঠেছিল। অবশ্য বিধবা বিবাহ বিধিসঙ্গত হওয়া উচিত কিনা এটা যতটা বিক্ষুব্ধ সামাজিক বিতর্কের বিষয় হয়েছিল, বাস্তবার্থে কোনো ব্যাপক সমস্যার সৃষ্টি করেনি।"[৬]

একটা সময় বিনোদিনী তার ঘরে উপুড় হয়ে শুয়ে বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' পড়ে। সেখানে বিধবার পুরুষাসক্তি বিনোদিনীকে ভিতরে ভিতরে উত্তেজিত করে তোলে। ঘনঘন নিঃশ্বাস পড়তে থাকে। কি একটা নারী সুলভ ঈর্ষায় বিনোদিনীর অন্তরটা পুড়ে ছারখার হয়ে যেতে থাকে।

মহেন্দ্রের বিনোদিনীর প্রতি দুর্বলতা ও সংসার থেকে মুখ ফিরিয়ে নেওয়ার ব্যাপারটা বন্ধু বিহারী একটা সময় বুঝতে পারে। বিনোদিনীকে নিয়ে দ্বাদশ পরিচ্ছেদে দেখা গেল মহেন্দ্র-বিহারী এবং আশার কথোপকথন। যেখানে মহেন্দ্র হালকাচালেই হয়তো বলেছে- বিনোদিনীর। ধ্যানে তার সকল কাজের উদ্দীপনা বিনষ্ট হয়ে চলেছে। আশা এই কথাটি জানতে পেরে নীরবে তর্জন করলেও মহেন্দ্র ও বিহারীর কথোপকথনে রবীন্দ্রনাথ এনেছেন 'বিষবৃক্ষ'-এর অনুষঙ্গ ---

"বিহারী কহিল, "বল কী। দ্বিতীয় বিষবৃক্ষ!"[৭]

মহেন্দ্র-ঠিক তাই। এখন উহাকে বিদায় করিবার জন্য চুনি ছটফট করিতেছে.....

বিহারী কহিল,

"বিদায় করিলেও ফিরিতে কতক্ষণ।

বিধবার বিবাহ দিয়া দাও বিষদাঁত একেবারে ভাঙিবে।"[৮]

মহেন্দ্র কুন্দরও তো বিবাহ দেওয়া হইয়াছিল।

মহেন্দ্রের মা রাজলক্ষ্মী, সেবাপরায়ণা বিনোদিনীকে কিছুতেই ছাড়তে চাইছিলেন না। যেকারণে মহেন্দ্র-আশা ও বিহারী সবাই মিলে অজান্তেই বিষবৃক্ষ বপনের ব্যবস্থা করলো। যেমন করে বঙ্কিমচন্দ্রের 'বিষবৃক্ষ' উপন্যাসে নগেন্দ্র-সূর্যমুখী-কমলমণির সক্রিয়তায় কুন্দনন্দিনীর থাকার ব্যবস্থা হয়েছিল।

অধ্যাপক অরুণকুমার মুখোপাধ্যায় তার এক আলোচনায় জানিয়েছিলেন, বঙ্কিম উপন্যাসের চরিত্রগুলির প্রায় কোনো স্বাধীনতা ছিল না। তাইতো তিনি যেমনটি চেয়েছেন; ঠিক তেমনটি করেই তার চরিত্রগুলির পরিণাম নির্ধারিত করেছেন। এক্ষেত্রে উল্লেখ্য, বঙ্কিমচন্দ্র বিধবা বিবাহকে সহ্য করতে পারেননি। তাইতো তিনি 'বিষবৃক্ষ'

কিংবা 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের পরিণতি যুক্তিপূর্ণ কিংবা শিল্পসম্মত হয়েছে কিনা সে বিষয়ে বিন্দুমাত্র ভাবনা- চিন্তা করেননি। তাইতো 'বিষবৃক্ষ'-এর পরিণাম সম্পর্কে প্রমথনাথ বিশী লিখেছেন-

"কুন্দ তো পুষ্পের মতোই সরল শুভ্র সুকুমার...এমনকি স্বপ্ন ও বাস্তবে প্রভেদ বুঝবার শক্তি তেমন প্রবল নয়। তার উপরে মনের ভাব মুখের কথায় ব্যক্ত করতে সে অক্ষম। কিন্তু অক্ষমতা তো অপরাধ নয়।"[৯]

তাইতো উপন্যাসের পরিণামে হীরা যখন কুন্দের সামনে বিষের কৌটো রেখে যান, তখন নগেন্দ্রের প্রেম হারানো কুন্দের আত্মহত্যা ছাড়া আর কোনো উপায় থাকে না। 'চোখের বালি' উপন্যাসটির কাহিনীটি দাঁড়িয়ে আছে বিনোদিনীর নারী চিত্তে দুটি সত্তার আলো-আঁধারিতে। তার বাইরের সত্তাটির মধ্যে ছিল নারীসুলভ আধিক্য। যা দিয়ে সে তার ছলাকলায় মহেন্দ্রকে তার বয়ে এনেছে। কিন্তু তার হৃদয়ের কথা ছিল অন্য। সে বিহারীকে তার হৃদয়ে স্থান দিয়েছিল।

তার সম্পর্কে জনৈকা প্রাবন্ধিক রীতা মোদক -ঔপন্যাসিক রবীন্দ্রনাথ' শীর্ষক একটি তিনি লিখেছেন -

অর্থগুণান্বিতা সর্বকর্মে নিপুণা বিনোদিনী ভাগ্যের নিষ্ঠুর মারে জীবনের পাওনা থেকে বঞ্চিত হয়েছে. বিহারীর প্রতি ভালোবাসাও পরিণতি পায় না। আসলে বিনোদিনী নিজের যে খেলায় মেতে ছিল সে খেলাই তাকে নিজের ভেতরের মানুষকে চিনিয়েছে।[১০]

তবে রবীন্দ্রনাথ বিনোদিনীর পুরুষাসক্তির জন্যে 'বিষবৃক্ষ'র কুন্দের মতো মৃত্যুদণ্ড দেননি। পরিণামে বিনোদিনী কাশী যাত্রা করেছে। আশা ফিরে পেয়েছে তার নিজের সংসার। কিন্তু এ উপন্যাসের পরিণাম নিয়ে মতই বিতর্ক থাকুক না কেন রবীন্দ্রনাথ বঙ্কিমের চেয়ে অনেকটাই প্রগতিশীল মানসিকতায় উত্তীর্ণ। তিনি বিনোদিনীর বিয়ে দিতে না পারলেও প্রেমকে স্বীকৃতি দিতে দ্বিধা করেননি।

উল্লেখপঞ্জী :

১. পাঁচুগোপাল বক্সি,দ্বিশত জন্মবর্ষে বিদ্যাসাগর জীবন ও কর্ম, ২০১১,পারুল প্রকাশনী, পৃ-১১১।
২. অসিতকুমার বন্দ্যোপাধ্যায়,পারুল বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, ২০১৬, মডার্ণ বুকএজেন্সি, পৃ-৩৮২।
৩. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়,বিষবৃক্ষ, ১৯৯৩, জে.এন.ঘোষ, পৃ-১৪।
৪. রবীন্দ্রনাথ ঠাকুর,চোখের বালি, রবীন্দ্র রচনাবলী-২য় খণ্ড, ১৪০২,বিশ্বভারতী, পৃ-৫০২।
৫. তদেব,পৃ. -৫০৩
৬. তদেব,ভূমিকা, পৃ-৩৭৩।

৭. পার্থ চট্টোপাধ্যায়,বাংলা সাহিত্য পরিচয়,২০১০, তুলসী প্রকাশনী,পৃষ্ঠা- ১৫৩

৮. রবীন্দ্রনাথ ঠাকুর,চোখের বালি, রবীন্দ্র রচনাবলী -২য় খণ্ড, ১৪০২, বিশ্বভারতী, পৃ-৩৯৬।

৯. প্রমথনাথ বিশী,বঙ্কিম স্মরণী, ১৯৯২, মিত্র ও ঘোষ পাবলিশার্স,পৃ-১২৯।

১০. রীতা মোদক,ঔপন্যাসিক রবীন্দ্রনাথ, ১৪১০, বঙ্গীয় সাহিত্য সংসদ, পৃ - ৫৯৫।

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ:

১. বঙ্কিম রচনাবলী (উপন্যাস), ২০১০, তুলি কলম ।

২. রবীন্দ্ররচনাবলী (তৃতীয় খণ্ড), ১৯৯৪ বিশ্বভারতী।

৩. রবীন্দ্ররচনাবলী (নবম খণ্ড), ১৯৯৪ বিশ্বভারতী।

সহায়ক গ্রন্থ :

১. অসিত বন্দ্যোপাধ্যায়, বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, ২০১৬, মডার্ণ বুক এজেন্সি।

২. পার্থ চট্টোপাধ্যায়, বাংলা সাহিত্য পরিচয়, ২০১২, তুলসী।

৩. প্রমথনাথ বিশী, বঙ্কিম স্মরণী, ১৯৯২, মিত্র ও ঘোষ পাবলিশার্স।

৪. পঞ্চানন মালাকার, বঙ্কিম সাহিত্যে ১৪১০, বঙ্গীয় সাহিত্য সংসদ।

৫. রীতা মোদক, ঔপন্যাসিক রবীন্দ্রনাথ, ১৪১০, বঙ্গীয় সাহিত্য সংসদ।

৬. শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, রবীন্দ্র সৃষ্টি সমীক্ষা, ১৯৯৭, মিত্র ও ঘোষ।

৭. বিমানবিহারী মজুমদার, হিরোইনস অব টেগোর, ১৯৮৯, ক্যালক্যাটা রিডার্স।

৮. প্রভাত কুমার মুখোপাধ্যায়, রবীন্দ্রজীবনী, (প্রথম খণ্ড) ১৯৮৪, বিশ্বভারতী।

৯. প্রশান্ত পাল, রবি জীবনী (তৃতীয় খণ্ড) ১৯৯৯, বিশ্বভারতী।

১০. দেবেশ কুমার আচার্য, বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১৫, ইউনাইটেড বুক এজেন্সি।

১১. শ্রীমন্ত জানা, বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১৬, ওরিয়েন্টাল বুক কোম্পানি।

পত্র-পত্রিকা :

১) শারদ সংখ্যা ভিস, ২০১৮, সম্পাদক : চন্দন বাঙ্গাল ও অভীক প্রধান

২) নতুন গল্পপত্র, ২০২১, সম্পাদক : শঙ্কর চক্রবর্তী।

৩) এবং মহুয়া, ২০১৯, সম্পাদক : মদন মোহন বেরা।

৪) চান্দ্রভাষ, ২০১৭, সম্পাদক : অজিত ত্রিবেদী।

৫) কবিতীর্থ, ২০২১, সম্পাদক : উৎপল ভট্টাচার্য।

19

ত্রয়ী বন্দ্যোপাধ্যায় এর উপন্যাসে নদী কেন্দ্রিক জীবন (নির্বাচিত)

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
দিতি সরকার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

বাংলা সাহিত্যের আধুনিক যুগ অসংখ্য ক্ষণস্থায়ী লেখকের অবদানের দ্বারা ব্যাপকভাবে সমৃদ্ধ হয়েছে। তাদের মধ্যে তিন বন্দ্যোপাধ্যায় অন্যতম। বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দোপাধ্যায়। এই বাংলা সাহিত্যে একটি নতুন সুর ও মাত্রা এনেছেন, প্রত্যেকেই তাদের স্বতন্ত্র শৈলী ও দৃষ্টিভঙ্গি নিয়ে।

বাংলা সাহিত্যে বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায়ের অবদান তাঁর জীবন প্রকৃতি - দর্শন দ্বারা চিহ্নিত চিহ্নিত ছিল, যা তিনি তার ধারাকে সমৃদ্ধ করতে ব্যবহার করেছিলেন। তিনি ছিলেন দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী একজন লেখক যিনি বিশ্বব্যাপী অর্থনৈতিক মন্দা, মূল্যবোধের অবক্ষয়, বেকারত্ব, হতাশা লক্ষ্য করেছিলেন। বিপর্যস্ত পৃথিবীকে তিনি সাহিত্যে রূপায়িত করেছেন। অপর দিকে, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ছিলেন একজন লেখক যিনি বাংলা সাহিত্যে অঞ্চলিক জীবন বোধ এবং সামন্তচেতনা নিয়ে আসেন। তিনি একাধারে কথাসাহিত্যিক ও রাজনীতিবিদ বাংলা উপন্যাসে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

মানিক বন্দ্যোপাধ্যায়, পৃথিবী জুড়ে যে মানবিক মূল্যবোধের চরম সংকট মুহূর্তে বাংলা কথাসাহিত্যে যে লেখকের হাত ধরে বাংলা সাহিত্য-জগতে নতুন এক বৈপ্লবিক ধারা সূচিত তাদের অন্যতম মানিক বন্দ্যোপাধ্যায়। তিনি এমন একজন লেখক যিনি বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, আঞ্চলিক জীবন - বোধ এবং সামন্ততনার সাথে ব্যক্তিজীবনের সংমিশ্রনে চিত্রায়নের মাধ্যমে বাংলা সাহিত্যে একটি নতুন মাত্রা এনেছিলেন। তার লেখনীর মাধ্যমে ফ্রয়েডীয় মতবাদ ও মার্ক্সবাদের মতবাদ নিবিড় করা যায়।

কল্লোল গোষ্ঠীর তিনজন ঔপন্যাসিক বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ও মানিক বন্দ্যোপাধ্যায়। প্রত্যেকেই কল্লোল পত্রিকাকে ঘিরে গড়ে ওঠা সাহিত্য দলের সদস্য ছিলেন এবং তাদের লেখনীর দৃষ্টিভঙ্গি একি ।

'ইছামতী' একটি উপন্যাস যা অবিভক্ত বাংলার ব্যারাকপুর গ্রামের পাশ দিয়ে ইছামতীর দুই তীরে বসবাসকারী গ্রামীন সমাজের জীবন ও জীবিকাকে চিত্রিত করে। উপন্যাসটিতে সেই সময়কার জমিদারী ব্যবস্থা ও নীলচাষ, নীলকুঠি সংক্রান্ত নানা ঘটনার চিত্র লিপিবদ্ধ হয়েছে।

অনটনের কারণে গ্রাম বাংলার গৃহস্থ ছাড়া হলা পেকে অধরমুচি নামে কিছু দস্যু ডাকাতের দল দেখতে পাওয়া যায়। যারা ধনী ব্যক্তিদের বাড়ি লুট করে প্রাপ্ত অর্থের বিনিময়ে। কিছু জেলে সম্প্রদায়ের লোককেও দেখি মাছ বিক্রি করে জীবিকা নির্বাহ করতে।

অপরদিকে, উপন্যাসে এক উল্লেখযোগ্য চরিত্র নালু পাল। মোল্লাহাটিতে পানসুপুরির ব্যবসা করতে শুরু করে এই জীবিকা অর্জন করে সে ক্রমশ উন্নতির শীর্ষে পৌঁছে যায়। উপন্যাসে গয়ামেম কে শিপটন সাহেবের তোষামোদকারী। হিসেবে দেখি। অত্যান্ত কষ্টের মধ্য দিয়ে জীবন ধারন করেন। রামকানাই কবিরাজ গ্রামে কবিরাজী করেই সংসার অতিবাহিত করেন। গ্রামের সমস্ত মানুষই তারা অত্যান্ত কষ্টের মাধ্য জীবন ধারন করত এবং জীবিকা মাধ্যম একটু কষ্টসাধ্য হয়ে ওঠে।

"হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কোপাই নদীর প্রায় বৃত্তাকার বাঁকে বাঁশবাদি গ্রাম। এই গ্রামে বাহার জাতির লোক বসবাস করে। এখানকার কে মানুষের জীবন জীবিকা অত্যান্ত কষ্টের মধ্য দিয়ে অতিবাহিত হত। বেহারা কাহারদের জীবিকা মূলত পাল্কি রহন করা। পালি বহন করা অস্ত্রের পূর্ব পুরুষের স্বপ্ন জীবিকা। আবার আটপৌরেরা পাল্কি বহন করেনা। কাহার সম্প্রদায়কে প্রত্যাহ জীবনে বেঁচে থাকার জন্য অধিক পরিশ্রমের সম্মুখীন হতে হয়। পাল্কি বহন করার পাশাপাশি। জমির কাজকর্ম ও সারতে হয় কাহারদের। চৌধুরী কর্তাদের আমল থেকে তারা বেহারার কাজ করে। এই সাহেবরা ফি বেহারাকে জমি দিয়েছিল যাতে তারা খেয়ে বেঁচে থাকতে পারে। বলা হত সেকালে কাহারদের বিভিন্ন অনুষ্ঠানে পাল্কি বহন করতে হত। কাহার মেয়েরা বাড়ির সমস্ত কাজকর্ম করে, আবার চন্ননপুরে গিয়ে দুধ ও ঘুঁটে বেচে, তারপর সারাটা দিন পরিশ্রম করে। এখানে কাহার সম্প্রদায়ের মেয়েরা জীবিকা নির্বাহ নিজেরাই করে। উপন্যাসে, আরেক উল্লেখযোগ্য চরিত্র করালী যে প্রথম রেললাইনে কুলির কাজ নিল। কারণ চাষের কাজে অনেক ঝামেলা, কুলির কাজে নগদ পয়সা, অতএব এই জীবিকা অর্জনে করালীর মোহ ছিল।

কাহার সম্প্রদায়ের মানুষের দৈনন্দিন জীবন ধারণ করার জন্য দ্রব্য সামগ্রী তাদের কে খুব কষ্ট করে জোগার করতে হত। ধান, চাল, গুড়ের দাম বাড়লে তাদের কিছু লাভ নেই, কারণ তারা মনিরের ক্ষেতে খেটে যায়। ধানের মরঝুমে দেরিতে ধান হয়। সে কারণে বাড়ির কানাচে শাকপাতা হয়, পুকুর, বিলে শামুক, গুগলি ধরে নিয়ে আসে আহারের জন্য। কয়লা পোড়ায় না নদীর ঝোপজঙ্গল থেকে কাঠ কুড়িয়ে আছে। সেটা কিছুটা জ্বালানী ব্যবহৃত করে ও থাকিটা করে তাদের জীবিকা নির্বাহ করে। সুতরাং বলা যায়, কাহার সম্প্রদায়ের জীবন জীবিকা অন্য সম্প্রদায়ের থেকে একটু

ভিন্ন বিভূতিভূষন বন্দোপাধ্যায় তার লেখনীর মাধ্যমে জীবন জীবিকার অসামান্য সাফলো উপন্যাসটিতে ফুটিয়ে তুলেছেন।

'পদ্মা নদীর মাঝি' উপন্যাসে কেতুপুর গ্রামের বসবাসকারী জেলেদের জীবন জীবিকা সংগ্রামের কাহিনী। যাদের নিয়ে উপন্যাস তাদের প্রধান জীবিকা হল পদ্মার বুকে মাছ ধরা ও মাঝিগিরি করা। নিম্নবর্গের হিন্দু ও বেশ কিছু মুসলমান পরিবার নিয়ে এই বৃত্তিজীবি গোষ্ঠী গড়ে উঠেছে এদের অর্থ উপার্জনের কি প্রধান মাধ্যম হল নদী থেকে মাছ সংগ্রহ করে তা স্থানীয় বাজারে বিক্রি করা। উপন্যাসে জেলে জীবনের অর্থনৈতিক বৈষম্যের নিদারুন চরিত্র উত্থাপিত হয়েছে। কুবের গণেশ, ধনঞ্জয় তিনজন মিলে নৌকায় মাছ ধরে। বিপুল পদ্মা যখন কৃপন হয় তখন মাঝিদের জীবনে দুর্দশা নেমে আসে। আবার ইলিশের মরশুমে তাদের জীবনে কিছুটা স্বস্তি অথবা জীবিকা অর্জনের একটি নির্ভরযোগ্য মাধ্যম হয়ে ওঠে। কুবের সহ অনানা ধীবরদের অধিক পরিশ্রম করে তাদের জীবনে নানা সংকটের মুখে পড়তে হয়। তাদের অবস্থা এতটা সংকটময় অবস্থা যেখানে অন্ন, বস্ত্র, বাসস্থান তিনটির মৌল চাহিদা মেটাতে হিমসিম খেয়ে যেতে হয়। তাদের জীবন কেবল ক্ষুধা, পিপাসা, স্বার্থ ও দেশী মদের মধ্যে সীমাবদ্ধ। কুবের সহ অনান্য মাঝি তাদের জীবন জীবিকা তাদের অমানুষিক পরিশ্রমের ফলে গড়ে ওঠে।

'ইছামতি' উপন্যাসে দেওয়ান রাজারাম রায়ের তিন বোনের বিবাহ হয়নি তখন সমাজে কুলীন কুমারী মেয়েদের কোনো স্থান ছিল না। অভিজাত্যের দ্বারা আরোপিত হয়ে জাতিগত বিধি নিষেধের কারণে ভবানী বাঁড়ুয্যে রাজারামের তিন বোনকে বিবাহ করেন। তিলু, বিলু, নিলু তিন স্ত্রীকেই ভবানী বাড়ুয্যে ভালবাসত স্নেহ করত। কিন্তু তিলুকে সে বেশি ভালোবাসত। তিলু পতিভক্ত পরায়না নারী ছিলেন। স্বামীকে ভালোবাসত স্বামীর কোনো বিষয়ে দ্বিমত নেই ছিল না।

আবার, গয়ামেম, শিপটন সাহেব ও প্রসন্ন চক্কতি এই তিন চরিত্রের প্রেম সম্পর্ক, বিরহ অভিমান উপন্যাস পাঠে দেখতে পায়। গ্রামীণ সমাজে নারীর অবদমন, কুসংস্কারের ও জাতপাতের দ্বন্দ্ব ছিল। অপরদিকে, নীলচাষ ও নীলবিদ্রোহের প্রাদুর্ভাৰ দেখা যায় তৎকালী সমাজে। কৃষকদের কাছ থেকে জমি কেড়ে নেওয়া হত। নীল চাষে বাধ্য করা হত। সেকারণে ইংরেজ সাহেব ও সাধারণ কৃষকদের মধ্যে এক পারস্পরিক দ্বন্দ্বের সূত্রপাত ঘটে।

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে কাহার ও আটপৌরে, দের মধ্যে প্রেমের বাতাবরণ সৃষ্টি হয়েছে। এখানে প্রেমের স্বরূপ রঙ দিয়ে বোঝায়। উপন্যাসে এবং চরিত্র পাখির মধ্যে রঙের ছোঁয়া দেখা গেছে। করালীর সঙ্গে পাখির মনে। মনে রঙ ধরেছে।

রাজবংশী পাখি করালীর সঙ্গে পালিয়ে যায়। আবার এই রঙের ছোঁয়াতে বনওয়ারী ও কালোশশীর সাথে প্রেমের সম্পর্কে আবদ্ধ হয়। কাহার সম্প্রদায়ে করালী বিদ্রোহী দুঃসাহসিক ব্যাক্তি। কাহারের আচার আচরন, রীতি, নীতি, এ সংস্কার কিছুই মানে না সে। করালীই প্রথম নিয়ম ভাঙে। তাঁদের কর্তাবাবার বাহনকে পুড়িয়ে মেরেছে করালী। সেই কারণে সমাজে নানান সম্মুখীন হতে হয় তাকে। যেহেতু মনওয়ারী পুরানো রীতি আঁকড়ে ধরতে চায়, কিন্তু করালী যুক্তিবাদী তরুন সমাজের কুসংস্কারের দিকে প্রশ্নবাণ নিক্ষেপ করে। মালার বোন বাপিলার সঙ্গে রসালাপ ও গড়ে ওঠা প্রেম সম্পর্ক সামাজিকতার আবরণে ঢেকে রাখে। মাঝি কুবেরের মনের দোলনাক সবেগে নাড়া দিয়েছে কাপিলা। ভীতু কুবেরের জীবনে দারিদ্র আর প্রেমের এক বিরতিহীন প্রতিযোগিতা চলে। কুবের যে অপ্রতিরোধ্য আকর্ষন অনুভর করেন তা পূরণ না করা যায় না। কৌতুক পূর্ন কাপিলার প্রতি তার তীব্র মুগ্ধতা নিছক অবৈধ। অপরদিকে, উপন্যাসে হোসেন মিয়া যে ময়নাদ্বীপে আধিপত্য বিস্তার করেছিলেন। যেখানে এই ধীবর সমাজের মানুষদের কে ময়নাদ্বীপে বসতি স্থাপনে বাধ্য করে। বারংবার এই হোসেন মিয়ার সাথে উপন্যাসে দ্বন্দ্ব পপ বিভিন্ন চরিত্রের পারস্পরিক দ্বন্দ্ব দেখা যায়।

'ইছামতী' উপন্যাসে বিভূতিভূষন এর কল্পনা ও মনন ফসল। নদীর যেমন অসংখ্য ঢেউ থাকে এ আবার তা মিলিয়ে যায়। ঠিক আমাদের জীবনটাও এরকম একটা প্রবাহ ইছামতী নদীর মতো। একমনে উপন্যাসে রিভি প্রতিটি চরিত্র এসেছে। আবার তারা জীবন স্রোতে মিলিয়েও গেছে।

কিছু কিছু চরিত্র নদীর জলের মতো স্বচ্ছ স্বচ্ছ ও পবিত্র। এখানে সেই জলজীবন প্রতীকী হিসেবে বহৃত হয়েছে।

ভবানী বাঁড়ুয্যে থেকে শুরু করে রাজারাম রায় নানুপাল এর জীবনে উত্থান পতন পরিলক্ষিত করা।

অন্যদিকে, হাঁসুলী বাঁকের দেশ একটু আলাদা ।সারাবছর নদীতে জল থাকে না। কিন্তু এই নদীই আবারহাসুলী

বাঁকের মানুষদের বাঁচিয়ে রাখে। উপন্যাসে সমাজের নানাকুন সংস্কার, রীতি নীতি কুসংস্কার, পুরানো সংস্কার ও আধুনিক

ধারার কে ভেঙে আধুনিক নতুন সমাজকে গড়ে তোলার প্রচেষ্টা, কাহার সম্প্রদায়ের মানুষ একটু ভিন্ন। যারা অলৌকিক সমাজেন যারা বার্তাবহ কে বিশ্ব বিশ্বাস করে নিঃসন্দেহে। এই হাঁসুলী বাঁকের পতন হবে অন্যরকম, মর্মান্তিক বন্যার মধ্য দিয়ে। যেখানে কাহার সম্প্রদায় তাদের জলজীবন পরিচয় হারিয়েছে।

'পদ্মা নদীর মাঝি' উপন্যাসে মাঝিদের দুঃসাহসিক ও মানব অসাধারন জীবন প্রবৃত্তির

সংঘাত উপন্যাসকে বাহিত করেছে। এই নদীর ওপর নির্ভর করেই জেলে সম্প্রদায় বেঁচে আছে। মাছ চালান দেওয়া, বাজারে বিক্রি করা সমস্ত কিছুই। কুবের, গণেশ ও ধনঞ্জয় আরো অনেক মানুষ কে বাঁচিয়ে রেখেছে এই পদ্মা নদী।

উপন্যাসে কুবের কে মাথা নত করতে হয় হোসেন মিয়ার মতো লোকের সামনে। হত দরিদ্র কুবেরের জীবনে নানান ঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে অতিবাহিত হয় কুবের তার জলজীবন পরিচয় হারিয়েছে। সাথে সাথে তার পারিবারিক জীবনেও উত্থান ও পতন ঘটে।

এতক্ষন ধার সুদীর্ঘ আলোচনার মাধ্যমে আমরা বর্তমানে সারাৎসার কর্মটিক সঠিক চর্চা করা হল। আমার বর্তমান সারাৎসার শিরোনামটি হল "এয়ী বন্দোপাধ্যায়ে উপন্যাসে নদী কেন্দ্রিক জীবন! প্রসঙ্গ 'ইছামতী', 'হাঁসুলী বাঁকের উপকথা', 'পদ্মা নদীর মাঝি'। স্বভাবত কারনেই এই শিরোনামটি সামনে রেখে এবং বিষয়বস্তুর সঠিক মূল্যায়ন করার চেষ্টা করেছি। নদীর কেন্দ্রিক জীবন নিয়ে কাজ করতে গিয়ে 'ইছামতী', 'হাসুলী বাঁকের উপকথা', 'পদ্মা নদীর মাঝি', উপন্যাসের জীবন সাধারণ মানুষের জীবন কে ঘনিষ্ঠভাবে দেখেছি। ত্রয়ী বন্দোপাধ্যায় বাংলা সাহিত্যে ব্যাপক ভাবে সমৃদ্ধ হয়েছে। বিভূতিভূষন বন্দোপাধ্যায়, তারাশঙ্কর বন্দোপাধ্যায়, মানিক বন্দোপাধ্যায় এই লেখকরা বাংলা সাহিতে একটি নতুন সুর ও মাত্রা এনেছেন।

'ইছামতী' উপন্যাসে বাংলার ব্যারাকপুর গ্রামের পাশ দিয়ে ইছামতীর দুই তীরে বসবাসকারী গ্রামীন সমাজের জীবন ও জীবিকার চিত্র অঙ্কিত হয়েছে। এলাকার কৃষকরা ব্যথিত। কালচা যেন কৃষকদের বিলাপ ও বিদ্রোহের চিত্র তুলে ধরা হয়েছে উপন্যাসটিতে।

'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে মানুষের জীবন ও জীবিকা ছিল মূলত পাল্কি বহন করা। অস্ত্র আবার কৃষিকাজ ও কর ছিল তার পেশা। করত আবার পাল্কি বহন করার পাশাপাশি কৃষিকাজ করত। মাঠে ক্ষেতে কাজ কর্ম করতে হত।

পদ্মা নদীর মাঝি' উপন্যাসে জেলেদের জীবিকা জীবন জীবিকা সংগ্রাম কাহিনী যেখানে তার মূলত তামার বুকে মাঝি গিরি করো মাছ ধার জীবিকা নির্বাহ করা।

'ইছামতী', 'হাঁসুলী বাঁকের উপকথা' ও 'পদ্ম নদীর মাঝি তিন উপন্যাসে পারস্পরিক মানুষের প্রেম ও পারস্পরিক দ্বন্দ্ব ফুটিয়ে উঠেছে। ইছামতী উপন্যাসে কিছু কিছু চরিত্রের উত্থান হয়েছে আবার পতন ও হয়েছে। উল্লেখযোগ্য ভবানী বাড়ুয্যের মধ্য দিয়ে সামাজিক, বর্তমান যুগ সম্পর্কের ধারা উন্মোচিত হয়েছে। হাঁসুলী বাঁকের উপকথায় পুরানো সংস্কারকে ভেঙে তো আধুনিক এ ধারার প্রবর্তন করতে উদ্বুদ্ধ করে করালী। 'পদ্মা নদীর মাঝি উপন্যাসে হত দরিদ্র কুবের, যে পদ্মার নদীতে মাঝিগিরি করে তার জীবন অতিবাহিত করেছেন।

আলোচনা প্রসঙ্গে নদী কেন্দ্রিক জীবন সম্বন্ধে তত্ত্ব ও তথ্য ভিত্তিক আলচনা করা হয়েছে তথাকথিত শিরোনামের প্রয়োজনে এবং স্বভাবতই সেই প্রয়োজনের তাগিদে বিভিন্ন কথা সাহিত্যিকের নাম এবং তাদের সৃষ্ট গ্রন্থের নাম উল্লেখ করেই আলোচনা পর্বটি শেষ হয়েছে। কিন্তু এই আলোচনায় শেষ নয় ভবিষ্যৎ অথবা আগামীকালে এই নদী কেন্দ্রিক জীবনের উপর আরো কত বিচিত্র আলোচনা হবে তা বলা যায় না। নতুন দৃষ্টিভঙ্গিতে অতিসহজভাবে যে আলোচনা করেছি সেদিক থেকে বর্তমান সারাৎসার পত্রটি কতখানি স্বার্থক হয়েছে তা বলা সম্ভব না হলেও সারাৎসার কর্মটি যে মৌলিক তা দাবি রাখে। উপসংহারের পরিবর্তে পূর্বোক্ত বিষয়টিকে মনের মনিকোঠায় আবদ্ধ রেখে আলোচনা অংশ শেষ করছি।

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ :

১. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।। "হাঁসুলী বাঁকের উপকথা" ।। চারুলতা প্রকাশন।।

২. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ।। "ইছামতি"।। মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ।। প্রথম করুনা প্রকাশ : অগাস্ট ২০১৭।। ISBN: 81-7293-319-3।।

৩. মানিক বন্দ্যোপাধ্যায়।। "পদ্মা নদীর মাঝি" ।। করুণা প্রকাশনী কোলকাতা -৯ ।। ISBN: 978-81-8437-352311

সহায়ক গ্রন্থ :

১. আলোক রায় সম্পাদিত ।। "হাঁসুলী বাঁকের উপকথা পাঠ ও পর্যালোচনা" ।। অক্ষর প্রকাশনী ।।

২. তপোধীর ভট্টাচার্য ।। "উপন্যাসের ভিন্ন পাঠ" ।। বঙ্গীয় সাহিত্য সংসদ ।।

৩. দেবব্রত বিশ্বাস সম্পাদিত ।। "প্রতিবাদের উপন্যাস" ।। বাংলার মুখ ।।

20

বঙ্কিমচন্দ্রের উপন্যাসে চিঠি-পত্রের ভূমিকা (নির্বাচিত)

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
রিম্পি ঘোষ (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

সাহিত্য হল কল্পনা এবং বাস্তবের মেলবন্ধন, আর এই সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ অংশ হল উপন্যাস। উপন্যাসকে আমরা বিভিন্নভাগে ভাগ করতে পারি, যথা সামাজিক উপন্যাস, ঐতিহাসিক উপন্যাস, রোমান্সধর্মী উপন্যাস, রাজনৈতিক উপন্যাস, আঞ্চলিক উপন্যাস, মন উপন্যাস, পৌরাণিক উপন্যাস এবং আত্মজীবনীমূলক উপন্যাস ইত্যাদি। বাংলা উপন্যাস জগতের বেশ কয়েকজন ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে আমরা শ্রেষ্ঠ উপন্যাস রচয়িতা বলতে পারি। তার হাত ধরে বাংলা উপন্যাস গুলি ভিন্নমাত্রা পেয়েছে।

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (জুন ২৬, ১৮৩৮ - এপ্রিল ৮, ১৮৯৪) উনিশ শতকের বাংলা সাহিত্যের একজন শ্রেষ্ঠ ঔপন্যাসিক। বাংলা গদ্য ও উপন্যাসের বিকাশে তার অবদান রয়েছে।

বিংশ শতকের শ্রেষ্ঠ নাট্যকার বার্নাড শ লিখেছিলেন -

"For art's sake alone I would not face the toll of writing a single line....."

উনবিংশ শতকের বঙ্কিমচন্দ্রের জন্য এই লেখাটি যেন বার্থই উপযুক্ত। বাংলা সাহিত্যের সব শাখায় তার নির্বাধ পদচারন। লেখক রূপে বঙ্কিমচন্দ্রকে পাওয়া যায় ১৮৫৬ অব্দে ছাত্রাবস্থার শেষ দিকে, ঈশ্বর প্রষের সংবাদ প্রভাকর (১৮৩১) এ প্রথমে তার একটি গদ্য ও একটি পদ্য প্রকাশিত হয়। বাংলা ভাষার আদি সাহিত্যপত্র বঙ্গদর্শনের প্রতিষ্ঠাতা ও সম্পাদক ছিলেন বঙ্কিমচন্দ্র। ছদ্মনাম হিসাবে কমলাকান্ত নামটি বেছে নিয়েদিলেন। তিনি বাংলা সাহিত্যের সাহিত্য সম্রাট হিসেবে পরিচিত। বঙ্কিমচন্দ্রের আগের লেখকদের লেখনীতে উপন্যাসের বেশ কিছু লক্ষণ থাকলেও সেগুলি যথার্থ উপন্যাস হয়ে উঠতে পারেনি। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রথম তার উপন্যাসে ইতিহাস ও রোমান্সের মেলবন্ধন ঘটিয়ে উপন্যাস তৈরি করেছে।

আমার গবেষণা পত্রের শিরোনাম "বঙ্কিম উপন্যাসে (নির্বাচিত) চিঠিপত্রের ভূমিকা"। আমার অণু-গবেষণা পত্রের এই ক্ষুদ্র পরিসরে আমি নিম্নলিখিত অধ্যায় বিভাজনের মাধ্যমে আমার গবেষণার কাজটি সম্পন্ন করার চেষ্টা করব-

বঙ্কিম উপন্যাসে বৈচিত্র : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ছিলেন উনিশ শতকের বিশিষ্ট বাঙালি

ঔপন্যাসিক। সাহিত্যের নবীনতর জনপ্রিয় একটি শাখা উপন্যাস। পাশ্চাত্য উপন্যাস ও রোমান্সের প্রভাবে বঙ্কিমচন্দ্র সর্বপ্রথম তার রচনায় নানা ধরনের কায়া 3 কান্তি নির্মাণ করে অপরিসীম কৃতিত্বের পরিচয় দিয়েছেন। তাই তো সুকুমার সেন জানিয়েছেন- "বঙ্কিমচন্দ্র আধুনিক বাসালা উপন্যাসের ব্রহ্মা অর্থাৎ স্রষ্টা নহেন, ত্বষ্টা অর্থাৎ শিল্পস্রষ্টা। উপন্যাস মূলত মানুষের জীবনের গল্প, যার অবলম্বন নর-নারী। যারা বাস্তবের অন্নেবস্ত্রে মানুষ। বঙ্কিমচন্দ্র শেষ বাইশ বৎসরের মধ্যে (১৮৬৫ - ১৮৮৭) মোট চৌদ্দখানি উপন্যাস লিখেছিলেন বাংলা ভাষায়। তাঁর লেখা প্রথম উপন্যাসটি ইংরেজিতে লেখা 'Rajmohan's wife' (Indian Field সাপ্তাহিক পত্রে ধারাবাহিক প্রকাশিত ১৮৬৪) বহুপ্রকার সাহিত্য ও সমাজের ঘটনার সঙ্গে যুক্ত থেকে তিনি অনেকগুলি বিচিত্র শ্রেণির উপন্যাস রচনা করেছেন। তাঁর উপন্যাসের বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে ডঃ অসিতকুমার বন্দোপাধ্যায় তার 'বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত' গ্রন্থে তিনটি শ্রেণিতে ভাগ করেছেন। যথা- ক. ইতিহাস ও রোমান্সধর্মী উপন্যাস -

'দুর্গেশনন্দিনী' (১৮৬৫), 'কপালকুণ্ডলা (১৮৬৬), 'মৃণালিনী' (১৮৬৯), 'যুগলাঙ্গুরীয়' (১৮৭৪), 'চন্দ্রশেখর' (১৮৭৫), 'রাজসিংহ' (১৮৮২), 'সীতারাম' (১৮৮৭) ।

খ. তত্ব ও দেশাত্মবোধক উপন্যাস- 'আনন্দমঠ' (১৮৮৪), 'দেবী চৌধুরানী' (১৮৮৪)।

গ. সমাজ ও গার্হস্থ্যধর্মী উপন্যাস - 'ইন্দিরা' (১৮৭৩), 'রাধারানী' (১৮৮৬), 'বিষবৃক্ষ' (১৮৭৩), 'কৃষ্ণকান্তের উইল' (১৮৭৮), 'রজনী' (১৮৭৭) ।

বঙ্কিমচন্দ্রের প্রথম বাংলা উপন্যাস 'দুর্গেশনন্দিনী (১৮৬৫) ও সর্বশেষ উপন্যাস 'সীতারাম' (১৮৮৭) । তার উপন্যাস গুলি তিনটি শ্রেণির মধ্যে সীমাবদ্ধ নয়, এক শ্রেণির উপন্যাসের মধ্যে অন্য শ্রেণির বৈশিষ্ট্যও খুঁজে পাওয়া যায়।

বঙ্কিমের প্রথম পর্বের তিনটি উপন্যাস 'দুর্গেশনন্দিনী', 'কপালকুণ্ডলা' ও 'মৃণালিনী' নিঃসন্দেহে ঐতিহাসিক রোমান্সধর্মী উপন্যাস। এই তিনটি উপন্যাস ইতিহাস পটভূমিকায় রচিত হলেও মানব মানবীর প্রেমের বিষয়টি বেশি গুরুত্ব পেয়েছে। তিনটি উপন্যাস বিষয় বিন্যাস ও চরিত্র অঙ্কনে নিজস্ব বৈশিষ্ট্যের উপর প্রতিষ্ঠিত।

পারিবারিক ঘটনাকে অবলম্বন করে রচিত হয়েছে 'বিষবৃক্ষ', 'কৃষ্ণকান্তের উইল', 'ইন্দিরা', 'রাধারানী', 'রজনী' ও 'যুগলাঙ্গুরীয়'। 'রাজসিংহ' একমাত্র সার্থক ঐতিহাসিক উপন্যাস। এই উপন্যাসের কাহিনি ও প্রধান চরিত্রগুলি ঐতিহাসিক। আর এই উপন্যাসের লেখকের লিখন ভঙ্গির কুশলতা খুব সহজে অগ্রসার হয়েছে।

'দেবী চৌধুরানী' পুরাতন সমাজ ও পরিবারকে অবলম্বন করে গড়ে উঠেছে। একটি গার্হস্থ্য কাহিনি হলেও এর অন্তরালে রয়েছে একপ্রকার সূক্ষ্ম ধর্মীয় অনুভূতি ও হিন্দু সমাজের আচার-আচরণ কেন্দ্রিক নানা তত্ব।

বঙ্কিমচন্দ্রের এমন কতগুনি উপন্যাস আছে যা তাঁর প্রতিভার নতুন দিককে আবিষ্কার করেছে। যে উপন্যাস লিখে তখনকার সমাজে তিনি নিন্দা ও প্রশংসার ভাগীদার হয়েছে। আমরা 'বিষবৃক্ষ' (১৮৭৩), 'কৃষ্ণকান্তের উইল' (১৮৭৮) ও 'রজনী' (১৮৭৭) এই তিনটি উপন্যাসের কথা বলছি। যে তিনটি উপন্যাসে নরনারীর সম্পর্কের জটিলতা মূলকথা। চিত্ত সংযমে অনিচ্ছা বা অক্ষমতা থেকে স্ত্রী-পুরুষের সম্পর্কের যে অবনতি ভাই প্রকাশ পেয়েছে এই তিন উপন্যাসে।

'সীতারাম' বঙ্কিমচন্দ্রের সর্বশেষ উপন্যাস। এই উপন্যাসে ঐতিহাসিক ঘটনার বাতাবরণ থাকলেও ঐতিহাসিক চরিত্রের তেমনভাবে সমাবেশ ঘটেনি। 'সীতারাম' অপন বৈশিষ্ট্যে উজ্জ্বল।

বঙ্কিমচন্দ্র উপন্যাসের বৈচিত্র্য দানের জন্য শুধুমাত্র শ্রেণিবিন্যাস করেননি। তার সাশাপাশি তিনি নানান না বলা কথা বলার জন্য ও কাহিনিকে নতুনত্ব দানের জন্য উপন্যাসের মধ্যে চিঠি পত্রের প্রসঙ্গ এনেছে। চিঠিপত্র ব্যবহারের জন্য তার উপন্যাস গুলি অনন্য হয়ে উঠেছে।

চিঠিপত্র উল্লেখিত বঙ্কিমচন্দ্রের উপন্যাস গুলি হল, যথাক্রমে

১. রাজসিংহ

২. কপালকুণ্ডলা এবং

৩. বিষবৃক্ষ

চিঠিপত্রের উল্লেখ থাকা সত্ত্বেও বঙ্কিমচন্দ্রের এই উপন্যাস গুলিকে আমরা পত্র উপন্যাস বলতে পারি না। একজন শ্রেষ্ঠ শিল্পীর মতো নিজের প্রতিভা ও সংযম সম্বন্ধে তিনি অবহিত ছিলেন। গিরিশচন্দ্রের সময় রঙ্গমঞ্চের এর চাহিদা পূরণের জন্য বঙ্কিমচন্দ্রের উপন্যাস গুলি ভীষণভাবে সাহায্য করেছে।

ঐতিহাসিক উপন্যাস ও পত্র প্রসঙ্গ: রাজসিংহ ১৮৭৮ সালে রাজসিংহ ধারাবাহিক ভাবে বঙ্গদর্শনে প্রকাশিত হতে থাকে। এই উপন্যাসটিকে চারবার সংস্করণ করা হয়। রাজসিংহ উপন্যাসের চতুর্থ সংস্করণের ভূমিকায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখেছেন-"আর পূর্বে কখনও ঐতিহাসিক উপন্যাস লিখি নাই। দুর্গেশনন্দিনী, চন্দ্রশেখর বা সীতারামকে ঐতিহাসিক উপন্যাস বলা যাইতে পারে না। এই প্রথম ঐতিহাসিক উপন্যাস লিখিলাম।

ইতিহাসের উপাদানের সমন্বয়ে রচিত এক বিশেষ শ্রেণির উপন্যাসকেই বলা হয় ঐতিহাসিক উপন্যাস। ইতিহাস ও উপন্যাসের মধ্যে বিরোধ বর্তমান। কোনো ঘটনার বাস্তব প্রযোগে ইতিহাসের সার্থকতা, স্বাধীন করনার অবকাশে ইতিহাস নেই। কিন্তু উপন্যাসে কল্পনারই আধিপত্য বিরাজমান। ঐতিহাসিক উপন্যাসে ইতিহাসের বিশেষ তথ্যের সঙ্গে কল্পনার মিশ্রণ ঘটিয়ে চিরন্তন মানবরস সৃষ্টি করা হয়। ইতিহাসের তথ্যের

তুলনায় মানবসত্যই ঐতিহাসিক উপন্যাস অধিকতর গুরুত্ব লাভ করে।

'রাজসিংহ' উপন্যাসে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ইতিহাসের সঙ্গে মানব জীবনের সুখ-দুঃখের একটি বিশ্বাসযোগ্য কাহিনিকে যুক্ত করে দর্শকের সামনে উপস্থাপন করেছেন। মুঘল ইতিহাসের রথচক্র যখন স্তব্ধ, তখন ঔরঙ্গজেবের বীর সৈনিকদের উদ্ধত পদক্ষেপের স্মৃতি দিল্লির বিদ্ধত কাহিনীর অংশমাত্র, তখন বঙ্কিমচন্দ্র ইতিহাসের কিংবদন্তি ঔরঙ্গজেবের সাথে আপন কল্পনার মিলন ঘটিয়ে একটি বিচিত্র কাহিনিকে ইতিহাসের পটভূমিকায় স্থাপন করেছেন। বঙ্কিমচন্দ্রের ভাবনায় ইতিহাসের হারিয়ে যাওয়া কাহিনি বিশিষ্ট রূপ লাভ করেছে।

রাজসিংহ উপন্যাসে চলকুমারী রাজসিংহ এবং ঔরঙ্গজেবকে কেন্দ্র করে গড়ে উঠেছে তা সম্পূর্ণ ঐতিহাসিক। তিনি রাজসিংহ উপন্যাসকে একমাত্র ঐতিহাসিক উপন্যাস বলে উল্লেখ করেছেন, কারণ মূল কাহিনির স্থান, কাল, পাত্র তিনি ইতিহাসের পৃষ্ঠ থেকে সংগ্রহ করেছেন।

রাজসিংহ উপন্যাসের কেন্দ্রে বঙ্কিমচন্দ্র স্থান করেছেন ইতিহাসের কেন্দ্রীয় ঘটনা এবং রাজসিংহ ঔরঙ্গজেবের মতো ইতিহাসের প্রধান চরিত্রদের। চলকুমারীকে কেন্দ্র করে যে ঐতিহাসিক কারণকে নেওয়া হয়েছে তাও ইতিহাস সম্মত।

রাজসিংহ উপন্যাসটি ঐতিহাসিক উপন্যাস হওয়ার পাশাপাশি উপন্যাসটিতে রয়েছে অনেক গুলি পত্রের কথা, কখনো সরাসরি পত্রের বিষয়কে বর্ণনা করা হয়েছে, কখনো বা পত্রের প্রসঙ্গ লেখক কর্তৃক বা চরিত্রের কথোপকথনের সময় উল্লেখ করা হয়েছে। রাজসিংহ উপন্যাসের দ্বিতীয় খণ্ডের ষষ্ঠ পরিচ্ছেদে প্রথম পত্রের উল্লেখ আছে। এটি একটি আজ্ঞাপত্র, পত্রটি লিখেছেন ঔরঙ্গজেব। বাদশাহ ঔরঙ্গজেব রূপনগরের অধীশ্বর বিক্রম সোলাঙ্কিকে এই পত্র লিখেছিলেন। তাতে লেখা হয়েছিল -

"বাদশাহ রূপনগরের রাজকুমারীর অপূর্ব রুপলাবণ্যবৃত্তান্ত শ্রবণে মুগ্ধ হইয়াছেন। ..... অতএব বাদশাহ রাজকুমারীর পানি গ্রহণ করিয়া তাহার সেই রাজভক্তি পুরস্কৃত করিতে ইচ্ছা করেন। রাজকন্যাকে দিল্লীতে পাঠাইবার উদ্যোগ করিতে থাকুন; শীঘ্র রাজসৈন্য আসিয়া কন্যাকে দিল্লিতে লইয়া যাইবে। রাজসিংহ উপন্যাসের জটিলতার সূত্রপাত হয়েছে এই পত্রের মাধ্যমেই।

তৃতীয় খণ্ডের দ্বিতীয় পরিচ্ছেদে অন্য নিম্ন চলকুমারীকে বলেছিলেন চঞ্চলকুমারী যেন রাজসিংহকে একটি পত্র লিখে দেন। এই পরিচ্ছেদে আরেকটি পত্রের প্রসঙ্গ আছে। অনন্ত মিশ্র বিক্রম সোলাঙ্কিকে বলেছিলেন যে তিনি উদয়পুর পর্যন্ত যাবেন, তাকে একটি পরিচয় পত্র লিখেছেন। বিক্রম সোলাঙ্কি এই অনুরোধ রক্ষা করেছিলেন। এ পত্র প্রথমে দস্যুদের হাতে পরে এবং পরবর্তীতে রানা রাজসিংহের কাছে পৌঁছায়।

উপন্যাসের ক্ষেত্রে পত্র দুটির গুরুত্ব না থাকায় লেখক পত্রের বিষয়বস্তু সম্পর্কে নীরব থেকেছেন এই পরিচ্ছেদে।

পঞ্চম পরিচ্ছেদ অর্থাৎ 'চঞ্চলকুমারীর পত্র' নামাঙ্কিত পরিচ্ছেদে এই দুই গুরুত্বপূর্ণ পত্রের বিষয়বস্তু বর্ণিত হয়েছে। এই পরিচ্ছেদে রাজসিংহ একটি তটিনীর ভীরে প্রস্তরখণ্ডের উপর বসে বিক্রম শোলাঙ্কির পত্র পড়লেন। তাতে কোন গুরুত্বপূর্ণ সংবাদ ছিল না। তাই তিনি পত্রটি ছিঁড়ে ফেলেন। এরপর দ্বিতীয় পত্র অর্থাৎ চঞ্চলকুমারীর পাঠানো পত্রটি পড়লেন। এই পত্রে চক্কলকুমারী নিজের বিপদের কথা ও ওরঙ্গজেবকে বিবাহ করার অনিচ্ছার কথাও বলেছেন এবং রাজসিংহকে তার এই বিপদ থেকে রক্ষা করার প্রার্থনা জানিয়েছেন। তিনি আর বলেছেন তিনি প্রাণ বিসর্জন দেবে তবুও ঔরঙ্গজেব নির্দেশ মেনে দিল্লিশ্বর কে বিবাহ করবে না। এই পত্রের দ্বিতীয় খণ্ডের লেখা রাজকুমারী চলকুমারীর নয় বরং লিখেছে নির্মলকুমারী, তিনি জানিয়েছেন যে তাঁকে এই বিপদ থেকে রক্ষা করতে পারবে তিনি যদি রাজপুত হন আর যদি রাজকুমারীকে গ্রহণ করেন তবে তিনি সেই রাজপুত্রের দাসী হতে প্রস্তুত। লেখক যে প্রয়োজনে পত্রের প্রয়োগ ঘটিয়েছে সেই প্রয়োজন সম্রযুক্ত হয়েছে।

তৃতীয় খণ্ডের দশম পরিচ্ছেদে রসিক পানওয়ালী প্রসঙ্গে একটি পত্রের কথা আছে। মানিকলাল একজন মোগল সৈনিকের পোশাক সংগ্রহ করতে চেয়েছিল এজন্য একজন পানওয়ালীর সাহায্য নিয়েছিল আর সেই সূত্র ধরে এই পত্রের আগমন। এই পত্রে মানিকলাল জানিয়েছে তিনি নগরভ্রমণের সময় একজনকে দেখে মুগ্ধ হয়েছে এবং মানিকলাল তাকে পুনরায় দেখবার জন্য ব্যাকুল হয়েছে। তিনি যেন অবশ্যই তার সাথে দেখা করেন, এই চিঠি লেখার মধ্যে তিনি যে বিপদজনক খেলায় মেতে উঠবে এমন কথা বিশ্বাসযোগ্য নয়।

পঞ্চম খণ্ডের দ্বিতীয় পরিচ্ছেদে পুরনো পত্রের প্রসঙ্গ নতুন করে উত্থাপিত হয়েছে। সেখানে রাজসিংহকে লেখা চঞ্চলকুমারীর পত্র স্থান পেয়েছে। এই পত্রে রাজসিংহ জানতে চেয়েছেন রাজকুমারীর লেখা পত্রের দ্বিতীয় খণ্ডের লেখা কার ও বিবাহ প্রস্তাব কি রাজকুমারীর সম্মতিতে লেখা হয়েছে কি না।

পঞ্চম খণ্ডের দ্বিতীয় এবং তৃতীয় পরিচ্ছেদে দেখা যায় রাজসিংহ বিক্রম সোলাঙ্কিকে পত্র লিখেছিলেন এবং বিক্রম সোলাঙ্কি সেই পত্রের উত্তর দিয়েছিলেন। রাজসিংহ আশীর্বাদ কামনা করে পত্রটি লেখেন আর বিক্রম সোলাঙ্কি সেই পত্রের উত্তর দিয়েছিল পঞ্চম খণ্ডের তৃতীয় পরিচ্ছেদে। তিনি বলেছেন তার কন্যাকে রাজসিংহ যেন বিবাহ না করে তাহলে রাজসিংহ শাপগ্রস্থ হবে এবং পরবর্তীতে যদি রাজসিংহকে উপযুক্ত হয় তবে তিনি তার কন্যার সঙ্গে বিবাহ দেবেন। রাজসিংহ উপন্যাসের ঘটনাধারায়

এই পত্রের প্রভাব গুরুত্বপূর্ণ, যা নায়ক-নায়িকার মিলনের ও প্রেমকাহিনীতে জটিলতা সৃষ্টি করেছে।

পঞ্চম খণ্ডের ষষ্ঠ পরিচ্ছেদে রাজসিংহের একটি পত্র প্রসঙ্গ আছে। জিজির কর সম্পর্কে রাজসিংহ ঔরঙ্গজেবকে পত্রটি লিখেছিলেন। পত্রের প্রসঙ্গ টডের রাজস্থান গ্রন্থে আছে একথা স্বয়ং লেখক উল্লেখ করেছেন। আর রাজসিংহ ঔরঙ্গজেবকে যে ভীব্রঘাতী পত্রটি লিখেছিলেন তার প্রতিহিংসা বর্ণিত হয়েছে ষষ্ঠ খণ্ডে। লেখক জানিয়েছেন এ পত্র প্রেরণ থেকেই - এই অগ্নুৎপাদন খণ্ড আরম্ভ করিতে হইবে।" অর্থাৎ উপন্যাসের ক্ষেত্রে পত্রের গুরুত্ব যথেষ্ট। এই পত্রটি পাওয়ার পর ঔরঙ্গজেব ক্রোধে চতুর্দিকে অন্ধকার দেখতে লাগলেন। এসময় নির্মলকুমারীও একটি পত্র নিয়ে এলেন। সেই পত্র উদিপুরী কে উদ্দেশ্য করে লিখেছেন চঞ্চলকুমারী। পত্রে উদিপুরীকে তামাকু সাজার নিমন্ত্রণ করা হয়েছে।

ষষ্ঠ খণ্ডের ষষ্ঠ পরিচ্ছেদে যোধপুরী বেগমের নির্দেশে নির্মলকুমারী ছন্দবেশী মানিকলালকে একটি পত্র লিখেছিল স্বয়ং। লেখক জানিয়েছেন পত্র সম্পর্কে সবিস্তারে পাঠক পাঠিকার জানার প্রয়োজন নেই। সেজন্য পত্রটি সম্পর্কে বিশেষ কিছু জানা যায়নি।

ষষ্ঠ খণ্ডের নবম পরিচ্ছেদে পুনরায় পত্র প্রসঙ্গ আছে। মানিকলাল নির্মলকুমারীর সংবাদ গ্রহণ করতে এলে পূর্ব কৌশলে নির্মল মানিকলালকে পত্র লিখেছিলেন। পত্র তিনি লিখেছেন-

"সব মঙ্গল, তুমি এখন যাও, আমি পূর্বেই বলিয়াছি, আমি বাদশাহের সঙ্গে যাইব। অর্থাৎ দেখা যাচ্ছে ষষ্ঠ খণ্ডের অধিকাংশ পরিচ্ছেদ জুড়ে রয়েছে পত্রের প্রসঙ্গ, যা উপন্যাসকে আরো অনন্যতা দান করেছে।

অষ্টম খণ্ডের সপ্তম পরিচ্ছেদে পুনরায় পত্রের প্রসঙ্গ আনা হয়েছে। এই পত্রটি বাদশাহ ওরসজের নির্মলকুমারীকে লিখেছেন এই পত্রে বাদশাহ তার দুঃখের কথা বর্ণনা করেছে। ঔরঙ্গজেব এই পত্র পাওয়ার পর নির্মলকুমারীর আগ্রহে এবং মানিক লালের পরামর্শে রাজসিংহ সন্ধির প্রস্তাব মেনে নিয়ে পত্র লেখেন। পত্রের মর্ম হল-"বাদশাহ সমস্ত সৈন্য সেবার হইতে উঠাইয়া লইয়া যাইবেন। মেবারে গোহত্যা ও দেবালয় ভঙ্গ নিবারণ করিবেন, এবং জেজেয়ার কোন দাবি করিবেন না। তাহা হইলে রাজসিংহ পথ মুক্ত করিয়া দিবেন, নিরুদ্বেক বাদশাহকে যাইতে দিবেন।

পত্রগুলি ঘটনাধারা এবং পরিস্থিতির সঙ্গে মানানসই হয়েছে। এই পত্র শুধু ঘটনাধারার মধ্যে যোগসূত্র রচনা করেনি, ঔরঙ্গজেবের চরিত্রের স্বরূপ তুলে অষ্টম খণ্ডের নবম পরিচ্ছেদে আছে দুটি পত্রের কথা। মবারক রানা রাজসিংহের উপকার করেছিলেন

এবং একজন সাধারণ মনসবদার হয়েও বাদশাহের বিনা অনুমতিতে শাহজাদী জের উন্নিসাকে বিবাহ করেছেন। এজন্য বাদশাহ তাকে চরম শাস্তি দেবেন একথা অনুমান করে রাজসিংহ আরও একটি পত্র লিখেছিলেন। পত্রটির মূল বক্তব্য হল - ঔরঙ্গজেব কন্যা এবং জামাতাকে মার্জনা না করলে রাজসিংহ সন্ধি করবেন না। অপর পত্রটি লিখেছেন নির্মলকুমারী। তিনি লিখেছিলেন -

"... হুজুর যাহা আজ্ঞা করিয়াছিলেন, বাঁদী তাহা সম্পন্ন করিয়াছে। এখনে হুজুরের সম্মতি পাইলেই হয়। আমার শেষ ভিক্ষাটা স্মরণ রাখিবেন, সন্ধি করিবেন।" পরবর্তীতে ঔরঙ্গজেব একটি পৃথক পত্র লিখেছেন এবং বলেছেন তিনি তাদের মার্জনা করতে প্রস্তুত।

অষ্টম খণ্ডের একাদশ পরিচ্ছেদে চঞ্চলকুমারী রানার বিবাহ প্রসঙ্গে আবার পাত্রস্থান পেল। এসময় চঞ্চলের নির্দেশে নির্মলকুমারী বিক্রম শোলাঙ্কিকে একটি পত্র লিখেছিলেন। সূত্র জানানো হল যে ঔরঙ্গজেব পরাভূত এবং তিনি রাজসিংহের সম্পূর্ণ নিয়ন্ত্রণে। এমন সময়ে সন্তানের প্রতি তা কী আজ্ঞা এই কথাটি জানতে চেয়েছেন চঞ্চলকুমারী। উত্তরে বিক্রম শোলাঙ্কি জানিয়েছেন-"আমি দুই হাজার ফৌজ লইয়া উদয় পুরে যাইতেছি, ঘাট খুলিয়া রাখিতে রানাকে বলিবে। " এদিকে রানা রাজসিংহও বিক্রম সোলাঙ্কিকে একটি পত্র লিখেছিলেন, তার উত্তরেরও বিক্রম সোলাঙ্কি একই কথা লিখেছিলেন।

দ্বাদশ পরিচ্ছেদে বিক্রম সোলাঙ্কিকে লেখা ঔরঙ্গজেবের একটি পত্রের কথা আছে। এটি পরোয়ানা পত্র। বিক্রম সোলস্কিকে উদ্দেশ্য করে লেখা, এই পত্রে ঔরঙ্গজেব লিখেছেন-

"তোমার কন্যা এখনও আমার নিকট উপস্থিত হয় নাই, শীঘ্রই তাহাকে উপস্থিত করিবে নাহিলে রূপনগরের গড়ের চিহ্ন রাখিব না।' "

বিক্রম সোলাঙ্কিকেও একই উত্তর দিয়েছেন-

"আমি শীঘ্র দুই হাজার অশ্বারোহী সেনা লইয়া আপনার হুজুরে হাজির হইবো।"

"রাজসিংহ" উপন্যাসের অসংখ্য পত্রের উল্লেখ আছে, পত্র গুলি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে স্থান পেয়েছে। ঘটনাধারার সূচনা, ঘটনার অগ্রগতি ও বিকাশে পত্রগুনি যুক্ত হয়েছে। শুধুমাত্র কাহিনির প্রয়োজনে নয়, প্রাসঙ্গিক তথ্য পরিবেশন ও চরিত্রের স্বরূপ উপস্থাপন এই সমস্ত তথ্য পরিবেশনের জন্য পত্রের গুরুত্ব যথেষ্ট। এই উপন্যাসে পত্রের ব্যবহারে ঔরঙ্গজেব চরিত্রটি সবচেয়ে বেশি জীবন্ত হয়ে উঠেছে।

রোমান্স, চিঠিপত্র ও কপালকুণ্ডলা: সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের রচিত দ্বিতীয় উপন্যাস কপালকুণ্ডলা, এই উপন্যাসের কাব্যগুনের পাশাপাশি রয়েছে অসাধারণ নাট্যগুণ।

কপালকুণ্ডলা উপন্যাসের ঘটনাটি গ্রন্থ রচনার প্রায় দুইশত পঞ্চাশ বৎসর পূর্বের। ঐতিহাসিক চরিত্র আকবর, জাহাঙ্গীর, নুরজাহান ও শের আফগানের মত চরিত্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত থেকেছে উপন্যাসটির সাথে। মোগল রাজপ্রাসাদের কিছু প্রসঙ্গ ও জাহাঙ্গীরের বদলে রাজকুমার খসরুকে সিংহাসনে বসানোর যে ষড়যন্ত্রের কথা বঙ্কিমচন্দ্র পরিবেশন করেছে তার সঙ্গে ইতিহাসের সমস্ত উপাদান থাকলেও কপালকুণ্ডলা কে আমরা ঐতিহাসিক উপন্যাস বলতে পারি না। ইতিহাসের এই সমস্ত উপাদান মূলত রোমান্সের রহস্যময় মায়ালোক সৃষ্টির জন্য ঔপন্যাসিক ব্যবহার করেছেন।

কপালকুণ্ডলা উপন্যাসের পরিবেশ এবং চরিত্রগুলি সম্পূর্ণভাবে রোমান্সধর্মী বঙ্কিমচন্দ্র উপন্যাসের এই রোমান্সধর্মী পরিবেশ বর্ণনা করার জন্য উপন্যাসকে চারটি খণ্ডে ভাগ করেছে। প্রতিটি খণ্ডে রোমান্স কে তুলে ধরেছে। প্রথম খণ্ডের ঘটনা স্থল সমুদ্র তীরবর্তী অরণ্য এবং বেলাভূমি। সাগর সংগ্রামে গঙ্গাসাগর প্রত্যাগমন বিপদগ্রস্ত যাত্রীদের আতঙ্কের বর্ণনা দিয়ে কাহিনির যাত্রা শুরু। পরবর্তী পরিচ্ছেদ গুলির ঘটনাস্থল 'উপকূলে', 'বিজনে', 'স্তূপশিখরে', 'সমুদ্রভটোর মতো স্থানে প্রথম খণ্ডের ঘটনাগুলি অধিকাংশই সংঘটিত হয়েছে শুধু অপরিচিত পরিবেশেই নয়, কুয়াশাচ্ছন্ন পরিস্থিভিতে কিংবা রাত্রির অন্ধকারে। দিবালোকের প্রসঙ্গ তুলনামূলকভাবে কম। দ্বিতীয় খণ্ডে লেখক পাঠককে নিয়ে এসেছেন 'লোকালযে', 'রাজপথে, 'পান্থনিবাসে' কিংবা 'স্বদেশে'র মতো স্থানে। দ্বিতীয় খণ্ডের ঘটনাকালেও রাত্রি বিশেষ গুরুত্ব লাভ করেছে। মতিবিবির সঙ্গে নবকুমারের সাক্ষাৎ, কপালকুণ্ডলা-মভিবিবির প্রাথমিক পরিচয়-এসবই ঘটেছে দিবাবসানের পর এক রহস্যঘন পরিস্থিতিতে। তৃতীয় খণ্ডে পাঠককে নিয়ে গেছেন ভূভপূর্বের ইতিহাসের রাজনিকেতনে। এ সময়ের ঘটনাধারায় রাত্রির ভূমিকা ক্ষুন্ন হলেও ইতিহাসের অস্পষ্টলোকে পাঠককে বিচরণ করতে হয়েছে। চতুর্থ খণ্ডেও এমনই অপরিচিত পরিবেশ। চতুর্থ খণ্ডের প্রথম পরিচ্ছেদের ঘটনাকান প্রদোষ । অতঃপর যে পরিচ্ছেদগুলি বর্ণিত হয়েছে তার স্থান এবং কান সম্পূর্ণভাবেই রোমান্সের মায়াজনে রঞ্জিত। প্রথম থেকে শেষ পর্যন্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সমস্ত উপন্যাস জুড়ে এক রোমান্সধর্মী পরিবেশকে উপস্থাপন করেছেন। রোমান্সধর্মী পরিবেশের পাশাপাশি আছে অতিরিক্ত চরিত্রের সমস্যা, মানব প্রকৃতির গূঢ় রহস্য এবং নিয়ভিভাড়িত মানবভাগ্যের নিদারুণ পরিণাম। আর সেই পরিনাম বর্ণিত হয়েছে কখনো কাব্যময় গীতিরসোচ্ছ্বাসের দ্বারা, কখনও সূক্ষ্ম মনস্তাত্বিক দ্বন্দ্বের দ্বারা, কখনও-বা নাটকীয় চমৎকারিত্বের সাহায্যে। প্রকৃতি-দুহিতা কপালকুণ্ডলার সামাজিক জীবন ও বিবাহবন্ধনে বাঁধা পড়ে এবং দুর্গের নিয়তি নির্দেশে কিভাবে ধীরে ধীরে মৃত্যুপরিণামের দিকে এগিয়ে গেল, কিভাবে তার স্বামী নবকুমার ঘটনাচক্রকে অজ্ঞাতসারে বেগবান করে তুলল, এই সমস্ত বিচিত্র

কাহিনি ও চরিত্র এই উপন্যাসে অপূর্ব দক্ষতার সঙ্গে বর্ণিত হয়েছে। -

বঙ্কিমচন্দ্র তার কপালকুণ্ডলা উপন্যাসে এই রোমান্সধর্মী পরিবেশের পাশাপাশি চিঠিপত্রের প্রসঙ্গ তুলে ধরেছেন এই উপন্যাসে আমরা মাত্র তিনটি পত্রের কথা জানতে সারি, যা উপন্যাসকে নতুনত্ব দান করেছে। তিনি তার উপন্যাসের তৃতীয় খণ্ডের প্রথম পরিচ্ছেদে প্রথম পত্রের ব্যবহার করেছেন, যেখানে ওমরাহ মতিবিবি অর্থাৎ লুৎফ উন্নিসার সিভার কাছে এই পত্রটি লিখেছিল এই পত্রে বলা হয়েছিল যে পত্রটি পাওয়ার পর তারা যেন সপরিবারে আমায় চলে আসে।

দ্বিতীয় পত্রটির কথা বলেছেন তৃতীয় খণ্ডের দ্বিতীয় পরিচ্ছদে যার নাম 'পথান্তরে'। এই পত্রটি লিখেছিলেন পেষমন মতিবিবিকে। এই পত্রে শেষমন আমার পরিস্থিতির কথা জানিয়েছিলেন। জানিয়েছে আকবর শাহের মৃত্যুর সংবাদ এবং আকবর শাহের ফলে কুমার সেলিম এখন জাহাঙ্গীর শাহ হয়েছে এবং এই জন্য যেন মতিবিবি দ্রুত আঘায় ফিরে যায়।

পরবর্তী বা শেষ পত্রটি সম্পর্কে উপন্যাসের চতুর্থ খণ্ডের তৃতীয় পরিচ্ছেদ 'স্বপ্নে' নামাঙ্কিত পরিচ্ছেদ আছে। এই পত্রটি ব্রাহ্মণবেশী ধারণকারী পদ্মাবতী কপালকুণ্ডলা কে লেখেন।

তিনি এই পত্রে লেখেন যে-

"অদ্য সন্ধ্যার পর কন্য রাত্রের ব্রাহ্মণ কুমারের সহিত সাক্ষাৎ করিবা, তোমার নিজ সম্পর্কীয় নিতান্ত প্রয়োজনীয় যে কথা শুনিতে চাইয়াছিলে তাহা শুনিবে।

এই পত্র পাওয়ার পর কপালকুণ্ডলা ব্রাহ্মণবেশধারী পদ্মাবতীর সঙ্গে দেখা করতে যায়। ব্রাহ্মণবেশধারী তাকে পদ্মাবতী ও নবকুমারের দাম্পত্য কথা জানায় এবং নবকুমারকে ছেড়ে চলে যেতে অনুরোধ করে। নবকুমার ব্রাহ্মণবেশী ও কপালকুণ্ডলাকে দেখতে পায় এবং পরে কপালকুণ্ডলা চুলের মধ্যে থেকে চিঠিটি পড়ে যায়। এই চিঠি পেয়ে নবকুমার ও কপালকুণ্ডলাকে ভুল বুঝে কষ্ট পান ও কপালিক নবকুমারকে সুরাপান করতে বলে। শেষ পর্যন্ত উভয়ের জীবনের চরম পরিণতি এসে উপস্থিত হয়।

কপালকুণ্ডলা উপন্যাসে বঙ্কিমচন্দ্র ঘটনার বর্ণনা এবং কাহিনির মধ্যে গতিবেগ সঞ্চারিত করবার জন্য পত্রের ব্যবহার করেছে। এছাড়া তখনকার সমাজ পরিবেশ প্রভৃতি বর্ণনার জন্য পত্রের ভূমিকা উল্লেখযোগ্য। এছাড়াও এই পত্রের জন্য নায়ক-নায়িকার জীবনে পরিবর্তন ঘটেছে।

বিষবৃক্ষের বৃদ্ধি ও পরের ভূমিকা:বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাসের মধ্যে বিষবৃক্ষ উপন্যাসটি অন্যতম। যে উপন্যাসটি নবযুগের সূচনা ঘটিয়েছে। এই উপন্যাসটি

একটি সামাজিক, পারিবারিক ও ত্রিকোণ প্রেমের যে পরিণতি এবং সেই পরিণতির ফলে যে বিষ নামক বৃক্ষের জন্ম হয়েছে ও এই বিষবৃদ্ধের ফলে সম্পর্কে যে ভাঙ্গা গড়া তারই প্রতিরূপ। উপন্যাসে যেমন সমাজের কথা আছে তেমনই তিনি উপন্যাসের সর্বত্র পত্রের ব্যবহার করেছেন।

যেখানে এই পত্রের ব্যবহারের জন্য চরিত্রগুনি নির্দ্বিধায় তাদের কথা বলতে পেরেছে। উপন্যাসটিতে মোট তেরোটি পত্রের ব্যবহার করা হয়েছে।

বিষবৃক্ষ উপন্যাসে প্রথম পত্রের ব্যবহার করা হয়েছে পঞ্চম পরিচ্ছেদ অর্থাৎ 'অনেক প্রকারের কথা নামাঙ্কিত পরিচ্ছেদে যেখানে নগেন্দ্রনাথ দত্ত প্রথম পত্রটি লিখেছে তার বন্ধু হরদের ঘোষালকে। এই পত্রেই তিনি কুন্দনন্দিনীর কথা বলেছে। কুন্দনন্দিনীর বয়স, ভার রূপ লাবণ্য, সৌন্দর্য এবং সেই সৌন্দর্য দেখে নগেন্দ্রনাথও মুগ্ধ হয়েছে এই কথাই তিনি হরদেব ঘোষালকে বলেছে এই পত্রের মধ্য দিয়ে। এই থেকেই বিষবৃক্ষের সূত্রপাত হয়েছে।

দ্বিতীয় পত্রটি লিখেছে সূর্য্যমুখী তার স্বামী নগেন্দ্রনাথকে, এই পত্রে সূর্য্যমুখী স্বামীকে তাকে ভুলে যাওয়ার জন্য বিদ্রুপ করেছে। সূর্য্যমুখী আরো বলেছে তার স্বামী যে মেয়েটিকে নিয়ে এসেছে সেই মেয়েটির সঙ্গে ভারাচরণের বিবাহ দিতে চায়, ও তিনি রহস্য করে বলে নগেন্দ্র যদি কুন্দনন্দিনী নামের সেই মেয়েটিকে বিবাহ করার ইচ্ছা থাকে তা হলে তিনি বরণডালা নিয়ে প্রস্তুত থাকবেন।

তৃতীয় পত্রের উল্লেখ আছে একাদশ পরিচ্ছেদে, এই পত্রটি সূর্য্যমুখী লিখেছেন কমলমনীকে। এই পত্রটি সূর্যমুখী নদী নামে যে মেয়েকে তিনি বাড়িতে রেখেছে তার মধ্য দিয়ে তিনি তার নিজের চিতা সাজিয়েছে। কুন্দের রূপ সৌন্দর্যে নগেন্দ্রনাথ তার প্রতি আকৃষ্ট হয়েছে। এই পত্রে নগেন্দ্রনাথের কুন্দের প্রতি ভালোবাসা ব্যক্ত হয়েছে।

পরবর্তী পত্রের উল্লেখ আছে 'সূর্য্যমুখীর পত্র' নামাঙ্কিত পরিচ্ছেদে। এখানে কমনমনী সূর্য্যমুখীর পত্রের উত্তর স্বরূপ সূর্য্যমুখীকে পত্র লিখেছেন। এই পত্রে তিনি বলেছেন সূর্য্যমুখী যেন তার স্বামীর প্রতি বিশ্বাস না হারায়। যদি বিশ্বাস না রাখতে পারে তাহলে যেন দীঘির জলে ডুবে মরে, স্বামীর প্রতি যদি তার বিশ্বাস না থাকে তবে মৃত্যুই শ্রেয়।

সক্ষম পত্রের উল্লেখ পায় আমরা দ্বাদশ পরিচ্ছেদে যে পত্রটি হরদেব ঘোষাল,নগেন্দ্রনাথ দত্তকে লিখেছেন; এই পত্রে তিনি লেখেন-

"তোমার কি হইয়াছে? তুমি কি করিতেছ? আমি কিছু ভাবিয়া পাই নাই। তোমার সত্র ত পাইই না। যদি পাই ভ সে ছত্র দুই, তাহার মানে মাথা- মুও কিছুই নাই। তাতে কোন কথাই থাকে না। তুমি কি আমার উপর রাগ করিয়াছ? তা বল না কেন, শারীরিক

ভাল আছ কি না বল।" অর্থাৎ তিনি এই পত্র লেখার মধ্যে দিয়ে নগেন্দ্রনাথের অবস্থা জানতে চেয়েছেন।

এই পঞ্চম পত্রের উত্তর স্বরূপ নগেন্দ্রনাথ হরদেব ঘোষালকে পত্রটি পাঠায় পত্রের মর্ম এই যে-

"আমার উপর রাগ করিও না- আমি অধঃপাতে যাইতেছি। অর্থাৎ নগেন্দ্রনাথ নিজের অধঃপতনে যাবার কথা বলেছে।

পরবর্তী পত্রের উল্লেখ আছে দ্বাদশ পরিচ্ছেদ অর্থাৎ 'অঙ্কুর' নামাঙ্কিত পরিচ্ছেদে। সূর্য্যমুখী তার ভগিনী কমলমণিকে পত্রটি লিখে পত্রের মধ্য দিয়ে সূর্য্যমুখী কমলমণিকে একবার তার কাছে আসার অনুরোধ জানিয়েছে। কমনমণি ছাড়া সূর্য্যমুখীর আর কোনো সুহৃদয় নেই।

অষ্টম পত্রের উল্লেখ আছে পঞ্চবিংশ পরিচ্ছেদে, সূর্য্যমুখী আবার কমলমণিকে পত্র পাঠায়। এই পত্রের মর্ম এই যে

"তুমি কুন্দনন্দিনীর কথা জিজ্ঞাসা করিয়াছিলে। তাহাকে পাওয়া গিয়েছে শুনিয়া সুখি হইবে কুন্দের সঙ্গে আমার স্বামীর বিবাহ হইবে। এ বিবাহে আমিই ঘটক। বিধবা বিবাহ শাস্ত্রে আছে তবে দোষ কি? দুই এক দিনের মধ্যে বিবাহ হইবে। তুমি আসিয়া জুটিতে পারিবে না। পার যদি ফুলশয্যার সময় আসিও, কেননা, তোমাকে দেখিতে বড় সাধ হইয়াছে। " " -

পরবর্তী পত্রটি শীশচন্দ্র ব্যঙ্গ করে নগেন্দ্রনাথকে লেখে এই পত্রের বিবরন আমরা পায়না। শ্রীশচন্দ্রের পত্রের উত্তর হিসাবে নগেন্দ্রনাথ আবার পত্র লেখেন এবং বলেন তাকে যেন ঘৃণা না করে, এবং তিনি কুন্দকে বিবাহ করবে জগৎ তাকে মেনে না নিলেও তিনি কুন্দকেই বিবাহ করবেন।

অষ্টাবিংশ পরিচ্ছেদে এসে সূর্য্যমুখী শেষ পত্রটি লেখে তার ভগিনি কমলমণিকে। এই পত্রে সূর্য্যমুখী বলে যেদিন থেকে স্বামীর মুখে কুন্দের কথা শুনেছে সেইদিন থেকে তিনি সুখী নন। সেইদিন থেকে তিনি ভাবেন তিনি গৃহ ত্যাগ করবেন। কুন্দ এই গৃহে থাকলে তিনি আর গৃহে ফিরবে না, ভিক্ষা করে দিন অতিক্রম করবেন। স্বামীকে গৃহ ত্যাগের কথা বলা সম্ভব নয়, ভাই তিনি এই পত্রটি কমলমনিকে লিখেছেন।

দ্বাত্রিংশত্তম পরিচ্ছেদ অর্থাৎ 'বিষবৃদ্ধের ফল' নামাঙ্কিত পরিচ্ছেদে আমরা তিনটি পত্রের কথা পায়, সেখানে প্রথম পত্রটি নগেন্দ্রনাথ দত্ত তার বন্ধু ঘোষালকে লিখেছে, তিনি এই পথে বলেছে কুন্দকে বিবাহ করা তার ভুল। কুন্দকে বিবাহ করে তিনি সূর্য্যমুখীকে হারিয়েছেন। সূর্য্যমুখী এখন কোথায়?

নগেন্দ্রনাথ এই পত্রের উত্তর স্বরূপ হরদেব ঘোষাল নগেন্দ্রনাথকে একটি পত্র লিখেছেন।

তিনি নগেন্দ্রনাথের মানসিক সংঘাতের উপশমের জন্য তাকে পরামর্শ দিয়েছে। নগেন্দ্রনাথ যেন কুন্দকে ভালোবাসে, মূল্য দেন। কুন্দ তাকে সত্যিই ভালবাসে, হরদের ঘোষাল প্রেমের রুপাজ মোহকে নিন্দা করেছে। আর বলেছে সূর্যমুখী যতদিন ফিরে না। আসে ততদিন যেন কুন্দকে স্নেহ করে। প্রেম যে মানুষের জীবনের শ্রেষ্ঠ সম্পদ সেটা বোঝাতে চেয়েছেন নগেন্দ্রনাথকে।

হরদেব ঘোষালের পত্রের উত্তর দিতে নগেন্দ্রনাথ আবার হরদেব ঘোষালকে পত্র লেখেন। তিনি বলেন গৃহে বাস করা তার পক্ষে আর সম্ভব হচ্ছে না। তিনি গৃহ ত্যাগ করে দেশে দেশে সূর্য্যমুখীর সন্ধানে ঘুরতে চায়। সূর্য্যমুখীকে পাওয়ার পর তিনি গৃহে ফিরবেন। কুন্দকে তিনি আর সহ্য করতে পারছে না।

উপন্যাসে সর্বশেষ পত্রের কথা আছে পঞ্চত্রিংশত্তম পরিচ্ছেদ অর্থাৎ 'আশাপথে' নামাঙ্কিত পরিচ্ছেদে। সর্বশেষ পত্রটি লেখেন শিবপ্রসাদ ব্রহ্মচারী নামের একজন ব্রহ্মচারী নগেন্দ্রনাথের উদ্দেশ্যে। এই পত্রে তিনি বলেছেন ব্রহ্মচারী সূর্য্যমুখীকে অচেতন অবস্থায় পেয়েছে বনের মধ্যে, এখন সে বিপদমুক্ত। হরমনির কুটিরে সূর্য্যমুখীকে রাখা হয়েছে। নগেন্দ্রনাথ সূর্য্যমুখীকে যেন একবার দেখে যান। সূর্য্যমুখীর শেষ ইচ্ছা তিনি স্বামীকে দর্শন করবে।

বিষবৃক্ষ উপন্যাসে অষ্টম পরিচ্ছেদে যখন তারাচরণের মৃত্যু হয় এবং কুন্দকে নগেন্দ্রনাথের বাড়িতে আশ্রয় দেওয়া হয় তখন থেকে ধীরে ধীরে বিষবৃক্ষের বিষ ছড়াতে শুরু করে। নগেন্দ্র কুন্দের সৌন্দর্য্যে মুগ্ধ হয় এবং এর মধ্যে দিয়ে বিষবৃক্ষের বৃদ্ধি পেতে শুরু করে। আর অবশেষে কুন্দ নামের বিষের পতন ঘটে। কুন্দের মধ্য দিয়ে বিষবৃক্ষের বীজ উপন্যাসে প্রবেশ করে ও এই চরিত্রের মাধ্যমে তা বিস্তার লাভ করে।

বিষবৃক্ষ উপন্যাসে বেশকিছু পত্রের ব্যবহার লক্ষ্য করা যায়। বঙ্কিমচন্দ্রের এই উপন্যাসের প্রধান ও অপ্রধান সমস্ত চরিত্ররাই পত্রের ব্যবহার করেছে। যে পত্রগুলি ঘটনাবলীর উপর দৃষ্টি আকর্ষণ করেছে আবার কখনো কখনো বিশেষ মুহূর্তের নাটকীয় পরিবেশ সৃষ্টি করে চরিত্রগুলিকে উদ্ভাসিত করেছে। এছাড়া সূর্য্যমুখীর বিভিন্ন পত্রের কথাতে আমরা সূর্য্যমুখীর স্বামীর প্রতি প্রেম ও নির্ভরতার পরিচয় পেয়েছে। এছাড়া সূর্য্যমুখীর পত্রের মধ্যে দিয়ে আমরা বুঝতে পারি তাঁর আপন বলে আছে কেবল মাত্র কমলমনি। উপন্যাসকে কখনো কখনো বুঝতেও সাহায্য করে এই পত্র। আবার না বলা কথা ব্যক্ত করা হয় পত্রের মাধ্যমে।

চিঠি ও তিনটি উপন্যাস:

বঙ্কিমচন্দ্র বাংলা সাহিত্য ও বাঙালির জীবনে এক নতুন পথের সন্ধান নিয়ে আসেন।

বঙ্কিমচন্দ্রের বিশেষ খ্যাতি একজন ঔপন্যাসিক হিসেবে; উপন্যাস হলো মূলত মানুষের জীবনের গল্প। একজন শ্রেষ্ঠ শিল্পীর মতো তিনি নিজেও প্রতিভার সীমা ও সংযম সম্বন্ধে যথেষ্ট অবহিত ছিলেন। বঙ্কিমচন্দ্র তার উপন্যাসের উন্নতির জন্য কান্তি যুক্ত করেন তার উপন্যাসে, বঙ্কিমচন্দ্র উপন্যাসের নতুনত্বতা দান করেছে তার উপন্যাসের চিঠির ব্যবহারের ফলে। এই চিঠি ব্যবহারের সুবিধার কথা মাথায় রেখে বঙ্কিমচন্দ্র তার উপন্যাসে চিঠির প্রসঙ্গকে গুরুত্ব দান করেছে।

প্রথমেই আসা যাক রাজসিংহ উপন্যাসের চিঠিপত্র বা পত্রের প্রসঙ্গ কথায়। রাজসিংহ উপন্যাসের কাহিনী ও প্রধান চরিত্রগুলি সবগুলি ঐতিহাসিক, রাজসিংহ ঐতিহাসিক উপন্যাস হলেও বঙ্কিমচন্দ্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পত্রের ব্যবহার করেছেন উপন্যাসে। রাজসিংহ উপন্যাসের প্রয়োজনীয় তথ্য পরিবেশন, বিভিন্ন ঘটনা মধ্যে ঘটান, এবং সর্বশেষ রাজসিংহ উপন্যাসের চরিত্রদের মনস্তত্ত্বের উদ্‌ঘাটনে এই পত্রের বিশেষ ভূমিকা গ্রহণ করেছে।

অনেক ক্ষেত্রে চরিত্ররা সরাসরি দাড়িয়ে তাদের মনের কথা বলতে পারে না, সেই না বলা কথাগুলি বলবার জন্য পত্রের ব্যবহার করেছে। রাজসিংহ উপন্যাসে রাজসিংহের কাছে যে পত্র পাঠিয়েছে তাতে যে শুধুমাত্র কাহিনি নয়, সেই চরিত্রগুলিও প্রভাবিত হয়েছে।

আবার কিছু পত্রে অনেকগুলি গুরুত্বপূর্ণ তথ্য আছে। যার মধ্যে রাজপুত জাতির বীরত্বের কথা আছে, যোধপুর অম্বর প্রভৃতি প্রতাপশালী রাজাধিরাজ কিভাবে দিল্লির বাদশাহকে কন্যাদান করা গৌরব বলে মনে করেন সেকথাও পত্রের মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে।

রাজপুত গরিমা যখন ধ্বংসের মুখে তখন রাজসিংহের মত মেবারের রানা কিভাবে নিজেদের দৃপ্ত মহিমাকে রক্ষা করে চলেছেন এই প্রসঙ্গও পরে স্থান করে নিয়েছে।

কখনো কখনো সম্পর্ক প্রতিষ্ঠার জন্য পত্র লেখা হয়েছে। চলকুমারীর পক্ষে নিজের হাতে পত্র লিখে রাজসিংহকে দেওয়া শোভকর হত না তখন নির্মলকুমারী চঞ্চলকুমারীর হয়ে পত্র লিখেছেন ও সেই পত্রের দ্বারা তাদের মধ্যে সম্পর্ক গড়ে ওঠে এই পত্রের জন্য।

আবার কখন বুদ্ধের কথা, বিবাহ করবার কথা, কখন রানীকে আটকে রাখবার কথা আদান-প্রদানের জন্য এই পত্র সব থেকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রাজসিংহ উপন্যাসে পত্র ব্যবহারের প্রয়াসটি উপন্যাসকে নতুন মাত্রা দান করেছে।

রাজসিংহ উপন্যাসের মতো 'কপালকুণ্ডলা' উপন্যাসে অভ বেশি পত্রের ব্যবহার আমরা দেখতে পায় না, তবে অল্প বিস্তার পত্রের ব্যবহার করেছেন ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র।

উপন্যাসের প্রথম পত্রে আমরা একটি পরিবারিক ঘটনাকে দেখি ও এই পত্রে একটি আদেশপত্র। দ্বিতীয় পত্রের শেষমন মতিবিবিকে আমার অবস্থার কথা বর্ণনা করে ও তাকে আমায় আসবার জন্য লিখেছেন। এই সমস্ত ঘটনা বর্ণনার জন্য ও তখনকার সমাজব্যবস্থাকে জানাবার জন্য একমাত্র মাধ্যম ছিল পত্র।

তৃতীয় পত্রে দ্বারা উপন্যাসের রূপ বদল ঘটে। তৃতীয় পত্রে মধ্যে নায়ক নবকুমার ও নায়িকা কপালকুণ্ডলার মধ্যে ভুল বোঝাবুঝি শুরু হয়। ব্রাহ্মণবেশী কপালকুণ্ডলাকে যদি এই পত্র খানি না লিখতেন তাহলে কপালকুণ্ডলা পদ্মাবতী ও নবকুমার এর সম্পর্কে কিছুই জানতে পারত না, ও কপালকুণ্ডলা ও নব কুমারের চরম পরিণতি উপস্থিত হত না।

কপালকুণ্ডলা উপন্যাসে একে উপরকে জানতে ও তখনকার সমাজ পরিবেশকে জানতে চিঠিপত্র বিশেষ ভূমিকা গ্রহণ করেছে।

বঙ্কিমচন্দ্র কপালকুণ্ডলা ও রাজসিংহের মত বিষবৃক্ষ উপন্যাসে পত্রের প্রসঙ্গ এনেছে নানা কার্যসিদ্ধির উদ্দেশ্যে। বিষবৃক্ষ উপন্যাসের অপর একটি কৌশল হলো পত্রের সাহায্যে চরিত্রগুলির মানসিক অবস্থার পরিচয় দেওয়া, ঘটনার বর্ণনা করা, এই উপন্যাসে প্রধান চরিত্রের পাশাপাশি অপ্রধান চরিত্রগুলিও নিজের কথা প্রকাশ করবার জন্য পত্রের ব্যবহার করেছে। এই পত্রের মধ্যে সূর্য্যমুখীর স্বামীর প্রতি প্রেম ও নির্ভরশীলতার পরিচয় পাওয়া যায়।

সূর্য্যমুখী কমলমণির কাছে পত্র না লিখলে নরেন্দ্রের চিত্তসংযমের প্রয়াস, সূর্য্যমুখীর প্রতি তাহার পূর্ব অপেক্ষা বেশি সমাদর ও অন্যমনস্কতার কথা জানা যাইতো এছাড়াও সূর্য্যমুখীর চরম হৃদয় যন্ত্রণার কথা কমলমণিকে জানিয়ে তিনি সান্ত্বনা ও শান্তি সেতে চেয়েছেন।

নগেন্দ্রনাথ তার বন্ধু হরদেব ঘোষালকে যে পত্রটি লিখেছিল সেই পত্রের প্রথমেই নগেন্দ্রনাথ কুন্দনন্দিনীর রূপের বর্ণনা করেছেন। যে রূপের বর্ণনা তিনি সামনা-সামনি করতে পারেনি সেই রূপে বর্ণনা পত্রের মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে। এছাড়াও পরবর্তী পত্রে নগেন্দ্রনাথ তার অধঃপতনের কথা ও শেষে রূপের মোহ ভুলে গিয়ে পুনরায় সূর্য্যমুখীকে পাবার বাসনার কথা বন্ধু হরদেব ঘোষালকে পত্রের মধ্যে দিয়ে জানিয়েছেন। অর্থাৎ নরেন্দ্রনাথের অন্তর বেদনার কথা বলতে পত্র বিশেষ ভূমিকা গ্রহণ করেছে। হরদেব ঘোষাল নরেন্দ্রকে ভালোবাসা কী তা বোঝাবার জন্য ও কুন্দনন্দিনীর প্রতি সহানুভূতি সম্পন্ন হবার কথা বলে পত্র লিখেছেন ও হরদেব ঘোষাল তার পত্রের শেষে বলেছে, নগেন্দ্রনাথ যেন কুন্দকে ভালোবাসে ও সম্মান করে। বিষবৃক্ষ উপন্যাসের চিঠি পত্রের ব্যবহারের মধ্যে দিয়ে ঘটনাধারার বিবর্তন ঘটে, কাহিনি, উপকাহিনির

উপর দৃষ্টি আকর্ষণ ও বিশেষ করে পত্র ব্যবহারের মধ্যে দিয়ে নাটকীয় পরিবেশ সৃষ্টি হয়েছে উপন্যাসে। চরিত্রগুলির মনস্তাত্বিক ভাবনার প্রতিফলন প্রকাশ পেয়েছে এবং চরিত্রগুলি উদ্ভাসিত হয়ে উঠেছে চিঠি পত্রের মধ্য দিয়ে। সবশেষে বলা যায় তিনটি উপন্যাসের ক্ষেত্রে চিঠিপত্র বিশেষ ভূমিকা গ্রহণ করেছে। এবং উপন্যাস গুলিকে নতুনত্ব দান করেছে।

সাহিত্য হল সমাজের দর্পণ, সাহিত্য মানব মনের সুখ-দুঃখ, আনন্দ বেদনা এবং মানবজীবনের শাশ্বত ও চিরন্তন অনুভূতি প্রতিফলিত হয়। আর সাহিত্যের মধ্যে জায়গা করে নিয়েছে উপন্যাস। বাঙালির জীবনকে প্রাচ্য ও পাশ্চাত্য আদর্শের মিলন ভূমিতে স্থাপন করে মননশীল সাহিত্য, কথা সাহিত্য, দেশ ও দশের কথা প্রভৃতির মধ্যে দিয়ে তিনি বাঙালিকে ঊনবিংশ শতাব্দীর জীবনরস ও প্রাণবানীতে উদ্বুদ্ধ করেছিলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, বঙ্কিমচন্দ্র বাঙালি মনের সুদৃঢ় স্থান করে নিয়েছে। বিংশ শতাব্দী প্রথমার্ধকে যেমন রবীন্দ্র যুগ বলা হয়ে থাকে, তেমন ঊনবিংশ শতাব্দীর শেষ তিন দশককে বঙ্কিমযুগ বলা হয়। এমনকি রবীন্দ্রযুগের গোড়ার দিকেও বঙ্কিমপ্রাধান্য অটুট ছিল স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন তার একজন অন্তরঙ্গ ভক্ত।

বঙ্কিমচন্দ্রের রচনার বিষয় বৈচিত্র্য রচনার প্রকরণ, জীবনদর্শন, পরবর্তী যুগের উপর প্রসারিত প্রভাব এখনও বর্তমান রয়েছে। বঙ্কিম সাহিত্যের জনপ্রিয়তা শতাধিক বছর পরেও সমানভাবে অটুট আছে।

বঙ্কিমচন্দ্রের উপন্যাসের মধ্যে নানা বৈচিত্র্য রয়েছে, কখনো তিনি প্রাকৃতিক বর্ণনা করেছেন, কখনো সমাজ আর কখনো সেই সময়ের ভাষাকে তুলে ধরেছেন, কখনো আবার অতীত ঐতিহাসিক তার উপন্যাসের স্থান দিয়েছে।

বঙ্কিমচন্দ্র তার উপন্যাসে কখনো চিঠিপত্রকে স্থান দিয়েছে, চিঠিপত্রের জন্য তার উপন্যাস অনন্য হয়ে উঠেছে। রাজসিংহ উপন্যাসে চিঠিপত্রের ব্যবহারের ফলে প্রয়োজনীয় তথ্য পরিবেশিত হয়েছে এবং উপন্যাসে উল্লেখিত চরিত্রের মনস্তত্ত্বের উদ্‌ঘাটন সম্ভব হয়েছে।

কপালকুণ্ডলা উপন্যাসে চিঠিপত্রের ফলে কাহিনি নতুনসথের দিকে অগ্রসার হয়েছে, নায়ক নবকুমার ও নায়িকা কপালকুণ্ডলার সম্পর্কের রূপ বদল ঘটেছে।

আর বিষবৃক্ষ উপন্যাসে নগেন্দ্রনাথের রূপমোহ এর ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছে, সে সমস্যার কথা আমার বিভিন্ন পত্র থেকে জানতে পারি, সূর্য্যমুখীর স্বামীর প্রতি গভীর প্রেম পত্রের দ্বারা প্রকাশ পায় ও পরবর্তীতে নগেন্দ্রনাথের সূর্য্যমুখীর জন্য ব্যাকুলতা এই পত্রের দ্বারা প্রকাশ পেয়েছে।

উপন্যাসের ক্ষেত্রে পত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। অনেক না বলা কথা পত্রের দ্বারা আমরা জানতে পেরেছি।

বঙ্কিমচন্দ্র তার উপন্যাসে যেমন চরিত্রগুলিকে গুরুত্ব দিয়েছে ঠিক তেমনই চিঠিপত্রের গুরুত্ব ও প্রকাশ পেয়েছে। চরিত্র এবং ঘটনার পাশাপাশি চিঠিপত্র চরিত্র রূপে ধরা দিয়েছে তার উপন্যাস গুলিতে। চিঠিপত্রের ব্যবহারের ফলে উপন্যাস গুলি আরও প্রাণবন্ত হয়ে গবেষণা প্রকল্পটি তৈরি করতে আমি আমার মৌলিক ক্ষমতাকে কাজে লাগিয়েছি। সম্পূর্ণ নিজস্ব একটি বিষয় গড়ে তোলার চেষ্টা করেছি। ভবিষ্যতে বিষয়টি নিয়ে আরো ভাববার আশা রাখছি।

উল্লেখপঞ্জী :

আকর গ্রন্থ :

১. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ।। কপালকুণ্ডলা । গীতাঞ্জলি ।। প্রথম প্রকাশ: বৈশাখ,১৪২৪ ।।
২. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ।। বিষবৃক্ষ ।। আদ্রিশ পাবলিকেশন ।। প্রথম প্রকাশ: শুভ নববর্ষ, ১৪২৪ ।।
৩. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ।। রাজসিংহ ।। আদ্রিশ পাবলিকেশন ।। প্রথম প্রকাশ: কলকাতা বইমেলা, ১৪২৬ ।।

সহায়ক গ্রন্থ :

১. ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ।। বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত ।। মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড ।। ১৯৬৬ ।।
২. দেবব্রত বিশ্বাস ।। বাংলা উপন্যাসচর্চা ঐতিহ্য উত্তরাধিকার । ব্যঞ্জনবর্ণ ।। ২০১৬ ।।
৩. ড: দেবেশ কুমার আচার্য্য ।। প্রবন্ধ বিচিত্রা ।। প্রজ্ঞা বিকাশ ।। ২০১৭ ।।
৪. ধ্রুব কুমার মুখোপাধ্যায় ।। রাজসিংহ ।। নিউ বইপত্র ।। আগস্ট, ২০১৬ ।।
৫. ডঃ পার্থ চট্টোপাধ্যায় ।। বাংলা সাহিত্য পরিচয় ও সাহিত্যটীকা ।। তুলসী প্রকাশনী ।। আগস্ট, ২০১১ ।।
৬. প্রমথনাথ বিশী ।। বঙ্কিম সরণী ।। মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ ।। ১৪১৬ ।।
৭. অধ্যাপক ডঃ ভবানী গোপাল সান্যাল ।। বিষবৃক্ষ ।। মডার্ন বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড ।। ১৯৮৮ ।।
৮. ডঃ রতন কুমার নন্দী ।। কপালকুণ্ডলা ।। বামা পুস্তকালয় ।।
৯. ডঃ রতন কুমার নন্দী ।। কপালকুণ্ডলা ।। বঙ্গীয় সাহিত্য সংসদ ।। ১৪০৭ ।।
১০. সুকুমার সেন ।। বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (তৃতীয় খণ্ড) ।। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড ।। প্রথম আনন্দ সংস্করণ ১৪০১ ।।
১১. ডঃ ক্ষেত্র গুপ্ত ।। রাজসিংহ ।। প্রজা বিকাশ ।। ২০০৬ ।।

21
বাংলার লোককথা ও ঠাকুমার ঝুলি

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সঞ্চিতা দাস (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

লোককথা হলো বাংলা সাহিত্যের এক বৃহৎ অংশ। লোকসাহিত্য লোকসংস্কৃতি গ্রাম্য লোকের মুখে মুখে প্রচলিত গান ছড়া প্রবাদ। গ্রাম্য লোকের মুখের কথা হয়ে উঠেছে কথাসাহিত্য তথা বাংলা লোকসাহিত্য। যা লোকসাহিত্যের অন্যতম সম্পদ। এছাড়া লোকো কথার ভাণ্ডার গ্রামে গ্রামে অফুরন্ত ছড়িয়ে আছে। রূপের আড়ালে অপরূপই হয়ে ওঠে রূপকথা। শ্রী দক্ষিনারঞ্জন মিত্র মজুমদার রূপকথা কেন্দ্রিক "ঠাকুমার ঝুলি গল্প গ্রন্থের অন্যতম স্রষ্টা। তিনি বাংলা বিখ্যাত শিশু সাহিত্যিক ও লোক কথার সংগ্রাহক। তিনি বাংলার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা রুপকথার গল্পগুলিকে সংগ্রহ করে নিয়ে এসে তা লিখে প্রকাশ করেন এবং খ্যাতির শীর্ষে পৌঁছান। লোকমুখে ছড়িয়ে থাকা রূপকথা কে সুন্দর করে সাজিযে লিপিবদ্ধ করা দূরহ কিন্তু তবুও রূপকথার গল্পকে যথার্থ রূপ দিয়েছিলেন শ্রী দক্ষিনারঞ্জন মিত্র মজুমদার। এই কুশলতার কাজ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার মে আশ্চর্য দক্ষতার সঙ্গে সম্পন্ন করেছেন তা দেখে রবীন্দ্রনাথ অকুণ্ঠ চিত্তে প্রশংসা করেছেন। বাংলা লোককথা কেন্দ্রিক গল্প গ্রন্থ "ঠাকুরমার ঝুলি" সম্বন্ধে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন-

"ঠাকুরমার ঝুলির মতো এত বড় স্বদেশী জিনিস আমাদের দেশে আর কি আছে?... দক্ষিনাবাবুকে ধন্য! তিনি ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলিয়া পাতিয়াছেন। তবু তাহার পাতাগুলি প্রায় তেমনি তাজাই রহিয়াছে...। "

আর ভাই বাংলা লোককথা তথা রুপকথার গল্পে দক্ষিণারঞ্জনের সৃষ্টি "ঠাকুরমার ঝুলি" অনন্য। আর ১৯০৬ খ্রিস্টাব্দে কলকাতার "ভট্টাচার্য এণ্ড সন্স" প্রকাশনা সংস্থা থেকে ঝুলি দক্ষিনারঞ্জন মিত্র মজুমদার। দক্ষিণারঞ্জন রূপকথা ব্যালাডের কাহিনী ব্রতকথা ও কৌতুক কর লোককথা সব সংগ্রহ করে। এছাড়া তিনি একেরপর এক প্রকাশ করেন "ঠাকুরদার ঝুলি", "ঠানদিদির খলে" "দাদা মশায়ের খলে" ইত্যাদি গ্রন্থ। অনবদ্য ভাষাগুণের জন্য তিনি নিছক রূপকথা সংগ্রাহক হয়ে থাকেননি বরং গুণমান সম্পন্ন সাহিত্যিকের পর্যায়ে উন্নীত হয়েছিলেন। আর তার সৃষ্টির মধ্য দিয়ে আনন্দিত হয় আট থেকে আশির মন। দক্ষিনারঞ্জন এর পরবর্তীকালে "ঠাকুরমার ঝুলি" নামে অনেকেই রূপকথার গল্প লেখেন বা সম্পাদনা করেন। দেব সাহিত্য কুঠির, কল্পনা সাহিত্য মন্দিরের গ্রন্থ গুলি প্রসঙ্গত উল্লেখ করা যায়। লেখক বা সম্পাদকরাহলেন

পশুপতি চট্টোপাধ্যায়, হরিশচন্দ্র চট্টোপাধ্যায়, দক্ষিনারঞ্জন বাবু লীলা মজুমদার মোহিত রায় প্রমুখ ব্যক্তি। দক্ষিণারঞ্জন তার সৃষ্ট ঠাকুরমার ঝুলি গ্রন্থে সমাজ, সংস্কার ছড়া পরিবেশ সর্বোপরি রূপকথা ও লোকো কথার মেলবন্ধন ঘটিয়েছেন।

বাংলা তথা ভারতবর্ষ লোককথা লোকসংস্কৃতি লোককাহিনীর ভাণ্ডার। বাংলা ভাষা ও সাহিত্যচর্চার মতো লোককথা চর্চার ক্ষেত্রেও ইউরোপিয়ানদের অবদানকে আমরা অস্বীকার করতে পারি না। বাংলার লোক ঐতিহ্যকে জনসমাজে তুলে ধরার জন্য কয়েকজন ইউরোপিয়ানদের স্মরণীয় ভূমিকা রয়েছে। খ্রিস্টান মিশনারী উইলিয়াম ম্যাকুলেস এর সংকলিত লোককাহিনী "Bengali house hold tales" ১৯১২ খ্রিস্টাব্দে লণ্ডন থেকে প্রকাশিত হয়। মোট ২৮ টি লোককথা এই সংকলনে স্থান পেয়েছে।

'ফোর্ট উইলিয়াম কলেজের 'বাংলা ও সংস্কৃত বিভাগের বিভাগীয় প্রধান উইলিয়াম কেরির "ইতিহাসমালা "(১৮১২) মূলত লোক কথার সংকলন । ইতিহাসমালা ১৫০ টি লোককাহিনী সংকলন । ইতিহাস মালায় পঞ্চতন্ত্র হিতোপ্রদেশ থেকে যেমন গল্পসংকলিত হয়েছে তেমনি বাংলার প্রচলিত উপকথাও সংকলিত হয়েছে। আমরা উইলিয়াম কেরিকে বাংলা লোকো কথার প্রথম সংগ্রাহক ও বলতে পারি সর্বপ্রথম বঙ্গদেশের প্রচলিত কথা স্থান পেয়েছে।

স্বাধীনতা উত্তর ভারতবর্ষে বাংলা লোককথা সংগ্রহের জন্য রেফারেণ্ড লালবিহারী দে স্মরণীয় ব্যক্তিত্ব । তিনি ছিলেন খ্রিস্টান। তার অন্যতম অবদান বাংলা তথা বঙ্গবাসীর প্রচলিত লোককথাকে বিশ্ববাসীর সামনে তুলে ধরা। রেফারেণ্ড লালবিহারীদের "Folktales of Bengal "১৮৮১ খ্রিস্টাব্দে ইংরেজিতে রচিত হয় ।লালবিহারী দে কে এই লোককথা সংকলনে অনুপ্রাণিত করেছিলেন আর.টি.টেম্পল।

বাংলা ছড়া ও অবিমিশ্র লোককাহিনীর অন্যতম সংকলক হিসেবে আমরা আশুতোষ মুখোপাধ্যায়ের নাম স্মরণ করতে পারি। খাঁটি বাঙালির খাঁটি লোক কথার সংকলনে আশুতোষ মুখোপাধ্যায় তার "ছেলে ভুলানো গল্পের তরঙ্গ "পর্যায়ের সং রাক্ষস ১৩০৪ সাল।

বাংলা সাহিত্যের অঙ্গনে বাংলা লোককথা সংগ্রহ ও বিশ্লেষণে ডঃ আশুতোষ ভট্টাচার্যের "বাংলা লোকসাহিত্য"(মোট চারটি খণ্ড) বিশেষভাবে উল্লেখ্য। ১২ টি অধ্যায়ে বিভক্ত সর্বমোট ২৯০ টি গল্পের সংকলন প্রকাশিত হয় ১৯৬৬ খ্রিস্টাব্দে। সমাজ বিজ্ঞানসম্মত প্রয়াস আলোচ্য গ্রন্থেই সর্বপ্রথম দেখা যায়। লোককথা যে শুধু মাত্র মনোরঞ্জনের বিষয় নয় ডঃ আশুতোষ ভট্টাচার্যের বিজ্ঞান নির্ভর সচেতনতামূলক এই সংকলনটি তারই প্রমাণ। লোককথা সংগ্রহের স্থান কাল পাত্রের নির্দেশ। লোককথার শ্রেণিকরণ, অধ্যায় বিন্যাস, অভিপ্রায় নির্ণয়, সর্বোপরি ভাষার রূপ বৈচিত্র লোককথার তাৎপর্য

ও গুরুত্ব অনুধাবনে বিশেষ ভাবে সহায়ক হয়ে উঠেছে। বলাবাহুল্য ডঃ আশুতোষ ভট্টাচার্য এবং তার "বাংলা লোকসাহিত্য "বাংলা লোকসাহিত্যের পথ প্রদর্শক। এহেন সকলেই বাংলা লোককথা সংগ্রহ করেছেন এবং তাদের রচিত সকল গ্রন্থ সংকলনের মধ্যে দিয়ে সুন্দর ভাবে প্রকাশ করেছে জনসমাজের মাঝে।

-লোককথার সংজ্ঞা ও স্বরূপ

লোককথা হল সেই সব কথা যা গ্রামের মানুষদের মুখে মুখে বংশ পরম্পরায় প্রচলিত হয়ে আসছে যুগ যুগ ধরে। বছরের পর বছর এই লোককথা গুলি লোকের মুখে মুখে প্রচারিত হয়ে সমাজে একটা ধারাবাহিকতা লাভ করেছে। যেহেতু লোককথা লিখিত ভাবে প্রকাশিত নয়। তাই মুখে মুখে প্রচারিত হতে হতেই লোককথার অনেক পরিবর্তন দেখা যায়। সে কারণে অনেক সময় একই লোককথার একাধিক ব্যাখ্যা পাওয়া যায়। লোক-কথা'র প্রাণই হলো 'কথা'। কথা ছাড়া লোককথা হয় না, অন্য কিছু দিয়ে পূরণ করাও যায় না, সেখানে কথাই সব। ইংরেজি "Folktale এর বাংলা প্রতিশব্দ 'লোককথা। যদিও ডঃ মযহারুল ইসলাম তাঁর "ফোকলোর: পরিচিতি ও পঠন-পাঠন"গ্রন্থে 'Folktale' এর বাংলা তর্জমা হিসাবে 'লোককাহিনি' শব্দটিকে গুরুত্ব দিয়েছেন। কারণ তার মুক্তি কথা শব্দটি কথাবার্তা হিসেবেও ব্যাবহৃত হয়, কথাসাহিত্যে তার স্ফূর্তি লক্ষ করা যায়। কিন্তু Folktale এ কথার কোনোও অবকাশ নেই। সেখানে অন্যতম ভূমিকা, এ প্রসঙ্গে বলা যায় লোকমুখে চলিত কথাতেই এ কাহিনি বর্ণিত হয়। কথা অর্থাৎ বাক চাতুর্যের মাধ্যমে কাহিনি এগিয়ে যেতে থাকে আর তা লোককথাতেও অমিল নয়। অনেক উপকথা ও শিকলী কেবল কথোপকথনেই গল্পের পরিনতি ঘটে, গল্পের মূল ভাব উপস্থিত হয়। তাই Folktale এর বাংলা তর্জমা 'লোককথা '- এই শব্দটি একেবারেই যুক্তিগ্রাহ্য।

ঠাকুরমার ঝুলির দুধে সাগর অংশে ছয়টি গল্পের পারিবারিক টানা পড়েন উঠে এসেছে। 'কলাবতী রাজকন্যা' গল্পে-

"রাজার সাত রানী বড় রানী মেজোরানী সেজোরানি নরানী কনি রানী দুয়োরানী আর ছোটরাণী।

আর এখানে বহুবিবাহ অর্থাৎ সতীন সমস্যা দেখা দিয়েছে সকল সতীনদের মধ্যে পারস্পরিক হিংসা রেষারেষি ফলে নারীর মানসিক যন্ত্রণা। একে অপরকে বঞ্চিত করার প্রচেষ্টা । এভাবে বহুবিবাহের রূপ উঠে এসেছে রূপকথার গল্পে।

সোনারকাঠি রুপোর কাঠি গল্পে রাক্ষসীর খপ্পরে পড়ে চার বন্ধু এক রাজপুত্র এক মন্ত্রী পুত্র এক সওদাগরের পুত্র আর একোটালের পুত্র। সেই রাক্ষসী প্রস্তুত ও শক্তিশালী রূপ পরিবর্তনে পটু। কিন্তু শেষ পর্যন্ত রাজকন্যার মাধ্যমে কৌশলে রাক্ষসদের মৃত্যুর

কৌশল জেনে। স্নান করে পরিশুদ্ধ হয়ে শিব মন্দিরে পূজা দিয়ে রাজপুত্র নিঃশ্বাস বন্ধ করে তাল গাছে ওঠে তালপত্র থাড়া পাড়ে তারপর পুকুরে নেমে স্পটিক ভাঙ্গে, সাত ফনা সাপ বার করে তা বুকের উপর রেখে ভালপত্র খাড়া দিয়ে তার গলা কাটে ফলে সব রাক্ষস মারা যায় এবং রাজকন্যা কে নিয়ে রাজপুত্র ও তার বন্ধুরা, তাদের দেশে ফিরে আসে।

তৃতীয় অধ্যায়

ঠাকুরমার ঝুলি ছড়া

কলাবতী রাজকন্যা:

' কুচবরণ কন্যা মেঘ বরন চুল নিয়া যাও কন্যা মতির ফুল'।

মেঘের মতো ঘন কালো চুল সুন্দরী রাজকন্যার এবং সেই সুন্দরী রাজকন্যা কে মনি মানিক্য মুক্তা নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

বলা যায় রূপকথার গল্পের রাজা রা সুন্দরী কন্যাকে তাদের প্রার্থনা করতে চায় তাদের রাজত্ব প্রভাব প্রতিপত্তি দেখিয়ে তেমনি তৎকালীন সমাজের মানুষের মধ্যেও এইরকম প্রবণতা দেখা যায়।

'দুয়ারে দুয়ারে মঙ্গল ঘরা
পাঁচ পল্লব ফুলের তোড়া
আলপনা বিলিপনা এ ওর ঝাক পাট পিরি আসন ঘিরে বেজে ওঠে শাক।'

অর্থাৎ দুয়ারে দুয়ারে মঙ্গল ঘর তাতে দেওয়া পাঁচটি পাতার পল্লব ফুলের তোড়া এ ওর স্ত্রী মহিলারা আলপনা দিয়েছে এবং পার্ট ফিরে আসন ঘিরে শঙ্খ ধ্বনি বেজে উঠেছে।

এই গল্পের ছড়ার মধ্য দিয়ে দেখা যায় বিবাহের শুভ একটি দৃশ্য এবং সেখানে আনন্দমুখর পরিবেশেও মূলত বর্ণিত হয়েছে।

চতুর্থ অধ্যায় ঠাকুরমার ঝুলি ও রূপকথার গল্প

রূপকথার গল্প কাল্পনিক কোন এক রাজ্যের গল্প যার সঙ্গে বাস্তবের কোন মিল পাওয়া যায় না। অন্তত গল্প শুনতে শুনতে পাঠক ও শ্রোতা কখনোই এর বাস্তবতা নিয়ে প্রশ্ন তুলতে পারে না রূপকথার গল্পে কোন বাস্তবভিত্তি নেই এটাই রূপকথার প্রধান বৈশিষ্ট্য এই বৈশিষ্ট্যকে ভিত্তি করে আমরা ঠাকুরমার ঝুলিকে সার্থক রুপকথা মূলক গল্প বলতে পারি।

রূপকথার গল্পে স্বর্গ মর্ত্য পাতাল পাহাড় পর্বত নদী বন ইত্যাদি বিষয়ে লক্ষ্য করা যায়। রূপকথা মানব মনের অবদমিত ইচ্ছার একপ্রকাশ রূপ তাই সমস্যা যতই জটিল

হোক পরিস্থিতি যতই প্রতিকূল হোক প্রতিপক্ষ যতই শক্তিশালী হোক না কেন সব শেষে সুখ শান্তি রূপকথার গল্পে থাকে মূলত কিশোর পাঠক পাঠিকাদের অবসর বিনোদনের জন্যই দক্ষিণা রঞ্জন মিত্র মজুমদার ঠাকুমার ঝুলি গল্প গ্রন্থটি লিখেছিলেন।

বাংলা লোককথা জগতের অন্যতম স্মরণীয় সাহিত্য ব্যক্তিত্ব হলেন শ্রী দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার। দক্ষিণারঞ্জন এর আগে লাল বিহারী দে, উইলিয়াম কেরি প্রমুখ ব্যক্তিত্ব গ্রাম্য মৌখিক সাহিত্য উদ্ধারে যথেষ্ট ভূমিকা আছে। ফোনোগ্রাফ যন্ত্র দিয়ে হুবহু মানুষের ভাষাকে রেকর্ড করে তাকে যথাসম্ভব মৌখিক রীতিতে বাঙালির পাঠক পাঠিকাদের কাছে উপস্থাপন করে অনন্য কৃতিত্বের পরিচয় দিয়েছেন বাংলার লোককথা তথা কাহিনিতে সকল স্তরে মানব জীবন ও সমাজের নানান ছবি আছে। সেসব বিশ্লেষণ করলে অনেক অজানা ইতিহাস জানা যায়। বাল্যবিবাহ, বহুবিবাহ, সতীন বিদ্বষ, সৎমার ঈর্ষাকাতরতা ইত্যাদি বিষয়। প্রাচীনকাল থেকেই লোককথা লোক সাহিত্যের একটি জনপ্রিয় দিক। প্রাচীন ও বাংলা সাহিত্যের অনেকটাই লোক সাহিত্যের মধ্যে। বাংলাদেশের গ্রাম গ্রামান্তরে এখনো কত লোক অবহেলা ভরে অনাদরে পড়ে আছে। লোক সাহিত্য যেহেতু সবটুকু মৌখিক ব্যাপার হলেও এর পিছনে লোক জীবন ও লোকসংস্কৃতি এমন সমস্ত পরিচয় প্রচ্ছন্ন হয়ে আছে যা হয়তো এখনো যারা সম্ভব হয়ে ওঠেনি। রসকথা, ব্রতকথা, ইত্যাদি নানা শ্রেণীতে লোকথা গুলি বিভক্ত করা হয়েছে।

বাংলা লোক কথাই নানা লেখক তাদের জ্ঞানের যথেষ্ট পরিচয় দিয়েছেন। তারা লোককথা নানা তথ্যকে সংগ্রহ করেছেন লোকমুখে প্রচলিত গল্প বা কাহিনী যা আকাশ, মাটি, নদী পশুপাখি নানান চরিত্রের সমাবেশ গর্তে দেখি তার লোক কথার অন্তর্গত লোককথা যা কিনা রূপকথার সঙ্গে সম্পৃক্ত ঠাকুরমার ঝুলি গল্প গ্রন্থের গল্পের সঙ্গে যুক্ত।

ঠাকুরমার ঝুলি গল্পে সমাজের গুরুত্বপূর্ণ কিছু বিষয় লক্ষ্য করা যায়। একজন স্ত্রী থাকা সত্বেও একাধিক বিবাহের রীতি হলে এই বহুবিবাহের জন্য সংসারে সংসারে সতীন সমস্যা এক তীব্রতর রূপ নিয়েছে। নারী মন যেন ঈর্ষা পরায়ণ হয়ে উঠেছে। আর এজন্য পারিবারিক সম্পর্কের টানাপোড়েন যেন তীব্র দিন আবার কখনো বন্ধুত্বের প্রগাঢ়তাও লক্ষ্য করা যায়।

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ:

১. শ্রী দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার ঠাকুরমার ঝুলি, অমল পুষ্টি, ২০১৯

সহায়ক গ্রন্থ :

১. ডঃ অসিত কুমার বন্দ্যোপাধ্যায়, বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, মডার্ন বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড ২০১৬ - ২০১৭

২. ডঃ আশুতোষ ভট্টাচার্য, বাংলার লোকসংস্কৃতি, ন্যাশনাল বুক ট্রাস্ট, ইণ্ডিয়া, ১৯৮২

৩. ডঃ শ্রী আশুতোষ ভট্টাচার্য, বাংলা লোকসাহিত্য, ক্যালকাটা বুক হাউস,

৪. দেবেশ কুমার আচার্য, বাংলা সাহিত্যের ইতিহাস : আধুনিক যুগ, কলকাতা, ১৯৬২, ইউনাইটেড বুক এজেন্সী,

৫. নবনীতা দেবেন রূপকথার সমগ্র

৬. পল্লব সেনগুপ্ত, লোকসংস্কৃতির সীমানা ও স্বরূপ, পুস্তক বিপণি, ১৯৯৫

৭. মুহম্মদ আয়ুব হোসেন, বাংলা লোককথা, পুস্তক বিপণ

৮. সম্পাদনা আকাদেমি বানান উপসমিতি, আকাদেমি বানান অভিধান, পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাডেমি

৯. সুধীর চক্রবর্তী, বুদ্ধিজীবী নোট বই পুস্তক বিপণি, ২০০৫

Website: https://ir.nbu.ac.in

granthagara.com

22

রবীন্দ্র ছোটগল্পের চলচ্চিত্রায়ন : তপন সিংহ (নির্বাচিত)

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
অঙ্কিতা সাহা (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

পাশ্চাত্য সাহিত্য আলোচকদের মতে করিত-গদ্য কাহিনিগুলি দুই শ্রেনিতে পড়ে -এক, নভেল অর্থাৎ উপন্যাস দুই, শর্ট স্টোরি অর্থাৎ ছোটোগল।

বাংলা সাহিত্যেও এই বিভাজন লক্ষ্য করা যায়। ছোটোগল্পের বিষয়বস্তু কে ঘিরে একটা অখণ্ড ভাবরস জমাট বেঁধে ওঠে। যেটা ছোটোগল্পের বিশিষ্ট লক্ষন। বস্তুত, ছোটোগল্প সেই গদ্য শিল্প যা একটি বিদ্যুৎ চমকের মতো জগৎ ও জীবনের একাংশ উদ্‌ঘাটিত করে দেয়। আর সেই স্বপ্নায়তন ঘটনার মধ্যে খুঁজে নিতে হয় সম্পূর্ণতা। এক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের 'বর্ষাযাপন কবিতার অংশ উল্লেখযোগ্য-

সহস্র বিস্মৃতিরাশি
তারি দু-চারিটি অশ্রুজল।

ছোটো প্রাণ, ছোটো ব্যথা,/ছোটো ছোটো দুঃখকথা/নিতান্তই সহজ সরল,/সহস্র বিস্মৃতিরাশি/প্রত্যহ যেতেছে ভাসি-/ নাহি বর্ণনার ছটা,/ঘটনার ঘনঘটা-/নাহি তত্ত্ব, নাহি উপদেশ।/অন্তরে অতৃপ্তি রবে,/সাঙ্গ করি মনে হব/শেষ হয়ে হইল না শেষ। ['বর্ষাযাপন'-'সোনারতরী']

লেখক থেমে গেলেন কিন্তু পাঠকের কৌতূহল যেন থেকেই যায়। ছোটোগল্প আয়তনে ছোটো। সুতরাং তার মধ্যে সুদীর্ঘ মনস্তত্ব আলোচনা বা বিশ্লেষণ করবার স্থান নেই। আর এই ছোটোগল্প যার হাতে পূর্ণাঙ্গতা পেয়েছিল তিনি হলেন রবীন্দ্রনাথ ঠাকুর। তাঁরহাতেই ছোটোগল্পের সিদ্ধি। আর এই ছোটোগল্প নিয়ে বিভিন্ন সময় বিভিন্ন পরিচালক চলচ্চিত্র নির্মাণ করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য সত্যজিৎ রায়, মৃণাল সেন, তপন সিংহ প্রমুখ।

এই গবেষণা পত্রে আমরা তপন সিংহের চিত্রনাট্য বিশ্লেষণের মাধ্যমে দেখার চেষ্টা করবো তাঁর চিত্রনাট্য সাহিত্য অনুসারী হয়েও কিভাবে মূল সাহিত্য থেকে আলাদা হয়ে যাচ্ছে। সত্যজিৎ, মৃণাল, ঋত্বিক এর থেকে কোথায় কিভাবে আলাদা তাঁর চিত্রনাট্য সে বিষয়েও আলোকপাত করা হবে। তার দুটি চিত্রনাট্য 'কাবুলিওয়ালা' এবং 'অতিথি' এর বিশ্লেষণের মাধ্যমে আমরা দেখতে চেষ্টা করব কেন এই দুটি মূল থেকে আলাদা কবে চিত্রনাট্য হিসেবেও পাঠযোগ্য। এক্ষেত্রে যে বিষয় গুলিকে খুঁজে নিতে হবে -

ক) মূল গল্পগুলো, খ) সেই গল্পের নানা আলোচনা ও সমালোচনা গ্রন্থ, গ) দৃশ্য কাব্য প্রতিমার মধ্য দিয়ে কিভাবে চলচ্চিত্র আখ্যান গড়ে তোলে সেই বিষয়টি লক্ষ্য করতে হবে এবং ঘ) চিত্রনাট্য কতটা সাহিত্য অনুসারী হয়েছে সে বিষয়েও লক্ষ্য রাখতে হবে।

আমার অণু-গবেষণা পত্রের শিরোনাম "রবীন্দ্র ছোটোগল্পের চলচ্চিত্রায়ন: তপন সিংহ" (নির্বাচিত)। 'কাবুলিওয়ালা' ও 'অতিথি' গল্পের প্রেক্ষিতে ফুটিয়ে তুলতে চেষ্টা করেছি। আমার অনু-গবেষনা পত্রের এই ক্ষুদ্র পরিসরে আমি নিম্নলিখিত অধ্যায়ে বিভাজনের মাধ্যমে আমার গবেষণার কাজটি সম্পন্ন করার চেষ্টা করবো-

সাহিত্যের সবচেয়ে সজীব শাখাটি হল ছোটোগল। মানুষের প্রবাহমান জীবনের ক্ষণিকের বৈচিত্র্যের ও বৈশিষ্ট্যের উপর কেন্দ্র করে ছোটোগল্পকারের জীবন ও জগৎ সম্পর্কে যে ভাব গড়ে ওঠে তাই-ই ছোটোগল্প। সেক্ষেত্রে বাংলা সাহিত্যে ছোটোগলের এক বিস্ময়কর জগৎ সৃষ্টি করেছেন রবীন্দ্রনাথ ঠাকুর।

রবীন্দ্রনাথের গান ও কবিতা গুলোর পরেই রবীন্দ্র প্রতিভার বিশেষ প্রকাশ হিসাবে তার ছোটোগল্প গুলির স্থান। সেক্ষেত্রে একথা সহজেই বলা যায়, ছোটোগল্প গুলিতে রবীন্দ্র প্রতিভার বিশেষ ধর্ম প্রকাশ পেয়েছে। রবীন্দ্রনাথের ছোট গল্প বললে বুঝতে হবে তিনখণ্ডে সম্পূর্ণ 'গল্পগুচ্ছ' (৮৪টি), 'সে' (১৪টি), 'গল্পসল্প' (১৬টি), 'মুকুট' (১টি), 'তিনসঙ্গী' (৩টি)।

রচনাকাল ১৮৮৪ সাল থেকে ১৯৪১ সাল অর্থাৎ কবি জীবনের ৫৭ বছর। এর মধ্যে গল্প সংখ্যা ১২ টি ভিখারিনি ধরলে ১১৯ টি। সাধারণত তার ছোটোগল্প গুলি প্রকাশিত হয়েছিল হিতবাদী, সাধনা, ভারতী, বঙ্গদর্শন, প্রবাসী, সবুজপত্র এবং আনন্দবাজার প্রভৃতি পত্রিকায় কখনো ছিন্ন কখনো অবিচ্ছিন্ন ধারায়। রবীন্দ্রনাথের ছোটোগলের বিষয়বস্তু ও প্রকাশভঙ্গির অসাধারণ বৈচিত্র্য আমাদের বিস্ময় বিমুট করে। পল্লী জীবনমূলক গল্পে শিলাইদহ ও পদ্মা তিরস্থ পল্লী প্রকৃতি সেখানকার সুখ দুঃখ আনন্দ বেদনা সরল জটিল মানবিকতা ও মানসিকতা ফুটে উঠেছে। যেমন- 'অতিথি', 'শাস্তি'। এক সমালোচক এই প্রসঙ্গে জানিয়েছেন-

এইসব গল্পের নায়ক নায়িকারা। কবির চোখে দেখা মানুষ কানে শোনা, তাদের বাণী। উত্তরবঙ্গের জমিদারিতে ও নদীপথে বরাবর সময় বিচিত্র লোকের সংস্পর্শে তাকে আসতে হবে যেসব সমস্যা নিয়ে গল্প সৃষ্টি তাদের অনেকটা সেইসব মানুষের দৈনন্দিন জীবনে সংগ্রাম কাহিনি দুঃখের ইতিহাস ।

১২৯৮ থেকে ১৩২১ বঙ্গাব্দের মধ্যে লেখা, তার প্রায় সমস্ত গল্পে সামাজিক সমস্যা দেখানো হয়েছে যেখানে আচার আচরণ নারীঘাতী বিষময় পণপ্রথা ও তার প্রতিক্রিয়া

অন্যায় অত্যাচার প্রভৃতি চিত্রিত হয়েছে। যেমন- 'দেনাপাওনা', 'সমস্যাপূরণ', 'ত্যাগ', ইত্যাদি।

শুধুমাত্র কাব্য কবিতায় নয় রবীন্দ্রনাথ তার ছোটোগল্পের চিত্রপরিকল্পনা ও বিশ্ব প্রকৃতির রূপ রস আস্বাদন করেছে করেছেন রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন মানব জীবনের সঙ্গে প্রকৃতির গভীর সম্পর্ক। এই পর্যায়ে উল্লেখযোগ্য গল্প, 'পোস্টমাস্টার', 'ছুটি', 'অতিথি', 'মেঘ ও রৌদ্র'।

বিশ্বপ্রেমিক ও ব্যক্তি প্রেমিক রবীন্দ্র ছোটোগল্পে প্রেমমূলক ছোটোগল্প আছে।। নরনারীর গভীর মনস্তাত্ত্বিক প্রেমের স্বরূপ সম্পর্কে বিচিত্র জটিল অলি গলি কেউ গ্রহণ করা হয়েছে। এই পর্যায়ের উল্লেখযোগ্য গল্পগুলি হল, "নষ্টনীড়', 'সমাপ্তি', 'একরাত্রি' ইত্যাদি।

অতিপ্রাকৃতিক মূলক এই পর্যায়ের গল্পে ভৌতিক বা অলৌকিক রহস্যময়তা পারিবারিক রহস্যময় মিশ্রিত কাহিনীর উপর সঞ্চারিত হয়ে এক ভয়ানক রসের সঞ্চার করেছে। এই পর্যায়ের উল্লেখযোগ্য গল্পগুলি হল, 'নিশিথে', 'কঙ্কাল', 'ক্ষুধিত পাষান', 'জীবিত ও মৃত ইত্যাদি।

রবীন্দ্রনাথের বেশ কিছু ছোটোগল্পে রোমান্সের উচ্ছ্বাস দেখা যায়। যেমন- 'দুরাশা', 'দালিয়া', 'পোস্টমাস্টার' প্রভৃতি এই শ্রেণীর গল্পে মান প্রীতির সৌন্দর্য বিস্ময়কর রূপ আস্বাদন করেছে।

রবীন্দ্রনাথ সমকালীন বাংলা তথা ভারতবর্ষের রাজনৈতিক ভয়াবহ কম বেশি তার ছোটোগল্পে তুলে ধরেছেন শ্রেণীদও শোষক ও শোষিতের সম্পর্কর ইঙ্গিতও দিয়েছেন ড. ক্ষেত্র গুপ্ত তাঁর "রবীন্দ্রনাথ : ছোটগল্পের সমাজতন্ত্র" গ্রন্থে বলেছেন, মোট ১৪ টি গল্প রাজনীতিতে জায়গা পেয়েছে। তার ৯টি গল্প রাজনীতির মূল বিষয়।

রবীন্দ্র ছোটোগল্পের সর্বশ্রেষ্ঠ কৃতিত্ব নারী ব্যক্তিত্বের ক্রম উত্তরণে আধুনিক নারী মনের প্রতিষ্ঠায় নারীর আপন ভাগ্য জয়ে। তাঁর সমগ্র গল্পগুলির মধ্যে পর্যায়ক্রমে এই ক্রমে উত্তরণ তিনটি পর্যায়ে বেছে নিয়ে তা দেখানো যায় যেমন:

ক) প্রথম পর্যায়ে নারী কেবল পুরুষশাসিত সমাজের নানাবিধ অত্যাচারে আঘাতে জর্জরিত হয়েছে প্রতিবাদ করেনি। যেমন- 'দেনাপাওনা'।

খ) দ্বিতীয় পর্যায়ে নারী সেই অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ না করলেও মৌন প্রতিবাদ বা বিদ্রোহ করেছে। যেমন- 'অপরিচিতা', 'মানভঞ্জন।

গ) তৃতীয় পর্যায়ে পুরুষশাসিত সমাজ বা দুর্বল স্বামীর প্রতি নারীর সোচ্চার বিদ্রোহ ও প্রতিবাদের ধ্বনি নিখাদে রণিত হয়েছে। যেমন- 'রবিবার', 'ল্যাবরেটরি'। রবীন্দ্রনাথের মৌলিক প্রতিভা শুধু বাংলা ছোটোগল্পের ভাণ্ডার কে সুসমৃদ্ধ করেনি

বিষয়বস্তু ও ভাবস্তুর গভীরতায় বাংলা ছোটোগল্পে প্রস্তাবনা, উপস্থাপনা, কৌশল, চমকদৃষ্টি, গদ্য ভাষা ও অন্যান্য কলা কৌশল তিনি প্রদান করেছে তার ছোটোগল্পের রসাবেদন সর্বকালের সর্বযুগের।

বাংলা চলচ্চিত্র ইতিহাসে তপন সিংহের ভূমিকা অনস্বীকার্য। রুচি এবং শিল্পসম্মত মূলধারার ছবি নির্মাণে অদ্বিতীয়। ১৯৪৬ সালে নিউ থিয়েটার এবং কলকাতা মুভিটোন স্টুডিওতে শব্দযন্ত্রী হিসাবে কাজ শুরু করেছিলেন তিনি। তারপর ১৯৫০ সালে তিনি ইংল্যাণ্ডে চলে যান এবং প্রায় দুই বছর সেখানে পাইনউড স্টুডিওতে কাজ করেন। ভারতে ফিরে আসার পর পরিচালক রূপে তার আত্মপ্রকাশ। 'অঙ্কুশ দিয়ে তপন সিংহের পথচলা শুরু। 'আনোখা মতি' পর্যন্ত তার সৃষ্টি সংখ্যা ৩৬ টি কাহিনী চিত্র এবং ৩টি টিভি চিত্র।

তবে সত্যজিৎ রায়, মৃণাল সেন, ঋত্বিক ঘটক ও তপন সিংহ যারা সাহিত্য থেকে চলচ্চিত্র করেছেন তাদের মধ্যে তপন সিংহ সবচেয়ে বেশি সংখ্যায় সাহিত্য থেকে গল্প নিয়ে ছবি তৈরি করেছেন।

চলচ্চিত্রগুলি কোনটিরই মূল কাহিনি তপন সিংহের নিজের নয়। প্রত্যেকটিই কোনো না কোনো লেখকের গল্প বা উপন্যাস থেকে নেওয়া, তাঁর প্রথম ছবি 'অঙ্কুশ' নারায়ন গঙ্গোপাধ্যায়ের লেখা 'সৈনিক' গল্পের উপর ভিত্তি করে তৈরি করা। যার কেন্দ্রীয় চরিত্রে একটি হাতি ছিল। এরপর তার চতুর্থ ছবি রবীন্দ্রনাথের ছোটোগল্প 'কাবুলিওয়ালা' (১৯৫৭)। ছবিটি শ্রেষ্ঠ ভারতীয় ছবি হিসেবে রাষ্ট্রপতি স্বর্ণপদক এবং শ্রেষ্ঠ বাংলা ছবি হিসাবে রৌপ্যপদক পেল।

১৯৫৮ সালে তপন সিংহ পরিচালিত 'লৌহকপাট' জরাসন্ধের লেখা জেল কয়েদিদের জীবনের করুণ আলেখ্য মতামত আর আবেগের কাহিনি। ক্ষণিকের অতিথি' (১৯৫৯) এর একটি বিয়োগান্তক প্রেমের কাহিনি সেই সঙ্গে মানবিক আবেদন ভরপুর। তপন সিংহ পরিচালিত 'হাঁসুলী বাঁকের উপকথা' যার কাহিনি তিনি সংগ্রহ করেছিলেন তারাশঙ্কর বন্দোপাধ্যায়ের লেখা 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাস থেকে। যা মূলত বীরভূমের লাভপুরকে কেন্দ্র করে লেখা। সেখানেই শুটিং হয়েছিল এই ছবির। কোপাই নদী যেখানে হাঁসুলির মত বাঁক নিয়েছে সেখানেও কাজ হয়েছিল। প্রত্যেকটি চরিত্র ছিল জীবন্ত। ছবিটিতে এত চরিত্র যে, চরিত্র চিত্রনই নিয়ে ছিল খুব কঠিন কাজ। আর সে কাজ ও অসাধারণভাবে করেছিলেন তপন সিংহ।

১৯৬৪ সালে তপন সিংহ সুবোধ ঘোষের ছোটোগল্প 'জতুগৃহ'-র চিত্ররূপ দেন। সুবোধ ঘোষের ছোটোগল্পটি এক মধ্যবিত্ত মাঝ বয়সী দম্পতির বিবাহ বিচ্ছিন্নতার কাহিনি। এই ছোটোগল্পটিকে ছবির প্রয়োজনে পরিচালক অনেক বাড়িয়েছিলেন, পাশাপাশি

আরও দুটি দম্পতির কাহিনিও জুড়ে দিলেন। সুবোধ ঘোষের কাহিনি তার তীক্ষ্ণতা কিছুটা হারালেও ছবিটি আবেগ ধর্মী শিল্প সৃষ্টি করতে পেরেছিল।

সেক্ষেত্রে বলা যায় যে সত্যজিৎ রায়, ঋত্বিক ঘটক বা মৃনাল সেনের চিত্রনাট্যের তুলনায় তপন সিংহের চিত্রনাট্য অনেক বেশি সাহিত্য অনুসারী। জনপ্রিয় উপন্যাসের ও গল্পের কথোপভার বয়ান তপন সিংহের চিত্রনাট্যের বৈশিষ্ট্য। তপন সিংহ কাহিনীর প্রয়োজনে চিত্রনাট্যে চরিত্রের সংযোজন করেছেন কিন্তু অন্তরঙ্গে রয়ে যায় সাহিত্যের ছাপ। কারণ অতিরিক্ত সংযোজন হলেও এ সমস্ত চরিত্র বা ঘটনা মূল কাহিনী সঙ্গে চমৎকার থাপ খেয়ে যায় এ বিষয়ে তপন সিংহ এক সাক্ষাৎকারে বলেছেন-

"স্বাধীনতার কথা জানি না। সাহিত্যকে অনুসরণ করেছি চিরকাল। তবে অনেককিছু সংযোজন করেছি, নিজে অনেক সিন লিখেছি। সেটা গল্পের সঙ্গে সামঞ্জস্য রেখেই করেছি। অবশ্য রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রেরমতো বিরাট মাপের সাহিত্যিকদের গল্প নিয়ে ছবি করতে গেলে তাদের টোটালিটিতে জানতে হবে, পড়তে হবে। তাহলেই ব্ল্যাংকসগুলো ফিল আপ করা যাবে। জার্ক লাগবে না। রবীন্দ্রনাথের সাহিত্য থেকে করা তিনটি ছবিতে বিশেষত অতিথি- তে অনেক সিন আমার করা আছে। আমার মনে হয় না কোনো জার্ক লেগেছে। ক্ষুধিত পাষাণ-এও মন্মথবাবু যে গল্পটা লিখেছিলেন সেটা তো এক রিলের। লাস্ট রিল। বাকি ৯/১০ রিলে তো রবীন্দ্রনাথের গল্পকে অনুসরণ করা হয়েছে - সেই নূপুরের আওয়াজ ভেসে আসছে, গান ভেসে আসছে, একটা অশরীরীর সঙ্গে কথা বলছে যেটা উনি কল্পনা করেছেন-সেটাও আমরা দেখিয়েছি যে এটা কল্পনা ছাড়া কিছু নয়। ওই যে বললাম দুটো লাইনের মধ্যে যে অকথিত কথা, যা ভালো করে পড়লেই বোঝা যায়, সেগুলো ভিজিউয়্যালি নিয়ে এসেছি। তা না হলে চার পাতার গল্প থেকে এত বড়ো ছবি হবে কীভাবে?

বাংলা চলচ্চিত্র ইতিহাসে তপন সিংহ অভিস্মরণীয় নাম মূলত। বাণিজ্যিক বা জনপ্রিয় ছবি নির্মাণের শর্তগুলো বজায় রেখে তিনি অনন্য নজির স্থাপন করেছেন পরিচালনার ক্ষেত্রে। তার প্রথম ছবি 'অঙ্কুশ' হলেও রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটোগল্প অবলম্বনে তৈরি সিনেমা 'কাবুলিওয়ালা' তাকে চলচ্চিত্র জগতে পরিচয় এনে দিয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুরের ছোট গল্প 'কাবুলিওয়ালা'। যদিও 'কাবুলিওয়ালা' গল্পের নাম তবুও লেখক গল্প শুরু করেছেন মিনির পরিচয় দিয়ে-

"আমার পাঁচ বছর বয়সের ছোট মেয়ে মিনি একদণ্ড কথা না।

কহিয়া থাকিতে পারেনা পৃথিবীতে জন্মগ্রহণ করিয়া ভাষা শিক্ষা করিতে শেখ কেবল একটি বছর কাল ব্যাগ করিয়াছিল তাহার পর হইতে যতক্ষণ সে জাগিয়া থাকে এক মুহূর্ত মৌনভাবে নষ্ট করে না। তাহার মা অনেক সময় ধমক দিয়া তাহার মুখ বন্ধ করিয়া দেয় কিন্তু আমি তাহা পারিনা।"

রবীন্দ্রনাথ মিনির কথা দিয়ে শুরু করলেন। আকস্মিকভাবেই শুরু হল গল্প। কিন্তু চিত্রনাট্য এই আকস্মিকতার স্থানে নেই। তপন সিংহ কাবলিওয়ালার দেশ ও তার পরিচয় দিয়ে শুরু করেছেন। অনন্ত আকাশ দুঃখ পর্বতমালাকে দেখিয়ে দুর্গম গিরিপথ কে ধরলেন। পৌরাণিক ঐতিহাসিক উদাহরণ দিয়ে পথের গুরুত্ব বোঝালেন। পুরুষকণ্ঠ বোঝাতে থাকে আফগানিস্তানে সাধারণ মানুষ দলবেঁধে চলেছে হিন্দুস্তানের দিকে। আফগানিস্তানের অজানা গ্রাম থেকে প্রচুর মানুষ তাদের যাত্রা শুরু করে শেষ হয় হিন্দুস্থানে এসে। আফগানিস্তানের রুক্ষ শুষ্ক প্রকৃতির আফগান পুরুষেরা এই দুঃখ প্রকৃতির মধ্যেই জমিতে কোদাল চালায় আর অধীর আগ্রহে তাকায় আকাশের দিকে। তপন সিংহের চিত্রনাট্যে আমরা রহমতের সঙ্গে পরিচিত হই তখনও শুধু জানা যায় আর পাঁচজন আফগানিস্তান বাসীর মত অর্থ উপার্জনের জন্য রহমত ও চলেছে হিন্দুস্তানের দিকে। অপরদিকে ছোটোগলে শুরুতেই মিমির উপস্থিতি বুঝিয়ে দেয় গল্পে মিনির ভূমিকা গুরুত্ব পূর্ণ। তপন সিংহ আফগানিস্তান দেখালেন আরপাশাপাশি দেখালেন হিন্দুস্থানের হাতছানি। যেন কাবলিওয়ালা কে হিন্দুস্তানের সৌন্দর্য আরো বেশি করে হাতছানি দিয়ে ডাকছে। ধারাভাষ্য চলতে থাকে। আর পাঠক ও আফগানিস্তানের মানুষের করুণ পরিস্থিতির সঙ্গে একাত্ম হতে থাকে। তারপর এই দেখা যায় যে মানুষগুলি উঠের পিঠে চড়ে হিন্দুস্তানের দিকে চলেছে। তাদের মনে বিচ্ছেদের যন্ত্রনা। এদের মধ্যে সবচেয়ে বেশি মন খারাপ রহমতের কারণ সে এখানে রেখে যাচ্ছে তার ছোট্ট মেয়ে রাবেয়াকে। এইখানে চিত্রনাট্যকার বাবা আর মেয়ের ফ্ল্যাশব্যাকে পুরনো দৃশ্য সংযোজন করে দর্শক আর পাঠকের মন আরো বেশি করে করুন করে তুলেছেন। পুরনো দৃশ্যে দেখা যাচ্ছে-

ক) রহমত সওদা করে ফিরে আসছে, মেয়ে রাবেয়া ছুটে আসছে আব্বা বলে, খ) কখনো দেখা যায় উটে টানা গাড়ি নিয়ে মাঠে চলেছে রহমত রাবেয়াও তার হাত ধরে তার সঙ্গে চলেছে এবং গ) ঝোপের ছায়ায় বসে রহমত খাচ্ছে রাবেয়া টুটির টুকরো বাবার মুখে তুলে দিচ্ছে। এরপরই হাওড়া স্টেশন হয়ে সরাইখানায় প্রবেশ করে সরাই থানার ম্যানেজার ঘর দিতে নারাজ হয়। কিন্তু সরায়খানার ম্যানেজার ও রহমতের সঙ্গী আগার কথোপকথনে রহমতের বন্ধুত্বের এবং সততার পরিচয় পাওয়া যায় এবং সেখানে রহমতকে থাকতে দেয়। তারপরেই রহমত কলকাতা রাস্তায় হিং, পেস্তা, বাদাম ফেরী করতে বেড়াচ্ছে। চিত্রনাট্য আরো কিছু এগোলে দেখা যায় বাংলা মুলুকে রহমতের খানিকটা সময় কেটে গেছে। রহমতের পাশাপাশি তপন সিংহ কতগুলো চরিত্রের অবতারণা করলেন আগা, ইফতিয়ার, রহিম, নেকমোহাম্মদ প্রভৃতি। বলাবাহুল্য ছোটোগল্পে এই চরিত্রগুলো অনুপস্থিত।

রবীন্দ্র সাহিত্য থেকে চলচ্চিত্র তৈরি করার ক্ষেত্রে সমস্যা অনেক ছিল সেকালে, অন্যান্য দেখে সিনেমা তৈরি করলেও এত বেশি সমালোচনার মুখে পড়তে হয়নি। কোন পরিচালককে যতটা রবীন্দ্র সাহিত্য থেকে চলচ্চিত্র তৈরি করার ক্ষেত্রে পড়তে হয়। তবে একথাও ঠিক তপন সিংহের 'কাবুলিওয়ালা'-য় তাকে চলচ্চিত্র জগতে আন্তর্জাতিক স্বীকৃতি এনে দিয়েছিল। রবীন্দ্রনাথের বাবা মেয়ের গল্পকেই আরো একটু বাড়িয়ে, ঘটনা সৃষ্টি করে পরিবেশন করলেন তপন সিংহ। সেখানে কাবুলিওয়ালা মিনিকে প্রথম সেই মুহূর্তকে অনবদ্য ভাবে সৃষ্টি করলেন পরিচালক। কাবুলিওয়ালার সঙ্গে মিনির প্রথম পরিচয়-"আমার ঘর পথের ধারে। হঠাৎ মিনি আগডুম বাগডুম খেলা রাখিয়া জানলার ধারে ছুটিয়া গেল এবং চিৎকার করিয়া ডাকিতে লাগিল, "কাবুলিওয়ালা ও কাবুলিওয়ালা"।

ময়লাটিলা কাপড় পড়া, পাগড়ী মাথায় কাবুলিওয়ালা মিনির ঊর্ধ্বাশ্বাস ডাকাডাকিতে বাড়ির দিকে এসে পড়ল। মিনি প্রথম কাবুলিওয়ালা ও তার ঝোলা দেখে ভয় পেলেও মিনির পিতা মিনির অমূলক ভয় ভাঙিয়ে দেয়। কাবুলিওয়ালা মিনিকে অপলককে দেখছেন। আর দেখতে দেখতে সুদূর আফগানিস্তানে থাকা তার মেয়ের কথা ভাবছেন। রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটোগল্পে রাবেয়ার শারীরিকভাবে উপস্থিত নেই শুধু কাগজের উপর কাঠ কয়লার সাহায্যে রাবেয়ার হাতের ছাপের সঙ্গে পরিচিত হয় পাঠক।

কিন্তু চিত্রনাট্যে তপন সিংহ রাবেয়াকে শুধু রহমতের মধ্যে রাখলেন না। মিনির পাশাপাশি রাবেয়াকে হাজির করলেন তিনি কাবুলিওয়ালার জেলে যাওয়ার দৃশ্যও তিনি যোগ করলেন চিত্রনাট্যে। সেখানে আরো একটি শিশু কন্যার চরিত্র সংযোজন করলেন চিত্রনাট্যকার। জেলে তোরাব তার মেয়ের জন্য কষ্ট পায়। জেলে খবর আসে তোরাব এর মেয়ে মারা গেছে। তোরাব কে সান্তনা দিতে দিতে রহমত বেদনার্ত হয়ে ওঠে। জেলার কাছে গিয়ে সে তার মেয়ের হাতের ছাপ আর মিনির বাবার দেওয়া ৫ টাকার নোট দেখতে চায়। তারপর বড় সাহেবের বাগানে যখন কাজ করতে যায় তখন বড় সাহেবের মেয়ে বেবির সঙ্গে একাত্ম হয়ে ওঠে। জেলের দৃশ্যেও সেই বাবা মেয়ের কথোপকথন। গল্পের যে মূল সুর ছিল বাবা মেয়ের গল্প সেই মূল অক্ষুন্ন রেখেছেন তপন সিংহ। দৃশ্য সংযোজন বা চরিত্র সংযোজন সবটাই মূল বিষয়কে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য রবীন্দ্রনাথের গল্পের সুর ধরে রাখার জন্য রবীন্দ্র সংগীতের ব্যবহার করেছেন ভিনি। মিনির মুখের শোনা যায়, "কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা।"

আমরা যদি রবীন্দ্রনাথের 'কাবুলিওয়ালা' আর তপন সিংহের চিত্রনাট্যের কাবুলিওয়ালা পাশাপাশি পড়ার চেষ্টা করি তাহলে দেখব দুটো ক্ষেত্রেই গল্পের মূল সুর এক। কিন্তু

বরং স্মৃতিতে ঘটনা বিস্তারে, বিষয় প্রতিবাদনে তপন সিংহ রবীন্দ্রনাথের থেকে অনেক ক্ষেত্রেই আলাদা। রবীন্দ্রনাথের পাশাপাশি আর এক সাহিত্যের জন্ম দিয়েছিলেন তিনি। সে কারণেই তপন সিংহের 'কাবুলিওয়ালা' জনপ্রিয়। রবীন্দ্র দর্শনে যে উদারকামী উপলব্ধি হয়েছিল মিনির বাবার সে যে একজন কাবুলি মেওয়ালা আর আমি যে একজন বাঙালি সম্ভ্রান্ত বংশ তাহা ভুলে গেলাম তখন বুঝতে পারলাম সেও যে আমিও সে। সেও পিতা আমিওপিতা। তাহার পর্বত গৃহবাসীনি ক্ষুদ্র পার্বতীর সেই হস্ত চিহ্ন আমারই মিনিকে স্মরণ করিয়ে দিল। আমি তৎক্ষণাৎ তাকে অন্তঃপুর থেকে ডেকে পাঠালাম।

তাই রবীন্দ্র গল্পের শেষে দেখা যায় মিনির বাবা রহমতকে টাকা দেওয়ায় মিনির বিয়েতে তেমন ভাবে ইলেকট্রিক আলো জ্বলেনি। গড়ের বাদ্যও আসেনি। কিন্তু মসল আলোকে শুভ উৎসব আলোকিত হয়ে উঠেছিল। যেন পিতৃ হৃদয়ের ব্যথা আর এক পিতৃ হৃদয়ের দ্বারাই অনুভূত হয়েছিল। আর কেউ তা উপলব্ধি করতে পারেনি। তপন সিংহ তার চিত্রনাট্যের পিতৃত্বের অনুভূতি শুধু পিতৃ হৃদয় দিয়ে অনুভব করলেন তা নয় মাকে দিয়েও অনুভব করালেন। মিনির মা ইচ্ছে প্রকাশ করে রহমতকে টাকা দেয়ার জন্য। মায়ের মন বলে ওঠে মেয়ের সবচেয়ে বড় মঙ্গল এতেই হবে। আর এক বাবা তার মেয়ের কাছে ফিরে যাক। দুজনের মিলনের আলোকে মঙ্গলময় হয়ে উঠুক জীবন। সে আলো ইলেকট্রিক বাতি দিয়ে জ্বালানো সম্ভব নয়। ছোটোগল্পের শেষের মতো 'কাবুলিওয়ালা'রও শেষ রবীন্দ্রনাথ করেছেন হঠাৎ করে। তপন সিংহ রহমতকে আফগানিস্তানের পথে রওনা করিয়েছেন ট্রেনে। আর তারপরেই রাবেয়া আব্বু বলে ডেকে রহমতের কোলে ঝাঁপিয়ে পড়ছে। ট্রেনে বসে রহমতের চোখ আশায় জ্বলজ্বল করে ওঠে ছবি এখানে শেষ করেছেন তখন সিংহ। বাবা আর মেয়ের সাধারণ গল্পকে এই ভাবেই চলচ্চিত্রায়ন করলেন তপন সিংহ।

রবীন্দ্রনাথ ঠাকুরের 'অতিথি' গল্পের কাহিনী অবলম্বনে নির্মিত তখন সিংহ পরিচালিত অতিথি চলচ্চিত্র সম্পর্কে আলোচনা করব। রবীন্দ্রনাথ ঠাকুর সমগ্র গল্পটিকে ছয়টি পরিচ্ছেদের সম্পূর্ণ করেছে। গল্পের শুরুটা-

"কাঁঠালিয়ার জমিদার মতিলাল বাবু নৌকা করিয়া সপরিবারে স্বদেশ যাইতেছিলেন। পথের মধ্যে মধ্যাহ্নে নদী তীরের এক গঞ্জের নিকট নৌকা বাঁধিয়া পাকের আয়োজন করিতেছেন এমন সময় এক ব্রাহ্মণবালক আসিয়া জিজ্ঞাসা করিল, "বাবু তোমরা যাচ্ছো কোথায়?" প্রশ্নকর্তার বয়স পনেরো-ষোলোর অধিক হইবে না। কিন্তু তপন সিংহ তার চলচ্চিত্রটা শুরু করেছেন কিছুটা অন্যরকম ভাবে।

সেখানে দেখা গেছে তারাপদের ছোট ভাই তাকে খুঁজে চলেছে এবং অবশেষে একটি গাছ তলায় তার বাঁশির শব্দ শুনে তাকে খুঁজে পায়।

প্রকৃতির সঙ্গে মানুষের একটা অন্তরঙ্গ সম্বন্ধ আছে। আর সেই প্রকৃতির সন্তান তারাপদ। সেই তারাপদ সম্পর্কে অধ্যাপক ভূদেব চৌধুরী বলেছেন-

"তারাসদ সেই প্রকৃতি সঙ্গ তন্ময় কবি আত্মায় এক প্রোজেকশান রবীন্দ্রনাথের নিসর্গ চেতনা তার কবিতায় এক অলৌকিক সুরের সুরভী সঞ্চার করেছিল। 'অতিথি' গল্পে অপরূপ সুরের আবহ সেই তদাত্ম প্রকৃতিলীনতারই রস পরিশ্রুতি। "

নন্দীগ্রামের একটি ব্রাহ্মণ পরিবারের মেজো ছেলে তারাপদ। বিধবা--তাদের চার ভাইকে অতি কষ্টে বড় করে তোলার চেষ্টা করেন। তারাপদ সংসারের বাঁধনের মধ্যে হাঁপিয়ে ওঠে। মাঝে মাঝেই বাড়ি থেকে পালিয়ে যায় গল্পে তার যে পরিচয় পাওয়া যায়-

ক) গৌরবর্ণ খ) বড় বড় চোখ ও হাস্যময় ওষ্ঠাধরে একটা সুললিত সৌকুমার্য প্রকাশ পায়, গ) পরনে একটা মলিন ধুতি এবং ঘ) অনাবৃত দেহখানি সর্বপ্রকার বাহুল্য বর্জিত।

কিন্তু রবীন্দ্রনাথ গল্পে তারাপদ সম্পর্কে একটি উক্তি বারবার বলেছেন- সে ব্রাহ্মণ। কিন্তু ব্রাহ্মণত্ব সংক্রান্ত ঐ সমগ্র ব্যঞ্জনাটি বর্জন করেছেন তিনি। তপন সিংহ তার নির্মিত চলচ্চিত্রটিতে ঠিক তাই করেছেন।

আসলে তারাপদ প্রকৃতির চির চঞ্চল প্রাণধারার মূর্তিমান প্রতীক। ছেলেবেলা থেকেই কোন বন্ধনই আবদ্ধ হয়নি। স্নেহ মমতার বন্ধন তাকে আটকে রাখতে পারেনি। বাইরের বিশ্ব প্রকৃতির বন্ধনহীন, অবারিত স্বাধীনতা ও স্বাচ্ছন্দের মধ্যে সে নিজেকে মেলে ধরতে চেয়েছে। তাই দুবার সে বাড়ি থেকে পালিয়ে গেছে প্রথমে এক যাত্রার দলে, এবং শেষে সেখান থেকে এক জিমন্যাস্টিকের দলে যোগ দেন।

তারাপদ যাত্রার দল, জিমন্যাস্টিকের দলের সঙ্গে বাস করেছে বটে, কিন্তু এদের কদর্য আবহাওয়া তাকে স্পর্শ করতে পারেনি। সে নিজের কল্পনার রাজ্যে বাস করায় তার কোন দিকেই খেয়াল ছিল না। কোন অভ্যাসের বন্ধনেই তার মন আবদ্ধ হয়নি-

"সে এই সংসারের পঙ্কিল জলের উপর দিয়া শুভ্রপক্ষ রাজহংসের মত সাঁতার দিয়া বেড়াইতো কৌতূহলবশত যতবারই ডুব দিত তাহার পাথা সি ও মলিন হইতে পারিতো না।'

তারপরেই সে নন্দীগ্রামের বাবুদের শখের যাত্রা দলে যোগ দিতে যাচ্ছিল, তখনই পথে মতিলাল বাবুর সঙ্গে তার সাক্ষাৎ ও পরিচয়। নদীপক্ষে ২-৩ দিন তারাপদের ঘনিষ্ঠতার সান্নিধ্য মতিলালবাবু ও তার স্ত্রী অন্নপূর্ণাকে আবেগী করে তোলে। এরপর তারাপদের আশ্রয়স্থল হয় মতিলাল বাবুর চৌহদ্দি। গল্প বর্ণনা-

"সজলনয়না অন্নপূর্ণার ইচ্ছা করিতে লাগিল, ছেলেটিকে কোলে বসাইয়া বক্ষে চাপিয়া

তাহার মস্তক আঘ্রাণ করেন। কেবল ক্ষুদ্র বালিকা চারুশশীর অন্তঃকরণ ঈর্ষা ও বিদ্বেষে পরিপূর্ণ হইয়া উঠিল।

তপন সিংহের চিত্রনাট্য বিশ্লেষণ করলে সেই একই বিষয়ে পরিলক্ষিত হয়। চারুশশী উৎসাহের সহিত তারাপদের ক্রিয়াকর্ম পর্যবেক্ষণ করলেও তারাপদের সম্মুখে তা প্রকাশ করতে অনিচ্ছুক। তারাপদ নৌকার ছাদ থেকে বাইরের প্রকৃতি লক্ষ্য করতে থাকে হঠাৎ তার চোখে আসে দুই পায়ে দড়ি বাধা এক টাট্টু ঘোড়া ঘাস খাচ্ছে। তা দেখে নদীর সাঁতার পার হয়ে টাট্টু ঘোড়ার পায়ের দড়ি খুলে দেয়। আসলে তারাপদ বোহেমিয়ান প্রকৃতির তাই আবদ্ধতা তার পছন্দ নয়। কিন্তু গল্পে দেখা যায় তারাপদ সেই প্রকৃতির ছবি উপভোগ করছে।

কাহিনি বা গল্পের অগ্রগতির সঙ্গে দেখা যায় তারাপদর প্রতি চারশির আসক্তি, অনাসক্তির এক বিচিত্র মানসিক প্রতিক্রিয়া। তারপর মতিলাল বাবুর অধীনেই তার দুই বছর কাটলো। এখানে এগারো উত্তীর্ণ চারু বিবাহ সূত্র যখন তারাপদের সঙ্গে বন্ধন পাকা হতে চলেছে ঠিক তার পূর্ব মুহূর্তে গল্পকারের অভিপ্রায় পরদিন তারাপদর মাতা ও ভ্রাতাগণ কাঁঠালিয়ায় আসিয়া অবতরণ করিলেন, ...কিন্তু পরদিন তারাপদকে দেখা গেল না। স্নেহ-প্রেম-বন্ধুত্বের ষড়যন্ত্রবন্ধন তাহাকে চারি দিক হইতে সম্পূর্ণরূপে ঘিরিবার পূর্বেই সমস্ত গ্রামের হৃদয়খানি চুরি করিয়া একদা বর্ষার মেঘান্ধকার রাত্রে এই ব্রাহ্মণবালক আসক্তিবিহীন উদাসীন জননী বিশ্বপৃথিবীর নিকট চলিয়া গিয়াছে।

রবীন্দ্র ছোটোগল্প 'অতিথি'-র উপসংহারে তারাপদ হারিয়ে যায় বিশ্ব প্রকৃতির নিশি ডাকে। কিন্তু ছবির তারাপদ মিশে যায় বৃহত্তর মানব মেলায়। এই পর্বেই তপন সিংহ তাঁর চিত্রনাট্যে একটি সাদা ঘোড়ার ব্যবহার করে এবং সেই প্রসঙ্গে এক সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন

"অতিথি রবীন্দ্রনাথের নিজের কথা তার ছোটবেলার জীবনস্মৃতিতে আছে জানলা দিয়ে তিনি সারা পৃথিবী দেখতেন আর ভাবতেন কবে পালাবো সুতরাং তারাপদ রবীন্দ্রনাথ নিজেই এটা মাথায় রেখে ছবিটা করেছিলাম। ...রবীন্দ্রনাথের গানের নানা সুর ব্যবহার করা হয়েছিল।... আমি প্রকৃতির বদলে মানুষের মেলার মধ্য দিয়ে তাকে নিয়ে যায় এবং সাদা ঘোড়াটা ব্যবহার করি।

গল্পটিকে তিনটি স্তরে বিভক্ত করা যায়। যার একটিতে আছে মানব প্রকৃতি যার সমস্ত দায়িত্ব অর্পিত হয়েছে তারাপদের কাঁধে। দ্বিতীয় ধারায় আছে বিশ্ব প্রকৃতির বাঁশির সুরে তারাপদকে ঘরে রাখা দায়। তৃতীয় ধারায় উভয়ের সার্থক মিলনে পূর্ণাঙ্গ হয় গল্পকারেরমনোবাসনা আর এই তিনটি ধারাকে সুস্পষ্ট করেছে তপন সিংহ তার চিত্রনাট্যে। বিশিষ্ট সমালোচক প্রমথনাথ বিশী গল্পটির সার্বিক বিশ্লেষণ করে বলেন

-"অভিধি গল্পের তারাপদ স্পষ্টত সোনার ভরী কাব্যের দুই পাখি কবিতার বনের পাখি। মনের খেয়ালে কয়েকদিনের জন্য কাঠালিয়ার জমিদার বাবু স্নেহময় পিারে প্রবেশ করিয়াছিল।... খাঁচার পাখি সঙ্গে তাহার বিবাদ নাই। কিন্তু মনে সর্বদা ভয় করে খাঁচায় রুধি দিবে দ্বার।

পরিশেষে বলা যায় আমরা যদি রবীন্দ্রনাথের 'অতিথি' আর তপন সিংহের চিত্রনাট্যের অতিথি দুটিকে পাশাপাশি রেখে আলোচনা করি তাহলে দেখর দুটোরই মূল সুর এক। কিন্তু বয়ননরীতি, ঘটনাবিস্তারে চরিত্র চিত্রনে তপন সিংহ ও রবীন্দ্রনাথ দুজনেই ভিন্ন। অতিথিতে অনেক সিন তপন সিংহের নিজের করা। যেখানে প্রধান চরিত্র বাঁশুরিয়া তারাপদ সাহিত্য চোখে এক আকাশ চিল। আর এই ভাবেই রবীন্দ্র গল্প 'অতিথি'- র কাহিনী সঙ্গে সাযুজ্য রেখে তারাপদের উত্থান, বিকাশ, পরিণতির মধ্য দিয়ে গল্পটির চলচ্চিত্রায়ন করলেন তপন সিংহ।

সাহিত্য ও চলচ্চিত্র সম্পর্ক সখা স্বরূপ। একটি আরেকটির পরিপূরক। শিল্পের সবচেয়ে বড় মাধ্যম চলচ্চিত্র। আর চলচ্চিত্রের মূল হাতিয়ার গল্প। সাহিত্য ও চলচ্চিত্রের তুলনামূলক আলোচনা করতে গিয়ে একজন পরিচালক জানান, চলচ্চিত্রের প্রকৃত রূপ মানুষের অভিব্যক্তি দেখানো যাবে, সাহিত্যে সেটা সম্ভব না। চলচ্চিত্র খেলে সময় ও গতি নিয়ে, সাহিত্য তা করে না।

গল্প থেকে চলচ্চিত্র এই প্রক্রিয়ার ক্ষেত্রে কয়েকটি পরিস্থিতির উদ্ভব হতে পারে-

(ক) এমন হতে পারে যে, লেখকের যা অভিপ্রায়, চলচ্চিত্রটিতে সেই একই অভিপ্রায় ব্যক্ত করেছেন পরিচালক এবং চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রেও সেই একই দৃশ্যাবলী এবং ঘটনা দ্বারা কাহিনীর মতোই অনুসরণ বিশ্বস্তভাবে। চলচ্চিত্রকারের নিজস্ব উদ্ভাবন খুবই কম প্রায় কিছুই নেই।

(থ) গল্প থেকে চলচ্চিত্র নির্মাণের প্রয়াসে দ্বিতীয় পরিস্থিতি হতে পারে এই যে, লেখকরা বলতে চেয়েছেন চলচ্চিত্রকারও মোটের উপর তাই-ই বলতে চেয়েছেন। তবে বলবার শৈলী হয়ে গেছে অনেকখানি আলাদা।

(গ) গল্প থেকে চলচ্চিত্র হবার পথে আরো এক জাতীয় পরিবর্তন আমরা দেখতে পাই।

লেখকের রচনা অনেক সময় একক অভিপ্রায় সম্পন্ন হয়ে থেমে থাকে না। অভিপ্রায় আশেপাশে কোন কোন অপ্রধান বক্তব্য দেস ও কালের প্রেক্ষিতে ঘিরে থাকতে গল্পটিকে। তাতে গল্পের স্বাদ ও বাজনা একটু সমন্বয়িত হয়, একটু জটিল কিন্তু শৈল্পিক ভাব পাঠক ও দর্শকের তৃপ্ত করে অনেক বেশি।

(ঘ) চলচ্চিত্র নির্মাতা কখনো কখনো লেখককে রচনার অভিপ্রায় সম্পূর্ণই বদলে দিতে পারেন এবং সেই অনুযায়ী কাহিনির পরিবর্তন ঘটাতে পারেন।

সাহিত্য থেকে যখন চিত্রনাট্য তৈরি হলো তখন সেই চিত্রনাট্য চলচ্চিত্র সাহিত্যের মধ্যে সেতুবন্ধন করে। নির্বাকযুগে চলচ্চিত্রের ভাষা ছিল একরকম। নির্বাক যুগ পেরিয়ে চলচ্চিত্র সবাক হয়। চলচ্চিত্র তখন সংলাপ নির্ভর হয়ে পড়ে। ফলে চলচ্চিত্রের ভাষা ও পাল্টে যায়। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এর পর থেকে ছবি হয়ে ওঠে কাহিনিনির্ভর। বাংলা চলচ্চিত্রে তার প্রভাব পড়েছিল। সত্যজিৎ, ঋত্বিক, মৃণাল, তপন সিংহ- রা কাহিনী নির্ভর ছবির দিকে মনোনিবেশ করেছিলেন। তাই বহু ক্ষেত্রেই চলচ্চিত্রকার কে হাত পাততে হয়েছে আমাদের বাংলা সাহিত্য ভাণ্ডার এর কাছে। বিখ্যাত লেখকদের গল্প, উপন্যাস, নিয়ে ছবি তৈরি হতে লাগলো। উপন্যাসের ভাষা চিত্রনাট্যের মধ্য দিয়ে এসে চলচ্চিত্রের ভাষায় পরিণত হল। সিনেমা তৈরি হওয়ার পর স্পষ্টতই বোঝা যায়- ঔপন্যাসিকের উপন্যাস, ছোটোগল্পকারের ছোটোগল্প যখন চিত্রনাট্য হলো তখন তা আর ঔপন্যাসিকের বা গল্পকারের থাকল না। সেই গল্প বা উপন্যাস হয়ে উঠল নাট্যকারের বা পরিচালকের মৌলিক চিত্রনাট যা মূল উপন্যাস গল্প থেকে অনেকটাই আলাদা।

যে কোন কাহিনীরই মূল শিল্প তার গল্প বলার ভঙ্গিতে। উপন্যাসের গল্প বলার রীতি, চলচ্চিত্রের গল্প বলার রীতি থেকে একেবারে আলাদা। চলচ্চিত্রের এই ভাষা ছবির ভাষা। উপন্যাস বা গল্প শুধুমাত্র ঔপন্যাসিক বা গল্পকারের কিন্তু চলচ্চিত্র কখনোই একক একজন ব্যক্তির নয় দলগত পরিশ্রমের ফলই হয় চলচ্চিত্রের শিল্প।

গবেষণা পত্রের শেষে এসে আমরা সাহিত্য উপন্যাস বা ছোট গল্প বিশ্লেষণ এর মাধ্যমে সাহিত্য পাঠ যোগ্য কতখানি তা বুঝে নেওয়ার চেষ্টা করতে পারি। সাহিত্য ভাষা কিভাবে চলচ্চিত্রের ভাষা হয়ে ওঠে কিম্বা চিত্রনাট্য কিভাবে আলাদা সাহিত্য মূল্য পেয়েছে তা বুঝতে পারি। উপন্যাস বা গল্প পাঠে পাঠক যে রসাস্বাদন করতে পারে, সেই রস চিত্রনাট্য পাঠেও পাঠক অনুভব করতে পারে।

রবীন্দ্র ছোটোগল্পের কাহিনি নিয়ে পরিচালক তপন সিংহের চিত্রনাট্যের সাহিত্যধর্ম বিশ্লেষণ এর চেষ্টা করেছি। রবীন্দ্র ছোটোগল্প 'কাবুলিওয়ালা' ও 'অতিথি' এই নির্বাচিত দুটি গল্পকে বেছে নিয়েছিলাম গবেষণা পত্রের আলোচনার বিষয়বস্তু হিসাবে। এই দুটি চিত্রনাট্য পর্যালোচনার মাধ্যমে চিত্রনাট্যের স্বরূপ উদ্‌ঘাটনের চেষ্টা করা হয়েছে। গবেষণা পত্রের পাঁচটি অধ্যায়ের মধ্য দিয়ে গোটা বিষয়ে আলোকপাত করার চেষ্টা করা হয়েছে। তাই প্রথম অধ্যায়ে আমরা রবীন্দ্র ছোটোগল্প অন্যান্য ছোটোগল্পকারদের থেকে কোন কোন জায়গায় আলাদা বা ভিন্ন তাই নিয়ে আলোচনা চেষ্টা করেছি।

দ্বিতীয় অধ্যায় এসে আমরা দেখেছি পরিচালক তপন সিংহ কিভাবে চিত্রনাট্য তৈরি করে চলচ্চিত্র তৈরি করেছেন। বিশেষত আমরা দেখেছি পরিচালক তপন সিংহ কিভাবে সাহিত্য থেকে চিত্রনাট্য তৈরি করে চলচ্চিত্র তৈরি করছে সেই বিষয়টি । চলচ্চিত্রকে বাস্তবসম্মত করে তোলার ক্ষেত্রে সংলাপ একটা বড় ভূমিকা নিয়েছিল। ফলে সবাক যুগের গোড়ার দিকে চলচ্চিত্র উপযোগী কাহিনি তৈরি করার দিকে আগ্রহী হয়ে উঠেছিলেন বহু সাহিত্যিক। যেকোনো কাহিনিরই মূল শিল্প তার গল্প বলার ভঙ্গিতে। ফলে সাহিত্য থেকে যখন চিত্রনাট্য তৈরি হলো তখন পাল্টে গেল তার গল্প বলার ভঙ্গি।

চলচ্চিত্র সাহিত্যের আত্মাকে প্রকাশ করল তার চিত্রনাট্যের মধ্য দিয়ে দৃশ্যকাব্য প্রতিমার মধ্য দিয়ে তৈরি হয় চিত্রনাট্য। তাই সাহিত্য থেকে যখন চিত্রনাট্য তৈরি হয় তখনও চিত্রনাট্য থাকে চিত্রনাট্যকারের। অবশ্যই কাহিনির জন্য তিনি সবসময় মূল কাহিনি কার কাছে ঋণী থাকবেন। চিত্রনাট্য তার নিজস্ব বৈশিষ্ট্যের কারণেই পার্থক্য হয়ে ওঠে। চলচ্চিত্র একটি জনপ্রিয় মাধ্যম। সাহিত্যের চলচ্চিত্রায়ন ঘটার ফলে সাহিত্য দর্শকের কাছে দৃশ্যমান হয়ে ওঠে। যে লেখাপড়া জানে না সে শুধুমাত্র সিনেমা দেখলে তার মধ্য দিয়ে সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটে। সুতরাং বলা চলে সাহিত্যকে আপমর জনসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য চলচ্চিত্র একটা বড় ভূমিকা নেয়। তাই বাঙালি দর্শকের কাছে সাহিত্যেরকারণ সিনেমা দেখার শব্দ টা পাল্টে বই দেখা হয়ে যায়। এই বদল এর সমস্ত কৃতিত্বই চিত্রনাট্যের।

সাহিত্য থেকে চিত্রনাট্য নির্মাণের ক্ষেত্রে আমরা আইজেনস্টাইনের আংশিক গ্রহণ ও আংশিক বর্জনের দৃষ্টান্ত দেখতে পেয়েছি। বাংলা চলচ্চিত্র জগৎ বা সাহিত্যজগৎ চলচ্চিত্র নির্মাণের আদি পর্বে চিত্রনাট্য বিষয়ে আগ্রহী ছিল না। ফলে চিত্রনাট্য সংরক্ষণের প্রয়োজনীয়তা লক্ষ্য করা যায় না। আমার অণু-গবেষণা পত্রে যে পরিচালক কে বেছে নিয়েছি তার প্রত্যেকেটি কাজ শুধুমাত্র বাংলা সিনেমা, ভারতবর্ষ নয় গোটা বিশ্বের দরবারে সমাদৃত। তপন সিংহের চিত্রনাট্যই আলাদা আঙ্গিক তৈরি করেছে সাহিত্যের ক্ষেত্রে। চিত্রনাট্যের চরিত্রগত বিশ্লেষণ করিয়েছি তৃতীয় ও চতুর্থ অধ্যায়। তৃতীয় অধ্যায় কারলিওয়ালা চিত্রনাট্য রচনার পর তপন সিংহ আলাদা সাহিত্য রচনা করলেন তখন সেটা পরে আর রবীন্দ্রনাথের রইল না। সেরকম ভাবেই চতুর্থ অধ্যায় অতিথির ক্ষেত্রও ব্যাপারটা একই। পঞ্চম অধ্যায় এসে আমরা দেখেছি কিভাবে সাহিত্য ও চিত্রনাট্য চলচ্চিত্রের মধ্যে সেতুবন্ধন করেছে। ফলে সাহিত্য থেকে তৈরি করো তাদের চিত্রনাট্য আলাদা আলাদা সাহিত্যের জন্ম দিয়েছে। যেটা আমরা তার চিত্রনাট্য ও পর্যালোচনার মাধ্যমে অনুধাবনের চেষ্টা করেছি।

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ :

১. রবীন্দ্রনাথ ঠাকুর। গল্পগুচ্ছ। কোলকাতা পুস্তক মেলা ২০০৭। দশম সংস্করন ২০১৭। শুভম, ৭নং শামাচরণ দে স্ট্রিট কলকাতা ৭৩।

সহায়ক গ্রন্থ :

1. অসিতকুমার বন্দ্যোপাধ্যায়। বাংলাসাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত (২য়)। প্রেসিডেন্সি লাইব্রেরী। ১৯৬৮।
2. আকাদেমি বানান উপসমিতি (সম্পাদনা)। আকাদেমি বনান অভিধান। সপ্তম সংস্করণ। কলকাতা ৭০০০২০। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি। জুলাই ২০১১।
3. আবেশ কুমার দাস। তপন সিংহ সার্বিক চলচ্চিত্র বীক্ষা। প্রথম সংস্করণ। হাওড়া।সৃষ্টিসুখ। ২০১৬।
4. উপেন্দ্রনাথ ভট্টাচার্য। রবীন্দ্রনাথের ছোটগল্প ও উপন্যাস। প্রথম মুদ্রণ। এ. কে. সরকার অ্যাণ্ড কোং। কলিকাতা - ১২। ১৩৭২।
5. ডঃ কুতুবুদ্দিন মোল্লা ও রিজওয়ানা মোল্লা। রবীন্দ্র-ছোটোগল্পের রূপ-রেখা।ওরিয়েন্ট প্রেস। কলকাতা ৭০০ ০০৬। বৈশাখ ১৪২০ (ইং মে ২০১৩)।
6. ড. কালীপ্রসাদ দত্ত। রবীন্দ্র গল্পের নিবিড় পাঠ। প্রথম প্রকাশ। সারদা। কলকাতা ৭০০০৭৩। ২২শে শ্রাবন ১৪১৮
7. তপন সিংহ। চলচ্চিত্র আজীবন । দে জ। কলকাতা। ২০০১
8. তপোব্রত ঘোষ। রবীন্দ্র ছোটগল্পের শিল্পরূপ। সংশোধিত পুনর্মুদ্রণ। দেজ। ২০১৩।
9. নির্মাল্য আচার্য ও দিব্যেন্দু পালিত। শত বর্ষে চলচ্চিত্র। প্রথম সংস্করণ। আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড। কলকাতা ৯। জানুয়ারি ১৯৯৮।
10. নন্দন মিত্র। তপন সিংহ-র ফিল্ম মেকিং সাক্ষাৎকারের দর্পণে নানা দিক। প্রথম প্রকাশ। চলচ্চিত্র ও সংস্কৃতি চর্চা কেন্দ্র । কলকাতা ৭০০০৭৩। জানুয়ারি ২০১৫।
11. শ্রী প্রমথনাথ বিশী। রবীন্দ্রনাথের ছোটগল্প। প্রথম প্রকাশ মিত্র ও ঘোষ। কলিকাতা ১২। ভাদ্র ১৩৬১।
12. শ্রী ভূদেব চৌধুরী। বাংলা সাহিত্যের ছোটগল্প ও গল্পকার। দ্বিতীয় সংস্করন। মর্ডান বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড। কলিকাতা ৭০০ ০৭৩। ১৩৭২ বঙ্গাব্দ।
13. ড. মনিরুজ্জামান। রবীন্দ্রচিন্তা। প্রথম প্রকাশ। শব্দচাষ প্রকাশন। চট্টগ্রাম। মে ২০১১।

পত্র-পত্রিকা :

1. পশ্চিমবঙ্গ, রবীন্দ্র স্মরণ সংখ্যা ১৪০৭: তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার।
2. পশ্চিমবঙ্গ, রবীন্দ্র স্মরণ সংখ্যা জুন ১৯২৮ : তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার।
3. অক্ষর, রবীন্দ্র সংখ্যা ১৩৯৮: শ্রী শ্রী রামকৃষ্ণ ট্রাস্ট।
4. কালের কষ্টিপাথর, সেপ্টেম্বর অক্টোবর ২০১২ : স্বর্ণাক্ষর।

23

শক্তি চট্টোপাধ্যায়ের কবিতা : নানা মাত্রিক জীবন দর্শনের উদ্ভাস

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
অদ্রিজা দে (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

পঞ্চাশ দশকের যারা কবি, তাদের মধ্যে সুনীল গঙ্গোপাধ্যায়, বিনয় মজুমদারের সঙ্গে যার নাম সর্বাগ্রে উচ্চারিত হয় তিনি শক্তি চট্টোপাধ্যায়। তিনি ব্যক্তিগত স্বভাবের ক্ষেত্রে ছিলেন। একেবারেই ভবঘুরে, বোহেমিয়ান। তাইতো তার যাপিত জীবনের সঙ্গে প্রথাগত মানুষের জীবনের যাপিত নানা সত্তার সঙ্গে একটা পার্থক্য রয়েছে। কেউ কেউ তাকে বলেছেন, তিনি এক পথিক কবি। যিনি একের পর এক শব্দ সাজিয়ে নির্মাণ করেছিলেন তার নিজস্ব ঘর- বাড়ি।

যে কোনো কবি তার কবিতা নিয়ে একেবারেই আকাশ থেকে পড়েন না। তার কবিতার সঙ্গে মিশে থাকে তার নিজস্ব একটা বিশ্বাস এবং দর্শনের বিষয়গুলি, যা তাকে আর পাঁচজন কবি এবং স্রষ্টা থেকে একটা আলাদা পরিচয়ে উত্তোরিত করে দেয়। এখানে জীবনদর্শন বলতে বোঝানো হয়েছে কোনো প্রকার ভারি ভারি তত্ত্ব কথা নয়; বরং কবির জীবনকে দেখবার একটা বিশেষ দৃষ্টিভঙ্গি।

আমার গবেষণাপত্রে শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার নেপথ্যে লুকিয়ে থাকা সেইসব বিশ্বাস ও দর্শনগুলি খুঁজে নেবার চেষ্টা করতে -

(ক) প্রথমেই সংগ্রহ করা হয়েছে শক্তি চট্টোপাধ্যায়ের বিভিন্ন প্রকাশনী থেকে প্রকাশিত চুয়ান্নটি কাব্যগ্রন্থ।

(খ) তার উপন্যাস, ছোটগল্পগুলি।

(গ) শক্তি চট্টোপাধ্যায়ের সেইসব বিবিধ গদ্যগ্রন্থ; যা তার কবিসত্তার ভিত্তিগুলিকে চিনিয়ে দেয়।

(ঘ) শক্তি চট্টোপাধ্যায়ের জীবনী বিষয়ক নানা রচনার পাশাপাশি তার রচনার নানা বিশ্লেষণ ও আলোচনা গ্রন্থ

(ঙ) দেশে কিংবা বিদেশে প্রকাশিত শক্তি চট্টোপাধ্যায়ের নানা সাক্ষাৎকার ও তার রচনার অনুবাদ, পাণ্ডুলিপি এবং বিভিন্ন সাহিত্য আন্দোলনের সঙ্গে যুক্ত নানা তথ্যগুলি বিচার বিশ্লেষণ করা হয়েছে।

আর এই সমস্ত তথ্যগুলিকে পরম্পরায় সাজিয়ে দিয়ে কবি শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার নেপথ্যে যে বিশ্বাস ও দর্শনগুলি উদ্ভাসিত হয়ে উঠেছে সন্দেহ নেই।

মূলত সুনীল গঙ্গোপাধ্যায়ের 'কৃত্তিবাস' পত্রিকার সূত্রে শক্তি চট্টোপাধ্যায়ের বাংলা কাব্য কবিতার জগতে আত্মপ্রকাশ এবং ক্রমাগত কবিতা চর্চার মধ্য দিয়ে ক্রমশ এক কিংবদন্তী প্রতীম কবি হয়ে ওঠা।

তবে সাহিত্যের ইতিহাস বলে শক্তি চট্টোপাধ্যায়ের প্রথম কবিতা 'যম' প্রকাশিত হয়েছিল বুদ্ধদেব বসুর কবিতা পত্রিকায়। তার ধারাবাহিক কাব্যচর্চার পরিচয় প্রসঙ্গে অধ্যাপক ধ্রুবকুমার মুখোপাধ্যায় লিখেছেন -

"কৃত্তিবাস' কবলিত পঞ্চাশের দশকের বিক্ষুব্ধ পটভূমিকার পরিপ্রেক্ষিতে শক্তিকে বিচার করলে দেখা যাবে যে তাঁর বিচিত্র কাব্যকৃতির সাধনা চার দশক ব্যাপ্ত এবং তিনি ফলপ্রসূ কবি। শক্তির কবিতা গড়ে ওঠে নিসর্গের বুকে আশ্রয় কামনায়, অতীতের স্নানধূসরতায় শান্তির সন্ধানে, নির্মোহ আত্মানুসন্ধানে, নির্মম আত্মবিশ্লেষণে...।'[১]

তার এই চার দশক ব্যাপী কবিতা চর্চার ধারাকে আলোচনার সুবিধার্থে তিনটি পর্যায়ের আধারে বিভক্ত করে নেওয়া যেতে পারে। এদের মধ্যে - প্রথমটি, শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার উন্মেষের কাল (১৯৬০-১৯৭৩)

দ্বিতীয়টি, শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার বিকাশের কাল (১৯৭৪-১৯৮৭) এবং

তৃতীয়টি, শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার অন্ত্য বা পরিণতির কাল (১৯৮৮-১৯৯৯) ।

প্রথম পর্বের সূচনা 'হে প্রেম হে নৈঃশব্দ্য' (১৯৬০) কাব্যগ্রন্থটি দিয়ে। আর এই পর্বের শেষ হিসেবে চিহ্নিত করা হয়েছে 'সুখে আছি' (১৯৭৩) কাব্যগ্রন্থটিকে দিয়ে। দ্বিতীয় পর্বের প্রান্তসীমায় প্রথমে রয়েছে ঈশ্বর থাকেন জলে' (১৯৭৪) কাব্যগ্রন্থটি এবং অন্ত্যে 'বিষের মধ্যে সমস্ত শোক' (১৯৮৭) কাব্যগ্রন্থটি রয়েছে। আর অন্ত্য পর্বের সূচনা 'আমাকে জাগাও' (১৯৮৯) এবং শক্তি চট্টোপাধ্যায়ের শেষ কাব্যগ্রন্থ 'সকলে প্রত্যেকে একা' (১৯৯৯)।

এই কবিতাচর্চার দীর্ঘ পথচলায় স্বাভাবিক ভাবেই এসেছে নানা বিশ্বাস এবং পরিস্থিতির ফেরে নানা দর্শনের ভাঙচুর।

শক্তি চট্টোপাধ্যায়ের প্রথম পর্বের সময়কালের মধ্যে মোট নয়টি কাব্যগ্রন্থকে চিহ্নিত করা হয়েছে। প্রতিটি কাব্যের নামকরণের মধ্যেই যেন উদ্ভাসিত হয়ে উঠেছে কবির জীবন দর্শনের নানামাত্রিক বৈচিত্র্যের উচ্ছ্বাস। 'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থের প্রথম কবিতাটির নাম 'জরাসন্ধ'। যার প্রথম লাইন শুরু হয়েছে - 'আমাকে তুই আনলি কেন, ফিরিয়ে নে।'[২]

জরাসন্ধ মহাভারতের একটি চরিত্র। যার শরীরের দুই ভাগ জরারাক্ষসী জুড়ে দিয়েছিলেন। এবং কুরুক্ষেত্রের যুদ্ধে পঞ্চপাণ্ডবের একজন তার দেহ পুনরায় দু-ভাগ করে তাকে হত্যা করেন। আসলে সেকালের যুগ-যন্ত্রণা কবিকে এতটাই বিচলিত করে

তুলেছিল যে, মনে হয়েছিল তার চারপাশের সবটাই পচা ধানের গন্ধ, শ্যাওলার গন্ধ, ডুবো জল থেকে তিন চোখো মাছের আষ্টে গন্ধ উঠে আসছে। কবির মনে হচ্ছে এ দুঃসহ পরিবেশ অসহ্য। তার চারপাশ কি এক অন্ধকার ঘিরে ধরেছে।

কিন্তু অন্ধকারের মধ্যে ডুবে যাওয়া শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার নেপথ্যে কাজ করা কোনো সত্য দর্শন হিসেবে কখনোই বিবেচিত হয়নি। তাই তো তিনি ঘুরে দাঁড়াতে চেয়েছেন। তিনি খুব স্পষ্ট করেই বলেছেন অন্ধকার নয়; প্রেমেই মানুষের প্রকৃত মুক্তি আসতে পারে। এক্ষেত্রে শক্তি চট্টোপাধ্যায়ের বিশ্বাস ও একটি বিশিষ্ট জীবনদর্শন এই যে, প্রেমেই কেটে যেতে পারে চারপাশের সমস্ত নিকষ অন্ধকার। এই প্রসঙ্গে গবেষিকা বর্ণশ্রী বক্সী লিখেছেন-

"শক্তি চট্টোপাধ্যায়ের 'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থের মধ্য দিয়ে রোমান্টিক কবির স্বরূপ উদ্‌ঘাটিত হতে দেখা যায়। এই পৃথিবীতে চিরন্তন সত্য যা, তা প্রেম।'[৩]

কিন্তু শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায় যে প্রেম কিংবা রোমান্টিকতা, তা এক বাস্তবতায় লালিত। তাইতো তিনি জীবনের চলার পথে যেমন বিশ্বাস করেন তিনি প্রেম পাবেন কান পেতে রেখে; তেমনি আবার 'ভ্রান্তি' কবিতায় লিখেছেন-

'জল যায় রে শিলা আমার বক্ষপট দহে

সলিতালতা রূপসী পোড়ে নিবিড় তরী ভ'রে ফেরা ভালো ফেরাই ভালো, বাতাসে কত সহে দহনভার ভস্মভার মরীচিভার মালা?-

দেশ তখন স্বাধীন হয়েছে। তারপর প্রায় দুটি দশক ধরে শক্তি চট্টোপাধ্যায় দেখেছিলেন দেশ বিভাগের স্বাভাবিক ফলস্বরূপ মানুষের অস্তিত্বের নানামুখী সংকট। সেই সংকটকে শক্তি চট্টোপাধ্যায় তার অনুভবের চমক লাগিয়ে উন্মোচিত করতে চেয়েছিলেন জীবনের আরো একটা দিক। যেখানে অবনী শুধুমাত্র একজন ব্যক্তি নয়; তার ভিতরে রয়েছে আরো এক এমন সত্তা, কারো মতে সেটা মানুষের ভিতরকার একটা স্বরূপ।

যাকে জাগিয়ে তুলতে যারা ধর্মে থাকে আবার জিরাফেও থাকে। তারা প্রতিনিয়ত অবনীকে ডেকে ফেরে। কবিও রাত জাগানিয়া, তাদের বাইরে নন। তিনি বুঝতে পারেন মানুষের হৃদয় মানুষের পক্ষে বুঝে ওঠা খুব সহজ সাধ্য ব্যাপার নয়। যে না বোঝা থেকে তৈরি হয় একটা বিশেষ যন্ত্রণা। যে যন্ত্রণার মাঝেই মানুষের চেতনা ঘুমিয়ে পড়ে। হঠাৎ করে সেই ঘুমের মগ্নতা কাটিয়ে দিয়ে শোনা যায় সেই চিরন্তন ডাক। কবি লেখেন -

*আধেকলীন হৃদয়ে দূরগামী / ব্যথার মাঝে ঘুমিয়ে পড়ি আমি সহসা শুনি রাতের কড়ানাড়া / অবনী বাড়ি আছো?'[৪]

সুতরাং শক্তি চট্টোপাধ্যায়ের অন্তরের ভিতরে যে দুটি সত্তা রয়েছে, প্রতিনিয়ত সেই

দুটি সত্তার সঙ্গে চলেছে কবির সংঘাত। আর সেই সংঘাত ও বিপরীত লীলার মধ্য দিয়ে কবির কবিতায় উদ্ভাসিত হয়ে উঠেছে নতুন নতুন এমন সব দর্শন যা কখনো প্রকৃতির সঙ্গে মিলে মিশে গিয়ে কবি নিথর রাত্রিবেলা কোনো এক অদৃশ্য ডাক শুনতে পান -

'গতবছর এসেছিলাম, বুকের মধ্যে বেসেছিলাম।
তোমায় ভালো
এখন সন্ধ্যা হয়েছে ঘোর, কেবল মেঘে মেঘে মেঘেই
দিন ফুরালো
'এখন নিথর রাত্রিবেলা
জলের ধারে কেবলি হয় জলের খেলা
অবর্তমান তোমার হাসি ঝাউয়ের ফাঁকে
ও নিরুপম ও নিরুপম ও নিরুপম.....'[৫]

শক্তি চট্টোপাধ্যায়ের সমসাময়িক যারা, তাদের মধ্যে সুনীল গঙ্গোপাধ্যায়ের কবিতায় দেখা গেছে প্রথানুগত্যকে ছিন্ন করে দিতে তিনি রবীন্দ্রনাথকেও আঘাত করতে ছাড়েননি। বিনয় মজুমদারের কবিতায় ছিল যে একটা বাস্তবতাকে অতিক্রম করে যাবার সীমাহীন প্রচেষ্টা কিংবা উৎপল কুমার বসুর কবিতায় ছিল যে যৌনতার ক্ষেত্রগুলি, শক্তি চট্টোপাধ্যায়ের কবিতা তার থেকে অনেক দূরবর্তী। সেক্ষেত্রে বলা চলে শক্তি চট্টোপাধ্যায় কৃত্তিবাসের কবি হলেও তিনি কৃত্তিবাসী ঘরানাকে সবসময়ে অনুসরণ করেছেন তা নয়; তিনি কোনো গণ্ডীতেই বাঁধা পড়বার নন। সেক্ষেত্রে তিনি নিজেকে বলেছেন দারুণ স্বেচ্ছাচারী।

কবিতায় এমন স্বেচ্ছাচার রাতের কল্লোলের সঙ্গে মিশে গিয়ে যেমন শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায় নিয়ে এসেছে এক নতুন কাব্যভাষা, তেমনি এক অভিনব সংশয়ী জীবনদর্শন। তিনি বুঝতে পারেন না সমুদ্র কি জীবিত ও মৃতে সম্পূর্ণ অতর্কিতে সমাদরীয় কিনা! কিংবা কবি মাঝে মাঝেই ভাবেন কে জানে কোনটা গরল কিংবা প্রকৃত পানীয়- অমৃত। মেধার ভিতর শ্রান্তি বাড়ে অহর্নিশ। কবি লেখেন-

"তীরে কি প্রচণ্ড কলরব জলে ভেসে যায় কার শব
কোথা ছিল বাড়ি?'
রাতের কল্লোল শুধু বলে যায় - 'আমি স্বেচ্ছাচারী।"[৬]

কবি স্বেচ্ছাচারী। কিন্তু তার মধ্যেকার এই সংশয়ী জীবনদর্শনের আবর্ত আসলে মনে হয় সেকালে চারপাশ থেকে যে আঘাতগুলি কবিকে ক্রমান্বয়ে ক্ষত বিক্ষত করেছিল তারই স্বাভাবিক ফল।

সেকালে এই বিশ্বাসহীনতার আবর্ত থেকে বেরিয়ে আসতে কিংবা সামাজিক নানা অসঙ্গতিগুলিকে আঘাত করতে যে সকল কাব্য আন্দোলন গড়ে উঠেছিল, তাদের মধ্যে হাংরি আন্দোলন ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাব্যিক বিদ্রোহ। কিন্তু হাংরি আন্দোলনের নামে সেখানে কবিতায় যে অশ্লীলতার তুলুম প্রবাহ চলেছিল শক্তি চট্টোপাধ্যায় কোনোদিনই সেপথে চলেন নি। তিনি ইতিমূলক ভালোবাসায় ছিঁড়ে ফেলে ছন্দ, নেমে এসেছেন মর্ত্য মাটির ধুলোয়।

শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার যে বক্তব্য তিনি বুদ্ধদেব বসু কিংবা সুধীন্দ্রনাথ দত্তের মতো অহেতুক জটাজালে কখনোই তাকে জটিল করে তোলেন নি। কিন্তু শক্তি যখন বলেন - 'প্রভু নষ্ট হয়ে যাই' কিংবা, 'আমি ভাঙায় গড়া মানুষ'- তখন কি এক অনির্বচনীয় অনুভব এসে শক্তি চট্টোপাধ্যায়ের কবিতাকে করে তোলে এক অনন্য সাধারণ আবেশে মহিমান্বিত। তিনি কবিতার সত্যে হয়তো প্লেটোর তত্ত্বকে সরিয়ে দিতে তাইতো কবিতাকে কবির মিথ্যাভাষণ মনে করলেও তিনি সত্যকে বলেছেন নিষ্ঠুর। তাইতো কোনো রকম ভাষা ব্যবহারের ক্ষেত্রে তিনি শ্রীলতার প্রতি দায়বদ্ধতা না রেখে তিনি লিখেছেন-

"সত্যকে হিচড়ে টেনে নিয়ে যাই গঙ্গার বাতাসে গা জুড়োতে, তারপর কষে মারি দু'গালে থাপ্পড় পোঁদের কাপড় তুলে ছেঁকা দিই দু'পাটা মাংসের

উপরে কলঙ্কের দাগ; তৎক্ষণাৎ মিথ্যে হয়ে আসে- বিপুল, অমিততেজা, জাহাঁবাজ সত্যের ভ্রূকুটি....."[৮]

আমি উঠি, কবিতার হাত থেকে মুক্ত হই, উঠি, উঠে পড়ি।।

তবুও কবিতাই ছিল শক্তি চট্টোপাধ্যায়ের জীবনের প্রধানতম অবলম্বন। অধ্যাপক দেবেশ কুমার আচার্য্য জানিয়েছেন - তিনি তিন বছর হাংরি আন্দোলনের সঙ্গে যুক্ত থাকলেও তাদের ভাবধারা তার লেখায় আনেননি। কিন্তু জীবন-যাপনের ক্ষেত্রে তিনি উচ্ছৃঙ্খল বোহেমিয়ান হয়ে উঠেছিলেন। কিন্তু তার জীবনদর্শনের সঙ্গে জীবনাসক্তির একটা অসাধারণ যোগ রয়েছে। তার প্রকাশ ঘটেছে 'যেতে পারি, কিন্তু কেন যাবো?' কবিতায়। এই প্রসঙ্গে অধ্যাপক আচার্য্য আরও লিখেছেন-

'কবির গভীর জীবনাসক্তির অপরূপ কাব্যরূপ 'যেতে পারি, কিন্তু কেন যাবো?"[৯] কবিতাটি। মাত্র কয়েকটি কথায় জীবনাসক্তি ও মৃত্যুচেতনাকে জীবনের চরম ও পরম সত্যকে স্বাভাবিক ও স্বচ্ছ ভাবেই ব্যক্ত করেছেন কবি...জীবনের প্রতি এক অনিবার্য টান উপলব্ধি করেছেন বলেই লিখেছেন 'যেতে পারি / যে কোনো দিকেই আমি চলে যেতে পারি / কিন্তু কেন যাবো?'-[১০]

অধ্যাপক ধ্রুবকুমার মুখোপাধ্যায় লিখেছেন -

'শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার বিষয়বস্তু প্রেম, জীবন ও মৃত্যুচেতনা, প্রকৃতি, সমকাল, সমাজ এবং মানুষ। তবে সমস্ত বিষয়েরই কেন্দ্রীয় বিষয় হল প্রেম। কোনো নারীর উদ্দেশ্যে প্রথাগত প্রেমের কবিতা লিখলেও বা না লিখলেও তার প্রেমভাবনা ব্যক্তিগত বৃত্তে আবদ্ধ নয়।

সুতরাং কবির কবিতা যে গভীর জীবনদর্শন থেকে উঠে এসেছে তার সঙ্গে কখন যেন যুক্ত হয়ে গেছে শক্তি চট্টোপাধ্যায়ের প্রেমজনিত বিরহ, নৈরাশ্য, উদ্দামতা কখনোবা নগর জীবনের প্রতি একটা চরম বিপন্নতা। কিন্তু এইসব পেরিয়ে শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার জীবনদর্শনে মিলে মিশে আছে মানুষের প্রতি এক উদ্দীপ্ত ভালোবাসা। তিনি জানেন জঙ্গলে ঈশ্বরও একা। এ সংশয়ের যুগে মানুষও সেই একাকীত্বের যন্ত্রণায় নিঃশেষ হয়ে যাচ্ছে।

ভাইতো কবি ডাক দিয়েছেন-

'মানুষ বড় কাঁদছে, তুমি মানুষ হয়ে মানুষের পাশে দাঁড়াও মানুষই ফাঁদ পাতছে, তুমি পাখির মতো পাশে দাঁড়াও মানুষ বড়ো একলা, তুমি তাহার পাশে এসে দাঁড়াও।'[১১]

শক্তি চট্টোপাধ্যায়ের কবিতা এবং তার জীবন যেন পরস্পর পরস্পরের পরিপূরক। কোনো কোনো ক্ষেত্রে কবি একেবারেই আত্মমগ্ন কিংবা চিরন্তন ভালোবাসার কাঙাল। এই প্রসঙ্গে বর্ণশ্রী বক্সী লিখেছেন-

"কবিতার মধ্য দিয়ে আমরা যেন শক্তি চট্টোপাধ্যায়ের জীবনকেই প্রতিবিম্বিত হতে দেখি। যেখানে কবি তার কোনো এক কবিতায় 'কবি' ও 'কাঙাল' বিশেষণ দুটি ব্যবহার করেছেন। 'কাঙাল' শব্দের অর্থ ভিখারি হলেও এখানে তা কবির ভালবাসার প্রতি তীব্র আকাঙ্ক্ষারই চিহ্নায়ক।'[১২]

আসলে জীবন যাপনের নানামাত্রিক খণ্ড খণ্ড অনুভবের এক অখণ্ড সমন্বয়ে কবির জীবনদর্শন গড়ে ওঠে। শক্তি চট্টোপাধ্যায়ের ক্ষেত্রে এই জীবনদর্শনের ভিত্তিভূমিই ছিল, শুধু ভালোবাসার জন্যে তার কাঙালপনা। তাইতো তার 'এপিটাফ' কবিতায় কোনো এক না পাওয়া মানুষের মৃত্যু দেখে কবির মনে হয়েছে -

"কিছুকাল সুখ ভোগ করে হলো মানুষের মতো

মৃত্যু ওর.....

নতুবা ভাঙচুর হবে ধ্বংস হবে মহাফেজখানা

চটজলদি টাকা নাও, নয়তো আগুন দেব ঘরে অথচ আগুনে পুড়ে গেল লোকটা - কবিও কাঙাল।"[১৩]

উল্লেখপঞ্জী :

1. ধ্রুব কুমার মুখোপাধ্যায়, বাংলা কবিতার পূর্বে-পূর্বান্তরে 2020, প্রজ্ঞা বিকাশ, পৃষ্ঠা- ৫১-৫২
2. শক্তি চট্টোপাধ্যায়, জরাসন্ধ, শক্তি চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ কবিতা, ১৯৭৩, দে'জ পাবলিশিং হাউস, পৃষ্ঠা- ১৯
3. বনশ্রী বকশি, শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য চর্চা, ১৪৪৬, বঙ্গীয় সাহিত্য সংসদ, পৃষ্ঠা-৪২
5. তদেব, অবনী বাড়ি আছো, পৃষ্ঠা-৩৮
6. তদেব,ঝাউয়ের ডাকে, পৃষ্ঠা- ৩৯
7. তদেব,আমি স্বেচ্ছাচারী, পৃষ্ঠা- ৪১
8. তদেব,কবিতার সত্যে
9. দেবেশ কুমার আচার্য, বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১০, ইউনাইটেড বুক এজেন্সি, পৃষ্ঠা-৩৮৪
10. ধ্রুবকুমার মুখোপাধ্যায়, বাংলা কবিতার পর্বে পর্বান্তরে, ২০২০, প্রজ্ঞা বিকাশ,পৃষ্ঠা-৫৫
11. শক্তি চট্টোপাধ্যায়, দাঁড়াও, শক্তি চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ কবিতা, পৃষ্ঠা-১৬৭
12. বর্ণশ্রী বকসী, শক্তিপদ চট্টোপাধ্যায়ের কাব্য চর্চা, ১৪৪৬, বঙ্গীয় সাহিত্য সংসদ, পৃষ্ঠা-৭৯
13. শক্তি চট্টোপাধ্যায়, এপিটাফ, শক্তি চট্টোপাধ্যায়ের শ্রেষ্ঠ কবিতা, 1973, দে'জ পাবলিক পৃষ্ঠা- ২২২

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ :

* শক্তি চট্টোপাধ্যায়, শক্তি চট্টোপাধ্যায় শ্রেষ্ঠ কবিতা ,১৯৭৩, দে'জ পাবলিশিং হাউজ

সহায়ক গ্রন্থ :

1. অলক রঞ্জন দাশগুপ্ত ও দেবী প্রসাদ বন্দ্যোপাধ্যায়, আধুনিক বাংলা কবিতার ইতিহাস, ২০১১, দে'জ পাবলিশিং হাউজ
2. অরুনেশ ঘোষ, কবিতার অন্ধকার যাত্রা, জানুয়ারী ২০০৪, কবিতীর্থ
3. গালিব উদ্দিন মণ্ডল,কবিতার আশ্রয়: আশ্রয়ের কবিতা(বিষয় শৈলি) এপ্রিল 2012, প্রজ্ঞাবিকাশ
4. গুরুপদ মুখোপাধ্যায়, বাংলা কবিতার নানা দিগন্ত, জানুয়ারি ২০১৮, আরশিনগর
5. দেবেশ কুমার আচার্য, বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), 2010, ইউনাইটেড বুক এজেন্সি
6. ধ্রুবকুমার মুখোপাধ্যায়, বাংলা কবিতার পর্বে প্রবানন্তরে, 2020, প্রজ্ঞাবিকাশ
7. বর্ণশ্রী বকশী, শক্তি চট্টোপাধ্যায়ের কাব্যচর্চা, ১৪২৬, বঙ্গীয় সাহিত্য সংসদ
8. মলয় রায়চৌধুরী, আধুনিকতার বিরুদ্ধে কথাবার্তা, জানুয়ারি ১৯৯৯, কবিতা পাক্ষিক
9. রমেশচন্দ্র মুখোপাধ্যায়, পোস্টমর্টানিজম, ২০০৭, ধানবিন্দু
10. রামচন্দ্র প্রামাণিক, কবিতার আশপাশ, ২০১৫, আদম

পত্র-পত্রিকা :

১. এবং মহুয়া, ২০১৯, সম্পাদক- মদনমোহন বেরা
২. কবিতীর্থ, 2021, সম্পাদক- উৎপল ভট্টাচার্য
৩ . চন্দ্রভাষ,২০১৭ ,সম্পাদক-অজিত ত্রিবেদী
৪. নতুন গল্প, ২০২১, সম্পাদক- শংকর চক্রবর্তী
৫. শারদ সংখ্যা ভিস,২০১৮,সম্পাদক- চন্দন বাঙাল ও অভিক প্রধান

24

মধ্যবিত্ত বাঙালিয়ানা ও গোয়েন্দা চরিত্র : ব্যোমকেশ বক্সী (নির্বাচিত কাহিনির প্রেক্ষিতে)

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
যুথি সরকার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

বাংলা সাহিত্যের ইতিহাস বলে অন্যতম কথা সাহিত্যিক যিনি তার সাহিত্য রচনা উৎকর্ষতা প্রথম থেকে পরবর্তী রচনা পরম্পরায় অব্যাহতি রেখে পাঠক চিত্ত আকর্ষণ করেছিলেন তিনি শরদিন্দু বন্দ্যোপাধ্যায়।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের প্রথম পরিপূর্ণ গ্রন্থ 'উড়োমেঘ' প্রথম বসুমতি পত্রিকায় প্রকাশিত হয়। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় কোনাল ডয়েল এডগার্ড অ্যালানপো থেকে শুরু করে এডগার ওয়ালেস এই সকল গোয়েন্দা লেখক এর দ্বারা অনুপ্রাণিত হয়ে তিনি ডিটেকটিভ গল্প বা গোয়েন্দা গল্প রচনায় ব্রতী হয়েছিলেন আর শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের অনবদ্য গোয়েন্দা কাহিনী ব্যোমকেশ। তিনি ব্যোমকেশ নিয়ে মোট ৩৩ টি গল্প উপন্যাস লিখেছেন।

আমার গোয়েন্দা পত্রের শিরোনাম-মধ্যবিত্ত বাঙালিয়ানা ও গোয়েন্দা চরিত্র: ব্যোমকেশ। ব্যোমকেশের নির্বাচিত গল্প ৩ উপন্যাস (চোরাবালি, অগ্নিবান, চিত্রচোর, চিড়িয়াখানা, আদিম রিপু রক্তের দাগ, শজারুর কাঁটা,বেণী সংহার) এই গল্প ও উপন্যাস গুলোর প্রেক্ষিতে আমার এই বিষয়টি ফুটিয়ে তোলার চেষ্টা করেছি।

পাশ্চাত্য সাহিত্যের চিন্তা চেতনা ধ্যান-ধারণা প্রভৃতি বিষয়কে আশ্রয় করে যেমন উনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যর বিকাশ লাভ করেছিল তেমনি বাংলা গোয়েন্দা সাহিত্যের আবির্ভাব ঘটেছিল ঊনবিংশ শতকে পাশ্চাত্যের গোয়েন্দা সাহিত্যের প্রভাবে তবে আধুনিক কালে প্রথম গোয়েন্দা গল্পের প্রথম সূত্রপাত হয় ফ্রাঁসোয়া ইউজিন ভিদক লাইফ ইন প্যারিস অথবা অ্যাডভেঞ্চার তার উল্লেখযোগ্য গোয়েন্দা গল্প।

ইংরেজি গোয়েন্দা সাহিত্যের শ্রেষ্ঠ শিল্পী নিঃসন্দেহে আর্থার কোনান ডয়েল। তার অনবদ্য সৃষ্টি শার্লক হোমস।

বাংলা গোয়েন্দা গল্পের প্রথম সূচনা হয়েছিল ঊনবিংশ শতকে শেষ দশকের প্রিয়নাথ মুখোপাধ্যায় রচনার মধ্য দিয়ে প্রিয়নাথ মুখোপাধ্যায়ের পর বাংলায় প্রথম মৌলিক ডিটেকটিভ গল্প কাহিনী ধারাবাহিকভাবে লিখেছিলেন পাঁচ কড়ি দে । শরদিন্দু বন্দ্যোপাধ্যায় সত্যজিৎ রায় সুনীল গঙ্গোপাধ্যায় নেহাররঞ্জন গুপ্ত সমরেশ মজুমদার প্রমুখ বাংলা গোয়েন্দা সাহিত্যে বিশেষ স্থান দখল করে আছেন।

বাংলা সাহিত্যে গোয়েন্দা চরিত্র বা ডিটেকটিভ চরিত্র বলতে বোঝানো হয়েছে সেই ধরনের চরিত্রকে যারা রহস্যধর্মী গল্প বা উপন্যাসের কেন্দ্রীয় বা মুখ্য চরিত্ররূপে অবস্থান করে সেই গল্প বা উপন্যাসের রহস্য উদ্‌ঘাটনে অগ্রসর হন। বাংলা গোয়েন্দা গল্পের সূত্রপাত হয়েছিল পাঁচ কুড়িদের হাত ধরে পরবর্তীকালে গোয়েন্দা কাহিনীর দিক থেকে সর্বপ্রথম সাফল্যের শীর্ষস্থান অধিকার করেছেন শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশ বক্সী। এছাড়াও সত্যজিৎ রায়ের ফেলুদা নিহার রঞ্জন দত্তের কিরিটি সুনীল গঙ্গোপাধ্যায়ের কাকাবাবু সমরেশ মজুমদারের অর্জুন বিমল করে কি কি রাম সুচিত্রা ভট্টাচার্যের মিটিং মাসী অম্বর চ্যাটার্জির পাণ্ডব গোয়েন্দা, প্রভৃতি গোয়েন্দা চরিত্রগুলো পাঠকের হৃদয়ে বিশেষ স্থান দখল করে আছে।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় তার কল্পনিক গোয়েন্দা চরিত্রটি ব্যোমকেশ বক্সীকে প্রথম পাঠকের সামনে উচ্চকিত করে তুলেছেন 'সত্যান্বেষী' গল্পের মধ্যে দিয়ে । 'সত্যান্বেষী' গল্পে অতুলচন্দ্র মিত্র ছদ্মনামে অনুকূল বাবুর মেস বাড়িতে থাকতে এসেছিলেন ব্যোমকেশ বক্সী। আর সেখানে অজিতের সাথে প্রথম পরিচয়। অজিতের মধ্যে দিয়ে ব্যোমকেশের চারিত্রিক বৈশিষ্ট্য পরিস্ফুটিত হয়েছে উঠেছে। ব্যোমকেশ তেইশ চব্বিশ বছরের সাধারণ যুবক ব্যোমকেশ সুস্বাস্থ্যের অধিকারী শুধু নয়, শক্তিমান মেধাবী তীক্ষ্ণ দৃষ্টি সম্পন্ন বুদ্ধিমান হৃদয়বান ভদ্রলোক।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ব্যোমকেশ এর কাহিনী গুলো গোয়েন্দা গল্পের আবর্তে বিংশ শতকের বাঙালির সমাজ জীবন ও দৈনন্দিন জীবনের এক আশ্চর্য প্রতিচ্ছবি হয়ে উঠেছে । শরদিন্দু বন্দোপাধ্যায় অপূর্ব দক্ষতায় তৎকালীন কলকাতার মেস জীবন কিংবা উচ্চবিত্ত বাঙালির জীবন যাপনের এক অসামান্য চিত্র তুলে ধরেছেন। ব্যোমকেশের গল্প উপন্যাসে বিংশ শতকের বাঙালি মধ্যবিত্ত ছেলেদের শিক্ষা ও কর্মের প্রয়োজনে মেস বা হোস্টেলে থাকা, মেসের জীবনে নতুন নতুন বন্ধুর সাথে পরিচিত হওয়া। এছাড়াও ব্যোমকেশের গল্প উপন্যাসে বাঙালির খাদ্যাভ্যাস , পোশাক পরিচ্ছেদ, শিকার প্রসঙ্গ বিশেষভাবে উল্লেখ্য। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশের গল্প উপন্যাসে বিংশ শতকের বাঙালির আড্ডা প্রিয় মানসিকতার এক বাস্তব ছবি সুনিপন কৌশলে অঙ্কন করেছেন। ব্যোমকেশের প্রায় প্রতিটি গল্প উপন্যাসে কম বেশি আড্ডার প্রসঙ্গ এসে পড়েছে।

ব্যোমকেশের গল্প উপন্যাসে বিভিন্ন রকমারি খাদ্যের আয়োজন করেছিল-চিংড়ি মাছের কাটলেট, হিং এর কচুরি, ডালের ঝালবড়া, রাঙ্গা আলুর পুলি, জমাট ক্ষীরের বরফি ইত্যাদি।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় বিংশ শতাব্দীর মধ্যভাগে বাঙালির চা প্রেম কিরূপ মাত্রায় ছিল সেটাই তার ব্যোমকেশের গল্প বা উপন্যাসে এক অসামান্য বর্ণনার চিত্রিত করেছেন।

ব্যোমকেশ এর জীবন প্রথম থেকে পরিণত হওয়া পর্যন্ত একটা মধ্যবিত্ত বাঙালিয়ানা ছাপ সর্বত্র পরিলক্ষিত হয়েছে। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশকে ধুতি পাঞ্জাবি পরিহিত এক মধ্যবিত্ত বাঙালি ঘরে যুবক রূপে তুলে ধরেছেন। আর কারণে ব্যোমকেশের দৈনন্দিন অভ্যাস খাওয়া-দাওয়া, ব্যক্তিগত জীবন প্রভৃতি ক্ষেত্রে বাঙালি মধ্যবিত্ত জীবন যাপনের ইঙ্গিত পাওয়া যায়।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশকে শুধুমাত্র সত্যান্বেষী রূপে চিত্রিত করেননি, তিনি ব্যোমকেশকে সাংসারিক জীবনেও উত্তোরিত করে দিয়েছেন। সামাজিক পরিচয় ব্যোমকেশ বক্সীর স্ত্রী সত্যবতী।

শরদিন্দু বন্দোপাধ্যায় রহস্যভেদের ফাঁকে ফাঁকে তেইশ চব্বিশ বছরের যুবক ব্যোমকেশ কিভাবে ষাটোর্ধ্ব পৌঢ় মানুষে পরিণত হয়েছে এবং সত্যবাতীকে কেন্দ্র করে ভার জীবনে প্রথম প্রণয় অসুস্থতা, পুত্র লাভ, নিজস্ব গৃহ নির্মাণ, দাম্পত্য জীবনের টুকরো টুকরো রেখা চিত্রের সাহায্যে সংক্ষিপ্ত পরিসরের মধ্যে ব্যোমকেশ পারিবারিক জীবনে উদ্ভাসিত হয়ে উঠেছে।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় পাশ্চাত্যের ধারাকে অতিক্রম করে একেবারে নতুন আঙ্গিকে ব্যোমকেশ সৃষ্টি করেন। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশ চরিত্রকে চিত্রিত করেছেন এক সাধারণ ভদ্রলোক রুপে যিনি কোন প্রকার মারামারি বা অ্যকশান ছাড়া রহস্য উন্মোচন করেছেন। ব্যোমকেশ শার্লক হোমস এক্সটোভার্ট নন, বরং ইন্ট্রোভার্ট।

অতএব বলা যায় অনুসন্ধান আর তথ্য বিশ্লেষণ করে যেটা পাওয়া যায় সেটা হলো সত্য আর সত্যের যে অন্বেষণ তা হলো সত্যান্বেষণ আর যিনি অনুসন্ধান করে সত্যান্বেষী। 'সত্যান্বষী' গল্প থেকে অবগত হওয়া যায় যে ব্যোমকেশ স্বপ্রদত্ত সত্যান্বেষী উপাধিতে পরিচিতি হতে চেয়েছেন পাঠক চিত্তে। অজিত যখন ব্যোমকেশের হ্যারিসন রোডের বাসভবনে গিয়েছিল তখন সে দেখেছিল দরজার পাশে পিতলের ফলকে ব্যোমকেশের আত্ম পরিচয় মুদ্রিত ছিল শ্রী ব্যোমকেশ বক্সী সত্যান্বেষী ।

আসলে অপরাধ রহস্য সমাধানের ক্ষেত্রে ব্যোমকেশ কোন ধরাবাঁধা পদ্ধতি অবলম্বন করেন নি। তার সমগ্র কর্মজীবন পর্যালোচনা করলে দেখা যাবে intuition প্রয়োগ বেশি শার্লক হোমসের মতো গাড়ির চাকার ছাপ, পায়ের দাগের গভীরতা, মানুষের আকৃতি ওজন ইত্যাদি পরিমাপ করে রহস্য ভেদ করবার প্রবণতা ব্যোমকেশে পরিলক্ষিত হয়নি। কিন্তু ঘটনা ও পরিস্থিতির গুরুত্ব অনুযায়ী ব্যোমকেশ রহস্য উদ্‌ঘাটনের তৎপরতা দেখান।

সত্যান্বষী ব্যোমকেশ সত্যান্বেষণ করেছেন ঠিকই কিন্তু অপরাধীর একটা বিশেষ মানবিকতার পরিচয় দিয়েছেন অপরাধীকে পুলিশের হাতে না দিয়ে সমাজের চোখে

খাটো না করে কখনো আত্মহত্যার সুযোগ করে দিয়েছে। ব্যোমকেশের কাছে অপরাধের গুরুত্ব কেবল পরিণামের মধ্যে সীমাবদ্ধ থাকেনি অপরাধের কারণ পরিবেশ সবকিছুই তিনি বিচার বিশ্লেষণ করতেন ।

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ব্যোমকেশকে শুধু মাত্র গোয়েন্দা না একজন রক্তমাংসের ভুল ভ্রান্তি মানুষ হিসেবে চিহ্নিত করেছেন । ভুল ভ্রান্তি সত্যান্বেষী ব্যোমকেশের সত্যান্বেষণের জীবনে পূর্ণতা প্রাপ্তির পথের প্রধান অন্তরায়। সুতরাং বলা যেতে পারে- "অবশ্য ঘটনাগুলি ব্যোমকেশকে কিছু কিছু জীবন সত্যেরও সন্ধান দিয়েছে তাই জীবন সত্যের সন্ধানে পথিক ব্যোমকেশের সত্যান্বেষী উপাধিটি অত্যন্ত যথাযথ বলে মনে হয়।"

শরবিন্দু বন্দ্যোপাধ্যায় সাক্ষী আর এভিডেন্সের থেকে বেশি গুরুত্ব দিয়েছিলেন মানবিকতার দিক থেকে আর সেই মানবিকতার পটে সৃষ্টি করেছিলেন তার মানস পুত্র ব্যোমকেশ বক্সী। ব্যোমকেশের গল্প - উপন্যাসে হত্যার কথা বার বার উঠে আসলেও ব্যোমকেশ মানবিকতার খাতিরে কখনো কখনো শাস্তি প্রদান করতে পারেননি কিংবা শাস্তি এড়াতে সাহায্য করেছেন। আর সেই কারণেই ব্যোমকেশ নিছক কোন গোয়েন্দা কাহিনী বা গোয়েন্দা চরিত্র নয় হয়ে উঠেছে সত্যানেষণ ও সত্যান্বেষী ।

গবেষণা পত্রের শেষ অধ্যায় এসে আমরা বলতে পারি গোয়েন্দা সাহিত্য বিশ্লেষণ এর মাধ্যমে বাংলা সাহিত্যের গোয়েন্দা গল্প বা উপন্যাস কতখানি পাঠ্য যোগ্য সেটা বুঝে নেওয়ার চেষ্টা করেছি গোয়েন্দা গল্প বা উপন্যাস কিভাবে ধীরে ধীরে বাংলা সাহিত্যে স্থান দখল করেছে তার ইতিহাস অনুশীলনের মাধ্যমে বুঝে নেওয়ার চেষ্টা করেছি। গবেষণা পত্রে পাঁচটি অধ্যায়ের মধ্যে দিয়ে গোটা বিষয়ের উপর আলোকপাত করার চেষ্টা করা হয়েছে।

25

রবীন্দ্র ছোটগল্পে অতিলৌকিক ও মনস্তাত্ত্বিক বিশ্লেষণ

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সঙ্গীতা মণ্ডল (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

রবীন্দ্রনাথ ঠাকুর হলেন আধুনিক বাংলা ছোটগল্পের স্রষ্টা। ছোটগল্প কথাসাহিত্যের শিল্প মাধ্যম। রবীন্দ্রনাথের 'বর্ষাসন' কবিতায় ছোটগল্পের প্রাণধর্ম আশ্চর্য সুন্দরভাবে বাণীরূপে লাভ করেছে।

ছোট প্রাণ ছোট ব্যথা ছোট ছোট দুঃখ কথা
নিতান্তই সহজ সরল
সহস্র বিস্তৃতি রাশি প্রত্যহ যেতেছে ভাসি
ভারি দু চারিটি অশ্রুজল
নাহি বর্ণনার ছটা ঘটনার ঘনঘটা
নাহি তত্ব নাহি উপদেশ
অন্তরে অতৃপ্তি রবে সাঙ্গ করি মনে হবে.
শেষ হয়ে হইল না শেষ।।

রবীন্দ্রনাথের এই কবিতা থেকে ছোটগল্পের বৈশিষ্ট্য সম্পর্কে আমরা আরো স্পষ্ট হতে পারি। এই মনোভাবের দ্বারা নিয়ন্ত্রিত হয়ে তিনি বহু ছোটগল্প রচনা করেছেন। রবীন্দ্রনাথের প্রথম ছোটগল্প 'ভিখারিনী ভারতী পত্রিকায় চারটি পরিচ্ছেদে বিভক্ত করে এই রচনাটি ধারাবাহিকভাবে ছাপা হয়। রবীন্দ্রনাথের গল্প 'ভিখারিনীকে তিনি তার গল্প সংগ্রহে স্থান দেননি। তার বিবেচনায় ভারতী পত্রিকায় ১৮৯১ সালে প্রকাশিত লিরিক প্রধান। রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পের মধ্যে আমরা যে বিষয়গুলো লক্ষ্য করতে পারি তা হল প্রেম, অতিপ্রাকৃত ভাবনা, রাজনীতি, নানান সামাজিক প্রথা, প্রকৃতি ইত্যাদি নানা বিষয়। সমাজ, দেশ কাল ব্যক্তিক অনুভবের জগৎ, আলো-আঁধার রহস্যময়তা যন্ত্রনা ও আনন্দের ছটা রবীন্দ্র ছোটগল্পে এনেছে এক অনন্যতার স্বাক্ষর। মানুষের জীবনে বৈচিত্রের অন্ত নেই। তেমনি অন্ত নেই সেইসব বৈচিত্র্য বিচিত্রতর রূপে সাহিত্যের আত্মপ্রকাশের। এই আত্মপ্রকাশ যখন বাহুল্য বর্জিত জীবনের একাংশকে একটি ক্ষণিক মুহূর্তকে অতি স্বপ্নায়তনে বিদ্যুতের মত ঝলসে ভোলে, চকিতে চমকিত করে তোলে পাঠকের প্রাণ মন ও চিন্তাকে, চারিপাশ ঘন অন্ধকারে আবৃত ও অনুদ্‌ঘাটিত থেকে যায় ওই আলোকিত বিন্দুটুকু বাদে তখনই ছোটগল্পের সাহিত্যরূপ

মুর্ত হয়ে ওঠে। ভারতীয় ছোটগল্পের প্রথম সার্থক শিল্পী রবীন্দ্রনাথের ছোটগল্প এ বিষয়ে কোনো দ্বিমত নেই।

রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পগুচ্ছ থেকে কয়েকটি গল্প বেছে নিয়ে সেগুলির মধ্যে যে অতিপ্রাকৃত বিষয় ভাবনা আছে তা খুঁজে বার করার চেষ্টা করব। যে গল্পগুলির মধ্যে অতিপ্রাকৃত বিষয়ের সন্ধান পাই সেগুলি হল 'কঙ্কাল' (ফাল্গুন ১২৯৮), 'নিশীথে' (মাঘ ১৩০১), 'ক্ষুধিত পাষাণ' (শ্রাবণ ১৩০২), 'মনিহারা' (অগ্রহায়ণ ১৩০৫), 'জীবিত ও মৃত' (শ্রাবণ ১২৯৯)। এই গল্পগুলির নিরিখে চারটি অধ্যায়ে বিন্যাস করে রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পে অতিপ্রাকৃত ভাবনাকে তুলে ধরার চেষ্টা করেছি।

রবীন্দ্রনাথের ছোটগল্পে প্রকৃতি, প্রেম, রহস্যলোকের অতিপ্রাকৃত ভাবনা,নানা কুসংস্কার, নারী নির্যাতন ইত্যাদি নানান বিষয় বৈচিত্র দেখতে পাওয়া যায়। আমাদের গ্রাম্য ও নাগরিক জীবনের নানা ছবি বাঙালি জীবনের নানা ধরনের ছোট বড় কাহিনীর মধ্যে গোটা বাঙালি জীবনকেও আমরা লক্ষ্য করতে পারি। তিনি ছিলেন প্রকৃতিপ্রেমী ভাইতো প্রকৃতির উদার প্রাঙ্গণ থেকে 'ছুটি'র ফটিককে শহরের বদ্ধ গলিতে নিয়ে আসার ফল যে ভালো হয়নি তা তিনি সুন্দরভাবে তুলে ধরেছেন। এর পাশাপাশি আবার 'অতিথি' গল্পেও তারাপদ এর যে প্রকৃতির অভিন্নসত্তা তা লক্ষ্য করা যায়। কোন বন্ধনই তাকে আটকে রাখতে পারিনি এছাড়াও 'সুভা' গল্পেও আমরা প্রকৃতির সঙ্গে মানবের এক সুন্দর সম্পর্ক লক্ষ্য করেছি।

শুধু তাই নয় প্রকৃতির পাশাপাশি প্রেমের বিচিত্র্য রূপ তার ছোটগল্পে লক্ষ্য করা যায়। 'দুরাশা' গল্পে মুসলমান নারীর এক প্রেমের চিত্র দেখা যায়। আবার 'একরাত্রি গল্পে এক বিরহ প্রেমের কাহিনি পরিস্ফুট হয়েছে। 'নষ্টনীড়' এই ছোটগল্পটি শিল্প কুশলতায় এক সফল গল্প। বাংলা সাহিত্যে এরকম গল্প এর আগে কখনো লেখা হয়নি। সম্পর্কের বাধা নিষেধ ভেঙে নিজের সম্পূর্ণ অজ্ঞাতে যে হৃদয়ঘাতে দুরন্ত প্রেম এসে চারুর জীবনে উপস্থিত হয়েছে অথচ যার সমাধান কোথাও নেই এই দৃশ্যই ফুটে উঠেছে এই গল্পে। আবার পুরুষ শাসিত সমাজে নারী নির্যাতনের পটভূমিকায় 'শাস্তি' গল্পে কৃষক রমণী চন্দরার প্রতিবাদ যা আমাদের মুগ্ধ করে। 'দুর্বুদ্ধি' গল্পে ও আমরা এক ভয়ঙ্কর বাস্তবতার চিত্র দেখতে পাই। সর্পাঘাতে মৃত কন্যাকে দাহ করতে পুলিশের অনুমতি পেতে দরিদ্র পিতার কিছু টাকা চাই, এরকম সামাজিক চিত্রও ফুটে উঠেছে রবীন্দ্র ছোটগল্পে।

রবীন্দ্রনাথ রচিত ছোটগল্পগুলি সংখ্যায় এবং বৈচিত্র্য এত বেশি যে এদের শ্রেণীবিন্যাসে নানান মতভেদ বর্তমান। তাকে অনেকে 'কল্পনাবিলাসী কবি বলে মনে করেন। পদ্মার বুকে বোটের উপর থেকে তিনি দুই তীরের জীবনের ছবি দেখেছেন আবার কলকাতার

জোড়াসাঁকোর ভবনচূড়া থেকে কলকাতার ছবি এঁকেছেন। এই ভাবেই তার ছোটগল্পে নানা সামাজিক জীবনের সম্পর্ক, নানা প্রেম প্রকৃতির সঙ্গে মানব মনের সম্পর্ক, অতি প্রাকৃতের স্পর্শ এইসব বিষয় বৈচিত্র্য সুস্পষ্ট ভাবে ধরা পড়েছে।

রবীন্দ্রনাথের অভিপ্রাকৃতিক চেতনার রূপ-বৈচিত্র্য তার ছোট গল্পের মধ্যে নানাভাবে ধরা পড়েছে। অতিপ্রাকৃত হল একটা বিশেষ রস। যে গল্পগুলি পড়লে আমাদের মধ্যে এক রোমাঞ্চকর পরিবেশ সৃষ্টি হবে, গা শিরশির করে উঠবে, পিছনে তাকাতে ভয় হবে আর মনে হবে সর্বদা যেন কেউ পিছনে পিছনে তাড়া করে বেড়াচ্ছে এবং গল্প পড়া শেষ হয়ে গেলে অন্ধকার ঘরে একাকি প্রবেশ করতেও দ্বিধাবোধ হবে। তবুও এই অনুভূতির আস্বাদন করতে আমরা বারবার ছুটে যাই রবীন্দ্র ছোটগল্পে। শোনা যায় রবীন্দ্রনাথ ঠাকুর নাকি তার জীবনে অনেকবার প্ল্যানচেট করে ভূত নামিয়েছেন। জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে প্রেতচর্চার বিরুদ্ধে কোন বাঁধা ছিল না। কিশোর রবীন্দ্রনাথ ঠাকুর প্ল্যানচেট করে মাইকেল মধুসূদন দত্তের সাথেও কথা বলেছেন। সুতরাং ভূত-প্রেত অশরীরী এসব নিয়ে তার যে বেশ আগ্রহ ও অভিজ্ঞতা দুটোই ছিল তা বোঝা যায়। এক্ষণে আমরা রবীন্দ্রনাথ ঠাকুরের গল্পগুচ্ছ থেকে নেওয়া কয়েকটি ছোটগল্প যেগুলি কিনা ভৌতিক আবহে রচিত সেই গল্পগুলির মধ্যে কোথায় কোথায় তিনি অতিপ্রাকৃত ভাবনা তুলে ধরেছেন এবং অশরীরী অনুভবের মাধ্যমে রোমান্টিসিজম ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা সচেষ্ট হব।।

রবীন্দ্রনাথ ঠাকুর এক অশরীরী অনুভবের মাধ্যমে রোমান্টিসিজম সৃষ্টি করেছেন তার গল্পগুলির মধ্যে। তিনি অস্থিমজ্জার কঙ্কালকে এক অশরীরী অনুভবের মধ্য দিয়ে প্রকাশ করেছেন। সেটাই যেন বিশেষভাবে তার 'কঙ্কাল' গল্পের মধ্য দিয়ে ফুটে উঠেছে। কঙ্কাল গল্পের শুরুতেই কঙ্কালের এক অশরীরী অনুভব লক্ষ্য করা যায়।

"রাত্রে বাতাসে তাহার হাড়গুলা খটখট শব্দ করিয়া নড়িত " রাভের ভয়াবহতা, খট খট শব্দ মানুষের মনে একটা অন্যরকম অনুভব তৈরি করে। আর এই অনুভবের সঙ্গে ইন্দ্রিয় সত্তার বিস্তার ঘটেছে পরিবেশের। আসলে অভিক্রাকীদের আড়ালে এটি একটি বিশুদ্ধ মনস্তাত্বিক গল্প। যার মধ্যে আছে একটি অতৃপ্তচিত্র রমনীর অচরিতার্থ প্রেম বেদনার ইতিহাস। এই 'কঙ্কাল' গল্পে এক অশরীরী নায়িকা তার জীবনের কাহিনী শুনিয়েছে লেখককে।

গল্পের শুরুতেই অর্থাৎ গল্পের প্রথম ছবি হল একটি ঝুলন্ত নরকঙ্কাল, যেটি অস্থিবিদ্যা শেখানোর কাজে লাগতো। লেখক জানিয়েছেন যে বাল্যকালের দুই সঙ্গীসহ তিনি যে ঘরে স্মরণ করতেন তার পাশের দেওয়ালেই এই পর কঙ্কালটি ঝুলানো থাকতো। ঘটনাচক্রে আলোচ্য গল্পের প্রথম দিনে সেই ঘরেই লেখককে একা শয়ন করতে

হয়েছিল। তারপর গল্পকথকের ভেলের সেজবাতি নিভে যাওয়ায় এবং রাত্রে ঘুম না আসায় তার মৃত্যুর কথা মনে হতে লাগলো কারণ তার বাড়িতে মৃত্যুর ঘটনা এর আগে ঘটেছে। কে যেন গল্পকথকের মশারির চারদিকে ঘুরে কিছু খুঁজে বেড়াচ্ছে, এক রোমান্টিসিজম ফুটে উঠেছে এই অংশে।

"তাহার জীবিতকালের বিষয় কল্পনা করিতে করিতে সহসা মনে হইলো একটি চেতন পদার্থ অন্ধকারে ঘরের দেয়াল হাতরাইয়া আমার মশারির চারিদিকে ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, তাহার ঘনঘন নিঃশ্বাসের শব্দ শোনা যাইতেছে। সে যেন কি খুঁজিতেছে পাইতেছে না এবং দ্রুততর বেগে ঘরময় প্রদক্ষিণ করিতেছে। "

কে সেই অশরীরী আত্মা? জানা গেল সে তার কঙ্কাল খুঁজে বেড়াচ্ছে, যেখানে সে তার ছাব্বিশ বছরের যৌবনকে দেখতে চায়। বক্তা আপাত দৃষ্টিতে অত্যন্ত নিরুত্তাপ তার এই আবির্ভাবে, সহজভাবেই কঙ্কালের গল্প বলার আবেদনের সাড়া দিয়েছে।

"তুমি একলা আছো বুঝি? তবে একটু বসি।"

একটি কঙ্কাল যে পাশে বসে কথা বললে যেমন ভৌতিক পরিবেশ সৃষ্টি হয়, রবীন্দ্রনাথ ঠাকুর কিন্তু সে পথে চলেন নি। উপরক্ত কৌতুক করে শুনতে চাইছেন মন প্রফুল্ল করার মত গল্প। যে গল্পটি বলা হলো তার সুখ দুঃখ বিরহ বেদনা নিয়ে একান্তই জীবন নির্ভর গল্প। মৃত্যুর পরপারের রহস্য সেখানে অনুপস্থিত। এখানে বক্তা ও শ্রোতার বাক্যালাপের যে ভঙ্গি সেখান থেকে গল্পকার তৈরি করলেন অভিপ্রাকৃতের পরিমণ্ডলটি। এক অলৌকিক ছায়া শুধু দেখা গিয়েছিল আর তার সাথে এক অশরীরী অনুভব। মারা যাওয়ার পঁয়ত্রিশ বৎসর পরে তিনি ঠাকুরবাড়িতে তার কঙ্কাল খুঁজতে এসে লেখকের সঙ্গে কথা বলেন। এমন সময় এক অশরীরী আবহের সৃষ্টি হয়। অশরীরী আবহে রোমান্টিক ভাবে সেই রমণী তার যৌবন কালের কথা লেখককে শোনাতে থাকেন।

" তোমার কাছে কি করিয়া প্রমাণ করিব যে সেই দুটো শূন্য চক্ষু কোটরের মধ্যে বড় বড় টানা দুটি কালো চোখ ছিল এবং রাঙা ঠোঁটের উপরে যে মৃদু হাসিটুকু মাথানো ছিল এখনকার অনাবৃত দন্তসার বিকট হাস্যের সঙ্গে তার কোন তুলনাই হয় না।"[৪]

শুধু তাই নয় তিনি আরো বলেন -

" আমি যখন চলিতাম তখন আপনি বুঝিতে পারিতাম যে এক খণ্ড হীরা নাড়াইলে তাহার চারিদিক হইতে যেমন আলো ঝকমক করিয়া উঠে আমার দেহের প্রত্যেক গতিতে তেমনি সৌন্দর্যের ভঙ্গি নানা স্বাভাবিক হিল্লোলে চারিদিক ভাঙ্গিয়া পড়িত""

এই কথাগুলির মাধ্যমে আমার মনে এক অশরীরী অনুভবের জাগরণ সৃষ্টি করেছে।

ই 'নিশীথে' গল্পটির মধ্যেও আমরা এক অশরীরী অনুভব লক্ষ্য করতে পারি। 'নিশীথ' শব্দটির অর্থ 'রাত্রি' রবীন্দ্রনাথ ঠাকুর একসময় রাত্রির কবি হতে চেয়েছিলেন। এই গল্পে রাত্রের স্রোতে ভেসে গেছে গল্পের নায়ক। আমাদের প্রচলিত গ্রাম্য কিংবদন্তি তে 'নিশির ডাক' বলে একটা কথা আছে। সে ডাকে মানুষ তার জাগ্রত চৈতন্য কে সরিয়ে সাড়া দেয় বলে মনে করা হয়। গল্পের শুরুতেই দক্ষিণাচরণ বাবু বিবর্ণ মুখে বলে ওঠেন "আজ রাত্রে আবার সেইরূপ উপদ্রব আরম্ভ হইয়াছে-তোমার ঔষধ কোন কাজে লাগিল না। "

গল্পের বক্তা হল দক্ষিণাচরণ বাবু এবং গল্প বলার সময় রাত আড়াইটে। দক্ষিণাচরণবাবুর এমন কথা এক অতিপ্রাকৃত ভাবনার আভাস দেয়। এখানে এক অশরীরী পরিবেশ সৃষ্টি হয়েছে। এই গল্পের কাহিনী বর্ণিত হয়েছে অন্ধকারের মধ্যে। গল্পের ছলে নায়ক দখিনাচরণ বাবু মৃতা প্রথমা স্ত্রীর কাহিনী বর্ণনা পরিচিত ডাক্তার বাবুর কাছে। দক্ষিণাচরণ বাবুর মনে ভৌতিক রস এমনভাবে তাকে ঘিরে রেখেছে যে তিনি সেখান থেকে বেরোতে পারছেন না। ডাক্তারের ঔষধেও কোন কাজ হচ্ছে না। তার প্রথম স্ত্রীর মৃত্যু দক্ষিণাচরণ বাবুর জীবনের রাতগুলো যেন ভয়ানক করে তুলেছে। তিনি মনে করেন তার প্রথম স্ত্রীর আত্মা যেন তার চারিদিকে ঘিরে রয়েছে। আবার যখন দিনের আলো ফুটছে তখন তার সমস্ত ভীতি দূর হয়ে যাচ্ছে। জমিদার দক্ষিণাচরণ বাবুর প্রথম স্ত্রী ভীষণ অসুস্থ হয়ে পড়েছিলেন। তার স্ত্রী অনেকদিন শয্যাগত থাকার পর বাগানে যেতে চাইলেন। সেখানে গিয়ে দক্ষিণাচরণ বাবু তার ভালোবাসার আবেগ ধরে না রাখতে পেরে বললেন আমি তোমাকে কোনদিন ভুলতে পারবো না। ওই একই কথাটি যখন তিনি তার দ্বিতীয় স্ত্রীকে বললেন তখন চারিদিকে পরিবেশের মধ্য দিয়ে এক রোমান্টিসিজম ফুটে ওঠে।

"সেই মুহূর্তেই বকুল গাছের শাখার উপর দিয়া, ঝাউ গাছের মাথার উপর দিয়া, কৃষ্ণপক্ষের পীতবর্ণ ভাঙা চাঁদের নিচে দিয়া, গঙ্গার পূর্বপার হইতে গঙ্গার সুদূর পশ্চিমপাড় পর্যন্ত হাহাহাহাহাহা করিয়া অতি দ্রুতবেগে একটা হাসি বহিয়া গেল। সেটা মর্মভেদী হাসি কি অভ্রভেদী হাহাকার বলিতে পারি না।'"

তৃষ্ণা যখন বুক পর্যন্ত তখন চোখের সামনে কুলপরিপূর্ণ স্বচ্ছ জল ছলছল চলচল করতে লাগলো। তখন মনকে প্রাণপনে টেনে আর ফিরিয়ে আনতে পারলেন না। নায়কের জীবন যেন দুটো মেরুতে ভাগ হয়ে যায়। একদিকে ক্লান্তির ছাপ আর অন্যদিকে যৌবনের উদ্দিপ্ত বাসনা, আর এই দোলাচলের মধ্য দিয়েই নায়ক এগিয়ে গেছে যৌবনের উদ্দীপ্ত বাসনার হাত ধরে। অসুস্থ স্ত্রীকে ছেড়ে মনোরমার সঙ্গে সময় কাটাতেন তিনি। মনোরোমার সঙ্গে সময় কাটাতে তার ভালোলাগে। অসুস্থ স্ত্রীর কথা ভুলে গেলেন তিন। বলেন -

"মনোরমা তুমি আমাকে বিশ্বাস করো না, কিন্তু তোমাকে আমি ভালোবাসি। তোমাকে আমি কোনকালে ভুলিতে পারিব না""

প্রথম শরতের সন্ধ্যায় দক্ষিণাচরণ একদিন সেই বরানগরের বাগানে মনোরমা কে নিয়ে বেড়াচ্ছেন। 'ছমছমে অন্ধকার হয়ে এসেছে বেড়াবার পথের দুই ধারে ঘন 'ছায়াবৃত্ত ঝাউ গাছ সশব্দে কেঁপে উঠেছে বাতাসে। অতিপ্রাকৃতেরর আবহাওয়া তৈরি হচ্ছে ক্রমশ। দক্ষিণাচরণের স্ত্রী মারা যাওয়ার পর পিতার সম্মতিক্রমে মনোরমা দক্ষিণাচরণ কে বিবাহ করেন। বিবাহের পর একদিন শান্ত মনোরমা বকুলতলার শুভ্র পাথরের বেদির উপর এসে নিজের দুই বাহুর উপর মাথা রেখে শয়ন করল। কাছে এসে বসলো দক্ষিণাচরণ বাবু। সেখানে অন্ধকার আরো ঘনীভূত। দক্ষিণাচরণের সত্তা দুটি সমভাগে দ্বিখণ্ডিত। সন্ধ্যা হলেই তার মনে হতো -

"..... চারিদিকে সমস্ত অন্ধকার ভরিয়া ঘন হাসি জমা হইয়া রহিয়াছে, সামান্য একটা উপলক্ষে হঠাৎ আকাশ ভরিয়া অন্ধকার বিদীর্ণ করিয়া ধ্বনিত হইয়া উঠিবে।"

কিন্তু দিনের বেলা দক্ষিণাচরণের মুখের ভাব একেবারে বদল হয়ে যায় ভয়ের কিছুমাত্র চিহ্ন থাকে না। নিশীথের অভিপ্রাকৃত অভিজ্ঞতা যে তারই সকল্পিত বিভীষিকা তা শুধু ডাক্তারি বোঝেন নি তিনি নিজেও বুঝেছেন। এই গল্পে আরও একটি জায়গাতে অতিপ্রাকৃতের রূপ ধরা পড়েছে।

" ও কে? ও কে? ও কে গো?

রাতের অন্ধকারে এক নিঝুম পরিবেশে এই শব্দটি গল্পের মধ্যে এক অশরীরী অনুভবের জাগরণ ঘটিয়েছে। দক্ষিণা চরণের দ্বিতীয় বার বিবাহের পর থেকেই রাতের বেলায় এই অলৌকিক সুর স্বপ্নে দেখা দিত। তাকে জর্জরিত করে তুলতো। এই কারণের জন্য মনোরমাকে নিয়ে তিনি জায়গা পরিবর্তন করে বেশ কিছুদিনের জন্য ঘুরতে যান। মরুবালুকাবেষ্টিত নিস্তরঙ্গ নিষুপ্ত নিশ্চল জলটুকুর উপরে একটি সুদীর্ঘ জোৎস্নার রেখা, মূর্ছিতভাবে পড়েছে। সেখানে দুজনে দাঁড়িয়েছিল। মনোরোমার শালটা হঠাৎ মাথা থেকে পড়ে যাওয়ায় জ্যোৎস্না বিকশিত মুখখানি তুলে চুম্বন করিলেন দক্ষিণাচরণ বাবু। এমন সময় সেই জনমানব শূন্য নিঃসঙ্গ মরুভূমির মধ্যে গম্ভীর স্বরে ও কে? ও কে? ও কে গো? বলে কেউ ডাকলো। আবারও এক অভিপ্রাকৃতের আবহ ও তার সাথে এক অশরীরি রোমান্টিসিজম ফুটে উঠেছে।

'ক্ষুধিত পাষাণ' গল্পেও দেখা যায় এক অশরীরী ভয়ার্ত আবহাওয়া যা রাতের অন্ধকারে পাষাণপুরীতে জেগে ওঠে।

ক্ষুধিত পাষাণ গল্পটি লেখক এর মনে প্রথম উদ্ভাসিত হয়েছিল যখন তিনি কিছুদিনের জন্য আমেদাবাদের শাহীবাগের বাদশাহী আমলের পোড়া রাজবাড়িতে ছিলেন।

হাজারীবাগ থেকে রবীন্দ্রনাথ ঠাকুর সতীশচন্দ্র রায় কে একটি চিঠিতে লেখেন - প্রবাসীতে যে শাহী বাগের ছবি বাহির হইয়াছে এই বাড়িতেই আমি বাস করিয়াছি এবং ইহাই ক্ষুধিত পাষাণের সেই বাড়ি"। অতীতে মোঘল রাজত্বে ভোগবিলাসপূর্ণ এক প্রাসাদের রুদ্ধদ্বার গবাক্ষ অন্তঃপুরের কক্ষে কক্ষে একদা অতৃপ্তির যে দাহ তীব্র ভোগবিলাসের যে আকাঙ্ক্ষা পৈশাচিক যে প্রতিহিংসা দিনের পর দিন সংঘটিত হয়েছিল তাহাই যেন জীবসত্বা লাভ করে অতিলৌকিক অথচ অনুভবগ্রাহ্য প্রাণস্পন্দনময় বাতাবরণের মধ্যে রাত্রির অন্ধকারের সঙ্গে সঙ্গে জাগ্রত হয়ে উঠতো। এই পুরাতন প্রাসাদের অন্তঃপুরে বাসনাজালে আবদ্ধ দেহহীন লালসাময় রূপসীদের অদৃশ্য অবোধ প্রভাবের বেশে যে সেখানে একাধিক রাত্রিযাপন করতো তারাই শরীর মন অল্পে অল্পে সেই প্রাসাদের মোহগ্রাসে জীর্ণ হতে হতে অবশেষে অথবা বুদ্ধি বিরহিত হয়ে প্রায়শ্চিত্ত করেছে। যিনি গল্পটি বলেছেন তার মন পূর্ব হতে প্রাসাদের সেকালের রূপ ঐশ্বর্যের আরম্বর কল্পনা করে পুলকিত হয়েছিল। এখন ভয়ে ভয়ে দুচারি রাত্রি কাটাবার পরে তিনি অতিপ্রাকৃতের জালে ধীরে ধীরে জড়িয়ে পড়তে লাগলেন।

"তখন রাত্রি সাড়ে দশটা। পথের মধ্যে একটা কি ব্যাঘাত হওয়াতে গাড়ি অনেক বিলম্বে আসিবে শুনিলাম। আমি ইতিমধ্যে টেবিলের ওপর বিছানা পাতিয়া ঘুমাইব স্থির করিয়াছি, এমন সময়ে সেই অসামান্য ব্যক্তিটি গল্প ফাঁদিয়া বসিলেন। সে রাত্রে আমার আর ঘুম হইল না

অর্থাৎ বোঝা যায় যে লেখক এক অলৌকিকতার মধ্যে প্রবেশ করে ফেলেছে। যে কারণে তার আর ঘুম হয়নি। গল্পপাঠে এটাই বোঝা যায় যে প্রাসাদের মধ্যে অতিপ্রাকৃতের স্পর্শ কথককে নানাভাবে মোহাবিষ্ঠ করে তুলতো। শুস্তা নদীর তীরে শান বাঁধানো ঘাটে এসে বসেছেন তিনি। সূর্য ডুবে গেছে খেয়াল নেই। সন্ধ্যার অন্ধকার নিবিড় ভাবে ঘনিয়ে আসতেই তিনি শুনতে পেলেন সেই অভূতপূর্ব শব্দ।

"ঘোড়ায় চড়িয়া একবার ছুটিয়া বেড়াইয়া আসিব মনে করিয়া উঠিব উঠিব করিতেছি, এমন সময় সিঁড়িতে পায়ের শব্দ শুনিতে পাইলাম। পিছনে ফিরিয়া দেখিলাম

- কেহ নাই। "

তিনি ইন্দ্রের ভ্রম মনে করে আবার পিছনে ফিরে বসতেই অনেকগুলি পায়ের শব্দ শুনতে পেলেন। তার সামনে কোন মূর্তি ছিল না তবু তার মনে হল-

"এই গ্রীষ্মের সায়াহ্নে একদল প্রমোদচঞ্চল নারী শুস্তার জনের মধ্যে স্নান করিতে নামিয়াছে।[১৩]

তাছাড়াও এক অশরীরী অনুভবের আবহও করা যায়-

"সেই সন্ধ্যাকালে নিস্তব্ধ গিরিতটে, নদীতীরে, নির্জন প্রাসাদে কোথাও কিছুমাত্র শব্দ

ছিল না, তথাপি আমি যেন স্পষ্ট শুনিতে পাইলাম নির্ঝরের শতধারার মতো সকৌতুক কলহাস্যের সহিত পরস্পরের দ্রুত অনুধাবন করিয়া আমার পার্শ্ব দিয়া স্নানার্থিনীরা চলিয়া গেল। আমাকে যেন লক্ষ করিল না। তাহারা যেমন আমার নিকট অদৃশ্য, আমিও যেন সেইরূপ তাহাদের নিকট অদৃশ্য। "

এই গল্পটির মধ্যে আমরা অনেক জায়গাতেই অশরীরী অনুভবের চিত্র দেখতে পাই। কথকের মনে হচ্ছে যে এক বৃহৎ সভা বসেছে ঘরের মধ্যে। তার হঠাৎই মনে হলো যে ঘরে যে কেউ প্রবেশ করেছে ঠিক তা নয় আবার কোন কিছুর শব্দ যে শোনা যাচ্ছে সেটাও ঠিক নয় তবুও তার মনে হল -

"কোন লোককেই দেখিলাম না। তবু যেন আমার স্পষ্ট মনে হইল কি একজন আমাকে আস্তে আস্তে ঠেলিতেছে। আমি জাগিয়া উঠিতেই সে কোন কথা না বলিয়া কেবল যেন তাহার অঙ্গুরীখচিত পাঁচ অঙ্গুলির ইঙ্গিতে অতি সাবধানে তাহার অনুসরণ করিতে আদেশ করিল।

এইভাবে গল্পের বেশ কিছু জায়গায় এরকম অশরীরী অনুভাবের সঞ্চার ঘটেছে। আবার কথককে কে যেন বলছে -

তুমি আমাকে উদ্ধার করিয়া লইয়া যাও কঠিন মায়া, গভীর নিদ্রা, নিষ্ফল স্বপ্নের সমস্ত দ্বার ভাঙিয়া ফেলিয়া তুমি আমাকে ঘোড়ায় তুলিয়া তোমার বুকের কাছে চাপিয়া ধরিয়া, বনের ভিতর দিয়া, পাহাড়ের উপর দিয়া, নদী পার হইয়া তোমাদের সূর্যালোকিত ঘরের মধ্যে আমাকে লইয়া যাও। আমাকে উদ্ধার কর। "

তৃতীয় রাত্রিতে তিনি প্রত্যক্ষ করলেন একজন রমণী পালঙ্কের নিচে গালিচার উপরে উপুড় হয়ে পড়ে তার দুই হাতের দৃঢ়বদ্ধ মুষ্টি দিয়ে নিজের আলুলায়িত কেশ টেনে ছিঁড়ছে। গৌরবর্ণ ললাট দিয়ে রক্ত ফেটে পড়ছে, দুই হাত দিয়ে বুকের কাঁচুলি ছিঁড়ে ফেলে অনাবৃত বুকে করছে। যখন ক্রমশ এই অতিপ্রাকৃত স্বপ্নের কাহিনী জমে উঠলো ঠিক সেই সময় পাগলা মেহের আলীর চিৎকার -

"তফাৎ যাও, তফাত যাও। সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়।

এই কথাগুলি শুনে কখকের মোহ ভেঙ্গে গেল। গল্পটার মধ্যে যুগিয় কাহিনী ও ভার অনুভবেও সীমাবদ্ধ থাকতে পারতো কাজেই গল্পটি অভিপ্রাকৃত রসে সমৃদ্ধ হলেও অবাস্তব রূপকথা নয়।

'মনিহারা গল্পটি অতিলৌকিকতাকে আশ্রয় করে গড়ে উঠেছে। এই গল্পে আমরা এক নারীর নদী গর্ভে হারিয়ে যাওয়ার চিত্র দেখতে পাই শুধু তাই নয়, তার পাশাপাশি সেই নারীটির দেহ স্বর্ণলঙ্কার দ্বারা বেষ্টিত ছিল রূপ অবস্থাতেই সেই কামরূপা নারী নদীগর্ভে হারিয়ে যায়। ফলে সে স্বামীর চোখে ধীরে ধীরে মৃত ব্যক্তি হয়ে ওঠে।

কিন্তু স্বামী ভাবে ভালবাসার টানে সে হয়ত নদীগর্ভ থেকে আবার ফিরে আসবে। এই বিশ্বাসের মধ্যে দিয়েই তার দিন কাটতে থাকে। শুধু তাই নয় আমরা দেখতে পাই স্বামীকে সেই স্বর্ণলঙ্কারে আবৃত স্ত্রীটি বারবার নদীতে নিয়ে যাচ্ছে। এখানে আমরা অতিলৌকিকতার পাশাপাশি এক ভীতিময় শিহরণধর্মী ভাবনা লক্ষ্য করতে পারি। ফনিভূষণের প্রতি এই ভালোবাসাই গল্পটিকে অতিপ্রাকৃত পর্যায়ে নিয়ে গেছে।

প্রথম দিন গভীর রাত্রে নিরন্ধ্র অন্ধকারের মধ্যে ফনি ভূষণের ঠক ঠক
শব্দ ও গহনার ঝমঝম শব্দ শোনা।

দ্বিতীয় দিনে গভীর রাত্রিতে অন্দরমহলের গোল সিঁড়ি দিয়ে ঘুরে ঘুরে কারও উঠে আসার শব্দ ও দরজার চৌকাঠের কাছে এসে তা থেমে যাওয়া। তৃতীয় রাত্রিতে কৃষ্ণপক্ষের দশমীর চন্দ্রালোকে সালংকারা কঙ্কাল দর্শন।

এই গল্পে বেশ কিছু জায়গাতে অস্থিমজ্জার কঙ্কালে অশরীরী অনুভব রয়েছে। ফনিভূষণের স্ত্রী মনিমালিকা ছিলেন নিঃসন্তান। থাকবার মধ্যে ছিল তার প্রিয় কিছু সোনার গয়না। মারা যাওয়ার দিন গয়নাগুলো তার শরীরেই ছিল। ফনিভূষণকে বলতেই পারেননি যে, কেন তিনি মারা গেলেন।

সেই জন্য রাতের অন্ধকারে মনিমালিকা অলৌকিক এক আবহাওয়া তৈরি করে স্বামীর কাছে আসতেন। আলনায় যেখানে শাড়ি গোছানো আছে কেরোসিনের দ্বীপ যেখানে সেখানে। ফণিভূষণ বার বার যেতে থাকে। ফনিভূষণ চোখ মেলে চন্দ্রলোকে দেখতে পেলেন-

"চৌকির ঠিক সম্মুখে একটি কঙ্কাল দাঁড়াইয়া। সেই কঙ্কালের আট আঙুলে আংটি, রতন চক্র, প্রকষ্টে বালা, বাহুতে বাজুবন্ধ, গলায় কন্টি..... তাহার আপাদ মস্তকে অস্থিতে অস্থিতে এক একটি আবরণ সোনায় হীরায় ঝকঝক করিতেছে। "

এইভাবে গল্পটির মধ্যে এক অতিপ্রাকৃতির ছায়া আমরা লক্ষ্য করতে পারি। 'জীবিত ও 'মৃত' গল্পটি পুরোপুরিভাবে অতিপ্রাকৃতিক নয়। কিন্তু কিছুটা অলৌকিকতার আভাস লক্ষ্য করা যায় গল্পটির মধ্যে। রবি ঠাকুর গল্পটিকে অতিপ্রাকৃত রূপ দিতে চাননি এর সবথেকে বড় প্রমাণ হচ্ছে এই গল্পটির উপস্থাপনরীতি। গল্পটি অতীপ্রাকৃত নয় কিন্তু 'আমি আমার প্রেভাত্মা- কাদম্বিনী এই ঐকান্তিক প্রতিতীই অভিপ্রাকৃত। 'আমি আমার প্রেতাত্মা রবীন্দ্রনাথের নিজস্ব এই উপলব্ধি গল্পের কাদম্বিনী ওপর আরোপিত হয়েছে এবং আরোপিত উপলব্ধি কে গল্প রূপ দেওয়ার জন্য সমগ্র ঘটনাটিকে বানিয়ে তোলা হয়েছে।

গল্পে দেখা যাচ্ছে যে শ্মশানে দাহ করার জন্য মৃত কাদম্বিনী কে যখন নিয়ে যাওয়া হল তখন তার শরীরে প্রাণ সঞ্চারের ব্যাপারটি কল্পিতভাবে ফুটে উঠেছে। সমস্ত

গল্পটিতে শ্রাবণ রাত্রের উল্লেখ টুকরো টুকরো ভাবে ছড়িয়ে রয়েছে। যেমন - . শ্রাবণ: অন্ধকার: রাত্রি।।' শ্রাবনের রাত্রে' মৃত্যু, শ্মশানে 'শ্রাবণের অন্ধকার রাত্রি'।

'কাদম্বিনী দেখল চতুর্দিকে নিবিড় অন্ধকার 'অন্ধকার ঘরে কেহ সাড়া দিল না। বৃষ্টি।। 'মুষলধারে বৃষ্টিতে পৃথিবী ভাসিয়া যাইতেছে, 'ক্রমাগতই ঝরঝর শব্দ বৃষ্টির শেষ নাই বাহিরে অবিশ্রাম বৃষ্টি পড়িতেছে। সমস্ত রাত্রি বৃষ্টি পরিতে লাগিল। তাহার পরদিন সকালেও বৃষ্টি পড়িতেছে। মধ্যাহ্নেও বৃষ্টির বিরাম নেই'। - বর্ষার বাতাস।। "হঠাৎ একটা ঠাণ্ডা বাদলার বাতাস।

একটা বাদলার বাতাস বেগে বহিতে লাগিল।' আসন্ন দুর্যোগ।। থমথমে মেঘ করিয়া আছে আকাশে একটি তারা দেখা যায় না'। নৈঃশব্দ।। 'কোথাও কিছু শব্দ নাই কেবল পুষ্করিনিতীর হইতে অবিশ্রাম ঝিল্লি এবং ভেকের ডাক শুনা যাইতেছে।

সমগ্র গল্পটিতে শ্রাবণ রাত্রের এক সাংকেতিক পরিমণ্ডল ফুটে উঠেছে। গল্পপাঠে লক্ষ্য করা যায়।

যে নারী তার সংসারে এই সম্পর্ক রচনার সুযোগ থেকে বঞ্চিত তার মধ্যে একটা শূন্যতার বোধ এবং সেই শূন্যতার বোধ থেকে একটা অস্তিত্বহীনতার বোধ তৈরি করা সেটা অসম্ভব নয়। 'আমি অস্তিত্বহীন - এই বোধ যদি ক্রমশ অস্বাভাবিক একটা ঐকান্তিকতায় গিয়ে পৌঁছয় তখন আমি আমার প্রেতাত্মা অদ্ভুত এই মতীচ্ছন্নতার জন্ম হতে পারে। কাদম্বিনীর মধ্যে তার প্রেতসত্তা আগেই তৈরি হয়েছিল। শ্মশানে প্রাণ ফিরে পাওয়ার পাকচক্রে পূর্ব প্রস্তুত সেই প্রেতসত্তাই হঠাৎ বেরিয়ে এলো বাইরে। প্রথমে মনে হইল বাড়ি ফিরিয়া যাইতে হবে। কিন্তু তখনই ভাবিল আমি তো বাঁচিয়া নাই আমাকে বাড়িতে লইবে কেন? সেখানে যে অমঙ্গল হইবে। জীব রাজ্য হইতে আমি যে নির্বাসিত হইয়া আসিয়াছি- আমি যে আমার প্রেতাত্মা। পরবর্তী অংশে দেখা যায় যোগমায়া, ভয়ে চিৎকার করে উঠলো। শ্রীপতির মুখ দিয়ে শব্দ বেরোলো না এছাড়াও কাদম্বিনী ঘর থেকে বেরিয়ে যায়। সবচেয়ে বড় অতীপ্রাকৃত ভাবনার সৃষ্টি করেছে কাদম্বিনী নিজেই। সে মনে করেছে যে সে মরে গেছে। কাদম্বিনী যখন তার খোকার কাছে আসলো তখন তার অনুভূতি হল যে সে মরেনি। এইতো এইখানে সবকিছুই আছে তার খোকা আছে কিন্তু সকলে যখন তাকে দেখল সবাই ভয় পেল। কেউ বিশ্বাসই করল না যে কাদম্বিনী বেঁচে আছে। কাদম্বিনী কাউকে বিশ্বাস করাতে পারল না। তাই সে কাঁসার বাটিটা মাটি থেকে তুলে নিজের কপালে আঘাত করতে লাগলো, কপাল ফেটে রক্ত বের হতে লাগল আর সে বলল এই দেখো আমি বেঁচে আছি। তার কপালের রক্তের দ্বারা প্রমাণ করার চেষ্টা করছে যে সে জীবিত মানুষ এখনো। শারদাশঙ্কর মূর্তির মত দাঁড়িয়ে রইল তখন কাদম্বিনী বলল - "ওগো আমি

মরি নাই গো,মরি নাই গো মরি নাই। এ

এই বলে সে চিৎকার করে ঘর থেকে বেরিয়ে গেল এবং অন্তঃপুরের পুষ্করিনীর জলের মধ্যে গিয়ে পড়ল। এই বক্তব্যের মধ্য দিয়েই কাদম্বিনী অভিপ্রাকৃতের জাল থেকে বাইরে বেরোবার চেষ্টা করেলেও তার ফল শেষ পর্যন্ত ভালো হলো না। মৃত্যুই কাদম্বিনী জীবনের সাথে জড়িয়ে 'জীবিত ও মৃত' গল্পটিকে অতিপ্রাকৃতে নিয়ে গেছে। তাইতো রবীন্দ্রনাথ ঠাকুর গল্পের শেষে এই কথাটি বললেন যে-

"কাদম্বিনী মরিয়া প্রমাণ সে মরে নাই।

১৮৫০ খ্রিষ্টাব্দ থেকে ১৯৩০ খ্রিস্টাব্দ পর্যন্ত কালসীমা ইংরেজি সাহিত্যে ভূতের গল্পের সুবর্ণ যুগ নামে চিহ্নিত হয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুরের অসামান্য গল্পগুলিও এই কাল সীমার মধ্যেই রচিত। তার মধ্যে যে সকল গল্পগুলিতে অতীপ্রাকৃতের ভাবনা রয়েছে সেগুলি হল- 'কঙ্কাল', 'নিশীথে', 'মনিহারা', 'জীবিত ও মৃত', 'ক্ষুধিত পাষাণ ইত্যাদি নানাগল্প। অভিপ্রাকৃতের ভয় আর বিশ্বাস শুধু ব্যক্তিবিশেষের শৈশবেই সীমাবদ্ধ নয়। সমষ্টিগত শৈশবের নিগূঢ় গভীর অন্ধকারে তা বহুদূর পরিবার। সেই আদিম মানুষের সমস্ত গল্পই তাই অতিপ্রাকৃত গল্প। অভিপ্রাকৃত বিষয়ে রবীন্দ্রনাথের এই নৃত্য সঞ্চালিত দোলাচলতার মধ্য দিয়েই যেন গল্পগুচ্ছর এই পর্যায়ের গল্পগুলির সামগ্রিক আবহটি আমি ধীরে ধীরে স্পষ্ট করতে এগিয়ে যাচ্ছি। আমার বাছাই করা গল্পগুলির মধ্যে প্রথমে দেখব 'কঙ্কাল' গল্পে কিভাবে প্রাকৃত থেকে অতিপ্রাকৃত আবহ সৃষ্টি হয়েছে।

" ঘরের কোণে যে ভেলের শেজ জ্বলিতেছিল, সেটি প্রায় মিনিট পাঁচেক ধরিয়া খাবি খাইতে খাইতে একেবারে নিবিয়া গেল।

'কঙ্কাল' গল্পে এমন এক আবহ সৃষ্টি হয়েছে যেখানে প্রাকৃত থেকে অতিপ্রাকৃতের ঘটনা বর্তমান। রাতের প্রকৃতিকে অতিপ্রাকৃত হওয়ার থেকে বাধা দিচ্ছিল এক ভেলের শেজ। যার মৃদু আলোক রশ্মিতে ওটা অন্ধকার কিছুটা হলেও আড়াল করতে সচেষ্ট হয়েছিল। এ গল্পে রবিঠাকুর দেখিয়েছেন তার ছেলেবেলার বেশ কিছু ঘটনা। বাল্যসঙ্গীদের সঙ্গে যে ঘরটাতে তিনি প্রতিদিন ঘুমাতেন সেই ঘরটির একেবারে পাশের ঘরেই একটি আস্ত কঙ্কাল ঝোলানো থাকতো। অস্থিবিদ্যা করবার জন্য ওটাকে আনা হয়েছিল। সেই ঘরে ঘুমোতে গিয়ে কথকের ঘুম আসতেই চায়না। এপাশ ওপাশ করতে করতে গির্জার ঘড়িতে বড় বড় ঘণ্টাগুলো প্রায় সবকটা বেজে গেল। এমন সময়ে ঘরের কোণে যে ভেলের শেজ জ্বলছিল সেটা প্রায় মিনিট পাঁচেক ধরে খাবি খেতে খেতে একেবারে নিভে গেল। এমন পরিস্থিতিতে একটা অতীপ্রাকৃত পরিবেশের আবহ সৃষ্টি হয়।

কঙ্কাল গল্পে আত্মমুগ্ধতায় বিহ্বল এক রূপবতী যুবতীর জীবনের আক্ষেপ বর্ণিত হয়েছে। স্বামী মারা যাওয়ার পর একদিন সেই যুবতীর খুব জ্বর হয়। একজন ডাক্তার তাকে চিকিৎসা করতে আসেন আর তবে থেকেই সেই ডাক্তারের প্রেমে পড়ে যান যুবতী বিধবা মেয়েটি।

ডাক্তারের অন্য কোথাও বিবাহ ঠিক হলে যুবতী খুব দুঃখ প্রকাশ করেছিল। শেষ পর্যন্ত ডাক্তারকে না পেয়ে তিনি আত্মহত্যা করেন আর তার কঙ্কাল হয়ে রয়ে যায় এই 'কঙ্কাল' গল্পটি।

রবীন্দ্রনাথ ঠাকুরের 'নিশীথে' গল্পের weirdness মূলে রয়েছে চাঁদ। অন্ধকার ঝাউ গাছের শীর্ষে অগ্নিকাণ্ড ঘটিয়ে দিয়ে জীর্ণ প্রাপ্ত হলুদ বর্ণ চাঁদ আস্তে আস্তে গাছের মাথার উপরকার আকাশে উঠে আসার সাদা পাথরের উপর সাদা শাড়ি পরা শ্রান্ত শয়ান মনোরমার মুখের উপর এসে পড়ল জোৎস্না। সাদায় সাদায় সেই রমণী যেন সৌন্দর্যের মরীচিকায় বিমূঢ়চিও পুরুষটিকে মুহূর্তে ধৈর্যহীন করে তোলে। কথক আর দূরে থাকতে পারলেন না। কাছে এসে দুই হাতে তার হাতটি তুলে ধরে বললেন-

" মনোরমা, তুমি আমাকে বিশ্বাস করো না, কিন্তু তোমাকে আমি ভালোবাসি।
তোমাকে আমি কোনকালে ভুলিতে পারিব না।

কথাটা বলা মাত্র চমকে উঠলেন দক্ষিণাচরণ বাবু। মনে পড়ল ঠিক এই কথাটা একদিন আর একজনকেও তিনি বলেছিলেন। তখন মনের মধ্যে একটা ভয়ের জাগরণ সৃষ্টি হল। তার প্রথম স্ত্রী যিনি মারা গিয়েছেন তাকেও ঠিক এ কথাটাই একসময় তিনি বলেছিলেন। সেই কথাটা মনে পড়ায় এক অতিপ্রাকৃত আবহাওয়ার জাগরণ সেই মুহূর্তে দেখা দিল। দক্ষিণাচরণের নির্জনে ঘুমিয়ে থাকা সেই প্রেতসত্তাকেই জাগিয়ে দেয় জোৎস্নার সুন্দর রেখা। জ্যোৎস্না বিকশিত মনোরমার মুখে দক্ষিণাচরণ চুম্বন করেন আর তৎক্ষণাৎ জনমানব শূন্য সেই নিঃসঙ্গ মরুভূমির মধ্যে গম্ভীর স্বরে কে তিনবার বলে ওঠে ও কে, ও কে, 'ও কে গো? সেই মুহূর্তে দক্ষিণাচরণ বাবু ভয় পেয়েছিলেন। কিন্তু চরবিহারী জলচর পাখির কন্ঠের এই

" দক্ষিণাচরণ যেমন চমকে উঠেছেন মনোরমাও তেমনি কেঁপে উঠেছে[২৩]

কারণ প্রথম স্ত্রীর হাসবার আশ্চর্য ক্ষমতার সঙ্গে মনোরমার কোন পরিচয় ছিল না। এভাবেই এই গল্পে প্রাকৃত থেকে অতিপ্রাকৃত আবহ সৃষ্টি হয়েছে।

'ক্ষুধিত পাষাণ' গল্পে রবীন্দ্রনাথ ঠাকুর কল্পলোকের অতীত ইতিহাসকে রোমান্টিক চেতনা দিয়ে রহস্যময় জগত সৃষ্টি করে তার কলমের স্পর্শে এমন এক অতিপ্রাকৃত জগৎ সৃষ্টি করেছেন এটা থেকে আমি এক অনির্বাচনীয় ইন্দ্রিয়তীত সত্তা লাভ করেছি।

নির্জন প্রাসাদে তরুণী ইরানি ক্রীতদাসী তুলার মাশুল কালেক্টর এর পিছনে সমস্ত রাত্রি। ঘুরে বেড়ায়। গল্পে এইভাবে একটা অতিপ্রাকৃত আবহের সৃষ্টি হয়েছে। ইতিহাস আশ্রিত কল্পনা হলেও মনের মধ্যে একটা ভিন্ন ধর্মী পরিবেশের সৃষ্টি করে। মেহের আলীর উক্তি যা বাস্তবের সচেতন পরিবেশকে স্মরণ করিয়ে দেয়

"তফাৎ যাও, তফাৎ যাও, সব ঝুট হ্যায় সব ঝুট হ্যায়"

রবীন্দ্রনাথ ঠাকুর গল্পের কাহিনী শুরু ও শেষ করেছেন রেলস্টেশনে। গল্পটি অতিপ্রাকৃত রসে সমৃদ্ধ হলেও অবাস্তব রূপকথা নয়।

'মনিহারা' গল্পে দেখতে পাই ফনীভূষণ অতিপ্রাকৃতির জালে নিজেকে জড়াবে বলে অপেক্ষা করছে। পুলকিত ফণীভূষণ দুই উৎসুক চোখ দিয়ে অন্ধকার ঠেলিয়ে ঠেলিয়ে ফুঁড়ে ফুঁড়ে দেখতে চেষ্টা করেন নদীর ঘাট থেকে যে ঠকঠক এবং গহনার ঝমঝম শব্দ শোনা যাচ্ছে সে কি মনিমালিকার প্রেতাত্মা কিনা। এর পরের রাত্রেও ওই একই ঘটনা ঘটলো,নদীর ধার হতে সেই শব্দ উঠে আসলো। ফণীভূষণের শয়নকক্ষে এসে ঠকঠক এবং ঝমঝম শব্দ থেমে গেল, কেবল চৌকাঠটি পার হলেই হয়। ফনিভূষণ আর থাকতে পারল না শেষ পর্যন্ত মনিমালিকাকে আর দেখা গেল না। সে নিজে নিজে কপালে আঘাত করলো। মনিমালিকা যেসব জিনিস ব্যবহার করত, সবকিছু যেন ঘুরে ফিরে ফণীভূষণের কাছে এসে থামল ফণীভূষণ চোখ মেলল এবং দেখলো-

"ঘরে নবোদিত দশমীর চন্দ্রালোক আসিয়া প্রবেশ করিয়াছে, এবং তাহার চৌকির ঠিক সম্মুখে একটি কঙ্কাল দাঁড়াইয়া। সেই কঙ্কালের আট আঙ্গুলে আংটি, করতলে রতনচক্র, প্রকোষ্টে বালা, বাহুতে বাজুবন্ধ, গলায় কণ্ঠি, মাথায় সিখি, তাহার আপাদ মস্তকে অস্থিতে অস্থিতে এক-একটি আবরণ সোনায় হীরায় ঝঝক করিতেছে।

ফনি ভূষণ কঙ্কালের চোখ দেখে বুঝতে পারল ১৮ বছর আগে এই দুটি চোখের সাথে তার শুভদৃষ্টি হয়েছিল। কঙ্কালের অঙ্গুলের নির্দেশের দ্বারা ফনিভূষণ কঙ্কালের পিছু পিছু চলতে লাগলে, যে পথ দিয়ে শব্দ এসেছিল সেই পথে শব্দযেন ধীরে ধীরে নদী ঘাটে নেমে গেল। অলংকারে সজ্জিত কঙ্কাল নদীতে নামলো। ফণীভূষণ ও নদীতে নামলো। এইভাবে একতরফা প্রেমের কাহিনী অভিপ্রাকৃতের সাথে শেষ হলো।

'জীবিত ও মৃত' গল্পের বিষয় একটু অন্যরকম। মৃত বলে পরিত্যক্ত হয়ে শ্মশান হতে গৃহে ফিরে কাউকে জীবিত বলে গ্রহণ করা যে সাধারণ কুসংস্কারের পক্ষে এবং সমাজের কত কঠিন এমন কি তার নিজের বোধের কাছেও কত শক্ত তা এই গল্পটির করুন কঠোর কাহিনীতে বর্ণিত। ভাসুরের শিশু পুত্রের প্রতি সন্তানহারা বিধবা কাদম্বিনী স্নেহ মাতৃ বাৎসল্যের অপেক্ষাও অধিক।

" পরের ছেলে মানুষ করিলে তাহার প্রতি প্রাণের টান আরো যেন বেশি হয়, কারণ

তাহার উপরে অধিকার থাকে না; তাহার উপরে কোন সামাজিক দাবি নাই, কেবল স্নেহের দাবি কাহিনীর মধ্যে ভীতি রসের আমেজে নতুনত্ব আছে এবং কাহিনীটি কাদম্বিনী নিজেই ধীরে ধীরে অভীপ্রাকৃতের দিকে নিয়ে গেছে।

অনেক ক্ষেত্রে দেখা যায় লেখক প্লট বা আখ্যানভাগ এর চাইতে অনেক বেশি লজর দেন চরিত্রের মন, মনন, মেজাজ ও মানসিকতার দিকে। অনুষঙ্গের এক ইঙ্গিতময় ভাষায় ফুটিয়ে তুলতেও চেষ্টা করেন লেখক। যে গল্পে চরিত্র সমূহের অন্তর্মানস, মনের বিচিত্র গতিবিধি, কাহিনীর প্রথাগত কাঠামোকে লঙ্ঘন করে এক অন্তর্ময় পরিবেশ রচনা করে আমরা তাকে সাধারণভাবে মনস্তত্বমূলক গল্প বলে থাকি। 'কঙ্কাল' গল্পের নায়িকা পুরুষের চোখ দিয়ে নিজেকে দেখেছে, দেখে মুগ্ধ হয়েছে।

বাল্য বিধবার অবদমিত কামনা বাসনা শশীশেখর কে আশ্রয় করে মুক্তির পথ খুঁজেছে এ বিশ্ব চরাচরে সর্বত্র বন্ধনের জালপাতা প্রেম, ভালোবাসা, প্রীতি, আত্মীয়তা, কর্ম ও সমাজ অনুশাসনে এই বন্ধন থেকে কখনো কখনো মানুষ মুক্তি খুঁজেছে। এই মুক্তির অবশ্য দুটো রূপ। কখনো তা সম্পূর্ণ বন্ধন মোচন, কখনও বা এক বন্ধন ছিন্ন করে। অন্য বন্ধনে আশ্রয় খোঁজে। এই বিধবা নারীটি সমাজ শৃঙ্খলকে ছিন্ন ভিন্ন করে ডাক্তার শশীশেখরের প্রেমবারি সিঞ্চনে নিজের উত্তপ্ত কামনা প্রবাহকে শীতল করতে চেয়েছিল। এই গল্পের নায়িকার মানস গঠন অন্য প্রেমময়ী নারীর তুলনায় পৃথক। সে ছাড়তে শেখেনি। কেবল পাওয়ার আকাঙ্খায় ব্যাকুল। সে কখনো বলতে পারে না-

" তবে তুমি যাহা চাও তাই যেন পাও আমি যত দুঃখ পাইগো।"

ভাইতো ডাক্তারের বিবাহের কথা শুনে সে প্রতিহিংসায় জ্বলে উঠেছে। বিশেষ করে যেখানে সমাজ প্রতিবন্ধক হিসেবে দাঁড়িয়ে আছে, সেখানে ক্ষমাহীন আক্রোশে সে ডাক্তার কে হত্যা করে নিজেও আত্মঘাতী হয়েছে। দুরন্ত কামনার সমুদ্রে ডুব দিয়ে সে ভালোবাসা ও মরণকে পৃথিবীময় ব্যস্ত রূপে দেখেছে। মৃত্যুতেও সে তাই হাসতে পারে এবং ভাবতে পারে"যখন লোকে আসিয়া আমাকে দেখিবে তখন এই হাসিটুকু যেন রঙিন নেশার মতো আমার ঠোঁটের কাছে লাগিয়া থাকে।

এই গল্পে সমাজ সমস্যা থাকলেও অতৃপ্ত কামনায় জর্জরিত নারীর জটিল মনস্তত্বের রুপটাই গরটিকে আস্বাদ্য করে তুলেছে। ক্ষুধিত পাষাণ গল্পের মধ্যে একটা ভয় বিহ্বল পরিবেশ বা এক আবহ লক্ষ্য করা যায়। রাতের অন্ধকারে পরিতক্ত্য প্রাসাদে অতৃপ্ত আত্মাদের চলাফেরা, হাসিকান্না, গান বাজনার মধ্য দিয়ে গল্পকার এক অতিপ্রাকৃত রসের আবেশ সৃষ্টি করতে চেয়েছেন। এই আবেশের মধ্যে থেকে পাঠক যখন রোমাঞ্চিত হয়ে ওঠে ঠিক তখনই শুনতে পাওয়া যায় মেহের আলীর চিৎকার "তফাৎ যাও, তফাৎ যাও, সব ঝুট হ্যায়

গল্পের সূত্র ধরে পরে জানতে পারা যায় এই মেহের আলী এই প্রাসাদের মধ্যে দীর্ঘদিন বাস করার পর পাগল হয়ে গেছে। সে আর কোন কথা বলে না কেবল নিজেকে সতর্ক করার জন্য অজগরের কবলের মোহাবিষ্ট পক্ষীর ন্যায় চিৎকার করতে থাকে। এই গল্পের মধ্যে পাঠক যখন নায়কের সঙ্গে একাত্ম হয়ে যবনিকার পার থেকে রোমান্টিকতার আঁচ করতে শুরু করে আর ঠিক তখনই সে শুনতে পায় মেহের আলীর চিৎকার তফাৎ যাও, তফাৎ যাও। স্বপ্ন বিহ্বলতার মধ্যে থেকে নায়ক জেগে ওঠে মেহের আলীর চিৎকারে। সম্বিত ফিরে পায় পাঠকও। মেহের আলীর এই চিৎকার গল্পের মধ্যে একটা ভয়ের আবহ তৈরি করে। মেহের আলী তার কথার মধ্যে দিয়েও পাঠকদের জানিয়ে দেয় যে এই চলমান জগতে কিছুরই স্থায়িত্ব নেই। রাতের অন্ধকারের মতই অন্ধমোহে মানুষ ঘুরে চলেছে দিবারাত্র অলিক আকাঙ্ক্ষার পিছনে। মেহের আলী বারবার সে কথা স্মরণ করিয়ে দিতে অস্পষ্ট আলোকোদ্ভাসের মধ্যে চিৎকার করে উঠেছে 'তফাৎ যাও'। তফাতে না থাকলে মোহান্ধকারের মধ্যে নিজেকে হারিয়ে ফেলতে হবে।

এই মেহের আলীকে অন্য কোন সময় দেখতে পাওয়া যায় না। তার আবির্ভাব ঘটে যখন পাঠক রোমান্টিকতায় আপ্লুত হয়ে ইরানি তরুনীর প্রতি উৎসুক হয়ে ওঠে সেই সময়। শুধু যে গল্পের ভয় বিহ্বল আবেশ রচনা করেই ক্ষান্ত হওয়া এমন ভাবনা ভাবা সঙ্গত নয়। গল্পকার নিজেই গল্পকথকের গাল-গল্পের মধ্যে নিজেকে মেহের আলী হিসেবে উপস্থিত করে জানিয়ে দেয় "লোকটা আমাদের বোকার মত দেখিয়া কৌতুক করিয়া ঠকাইয়া গেল, গল্পটা আগাগোড়া বানানো। "

এই মেহের আলীকে বাস্তবের ঘন্টা ধ্বনি বলে আমরা অভিহিত করতে পারি।

চরিত্রটি এক অনন্যতা লাভ করেছে আলোচ্য 'ক্ষুধিত পাষাণ গল্পে।

নিশীথে' গল্পে বেশ কিছু চরিত্র লক্ষণীয়। সেইসব চরিত্রগুলির মধ্যে একটি চরিত্র বিশেষ করে কাহিনীটিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছে। ভিনি হলেন দক্ষিণাচরণবাবু। পাশাপাশি এনার স্ত্রীর ভূমিকাও অপরিসীম। রাত্রির কুহকে কল্পিত আশঙ্কার উন্মত্ততায় বিকার ও ব্যাধিগ্রস্ত দক্ষিণাচরণ বাবুর সংক্ষিপ্ত জীবনকাহিনী একটা চমৎকার রূপ নির্মাণ দেখা যায় আলোচ্য গল্পে। ডাক্তারের কাছে বলা এ কাহিনী স্বতন্ত্র মাত্রা পায় যখন মধ্যরাত্রিতে আতঙ্কিত দক্ষিণাচরণ বাবু কোন উপায় না পেয়ে ডাক্তারের শরণাপন্ন হন। প্রতিদিন কার এই ভীতিকার শিহরণ সৃষ্টিকারী প্রথমা পত্নীর আকুল কন্ঠস্বর ক্রমেই দক্ষিণাচরণ বাবুর মানসিক অবস্থা বিপর্যয়ের সম্মুখীন। অতীত স্মৃতিচারণায় দক্ষিণাচরণ বাবুর মৃত পত্নীর কাহিনী বর্ণনা করেছেন অতীত জীবনের প্রেক্ষাপটে। উত্তর কালে মনোরমার সঙ্গে দাম্পত্য জীবন কাহিনী মূলত অতীতের

অনুভাবনায় রচিত। সুখী দাম্পত্য জীবনের শুরুতেই মৃতপ্রথম পত্নীর সেই আর্ড জিজ্ঞাসা তাকে ব্যতিব্যস্ত করে তুলেছে। তাই মনোরমাকে পেয়েও তিনি সুখী হননি। রাত্রির নই শব্দময় অন্ধকারে মানুষের নানা অসঙ্গতি মনবিকলন ক্রিয়া প্রতিক্রিয়াই তো সার্বিকভাবে আত্মপ্রকাশ করে। এই অতীত স্মৃতিচারণ মূলত অন্ধকারের আবেষ্টনে আবৃত এবং গল্পের আঙ্গিকে বিশেষ মুহূর্তের বাসনা রাত্রিকালীন আকাশে বেশ তাৎপর্যবাহী হয়ে উঠেছে। বকুলতলায় প্রস্তর বেদিকায় ঘনগন্ধপূর্ণ ছায়ান্ধকারে প্রথমাণ পত্নীর প্রতি দক্ষিণাচরণ বাবুর মিথ্যা ভাষণ -

" তোমার ভালোবাসা আমি কোনোও কালে ভুলিব না।

গল্পের কাহিনী সূত্র দুটি। এক উত্তম পুরুষে বর্ণিত আমি রূপী ডাক্তার একটি পক্ষ। দুই দক্ষিণাচরণবাবু তার প্রথমা স্ত্রী এবং মনোরমা কেন্দ্রিক গল্পের জগৎ। গল্প পাঠে জানা যায় বোটে ঘুরতে থাকা শেষ পর্বে যে ধনী দক্ষিণাচরণ বাবুর অন্তরকে আচ্ছন্ন করেছিল তা রাত্রের বিচিত্র অভিজ্ঞতা ভীতি সংকুল জীবনকে স্পষ্ট করে তুলেছে। মনোরমা যখন গভীর ঘুমে আচ্ছন্ন তখন সন্ধ্যাকালীন প্রথমা মৃতা পত্নীর ব্যাকুল জিজ্ঞাসা তাকে মনোবিকারে পরিণত করল-

"রাত্রে বিছানায় আসিয়া শুইলাম.. তখন অন্ধকারে কে একজন আমার মশারির কাছে দাঁড়াইয়া মনোরমার দিকে একটি মাত্র দীর্ঘশীর্ণ অস্থিশার অঙ্গুলি নির্দেশ করিয়া যেন আমার কানে কানে অত্যন্ত চুপিচুপি অস্ফুট কন্ঠে কেবলই জিজ্ঞাসা করিতে লাগিল - ও কে, ও কে, ও কে, গো?

দেশলাই জ্বালাইবার সঙ্গে সঙ্গে ছায়ামূর্তি মিলিয়া গেল। ঘর্মাক্ত শরীরের রক্ত হিম করে দিয়ে সেই হাসি অন্ধকার রাত্রির ভিতর দিয়ে যেন কান্নায় পার হয়ে লোক-লোকান্তরের পথে পাড়ি দিল। সুতরাং বলতে হয় এ গল্পের প্রায় প্রতিষ্ঠার ক্ষেত্রে দিনের পরিবর্তে রাত্রির পটভূমিকাই মুখ্য। আবারো সেই দিন রাত্রিতেই দক্ষিণাচরণবাবু উত্তম পুরুষে বর্ণিত আমি রুপি ডাক্তারের শরণাপন্ন হয়েছেন। এভাবে একটি রাতকে কেন্দ্র করে আসন্ন রাতের মধ্যে গল্পের প্রতিপাদ্য ব্যঞ্জনা কে ছড়িয়ে দিয়ে গল্পকার অসামান্য শিল্পকৃতির পরিচয় দিয়েছেন। 'মনিহারা' গল্পেও বেশ কিছু চরিত্র লক্ষণীয়। ফনীভূষণ ও মনিমালিকাই কাহিনীটিকে এগিয়ে নিয়ে গেছে। ফণীভূষণের ব্যবসার মন্দার কথা। এদিকে তার স্ত্রী মনিমালিকার গহনার প্রতি ভালোবাসা অধিকতম। গল্পের কেন্দ্রে যে চরিত্র দুটো বিশেষভাবে লক্ষ্যণীয় তা ফণীভূষণ সাহা নামক এক শিক্ষিত ধনী ও তার সুন্দরী স্ত্রী মনিমালিকা। ফনিভূষণ পৈত্রিক সূত্রে ধনী। ইংরেজি শিক্ষায় শিক্ষিত আধুনিক বাঙালি তিনি। গল্পের ভাষায় নব্যবঙ্গ কিন্তু নিজের বিবাহিত জীবনে তিনি কখনো পুরুষতান্ত্রিকতা ফলাতে পারেননি। ডাকে সবসময় স্ত্রীর আবদার মেটাতে

হয়েছিল। ফনিভূষণ স্ত্রীকে প্রচণ্ড ভালবাসতেন। ফলে কালে কালে স্ত্রী তার মাথায় উঠে বসলো। অবস্থা এমন হলো যে নিজের ব্যবসা রক্ষার জন্য যখন স্ত্রীর গয়না বন্ধক দেওয়া নিতান্ত প্রয়োজন হয়ে পড়ল তখনও ফনিভূষণ জোড় গলায় তার স্ত্রীর কাছে দাবি করতে পারলেন না। ফলে ব্যবসা বাঁচানোর জন্য হতভাগা স্বামীকে কলকাতায় গিয়ে টাকা সংগ্রহের চেষ্টা করতে হলো।

এদিকে নারী মাত্রই গয়না নিয়ে বিশেষ সতর্ক। এই তত্ত্বের অনুসারী স্ত্রী মনিমালিকার মনে হল তার গয়না বুঝি এবার গেল। স্বামীর নজর থেকে এবং নিজের জীবনের চেয়েও প্রিয় বহুমূল্য গয়নাগুলো বাঁচানোর জন্য মনিমালিকা নিজের বাপের বাড়িতে রওনা দিল। কিন্তু নদীপথে যাওয়ার সময় সেই যে গহনাসহ মনিমালিকা কোথায় হারিয়ে গেল ভার আর কোন খোঁজ পাওয়া গেল না। আবারো সেই চিরাচরিত অতৃপ্ত আত্মার গল্প যে কিনা ইহজগতের মায়া ত্যাগ না করতে পেরে বারবার ফিরে এসেছে। মনি মালিকা যে অতৃপ্তি নিয়ে মৃত্যুবরণ করেছিলেন তাতে হয়তো তার মুক্তি মেলেনি। আবারো রবীন্দ্রনাথ কঙ্কাল নিয়ে এলেন তার গল্পে।

স্ত্রী বিয়োগের দুঃখে ভারাক্রান্ত ফণীভূষণ একদিন ঘুমের মধ্যে অলংকার পরিহিত কঙ্কালের হাঁটার শব্দ শুনতে পেয়ে ঘুম থেকে জেগে উঠলো। তারপর থেকেই তিনি নিয়মিত ঘরে আশেপাশে এই বিদঘুটে শব্দ শুনতে পেতেন। কঙ্কালের হাড়ের খটখট শব্দের সাথে সোনার অলংকারের নিক্কন এই সংমিশ্রিত শব্দমালা ফণীভূষণ কে ধীরে ধীরে গ্রাস করতে থাকে। ঘুমন্ত অবস্থায় একদিন ফনিভূষণ নিজেকে আবিষ্কার করলেন নদীর ঘাটে, যে নদীতে মনিমালিকা তার প্রাণপ্রিয় অলংকার সমেত ডুবে মরেছিলেন। আর নদী থেকে কোনদিনও উঠে আসেনি। এখানেই রবিঠাকুরের গল্পে চরিত্র গুলির মধ্যে এক মনস্তাত্ত্বিক ভাবনা রূপায়িত হয়েছে।

'জীবিত ও মৃত গল্পের কেন্দ্রীয় চরিত্রই হলো কাদম্বিনী। এই একটি মাত্র চরিত্রকে কেন্দ্র করেই কাহিনীটি আবর্তিত হয়েছে। গল্পের সুবিধার জন্য আরো কিছু পার্শ্ব চরিত্র ফুটিয়ে ভোলা হয়েছে। কিন্তু 'জীবিত ও মৃত' গল্পের কাহিনী সৃষ্টি হয়েছে কাদম্বিনী নামের এক বিধবার জীবন কাহিনী কে অবলম্বন করে। রানি হাটের জমিদার সারদাশঙ্কর বাবুর ছোট ভাইয়ের বউ ছিলেন কাদম্বিনী। বিধবা কাদম্বিনীর পিতৃকুল ও শশুরকূলে নিজের বলতে কেউই ছিল না। ভাসুর সারদাশঙ্করের ছোট ছেলেটি তার চোখের মনি ছিল। বিধবার সমস্ত রুদ্ধ প্রীতি, স্নেহের ধন ছিল সে। যার কোন সামাজিক স্বীকৃতি নেই। সমাজ যেন তাকে এভাবেই বেঁধে দিয়েছে। বিধবা হলে তার ভালোবাসা স্নেহমতাকেও বিসর্জন দিতে হয়। কাদম্বিনী একদিকে অবহেলিত নারী তার ওপর বিধবা ফলে পরিবার তথা সমাজ তাকে সঠিকভাবে মর্যাদা দেয়নি কখনোই। মাতৃস্নেহ

মায়া কাটিয়ে হঠাৎ একদিন শ্রাবণের রাতে কাদম্বিনী জীবনের ক্রিয়া বন্ধ হয়ে যায়। পুলিশের ঝামেলাকে এড়াতে জমিদারের চারজন ব্রাহ্মণ কর্মচারী মৃতদেহ দাহ করতে নিয়ে যায়। কিন্তু সেখানেই ঘটে আকস্মিক ঘটনা। যাকে প্রথম পর্যায়ে ভুতুড়ে কাহিনী বলে মনে হয়। নিতাই, গুরুচরণ বনমালী, বিধু সবাই একে একে শবদাহ করার কাঠ সংগ্রহের নাম করে মৃতদেহের কাছ থেকে দূরে সরে যায়। হঠাৎই তখন কাদম্বিনী হৃদস্পন্দন চালু হয়। ঘরের মধ্যে জনমানবের উপস্থিতি টেরনাপে সে বাইরে বার হয়ে যায়। তাইতো রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছেন-

"কোথাও কিছু শব্দ নাই, কেবল পুস্করিনীতির হইতে অবিস্রাম ঝিল্লি এবং ভেকের ডাক শোনা যাইতেছে। এমন সময় মনে হইলো, যেন খাটটা ঈষৎ নড়িল, যেন মৃতদেহ পাশ ফিরিয়া শুইলো।"[৩৩]

বিধু এবং বনমালী এক মুহূর্তেই লাফ দিয়ে ঘর থেকে বেরিয়ে গেল। সামাজিক বিধিবিধান এর কাছে বারবার প্রতারিত হয়েছে কাদম্বিনী।

কুলত্যাগিনী রূপে তাকে মনে মনে ধিক্কার দিয়েছে যোগমায়া। সই এর প্রতি শেষ পর্যন্ত সমাজ রক্ষার দায় চাপিয়ে তাকে বাড়িছাড়া করেছে। কাদম্বিনী শত আকুতি ও যোগেমায়ার অবস্থান টলাতে পারেনি। ভাইতো কাদম্বিনী বলে

" আমি মরিয়াছি ছাড়া তোমাদের কাছে আর কি অপরাধ করিয়াচ্ছি। আমার যদি ইহলোকেও স্থান নাই, পরলোকেও স্থান নাই, ওগো আমি তবে কোথায় যাইবো?"

এমন বেদনাদীর্ণ আকুতি চিরন্তন সমাজ ব্যবস্থার ওপর কাদম্বিনীর ক্ষোভের বহিঃপ্রকাশ। বেঁচে থেকেও সমাজে মৃত হিসেবে গৃহীত তিনি এবং সমাজ তার অবস্থান তাকে ফিরিয়ে দিতে ব্যর্থ হয়েছে। রবীন্দ্রনাথ ঠাকুর মানব সমাজের মুক্তি কে নিশ্চিত করতে চেয়েছেন মানুষ তার হৃদয়কে অবশ্যই প্রাধান্য দেবে। এই ভাবেই রবীন্দ্রনাথ ঠাকুর আলোচ্য গল্প গুলির মধ্য দিয়ে নানান চরিত্রকে ফুটিয়ে তুলেছেন এবং পাশাপাশি চরিত্র গুলির মনস্তাত্ত্বিক রূপায়ণেও সচেষ্ট হয়েছে। আর এখানেই রবীন্দ্রনাথ ঠাকুরের সার্থকতা।

রবীন্দ্রনাথ দীর্ঘ জীবনব্যাপী কাব্য কবিতার প্রায় সমান্তরাল রেখায় ছোটগল্প রচনা করেছেন। তিনি যে শতাধিক গল্প রচনা করেছেন তা আজও বৈচিত্র্যপূর্ণ। তার ছোটগল্পে অতিপ্রাকৃত ও অলৌকিকতার স্পর্শে এক রহস্য ঘন নুতন জীবন রস সঞ্চারিত হয়েছে এবং তিনি অভিপ্রাকৃত গল্পগুলি সার্থকভাবে রচনাও করেছেন। 'নিশীথে', 'কঙ্কাল', ' ক্ষুধিত পাষাণ', মনিহারা,' জীবিত ও মৃত' প্রভৃতি গল্পগুলির মধ্যে প্রেম, সমাজ জীবনের বৈচিত্র্য, প্রকৃতির সঙ্গে মানব মনের নিগুঢ় সম্পর্ক এইসব বিষয়ে যেমন এসেছে তেমনি অভিপ্রাকৃত ভাবটাও তিনি এনেছেন সার্থকভাবে। আর এই গল্পগুলি আমাদের কাছে ভীতি রসের আমেজ এনে দেয়।

পরিশেষে বলা যায় রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সাহিত্যের ছোটগল্পের প্রথম সার্থক স্রষ্টা। তিনি প্রথম বাংলা সাহিত্যে ছোটগল্পের এই ধারা নিয়ে আসেন। আর তার এই ছোট গল্পগুলি বাংলা সাহিত্যের আকাশে উজ্জ্বল নক্ষত্রের মতো জ্বলবে চিরকাল।

গ্রন্থপঞ্জি :

১। ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায়, বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, মর্ডান বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, ২০১৫-২০১৬

২। ডঃ কালীপ্রসাদ দত্ত, রবীন্দ্র গল্পের নিবিড় পাঠ, ২২শে শ্রাবন ১৪১৮, সারদা

৩। উপেন্দ্রনাথ ভট্টাচার্য, রবীন্দ্রনাথের ছোটগল্প ও উপন্যাস, এ. কে. সরকার অ্যাণ্ড কোং

৪। তপব্রত ঘোষ, রবীন্দ্র ছোটগল্পের শিল্পরূপ, সংশোধিত পুনর্মুদ্রণ, দে'জ, 2013

৫। প্রমথনাথ বিশী, রবীন্দ্রনাথের ছোটগল্প, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কার্ত্তিক ১৪২৪

৬। বিতশোক ভট্টাচার্য, সুবল সামন্ত, কথাকোবিদ রবীন্দ্রনাথ, এবং মুশায়েরা, জানুয়ারি ২০১২

৭। মনিরুজ্জামান, রবীন্দ্রচিন্তা, ৮ই মে ২০১১, শব্দচাষ প্রকাশন

৮। মীনাক্ষী সিংহ, গল্পগুচ্ছ জীবনের মেঘ ও রৌদ্র, বঙ্গীয় সাহিত্য সংসদ, জানুয়ারি ২০১৫

৯। শ্রী রবীন্দ্রনাথ ঠাকুর, গল্পগুচ্ছ, কলকাতা পুস্তকমেলা ২০০৭, দশম সংস্করণ ২০১৭

১০। সুভাষ ভট্টাচার্য, বাংলা উচ্চারণ অভিধান, সাহিত্য সংসদ, জানুয়ারি ২০০৯

26

নজরুল ইসলামের প্রেম ভাবনা : বাংলা কবিতায় এক ভিন্ন পথের যাত্রী

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
ফিজা খাতুন (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

বাংলা কাব্য কবিতার ইতিহাসে নজরুল ইসলাম প্রধানত বিদ্রোহী কবি রূপে পরিচিত। তার সেই বিদ্রোহ ছিলো মূলতঃ তিনটি সুস্পষ্ট ধারায় প্রসারিত। একটি ছিলো, নজরুলের পরাধীনতার বিরুদ্ধে সংগ্রাম, দ্বিতীয়টি ছিলো সকল অসাম্য ও বিপর্যয়ের বিরুদ্ধে তার বলিষ্ঠ প্রতিবাদ। এবং নজরুলের বিদ্রোহের তৃতীয় ধারাটি প্রসারিত হয়ে গিয়েছিলো ধর্মান্ধতা ও এই পৃথিবীর সবচেয়ে বড়ো অভিশাপ দারিদ্র্যের বিরুদ্ধে।

কিন্তু এই বিদ্রোহী মানুষটির হৃদয় জুড়ে ছিলো সীমাহীন প্রেমেরও একটা উৎসারিত ফল্গুধারা। তবে নজরুলের এই প্রেমভাবনা রবীন্দ্রনাথের মতো উধাও কোনো আদর্শ লোকের যাত্রী নয়। তা এই মর্ত্যের ধুলিমাখা নানা অনুভবের আবর্তে আবরিত। তাইতো নজরুলের ব্যক্তি প্রেম কিম্বা কোনো ইউনিভার্সাল প্রেমের অনুভবের মধ্যে কখনো এসেছে প্রেম জনিত কোনো ভালোলাগার উল্লাস, কখনো প্রাপ্তির আনন্দ অথবা নজরুলের প্রেম ভাবনা কখনো প্রত্যাখ্যান ও বিষণ্ণতার অনুভবে হয়ে উঠেছে বিচিত্রগামী ও নানা মাত্রিক অনুভবের বর্ণময় কোলাজ।

নজরুলের প্রেম ভাবনার এইসব টুকরো টুকরো অনুভব গুলিকে খুঁজে নিতে সহায়তা নেওয়া হয়েছে -

ক) পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমী প্রকাশিত নজরুলের রচনাবলী,

খ) সেখান থেকে খুঁজে নেওয়া হয়েছে নজরুলের সেইসব কবিতাগুলি যেখানে তার প্রেম ভাবনার বিচিত্র প্রকাশ রয়েছে।

গ) কবিতার উপর নানা সমালোচনামূলক কয়েকটি গ্রন্থ।

ঘ) কিছু সাহিত্যের ইতিহাস এবং

ড) নজরুলের জীবন সম্পর্কিত নানা তথ্যমূলক বই এবং নজরুলের উপর নির্মিত বেশ কয়েকটি তথ্যচিত্র।

আমার আশা এই তথ্যগুলির ভিতর দিয়ে বেরিয়ে আসবেন আরো একটা নজরুল ইসলাম, যিনি তার প্রেম ভাবনায় স্বতন্ত্র এক মানুষ।

বাংলা সাহিত্যে দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তী যে সময়টা, সেই সময়ে বাঙালী কবিদের মধ্যে এক বিশেষ প্রবণতা দেখা গিয়েছিল। এই প্রবণতাটি বিশেষত রবীন্দ্রনাথকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে। এই আবতটি আবার তৎকালীন কবিদেরকে মূলত দুটি ধারায় চালিত করেছে। একটি ধারায় চালিত কবিরা কল্লোল, কালি-কলম ও প্রগতির ছায়ায় আশ্রয় নিয়ে প্রতিনিয়ত চেষ্টা করে চলেছেন রবীন্দ্রনাথকে তাদের কাব্যসাধনার ক্ষেত্র থেকে সরিয়ে রেখে এক নতুন কাব্যভূবন গড়ে নিতে।

আর অন্যধারার কবিরা তখনো চাইছিলেন রবীন্দ্রনাথের আবর্তেই প্রতিনিয়ত আবর্তিত হয়ে চলতে। কিন্তু এই দুই ধারার বাইরে যিনি তৎকালীন বাংলা কাব্য-কবিতার ক্ষেত্রে একটা। ভিন্ন সুর তৈরি নিলেন, তিনি কবি কাজী নজরুল ইসলাম। বুদ্ধদেব বসু তার 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে এই প্রসঙ্গে লিখেছেন-

'আগাগোড়াই তিনি প্রতিভাবান বালকের মতো লিখে গেছেন, তাঁর নিজের মধ্যে কোনো বদল ঘটেনি কখনো, তাঁর কুড়ি বছর আর চল্লিশ বছরের লেখায় কোনোরকম প্রভেদ বোঝা যায় না। নজরুলের দোষগুলি সুস্পষ্ট, কিন্তু তাঁর ব্যক্তিস্বাতন্ত্র্য সমস্ত দোষ ছাপিয়ে ওঠে; সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি...নজরুল ইসলামকে মনে হয় রবীন্দ্রনাথের পরে অন্য একজন কবি ক্ষুদ্রতর নিশ্চয়ই, কিন্তু নতুন। এই যে নজরুল, রবিভাপের চরম সময়ে রাবীন্দ্রিক বন্ধন ছিঁড়ে বেরোলেন, বলতে গেলে অসাধ্য সাধন করলেন।'[১]

আসলে নজরুলের জীবন অভিজ্ঞতা ছিল বড়ো কঠিন। কোনো কুসুম বিছানো পথে তার যাত্রা ছিল না। তিনি দেখেছিলেন তার দেশে বিজাতীয় সরকারের শাসন, চরম দারিদ্রোর জ্বালা। চারিদিকে শুধু নাই, নাই-এর দুঃসহ যন্ত্রণা। চেনা মানুষ ক্ষমতার দম্ভে কখন যেন অচেনা হয়ে যায়। এমনই এক বিপর্যস্ত প্রেক্ষাপটে নজরুলের কবিতা লেখা। স্বাভাবিক কারণেই নজরুলের কবিতায় প্রথাগত সৌন্দর্য ও রোমান্টিকতা তার কবিতার ভিত্তি নির্মাণ করেনি। তাইতো তার "অগ্নি-বীণা', 'দোলন-চাঁপা', 'ছায়ানট', 'সর্বহারা', 'ফণি-মনসা' কিংবা হিন্দোল' কাব্যের কবিতাগুলিতে উদ্ভাসিত হয়ে উঠেছে এক বিদ্রোহের চরম বিচ্ছুরণ।

"বিদ্রোহী' কবিতায় কবি অকস্মাৎ নিজেকে চিনতে পেরে লিখলেন-

'বল বীর -- / বল উন্নত মম শির! শির নেহারি আমারি, নত-শির ওই শিখর হিমাদ্রির!
বল বীর --- / বল মহাবিশ্বের মহাকাশ ফাড়ি'
চন্দ্র সূর্য গ্রহ তারা ছাড়ি'
ভূলোক দ্যুলোক গোলক ভেদিয়া,

খোদার আসন 'আরশ' ছেদিয়া,

উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-বিধাত্রীর!'[২]

এই 'বিদ্রোহী' কবিতাটির সূত্রে সাধারণ মানুষের ভাবনায় নজরুল ইসলাম বিদ্রোহী কবি রূপে বিশেষ পরিচিতি পেয়েছেন। কিন্তু নজরুল ইসলামের সারা জীবনব্যাপী কাব্য সাধনার বৈচিত্র্যময় ধারাকে লক্ষ্য করলে খুব সহজেই অনুভব করা যায় যে, নজরুলের সেই সাধনার নানা বাঁকে রয়েছে তার কবিসত্তার নানামাত্রিক বিচ্ছুরণ। আর সেইসব বৈচিত্র্যের বিচ্ছুরণেই নজরুল রবীন্দ্রনাথকে খুব সহজেই পাশ কাটিয়ে যেতে সক্ষম হয়েছিলেন। যদিও কল্লোলের কাল ছিল সমাজ ও সাহিত্যের ক্ষেত্রে এক বিদ্রোহের কাল। কিন্তু কল্লোলীয় যে বিদ্রোহ সেকালের কবিদের সভায় সত্য ছিল, নজরুলের কবিতার বিদ্রোহ সেই পথে যাত্রা করেনি।

তার কবিতায় যথেষ্ট উত্তেজনা ছিল - এমন একটা অভিযোগ তুলে তার কবি-বন্ধুরা তাকে ঠিক ঠিক কবি বলতে চাননি। কিন্তু নজরুল তার 'আমার কৈফিয়ৎ' কবিতায় খুব হালকা চালেই লিখেছেন।

'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবী'! কবি ও অকবি যাহা বল মোরে মুখ বুজে তাই সই সবি!

কেহ বলে, 'তুমি ভবিষ্যতে যে

ঠাঁই পাবে কবি ভবীর সাথে হো

যেমন বেরোয় রবির হাতে সে চিরকেলে-বাণী কই কবি?' দুষিছে সবাই, আমি তবু গাই শুধু প্রভাতের ভৈরবী!'[৩]

মনোবিজ্ঞান বলে, এই বাল্য এবং কৈশোরে প্রাপ্ত অভিজ্ঞতাগুলি যে কোনো মানুষের পরবর্তী জীবনাবর্তের নানা দিকগুলিকে পরিচালিত করে। রবীন্দ্রনাথের ন্যায় সম্পন্ন অভিজাতসাহিত্যিক পরিমণ্ডল নজরুলের ছিল না। জীবিকার জন্যে তাকে একটা সময় যাত্রাগান, লেটোগান পাইতে হয়েছে। বাড়ি থেকে পালিয়ে রুটির দোকানে কাজ, অবশেষে তার সৈনিক হয়ে ওঠবার পর কোনো প্রকার প্রস্তুতি ছাড়াই তিনি যে কবিতা লিখবেন, তাতে রাবীন্দ্রিক পেলবতার পরিবর্তে জীবনের সুকঠিন দিনগুলি ফিরে ফিরে আসবে এটাই স্বাভাবিক।

যা তার যাপিত জীবনের অন্তর্গত স্বভাবের মধ্যেই নিহিত। তবুও এই নতুন প্রভাত-ভৈরবীর সুর, যা নজরুলের কাব্য- বীণায় ঝংকার তুলেছিল; এর নেপথ্যে বুদ্ধদেব বসু সরাসরি

লিখেছেন -

'এটাও খুব সহজেই ঘটেছিলো, এর পিছনে সাধনার কোনো ইতিহাস নেই, কতগুলো আকস্মিক কারণেই সম্ভব হয়েছিলো এটা। কবিতার যে আদর্শ নিয়ে সতেন্দ্রনাথ লিখেছিলেন, নজরুলও তা-ই; কিন্তু নজরুল বৈশিষ্ট্য পেয়েছিলেন তাঁর জীবনের পটভূমিকার ভিন্নতায়। মুসলমান তিনি, ভিন্ন একটা ঐতিহ্যের মধ্যে জন্মেছিলেন, আবার সেই সঙ্গে হিন্দু মানসও আপন করে নিয়েছিলেন -- চেষ্টার দ্বারা নয়, স্বভাবতই।'[৪]

সেক্ষেত্রে নজরুলকে 'স্বভাব কবি' রূপে চিহ্নিত করা হলে কারো আপত্তি থাকবার কথা নয়। তিনি রবীন্দ্রনাথকে তার সেই সহজাত স্বভাবের গুণেই তার সাধনায় পুরোপুরি স্বীয়করণ করে নিতে পারেন নি। তার কারণ নিহিত ছিল তার বাল্য ও কৈশোরের সুকঠিন দিনগুলি।

তবে নজরুলের 'বিদ্রোহী' কবিতাটিতে যতই বিদ্রোহের আগুন উদ্ভাসিত হয়ে উঠুক না কেন, এই কবিতাটির আড়ালে রয়েছে নজরুলের এক রোমান্টিক মানসিকতার পরিচয়। কারণ সাহসী বিদ্রোহের পাশাপাশি কবির মন সুন্দরের আহ্বানে উধাও হতে চেয়েছে। কবি চিত্তের ভিতরকার এই যে বৈপরীত্য, কবি নিজেও সেটা হয়তো উপলব্ধি করেছিলেন। তাইতো কবি- বন্ধুরাও কবির মধ্যেকার এইসব নানা বিপ্রতীপ দিকগুলিকে বিভিন্ন সময়ে নির্দেশ করেছেন। তাদের উত্তরে করি লিখেছেন ---

"আনকোরা যত ননভায়োলেন্ট নন্-কো'র দলও নন খুশী! "ভায়োলেন্সের ভায়োলিন্' নাকি আমি বিপ্লবী-মন তুষি!

'এটা অহিংস', বিপ্লবী ভাবে, "নয় চরকার গান কেন গা'বে?'

গোঁড়া-রাম ভাবে নাস্তিক আমি, পাতি-রাম ভাবে কনফুসি!

স্বারাজীরা ভাবে নারাজী, নারাজীরা ভাবে তাহাদের অঙ্কুশি'![৫]

কিন্তু নজরুল সম্পর্কে যিনি যাই ভাবুক না কেন, কবি নিজেকে যুগ না হোক 'হুজুগের কবি' রূপেই তার "আমার কৈফিয়'-এ পরিচয় দিয়েছেন। নজরুল তার কালকে, তীব্র স্বাধীনতার আকাঙ্ক্ষাকে যখনই তার কবিতায় তুলে ধরেছেন তখনই দেশপ্রেমের ক্ষেত্রে তিনি তার অবস্থান অত্যন্ত স্পষ্ট। তিনি তৎকালীন সৌখিন নেতাদের জুড়ি গাড়ি চড়ে আসা স্বরাজের স্বপ্নকে, 'পোড়া বার্তাকু' বলেছেন।

কারণ তিনি চরম অভাবের মধ্যে একদা লালিত হওয়ায় খুব স্পষ্ট করেই অনুভব করেছিলেন যে, ক্ষুধাতুর শিশুর কাছে স্বরাজ নয়, বড় বেশি মূল্যবান দু'মুঠো ভাত আর একটু নুন। নজরুল তার নিজের দেশে প্রত্যক্ষ করেছিলেন মানুষে মানুষে বৈষম্যের এই নির্মম এবং করুণ দিকটি। কবি বিশ্বাস করেন, ক্ষুধা যেখানে সত্য

সেখানে মানুষের যাবতীয় অনুভবগুলি নিমেষেই নিঃশেষ হয়ে যায়। সেক্ষেত্রে নজরুল আরো বিশ্বাস করতেন একটি দেশের সামগ্রিক ও স্থিতি আসতে পারে কোনো প্রকার বিচ্ছিন্নতা নয়, সাম্যবাদী কোনো এক সিস্টেমকে কেন্দ্র করে। সেক্ষেত্রে নজরুলের সাম্যবাদী মানসিকতার সঙ্গে মিলে মিশে আছে মানুষের প্রতি সহানুভূতি ও মানবিকতার দীপ্ত বাণী।

আসলে নজরুল তার সাম্যবাদী ভাবনায় মানুষে মানুষে, তাদের ধর্মে ধর্মে কিংবা এক বর্ণের সঙ্গে অন্য বর্ণের কোনো প্রকার বিচ্ছিন্নতাকে সহ্য করতে পারেন নি। তাইতো কবির সাম্য সঙ্গে কখন যেন যুক্ত হয়ে গেছে অর্থনৈতিক বৈষম্য এবং শ্রেণী চেতনার একটি সুস্পষ্ট ভিত্তি।

নজরুলের কবিসত্তা রঙ-রূপ-রস ও কঠোরতার আবর্তে ক্রমাগত আবর্তিত হতে হতে মানুষের যে সকল চিরন্তন অনুভূতিগুলিকে স্পর্শ করে ফিরেছে তাদের মধ্যে নজরুলের সীমাহীন প্রেমিক সত্তাকে একেবারেই অস্বীকার করা চলে না। প্রেম এমন একটা অনুভব, যা চরম বিপর্যয়ের মধ্যেও মানুষের অন্তরে এক বিপুল শক্তির জাগরণ ঘটায়। যে জাগরণের স্বাভাবিক ফলস্বরূপ হৃদয়ের সীমানাটা অনেকখানি প্রসারিত হয়ে যায়। আর সেই প্রেম- প্রসারিত হৃদয় তখন হয়ে উঠতে পারে যে কোনো কবির অনুপম সৃষ্টির প্রেরণা।

ইতিহাস বলে ১৯২৫ সালের শেষের দিকে হেমন্ত সরকার, কুতুবউদ্দিন ও শামসুদ্দিন হোসেনের চেষ্টায় 'মজুর স্বরাজ পার্টি' গঠিত হয়। এদের মুখপত্র 'লাঙল'-এ কবি নজরুল লিখেছিলেন-

'গাহি সাম্যের গান ---

যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান। যেখানে মিশেছে হিন্দু বৌদ্ধ মুসলিম-ক্রীশ্চান।

গাহি সাম্যের গান!"[৬]

তবে নজরুল ইসলাম, মুজফ্ফর আহমেদের সান্নিধ্যে সাম্যবাদের পাঠ গ্রহণ করলেও তার কাব্য কবিতায় উদ্ভাসিত সাম্যবাদের সঙ্গে তাত্ত্বিক মার্কসবাদের অনেকখানি পার্থক্য রয়েছে। কারণ নজরুল তার জীবন দিয়ে এই সত্যটি উপলব্ধি করেছিলেন যে, তত্ত্ব দিয়ে মানুষের পেট ভরে না; বরং সেই তত্ত্বের উপযুক্ত প্রয়োগের বাস্তবতা পারে মানুষের সামনে এক সত্যকার মুক্তির জগৎ উন্মোচিত করে দিতে। কারণ তত্ত্বের জন্যে মানুষ নয়, মানুষের জন্যেই তত্ত্ব। এই মানুষই যুগে যুগে ঈশ্বর তৈরি করে নেন। তাইতো কবির বিশ্বাস মানুষের মধ্যে রয়েছে সকল শাস্ত্র, সকল যুগাবতার। সেক্ষেত্রে পুঁথির কঙ্কালে দেবতাকে খুঁজে ফেরা বৃথা। কবি লিখেছেন ---

'বন্ধু, বলিনি ঝুট,[৭]

এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট। এই হৃদয়ই সে নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন, বুদ্ধ-গয়া এ, জেরুজালেম্ এ, মদিনা, কাবা-ভরন, মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়, এইখানে ব'সে ঈশা মুসা পেল সত্যের পরিচয়!'

তবে নজরুলের সাম্যবাদী চেতনার সর্বাত্মক প্রকাশ ঘটেছে সাম্যবাদী কবিতা সিরিজের মানুষ, পাপ, বারাঙ্গনা, কুলি-মজুর এবং নারী কবিতাটিতে। ধর্মীয় ও অর্থনৈতিক অসাম্যের পাশাপাশি 'নারী' কবিতায় নজরুল আবহমান কাল ধরে চলে আসা সমাজে যে নারী- -পুরুষের অসাম্য তাকেও এক ক্ষতিকর প্রবণতা হিসেবে নির্দেশ করে লিখেছেন --

'সাম্যের গান গাই --

আমার চক্ষে পুরুষ-রমণী কোনো ভেদাভেদ নাই!

বিশ্বে যা-কিছু মহান সৃষ্টি চির-কল্যাণ-কর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর। বিশ্বে যা-কিছু পাপ তাপ বেদনা অশ্রুবারি অর্ধেক তার আনিয়াছে নর, অর্ধেক তার নারী!'

নজরুলের প্রেমচেতনা তার উপলব্ধ সাম্যবাদকে অস্বীকার করে নয়। কিন্তু সকল পুরুষের ক্ষেত্রে প্রেমের উচ্ছ্বাস সদাসর্বদা বসন্তের পলাশ বিছানো পথে যাত্রা করে না। কোনো কোনো প্রেমে শুধুই ধ্বনিত হয়ে ফেরে পাওয়ার পরিবর্তে না পাওয়ার সীমাহীন যন্ত্রণাও।

নজরুলের কবিতায় যেমন বিদ্রোহ আছে; তেমনি বিদ্রোহী কবির আরো একটি যে সত্তা তার সমান্তরালে চলেছে সেখানে নজরুল বেদুঈন কিংবা চেঙ্গিস নন, তিনি হয়ে উঠতে চেয়েছেন বন্ধন হারা কুমারীর বেণী কিংবা সেই তরুণীর তন্বী-নয়নের বহ্নি। কবির এই চাওয়া অবশ্যই তার প্রেম ভাবনার এক অভিনব দ্যোতক। তিনি থর-থর-থর প্রথম পরশে উদ্বেল হতে চান। তাইতো বিদ্রোহীর উচ্ছ্বসিত দীপ্ত চলার ফাঁকে ফাঁকে এমন করেই ঝলসে উঠেছে কবির এক রোমান্টিক প্রেম ভাবনার হয়তো বাস্তব কিংবা এক অলৌকিক মায়ার জগৎ ---

'আমি অভিমানী চির-ক্ষুব্ধ হিয়ার কাতরতা, ব্যথা সুনিবিড়, চিত চুম্বন-চোর-কম্পন আমি থর-থর-থর প্রথম পরশ কুমারীর!'[৮]

একদা নজরুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্কের ছাত্রী যে ফজিলতুন্নেসার সান্নিধ্যে এসেছিলেন এবং তার প্রতি এক মুগ্ধতায় কলকাতায় ফিরে এসে যে পত্র লিখেছিলেন তার উত্তরে ফজিলতুন্নেসা কোনো ইতিমূলক সাড়া দেননি। এই প্রসঙ্গে অধ্যাপক শীতল চৌধুরী লিখেছেন---

"বলতে দ্বিধা নেই - ফজিলতুন্নেসা-ই কবি নজরুলের অধিকাংশ প্রেমের কবিতার মানস প্রতিমারূপে কবির বুকের রক্ত আর চোখের জলে উপস্থিত হয়েছে।'[৯] এ মোর অহঙ্কার' কবিতাটি যার উজ্জ্বল নিদর্শন এবং কবি নজরুলের কাছে শিল্পীর সৃজনসত্তায় প্রেয়সী রূপে বিরাজিত তা বোধকরি বলার অপেক্ষা রাখে না।

এখানে অবশ্য প্রেয়সী ফজিলাতুন্নেসা এসে আগ্রাসী-প্রেমিক কবি নজরুলের স্মৃতি-বেদনায় জাগরুক হয়ে সৃষ্টির মূর্ছনায় বাণী-রূপকল্পে। না পেয়েও কবি যে তাকে পেয়েছেন তাঁর অনুভূতির কল্প সৃজনতায় এটাই কবির অহঙ্কার।'[১০]

নজরুলের প্রেম কখনো প্রাপ্তিতে পূর্ণ হয়ে ওঠেনি। কবির প্রেম এক দারুণ অপ্রাপ্তির যাত্রা করেছে। সেই প্রাপ্তি ও অপ্রাপ্তির মাঝে আলোড়িত হতে হতে নজরুল সিজোফ্রেনিক কোনো আলো-আঁধারির জগতে নিজেকে হারিয়ে ফেলেনি। বরং তার সেই অপ্রাপ্তির বিষাদ থেকে যে কবিতার জন্ম হয়েছে, সেখানে কবির প্রিয়া আরো বেশি করে কবির অনুভবে প্রসারিত হয়ে গেছেন। এবং সেই সৃষ্টির মধ্য দিয়ে যিনি ছিলেন একাকী কবির প্রেয়সী, তিনি হয়ে উঠলেন নিত্য কালের সেই তন্বী নারী, যিনি প্রিয়া হয়ে কবিকে ইশারায় ডেকে ফেরেন ---

'নাই বা পেলাম কণ্ঠে আমার কণ্ঠহার,
তোমায় আমি করব সৃজন -- এ মোহ অহঙ্কার!
এই ত আমার চোখের জলে, আমার গানে সুরের ছলে,
কাব্যে আমার, আমার ভাষায়, আমার বেদনায়, নিত্যকালের প্রিয়া আমার ডাক্‌ছ ইশারায় !...'[১১]

সুতরাং একথা বলা যেতে পারে যে, নজরুলের প্রেমের কবিতাগুলি উল্লাস লাভ করেছে এমন কত না পাওয়ার মধ্যে। এক্ষেত্রে নজরুলের আরো যে প্রেমের কবিতাগুলিতে অপ্রাপ্তি ধ্বনিত হয়ে ফিরেছে তার মূল সুর অবশ্যই বিরহ। কোনো কোনো ক্ষেত্রে কবির প্রেম হয়তোবা একতরফা। 'গোপন প্রিয়া' কবিতায় নজরুলের তেমনই এক মন কেমন করা অনুভবের প্রকাশ। কবিতাটি সম্পর্কে অধ্যাপক শীতল চৌধুরী লিখেছেন ---

"আমরা বুঝতে পারি, রোমান্টিক কবির হৃদয়ে কবিপ্রিয়ার কল্পিত রূপপ্রতিমা প্রেমময় রঙে কত সুগভীর ভাবে আঁকা রয়েছে, যা কখনোই সময় দূরত্বের ব্যবধানে বিরহানলেও মুছে যাবার নয়।

তা নাহলে, বিদায় নেবার কথা বলার পরেও কবি এরকম মনে করবেন কেন -- কবির পারের ঢেউ একদিন তাঁর প্রিয়ার কাছে ঠিকই পৌঁছবে। কবিপ্রিয়া যেহেতু অজানিতা, সেহেতু এ গূঢ় সংবাদ কেউ জানবে না।'[১২]

অথচ কবি দূরে থেকে যেন কোন্ অনুপম এক লীলাখেলায় মেতেছেন তার প্রেয়সীর সঙ্গে। তাইতো কবি বর্ষাঝরা কোনো একদিনে ভাবছেন একবার যদি কবির প্রেম সেই নারীটি উপলব্ধি করেন, তবে তিনিও কবিকে কল্পনাতেই চুম্বন এঁকে দেবেন ---

'বর্ষা-ঝরা এমি প্রাতে আমার মত কি ঝুর্বে তুমি একা মনে, বনের কেতকী? মনের মনে নিশীথ-রাতে চুম্ দেবে কি কল্পনাতে?

স্বপ্ন দেখে উঠে জেগে, ভাব্বে কত কি!

মেঘের সাথে কাঁদবে তুমি, আমার চাতকী!'[১৩]

এই চুম্বন-আকাঙ্খা কিংবা গভীর রাতে কবি -প্রেয়সীকে তার বুকের মধ্যে নিবিড় করে এই রোমান্টিক প্রেমের কবিতাতে নিয়ে এসেছে একটা দেহবাদী সংগত ভাবনা। কবি কল্পনাতে আঁকবেন তার প্রেয়সীর মুখ।

এই স্বপ্ন পাওয়ার ভিতর থেকে কবির যে সুখ তা বৈষ্ণব পদাবলীর ভাবসম্মেলনের একটা আবেশ নিয়ে আসে। যার একটা মনস্তাত্ত্বিক ভিত্তি রয়েছে। কারণ যা কিছু বাস্তবে অপ্রাপ্তি, তা অবচেতনে সঞ্চিত হতে থাকে। সচেতন মন ঘুমিয়ে পড়লে তখন অবচেতনের সেই সব অপ্রাপ্ত ইচ্ছাগুলি স্বপ্ন হয়ে ধরা দেয়। সেইসূত্রে নজরুলের প্রেমের কবিতাগুলি যেমন রোমান্টিক; তেমনি অবশ্যই একটা স্বপ্নময় আবেশে মণ্ডিত। বৈষ্ণব কবিরা যেমন তাদের ব্যক্তিগত প্রেমজনিত প্রাপ্তি এবং অপ্রাপ্তির অনুভবগুলি তাদের পদাবলীতে চিরন্তন করে তুলেছেন, তেমনি নজরুলের জীবনেও এসেছে একাধিক প্রেম এবং সেই প্রেমের অনুভূতিগুলিকে নজরুল তার কবিতায় নানামাত্রিক অনুভবের বৈচিত্র্যে মূর্ত করে তুলেছেন। ইতিহাস বলে, একদা নজরুল রাণু সোমকে গান শেখাতে যেতেন। সেখানেগান শেখাবার অবকাশে নজরুল সেই তরুণীর প্রতি আকৃষ্ট হয়েছিলেন। কিন্তু এই প্রেমটিও ছিল এখানেও সেই একতরফা প্রেমের অনুভূতি দিয়ে কবি তার সেই প্রেমিকার উদ্দেশ্যে প্রশ্ন করেছেন, 'গানের আড়াল'-এ কবি তার যে হৃদয়ের কথাকে ব্যক্ত করেছেন তা কি তিনি একেবারেই বুঝতে পারেন নি!

প্রথাগত প্রেমের ক্ষেত্রে প্রেম নিবেদনের নানা মাধ্যম রয়েছে। সেক্ষেত্রে গানের-আড়াল'-এ গানের মাধ্যমে প্রেম নিবেদনের বিষয়টি একেবারেই অভিনব। তিনি তার প্রেয়সীর মধ্যে যদি কোনোদিন তার কোনো প্রকার অনুভব জেগে ওঠে তার জন্যে প্রতীক্ষা করতে রাজি। আর যদি সেটা না হয়, তবে কবিতার অন্তিমে কবি লিখেছেন-

'ভোলো মোর গান, কি হবে লইয়া এইটুকু পরিচয়, আমি শুধু তব কণ্ঠের হার, হৃদয়ের কেহ নয়!

জানায়ো আমারে, যদি আসে দিন, এইটুকু শুধু যাচি--

কন্ঠ পারায়ে হয়েছি তোমার হৃদয়ের কাছাকাছি।'[১৪]

আর 'অভিশাপ' নামক প্রেমের কবিতাটিতে উদ্ভাসিত হয়ে উঠেছে নজরুলের জীবনের আরো একটি টানাপোড়েন। তখন কুমিল্লার প্রমীলা সেনগুপ্ত অর্থাৎ দোলনের সঙ্গে কবির যে প্রেম-প্রণয় নিয়ে চলেছিল বেশ কিছু সংশয় এবং উৎকণ্ঠার দিকগুলি। কিন্তু কবিতার নাম 'অভিশাপ' হলেও এর মধ্য দিয়ে নজরুলের তার প্রেয়সীর প্রতি এক অসাধারণ উপলব্ধির প্রকাশ ঘটেছে। কবির বিশ্বাস যদি তাদের মধ্যে কখনো বিচ্ছেদ হয়ে যায় তবুও সময়ের সঙ্গে সঙ্গে ঋতুর পর ঋতু ফিরে এসে কবি-প্রেয়সী তার জন্যে একটা বিষণ্ণতার ঘোরে ডুবে যাবেন। কবি লিখেছেন ---

"যেদিন আমি হারিয়ে যাব, বুঝবে সেদিন বুঝবে। অস্তপারের সন্ধ্যাতারার আমার খবর পুছবে--

বুঝবে সেদিন বুঝবে / ছবি আমার বুকে বেঁধে

পাগল হয়ে কেঁদে কেঁদে / ফিরবে মরু কানন গিরি,

সাগর আকাশ বাতাস চিরি' / যেদিন আমায় খুঁজবে- বুঝবে সেদিন বুঝবে!"[১৫]

শুধু বিরহ নয়, নজরুলের প্রেমভাবনার সঙ্গে কখন যেন মিলে মিশে গেছে প্রকৃতির অনুপম অনুষঙ্গ। স্বপ্নভাঙা নিশুত রাত, শিউলি ফোটা ভোরের অঙ্গন, আশিন হাওয়া, শিশির ছ্যাঁচা রাত্রি কিংবা কখনো চৈতি রাতের চাঁদনী আলো কবিকে মুগ্ধ করে। এই প্রসঙ্গে কবির প্রেমচেতনার সঙ্গে প্রকৃতির অন্তর্গত গুবাক তরুর মর্মর ধ্বনির মধ্যে কবি শুনতে পেয়েছেন তার প্রিয়ার স্বকরুণ আবেদন। পাতার রেখার মধ্যে কবি উপলব্ধি করেছেন প্রিয়ার আঁখির কাজল-রেখা। তরুর দীর্ঘ দেহের সঙ্গে কখন যেন একাকার হয়ে গেছে দীঘল প্রিয়ার অপরূপ রূপ। কবির মনে হয়েছে মৃদু হাওয়ায় তার প্রেয়সীর আঁচল উড়ছে। কবি সেই হাওয়ায় প্রার্থনা করেছেন তার প্রিয়ার উষ্ণ প্রেম-স্পর্শখানি। এভাবেই কবি কখন যেন তার প্রেমভাবনার সঙ্গে প্রকৃতিকে এক সুরে বেঁধে দিয়েছেন। যার সুর অবশ্যই বিরহ। এক্ষেত্রে নজরুল কাব্যধারায় প্রেম সম্পর্কিত এক আলোচনায় স্বাগতা দাস মোহান্ত লিখেছেন-

'১৯২৭-এ প্রকাশিত 'সিন্ধু-হিল্লোল' এবং ১৯২৮-এ প্রকাশিত 'চক্রবাক' এ কবি পুনরায় প্রেম ও প্রকৃতির রাজ্যে ফিরে গেছেন। সিন্ধু তাঁর কাছে বিরহের প্রতীকরূপে গণ্য হয়েছে। 'চক্রবাক কাব্যগ্রন্থে প্রেমের অনুষঙ্গে বিরহের কথাই মুখ্য হয়ে উঠেছে। কখনো কখনো প্রেম এবং মৃত্যুকে সহযোগী মনে হয়েছে কবির।'[১৬]

উল্লেখপঞ্জী :

১. বুদ্ধদেব বসু, রবীন্দ্রনাথ ও উত্তরসাধক, একালের সমালোচনা সঞ্চয়ন, ২০১০, কলিকাতা বিশ্ববিদ্যালয়, পৃ- ১৫৪-১৫৫।

২. নজরুল ইসলাম, বিদ্রোহী, সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি, পৃ- ১।

৩. নজরুল ইসলাম, আমার কৈফিয়ৎ, তদেব, পৃ-৮৮।

৪. বুদ্ধদেব বসু, রবীন্দ্রনাথ ও উত্তরসাধক, একালের সমালোচনা সঞ্চয়ন, ২০১০, কলিকাতা বিশ্ববিদ্যালয়, পৃ- ১৫৫।

৫. নজরুল ইসলাম, আমার কৈফিয়ৎ, সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি, পৃ-৮৯।

৬. নজরুল ইসলাম, সাম্যবাদী, তদেব, পৃ-৬৯।

৭. তদেব, পৃ-৬৯।

৮. তদেব, নারী, পৃ-৭৮।

৯. নজরুল ইসলাম, বিদ্রোহী, সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি, পৃ- ৪।

১০. শীতল চৌধুরী, এ মোর অহঙ্কার : নিবিড় পাঠ, কাজী নজরুল ইসলাম ও সঞ্চিতা, ২০১২,প্রজ্ঞাবিকাশ, পৃ- ১৮৪।

১১. নজরুল ইসলাম, এ মোর অহঙ্কার, সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি, পৃ- ২১০।

১২. শীতল চৌধুরী, গোপন প্রিয়া : নিবিড় পাঠ, কাজী নজরুল ইসলাম ও সঞ্চিতা, ২০১২,প্রজ্ঞাবিকাশ, পৃ- ১৯১।

১৩. নজরুল ইসলাম, গোপন প্রিয়া, সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি, পৃ- ১২৯।

১৪. তদেব, গানের আড়াল, পৃ- ২২১।

১৫. তদেব, অভিশাপ, পৃ-৩৩।

১৬. স্বাগতা দাসমোহান্ত, কাজী নজরুল ইসলাম, সাহিত্য বার্তা, ২০১২, বঙ্গীয় সাহিত্য সংসদ, পৃ. 801

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ :

১. নজরুল রচনাবলী - প্রথম খণ্ড, ২০১২, পশ্চিমবঙ্গ বাংলা একাদেমি

২. নজরুল রচনাবলী - দ্বিতীয় খণ্ড, ২০১২, পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমী।

৩. নজরুল রচনাবলী - তৃতীয় খণ্ড, ২০১২, পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমী।

৪. নজরুল রচনাবলী - চতুর্থ খণ্ড, ২০১২, পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমী।

৫. নজরুল রচনাবলী - পঞ্চম খণ্ড, ২০১২, পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমী।

৬. নজরুল ইসলাম - সঞ্চিতা, ২০১৫, ডি. এম. লাইব্রেরি।

সহায়ক গ্রন্থ :

১. অসিতকুমার বন্দ্যোপাধ্যায় - বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত, ২০১৬, মর্ডান বুক এজেন্সী।

২. পার্থ চট্টোপাধ্যায় - বাংলা সাহিত্য পরিচয়, ২০১২, তুলসী প্রকাশনী।

৩. শ্রীমন্ত জানা - বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ), ২০১৫, ওরিয়েন্টাল বুক

৪. সুভাষচন্দ্র বসু - বিদ্রোহী কবি, নজরুল স্মৃতিমালা, ১৩৯৪ বঙ্গাব্দ, কল্পনা সাহিত্য মন্দির।

৪. শীতল চৌধুরী - এ মোর অহঙ্কার, কাজী নজরুল ইসলাম ও সঞ্চিতা, ২০১২, প্রজ্ঞাবিকাশ ।

৫. স্বাগতা দাসমোহান্ত - কাজী নজরুল ইসলাম, সাহিত্য বার্তা, ২০১২, বঙ্গীয় সাহিত্য সংসদ।

৭. সুকুমার সেন - বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, প্রথম খণ্ড, ১৯৯৯, আনন্দ ।

পত্র-পত্রিকা:

১) শারদ সংখ্যা ভিস, ২০১৮, সম্পাদক : চন্দন বাঙ্গাল ও অভীক প্রধান।

২) নতুন গল্পপত্র, ২০২১, সম্পাদক : শঙ্কর চক্রবর্তী।

৩) এবং মহুয়া, ২০১৯, সম্পাদক : মদন মোহন বেরা।

৪) চান্দ্রভাষ, ২০১৭ সম্পাদক : অজিত ত্রিবেদী।

৫) কবিতীর্থ, ২০২১, সম্পাদক : উৎপল ভট্টাচার্য।

27

গোয়েন্দা সাহিত্যের চলচ্চিত্রায়ন : সত্যজিৎ রায়

ড. অন্বেষা মল্লিক (সহকারী অধ্যাপিকা, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
পৃথা মজুমদার (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

রহস্যের প্রতি মানুষের আকর্ষণ জন্মগত।দৈনিক যে সব খবর প্রকাশিত হয় তার মধ্যে খুন-খুনি, অপরাধ বা রহস্য ধাঁচের খবরটি আমরা সবার আগে পড়ি। কল্পনার চেয়ে বরং রহস্যের বাতাবরণ আমাদের কাছে মনোগ্রাহী হয়ে ওঠে আর এই রহস্যের গন্ধ পেলেই আট থেকে আশি প্রত্যেকের মানসপটে ভেসে ওঠে একটাই চিত্র ফেলুদা। তাই এই বিষয়টিকে আমি আমার অণু-গবেষণার বিষয় হিসেবে নির্বাচন করেছি। সত্যজিৎ রায়ের 'গোয়েন্দা সাহিত্যের চলচ্চিত্রায়ণ' (নির্বাচিত- সোনার কেল্লা ও জয় বাবা ফেলুনাথ) নিয়ে ইতিপূর্বে কোন গবেষণা আমার দৃষ্টিগোচর হয়নি।আমি এই বিষয়টিকে নির্দেশিকা অনুসারে স্বল্প পরিসরে আলোচনা করব। ভবিষ্যতে সুযোগ পেলে বিষয়টিকে পূর্ণাঙ্গ রূপ দেওয়ার ইচ্ছে রইল। এই কাজটি ভবিষ্যতে যদি কোন গবেষককে আগ্রহ জাগিয়ে তোলে বা উদ্দীপিত করে নতুন কোনো দৃষ্টিকোণের সন্ধান দেয় তাহলে আমি কৃতার্থ বোধ করব এবং আমার এই কাজটি যদি কেউ স্মরণ করে পরে তাহলে আমার ভালো লাগবে।

আমার নির্বাচিত এই বিষয়টির গুরুত্ব যথেষ্ট কারণ কাহিনি বর্ণনা থেকে শুরু করে ঘটনা প্রবাহ, আমার নির্বাচিত উপন্যাস দুটি জুড়ে রয়েছে মেদহীন রহস্য।উপন্যাসের প্লট যেমন, তেমন চলচ্চিত্রের দৃশ্যায়ণ, বর্ণনা ভঙ্গি টানটান উত্তেজনা বৈচিত্র্যের দিক থেকে বিবেচনায় গোয়েন্দা কাহিনির মধ্যে ফেলুদা অন্যতম।

সত্যজিৎ রায় নামটা যেন আমাদের জীবনের সঙ্গে মিশে গেছে, ছোট থেকে বড় হয়ে ওঠার প্রতিটি মুহূর্তের সঙ্গে তিনি যেন ওতপ্রোতভাবে জড়িয়ে আছেন। তিনি একদিকে যেমন ছিলেন একজন বিখ্যাত বাঙালি ভারতীয় চলচ্চিত্র পরিচালক, তেমনই বাংলা গোয়েন্দা সাহিত্যের ধারায় তিনি হয়ে উঠেছেন অনন্য। তাঁর সৃষ্ট বিখ্যাত চরিত্র হলো গোয়েন্দা ফেলুদা। ছোটবেলায় সত্যজিৎ রায়ের ফেলুদা সিরিজ বা টেলিভিশনে দেখেনি এমন খুঁজে পাওয়া যাবে না। তাঁর লেখার মূল লক্ষ্য ছিল তরুণ পাঠক বর্গ যদিও তিনি আবাল-বৃদ্ধ-বণিতা প্রত্যেকের কাছে প্রিয় লেখক ছিলেন। সত্যজিৎ রায় সৃষ্ট ফেলুদা সম্পর্কে আমরা জানতে পারি-

" বাঙালি গোয়েন্দা শুনলেই মানস পটে ভেসে ওঠে ৬ ফুট ২ ইঞ্চি লম্বা খরগনাশা এক যুবা পুরুষের ছবি ইনি ডায়েরি রাখেন গ্রীক হরফে ইংরেজি ভাষায় কেবল কোল্ট

৩২ রিভাল বার নয় তার আসল অস্ত্র মগজাস্ত্র।" [1]

ফেলুদার আসল নাম ছিল প্রদোষ চন্দ্র মিত্র সমস্ত গোয়েন্দা চরিত্রের মত ফেলুদাকেও গোয়েন্দাগিরিতে সহায়তা করেছে তাঁর খুড়তুতো ভাই তপেশ রঞ্জন মিত্র যার ডাকনাম তোপসে। এছাড়াও ফেলুদার অ্যাডভেঞ্চারের সঙ্গী হন বিখ্যাত রহস্য রোমাঞ্চ লেখক লালমোহন গাঙ্গুলী যার ছদ্মনাম জটায়ু। সত্যজিৎ রায় ৩৫টি ফেলুদার গল্প লেখেন যার সবই খুব জনপ্রিয় হয় এবং এর মধ্যে দুটিকে নিয়ে তিনি চলচ্চিত্র তৈরি করেন- 'সোনার কেল্লা, ' ও

"জয় বাবা ফেলুনাথ। - আমি আমার অণু-গবেষণায় এই উপন্যাস দুটিকে চলচ্চিত্ররূপে দর্শক যখন চাক্ষুষ দেখলেন তখন কতটা জনপ্রিয় হয়ে উঠল আট থেকে আশি প্রত্যেকের কাছে - সেই বিষয়টি অনুসন্ধানের চেষ্টা করেছি। সাহিত্যের চলচ্চিত্রায়ণ বিষয়টি আপামর জনসাধারণের কাছে কতখানি প্রাণবন্ত হয়ে উঠেছে আমি সেই বিষয়টির স্বরূপ সন্ধানে সচেষ্ট হয়েছি।

চলচ্চিত্র পরিচালক হিসেবে সত্যজিৎ রায় আন্তর্জাতিক প্রেক্ষাপটে শিল্প ও সংস্কৃতির মানদণ্ডে এক বিরল দৃষ্টান্ত। তিনি চলচ্চিত্রের মধ্য দিয়েই ভারতীয় সমাজ ও সংস্কৃতিকে তুলে ধরেছেন। ' পথের পাঁচালী' থেকে শুরু করে 'আগন্তুক' পর্যন্ত তিনি এক বিরামহীন শিল্পী। সত্যজিৎ রায় ১৩২৮ বঙ্গাব্দের ১৮ ই বৈশাখ (ইংরেজি ২মে ১৯২৯ খ্রিস্টাব্দে) রবিবার কৃষ্ণপক্ষ নবমী তিথি (ইংরেজি মতে সোমবার)পূর্বাহ্ন ২:০৪ মিনিটে কলকাতার ১০০ নং গড়পার রোডে জন্মগ্রহণ করেন। বিখ্যাত শিশু সাহিত্যিক ও চিত্রশিল্পী উপেন্দ্রকিশোর রায়চৌধুরী এবং সুকুমার রায় চৌধুরীর যোগ্য উত্তরসূরী ছিলেন সত্যজিৎ রায়।তাঁর বাড়িতে সাহিত্য ও শিল্পচর্চা বহুদিন আগে থেকেই পরিলক্ষিত হওয়ায় খুব কম বয়স থেকেই সত্যজিৎ রায় সাহিত্য এবং প্রচ্ছদ অলংকরণ,নকশা,শিল্পকর্ম এগুলির প্রতি আগ্রহী হয়ে ওঠেন। মাত্র আড়াই বছর বয়সে পিতা সুকুমার রায় কে হারান সত্যজিৎ রায় তারপর মাত্র ছ'বছর বয়সে মায়ের সঙ্গে মামার বাড়ি ভবানীপুর চলে আসেন। এখানে পরিচয় ঘটে তার মামাতো বোন বিজয়ার সাথে। পরে বিজয়া দেবীর সঙ্গে তিনি বিবাহ বন্ধনে আবদ্ধ হন।

১৯৪০ খ্রিস্টাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ প্রেসিডেন্সি কলেজ থেকে বিএ পাস করেন তিনি। তারপর মায়ের ইচ্ছায় শান্তিনিকেতনের কলাভবনে ভর্তি হন। কারণ রবীন্দ্রনাথের সাথে রায় পরিবারের বিশেষ হৃদ্যতা ছিল ফলে তাঁর মা চেয়েছিলেন সত্যজিৎ রায় রবীন্দ্রনাথ ঠাকুর প্রতিষ্ঠিত বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করুক। সেই সূত্রে বিখ্যাত চিত্রশিল্পী নন্দলাল বসুর কাছে শিক্ষা লাভের সুযোগ পান।

১৯৪৩ সালে তিনি ডি কে গুপ্তের সিগনেট প্রেসের সাথে জড়িয়ে পড়েন। ডি কে গুপ্ত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসের 'আম আঁটির ভেঁপু' র প্রচ্ছদ অলংকরণ করার দায়িত্ব দেন সত্যজিৎ রায়কে। তিনি দারুণভাবে প্রভাবিত হন এবং তার পরই প্রথম চলচ্চিত্র নির্মাণের বিষয় হিসেবে এটিকে নির্বাচন করেন। ১৯৫৫ সালে নির্মিত হয় 'পথের পাঁচালী' চলচ্চিত্র।

সত্যজিৎ রায়ের জীবনের আরেকটি বড় দিক হল সাহিত্য সৃষ্টির ক্ষেত্রে সত্যজিৎ রায় বিরল প্রতিভার অধিকারী। সত্যজিৎ রায়ের সাহিত্য রচনার সূত্রপাত ঘটে 'সন্দেশ' পত্রিকার নবপর্যায় প্রকাশিত হওয়ার সময় উপেন্দ্রকিশোর রায় চৌধুরী এবং সুকুমার রায়চৌধুরীর অসম্পূর্ণ ইচ্ছাকে বাস্তবায়িত করার উদ্দেশ্যে তাঁর এই উদ্যোগ এবং সাহিত্য জগতে প্রবেশের এই প্রতিভা পাঠক সমাজে স্বীকৃত কিন্তু বিশ্লেষণের পর্যায়ে বা গবেষণার ক্ষেত্রে ততটা সমৃদ্ধ নয়। 'সন্দেশ' পত্রিকার চাহিদা মেটাতেই আবির্ভাব ঘটে সত্যজিৎ রায়ের। স্মৃতিচারণ অংশে তিনি নিজেই জানিয়েছেন -

"আমার ৪০ বছর বয়সে আমি প্রথম লিখতে শুরু করি--।"[১]

তাঁর সৃষ্ট বিখ্যাত চরিত্র হলো-

সত্যজিৎ রায় সৃষ্ট চরিত্র		
১) গোয়েন্দা ফেলুদা	**২) প্রফেসর শঙ্ক**	**৩) তারিণী খুড়ো**

সত্যজিৎ রায়ের লেখার মূল লক্ষ্য ছিল তরুণ কিশোর পাঠক বর্গ, যদিও তিনি আবাল বৃদ্ধ বণিতা প্রত্যেকের কাছে প্রিয় লেখক ছিলেন তাঁর অধিকাংশ উপন্যাস ও গল্প প্রকাশিত হয় আনন্দ প্রকাশনার মাধ্যমে এবং তাঁর অধিকাংশ চিত্রনাট্য গুলি তাঁর বন্ধু নির্মাল্য আচার্য সম্পাদিত 'এক্ষণ ' পত্রিকায় প্রকাশিত হয়। বাঙালির অতি প্রিয় গোয়েন্দা ফেলুদা থেকে বৈজ্ঞানিক প্রফেসর শঙ্কু কিংবা চিরকুমার ও মজলিশি তারিণী খুড়ো প্রতিটি চরিত্রের একটি কমন জিনিস যদি ধরা যায় তা হল - ● সততা, ● নির্লোভ, ● অনুসন্ধিৎসু মনন।

-খুব সহজ সরল ভাষায় যিনি পাঠককে বুঝিয়ে দিয়েছেন। ফেলুদা, প্রফেসর শঙ্কু, তারিণী খুড়োর গল্পের বিষয়বস্তু একটি কলামের সাহায্যে উপস্থাপন করা হলো-

গোয়েন্দা ফেলুদা	প্রফেসর শঙ্কু	তারিণী খুড়ো
সত্যজিৎ রায়ের সৃষ্ট আইকনিক'Feluda series'বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ গোয়েন্দা সিরিজ বলা চলে নির্দ্বিধায়। ১৯৬৫ সালে এই সিরিজের প্রথম গল্প 'ফেলুদার গোয়েন্দাগিরি' কলকাতাবাসী সখের গোয়েন্দা প্রদোষ চন্দ্র মিত্র ওরফে ফেলুদা, তার দুই সঙ্গী তোপসে এবং লালমোহন গাঙ্গুলী ওরফে জটায়ু কে নিয়ে যাবতীয় রহস্য সাফ করে যান। সেই চারমিনার হাতে চিন্তাশীল ফেলুদা' তে আজও বাঙালি মজে ছোটবেলায় আর্থার কোনান ডোয়েলের শার্লক হোমসে প্রভাবিত হয়েই ফেলুদা চরিত্রের সৃষ্টি সত্যজিৎ রায়ের।	আবার তীক্ষ্ণ বুদ্ধি,সৎ-নির্লোভ একজন মানুষ জীবনের কোন পরীক্ষায় দ্বিতীয় হননি সেই 'প্রফেসর শঙ্ক' চরিত্রের মাধ্যমে সত্যজিৎ রায় নিত্য নতুন অভিযানের মাধ্যমে পাঠকের সামনে তুলে দেন কল্পবিজ্ঞানের এক অবাধ জগৎ। যত বিখ্যাতই হও না কেন নির্লোভমনন যে মানুষের আসল গুণ ত্রিলোকেশ্বর শঙ্কর মাধ্যমে সেই বার্তা স্মরণ করিয়ে দিয়ে যান তিনি।শঙ্ক পদার্থ বিজ্ঞানী হলেও বিজ্ঞানের সকল শাখায় তার অবাধ বিচরণ। তিনি ৬৯ টিভাষা জানেন হায়ারোগ্লিফিক লিপি পর্যন্ত পড়তে পারেন পুরো সিরিজ জুড়ে প্রফেসারের মোট ৭২ টি আবিষ্কার সম্পর্কে জানা যায়।	ষাট পেরোনো 'তারিণী খুড়ো' যুবক বয়স থেকে নানা জায়গায় ঘুরে বেড়ানোর বিচিত্র সব অভিজ্ঞতার গল্প শোনান বাচ্চাদের।যার অধিকাংশ গল্পে দেখা যায় উপস্থিত বুদ্ধি কাজে লাগিয়ে কিভাবে একের পর এক আসন্ন বিপদ পাশ কাটিয়ে বেরিয়ে যাচ্ছেন 'তারিণী খুড়ো'। সেখানেও মূল চরিত্র জীবনেঅনেক রোজগার করলেও টাকার পেছনে ছোটেননি কাজের প্রতি বিতৃষ্ণা জাগলেও ঘুরে বেড়িয়েছেন বিভিন্ন স্থানে নিজেকে খুঁজে পেয়েছেন অন্যভাবে।

ছোট গল্প, উপন্যাস বাদ দিলেও কাব্যজগতে সত্যজিৎ রায় সত্যিই 'আণ্ডারটেড '। তিনি বেশ কিছু বিদেশি কবিতা অনুবাদ করেছেন। যার সংকলন 'তোড়ায় বাঁধা ঘোড়ার ডিম' নামে প্রকাশিত। সেখানে সুকুমার রায়ের পুত্রের লেখায় অনেকটা বাবার

ছায়া দেখতে পান অনেকেই যখন তিনি লেখেন-

"এক যে সাহেব তার যে ছিল নাক
দেখলে পরে লাগতো লোকের তাক
হাঁচতে গিয়ে হ্যাঁচ্ছো হ্যাঁচ
নাকের মধ্যে লাগল প্যাঁচ
সাহেব বলে, এইভাবেতেই থাক...।"[২]

সত্যজিৎ রায়ের কলমে প্রস্ফটিত ফেলুদার গোয়েন্দাগিরির গল্প কাহিনির রচনাকাল-চরিত্র ও বিষয়বস্তু নিম্নে একটি তালিকার সাহায্যে উপস্থাপন করা হলো-

ক্রমিক সংখ্যা	বইয়ের নাম	প্রকাশকাল	মূল চরিত্র	বিষয়বস্তু
১	ফেলুদার গোয়েন্দাগিরি	১৯৬৫ খ্রিষ্টাব্দ	রাজেন বাবু,তিনকরি বাবু,ফণী মিত্তির, প্রবীর মজুমদার।	বাল্যজীবনের প্রতিশোধ স্পৃহা আলোচ্য গল্পের মূল বিষয়বস্তু।
২	বাদশাহী আংটি	১৯৬৬ খ্রিষ্টাব্দ	ধীরু কাকা,ডঃ শ্রীবাস্তব বনবিহারীবাবু,বিলাস বাবু।	ঔরঙ্গজেবের ঐতিহাসিক আংটি চুরি।
৩	গ্যাংটকে গণ্ডগোল	১৯৭০ খ্রিষ্টাব্দ	শশধর বোস,মিস্টার শেলভাস্কর, নিশিকান্ত সরকার ডক্টর বৈদ্য।	ফেলুদার তিব্বতের প্রাচীন মূর্তি উদ্ধার এই গল্পের বিষয় বস্তু।
৪	সোনার কেল্লা	১৯৭১ খ্রিষ্টাব্দ	সুধীর ধর, মুকুল,ডক্টর হেমাঙ্গ,হাজ-রা,মন্দার বোস ইত্যাদি।	জাতিস্মর মুকুলের সোনার কেল্লা দেখা এবং ফেলুদার দুই ছদ্মবেশী চোরকে ধরা।

৫	কৈলাসে কেলেঙ্কারি	১৯৭৩ খ্রিষ্টাব্দ	সল সিলভার স্টাইন,জয়ন্ত মল্লিক,শুভঙ্কর বোস ইত্যাদি।	ভারতের অমূল্যসম্পদ নির্মমভাবে ধ্বংসকরা এবংপ্রসঙ্গত কৈলাস অভিযান।
৬	জয় বাবা ফেলুনাথ	১৯৭৫ খ্রিষ্টাব্দ	উমানাথ ঘোষাল, মছলিবাবা, মগনলাল মেঘরাজ ইত্যাদি।	একটি বহুমূল্যবান গণেশমূর্তি উদ্ধার ফেলুদা-র প্রচেষ্টায়।
৭	গোলকধাম রহস্য	১৯৮০ খ্রিষ্টাব্দ	সুধীর দত্ত, নীহার দত্ত, কৌমুদী, শঙ্কর ইত্যাদি।	মূল্যবান বৈজ্ঞানিক তত্ত্বের কপি উদ্ধার করেন ফেলুদা।

যখন কোন জনপ্রিয় সাহিত্য অবলম্বনে কোন চলচ্চিত্র নির্মিত হয়, তার প্রতি দর্শকদের অসীম আগ্রহ থাকে আবার আশঙ্কাও থাকে পাঠ কালীন যে অনুভূতি ও ভালোলাগা ছিল, তা কি আরও বেড়ে যাবে? না একেবারে ধূলিস্যাৎ হবে? এ নিয়ে বাংলা সিনেমাতে বহু বিতর্কের সৃষ্টি হয়েছে। আসলে দুটি মাধ্যম সাহিত্য ও চলচ্চিত্র একেবারেই আলাদা সুতরাং একটি রূপান্তর প্রয়োজন। কোন বিখ্যাত পরিচালক তার নিজের রচিত কাহিনি যখন চলচ্চিত্রের রূপ দেন, তখন ব্যাপারটি বেশ চিত্তাকর্ষক হয়ে ওঠে। স্বাভাবিকভাবেই তিনি অনেক স্বাধীনতা নিতে পারেন আর চরিত্রটি যদি 'ফেলুদা' হয় আর পরিচালক বিশ্ববরেণ্য সত্যজিৎ রায় প্রত্যাশার পারদ থাকে তুঙ্গে। সত্যজিৎ রায়ের মতে-

"The cinema is basically the expression of a

Concept of concept in asthenic terms."[৩]

চলচ্চিত্রের সামাজিক দায়বদ্ধতাকে অস্বীকার করেননি তিনি একজন চলচ্চিত্র নির্মাতার দায়িত্ব প্রসঙ্গে 'Our films, Their films' -এ তাঁর নিজের বক্তব্য বিশেষ গুরুত্বপূর্ণ

"For the truly serious, socially consciousness film maker, there can be no prolonged withdrawn into fantasy. He must face the challenge of contemporary reality, examine the facts...."[৪]

সত্যজিৎ রায়ের চলচ্চিত্রের ধ্যানধারণাগুলোকে ব্যাখ্যা করলে মূল দৃষ্টিভঙ্গি যেগুলি পাওয়া যায় তা হল-

- সৃজনশীল দৃষ্টিভঙ্গির বহিঃপ্রকাশ(creative expression)।
- মিশ্র শিল্প মাধ্যম হিসেবে সংগীত কাব্য, চিত্রকলা নাটক ইত্যাদি মাধ্যমের ব্যবহার(Function of poetry, music, painting, and drama)।
- যুক্তিসঙ্গত উপস্থাপনা(logic of science)।
- চিন্তাশক্তিকে বিশেষভাবে প্রয়োগ করা (human imagination)।
- নান্দনিক মূল্যবোধ (concept in Asthenic terms)।

সত্যজিৎ রায়ের চলচ্চিত্রে শিল্পকর্মের একটি বিশেষ গুণ চিত্রভাষার অসাধারণ ব্যবহার। চলচ্চিত্র শিল্পকে ভাষার আঙ্গিক ও বিন্যাসে সত্যজিৎ রায় যে উচ্চতায় নিয়ে গেছেন তা বিরল দৃষ্টান্ত। সত্যজিৎ রায়ের চলচ্চিত্রে ভাষা প্রয়োগের ক্ষেত্রে সংলাপ একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কারণ এখানে ভাষা শুধু বিবরণ নয়, সংলাপের মাধ্যমে তা পরিবেশ, পরিস্থিতি ও অনন্য অনুসঙ্গিক বিষয়কেও পরিস্ফট করে। প্রসঙ্গত সত্যজিৎ রায়ের বক্তব্য উল্লেখযোগ্য-

> "চলচ্চিত্রে সংলাপের প্রধানত দুটি কাজ কাহিনিকে ব্যক্ত করা, পাত্র-পাত্রীর চরিত্র প্রকাশ করা।সাহিত্যের কাহিনিতে কথা যে কাজ করে চলচ্চিত্রে ছবিও কথা মিলিয়ে সে কাজ হয়।পরিবেশ বর্ণনার জন্য কথার প্রয়োজন নেই,ছবিই সে কাজ করে।চরিত্র বর্ণনার আকৃতি গত দিকটা ছবিতে প্রকাশ পায়, প্রকৃতির দিকটা কিছুটা অভিনেতার ভাবভঙ্গি ও বাকিটা তার সংলাপে প্রকাশ পায়।"[৫]

সত্যজিৎ রায়ের চলচ্চিত্রে ভাষার প্রয়োগে বিশেষত্ব আছে। 'সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ' উপন্যাস ও চলচ্চিত্রে যে ভাষার প্রয়োগ করেছেন তা এক অসাধারণ এই ভাষা সত্যজিৎ রায়ের নিজস্ব সৃষ্টি। সিনেমা করতে গিয়ে সত্যজিৎ রায়ের মাথায় একটা কথায় প্রথমে এসেছিল তাহলে কাহিনির ক্লাইম্যাক্স হবে সোনার কেল্লাতেই। শুরু এবং শেষ দুইই হবে কেল্লাতে। তাই-

- প্রথমটি হয়েছিল আঁকা কেল্লা,

  আর

- দ্বিতীয়টি হয়েছিল একেবারে আসল কেল্লা।

'আপনি আচারি ধর্মের' উদাহরণ দিয়েছিলেন সত্যজিৎ রায়, নিজের কাহিনির নির্মম বিশ্লেষণ করতে গিয়ে তিনি দেখেছিলেন অনেক পরিবর্তন প্রয়োজন।ছবিটা দেখলে এটা পরিষ্কার, তাঁর কাছে কাহিনির নায়ক ছিলেন দুজন মুকুলধর ও সোনার কেল্লা। কাজেই তিনি স্থির করে ফেললেন শুরুতে যেমন শেষেও ঠিক তেমন হবে- মুকুল ও সোনার কেল্লা-এই ভাবনা গুলি মাথায় রেখে কিন্তু আমরা সহজেই ধরতে পারি সাহিত্য ও চিত্রনাট্যের বদল গুলি। যেহেতু ভ্রমণের এক বিশেষ ভূমিকা, অনেক ঘটনায় ঘটেছে ট্রেনে। গল্পে ট্রেনের কিন্তু এত বড়ো ভূমিকা ছিল না। চাক্ষুষ দেখলে ট্রেনের গতির সঙ্গে পাল্লা দিয়ে গল্পের গতিও বেড়ে যাবে।

খুব ছোট্ট একটা উদাহরণ দিলে বোঝা যাবে দুটি দৃশ্যের তফাৎ - কাহিনিতে আর ফিল্মে।মরুভূমিতে ফেলুদার ট্রেন থামানোর ঘটনা।বইতে ছিল ফেলুদা ট্রেনটাকে দাঁড় করানোর জন্য দৌড়ে গিয়ে ট্রেনটাকে থামাবার চেষ্টা করছে। সঙ্গে ছিল ছবিও তার নিজেরই আঁকা।লেখকের বর্ণনায়-

"ফেলুদা এক মুহূর্ত ইতস্তত না করে
একলাফে একেবারে লাইনের মাঝখানে
দাঁড়িয়ে পড়ে দুটো হাত মাথার উপর তুলে
হই-হই করে নাড়তে আরম্ভ করে দিল।"[৬]

কিন্তু সিনেমাতে দেখা যায় ফেলুর দল আগেই উটে চড়ে বসেছে - উটের মাথা থেকে ফেলুদা জীবনপণ করে রুমাল নাড়ছে ট্রেন থামাবার জন্য কিন্তু ট্রেন থামে না আমরা সেই সময় ফেলুদার হতাশা দেখতে পাই।

দুটি দৃশ্যকে পাশাপাশি রাখলেই কোনটি বেশি সজীব আর বর্ণময় আর কিশোর মনে কার অভিঘাত বেশি থাকার দরুন দৃশ্যটি আরো মনোগ্রাহি হয়েছে, আরও একটা সুন্দর কনট্রাস্ট ধরা পড়ে - উট হলো মরুভূমির চিরকালীন ধ্রুপদী বাহন আর ট্রেন হল আধুনিক সভ্যতার,পাশাপাশি দুই বাহনকে দেখে দর্শকের চোখেও এক অদ্ভূত অনুভূতি হয়।

'জয় বাবা ফেলুনাথ' উপন্যাসটির শুরু কলকাতায় ফেলুদার বৈঠকখানায় জটায়ু ফেলুদাকে লোভ দেখাচ্ছিলেন দশাশ্বমেধ ঘাটে ঠাকুরের ভাসান দেখানোর জন্য,কাগজের কাটিংও দেখাচ্ছেন বেনারসের মছলিবাবার।কিন্তু ছবি শুরু করতে গিয়ে তিনি এসব অনর্থক সময় নষ্ট করেননি সটান ফেলুর দলকে দলকে নিয়ে ফেলেছেন একেবারে বেনারসে কারণ প্রথমেই সেই শহরে গিয়ে পড়তে হবে,ক্যামেরার সাথে দর্শকরা ঘুরবে কাশীর শহরের সর্বত্র আবিষ্কার করবে শহরের ভেলকি আর ঝলমল ঐতিহ্য।

যখন উপন্যাস লিখেছিলেন তখন কিন্তু রুকু আর তার বন্ধু সূরয 'র বন্ধুত্ব কিন্তু সিনেমাতে সূরযর বিশ্বাসঘাতকতা বেশ গুরুত্বপূর্ণ ছিল। কিন্তু চিত্রনাট্য পরিচালনার সময় তিনি সূরয চরিত্রকে রাখলেন না কারণ একটি বাচ্চা ছেলেকে অপরাধী করে দেখালে দর্শক বিষয়টাকে কিভাবে নেবে? বইয়ে পড়া আর চোখে দেখা দুইয়ের এর মধ্যে তফাৎ অনেক।

সিনেমার শুরুতেই আমরা দেখেছি অপরাধের অংশবিশেষ। দেখেছি সম্ভাব্য অপরাধীদের আর ঘটনাস্থল। এর পরেই দেখা যায় ফেলুদা ও তোপসে লালমোহন বাবুসহ রিকশায় চড়ে, রওনা হচ্ছে লজের দিকে তাদের উদ্দেশ্য নির্ভেজাল ছুটি কাটানো একেবারে 'straight to the point'।কারণ কাহিনি চিত্রের দাবি ছুটি কাটাতে গেলেও ফেলুদার সত্যিই লাভ হয়েছিল ফেলুদা জীবনের সবচেয়ে দুরন্ত সাংঘাতিক প্রতিদ্বন্দ্বীর সাথে তাকে লড়তে হয়েছিল বেনারসেই।ফেলুদা বলেন -

"এরকম লোকের জন্যই এতদিন অপেক্ষা
করছিলাম রে তোপসে এসব লোকের সঙ্গে
লড়ে জিততে পারলে সেটা বেশ একটা
টনিকের কাজ দেয়।"-[৭]

বিশেষত ভাবা যাক ওই ছুরি খেলার দৃশ্য আর তারপরে গঙ্গার ঘাটে অনুতপ্ত ফেলুদার প্রতিজ্ঞা-

"লালমোহন বাবু হয় এই ঘটনার প্রতিশোধ নেব
নয়তো গোয়েন্দাগিরি ছেড়ে দেবো।"[৮]

কাহিনি পরিমার্জনে নির্মম বিশ্লেষণের জন্য পরিচালক সত্যজিৎ রায়ের হাত থেকে পরিত্রাণ পাননি লেখক সত্যজিৎ রায়ও। কাহিনিতে শশী বাবুর হত্যাকারী রূপে বিকাশ সিংহ চিহ্নিত হয়েছিলেন। সিনেমাতে কিন্তু ফেলুদাও বলে বিকাশ বাবুর পক্ষে খুন করা সম্ভব নয় নকল গণেশের উদ্ভাবনের সময় ফেলুদার মুখ দিয়ে সমালোচিত কাহিনিকার-

" এই গণেশ টি যদি সত্যিকারের গণেশ হত
তাহলে কিছুতেই আপনি সেটিকের রূকুর
সঙ্গে ফন্দি করে সিংহের মুখে আটকে
রাখতেন না।"[৯]

আসল কাহিনিতে সত্যজিৎ রায় কিন্তু তাইই করেছিলেন। 'সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ ' দুটি কাহিনি চিত্রের মধ্যে তুলনা করলে সোনার কেল্লা একটু এগিয়ে থাকবে কিন্তু জয় বাবা ফেলুনাথ আপন বৈশিষ্ট্য উজ্জ্বল কাশীর গলি দশাশ্বমেধ ঘাট মগন- লালের বৈঠকখানার আলো আঁধারি ক্যামেরা তার আপন ছন্দে ঘুরছে আমরাও প্রত্যক্ষ করেছি প্রাচীন শহরে বয়ে যাওয়া অপরাধ ও তার তদন্তকে এই উপভোগ্যতার অন্যতম কারণ নিঃসন্দেহে গল্পের চরিত্রের ঘটনাকে চোখের সামনে মুগ্ধ করে তুলে ধরার জন্য কাহিনির অতি আবশ্যক পরিবর্তন ও পরিমার্জন।

সত্যজিৎ রায় যেমন ছিলেন একজন বিখ্যাত বাঙালি ভারতীয় চলচ্চিত্র পরিচালক, তেমনি তিনি বাংলা সাহিত্যেও তাঁর অবদানের জন্য বিখ্যাত। ফেলুদা সত্যজিৎ রায়ের সৃষ্ট বাংলা সাহিত্যের জনপ্রিয় গোয়েন্দা চরিত্র। তরুণ পাঠক বর্গ থেকে শুরু করে আট থেকে আশি প্রত্যেকের কাছে ফেলুদা একটি জনপ্রিয় চরিত্র।

'পথের পাঁচালী' এর মতো চলচ্চিত্র পরিচালক সত্যজিৎ রায়ের সাহিত্যিক হিসেবে আত্মপ্রকাশ বাঙালির কাছে একটি অবিস্মরণীয় পাওয়া।তাঁর প্রথম গল্প 'ফেলুদার গোয়েন্দাগিরি'।এরপর তিনি লিখেছিলেন বিখ্যাত দুই উপন্যাস 'সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ'। তিনি একাধারে উপন্যাস দুটি লেখেন ও চলচ্চিত্রে রুপ দেন।সত্যজিৎ রায়ের গল্প বলার আলাদা ধরন বাঙালিয়ানা এবং সরস বর্ণনার গুনে ফেলুদা বাংলা সাহিত্যে আলাদা স্থান করে নিয়েছে।

আমরা এই অধ্যায়ে সত্যজিৎ রায়ের সাহিত্যে এবং চলচ্চিত্রে ফেলুদা চরিত্রের উপস্থাপনা এবং পাঠকের ফেলুদা দর্শকের ফেলুদা কতখানি জনপ্রিয় হয়ে উঠেছে সে বিষয়টি তুলে ধরব।

যে দুটি চরিত্র ছাড়া ফেলুদা চরিত্র একেবারে অসম্পূর্ণ তারা হলেন ফেলুদার খুড়তুতো ভাই তোপসে এবং রহস্য রোমাঞ্চ লেখক লালমোহন গাঙ্গুলী। ফেলুদার রহস্যের জাল ছিঁড়ে সত্যকে আবিষ্কার করে প্রধানত তার তীক্ষ্ণ বুদ্ধি দিয়ে এছাড়া তার মধ্যে এক ধরনের অ্যাডভেঞ্চার প্রীতি ও দুর্যর সাহসের পরিচয় পাওয়া যায়। 'সোনার কেল্লা' ছবিতে সত্যজিৎ রায় ফেলুদা চরিত্রের পশ্চাতপট বলে দিয়েছিলেন একটি দৃশ্যে ফেলুদা সম্পর্কে তোপসের বাবা বলছেন -

"কার ছেলে দেখতে হবে তো,ওর বাবা শেয়ালের
গর্ত থেকে ছানা বের করে আনতো।"[১০]

এই সাহসিকতা ও বীরত্ব ফেলুদা চরিত্রে স্বাভাবিক ভাবে রয়েছে এবং একটি টিপিক্যাল বাঙালি চরিত্র।এছাড়া ফেলুদা সামান্য লড়াই বা সমস্যার সম্মুখীন হলেও কখনো

নিজও প্রাণ রক্ষার তাগিদে পালিয়ে যেতেন না,এই ধরনের বাঙালি যুবকের আধুনিক সংস্করণ ফেলুদা।

ফেলুদা স্রষ্টা ফেলুদা চরিত্রের মধ্যে তীক্ষ্ণ বুদ্ধি ছাড়াও অন্য মজা এমন চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন যে সেগুলোকে আলাদা করে ফেলুদাকে ভাবা সম্ভব না। ফেলুদা পাজামা পাঞ্জাবি পরে, চারমিনার সিগারেট খাই আবার নিয়মিত ব্যায়ামও করে, কারণ সে জানে নিয়মিত শরীরচর্চা তার গোয়েন্দা কর্মের পক্ষে খুবই জরুরী। প্রয়োজন হলে ফেলুদা অ্যাকশনে ব্যস্ত হয় সেখানেও সে দক্ষ সব মিলিয়ে ফেলুদা একটু অন্য ধরনের গোয়েন্দা চরিত্র।ফেলুদা সেই সমস্ত ক্রাইমের প্রতি বেশি আকৃষ্ট হয় যেখানে সামগ্রিকভাবে সমাজের ক্ষতি হচ্ছে প্রকৃত অর্থেই যারা সমাজ বিরোধী তাদের বিরুদ্ধে ফেলুদার লড়াই তীব্র হয়ে ওঠে।

'জয় বাবা ফেলুনাথ' ছবিতে ফেলুদার অকৃত্রিম বন্ধু প্রীতির পরিচয় পাওয়া যায় জটায়ু যখন মগনলাল মেঘরাজের বাড়িতে নিগৃহীত হয়-

" লালমোহন বাবু স্থির ভাবে দাঁড়িয়ে,তার শরীরের
চারপাশে ধারালো ছুরি উড়ে এসে কাঠে বিধছে।"[১১]

এই অবস্থায় ফেলুদার চোখ মুখের প্রতিক্রিয়া অন্যরকম হয়ে যায় পরে ফেলুদা জানায় - "হয় এর প্রতিশোধ নেব,নাহয় গোয়েন্দাগিরি ছেড়ে দেব।"[১২]

মনে মনে তিনি জটায়ুর এই নিগৃহীত হওয়া মেনে নিতে পারেননি, যতই জটায়ুকে তিনি কৌতুক করুন না কেন তার বন্ধু প্রীতি ছিল প্রবল।

এছাড়া ফেলুদা একজন থিংকিং ম্যান। অর্থাৎ তিনি কোন কিছু চিন্তা না করেই কোন কাজ হাতে নিতেন না।তাই 'সোনার কেল্লা' উপন্যাসে তিনি আগে ভাগে সুধীর বাবুকে বলে দেননি যে মুকুলের কেশটা নেবেন আর রাজস্থান যাবেন।তাই তো ছবিতে যখন ফেলুদা চরিত্রে সৌমিত্র চট্টোপাধ্যায় অভিনয় করেন তখন তিনিও বলেন যে ফেলুদা চরিত্রে যে চিন্তাশীলতা আছে সেটা কোনভাবে ভুলে গেলে চলবে না আর প্রখর বুদ্ধিমান একজন বুদ্ধিদীপ্ত বিশ্লেষণে রহস্যের মধ্যে ঢুকতে যাচ্ছেন সেটা তিনি তার চোখে মুখে ফুটিয়ে তুলতেন।

ফেলুদা একজন দক্ষ শিক্ষক হয়ে উঠেছেন। তোপসেকে উপন্যাসের প্রথমেই জিয়মেট্রি শেখানো এবং তারপর কাহিনির মধ্যে কখনো প্যারাসাইকোলজি, টেলি-প্যাথি ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ করে বুঝিয়ে দেওয়া সবকিছুর মধ্যে তোপসের শিক্ষালাভের বিষয়টি লক্ষ্য করা যায়। এছাড়া 'সোনার কেল্লা' সিনেমায় তোপসের বাবাও ফেলুদাকে যথার্থ শিক্ষক বলেছেন

ফেলুর মতো মাস্টার আছে কি সে স্কুলে"?[১৪]

আবার কখনো দাদার মতো শাসন ভালোবাসা দিয়েছেন সব কিছুরই মেলবন্ধন ফেলুদা চরিত্রের মধ্যে পরিলক্ষিত হয়।

অর্থাৎ সাহিত্যিক যখন উপন্যাসটি সৃষ্টি করলেন তিনি নিজস্ব একটি কল্পিত চরিত্র অঙ্কন করে দেন পাঠকের মনে আর পাঠক ও কাহিনি, ঘটনা,চরিত্র পড়ার সময় নিজের মনের মধ্যে একটা অবয়ব অঙ্কন করে নেয় এবং নিজেকে সেই চরিত্রের সঙ্গে একত্রিত করে এবং অনুভব করে। আর যখন পরিচালক আবার সেই সাহিত্যকে চলচ্চিত্রের রূপ দেন তখন পাঠকের সেটি দৃষ্টিগোচর হয় এবং বিষয়টির প্রতি তারা আরও আকৃষ্ট হয়।আর গোটা বাস্তবটা চলচ্চিত্রের মধ্য দিয়ে দর্শকদের সামনে মেলে ধরেন চলচ্চিত্র পরিচালক।আর এখানেই সৃষ্টি হয়ে যায় চলচ্চিত্রের সঙ্গে সাহিত্যের পার্থক্য।

বিংশ শতকের শেষ অর্ধে বাংলা সাহিত্য, চলচ্চিত্র ও শিল্পকর্মে সত্যজিৎ রায় এক বিরল ব্যক্তিত্ব। চলচ্চিত্রের হাত ধরেই তিনি গোটা বিশ্বে পরিচিত।চলচ্চিত্র শিল্পকে তিনি একটি নতুন আঙ্গিকে আমাদের সামনে তুলে ধরেছিলেন। কিন্তু এরই পাশাপাশি সত্যজিৎ রায়ের জীবনের আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো তাঁর সাহিত্য সৃষ্টি এবং এখানেও তিনি অনবদ্য। বিগত দশ বছরে বাংলা সাহিত্যে অনন্য অনেক সাহিত্যিক তাদের মূল্যবান সাহিত্য সৃষ্টি করলেও সত্যজিৎ রায়ের বই প্রায় একইভাবেই বেস্ট সেলার। যদিও এই পরিসংখ্যান থেকে কোন সিদ্ধান্ত নেওয়া যায় না তবুও এটা বলা যায় এই অসামান্য ব্যক্তিত্বের সাফল্যের কারণ কোথায় তার উৎস সন্ধান নিশ্চয়ই অমূলক হবে না। চলচ্চিত্র যার কাছে দর্শন, শিল্প যার কাছে অনুপ্রেরণা সাহিত্য সৃষ্টির ক্ষেত্রেও সেই ভাবনার খোরাক থাকবে এটাই স্বাভাবিক। তাই আপাতদৃষ্টিতে যে রহস্য উপন্যাস গুলিকে সাহিত্য মর্যাদায় ভূষিত করতে আমরা কুন্ঠা বোধ করি, তার মধ্যেও সত্যজিৎ রায় অনবদ্যভাবে প্রকাশিত। ভাষার সাবলীল গতি এবং বিষয়বস্তুর আপাত বিন্যাসে ছোট থেকে বড় সকলেই বিভিন্ন স্বাদের সত্যজিৎ রায়ের গল্প ও কল্প বিজ্ঞানের আগ্রহী শ্রোতা।সত্যজিৎ রায়ের উপস্থাপনের স্টাইল সম্পর্কে আমাদের অবহিত হওয়া প্রয়োজন-

- সত্যজিৎ রায় সাহিত্যে সমাজ ভাবনা সরাসরি আনেননি কোনো বিমূর্ত বিষয়কে কেন্দ্র করে এই ভাবনা আবর্তিত হয়েছে।
- বিমূর্ত বিষয়বস্তুর উপস্থাপন ভাবনা এবং ভাষা দুইয়ের বিন্যাস বিশেষভাবে লক্ষ্যণীয়।
- সত্যজিৎ রায়ের ভাষার বিন্যাস ও ব্যাখ্যা বিশেষ গুরুত্বপূর্ণ।

নিম্নে সত্যজিৎ রায়ের সৃষ্ট কিছু গল্পের কেন্দ্রীয় বিষয়বস্তু নিম্নে দেওয়া হলো-

ক্রমিক সংখ্যা	গল্পের নাম	কেন্দ্রীয় বিষয়বস্তু
১)	খগম্	ধর্মীয় অন্ধবিশ্বাসের চূড়ান্ত পরিণতি।
২)	অসমঞ্জবাবুর কুকুর	বর্তমান সমাজের পরিপ্রেক্ষিতে অর্থনীতি ও
৩)	অনুকূল	আধুনিক সমাজে মনুষ্যত্ব, যান্ত্রিকতারপারস্পরিকক্রি-য়া প্রতিক্রিয়া।
৪)	ডিমেট্রিয়াস উধাও	বিজ্ঞানের অগ্রগতি মূল্যবোধ, বর্তমান সমাজ।

সত্যজিৎ রায় সৃষ্ট গোয়েন্দা কাহিনি যে অন্যান্য লেখকদের সৃষ্ট কাহিনি থেকে স্বতন্ত্র সে বিষয়টি উল্লেখ করার জন্য সত্যজিৎ রায়ের সমসাময়িক লেখকদের নাম ও তাদের সৃষ্ট গোয়েন্দা কাহিনি নিম্নে উল্লেখ করা হল-

ক্রমিক সংখ্যা	সত্যজিৎ রায়ের সমসাময়িক লেখকবৃন্দ	সমসাময়িকলেখকদের সৃষ্ট গোয়েন্দা গোয়েন্দা কাহিনি
১)	নীরেন্দ্রনাথ চক্রবর্তী	বিষানগড়ে সোনার আংটির রহস্য ইত্যাদি।
২)	নারায়ণ সান্যাল	সোনার কাঁটা,উলের কাঁটা ইত্যাদি।
৩)	সুনীল গঙ্গোপাধ্যায়	সবুজ দ্বীপের রাজা কাকাবাবু ও বজ্র লামা প্রভৃতি।
৪)	সৈয়দ মুস্তাফা সিরাজ	লাভার্স বীচ, ইভিনিং ভিলা ইত্যাদি।

সত্যজিৎ রায় তাঁর সমসাময়িক লেখকদের থেকে কোথায় কোথায় স্বতন্ত্র :-

✸ সত্যজিৎ রায়ের সৃষ্ট চরিত্র গুলির মধ্যে দিয়ে সব সময় একটা কিছু নতুনত্ব আমরা পাই।যেমন

- হাস্যরস,
- শিল্পের প্রতি সহানুভূতি,
- আন্তর্জাতিকতা,
- মূল্যবোধ।

বিভিন্ন ধরনের মানসিকতার পরিচয় মিলে সত্যজিৎ রায়ের সাহিত্য থেকে যা তার সমকালীন অন্যান্য লেখকদের থেকে স্বতন্ত্রের পরিচয়ক।

✸ সত্যজিৎ রায়ের বিভিন্ন গ্রন্থতে শিল্প ভাবনার বিভিন্ন দিক লক্ষ্য করা যায়-

- প্রাচীন শিল্প সম্পদ,
- ঐতিহাসিক শিল্প সম্পদ,
- আধুনিক শিল্পকলা।
- ফেলুদা কাহিনিগুলি চরিত্র চিত্রায়ণের সমাজ সচেতনতা বিশেষভাবে প্রাধান্য পেয়েছে আধুনিক সমাজের বিভিন্ন সমস্যা গুলি সুস্পষ্ট ভাবে তাতে স্থান পেয়েছে চরিত্র চিত্র নিয়ে স্থান-কাল বিবেচনায় সত্যজিৎ রায়ের সাহিত্যে আন্তর্জাতিক বিভিন্ন চরিত্রের সমাবেশ লক্ষ্য করা যায় শঙ্কু কাহিনির বেশিরভাগ অংশের পটভূমি বিদেশে জ্ঞান নির্ভর প্রযুক্তির সাহায্যে দেশ কালের ব্যবধান মুছে ফেলা সম্ভব সৃষ্টিশীল দৃষ্টিভঙ্গের সাহায্যে সত্যজিৎ রায়ের সাহিত্য তারই উজ্জ্বল দৃষ্টান্ত।
- সত্যজিৎ রায়ের লেখনীর আরেকটি গুরুত্বপূর্ণ দিক হলো তার মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি একটি মানুষকে দেখেই তার সম্পর্কে বিশ্লেষণে প্রসঙ্গে স্মরণীয় অ্যাডভেঞ্চারপ্রিয় কিশোরদের মনের খোরাক ফেলুদা কাহিনিতে সুস্পষ্ট যা তার সমকালীন অন্যান্য লেখকদের থেকে আলাদা ভাব মানসিকতার পরিচায়ক।
- সত্যজিৎ রায়ের সৃষ্টির মধ্যে নির্দিষ্ট বক্তব্য থাকে। সমাজের বিভিন্ন দৃষ্টিকোণ তাঁর দৃষ্টি এড়ায়নি, সমাজের বৃহত্তর সমস্যা তিনি ভেবেছেন একই রকম ভাবে সমাজের এমন কিছু সমস্যা

  যেগুলি সব সময় প্রকাশক নয়, তাকেও তিনি সমাধানযোগ্য করে তুলেছেন। যা তাঁর সমকালীন অন্যান্য গোয়েন্দা সাহিত্যিকদের পক্ষে সম্ভব হয়নি। আর এখানেইসত্যজিৎ রায়ের স্বতন্ত্রতা।
- আমরা বাংলা বইয়ের সচিত্রণে বহুসক্ষম চিত্রকরের দেখা পেয়েছি যাদের ছবি তুলনাহীন। কিন্তু সেই তুলনাহীনের দলেও সত্যজিৎ রায় অসাধারণত্ব দেখিয়েছেন। সোনার কেল্লা সিনেমার শুরুতেই তিনি একটি কিশোরের ছবি আঁকার মধ্য দিয়ে শুরু করেছেন যাতে কিশোর মন সহজেই যেন বিষয়টি ধরতে পারে। বাস্তবের সঙ্গে পরাবাস্তবকে মিলিয়ে দিয়ে তিনি হয়ে উঠেছেন নিজস্ব সৃষ্টি ধারায় অনন্য।'সোনার কেল্লা' সিনেমার শুরুর দৃশ্যের চিত্র -

- এছাড়া সত্যজিৎ রায়ের ছিল ফটোগ্রাফ বা visual এর জ্ঞান যার প্রমাণ মেলে 'জয় বাবা ফেলুনাথ' উপন্যাসে অজয় চক্রবর্তীর সঙ্গে মছলিবাবার দেখা হওয়ার চিত্রের অবয়ব তিনি এমনভাবে তুলে ধরেন, তা দেখে বোঝা যায় visual -এর জ্ঞান ছাড়া এ ছবি আঁকা বা কল্পনা করা সম্ভব নয়।'জয় বাবা ফেলুনাথ' উপন্যাসে অজয় চক্রবর্তীর সঙ্গে মছলিবাবার দেখা হওয়ার চিত্র-

পরিশেষে এই কথাই বলতে হয় যিনি সারাটা জীবন নিঃশব্দে সমাজ জীবনের বহু ঘটনা কে সাহিত্যে ও চ'লচ্চিত্রে তুলে ধরলেন এমন একটি ঘরানায় যাতে আমরা অভ্যস্ত নই। এমনকি তার সমসাময়িক লেখক রাও এমন ঘরানাই তাদের লেখনী নিয়ে যেতে পারেননি।তাঁর সৃষ্টির বিচিত্র মাধ্যম গুলি সার্থকভাবে সম্মনিত হয়েছিল চলচ্চিত্র রূপায়ণে যেমন চিত্রকরের দৃষ্টিতে দেখা ডিটেলস বা অনুপুঙ্খের ব্যাপার, চিত্রকরের কম্পোজিশন আনলেন তেমনি তাঁর আঁকা গল্পের ছবিতেও দেখা গেল চলচ্চিত্রকারের দৃষ্টিগত ব্যাপার। চিত্রকলাকে তিনি চলচ্চিত্রের এবং চলচ্চিত্রকে

চিত্রকলার দৃষ্টিতে মিলিয়ে দিয়ে বাংলা ছবিকে আরো জীবন্ত এবং আরো প্রাণবন্ত করে তুলেছিলেন। আধুনিক সমাজ ও বৃহত্তর ভাবে তাকে গ্রহণ করেননি কিন্তু জীবন শিল্পী সত্যজিৎ রায়ের নিজের স্বতন্ত্রতায় উজ্জ্বল হয়ে উঠেছেন।

ট্রাজেডি বা কমেডির মতো সেন্স অফ হিউমারও একজন মানুষের চরিত্রের মধ্যেই থাকে উপযুক্ত মুহূর্তে তার আত্মপ্রকাশ ঘটে সত্যজিৎ রায়ের সৃষ্টির মধ্যে এক পরিচ্ছন্ন ও বুদ্ধিদীপ্ত হাস্যরস ছিল। সামগ্রিকভাবে বলতে গেলে একজন লেখক তাঁর জীবন বোধ থেকেই লেখেন। সত্যজিৎ রায়ের গভীর জীবন বোধ মানুষের সঙ্গে মানুষের সম্পর্কের নানা ধরন এবং কৌতুক রসের অমর উদাহরণ হয়ে থাকবে জটায়ু চরিত্র বিশ্বব্রহ্মাণ্ডে শুধু দুজন জটায়ু আছে। যিনি সিনিয়র তিনি রামায়ণে আর দ্বিতীয়জন কাহিনিতে সত্যজিৎ রায় ছিলেন শিল্প রসিক, শিল্প ভাবনা ছিল তার অন্তরাত্মা শিল্প ভাবনার এই প্রভাব থেকে সত্যজিৎ রায়ের চলচ্চিত্রও মুক্ত হতে পারেনি তাঁর সাহিত্যে কেবলমাত্র রহস্য উপন্যাস নয় সামাজিক বিভিন্ন চরিত্র কে তিনি অনুপুঙ্খ বিশ্লেষণের মধ্য দিয়ে রসোত্তীর্ন করতে পেরেছিলেন যার উল্লেখযোগ্য দৃষ্টান্ত 'সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ' উপন্যাস ও চলচ্চিত্র দুটিতেই রহস্য উদঘাটনের পাশাপাশি জটায়ু চরিত্রের মধ্য দিয়ে সত্যজিৎ রায় প্রথমে পাঠকদের কল্পনা করালেন এবং তারপর চাক্ষুষ যে হাসির বাতাবরণ সৃষ্টি করলেন তা সত্যিই অনবদ্য এবং এই হাস্য ময়তার জন্য ফেলুদা ও তোপসে চরিত্রটিও যেন আরও প্রাণবন্ত হয়ে ওঠে।

নবরসের একটি প্রধান রস হল হাস্যরস।হাসি বলতে সবসময় উচ্চস্বরে হাসিকেই বোঝায় না। হাসির নানা শ্রেণি বিভাজন রয়েছে। ইংরেজি সাহিত্যের হাস্যরসকে প্রধানত চার ভাগে ভাগ করা যায়। যথা-

● Humour, ● Wit, ● Satire, ● Fun.

হাস্যরসের সমস্ত ধারায় Humour রচনায় শ্রেষ্ঠ।যিনি Humorist হন তিনি মানব জীবনের প্রতি সহানুভূতিশীল ।Humour বাদ দিয়ে এমন হাস্যরস আছে যা বৈদগ্ধেপূর্ণ।সেই বৈদগ্ধপূর্ণ হাস্যরসকেবলে Wit।Satire এ আছে বিদ্রুপপূর্ণ হাসি আর অন্যদিকে Fun হল কৌতুক।

আমাদের নির্বাচিত উপন্যাস ('সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ') দুটিতে যে নানা শ্রেণির হাস্যরসের প্রবাহ রয়েছে সে বিষয়টি একটি ছকের সাহায্যে করা হলো

ক্রমিক সংখ্যা	সোনার কেল্লা	জয় বাবা ফেলুনাথ
১)	জয়সালমীর যাওয়ার পথে উত্তরপ্রদেশ থেকে রাজস্থানে ঢোকার মুখে তোপসে ও ফেলুদার সঙ্গে জটায়ুর প্রথম সাক্ষাতে সৃষ্টি হয়েছে হাস্যরস- "ফেলুদা হাসি চেপে রেখেছে কি করে? আমার তো সেই যাকে বলে পেট থেকে ভস ভসিয়ে সোডার মত হাসি গলা অব্দি উঠে এসেছে,ইনিই জটায়ু।আর আমি ভাবতাম, চেহারা নিশ্চ্য়ই হবে যেন জেমস বণ্ডের বাবা। " -তাই এই হাসিতে রয়েছে কৌতুকের(Fun) প্রাধান্য।	ফেলুদার বাড়ির বৈঠকখানায় বসে যখন দশাশ্বমেধ ঘাটে বিসর্জন দেখার কথা আলোচনা হচ্ছিল তখন জটায়ুর একটি কাজের মধ্যে দিয়ে হাসি চেপে রাখা দুষ্কর হয়- ' আপনি যে কাগজের কাটিং টা খুঁজছেন সেটা আপনি ঘরে ঢোকার আধ মিনিটের মধ্যে আপনার পকেট থেকে বেরিয়ে পড়ে এখন ওই টেলিফোনের টেবিলের পায়ে লোটকে আছে।' -এই হাসির মধ্যে রয়েছে কৌতুকের (Fun)প্রাধান্য।
২)	আবার ফেলুদা যখন জটায়ুকে বলে আপনি তো বেশ কিছুদিন ধরে ঘুরছেন বলে মনে হচ্ছে ফেলুদা কি করে জানলেন জিজ্ঞাসা করাতে বলেন - ' আপনার ঘড়ির ব্যাণ্ডের তলা দিয়ে আপনার গায়ের চামড়া রোদে -না- পোড়া আসল রংটা মাঝে মাঝে বেরিয়ে পড়ছে।' -এখানে রয়েছে' Wit' এর প্রাধান্য।	বেনারসে হোটেলের যে ঘরে ফেলুদা, তোপসে ও জটায়ু আসে সে ঘরটাতে চোখ বুলিয়ে ফেলুদা যা করেন তাতে সৃষ্টি হয়েছে হাস্যরস- 'নাসিকা গর্জনে আপনার ঘুমের ব্যাঘাত হয় না তো?..... ..... সাধারণত মোটা লোকেরাই নাক ডাকায় বেশি।' -এখানে 'Wit' এর বাতাবরণ পরিলক্ষিত হয়।

৩)	জয়সালমীরে পরিত্যক্ত গ্রামের ভাঙা ঘরে নকল ডক্টর হাজরা গুপ্তধন খুঁজতে গিয়ে ময়ূরের ঠোক্কর খেলে ফেলুদা রসিকতা করেছিল- 'গুপ্তধনের জায়গায় যে ময়ূরের বাসা থাকবে আর তার মধ্যে যে ডিম থাকবে এটা বোধহয় আপনি ভাবতে পারেননি তাই না?' -এখানে রয়েছে 'satire' এর বাতাবরণ।	ফেলুদা মছলি বাবার ছদ্মবেশে মগনলালের মাথায় বন্দুক ধরে রসিকতা করে বলেছিল- 'শুধু ঘুঘুই দেখেছো মগন বাবু ফাঁদ তো দেখনি তোমার সাজানো বাবাজি এখন আঁশ ছাড়ানোর চিকু- তোয়ালিতে বামাল সমেত গ্রেপ্তার-এবার যে আমার প্রাইভেট সার্কেলে খেল একবার দেখতে হচ্ছে মগন বাবু।' - এখানে রয়েছে 'satire' এর আবহ সৃষ্টি হয়েছে।
৪)	জটায়ু তার' সাহারায় শিহরণ' এ উটের ওয়াটার সাপ্লাইয়ের প্রসঙ্গে কি লিখেছে তোপসে কে বললে ফেলুদা তা শুনে যা বলেছে তাতে সৃষ্টি হয়েছে হাস্যরস- 'নেক্সট এডিশনে ওটা শুধরে নেবেন। জল আসে উটের কুঁজ থেকে কুঁজটা আসলে চর্বি, ওই চর্বিকে অক্সিডাইস করে উট জল বের করে নেয়।পাকস্থলীর সঙ্গে কোনো সম্বন্ধ নেই।' -এই কথা ঠোঁটে হাসি নিয়ে আসে এবং মেজাজের সাথে ভুল শুধরে দেয়। সুতরাং এটি 'Humour'।	মূল্যবান গণেশ মূর্তিটির উদ্ধারের পর অম্বিকা বাবু যে কাজটি করেছিলেন তাতে না হেসে থাকা যায় না 'অম্বিকা বাবুর বিশাল তালতলার চটির একটা পাটি গিয়ে সজোরে আছাড় খেলো বিকাশ বাবুর গালে।' -এই কাজটি একদিকে ঠোঁটে হাসি অন্যদিকে চোখে জল আনে। সুতরাং এটি 'Humour'।

আলোচ্য 'সোনার কেল্লা' ও 'জয় বাবা ফেলুনাথ' উপন্যাস দুটি এবং সিনেমা এত প্রাণবন্ত এত জনপ্রিয় হওয়ার পেছনে কারণ ছিল জটায়ুর উপস্থিতি লালমোহন গাঙ্গুলী

ওরফে জটায়ু যতদিন আসেননি ততদিন ফেলুদার কাহিনি যেন একটু ড্রাই ছিল কিন্তু লালমোহন বাবু আসার পর বিষয়টা হিউমেরাস হয়ে ওঠ। জটায়ু চরিত্রে অভিনয় করেছিলেন দুটি চলচ্চিত্রেই সন্তোষ দত্ত । তাই সন্তোষ দত্ত মারা যাওয়ার পর সত্যজিৎ রায় জানান-

"আমি আর ফেলু নিয়ে কোন ছবি করবো না,
জটায়ু ছাড়া ফেলুর গল্প হয় না আর সন্তোষ
ছাড়া জটায়ু হবে না।"[১৫]

সত্যজিৎ রায় ভারতীয় সংস্কৃতি জগতের প্রাণপুরুষ। তাঁর সমস্ত কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু ছিল এই বাংলাদেশ কিন্তু দেশকালের সীমানাকে তিনি সহজেই অতিক্রম করে গেছেন। সত্যজিৎ রায়ের সৃষ্টিকর্মের যে দিকটা নিয়ে সবচেয়ে বেশি আলোচনা হয়ে থাকে সেটা তাঁর সিনেমা। তাঁর সিনেমায় খুঁজে পাওয়া যায় অদ্ভুত এক- ● সরলতা, ● সাবলীলতা,

চরিত্রের বাস্তবতা,

চরিত্রগুলি এতটাই জীবন্ত যারা অনায়াসে আমাদের চারপাশে দেখা মানুষদের সাথে মিলেমিশে যেতে পারে।

সত্যজিৎ রায়ের সৃষ্টিধারায় যে দিকটি সবচেয়ে বেশি আমাদের নজরে আসে তা হল তাঁর ধরন-ধারণ সম্পূর্ণ তাঁর নিজস্ব। ফেলুদা চরিত্রটিকে তিনি একেবারে স্বতন্ত্র ধারায় গড়ে তুলেছিলেন।তাইতো সোনার কেল্লার সময় রামদেওরায় ট্রেনে উঠে মন্দার বোসের আচমকা আক্রমণ সামলানোর পর ফেলু বলে-

"খুব বড় বিপদের সামনে পড়লেই দেখেছি আমার মাথা বেশ রকম পরিষ্কার হয়ে যায়।"

ফেলুদা চরিত্রটি পুরোদস্তুর প্রফেশনাল ছিল না, "জয় বাবা ফেলুনাথ উপন্যাসে সেটা বোঝা যায় একটি উক্তি থেকে-

"বুড়ো মানুষের সঙ্গে হল করতে ভালো লাগছিলো না,কিন্তু এসব ব্যাপারে গোয়েন্দার কিছুটা নির্মম হলে চলে না।"

তবে ফেলুদার পোশাকে সখ বিশেষ ছিল না বাড়িতে বাইরে সাধারণত পাজামা পাঞ্জাবি বা প্যান্ট শার্ট ফ্রি ছিল ফেলুদার পোশাক শীতে চাদর বা প্রয়োজনে জার্কিন বা জ্যাকেট।

পোশাক ছাড়াও বাঙালি জীবনের আরেকটি গুরুত্বপূর্ণ দিক খাওয়া দাওয়া বাঙালির

মধ্যাহ্নভোজের তালিকা যে সর্বদাই নানাবিধ খাদ্যে পরিপূর্ণ তা নতুন করে বলবার অপেক্ষা রাখে না। 'জয় বাবা ফেলুনাথ' উপন্যাসে আমরা দেখতে পাই-

" ক্যালকাটা লজের ফাউলকারিটা দিব্য রেঁধেছিল, এছাড়া রুই মাছের কালিয়া ছিল।"

"দুপুরে ডাল ভাত কপির তরকারিমাছের ঝোল আর দইয়ের সঙ্গে জিলিপি খেয়ে আমরা হোটেল থেকে বেরিয়ে পান কিনলাম।"

সত্যজিৎ রায়ের সাহিত্যে বিশেষত ফেলুদা কাহিনি গুলিতে সমস্যাকেন্দ্রীক বিষয়ের সঙ্গে অনুষঙ্গ রেখে বিভিন্ন সাংকেতিক পরিভাষা আমরা দেখতে পাই। -যেমন

১. 'সোনার কেল্লা' গল্পে প্রাপ্ত সংকেত :

IP 1625+U, U-M

আমি(।), পোখরাণে (p), যার 4-25মিনিটে +u মানে তুমি আমার সঙ্গে যোগ দিও। U-M তুমি মিত্তিরকে সরাও (ইউ মাইনাস এম)।

২) 'জয় বাবা ফেলুনাথ' গল্পে প্রাপ্ত সংকেত :

"মূল্যবান গণেশ মূর্তিটি কোথায় ক্যাপ্টেন স্পার্ক বলছে - "আফ্রিকার রাজার কাছে আছে।' "

সুতরাং সবদিক বিচার করে এ কথা বলতে পারি চলচ্চিত্র ও সাহিত্য উভয় ক্ষেত্রেই সত্যজিৎ রায়ের প্রতিভা অনস্বীকার্য। সত্যজিৎ রায়ের সৃষ্ট কাহিনির মতোই তাঁর পরিচালিত চলচ্চিত্রের গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা স্বীকৃত হয়েছে সর্বজনসমক্ষে।

তথ্যসূত্র :

1. প্রসেনজিৎ দাশগুপ্ত ; ফেলুদা রহস্য ; ৯ ঋকাল বুকস কলকাতা,৭০০০২৫,পৃষ্ঠা নং-৩৫
2. সেরা সত্যজিৎ;১৩৬৮-১৩৮৭; আনন্দ পাবলিশার্স,পৃষ্ঠা নং-৩৩৩
3. 1)website- www.parabas.com
4. Our films Their films;satyajit roy,page No- 35
5. website-www.parabas.com
6. সত্যজিৎ রায়; সোনার কেল্লা (১৯৭১ খ্রিস্টাব্দ) আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড,পৃষ্ঠা নং - ৫৪
7. সত্যজিৎ রায় ;জয় বাবা ফেলুনাথ (১৯৭৯ খ্রিস্টাব্দ) আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড পৃষ্ঠা নং -৯
8. website -www.parabas.com
9. website-www.parabas.com
10. সোনার কেল্লা; সত্যজিৎ রায় আনন্দ পাবলিশার্স,কলকাতা,পৃষ্ঠা নং-৮
11. সত্যজিৎ রায়, জয় বাবা ফেলুনাথ,আনন্দ পাবলিশার্স পৃষ্ঠা নং -৯

12. মানিকদার সঙ্গে, সৌমিত্র চট্টোপাধ্যায় পৃষ্ঠা নং -৪৮
13. তদেব, পৃষ্ঠা নং-৬৫
14. বাংলা গোয়েন্দা সাহিত্য :উনিশ ও বিশশতক, বিবেক সিংহ।
15. মানিকদার সঙ্গে :সৌমিত্র চট্টোপাধ্যায় ;আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড পৃষ্ঠা নং-৭১

গ্রন্থপঞ্জি:

আকর গ্রন্থ :-

১) সত্যজিৎ রায় ;সোনার কেল্লা (প্রথম সংস্করণ) আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড,কলিকাতা, ডিসেম্বর ১৯৭১

২) সত্যজিৎ রায়; জয় বাবা ফেলুনাথ(প্রথম সংস্করণ) আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, সেপ্টেম্বর ১৯৭৬

৩) সত্যজিৎ রায় ;সোনার কেল্লা; চিত্রনাট্য

৪) সত্যজিৎ রায় ;জয় বাবা ফেলুনাথ; চিত্রনাট্য

সহায়ক গ্রন্থ :-

১) আকাদেমি বানান অভিধান; আকাদেমি বানান উপসমিতি,পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি,জুলাই ২০১১।

২) নির্মাল্য কুমার ঘোষ:ফেলুদার আড়ালে;ধানসিড়ি;প্রথম প্রকাশ জানুয়ারি ২০২৩।

৩) প্রসেনজিৎ দাশগুপ্ত ; ফেলুদা রহস্য ; ৯ ঋকাল বুকস, প্রথম প্রকাশ জানুয়ারি ২০১৯।

৪) বিবেক সিংহ;বাংলা গোয়েন্দা সাহিত্য ; উনিশ ও বিশ শতক ১৯৯৯।

৫) সত্যজিৎ রায়;কৈলাশে কেলেঙ্কারি;আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা,ফাল্গুন ১৪১৩।

৬) সত্যজিৎ রায়;প্রফেসর শঙ্কু;আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা সেপ্টেম্বর ১৯৯৯।

৭) সত্যজিৎ রায়;তারিণী খুড়োর কীর্তিকলাপ;আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা ফেব্রুয়ারি ১৯৯৭।

৮) সত্যজিৎ রায়;যখন ছোট ছিলাম; আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড,বৈশাখ ১৩৮৯।

৯) সত্যজিৎ রায়; তোরায় বাঁধা ঘোড়ার ডিম, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড ;কলকাতা ফেব্রুয়ারি ১৯৯৭।

১০) সত্যজিৎ রায়; রয়েল বেঙ্গল রহস্য; আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড,কলকাতা, শ্রাবণ ১৪০৪।

১১) সত্যজিৎ রায়:সেরা সত্যজিৎ;আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড,১৯৭৩।

১২) সৌমিত্র চট্টোপাধ্যায় ; মানিকদার সঙ্গে;আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম প্রকাশ: বইমেলা ১৯৯৩।

১৩) our films Their Films, Satyajit Roy, Orient Longman, Kolkata, 2001।

28

মাইকেল মধুসূদন দত্ত: প্রসঙ্গ জীবন ও সাহিত্য

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
প্রকৃতি মণ্ডল (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।১ ।।

যশোর জেলায় কপোতাক্ষ নদের তীরবর্তী সাগরদাড়ী গ্রামের দত্ত বাড়িতে ১৮২৪ খ্রিষ্টাব্দের ২৫শে জানুয়ারি (১২৩০ বঙ্গাব্দ, ১২ই মাঘ) শনিবার মাইকেল মধুসূদন দত্ত জন্ম গ্রহণ করেন। পিতা রাজনারায়ন দত্ত পেশায় ছিলেন আইনজীবী এবং মাতা জাহ্নবী দেবী।

তাঁর শৈশব শিক্ষার সূত্রপাত হয়েছিল গ্রামের পাঠশালায় এবং মাতা জাহ্নবীদেবীর তত্বাবধায়নে। রামায়ন মহাভারতের কাহিনীর প্রতি আকর্ষনের প্রেরনা এই সময়ে মায়ের কাছ থেকেই তিনি প্রথম লাভ করেছিলেন। উত্তরকালে মধুসূদনের প্রতিভার বিকাশ, পুষ্টি ও সমৃদ্ধি ঘটেছিল এই মূলগত প্রেরনাকে ভিত্তি করেই।

কর্মসূত্রে রাজনারায়ণ সপরিবারে কলকাতার খিদিরপুরে যখন বসবাস শুরু করেণ তখন কবির বয়স সাত বছর। ১৮৩৩ সালে মধুসূদন হিন্দু কলেছের জুনিয়র বিভাগে ভর্তি হন। ১৮৪২ সাল পর্যন্ত এখানেই তাঁর শিক্ষা লাভ ঘটে। এখানেই তিনি সহপাঠী হিসাবে পেয়েছিলেন ভূদেব মুখোপাধ্যায়, রাজনারায়ন বসু, গৌরদাস বসাক, ভোলানাথ চন্দ্র প্রমুখদের। একদিকে তিনি যেমন লাভ করেছিলেন মানব মন্ত্রে বিশ্বাস ও গভীর ইংরেজি সাহিত্য প্রীতি, তেমনি তাঁর মনে সঞ্চারিত হয়েছিল দেশীয় আচার ও ভাবনার প্রতি অশ্রদ্ধা।

ছাত্র হিসাবে বরাবরই তিনি কৃতী ছিলেন। নারী শিক্ষা বিষয়ে প্রবন্ধ লিখে তিনি স্বর্ণপদক পেয়েছিলেন। ইংরেজিতে লেখা কবিতা বিভিন্ন সাহিত্য পত্রে প্রকাশিত হত। এই সূত্রেই কবির মনে দৃঢ় বিশ্বাস জন্মায় বড় কবি হতে হলে বিলাত যাওয়া প্রয়োজন। তিনি যখন সিনিয়র ডিপার্টমেন্টের দ্বিতীয় শ্রেনীর ছাত্র তখন ১৮৪৩ সালের ৯ই ফেব্রুয়ারি মিশন রো এর ওল্ড মিশন চার্চে আর্চডিকন ডিয়াল্ট্রির কাছে অকস্মাৎ খ্রীষ্টধর্মে দীক্ষা নেন এবং তাঁর নতুন নাম হয় মাইকেল মধুসূদন দত্ত। বিলাত যাবার অদম্য বাসনা, পিতার নির্বাচিত পাত্রীকে বিবাহ করার অনাগ্রহ এবং রেভারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের রূপবতী বিদুষী কন্যার প্রতি আসক্তি তাঁর ধর্মান্তরিত হওয়ার কারন বলে মনে করা হয়।

(১৮৪৪ খ্রিষ্টাব্দে মধুসূদন বিশপস কলেজে ভর্তি হন। বিশপস কলেজে বহুভাষাবিদ বিশপ পণ্ডিতদের কাছ থেকে ক্লাসিক রুচি ও শিল্পচেতনা এবং বহুভাষা শিক্ষার প্রেরনা লাভ করেছিলেন। ১৮৪৮ খ্রিষ্টাব্দে তিনি মাদ্রাজ চলে যান। সেখানে মাদ্রাজ মেল অরফ্যান এসাইলাম বিদ্যালয়ে তিনি ইংরাজি শিক্ষকের পদে চাকুরি লাভ করেন। ১৮৫২ সালে মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত বিদ্যালয় বিভাগে দ্বিতীয় শিক্ষকের গুরুত্বপূর্ন পদ গ্রহন করেন।

মাদ্রাজে মধুসূদন সাত বৎসর ছিলেন। এই সময়ে ইংরেজি পত্র পত্রিকায় তাঁর প্রবন্ধ ও কবিতা নিয়মিত প্রকাশিত হত। 'Athenaeum' ও 'Hindu Chronicle' পত্রিকার সম্পাদনাও করেন। Timothy Penpoem' ছদ্মনামে অনেক সনেট গীতিকবিতা ও খণ্ডকাব্য লিখেছেন এই সময়। তাঁর 'Vision of the past', 'The Captive Lady' নামের দুটি দীর্ঘ কবিতা একসঙ্গে পুস্তকাকারে মাদ্রাজ থেকেই প্রথম প্রকাশিত হয় ১৮৪৯ সালে।

মাদ্রাজে থাকাকালীন কবির জীবনে আরও কয়েকটি উল্লেখযোগ্য ঘটনা ঘটে। ১৮৪৮ সালে তিনি অরফান এসাইলামের বালিকা বিভাগের ছাত্রী রেবেকা ম্যাস্টাভিসকে বিবাহ করেন। কবির এই দাম্পত্য জীবন বিশেষ সুখের ছিল না । তবে তাঁদের চারটি সন্তান হয়েছিল। ১৮৫১ সালে ঘটে তাঁর মাতৃবিয়োগ। ইতিমধ্যে হেনরিয়েটা নামের এক ইংরেজ কন্যার সঙ্গে তার যোগাযোগ ঘটেছিল। রেবেকা বিবাহ বিচ্ছেদে রাজী না হওয়ায় হেনরিয়েটার সঙ্গে তাঁর আইনানুগ বা ধর্মানুগ বিবাহ সম্ভব ছিল না। তথাপি হেনরিয়েটার সঙ্গে তাঁর সম্পর্ক স্থাপিত হয় এবং তাঁর উত্থান পতনময় সুখ দুঃখের জীবনে হেনরিয়েটা ছিলেন। আমৃত্যু জীবনসঙ্গিনী

১৮৫৬ সালে মধুসূদন হেনরিয়েটাকে নিয়ে কলকাতায় চলে এলেন। এবারে দেশীয় সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে তাঁর যোগাযোগ স্থাপিত হল। সূচিত হল তাঁর জীবনের শ্রেষ্ঠ অধ্যায়। এই সময়ে একে একে তিনি রচনা করলেন নাটক, প্রহসন, মহাকাব্য, কবিতা প্রভৃতি। নতুন প্রানসম্পদে পুর্নমূর্তিতে আত্মপ্রকাশ করল বাংলা সাহিত্য।

১৮৬২ সালের ৯ই জুন ব্যারিস্টারি পড়বার উদ্দেশ্যে স্ত্রী পুত্রদের কলকাতায় রেখে ইংল্যাণ্ড যাত্রা করলেন। আর্থিক দুর্বিপাকে পড়ে হেনরিয়েটা ১৮৬৩ সালের ২রা মে কোনো ক্রমে অর্থ সংগ্রহ করে সন্তানদের নিয়ে ইংল্যাণ্ডে মধুসূদনের কাছে চলে গেলেন। এর পরে সপরিবারে কবি আর্থিক বিপর্যয়ের শিকার হন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সহযোগিতা ও অর্থানুকূল্যে মধুসূদন যে দুর্বিপাকে পড়েছিলেন তা থেকে উদ্ধার লাভ করেন।

১৮৬৫ সালে ব্যারিস্টারি পরীক্ষায় উত্তীর্ন হয়ে দেশে ফিরে এলেন ১৮৬৭ সালের ফেব্রুয়ারি মাসে। কলকাতা হাইকোর্টে ব্যারিস্টার হিসাবে যোগ দেন এবং অল্পকালের মধ্যেই প্রচুর অর্থ উপার্যন করেন। কিন্তু তাঁর অমিতব্যয়ী ও উৎশৃঙ্খল জীবনে অবিলম্বে নেমে এল দুর্বিপাক। অর্থের অনিশ্চয়তা দূর করবার জন্য তাঁকে ব্যারিস্টারি ছেড়ে গ্রহন করতে হল মাসিক দেড় হাজার টাকা বেতনের প্রিভি কাউন্সিল আপীলের অনুবাদ বিভাগে পরীক্ষকের পদ। দু' বছর পরে পুনরায় ফিরে এলেন আইন ব্যবসায়। আইন ব্যবসায় ব্যর্থ হয়ে ১৮৭২ সালের গোড়ার দিকে গ্রহন করলেন মানভূমে পঞ্চকোট রাজের আইন উপদেষ্টার চাকুরি। কিন্তু কয়েক মাসের মধ্যেই এই কাজ ছেড়ে দিয়ে কলকাতায় ফিরে আসতে বাধ্য হন। ক্রমে মধুসূদন অসুস্থ হয়ে পড়লেন, অসুস্থ হলেন হেনরিয়েটাও । অবশেষে ১৮৭৩ সালের ২৬ জুন কবির জবিনসঙ্গিনী হেনরিয়েটা পরলোক গমন করেন। মাত্র কয়েকদিন পর ২৯শে জুন রবিবার বেল দুটোর সময় কবি মধুসূদনের জীবনাবসান ঘটে।

তাঁর জীবনই তাঁর সাহিত্যের ভাষ্য। তাঁর নিজের জীবন যেমন কোনো প্রচলিত বন্ধনে ধরা দেয়নি তেমনি কাব্য রচনার ক্ষেত্রে ও পয়ার ত্রিপদীর বহমান ধারাকে অস্বীকার করে তিনি অমিল প্রবহমান মিশ্রকলাবৃত্তের পথে হেঁটেছেন। রামের প্রতি গভীর শ্রদ্ধা ও সম্ভ্রম এবং রাবনের প্রতি বিদ্বেষ এই প্রচলিত ধারাকে প্রত্যাখ্যান করে তিনি সহানুভূতি ও সমবেদনায় আকুল হয়েছেন রাবন ও মেধনাধকে কেন্দ্র করে। তাই তাঁর সাহিত্যের বিশ্লেষনে তাঁর ব্যক্তিগত জীবন পর্যালোচনা বিশেষ গুরুত্বপূর্ন।

মধুসূদন দত্তের রচনাবলী :

কাব্য ঃ

ক) তিলোত্তমাসম্ভব কাব্য (১৮৬০)। খ) মেঘনাদবধ কাব্য (১৮৬১)।

গ) ব্রজাঙ্গনা কাব্য (১৮৬৩)।

ঘ) বীরাঙ্গনা কাব্য (১৮৬২)।

কবিতাবলী:

ক) চতুর্দশপদী কবিতাবলী (১৮৬৩)।

খ) নানা কবিতা।

নাটক:

ক) শর্মিষ্ঠা (১৮৫৯)।

খ) পদ্মাবতী (১৮৬০)।

গ) কৃষ্ণকুমারী (১৮৬১)।

ঘ) মায়া কানন (১৮৭৮)।

প্রহসন:

ক) একেই কি বলে সভ্যতা (১৮৬০)।

খ) বুড়ো সালিকের ঘাড়ে রোঁ (১৮৬০)।

গদ্য রচনা:

হেক্টর বধ (১৮৭০) ।

।।২।।

১৮৩৭ খ্রীঃ মধুসূদন হিন্দু কলেজে প্রবেশ করেন। এই হিন্দু কলেজই এদেশের ইংরাজী শিক্ষার প্রচারের দ্বার উন্মোচিত করেছিল। বঙ্গদেশ আজ যাদের নিয়ে গৌরাবান্বিত তাদের মধ্যে অনেকেই এই হিন্দু কলেজে শিক্ষালাভ করেছিল। হিন্দু কলেজের শিক্ষক ডিরোজিও ছাত্রদের কেবল মাত্র ইংরেজী শিক্ষায় শিক্ষিত করে তুলতে চাননি, তারা যাতে সত্য নিষ্ঠ স্বদেশ প্রেমিক এবং চিন্তাশীল হয়ে স্বদেশ ও স্বজাতির কল্যান সাধন করতে পারে তারও উপযুক্ত শিক্ষা দিয়েছেন। কিন্তু তিনি ছাত্রদের হৃদয়ে যে পরিমান স্বাধীনতা প্রিয়তার উন্মেষ করেছিলেন সে পরিমান আত্ম সংযম ও ভক্তি ভাবের সঞ্চার করতে পারেননি। মধুসূদন ডিরোজিওর ছাত্র না হলেও তাঁর প্রভাব অতিক্রম করতে পারেননি।

স্বদেশীয় সাহিত্যে অনাস্থা, পাশ্চাত্য সাহিত্যে অন্ধ অনুরাগ, স্বদেশীয় আচার ব্যবহারে উপেক্ষা এবং পাশ্চাত্য আচার ব্যবহারে পক্ষপাতিত্ব এই লক্ষনগুলি হিন্দু কলেজের অন্যান্য ছাত্রের মত মধুসূদনের চরিত্রেও পরিস্ফুট হয়েছিল। পাশ্চাত্য শিক্ষার প্রভাবে তিনি বাংলা ভাষার প্রতি অবজ্ঞা প্রকাশ করেছেন এবং ইংরেজী ভাষায় কবিতা রচনা দ্বারা প্রতিপত্তি লাভের আশা করেছিলেন যদিও পূর্ন রকমে তিনি বাংলা ভাষার কাব্য, নাটক, প্রহসন রচনা করেন।

ইংরেজ কবি বায়রন, স্কট, মূর এই তিন জনের আদর্শ নিয়ে তিনি তার রচনা প্রনালী উত্থান করেছিলেন। তাঁর প্রথম কাব্য Captive Ladie। অষ্টাদশ বর্ষ বয়সে হিন্দু কলেজের দ্বিতীয় শ্রেনীতে অধ্যায়নের সময় কলেজের মধ্যে একজন ইংরাজী কবিতা লেখক হিসাবে মধুসূদন পরিচিতি লাভ করেছিলেন। গ্লীনার, ব্লসম এবং কমেট এই সকল সাহিত্য বিষয়ক পত্রিকায় মধুসূদন রিচার্ডসনের উপদেশ অনুসারে কবিতা লিখতেন।

।।৩।।

কবিশক্তি মানুষের অতি দুর্লভ গুন। বাগ্ দেবতা মধুসূদনকে এই দুর্লভ শক্তি এমন মুক্ত হস্তে যে তিনি যখন যখন যে ভাষা শিখতেন সে ভাষায় অনায়াসে কবিতা লিখতে পারতেন। ছাত্রাবস্থায় মধুসূদন বাংলা ভাষার কোনো অনুশীলন করেন নি। ইংরাজী

ভাষায় শিক্ষা গ্রহন করে মিল্টন, বায়রন প্রমুখ ইংরেজ কবিদের আদর্শ নিয়ে বড় ইংরেজ কবি হওয়ার বাসনায় ইংরাজী কবিতা লেখা শুরু করলেও বাংলা ভাষার সঙ্গে মধুসূদনের নাম চির স্মরনীয় হয়ে আছে।

তার প্রিয় বন্ধু গৌরদাস বাবুর অনুরোধে লেখা তার প্রথম কবিতা "বর্ষা ঋতু" এই কবিতার প্রতিটি পংক্তির প্রথম বর্ণ গুলো একত্রিত করলে 'গউর দাস বসাক' হয়। মধুসূদন বিশ্বাস করতেন ইংল্যাণ্ড গমন করতে না পারলে তার কবি শক্তির বিকাশ হবেনা। কিন্তু 'মেঘনাদ', 'বীরঙ্গনা' এবং 'ব্রজঙ্গনা' প্রভৃতি উৎকৃষ্ঠ গ্রন্থগুলি তার ইংল্যাণ্ড গমনের পূর্বেই লেখা হয়েছিল।

দীর্ঘ আট বছর মাদ্রাজ থাকার পর তিনি বঙ্গদেশে ফিরে আসেন। তখন বিদ্যাসাগর মহাশয় ও বাবু অক্ষয় কুমার দত্তের প্রতিভা গুনে বংলা ভাষা আরেক অবস্থা প্রাপ্ত হয়েছিল। মধুসূদন প্রত্যাগমনের পূর্বে বিদ্যাসাগর মহাশয়ের বেতাল পঞ্চবিংশতী', 'জীবন চরিত', 'শকুন্তলা' প্রভৃতি গ্রন্থ প্রকাশিত হয়। মহর্ষি দেবেন্দ্র নাথ ঠাকুর ও বাবু অক্ষয় কুমারের প্রতিভা তত্ত্ববোধিনী পত্রিকা তখন বঙ্গ এক নুতন যুগের সূচনা করেছিলেন।

গৌর দাস বাবুর প্রস্তাবে বেলগাছিয়া নাট্য শালার রাজারা মধুসূদনের উপর 'রত্নাবলী' নাটকের ইংরাজী অনুবাদের ভার অর্পন করেছেন। এই বেলগাছিয়া নাট্যশালার সহিত সম্বন্ধ মধুসূদনকে তাঁর চির প্রার্থিত যশোমন্দিরে আরোহনার্থ সোপান পংক্তি প্রদর্শন করেছিলেন। তিনি প্রথম বাংলা ভাষায় 'শর্মিষ্ঠা' নাটক রচনা করে বাংলা সাহিত্যে পদার্পন করলেন। এর পর তিনি রচনা করেন 'পদ্মাবতী', 'কৃষ্ণকুমারী', 'মায়াকানন' প্রভৃতি নাটক এবং 'তিলোত্তমাসম্ভব', 'মেঘনাদবধ', 'ব্রজঙ্গনা', 'বীরঙ্গনা' কাব্য সমূহ।

।।৪।।

নতুনের আহ্বান বাংলা নাট্য সাহিত্যে মধুসূদনের আবির্ভাব অনেকটা নাটকীয় ভাবে। মধুসূদনের আবির্ভাব এর পূর্বে বাংলা নাটক রীতি ও প্রকরনে দিক থেকে হয় পৌরানিক পরিমণ্ডল না হয় বালক বুঝানো রূপকথার বিষয় এবং সামাজিক রঙ্গ কৌতুক পূর্ন কিছু নকসা, অথবা ইংরাজী নাটকের চরিত্র ও ঘটনা সংস্থানের নাম ধাম অদল বদল করে বাঙালি দর্শকের মনেরঞ্জন করার চেষ্টা করা হয়েছে মাত্র। মধুসূদন দত্ত বাংলা নাটক কে উম্মুক্ত প্রঙ্গনে উপস্থিত করেন।

পাইক পাড়ার রাজ ভ্রাতৃদ্বয় প্রতাপচন্দ্র সিংহ ও ঈশ্বরচন্দ্র সিংহের উদ্যোগে গঠিত বেলগাছিয়া নাট্যশালায় প্রথম রামনারায়ন তর্করত্নের অনুদিত "রত্নাবলী" নাটকের অভিনয় হয়। এরপর 'রত্নাবলী' নাটকের ইংরেজী অনুবাদের জন্য গৌরদাস বসাক মধুসূদনের নাম সুপারিশ করলে রাজ ভ্রাতৃদ্বয় রাজি হয়ে যান। মধুসূদন বাংলা নাটকের

দূরাবস্থা দেখে বলেছিলেন "অলীক কুনাট্য রঙ্গে, মজে লোক রাঢ়ে বঙ্গে, নিরখিয়া প্রানে নাহি সয়" এই "রত্নাবলী" নাটকের অভিনয় অভ্যাস দেখিয়াই মধুসূদনের মনে নাটক লিখিবার সঙ্কল্প জাগে। তিনি তার সঙ্কল্প স্বার্থক করলেন 'শর্মিষ্ঠা' (১৮৫৯) নাটক রচনা করে। পাঁচ অঙ্কের এই নাটকটি মহাভারতের যযাতির উপখ্যান অবলম্বনে রচিত হয়েছে। মধুসূদন যখন এই নাটকটি রচনা করেন তখন তিনি সাহিত্য শিল্পাগারে শিক্ষার্থী ছিলেন, শিল্প কৌশল তখন ও তার আয়ত্ব হয় নি। তা সত্ত্বেও শর্মিষ্ঠা নাটক যথেষ্ট প্রশংসিত হয়েছিল। 'বিবিধার্থ সংগ্রহ' এর সম্পাদক রাজেন্দ্রলাল মিত্র শর্মিষ্ঠা নাটক সম্বন্ধে লিখেছিলেন - ". আমাদিগের দৃঢ় বিশ্বাস আছে যে যেসকল বাঙ্গলা নাটক এ পর্যন্ত প্রকটিত হইয়াছে তন্মধ্যে সাধারন জনগন শর্মিষ্ঠাকে সর্বশ্রেষ্ঠা বলিবেন সন্দেহ নাই"।

মধুসূদন দত্তের লেখা দ্বিতীয় নাটক 'পদ্মাবতী' (১৮৬০)। পদ্মাবতীর আখ্যান গ্রীক পুরানের অনুসরনে রচিত হলেও মধুসূদন বিদেশী আখ্যানকে এমন নিপুনভাবে ভারতীয় পুরানের ছাঁচে পরিবর্তিত করেছেন যে তাঁর দক্ষতা বিশেষ ভাবে প্রশংসার যোগ্য। 'পদ্মাবতী' নাটকে মধুসূদন বাংলা ভাষায় যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়েছেন।

ইতিহাস যে নাটকের শিরা-ধমনীতে বিচিত্র জীবন রস সঞ্চার করতে পারে তার উৎকৃষ্ট উদাহরন 'কৃষ্ণকুমারী' নাটক। এটি প্রথম ট্রাজেডি না হলেও প্রথম ঐতিহাসিক নাটক এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এই নাটকেই নিজের নাট্যপ্রতিভা পূর্ন সুযোগপেয়েছেন। 'কৃষ্ণকুমারী' নাটক থেকেই বাংলা নাটকের যথার্থ পর্যায় আরম্ভ হয়েছে। কর্নেল টডের 'Annals and Antiquities of Rajasthan' এর প্রথম খণ্ড থেকে উদয় পুরের রাজকন্যা কৃষ্ণ কুমারীর শোচনীয় জীবনাবসান অবলম্বনে তিনি কৃষ্ণকুমারী নাটক রচনা করেন।

তিনি বিশ্বাস করতেন অভিনয়েই নাটকের স্বার্থকতা। কিন্তু দুঃখের বিষয় বেলগাছিয়া রঙ্গমঞ্চে কৃষ্ণকুমারী নাটকের অভিনয় হয়নি। এই জন্য হতাশ হয়ে আর নাটক রচনায় অগ্রসর হলেন না। 'মধুসূদনের নাট্যকার জীবনের সম্ভাবনার অঙ্কুর এবং বিকাশ যেমন এই নাট্যশালা থেকেই, তেমনি পর পর লেখা নাটক গুলির অভিনয় না করাতে মনোবেদনার কারনে তার সত্যকারের নাট্যকার জীবনের অপমৃত্যু ও এই নাট্যশালার জন্য'।

মধুসূদনের লেখা শেষ নাটক মায়াকানন। নাটক অবলম্বনেই মধুসূদনের বাংলা সাহিত্যের আসরে সশব্দে প্রবেশ সেই নাটক লিখেই সাহিত্য ও জীবন থেকে তার নিঃশব্দে প্রস্থান। নাটক রচনার জন্য বেঙ্গল থিয়েটারের কর্তৃপক্ষ মধুসূদনকে প্রচুর দক্ষিনা দিয়েছিলেন। তার চিকিৎসারও সাধ্যমত সুব্যবস্থা করেছিলেন। কিন্তু তখন লিখবার

মত শারীরিক সক্ষমতা তার ছিলনা। তাই তিনি মুখে মুখে রচনা কর্ম নির্বাহ করতেন, অন্যে লিখে দিত। এই ভাবে রচিত হয় মায়াকানন।

বাংলা সাহিত্যের নাট্যমঞ্চে নাগরিক ও গ্রামীন সমাজকে শানিত ভাষায় ও ভঙ্গীতে আক্রমন করে মধুসূদন সর্বপ্রথম উচ্চস্বরের প্রহসন রচনা করেন। সে কালে নব উত্থিত 'নাগর' সমাজ এবং গ্রামের অধঃপতিত উচ্চবর্নদের সামাজিক ও নৈতিক আচরন কে যেভাবে তিনি ব্যাঙ্গ বানে বিদ্ধ করেছেন, দীনবন্ধুকে ছেড়ে দিলে সে জাতের তীক্ষ্ণ রচনা আর দৃষ্টি গোচর হয়না। মধুসূদনের প্রথম প্রহসন 'একেই কি বলে সভ্যতা'। এই প্রহসনে আধুনিক ইংরাজি শিক্ষা কিভাবে কুশিক্ষা হয়ে যুব সমাজকে অধঃগামী করেছিল মধুসূদন সেই চিত্রই এঁকেছেন। আর মধুসূদনের দ্বিতীয় প্রহসন 'বুড় সালিকের ঘাড়ে রোঁ। প্রহসনটির মূল ঘটনা গ্রামকেন্দ্রিক । গ্রামের এক ধর্মধ্বজী বৃদ্ধ জমিদারের পরস্ত্রীর প্রতি ঘৃন্য অস্বাভাবিক আকর্ষন বর্ননা করেছেন। এই প্রহসনে তিনি দেখিয়েছেন এক গ্রাম্য বৃদ্ধ ব্রাহ্মন জামিদার ও সমাজপতি, রায়তদের প্রতি তার নির্মমতা এবং অনুচিত কাম পূরনের জন্য অজস্র অর্থব্যায়। এরূপ প্রহসন রচনার জন্য প্রবীন উচ্চ বর্ণেরা মধুসূদনের নিন্দা ও সমালোচনা করেছেন। বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য বিষয়ক প্রস্তাব এর পণ্ডিত বিচক্ষন লেখক রামগতি ন্যায়রত্ন বলেছেন - " মাইকেল মধুসূদন দত্ত এমন সুসামাজিক লোক হইয়াও কি জন্য যে, এরূপ অসঙ্গত ও জঘন্য বিষয়ে হস্তক্ষেপ করিয়াছিলেন, তাহা আমরা বুঝিতে পারিলাম না। ..... ফলতঃ এই পুস্তকখানি পল্লী গ্রামস্থ জমিদারদিগের না হইয়া গ্রন্থকারের কলঙ্কস্বরূপ হইয়াছে।"

সহায়ক গ্রন্থপঞ্জী :

১) যোগীন্দ্রনাথ বসু। মাইকেল মধুসূদন দত্তের জীবন চরিত। দে'জ পাবলিশিং।

২) অসিতকুমার বন্দ্যোপাধ্যায় । বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (সপ্তম খণ্ড)। মডার্ন বুক এজেন্সী প্রাঃ লিঃ।

৩) খসরু পারভেজ। মধুসূদন বিচিত্র অনুষঙ্গ। কথাপ্রকাশ

৪) ডঃ ক্ষেত্র গুপ্ত কর্তৃক সম্পাদিত এবং জীবন-কথা ও সাহিত্য-সাধনা আলোচিত। মধুসূদন রচনাবলী। সাহিত্য সংসদ।

৫) মোহিতলাল মজুমদার। কবি শ্রী মধুসূদন । বিদ্যোদয় লাইব্রেরী প্রাঃ লিঃ।

৬) নগেন্দ্রনাথ সোম । মধুস্মৃতি।

৭) ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। বঙ্গীয় নাট্যশালার ইতিহাস। করুনা প্রকাশনী। কলকাতা,২০১৩।

৮) দর্শন চৌধুরী। বাংলা থিয়েটারের ইতিহাস। পুস্তক বিপনি। কলকাতা, ২০১১।

29

আখ্যান বৈচিত্র্যে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
বিজলী বিশ্বাস (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

সর্বকালের সর্বানুভূতির মধ্যে প্রেমানুভূতি হল সর্বশ্রেষ্ঠ অনুভূতি। কিন্তু সাহিত্যে এই অনুভূতি প্রকাশে যুগে যুগে প্রকারভেদ দেখা গেছে। প্রভাতকুমার মুখোপাধ্যায় মানুষের হৃদয়ে নীরবে বয়ে চলা প্রেমের ফল্গুধারাটুকু সযত্নে ধরে রাখতে চেষ্টা করেছিলেন মাত্র। তাঁর কাছে প্রেম-প্রীতি, স্নেহ-ভালোবাসা, মায়া- মমতাই ছিল পরম মহার্ঘ। তিনি এই প্রেম-প্রীতি এবং ভালোবাসার উজ্জ্বল ও মধুর প্রকাশ ঘটিয়েছেন। এই প্রেম বিষয়ক ভাবনা উঠে এসেছে নির্বাচিত ভুলভাংগা, বিলাত-ফেরতের বিপদ গল্পে।

'ভুলভাংগা' গল্পে শ্রীমতী হরিপ্রিয়া দেবী বিবাহ না করে ধর্মালোচনার মাধ্যমে কুমারী জীবন অতিবাহিত করবে বলে স্থির করে। কিন্তু তাকে বিবাহ করতেই হয়। শ্বশুর বাড়ি যাওয়ার পর নববধূর যেরূপ আচরন থাকা আবশ্যক সেরূপ তার মধ্যে ছিলনা বলে তাকে নানা বিদ্রূপও শুনতে হতো। তার স্বামী তাকে ভোলাবার জন্য তাকে কিছু না কিছু জিনিস উপহার দিতেন। হরিপ্রিয়া দেবী সেই উপহারগুলো নিতেন এবং মনে মনে হাসতেন। স্বামীর মনে বৃথা কষ্ট দেবার কোনোরূপ অভিপ্রায় তার ছিল না। সে মনে মনে বুঝত-

" পৃথিবী অসার, ইহলোকের সুখ-দুঃখ কিছুই
সত্য নহে - আমি দুইটা ফুলের তোড়া অথবা
দুই স্বামীর মনে বৃদ্ধা কষ্ট দিবার প্রয়োজন কি ?"[১]

এই উক্তির মধ্যে দিয়ে হরিপ্রিয়া দেবীর স্বামীর প্রতি এক গভীর ভালোবাসার পরিচয় পাওয়া যায়। এছাড়া হরিপ্রিয়া দেবীর মনে দৃঢ় ধারণা হয়েছিল এই বিশ্বজগৎ মায়াময় কারাগার বিশেষ। তাই বৈবাহিক জীবনে স্বামীর ভালোবাসায় তার মন বিচলিত হলেও সেই দুর্বলতাকে ঝেড়ে ফেলে উচ্চতর সাধনার জন্য গুরুর সঙ্গে একদিন রাত্রে সে গৃহত্যাগ করে। কিন্তু পিতৃতুল্য গুরুদেরই যখন তাকে প্রেম নিবেদন করে তখন সে সেই গুরুমানৰকে গর্বিত পদাঘাতে ধরাশায়ী করে নিজ সতীত্ব অক্ষুণ্ণ রেখে নিজগৃহে প্রত্যাবর্তন করে, তার ভুল ভেঙে যায়। গৃহে ফিরে হরিপ্রিয়া দেবী আবার তার ছেড়ে যাওয়া স্বামীর সংবাদের আশা করছে এবং বলছে-

" দুই বৎসর পুর্বে এই জামালপুর স্টেশনে
দাদার সঙ্গে গাড়ীতে উঠি তাহার পর হইতে
আর স্বামীর কোনও সংবাদ পাই নাই. . . ।"[২]

হরিপ্রিয়া দেবী তাঁর স্বামীর একটি খবর পাওয়ার জন্য যেন একপ্রকার ব্যতিব্যস্ত হয়ে পড়েছিলেন। যথাসময়ে হরিপ্রিয়া দেবী স্বামীগৃহে সন্ন্যাসী বেশে প্রবেশ করলে স্বামী তাকে সন্ন্যাসী ভেবে প্রণাম করে । দীর্ঘ কথপকথনের পর জানা গেল তার স্বামী দ্বিতীয়বার দ্বার পরিগ্রহ করেননি। তার পর হরিপ্রিয়া দেবী

সুযোগ বুঝে আত্মপ্রকাশ করে এবং স্বামীগৃহে সবিস্তারে সমস্ত ঘটনা খুলে বলে। শাশুড়িমা হরিপ্রিয়াদেবীকে ক্ষমা করেন। সেই পূর্ণিমা রজনীতে স্বামীর সঙ্গে তার পুনর্মিলন হয় । এভাবেই এক শুভ্র দাম্পত্য প্রেমের ভাবনা গল্পটিতে উঠে এসেছে।

'বিলাত-ফেরতের বিপদ' গল্পে সুপ্রভা, তার পিতা অতুলচন্দ্র রায় একজন ব্রাহ্ম, বর্তমান সময়ে আলিপুরের সাবজজ। চারবছর আগে ব্রাহ্মবালিকা বিদ্যালয় থেকে প্রবেশিকা পরীক্ষায় সে উত্তীর্ণ হয়েছিল। নব্য ব্যারিস্টার শ্রীযুক্ত প্রকাশচন্দ্র চৌধুরীর সাথে সুপ্রভার বিবাহ স্থির হয়। দু-তিনবছর আগে প্রকাশ বিলেত থেকে বাড়ি ফিরেছে। হাইকোর্টের পাশে চেম্বার ভাড়া নিয়েছেন, সেখানেই তার অফিস, ওখানেই তার বাসস্থান। একদিন বিকেলবেলায় সুপ্রভা একটি সঙ্গীত অভ্যাস করবার সেই মুহুর্তে মিস মল্লিক সেখানে আসেন। সুপ্রভা তাকে বসতে বলায় সে তার মায়ের সঙ্গে কথা বলতে চায় বলে জানায়। সুপ্রভা এবং প্রকাশের বিবাহে সে আপত্তি করে। প্রকাশের চেম্বারে পাওয়া একটি পত্রের ভিত্তিতে মিস মল্লিক জানায় প্রকাশ বিলেতে বিবাহ করেছে। মায়ের কাছে একথা জানতে পেরে সুপ্রভা মনের দুঃখে

এবং অভিমানে -

'সুপ্রভা পত্রখানি দ্বিতীয়বার পাঠ করিল, ডাকঘরের ছাপ তারিখ দেখিল। তাহার পর চিঠিখানি সজোরে

মেঝের উপর আছড়াইয়া ফেলিয়া, চক্ষে অঞ্চল দিয়া,
দ্রুতবেগে নিজ শয়নকক্ষে গিয়া দ্বার রুদ্ধ করিয়া দিল'[৩]

সুপ্রভার প্রকাশের প্রতি বিশ্বাস, ভালোবাসা কোথাও যেন টালমাটাল হতে দেখা যায়। প্রকাশ গৃহে আসে সুপ্রভা মায়ের কোলে শুয়ে আছে দেখে কিছুটা শঙ্কিত হয়ে তার শারীরিক অবস্থার কথা ভেবে বলে

'সুপ্রভা শুয়ে আছেন? কেন? তাঁর কি
অসুখ করেছে নাকি?'

প্রকাশের যেন সুপ্রভার প্রতি ভালোবাসার এক নিবিড় আকর্ষণ লক্ষ করা যায়। কিন্তু ওই পত্রের ভুল ব্যাখ্যার ফলে তাদের সম্পর্কে চিড় ধরতে দেখা যায়। প্রকাশের প্রতি অভিমানে সুপ্রভা বলে ওঠে-

'আর এখানে একদও তার মন টিকিতেছে না-
কলা প্রভাতের গাড়ীতেই সে হয় মুঙ্গের নহে ত
এবং পিসিমা আছেন।'

মধুপুর চলিয়া যাইবে। মুঙ্গেরে তাহার দাদা

তারপর যথাসময়ে বসবার ঘরে অতুলবাবুর সাথে কথোপকথনকালে জানা যায় প্রকাশ বিলেতে বিয়ে করেনি। সুপ্রভার মাও জানতে পেরে দুজনেই লজ্জিত হয়ে প্রকাশের কাছে ক্ষমা চান। এরপর সুপ্রভাকে খোলা বারান্দায় বসে থাকতে দেখে প্রকাশ আপন ভালোবাসা প্রমান করবার জন্য সেই খাতাটি নিয়ে আসে যে খাতাখানি তাদের ভালোবাসার পথে কণ্টক স্বরূপ হয়ে উঠেছিল। সুপ্রভা প্রকাশের হাত থেকে খাতাখানি নিয়ে ছুঁড়ে ফেলে দেয় এ যেন প্রকাশের প্রতি সুপ্রভার মনের গভীরে অভিমানের প্রকাশ স্বরূপ। প্রকাশও তখন ক্ষোভে ও অভিমানে বলে ওঠে-

'খাতা দেখতে চাওনা? সন্দেহ মেটাতে
চাওনা? এই তোমার বিচার?'

এখানে প্রকাশ যেন বিশ্বাসযোগ্য প্রেমিকসত্তার পরিচয় দিয়েছে। সুপ্রভাও তখন রিমিকে নামিয়ে দিয়ে। সমস্ত রাগ অভিমান ভুলে প্রকাশের কণ্ঠালিঙ্গন করে তার বক্ষে মুখ লুকিয়েছে। এভাবেই গল্পে এক চিরকালীন নরনারীর প্রেমের প্রতিফলন ঘটেছে।

।।খ।।

সন্তানের প্রতি প্রেম-প্রীতি, স্নেহ-ভালোবাসা, মায়া-মমতা, মান-অভিমান, ইত্যাদি হল বাৎসল্যরসের মূল সুর। এই বাৎসল্যরসের প্রকাশ প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্পগুলিকে এনে দিয়েছে স্বতন্ত্র মর্যাদা। গল্পের আঙ্গিকেও রয়েছে কাহিনী বয়নের মুন্সিয়ানা, পরিমিতি বোধ ও আন্তরিক সাবলীলতা। সেজন্য তার গল্প পাঠককে মোহাবিষ্টের মতো টেনে নিয়ে যায়। এই বাৎসল্যরসের প্রতিফলন দেখা যায় নির্বাচিত 'কাশীবাসিনী', 'ফুলের মূল্য' গল্পে ।

কাশীবাসিনী', গল্পে যৌবনে প্রকৃতির তাড়নায় পদস্খলিত বিধবানারীর যন্ত্রণা ও অনুশোচনা প্রকটিত হয়েছে। গল্পে পতিতা প্রসঙ্গের কোনো স্মৃতিরতি নয়, সন্তানস্নেহের সুগভীর আকর্ষন দেখানো হয়েছে। কাশীবাসিনী বহুকাল পূর্বে সংসার এবং নিজসন্তানকে ছেড়ে চলে যায়। দীর্ঘদিন অতিবাহিত হয়ে। যাবার পর নিজ সন্তানের খোঁজ পেয়ে গিরীন্দ্রনাথের বাড়িতে আসে। আসলে গিরীন্দ্রনাথের স্ত্রী মালতীই তার সন্তান। মালতী

সেকথা জানত না। কাশীবাসিনী তাকে সোনা, রুপা, হীরা, মোতি, চুনী, পান্না দিতে চান। আসলে কাশীবাসিনী জানতেন গিরীন্দ্রনাথের স্ত্রী মালতীই তার গর্ভজাত সন্তান। মালতী তার পরিচয় জানত না বলে সে কোন অধিকারে সেগুলি নেবে বলে জানায়। কাশীবাসিনী তখন তার অধিকার প্রসঙ্গে বলে ওঠে -

'তা হলে তুমি জান। আমিই তোমার
পোড়ারমুখী মা।'

বলবার পর কাশীবাসিনীর চোখ জল গড়িয়ে এল এবং মালতী সকল কথা জানতে পেরে সেই রাত্রে যে কষ্ট পেয়েছিল তা অবর্ণনীয়। যে মার স্মৃতি সে ভক্তিভরে আশৈশব বক্ষে ধারন করে রেখেছে। সেই মা এ সমাজ সংসারে ঘৃণিত এবং কলঙ্কিনী। মোক্ষদা পিসির কাছে মালতী তার মায়ের সমস্ত কথা জানতে পারে। মালতী বলে সে সমস্ত কিছু জেনে শুনে দানাপুরে তাদের গৃহে এসেছে । কাশীবাসিনী কাঁদতে কাঁদতে বলে -

'আপনার সন্তানকে কেউ কি ভুলতে পারে ?'

কাশীবাসিনীর সন্তানের প্রতি গভীর স্নেহ, মমতা ও ভালোবাসা প্রকাশ পেয়েছে। মায়ের পরিচয় জানতে
পেরে মালতী তার মাকে বলে ওঠে-

'জানিয়েছ ভালই করেছ নইলে মাকে ত কখনো চক্ষে দেখতে পেতাম না ।'

মায়ের প্রতি মালতীর একরাশ গভীর অভিমান যেন তার মনে জমাট বেঁধেছে। কাশীবাসিনী চলে যাবার। কালে মালতী সমস্ত অভিমান ভুলে মায়ের পা জড়িয়ে ধরে প্রণাম করে। মাও তাকে আশীর্বাদ করেন। আমাদের সমাজে যেকোনো কারনেই হোক নারীকে অন্যায়ের কাছে মাথা নোয়াতে হয়। তাকে বিপদগামী হতে হয় কিন্তু তার হৃদয়ের স্নেহ-ভালোবাসা সমাজ-সংসারের আর পাঁচজন নারীর মতো শেষ হয়ে যায়না। গল্পে কাশীবাসিনীর মধ্যে দিয়ে এই সত্যই প্রকাশিত হয়েছে।

'ফুলের মূল্য' গল্পে, ভারতবর্ষের সৈনিক পদে আসীন থাকা পুত্রের প্রতি মায়ের উৎকণ্ঠা চিত্রিত হয়েছে। গল্পকথক মিষ্টার গুপ্তের সাথে লণ্ডনের এক ভোজনশালায় এক বালিকার সঙ্গে সাক্ষাত হয়। বালিকাটি লণ্ডনে বৃদ্ধ-বিধবা মায়ের সঙ্গে থাকে। বালিকাটির নাম ম্যাগি অর্থাৎ মার্গারেট ক্লিফর্ড। তার জৈষ্ঠ ভ্রাতা ভারতীয় সৈনিক পদে আসীন। দীর্ঘকাল পুত্রের খবর না পেয়ে ম্যাগির মা মিসেস ক্লিফর্ড গভীরভাবে উৎকণ্ঠিত। ম্যাগির সঙ্গে পরিচয় হবার পর কিছু দিনপর মিষ্টার গুপ্ত একদিন তাদের বাড়িতে আসেন । ভারতবর্ষের মানুষ জানতে পেরে তিনি মনে মনে ভাবেন তার

সৈনিক পুত্রের খবর হয়তো তিনি তার কাছে পেতে পারেন। মিসেস ক্লিফর্ড তাকে জানায় -

'আমার পুত্র পঞ্জাবে আছে। সে সৈনিক পুরুষ । পঞ্জাব কেমন স্থান মহাশয় ?

অর্থাৎ এই উক্তির মধ্য দিয়ে তার পুত্রের প্রতি একপ্রকার আশঙ্কা যেন প্রকাশ পেয়েছে। তিনি ভেবেছেন তার পুত্র যেখানে আছে সে স্থান আদৌ নিরাপদ তো? তাই তিনি ভারতবর্ষের মানুষ পেয়ে তাকে জিজ্ঞাসা করেন। মিষ্টার গুপ্ত তাকে বলে পাঞ্জাব অতি উত্তম স্থান, সেখানে জ্বর কম, স্বাস্থ্যও খুব ভালো । মিষ্টার গুপ্তের কাছে একথা শুনে যে মিসেস ক্লিফর্ড যেন মনে একটু স্বস্তি পেলেন। তারপর মিসেস ক্লিফর্ড তার পুত্র ফ্রাঙ্কের পাঠানো যাদুযুক্ত অঙ্গুরীয়টিও দেখান যাতে মিষ্টার গুপ্ত ফ্রাঙ্কের একটি খবর বলতে পারেন তিনি বলেন-

'ফ্রাঙ্ক এটি পাঠাইবার সময় লিখিয়াছিল, সংযত মনে ঐ স্ফটিকের পানে চাহিয়া

দূরবর্তী যে কোনও মানুষের বিষয়ে চিন্তা করিবে, তাহার সমস্ত কার্যকলাপ দেখিতে পাওয়া যাইবে। ইয়োগী ফ্রাঙ্ককে এইকথা বলিয়াছিল বহুদিন ফ্রাঙ্কের কোনো সংবাদ না পাইয়া, আমি ও ম্যাগি অনেকবার উহার প্রতি দৃষ্টিবদ্ধ করিয়া চিন্তা করিয়াছি, কিন্তু কোনো ফল হয় নাই । আপনি একবার দেখুন না। আপনি হিন্দু আপনি সফল হইতে পারেন।'

এর মধ্যে দিয়ে মিসেস ক্লিফর্ডের মাতৃহৃদয়ে পুত্রের জন্য যেন এক আশার আলো দেখা যাচ্ছিল। কিছুদিন পর মিসেস ক্লিফর্ড রোগশয্যায় শয্যাশায়ী হয়ে পড়েন। ম্যাগির অনুরোধে মিষ্টার গুপ্ত তার পুত্রশোকগ্রস্থ

মাতার কাছে আসেন এবং বলেন -

'মিসেস ক্লিফর্ড, আপনার পুত্র ভাল আছে,

জীবিত আছে?'[৪]

কথাটি শুনে মিসেস ক্লিফর্ড যেন মাতৃহৃদয়ে পরম শান্তি অনুভব করেন। সে যাত্রায় তিনি আরোগ্যলাভ করেন। এমনি করেই গল্পে বাৎসল্যরসের স্বাদ উঠে এসেছে।

।।গ।।

ধর্মীয় সংস্কার মানুষের মনে অনেক সময় এমনভাবে বদ্ধমূলভাবে বিস্তার করে যা শাখাপ্রশাখায় প্রসারিত হয়ে মানুষের সমগ্র মনকে এমনভাবে অধিকার করে নেয় যে মানুষের ন্যায়-অন্যায়, উচিত-অনুচিত সমস্ত বোধই নষ্ট হয়ে যায়। তখন তার চিন্তাধারাকে নিয়ন্ত্রণ করে থাকে ধর্মীয় সংস্কার, তার উচিত-অনুচিত বোধ হয়ে ওঠে সংস্কার ভিত্তিক। মানবতার দীক্ষায় দীক্ষিত জীবনধর্মে আলোকিত সমাজসচেতন শিল্পী প্রভাতকুমার মুখোপাধ্যায় স্বগোত্রীয় কুসংস্কারকে মর্মমূলে উপলব্ধি করেছেন। এরূপ

অনাচার ধর্মান্ধতার পরিচয় পাওয়া যায় নির্বাচিত 'দেবী', 'খোকার কাণ্ড' গল্পে।

'দেবী' গল্পে শাক্তধর্মে বিশ্বাসী কালীকিঙ্কর রায়। তিনি পাঁচ-ছয় বছর আগে তার ছোটোছেলে উমাপ্রসাদের সঙ্গে দয়াময়ীর বিবাহ দেন। দয়াময়ীর তখন ষোলো বছর বয়স। পিতা কালীকিঙ্কর রায়। একদিন ভোরবেলায় উমাপ্রসাদকে ঘুম থেকে তুললেন। অসময়ে বাবার ডাক শুনে খুব দ্রুত ঘর থেকে বেরিয়ে এলেন। বাবার পরনে লাল রক্তবর্ণের বস্ত্র, কাঁধে নামাবলী, গলায় রুদ্রাক্ষের মালা। পিতার এমন অবস্থা কেন জানতে চাইবার আগেই কালীকিঙ্কর ছোটোবৌমা দয়াময়ীর খোঁজ করতে থাকেন, ছোটোবৌমা ঘর থেকে বেরিয়ে আসতেই কালীকিঙ্কর তাকে প্রণাম করেন এবং ছেলেকেও প্রণাম। করতে বলেন। প্রনামান্তে কালীকিঙ্কর বলেন -

'মা আমার জন্ম সার্থক হল ।

কিন্তু এতদিন কেন বলিসনি মা?'

কালীকিঙ্কর দয়াময়ীর মধ্যে নিজের আরাধ্য মা কালীকে খুঁজে পেয়েছিলেন। তিনি মনে করেছেন এতদিন ধরে তিনি যে সাধনা, আরাধনা করেছিলেন তার ফলস্বরূপ মাকালী তার ছোটোবৌমার মধ্যে তার গৃহে অবতীর্ণ হয়েছেন। কালীকিঙ্কর ধীরে ধীরে দয়াময়ীকে মানবী থেকে দেরীত্বে অভিষিক্ত করেন। দেবীত্বে অভিষিক্ত হবার পরও দয়াময়ী কাঁদে। আহার এবং নিদ্রা তিনি ত্যাগ করে দিয়েছেন। চারদিকে এখবর পৌঁছে যায়। পূজা চলাকালীন অনেকেই নিজ নিজ সমস্যার সমাধানের জন্য দয়াময়ীর কাছে আসে। দয়াময়ীই যেন তাদের একমাত্র রক্ষাকর্ত্রী হয়ে ওঠে। গ্রামের বয়স্ক এক বৃদ্ধ লাঠিতে ভর দিয়ে সেখানে উপস্থিত হয়। গলবস্ত্র হয়ে দয়াময়ীর কাছে বলেন-

'মা! আমি চিরকাল তোমার পূজা

করে এসেছি। আজ আমার বড় বিপদ মা!

আজ ভক্তকে রক্ষা কর।'[৫]

কারন তার নাতি জ্বরে ভুগছিল। কবিরাজ জবাব দিয়ে গেছে। সে না বাঁচলে তাঁর বংশ পাবে তাই সে মায়ের কাছে নাতির প্রানভিক্ষা চাইতে এসেছে। কালীকিঙ্কর সব শুনে পাত্র থেকে একটু করে চরণামৃত শিশুটির মুখে দিতে থাকে। তারপর শিশুটির অবস্থা ধীরে ধীরে ভালো হয়। এইখবর চারিদিকে

ছড়িয়ে পড়তেই আর এক বৃদ্ধ তাঁর মেয়ের সুস্থ স্বাভাবিক প্রসবের জন্য দয়াময়ীর কাছে এসে কাতরভাবে আবেদন জানায়। শুনে কালীকিঙ্কর জানায়-

'তার জন্যে আর চিন্তা কি? মার চরণামৃত

নিয়ে গিয়ে মেয়েকে পান করিয়ে দেওগে।

এখনি আরাম হবে ।'

জানা যায় চরণামৃত খাওয়ার পর মেয়েটি নিরাপদে সুলক্ষণযুক্ত পুত্র সন্তানের জন্ম দিয়েছে। তারপর একদিন উমাপ্রসাদের কথায় দয়াময়ী ঘর না ছাড়ায় উমাপ্রসাদ নিরুদ্দেশ হয়ে যায়। কিছুদিন পর খোকার জ্বর হয়। বৈদ্য এলেও কালীকিঙ্কর চিকিৎসা করাতে দেন না বলেন-

'আমার বাড়ীতে স্বয়ং মার অধিষ্ঠান, কত
কত দুঃসাধ্য রোগ মার চরণামৃত পান করে
ভাল হয়ে গেল, আর আমার বাড়ীতে
রোগ হলে বৈদ্য এসে চিকিৎসা করবে?'[৬]

চিকিৎসার অভাবে খোকার মৃত্যু হয়। নিজের দেবীত্বে অবিশ্বাসের ফলে দয়াময়ীও আত্মহত্যা করে। এভাবেই কালীকিঙ্করের মধ্য দিয়ে লেখক মানুষের মনের বদ্ধমূল অন্ধকুসংস্কারকে দেখাতে চেয়েছেন।

'খোকার কাণ্ড' গল্পে একই পরিবারের ব্রাহ্মমতে বিশ্বাসী স্বামী এবং ব্রাহ্ম হলেও হিন্দুদের দেব- দেবতা পূজা-পার্বনে আস্থাশীল স্ত্রী। অধ্যাপক হরসুন্দরবাবু নব্য ব্রাহ্ম এবং নববিধান সমাজের একজন বিশেষ উৎসাহশীল সভ্য মানুষ। আইন পাশ করে তিনি ওকালতি করেননি কারন তাতে মিথ্যা কথা বলতে হয়। ব্রাহ্ম ধর্মকে তিনি মানব সমাজের একমাত্র সত্য বলেই বিশ্বাস করতেন। নারীশিক্ষায়ও প্রবল উৎসাহী ছিলেন তিনি। অতঃপর কাসি রোগে আক্রান্ত হন হরসুন্দরবাবু। স্ত্রী পঙ্কোজিনী একমাত্র খোকাকে ঘুম পাড়ানোর পর স্বামীর পায়ে হাত বুলাতে বুলাতে মনে মনে মাকালী, মা দুর্গা প্রভৃতি ব্রাহ্মধর্ম বহিঃর্ভূত নিষিদ্ধ দেবতাগণকে ডেকে স্বামীর আরোগ্য কামনা করেন। পঙ্কোজিনীর এই প্রার্থনার মধ্য দিয়ে দেবতার প্রতি অন্ধবিশ্বাসের ইঙ্গিত আমরা পাই। কিছুদিনপর হরসুন্দরবাবুর পীড়া ক্রমশ বেড়ে যায়। পঙ্কোজিনীর সখী শরৎশশী সেখানে বেড়াতে আসে। সকল কথা শুনে শরৎশশী জানায়-

' আমার বাপেরবাড়ীর গ্রামে বাবা যণ্ডেশ্বর।
বলে খুব জাগ্রত এক ঠাকুর আছেন। তার
যিনি পুরুত, হরিমোহন ঠাকুর, তিনি
তেলপড়ে দেন । আর কিছ না, পোয়াটাক
খাটি সর্ষের তেল সেখানে নিয়ে।
যেতে হয়। পুরুতঠাকুর তার উপর নাকি
মন্তর তন্তর বলে, তেলের ভাঁড়টি সমস্ত
রাত বাবা যণ্ডেশ্বরের পায়ের কাছে রেখে দেন,

পরদিন, বাবার প্রসাদী একটি বিল্বপত্র আর সেই তেল
বুকে মালিস করতে হয়। বললাল কিনা,
একেবারে ধন্বন্তরী যে ব্যবহার করেছে সেই ভালো হয়ে গেছে।[৭]

বাবা যজ্ঞেশ্বরের কাছের তেলপড়া এবং বাবার প্রসাদী একটি বিল্বপত্র নিয়ে আসে পঙ্কোজিনী । এবং স্বামী ভালো হয়ে গেলে বাবা যণ্ডেশ্বরের কাছে পূজো দিতে যাবে বলেও জানায়। স্বামীকে ভালো করে তোলাই তখন তার একমাত্র উদ্দেশ্য ছিল। বাবা যণ্ডেশ্বরের কাছ থেকে আনা তেলপড়া স্বামীর নিদ্রামগ্ন অবস্থায় তার বুকে মালিশ করে দেয় এবং প্রসাদী বিল্বপত্রটি স্বামীর মাথায় স্পর্শ করায়। মনে মনে বলে -

'বাবা যণ্ডেশ্বর, কাল যতক্ষন তোমার তেলপড়াটি এসে
না পৌছায়, ততক্ষন আমার স্বামীকে বাঁচিয়ে রাখ বাবা। তোমার
তেলপড়া এসে পৌঁছলে আর আমি ভয় করিনে। দুঃখিনীর
পানে মুখ তুলে চাও-দোহাই বাবা- সাত দোহাই তোমার।'[৮]

বাবা যন্ত্রেশ্বরেই যেন তার স্বামীকে ভালো করে দিতে পারবেন বলে বিশ্বাস পঙ্কোজিনীর। ইতিমধ্যে হরসুন্দরবাবু আরোগ্য লাভ করেন। পূর্বে দেওয়া কথা রাখবার জন্য পঙ্কোজিনীকে বাবা যণ্ডেশ্বরের কাছে পূজা দেবার কথা বলে শরৎশশী। পঙ্কোজিনী বলে-

'আমার বড় অপরাধ হয়ে গেছে আমায়
মাপ কর বাবা! একমাসের মধ্যে যেমন
করে হোক গিয়ে তোমার পূজাটি দিয়ে
আসব, তাতে আমার অদৃষ্টে যাই থাকুক।
আমার উপর কোপ করো না বাবা
আমার স্বামীকে ভালো রাখ ।'[৯]

ইতিমধ্যে সেই সুযোগ উপস্থিত হয়। পঙ্কোজিনী বাবা যণ্ডেশ্বরের কাছে গিয়ে পূজা সম্পন্ন করে। এবং পথে ফেরবার পথে হরসুন্দরবাবুর কাছে ধরা পড়ে যায়। সে তার কাছে ক্ষমা চায় এবং বলে-

'তোমার পায়ে ধরে বলছি, আমায় মাফ কর।
নিতান্ত প্রানের দায়েই আমি এ কাজ
করেছিলাম। সে তেলপড়াটুকু না পেলে
আর কি তোমায় ফিরে পেতাম ।'[১০]

অর্থাৎ ধর্মীয় কুসংস্কারের বশবর্তী হয়ে পঙ্কোজিনী একাজ করেছে। গল্পে মানুষের

মনের বদ্ধমূল কুসংস্কারের প্রভাবে নীতিবোধ যেভাবে সংস্কারভিত্তিক হয়ে ওঠে তা গল্পটিতে দেখানো হয়েছে।

।।ঘ।।

স্বাদেশিকতা বোধ প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্পের এক অন্যতম লক্ষণ। তিনি তার গল্পে প্রেম, শঠতা, গোঁড়ামি, ভাতৃস্নেহ, বন্ধুপ্রীতি, সন্তানস্নেহ ইতাদি নানা ভাবগত চেতনার পাশাপাশি স্বাদেশিকতা বোধকেও স্থান দিয়েছেন। এই স্বাদেশিকতা বোধ যেন তাঁর জনপ্রিয়তার অন্যতম কারন। প্রভাতকুমার মুখোপাধ্যায় এই ধরনের গল্পে কিছু অবাঙালী এবং অভারতীয় চরিত্রদের এনেছেন। এরূপ স্বাদেশিকতার পরিচয়। পাওয়া যায় নির্বাচিত 'ভিখারী সাহেব', 'ফুলের মূল্য গল্পে।

'ভিখারী সাহেব গল্পে লণ্ডন সমাজের গণ্যমান্য ব্যক্তি স্যার হেনরি রবিনসন মাঝে মাঝে উন্মাদ ব্যাধিতে আক্রান্ত হয়ে ঘরছাড়া হয়ে যেতেন। আবার ব্যাধি উপশম হলে ঘরে ফিরে আসতেন। একবার ভারত ভ্রমনে এসে ওই ব্যাধিতে আক্রান্ত হয়ে পড়েন তিনি। সৌভাগ্যক্রমে এক বাঙালি ভদ্রলোকের সঙ্গে তাঁর দেখা হয়। বাঙালি ভদ্রলোকটি মনে মনে ভাবে অনেক ভদ্রলোক তো সাহেব হয়েছে একজন সাহেবকে বাঙালি করে দেখা যাক। সাহেব এই প্রস্তাব শুনে মহাউৎসাহে রাজি হয়ে যায় এবং বলে -

"ও ইয়েসবাবু আমি বাঙ্গালী হইব । আমাদের জাতি বাঙ্গালীকে অত্যন্ত ঘৃণা করে । আমি স্বয়ং বাঙ্গালী হইয়া আমাদের স্বজাতির পাপের কতকটা প্রায়শ্চিত্ত করিব। জগৎকে দেখাইৰ যে বাঙ্গালীরা হেয় পদার্থ নহে।'[১১]

সাহেবের স্বদেশপ্রীতি যথেষ্ট। ইংরেজ সাহেবের স্বদেশের মানুষজন বাঙালি জাতিকে যে কতটা ঘৃণা করেন তা সাহেব জানতেন। তাই তিনি স্বজাতির এই পাপের প্রায়শ্চিত্ত করবেন বাঙালি হয়ে। তাছাড়া বাঙালি ভদ্রলোকটিও যেন সাহেবকে বাঙালি করবার মধ্যে দিয়ে বাঙালি জাতিকে ইংরেজদের প্রাপ্য সম্মানের আসনে বসাতে চেয়েছে। এছাড়া ইংরেজ সাহেব উন্মাদ ব্যাধিতে আক্রান্ত হবার পরেও তিনি লণ্ডনে অর্থাৎ তাঁর নিজের দেশে তাঁর পরিবার, পরিজন, বিষয়, পদমর্যাদা সবকিছুই তিনি ভুলে গেছেন। কিন্তু তিনি এই বিষয়টি ভোলেননি তাঁর নিজের দেশের হাভানা চুরুটটির কথা। সে বলে-

'বাবু আমার আর কোথাও কিছু নেই।
একটা কথা জিজ্ঞেস করি, তোমাদের
সেখানে ভাল হাভানা পাওয়া যায় ত?'[১২]

হাভানা চুরুটটি খাওয়ার মধ্য দিয়ে সাহেব নিজ দেশের পরম্পরাকে ধরে রেখেছেন। এছাড়াও ইংরেজ সাহেব হেনরি যতটা সময় ভালো থাকতেন তিনি নিজ দেশে নিজ

জমিদারভুক্ত দীন-দুঃখী প্রজাদের রোগ হলে তাদের চিকিৎসা করে ভালো করে তুলতেন। হেনরির এই সেবার মধ্য দিয়ে তাঁর স্বদেশের মানুষের প্রতি ভালোবাসা সহজেই প্রতিভাত হয়।

'ফুলের মূল্য' গল্পে স্বাদেশিকতা বোধেরও কিছু প্রমান রয়েছে। গল্পে লণ্ডনের একটি নিরামিষ ভোজনালয়ে ম্যাগি অর্থাৎ মার্গারেট ক্লিফর্ডের সঙ্গে ভারতীয় এক যুবক মিষ্টার গুপ্তের সাক্ষাত হয়। ম্যাগি তাকে নিরামিষভোজী কিনা জিজ্ঞাসা করে কারন ম্যাগি জানত ভারতবর্ষীয় মানুষ অধিকাংশ নিরামিষভোজী। উত্তরে মিষ্টার গুপ্ত জানান-

:আমি প্রকৃত নিরামিষভোজী নহি তবে মাঝে মাঝে আমি নিরামিষ ভোজন করিতে ভালোবাসি বটে।'[১৩]

মিষ্টার গুপ্ত জানাতে চেয়েছেন ভারতবর্ষীয়রা প্রকৃত নিরামিষভোজী নয় তারা ভালোবেসে নিরামিষ খায়।

মিষ্টার গুপ্ত যেন তাঁর উক্তির মধ্য দিয়ে তাঁর স্বদেশ অর্থাৎ ভারতবর্ষের মানুষদের সম্পর্কে লণ্ডনবাসীর ভ্রান্ত ধারনা যেন ভেঙ্গে দিলেন। তাছাড়া মিষ্টার গুপ্ত ম্যাগির সাথে কথপকথনকালে জানতে পারে ম্যাগির ভ্রাতা ভারতবর্ষের সৈনিক হয়েছে। দীর্ঘদিন তাঁর ভ্রাতার কাছ থেকে পত্রাদি না পাওয়ায় ম্যাগির মা চিন্তিত হয়ে আছেন। লণ্ডনবাসীরা বলেন ভারতবর্ষ নাকি সর্প, ব্যাঘ্র ও জ্বররোগে পরিপূর্ন। ম্যাগি ভারতবর্ষীয় যুবক মিষ্টার গুপ্তকে জিজ্ঞাসা করে সত্যিই ভারতবর্ষ সর্প, ব্যাঘ্র, ও জ্বররোগে পরিপূর্ণ। মিস্টার গুপ্ত জানান-

"না! তাহা হইলে কি মানুষ সেখানে বাস করিতে পারিত?'[১৪]

মিষ্টার গুপ্তের এই উক্তির মাধ্যমে ভারতবর্ষের প্রতি তার শ্রদ্ধা, ভালোবাসার পরিচয় পাওয়া যায়। তাছাড়া মিষ্টার গুপ্ত যখন ভারতবর্ষে ফিরে আসছেন তখন ম্যাগি তাঁর সৈনিক পদপ্রাপ্ত মৃত ভ্রাতার সমাধিতে দেবার জন্য একটি শিলিং দিয়ে ফুল কিনে দেবে বলে। কিন্তু মিষ্টার গুপ্ত নিজে শিলিং দিয়ে ফুল কিনে ম্যাগির ভ্রাতার সমাধিতে সাজিয়ে দেবেন বলেন। একদিকে ভাতৃহারা বোনের কথা রাখতে আরেকদিকে যেন ভারতবর্ষের পক্ষ থেকে তিনি যেন সম্মানার্থে এই ফুল দিচ্ছেন। অর্থাৎ এর মধ্যে দিয়ে এক গভীর স্বাদেশিকতাবোধ যেন সুস্পষ্টভাবে ফুটে উঠেছে।

রবীন্দ্রগোষ্ঠীভুক্ত হয়েও বাংলা ছোটগল্পের জগতে প্রভাতকুমার মুখোপাধ্যায় আপন বৈশিষ্ট্যে অনন্য। পরতন্ত্র একক। জীবনের বিচিত্র অভিজ্ঞতাই প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্পগুলিকে সার্থক করে তুলেছে। বিষয়বস্তুর রূপবৈচিত্র্যের জন্য তাঁর ছোটগল্পগুলি উচ্চপ্রশংসার দারিও রাখে। আমার অণু- গবেষণা পত্রটিতে বিষয়বস্তুর

রূপবৈচিত্রের দিক থেকে নির্বাচিত গল্পগুলির সাপেক্ষে প্রত্যেকটি অধ্যায়ের গুরুত্ব সমানভাবে স্বীকার্য।

বিষয়বস্তুর বৈচিত্র্যের নেপথ্যে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের নির্বাচিত প্রেমবিষয়ক গল্পে, যে প্রেমভাবনা উত্থাপিত হয়েছে সে প্রেম চিরকালীন নর-নারীর প্রেম এবং এক শুভ্র দাম্পত্য প্রেমের পরিচায়ক হয়েছে। নির্বাচিত বাৎসল্যমূলক গল্পে, সন্তান বাৎসল্যতার যে দিকটি উঠে এসেছে সেখানে এক মায়ের জীবনযাপন সমাজসম্মত না হলেও তার হৃদয়ের স্নেহ-ভালোবাসার উদ্ভব যে জীবনসংগত সেই বিষয়টি এবং বিদেশী সন্তানের জন্য মাতৃহৃদয়ের উদ্বেগ, উৎকণ্ঠা, ব্যাকুলতার মর্মস্পর্শী রূপকে সুস্পষ্টভাবে তুলে ধরা হয়েছে। নির্বাচিত ধর্মীয় গোঁড়ামি অন্ধসংস্কারকেন্দ্রিক গল্পে, মনুষ্য হৃদয়ে বদ্ধমূল হয়ে থাকা কুসংস্কার এবং সেই কুসংস্কারের ফলে মানুষের নীতিবোধ ধ্বংস হয়ে গিয়ে প্রানের বিনাশও যে সম্ভব সেই উপদেশকেই প্রকাশ করা হয়েছে। নির্বাচিত সমকালীন বিষয়ক গল্পে, সেকালীন সমাজে জাতি-ধর্মগত সমস্যা তীব্র আকার ধারন করবার ফলে মনুষ্যের জীবনে দূর্দশার কালোমেঘ নেমে আসে এবং হিন্দু ও ধর্মানুরাগীদের মধ্যে নব্য চিন্তাধারার বিষয়টি সুস্পষ্টভাবে দেখানো হয়েছে। নির্বাচিত স্বাদেশিকতা বোধের গল্পে, স্বদেশ অর্থাৎ নিজ দেশকে ভালোবাসা এবং সম্মান ও শ্রদ্ধা করার বিষয়টি ফুটিয়ে তোলা হয়েছে।

সাহিত্য জগতে যে বিপুল সাহিত্যসম্ভার রয়েছে তার মধ্যে আমার এই অণু-গবেষণা জগতে একটি নতুন দিককে এবং বিষয়বস্তুর পরিধিকে ব্যাপ্ত করে। তাছাড়া সাহিত্য যেহেতু সমাজের দর্পণ। সমাজ ও সময়ের একটি দিক সাহিত্যে প্রতিপন্ন হয়। আমার অণু-গবেষণার মাধ্যমে সমাজের সর্বস্তরের সহৃদয় যে সামাজিক পাঠক পাঠিকারা রয়েছে তাদের হৃদয়রসকে জারিত করবে। তাদের মনে আনন্দ দেবার পাশাপাশি সে কুসংস্কার রয়েছে সেটি দূরীকরণে সচেতন করবে এবং স্বদেশপ্রেমের যে ভাবনা রয়েছে তা জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের মনের ফল্গুধারাকে রসসিক্ত করবে।

তথ্যসূত্র :

১. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ ভুলভাংগা, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়, কলকাতা-৯, মার্চ ২০১৭, পৃঃ ২৫৭

২. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ ভুল ভাংগা, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়, কলকাতা-৯, মার্চ ২০১৭, পৃঃ ২৬৬

৩. মুখোপাধ্যায় প্রভাতকুমার,'গল্পসমগ্র/বিলাত-ফেরতের বিপদ, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৮২৪

৪. মুখোপাধ্যায় প্রভাতকুমার,'গল্পসমগ্র/বিলাত-ফেরতের বিপদ, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৮২৮

৫. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/বিলাত- ফেরতের বিপদ', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৮২৮

৬. মুখোপাধ্যায় প্রভাতকুমার,'গল্পসমগ্র/বিলাত-ফেরতের বিপদ', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়, কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৮৩০

৭. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/দেবী', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়, কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ২৯২

৮. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ দেবী, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ২৯৩

৯. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/দেবী', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ২৯৪

১০. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/দেবী', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ২৯৬

১১. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ খোকার কাণ্ড', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৯৪১

১২. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ খোকার কাণ্ড', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৯৪৩

১৩. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ খোকার কাণ্ড, চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়,কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৯৪৪

১৪. মুখোপাধ্যায় প্রভাতকুমার, 'গল্পসমগ্র/ খোকার কাণ্ড', চতুর্থ সংস্করণ, কামিনী প্রকাশালয়, কলকাতা- ৯, মার্চ ২০১৭, পৃঃ ৯৫০

গ্রন্থপঞ্জি:

আকরগ্রন্থ:

১. মুখোপাধ্যায় প্রভাতকুমার। 'গল্পসমগ্র'। চতুর্থ সংস্করণ। কামিনী প্রকাশালয়, কলকাতা- ৯, মার্চ ২০১৭।

সহায়ক গ্রন্থ:

১. ডঃ রায় দিলীপ কুমার। বাংলা ছোটগল্প : বিচার ও বিশ্লেষণ'। প্রথম প্রকাশ। এস.এস.পাবলিকেশন, কলকাতা- ১২, এপ্রিল ২০১৫।

২. ডঃ আচার্য দেবেশ কুমার। 'বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)' তৃতীয় পরিবর্ধিত সংস্করণ। ইউনাইটেড বুক এজেন্সি, কলকাতা- ৯ মে ২০১২।

৩. চট্টোপাধ্যায় তপন কুমার। আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস। চতুর্থ সংস্করণ। প্রজ্ঞাবিকাশ পাবলিসার্স, কলকাতা- ৯, পুণর্মুদ্রণ- জানুয়ারি ২০১৯।

৪. ডঃ চট্টোপাধ্যায় পার্থ। বাংলা সাহিত্য পরিচয় ও সাহিত্যটীকা (প্রাচীন-মধ্য-আধুনিক যুগ)'। চতুর্থ পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ। তুলসী প্রকাশনী, কলকাতা- ৯ জুন ২০০৮।

30

রবীন্দ্র ছোটগল্পে কিশোর চরিত্র

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
সংযুক্তা দে (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

।।ক।।

রবীন্দ্র সাহিত্যে প্রকৃতির ব্যবহার বিচিত্র ও বহুল। বিশেষ করে তার ছোটগল্পে প্রকৃতির। ছবি অঙ্কিত হয়েছে আপন মহিমায়। রবীন্দ্রনাথ ঠাকুরের শিল্পচিন্তা ও চেতনায় প্রকৃতি অন্যতম এক অনুসঙ্গ। নানা কথামালায় তিনি বলেছেন প্রকৃতি ও পরিবেশের কথা। 'বলাই' নামক ছোটগল্পে রবীন্দ্রনাথ একজন স্বল্পবয়সী ছেলের রাড়ির সামনে একটি শিমূল গাছের প্রতি ভালোবাসাকে মোটা দাগে প্রকাশ করেছিলেন। 'বলাই' গল্পে রবীন্দ্রনাথ বলাইয়ের মধ্য দিয়ে যে প্রকৃতি প্রীতির পরিচয় দিয়েছেন তা বিশ্ব সাহিত্যে তুলনা মেলাভার। বলাই সম্পর্কে লেখক বলেছেন -

'ঐ ড্যাবা-ড্যাবা-চোখ মেলে সর্বদা- তাকিয়ে থাকা ছেলেটা বেশি কথা কইতে পারে না। তাই ওকে মনে মনে অনেক বেশি ভাবতে হয়।'[১]

পুবদিকের আকাশে কালো মেখ স্তরে স্তরে স্তম্ভিত হয়ে দাঁড়ায়। বলাইয়ের সমস্ত মনটাতে ভিজে হাওয়া যেন শ্রাবন অরন্যের গন্ধ নিয়ে ঘনিয়ে ওঠে। ঝমঝম করে বৃষ্টি পরে, ওর সমস্ত গা যেন শুনতে পায়, সেই বৃষ্টির শব্দ। ছাদের উপর বিকেলবেলাকার রোদ্দুর এসে পরে, মাঘের শেষে আমের বোল ধরে, তার একটা নিবিড় আনন্দ জাগে ওর রক্তের মধ্যে। রাত্রে বৃষ্টির পরে প্রথম সকালে সামনের পাহাড়ের শিখর দিয়ে কাঁচা সোনারঙের রোদ্দুর দেবদারুর উপর এসে পড়ে। কেউ গাছের ফুল তোলে এইটি ওর বড়ো বাজে। ওর বয়সের ছেলেগুলো গাছে ঢিল মেরে মেরে আমলকি পাড়ে, ও কিছু বলতে পারেনা। ওর সঙ্গীরা ছড়ি দিয়ে গাছগুলোকে মারতে মারতে চলে, ফস করে বকুলগাছের ভেঙে নেয়।- বলাই এসব দেখে কাঁদতে লজ্জা করে পাছে সেটাকে কেউ পাগলামী মনে করে। বলাইয়ের সবথেকে বেশি কষ্ট হয় ঘাসিয়াড়া সেদিন ঘাস কাটতে আসে। যেন বলাই বলতে চায় -

'আমি থাকব, আমি বাঁচব, আমি চিরপথিক, মৃত্যুর পর মৃত্যুর মধ্য দিয়ে অন্তহীন। প্রানের বিকাশ তীর্থে যাত্রা করব রৌদ্রে - বাদল, দিনে-রাত্রে।'[২]

বলাই একদিন দেখে তাদের বাগানের খোওয়া দেওয়া রাস্তাই একটি শিমূল গাছের চারা রাস্তার মাঝখানে উঠেছে। প্রতিদিন সে সেই চারাগাছে জল দেয়। সকালে বিকালে

ব্যাগ্র হয়ে দেখেছে চারাটি কতটুকু বেড়েছে। যখন হাতদুয়েক উঁচু হয়েছে তখন বলাই ওর পত্রসমৃদ্ধি দেখে ভাবলো এটা একটা আশ্চর্য গাছ। শিশুর প্রথম বুদ্ধির আভাস দেখবামাত্র মা যেমন মনে করে আশ্চর্য শিশু। বলাই ভাবলো -

'আমাকে ও চমৎকৃত করে দেবে।' 'আমি বললুম, 'মালীকে বলতে হবে, এটা উপরে ফেলে দেবে।'[৩]

একদিন এই মতৃহীন ছেলেটি কাকীর স্নেহের কোল ছেড়ে বাবার সাথে পাড়ী দেয় বিলেতে। আর তার শিমূল গাছের দায়িত্ব দিয়ে যায় তার কাকীর কাছে। ইতিমধ্যে গল্পকথক চিঠি আসে শিমূল গাছের ছবি তুলে তাকে পাঠানোর কথা লিখে। এভাবেই বৃক্ষপ্রেম বা প্রকৃতি প্রেম বলাইয়ের মধ্যে দিয়ে 'বলাই' নামক ছোটগল্পে ফুটে উঠেছে। আবার 'অতিথি' নামক ছোটগল্পে তারাপদ নামক চরিত্রের মধ্যদিয়ে প্রকৃতির আরেকরূপ ফুটে উঠেছে। সে বন্ধনভীরু কোথাও বাধা পড়া তার স্বভাব বিরুদ্ধ। তার চেহারার বর্ননা দিতে গিয়ে লেখক বলেন -

'গৌরবর্ণ ছেলেটিকে বড়ো সুন্দর দেখতে। বড়ো বড়ো চক্ষু এবং হাস্যময় ওষ্ঠাধারে একটি সুললিত সৌকুমার্য প্রকাশ পাইতেছে। পরিধানে একখানি মলিন ধুতি। অনাবৃত দেহখানি সর্বপ্রকার বাহুল্য বর্জিত।'[৪]

গৃহত্যাগী এই ছেলেটি যখন কাঁঠালিয়ার জমিদার মতিবাবুর নৌকায় করে নন্দীগ্রামে যাচ্ছিল তখন একসময় নৌকার ছাদের উপর পালের ছায়ায় গিয়ে আশ্রয় নিল। সেখান থেকে সে দূরবর্তী নদীতীরের অপরূপ প্রকৃতির শোভা দেখতে লাগল। পর্যায়ক্রমে ঢালু সবুজ মাঠ, প্লাবিত মাঠের ক্ষেত, গাঢ় শ্যামল আমনধানের আন্দোলন, মাঠ থেকে গ্রামাভিমুখী সংকীর্ণ পথ, ঘনবন বেষ্টিত ছায়াময় গ্রাম তার চোখে এসে ধরা দিল।

'এই জল-স্থল আকাশ, এই চারিদিকের সচলতা সজীবতা মুখরতা, এই উর্দ্ধ-অধোদেশের ব্যাপ্তি এবং বৈচিত্র এবং নিলিপ্ত সুদূরতা, এই সুবৃহৎ চিরস্থায়ী নির্নিমেষ বাক্যবিহীন। বিশ্বজগৎ তরুন বালকের পরমাত্মীয় ছিল।'[৫]

নদীতীরে বাছুর লেজতুলে ছুটছে। গ্রাম্য টাটুঘোড়া সম্মুখের দুই দড়ি বাঁধা পা দিয়ে লাফ দিয়ে ঘাস খেয়ে বেড়াচ্ছে। মাছরাঙা জেলের জাল বাধবার বংশদণ্ডের উপর ঝপ্ করে জলের মধ্যে ঝাপিয়ে মাছ ধরছে। ছেলেরা জলের মধ্যে পরে মাতামাতি করছে, মেয়েরা উচ্চকণ্ঠের সহাস্য গল্প করতে করতে জলে বসনাঞ্চল প্রসারিত করে দুই হাতে তা মার্জন করে নিচ্ছে, কোমর বাধা মেছুনিরা চুপড়ি নিয়ে জেলেদের কাছে মাছ কিনছে, এই সবই তারাপদ চিরনতুন অশ্রান্ত কৌতুহলের সহিত বসে বসে দেখে কিন্তু কিছুতেই তার দৃষ্টির পিপাসা নিবৃত্ত হয় না।

আবার কুড়ুলকাটায় নাগবাবুদের এলাকায় বিখ্যাত রথযাত্রার মেলায় যখন যায় তখন দেখে পূর্বদিগন্ত থেকে ঘনমেঘরাশি প্রকাণ্ড কালো পাল তুলে আকাশের মাঝখানে উঠে পড়ল, চাঁদ আচ্ছন্ন হল- পুবে আকাশ বেগে চলতে লাগল, মেঘের পিছনে মেঘ ছুটে চলল, নদীর জল খল খল হাস্যে স্ফীত হয়ে উঠতে লাগল। তারাপদ দেখতে পেল -

'নদীতীরবর্তী আন্দোলিত বনশ্রেনির মধ্যে অন্ধকার পুঞ্জীভূত হইয়া ভেক ডাকিতে আরম্ভ করিল, ঝিন্নিধ্বনি যেন করাত দিয়া অন্ধকারকে চিরিতে লাগিল।'

'সুভা' রবীন্দ্রনাথ প্রকৃতির প্রেক্ষাপটে সুভাকে অঙ্কন করে প্রকৃতির সাথে মিশিয়ে দিয়েছেন। প্রকৃতি ও সুভা যেন অদ্বৈত সত্তা। তাকে কেন্দ্র করে সমস্ত চরিত্র সমগ্র প্রতিবেশ, কাহিনী বিভিন্ন অংশ আবর্তিত হয়েছে। প্রকৃতির সঙ্গে তাকে সমার্থক দেখাবার জন্য তার মনোজগতের ভাষার পূর্ণতা দিয়েছেন প্রকৃতির সাযুজ্যে। সেই মুখবধির বালিকা সুভার সম্পর্কে বলা যায় -

*সে নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন এবং সঙ্গীহীন'

সুভার বাস চণ্ডীপুর গ্রামে, পাশ দিয়ে একটা ছোটনদী রয়েগেছে। তার উপরই সুভার পিতা বানীকণ্ঠের ঘর। তাঁর বাখারির বেড়া, আটচালা, গোয়ালঘর, ঢেঁকিশালা, খড়ের স্তুপ, তেতুলতলা, আম কাঠাল এবং কলার বাগান, সবই মাঝিবাহি - মাত্রেরই দৃষ্টি আকর্ষন করে, বোবা মেয়েটির ও দৃষ্টি আকর্ষন করে তাই যখনি অবসর পায় নদীতীরে গিয়ে বসে থাকে। প্রকৃতি যেন তাঁর ভাষায় অভাব পূরন করে দেয়। যেন তার হয়ে কথা বলে।

'নদীর কলধুনি, লোকের কোলাহল, মাঝির গান, পাখির ডাক, তরুর মর্মর'

এসবই যেন সেই বোবা মেয়েটির হয়ে কথা বলে। বড়োবড়ো চক্ষু পল্লব বিশিষ্ট সুভার যে ভাষা তা যেন বিশ্বব্যাপি বিস্তার করে ঝিল্লিরব পূর্ণ তৃণভূমি থেকে শব্দাতীত নক্ষত্রলোক পর্যন্ত কেবল ইঙ্গিত, ভঙ্গি, সংগীতক্রন্দন এবং দীর্ঘনিশ্বাস ফেলে। সুভার সাথে প্রকৃতিকে এক করে বলা যায় - 'রুদ্র মহাকাশের তলে কেবল একটি বোবা প্রকৃতি এবং একটি বোবা মেয়ে মুখোমুখি চুপ করিয়া বসিয়া থাকিত' - একজন সুবিস্তীর্ন রৌদ্রে আর একজন ক্ষুদ্র তরুছায়ায়।'[৬]

।।খ।।

'অতিথি' গল্পের তারাপদ এক অন্যরকম ছেলে। এমন ছেলে তারাপদকে ভালো না লেগে পারা যায় না। তারাপদ সম্পর্কে রবীন্দ্রনাথের কয়েকটি উক্তি উল্লেখ করা যায় - 'অজ্ঞাত বহিঃপৃথিবীর স্নেহহীন স্বাধীনতার জন্য তাহার চিত্র অশান্ত হইয়া উঠিত।'

'তারাপদ হরিন শিশুর মতো বন্ধনভীরু আবার হরিনের কতো সংগীত মুগ্ধ।'

'অন্তরের মধ্যে সে সম্পূর্ন নির্লিপ্ত ও মুক্ত ছিল।' সে এই সংসারের পঙ্কিল জলের উপর দিয়া শুভ্রপক্ষ রাজহংসের মতো সাঁতার দিয়া বেড়াইতো।

গল্পের পরতে পরতে ছড়িয়ে আছে তারাপদর বালা কৈশরের নির্বিকার নির্লিপ্ত চিত্তের ঔদাসিন্য ভাবধারা।

তারাপদর যখন অল্প বয়স তখন সে এক বিদেশী যাত্রার দলের সঙ্গে মিলে অকাতর চিত্তে গ্রাম ছেড়ে পলায়ন করল। সকলে খোঁজ করে তাকে গ্রামে ফিরিয়ে আনে। তাঁর মা তাকে বুকে চেপে ধরে অশ্রুজলে আর্দ্র করে দিল, তার বোনরা কাদল, বড় ভাই তাকে মৃদু রকম শাসন করার চেষ্টা করে শেষে অনুতপ্ত হয়ে অনেক প্রশ্রয় ও পুরষ্কার দিল। পাড়ার মেয়েরা তাকে ঘরে ডেকে প্রচুর আদর ও প্রলোভনে বাধা করতে চেষ্টা করল। কিন্তু 'বন্ধন, এমন কি স্নেহ বন্ধন ও তাহার সহিল না; তাহার জানক্ষেত্র তাহাকে গৃহহীন শেষবার সে এক জিমন্যাস্টিকের দলে জুটেছিল। সেখানে সে ভালো বাশি বাজাতে শিখেছিল। এই দল থেকে তার শেষ পলায়ন। অবশেষে তাঁর মতিবাবুর সহিত সাক্ষাৎ হয়। সে তাদের নৌকায় নন্দীগ্রামের উদ্দেশ্যে রওনা হয়। তারাপদ অনেকদিন নানা সম্প্রদায়ের সাথে যোগ দিয়ে অনেক মনোরঞ্জনী বিদ্যা আয়ত্ত করেছিল। একদিন সে মতিবাবু ও তার স্ত্রী কন্যাকে কুশলবের পাঁচালি পড়ে শোনালো। তার বাশির মতো সুমিষ্ট স্বর শুনে দাঁড়ি মাঝি সকলেই দাঁড়ের কাছে এসে ঝুঁকে পড়ল। যখন শেষ হল তার পর সকলে ব্যাথিত চিত্তে দীর্ঘনিশ্বাস ফেলে ভাবল এরমধ্যে শেষ হল কেন। মতিবাবুর গৃহে থাকার সময় তারাপদ ইংরাজি শিক্ষার প্রতি আগ্রহ জন্মাল। মতিবাবু গ্রামের স্কুলের হেডমাস্টার রামরতন বাবুকে তারাপদর ইংরাজি অধ্যপনাকাজে নিযুক্ত করল। তারাপদ প্রখর স্মরনশক্তি এবং অখণ্ড মনোযোগ দিয়ে ইংরাজি শিক্ষায় প্রবৃত্ত হল। মতিবাবু, তার স্ত্রী ও অন্যান্য অনেকেই তারাপদকে অত্যন্ত স্নেহ করিত। এই ভাবে দুবছর সে সেখানেই কাটালো। একসময় মতিবাবুর কন্যা চারুশশীর বিবাহের সময় উপস্থিত হয়। মতিবাবু ও তার স্ত্রী অন্নপূর্না দেবী স্থির করেন তারাপদর সাথে চারুশশীর বিবাহ দেবেন। কিন্তু তারাপদকে বাঁধবে কে? পৃথিবীর এমন কোন কঠোর বন্ধন নেই যে তারাপদকে বাধতে পারে। বিবাহের আয়োজন যখন প্রস্তুত তখন তারাপদর বিধাতাপুরুষ তাকে ডাকদিল নাগবাবুদের রথযাত্রার মেলাতে। স্নেহ-প্রেম-বন্ধুত্বের ষড়যন্ত্র 'বন্ধন' কে ছিন্ন করে সবার অলক্ষে বর্ষার রাত্রে বেড়িয়ে পরে রথযাত্রার উদ্দেশ্যে। পিছনে পরে থেকে মতিবাবু, অন্নপূর্ণার সাধ্যসাধনা। আর চারুশশীর জীবনের প্রথম প্রনয়। তাদের কাছে সে কেবল 'অতিথি' হিসাবেই চিহ্নিত হয়ে থাকল। রবীন্দ্র কবিতার ভাষায় -

ছুটি গল্পের ফটিক ছিল পিতৃহীন। দরিদ্র পরিবারে বিধবা মায়ের পক্ষে ঠিকমতো শৈশবের পরিচর্যা করাও সম্ভব হয় নি। সে হয়ে উঠেছিল দস্যি ছেলে, গায়ের সমবয়সী

ও ছোটদের দুষ্টুমীর দলপতি। দুষ্টুমির জন্য নালিশ আসত বাড়িতে। মায়ের তিরস্কার জুটত কপালে, যত্নের অভাবে পড়ালেখাতেও পিছিয়ে পড়ছিল সে। এমন ছেলেকে কিভাবে মানুষ করবে মা, এ নিয়ে দুশ্চিন্তা বাড়ছিল তখন একসময় ফটিকের বড়মামা আসে তাদের বাড়ি। মামা বিশ্বম্ভরবাবু ফটিকের পড়াশুনা ও মানসিক উন্নতির ব্যাপারে প্রশ্ন করলে। উত্তরে -

'ফটিকের অবাধ্য উচ্ছৃঙ্খলতা, পাঠে অমনোযাগী এবং মাখনের সুশান্ত সুশীলতা ও বিদ্যানুরাগের বিবরন শুনিলেন।

বিশ্বম্ভরবাবু ভগিনীর কষ্ট কমাতে ফটিককে সঙ্গে করে নিয়ে যায় তার কাছে। উদ্দেশ্য তাকে লেখাপড়া শিখিয়ে মানুষ করবে। কিন্তু মামীমা কিছুতেই তাকে ভালোভাবে নিল না। বিশেষত, তেরো-চৌদ্দ বৎসরের ছেলের মতো পৃথিবীতে এমন বালাই আর নেই। শোভাও নেই, কোনো কাজেও লাগেনা। স্নেহ ও উদ্রেক করেনা, তাহার সঙ্গ সুখ ও বিশেষ প্রার্থনীয় নহে।

'ফটিক দুষ্টু ছিল বটে কিন্তু খারাপ ছিল না। সে চেষ্টা করল প্রাণপন মামীমার মন জুগিয়ে চলতে কিন্তু ওর মন কিছুতে টলতো না। ফটিকের তখন অবস্থা হয়েছিল' pak 'ঘরের মধ্যে এইরূপ অনাদর, ইহার পর আবার হাফ ছাড়িবার জায়গা ছিল না। দেওয়ালের মধ্যে আটকা পড়িয়া কেবলই তাহার সেই গ্রামের কথা মনে পড়িত।'

প্রকাণ্ড একটা ধাউস ঘুড়ি নিয়ে বোঁ বোঁ শব্দে উড়ে বেড়ানোর সেই মাঠ, তাহার নাইরে নাইরে না' করে উচ্চস্বরে স্বরচিত রাগিনী আলাপ করে অকর্মন্যভাবে ঘুরে বেড়াবার সেই নদীতীর, দিনের মধ্যে যখন তখন ঝাপ দিয়ে পরে সাঁতার কাটার সেই স্রোতস্বিনী, সেইসব দল-বল উপদ্রব স্বাধীনতা এবং সর্বপরি সেই অত্যাচারিনী, অবিচারিনী মা অহর্নিশি তার নিরুপায় চিত্তকে আকর্ষন করত। একদিন ফটিক আর না থাকতে পেরে তার মামাকে জিজ্ঞাসা করে ফেলে যে-

'মামা মার কাছে কবে যাব' মামা বলিয়াছিলেন স্কুলের ছুটি হোক।'

একদিন প্রাতঃকালে ফটিককে আর দেখা গেলনা। সেদিন রাত্রে মুষলধারে শ্রাবনের বৃষ্টিতে ভিজে পুলিশের সহায়তায় বাড়ি ফেরে। ফটিক জ্বরের মাথায় প্রলাপ বকতে লাগল। ফটিক তার রক্তবর্ন চক্ষু একবার উন্মিলিত করে কড়িকাঠের দিকে তাকিয়ে বলল তার মামাকে তার ছুটি হয়েছে কিনা। কারন সে মার কাছে যাবে। বিশ্বম্ভরবাবু তার রোগশয্যার পাশে বসে থাকে। ফটিক খালাসিদের মতো সুর করে বলতে লাগে জ্বরের ঘোরে -

"এক বাও মেলে দো বাও মেলে না -

এ- এ না।'

কলকাতার বিশ্বম্ভর বাবুর বাড়ি আসার সময় স্টিমারে খালাসিরা কাছি ফেলে সুর করে জল মাপত। ফটিক প্রলাপের ঘোরে তাদের অনুকরনে করুন স্বরে জল মাপছে, আর অকূল সমুদ্রে যাত্রা করছে। বালক রশি ফেলে কোথাও তার তল পাচ্ছে না। এমন সময় তার মা ঝড়ের মতো ঘরে ঢুকে শোক করতে লাগল। তিনি শয্যার উপর আছাড় খেয়ে উচ্চস্বরে ডাকলেন 'ফটিক, সোনা, মানিক আমার। ফটিক আস্তে আস্তে পাশ ফিরে কাউকে লক্ষ না করে মৃদুস্বরে বলে-

'মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।"[৭]

।।গ।।

'পোষ্টমাষ্টার গল্পে রতন মাত্র ৮-৯ বছরের মেয়ে পুতুল খেলার বয়স। কিন্তু দারিদ্রের কারনে তাকেও কাজ করে খেতে হয়। তার সেকালে মেয়েদের অল্প বয়সে বিয়ে হত। অল্প বয়সেই গৃহস্থলির কাজকর্ম শিখতে হত। ঐ বয়সে রতন গায়ের পোষ্টমাস্টারের গৃহকর্ম করত। রান্নাবান্না থেকে ঘরদোর গোছানো, বাবুর তামাকটি সেজে দিত। পোষ্টমাষ্টার ডাকিতেন -

'রতন' রতন দ্বারে বসিয়া এই ডাকের জন্য অপেক্ষা করিয়া থাকিত, কিন্তু এক ডাকেই ঘরে আসিত না, এমনকি কলকাতার বাবু গ্রামে এসে জ্বরে পড়লে তাঁর সেবাও করেছে, পথ্য রেধে খাইয়েছে, ঔষধ দিয়েছে। আর বড়দের মতো প্রায় একজন মায়ের মন নিয়ে উৎকণ্ঠার সঙ্গে পোষ্টমাষ্টারের আরোগ্যের জন্য ধৈর্য ধরে সয়েহে সেবা করে গেছে। এমন ভাবে একটা মানুষের কাজ করলে সে তো আর কেবল বাঁধা দার্সিটি থাকে না। সবতাতে সে মন লাগিয়েছে। তাই পোষ্টমাষ্টার রতনের ছোট্ট জীবনেও তার মনে গভীরভাবে স্থান করে নিয়েছিল। পোষ্টমাষ্টারের মন ছুঁয়েছিল সে।

কিন্তু শহরের পোষ্টমাষ্টার চেষ্টা তদ্বির করে শহরে বদলি নিলেন। তা শুনে রতনের বক্তব্য -

'দাদাবাবু, আমাকে তোমাদের বাড়ি নিয়ে যাবে?

পোষ্টমাষ্টারের উত্তর -সে কি করে হবে।

অবশেষে পোষ্টমাষ্টার যাওয়ার সময় বলে আমি যাচ্ছি বলে তোকে কিচ্ছু ভাবতে হবে না। তার জায়গায় আরেকজন লোক আসবে। এই কথাগুলি স্নেহগর্ভ এবং দয়ার্দ্র হৃদয় থেকে উত্থিত বিষয় সে সম্পর্কে সন্দেহ নেই। কিন্তু নারী হৃদয় কে বিঝবে। রতন একেবারে উচ্ছসিত হৃদয়ে কাদিয়া উঠল। পোষ্টমাষ্টার যাওয়ার আগে তাকে কিছু পথখরচ বাবদ দিতে চাইলে রতন বলে -

"দাদাবাবু তোমার দুটি পায়ে পড়ি তোমার আমাকে কিচ্ছু দিতে হবেনা; তোমার দুটি পায়ে পড়ি, আমার জন্য কাউকে কিচ্ছু ভাবতে হবে না।"[৮]

পোষ্টমাষ্টার নৌকায় উঠিল ও নৌকা ছাড়িয়া দিল। একটি সামান্য গ্রাম্য বালিকার করুন মুখচ্ছবি বিশ্বব্যাপি বৃহৎ অব্যাক্ত মর্মব্যাথা প্রকাশ করতে লাগল। কিন্তু রতনের মনে কোনো তত্ত্বের উদয় হল না। সে সেই পোষ্ট অফিসের গৃহের চারিদিকে কেবল অশ্রুজলে ভেসে ঘুরে ঘুরে বেড়াচ্ছিল। মনে হয় তার মনে ক্ষীন আশা ছিল, দাদাবাবু যদি ফিরিয়া আসে। অবশেষে একদিন সমস্ত নাড়ী কেটে হৃদয়ের রক্ত শুষে সে পলায়ন করে, তখন চেতনা হয় এবং দ্বিতীয় ভ্রান্তিপাশে পড়বার জন্য চিত্ত ব্যাকুল হয়ে ওঠে।

'মেঘ ও রৌদ্র' গল্পে গিরিবালাকে দেখা যায় বাইরে গ্রামের পথে একটি ডুরে-কাপড় পরে আঁচলে গুটি কয়েক কালোজাম নিয়ে একে একে নিশ্বেষ করছে এবং অধ্যায়নরত শশীভূষনের মনোযোগ আকর্ষনের চেষ্ঠা করছে। ক্ষিনদৃষ্টি সম্পন্ন শশীভূষন যখন তাকে দেখতে পায় তখন হাসা মুখে ডাকে গিরিবালা বলে। গিরিবালা অবিচলিত ভাবে নিজের আঁচলের মধ্যে জাম পরিক্ষাকার্যে সম্পূর্ন অভিনিবিষ্ট থেকে মৃদুগমনে আপন মনে এক এক পা করে চলতে থাকে। তখন ক্ষীনদৃষ্টি সম্পন্ন শশীভূষনের বুঝতে বাকী থাকেনা কোন একটি অজ্ঞাত কারনে তার অপরাধের দণ্ডবিধান হয়েছে। গিরিবালার নিজের বাগানের ফল অন্যের দরজার সামনে এসে খাওয়ার কি অর্থ তা ঠিক বোঝা গেল না। শশীভূষন এসে তার হাত ধরলে সে হাত ছাড়িয়ে নেয়, তারপর আঁচলের জাম মাটিতে ফেলে ছুটে চলে যায়।

গিরিবালা তার ভাইদের কাছে পড়া শিখবার প্রস্তাব দিলে তারা সে কথার কর্ণপাত করে না। শশীভীষন গিরিবালাকে লেখাপড়া শেখানো আরম্ভ করল। দুই বৎসরের মধ্যে গিরিবালা ইংরেজি ও বাংলা বর্নমালা শিখে দু-চারটি সহজ বই পড়ে ফেলল। শশীভূষন ম্যাজিস্ট্রেটের সঙ্গে হাঙ্গামা নিয়ে ব্যাস্ত ছিল। সে তখন বিস্তৃত পুঁথিপত্র থেকে আইন উদ্ধার করছে। একদিন ম্যাজিস্ট্রেটের সঙ্গে তার মকদ্দমা মিটে গেল। তারপর তার খেয়াল হল গিরিবালা আসেনি। হরকুমার গিরিবালার বিবাহ স্থির করেছিল। জেলার পুলিশ-সুপারিন্টেণ্ডেন্টের সাথে মাঝিদের ঝামেলায় শশীভূষনের পাঁচ বছরের জেল হয়। জেল থেকে বেড়বার পর জীবন যাত্রার বিচ্ছিন্ন সূত্র আবার কোথা থেকে আরম্ভ করবেন তা ভাবছেন এমন সময় এক ভৃত্য এসে জিজ্ঞাসা করলেন 'আপনার নাম শশীভূষন?' সে আরো বলে যে তার প্রভু তাকে ডাকছেন। সেদিন মেঘ ও রৌদ্র আকাশময় পরস্পরকে শিকার করে ফিরতেছিল। একদল বৈষ্ণব ভিক্ষুক গুপিযন্ত্র ও খোলকরতাল যোগে গান গাইছিল -

‘এসো এসো ফিরে এসো নাথ হে, ফিরে এসো!

আমার ক্ষুধিত ভূষিত তাপিত চিত্ত,

বঁধু হে, ফিরে এসো।'[৯]

ভৃত্যের নির্দেশে বাড়িতে প্রবেশ করে দেখে সেখানে কাচের আলমারিতে বিচিত্র মলাটের সারি সারি বই সাজানো। টেবিলের উপর সে দেখল -

*স্লেটের কাঠের ফ্রেমের উপর শশিভূষনের হস্তাক্ষরে কালি দিয়া খুব মোটা করিয়া লেখা - গিরিবালা দেবী।

রূপার থালায় ফলমূল মিষ্টান্ন রেখে গিরিবালা অদূরে দাড়িয়ে থাকল। তিনি মস্তক তুলতেই বিধবাবেশ ধারিনী গিরিবালা তাকে নতজানু হয়ে ভূমিষ্ট করল। আর দুরে কীর্তনের দল গাইতে লাগল - এসো এসো হে!

তথ্যসূত্র :

1. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / বলাই',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -৬৪৫
2. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / বলাই',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -৬৪৬
3. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / বলাই',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -৬৪৭
4. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / অতিথি',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -২৭২
5. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / অতিথি',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -২৭৫
6. ঠাকুর রবীন্দ্রনাথ -'গল্পগুচ্ছ / অতিথি',শুভম পাবলিশার্স, ২০০৭, পৃষ্ঠা নং -২৮৩
7. রবীন্দ্রনাথ - 'গল্পগুচ্ছ / সুভা ', শুভম পাবলিশার্স, ২০০৭,পৃষ্ঠা নং -১১৮
8. রবীন্দ্রনাথ - 'গল্পগুচ্ছ / সুভা ', শুভম পাবলিশার্স, ২০০৭,পৃষ্ঠা নং -১১৯
9. রবীন্দ্রনাথ - 'গল্পগুচ্ছ / সুভা ', শুভম পাবলিশার্স, ২০০৭,পৃষ্ঠা নং -১১৯

গ্রন্থপঞ্জি :

আকর গ্রন্থ:

1. ঠাকুর রবীন্দ্রনাথ। 'গল্পগুচ্ছ', শুভম পাবলিশার্স, কলকাতা - ৭৩, ২০০৭,
2. ঠাকুর রবীন্দ্রনাথ। 'রবীন্দ্ররচনাবলী'। কুমকুম ভট্টাচার্য বিশ্বভারতী গ্রন্থন বিভাগ। কলকাতা - ১৭। দ্বাদশ খণ্ড।

সহায়ক গ্রন্থ :

1. বন্দ্যোপাধায় অসিত কুমার। 'বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত' নতুন সংস্করন -২০০৬- ০৭। মডার্ন বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড। কলকাতা ৭০০০০৭৩, পুনমুদ্রন : ২০১৩-১৪।
2. রায় সুশীল। শিশু শিক্ষা ও শিশু মনোবিদ্যা, শোভা পাবলিশার্স,কলকাতা - ৭০০০০৯, ২০১২
3. ড. দাসমোহান্ত স্বাগতা। 'বিষয় : রবীন্দ্রনাথ'। দেবাশীষ ভট্টাচার্য বঙ্গীয় সাহিত্য সংসদ। কলকাতা -০৯।

31

মৃত্যু চেতনা : প্রসঙ্গ রবীন্দ্রনাথ ঠাকুর

সুদেব বিশ্বাস (সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, গোবরডাঙ্গা হিন্দু কলেজ)
প্রীতম মণ্ডল (এম. এ. বাংলা, শিক্ষার্থী)

মৃত্যুনিয়ে চিন্তা ভাবনার শুরু জ্ঞানের উন্মেষ কাল থেকেই। মানুষ যে সময় ভাবতে শুরু করেছে; তখন থেকেই তার ভাবনার সঙ্গে যুক্ত হয়ে গেছে মৃত্যু। মানুষ জীবন নিয়ে যতনা ভেবেছে তার শতগুন বেশী ভেবেছে মৃত্যু নিয়ে। প্রতিটি মানুষেরই চেতনা ও অবচেতনা মনের মাঝের স্তরে শিশুকাল থেকে প্রায় বৃদ্ধ বয়স অবধি এটা অবদমিত ও প্রাদায়ক, মৃত্যুর আতঙ্ক বিদ্যমান থাকে। এই আতঙ্ক থেকে মানুষের মধ্য সৃষ্টি হয়েছে ভীতি। মানুষের চিন্তা যেদিন মৃত্যুর আতঙ্ক জয় করতে পারবে সেদিন মৃত্যুর জয়ের অভীয়া দূর হবে। এবং মৃত্যুকে মানুষের জীবনের এক PASING PHASE হিসাবে গ্রহন করতে পারবে এই আতঙ্ক দূর করতে প্রয়োজন মৃত্যুর স্বরূপ সম্পর্কে সম্যক জ্ঞানলাভ ও মানবজীবনে তার প্রয়োজনীয়তা অনুধাবন করা।

রবীন্দ্রনাথ ঠাকুরের 'ব্যক্তি জীবনে ও সাহিত্যে রবীন্দ্রনাথের মৃত্যুচেতনা' বিষয়ে অনু গবেষণা করতে গিয়ে গবেষণার সুবিধার্থে বিষয়টিকে প্রধান চারটি ভাগে ভাগ করেছি-

১) ব্যক্তিগত জীবনে মৃত্যুর প্রভাব

২) মৃত্যু যখন কাব্যকবিতার ভিতর দিয়ে

৩) রবীন্দ্রনাথের গানের সুরে মৃত্যু চেতনা

৪) গল্পের মধ্যে মৃত্যু চেতনা

রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যক্তিজীবনে ও সাহিত্যে মৃত্যু চেতনা প্রকাশ পর্যায়ের আমি আমার অনু গবেষণা পত্রে ক্ষুদ্র পরিসরে দেখানোর চেষ্টা করলাম।

।।১।।

ব্যক্তিগত জীবনে মৃত্যুর প্রভাব:

খামখেয়ালের বশে বা ব্যক্তিগত কোন 'তুহু মম শ্যাম সমান' গোছের শৌখিন মুমূর্শী থেকে মৃত্যুকে দেখেননি রবীন্দ্রনাথ আত্মহত্যার সঙ্গে রবীন্দ্রনাথের যোগ সূত্র তার প্রথম যৌবনে স্থাপিত হয়। কাদম্বরির রহস্যময় আত্মঘাতের আট বছরের মাথায় রবীন্দ্রনাথ 'জীবিত ও মৃত' গল্পে সেই ঐতিহাসিক পংক্তি লেখেন। যাকে নিছক শ্লেষ

কৌতুক মনে করার কারমনেই। মৃত্যু ও অমঙ্গলবোধ নিয়ে আকৌশর আমৃত্যু যিনি সবিতক্র সমাধিতে মগ্ন থেকেছেন; ২১শে শ্রাবন ১৩৪৮-এ দেহত্যাগের ১৫ ঘন্টা আগে লিখেছিলেন:

"জীবনের মিথ্যা এ কুহক-
শিশুকাল হতে বিজড়িত পদে পদে এই বিভীষিকা
দুঃখের পরিহাসে ভরা।
মৃত্যুর নিপুন শিল্প বিকীর্ণ আঁধারে"[১]

রবীন্দ্রনাথ ১৪ থেকে ৮০ বছরের মধ্যে শুধুমাত্র পরিবার জীবনে 'মৃত্যুর নিপুন শিল্প' প্রত্যক্ষ করেছেন ১৭টি। এর সাথে প্রিয়বন্ধুদের বিয়োগ যোগ করলে তার শোক মিছিল হয় দীর্ঘায়ত। শুধুমাত্র এখানে আমরা তার স্বজন হারানো মৃত্যু বিভীষিকার তালিকা উল্লেখ করা হল:

।**এক**। মা সারদা দেবীর মৃত্যু : ১০ মার্চ ১৮৭৫, কবির বয়স ১৪

।**দুই**। সারদা পরসাদের মৃত্যু : ১৮৮৩

।**তিন**। বৌঠাকরুন কাদম্বরীদেবীর আত্মহত্যা: ১৯এপ্রিল, ১৮৮৪

।**চার**। মেজদা হেমন্দ্রনাথের মৃত্যু : ৫ই জুন ১৮৮৪

।**পাঁচ**। ভাইপো বলেন্দ্রনাথের মৃত্যু : ১৮৯৯

।**ছয়**। মৃনালিনী দেবীর মৃত্যু : ১৯০২, ২৯ বছর বয়সে

।**সাত**। মেজ মেয়ে রেনুকার মৃত্যু: ১৯০৩

।**আট**। পিতা দেবেন্দ্রনাথের মৃত্যু : ১৯০৫

।**নয়**। রেনুকার স্বামী ডাঃ সত্যেন্দ্রনাথ ভট্টাচার্যের মৃত্যু : ১৯০৬ নভেম্বর ১৯১৮

।**দশ**। পুত্র শমীন্দ্রনাথের মৃত্যু : ১৯০৭ ডিসেম্বর

।**এগারো**। প্রথম সন্তান, অতি আদরের বেলা (মাধুরীলতা)-র মৃত্যু:১৯১৮

।**বার**। দিদি সৌদামিনীর মৃত্যু : ১৯২০

।**তেরো**। দাদা সোমেন্দ্রনাথের মৃত্যু : ১৯২২

।**চোদ্দ**। দিদি শরৎ কুমারীর মৃত্যু : ১৯২৫

।**পনেরো**। নাতি নীতিন্দ্রনাথের মৃত্যু : ১৯৩২

।**ষোল**। ভাইপো দিনেন্দ্রনাথের মৃত্যু: ১৯৩৫, যিনি ছিলেন রবীন্দ্রসঙ্গীতের সুরকার

।**সতেরো**। ভাইপো সুরেন্দ্রনাথের মৃত্যু: ১৯৪০

শৈশবের রবীন্দ্র জীবনে প্রথম মৃত্যুর স্পর্শ আসে মা সারদা দেবীর মৃত্যুতে। ২৭শে ফাল্গুন ১২৮১ ১০ই মার্চ, ১৮৭৫। তখন কবির বয়স ১৪ বছর। মায়ের মৃত্যুর রবীন্দ্র নাথের অনুভূতিকে সেভাবে নাড়া দেয়নি। কেননা তাঁর আক্ষেপ ছিল 'মা কিজিনিস তা ভাবলুম কই? কিন্তু মধ্য বয়সে 'জীবনস্মৃতি' তে সেই প্রথম পাওয়া মৃত্যুশোকের বর্ননা দিয়েছেন রবীন্দ্রনাথ-

"প্রভাতে উঠিয়া তখন মার মৃত্যুর সংবাদ শুনলাম তখনো সে কথাটার অর্থ সম্পূর্ন গ্রহন করিতে পারিলাম না। ---

সেদিন প্রভাতের আলোকে মৃত্যুর যেরূপ দেখিলাম তা সুখ শুক্তির মতোই প্রশান্ত ও মনোহর। কেবল যখন তাঁহার দেহ বহন করিয়া বাড়ির সদর দরজার বাহিরে লইয়া গেল এবং আমরা তাহার পশ্চাতে পশ্চাতে শ্মাশানে চলিলাম তখনই শোকের সমস্ত ঝড় যেন একেবারে একদমকায় আসিয়া মনের ভিতরটাতে এই একটা হাহাকার তুলিয়া দিল যে, এই বাড়ির এই দরজা দিয়া মা আর একদিনও তাহার নিজের এই চিরজীবনে খরকল্পনার মধ্য আপনার আসনটিতে আসিয়া বসিবে না।"[২]

মৃত্যুর সাথে রবীন্দ্রনাথের প্রথম স্থায়ী পরিচয় ঘটে বৌঠাকরুন কাদম্বরীদেবীর মৃত্যুতে। রবীন্দ্রনাথের বাল্য কৌশোরের প্রিয় সহচর কাদম্বরী প্রয়াত হন রবীন্দ্রনাথের বিয়ের চারমাস পরে ১৯শে এপ্রিল, ১৮৮৪। একাকীত্ব অপমান, পারিবারিক পীড়ন প্রনয় দহন তাকে ঠেলে দেয় আত্মহত্যার পথে। কিন্তু এই মৃত্যুর 'প্রয়ার ছায়া' তাঁর সমগ্র জীবন আকাশে আজীবন ভেসে বেড়িয়েছে।

ঠাকুরবাড়িতে এরপরেও মৃত্যু তাঁর প্লাম্বিত ছায়া ফেলেছে। এর মধ্যে ১৯২৩-এ ইতালি থেকে ভারত প্রত্যাবর্তন কালে দুর্ঘটনায় মারা গেলেন পিয়ার্সন। শোকসন্তপ্ত কবি কয়েক বছর বাদেই আবারও মৃত্যু হলো স্নেহভাজন ভ্রাতুষ্পুত্র সুধীন্দ্রনাথের, ৮ই নভেম্বর ১৯২৯-এই রবীন্দ্রনাথ ইন্দ্রিয়া দেবীকে লিখেছেন-

"আজ সকালে সুধী-র হঠাৎ মৃত্যু হয়েছে। ..... তিনদিন আগে খুব
হাঁপানীতে কষ্ট পাচ্ছিল। আমার কাছ থেকে অসুধ খেয়ে সেটা সেরে
যায়। তার পরেই আজ হঠাৎ এই বীপপ।[৩]

বিশ্বভারতীর বিবিধ কর্মযোগ্যে নিবিড় ভাবে আত্মমগ্ন ছিলেন দিনেন্দ্রনাথ। ১৯৩৫-এ ১৭ই জুলাই কবি দীনেন্দ্রনাথের আকস্মিক প্রয়ানের খবর পেলেন রবীন্দ্রনাথ। সেইদিন সন্ধ্যায় মন্দিরে অভিভাষন দিলেন শোকতপ্ত রবীন্দ্রনাথ, -

"আমার কবি প্রকৃতিতে আমি যে গান করেছি সেই গানের বাহন ছিলেন দীনেন্দ্রনাথ। অনেকে এখান থেকে গেয়েছেন সেবাও করেছেন। কিন্তু রূপ নেই বলে ক্রমশ তরা বিস্মিত হয়েছেন। ..... বর্ষে বর্ষে নানা উপলক্ষে উৎসবে আয়োজন চলবে, ততদিন তাঁর স্মৃতি বিলুপ্ত হতে পারবেনা, ততদিন তিনি আশ্রমকে অভিগত করে থাকবেন- আশমের ইতিহাসে তার কথা ভুলবার নয়।"[৪]

রবীন্দ্রনাথের বয়স তখন ৭১। জন্মদিনের উৎসব শেষ হবার পরদিন মংপুতে বসে আছেন রবীন্দ্রনাথ ৩রা মে ১৯৪০ সুকান্ত বাবু রবীন্দ্রনাথ-কে খবর দিলেন প্রিয় সুরেন্দ্রনাথ আর বেঁচে নেই। জীবনের উপান্তে মৃত্যুর শোক কবিকে মূহ্যমান করতে চাইল। কিন্তু এক্ষেত্রে মৃত্যু ব্যর্থ হলো কবির কাছে। কেননা যে অনন্তে বিশ্বাসী কবি, মৃত্যুর মধ্যেও কবি তার আস্বাদন তিনি পান। তার সমগ্র ব্যাক্তিজীবনে জুড়ে আছে যে মৃত্যুশোক নদীর স্রোতের মতো প্রবাহিত হয়েছে তাকেই তিনি সৃষ্টিক্ষম করেতুলেছেন তাঁর সাহিত্য।

।।২ ।।

মৃত্যু যখন কবিতার ভিতর দিয়ে আঘাতে আঘাতে, বেদনায় বেদনায় জীবনকে প্রত্যক্ষ করেছিলেন রবীন্দ্রনাথ। আমৃত্যু দুঃখের তপস্যাকে ব্রত করেছিলেন তিনি এই অভিযাত্রার স্ফুরণ শুরু হয়েছিল অনেক আগে। 'খেলারচ্ছলে' কবিতা লেখার পরিসরেই রবীন্দ্রনাথ লিখেফেলেন 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'। এই পদাবলীরই মরণ 'মরণ" শীর্ষক কবিতায় তিনি অনুভব করলেন মৃত্যুকেও জীবনে সমান। ভাবে আস্বাদন করা যায়। 'মরণ' কবিতায় তাঁর উচ্চারণ-

"মরণ রে,
তুহু মম শ্যামসমান।

- মৃত্যু-অমৃত করে দান। তুহু মম শ্যামসমান।"* *

মৃত্যুর মধ্যে যে আজীবন অমৃতের আস্বাদন করেছেন কবিতার লক্ষন 'সন্ধ্যাসংগীত'-এ আরো সচেষ্ট হয়ে উঠেছিল। 'তারকার আত্মহত্যা'-য় কবির বাসনা ছিল সেই মৃত তারাটির পাশে আশ্রয় লাভ করবার-

"হৃদয়, হৃদয় মোর, সাধ কিরে যায় তোর
ঘুমাইতে ওই মৃত তারাটির পাশে
ওই আধার সাগরে

ওই গভীর নিশীথে
ওই অতল আকাশে।'

জীবন ও মৃত্যুর মধ্যকার যে সূক্ষ রেখাগুলি তা স্পষ্ট হয়েছিল রবীন্দ্রনাথের কাছে- হঠাৎ-ই একদিন সকালে সূর্যদ্বয়ের মুহুর্তে সদরস্ট্রীটে দাঁড়িয়ে উপলব্ধি করলেন জগতের অনন্তরূপ জগত তার কাছে মেলে ধরল প্রানের প্রাচুর্য নিয়ে।

'কড়ি ও কোমল' (১৮৮৬) এর কবিতাগুলির মধ্যে কবির গভীর মৃত্যুচিন্তা কাজ করেছে। 'কড়ি ও কোমল'-এর ভূমিকায় কবির মন্তব্য করেছেন- "কড়ি ও কোমল যৌবনের রসোচ্ছাসের সঙ্গে আর একটি প্রবন প্রবর্তনা প্রথম আমার কাব্যকে অধিকার করেছে, যে জীবনের পথে মৃত্যুর আবির্ভাব। যারা আমার কাবা মন দিয়ে পড়েছেন তাঁরা নিশ্চয় লক্ষ্য করে থাকবেন এই মৃত্যুর নিবিড় উপলব্ধি আমার কাব্যের এমন একটি বিশেষ বিশেষ ধারা, নানা বানীতে যার প্রকাশ। কড়ি ও কোমলেই তার প্রথম উদ্ভব।"

'কড়ি ও কোমল' কাব্যের 'বিরহীর পত্র' কবিতায় কবি লিখেছেন-

"মৃত্যু যেন মাঝে মাঝে দেখা দিয়ে যায়,
পাঠায় সে বিরহের চর।"

রবীন্দ্রনাথের 'সোনারতরী' (১৮৯৪) কাব্যের 'প্রতীক্ষা' কবিতায় মৃত্যু ভাবনাই মূল বিষয়। মৃত্যু এখানে মধুর ও শ্রেয়। মৃত্যুকে বন্ধুরূপে কবি এখানে ব্যক্তিত করেছেন- "গো মৃত্যু, ওগো প্রিয়, তবু থাক কিছুকাল ভুবন মাঝারে।" কবি 'ঝুলন" কবিতায় বলেছেন যে, তিনি প্রনের সাথে আজ মরণ খেলা খেলবেন। কবি 'যেতে নাহি দিব' কবিতায় বলেছেন যেতে নাহি দিব, তবু যেতে দিতে হয়। আবার 'বিশ্বনৃত্য' কবিতায় মৃত্যু সম্পর্কে সেই আমি তাই ঘোষিত হয়েছে দার্শনিক উদাসিনতায়-

"ওই কে বাজায়, দিবস-নিশায়
বসি অনতর আসনে।
কালের যন্ত্রে বিচিত্র সুর-

মৃত্যু শেষও নয়, শোকও নয়-মৃত্যু জীবনের ছন্দ, Its rhythm of Universe. জীবনের শেষ বেলায় কবি মৃত্যু-জীবন সম্পর্কে নিদ্বন্দ,স্থির। মৃত্যু যত বড়োই হোক সে জীবনের চেয়ে কখনোই বড়ো নয়-

"যত বড়ো হও তুমিতো মৃত্যুর চেয়ে বড়ো নও। আমি মৃত্যু-চেয়ে বড়ো এই শেষ কথা বলে যাব আমি চলে।"

জন্মদিনের মুহূর্তে কবি পৃথিবীতে আসা মাত্রই যাওয়ার চিহ্ন তার ললাটে লেপন হয়ে গিয়েছে এই প্রত্যয়ে এসে পৌঁছেছেন 'শেষসপ্তক (১৯৩৫) 'পঁচিশে বৈশাখ, কবিতায় কবি সেই বিদায়েরই বিষন্ন সুর শুনতে পেয়েছেন। শুনিয়েছেন অন্যদেরকে-

"তার পরে দাও আমাকে ছুটি জীবনের কালো-সাদা সূত্রে গাঁথা সকল পরিচয়ের অন্তরালে, রবীন্দ্রনাথকে ৩০ জুলাই অস্ত্রোপাচার করতে আসেন ললিত কুমার বন্দ্যোপাধ্যায়। অপারেশনের কিছু পূর্বে কবি তাঁর জীবনদেবতার উদ্দেশ্যে শেষ অর্থ নিবেদন করেন- "তোমার সৃষ্টির পথ রেখেছে আকীর্ণকরি বিচিত্র ছলনাজালে, হে ছলনাময়ী, অনায়াসে যে পেয়েছে ছলনা সহিতে সে পায় তোমার হাতে শান্তির অক্ষয় অধিকার।" অপারেশনের পর কয়েকদিনের মধ্যে শরীরের গতি সম্পূর্ন পরিবর্তিত হয়ে যায়। অবশেষে রাখীপূর্ণিমার অবসানে ১৯৮৪ সালের ২২শে শ্রাবন (৭ আগষ্ট ১৯৪১) বেলা ১২.১০ মিনিটে কবি অমৃত লোকের উদ্দেশ্যে যাত্রা করেন।

জীবনের পরতে পরতে বহু দুঃখ, শোক কবি পেয়েছেন। তবু উপনিষদের আনন্দ মন্ত্রটি তিনি বারবার উচ্চারন করেছেন। তার মধ্যে লাভ করেছেন প্রশান্তি। তাই কবি তার সমগ্র কাবিতা পরিক্রমায় বারবার মৃত্যু দর্শন করিয়েও আমাদের পৌঁছে দিলেন 'সন্মুখে শান্তি পারাবারে', উছলানো মরণ যেখানে আমাদের পৌঁছে দেয় অনন্ত শান্তির রাজ্যে। এই বোধই মরন হতে জেগে ওঠার পৌনপুনিক প্রেরনাকে উজ্জীবিত করে দেয়।

।।৩ ।।

রবীন্দ্রনাথের গানে মৃত্যুচেতনা।।

'পূরবী' কাব্য রচনাকালে রবীন্দ্রনাথ খাতার পাতায় বিচিত্র রেখার অঙ্কনে আবিষ্কার করে ফেলেছিলেন তাঁর চিত্রকর স্বরূপকে। সেই সময়ই মনে হয়েছিল এই শিল্প পাশ্চাত্য মানুষের জন্য। আর গান থাকবে প্রাচ্যে। তাঁর কথাতে 'আমার ছবি ও গান' সমুদ্রের দুইতীরে ও দুই নীড়ে ভিন্ন বাসায় থাকবে। কথা যেখানে পৌঁছাতে পারে না, গান সেখানে পৌঁছোয় অবলীলায়। তার আরাধ্য জীবনদেবতার থেকে যখন তিনি দূরে চলে গেছেন, তখনই মৃত্যুর যন্ত্রনা, দুঃখের দাহ তাকে পীড়িত করেছে। এই মৃত্যু ও দুঃখ চেতনায় তাঁর গানের প্রধান অবলম্বন-

"মৃত্যু সেধরে মৃত্যুর রূপ দুঃখ সে হয় দুঃখের কূপ
তোমা হতে যবে স্বতন্ত্র হয়ে আপনার পানে চাই।"

'আজন্ম দুঃখের তপস্যা' যে কবির, যিনি জীবদ্দশায় একটির পর একটি মৃত্যু প্রত্যক্ষ করেছেন- তাকেই আত্মস্থ করে নিয়েছিলেন। সংসারে জন্ম, মৃত্যুর লীলা খেলায় মানুষ যেভাবে আন্দোলিত হয় তাকেই খুব কাছ থেকে প্রত্যক্ষ করেছিলেন। সেই ছন্দের মধ্যেই একদিকে রয়েছে মৃত্যুর দ্যোতনা, অন্যদিকে জন্মান্তরের অতুলন রহস্য।

"সাহি কান্না হীরাপান্না দোলে ভালে,
কাপে ছন্দে ভালো মন্দ তালে তালে। নাচে জনা, নাচে মৃত্যু পাছে পাছে
তাতা থৈথৈ, তাতাথৈথৈ, তাতা থৈথৈ।"

বাইরে যে 'আমি দুঃখে-সুখে নিত্য নাচে, ঢেউয়ের অভিঘাতে দোল খায়-যে কবির নিত্য সত্তা নয়, তার অন্তরঙ্গ স্বরূপ দেবেন্দ্রনাথের 'ব্রহ্মধর্ম' গ্রন্থের 'নবমোধ্যায়'র প্রথম শ্লোকটি এ প্রসঙ্গে স্মরনীয়:

"দ্বা সুপনা সুযুয়া সখায়া
সমানং বৃক্ষং পরিযস্বজাতে। তায়োরণ্যঃ পিপ্পলং সাস্বত্ত্য
নশ্ননন্যো□ভিচাকশীতি।।"

এখানে জীবাত্মা ও পরমাত্মর রূপক হিসাবে পাখি দুটি চিহ্নিত হয়েছে। জীবাত্ম সংসারের অনুভব করে আর সেই শোক থেকে উত্তরনের জন্য এর যাত্রা পরমাত্মর দিকে। (রবীন্দ্রনাথের বালক পুত্র শমীন্দ্রনাথের মৃত্যুর পর তিনি ভাগলপুর থেকে ট্রেনে করে কলকাতায় ফেরেন। যাত্রাপথে চলন্ত ট্রেনের জানালা দিয়ে দেখেন শমীর মৃত্যু হলেও প্রকৃতিতে তার কোনো পড়েনি। জ্যোৎস্না একই রকম ভাবে পৃথিবীকে আলোকিত করে চলেছে। মৃত্যু আছে, দুঃখ আছে, তার মধ্যেই আনন্দ ও অনন্ত শান্তি যে একই সমান্তরালে দাঁড়ানো তা তার গানে উল্লেখিত হয়েছে-

"আছে দুঃখ, আছে মৃত্যু, বিরহদহন লাগে। শান্তি, তবু আনন্দ, তবু অনন্ত জাগে।
মৃত্যু অবশ্যম্ভাবী। তবু মরার আগে 'দুবেলা' মরতে চান না রবীন্দ্রনাথ। তাই তিনি
গানের সুরে জেগে ওঠার বাসনা প্রকাশ করেন ঈশ্বরের কাছে-

"তোমার কাছে এ বর মাগি, মরন হতে জাগি
গানের সুরে।।"

গানের সুরে মরন জয় করলেও পার্থিব জীবন থেকে একটা সময় তাকে বিদায় নিতে হবে। তাই মৃত্যুর পরও যাতে তিনি মানুষের মনে আসন পেতে পারেন তার গানে তার বাসনা ব্যক্ত হয়েছে-

"যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে,

আমি বাইবনা মোর খেয়াতরী এই ঘাটে, চুকিয়ে দেব বেচা কেনা, তখন আমার নাইবা মনে রাখলে, আসলে তিনি বলতে চান তাকে যেন মনে রাখা হয়। তাঁর সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন হওয়ার পরও তাকে মনে রাখার কথা বলেন কবি তারই গানে-

" যদি পড়িয়া মনে
ছলছল জল নাই দেখা দেয় নয়ন
তবু মনে রেখো।"

এই জীবন থেকে বিদায়ের মূহুর্তে যতই তিনি রঙিন হতে চান না কেন তা আর সম্ভবপর হয়ে ওঠেনা। নেমে আসে মৃত্যুর দুর্লব কালো ছায়া। একাকীত্ব এসে ঘিরতে থাকে তাঁর চারিদিকে। তখনই তিনি স্মরন করেন তাঁর 'জীবননাথ' কে। জীবন শুকিয়ে যাওয়ার মুহুর্তে করুনাধারায় তিনি যেন আসেন। সংসারের কর্মক্লান্তির শেষে তাঁর হৃদয়প্রান্তে শান্তির স্পর্শ নিয়ে যেন তিনি শাস্ত্রচরনে এসে দাঁড়ান।-

"জীবন যখন শুকায়ে যায় করুনা ধারায় এসো।

সকল মাধুরী লুকায়ে যায়, গীতসুধারসে এসো।। কর্ম যখন প্রবল আকার গরজি উঠিয়া ঢাকে চারিধার

হৃদয়প্রান্তে, হে জীবননাথ, শান্তচরনে এসো।।'

'ন হন্যতে হনা মানে শরীরে'- ১৩ এই আপ্তবাক্য আমাদের গীতাভাষ্য বারবার মনে করায়। রবীন্দ্রনাথো এই প্রত্যয়ে স্তিত ছিলেন। শরীর নম্বর, কিন্তু অন্তরাত্মা কখনো মরেনা। স্রষ্টা থেকে যান। সৃষ্টি পাড়ি দেয় যুগ থেকে যুগান্তরে। দুঃখকে, মৃত্যুকে অতিক্রম করে যা আমাদের পৌঁছে দেয় এক শ্বাশ্বত আনন্দলোকে। রবীন্দ্রনাথের গান এই অভিমাত্রারইঅন্যতম সোপান হয়ে উঠেছে। যা হয়ে উঠেছে মরণ থেকে জেগে ওঠা অমৃত সুধা।

।।৪ ।।

গল্পভুবনে মৃত্যু ছায়া:-

১৮৮৮ থেকে ১৯০০ এই সময় কাল রবীন্দ্রনাথের জীবনে ও এক নতুন অভিজ্ঞতার

কাল। রবীন্দ্রনাথের শিলাইদহ যাত্রা বাংলা সাহিত্যে সব চেয়ে স্মরনীয় ঘটনা। পদ্মার চড় থেকেই সোনারতরীকে বোঝাইকরে ছোট গল্পের সোনার ফসল তিনি বঙ্গ ভারতীর তন্ত্রিতে নিয়ে এলেন। গ্রামবাংলার সুখ-দুঃখ হাসি-কান্না সমাজ-সংসার এবং অতিতুচ্ছ ঘটনাকেও রবীন্দ্রনাথ গভীরভাবে আন্তরিকতার সাথে তাঁর ছোট গল্পে স্মরনীয় করে তুলেছেন।

রামকানাইয়ের নির্বুদ্ধিতা (১২৯৮) : গল্পের অনাহারে মৃতপ্রায় সূক্ষ বসন বৃদ্ধ রামকানাই সত্য সাক্ষ্য দিয়ে গৃহিণী ও পুত্রের নির্মম স্বার্থপরতা ও মিথ্যাচার হতে রক্ষা পাওয়ার জন্য মৃত্যুকে মাধ্যম হিসাবে গ্রহন করেছে।

"গৃহেফিরিয়া আসিয়া রামকানাইয়ের কঠিন বিকার-জ্বর উপস্থিত হইল। প্রলাপে নাম উচ্চারণ করিতে করিতে এই নির্বোধ সর্বকর্মপণ্ডকারী, নবদ্বীপের অনাবশ্যক বাপ পৃথিবী হইতে অপসিত হইয়া গেল।"

সম্পত্তি সমর্পন সাধনা পৌষ ১২৯৮ - গল্পের মূল চরিত্র যজ্ঞনাথ, বিষয়-সম্পদ সঞ্চয়ে সে কঠোর নির্মম ও অমানবিক তার সীমাহীন কৃপনতারজন্য বিনাচিকিৎসায় তাঁর স্ত্রী, পুত্রবধু মারা যায়। যোগ্যনাথের কৃপনতারজন্য তাঁর ছেলে তাঁকে ছেড়ে চলে যায় সন্তান গোকুলকে নিয়ে। মৃত্যুর ঠিক পূর্বে যজ্ঞনাথ মন্দির গহ্বর থেকে তুলে আনা মইটা কে চেয়েছে- "নিতাই আমার মইটাকে উঠিয়ে নিলে।"

সঞ্চিতধনের শেষ সত্তাধিকারীকে আপন হাতে সমাধিস্ত করে যন্ত্রনাকাতর যজ্ঞনাথ উদ্ধার পাবারজন্য আকুল স্বরে মই (পথ) খুঁজেছে-

"সে বায়ুহীন আলোকহীন মহাগহ্বর হইতে উঠিবার মই খুঁজিয়া না পাইয়া আবার সে ধুপ করিয়া বিছানায় পড়িয়া গেল।"

কঙ্কাল(সোধনা ফাল্গুন ১২৯৮):- গল্পে মৃত্যু শুধু জীবনের জ্বালা থেকে মুক্তিহেতু মৃত্যুর প্রগাঢ় আলিঙ্গন বন্ধ হয়নি। সে জীবন রসের রসিক, সেই বিশ্বাস থেকেই সরে যায়নি মৃত্যুরজন্য বিষপানের ক্ষণেও। সে মৃত্যুর পূর্বমুহুর্তে নিজেকে নব-বধুর সাজে সজ্জিত করেছে মৃত্যুর রূপবন্ধুর সাথে অনতহীন বাধাবদ্ধহীন মিলনের আকাঙ্খায়। কঙ্কালগল্পে তিনটি মৃত্যু আছে। কীকরলে মানুষ সহজে মরে ইত্যাদি জেনে সে বলেছে-

"সুনিয়া সুনিয়া মৃত্যু যেন পরিচিত ঘরের লোকের মতো হইয়া গেল। ভালোবাসা এবং মরন কেবল এই দুটোকেই পৃথিবীময় দেখিলাম।"ও

একরাত্রি (সাধনা,জ্যৈষ্ঠ ১৮৯২/১২৯৯):- গল্পে নায়ক তাঁর গল্পে বাল্যকালে খেলার সাথী সুরবালার জন্য তার অন্তরে শূণ্যতা ও বিচ্ছেদ বেদনা ও অতিপ্তি সত্ত্বেও মৃত্যুর মুখে দাঁড়িয়ে তাঁর থেকে এক আনন্দঘন নবজীবন লাভ করেছে।

"কেবল দুইজনে অন্ধকারের দিকে চাহিলাম পদতলে গাড়কৃষ্ণবর্ণ উন্মত্ত মৃত্যুর স্রোত গর্জন করিয়া চলিল।" ok জীবিত ও মৃত (সাধনাশ্রাবন, ১২৯৯) :- গল্পটি এক অদ্ভুদ এবং বাস্তবসম্ভূত ভাবনার ফসল (কারন এইরকম কারো জীবনে আসতে পারে বা আসে)।

"সকলেই জানেন, জীবনে যখন লক্ষন পাওয়া যায় না, তখন অনেক সময় জীবন প্রচ্ছন্ন ভাবে, এবং সময়মতো পুনর্বার মৃতবৎ দেহে তাহার কার্য আরম্ভ হয়। কাদম্বিনীও মরেনাই হঠাৎ কী কারনে তাহার জীবনের ক্রিয়াবদ্ধ হইয়াগিয়াছিল।"

ছুটি (সাধনা, পৌষ, ১২৯৯ / ১৮৯২):-রবীন্দ্রনাথের অত্যন্ত করুন গল্প। চঞ্চল-ডানপিটে বালক ফটিক কলকাতার ইট-কাঠ পাথরের মধ্য হয়ে পড়ে রুদ্ধ। গ্রাম্য বালকের সরল- বিশৃঙ্খল-বেনিময় জীবনের নিয়মই তাঁর প্রনের রস নিয়েছে শুসে রুদ্ধ নীরস জীবনে তাই মহান মুক্তি রূপে মৃত্যুকে আশ্রয় করেছে।-

